Barcode - 4990010225160
Title - Bengal Legislative Assembly Proceedings (1982) vol.78, no. 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1361
Publication Year - 1982
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 225160

Vol. 78 No. 2

# Assembly Proceedings

**Official Report**

# West Bengal Legislative Assembly

**Seventy-Eighth Session**

( September-October Session, 1982 )

( From 1st September, 1982 to 8th October, 1982 )

**( The 21st, 22nd, 23rd, 24th, 25th September, 4th, 5th, 6th, 7th and 8th October, 1982 )**

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor

## SHRI BHAIRAB DUTTA PANDE

## Members of the Council of Ministers

Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-Charge of Home Department (excluding Jails, Transport, Civil Defence and Parliamentary Affairs Branches) Finance Department and Department of Development and Planning (Excluding Sundarban Areas Branch, Jhargram Affairs Branch and Rural Development, viz., Integrated Rural Development Programme and National Rural Employment Programme).

Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms, Department of Panchayat and Community Development and Rural Development, viz. Integrated Rural Development Programme and National Rural Employment Programme in the Department of Development and Planning.

Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department and Housing Department

Dr Kanailal Bhattacharya, Minister-in charge of Department of Commerce and Industries, Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited).

Shri Kanai Bhowmik, Minister-in-Charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Ltd. in the Department of Public Undertakings.

Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.

Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Department of Food and Supplies and Relief Branch of Relief and Welfare Department.

Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches of Department of Education.

Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Co-operation.

Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary, Secondary and Social Education, Non-Formal Education and Library Services Branches).

Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development) and Rural Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfere Department and Jhargram Affairs Branch of Development and Planing Department.

Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

Shri Rabin Mukherjee, Minister-in-charge of Transport Branch of Home Department.

Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forests and Department of Tourism.

Shri Provash Chandra Roy, Minister-in-charge of Sundarban Areas Branch of Development and Planning Department.

Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development, Metropolitan Development Department and Urban Water Snpply and Sanitation in the Department of Health and Family Welfare.

Shri Syed Abul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

Shri Md. Abdul Bari, Minister of State for Primary and Secondary Education under the Minister-in-charge of Primary and Secondary Education.

Shrimati Chhaya Bera, Minister-of-State-in Charge of Social Education Non-Formal Education and Library Services of Department of Education.

Shri Subhas Chakraborty, Minister-of-State-in-charge of Department of Youth Services and Sports Branch of Deparment of Education and also Dairy Development Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

Shrimati Nirupama Chatterjee, Minister-of-State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

Shri Ram Chatterjee, Minister-of-State-in-Charge of Civil Defence Branch of Home Department.

Shri Shibendra Narayan Chowdhury, Minister-of-State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

Shri Santi Ranjan Ghatak, Minister-of-State for Finance Department and Development and Planhing Department (excluding Sundarban Areas, Hill Affairs and Jhargram Affairs Branches) under the Chief Minister and Minister-in-charge of Finance Department and Development and Planning Department (excluding Sundarban Areas, Hill Affairs and Jhargram Affairs Branches).

Shri Ram Narayan Goswami, Minister-of-State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

Shri Sankar Gupta, Minister-of-State-in-charge of Department of Power.

Shri Dawa Lama, Minister-of-State for Hill Affairs Branch of Development and Planning Department under the Chief Minister and Minister-in-charge of Development and Planning Department (excluding Sundarban Areas Branch and Jhargram Affairs Branch).

Shri Sunil Kumar Majumdar, Minister-of-State for Land and Land Reforms Department under the Minister-in-charge of Land and Land Reforms Department.

Shri Abdul Razzak Mollah, Minister-of-State for Sundarban Areas Branch of Development and Planning Department under the Minister-in-charge of Sunderban Areas Branch of Development and Planning Department.

Dr. Ambarish Mukherjee, Minister-of State-in-charge of Medical Education, Equipment and Supplies in the Department of Health and Family Welfare.

Shri Bimalananda Mukherjee, Minister-of-State-in-charge of Excise Department.

Shri Kiranmoy Nanda, Minister-of-State-in-charge of Department of Fisheries.

Shri Probhas Chandra Phodikar, Minister-of-State-in-charge of Information and Cultural Affairs Department.

Shri Patit Paban Pathak, Minister-of-State-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

Shri Achintya Krishna Ray, Minister-of-State for Food and Supplies Department under the Minister-in-charge of Food and Supplies Department.

Shri Banamali Roy, Minister-of-State for Scheduled Castes and Tribes Welfare Department under the Minister-in-Charge of Scheduled Castes and Tribes Welfare Department.

Shri Sailen Sarkar, Minister-of-State for Local Government and Urban Development under the Minister-in-charge of Local Government and Urban Development Department.

Shri Prabir Sengupta, Minister-of-State for Labour Department under the Minister-in-charge of Labour Department.

Shri Pralay Talukdar, Minister-of-State-in-charge of Cottage and Small Scale Industries Department.

# WEST BLNGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

*Speaker*—**Shri Hashim Abdul Halim**

*Deputy Speaker*—**Shri Kalimuddin Shams**

*Secretary*—**Shri K. N. Mukherjee**

# WEST BENGAL LAGISLATIVE ASSEMBLY

## ALPHABETICAL LIST OF MEMBERS

### A

(1) Abdul Quiyom Molla, Shri (119 Diamond Harbour—24-Parganas)
(2) Abdur Razzak Molla, Shri (106-Canning East—24-Parganas)
(3) Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
(4) Abedin, Dr. Zainal (34-Itahar—West Dinajpur)
(5) Abdul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
(6) Abdul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
(7) Abdul Mannan, Shri (194-Arambag—Hooghly)
(8) Abdul Wahed, Shri (42-Harishchandrapur—Malda)
(9) Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar—Calcutta)
(10) Abdus Sobhan Gazi, Shri (120-Magrahat West—24-Parganas)
(11) Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
(12) Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
(13) Adhikari, Shri Sisir (211-Contai South—Midnapore)
(14) Anwar Ali Sk., Shri (168-Panchla—Howrah)
(15) Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)

### B

(16) Bagdi, Shri Lakhan (263-Ukhra (S. C.)—Burdwan)
(17) Bagdi, Shri Natabar (241-Raghunathpur (S. C)—Purulia)
(18) Bandyopadhayay, Shri Balai (184-Haripal—Hooghly)
(19) Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
(20) Banerjee, Dr. Ambica (163-Howrah Central—Howrah)
(21) Banerjee, Shri Amiya Bhusan (96-Hasnabad—24-Parganas)
(22) Banerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)
(23) Banerjee, Shri Radhika Ranjan (136-Kamarhati—24-Parganas)
(24) Bapuli, Shri Satya Ranjan 123-Mathurapur—24-Parganas)
(25) Barma, Shri Manindra Nath (9-Tufanganj (S. C)—Cooch Behar]
(26) Barma Shri Dipendra [31-Raiganj (S C.)—West Dinajpur]
(27) Basu, Shri Ajit (120-Naihati—24-Parganas)
(28) Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
(29) Basu, Shri Debi Prosad (77.Nabadwip—Nadia)
(30) Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
(31) Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)
(32) Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—24 Parganas)
(33) Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
(34) Bauri, Shri Gobinda [240-Para (S C )—Purulia]
(35) Bauri, Shri Madan [247-Indpur (S C.)—Bankura]
(36) Bera, Shrimati, Chhaya (199 Nandanpur—Midnapore)

(37) Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur—Howrah)
(38) Bhattacharya, Shri Lal Behari (250-Barjora—Bankura)
(39) Bhattacharya, Shri Nani (12-Aliporeduar—Jalpaiguri)
(40) Bhattacharya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
(41) Bhattacharya, Shri Satyapada (68-Bharatpur—Murshidabad)
(42) Bhowmik, Shri Kanai (228-Dantan—Midnapore)
(43) Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapore)
(44) Biswas, Shri Anisur Rahman (93-Swarupnagar—24-Parganas)
(45) Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
(46) Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)—Murshidabad]
(47) Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
(48) Biswas, Shri Jnanendra Nath [74-Krishnaganj (S.C.)—Nadia]
(49) Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—24-Parganas.]
(50) Biswas, Shri Kanti (86 Gaighata—24-Parganas)
(51) Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.) 24-Parganas]
(52) Biswas, Shri Satish Chandra [80-Ranaghat East (S.C.)—Nadia]
(53) Bora, Shri Badan [255-Indas (S.C.)—Bankura]
(54) Bose, Shri Biren (25-Siliguri—Siliguri)
(55) Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri—Jalpaiguri)
(56) Bose, Shri Promode Ranjan (49-Kaliachak—Malda)
(57) Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee—Calcutta)
(58) Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)—Bankura]

## C

(59) Chakraborty, Shri Ajit Kumar (258-Barabani—Burdwan)
(60) Chakraborty, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
(61) Chakraborty, Shri Shyamal (159 Maniktala—Calcutta)
(62) Chakraborty, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
(63) Chakraborty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
(64) Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
(65) Chandra, Shri Anup Kumar (148-Alipore—Calcutta)
(66) Chattraj, Shri Suniti (288-Suri—Birbhum)
(67) Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
(68) Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
(69) Chatterjee, Shri Ram (185-Tarakeshwar—Hooghly)
(70) Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
(71) Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa—Purulia)
(72) Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East—Nadia)
(73) Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani—Hooghly)
(74) Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
(75) Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur—Calcutta)

(76) Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)
(77) Choudhury, Shri Gunaohar (254-Kotulpur—Bankura)
(78) Chowdhury, Shri Abdul Karim (28-Islampur—West Dinajpur)
(79) Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Burdwan)
(80) Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)
(81) Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)

## D

(82) Dakua, Shri Dinesh Chandra (3-Mathabhanga (S C.) Cooch Behar)
(83) Das, Shri Banamali (283-Nanur (S.C.)—Birbhum)
(84) Das, Shri Jagadish Chandra (128-Bijpore—24-Parganas)
(85) Das, Shri Nimai Chandra (118-Falta—24 Parganas)
(86) Das Mahapatra, Shri Kamkshyanandan (215-Pataspur—Midnapore)
(87) Daud Khan, Shri (107-Bhangar—24 Parganas)
(88) De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
(89) De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
(90) Deb, Shri Saral (90-Barasat—24-Parganas)
(91) Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)

## G

(92) Ghatak, Shri Santi Ranjan (138-Dum-Dum—24 Parganas)
(93) Ghose, Shri Sambhu Charan (186-Chinsurah—Hooghly)
(94) Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
(95) Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
(96) Ghosh, Shri Debsaran (72-Kaliganj—Nadia)
(97) Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
(98) Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata—Calcutta)
(99) Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
(100) Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur—Calcutta)
(101) Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
(102) Goppi, Shrimoti Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
(103) Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
(104) Goswami, Shri Ram Narayan (270-Burdwan North—Burdwan)
(105) Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
(106) Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
(107) Gupta, Shri Jyotsna Kumar (284-Bolpur—Birbhum)
(108) Gupta, Shri Sankar (108 Jadavpur—24-Parganas)
(109) Gupta, Shri Sitaram (130-Bhatpara—24-Parganas)
(110) Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)

## H

(111) Habib Mustafa, Shri (44-Araidanga—Malda)
(112) Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)

(113) Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.)—Hooghly]
(114) Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—24-Parganas]
(115) Hasim Abdul Halim, Shri (89-Amdanga—24-Parganas)
(116) Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
(117) Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
(118) Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]
(119) Humayoun Chowdhury, Shri (48-Sujapur—Malda)

## J

(120) Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
(121) Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)

## K

(122) Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
(123) Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
(124) Kar, Shri Nani (88-Ashokenagar—24 Parganas)
(125) Kazi Hafizur Rahman, Shri (56-Bhagabangola—Murshidabad)
(126) Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
(127) Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.)—Bankura]
(128) Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)—Bankura]
(129) Koley, Shri Birendra Nath (175-Amta—Howrah)
(130) Konar, Shrimati Maharani (275 Memari—Burdwan)
(131) Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
(132) Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapur]
(133) Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)

## L

(134) Lama, Shri Dawa (23 Darjeeling—Darjeeling)
(135) Let, Shri Dhirendra [290 Mayureswar (S C )—Birbhum]
(136) Lutfal Haque, Shri (51-Aurangabad—Murshidabad)

## M

(137) M Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
(138) Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
(139) Mahata, Shri Shanti Ram (238-Jaipur—Purulia)
(140) Mahata, Shri Subhas Chandra (237-Jhalda—Purulia)
(141) Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
(142) Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
(143) Maity, Shri Gunadhar (125-Patharpratima—24-Parganas)
(144) Maity, Shri Hrishikesh (126-Kakdwip—24-Parganas)
(145) Maity, Shri Mukul Bikash (210 Contai North—Midnapore)
(146) Majee, Shri Surendra Nath (249-Kashipur (S.T.)—Purulia)
(147) Majhi, Shri Dinabandhu [66 Khargram (S.C.)—Murshidabad]
(148) Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]

(149) Majhi, Shri Sudhangsu Sekhar [233-Bandwan (S.T.)—Purulia)
(150) Maji, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
(151) Maji, Shri Swadesranjan (201-Panskura East—Midnapur)
(152) Mal, Shri Trilochan [292-Hansan (S.C.)—Birbhum]
(153) Malakar, Shri Nanigopal (83-Haringhata—Nadia)
(154) Malik, Shri Purna Chandra [272-Khandaghosh (S.C.)—Burdwan]
(155) Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.) Burdwan]
(156) Malik, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly)
(157) Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
(158) Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.)—Midnapore)
(159) Mandal, Shri Jokhilal (47-Manikchak—Malda)
(160) Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—24-Parganas)
(161) Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—24-Parganas)
(162) Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.)—Birbhum]
(163) Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
(164) Mandal, Shri Suvendu (220-Garbeta East—Midnapur)
(165) Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
(166) Mandi, Shri Sambhu Nath [232-Binpur (S.T.)—Midnapur]
(167) Majumder, Shri Sunil (285-Labhpur—Birbhum)
(168) Majumdar, Shri Dilip (264-Durgapur-I—Burdwan)
(169) Md. Abdul Bari, Shri (60-Domkal—Murshidabad)
(170) Md. Nizamuddin, Shri (153-Entally—Calcutta)
(171) Md Shamsuzzoha, Shri ((114-Garden Reach—24-Parganas)
(172) Minz Shri Patras [26-Phansidewa (S.T.)—Darjeeling]
(173) Mir Abdus Sayeed, Shri (115-Mahestala—24-Parganas)
(174) Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara—Nadia)
(175) Misra, Shri Abanti (212-Ramnagar—Midnapore)
(176) Misra, Shri Kashinath (251-Bankura—Bankura)
(177) Mitra, Shri Parimal (19-Kranti—Jalpaiguri)
(178) Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
(179) Mohammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
(180) Mohanta, Shri Madhabendu (70 Palashipara—Nadia)
(181) Mojumdar, Shri Hemen (104-Baruipur—24-Parganas)
(182) Mondal, Shri Dinabandhu (204-Mahisadal—Midnapore)
(183) Mondal, Shri Ganesh Chandra [100 Gosaba (S C.)—24-Parganas]
(184) Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C ) 24-Parganas]
(185) Mondal, Shri Raj Kumar [Uluberia North (S.C.)—Howrah]
(186) Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
(187) Mondal, Shri Sahabuddin (73-Chapra—Nadia)
(188) Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.)—24-Parganas]
(189) Mortaza Hossain, Dr. (92-Deganga—24-Parganas)
(190) Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur—West Dinajpur)

(191) Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
(192) Malla, Shri Anadi [221-Garbeta West (S.C.)—Midnapore)
(193) Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.)—24-Parga
(194) Mukherjee, Shri Amritendu (76-Krishnagar West—Nadia)
(195) Mukherjee, Shri Anil (252- Onda—Bankura)
(196) Mukherjee, Shri Bamapada (259-Hirapur—Burdwan)
(197) Mukherjee, Shri Bhabani (182-Chandannagore—Hooghly)
(198) Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)
(199) Mukherjee, Shri Biswanath (202-Tamluk—Midnapur)
(200) Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
(201) Mukherjee, Shri Narayandas (95-Basirhat—24-Parganas)
(202) Mukherjee, Shri Niranjan (112-Behala East—24-Parganas)
(203) Mukherjee, Shri Rabin (113-Behala West—24-Parganas)
(204) Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)
(205) Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
(206) Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
(207) Munshi, Shri Mahammad Bacha (27-Chopra—West Dinajpur)
(208) Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
(209) Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
(210) Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
(211) Moassam Hossain, Shri Syed (218-Debra—Midnapore)

## N

(212) Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
(213) Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.)—24-Parganas]
(214) Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—24-Parganas]
(215) Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—24-Parganas]
(216) Nath, Shri Monoranjan (279-Purbasthali—Burdwan)
(217) Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
(218) Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)

## O

(219) O'Brien, Shri Neil Aloysius (Nominated)
(220) Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
(221) Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]

## P

(222) Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
(223) Pal, Shri Bijoy (260-Asansol—Burdwan)
(224) Panda, Shri Bhupal Chandra (206-Nandigram—Midnapore)
(225) Panda, Shri Mohini Mohan (224-Taldangra—Bankura)
(226) Panja, Shri Ajit Kumar (158-Burtola—Calcutta)
(227) Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)

(228) Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
(229) Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
(230) Pradhan, Shri Prasanta Kumar (208-Bhagabanpur—Midnapore)
(231) Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.—Hooghly]
(232) Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East Seat (S C.)—24-Parganas]
(233) Pramanik, Shri Sudhir [2 Sitalkuchi (S C.)—Cooch Behar]
(234) Purkait, Shri Prabodh [102 Kultali (S.C ) 24-Parganas]
(235) Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—24-Parganas)

## R

(236) Rai, Shri H. B (24-Kurseong—Darjeeling)
(237) Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
(238) Ray, Shri Birendra Narayan (57-Nabagram—Murshidabad)
(239) Ray, Shri Dhirendra Nath [21-Raiganj (S C.)—Jalpaiguri]
(240) Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
(241) Ray, Shri Matish (137 Baranagar—24-Parganas)
(242) Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.)—West Dinajpur]
(243) Ray, Shri Subhas Chandra [122-Mandirbazar (S C.)—24-Parganas]
(244) Roy, Shri Amalendra (67-Burwan—Murshidabad)
(245) Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
(246) Roy, Shri Haradhan (261-Raniganj—Burdwan)
(247) Roy, Shri Hemanta (278-Monteswar—Burdwan)
(248) Roy, Shri Phani Bhusan [45-Malda (S C.)—Malda]
(249) Roy, Shri Provash Chandra (111 Bishnupur West—24 Parganas)
(250) Roy, Shri Rathindra Nath 160 Belgachia West—Calcutta)
(251) Roy, Shri Sadakanta [1-Mekliganj (S C.)—Cooch Behar]
(252) Roy, Shri Santi Mohun (192-Pursurah—Hooghly)
(253) Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)
(254) Roy, Dr. Sukumar (239-Purulia—Purulia)
(255) Roy, Shri Tarak Bandhu [17-Maynaguri (S C.) Jalpaiguri]
(256) Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge—24 Parganas)
(257) Roy Chowdhury, Shri Nirode (87-Habra—24-Parganas)

## S

(258) Sadhukhan, Shri Tarapada (183-Singur—Hooghly)
(259) Saha, Shri Jamini Bhusan (132-Noapara—24-Parganas)
(260) Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S C )—Hooghly]
(261) Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S C.)—Burdwan]
(262) Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
(263) Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)
(264) Saren, Shri Ananta [229-Nayagram (S.T )—Midnapore]
(265) Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—24-Parganas)

(266) Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.)—West Dinajpur]
(267) Sarkar, Shri Kamal (134-Khardah—24-Parganas)
(268) Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
(269) Satpathy, Shri Abani Bhusan (231-Jhargram—Midnapore)
(270) Sayed Md, Masih, Shri (268-Bhatar—Burdwan)
(271) Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
(272) Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)
(273) Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)
(274) Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
(275) Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
(276) Seth, Shri Bhupendra Nath (85-Bongaon—24-Parganas)
(277) Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapore]
(278) Sha, Shri Ganga Prosad (133-Tiagarh—24 Parganas)
(279) Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
(280) Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
(281) Sinha, Dr. Haramohan (280-Katwa—Burdwan)
(282) Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
(283) Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)
(284) Singha Roy, Shri Jogendranath [13-Falakata (S C.)—Jalpaiguri
(285) Sk. Imajuddin, Shri (62-Hariharapara—Murshidabad)
(286) Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural—Midnapore)
(287) Soren, Shri Khara [36-Tapan (S T.)—West Dinajpur]
(288) Subba, Shrimati Renu Leena (22-Kalimpong—Darjeeling)
(289) Sur, Shri Prasanta Kumar (15-Tollygunge—Calcutta)

## T

(290) Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
(291) Tirkey, Shri Manohar [11 Kalchini (S.T. Jalpaiguri]
(292) Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]

## U

(293) Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
(294) Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
(295) Vacant (203-Moyna—Midnapore)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 21st September 1982 at 11 a.m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 17 Ministers of State and 156 Members.

[11-00—11-10 a.m.]

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুবই দুঃখিত। গতকাল আমি যখন হাউসে ছিলাম না তখন কংগ্রেস (আই) এর পক্ষ থেকে সত্য বাপুলী মহাশয় আমার সম্পর্কে কয়েকটি উক্তি করেছেন। আমি যতদূর শুনতে পেরেছি এবং জানতে পেরেছি, উনি যে বক্তব্য রেখেছেন সেটা সর্বৈব অসত্য এবং তিনি অসত্য ভাষণে পারদর্শী। কারণ তিনি বলেছেন যে সেবাব্রত বসু বলে আমার এক বন্ধু এবং তিনি নাকি জেলখানায় আমার সঙ্গে দিন কাটিয়েছেন, এটা মিথ্যা কথা। তার কি [illegible] দোকান ছিল, না ছিল সে সম্পর্কে আমার জানা নেই। সুতরাং তিনি যে বক্তব্য রেখেছেন যে কতকগুলি দুর্নীতি সেখানে হয়েছে। আমি একথা বলতে পারি যে, আমরা বামফ্রণ্ট আসার পরে এবং সি. এম. ডি. এ-তে আমি দায়িত্ব গ্রহণ করার পরে কিছু কিছু ইররেগুলারিটিজ-এর কথা যখনই আমার সামনে এসেছে তখনই আমি ইনকোয়ারী কমিটি বসিয়েছি। আমি এই কথা বলতে পারি যে, দুটো ইনকোয়ারী কমিটি বসিয়েছি এবং একটা কেস পুলিশ ইনভেস্টিগেশানের জন্য দিয়েছি। এই যে কনট্রাক্টের কথা বলা হয়েছে, বর্তমানে সি. এম. ডি. এ-এর যিনি সচিব, তিনি ১৪।৮।৮১ তারিখে আমার কাছে কয়েকটা ইররেগুলারিটিজ-এর কথা উত্থাপন করেন এবং চীফ এক্সিকিউটিভ অফিসার সেটা এনডোর্স করে আমার কাছে পাঠান। আমি ১৭।৮।৮১ তারিখে ইনকোয়ারী কমিটি এখানে বসিয়েছি। এই ইনকোয়ারী কমিটির কথা, কল্যান বিশ্বাস-এর কমিটির কথা বলেছেন, আমার সচিব এটা উত্থাপন করেন ১৪।৮।৮১ তারিখে, এবং ১৭।৮।৮১ তারিখে আমি ইনকোয়ারী কমিটি বসিয়েছি এবং ২৪।৮।৮১ তারিখের মধ্যে নোটিফিকেশান হয়ে সেই ইনকোয়ারী কমিটির কাজ শুরু করে। আপনাদের আমি একথা বলতে চাই যে এই সি. এম. ডি-এ'র কাজকর্ম কি ভাবে হয়। সি. এম. ডি-এ'র যখন কোন টেণ্ডার দেওয়া হয় তার জন্য টেণ্ডার কমিটি আছে, ওয়ার্কস কমিটি আছে এবং ওয়ার্কস কমিটি সেগুলি পাশ করলে, সেক্রেটারী এবং চীফ এক্সিকিউটিভ অফিসারের কাছে যায় এবং তারপরে অ্যাডমিনিশট্রেটিভ অ্যাপ্রুভালের জন্য, ফাইনানসিয়াল স্যাংশানের জন্য আমার কাছে আসে। আমি এই কনট্রাক্ট সম্পর্কে বলতে পারি যে ১৯৭৮ সালের মাঝামাঝি এই কনট্রাক্ট দেওয়া হয় কিন্তু তারপরে পশ্চিমবঙ্গের ভয়াবহ বন্যার কথা আপনারা সকলে জানেন। তাদের যে পজেশান দেবার কথা ছিল এক মাসের মধ্যে কিন্তু সেই পজেশান আমরা দিতে পারিনি। ১৯৭৯ সালের গোড়ার দিকে সেই পজেশান দেওয়া হয়।

সেক্টর ডিরেক্টর ১০।৪।৭৯ এস্কালেসনের কথা বলেন এবং একটা তদন্তের কথাও বলেন। তখন একটা সাব-কমিটি ফর্মড্ হয় ডিরেক্টর অফ মেটিরিয়ালস, প্রোগ্রাম ইঞ্জিনিয়ার, এ. ডি. এফ. এ.-কে নিয়ে, সেটা আমার কাছে আসে, ২৫।৫।৭৯ তারিখে আমি সেটা অ্যাপ্রুভ করি এবং অথরিটি মিটিং-এ ২২।৩।৮০ তারিখে সেটা গৃহীত হয়। ৩১।৩।৮০ তারিখ ডিরেক্টর, এম. টি.-র আর একটা প্রস্তাব সেখানে আসে। তখন চীফ ইঞ্জিনিয়ার, ডিরেক্টর অফ অপারেশন (I), ডিরেক্টর অফ অপারেশন (II), ডিরেক্টর অফ ফিনান্স, সেক্রেটারী, তাঁরা সবাই বসে আলোচনা করেন এবং আলোচনা করে আমার কাছে সুপারিশ পাঠান, আমি সেটা গ্রহণ করি ৫।৯।৮০ তারিখে এবং অথরিটি সেটা গ্রহণ করে ১৪।১।৮১ তারিখে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারি, সমস্ত ঘটনার কথা তাঁরা বলেননি, যে কাজ দেওয়া হয়েছিল পরবর্তীকালে সে কাজের প্রায় তিন গুণ কাজ বেশী হয়েছে। যেখানে ৯ লক্ষ ৫১ হাজার কিউবিক মিটার মাটি ভর্তি করার কথা ছিল, সেখানে প্রায় ২৫ লক্ষ ২৪ হাজার কিউবিক মিটার মাটি ফেলা হয়েছে। সুতরাং কাজ বৃদ্ধি হয়েছে। সেখানে কিছু ইরেগুলারিটি ছিল, আমাদের নজরে সেগুলি যে-মুহূর্তে এসেছে সে-মুহূর্তেই এনকোয়ারী কমিটি করেছি। আমি বলতে পারি আমরা সরকারে আসার পরে যখনই কোনো দুর্নীতির অভিযোগ আমাদের কাছে এসেছে তখনই আমরা সে বিষয়ে এনকোয়ারী করেছি।

আমি একথা বলছি যে, মাননীয় সত্য বাপুলী বা বিরোধী দলের কেউ এটা উত্থাপন করেননি, আমার সচিব যখন এটা দেখে এসেছেন, অর্থাৎ যখনই এটা আমাদের চোখে পড়েছে তখনই আমরা এবিষয়ে তদন্ত করেছি। রেকমেনডেসন অনুযায়ী এনকোয়ারী কমিটির প্রোগ্রেস রিপোর্ট-টা আমি এখানে পড়ে দিচ্ছি। এনকোয়ারী কমিটি বলছে,

In the light of what is gathered by the committee in course of the enquiry, the committee would like to suggest that for future works of this nature the specifications may be such that there should require minimum involvement of human factors and supervision.

এই রেকমেনডেসন এসেছে, এগুলি সব টেকনিক্যাল কথা, এটা প্লেস করতে হবে। আমরা যেখানে লেবার ইনটেনসিভ কাজ করতে চাই, অথচ তারা এখানে সাজেস্ট করছে,

Minimum involvement of human factors and supervision. A grid may be required after pre-work level and the volume of work may be calculated for attending the desired formation level. The shrinkage factor may have to be ascertained properly and due allowance for the same may be made and the cost of earth work involved may be arrived at

এখানে আমার বক্তব্য হচ্ছে, চীফ ইঞ্জিনিয়ার, ডিরেক্টর অফ ফিনানস্, চীফ একজিকিউটিভ অফিসার, প্রভৃতি যদি সমস্ত কিছু বিশ্লেষণ করে আমার কাছে যখন দেন তখন আমি অ্যাপ্রুভ করি এবং তার পরে অথরিটির মিটিং-এ সেটা অ্যাপ্রুভ হয়। এই সমস্ত কিছুর মধ্যে দিয়েই এটা হয়েছে। যদি কোনো ইরেগুলারিটি হয়ে থাকে —

যেসব ইরেগুলারিটির কথা উত্থাপন করা হয়েছে — মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকারের তরপ্র থেকে বলতে পারি, যত কঠোরই হোক না কেন যদি সে ব্যবস্থা গ্রহণ করবার দরকার হয় তাহলে আমরা সে ব্যবস্থা গ্রহণ করব, আমরা সে ব্যবস্থা গ্রহণ করতে পরাঙ্মুখ হব না। এই কথা বলে আমি আমার পার্সোনাল এক্সপ্লানেসন শেষ করছি।

## Adjournment Motion

**Mr. Speaker :** I have received one notice of adjournment motion to day. It is from Shri Kashinath Misra which deals with problem of admission of students in schools and colleges.

This issue was raised in the House by way of Supplementary Question on the 20th September, 1982 during the Question Hour. Besides, the subject matter of the motion is not such that it can be raised in the form of an Adjournment Motion. The member may, however, elicit information on the subject through giving notice of Questions or Calling Attention if he is willing to have further information in the matter.

I, therefore, withhold my consent to the above motion. The member may, however, read the text of the amended motion.

**Shri Kashinath Misra :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল —

পশ্চিমবাংলার বিভিন্ন স্কুল কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যার ফলে স্কুল কলেজগুলির অচলাবস্থা।

## Voting on Demands for Grants

### Demand No. 50

Major Heads : 298—Co-operation, 498—Capital Outlay on Co-operation and 698—Loans for Co-operation

**Shri Nirmal Bose :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 34,75,37,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "298—Co-operation, 498—Capital Outlay on Co-operation and 698—Loans for Co-operation".

(This is inclusive of a total sum of Rs. 22,87,64,0C0 already voted on account in March and June, 1982)

[11-10—11-20 a.m.]

**শ্রীনির্মল কুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৮২-৮৩ সালের জন্য নির্দিষ্ট বাজেট বরাদ্দের ৫০ সংখ্যক দাবীর অধীন ২৯৮ সমবায়, ৪৯৮ সমবায়ে মূলধনবিনিয়োগ এবং ৬৯৮ সমবায় সমিতিসমূহকে

ঋণদান এই খাতে মোট ৩৪ কোটি ৭৫ লক্ষ ৩৭ হাজার টাকা মঞ্জুর করবার আবেদন করছি। (বিগত মার্চ ও জুন, ১৯৮২তে অন অ্যাকাউণ্ট বাজেটে অনুমোদিত মোট ২২ কোটি ৮৭ লক্ষ ৬৪ হাজার টাকাও এর মধ্যে ধরা হয়েছে)। আমি আমার বাজেট বক্তৃতা আর পড়ছি না। এই বাজেট বিবৃতিটি পঠিত হিসাবে ধরা হোক।

**১৯৮২-৮৩ সালের জন্য সমবায় মন্ত্রীর বাজেট বক্তৃতা :**

১.১। দেশের বর্তমান মিশ্র অর্থনীতি-ব্যবস্থার মধ্যেও সমবায়ের মাধ্যমে অর্থ-নৈতিক উন্নয়ন ও নিম্নবিত্ত মানুষের জন্য আর্থিক স্বাচ্ছন্দ্য বিধানের যে সম্ভাবনা রয়েছে রাজ্য সরকার তার পরিপূর্ণ সদ্ব্যবহারের জন্য বদ্ধপরিকর।

১.২। কৃষি, মৎস্য চাষ, দুগ্ধ উৎপাদন, কুটির ও ক্ষুদ্র শিল্প, আবাসন, নিত্য ব্যবহার্য দ্রব্যের বণ্টন প্রভৃতি ক্ষেত্রে সমবায়ের মাধ্যমে ব্যাপক উন্নতিসাধনের জন্য সরকার চেষ্টা করে যাবে।

১.৩। এতদিন সমবায়ের মাধ্যমে যতটুকু উন্নতি হয়েছে তার সিংহভাগ সমাজের অপেক্ষাকৃত অবস্থাপন্ন ব্যক্তিরা ভোগ করেছেন। এই অবস্থার পরিবর্তন করে গ্রাম ও শহরের সর্বত্র যাতে দরিদ্র মানুষকে আরও বেশি করে সমবায় আন্দোলনের আওতায় নিয়ে আসা যায় তার জন্য চেষ্টা করা হবে।

**কৃষি ঋণ**

২.১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ১৯৭৮-৭৯ সালে যে ভয়াবহ বন্যা এবং ঠিক পরের বছরই যে নিদারুণ খরা হয়েছিল তার ফলে সমবায়ের চাষী সদস্য-গণের ঋণ পরিশোধের সামর্থ্য বিশেষভাবে নষ্ট হয়। যাঁরা দুর্বলতর শ্রেণীর মানুষ তাঁদের পক্ষে এই আঘাত ছিল খুবই নিদারুণ। প্রাকৃতিক দুর্বিপাকের সঙ্গে এক শ্রেণীর অবস্থাপন্ন চাষীর ঋণ-পরিশোধ বিরোধিতার ফলে সৃষ্ঠি হল কৃষি সমবায়গুলি থেকে ঋণের পরিশোধনীয় কিস্তি আদায়ে এক অচলাবস্থা। সেই জন্যই স্বল্প মেয়াদী ঋণের পরিশোধনীয় কিস্তির টাকা আদায় ১৯৮০-৮১ সালের ৪৫.৬ শতাংশ থেকে ১৯৮১-৮২ সালে নেমে আসে ৪০.৫ শতাংশে।

২.২। বিধ্বংসী বন্যার বছরে প্রায় সারা রাজ্যেই শষ্য উৎপাদন মার খেয়েছে। ঋণগ্রস্ত কৃষকসদস্যগণকে যাতে তৎক্ষণাৎ কিছু স্বস্তিদান করা যায় সেই উদ্দেশ্যে স্বল্প মেয়াদী ঋণকে মধ্যমেয়াদী ঋণে রূপান্তরিত করা হয়। ১৯৭৯-৮০ সালে খরা পীড়িত অঞ্চলগুলির জন্যও একই নীতি গ্রহণ করা হয়। তাৎক্ষণিক কিছু উপকার হলেও এর ফলে বিশেষ করে দুর্বলতর শ্রেণীর কৃষকদের ঋণের বোঝা ভারি হয়ে যায়। নূতন করে ঋণ পেতে হলে স্বল্প মেয়াদী ঋণের কিস্তির সঙ্গে মধ্যমেয়াদী ঋণের কিস্তি শোধ করাও তাঁদের জন্য আবশ্যিক ছিল। দরিদ্র চাষীদের পক্ষে এ বোঝা হল দুর্বহ এবং তারই অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে ঋণ আদায়ের শতকরা হারের ওপরে এর প্রভাব পড়ল। এই দুঃসহ পরিস্থিতি থেকে কিছুটা অব্যাহতি দেবার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সুদ অনুদান দিলেন সরকার। ১৯৮০-৮১ সালের জন্য প্রদত্ত এই অনুদান পরে ৩১.১২.৮১ পর্যন্ত বাড়িয়ে দেওয়া হয়। এই খাতে সম[illegible] মতে

১৯৮২ সালের ২০ আগস্ট পর্যন্ত মোট ৯ কোটি ৯৬ লক্ষ ৩৬ হাজার টাকা দেওয়া হয়েছে। তা ছাড়াও ক্ষুদ্র প্রান্তিক চাষী ও ভাগ চাষীদের জন্য সুদ অনুদান প্রকল্পে রাজ্য সরকারের অর্থ ( ব্যাঙ্কিং ) বিভাগ থেকেও অর্থদান করা হয়েছে। এই প্রকল্প অনুসারে জেলা ম্যাজিস্ট্রেট বা ডেপুটি কমিশনারগণ কিছু কিছু শর্তে সুদ অনুদান প্রদান করেন। ভাগচাষীরা যদি সময়মত ঋণ পরিশোধ করেন তবে সুদের পুরো টাকাটাই তাঁদেরকে অনুদান হিসেবে দেওয়া হয়।

২.৩। প্রাকৃতিক দুর্যোগের দরুন কৃষকদের শস্যহানি ঘটলে সাধারণ চাষীগণ যাতে বিপন্ন না হন সেজন্য গ্রুপ ইন্সিওরেন্স চালু করা হয়েছে। সমবায় ব্যাঙ্কগুলি তাদের চাষী সদস্যগণের স্বার্থরক্ষার জন্য এই প্রকল্পটি ব্যাপকভাবে প্রয়োগ করে চলেছে। খরিফ এবং রবি ফসলের ক্ষেত্রে এরকম স্বেচ্ছা বীমা প্রকল্পকে কিছু কিছু নির্বাচিত এলাকায় চালু করা হচ্ছে।

২.৪। বর্তমান খরিফ মরশুমে ১৮২টি থানা এলাকায় এই খাতে ১ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

১৯৮১ সালের বিগত খরিফ মরশুমে ১৩টি থানা এলাকায় কৃষি সমবায় সমিতির সদস্যগণের দাবী মতে ৩ লক্ষ ৪৪ হাজার টাকা উৎপাদনে ক্ষতির জন্য জি. আই. সি. মারফৎ এই প্রকল্প অনুসারে বিতরণ করা হয়েছে।

২.৫। প্রাথমিক কৃষি ঋণদান সমিতিগুলির যেসব তপসিলী জাতি ও উপজাতি সদস্যগণের বার্ষিক আয় অনূর্ধ্ব ৩৫০০ টাকা তাঁদের জন্য গৃহীত স্বতন্ত্র সুদের হার প্রকল্প অনুযায়ী সুবিধাজনক ৪ শতাংশ সুদে সাধারণভাবে স্বল্প মেয়াদী ঋণ দেওয়া হয় যদি তারা সময়মত ঋণ পরিশোধ করে।

২.৬। নির্দিষ্ট পরিমাণ ঋণ পরিশোধে অক্ষমতার দরুন কোন প্রাথমিক কৃষি সমবায় সমিতি নতুন ঋণ পাবার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হলেও সমিতির ভাগচাষী ও পাট্টাদার সদস্যরা যদি নিজেদের ঋণ শোধ করেন তাহলে তাঁরা নতুন ঋণ পেতে পারবেন, এই মর্মে শস্যঋণ বিধি সংশোধন করা হয়েছে।

২.৭। সকলের জন্য সদস্য প্রকল্প অনুসারে ১৯৮১-৮২ বৎসরে এই রাজ্যে প্রাথমিক কৃষি সমবায় সমিতিতে মোট ৫৮,৮০০ জন দরিদ্র কৃষক, বর্গাদার, ক্ষেত-মজুরদের সদস্য করা হয়েছে এবং এই বাবদ রাজ্য সরকার তাদের শেয়ার মূল্য হিসাবে ৫.৮৮ লক্ষ টাকা ব্যয় করেছেন।

## ভাগচাষী ও পাট্টাদারগণকে আর্থিক সাহায্য দান

৩.১। রাজ্য সরকারের বর্গাঅভিযান প্রকল্পে ৩১.১২.৮১ পর্যন্ত মোট ১১ লক্ষ ২৫ হাজার বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। ১৩ লক্ষ ২৪ হাজার চাষীকে ন্যস্ত জমি প্রদান করা হয়েছে। এই শ্রেণীর লোকেদের উৎপাদন ঋণ দেবার সরকারী পরিকল্পনানুসারে সমবায়গুলিও কার্যকরভাবে অংশ গ্রহণ করেছে। ১৯৮১ সালের সরকারের এই পরিকল্পনায় যোগ দিতে সমবায়গুলিও স্বতঃপ্রণোদিতভাবে এগিয়ে আসে এবং সকলের শেষে যোগদান করেও ৪৭ হাজার ৮৭৫ জন বর্গাদার ও পাট্টাদারকে আর্থিক সাহায্য দান করে। রাজ্য পর্যায়ে বর্গাদর ও পাট্টাদারদের আর্থিক সাহায্যদানের

লক্ষ্য মাত্রা স্থির করা হয়েছিল ২ লক্ষ পঞ্চাশ হাজার। চলতি খরিফ মরশুমে (১৯৮২) এরূপ ৩ লক্ষ বর্গাদার ও পাট্টাদারকে আর্থিক সাহায্য দেবার লক্ষ্য মাত্রা নির্ধারিত হয়েছে।

৩.২। ষষ্ঠ পরিকল্পনার শেষে অন্ততঃ ৫০ শতাংশ তফসিলী জাতি ও তফসিলী উপজাতির লোকেদেরকে দারিদ্র্য সীমার উর্ধ্বে তুলে আনার উদ্দেশ্যে রাজ্য সরকার স্পেশাল কম্পোনেণ্ট প্ল্যান এবং ট্রাইবাল সাব প্ল্যান গঠন করেছেন এবং এদেরকে সর্বপ্রকার আর্থিক সহায়তা দান করছেন। সমবায়ের মাধ্যমে এদেরকে কৃষি সরঞ্জাম এবং ভোগ্য পণ্য সরবরাহ করবার জন্যও কিছু কিছু প্রকল্প তৈরী করা হয়েছে। উপজাতি এলাকায় যে ৬৮টি বৃহদায়তন বহুমুখী কৃষি সমিতি বা 'ল্যাম্প' গঠন করা হয়েছে সেগুলি উপজাতি লোকেদের নিজেদের দ্বারা উৎপন্ন বনজ পণ্য সংগ্রহ করে বিপণনের জন্য ব্যবস্থা করছে। ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালের রাজ্য সরকার স্পেশাল কম্পোনেণ্ট প্লান-এর মাধ্যমে যথাক্রমে ৬৮ লক্ষ ২৫ হাজার ও ২৯ লক্ষ ৩২ হাজার টাকা ব্যয় করেছেন। নীচে এর বিবরণ দেওয়া হল ঃ—

| প্রকল্প | ১৯৮০-৮১ লক্ষ টাকা | ১৯৮১-৮২ লক্ষ টাকা |
|---|---|---|
| ১। ৪টি শীর্ষ সমবায়ের প্রতিটিকে ১০ লক্ষ টাকা করে অতিরিক্ত মূলধন সাহায্য (বেনফেড, রাজ্য সমবায় ব্যাংক, ভূমি উন্নয়ন ব্যাংক, কনফেড) | ৪০.০০ | — |
| ২। সকলের জন্য সদস্য পদ প্রকল্প | ১১.৪০ | ৫.২০ |
| ৩। স্বতন্ত্র হারে সুদ | ১৬.৮৫ | ১৯.১২ |
| ৪। প্রাথমিক কৃষি সমিতিকে মূলধন | — | ৫.০০ |
| | ৬৮.২৫ | ২৯.৩২ |

৩.৩। ১৯৮১ সালের খরিফ ও রবি মরশুমে তফসিলী জাতি ও উপজাতির লোকেদের মধ্যে ৪৭ হাজার ৮৭৫ জন ভাগচাষী ও পাট্টাদারকে সমবায় সমিতির মাধ্যমে অনুদান, মার্জিন মানি ও ঋণ বণ্টন করা হয়েছে। এ ছাড়াও সমবায়ের মাধ্যমে ভাগচাষী নয় এমন কয়েক হাজার তফসিলি জাতি ও উপজাতির লোকেদের প্রতিষ্ঠানিক অর্থানুকূল্য দান করা হয়েছে।

চলতি খরিফ মরশুমে সমবায়গুলি ১ লক্ষ ৮০ হাজার ভাগচাষী ও পাট্টাদারকে অর্থ সাহায্য দেবার প্রকল্প গ্রহণ করেছে। হিসেব করা হয়েছে যে তফসিলী জাতি ও উপজাতিদের ৫০ শতাংশই এই সুযোগ গ্রহণের যোগ্যতা সম্পন্ন হবেন, যাঁরা ২৫০ টাকা করে অনুদান এবং ১০০ টাকা করে মার্জিন মানি পাবেন এবং বাকীরা প্রতি একর জমিতে ৫০০ টাকার মধ্যে ১৫০ টাকা করে উৎপাদন ঋণ পাবেন। অবশ্য ২.৫ একরের বেশী জমি থাকলে তিনি এই সুযোগ পাবেন না।

**দীর্ঘ মেয়াদী ঋণ**

৪.১। পর্যাপ্ত মূলধনের অভাব এ রাজ্যের কৃষি ব্যবস্থার অন্যতম পুরাতন ব্যাধি। অথচ পর্যাপ্ত মূলধনের সাহায্যে রাজ্যের কৃষি ও অনুরূপ ব্যাপারে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করে স্থায়ী উন্নতি সুনিশ্চিত করাই হল বর্তমানে সবচেয়ে বেশী প্রয়োজন। জেলা ও মহকুমা স্তরে সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি কৃষকদের বিনিয়োগযোগ্য মূলধন যোগানের কাজে নিযুক্ত আছে। ১৯৮২ সালের ৩০ জুন যে বছর শেষ হল সেই বছরে এই ব্যাঙ্কগুলি বিভিন্ন কাজের জন্য ৬৪৭ লক্ষ টাকা দীর্ঘমেয়াদী ঋণ যুগিয়েছে। তার আগের বছর এই ঋণের পরিমাণ ছিল ৬১৫ লক্ষ টাকা। অবশ্য অগ্রগতির পরিমাণ বেশী না হলেও একথা ভুললে চলবে না যে, রিজার্ভ ব্যাঙ্ক-এর শর্ত অনুযায়ী ১০টি প্রাথমিক ভূমি উন্নয়ন ব্যাঙ্কের ঋণ দেবার কোন যোগ্যতাই ছিল না। এই অবস্থা অবশ্য কিছু দিন বাদে রিজার্ভ ব্যাঙ্কের পরিবর্তিত শর্ত প্রবর্তনের ফলে কিছুটা সহজ হয়ে আসে। কিন্তু ততদিনে বছরের অর্ধেকটা সময় অতিবাহিত হয়ে গেছে।

৪.২। যে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি ভূমি উন্নয়ন ব্যাঙ্কের লগ্নীর ৮০ শতাংশ জুড়ে থাকত, গত ২।৩ বছরে সেগুলি অনেকখানি জনপ্রিয়তা হারিয়ে ফেলেছে। অগভীর নলকূপের বিভিন্ন উপাদান ও পাম্প সেটের দ্রুত মূল্য বৃদ্ধি, ব্যক্তিগত জমির স্বল্পতা, বিদ্যুৎ বিভ্রাট, কৃষিজ পণ্যের অ-লাভজনক মূল্য, একই জমিতে বারে বারে নানা রকম ফসল উৎপাদনে ব্যর্থতা ইত্যাদি কারণগুলো হয়ত এই ক্ষেত্রে অর্থ বিনিয়োগের পথে অন্তরায় হয়ে পড়েছে। কিন্তু ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মূলধন অনুদান বন্ধ করে দিয়ে তার বদলে প্রতি ব্লকে দরিদ্রের মধ্যেও দরিদ্রতম ৬০০টি পরিবারের মধ্যে তাকে সীমাবদ্ধ রাখার যে নিবিড় গ্রামীণ উন্নয়ন কর্মসূচী হাতে নেওয়া হয়েছে তারই ফলে ভূমি উন্নয়ন ব্যাঙ্কের ঋণ দাদনের কর্মসূচী কিছুটা ব্যাহত হয়েছে। ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলির ক্ষুদ্র সেচ প্রকল্পের জন্য এ. আর. ডি. সি-র অন্যতম সর্ত হল এই যে অন্যূন ১ হেক্টর জমি থাকলে তবেই তাকে এ থেকে ঋণ দেওয়া যাবে। ফলে আই. আর. ডি. কর্মসূচীভুক্ত চাষীগণ এ. আর. ডি. সি-র প্রকল্পের আওতায় নাও আসতে পারেন। এর ফলাফল সম্পর্কে রাজ্য সরকার সচেতন আছেন এবং এই সমস্যার একটা সমাধান খুঁজে বার করার চেষ্টা হচ্ছে।

৪.৩। ৩০.৬.৮২ তারিখের হিসাব অনুযায়ী প্রায় ৬৬.৫ শতাংশ অনাদায়ী ঋণের জন্য ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি বিব্রত। প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্য রেখে এই মুহূর্তে দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্র প্রসারের জন্য যা কিছু উদ্যোগ নেওয়া প্রয়োজন তাকে সর্বাংশেই বিপন্ন করে তুলেছে ক্রমবর্ধমান ওয়াদাগত ( ওভার ডিউ ) ঋণ। যেহেতু এই ব্যাঙ্কগুলির ঋণ বণ্টনের কর্মসূচী সবটাই সরকার কর্তৃক গ্যারাণ্টি প্রদত্ত, সেইজন্য যথেষ্ট পরিমাণ অনাদায়ী ঋণ আদায় করতে না পারলে সরকারী তহবিলের ওপর তা প্রবল চাপ সৃষ্টি করতে পারে। ব্যাঙ্কগুলির ঋণ আদায় সম্পর্কিত কাজকর্মকে জোরদার করবার সব রকম চেষ্টা করা হচ্ছে। কিন্তু প্রত্যাশিত ফললাভ করতে গেলে সর্বাত্মক ও সুসংগঠিত প্রয়াদ দরকার।

৪.৪। ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি প্রদত্ত ঋণের শতকরা ৬০ ভাগের বেশীই ভোগ করেছেন দুর্বলতর শ্রেণীর চাষী সম্প্রদায়। যদি আদায় ভাল না হয় তাহলে এবিষয়ে

আর অগ্রগতি ঘটান শক্ত হতে পারে। কেননা, রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক আরোপিত ঋণ গ্রহণের শর্তগুলি এইসব দুর্বলতর শ্রেণীর জন্য যতখানি নম্র ছিল, পরিবর্তিত নিয়মে ত প্রত্যাহার করা হয়েছে।

৪.৫। অত্যন্ত স্বল্প আদায়ের জন্য যেসব অঞ্চলে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি যোগ্যতা হারিয়েছিল সেসব অঞ্চলের তফসিলী জাতি ও উপজাতির লোকদের অর্থ সাহায্য দেবার জন্য গত বৎসর রাজ্য সরকার স্পেশাল কম্পোনেণ্ট প্ল্যানের টাকা থেকে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে ১০ লক্ষ টাকা মূলধন হিসাবে দিয়েছিলেন। এ ছাড়া যে দশটি ব্যাঙ্ক গত বছর যোগ্যতা হারিয়েছেন তাদের ঋণ দেবার যোগ্যতা বৃদ্ধি করবার জন্য রাজ্য সরকার এদেরকে ১১ লক্ষ ৬১ হাজার টাকা মূলধন হিসাবে দিয়েছিল যাতে তাদের ওয়াদা-গত ( ওভারডিউ ) ঋণের পরিমাণ পরোক্ষভাবে কমে যেতে পারে।

৪.৬। ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলির ঋণ দাদনের পদ্ধতিগুলিকে নিরন্তর উদার করা হচ্ছে। জমির মূল্যের ৭৫ শতাংশ পর্যন্ত ঋণ দেবার যে প্রথা এতকাল প্রচলিত ছিল তার পরিবর্তে বর্ধনশীল আয়ের ৮ গুণ পর্যন্ত টাকা যাতে ঋণদান করতে পারে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে সেইমত অনুমতি দেওয়া হয়েছে। এ ছাড়াও উন্নয়ন ব্যাঙ্কগুলির কাছ থেকে যেসব খাতক ঋণ নেবেন তাদেরকে ঋণ নেবার জন্য হলফনামা দাখিল করা থেকেও অব্যাহতি দেওয়া হয়েছে।

৪.৭। মেয়াদী ঋণের আধুনিক ধারণার পরিপ্রেক্ষিতে পূর্বে অনুসৃত জমি বন্ধকী ব্যবস্থা এখন পুরোনো হয়ে গেছে। সমবায় আইনের সর্বাত্মক সংশোধনের বিষয়টি এখন রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে। সংশোধিত আইনটি চালু হলে জমি বন্ধক না রেখেই ব্যাঙ্কগুলি ঋনদাদন করতে পারবে।

**সমবায় বিপণন**

৫.১। কৃষি সরঞ্জাম সরবরাহের ব্যাপারে, কৃষিজ দ্রব্যের যথাযথ বিপণন এবং পচনশীল কৃষিজ দ্রব্যের সংরক্ষণের ক্ষেত্রে সমবায় বিপণন সমিতির ভূমিকা ক্রমশঃ অধিকতর মাত্রায় অনুভূত হচ্ছে। বিশেষ করে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের স্বার্থরক্ষায় এর ভূমিকা সমধিক গুরুত্বপূর্ণ।

৫.২। ১৯৮১-৮২ সালে ৬৮টি বিপণন সমিতি এবং বেনফেডের একটি ডি. পি. সি. মিলে ৩ লক্ষ ৭৯ হাজার গাঁট পাট ক্রয় করেছে পরিপোষক মূল্য ( সাপোর্ট প্রাইস ) প্রকল্প অনুসারে যদিও লক্ষ্যমাত্রা ছিল ৪ লক্ষ্য ৭৫ হাজার গাঁট। এর ফলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের একটি বড় অংশকে তাঁদের উৎপাদিত পণ্যের জন্য পরিপোষক মূল্য প্রাপ্তিতে সাহায্য করা হয়। যদিও জুট কর্পোরেশন-এর ধীরে কেনার জন্য স্থিরীকৃত লক্ষ্যে পৌঁছানো যায়নি। তবুও সমবায় সমিতির মাধ্যমে এই প্রথম এত পাট কেনা সম্ভব হয়েছে। চলতি বছরে ৭৫টি বিপণন সমিতি এবং বেনফেডের ২টি ডি. পি. সি. মিলে ৬ লক্ষ গাঁট পাট কেনার লক্ষ্যমাত্রা অর্জনের কাজে নেমে পড়েছে। জে. সি. আই. পাটের জন্য যে পরিপোষক মূল্য ধার্য করেন তা মোটেই যথেষ্ট নয়। পাট চাষীদের স্বার্থে এই মূল্য বৃদ্ধি করা প্রয়োজন।

৫.৩। বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বর্ধমান এবং পশ্চিম দিনাজপুরের মত জেলাগুলিতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা যাতে দারিদ্র্যবশতঃ তাঁদের ধান অল্প মূল্যে বিক্রয় করে দিতে বাধ্য না হন সেইজন্য ৯৫টি বিপণন সমিতিকে ফুড কর্পোরেশনের এজেন্ট হিসাবে পরিপোষক মূল্যে সেই ধান কিনে নেবার জন্য তৈরী রাখা হয়েছিল। সংগ্রহ কালের মধ্যে অবশ্য ধানের দর পরিপোষক মূল্যের নীচে নেমে যায়নি।

৫.৪। রাজ্য সরকারের নীতি অনুসারে বেনফেড বর্ধমান, হুগলী, মেদিনীপুর বাঁকুড়া, নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিমদিনাজপুর এবং মালদা জেলা থেকে ১২ হাজার মেট্রিক টন আলু এবং ১৪ হাজার ১০০ মেট্রিক টন তৈলবীজ কৃষকদের কাছ থেকে ন্যায্য মূল্যে সংগ্রহের লক্ষ্য নির্ধারণ করেছিল। এ ছাড়াও কৃষকদের কাছ থেকে ডাল, ফল, বাদাম এবং উদ্ভিজ্জ সংগ্রহের পরিকল্পনাও তারা তৈরী করছে।

৫.৫। দার্জিলিং জেলায় যেসব চাষী আদা উৎপাদন করেন তাঁরা ব্যক্তিগত ব্যবসায়ীদের দয়ার ওপর নির্ভরশীল বলে তাঁদের কাছ থেকে আদা সংগ্রহ করার একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ন্যাফেড-এর সহযোগিতায় কালিম্পং জেলার চাষীদের কাছ থেকে ন্যায্য মূল্যে আদা সংগ্রহের পরিকল্পনা ইতিমধ্যেই চালু করা হয়েছে। এ পর্যন্ত ৫০ মেট্রিক টন আদা সংগৃহীত হয়েছে সমবায়ের মাধ্যমে। সমবায়ের এই উদ্যোগকে বৃহত্তর অঞ্চলে ছড়িয়ে দেবার পরিকল্পনা করা হয়েছে আগামী দিনগুলিতে।

৫.৬। সরকার কর্তৃক পরিপোষণ মূল্য ঘোষিত হবার পর ১৯৮১-৮২ সালে সমবায়ের মাধ্যমে ১৬৫ মেট্রিক টন আলু সংগৃহীত হয়েছে।

৫.৭। সমবায় ক্ষেত্রে রাজ্য সরকার ও এন. সি. ডি. সি-র যৌথ সহযোগিতায় ১৯টি সমবায় হিমঘর তৈরী হয়েছে যাদের মোট ধারণ ক্ষমতা ৫৬ হাজার ৪০০ মেট্রিক টন। এর মধ্যে ৩২ হাজার মেট্রিক টন ক্ষমতাযুক্ত মোট ৮টি হিমঘর চালু হয়েগেছে ১৯৮১-৮২ সালে। এ ছাড়া প্রতিটি ৪ হাজার মেট্রিক টন ক্ষমতাযুক্ত ১৩টি হিমঘর তৈরীর কাজ এখন চলছে। এই ১৩টির মধ্যে ৫টিকে চলতি সমবায় বছরের মধ্যেই চালু করার আশা করা হচ্ছে। সমবায় ক্ষেত্রে হিমঘর তৈরীর জন্য বর্তমানে এন. সি. ডি. সি-র মাধ্যমে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা থেকে অর্থানুকূল্য পাওয়া যাচ্ছে। এই প্রকল্প অনুসারে ইতিমধ্যেই ১১টি হিমঘর মঞ্জুর হয়ে গেছে। প্রয়োজন ভিত্তিক আরো কয়েকটি হিমঘর তৈরীর বিষয় এখনো বিবেচনাধীন রয়েছে।

৫.৮। ১৯৮২ সালের জুন মাসের শেষে ৯৮১টি গ্রামীণ গুদাম ( প্রতিটি ১০০ মেঃ টঃ হিসেবে )এবং ২৮৪টি প্রধান গুদামে ( প্রতি ২৫০ মেঃ টঃ হিসেবে ) সমবায়ের ক্ষেত্রে মোট ১ লক্ষ ৬৯ হাজার ১০০ মেঃ টঃ সংরক্ষণের স্থান পাওয়া যাচ্ছিল। এন. সি. ডি. সি. এবং রাজ্য সরকারের যৌথ আর্থিক সাহায্যে মোট ৬৯ হাজার ৩৫০ মেঃ টঃ স্থান বিশিষ্ট আরো ৬০৬টি গ্রামীণ গুদাম এবং ৩৫টি প্রধান গুদাম নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

৫.৯। এন. সি. ডি. সি. অনুমোদিত পুনর্বাসন কর্মসূচী অনুযায়ী দার্জিলিং ফ্রুট এণ্ড ভেজিটেবল প্রোসেসিং সোসাইটি বিভিন্ন ফল থেকে উৎপাদন প্রক্রিয়ার সাহায্যে খাদ্য প্রস্তুত করছে। ১৯৮১ সালের ১লা জুলাই থেকে ১৯৮২ সালের ৩১শে মার্চ

পর্যন্ত এই সমিতি ১৩৯ মেঃ টঃ ফলজাত খাদ্য প্রস্তুত করেছে। প্রতি বছর ৪০০ মেঃ টন উৎপাদনকে লক্ষ্যমাত্রা নিয়ে চলতি বছরে আরো বেশী উৎপাদন করা হবে আশা কর হচ্ছে।

৫.১০। দার্জিলিং জেলার মিরিক, ও শিলিগুড়ি আর কয়েকটি অঞ্চলে এবং জলপাইগুড়ি জেলায় ফল সংরক্ষণের জন্য সমবায়ের ওপর অধিকতর গুরুত্ব আরোপ করা হচ্ছে।

৫.১১। রাজ্য সরকার ও এন. সি. ডি. সি-র যৌথ সহযোগিতায় ১০টি চাল-কলকে পুনর্বাসন দেবার কাজ হাতে নেওয়া হয়েছে। ৩টি চালকলের মেরামত এবং নবীকরণের কাজ শেষ হয়েছে এবং বাকীগুলির কাজ ৩০।৯।৮২ তারিখের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। আগামী মরশুমে এই দশটি চাল কলই পুরোপুরি কাজে লেগে যেতে পারবে বলে আশা করা যায়। সমবায় চালকলগুলিকে লেভির আওতা থেকে বাদ দেবার বিষয়টি এখন বিবেচনাধীন রয়েছে।

৫.১২। চাষীদের মধ্যে চাষের সরঞ্জাম বণ্টনের ক্ষেত্রে সমবায় বিপণন সমিতিগুলির ভুমিকার একটি স্বীকৃত মূল্য আছে। গোটা রাজ্যে ২৬৮টি প্রাথমিক বিপণন সমিতি আছে। বেনফেড এর নেতৃত্বে গত সমবায় বছরে চাষীদের মধ্যে নির্ধারিত মূল্যে ৮৯ হাজার ২৩৫ মেঃ টঃ রসায়নিক সার বণ্টন করা হয়েছে। এই বছরে রাসায়নিক সারের খুচরা বিপণন কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির জন্য কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৫.১৩। ১৯৮১-৮২ সালের হিমাচল প্রদেশ এবং পাঞ্জাব থেকে ২০ লক্ষ ১৫ হাজার টাকায় উন্নত মানের আলু বীজ সংগ্রহ করে এ রাজ্যের আলু চাষীদের মধ্যে বণ্টন করা হয়েছে। হিমঘরগুলির সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধির দরুন ১৯৮২-৮৩ সালে আলু বীজের চাহিদা আরো বৃদ্ধি পাবে আশা করা যায়। বেনফেডও সে চাহিদা পুরণ করার উপযোগী ব্যবস্থা গ্রহণ করবে। গত বছরে বিপণন সমিতিগুলি মোট ১৮ লক্ষ ১৭ হাজার টাকা মূল্যের ৫৫০ মেঃ টঃ গম বীজ এবং মোট ১৬ লক্ষ ২৪ হাজার টাকা মূল্যের কীটনাশক বণ্টন করেছে।

## ক্রেতা সমবায়

৬.১। রাজ্যের উৎপাদন ও বণ্টনের সমস্ত যন্ত্রটি প্রথাগত ভাবে ব্যক্তিগত ব্যবসায়ীগণ কর্তৃক সর্বাংশে নিয়ন্ত্রিত হয়। ফলে ক্রেতা সমবায় আন্দোলন এ রাজ্যে নানাবিধভাবে বিঘ্নিত হচ্ছে, পুঁজিবাদী অর্থনীতির যা একটা বৈশিষ্ট্য। বহু প্রকার সীমাবদ্ধতা এবং অসম প্রতিযোগিতা সত্ত্বেও ভোগ্যপণ্য সরবরাহের ক্ষেত্রে ক্রেতা সমবায়-গুলি খানিকটা দন্তস্ফুট করতে পেরেছে বিশেষতঃ গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে। চিনি, লবণ, এক্সারসাইজ বুক, দিয়াশলাই, সিমেণ্ট, কণ্ট্রোলের কাপড়, জনতা শাড়ী, সাবান, বেবীফুড ইত্যাদি ভোগ্য পণ্য এবং চা, কয়লা ইত্যাদির মত নিত্য প্রয়োজনীয় অত্যাবশ্যক দ্রব্য এখন রাজ্যের ক্রেতা সমবায় সমিতিগুলি ন্যায্য অথবা সুবিধাজনক দামে সরবরাহ করছে। যেহেতু এই সব ভোগ্যপণ্যের উৎপাদনের ওপর রাজ্য সরকারের কোন নিয়ন্ত্রণ নেই সেইহেতু ব্যক্তিগত ব্যবসায়ীদের কাছ থেকে এই সব দ্রব্য সংগ্রহ করতে

ক্রেতা সমবায়গুলিকে নিরন্তর অসুবিধার সম্মুখীন হতে হয় এবং তার ফলে ক্রেতা সাধারণের মধ্যে এগুলির সুষম বণ্টনেও যথেষ্ট অসুবিধা হয়। এই জন্য ক্রেতা সমবায়গুলিকে ক্রমে নানা ধরনের ভোগ্যপণ্য উৎপাদনের কাজে নামানোর জন্য চেষ্টা করতে হবে।

৬.২। পাইকারী ক্রেতা সমবায়গুলি বিভিন্নপ্রকার ভোগ্যপণ্য সংগ্রহ ও বণ্টনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। বর্তমানে ২৮টি ক্রেতা সমবায় সমিতি এবং কোলিয়ারী অঞ্চলে ৩টি কেন্দ্রীয় বিপণি আছে। এগুলির মধ্যে ২২টি পাইকারী সমিতি ও কেন্দ্রীয় বিপণিগুলি লাভে ব্যবসা করছে। ভারত সরকারের অর্থানুকূল্যে কলকাতা পাইকারী ক্রেতা সমবায় সমিতিটিকে সঞ্জীবিত করে তোলার একটা বিশেষ প্রকল্প চালু করা হয়েছে।

৬.৩। রাজ্যে বর্তমানে ২৯৬২টি খুচরা বিক্রয় কেন্দ্র সহ ২৩২০টি প্রাথমিক ক্রেতা সমিতি আছে। ব্যক্তিগত মালিকদের হাত থেকে বিভিন্ন সূত্রের সাহায্যে ভোগ্যপণ্য সংগ্রহ করতে এই সব বিক্রয় কেন্দ্রগুলিকে বিভিন্ন প্রকারের বিশেষ ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়। তবুও মোটামুটিভাবে তাদের কাজকর্ম বেশ ভালই চালাচ্ছে এবং ৫০ শতাংশের অধিক বিপণিই লাভে ব্যবসা চালাচ্ছে। ১৯৮০-৮১ সালে এই সমিতিগুলি মোট ৬৮ কোটি ২০ লক্ষ টাকার ভোগ্যপণ্য বিক্রয় করেছে। বিগত কয়েকবছর ধরে এইসব ক্রেতা সমবায় রাজ্য সরকারের কাছ থেকে ক্রমাগত সমর্থন ও আর্থিক সাহায্য পেয়ে যাচ্ছে। ১৯৮১-৮২ সালে রাজ্য সরকার এই সমিতিগুলির অনুকূলে বিভিন্ন প্রকল্প অনুসারে মোট ৪০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন।

৬.৪। ১৯৮১-৮২ সালে পাইকারী ক্রেতা সমবায়গুলিও মোট ৫১ কোটি ৭১ লক্ষ টাকার বেশী পণ্য বিক্রয় করেছে। আশা করা যাচ্ছে যে চলতি আর্থিক বছরে এই সমিতিগুলি ৬০ কোটি ৬৭ লক্ষ টাকার পণ্য বিক্রয় করতে পারবে। ১৯৮২-৮৩ সালে ক্রেতা সমবায় ক্ষেত্রে (শহর এবং গ্রামীণ এলাকা মিলে) বিক্রয়ের পরিমাণ ১০০ কোটি টাকা ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

৬.৫। পশ্চিমবঙ্গ ক্রেতা সমবায় ফেডারেশন (কনফেড)-কে রাজ্য সরকার এক্সারসাইজ বুক বণ্টনের একচেটিয়া ব্যবসায়ী নিযুক্ত করেছেন। এর জন্য ভারত সরকারের কাছ থেকে সুবিধাদরে প্রাপ্ত কাগজ রাজ্য সরকার কনফেডকে সরবরাহ করেন। এই প্রকল্পটি ভালই চলছে। যদিও কনফেড কর্তৃক একটি উদ্ভিজ্জ তেলের কারখানা স্থাপনের প্রস্তাব ছিল, তথাপি এখনও ভারত সরকারের কাছ থেকে সম্মতিপত্র না পাওয়ায় তা সম্ভব হয়নি।

৬.৬। নিয়ন্ত্রিত মূল্যে কাপড় বণ্টনের প্রকল্পটি গোড়াতে ভালই চলেছিল। কারণ বাজারে প্রাপ্ত অনুরূপ মানের কাপড়ের মূল্যের তুলনায় এর মূল্য বেশ কম ছিল। কিন্তু ইদানিং ভারত সরকার কর্তৃক মূল্য পুনর্নির্ধারনের জন্য এর মূল্য যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। ফলে গ্রামীণ জনসাধারণ তাঁদের অতি প্রয়োজনীয় এই পণ্যটি সস্তাদরে লাভ করার সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন।

৬.৭। রাজ্যের ছাত্র-ছাত্রীদেরও ক্রমশঃ অধিকতর মাত্রায় ক্রেতা সমবায় আন্দোলনে টেনে আনা হচ্ছে। বর্তমানে এ রাজ্যের শিক্ষায়তনগুলিতে ছাত্র সমবায়ের

একটি শীর্ষ সমবায় রাজ্যে গঠন করা হচ্ছে। অপারেশন ফ্লাড-২ কর্মসূচীতে প্রায় ৫ লক্ষ দুগ্ধ চাষী উপকৃত হবেন। প্রতিটি ইউনিয়নের অধীনে প্রায় ৪০০টি করে প্রাথমিক সমিতি থাকবে। বর্তমানে যে সব মিল্ক ইউনিয়ন কাজ করছে তাদের অবস্থার উন্নতির জন্য বিশেষভাবে চেষ্টা করা হচ্ছে।

## মৎস্যজীবী সমবায়

১০.১। সমবায় মৎস্য সমিতিসমূহের শীর্ষ সংস্থা ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ফিসারমেন্স ফেডারেশনের অধীনে কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায়গুলি পশ্চিমবঙ্গের সম্পূর্ণ এলাকাকে মৎস্য চাষের আওতায় এনে ফেলেছে। ফেডারেশন তার সদস্য সমিতিগুলির মাধ্যমে ধীবর সম্প্রদায়কে মৎস্য চাষের সরঞ্জাম এবং ভোগ্যপণ্য সরবরাহ করছে। মৎস্যজীবীদের মধ্যে থেকে মধ্যস্বত্বভোগীদের হঠিয়ে দিয়ে সমিতি-গুলিকে জীবনধারণে সক্ষম করে তোলার উদ্দেশ্যে এবং তার ফলে মৎস্য উৎপাদন বৃদ্ধি করে মূল্যমানকে স্থিতিশীল করবার জন্য সারা রাজ্য জুড়ে একটা সংঘবদ্ধ অভিযান চালানোর উদ্যোগ নেওয়া হচ্ছে। ৪৭ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়ে গঠিত একটি প্রকল্পে কণ্টাই ফিশারমেন্স কো-অপারেটিভ সোসাইটি সমুদ্রে মাছ ধরার কাজ করছে। কোচবিহারে ৪২ লক্ষ টাকা ব্যয়ে অনুরূপ আর একটি বড় মৎস্য চাষ প্রকল্পের কাজ চলছে।

১০.২। বিশ্ব ব্যাঙ্কের আর্থিক আনুকূল্যে এফ. এফ. ডি. এ. প্রকল্প অনুযায়ী মৎস্য চাষীদের সহায়তাদানের যে চেষ্টা করা হচ্ছে, সমবায় ভূমি-উন্নয়ন ব্যাঙ্কগুলি সে কাজে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

## শিল্প সমবায়

১১.১। কুটির ও ক্ষুদ্র শিল্পের প্রসারে সমবায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। তাঁতশিল্প সমবায় সমিতির রেজিস্ট্রেশনের দায়িত্ব তাঁতশিল্প আধিকারিকের হাতে থাকলেও এই সমিতিগুলির নিরীক্ষণ-দায়িত্ব সমবায় বিভাগই পালন করেন।

১১.২। সারা রাজ্য জুড়ে বেকার ইঞ্জিনীয়ার এবং ডিপ্লোমাধারিগণের একটা বেশ বড় অংশ সমবায় গঠন করে লাভজনক স্বনিযুক্তির মাধ্যমে জীবিকা সংগ্রহ করছেন। গত বছরে এই সব ইঞ্জিনীয়ার্স কো-অপারেটিভকে রাজ্য সরকার উদারভাবে সাহায্য করেছেন। এই সব সমিতির কাজ কর্মের উন্নতির জন্য ১৯৮১-৮২ সালে রাজ্য সরকার ৩ লক্ষ ৭৭ হাজার টাকা মূলধন, কার্যকর মূলধন ঋণ এবং অনুদান হিসাবে দিয়েছেন। চলতি বছরের বাজেটে এই সমিতিগুলির উন্নয়নের জন্য ২ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

১১.৩। পরিবহন সমবায়গুলির উন্নয়নকল্পে সরকার বেশ বড় ধরনের অর্থানুকূল্য করেছিলেন।

১১.৪। এ ছাড়া কয়েকটি ফেরি পরিবহণ সমবায় সমিতি গঠন করা হয়েছে। হুগলী জলপথ সমবায় পরিবহণ সমিতি কলকাতা এবং হাওড়ার কয়েকটি স্থানে উল্লেখযোগ্য কাজে লিপ্ত আছে।

১১.৫। কেবলমাত্র মহিলাদের দ্বারা পরিচালিত বেশ কয়েকটি শিল্প সমবায় সমিতি রয়েছে।

## সমবায় শিক্ষা ও প্রশিক্ষণ

১২.১। সমবায় আন্দোলনকে সাফল্য মণ্ডিত করতে হলে সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের ওপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা প্রয়োজন। উত্তরপাড়া, ঝাড়গ্রাম, বরশুল, হেতমপুর, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ অবস্থিত ৬টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে রাজ্য সমবায় ইউনিয়ন সুপরিকল্পিতভাবে সমবায় প্রশিক্ষণের দায়িত্ব পালন করছে। রাজ্য সমবায় ইউনিয়নের বহুমুখী কর্মধারার মধ্যে রয়েছে সমবায় প্রতিষ্ঠানগুলি ও সমবায় অধিকারের নবীন কর্মীবৃন্দকে প্রশিক্ষণদান, ম্যানেজিং কমিটির সদস্যগণকে সমিতির বর্তমান ও ভাবী সাধারণসদস্যকে এবং সমিতির সম্পাদক ও ম্যানেজারগণকে সমবায় শিক্ষাদান প্রভৃতি। যুব সম্প্রদায়কে সমবায় আন্দোলনে আকৃষ্ট করবার জন্য বিভিন্ন বাস্তবমুখী কর্মসূচী রচনা, সাময়িক পত্র প্রকাশনা, প্রচার পুস্তিকা ইত্যাদি বিতরণ করা, বাঙময় চিত্র প্রদর্শন, আদর্শ নিয়মাবলী ( বাইলজ্‌ বিভিন্ন প্রকারের সমিতির ) ছাপিয়ে বিক্রয় করা, সমবায় বা অনুরূপ বিষয়ের ওপর শিক্ষামূলক আলোচনা চক্র সংগঠন ও তাতে অংশ গ্রহণ, প্রদর্শনী ও সভানুষ্ঠান করা প্রভৃতি।

১২.২। ৬টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে জুনিয়ার বেসিক কোর্স পরিচালনা ছাড়াও বেশ কিছু স্বল্পস্থায়ী কর্মসূচীর মাধ্যমে আঞ্চলিক প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। ইউনিয়ন অনুসৃত কর্মসূচীগুলির মধ্যে নেতৃত্ব বিকাশক প্রশিক্ষণ শিক্ষাসূচীর অন্তর্ভুক্তি একটা বিশিষ্টতা অর্জন করেছে। এই শিক্ষাসূচীর দ্বারা সমবায়গুলির বেসরকারী সদস্যবৃন্দের মধ্যে নেতৃত্বের বিকাশ ঘটান হবে। ১৯৮১-৮২ সালে বিভিন্ন প্রকারের ১৭টি শিক্ষসূচীর পরিচালনা করা হয়েছিল যার সাহায্যে ৩৬৩ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। ১৩টি শিক্ষাসূচীর দ্বারা ৪৫৩ জন সদস্যকে প্রশিক্ষণ দেওয়া হয়। ১৯৮২-৮৩ সালে উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষাদানের কর্মসূচীকে আরও বহুমুখী করা হয়েছে। এ ছাড়া, সমবায় ইউনিয়ন সমবায় এবং সংশ্লিষ্ট বিষয়ের ওপর পাঠ্য পুস্তক বাংলা ভাষায় প্রকাশ করছে। ক্যানিং, পুরুলিয়া এবং বহরমপুরে আরও একটি করে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার কাজ হাতে নেওয়া হয়েছে।

১২.৩। রাজ্য সমবায় ইউনিয়নের সঙ্গে যুক্ত জেলা সমবায় শিক্ষা নির্দেশকগণ (ডি. সি. ই. আই.) গ্রামে গ্রামে সাময়িক ক্যাম্প করে সমবায় শিক্ষামূলক ক্লাশ নিয়ে থাকেন। ১৯৮১-৮২ সালে সেক্রেটারী এবং ম্যানেজারদের জন্য ২৩টি ক্লাশ নেওয়া হয়। এতে ৮২৪ জন সেক্রেটারী এবং ম্যানেজার অংশ গ্রহণ করেন। অনুরূপভাবে সাধারণ সদস্যদের জন্য ৪২৩টি ক্লাশ নেওয়া হয় যাতে ১১ হাজর ৮১২ জন সাধারণ সদস্য অংশ গ্রহণ করেন। ম্যানেজিং কমিটির সদস্যগণের জন্য ৪১৫টি ক্লাশ নেওয়া হয় যাতে ২৯৫৮ জন সদস্য অংশ গ্রহণ করেন। এ ছাড়া সম্ভাব্য সদস্যদের জন্য ৫৭টি সাধারণ ক্লাশ, ১২টি স্টাডি সার্কল, ৩৯টি বিতর্ক কর্মসূচী এবং বিভিন্ন সমবায় সমিতিগুলিতে ৪০০টি তথ্যানুসন্ধান করা হয়েছিল বিগত ১৯৮১-৮২ সালে। ১৯৮২-৮৩ সালে গ্রামীণ জনসাধারণের জন্য ইউনিয়নের কর্মসূচী আরও পরিব্যাপ্ত

করা হবে। এই উদ্দেশ্যকে সামনে রেখে কলকাতায় সমবায় ও গ্রামীণ উন্নয়নের জন্য একটি প্রদর্শনী ও মেলার আয়োজন করা হচ্ছে। এতে পূর্বাঞ্চলীয় সমস্ত রাজ্যই সম্ভবতঃ অংশ গ্রহণ করবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-সহ শহরের গণ্যমান্য ব্যক্তিদেরকে ইউনিয়ন তাদের বাৎসরিক সমাবর্তন উৎসবে নিমন্ত্রণ জানিয়ে সমবায় আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট করেছে। এই সমাবর্তনে সফল শিক্ষণপ্রাপ্তদের ডিপ্লোমা এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের প্রথম ১০ জন করে ছাত্রকে অভিনন্দন জানান হয়। এর ফলে গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র ও যুব সম্প্রদায়কে সমবায়-এর আদর্শের মূল্য সম্পর্কে সচেতন হতে সাহায্য করে।

১২.৪। সমবায়ের আদর্শকে ছাত্রসমাজে জনপ্রিয় করে তোলার জন্য রাজ্যস্তরে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হবে বলে স্থির করা হচ্ছে।

**বিভিন্ন ক্ষেত্রে সমবায়ের সম্প্রসারণ**

১৩.১। গতানুগতিক পথ অতিক্রম করে নতুন নতুন ক্ষেত্রে সমবায় প্রসার লাভ করছে। সম্প্রতি পর্যটনের ওপর কয়েকটি সমবায় গড়ে উঠেছে এবং এই সব সমিতি পর্যটকদের নিয়ে বিভিন্নস্থানে ভ্রমণের ব্যবস্থা, পর্বত আরোহন, ক্যানটিন পরিচালনা, হলিডে হোম স্থাপন প্রভৃতি কাজে নিযুক্ত রয়েছে। সল্ট লেকে স্বাস্থ্য সমবায় সমিতি তাদের কাজ সুরু করেছে এবং অনুরূপ আরও স্বাস্থ্য সমবায় স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে। ঠিক ভাবে চালাতে পারলে এই স্বাস্থ্য সমবায় ভবিষ্যতে সার্থক জাতীয় স্বাস্থ্য প্রকল্পের ভিত্তি হতে পারবে। চলচ্চিত্র নির্মাণেও সমবায় সমিতি কাজ করছে এবং সরকার এই কাজে আথিক সহায়তা দান করেছে।

**সমবায় সমিতির কর্মচারীদের সম্পর্কে**

১৪.১। প্রাথমিক সমবায় কৃষি উন্নয়ন সমিতির ম্যানেজারদের জন্য কমন ক্যাডার প্রকল্প কার্যকর করা হয়েছে এবং এর ফলে ৬৬০০টি সমিতির ম্যানেজার উপকৃত হবেন। এইসব সমিতির ম্যানেজারদের অধিকাংশই এতদিন মাসে ১০০ টাকার মত বেতন পেতেন। পরবর্তিত অবস্থায় এদের সর্বনিম্ন মাসিক বেতন হবে ২৫০ টাকা।

১৪.২। বিভিন্ন প্রকার সমবায় সমিতির কর্মচারীদের বেতন ও অন্যান্য সুযোগ সুবিধার ব্যাপারে সুপারিশ করার জন্য বাম ফ্রণ্ট সরকার একটি পে কমিটি গঠন করেছিলেন। ভারতে কোন্ রাজ্যে সমবায় সমিতির কর্মচারীদের জন্য এইরূপ কমিটি গঠন এই প্রথম। বিগত বিধানসভা নির্বাচনের কয়েকদিন পূর্বে এই পে কমিটি তাঁদের রিপোর্ট সরকারের কাছে পেশ করেছেন। বর্তমানে এই রিপোর্ট সরকারের বিবেচনাধীন রয়েছে। এই ব্যাপারে সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত সাপেক্ষে এখনই কর্মচারীদের কিছুটা অন্তর্বর্তী সাহায্য দানের জন্যও সুপারিশ করা হয়েছে। পরবর্তীকালে বেতমকাঠামো পরিবর্তনের সময় এর সামঞ্জস্য বিধান করা হবে।

**নতুন সমবায় আইন**

১৫.১। সমবায় সমিতি সমূহের কাজ পরিচালনার জন্য বর্তমানে যে আইন (১৯৭৩ সালে প্রণীত) ও বিধি (১৯৭৪ সালে প্রণীত) রয়েছে তা পরিবর্তন করা হচ্ছে। সরকার কর্তৃক গঠিত একটি ল' কমিটির সুপারিশের ভিত্তিতে প্রস্তুত করা বিল বিগত বিধান সভায় উত্থাপন করা হয়েছিল এবং বিলটি সিলেক্ট কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছিল। বিধানসভা ভেঙ্গে যাবার ফলে এই বিল বাতিল হয়ে গেছে। সরকার বিলটি সামান্য কিছু পরিবর্তন সহ বিধানসভার বর্তমান অধিবেশনে অনুমোদনের জন্য পেশ করবেন।

**সমবায়ের উন্নয়নে অসুবিধা**

১৬.১। সমবায়ের উন্নয়নের পথে অন্যতম প্রধান বাধা হল কায়েমী স্বার্থ। অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে, একই ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি নানা কায়দায় দীর্ঘদিন ধরে সমিতির ওপর কর্তৃত্ব করছে। কিছু অসাধু ব্যক্তি নানাভাবে দুর্নীতির আশ্রয়ও গ্রহণ করছে। সমবায় থেকে এই কায়েমী স্বার্থ ও দুর্নীতি দূর করতে সরকার বদ্ধপরিকর।

১৬.২। কৃষি সমবায়ের ক্ষেত্রে ঋণ পরিশোধে অনাদায় এখন একটা বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। ঋণ অনাদায়ের ফলে নতুন ঋণদানে অসুবিধার সৃষ্টি হচ্ছে। কৃষিতে দাদনের পরিমাণ কমে যাচ্ছে। কেবল কৃষি নয়, ঋণ পরিশোধে এই অনীহা সমবায়ের অন্য ক্ষেত্রেও ছড়িয়ে পড়ছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আবাসন সমবায় সমিতিগুলির কাছ থেকেও প্রচুর ঋণ অনাদায়ী হয়ে পড়ে আছে। সরকার এই অবস্থার পরিবর্তন করতে বদ্ধপরিকর। অভিজ্ঞতার ফলে দেখা গেছে, প্রায় সর্বত্রই যারা একটু অবস্থাপন্ন তারাই ঋণ পরিশোধে বাধার সৃষ্টি করে এবং তুলনায় যারা দরিদ্র তারা ঋণ পরিশোধে অধিকতর আগ্রহী। কেবলমাত্র শাস্তিমূলক ব্যবস্থার দ্বারা এই সমস্যার সমাধান সম্ভব নয়। ঋণ আদায়ের কাজে গ্রামাঞ্চলে পঞ্চায়েৎ সংস্থা ও কৃষক সংগঠনগুলিকে আরও বেশী করে যুক্ত করার জন্য চেষ্টা করা হবে। এই কাজে আমি বিধানসভার মাননীয় সদস্যদের সহযোগিতা প্রার্থনা করি।

১৬.৩। কোন কোন সমিতির ক্ষেত্রে আদালতে মামলা থাকার ফলে এই সব সমিতির সুষ্ঠু কার্যসম্পাদনে অসুবিধা হচ্ছে। এই সমস্যা সমাধানের জন্য আমরা সর্বতোভাবে চেষ্ট করছি।

সমবায় একটি আন্দোলন। এই আন্দোলন যাতে সর্বপ্রকার বহির্নিয়ন্ত্রণ মুক্ত হয়ে সদস্যদের স্বাধীন গণতান্ত্রিক অর্থনৈতিক আন্দোলন রূপে গড়ে উঠতে পারে এবং সমবায়ের সাহায্যে যাতে এই রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন ও নিম্নবিত্ত মানুষের অবস্থার উন্নতি করা যায়, তার জন্য আমি বিধানসভার সকল সদস্যের কাছে তাঁদের সহযোগিতার হস্ত প্রসারিত করার জন্য আহ্বান জানাচ্ছি।

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as below.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1,

**Shri Abdul Mannan :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রীঅতীশ চন্দ্র সিন্হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, সমবায় হচ্ছে একটা আন্দোলন। আমরা দেখেছি, বামফ্রণ্ট সরকারে যে সমস্ত শরিকদল আছে তারা আন্দোলনে অত্যন্ত পটু। বহুদিন ধরে তাঁরা খাদ্য আন্দোলন থেকে আরম্ভ করে নানা রকমের আন্দোলন কংগ্রেস আমলে করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার, এই সমবায় আন্দোলনের ক্ষেত্রে কিন্তু একেবারে অপটু। গত ৫ বছর ধরে এই জিনিষ আমরা দেখেছি। সমবায়ের ক্ষেত্রে তাঁরা যে অবস্থা পশ্চিম বাংলায় আছে তাতে আমার ধারণা হয়েছে, এই আন্দোলনকে সত্যিকারের কার্যকরী করতে বামফ্রণ্ট সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। অত্যন্ত আশ্চর্য্যের ব্যাপার গত ৫ বছর ধরে এই দপ্তরের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন, ভক্তিবাবু, তিনি এবারেও নির্বাচনে জিতে এসেছেন কিন্তু তাঁকে কি কারণে বাদ দিয়ে নতুন মন্ত্রীকে ঐ দলের তরফ থেকে সমবায় দপ্তরে আনা হয়েছে তা আমি জানি না। আমি এটা ধরে নিচ্ছি নিশ্চয়ই গত ৫ বছরে সমবায় আন্দোলনকে কার্যকরী করবার ক্ষেত্রে যে ভূমিকা তিনি গ্রহণ করেছেন এবং যে পদক্ষেপ গ্রহণ করেছেন এবং তিনি যেভাবে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছেন তাতে বামফ্রণ্ট সরকার নিশ্চয়ই সন্তুষ্ট নন। সুতরাং ব্যর্থ হওয়ার কারণেই মন্ত্রী বদল হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৯ সেপ্টেম্বর তারিখে আনন্দবাজার পত্রিকায় নয়, ষ্টেটস্‌ম্যান পত্রিকায় একটি খবর বেরিয়েছে, তাতে তিনি বলেছেন, The poor recovery of loans affects co-operatives. It was regretted that during the past five years of its rule the Left Front Government had not taken any initiative in developing co-operatives. The sources pointed out that the co-operatives could be utilised as an instrument of rural development. The State Government, however, had entrusted this role to Panchayats which mainly functioned as administrative bodies for implementing the Government schemes They feel that an integrated economic development of the rural communities. could have been achieved had the Panchayats adopted the co-operatives as a part of their functioning apparatus but there had never been fusion of Panchayats with co-operatives in West Bengal. Rather they were running on parallel lines.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর থেকে আমরা বুঝতে পারছি, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার অসুবিধাটা কোথায়। সমবায়কে যদি বিশ্বাস না করেন তাহলে শুধু একটি দপ্তর রাখার কোন মানে হয় না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমাদের দেশের যে অর্থনৈতিক কাঠামো আছে তাতে সমবায় আন্দোলনের একটা বিশেষ প্রয়োজনীয়তা আছে, একথা আমরা অস্বীকার করতে পারব না। আপনি জানেন আমাদের ভারতবর্ষে মিক্সড্ ইকনমি আছে, সেই মিক্সড্ ইকনমির মধ্যে সরকারী শিল্প এবং সরকারী প্রতিষ্ঠান আছে, তারা একটা চ্যানেলে চলে, তাছাড়া একটা বেসরকারী প্রতিষ্ঠান আছে, তারাও তাদের নিজেদের চ্যানেলে চলে। এর মাঝামাঝি এই সমবায় প্রতিষ্ঠানগুলোকে যদি আমরা সত্যিকরে

শ্চিম বাংলায় জোরদার করতে পারি তাহলে সমাজতান্ত্রিক সমাজগঠনের পথে আমরা নেকখানি এগিয়ে যেতে পারব এ বিষয়ে কোন সন্দেহ নেই। বিশেষ করে যাঁরা রিদ্রসীমার নীচে বাস করেন, তাঁদের অবস্থার উন্নতি ঘটাতে গেলে এবং আপনারা যে র্থনৈতিক সমাজ ব্যবস্থার কথা প্রায়ই বলে থাকেন সেই অর্থনৈতিক সমাজ ব্যবস্থার ধ্যে এবং আপনাদের সীমিত ক্ষমতার মধ্যেই এটা সম্ভব। যাঁরা দারিদ্র সীমার নীচে স করেন, তাঁদের অনেকখানি ভাল ব্যবস্থা, এবং তাঁদের সামাজিক ও অর্থনৈতিক বিনে প্রতিষ্ঠিত করা সম্ভব। আমরা যখন ১৯৭২ সালে ক্ষমতায় এসেছিলাম, আমরা সে দেখেছিলাম যে, এই সমবায় আন্দোলনের মধ্যে বহুদিন ধরে অনেক বাস্তু ঘুঘুদের াড্ডা বসে আছে, তাদেরকে সরান যাচ্ছে না। কিছু পারিবারিক সংস্থা কতকগুলি তকগুলি বড় বড় সংস্থাকে করায়ত্ব করে দিনের পর দিন, বছরের পর বছর সমস্ত মবায় সুবিধাগুলি ভোগ করছে। সেই ব্যবস্থার পরিবর্তন করার জন্য আমরা ১৯৭৩ ালে একটা অত্যন্ত কঠোর আইন এনেছিলাম। যার জন্য এবং যার মধ্যে সে সময় চ্ছে করে সমবায় আন্দোলনের মধ্যে যে গণতান্ত্রিক অধিকার সকলের প্রতিষ্ঠিত আছে াই অধিকারকে খানিকটা ইচ্ছে করেই খর্ব করা হয়েছিল। এজন্য সে সময় আমরা । ব্যবস্থা সমবায় আন্দোলনের মধ্যে দেখেছিলাম তাতে সমবায়কে পশ্চিম বাংলায় ষ্ঠুভাবে চালু করতে গেলে খুব কঠোর একটা আইন আনবার প্রয়োজনীয়তা আমরা নুভব করেছিলাম। পরবর্তীকালে আপনারা সেই আইনের পরিবর্তন করেছেন। কটা সিলেক্ট কমিটি অ্যাসেম্বলীতে হয়েছিল, পরে আরও হবে আশা করি। তার মধ্যে ছু কিছু আমাদের আপত্তি ছিল এখন যিনি সমবায় মন্ত্রী হয়েছেন আমরা সেটা তাঁকে লেছিলাম এবং তিনি আমাদের কতকগুলি অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করেছেন, পরবর্তীকালে দি প্রয়োজন হয় তাহলে আমরা আরও কতকগুলি আনব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, াপনি জানেন সেই অবস্থা উপলব্ধি করে আমরা সে সময় ইউনিভার্সাইলেসন অফ ম্বারশিপ চালু করেছিলাম, যাতে করে যে কেউ যদি কোন সমবায় সমিতির সদস্য তে চান তাহলে তাঁকে সেই সমবায় সমিতির যাঁরা কর্মকর্তা তাঁদের বাদ দিয়ে রাখতে ারবেন না।

le will automatically become a member of the Co-operative Society.

কউ কোন সমিতিকে যাতে কুক্ষিগত করে রাখতে না পারেন তার জন্য ব্যবস্থা আমরা ালু করেছিলাম।

দুঃখের বিষয় এই ব্যাপারে গত ৫ বছর দেখছি না যে খুব একটা ব্যাপক আন্দোলনে এগিয়ে গিয়ে একটা বিরাট সংখ্যক জনসাধারণ পশ্চিমবাংলায় এই আন্দোলনের অংশীদার হয়েছেন। আমরা নিশ্চয় আশা করব যে বর্তমানে যিনি মন্ত্রী হয়েছেন তিনি এই ধরণের সমবায় আন্দোলনের দিকে নজর দেবেন এবং যাতে পশ্চিমবঙ্গের জনসাধারণ এর আওতাভুক্ত হতে পারে তার জন্য যথাযথ ব্যবস্থা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু আগে বলেছি যে সমবায়ের মধ্যে নিশ্চয় বাস্তু ঘুঘুদের আড্ডা আছে, এবং একথা আমরা অস্বীকার করিনা, এবং সেই বাস্তু ঘুঘুদের আড্ডা ভাঙ্গতে যদি সত্যিকরে উদ্যোগী হন, আমাদের সহযোগিতা আপনারা নিশ্চয়ই পাবেন। কিন্তু একটা জিনিশ এর সঙ্গে বলা প্রয়োজন যে কিছু কংগ্রেসীদের কিছু

জিনিষ হস্তান্তর করা প্রয়োজন যাঁরা সত্যিকার সমবায়ের সঙ্গে যুক্ত আছেন। তাঁদের কংগ্রেসী গন্ধ থাকলেই তাঁরা যে বাস্তুঘুঘু হবেন তা নয়। এখানে অনেকে আছেন যাঁরা এই আন্দোলনের সঙ্গে বহুদিন ধরে জড়িত আছেন, হয়ত তাঁরা এই আন্দোলনকে খুব বেশী এগিয়ে নিয়ে যেতে পারেননি, এই আন্দোলনের মধ্যে কিছু কিছু নিজেদের সুবিধা নেওয়ার চেষ্টা করেছেন, এটা হতে পারে, কিন্তু আমরা দেখেছি গত ৫ বছর বা এখনও দেখছি যে কংগ্রেসী গন্ধ থাকলেই তারা বাস্তুঘুঘু এবং যেনতেন প্রকারেণ তাদেয় সরিয়ে বামফ্রণ্টের সরিক দলের বিশেষ ফরওয়ার্ড বুক যা সভ্য, সদস্য বা এম. এল. এ. তাদেরকে শীর্ষ সমিতি বা সেণ্ট্রাল ব্যাঙ্ক ইত্যাদি বিভিন্ন জায়গায় বসিয়ে দেওয়া হচ্ছে। তাতে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন খুব জোরদার হবে বলে মনে হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব দুঃখের কথা, এবং সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে আগামী ৫ বছর যেন এ রকম না হয় সেদিকে তিনি নিশ্চয়ই নজর দেবেন। আমরা দেখছি যে গত বিধানসভার সেসনে ভক্তিবাবু একটা আইন এনেছিলেন যে, ১৫ মাস যদি কোন কমিটি নির্বাচন না করেন বা তার ব্যবস্থা না করেন তাহলে সেটা অটোমেটিকেলি ডিসলভ হয়ে যাবে। আচ্ছা, ঠিক আছে, আমরা মেনে নিলাম, কিন্তু কোন যুক্তিতে আমরা মানব ? যে নির্বাচিত ম্যানেজিং কমিটি ১৫ মাস থাকার পরে নির্বাচন না করলে অটোমেটিকেলি ডিসলভ হয়ে যাচ্ছে সেখানে একজন এ্যাডমিনিস্ট্রেটর তিন বছর পর্যন্ত থাকতে পারে ?

[11-20—11-30 a.m.]

আপনারা ক্লজ ২৯-এ বলেছেন যে, কোন কো-ওপারেটিভ সোসাইটির যদি বিভিন্ন ফল্ট থাকে তাহলে রেজিস্টার সেটা নোটিশ দিয়ে এডমিনিস্ট্রেটর বসাতে পারবেন। ঠিক আছে। কিন্তু বলেছেন যে এক এক বছর করে এডমিনিস্ট্রেটর এর মেয়াদ থাকবে আর একবছর এক বছর করে বাড়ানো যাবে, ৫ বছর পর্যন্ত বাড়ানো যাবে। প্রথমে ছিল ৫ বছর, গত সিলেক্ট কমিটিতে আমাদের আপত্তি করাতে সেটাকে কমিয়ে ৩ বছর করা হয়েছে। এতেও আমাদের আপত্তি আছে। যেখানে নির্বাচনের জন্য ম্যানেজিং কমিটি ১৫ মাস অর্থাৎ ১ বছর ৩ মাসের মধ্যে অটোমেটিকেলি অপসারিত হয়ে যাচ্ছে যদি তারা নির্বাচন করতে না পারেন। তাহলে কোন অজুহাতে এই এডমিনিস্ট্রেটরকে ৩ বছর রাখা হবে ? এই এডমিনিস্ট্রেটর মানে কি ? এই এডমিনিস্ট্রেটর হচ্ছে সরকারী দলের কোন এম. এল. এ বা সরকারী দলের সদস্যভুক্ত কোন ব্যক্তি। যিনি শীর্ষে বসে থাকবেন, তিনিই হচ্ছেন এডমিনিস্ট্রেটর। কোন যুক্তি বলে সরকারের দলীয় কোন ব্যক্তি সমীতির শীর্ষে বসে থাকবেন ৩ বছর ধরে ? এটা কোন যুক্তি সংগত কথা বলে আমি মনে করি না। আমাদের মন্ত্রী মহাশয়ের কাছে আমার সাজেসান রইল যে এডমিনিস্ট্রেটর ১৫ মাস কিংবা ১ বছরের বেশী থাকতে না পারে। এই এক বছর যেন বাধ্যতামূলক করা হয়। যাতে সেই সমিতি চালনা করার জন্য যে নির্বাচন দরকার সেই নির্বাচন করে তাড়াতাড়ি সদস্যদের কাছে ক্ষমতা হস্তান্তরিত করে দেওয়ার প্রস্তাব যেন থাকে। এই ব্যাপারে আমরা নিশ্চই

মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন অনেক আছে। কিন্তু আমরা দেখেছি গত পাঁচ বছর ধরে সেই আইনগুলি কোন কাজে লাগে নি। আইনগুলি এমন ভাবে কাজে লাগানো হয়েছে যাতে করে বামফ্রণ্টের যে শরীক দল তাদের স্বার্থ যাতে বিঘ্নিত না হয় সেই ভাবে করা হয়েছে। আমি তার কতকগুলি উদাহরণ আপনার মাধ্যমে এই সভায় তুলে ধরতে চাই। ১৯৭৮ সালে ৫ই নভেম্বর পশ্চিমবাংলায় সমবায় ঋন দান সমীতির বার্ষিক সাধারণ সভা হুগলীর ব্যাটরাতে হয়ে গেছে। সেই ব্যাপারে একটা চিঠি দিয়েছিল, সেটা পড়ছি। নির্বাচনে ফল ঘোষণার পর জানা গেল জয়ী প্রার্থীদের মধ্যে একজন প্রতিনিধি হিসাবে এই সভায় উপস্থিত থাকবে। অর্থাৎ প্রাইমারী থেকে তাকে প্রতিনিধি বা ডেলিগেট করে পাঠানো হবে সেই ফেডারেসনে। সেই ফেডারেসানটা হচ্ছে পশ্চিমবঙ্গ সমবায় ঋণ দান সমীতি। তার মধ্যে এই চিঠিটা লিখেছেন ভোলানাথ রায়চৌধুরী। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ঋণ দান সমবায় সমিতির প্রতিনিধি। সেখানে যে ৫-৬ জন ইলেকটেড হ'ল তার মধ্যে একজন দেখাগেল তিনি মুখে বলছেন যে তিনি অমুক প্রাইমারী সোসাইটি থেকে রিপ্রেজেনটেটিভ হয়ে এসেছেন কিন্তু তাঁর কথা সত্য নয়। কারণ পার্টিকুলার প্রাইমারী সোসাইটি থেকে অথরিটি নিয়ে ডেলিগেট হয়ে এসেছেন আর একজন লোক। কিন্তু সেই অসত্যের প্রতিবাদ করার পরও দেখা গেল যিনি আনঅথরাইজড হয়ে এসেছেন তিনিই নির্বাচিত হয়ে গেলেন। তাকেই সেই ফেডারেসানের সভাপতি ইলেকটেড বলে ঘোষনা করলেন। সমবায়ের যে মূল নীতি সেইগুলি সব লংঘিত হ'ল। ভোলানাথ রায়চৌধুরী মহাশয়-এর একটা চিঠি তার সমবায়ী বন্ধুদের দিয়েছিলেন। তিনি নিজে লিখেছেন আইনের আশ্রয় নিয়ে এর প্রতিকার নিশ্চয়ই স্বাভাবিক ছিল এবং হাইকোর্টে তিনি নিশ্চয়ই রিলিফ পেতেন। যদিও সেই ব্যবস্থা সময় ও ব্যয় সাপেক্ষ। সমবায়ের যে আন্দোলন সেই আন্দোলনকে মামলা-মকর্দমার বেড়া জালে—নিতান্ত বাধ্য না হলে—আটকে রাখা সমীচীন নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আপনি জানেন যে সকলের পক্ষে হাইকোর্টের খরচা বহন করা সম্ভব নয়। তাই আইন যেগুলি আছে, সেই আইন যাতে ঠিক মত কার্যকারী হয়, সেখানে যাতে রাজনীতির গন্ধ না থাকে সেইগুলি দেখার দায়িত্ব নিশ্চই মন্ত্রী মহাশয়ের আছে। সমবায় আন্দোলনকে যদি রাজনীতির গন্ধে কলুসিত করেন তাহলে এই সমবায় আন্দোলন কখনও জোরদার হতে পারে না। রাজনীতির উর্দ্ধে যদি এই সমবায় আন্দোলনকে রাখতে পারেন তাহলে নিশ্চয়ই এই আন্দোলন পশ্চিমবাংলায় জোরদার হবে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা দেখলাম কি? দেখলাম সেন্ট্রাল ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্কে ১৯৭৭ সালে সুপারসিড করা হ'ল। সেখানকার এ্যাডমিনিস্ট্রেটর হলেন ফরোয়াড ব্লকের নলীনি গুহ মহাশয়। আর ৫ বছর পর—যেখানে সাধারন নির্বাচন হয়ে গেছে, পঞ্চায়েত নির্বাচন আশাকরি হতে চলেছে কিন্তু এখনও দেখছি সেই নলীনি গুহ সেই সেণ্ট্রাল ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্কের এডমিনিস্ট্রেটর হয়ে বহাল তবিয়তে বসে আছেন। এখনও সেখানে নির্বাচন হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনেছি যে মন্ত্রী মহাশয় অনেক প্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছেন যাতে নির্বাচন তাড়াতাড়ি হয়।

শুভ কথা, তিনি যদি সেই নির্দেশ দিয়ে থাকেন, আমরা তাঁকে স্বাগত জানাব কিন্তু আমরা দেখতে পাচ্ছি, সমবায় আন্দোলন সত্যিকারের যাতে জোরদার হয়, তা কোন ব্যবস্থা আপনারা গ্রহণ করেননি। স্টেট কমজিউমার্স ফেডারেশান ১৯৭৭ সালে অক্টোবর মাসের ৩১ তারিখে কনস্টিটিউটেড হয়েছিল, সেখানে এখনও পর্যন্ত একজন অ্যাডমিনিস্ট্রেটর বসে আছেন। সেখানে এর আগে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে ছিলে ফরওয়ার্ড ব্লকের ভবানী চ্যাটার্জী মহাশয়। তাঁর বিরুদ্ধে বিভিন্ন পত্র পত্রিকাতে নান রকম দুর্নীতির খবর প্রকাশিত হয়েছিল, খাতা কেলেঙ্কারী ইত্যাদি। তাঁকে সেখান থেবে সরিয়ে দিয়ে বর্তমানে ফরওয়ার্ড ব্লকের এম. এল. এ ছায়া দেবীকে নতুন করে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে বসান হয়েছে। এটা কি চলছে? আমরা শুনেছি, এই মাসের ২৪ তারিখে সেখানে ইলেকশান ডাকা হয়েছে, তা যদি সত্যিই হয়, তবে খুবই ভাল কথা। কিন্তু প্রশ্ন হচ্ছে, গত ৫ বছর ধরে সেখানে এই যে একটা অবস্থা চলছিল, তার খেসারৎ কে দেবে? এই যে দিনের পর দিন ধরে সেখানে দলীয় লোককে অ্যাডমিনিস্ট্রেট হিসাবে কাজ চালাতে দেওয়া হয়েছিল এবং এক এক সময়ে তাঁরা দুর্নীতির অভিযোগে অভিযুক্ত হওয়ার পরে আর একজনকে নতুন করে বসিয়ে কাজ চালিয়ে গেলেন, এর মাধ্যমে কি সমবায় আন্দোলনকে সত্যিকারের জোরদার করা যাবে? যদি আপনারা ভেবে থাকেন যে, ফরওয়ার্ড ব্লকের হাতে যেহেতু এই দপ্তরের দায়িত্ব রয়েছে, সেই হেতু অধিকাংশ জায়গাতে ফ্রন্টের লোক বা ফরওয়ার্ড দলের লোকেরাই চেয়ারম্যান এবং সমস্ত পদের অধিকারী বা অধিকারিণী হয়ে বসবেন, তাহলে বলতে হয় যে, সমবায় আন্দোলনকে জোরদার করবার কোন লক্ষণই আমরা দেখতে পাচ্ছি না। আজকে স্টেট মার্কেটিং ফেডারেশনের অবস্থা দেখুন, যেটা 'বেনফেড' বলে পরিচিত, সেখানে আলি আহমেদ সাহেব গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়ে ম্যানেজিং কমিটির চেয়ারম্যান হয়েছিলেন, তাঁকে সেখানে কাজ করতে দেওয়া হচ্ছে না। তিনি সুপ্রিম কোর্ট থেকে আদেশ পেয়েছেন, তৎসত্ত্বেও তাঁকে কাজ করতে দেওয়া হচ্ছে না। এবং এর পরে আজ ১৫ মাস অতিবাহিত হয়ে গেল, তিনি সেখানে ইলেকটেড হয়েছিলেন, তিনি সুপ্রিম কোর্ট থেকে চেয়ারম্যান হিসাবে কাজ করার জন্য আদেশ পাওয়ার পরেও সেখানে কাজ করতে পারছেন না। যেহেতু তিনি কংগ্রেসী দলভুক্ত, সেজন্যই তাঁকে কাজ করতে দেওয়া হচ্ছে না। তিনি যদি ফরওয়ার্ড দলভুক্ত হতে পারতেন, তাহলে সেখানে বহাল তবিয়তে বসে কাজ করতে পারতেন। এ কারণে আলি আহমেদ সাহেবকে হাজার হাজার, লাখ লাখ টাকা খরচ করে কেস করতে হচ্ছে। এ হচ্ছে এক আশ্চর্য্য ব্যাপার। এর উপরে আপনারা সরকার থেকে একটা আইন তৈরী করেছেন যে ১৫ মাস হয়ে গেলে পরে নির্বাচন অটোমেটিক্যালি ডিজলভড্ হয়ে যাবে। এসব ঘটনাগুলি দেখবার দায়িত্ব নিশ্চয়ই মন্ত্রীমহাশয়কে নিতে হবে। স্টেট হ্যাণ্ডলুম উইভারর্স কো-অপারেটিভ সোসাইটি যেটাকে আমরা 'তন্তুজ' বলে জানি, সেখানে কিছুদিন আগে বিভিন্ন ব্যাপার নিয়ে কো-অপারেটিভ আইনের ৮২ ধারা অনুসারে একটা ইনস্‌পেকশানের ব্যবস্থা হয়েছিল যে, কোন জায়গায় কোন টাকা তছরূপ বা কোন অঘটন ঘটেছে কিনা তা দেখবার জন্য। ইনস্‌পেকশানের কথা কাগজেও লেখা হয়েছিল। কোথাও ইনস্‌পেকশান হলে পরে তার রিপোর্ট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফাইন্যানসিং ব্যাঙ্ক, অর্থাৎ যারা সেই কো-অপারেটিভকে ঋণ দিয়েছে, সেই

ব্যাঙ্কের কাছে রিপোর্টটা দিতে হয়। অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে, সেই এনকোয়ারী রিপোর্ট মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যাওয়ার পরে ধামাচাপা পড়ে গিয়েছে। সেটি তিনি আর প্রকাশ করেননি বা তার কোন কপি, এনকোয়ারী রিপোর্টে কি বলা হয়েছিল, তার কোন রিপোর্ট আমাদের কাছেও দেননি। সেই ফাইন্যানসিং ব্যাঙ্ককেও কোন রিপোর্ট দেননি বা কপি দেননি। আমরা দাবী করব, সেকসান ৮২ অনুসারে স্টেট হ্যাণ্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটিতে যে এনকোয়ারী হয়েছিল, তার রিপোর্ট এই বিধানসভাতে তিনি যেন পেশ করেন। কারণ আমরা জানতে চাই, এই এনকোয়ারী রিপোর্টে কি আছে? স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক ১৯৭৭ সালের ৩১শে অক্টোবর কনষ্টিটিউটেড হয়েছিল। সেখানে যদি কোন ব্যক্তি দুর্নীতিগ্রস্ত বলে প্রমাণিত হন, তাহলে আমরা নিশ্চয়ই তার পাশে দাঁড়াব না। কিন্তু সেই ব্যক্তি প্রকৃতপক্ষে দুর্নীতিগ্রস্ত কিনা, তা প্রমাণ করতে হবে। এতদিন ভক্তিবাবু মন্ত্রী ছিলেন, এখন নতুন মন্ত্রী সেখানে এসেছেন, তাঁকে এ জিনিষ প্রমাণ করতে হবে। আপনারা ৫ বৎসর ধরে সরকারে ছিলেন, দুর্নীতি প্রমাণের দায়িত্ব হচ্ছে সরকারের, আপনারা কিন্তু সেই দায়িত্ব পালন করেননি। বরং দেখা গেল সেখানে যিনি ছিলেন, তাঁকে সরাবার জন্য বিরাট একটা ষড়যন্ত্রের আশ্রয় নেওয়া হল। সেজন্য আমরা দেখতে পেলাম, অজিতবাবুকে কলকাতা হাইকোর্ট এবং শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টের স্মরণাপন্ন হতে হয়েছে। তিনি এভাবে করতে পারছেন, যেহেতু তাঁর কলিজার জোর আছে, সেজন্য তিনি এখনও বহাল তবিয়তে সেখানে বসে আছেন। এটা অত্যন্ত দুঃখের কথা যে, যে মানুষ এতদিন ধরে সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন, তাঁকে যদি স্বপদে বহাল থাকবার জন্য কোর্টের স্মরণাপন্ন হতে হয়, তা হলে সমবায় আন্দোলন কিভাবে এগিয়ে যাবে তা আমার বোধগম্য হচ্ছে না।

[11-30—11-40 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় খুব কম দেখছি আরো অনেক কিছু বলার ছিল। সেই সব বিষয়ের অবতারণা করতে চাই না। সমবায় আন্দোলনের একটা বড় অংশ বলে আমরা জানি সেটা হচ্ছে শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন। এ ছাড়াও সমবায়ের আরো বিভিন্ন দিক আছে, বিভিন্ন অংশ আছে। যেমন ক্রেতা সমবায় আন্দোলন ইত্যাদি। সেগুলি থেকে সবচেয়ে বেশী ইমপরটেণ্ট হচ্ছে স্বল্প মেয়াদি ঋণ। যা আমরা কৃষকদের মধ্যে বিতরণ করে থাকি। অধিকাংশ একটিভিটিস এই দপ্তরের। এদিক দিয়ে এই সমবায় আন্দোলন কতখানি কার্য্যকরী হয়েছে সেটা আপনারা নিশ্চয়ই বুঝতে পারবেন। যে চাষীরা মহাজনদের কবলে আছেন সেই মহাজনদের কবল থেকে তাদের বের করে নিয়ে আসা আমাদের সকলের কর্তব্য। শুধু আপনাদের নয় আমাদেরও সকলের কর্তব্য। সেই উদ্দেশ্য সফল করার জন্য সমবায় আন্দোলনের মাধ্যমে এই শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন চাষীদের মধ্যে দেওয়ার পরিকল্পনা হয়েছিল এবং এখনো আছে। আমরা ১৯৭২ সালে সরকারে এসে দেখেছিলাম যে গোটা পশ্চিম বাংলায় মাত্র 8 কোটি টাকা ঋণ দেওয়া হয় সমস্ত চাষীদের মধ্যে। এর মধ্যে অনাদায়ী ছিল প্রায় ৯০ ভাগ। এই রকম অনাদায়ীর পরিমাণ ছিল বলে ১৯৭১-৭২ সালে রিজার্ভ

ব্যাঙ্ক বলেছিল আমরা পশ্চিম বাংলাকে ঋণ দেব না, ক্রেডিট দেব না। অনেক হাতে পায়ে ধরে আবেদিন সাহেব ও আমি রিজার্ভ ব্যাঙ্ককে রাজি করিয়েছিলাম সমবায় আন্দোলনের টাকা লগ্নী করার জন্য। রিজার্ভ ব্যাঙ্ক তার ব্যবস্থা করেন। আমরা অবশ্য এর সঙ্গে একটা জোরদার ব্যবস্থা গ্রহণ করেছিলাম যাতে এই অনাদায়ী পারসেনটেজ শতকরা ৯০ ভাগ যেটা হয়ে গেছিল সেটা যাতে আস্তে আস্তে কমতে থাকে সমবায় আন্দোলনকে সাকসেসফুল করার জন্য এই ধরণের স্ট্রং মেসার আমাদের নিতে হয়েছিল। আমরা একেবারে সাধু সেজে বসে থাকবো, আমরা কোন কিছু করবো না কাউকে বিপদগ্রস্ত করবো না, আমরা কারুর উপর জোর-জুলুম করবো না। আমরা কাউকে ডিসটার্ব করবো না। এই যদি আপনারা মনে করে থাকেন তাহলে আন্দোলনকে এগিয়ে নিতে যেতে পারবেন না। ভোটের ভয়ে কাউকে কোন ডিসটার্ব করবো না তা সে ছোট চাষীই হোক বা বড় চাষীই হোক। আমরা দেখেছি গত ৫ বছরে অনাদায়ীর পরিমাণ যেটা ১৯৭১-৭২ সালে ৮০-৯০ ভাগ ছিল সেই সেই অবস্থাতেই এসে এখন দাঁড়িয়েছে। তখন আমরা অত্যন্ত চেষ্টা করে ৪ কোটি থেকে বাড়িয়ে ১৯৭৬-৭৭ সালে শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন প্রায় ৪০/৫০ কোটি টাকায় নিয়ে যেতে সক্ষম হয়েছিলাম। যদিও এটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আমার মনে আছে মহারাষ্ট্রে তখন কো-অপারেটিভ মিনিস্টারের সঙ্গে দিল্লীতে কথা হচ্ছিল। আমি তাঁকে খুব গর্বের সঙ্গে বলতে গেলাম আমরা প্রায় ৪০ কোটি টাকা ঋণ দিচ্ছি শর্ট টার্ম ক্রেডিট। তিনি হেসে বললেন এইসব হামলুগ তালুক মে দেতা। আজকে সেইজন্য শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন আরো বেশী করে চাই। অনাদায়ী ঋণ আরো তার পারসেনটেজ কমানো উচিত। তার জন্য সরকারকে এবং মন্ত্রীমহাশয়কে নিশ্চয় চেষ্টা করতে হবে। দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রেও একই অবস্থা। লং টার্ম এগ্রিকালচাল লোনের ক্ষেত্রে যেখানে ১৫-২০ কোটি টাকা হবার কথা ছিল সেখানে মনে হয় ৮ কোটি থেকে ১০ কোটি টাকার বেশী পৌঁছায়নি। এই জন্য দীর্ঘ মেয়াদী ঋণের বিশেষ প্রয়োজন। সেদিন মন্ত্রীইহাশয়ের সঙ্গে দেখা করেছিলাম। আমি তাকে অনুরোধ করেছিলাম। গ্রামে গেলেই আমাদের শুনতে হয় চাষীদের একমাত্র দাবী — আমাদের টিউবওয়েল করে দাও, রিভার লিফট্ করে দাও যাতে আমরা চাষের জলের ব্যবস্থা করতে পারি কারণ প্রচণ্ড খরা চলছে। অধিকাংশ জেলাতেই খরা চলছে। সরকার থেকে এবং কৃষি দপ্তর থেকে কমলবাবু তার কোন ব্যবস্থা নিচ্ছেন না। সমবায় দপ্তরের যে ল্যাণ্ড ডেভোলাপমেণ্ট ব্যাঙ্কগুলি আছে সেই ল্যাণ্ড ডেভোলাপমেণ্ট ব্যাঙ্কগুলির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন। তা না করতে পারলে চাষীদের এগিয়ে নিয়ে যেতে পারবেন না। আমি আরেকটি বিষয় বলবো সেটা হচ্ছে ক্রেতা সমবায়। এই ক্রেতা সমবায় সম্বন্ধে বলে আমি শেষ করবো। ক্রেতা সমবায়ের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ বিল। সমবায় আন্দোলনে মাধ্যমে যাতে সাধারণ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ সমবায় ক্রেতা সমিতিগুলির মাধ্যমে ন্যায্য মূল্যে জিনিষপত্র পান তার ব্যবস্থা করতে হবে। ক্রেতা সমবায় আন্দোলনের একটা বিশেষ ভূমিকা আছে। আরো বলছি এই কারণে যে পাইকারী ক্রেতা সমবায় পশ্চিম-বঙ্গে আছে। তারা মোটামুটি ভালো লাভ করে। তবে দু একটি হয়তো ক্ষতির দিকে যায়। গত ৫ বছরে কি হয়েছে সেটা অবশ্য বলতে পারবো না। তবে আমাদের

সময়ে আমরা দেখেছিলাম তারা নিজেদের পায়ে দাঁড়াতে পারে। ক্যালকাটা হোল সেল যেটা সবচেয়ে বেশী দরকারী এর মধ্যে তার অবস্থা খুব খারাপ। সমবায় অনেক আছে। কিন্তু এইগুলিকে ভালো করে দাঁড় করাতে না পারলে ক্রেতা সমবায় কিছুতেই কিছুতেই বাড়বে না। সেইজন্য আমি একটা সাজেশান দিয়েছিলাম যে ক্রেতা সমবায় যে টাকার মাল বিক্রি করে এবং সেই টাকার মাল বিক্রি করার জন্য যে সেলস্ ট্যাক্স লাগে সেই সেলস্ ট্যাক্স সরকার পান। সেলস্ ট্যাক্স............ . .. ............... ................( নির্দিষ্ট সময় অতিবাহিত হয়ে যাওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করেন। )

**শ্রীবিমল কান্তি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে ২/৪টি কথা আপনার মাধ্যমে হাউসের সামনে রাখতে চাই। আমার পূর্ববর্তী বক্তা অনেক কথা বলতে গিয়ে বললেন তাঁদের সময়ে সমবায় আন্দোলন বিরাট আকার ধারণ করেছিল। কিন্তু তাদের সময়ে দীর্ঘ সমবায় আন্দোলনের চেহারা হচ্ছে তহবিল তছরূপ, স্বজন পোষণ, অর্থ আত্মসাতের ইতিহাস। কিন্তু তা না বলে তিনি অন্য কথা বলে হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। এই ভাবে বক্তৃতা প্রসঙ্গে এই ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন না করে তিনি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কথা বললেন। অজিত সাহা পশ্চিম বাংলার সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত সকলেই জানেন। তাঁর এবং বিশ্বজিত নাগের কার্যকলাপ সকলের জানা আছে। আমরা জানি আইনের ফাঁকে তাঁরা এখনও স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের সঙ্গে যুক্ত। এর সঙ্গে প্রাক্তন এম. এল. এ. দীপ্তি সাহেবও জড়িত আছেন। অর্থাৎ সুপ্রিম কোর্টে মামলা আছে বলে কিছু করা যাবে না। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটির উপর রিজার্ভ ব্যাঙ্কের পক্ষ থেকে এই সমবায় দপ্তরের পক্ষ থেকে একটা এনকোয়ারী করা হয়েছিল। এ সম্পর্কে আশা করবো মন্ত্রী মহাশয় কিছু আলোকপাত করবেন। সেই এনকোয়ারিতে একথা প্রকাশ হয়েছিল লক্ষ লক্ষ টাকা আত্মসাতের ইতিহাস, অকৃষি খাতের টাকার আত্মসাতের ইতিহাস এবং ডাইরেক্টাররা টি. এ., ডি. এ. বাবদ প্রচুর পরিমাণে টাকা ব্যয় করেন। অতীশবাবু সমবায় আদর্শ সম্বন্ধে অনেক কথা বললেন। কাগজে কলমে অনেক কিছু আছে, কিন্তু তাঁরা তার কতটুকু কার্যকরী করতে পেরেছিলেন। সম্পূর্ণভাবে সমবায় আন্দোলনকে দলীয় স্বার্থে কুক্ষিগত করার জন্য একে সুস্থ খাতে নিয়ে যাওয়া হয়নি। এই সরকার আসার পর থেকে চেষ্টা করা হচ্ছে সুস্থ খাতে নিয়ে যাবার। এই বাজেটে সমবায় নীতি ও আদর্শের কথা প্রতিফলিত হয়েছে এবং সাধারণ মানুষ থেকে প্রান্তিক চাষী যাতে এর সুবিধা পায় তার চেষ্টা করা হচ্ছে। ক্রপ লোন সম্পর্কে আমাদের সরকারী নীতির পরিবর্তন করা হয়েছে। কংগ্রেস আমলে নীতি ছিল কোন এস. টি. ইউ. সি. যদি তার ঋণের শতকরা ৪০ ভাগ শোধ করতে না পারেন তাহলে তিনি ব্যক্তিগতভাবে ঋণ পাবেন না। তার ফলে একজন গরিব কৃষক যদি তার লোন শোধ করে তাহলে লোন পাবার যোগ্য হবে। এই রুল পরিবর্তন করে তার ঋণ আদায় করার নিশ্চিত পথ পরিষ্কার করা হয়েছে।

[11-40—11-50 a.m.]

আজকে ঋণ আদায়ের ক্ষেত্রে দেখা যায় সাধারণভাবে যারা অবস্থাসম্পন্ন ধন কৃষক বেশী জমির মালিক তারা ঋণ শোধ করছে না, যারা ক্ষুদ্র চাষী অল্প জমি মালিক প্রান্তিক চাষী তাদের শতকরা ৭৫ থেকে ৮০ ভাগের ঋণ শোধ হয়েছে আগের নিয়ম অনুসারে তারা ফারদার ঋণ পেতেন না, এখন তারা যাতে ঋণ পায় তার ব্যবস্থা করা হয়েছে। ইউনিভার্সালাইজেসান অব মেম্বারসিপ এর প্রচেষ্টা তাঁদের পক্ষ থেকে কতটুকু করা হয়েছিল ? আজকে আমি কুচবিহার জেলার কথা বলব, সেখানে গত বছরে এই সার্বজনীন সদস্যভুক্তির জন্য ৭০ হাজার টাকা বরোদ্দ করা হয়েছিল, বর্গাদার, ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী এই জাতীয় ৭ হাজর লোক সদস্যভুক্ত হয়েছে। এই জাতীয় আন্দোলন যাতে সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া যায় তার চেষ্টা কর হচ্ছে। তপশিলী জাতি এবং উপজাতি সম্প্রদায়ের সাধারণ গরীব মানুষ যারা তাদের মধ্যে সমবায় ঋণ ব্যবস্থাকে প্রসারিত করবার জন্য স্পেশাল কম্পোনেণ্ট প্ল্যানএ লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এই জাতীয় বর্গাদার এবং পাট্টা হোল্ডার যারা আছে তাদের ঋণ দেওয়ার জন্য যে ব্যবস্থা করা হয়েছে, সরকারী সাহায্য অনুদানের ব্যবস্থা করা হয়েছে সেখানে দেখা যাচ্ছে—আমি দুটো কো-আপারেটিভ ব্যাঙ্কের চরিত্রের কথা বলব, সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, কুচবিহারে যে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে সেটা বিশ্ব নিয়োগীর কব্জায়, তিনি বলেছেন লোন দেওয়া চলবে না কোন বর্গাদারকে পাট্টা হোল্ডারকে সরকারী টাকা বর্গাদারকে লোন দেওয়া হয় না, পঞ্চায়েতের মাধ্যমে ৫ হাজার গরীব কৃষকের লিস্ট তৈরী করে দেওয়া হয়েছে কিন্তু এক পয়সাও লোন দেওয়া হয়নি। দক্ষিণ ২৪-পরগণায় যে ব্যাঙ্ক রয়েছে সেখানেও ঐ একই অবস্থা চলছে। আমি এই সম্বন্ধে মন্ত্রী মহাশয়কে বলিষ্ঠ পদক্ষেপ নিতে অনুরোধ করছি। ব্যাঙ্ক কর্তৃপক্ষ খেয়ালখুশি মত চলবেন এই অবস্থা বেশীদিন চলতে দেওয়া যায় না, একটা ব্যবস্থা নেওয়া দরকার। এই প্রসঙ্গে আর একটা কথা বলা দরকার সেটা হচ্ছে আজও স্টেট কা-অপারেটিভ ব্যাঙ্কের বহু কর্মচারী এই অবস্থার শিকার হয়ে আছেন। বহু কর্মচারীকে সাসপেণ্ড, ডিসমিস করা হয়েছে। তাঁরা বহুবার ম্যানেজিং কমিটির কাছে গেছেন, কিন্তু কোন রকম ফলপ্রসু হয়নি। এই সম্পর্কে ব্যাঙ্কের কর্মচারীদের এ্যাসোসিয়েশান আছে সেই এ্যাসোসিয়েশানের পক্ষ থেকে আন্দোলন করা হয়েছে, দুর্নীতিমুক্ত প্রশাসন তৈরী করার জন্য আন্দোলনের মাধ্যমে চাপ সৃষ্টি করা হচ্ছে, কিন্তু সেখানে বলা হচ্ছে আন্দোলনের পথে পা বাড়ালে চাকরি খেয়ে নেওয়া হবে। সেখানে লোন চাইতে গেলে লোন দেওয়া হবে না, আন্দোলন করতে গেলে চাকরী খেয়ে নেবে, নানা রকম অগনতন্ত্রিক পন্থায় সমাজ বিরোধী লোকদেব সেখানে ঢুকিয়ে দেওয়া ব্যবস্থা হচ্ছে এতে কর্মচারীরা মার খাচ্ছে। আমি এই সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার, স্যার, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে কমন ক্যাডার স্কীম।

আজকে কমন ক্যাডার স্কীমে বিভিন্ন এস. সি. এ. এস-য়ে যে সমস্ত ম্যানেজার আছে তারা ৫ টাকা, ১০ টকা এবং উপর দিকে গেলে ৮০ টাকা পর্যন্ত বেতন পান।

ফলে তাদের কাছ থেকে কোন রকম কাজ আশা করা সম্ভব নয়। আমি মনে করি যে এদের ২৫০ টাকা দেওয়ার একটা ব্যবস্থা করা দরকার। সরকারী অনুদান সেখানে দেওয়া হচ্ছে কিন্তু এই সম্পর্কে কোন প্রচেষ্টা যারা ব্যাঙ্কগুলি দখল করে আছেন, তারা কোন চেষ্টা করছেন না। আমার জেলাতে এখনও প্রায় ১৫০ বছরের যে ব্যাঙ্কগুলি রয়েছে, সেখানে ম্যানেজার পদে যারা রয়েছে তাদের কমন ক্যাডারের স্কীমের আওতায় আনা হচ্ছে না, তাদের ন্যায্য পাওনা থেকে তারা বঞ্চিত হচ্ছে। সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে আর্থিক সাহায্য দেওয়া হবে এবং সেটা তারা দেবার চেষ্টা করছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে এই সম্পর্কে একটা বিহিত ব্যবস্থা করুন। এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুন্দর হাজরা** ঃ—মামনীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমবায় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ কবেছেন তাকে পূর্ণ সমর্থন করে দু'একটি কথা এখানে বলতে চাই। সমবায় ব্যঙ্কের যে সব স্পেশাল কম্পোনেন্ট স্কীম আছে, সেখানে আমরা দেখেছি যে এমন ঘর আছে যেখানে বলা আছে কো-অপারেটিভ সি. আই. কে লিখতে হবে। সেই কো-অপারেটিভ সি. আই. কে লিখতে হবে নো-অবজেকশান। কিন্তু অনেক সময়ে এই ফর্মের ঘরটিতে নো ডিউস লিখে, বাকীটা জায়গাটা ফাঁকা দেখিয়ে দেয়। ফলে স্পেশাল কম্পোনেন্ট স্কীমে যারা সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবস্ আছেন তারা ব্যাঙ্ক-এর ম্যানারের অবজেকশানের ফলে ঠিক মত লোন পাননা। কাজেই এই সম্পর্কেএকটু চিন্তা ভাবনা করা প্রয়োজন। আপনি জানেন যে এল. ডি. বি. থেকে মিড টার্ম, লং টার্ম লোন দেওয়া হয়। সেই লোন পেতে গেলে যাদের জমি আছে, তাদের জমিটা বন্ধক রাখতে হয়। কিন্তু আর একটা যে স্কীম আছে তাতে বিশেষ করে বর্গাদার যারা আছেন, পাট্টাওয়ালা যারা আছেন তাদের লোন পেতে গেলে তাদের জমিটা রাখতে হবে। কিন্তু পাট্টাওয়ালারা ঠিক জমির মালিক নন, তাদের জমিটা ব্যাঙ্কে রাখতে পারেনা স্থায়ী ভাবে বা সুষ্ঠ পরিকল্পনা নেই বলে। কাজেই এই বর্গদারদের এবং পাট্টা হোল্ডারদের কি ভাবে এল. ডি. বি. থেকে লোন দেওয়া যায় সেই সম্পর্কে আমাদের চিন্তা করা দরকার। তারপরে আমরা দেখেছি যে সমবায় ব্যাঙ্কের মাধ্যমে যে সব তপশিলী জাতি এবং উপজাতিদের যে লোন দেওয়া হয় তার ইণ্টারেষ্ট সাবসিডি এবং ক্যাপিট্যাল সাবসিডি বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম দেখা যাচ্ছে। কোথাও ৭০ পারসেণ্ট, কোথাও ৬০ পারসেণ্ট, এই রকম ভাবে আছে। কিন্তু অনেক সময়ে সাবসিডি দেবার ক্ষেত্রে বোধ হয় গোলমাল হয় অর্থাৎ ঠিক মত পালন হয়না। কজেই সেই দিকটা দেখার জন্য আপনার কাছে অনুরোধ করছি। তারপর যে সমস্ত ল্যাম্প আছে, সেই ল্যাম্পের ক্ষেত্রে আমরা দেখেছি যে ডাইরেক্টর বোর্ডের যারা মেম্বার হন, তারা এক বছরের জন্য মেম্বার হন এবং তাদের কাজ বুঝতে বুঝতে সময় চলে যায়। ফলে এই বোর্ডের নির্বাচনের যে তারিখ সেটা যদি বাড়ান যায় তাহলে ভাল হয়। কারণ এখানে অধিকাংশ ট্রাইবাল যারা অছেন তারা কিছু বোঝেন না। এই রকম ধরণের অনেক মেম্বার আছেন যারা কিছু বোঝেন না। তারা অফিসে গিয়ে কাজ বুঝাতে বুঝতেই এক বছর চাল যায়। কাজেই সময়টা

বাড়ান দরকার। আর ল্যাম্পের যারা এক্সজিকিউটিভ অফিসার, থাকেন আমর দেখছি যে অনেক জায়গায় সেই এক্সজিকিউটিভ অফিসার নেই তাতে কাজেব অনে অসুবিধা হয়। কাজেই প্রতিটী ল্যাম্প, যাহাতে এক্সজিকিউটিভ অফিসার দেওয়া হ সেটা দেখতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব শেষ করছি।

**শ্রীদেব শরণ ঘোষ** ঃ—মাননীয় স্পীকার মহোদয়, সমবায় দপ্তরের ভারপ্রা মাননীয় মন্ত্রী মহাশয়, সমবায় দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবী সভায় পেশ করেছন আমি তা সমর্থন করেতে উঠে দু'চার কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। আজকে এই আলোচনার শুরুতে বিরোধী পক্ষের সদস্য, নিশ্চয় তিনি সমবায় সম্পর্কে, উৎসাহী, মাননীয় সদস্য অতিশ সিংহ মহাশয়, একটা কথা স্বীকার করেছেন যে এতদিন পর্যন্ত সমবায় আন্দোলন কতকগুলি স্বার্থান্বেসী দুষ্ট চক্রের হাতে নিবন্ধ ছিল। এবং একটু তিনি ক্ষোভও প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে কংগ্রেস হলেই অবশ্য বাস্তুঘুঘু নয়। অধিকাংশ না হলেও বেশীরভাগ ক্ষেত্রে তাহলে বাস্তুঘুঘু হয়, যদিও ধরা যায় মাননীয় অতিশ সিংহ মহাশয় বাস্তুঘুঘুদের মধ্যে একজন ঘুঘু নন। আমরা এতদিন দেখে এসেছি সমবায় আন্দোলনকে কেন্দ্র করে কতিপয় ব্যক্তি গ্রামের কায়েমী স্বার্থান্বেসী গোষ্ঠি তাদের পরিবারের সম্পদ আহরণ করছে। দেখছি একই পরিবারের সমস্ত লোক এমন বয়সে কনিষ্ঠ, যাদের ৩/৪ বছর জন্ম হয়েছে তারা কো-অপারেটিভের সদস্য হয়েছে। শুধু তাই নয়, যাদের জন্ম হয়নি তাদেরও সদস্য নামে নথিভুক্ত করেছে। এও আমাদের অভিজ্ঞতা আছে। আজকে বামফ্রণ্ট সরকার গত পাঁচ বছরে তাদের কার্যকালের সময় এইদিকে বিশেষ নজর দিয়েছেন। তারা পুরোপুরিভাবে কাজ করে চলেছেন। স্যার, আপনি জানেন রাজ্যস্তর থেকে বিভিন্ন জেলাস্তর পর্যন্ত এম. এল. এ-দের নির্বাচিত যে সমস্ত কংগ্রেসী সদস্য ছিলেন এবং মনোনীত সদস্য ছিলেন, তারা ১৯৮২ সালে এবং এমন কি ১৯৭৭ সালে নির্বাচনে হেরে যাবার পরেও, কোর্টের আশ্রয় নিয়ে সদস্য থেকে গিয়েছে।

আমি যতদূর জানি আমলাবাদের মামলা ততবীরে ঔদাসীন্য থাকার জন্যই এই ঘটনা ঘটেছে। সুপ্রীম কোর্টে হাইকোর্টে তারা হেরে গেছে, তবুও কো-অপারেটিভে ডাইরেক্টার, মেম্বার থেকে গিয়েছে। এর থেকে বোঝা যায় বাস্তুঘুঘুরা এখনও পর্যন্ত কো-অপারেটিভ দখল করে রেখেছে। সুখের কথা যে নূতন আইন প্রবর্তিত হচ্ছে। এবং সেটা সিলেক্ট কমিটিতে সমর্থিত হয়েছে। আশা করছি খুব শীঘ্রই এটা বিধান সভায় আপনি পাশ করাবেন এবং আপনি তার প্রচেষ্টাও নিয়েছেন। আমি ১৯৬২ সালের থেকে অনেকদিন এই বিধানসভায় আছি এবং এখানে আমি প্রতিবারই এই কো-অপারেটিভের উপর বক্তব্য রাখি। মাননীয় তরুণ কান্তি ঘোষ মহাশয় তখন সমবায় মন্ত্রী ছিলেন। এই যে ক্ষুদ্র বইটা মাননীয় অতীশ সিংহ মহাশয় ক্ষুদ্র বলে বোধ হয় গ্রাহ্যের মধ্যে আনেন নি। তিনি হয়তো বইটা পড়েননি — তাঁর অভিজ্ঞতার মধ্য দিয়ে তাঁর বক্তব্য রেখেছেন। কিন্তু তিনি স্বীকার করেছেন মিশ্র অর্থনীতিতে সমবায়ের গুরুত্ব আছে, প্রতি স্তরের মানুষের উন্নতির ক্ষেত্রে এই সমবায়ের সবিশেষ গুরুত্ব আছে। বইটির ভিতর সমাজের সর্বস্তরের মানুষের কথা বলা আছে। যেটুকু অসুবিধা হচ্ছে —

তিনি সেটা স্বীকার করেছেন যে সমবায় একটা সময়ে ঐ কংগ্রেসী আমলে বাস্তুঘুঘুদের করায়ত্ব হয়ে যাবার ফলে তাঁরা বাধ্য হয়েছিলেন আমলাতান্ত্রিক ক্ষমতাকে আরও বেশী কায়েম রেখে অবস্থার পরিবর্তন করতে, কিন্তু তার উলটো ফল হয়ে গেছে। আমলা-তন্ত্রের হাতে অধিক ক্ষমতা দেবার পরিণতি হিসাবে ১৯৭৭ সালের আগে সমবায় আন্দোলন মোটামুটিভাবে বলা চলে ব্যর্থ হয়ে গেছে এবং সমবায়ের ব্যাপারে এ পর্যন্ত বহু কথা বলা হয়েছে অস্বীকার কেউ করছি না, কিন্তু সমবায় আন্দোলনের প্রয়োজনীয়তার কথা কোন বিরোধী সদস্য অস্বীকার করতে পারছেন না। ভারতবর্ষের মত অনুন্নত দেশে সমবায়ের প্রয়োজনীয়তার কথা সকলেই স্বীকার করেন কিন্তু যে বাধাগুলো রয়েছে, যে চক্রগুলো দীর্ঘ ৩০ বছর ধরে তারা তৈরী করে রেখেছেন সেই চক্রগুলো এত সহজে গত ৫ বছরে তারা তো ভাঙতে দেনইনি বরং মামলা মোকদ্দমা করে, নানা বাধার সৃষ্টি করে সমবায় আন্দোলনকে একটা সুযোগ্য নেতৃত্বের মধ্যে তাঁরা আনতে দেননি, তাঁরা শুধু বাধাই দিয়ে এসেছেন এখন পর্য্যন্ত বাধা দিয়ে আসছেন। মাননীয় কংগ্রেসী বন্ধুদের জিজ্ঞাসা করি, গত ৩০ বছরে পাট্টাধারী ভাগচাষীরা সমবায়ের ব্যাঙ্কের মাধ্যমে নিশ্চয় প্রয়োজনের তুলনায় অর্থ খুব কম ঋণ হিসেবে পেয়েছেন, তাদের সুযোগ সুবিধা কম দেওয়া হয়েছে, তাদের সমবায়ের মাধ্যমে কোন লোন দেওয়া হয়নি। বামফ্রন্ট সরকারের আমলে প্রথম এই নিয়ম চালু করা হয়, এটাকে একটা ঐতিহাসিক বলা চলে, মাননীয় কংগ্রেসী সদস্যরা আশা করি এ বিষয়ে অস্বীকার করতে পারবেন না। সারা পশ্চিম বাংলায় বিভিন্ন সম্প্রদায় বিশেষ করে মৎস্যজীবী সমবায় সমিতিগুলো যা আছে সেইগুলোতে খোঁজ নিলে দেখা যাবে প্রায় নাইনটি পারসেণ্ট চট্টরাজ, সিংহরায়, বাপুলী— এরাই এই মৎস্যজীবি সমবায় সমিতির সদস্য। হালদার, নমঃশূদ্র যারা মৎস্য চাষ করে জীবিকা অর্জন করে তারা এই সমস্ত কো-অপারেটিভের সদস্য নন। চট্টরাজ সিডিউল কাস্ট নয় এবং সুনীতিবাবু বীরভূম জেলার অনেক মৎস্যজীবী সমবায় সমিতির ডিরেক্টার হয়ে আছেন। এটা দীর্ঘদিন ধরে চলে আসছে। এমন কি যিনি ম্যানেজার আছেন মৎস্যজীবী সমবায় সমিতির সেই গ্রাম স্তরেই বলুন আর অঞ্চল স্তরেই বলুন তার মাইনে কম হলেও কোন হালদার বা নমঃশূদ্র নেই। সেখানেও চট্টরাজ, মুখার্জী, ব্যানার্জী, — তাঁদের ১২০ টাকা মাইনে দেওয়া হয়, তারা সেখানে থেকে গেছে। আমি নদীয়া জেলার দু-একটা সমস্যার কথা মন্ত্রীমহাশয়কে বলব, তিনি মন্ত্রী হওয়ার আগে কো-অপারেটিভ আন্দোলনের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন, তিনি এই ব্যাপারে উৎসাহী এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। ঘটনাচক্রে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে তাঁর সঙ্গে আমার সৌভাগ্য হয়েছিল ভ্রমণ করতে, তিনি অন্য বিষয়ে গেলেও, সেই সব প্রদেশে কো-অপারেটিভের যে বিভিন্ন সংগঠন আছে সেই সম্পর্কে খোঁজ খবর নেবার তিনি চেষ্টা করেছেন। নদীয়া জেলার কালিগঞ্জ সমবায় সমিতিতে আমলাতন্ত্রের কি রকম প্যাঁচ সেটা তাঁকে আমি জানাচ্ছি। একটা থানায় একটা মৎস্যজীবী সমিতি একটা গ্রামে আছে। একটা থানার একটা গ্রামে শুধু মৎস্যজীবী সমিতি থাকে না, প্রাথমিক সমিতি থেকে আরম্ভ করে বিভিন্ন গ্রামে মৎস্যজীবীরা আছেন, বিভিন্ন গ্রামের একাধিক মৎস্যজীবীদের নিয়ে মৎসজীবী সমিতি গঠিত হয়, তারা যখন মেম্বার হতে চায় তখন এই আমলাতন্ত্র

এমনভাবে বাধার সৃষ্টি করে — আইনে বলা আছে হয়ত যে সমবায় সমিতিগুলোকে নিয়ে ফেডারেশন করতে হবে কিন্তু আমলাতন্ত্র বাধার সৃষ্টি করে, চক্রান্ত করে একটি কি দুটি সমবায় সমিতিকে এর সদস্য করে বাকিগুলোকে সদস্য হবার সুযোগ থেকে বঞ্চিত করেন।

[12-00—12-10 p.m.]

আমি আর একটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বর্তমানে যে সমস্ত সরকারী খাল, বিল, জলা, বাঁওড় আছে, সেগুলি পঞ্চায়েতের হাতে ন্যস্ত হয়েছে। পঞ্চায়েতের নিজের ইনটারেস্টের জন্য সমবায়ের সঙ্গে জড়িত যে সমস্ত মৎস্যজীবী, কৃষক ইত্যাদি আছে তাদের দিকে একটু লক্ষ্য রাখুন। আর যারা নন-ইনটারেস্টেড পারসন, ভেস্টেড ইনটারেস্টেড পারসন তারা যে সমস্ত জলা, বাঁওড় ইত্যাদি বিক্রী করে সমবায়কে বঞ্চিত করার চেষ্টা করছে, সেদিকে আপনি একটু দৃষ্টি দিন। সর্বশেষে আমি এই কথা বলব যে আপনি খুব অভিজ্ঞ ব্যক্তি, আপনার উৎসাহ আছে। আপনার সেই দক্ষতার পরিচয় আপনার বিভাগে আগামী ৫ বছরে আমরা পাব বলে আশা করছি। এই বলে আপনার ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, অন এ পয়েণ্ট অব্ পার্সোনাল এক্সপ্লানেসান। স্যার, এই মাত্র মাননীয় সদস্য দেবশরণ ঘোষ মহাশয় বললেন আমি নাকি ফিসারিজের ডাইরেক্টর। আমি দায়িত্ব নিয়ে বলছি আমি ডাইরেক্টর নই। আমার নিজের ৩/৪টি পুকুর আছে।

**মিঃ স্পীকার ঃ** উনি আপনার নাম উল্লেখ করেননি, এসব বলেননি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রীমহোদয়, তার দপ্তরের যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন এবং এর সঙ্গে উনি যে বক্তব্য রেখেছেন এর উপর আমি আমার নিজের কিছু বিচার রাখতে চাই। প্রথম কথা হল, আমাদের মত এইরকম একটা অনুন্নত দেশে যেখানে মিশ্র অর্থনীতি চলছে, একদিকে সরকারী উদ্যোগ, অন্যদিকে বেসরকারী উদ্যোগ, তারপর তৃতীয় শক্তি হিসাবে সেখানে আমরা সমবায়কে কতদূর এগিয়ে নিয়ে যেতে পেরেছি, সেটাই আজকে বিচার্য্য বিষয়। দুর্ভাগ্যের বিষয় এণ্টায়ার ইণ্ডিয়ার মধ্যে পূর্বাঞ্চলের রাজ্যগুলি সমবায়ে অনেক পিছিয়ে আছে। এখানে কিন্তু কোন সময়েই সমবায় আন্দোলন স্বার্থক রূপ নেয়নি একসেপ্ট ওয়ান সেক্টার, দ্যাট ইজ আর্বান সেক্টার। ওখানে বোধ করি অপেক্ষাকৃত লেখাপড়া জানা শিক্ষিত মানুষ, বিত্তশালী মানুষের পরিচালনা এবং উদ্যোগ নেই বলে আর্বাণ কো-অপারেটিভ ছাড়া আমাদের সর্ব ক্ষেত্রে ব্যর্থতা দেখতে পাচ্ছি — এই কথা অস্বীকার করবার উপায় নেই। আজকে প্রিনসিপল্ কথা যেটা বলতে চাইছি সেটা হল এই, সমবায় আন্দোলন সমাজের দরিদ্র মানুষের কাছে পৌঁছে দেবার জন্য কতকগুলি বিধান নেওয়া হয়েছিল ইউনিভার্সালাইজেশন অব কো-অপারেটিভ, — অটোমেটিক্যালি মেম্বারসিপ হয়ে যাবে, এটা আজকে সরকারকে স্থির করতে হবে। এটা কতখানি স্বার্থক হয়েছে, সেটা আমাদের বিচার করে দেখতে হবে। আমার ধারণা ইট হ্যাজ নট টেকেন এনি গ্লোরিয়াস মুভ।

আর একটা বিষয় এর সঙ্গে এসে যায়। যে দেশে 2/3rd of the population live below poverty line. যে দেশে 2/3rd of the population are illiterate. সেখানে সরকারকে উদ্যোগ নিতে হবে এই সমবায় আন্দোলনকে সম্প্রসারিত করার জন্য। মাননীয় সমবায় মন্ত্রীমহাশয়কে বলছি, আপনাকে ঠিক করতে হবে আপনার ডিপার্টমেণ্ট, আপনার অ্যাপয়েনটেড অফিসারস এবং ইলেকটেড রিপ্রেজেনটেটিভস্-এর মধ্যে রেসপনসিবিলিটি কার কতখানি থাকবে — কম্পার্ট-মেনটালাইজেসান অব রেসপনসিবিলিটি অ্যাণ্ড ডিউটিস এটা আপনাকে আগে ঠিক করতে হবে কারণ এখানেই সবচেয়ে বেশী সংঘাত এবং সংঘর্ষ আমরা দেখে আসছি। অতীশবাবু বললেন, অনেকগুলি নাকি আপনারা সুপারসিড করেছেন, দিস ইজ নট এ হেলদি প্রসিডিওর। যাঁরা নির্বাচনের কথা বলেন, গণতন্ত্রের কথা বলেন তাঁদের মধ্যে বীরেনবাবু দ্রব্যগুনে বেফাঁস কথা বলে ফেলতে পারেন কিন্তু সমবায়ের দায়িত্বশীল মন্ত্রী হিসাবে আপনি নিশ্চয় এই ব্যবস্থাকে উৎসাহ দেবেন না। তারপর আর একটি অভিযোগ উঠেছে সেটা হচ্ছে এরা আর কতদিন থাকবে। আপনি যে ভাষণ দিয়েছেন তাতে বলছেন 'কায়েমী স্বার্থ দীর্ঘদিন ধরে বিনা অধিকারে নানান ছুতো-নাতায় এই সমবায়ের কর্তৃত্বে থাকছে। সেখানে এক একজন ব্যক্তি বা এক একটি গোষ্ঠী এই ভাবে দীর্ঘদিন ধরে রয়েছে। এ সম্পর্কে আমরা স্পেসিফিক বিধান নিয়েছিলাম যে তিন বছরের বেশী কেউ কোথাও থাকতে পারবে না। আজকে এ সম্বন্ধে কঠোর মনোভাব সরকারকে বোধকরি নিতে হবে। সেখানে সেটা করতে গিয়ে যত অপ্রিয়ই আপনাদের হতে হোক না কেন সেটা আপনাদের করতে হবে। এরপর অডিট অ্যাণ্ড সুপারভিসান — এটা যদি রেগুলার এবং পিরিওডিক না হয় তাহলে কখনই এটা হেলদি হতে পারে না, দোষত্রুটি মুক্ত হতে পারে না। এদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা একটা ব্যাপারে আতঙ্কিত, সেটা একটু বলছি। আমরা দেখেছি আপনি বার বার অনুরোধ করেছেন, মুখ্যমন্ত্রী সঙ্গে যৌথ ভাবে ও সংবাদপত্রের মাধ্যমে আবেদন করেছেন যে 'লোন দিয়ে দাও'। যদি সত্য হয় তা হলে এখানে নাকি ৮০ কোটি টাকা ওভারডিউ। তা যদি হয়ে থাকে তাহলে এটা অত্যন্ত আতঙ্কের কথা। আপনি জানেন, রিজার্ভ ব্যাঙ্কের এনকোয়ারী রিপোর্টে অ্যাট দি প্রাইস লেভেল অব ১৯৭১-৭২ এখানে ৩০০ কোটি টাকা প্রয়োজন শর্ট টার্ম ক্রেডিটের জন্য। আজকের যা প্রাইস লেভেল তাতে আমি মনে করি ৬ থেকে ৭ কোটি টাকা শর্ট টার্ম ক্রেডিট দেওয়া দরকার। তার কতটুকু দিতে পেরেছেন? Have you achieved 10% of the target? Possibly not.

আজকে যদি এখানে পলিটিক্যাল ইনটারফারেন্স এসে যায় — আপনারা বিভিন্ন দলের গোষ্ঠী, আপনাদের একদল বলবে টাকা দাও, আর একদল বলবে দিও না, আপনারা যে পাইয়ে দেবার রাজনীতি এখানে চালু করেছেন সেখানে কিন্তু আদায় না হলে রিইমবারস করে দ্বিতীয়বার আর ঋণ দিতে পারবেন না। এটা যদি হয় তাহলে কিন্তু এটা একটা মারাত্মক ব্যাধিতে পরিণত হবে। এরপর যে কথাটা আমি বলতে চাই সেটা হচ্ছে, চীনের যুদ্ধের সময় প্রাইস লাইন হোল্ড করার জন্য পাবলিক ডিসট্রিবিউসানের একটা অ্যাপেক্স হিসাবে ক্রেতা সমবায়গুলি প্রতিষ্ঠিত হয়েছিল। সেখানে প্রোডাকসানে

যদি আপনাদের কণ্ট্রোল না থাকে,
Unless production is controlled Government or public sector undertakings.
কিংবা একটা নির্দিষ্ট লেভি যদি না থাকে প্রোডাকসানের উপর যেটা সমবায়ের মাধ্যমে চ্যানেলাইজেসান হবে ফর পাবলিক ডিসট্রিবিউসান তাহলে এই ব্যবস্থা সার্থক হতে পারে না।

[12-10—12-20 p.m.]

আমি মনে করি ক্রেতা বিপনন এখানে অগ্রগতি লাভ করতে পারেনি, কোন প্রোকসনেই পারেনি। পাশের অঙ্গ রাজ্য গুজরাটে ফার্টিলাইজার কো-অপারেটিভে দে আর প্রোডিউসিং। এই জাতীয় কোন উদ্যোগ আজ পর্যন্ত নেওয়া হয়নি। ক্ষুদ্রশিল্প মন্ত্রী একবার বলেছিলেন যে সমবায়ের মাধ্যমে নাকি সুতাকল করা হবে। শ্রীরামপুরে সুতাকলের স্বাস্থ্য কিন্তু ভাল ছিলনা এবং বোধ করি পরিকল্পনায়ও ত্রুটি ছিল। আজকে এই লাইনে আপনাকে ভাবতে হবে, প্রোডাকসানে সমবায় আসতে পারে কিনা এবং সরকারকে এখানে মেইন দায়িত্ব নিতে হবে। ক্রেতা সমবায়কে সার্থক করে তুলতে হলে ৪টি জিনিস দরকার। (১) এডুকেশান, (২) আর্গানাইজেশান, (৩) পাবলিসিটি, (৪) ওপিনিয়ন। এই ৪টিকে একসঙ্গে simultaneously development করতে হবে। বিভিন্ন এডভান্স দেশে যেখানে গোলমাল চলছে, ঐ শচীন বাবুদের এককালের মুরব্বী ছিল পোল্যাণ্ড। সেখানে 'ওপিনিয়া' বলে একটা সংস্থা আছে। তারা বিভিন্ন জিনিসে তাদের মত দেয়। তাদের ল্যাবোরেটরি আছে, রিসার্চ আছে। আজকে ক্রেতাসমবায়ের সঙ্গে ডাই উইংয়ের প্রয়োজন আছে বলে আমি মনে করি। আজকে রিসার্চ, ডেভেলপমেণ্ট এণ্ড ওপিনিয়ান দেবার প্রয়োজন আছে। সেখানে বিভিন্ন দ্রব্যের গুণাগুন বিচার করার জন্য অম্বাড্সমেণ্ট আছে। আপনি দেখেছেন যে সুইডেনে মার্কেট কোর্ট আছে। আজকে এই ব্যবস্থাগুলি একদিনে চালু করা যাবেনা। আপনাকে কো-অপারেটিভ এডুকেশানের দিকটা দেখতে হবে। আজকে ডাইরেক্টর যারা আছেন, তারা এডুকেশন নিয়ে এসেছেন কিন্তু কো-অপারেটিভের বিশেষ শিক্ষার কোন ব্যবস্থা নেই—কালিম্পং, দার্জিলিং কোথাও নেই। একটা ট্রেনিং সেণ্টারে ৬ মাসে, ৯ মাসে একটা মানুষকে ব্যাপ্টাইজ করা যায় না, কো-অপারেটিভ মনোভাব তৈরী করা যায়না। আমাদের ইউনিভার্সিটিতে কিম্বা হায়ার সেকেণ্ডারী কোর্সে ডিসিপ্লিন এবং কো-অপারেটিভ এডুকেশান সিস্টেম চালু করা যায় কিনা সেটা বিচার বিবেচনা করে দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কো-অপারেটিভ আন্দোলনকে সম্প্রসারিত করতে হবে। কো-অপারেটিভ ইউনিয়ন যেগুলি আছে, এই কো-অপারেটিভ ইউনিয়নগুলিকে — ডিস্ট্রিক্ট ব্রাঞ্চ, ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ইউনিয়নগুলিকে এ্যাকটিভ করতে হবে এবং কো-অপারেটিভ বার্তাকে মানুষের কাছে পৌঁছে দিতে হবে। এরা ঐকটা সেমিনার করেছিল এবং এর সঙ্গে পানাসিয়া ফর অল ডেভেলপমেণ্ট পঞ্চায়েতের সঙ্গে এটাকে কো-রিলেট করতে পারেন কিনা,
Although your Panchayet is absolutely carrupted in many places.
তবুও এটাকে কো-রিলেট করতে পারেন কিনা সেট ভেবে দেখার প্রয়োজন আছে।

কারণ কো-অপারেটিভ ইউনিয়নগুলি মস্তবড় দায়িত্ব রয়েছে এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা স্কীম ছিল, এস. এফ. ডি. এ এই জাতীয় গরীব মানুষের কাছে পেঁছাবার জন্য, সেটার বোধ হয় কিছু পরিবর্তন হয়েছে। আজকে ভিষণ ড্রাউট হয়েছে। আপনি বলতে পারেন যে ক্লাষটার কো-অপারেটিভ কিম্বা কো-অপারেটিভ ইরিগেশান, এই জাতির কোন উদ্যোগ কোথাও আছে? আমরা জানি যে বিদেশ থেকে এ বহু নিন্দিত ঋণ, বিদেশী ঋণ আসছে।

f channelsiation through co operative and co-operative irrigation system xploiting surface water and groun water system.

একটা কো-অপারেটিভ ইরিগেশান সিস্টেম এখানে এক্সপ্যাণ্ড করতে পারেন কি না সেদিকে নজর দেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

গ্রামের কথা ছেড়েই দিলাম, কিন্তু শহরে আবাসন একটা সমস্যা হয়ে দেখা দিয়েছে এবং এটা নিয়ে একটা দারুন সংকটের সৃষ্টি হয়েছে। শহরাঞ্চলের ঘণবসতি এর মূল কারণ এবং শুধু এটা কলকাতার কথা নয়, আশপাশ-ও আর্বানাইজেসন হয়েছে। এখানে যে সমস্ত আবাসন কো-অপারেটিভ গুলি আছে সেগুলিতে স্বনামে বনামে বেসরকারী ক্যাপিটাল আসছে, সেখানে হাজার টাকা সেলামী, হাজার টাকা ভাড়া নিচ্ছে। এই অবস্থায় এখানে সরকার নিজে দায়িত্ব নিয়ে কো-অপারেটিভ হাউসিং সিস্টেম চালু করতে পারেন ইন দি মেট্রোপলিটন এরিয়া এণ্ড আদার এরিয়াতেও যদি এক্সপাণ্ড করতে পারেন, তাহলে বোধ করি আর্বান কো-অপারেটিভ হাউসিং সম্বন্ধে একটা মস্তবড়, উল্লেখযোগ্য ভূমিকা নিতে পারবেন এবং তাতে মানুষের সমস্যার সমাধান হতে পারবে।

মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এখানে উল্লেখ করছি যে, এখানে কিছু মনপলাইজেটিং হচ্ছে। এখানে

Executive officer, West Bengal Co-operative Housing Union is salotaging he co-operative housing movement.

এবিষয়ে আমার কাছে একটি কাগজ আছে, আমি কাগজটা আপনাকে দিতে পারি। কারণ ব্যক্তিগত ভাবে কারো কুৎসা রটানো আমার স্বভাব নয়। ওটা বীরেণ রায় দ্রব্যের গুণে করে থাকেন। আমি আপনাকে কাগজটি দেব, ইউ প্লিজ এনকোয়ার ইণ্টু ইট। ২।৩-জন মানুষকে, একটা লীডারসিপকে অনেক টাকা, অনেক জমি পায়ে দেওয়া হয়েছে,

But benefit has not accrued to thase people affected by this housing problem.

এজিনিষটা আপনি দেখবেন।

আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয় একটা নতুন সমবায় আইন করার জন্য ভাবনা চিন্তা করছেন। সরকারী নিয়ন্ত্রনাধীনে কো-অপারেটিভ হওয়া দরকার, কারণ আমাদের মত ডেভলপিং কাণ্ট্রিতে সাধারণ মানুষের রিসোর্স খুবই পুয়োর। কিন্তু গভর্ণমেণ্ট ফিনান্স নিতে হলে গভর্ণমেণ্ট ইণ্টারফেয়ারেন্স ইজ নেসেসারী। এটা আমারও মত, আমি এটা বিশ্বাস করি যে,

Government should have some control over the co-operative management and the management should have effective control of the co-operative system so long the government is responsible for financing this.

এবং অন্যান্য এ্যাপেক্স বডি যেগুলি আছে সেগুলিতেও এজিনিষ করতে হবে, তানাহে রিজার্ভ ব্যাঙ্কের টাকা চলে যাবে। মন্ত্রী মহাশয় হয়ত এই অধিবেশনের মধ্যে কো-অপারেটিভ আইন নিয়ে আসবেন। তবুও আমি বলব যে, শুধু আইন করলে হবে না, পৃথিবীতে এমন অনেক দেশ আছে, যেখানে কো-অপারেটিভ আইন নেই পৃথিবীতে এরকম অনেক দেশ আছে,

I have personally visited those countries.

( জনৈক সরকারী পক্ষের সদস্য ঃ—কোন দেশ ? ) ডেনমার্ক। তথাপি আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, আইন করার সময়ে মাছ, এগ্রিকালচার ইত্যাদির দিকে একটু লক্ষ্য রাখবেন। জব্ সিকারদের দিকে লক্ষ্য রেখে ডেয়ারী কো-অপারেটিভ, ফিসারী কো-অপারেটিভ, উইভারস কো-অপারেটিভ, ট্রান্সপোর্ট কো-অপারেটিভ ইত্যাদি করার জন্য তাদের এনকারেজ করা যায় কিনা সেটা ভেবে দেখতে হবে, আনএমপ্লয়েড এডুকেটেডদের প্রভাইড করা যায় কিনা ভেবে দেখতে হবে। দিস পোটেনসিয়্যালিটি সুড বি এক্সপ্লোরড। এখানে গভর্ণমেণ্টের উদ্যোগ নেওয়ার প্রয়োজন রয়েছে। নাহলে ওনলি বাই ক্ল্যারিকাল জবস্ অর বাই প্রাইমারী টিচারসিপ্ আপনি আন-এমপ্লয়মেণ্ট প্রবলেম সল্ভ করতে পারবেন না। আপনি অধ্যাপনার সঙ্গে যুক্ত আছেন, আপনাকে বিশেষ বোঝাবার দরকার নেই, আন-এমপ্লয়মেণ্ট প্রবলেমে কো-অপারেটিভের ভূমিকাকে অস্বীকার করার উপায় নেই, এটা আপনি জানেন। সুতরাং আপনাকে অনুরোধ করব যে,

You have to take a biggest stride in the un-employment problem of the state.

[12-20—12-30 p.m.]

আজকে এই সমস্ত কথাগুলি উঠেছে। সেইজন্য আপনার কাছে অনুরোধ করে বলবো, কো-অপারেটিভকে পলিটিক্সের উর্ধে রাখুন। কিপ ইট অ্যাবোভ পলিটিক্স ! যে অভিযোগগুলি উঠছে সেগুলি ওঠা ঠিক নয়। সুপারসিড করে দলের লোককে বসিয়ে দিচ্ছেন। ইনটু কনফেড, আপনারা যদি দলবাজি করেন, আপনাদের দলের লোক ছাড়া লোক দেবেন না তা হলে কো-অপারেটিভ মুভমেণ্ট এগুবে না, ধাক্কা খাবে। সেইজন্য আপনার কাছে সবিনয়ে অনুরোধ করবো, কো-অপারেটিভকে আপনারা পলিটিক্সের উর্দ্ধে রাখুন এবং উর্দ্ধে রেখে এগিয়ে নিয়ে যান দেশের মানুষের স্বার্থে। আমার সন্দেহ আছে, কারণ কো-অপারেটিভ ফার্মিং সাকসেসফুল হয়নি। আবার অনেকেই বলেছেন আন-ফরচুনেটলি হচ্ছে না। কিন্তু আপনারাই বলেছেন গভর্ণমেণ্ট সাবসিডি দিলে বা অনুদান দিলে আপার ক্লাস অফ দি সোসাইটি অফ দ্যাট পার্টিকুলার গ্রুপ — এই বেনিফিট নেয়। সুতরাং এইদিকে প্রটেকসান নেবেন। লাস্ট বাট নট দি লিস্ট, আপনি চেয়ারম্যান ছিলেন — ঐ সিদ্ধান্তটি কি হলো ? কো-অপারেটিভে মেম্বার হিসাবে এনলিস্ট হলে আই অ্যাম এনটাইটেলড্, সরকার থেকে শেয়ার ক্যাপিটাল দেবেন। সেখানে নির্দিষ্ট সময়ের মধ্যে এনরোলমেণ্ট যদি না হয় তাহলে অটোমেটিক মেম্বারশীপ হয়ে যাবে কি ? এছাড়া আর যে লিটিগেসানগুলি আছে — কো-অপারেটিভে আছে দুর্নীতি সেক্ষেত্রে আর ইউ থিংকিং অফ সেটিং-আপ কো-অপারেটিভ ট্রাইবুনাল ?

আলাদাভাবে ফর্ম লিগ্যাল কোর্স কো-অপারেটিভ ট্রাইবুনাল পরীক্ষামূলকভাবে ইনট্রোডিউস করবার চেষ্টা করবেন কি না? এইগুলি বলে আই থ্যাঙ্ক ইউ ফর দি লিটিল পেসেন্স দ্যাট ইউ হ্যাভ সোন টু মি, আই অলসো থ্যাঙ্ক দি চীপ হুইপ অফ দি অপোজিসান হু হ্যাজ গিভিন মি সাম টাইম। মন্ত্রী মহাশয়ও কথা শুনেছেন, তারজন্য তাঁকে ধন্যবাদ দিয়ে কাউকে দোষারোপ না করে উইথ ম্যালিস টুয়ার্ডস নান, উইথ গুড-উইল ফর অল — আজকে আমি চাইবো, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যান। আপনি নেতৃত্ব দিয়ে এগিয়ে নিয়ে যান, পলিটিক্সের উর্ধে রেখে এগিয়ে নিয়ে যান। এই প্রসঙ্গে আর একটি কথা বলি, বিমলবাবু কয়েকটি কথা বলেছেন। আমার বক্তব্য, আপনারা একটা সেক্টরও দেখান যে সেক্টরে ১৯৭৭ সালের পর আপনারা এগিয়ে এসেছেন? হ্যাজ এনিবডি গট এনি এগজামপেল টু সো মি? আমরাই কো-অপারেটিভে প্রাণ দিয়েছিলাম। আপনারা কো-অপারেটিভের মানে জানেন না, বোঝেন না। লজ্জার কথা। এই কথাগুলি বলে এই ব্যয়-বরাদ্দ যে মানুষের হাতে পড়েছে, যে দলের দ্বারা পরিব্যপ্ত আছেন এবং রাজনৈতিক অনুপ্রবেশ ঘটছে বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ হরমোহন সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় নির্মল বসু মহাশয় যে সমবায় বাজেট পেশ করেছেন ১৯৮২-৮৩ সালের জন্য তাকে সমর্থন জানিয়ে এবং তার বাজেট বিবৃতিকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলতে চাই।

মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব একটু আগে এই সমবায় সম্পর্কে এই বাজেটের বিরোধিতা করে কিছু বক্তব্য রাখলেন, কিন্তু রাখলেও কিছু কথা বলেছেন যেগুলোয় এই বাজেটকে সমর্থন করারই সংহতি থেকে যায়। প্রশ্ন হচ্ছে যে, জয়নাল সাহেব কি বক্তৃতা করার জন্যই বক্তৃতা করলেন, না এটার গুরুত্ব উপলব্ধি করে — যেমন অতীশবাবু এর প্রয়োজনীয়তা এবং গুরুত্বের কথা বললেন — সেই রকম কিছু বলতে চান। এর গুরুত্ব এবং প্রয়োজনীয়তা যদি উপলব্ধি করা যায় তাহলে তাকে এগিয়ে নিয়ে যেতে গেলে — একটা কথা ওঁরা যেটা বার বার বলে থাকেন — যে, এটাকে রাজনীতির উর্ধে রাখুন। কিন্তু বুঝতে পারি না যে কোন জিনিষের পিছনে যদি পলিটিক্যাল উইল না থাকে তাহলে কিসের ভিত্তিতে একে এগিয়ে নিয়ে যাবেন? উনি জয়নাল সাহেব দৃষ্টিভঙ্গীর কথা বলেছেন। আমি মনে করি নিশ্চয়, দৃষ্টিভঙ্গী রয়েছে, যে দৃষ্টিভঙ্গী নিয়ে ওঁরা গত ৩০ বছর ধরে কো-অপারেটিভকে পরিচালিত করেছেন, আর ১৯৭৭ সালের পর থেকে আজ পর্যন্ত যে দৃষ্টিভঙ্গীতে পরিচালিত হচ্ছে এই দুটোর মধ্যে পার্থক্য আছে, সেই পার্থক্য কেন হয়েছে? দৃষ্টিভঙ্গীর ভিত্তিতেই হয়েছে। এটা বলতে হবে যে ওঁরা ওঁদের আমলে এই সমবায়কে ব্যবহার করে কুক্ষিগত করে মুষ্টিমেয় তাঁদের দলীয় স্বার্থে নিয়োগ করেছেন, এই অভিজ্ঞতার ভিত্তিতে যদি বলেন যে তাঁরা যেভাবে দলীয় স্বার্থে তাঁদের নিয়োগ করেছিলেন, আমরা যেন তা না করি। তাহলে একথা বলতে পারি দলীয় স্বার্থে এবং যে সমস্ত ধনিক শ্রেণীর স্বার্থে তারা নিযুক্ত ছিলেন, আমরা কিন্তু তা মনে করি না, তার প্রমাণ হচ্ছে গ্রামের যে কৃষক এবং

গ্রামের যে ক্ষেত মজুর তারা কোন দিন ভাবতে পারেনি যে সমবায়ের কাছ থে তারা শুধু ঋণই পাবে না তাদের জীবন, জীবিকাকে পুষ্ট করবার জন্যও এ সমবায়ের ভূমিকা থাকবে। নিশ্চয়ই দুর্বলতা অনেক আছে, সমবায় সম্প দুর্বলতা যে হঠাৎ কেটে যাবে তা হতে পারে না। দীর্ঘ ৩০ বছর ধ এবং যেভাবে সমবায়কে পরিচালিত করেছেন, যেভাবে ভেস্টেড ইনটারেস্টকে তা এখানে পুষ্ট করেছেন আজকে রাতারাতি তার বিরুদ্ধাচারণ করলে যে সেটা দুর হ যাবে, তা যাবে না। নানান ত্রুটি বিচ্যুতি আছে, কিন্তু তাকে পরিষ্কার করতে গে পরে, তারা যে কথাটা বার বার বলেন, আমরা সামগ্রিকভাবে তা করতে চাই তাঁরা মুখে বলেন কিন্তু বাস্তবে আমরা কি দেখি? শেষ কালে এরূপ দেখ যায় যে কোর্ট কাছারী করে প্রতিটি ক্ষেত্রে যেখানে ভালভাবে কো-অপারেটিভ চালিয়ে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে সেখানে তাঁরা কি করেছেন? কো কাছারী করে বন্ধ করে দেবার চেষ্টা করেছেন। আইনের মাধ্যমে সেই পথকে রু করেছেন।

আমি জিজ্ঞাসা করি যে রাজনীতিগত ভাবে যদি দুটোদল থাকে, একট বিরোধী দল থাকে, আর একটা পক্ষে থাকে তাহলে আজকে সরকারী দলে নিশ্চয় মাম মোকর্দমা করে সেখানে সমবায় পথকে রুদ্ধ করবে না। কিন্তু যদি বলা যা বিরোধীদল করেছেন তাহলে বিরোধী দলে কাছে প্রশ্ন থাকবে যে তাঁরা এক দিবে বলছেন, আমরা সহযোগিতা করতে চাই। সহযোগিতার হাত কি এই ভাবে হবে যে হাত দিয়ে বিরোধিতা করব সেটা সহযোগিতার হাত হতে পারে না। তাই আ আপনাদের কাছে বলব সমবায় আন্দোলনের যে অসুবিধাগুলি রয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় যেগুলি এখানে বলেছেন যে কায়েমী স্বার্থের কথা, যদি বলি কায়েমী স্বার্থের ধারক এবং বাহক হিসাবে আপনারা ৩০ বছর ধরে সেটাকে পরিচালিত করেছেন এবং এখনও সেই কায়েমী স্বার্থকে পুষ্ট করার জন্য চেষ্টা করছেন, যেহেতু হচ্ছেনা, বলে আজকে আপনারা তার বিরোধিতা করছেন। তা না হলে বিরোধিতা করার কি আছে? আমি জিজ্ঞাসা করছি অতীশ বাবু এবং জয়নাল সাহেবকে যে আপনারা বিরোধিতা করছেন, কেন করছেন? ত্রুটিগুলো কোথায় বলুন? বলছেন যে এখানে এ্যাডমিনিস্টেটর নিয়োগ করা হয়েছে, একজিকিউটিভ অফিসার নিয়োগ করা হয়েছে, পলিটিক্যাল উইল, কিন্তু যদি দীর্ঘদিন ধরে সেখানে গলিত কুষ্ঠের মত পুষ্ট হয় তাকে বাদ দেওয়া যাবেনা, রোগকে জিইয়ে রাখতে হবে? তাকে সম্প্রসারিত করতে হবে? আমি মনে করি তা করা যাবে না, আজকে দেখা যাবে কয়েক বছর ধরে যে পরিমাণ কো-অপারেটিভ জন্মগ্রহণ করেছে, সেই কো-অপারেটিভ কে আপনারা তার জন্মলগ্নে এবং কতকগুলিকে সূতিকাগারেই শেষ করে দিয়েগে ছেন। লিকুইটেড এ্যাপয়েণ্ট করেছেন। কো-অপারেটিভ গুলিকে লিকুইটেড সেকটার করতে হবে এই ছিল আপনাদের চিন্তা। আমরা আজকে তাই নতুন করে একটা সেকটার আনতে চাইছি। আমাদের তাঁত শিল্পে নতুন করে আমরা ১৮৩টা বুক কো-অপারেটিভ সোসাইটি করবার চেষ্টা করছি। এই ১৮৩টি শিল্প তৈরী করতে গিয়ে আমরা কিছু করতে পেরেছি, যেখানে নতুনভাবে এন্টিপ্রেনারাস নিয়ে যাতে সমবায়টি বন্ধুদের নিয়ে গড়ে ওঠে তার চেষ্টা করছি। কিন্তু

আমরা জানি রাতারাতি এটা হবেনা। তার মধ্যে যদি সত্, ভাল এবং সেখানে যাঁরা এই সমবায় সম্পর্কে বোঝাবার চেষ্টা করবেন সেই রকম লোক যদি তৈরী করতে না পারি কতকগুলি লোকের সমাবেশ করে একসঙ্গে যুক্ত করি তাহলে সমবায় আন্দোলন হবে না। সমবায়কে সেখানে শিক্ষা দিতে হবে। সমবায় শিক্ষা নিয়ে সমবায় সম্পর্কে ধারণা সৃষ্টি করতে হবে। সেই ধারণা সৃষ্টি করে এটা পরিষ্কার কথা সমবায়ের প্রয়োজনীয়তা এবং গুরুত্ব যে আমাদের প্রত্যেকটি স্তরে রয়েছে একথা কেউ অস্বীকার বা বিরোধিতা করতে পারবেন না, যদি এর প্রয়োজনীয়তা এবং গুরুত্ব থাকে তাহলে নিশ্চয় এর দুর্বলতাগুলিকে তুলে ধরে এগুলিকে পরিষ্কার করে যদি আমরা এগিয়ে যেতে পারি তাহলে নিশ্চয় হবে। আমরা আমালতন্ত্রের কথা বলি। আমরা বলি আমলাতন্ত্র এই করছে তা করছে, আমি জিজ্ঞাসা করি যদি আমাদের রাজনৈতিক সদিচ্ছা থাকে পলিটিক্যাল উইল যদি ঠিক থাকে তাহলে পরে আমলাতন্ত্র এ চেষ্টা করলে তা পরিষ্কারভাবে ব্যর্থ হবে। সেখানে তারা কিছুই করতে পারবে না।

[12-30—12-40 p.m.]

কিন্তু না, তাঁরা তা পারবেন না। পারবেন না এই কারণে তাঁদের কতকগুলি রাজনৈতিক উদ্দেশ্য আছে—কতকগুলি মুষ্টিমেয় লোকের ভেস্টেড ইন্টারেস্ট রক্ষায় বেশী করে সচেষ্ট। আমরা সেই স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে বাদ দিয়ে কো-অপারেটিভকে আরো এগিয়ে নিয়ে যাবো নীচু তলা থেকে। উৎপাদনকে যদি জনমুখী করতে হয়, উৎপাদনে যদি সমবায়কে ব্যবহার করতে চাই তাহলে সমবায়কে দিয়ে এই উৎপাদন ব্যবস্থা আমরা আরো গতিশীল করতে পারবো। তার সঙ্গে সঙ্গে উৎপাদিত বস্তুগুলি বিপননের মাধ্যমে ক্রেতা সাধারনের কাছে পৌঁছে দেবার জন্য একদিকে যদি ক্রেতা সমবায় করতে পারি আর এক দিকে যদি সমবায়ের মাধ্যমে বিপননী করতে পারি তাহলে গোটা জীবনে সমবায়ের মাধ্যমে আন্দোলন সৃষ্টি আমরা করতে পারবো। সেই দিকে লক্ষ্য রেখে যদি আমরা করি তাহলে আমরা এগিয়ে যেতে পারবো। কিন্তু প্রশ্ন হচ্ছে শুধু আলোচনা আর সমালোচনা, নিছক আলোচনা এবং নিছক সমালোচনা করে কোন লাভ হবে না। আমরা নিশ্বাস নিচ্ছি যে বাতাসে, সেই বাতাস যদি আপনাদের প্রয়োজন থাকে, আমাদের প্রয়োজন থাকে, সেই বাতাস যদি দূষিত হয়ে থাকে সেই বাতাসকে পরিষ্কার করতে গেলে কি কি প্রয়োজন আসুন আমরা সেই ভাবে চিন্তা ভাবনা করি। সেই চিন্তা ভাবনা না করে আপনারা যদি মনে করেন সেই দুষিত বাতাসকে পরিত্যাগ করে নিশ্বাস বন্ধ করে থাকবেন, তা হতে পারে না। অহেতুক সমালচনার নাম করে এই সমালচনা করলে পরে সেই সমালচনা নিরর্থক হয়ে যাবে। আমরা বার বার বলি যে ৩০ বছর ধরে আপনারা এই জিনিষ করে গেছেন। তার কতকগুলি কারণ আছে। যে বেসিক ভিত্তিটা আছে সেই ভিত্তিটাকে আপনারা দুর্বল করে দিয়ে চলে গেছেন বলে আমাদের মনে হচ্ছে। যদি দুর্বল না হ'ত, ভিতটাকে আপনারা যদি সঠিক করে গড়তে পারতেন তাহলে মাঝখানে যেটুকু পাল্টানোর দরকার থাকতো, সেইগুলিকে আমরা পাল্টতে পারতাম। কিন্তু খোল-নোলচে পাল্টাতে গেলে পর আজকে যে আইনের ব্যবস্থা রয়েছে সেই আইনগুলির ট্রার্মের জন্য আমরা কিছু

করতে পারছি না। সেখানেই আমাদের সঙ্গে চ্যালেঞ্জ হচ্ছে এবং সঙ্গে সঙ্গে আমাদের কোর্টকাছারি করতে হচ্ছে। বর্দ্ধমান জেলায় ডিস্ট্রিক সমবায়ের কথা মাননীয় জয়নাল সাহেব বলেছেন—সেটাকে পুষ্ট করতে হবে। বর্দ্ধমান জেলার ডিস্ট্রিক সমবায়—সেখানে কি হয়েছে? মামলা করে আজ পর্যন্ত সেখানে একটা ইলেকটেড বডি বসাতে পারেন নি। তাহলে এটা কারা করছে? কাদের এতে ইণ্টারেণ্ট আছে? ভেস্টেড ইণ্টারেণ্ট কারা পুষ্ট করছে? আমি জিজ্ঞাসা করি তাদের। কোন দলের কথা না বলে, তাঁরা যেটা মনে করেন—আজকে জয়নাল সাহেব-এর কথা যদি তাঁর মনের কথা হয়, অতীশ বাবুর কথা যদি তাঁর মনের কথা হয়—তাহলে বোঝা যাচ্ছে কো-অপারেটিভের প্রয়োজন আছে। যদি এটা তাদের মনের কথা না হয়, তাহলে আলাদা কথা। কো-অপারেটিভের গুরুত্বকে স্বীকার করে নিয়ে কাজ করতে হবে এবং তাদের দৃষ্টিভঙ্গিতে, পলিটিকাল উইলে এক মত হতে হবে। কিন্তু আমরা জানি আপনারা এটা পারবেন না। কারণ আমাদের পলেটিক্স আপনাদের পলেটিক্সের মধ্যে পার্থক্য আছে। বিরোধী দলের রাজনীতির সঙ্গে সরকার পক্ষের রাজনীতির একটা পার্থক্য আছে। তাই সরকার পক্ষের যে রাজনীতি তার বিরোধীতা করার জন্যই বিরোধীদের জন্ম হয়েছে। তারা এই কথা তো বলেই যে, বিরোধীতা করবো বলেই তো এসেছি। তা না করলে বাইরে গিয়ে কি বলবো? অহেতুক বিরোধীতা করে ভাল জিনিসকে করতে দেবেন না। সেখানে যদি সত্যিকারে পুষ্ট করার নাম করে যদি বিরোধীতা করতেন, তাহলে বুঝতাম। কিন্তু ভাল জিনিষটাকে নস্যাৎ করে দেবার জন্য আপনারা বিরোধীতা করছেন। শিক্ষ্যার কথা যা বলেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিটি জিনিষ এখানে তুলে ধরেছেন। তিনি বলেছেন সমবায় উন্নয়ন সামগ্রিক ভাবে করতে হবে। যে সমস্ত অসুবিধাগুলি আছে সেই অসুবিধা দূর করার জন্য সমবায় শিক্ষা প্রশিক্ষন-এর ব্যবস্থাও তিনি রেখেছেন। কিন্তু এটা সত্য কথা যে এটা কোন ব্যক্তির পক্ষে, কোন সংস্থার পক্ষে একা করা সম্ভব নয়। এটা সমবেত চেষ্টার দ্বারা করতে হবে। সমবায়ের মানে কি? সমবায়ের গুরুত্বটা যদি আমরা উপলব্ধি করি তাহলে দেখবো একে অপরের সহযোগিতা ছাড়া সমবায় গড়ে উঠতে পারে না। সেই সহযোগিতা নিতে গেলে, আজকে তার ব্যাখ্যা ঠিকমত করতে গেলে বলতে হয় যদি একে অপরের জন্য হাত বাড়িয়ে থাকে তাহলেই সমবায় হবে। আমাদের জীবনের প্রতিটি স্তরে—আজকে আবাসন থেকে সুরু করে প্রতিটি জায়গায় যদি আমরা সমবায়কে নিয়ে যেতে পারি এর প্রয়োজনীয়তাকে এবং গুরুত্বকে স্বীকার করে, তাহলে আমরা এগিয়ে যেতে পারবো। এ ছাড়া আমি আর কয়েকটা জিনিষ এখানে তুলে ধরতে চাই। এখানে কো-অপারেটিভ-এর একটা ক্যারিকুলামের কথা বলা হয়েছে। কো-অপারেটিভের একটা পাঠ্যসূচী থাকা দরকার। সেটা কি ধরনের হবে, সেই ব্যাপারে জয়নাল সাহেব বলেছেন। আমি ওনার কথার সঙ্গে এক মত। ছোট বেলা থেকে ছেলেদের মধ্যে যদি এটাকে ইনফিউজ করানো যায় তাহলে এই জিনিষের গুরুত্ব জীবনের প্রতিটি স্তরে গিয়ে স্মরন করতে পারবে। স্টুডেণ্ট কো-অপারেটিভ করে তাদের যদি প্রয়োজনীয় জিনিষপত্রগুলি ব্যবহার করতে পারে তা হলে এটা হতে পারে।

তারপরে পঞ্চায়েতের সঙ্গে কো-রিলেসান স্থাপন করা সম্পর্কে জয়নাল আবেদিন সাহেব অনেক কথা বলেছেন। পঞ্চায়েতের মধ্যে দুর্বলতা যদি কিছু থাকে, তাতে বড় করে দেখা কখনই ঠিক হবে না। বরং পঞ্চায়েতের যে ভূমিকা—পঞ্চায়েতকে বাদ দিয়ে কো-অপারেটিভ কখনও চলতে পারে না। কিছুদিন আগে অশোক মিত্রের একটা আর্টিকেল স্টেটস্‌ম্যান পত্রিকাতে বেরিয়েছিল, তাতে তিনি লিখেছিলেন কো-অপারেটিভ in not the substitute of Panchayat পঞ্চায়েত এবং কো-অপারেটিভ এই দুটিকে কো-রিলেট করলে পরে বরং তাদের ভূমিকা সার্থক হতে পারে। সেজন্য পঞ্চায়েতের ভূমিকা সমবায়ের মধ্যে থাকবে এবং এটাই স্বাভাবিক, এছাড়া কখনও সার্থক হয়ে উঠতে পারে না। ফার্মাস কো-অপারেটিভ নিয়ে আপনারা অনেক পরীক্ষা করেছেন, নতুন করে আবার অনেক ক্ষেত্রে পরীক্ষা করছেন। পরীক্ষা করাটাকে খারাপ বলি না। কিন্তু পরীক্ষা নিরিক্ষা করে প্রতিটি স্তরে এক একটি অবস্থার সৃষ্টি হয়, তখন সেই অবস্থার মোকাবিলা করবেন, এটা স্বাভাবিক। কিন্তু প্রতি নিয়ত পরীক্ষার নাম করে তাকে ল্যাবরেটরীতে ব্যবহার করে, গরীব মানুষদের ব্যবহার করে, তাদের জীবনের উপর দিয়ে পরীক্ষা করে, তাদের অর্থনীতিকে নস্যাৎ করে দিয়ে মুষ্টিমেয় লোককে পুষ্ট করার জন্য যে চেষ্টা আপনারা করেছিলেন, আমি তার বিরুদ্ধে বলেছি। ৩০ বছর ধরে আপনারা কো-অপারেটিভকে নিয়ে এগুলিই করে এসেছিলেন। তাই আজকে আমরা ৮৮ কোটি টাকা ওভারডিউ দেখতে পাচ্ছি। আজকে আপনারা ওভার-ড্রাফটের কথা বলছেন, তাহলে দিনের পর দিন আপনারাই নিশ্চয় টাকা দেন নি বা যাঁরা কো-অপারেটিভের মধ্যে রয়েছেন তাঁদের আপনারা বলেছেন যে, তোমরা টাকা দিও না। এরকমই তো আমরা এখন শুনতে পাচ্ছি। কারা বলছেন এই কথা? যাঁরা সরকারের বিরুদ্ধে, তাঁরাই বলছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে সমবায় মন্ত্রী বলছেন, আমরাও বলছি—টাকা তোমরা নাও, কিন্তু গৃহীত টাকা তোমাদের ফেরৎ দিতে হবে। আপনারা তা না বলে উল্টোটাই প্রচার করে চলেছেন। একদিকে সমবায়ের নামে চোখের জল ফেলছেন এই এসেম্বিলী হাউসের বুকে, অন্য দিকে বাইরে গিয়ে সাধারণ মানুষের কাছে অন্য কথা বলছেন। এই দুরকম চরিত্রকে দূর করে দিয়ে সমবায় মন্ত্রীমহোদয় আপনাদের কাছে যে আবেদন রেখেছেন, সেই আবেদনের সঙ্গে সুর মিলিয়ে—যদিও জানি, সুর মেলাতে আপনারা পারবেন না—আমি আবার আপনাদের কাছে আবেদন করে যাব যে, আপনাদের জীবনে সমবায়ের যদি প্রয়োজন থেকে থাকে, যদি জীবনের পরিবর্তন চান, যদি কৃষকের জীবনে পরিবর্তন ঘটাতে চান, সমাজ জীবনের পরিবর্তন যদি চান, তাহলে সমবায়কে আপনাদের গ্রহণ নিশ্চয়ই করতে হবে, আমাদেরও করতে হবে, আপনারা একে অন্তর দিয়ে গ্রহণ করুন। একজন সমবায়ী হিসাবে আপনাদের কাছে আবেদন জানাব, অনুরোধ জানাব, আপনারা এই বাজেটকে সমর্থন করুন।

**শ্রীনির্মল কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অত্যন্ত ধৈর্য ধরে অভিনিবেশ সহকারে মাননীয় সদস্যদের আলোচনা শুনছিলাম। আমি ধন্যবাদ জানাই বিরোধী পক্ষের সদস্যদের এবং সরকার পক্ষের সদস্যদেরও, বিশেষ করে প্রাক্তন দুজন মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন এবং অতীশ চন্দ্র সিংহ মহাশয়কে। তাঁরা তাঁদের বক্তব্যের

মধ্য দিয়ে অনেকগুলি গঠনমূলক বক্তব্য রেখেছেন, প্রস্তাব রেখেছেন। আমরা সরকারের পক্ষ থেকে এই সমস্ত প্রস্তাবগুলোকে বিবেচনার যোগ্য বলে মনে করি। সমবায় দপ্তর পরিচালনার ক্ষেত্রে এবং সমবায় নীতি প্রয়োগের বিষয়ে আমরা এ জিনিষগুলি নিশ্চয়ই মনে রাখব এবং এগুলি কিভাবে কার্যকর করা যায়, তাও দেখব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিতর্ক চলাকালে মাননীয় সদস্যরা কতকগুলি বক্তব্য রেখেছেন, সেখানে তাঁদের একটা বিষয়ে আরও স্পষ্ট করে বলার দরকার ছিল, সেটা হচ্ছে দৃষ্টিভঙ্গীর কথা। জয়নাল সাহেব তাঁর বক্তব্যে আন্দোলনের কথা যেমন বলেছেন, সেই সঙ্গে সঙ্গে তার উপরে সরকারী নিয়ন্ত্রণ রাখার কথাও বলেছেন। সরকারের পক্ষ থেকে বিভিন্ন সমিতিকে টাকা দেওয়া হয়ে থাকে তাদের অর্থকরী দিক ও বিভিন্ন দিকের কথা চিন্তা করে। সরকার এ ব্যাপারে নির্বিকার হয়ে বসে থকেতে পারেন না। এ ব্যাপারে তার আরও পরিষ্কার করে উল্লেখ করা উচিত ছিল। সমবায় সমিতিগুলির ক্ষেত্রে টাকা দেওয়ার ব্যাপারে নিয়ন্ত্রণ নিশ্চয়ই থাকবে, কিন্তু শুধু মাত্র নিয়ন্ত্রণ বজায় রাখলে সমবার সমিতিগুলি চলতে পারে না। কারণ সমবার হচ্ছে সমিতির অংশীদারদের নিজস্ব সংস্থা, সেজন্য সমবায়কে সম্পূর্ণ স্বাধীন ভাবে, স্বাধীন বিকাশের পথে কোন রকম বাধা সৃষ্টি না করে তাদের গড়ে তুলতে দিতে হবে। আমরা চাই, তাদের মধ্যে এই জিনিষটা গড়ে উঠুক। সর্বক্ষেত্রে—প্রাথমিক সমবায় সমিতি, কেন্দ্রীয় সমবায় সমিতি এবং রাজ্যসরকারের নিজস্ব সমবায় সমিতিগুলি সম্পূর্ণ স্বাধীন ভাবে, সরকারী নিয়ন্ত্রণ মুক্ত হয়ে, তাদের প্রয়োজন মেটাবার জন্য বিভিন্ন অর্থকরী প্রতিষ্ঠান থেকে বা অন্য কোন ক্ষেত্র থেকে তারা অর্থ সংগ্রহ করুক। আমরা চাই, তারা নিজস্ব ইচ্ছা অনুযায়ী গড়ে উঠুক এবং এইভাবে তারা তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটাক, এই সাথে সাথে স্বনির্ভর হয়ে গড়ে ওঠার জন্য ঋণ সংগ্রহের আবেদন তারা আমাদের কাছে রাখুক। এ আবেদন তারা রাখতে পারবে।

[12-40—12-50 p.m.]

আমরা ওই জায়গায় পৌঁছতে চাই, কিন্তু অসুবিধা আছে কিছু। সমিতি যদি নিয়ন্ত্রণ মেনে চলে, নিয়মিত সময়ে সাধারণ সভা করে, নিয়মিত নির্বাচন করেন, অর্থ-লগ্নী করেন বা সরকার পক্ষের টাকা ঠিকমত রাখেন তাহলে সরকারী হস্তক্ষেপের প্রয়োজন হবে না। এখানে পরিষ্কার করে বলা হয়েছে — সরকার পক্ষের একাধিক বক্তা বলেছেন, ও পক্ষের বক্তারাও বলেছেন সমবায় আন্দোলনের মূল লক্ষ্য হচ্ছে সমাজের নিম্নমধ্যবিত্ত মানুষ তাদের স্বার্থ রক্ষা করা, তাদের সমবায় আন্দোলনের মধ্যে বেশী করে আনা। কিন্তু অতীতে এই জিনিষ হয়নি। এবং অধিকাংশ সমবায় সমিতিতে এখনও এ জিনিষ হচ্ছে না। যারা একটু অবস্থাপন্ন তারা এই সমিতিগুলিকে নিয়ন্ত্রণ করে বসে আছেন। কিন্তু দরিদ্র মানুষদের এই সমিতির মধ্যে প্রবেশ করতে দিচ্ছে না। ডাঃ জয়নাল আবেদিন যখন মন্ত্রী ছিলেন তখনই এই নিয়ম চালু হয়েছে। সর্বজনীন সদস্যের ভিত্তিতে কিন্তু এটা কার্যকরী করা যেতে পারে না। এটা কার্যকরী হয়েছে গত ৫ বছরে মাননীয় ভক্তিভূষণ মণ্ডল যখন মন্ত্রী ছিলেন তাঁর আমলে এটা কার্যকরী হয়েছে। গত ৫ বছরে ৪ লক্ষ ৩১ হাজার দরিদ্র কৃষক, প্রান্তিক চাষী,

বর্গাদার পাট্টা হোল্ডার, ক্ষেত-মজুর তাদের ইউনিভার্সাল মেম্বারশিপের মধ্যে দিয়ে কৃষি সমবায় সমিতির সদস্য হতে পেরেছেন। এটা বামফ্রণ্ট সরকারের একটা বড় কৃতিত্ব বলে আমি মনে করি। শুধু তাই নয়, ইউনিভার্সাল মেম্বারশিপের ব্যবস্থা করে দরিদ্র মানুষের উপকার সাধন করা হয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রে অনেক জায়গায় দেখা গেছে যে ক্রেতা সমবায় সমিতির মধ্যে, আবাসন সমবায় সমিতির মধ্যে দরিদ্র মানুষদের আনবার কোন চেষ্টা হয়নি। মৎস্যজীবিদের সমবায় সমিতির মধ্যে আনবার কোন চেষ্টা করা হয়নি। মাননীয় সদস্য দেবস্মরণ ঘোষ মহাশয় এখানে সঙ্গতভাবেই বলেছেন যে আমরা দেখি চট্টোপাধ্যায়-মুখোপাধ্যায়কে মৎস্যজীবি সমবায় সমিতিগুলিকে নিয়ন্ত্রণ করতে। অনেক চট্টোপাধ্যায়-মুখোপাধ্যায় যদি পেশায় মৎস্য চাষ শুরু করেন তাহলে তাদের সমিতিতে আসার কোন বাধা নেই। কিন্তু কার্য্যক্ষেত্রে দেখা যায় এইসব মৎস্যজীবিরা মাছের চাষ করেন না, মাছের ব্যবসা করেন, কারবার করেন, দাদন দেন বেশী করে। অথচ দেখা যায় তারাই এই সমিতিগুলিকে দখল করে বসে আছেন। সেইজন্য আজকে দরিদ্র মানুষেদের এই সমিতির মধ্যে আনবার চেষ্টা শুরু হয়েছে। এইটা এগিয়ে নিয়ে যেতে হবে। আজকে অতীশবাবু, জয়নাল সাহেব বলেছেন যে আমাদের সমবায় আন্দোলন দুর্বল, এবং পূর্ব ভারতেও দুর্বল। এরজন্য কি দায়ী বিগত ৫ বছরের বামফ্রণ্ট শাসন? ১৯০৪ সালে প্রথম সমবায় আন্দোলন শুরু হয়। তারপরে ৮০ বছর পার হয়ে গেছে। কংগ্রেসী শাসনের ৩০ বছর পার হয়েছে। আমি তাদের প্রশ্ন করি একই কংগ্রেসী আমলে যেখানে গুজরাট, মহারাষ্ট্র এগিয়ে গেল অথচ জয়নাল সাহেব, অতীশবাবুর মন্ত্রীত্বের আমলে কেন সমবায় আন্দোলন হামাগুড়ি থেকে বেশী উঠতে পারলো না? এর কারণটা কি? বহু অনাদায়ী ঋণ আছে, এগুলি কি একদিনেই অনাদায়ী হয়েছে? আমরা সবে আরম্ভ করেছি। ইতিমধ্যেই দ্রুত পরিবর্তন শুরু হয়েছে। অতীশবাবু বললেন যে আমরা ১৯৭২ সালেই তাঁরা প্রথম ক্ষমতায় আসেন। প্রথম ক্ষমতায় তাঁরা এসেছেন নাকি তাঁরা ১৯৭৬ সালে। তবে আগের তাঁদের সব উত্তরাধিকারিদের কি তাঁরা অস্বীকার করবেন? আপনারা যদি ডাঃ বিধানচন্দ্র রায়কে না মানেন, প্রফুল্ল সেনকে না মানেন তাহলে অবশ্য আমার বলার কিছু নেই। তাঁদের আমল থেকেই এত ঋণ অনাদায়ী পড়ে আছে। এটা কেন হল বুঝতে হবে। এইজন্য এত দুর্বলতা রয়ে গেছে সমবায় আন্দোলনের মধ্যে। এই দুর্বলতাগুলি কংগ্রেসী শাসনের ভ্রান্ত দৃষ্টি-ভঙ্গির ফলে এবং কায়েমী স্বার্থেক সমর্থন করার জন্য, সসস্যার উপর গুরুত্ব না দেওয়ার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। এর থেকে আমরা মুক্তি চাই। এর জন্য বামফ্রণ্ট সরকারকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করি। এই সমাজ ব্যবস্থার মধ্যে সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক উন্নতি করা সম্ভব, দরিদ্র মানুষের উন্নতি করা সম্ভব। নির্বাচন কর্মসূচীর ৩৪ দফা কর্মসূচীতে এই কথা স্পষ্ট করে বলা হয়েছে যে ক্ষুদ্র ও কুটির শিল্প, মৎস্যচাষ, দুগ্ধ উৎপাদন, আবাসন ইত্যাদির জন্য সমবায়ের উপর গুরুত্ব আরোপ করতে হবে।

এদিকে লক্ষ্য রেখে চলেছি। দুপক্ষের সদস্যরাই বলেছেন সমবায়ের ক্ষেত্রে প্রধান সমস্যা হচ্ছে ঋণ অনাদায়। কি সাংঘাতিক অবস্থা? কত ঋণ পড়ে আছে —

স্বল্প মেয়াদী ঋণ পড়ে আছে প্রায় ১০০ কোটি টাকা, মধ্য মেয়াদী ঋণ ১২ কোটি টা: দীর্ঘ মেয়াদী ঋণ ৪৫ কোটি টাকা। এই টাকা পড়ে আছে কৃষি সমবায়ের ক্ষেত্রে নিয়েছেন কারা — ক্ষেত মজুর, বর্গাদার। এই কয়েক বছরে কয়েক লক্ষ তা: এসেছে। অধিকাংশ মানুষ অবস্থাপন্ন কৃষক। এদের শ্রেণী চরিত্র কি ? অধিকাংশ: কংগ্রেস এবং ঐ জাতীয় দলের। তারাই বাধা দিচ্ছে, কেউ শোধ করেনি। এই হিসেবে জয়নাল সাহেব, অতীশবাবু যখন মন্ত্রী ছিলেন তাঁরা বক্তৃতায় বলেছেন যার বড় চাষী তারাই ঋণ শোধে বিলম্ব করে, ঋণ শোধে বাধা দেয়। এবং ব্যাঙ্কের কাজে বাধা দেয়, এস. টি. ইউ. সির কাজে বাধা দেয়। এর জন্য ১৫০ কোটি টাকা অনাদায় রয়েছে যার জন্য রিজার্ভ ব্যাঙ্ক বলছে আমরা অতিরিক্ত ঋণ দেবো না। এর ফলে গরীব চাষী ঋণ পাচ্ছে না। এই অবস্থা আমরা হতে দেবো না। আমাদের ঋণ আদায় করতে হবে, তা না হলে কৃষি কাজ বন্ধ হয়ে যাবে, কৃষি সমবায় বন্ধ হয়ে যাবে। সেই ঋণ আমাদের আদায় করতে হবে। আমরা জানি বড় চাষীরা বাধা দেবে। একজন আমাদের সদস্য ঠিকই বলেছেন কেন এই ঋণ অনাদায় এবং বাইরে গিয়ে আবার ওঁরাই বলবেন কেন হল না? জয়নাল সাহেবের এলাকায় রায়গঞ্জ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক যেটা আছে তার নেতৃত্বে বামপন্থী নেই। আমি সব সময় বুঝতে পারি না কে কংগ্রেস আই, কে কংগ্রেস এস। ঐ ব্যাঙ্কের ঋণ আদায় হয় না কেন ? এই ব্যাঙ্ক তো কংগ্রেসীদের হাতে আছে। এই কারণে আমরা পরিষ্কার করে বলতে চাই এই যে কোটি কোটি টাকা অনাদায়ী পড়ে আছে এতে কৃষির সর্বনাশ ডেকে আনা হচ্ছে। এর পরিবর্তন করতে হবে। এই কাজে সমবায়, পঞ্চায়েত এবং কৃষক সংগঠনগুলিকে যুক্ত করতে চাই। বিরোধী সদস্যদের কাছে আবেদন করবো পশ্চিম বাংলার কৃষি, কৃষক ও অর্থনীতির স্বার্থে আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করুন। যাতে করে ঋণ আদায় হয় এবং কৃষকরা ঠিক মত ঋণ পেতে পারে। এ বছরে পশ্চিম বাংলায় দারুন অর্থনৈতিক অসুবিধার জন্য বাজেটে নানাভাবে টাকা কাটা হয়েছে এবং সমবায়ে টাকা কাটা হয়েছে। এতে যে কাজের অসুবিধা হবে সদস্যরা সেটা দেখবেন। তবুও আমি বলবো সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক ক্ষেত্রে আমরা এগিয়ে যাবো। এ ক্ষেত্রে সরকারী অর্থ ছাড়াও রিজার্ভ ব্যাঙ্ক, এল. আই. সি., ন্যাশানাল ব্যাংক রুরাল ডেভালপমেণ্ট, এন. সি. ডি. সি. ইত্যাদি জায়গা থেকে টাকা পাওয়া যায়। আমরা যদি ঠিক মতন প্রকল্প করতে পারি তাহলে কৃষির ক্ষেত্রে আমরা অগ্রসর হতে পারবো। কিন্তু তাদের মূল সর্ত হচ্ছে ঋণ পরিশোধ করতে হবে। সুতরাং এই মানষিকতা যদি তৈরী করতে পারি তাহলে এইসব সংস্থা থেকে কোটি কোটি টাকা আমরা পেতে পারি। পশ্চিম বাংলায় যে নানা কারণে অর্থের অসুবিধা আছে তার মধ্যে আমি যাবো না। কিন্তু বাইরে থেকে যে টাকা আসার সুবিধা আছে তার মাধ্যমে আমরা আশা সৃষ্টি করতে পারবো।

[12-50—1-00 p.m.]

সত্যই তো চাকরি আমরা কত সৃষ্টি করতে পারব। যদি শিল্প সমবায় ভাল করে গড়ে তুলতে পারি, অন্যান্য সমবায় যদি করতে পারি তাহলে বেকার যুবক যুবতীদের আমরা কাজে লাগাতে পারি, বেকার সমস্যা সমাধানে আমরা

অনেকখানি এগোতে পারি। এরজন্য অর্থ লগ্নী প্রতিষ্ঠানের টাকা অনুদানের ব্যবস্থা আছে। সেটা নিতে গেলে আমাদের এগোতে হবে। এটা যদি ঠিকমত করতে পারি তাহলে বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে আমরা দুর্বলতর শ্রেণীর মানুষকে এই কাজে এগিয়ে নিয়ে আসতে পারব। ডাঃ জয়নাল আবেদিন সাহেব, অতীশ সিংহ মহাশয় অত্যন্ত সংগতভাবে বলেছেন ক্রেতা সমবায়ের কথা। যদি কেউ একথা মনে করেন যে বর্তমান সমাজ ব্যবস্থায় যেখানে উৎপাদন এবং বণ্টনের প্রায় সবটাই বড় লোকদের হাতে আছে সেখানে তাদের হাতে সবটা থাকবে আর ক্রেতা সমবায়ের মাধ্যমে আমরা জিনিসপত্রের দাম কমাব এটা সম্ভব নয়। তবে ক্রেতা সমবায়ের যদি সম্প্রসারন ঘটাতে পারি তাহলে কিছুটা দাম কমবে। আবেদিন সাহেব ঠিকই বলেছেন ক্রেতা সমবায়ের উৎপাদন ইউনিট করবার ব্যাপারে, আমাদের এখানে সেই কাজ আরম্ভ হয়েছে। অনেক ক্রেতা সমবায় সরষের তেল করছে বেকারী করছে, অনেক কৃষি বিপণন সমিতি মার্কেটিং সোসাইটি এইসব জিনিস করছে। এই জিনিসের দিকে আরো বেশী নজর দিলে এই অবস্থার মধ্যে আমরা কিছু মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রন করতে পারব। এখানে নির্বাচনের কথা বলা হয়েছে যে বামফ্রন্ট সরকার বলেছেন তাঁরা স্বাধীনভাবে কাজ করতে দেবেন, আবার সব অধিগ্রহণ করছেন এবং এতে গনতন্ত্র নষ্ট হচ্ছে। অতীশ বাবু বলেছেন ফরওয়ার্ড ব্লকের লোকদের সব বসান হচ্ছে। আমি প্রকৃত চিত্র তুলে ধরছি। নিশ্চয়ই এমন সব পরিস্থিতির উদ্ভব হয়েছিল যার জন্য সরকারকে ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে, না করলে অবস্থা খারাপ হত। কয়েক বছরে নির্বাচন কি হয়েছে—আমি শীর্ষ সংস্থার কথা বলি, কেন্দ্রীয় সংস্থা অনেক আছে, প্রথমে বলি রাজ্য সমবায় ইউনিয়ন, ১৯৭৭ সালে প্রাদেশিক বোর্ড ছিল, তার আগে কংগ্রেস আমল থেকে নির্বাচনের জন্য পুণ্য ব্রত বসু মামলা করেছিলেন, দীর্ঘকাল নির্বাচন হয়নি। ১৯৭৮ সালে নির্বাচন হয়েছে, তারপর থেকে পর পর নির্বাচন হয়ে যাচ্ছে। রাজ্য কৃষি বিপনন মহাসংঘ তার নির্বাচন হয়েছে, সেই নির্বাচনে আলি আমেদ সাহেব জিতেছেন, তারপর মামলা হয়েছে, শ্রীপঞ্চানন ঘোষ, ওঁদেরই দলের লোক তিনি মামলা করেছেন, মামলা আজকে পড়ে আছে, বামফ্রন্ট সরকার নির্বাচনের ব্যবস্থা করেছেন, নির্বাচন হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য পাইকারী ক্রেতা মহাসংঘ তার নির্বাচনের নোটিশ হয়েছে, নোমিনেশান হয়ে গেছে, গতকাল স্ক্রুটিনি হয়ে গেছে, ২৬শে সেপ্টেম্বর নির্বাচন হচ্ছে। কেন্দ্রীয় সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক সি এল ডি বি, তার নির্বাচনের নোটিশ হয়েছে, ২৪শে নির্বাচন হচ্ছে। তাহলে স্টেট এ্যাপেক্সের নির্বাচন হয়ে গেছে, শুধু একটা জায়গায় বাকি আছে সেটা হচ্ছে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক যেখানে অজিত সাহ, সুধীর নিয়োগীরা রয়েছেন। এঁরা ওঁদের দলের লোক, সেখানে নির্বাচন কেন হচ্ছে না—রাজ্য সমবায়ের প্রশ্নে অনেক কথা বলা হয়েছে, তার মধ্যে আমি যাচ্ছি না, কারণ, সেগুলি মামলাধীন ব্যাপার, রিজার্ভ ব্যাঙ্ক বামফ্রন্ট সরকারের ব্যাপার নয়, ভক্তি বাবুর ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান, শ্রীমতী ইন্দিরা গান্ধীর খাস নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান, তাঁরা রুটিন ইন্সপেকশান করে সাংঘাতিক ইন্সপেকশান রিপোর্ট দিলেন যে টাকা তছনছ হয়েছে। এই রিপোর্ট রাজ্য সরকারকে দেবার পর রাজ্য সরকার ব্যবস্থা নিতে

গেলেন, ওঁরা হাইকোর্টে চলে গেলেন। রিজার্ভ ব্যাঙ্কের পুরো রিপোর্ট আমার কা আছে, দরকার হলে আমি পড়ে দেব।

রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী সরকার ব্যবস্থা নিতে গিয়েছিলেন, এঁরা হাইকোর্টে গিয়ে বন্ধ করে রেখে দিলেন। আমি আপনাদের অনুরোধ করছি, আপনারা মামলার বাইরে নিয়ে আসার ব্যবস্থা করুন, আমি কালকেই নির্বাচনের ব্যবস্থা করে দেব। সব কয়টার হয়েছে, রাজ্য সমবায় ইউনিয়ন বেনফেড, কনফেড এবং সি.এল.ডি.বি-এর হোক। মামলার জন্য আটকে আছে রাজ্য সমবায় ব্যাঙ্কের এবং হাউসিং এ্যাপেক্স সেখানেও মামলা করেছেন এন. কে. চৌধুরী। কাজেই আদালতের উপরে আমরা কি করতে পারি? কোন জায়গায় নির্বাচন আটকে আছে আপনারা বলুন? কংগ্রেস আমলে কি হয়েছিল সেই হিসাব দেব? কত জায়গায় অধিগ্রহণ করে কংগ্রেসীদের প্রশাসক বসিয়ে নির্বাচন বন্ধ করে রাখা হয়েছিল। বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে আমরা এই কথা মনে করি যে সমস্ত সমবায় সমিতির প্রত্যেকটি কেন্দ্রে নির্বাচন হবে এবং যারা জয়লাভ করবে দলমতনির্বিশেষে তারা সেই সমিতি চালাবেন। তবে নিয়ম মানতে হবে, টাকা-পয়সার হিসাব রাখতে হবে, সরকার কোথাও হস্তক্ষেপ করবেন না। নির্বাচনের ভয়ে মামলা করে ওরা যদি কোর্টের আশ্রয় নিয়ে আটকে রাখে তার জন্য দায়ী আমরা না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে শুধু দুর্নীতি, দুর্নীতি করে সমবায়ের নামে দোষ দিয়ে লাভ নেই। যেখানে যেটুকু দুর্নীতি আছে, সেই দুর্নীতি যে জায়গায় থাকুক না কেন, সেই দুর্নীতি সমিতির লোকেরা করুক, সরকারী কর্মচারীরা করুক, সরকার তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে বদ্ধপরিকর। আজকে বামফ্রণ্ট সরকার দরিদ্র মানুষের প্রতি সহানুভূতিশীল। বামফ্রণ্ট সরকার কর্মচারীদের জন্য এই পে-কমিটি গঠন করেছেন। জয়নাল সাহেব বললেন যে কোন জায়গায়, কোন সেক্টরে কি করেছেন? পশ্চিমবঙ্গের একটা সেক্টর হচ্ছে আরবান ক্রেডিট সেক্টর, সেখানে উন্নতি হয়েছে। সেখানে উন্নতি হয়েছে কারণ সেখানে বামফ্রণ্ট সরকারের মনোভাবাপন্ন মানুষ বেশী আছে, সেখানে ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত মানুষ বেশী আছে এবং স্যালারী আরনারস বেশী আছে বলে এটা সম্ভব হয়েছে। অন্যান্য জায়গায় দেননি তবে চেষ্টা শুরু হয়েছে। অজিতবাবু, জয়নাল সাহেব নূতন আইনের কথা বলেছেন। আমরা সেটা চেষ্টা করছি এই অধিবেশনে আনতে এবং যখন আসবে তখন এটা নিয়ে আলেচনা করা যাবে। আর যারা বলেছেন তাদের মধ্যে দেবসরণ বাবু মৎসজীবীদরে জলা পাবার কথা বলেছেন। এখানে আমাদের সরকারের সিদ্ধান্ত রয়েছে এবং বোর্ড অব রেভেনিউ-এর সার্কুলার আছে যে মৎসজীবি সমিতি জলা পাবার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি কোথাও কোন জায়গায় কিছু ভুলত্রুটি হয়ে থাকে তাহলে সেটা আমাদের নজরে এলে আমরা নিশ্চয়ই দেখবো। মাননীয় সুন্দর হাজরা মহাশয় ল্যাম্পের যে কথা বলেছেন, আমি এই কথা বলতে চাই যে, আমরা নূতন আইনে চেষ্টা করছি-যাতে এই নির্বাচন ৩ বছর পর পর করা যায় তাতে সমস্যার সমাধান হবে। আর জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন যে সমবায় আন্দোলন শিক্ষার প্রসার ছাড়া এগিয়ে যেতে পারেনা। এটা সঙ্গত ভাবেই বলেছেন এবং এই ব্যাপারে বর্তমান যে ব্যবস্থা রয়েছে, রাজ্য সমবায় ইউনিয়ন,

জেলা সমবায় ইউনিয়ন, তাদের শক্তিশালী করতে হবে এবং তার সঙ্গে যুক্ত যে প্রশিক্ষণ কেন্দ্র আছে, সেগুলিকে আরো জোরদার করতে হবে। এই বিষয়ে স্কুলে, কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে যা সামান্য পড়ান হয় সেটা যথেষ্ট নয়। পাঠ্যক্রমের মধ্যে যাতে এটা আনতে পারি সেই ব্যাপারে আমরা চিন্তা ভাবনা করছি। আমি শেষ করার আগে একথা বলতে চাই, জয়নাল সাহেবকে আমি এই প্রতিশ্রুতি দিচ্ছি যে সমবায়ের কোন নীতি নির্ধারণের থেকে আমি দলীয় রাজনীতির প্রাধান্য কোথাও দেব না। আজকে আসুন, সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক উন্নতি করে, মনুষের উন্নতি করার যে সুযোগ আছে, সেই সুযোগের জন্য আমরা সমবেত ভাবে অগ্রসর হই। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে এবং যে ছাটাই প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[1-00—2-00 p.m. including adjournment ]

**Mr. Speaker :** I now put all the cut motion nos. excepting the numbers 1, 2, 3, 5, 7, on which I understand division will be demanded, to vote.

The motions that the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motions that the demand be reduced to Rupee 1 was then put and the division taken with the following result :—

(Here take the Division Lists No. I placed below)

The Ayes being 24, the Noes 93 and the abstentions 2 the motion was then put and lost.

The motion of Shri Nirmal Bose that a sum of Rs. 34,75,37,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads ; "298-Co-operation, 498-Capital Outlay on Co-operation and 698-Loans for Co-operation was then put and agreed to.

(At this stage Shri Satya Ranjan Bapuli rose to speak)

**Mr. Speaker :** এখন নয়, বিরতির পর।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

NOES—93

Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Madhu
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Nihar Kumar
Bera, Shrimati Chhaya
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Bose, Shri Promode Ranjan
Chakraborty, Shri Ajit
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Deb, Shri Saral
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Lot, Shri Dhirendra
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Joykesh
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sufal
Neogy, Shri Brajo Gopal
Palik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri, Sachin
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Tudu, Shri Bikram

AYES—24

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Dipendra
Basu, Dr. Hoimi
Bhunia, Dr. Manas
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhary, Shri Abdul Karim

'howdhury, Shri Humayun
ioswami, Shri Arun Kumar
iyan Singh Sohanpal, Shri
lahbubul Haque, Shri
laity, Shri Mukul Bikash
landal, Shri Jokhilal
lisra, Shri Kashinath
loslehuiddin Ahmed, Shri
lotahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Sarkar, Shri Dhirendra Nath
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh

After Adjournment
2-00—2-10 p.m.]

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েণ্ট অফ পার্সন্যাল এক্সপ্লানেশন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সকালে এই হাউসে ছিলাম না, তখন মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়, আমি গতকাল তাঁর বিরুদ্ধে যে চার্জ এনেছিলাম, তার বিরুদ্ধে জবাব দিয়েছেন। আমি কালকে এখানে বলার পর, আমাদের তরফ থেকে ১৮৫-এ একটা সাবস্ট্যানটিভ মোশন এনেছি। আপনার কাছে আশা করি সেটা পেঁছে গেছে। সেই মোশনের ব্যাপারে আপনি কোন রুলিং এখনও পর্য্যন্ত দেননি —

**মিঃ স্পিকার ঃ** আমার কাছে এখনও পর্য্যন্ত আসেনি। আমি এখনও পাইনি, পেলে আমি বিষয়টা দেখবো।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** বিষয়টা যখন আপনার কাছে পেনডিং আছে তখন মিনিষ্টার স্টেটমেণ্ট করেছেন, তিনি এই জিনিস করতে পারেন না।

**মিঃ স্পিকার ঃ** পার্সন্যাল এক্সপ্লানেশন মিনিষ্টার সব সময়ই দিতে পারেন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** আমার এটা দাবী ছিল যে আপনি রুলিং দেবার পর মিনিষ্টার স্টেটমেণ্ট করবেন। কারণ ইউ আর দি ফাইন্যাল অথরিটি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে টেলিগ্রাফ কাগজে বেরিয়েছে — আমার যে মূল অভিযোগ ছিল, সেটা হচ্ছে ইররেগুলার অর্ডার অফ টেণ্ডার ......

**মিঃ স্পিকার ঃ** পত্রিকা কি ছাপছে না ছাপছে, সেই ব্যাপারে কি এই হাউসে আলোচনা হবে? আমার মনে হয়, এটা নিয়ে আলোচনা হতে পারে না।

( Noise )

**Mr. Speaker :** Mr. Bapuli, I will request you for the last time to take your seat. There are questions. The members have put their questions, they have right to put supplementaries and they have the right to hear the replies from the Ministers. You can not disturb them in this way. You have given a Motion under Rule 185. I will see to it and will consider it. So, no further discussion can arise. If you go on this way, I will not allow Questions and Mention Cases.

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** স্যার, এক মিনিট আমার বক্তব্য একটু শুনুন। স্যার, আজকের টেলিগাফে বেরিয়েছে প্রশান্ত শূর সম্বন্ধে।

(Noise)

**Mr. Speaker:** Mr. Subrata Mukherjee, I will request you as a Whip of the party to control your member. He cannot go on in this way.

**Shri Satya Ranjan Bapuli:** Nobody can control me. I can only control myself.

(Noise)

**Mr. Speaker:** Mr. Bapuli, I want to know who runs the House, whether you run the House or I run the House. You have elected me Speaker to run the House. So please take your seat and allow the members to put supplementaries.

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** স্যার, আপনি একজন দুর্নীতিগ্রস্ত মিনিস্টারকে সিল করছেন কেন? চীফ ইঞ্জিনিয়ার যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট নিয়ে এখানে আলোচনা করতে হবে। যদি মিথ্যা হয় তা হলে আমি চলে যাব, আর যদি মিথ্যা না হয় তা হলে প্রশান্ত শূর চলে যাবে।

**Mr. Speaker:** Mr. Subrata Mukherjee, do I take it that you cannot control the member.

**Shri Subrata Mukherjee:** It is between the Speaker and the member. I have nothing to say here.

**Mr. Speaker:** Mr. Mukherjee, as a Whip of the party you should control your member. Do I understand that he is speaking without your instructions? He has already tabled a Motion under Rule 185. I will see to it and I will consider it. He cannot speak before that.

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** স্যার আমি যখন একজন দুর্নীতিগ্রস্ত মন্ত্রী সম্পর্কে বলতে চাইছি তখন বিষয়টি নিয়ে এখানে আলোচনা করা হোক। স্যার আপনি আমাকে এই বিষয়ে হাফ মিনিট বলার সুযোগ দিন।

**Mr. Speaker:** I will not give you half a minute even. Please take your seat.

[2-10—2-20 p.m.]

(Shri Satya Ranjan Bapuli rose to speak)

**Mr. Speaker:** Please take your seat. Questions will continue. I will not hear anything from you. You can speak on your Question or Mention case or on the Motion under Rule 185. I will examine the Motion under Rule 185 which you have tabled. When it comes you can speak and then I will hear your point. There are rules to run the House, there are rules for conducting the business of the House. You must follow the rules of the House. You cannot go on this fashion.

**West Bengal Legislative Assembly Held Over Questions for Oral Answer for Tuesday, the 21st September, 1982**

## বীরভূম আর টি এ কর্তৃক বাস রুট পারমিট প্রদান

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪।) শ্রীসুনীতি চট্টরাজ: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২ সালে বামফ্রণ্ট ক্ষমতায় আসার পর বীরভূম আর টি এ কতকগুলি বাসের রুট পারমিট দিয়াছেন কি না; এবং

(খ) দিয়া থাকিলে উক্ত রুটগুলি স্থায়ী রুট পারমিটের অন্তর্ভুক্ত কি না এবং কোন্ কোন্ রুটে?

শ্রীরবীন মুখার্জী: (ক) বীরভূম আর. টি. এ কর্তৃক স্থায়ী কোনও বাসরুট্ পারমিট দেওয়া হয় নাই।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

## বীরভূম আর টি এ-র ভাইস-চেয়ারম্যান-এর বিরুদ্ধে অভিযোগ

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫।) শ্রীসুনীতি চট্টরাজ: স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বামফ্রণ্ট সরকারের আমলে এ পর্যন্ত (১৯৭৭-৮২) বীরভূম আর টি এ কতকগুলি নূতন বাস ও মিনি বাসের রুট পারমিট দিয়েছেন;

(খ) উক্ত বাসের রুট পারমিটের জন্য উক্ত আর টি এ-র ভাইস-চেয়ারম্যান-এর বিরুদ্ধে দুর্নীতির কোন অভিযোগ সরকারের কাছে আছে কি না; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, ভাইস-চেয়ারম্যানের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

শ্রীরবীন মুখার্জী: (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত বীরভূম আর. টি. এ ৫০ (পঞ্চাশ)টি নতুন বাস পারমিট ও ৪ (চার)টি মিনিবাস পারমিট দিয়াছেন।

(খ) কোনও আর. টি. এতে ভাইসচেয়ারম্যানের কোনও পদ নাই।

(গ) (খ) এর উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আর. টি. এর মেম্বার কেশব দাসের বিরুদ্ধে যে লিখিত অভিযোগগুলি দেওয়া হয়েছে সেগুলির কোন তদন্ত হয়েছে কি?

শ্রীরবীন মুখার্জী: এরকম কোন রিপোর্ট বা অভিযোগ আমার কাছে আসেনি।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনি রিপোর্ট পাননি, না, দেখেননি?

শ্রীরবীন মুখার্জী: রিপোর্ট আসেনি, কোথা থেকে দেখবো?

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, বনশঙ্কা অঞ্চলের তপন রায়ের কাছ থেকে বাসের পারমিট দিয়ে ২০ হাজার টাকা নেবার অভিযোগের তদন্ত চলছে, কি চলছে না?

শ্রীরবীন মুখার্জী ঃ এ প্রশ্ন থেকে এটা আসে না।

শ্রীদিলীপ কুমার মজুমদার ঃ ওয়াঞ্চু কমিশনের রিপোর্টে সুনীতিবাবুর........

মিঃ স্পীকার ঃ এ প্রশ্ন হবে না, আপনি বসুন।

## হুগলী জেলার খরাত্রাণ

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪২।) শ্রীশিবপ্রসাদ মালিক ঃ ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমান ভয়াবহ খরা ত্রাণে হুগলী জেলায় মোট কত টাকা সাহায্য দেওয় হইয়াছে ; এবং

(খ) উক্ত জেলায় প্রতিটি বুকে (বুকওয়ারী) কোন্ খাতে কত টাকা দেওয় হইয়াছে ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ (ক) এক কোটি চল্লিশ লক্ষ তেষট্টি হাজার টাকা।

(খ) এ-সম্পর্কে একটি বিবৃতি লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হলো।

## মেদিনীপুর জেলার সবং থানায় খরাত্রাণ

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৯।) ডাঃ মানস ভুঁঞা ঃ ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২ সালের খরা পরিস্থিতি মোকাবিলার জন্য মেদিনীপুর জেলার সবং থানায় কি পরিমাণ আর্থিক সাহায্য কোন্ কোন খাতে মঞ্জুর করা হইয়াছে ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ মেদিনীপুর জেলার সবং থানার খরা পরিস্থিতি মোকাবিলার জন্য নিম্নলিখিত আর্থিক সাহায্য মঞ্জুর করা হইয়াছে।

(১) দুঃস্থ খরা কবলিত ব্যক্তিদের খয়রাতি সাহায্য হিসাবে শুকনা খাবার বিতরণের জন্য নগদ ৫০ টাকা।

(২) খয়রাতি সাহায্য হিসাবে বিতরণের জন্য ৪১৮'৩৬ কুইণ্টাল চাউলের দাম বাবদ ৮০,৫৭৬ টাকা।

ডাঃ মানস ভুঁঞা ঃ মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি যে, পটাশপুর, পিংলা এবং ডেবরা থানার সঙ্গে সমপরিমাণ টাকা কি সবং থানা পেয়েছে ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ আপনি মূল প্রশ্নে সবং থানা সম্পর্কে জানতে চেয়েছিলেন, অন্য থানাগুলি সম্পর্কে জানতে হলে আপনি আলাদা নোটিশ দেবেন, আমি বলব।

ডাঃ মানস ভুঁঞা ঃ এন. আর. ই. পি. স্কীমে ১৯৮২ সালের খরা পরিস্থিতিতে সবং থানায় যে টাকা খরচ করার কথা ছিল সেই টাকা কি সবং থানার মধ্যে খরচ করা হয়েছে ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ এখানে এ প্রশ্ন ওঠে না।

## বায়ুদূত বিমান চলাচল

*২১১। (অনুমোদিত প্রশ্ন নং ৬২।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাজ্যের অভ্যন্তরে

'বায়ুদূত' বিমান চলাচলের পরিকল্পনা এখন কোন পর্যায়ে আছে এ সম্পর্কে সরকারের কাছে কোন খবর আছে কি ?

[2-20—2-30 p.m.]

**শ্রীরবীন মুখার্জী ঃ** কুচবিহার বিমানবন্দর কার্যোপযোগী হলেই কেবলমাত্র ঐ স্থানেই "বায়ুদূত" বিমান চলাচলের আশু সম্ভাবনা আছে। যাতে মালদা, পশ্চিম দিনাজপুর ও জলপাইগুড়ির জেলা-সদর দপ্তরগুলোতেও উক্ত বিমান চলাচল পরিকল্পনা কুচবিহারের সাথে সাথেও চালু করা যায়, সেই মর্মে সম্প্রতি মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় ভ্রমণ ও অসামরিক বিমান চলাচল মন্ত্রীকে একটি চিঠিতে অনুরোধ করেছেন যে ঐ জেলাগুলোর বিমান বন্দরগুলোও যেন অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন করা হয়। উক্ত চিঠির জবাব এখনও পাওয়া যায়নি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত জায়গাগুলো নির্ধারিত হয়েছে সে সম্পর্কে কেন্দ্র থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, না রাজ্য থেকে প্রস্তাব গেছে ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** মুখ্যমন্ত্রী এ সম্পর্কে চিঠি দিয়েছেন কিন্তু তার উত্তর এখনও পাওয়া যায়নি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি কুচবিহার এবং মালদহের কথা যা বললেন এ সম্পর্কে রাজ্য থেকে আলাদা কোন প্রস্তাব গিয়েছে কি ? আমার এই প্রশ্ন করার কারণ হচ্ছে আমরা ওই কুচবিহার এবং দিনাজপুর ছাড়া আরও কয়েকটা প্রস্তাব দিয়েছিলাম যেটা নিয়ে হাউসে ডিসকাসন হয়েছিল এবং তখন পূর্বতন পরিবহন মন্ত্রী বলেছিলেন আমার দপ্তর থেকে লিখব। কাজেই জানতে চাই এই ব্যাপারে কোন অগ্রগতি হয়েছে কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** আমি আমার লিখিত উত্তরে বলেছি, "কুচবিহার বিমান বন্দর কার্যোপযোগী হলেই কেবলমাত্র ওই স্থানেই "বায়ুদূত" বিমান চলাচলের আশু সম্ভাবনা আছে। যাতে মালদা, পশ্চিম দিনাজপুর ও জলপাইগুড়ির জেলা সদর দপ্তরগুলোতেও উক্ত বিমান চলাচল পরিকল্পনা কুচবিহারের সাথে সাথেও চালু করা যায়। সেই মর্মে সম্প্রতি মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় ভ্রমন ও অসামরিক বিমান চলাচল মন্ত্রীকে একটি চিঠিতে অনুরোধ করেছেন যে, ওই জেলাগুলোর বিমান বন্দরগুলোও যেন অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন করা হয়। উক্ত চিঠির জবাব এখনও পাওয়া যায়নি।" এ ছাড়া আমার আর কিছু বলার নেই।

## পান চাষীদের দুরাবস্থা

***২১২।** ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৩। ) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** কৃষি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রাজ্যের পান চাষীদের দুরবস্থার বিষয়ে সরকার অবগত আছেন কিনা; এবং (খ) অবগত থাকলে, পান চাষীদের সাহায্যের জন্য সরকার কি কি কর্মসূচী গ্রহণ করেছেন ?

শ্রী কমলকান্তি গুহ ঃ (ক) পানচাষীদের সমস্যা সম্বন্ধে সরকার অবহিত।

(খ) ১। পানের রোগ পোকা দমন ও সারের সুষ্ঠু ব্যবহারের বিষয় অবহিত করার জন্য পান চাষীদের বরোজে কৃষি বিভাগ থেকে প্রদর্শন ক্ষেত্র পরিচালনার ব্যবস্থা করা হয়েছে ;

২। মেদিনীপুর জেলার মেচেদার কাছে একটি পানচাষ গবেষণা কেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে ;

৩। পশ্চিমবঙ্গ কৃষি পণ্য বিপণন আইন অনুসারে মেদিনীপুর জেলার মেচেদায় ও হাওড়া জেলার বাগনানে দুটি নিয়ন্ত্রিত বাজার প্রজ্ঞাপিত করা হয়েছে।

৪। পানচাষীদের কৃষি উপকরণ ক্রয়ের জন্য স্বল্প মেয়াদী কৃষি ঋণ প্রদানের ব্যবস্থা আছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই পানচাষীরা যাতে তাদের ফসলের ন্যায্য দাম পেতে পারে সেইজন্য সরকারের থেকে পান ক্রয়ের কোন ব্যবস্থা করেছেন কিনা ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আমরা সরাসরি ক্রয়ের ব্যবস্থা করিনি। তবে দুটি নিয়ন্ত্রিত বাজারের মাধ্যমে পানচাষীরা যাতে ফোরেদের কাছে না ঠকে সেই ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মন্ত্রীমহাশয় নিশ্চয়ই অবগত আছেন পানচাষীদের রেলওয়ে বুকিং — এর ব্যাপারে নানা সমস্যার সম্মুখীন হতে হয়। আমার প্রশ্ন হচ্ছে, এ সম্পর্কে সরকারের তরফ থেকে কোন রকম উদ্যোগ বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে কোন রকম কথাবার্তা হয়েছে কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আমরা পানচাষীদের সঙ্গে সরাসরি যোগাযোগ রাখছি এবং তাদের সমস্যা সম্পর্কে কেন্দ্রীয় মরকারের সঙ্গেও যোগাযোগ রাখছি এবং এই ব্যাপারে কিছু কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনি বললেন পান চাষীদের আর্থিক সাহায্য এবং বাজারের জন্য ব্যবস্থা নিচ্ছেন। কিন্তু এগুলি যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পান চাষীরা বাজার পাচ্ছে না এবং বিভিন্ন ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং মধ্যবর্তী কোন ব্যবস্থা নেবার কথা চিন্তা করছেন কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আমরা ঋণ দেবার ব্যবস্থা করেছি এবং বৈজ্ঞানিক উপায়ে যাতে চাষ-বাস করা যায় এবং রোগ পোকার প্রতিরোধ করা যায় সেই ব্যাপারে ব্যবস্থা হচ্ছে এবং এ ব্যাপারে কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং বিধান চন্দ্র কৃষি বিদ্যালয়ে গবেষণা সুরু হয়েছে। গবেষণার ফল যখন যেটা বেরুচ্ছে কৃষকদের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা হচ্ছে।

শ্রীনীহারকুমার বসু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, চলতি ভ্যারাইটি ছাড়া অন্য কোন ভ্যারাইটি পান চাষীদের দেবার কোন ব্যবস্থা আপনার দপ্তরের আছে কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ দুটি ইউনিভার্সিটি থেকেই গবেষণা হচ্ছে যাতে উন্নত পানের ব্যবহার করা যায় তার জন্য তারা চেষ্টা করছেন। এটা সফল হলেই আমি

মনে করি কৃষকদের বিশেষ করে বর্ষাকালে যে অসুবিধাগুলি আছে সেটা দূর হয়ে যাবে।

**শ্রীদীনবন্ধু মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কি, পশ্চিমবঙ্গে যে গবেষণা-গুলি আছে সেখানে কেন্দ্রীয় সরকার কোন আর্থিক সাহায্য করছেন কি না ?

**শ্রীকমলকান্তি গুহ :** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য পাই না। তবে মেছেদায় একটি গবেষণাগার করবার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার যৌথ উদযোগ নিয়েছেন।

## বাঁকুড়া জেলায় রেশন সামগ্রী বণ্টন

*২১৩। ( অনুমোদিত প্রশ্ন নং *১৮৪। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার উনিশটি থানাতেই রেশন কার্ড হোল্ডার-গণকে মাথা পিছু ২,২০০ গ্রাম বরাদ্দ রেশন সামগ্রী ( চাল ও গম ইত্যাদি ) দেওয়ার পরিবর্তে ১,২০০ গ্রাম করে দেওয়া হচ্ছে ; এবং

(খ) সত্য হ'লে এর কারণ কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** (ক) ও (খ) বর্তমানে খরার জন্য চাহিদা (অফ-টেক) বেড়ে যাওয়ায় এবং সেই অনুপাতে কেন্দ্রীয় বরাদ্দ না পাওয়ায় এবং যা পাওয়া যায় এফ. সি আই. ও রেল ঠিক মত সরবরাহ করতে না পারায় প্রচলিত মাথাপিছু বরাদ্দ চাল ও গম রাখা যাচ্ছে না। সরবরাহ কম করতে হচ্ছে। কেন্দ্রীয় বরাদ্দ বাড়লে মাথাপিছু সরবরাহ বাড়বে।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কেন্দ্রীর সরকার কম দিয়েছিলেন। আমার প্রশ্ন কতদিন ধরে কম দিচ্ছেন ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** আমরা নতুন করে সরকারে আসার পর থেকে কেন্দ্রীয় সরকার চাল এবং গমের বরাদ্দ কমিয়ে দিয়েছেন।

**শ্রীপ্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কেন্দ্র থেকে সরবরাহ কম থাকার দরুন এবং রেলের অসুবিধার জন্য কম পরিমাণ দেবার ব্যবস্থা করেছেন। এই নিয়মটা কি শুধু বাঁকুড়া জেলায় চালু করেছেন না সারা পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় এই নিয়ম চালু হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** অনেকটা সেই কারণেই।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কম দেওয়া হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে সেটা কমটা কত ? ১২০০ গ্রাম, না ১২০০ গ্রামের কম দেওয়া হচ্ছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** ২২০০ গ্রাম দেওয়ার কথা কিন্তু ২২০০ গ্রাম দেওয়া যাচ্ছে না।

**শ্রীবিমলকান্তি বসু :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কেন্দ্রের বরাদ্দের কোটাটা কমিয়ে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন, সেই বরাদ্দ কত কমে এসেছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** আমাদের প্রতি মাসে ৯৫ হাজার মেট্রিক টন ! এবং চাল দিত কেন্দ্রীয় সরকার। তবে এই মাসে ১৫ হাজার মেট্রিক টন অর্থাৎ ঃ হাজার মেট্রিক টন চাল এবং ৫ হাজার মেট্রিক টন গম বেশী দিয়েছেন।

## আসাম থেকে আগত শরণার্থী

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** ত্রাণ ও কল্যা (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) আসাম থেকে বিতাড়িত যে সকল নরনারীকে উত্তরবঙ্গে আশ্রয় দেওঃ হয়েছিল তাদেরকে ফিরিয়ে নিয়ে যাবার কি ব্যবস্থা হয়েছে ; এবং

(খ) ঐ সকল নরনারীর ত্রাণ ব্যবস্থায় ভারত সরকার কি পরিমাণ সাহায দিয়েছেন ?

[2-30—2-40 p.m.]

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** (ক) এখনও ব্যবস্থা হয়নি। আসাম সরকার ও ভারত সরকারের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।

(খ) ভারত সরকার সম্প্রতি ৫০ লক্ষ টাকা ঐ বাবদ ঋণ হিসাবে দিয়েছেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি, আলিপুরদুয়ারে এখনও যে সমস্ত আসামের উদ্বাস্তুরা আছেন, রাজ্যসরকারের পক্ষ থেকে তাঁদের ত্রাণ সাহায্য পাঠান হচ্ছে কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** হ্যাঁ, রাজ্য সরকারের পক্ষ থেকে তাঁদের ত্রাণ সাহায্য পাঠান হচ্ছে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া জানাবেন কি, এই যে আসাম থেকে আগত যেসব উদ্বাস্তু এখনও আছে তাদের আসাম রাজ্যে ফিরিয়ে দেবার কোন ব্যবস্থা করেছেন কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** আমরা তাদের ফেরত পাঠাবার জন্য লেখালিখি করছি, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও বার বার লিখেছেন, এখন পর্যন্ত কোন খবর এ সম্বন্ধে পাওয়া যায়নি।

## শিয়ালদহ উড়াল পুলের জন্য ব্যয়

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৩।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত শিয়ালদহ উড়াল পুলের জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে ;

(খ) ঐ বাবদে আরো কত টাকা ব্যয়ের প্রয়োজন আছে ; এবং

(গ) উক্ত উড়াল পুল উদ্বোধন অনুষ্ঠানে কত টাকা ব্যয় করা হয়েছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** (ক) ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত শিয়ালদহ উড়াল পুলের জন্য মোট ৬ কোটি ১৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) ঐ বাবদে [ সংশোধিত সর্বমোট প্রাককলনের ( এস্টিমেটের ) ভিত্তিতে ] আরো ১ কোটি ৪১ লক্ষ টাকা ব্যয়ের জন্য ধরা হয়েছে।

(গ) উক্ত উড়ালপুল উদ্বোধন অনুষ্ঠানের জন্য ২৯,০২৭ ( উনত্রিশ হাজার সাতাশ ) টাকা ব্যয় হয়েছে।

**আবদুর রউফ আনসারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি এই যে ফ্লাই ওভার তৈরী করিয়েছেন সেটা অলরেডী কোন কোন জায়গায় ক্র্যাক হতে আরম্ভ হয়েছে, এ রকম কোন খবর পেয়েছেন কি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** না, কোন খবর পাইনি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে আপনি এটা করিয়েছেন, কিন্তু শেয়ালদা স্টেশনের এনট্রেনসে যে একটা জিগ জ্যাগ অবস্থা, ইট ইজ মোর দ্যান ওয়ান রাইট অ্যাঙ্গল, এটাকে স্ট্রেট করার কোন চিন্তা করছেন কি ? এই প্রসঙ্গে একটা কথা বলছি অ্যাট দি পিক আওয়ারস রিক্সা বা ঐ জাতীয় গাড়ীর জন্য বড় অসুবিধা হয়, এটার সম্বন্ধে কি করছেন ? না হলে তো আমরা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেলাম।

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** বিবেচনা করে দেখব।

## বেসরকারী 'অরফানেজ'

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৬।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে সমাজকল্যাণ বিভাগ কর্তৃক সাহায্যপুষ্ট কয়টি বেসরকারী 'অরফানেজ' আছে ;

(খ) এগুলিকে কি ধরণের সাহায্য দেওয়া হয় ;

(গ) এগুলির পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন 'অরফানেজে' বিভিন্ন ধরণের দুর্নীতির কথা সরকারের জানা আছে কি ; এবং

(ঘ) পরিচালনার ক্ষেত্রে সরকারী নিয়ন্ত্রণের কি ব্যবস্থা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) ৫৯টি।

(খ) কেবলমাত্র আর্থিক সাহায্যই দেওয়া হয়।

(গ) না।

(ঘ) পরিচালন সমিতি অনুমোদনের ব্যাপারে সরকারী নিয়ন্ত্রণ আছে। কলিকাতার ক্ষেত্রে সমাজ কল্যাণ অধিকর্তা এবং জেলার ক্ষেত্রে জেলা শাসক উক্ত পরিচালন সমিতি অনুমোদন করে থাকেন।

**শ্রীদীনবন্ধু মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জানতে চাইছি, যে ঐসব অরফ্যানেজ থেকে যাঁরা চলে যান, তাঁরা কি চলে যাবার পরও কোন সাহায্য ওখান থেকে পান ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমাদের অরফ্যানেজে ডেসটিটিউট হোমস কিছু রয়েছে, আমরা সেখানে ভোকেশন্যাল ট্রেনিংয়ের ব্যবস্থা করি, এখন পর্যন্ত সম্পূর্ণ ব্যবস্থা করে উঠতে পারিনি। কিছু পরিমাণে সুরু করছি।

**শ্রীদীনবন্ধু মণ্ডল :** এই অরফ্যানেজগুলিকে ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার আসার পরে কেন্দ্রীয় সরকার কি কিছু আর্থিক সাহায্য দিয়েছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** না। ১৯৭৭ সালের পর এই ব্যাপারে খরচ খরচা খুবই কম ছিল। আমরা এখন পর্য্যন্ত সব ব্যবস্থা করতে পারিনি। আমরা কটেজ স্কীম, ক্যাপিটেসন গ্রাণ্ট স্কীম বাবদ প্রায় ৫ হাজার টাকা সাহায্য দিচ্ছি।

**শ্রীআবদুর রউফ আনসারী :** অরফ্যানেজে ক্যাপিটেসন গ্রাণ্ট স্কীম — এর জন্য আপনারা পার হেড কত টাকা করে ঠিক করেছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমরা তাদের ৬৮'৮৫ পয়সা করে দিই খরচা বাবদ, এবং আবাসন ও আসবাব পত্রের জন্য এককালীন ১০০ টাকা করে দিয়ে থাকি।

## ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে নিযুক্ত কাউন্সিলর

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩১।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুপূর্বক জানাইবেন কি ২৪-পরগণা জেলায় ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে কিসের ভিত্তিতে কাউন্সিলর নিযুক্ত করা হয়েছে ?

**শ্রীপ্রশান্ত শূর :** ২৪ পরগণা জেলায় নবগঠিত ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে বঙ্গীয় পৌর আইন ১৯৩২ এর ১৬ ধারার ২ এবং ৪ উপধারা অনুযায়ী কমিশনার (পৌর সদস্য) নিযুক্ত করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে সমস্ত লোক কাউন্সিলারে নিযুক্ত করা হয়েছে, এই সমস্ত সি. পি. এম পার্টির অন্তর্ভুক্ত লোক ?

**শ্রীপ্রশান্ত শূর :** না এটা সত্য কথা নয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আপনি কি জানাবেন যে এই পঞ্চায়েত সমিতির চেয়ার ম্যান তিনি মিউনিসিপ্যালিটিতে আছে কি না ?

**শ্রীপ্রশান্ত শূর :** তার নাম আমি জানি না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আমার প্রশ্নটার জবাব ঠিক মত হয় নাই। আমার প্রশ্ন ছিল ২৫-পরগণা জেলায় ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে কিসের ভিত্তিতে কাউন্সিলর নিযুক্ত করা হচ্ছেছে।

**মিঃ স্পীকার :** এই প্রশ্ন ওঠে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** যে সমস্ত লোক কাউন্সিলে ঠিক করা হয়েছে, সমস্ত সি. পি. এম পার্টির লোকের হিসাব দেওয়া হয়েছে কি ?

**শ্রীপ্রশান্ত শূর :** এটা অসত্য কথা। আপনি এই ধরনের কথা বলেন।

**শ্রীআবদুর রউফ আনসারী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এটা কর্পোরেশন আছে না মিউনিসিপ্যালিটি আছে ?

**মিঃ স্পীকার :** এই প্রশ্ন ওঠে নাই।

## বিচারাধীন বন্দীর সংখ্যা

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবাংলায় ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত বিচারাধীন বন্দীর সংখ্যা কত ; এবং

(খ) ঐসমস্ত বিচারাধীন বন্দীর মামলাগুলি ত্বরান্বিত করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত দীর্ঘ সময় আটক কোনও বিচারাধীন বন্দী পশ্চিমবাংলার কারাগুলিতে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই সময়ের মধ্যে কত জন রেপ কেসের আসামীকে রাজনৈতিক বন্দী হিসাবে গণ্য করে মুক্তি দিয়েছেন।

**মিঃ স্পীকার :** এই প্রশ্ন ওঠে না।

**শ্রী[illegible] বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে ইতি-মধ্যে বিগত কয়েক মাস ধরে যে নকশাল পন্থীদের ধরা হয়েছে তাদের রাজনৈতিক বন্দীর মর্যদা দেওয়া হবে কি ?

**মিঃ স্পীকার :** এই প্রসঙ্গ ওঠে না।

## শ্রীরামপুর-এসপ্ল্যানেড রুটে বাস চলাচল

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৭।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রীরামপুর হইতে এসপ্ল্যানেড রুটে গড়ে দৈনিক কয়টি এল ৩১ বাস চলাচল করিতেছে ;

(খ) উক্ত বাস রুটে সরকারকে ভরতুকি দিতে হইয়াছে কি ; এবং

(গ) '(খ)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত ভরতুকির পরিমাণ কত ?

**শ্রীরবীন মুখার্জী :** (ক) গড়ে ৪ খানা।

(খ) সামগ্রিকভাবে সমস্ত রুটের জন্যই ভরতুকী দিতে হয়।

(গ) কোন রুটের বেলাতেই পৃথকভাবে হিসাব রাখা হয় না।

**শ্রীঅরুণ কুমার গোস্বামী :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই রুটে যখন বাস চালু করা হয়েছিল তখন কতগুলি বাস চালু করা হয়েছে ?

**শ্রীরবীন মুখার্জী :** নোটিশ চাই।

**শ্রীআব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে এল ৩১ রুটের বাস হাওড়া দিয়ে যায় সেটা যাতে শ্যামবাজার দিয়ে যায় তার জন্য চিন্তা করেছেন কি ?

**মিঃ স্পীকার :** এই প্রশ্ন ওঠে না।

## স্টেট ওয়াটার বোর্ড গঠন

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৯।) **শ্রীঅনিল মুখার্জী :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেট ওয়াটার বোর্ড কোন সালে গঠিত হয় ও ঐ বোর্ডে বর্তমানে কতজন সদস্য আছেন ও কিভাবে উক্ত বোর্ড গঠিত হয়েছে ;

(খ) জানুয়ারি, ১৯৭৭ হইতে আগস্ট, ১৯৮২ সাল পর্যন্ত স্টেট ওয়াটার বোর্ড কত টাকা ব্যয় করেছেন ; এবং

(গ) উক্ত সময়কালের মধ্যে পশ্চিমবঙ্গে কতগুলি জেলায় পেরিনিয়েল সোর্স অব ওয়াটার-এর সন্ধানে সার্ভে করা হয়েছে ও তার ফলাফল কি ?

**শ্রীকানাই ভৌমিক :** (ক) স্টেট ওয়াটর বোর্ড গঠিত হয়েছিল ১৯৭৪ সালের জানুয়ারী মাসে, কৃষিবিভাগের ২।১।৭৪ তারিখের ৭ নম্বর Resolution আদেশবলে কৃষিবিভাগের ১৮।৯।৮০ তারিখের Resolution নম্বর ৮৪ ৯৭ সংখ্যা আদেশবলে স্টেট ওয়াটার বোর্ড সংস্থাটি রাজ্য জলঅনুসন্ধান অধিকারে রুপান্তরিত হয়।

বর্তমাতে স্টেট ওয়াটার বোর্ডের অস্তিত্ব না থাকায় সদস্যের বর্তমান সংখ্যার প্রশ্ন ওঠে না।

(খ) উক্ত সময়ের মধ্যে স্টেট ওয়াটার বোর্ড এবং তার রুপান্তরিত বর্তমান রাজ্য জলঅনুসন্ধান অধিকারের ব্যয়ের মোট পরিমাণ সাড়ে চার কোটি টাকা।

(গ) উক্ত সময়কালের মধ্যে হাওড়া বাদে অবশিষ্ট ১৪টি জেলায় এবং বুক হিসাবে মোট ৮৬টি বুক বাদে মোট ২৪৯টি বুকে সার্ভে করা হয়েছে। এই সার্ভের ফলে কোন এলাকায় কত সংখ্যক গভীর ও অগভীর নলকূপ স্থাপন ও সেচকূপ খনন সম্ভব ১৯৮০ সালে তা ঘোষণা করা হয়েছে। এই ঘোষণার ভিত্তিতেই সরকারী অর্থে কিংবা ব্যাঙ্ক ঋণের মাধ্যমে এই রাজ্যে এই সব নলকূপ ও সেচকূপ স্থাপন ও খননের কাজ হয়ে যাবে। এ. আর. ডি. সি (৩) কর্তৃক নির্দিষ্ট মান অনুসারে এ. আর. ডি. সি (৩) প্রকল্পকালীন ১৯৮১ এর ডিসেম্বর মাস পর্যন্ত ২৪৯টি বুকের মধ্যে ২৪৬টি বুকের ক্ষেত্রে অনুমোদন দেওয়া হয়েছে এবং ৩টির ক্ষেত্রে অনুমোদন দেওয়া যায়নি। ১৯৮২ সালের পয়লা জানুয়ারী থেকে এ. আর. ডি. সি (৪) প্রকল্প চালু হয়। এই প্রকল্প কর্তৃক নির্দিষ্ট মান অনুসারে ঐ ২৪৯ বুকের ভূগর্ভজলের পুনর্মূল্যায়নের কাজ আরম্ভ করা হয়। এ পর্যন্ত ১৮৮টি বুকে পুনর্মূল্যায়ন সম্পূর্ণ হয়েছে এবং ৬১টি বুকে কাজ বাকী আছে। ১৮৮টির মধ্যে ১৮০টির ক্ষেত্রে অনুমোদন দেওয়া হয়েছে, ৮টির ক্ষেত্রে অনুমোদন দেওয়া যায়নি। অবশিষ্ট ৬১টি বুকের কাজ শীঘ্র সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। আমি শুধু একটা কথা জানাতে চাই যে বাকি যেগুলি আছে সেইগুলি স্বীকারের অনুমোদন নিয়ে এ্যানাউন্স করবো।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে স্টেট ওয়াটার বোর্ডকে ডিফাংকট করা হয়েছে, তাহলে স্টেট ওয়াটার বোর্ডের কাজ কি ভাবে পরিচালিত হচ্ছে ?

**শ্রীকানাই ভৌমিক :** রেজলিউশানের আদেশ বলে স্টেট ওয়াটার বোর্ড ডিফাংকট হয়ে যাওয়ার পর এটি এখন ডাইরেক্টরেট বডি হিসাবে ফাংশান করছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** স্টেট ওয়াটার বোর্ড যেসব ডিপ টিউব-ওয়েলগুলি তৈরী করেছিলেন, সেগুলি কি জল সেচের কাজে ব্যবহৃত হচ্ছে না পানীয় জলের কাজে ব্যবহার করা হচ্ছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** ওগুলি জলসেচের কাজেই ব্যবহার করা হচ্ছে এবং সেভাবেই থাকবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি স্টেট ওয়াটার বোর্ড যে সমস্ত ডিপ টিউব-ওয়েলগুলি করেছিল, সেগুলি বর্তমানে বিদ্যুতের অভাবে বন্ধ হয়ে আছে, না চালু আছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** স্টেট ওয়াটার বোর্ড ডিপ টিউব-ওয়েল কখনও তৈরী করে না, তারা শুধু ইনভেস্টিগেশান করে দেখে কোন কোন জায়গায় ডিপ টিউব-ওয়েল করার পক্ষে উপযোগী এবং তার রিপোর্ট দেন।

**Misappropriation of cement meant for C.M.D.A. Projects**

*225. ( Admitted question No. *1276 ) **Shri Anup Kumar Chandra :** Will the Minister-in-charge of the Public Work (Metropolitan Development) be pleased to state—

(a) whether the State Government has received any report about misappropriation of cement meant for C.M.D.A. projects ; and

(b) if so—

( i) what are the irregularities which have been brought to the notice of the Government ; and

(ii) the action taken by the Government in the mateer ?

*225 **Shri Prasanta Kumar Sur:** (a) One complaint received by C.M.D.A. has been sent by them to the Vigilance Commission for enquiry. There is another case initiated by the P. W. Deptt. which is under enquiry and sub-judice.

(b) (i) & (ii) In the interest of enquiry, details can not be reported at this stage.

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সি.এম.ডি.এ. থেকে কোন কমপ্লেন পান নি কিন্তু পাবলিকের কাছ থেকে কোন কমপ্লেন পেয়েছেন কিনা এবং পেয়ে থাকলে তার বিরুদ্ধে কোন এ্যাকশন নিচ্ছেন কিনা ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমাদের কাছে কোন কমপ্লেন আসে নি।

**শ্রীআবদুল মান্নান ঃ** যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছিল তাকে সাসপেণ্ড করা হয়েছে কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** তিনি এখন সার্ভিসে নেই।

**মিঃ স্পীকার ঃ** আমার ভুল হয়েছে আমি *২২৩টি ডাকিনি।

**Increase in Property Tax arrears**

*223. (Admitted question No. *1210.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) if it is a fact that the Property Tax arrears due to Calcutta Corporation have increased during the past few years ; and

(b) if so—

(i) what are the factors responsible for increase in Property Tax arrears ;

(ii) what was the total Property Tax arrears at the end of 1979-80, 1980-81, and 1981-82 ;

(iii) what was the annual rate of realisation of Property Tax arrears during 1979-80, 1980-81 and 1981-82 ; and

(iv) the steps, if any, contemplated by the Calcutta Corporation authorities to improve the position in the matter ?

**Sri Prasanta Sur :** Yes. The increase is due to the fact of recent recnt issue of backlog of arrear supplementary bills.

The factors responsible for increase in arrears :

(1) Approximately 15% of the demand is unrealisable because of assess ment disputes, Court injunctions, appeals pending in the Court etc.

(2) A huge amount is locked up due to non-assessment of flat-wise rates in multi-storeyed buildings.

(3) A very large sum is lying unrealised in Bustee taxes and taxes on Refugee Colonies. Bustees have been recently taken over by the Govt.

(4) A substantial sum is lying unpaid by the various offices of the State, Central Govt. and other Statutory Bodies.

(5) A large sum is also lying unpaid as the occupier share bill with commercial surcharge which cannot be recovered under Court orders.

The work on accounting beginning for the period from 1971 onwards, which was in arrears, has been taken up and is in progress. However, the approximate figures so far prepared from the preliminary unverified records are given below :—

| | | |
|---|---|---|
| 1979-80 | — | Rs. 1496 lakhs |
| 1980-81 | — | Rs. 1661 lakhs |
| 1981-82 | — | Rs. 1705 lakhs |

The accounting work is still in progress. However, the approximate figures as prepared from the preliminary unverified records are given below :

| | | |
|---|---|---|
| 1979-80 | — | Rs. 677 lakhs |
| 1980-81 | — | Rs. 654 lakhs |
| 1981-82 | — | Rs. 833 lakhs |

The following steps have been taken to improve realisation :—

(1) Vigorous drive for arrear collection by issue of notices of demand and execution of distress warrants in larger numbers.

(2) Objections against assessment are being promptly disposed of,

(3) Disposal of Court cases and injunction orders are being regularly pursued.

(4) Flat-wise assessments of multi-storeyed buildings are progressing.

(5) For realisation of the State and Central Govt. dues efforts are being made and the matter has already been taken up at the ministrial level.

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনারা কেন্দ্রীয় সরকারের কথা বলছেন বারে বারে কিন্তু স্টেট গভর্ণমেণ্টের প্রপার্টি যেগুলি ল্যাপসেস হচ্ছে সেই স্টেট প্রপার্টিজের ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমরা সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছ থেকে টাকা পাব আর আমরা সেটা বলবো না? আমরা নিশ্চয়ই বলবো।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কংগ্রেস আমলে কত এরিয়ার রিয়েলাইজড্ হয় নি?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কংগ্রেস আমলে প্রায় ১৭ কোটি টাকার বিল তাঁরা করেন নি। এই বিল করার জন্য সল্ট লেকে নতুন অফিস আমাদের বসাতে হয়েছে এবং নতুন লোক নিয়োগ করে সেগুলি করতে হয়েছে।

[ 2-50—3-00 p.m. ]

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ১৭ কোটি টাকার বিল করেন নি এটা কি কারণে বলছেন?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** রেকর্ড থেকে বলছি যার জন্য সল্ট লেকে অফিস করতে হয়।

**শ্রীশচীন সেন ঃ** এই ট্যাক্স বেশিরভাগই হচ্ছে কোলকাতার ডেস্টেড ইণ্টারেস্টের এবং তারা কংগ্রেস ( আই ) এর ছত্র ছায়ায় বাস করে। যেমন ১৮নং রবীন্দ্র সরনী ৭০ লক্ষ টাকা বাকী রেখেছে এবং তার মালিক হচ্ছে পোদ্দার কোর্টের এটা কি ঠিক?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** হ্যা, বাকী আছে।

## জলপাইগুড়ি জেলা ও আলিপুরদুয়ার জেলখানায় বন্দীর সংখ্যা

*২২৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৮। ) **শ্রীসুশীল কুজুর ঃ** স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) জলপাইগুড়ি জেলা জেলখানায় এবং আলিপুরদুয়ার মহকুমা জেলখানায় বর্তমানে বিচারাধীন ও সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা কত;

(খ) বর্তমানে বিচারাধীন ও সাজাপ্রাপ্ত বন্দীদের জন্য দৈনিক মাথাপিছু কত টাকা ব্যয় করা হয়, এবং

(গ) উভয় শ্রেণীর বন্দীদের জন্যে দৈনিক মাথাপিছু ব্যয় বাড়াবার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

| | | বন্দীর সংখ্যা | |
|---|---|---|---|
| | | বিচারাধীন | সাজাপ্রাপ্ত |
| (ক) (১) | জলপাইগুড়ি জেলা জেল | ২৭৩ | ২৬ |
| (২) | আলিপুরদুয়ার মহকুমা জেল | ১৪৬ | ২০ |
| | | বিচারাধীন | সাজাপ্রাপ্ত |
| (খ) | মাথাপিছু দৈনিক ব্যয়ের পরিমাণ | ৪ টাকা ৪৩ পয়সা | ৪ টাকা ৩৪ পয়সা |

(গ) এই বিষয়ে এই মুহূর্তে কোন পরিকল্পনা নাই।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং অন্যান্য জেলখানায় সাজার মেয়াদ শেষ হয়ে গিয়ে জেল খাটছে এই রকম সংখ্যা জানা আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এ রকম নেই।

**শ্রীঅনিল মুখার্জি ঃ** দৈনিক আয় ব্যয় কংগ্রেস আমলে কত ছিল ?

**শ্রীদবব্রত মুখার্জি ঃ** ৩'৮২ পয়সা।

## ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেণ্ট সারভিস স্কীম

*২২৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৭।) **শ্রীজয়কেশ মুখার্জী ঃ** ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ভারত সরকারের "ইনটিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেণ্ট সারভিস স্কীম" পশ্চিমবঙ্গে চালু হয়েছে কিনা ; এবং)

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, এর কারণ কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** ইণ্টিগ্রেটেড চাইল্ড ডেপেলাপমেণ্ট সার্ভিস স্কীম কোন কোন বুকে চালু হয়েছে ?

**শ্রীদেবব্রত বিশ্বাস ঃ** ১৯৮১-৮২ সাল পর্যন্ত ২৭টি বুকে এবং ১৯৮২-৮৩ সালে আরও অতিরিক্ত প্রোজেক্ট নেওয়া হয়েছে।

**শ্রীনীহারকুমার বসু ঃ** পরবর্তীকালে কোথায় স্থাপন করা হবে এ সম্বন্ধে কি কোন পরিকল্পনা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৮৩-৮৪ সালে আরও ২৮টির পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** এই স্কীমে কত শিশু এর সুযোগ পাচ্ছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** নোটিশ চাই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ভারত সরকারের এই স্কীমের জন্য তাঁদের কি ধন্যবাদ জানিয়েছেন ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

## চুঁচুড়া হইতে ধর্মতলা পর্যন্ত সরকারী বাস চলাচল

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭।) শ্রীকৃপাসিন্ধু সাহা : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হুগলী জেলার চুঁচুড়া হইতে ধর্মতলা পর্যন্ত সরকারী বাস চালানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রীরবীন মুখার্জি : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীকৃপাসিন্ধু সাহা : আগের মন্ত্রী মহাশয় একটা আলোচনা সভায় বলেছিলেন একটা ডিভিশানাল টাউন ধর্মতলায় স্থাপন করা হবে — এ সম্পর্কে জানা আছে কি ?

শ্রীরবীন মুখার্জি : এ সম্পর্কে আমার কোন ইনফরমেশান নেই।

## Second Hooghly River Bridge

*230. (Admitted question No. *1317.) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to state —

(a) whether there is any escalation in the estimated cost for the Second Hooghly River Bridge Project during the past three years ; and

(b) if so —

(i) what was the cost estimate in January, 1979 when actual work on the main bridge started ;

(ii) what is the present cost estimate, and

(iii) what are the factors responsible for escalation in cost ?

*230. **Shri Prasanta Kumar Sur :** (a) Yes.

(b)

(i) A cost estimate was prepared by the State Govt. in 1974 amounting to Rs. 68.24 crores which was pruned to Rs. 57.13 crores by the Govt. of India and approved in 1979. But the actual work on the main bridge was started from 1-1-1979. The cost estimate amounting to Rs. 126.58 crores was prepared in July, 1980, assuming the date of completion as December, 1983.

(ii) The cost estimate will depend on the time of completion of the bridge. If it is taken as December, 1986, the cost of the bridge will be Rs. 158 crores.

(iii) The prime contributory factor for this escalation is due to increase in the prices of materials and labour.

**Shri Atish Chandra Sinha :** Will the Hon'ble Minister be pleased to declare a firm date as to when this bridge would be completed ? In his reply he has mentioned 1983 in one place and 1986 in another place,

**Shri Prasanta Kumar Sur :** It is going to be completed in the year 1986.

**Shri Abdur Rauf Ansari :** Will the Hon'ble Minister be pleased to state how much contribution has been received from the Central Government and how much contribution has been received from State Government ?

**শ্রীপ্রশান্তকুমার শূর :** আমি বুঝতে পারলাম মাননীয় সদস্য এই স্কীম সম্বন্ধে কিছুই জানেন না। এটা সম্পূর্ণভাবে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের লোনের উপর ভিত্তি করে করা হচ্ছে এবং আপনাদের দলের যে নেত্রী, ভারতবর্ষের প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৭২ সালে এর ফাউণ্ডেশান স্টোন লে করেছিলেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি ১৯৭৪ সালে তদানীন্তন এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই ব্রীজের কাজ শেষ হবে ১৯৭৯ সালে, তাঁদের অপদার্থতার জন্য কি এই ব্রীজের কাজ শেষ হয়নি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর :** তাঁরা যে বক্তব্য বলে গেছেন আমার আসার আগে প্র্যাকটিক্যালি এই ব্রীজের কোন কাজ শুরু হয়নি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি হাওড়া ব্রীজের শিবপুরের দিকে যে জমি অ্যাকয়ার করা হয়েছে তা গেজেট হয়ে যাবার পরও বহু মানুষ এখনও তাদের টাকা পায়নি আপনার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও ?

**শ্রীপ্রান্তকুমার শূর :** আমার এটা জানা নেই। আমরা টাকা দেবার ব্যবস্থা করেছি যখনই এভিক্ট করেছি। আমার মনে আছে ৪০ পার্সেণ্ট যেটা তারা পেতে পারে ইমিডিয়েটলি যেদিন অ্যাকয়ার করেছি সেইদিনই। আমরা তাদের টাকা দিয়ে দিয়েছি।

## বাঁকুড়া জেলার ছাতনা, শালতোড়া, ইন্দপুর ও গঙ্গাজলঘাঁটি ব্লকে ডিপ টিউবওয়েল স্থাপন

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬২।) **শ্রীসুভাষ গোস্বামী :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার ছাতনা, শালতোড়া, ইন্দপুর ও গঙ্গাজলঘাঁটি ব্লকে ডিপ টিউবওয়েল স্থাপন করা সম্ভব কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ১৯৮২-৮৩ সালে ঐ সমস্ত স্থানে ডিপ টিউবওয়েল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীকানাই ভৌমিক :** (ক) না, সম্ভব নয়।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** সম্ভব নয় কেন, বাঁকুড়ার মাটিতে কি জল নেই ?

**শ্রীকানাই ভৌমিক :** সম্ভব নয় এই কারণে যে আমাদের যে সার্ভে রিপোর্ট তাতে মাটির নিচে যে স্তরটা সেটা পাথুরে। সেজন্য এখন সেটা সম্ভব নয়।

## হাওড়া পৌরসভার নির্বাচন

***২৩২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৩। ) শ্রীঅশোক ঘোষ ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া পৌরসভার নির্বাচন কবে নাগাত অনুষ্ঠিত হবে ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত পৌরসভায় কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কর্মচারী নিয়োগ হচ্ছে না ; এবং

(গ) সত্য হ'লে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) নির্বাচনের দিন সম্বন্ধে স্থির সিদ্ধান্ত লওয়া হয় নাই।

(খ) সত্য নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

[3-00—3-10 a.m.]

**শ্রীঅশোক ঘোষ ঃ** হাওড়া পৌরসভার যিনি বর্তমান সভাপতি, সি পি এম দলের, তিনি গত ৯. ৯. ৮২ তারিখে একটা প্রেস স্টেটমেণ্ট করেছেন এবং যেটা আনন্দ বাজার, যুগান্তর এবং স্টেটস্‌ম্যান পত্রিকায় বেরিয়েছে তাতে দেখছি তিনি বলেছেন ১৯৮৩ সালের মার্চ মাসে হাওড়া পৌরসভার নির্বাচন হবে। তাঁর সঙ্গে আপনি কি দ্বিমত ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** অমি এই খবর রাখিনা।

**শ্রীঅশোক ঘোষ ঃ** ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত যে নমিনেটেড বোর্ডকে পেছনের দরজা দিয়ে ঢুকিয়েছেন তাঁরা এই কবছরে কত কর্মচারী নিয়োগ করেছেন জানাবেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** নোটিশ চাই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এই মিউনিসিপ্যালিটিতে লোক নিয়োগের জন্য এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে কোন রিকুইজিসন ফর্ম পাঠিয়েছেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমেই এ্যাপয়েণ্টেড হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আইনতঃ তাই করতে হয়, কিন্তু কোলকাতা কর্পোরেশনে সেটা যে করেননি সেই খবর আপনি রাখেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** বঙ্গীয় পৌর আইন যেটা আমরা চালু করেছি তার মধ্যে আছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে করতেই হবে চতুর্থ শ্রেণীর কর্মচারী ছাড়া।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** আপনি বললেন ক্লাশ ফোর কর্মচারী ছাড়া। আমার প্রশ্ন হচ্ছে ক্লাশ ফোর কর্মচারী নিয়োগ করতে হলে একটা যে নোটিশ দিতে হয় সেই নোটিশ দিয়েছিলেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমি নোটিশ দেবার মালিক নয়। আমি বলেছি চতুর্থ শ্রেণীর কর্মচারী ছাড়া যাদের নিতে হবে তাদের ওই এমপ্লয়মেণ্ট একচেঞ্জে মাধ্যমেই নিতে হবে।

## অসহায় মহিলাদের সাহায্য

***২৩৪।** ( অনুমোদিত প্রশ্ন নং ***১৫০৬।** ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** ত্রান ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৭৭ সালের জানুয়ারির হইতে ১৯৮২ সালের মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে সমাজকল্যাণ বিভাগে মোট কতজন অসহায় মহিলাকে সাহায্য করা হইয়াছে ;

(খ) উহাদের কিপ্রকার সাহায্য সাধন করা হইয়াছে ; এবং

(গ) উহাদের মধ্যে কয়জনের স্থায়িভাবে জীবনযাত্রার সমাধান হইয়াছে ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** (ক) ২১,৬২৯ জন

(খ) ১। মাসিক আর্থিক সাহায্য।

২। সূচী ও জীবন শিল্পে প্রশিক্ষণ দান।

(গ) পরিসংখ্যান নাই।

## খাদ্যশস্য মজুত ও সরবরাহে অব্যবস্থা

***২৩৬।** ( অনুমোদিত প্রশ্ন নং ***১০৭৭।** ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, আংশিক রেশন ব্যবস্থায় খাদ্যশস্য এফ সি আই গুদামে মজুত ও সরবরাহ করার বদলে বেসরকারী ব্যবসায়ীদের স্টকিস্ট ও বণ্টনকারী হিসাবে নিয়োগ এবং ত্রুটিপূর্ণ গুদামে মাল মজুত করার ফলে খাদ্যশস্য ক্ষতিগ্রস্ত ও সরবরাহ ব্যবস্থা ব্যাহত হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, খাদ্যের মান ও সরবরাহ ব্যবস্থা বজায় রাখার জন্য কোন ব্যবস্থা গ্রহন করা হয়েছে কি ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী :** (ক) ইহা সত্য নহে। কোন এলাকায় যখন খাদ্যশস্য মজুতের স্থানাভাব হয়। তখনই কিছু বেসরকারী গুদাম এফ. সি. আইকে ভাড়া করিয়া অথবা স্টোরিং এজেন্ট নিযুক্ত করিয়া খাদ্যশস্য সরকারী বণ্টনের ব্যবস্থার জন্য মজুত রাখিতে হয়। এই সমস্ত গুদামগুলি সর্বতভাবে এফ. সি.. আইএর নিজস্ব গুদাম হিসাবে গণ্য করা হয়।

(খ) এফ. সি. আই এর গুদামে এবং এফ. সি. আই কর্তৃক নিযুক্ত স্টোরিং এজেন্টদের গুদামে যে খাদ্যশস্য মজুত করা হয় তাহার মান রক্ষার তদারকি করেন এফ. সি. আই এর কোয়ালিটি কণ্ট্রোল শাখার অফিসার ও কর্মচারিরা।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল :** খাদ্য সরবরাহ করার জন্য আমাদের বীরভূম জেলাতে জেলাতে একটিমাত্র গুদাম নির্দ্ধারিত আছে। রেশন ডিলার বা এম আর ডিলার যাঁরা আছেন তাঁদের সরকার নির্ধারিত যাঁরা হোলসেলার আছেন তাঁদের গুদামে মাল রাখার ব্যবস্থা করা হয়েছে। দুঃখের সঙ্গে জানাচ্ছি অত্যন্ত অব্যবস্থার মধ্যে তাঁরা এইসব খাদ্য মজুত করে রাখে এবং ভাল চাল থাকলে সেগুলি বদলী করে সেখানে অখাদ্য

াল রাখে। আমার প্রশ্ন হচ্ছে এই ব্যাপারে তদন্ত করার কোন ব্যবস্থা আছে কিনা ? আর একটা খবর জানাচ্ছি, রামপুরহাটে এফ. সি. আই-র ৩টি গুদাম খালি পড়ে রয়েছে অথচ শিউড়ি থেকে চাল আনতে হয়। অপনি এই সমস্ত ঘটনা অনুসন্ধান করে দেখবেন কি ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী** : আপনি সুনির্দিষ্ট প্রশ্ন করবেন আমি তার উত্তর দিয়ে দেবো।

**Selling of cement at higher price**

*238. (Admitted question question No. *1256.) **Shri Mahbubul Haque** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state —

(a) if it is a fact that cement is being sold at prices higher than fixed prices in West Bengal since June, 1977 ; and

(b) if so, the action taken by Government in the Matter ?

**Shri Radhika Ranjan Banerjee** : (a) West Bengal cement (Licensing & Control) Order 1979 came into force on 31.3.79. From that time Govt. took up total control over the cement distribution and price. Prior that there was only price control over cement. Again on 28.2.82 Govt. of India announced its policy of partial decontrol of cement. During the period from 1977 to 28.2.82 there was no report of charging higher prices above the fixed price. After 28.2.82 Govt. has no control over the price or distribution of Levy free cement. But regarding levy cement we have no such report of charging higher prices above the fixed price.

(b) As there is no such report question of taking action does not arise. But Govt. is very much alert and vigilant over the issue.

**শ্রীমহব্বুল হক** : মন্ত্রী মহাশয় 'এ' প্রশ্নের উত্তরে বললেন সিমেণ্ট বেশী দামে বিক্রি হচ্ছে না। বেশী দামে বিক্রি হলে এবং এই রকম কোন রিপোর্ট এলে, তিনি কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি** : কেন্দ্রীয় সরকার সিমেণ্ট পারসিয়াল ডিকণ্ট্রোল করেছেন। আমি আগেই বলেছি কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী সাধারণ লোকের পকেট কাটার সুযোগ সুবিধা ব্যবসায়ীদের দিয়ে দেওয়া হয়, তাহলে তার উপর তদারকী করবার কোন ক্ষমতা আমাদের থাকেনা। আমি প্রশ্নকর্তাকে অনুরোধ করবো তিনি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে বলুন।

**শ্রীমহব্বুল হক** : এ বিষয়ে কেন্দ্রীয় সরকার যা করেছেন, তা ছাড়া অন্যায়ভাবে যে বেশী দামে সিমেণ্ট বিক্রি হচ্ছে সে সম্বন্ধে আইনানুগ কোন ব্যবস্থা আপনারা নেবেন কিনা ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** লেভি সিমেণ্ট বেশী দামে বিক্রি হচ্ছে না, এ কথা আমি সরকার পক্ষ থেকে বলতে পারি।

**শ্রীআবদুল মান্নান ঃ** গুরুত্বপূর্ণ কাজের জন্য সিমেণ্ট পাওয়া যায় না। অথচ সি. পি. এম. পার্টি, পঞ্চায়েত সমিতির লিডাররা সিমেণ্ট তাড়াতাড়ি পেয়ে যাচ্ছে। সরকারের পক্ষ থেকে এই রকম কোন নির্দেশ আছে কিনা ?

( উত্তর নাই )

**মিঃ স্পীকার ঃ** পার্টলি সিমেণ্ট ডিকণ্ট্রোল করে দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। রেকগনাইজ গভর্ণমেণ্ট এজেন্সিস তারা সেটা বিক্রি করছে। সেখানে এইভাবে প্রশ্ন উঠতে পারে না।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** শুধু পঞ্চায়েত সমিতি কেন সাধারণ লোক চাইলেও সিমেণ্ট পাবেন।

[3-10—3-20 p.m.]

**মিঃ স্পীকার ঃ** আমি আবার মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি, আজকেও ১৩টি প্রশ্ন হেল্ডওভার হলো। মেম্বাররা যখন প্রশ্ন করেন, তখন উত্তর পাবার জন্যই প্রশ্ন করেন। যদি ডিপার্টমেণ্ট উত্তর না দিতে পারেন তাহলে অন্ততঃ তিন দিন আগে যদি অ্যাসেম্বলি সেক্রেটারিয়েটকে জানিয়ে দেন তা হলে প্রশ্নগুলো আর ছাপা হয় না। আমি অনেক দেরীতে চিঠি পেয়েছি, তার আগেই কোশ্চেনগুলো ছাপানো হয়ে গেছে। সুতরাং মন্ত্রী মহাশয়রা ডিপার্টমেণ্টকে সজাগ করে দেবেন, যদি তাদের কোশ্চেনের উত্তর দিতে দেরী হয় তাহলে কোশ্চেনের যে দিন ধার্য্য থাকবে তার তিন দিন আগে যেন তারা চিঠি পাঠিয়ে দেন, যে তারা উত্তর দিতে পারছেন না।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্দেশক্রমে আমি স্টেট ওয়াটার বোর্ড এবং আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার সার্ভের ব্যাপারে বুক ওয়াইজ রিপোর্ট এই হাউসের সামনে দাখিল করতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আপনি ঐ রিপোর্ট টেবেলে করে দিন।

Starred Question (to which answers are laid on the Table)

## পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত চাল ও গম

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৭।) **শ্রীসুমন্ত হীরা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১লা জানুয়ারী, ১৯৮২ থেকে ৩০শে জুন ১৯৮২ পর্যন্ত পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ কত ছিল এবং এর মধ্যে কি পরিমাণ কেন্দ্রীয় সরকার সরবরাহ করেছেন ?

**Minister-in-charge of Food and Supplies Department :**

১লা জানুয়ারী ১৯৮২ থেকে ৩০শে জুন পর্যন্ত কেন্দ্রীয় সরকার ৮,১,২,০০০ মেঃ টন চাল ও ৫,৬০,০০০ মেঃ টন গম এই রাজ্যকে বরাদ্দ করেছেন এবং খাদ্য করপো-

রেশন ঐ সময়ে এই রাজ্যে এনেছেন মোট ৭,৫০,৮০৮ মেঃ টন চাল এবং ৫,৮৯,৯১৯ মেঃ টন গম। ঐ সময়ে খাদ্য করপোরেশন এই রাজ্যকে সরবরাহ করতে পেরেছেন মোট ৭,৫১,৬৮৫ মেঃ টন চাল এবং ৫,৪৩,২৩০ মেঃ টন গম।

ঐ সময়ে আমাদের চাহিদা ছিল মোট ১০,৫০,০০০ মেঃ টন চাল ও ৯,৩০,০০০ মেঃ টন গম।

## মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার রেশন দোকানের মালিকগণকে স্বশরীরে উপস্থিত থাকিয়া রেশন সামগ্রী তুলিবার আদেশ জারী

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯২।) **শ্রীশীশ মহাম্মদ:** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার খাদ্য ও সরবরাহ বিভাগের নিয়ামক আংশিক রেশন দোকানের মালিকগণকে স্বশরীরে উপস্থিত হইয়া স্থানীয় খাদ্যভাণ্ডার হইতে রেশন সামগ্রী তুলিবার আদেশ দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ আদেশ রেশন দোকানের মহিলা মালিকগণের ক্ষেত্রেও প্রযোজ্য কিনা?

**Minister-in-charge of Food and Supplies Department :**

(ক) জঙ্গীপুর মহকুমার খাদ্য ও সরবরাহ বিভাগের নিয়ামকের রিপোর্ট হইতে জানা যায় যে তিনি এরূপ কোন আদেশ দেন নাই। তবে এ সম্পর্কে কাগজপত্রে এম-আর-ডিলার ও ডিস্ট্রিবিউটারকে সই করার নির্দেশ দিয়েছিলেন।

(খ) প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলায় বাস রুটের উপর ইনজাংশন

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *০৫৩৩।) **শ্রীসত্য ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কয়েকটি বাস রুটের উপরে ইনজাংশন জারী আছে;

(খ) সত্য হ'লে কয়টি রুটে ও কতদিন হ'তে ইনজাংশন জারী আছে; এবং

(গ) এই ইনজাংশন মুক্ত করতে এ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে?

**Minister-in charge of State (Transport) Department :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭৯ সালের ডিসেম্বর মাস হইতে ৪৯টি (উনপঞ্চাস) বাস রুট হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ইনজাংসনের আওতাভুক্ত আছে।

(গ) এ বিষয়ে সম্পূর্ণ খরচ বহন করেন পশ্চিমবঙ্গের লিগ্যাল রিমেমব্রাসার। এই হিসাব পরিবহন দপ্তরে নেই।

## পশ্চিমবঙ্গে নূতন পৌরসভা

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৫।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** এবং **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে নতুন কোন পৌরসভা চালু করা হয়েছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতগুলি এবং ইহাদের নাম কি কি ;

(গ) উক্ত পৌরসভাগুলিকে এ পর্যন্ত কত টাকা অনুদান প্রদান করা হইয়াছে ; এবং (ঘ) উক্ত পৌরসভাগুলিকে চাকুরী প্রদানের ক্ষেত্রে কি পদ্ধতি অবলম্বন করা হইয়াছে ও এ পর্যন্ত কতজনকে নিয়োগপত্র প্রদান করা হইয়াছে ?

**Minister-in-charge of Local Self Government and Metropoliton Development Department :**

(ক) হ্যাঁ।

(খ) সাতটি পৌরসভা চালু করা হইয়াছে। তাহাদের নাম (১) হাবড়া (২) বেলডাঙ্গা (৩) ইসলামপুর (৪) যাদবপুর (৫) ডায়মণ্ড হারবার (৬) ঝাড়গ্রাম (৭) উলুবেড়িয়া।

(গ) মোট ১,৩৭,৬৮,০০০ টাকা দেওয়া হইয়াছে। বিশদ বিবরণ সঙ্গে দেওয়া হইল।

(ঘ) নবগঠিত ও পুরাতন পৌরসভায় চাকুরী প্রদানের প্রদ্ধতির পার্থক্য নাই। পৌর পরিচালক মণ্ডলী পৌরসভার কত কর্মী প্রয়োজন নির্ধারিত করেন। সেই অনুযায়ী কর্মীপদ সৃষ্টি ও কর্মী নিয়োগ করেন।

প্রয়োজন ক্ষেত্রে বঙ্গীয় পৌর আইনের ৬৬ ধারামতে কর্মীপদ সৃষ্টির জন্য সরকারের অনুমোদনও নেওয়া হয়।

কতজনকে পৌর সভাগুলি নিয়োগ পত্র দিয়াছে এই মুহূর্তে সরকারের জানা নাই। সরকার সরাসরি ৩ জন আধিকারিককে বঙ্গীয় পৌর আইনের ৬৬(২) ধারামতে উল্লিখিত পৌরসভায় নিয়োগ করিয়াছে।

যাদবপুর পৌরসভা ঃ নির্বাহী আধিকারিক — ১ জন

অর্থ আধিকারিক — ১ জন

হাবড়া ঃ নির্বাহী আধিকারিক — ১ জন

**Statement refered to in reply to clause (Kha) starred Question No. 245**

**Rupees in '000** ( Thousand )

| Sl. No. | Names of Municipalities | Years | Share of entry Tax | Surcharge on M.V. Tax | Grant for road roller | Crash Programme | Development of Municipal areas |
|---|---|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) |
| 1. | Habra | 1979-80 | 1,29 | 1,10 | — | — | 75 |
| | 27.8.79 | 1980-81 | 4,04 | — | 2,15 | 6,00 | 1,85 |
| | | 1981-82 | 5,10 | — | | | 9,42 |
| | *'82 August | 1982-83 | 57 | 31 | | | |
| 2. | Beldanga | 1979-80 | — | 30 | | | 50 |
| | 19.10.79 | 1980-81 | — | — | | 1,00 | 50 |
| | | 1981-82 | 1,02 | — | | | 1,69 |
| | | 1982-83 | 14 | 14 | | | |
| 3. | Islampur | 1979-80 | | | | | — |
| | 16.3.81 | 1980-81 | | | | | — |
| | | 1981-82 | | | | | 1,00 |
| | | 1982-83 | | | | | — |
| 4. | Jadavpur | 1979-80 | — | 2,00 | — | — | — |
| | 14.5.80 | 1980-81 | 15,70 | 1,74 | — | 10,00 | |
| | | 1981-82 | 25,90 | — | 2,25 | | 13,57 |
| | | 1982-83 | 2,99 | | | | |
| 5. | Jhargram | 1979-80 | — | — | | | — |
| | 16-3-81 | 1980-81 | — | — | | | — |
| | | 1981-82 | — | — | | | 1,00 |
| | | 1982-83 | 26 | 22 | | | — |
| 6. | Diamond Harbour | 19 9-80 | | | | | |
| | 10-7-82 | 1980-81 | | | | | |
| | | 1981-82 | | | | | |
| | | 1982-83 | | | | | |
| 7. | Uluberia | 1979-80 | | | | | |
| | 24-8-82 | 1980-81 | | | | | |
| | | 1981-82 | | | | | |
| | | 1982-83 | | | | | |
| | | | 57,01 | 5,81 | 4,40 | 17,00 | 30,28 |

**Statement referred to in reply to clause (Kha) starred Question No. 245**

**Rupees in '000 ( Thousand )**

| Year | Comprehensive Development of Selected Towns | Conversion of service prevics into Sanitary latrines | Construction of Community hall/Commercial estates | Drought allocation | Short term Development | Total |
|---|---|---|---|---|---|---|
| (9) | (10) | (11) | (12) | (13) | (14) | (15) |
| 1979-80 | 3,00 | 70 | 1,80 | 50 | 66 | 980 |
| 1980-81 | 2,47 | 1,00 | 2,00 | | | 1,951 |
| 1981-82 | | | | | | 1,452 |
| 1982-83 | | | | | | 88 |
| 1979-80 | 1,00 | 30 | | 25 | 23 | 258 |
| 1980-81 | 50 | 30 | | | | 230 |
| 1981-82 | | | | | | 271 |
| 1982-83 | | | | | | 28 |
| 1979-80 | | | | | | 100 |
| 1980-81 | | | | | | |
| 1981-82 | | | | | | |
| 1982-83 | | | | | | |
| 1979-80 | — | — | — | — | — | 200 |
| 1980-81 | 6,47 | | 2,00 | | | 3,591 |
| 1981-82 | | | | | | 4,172 |
| 1982-83 | | | | | | 299 |
| 1979-80 | | | | | | |
| 1980-81 | | | | | | 100 |
| 1981-82 | | | | | | 48 |
| 1982-83 | | | | | | |
| 1979-80 | | | | | | |
| 1980-81 | | | | | | |
| 1981-82 | | | | | | |
| 1982-83 | | | | | | |
| 1979-80 | | | | | | |
| 1280-81 | | | | | | |
| 1981-82 | | | | | | |
| 1982-83 | | | | | | |
| | 13,44 | 2,30 | 5,80 | 75 | 89 | 13,768 |

* The Statement does not include the figures of D.A. Subvention as the grants on these accounts are paid through the District Officers and no municipalitywise break-up are available.

## পশ্চিমবঙ্গে লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মিল

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২০।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মিল আছে ; এবং

(খ) সরকারী নির্দেশ অনুযায়ী কতগুলি লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মিল আধুনিকীকরণ করেছে ?

**Minister-in-charge of Food and Supplies Departmant :**

(ক) মে, ১৯৮ পর্যন্ত জেলা থেকে নির্দিষ্ট যে তথ্য পাওয়া গেছে তাতে সংখ্যা হল ৮৩৯৩টি

(খ) ঐ সময়ের তথা অনুযায়ী পশ্চিমবঙ্গে ৫১টি লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মিল আধুনিকীকরণ করা হয়েছে।

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 20 (twenty) notices of calling attention on the following subjects, namely :—

| | | |
|---|---|---|
| 1. | Threatened movement for opening honours courses in Arts and Science in some Colleges of Bankura District | Shri Kashinath Misra, M.L.A. |
| 2. | Disruption of Social life due to load-shedding in West Bengal | Shri Kashinath Mishra, M.L.A. |
| 3. | Alleged exclusion of Graduates from voters list for election to Senate and Syndicate of Burdwan University | Shri Kashinath Mishra, M.L.A. |
| 4. | Natural calamities in some parts of Ratna Constituency due to floods of the Ganges and Fulhar river | Shri Samar Mukherjee, M.L.A. |
| 5. | Construction of unauthorised 'Gumties and buildings on Beneras Road and Sailendra Nath Bose Road in Howrah | Shri Ashok Ghosh, M.L.A. |
| 6. | Disorder in Ranaghat Sub-Divisional Hospital | Shri Gour Chandra Kundu, M.L.A. |
| 7. | Heavy damage in Ranaghat P.S. area due to erosion of the Ganges and Churni | Shri Gour Chandra Kundu, M.L.A. |
| 8. | Outbreak of Cholera and other enteric diseases in Vishnupur Municipal area by drinking polluted water | Shri Kashinath Mishra, M.L.A. |
| 9. | Stoppage of purchase of jute by J.C.I. at Islampur for want of godowns | Shri Choudhury Md. Abdul Karim, M.L.A. |

| | | |
|---|---|---|
| 10. | Reported clash on the 19th September, 1982 at Bouria in Howrah District | ... Shri Anil Mukherjee, M.L.A. |
| 11. | Attack on visitors and public by police on 20.9.82 over a league match at Bankura | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 12. | Reported murder at Baghbazar in Calcutta on 19th September, 1982 | ... Shri Anil Mukherjee, M.L.A. |
| 13. | Severe drought in Bankura and Purulia Districts | ... Shri Anil Mukherjee, M.L.A. |
| 14. | Harassment of passengers by taxi drivers in Calcutta | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 15. | Epedemic of various diseases in Calcutta due to accumulation of garbage | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 16. | Starvation due to stoppage of relief in drought and flood affected areas in Purulia, Birbhum, Bankura, Murshidabad and Midnapore Districts | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 17. | Deadlock in administration of Calcutta University | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 18. | Non-implementation of minimum wages for the bidi-workers in West Bengal causing great hardships | ... Shir Kashinath Misra, M.L.A. |
| 19. | Immediate necessity of relief for the drought and flood affected area in Bankura and Purulia Districts | ... Shri Kashinath Misra, M.L.A. |
| 20. | Outbreak of Cholera and other enteric diseasees throughout West Bengal specially in Calcutta due to scarcity of drinking water | ... Shri Kashinath Misra, M.L.A. |

I have selected the notice of Sri Kashinath Misra on the subject of starvation due to stoppage of relief in drought and fleed affected areas in Purulia, Birbhum, Bankura, Murshidabad and Midnapore District.

The Minister concerned may give a statement, if possible today or give a date.

**Shrimati Nirupama Chatterjee :** The reply will be given on 30th September, 1982.

The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of alleged 20 parcent cut in supply of rationing goods in the modified rationing area.—Attention called by Shri Nurul Islam Chowdhury, Shri SK. Imajuddin and Jayanta Kumar Biswas on the 14th September, 1982.

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** সংশোধিত রেশনের দোকান মারফৎ গ্রামঞ্চলে ইউনিট পিছু যে চাল গম দেওয়া হইত তাহার পরিমান শতকরা ২০ ভাগ কম দেওয়া হইতেছে, এইরূপ কোন নির্দেশ সরকার পক্ষ হইতে দেওয়া হয় নাই। বরং নীচের বিবরণ হইতে দেখা যাইবে যে সংশোধিত রেশন এলাকার চাল গমের বরাদ্দ ও উত্তোলন বৃদ্ধি পাইয়াছে।

( মেট্রিক টনের হিসাবে )

| | বরাদ্দ | | উত্তোলন | |
|---|---|---|---|---|
| **১৯৮২ সাল** | চাল | গম | চাল | গম |
| জানুয়ারী | ১,২৩,৫৮৮ | ২৩,৫০০ | ৫৮,৯৫৭ | ২২,২৭৩ |
| ফেব্রুয়ারী | ১,১৮,০৬০ | ২৩,৫০০ | ৬৯,২৯৫ | ২১,৬৪৩ |
| মার্চ | ১,১৯,৭০০ | ২৬,৫৩২ | ৮৮,৯১৭ | ২৫,১৩৫ |
| এপ্রিল | ১,২৫,৫৬২ | ২৬,৫৩২ | ৮৯,১৯৯ | ২৩,৯২৯ |
| মে | ১,৫১,০১৭ | ২৬,৮৩২ | ১,১১,৯৫৪ | ২১,৫৭৫ |
| জুন | ১,২১,৭৮৫ | ২৬,৫৩২ | ৮৬,৬৬৩ | ২৬,৮৩৯ |
| জুলাই | ১,১৯,৫৮৪ | ৩৭,০৬৭ | ৮৬,৪৩৬ | ৩৭,৩২৬ |
| আগস্ট | ১,২৬,২২৯ | ৩৭,০৬৭ | ১,০৬,৭৩৬ | ৩৫,১০৭ |
| সেপটেম্বর | ১,৩১,০৭৩ | ৩৭,০৬৮ | — | — |

উপরিলিখিত পরিসংখ্যান হইতে মাননীয় সদস্যগণ বুঝিতে পারিবেন যে জুলাই মাসের তুলনায় আগস্ট মাসে ৬৬৪৫ মেঃ টন বেশী চাল সংশোধিত এলাকায় রেশন দোকান মারফৎ বণ্টনের জন্য সরকার বরাদ্দ করিয়াছেন। আবার জুলাই মাসের তুলনায় সেপটেম্বর মাসে ১১,৪৮৯ মেঃ টন চাল বেশী বরাদ্দ করা হইয়াছে।

জুলাই মাসে মোট ১,২৩,৭৬২ মেঃ টন চাল ও গম সংশোধিত রেশনের মাধ্যমে বণ্টন করা হইয়াছে। আর আগস্ট মাসে বণ্টন করা হইয়াছে ১,৪১;৮৮৩ মেঃ টন চাল ও গম। অর্থাৎ জুলাই মাসের তুলনায় আগস্ট মাসে রেশন গ্রহীতারা ১৮,০৮১ মেঃ টন বেশী চাল ও গম সংশোধিত রেশনে পাইয়াছেন। সেপটেম্বরের চাল ও গম উত্তোলনের হিসাব মাস শেষ হইলে পাওয়া যাইবে।

তবে প্রয়োজনের তুলনায় কেন্দ্রীয় সরকারের অপ্রতুল বরাদ্দ, সময়ে সময়ে বরাদ্দের থেকেও কম সরবরাহ এবং রাজ্যের সর্বত্র সকল সময়ে প্রয়োজনমতো খাদ্যশস্য সরবরাহে এফ. সি. আই এর ব্যর্থতার ফলে মাঝে মাঝে কোন কোন এলাকায় রেশন সরবরাহ অনিয়মিত হয়। যখন এই রাজ্যে কেন্দ্রীয় খাদ্যশস্যের আমদানী কমিয়া যায় বা ব্যহত হয় তখনই অসুবিধার সৃষ্টি হয়। ১৯৮১-৮২ সালে খরিফ বৎসরে এই রাজ্যে খাদ্যশস্যের উৎপাদন ক্ষতিগ্রস্ত হয় এবং খরা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই বৎসরও উৎপাদন ক্ষতিগ্রস্ত হইবার আশংকা রহিয়াছে। খোলাবাজারে খাদ্যশস্যের দাম বাড়িয়া গিয়াছে এবং জনসাধারণ আরও বেশী মাত্রায় রেশনের সরবরাহের উপর নির্ভরশীল হইয়া পড়িয়াছে এবং রেশনে খাদ্যশস্যের চাহিদাও আগের তুলনায় অনেক বাড়িয়া গিয়াছে। কিন্তু সে তুলনায় কেন্দ্রীয় খাদ্যশস্যের বরাদ্দ বাড়িয়াছে খুবই নগন্য।

সরকার বর্তমান পরিস্থিতি সম্পর্কে খুবই সজাগ এবং রেশনে সরবরাহ নিয়মিত করার জন্য খুবই চেষ্টা করিতেছেন। এই ব্যাপারে কেন্দ্রীয় খাদ্য দপ্তর এফ. সি. আই এবং রেলদপ্তরের সাথে বরাদ্দ বাড়ানোর এবং বরাদ্দ অনুযায়ী খাদ্য শস্য সরবরাহের জন্য রাজ্য সরকার নিয়মিতভাবে দাবী জানাইতেছেন।

মাননীয় সদস্যগণ জানেন যে গ্রামীন কর্মসংস্থান প্রকল্পে বার বার কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানানো সত্বেও কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে খাদ্যদ্রব্য সরবরাহ করিতেছেন না যাহা অতীতে খাদ্যের বদলে কাজের মাধ্যমে সরবরাহ হইত। সুতরাং গ্রামের সাধারণ মানুষ আজ বেশী বেশী রেশনের উপর নির্ভরশীল। তাই গ্রামাঞ্চলে খাদ্য কমানো তো দূরের কথা যাহাতে গ্রামাঞ্চলে আরও বেশী খাদ্য দেওয়া যায় তার পরিকল্পনা সরকার ইতিমধ্যেই গ্রহণ করিয়াছে।

**Mr Speaker :** The Minister-in-charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of epidemic of Malaria and Encephalitis throughout West Bengal-attention called by Shri Kashinath Misra on 15th September, 1982.

[ 3-20—3-30 p.m. ]

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ—** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কোন কোন জেলায় ম্যালেরিয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ১৯৮২ সালে পশ্চিমবাংলায় জানুয়ারী থেকে সেপ্টেম্বরের গোড়া পর্যন্ত খবরের ভিত্তিতে দেখা যাচ্ছে যে ইতঃস্তত বিক্ষিপ্তভাবে কয়েকটি জেলায় এনকেফেলাইটিস রোগ দেখা দিয়েছে।

**ম্যালেরিয়া**

১৯৮০ সালে সারা পশ্চিম বাংলায় মোট ম্যালেরিয়া রোগীর সংখ্যা ছিল ২২,২১৯ জন। এর মধ্যে ১৭৩৩ জন পি. এফ. ( পি. ফ্যালসিপেরাম ) আক্রান্ত। এই ২২,২১৯ জন আক্রান্ত রোগীর মধ্যে ৩ জন মারা যায়। ১৯৮১ সালে ম্যালেরিয়ায় মোট আক্রান্তের সংখ্যা ছিল ৩০,৭১৭; তার মধ্যে পি. এফ. এ-আক্রান্তের সংখ্যা হল ২৬০৩। মোট মৃতের সংখ্যা ঐ বছরে ৪জন। আর ১৯৮২ সালের জুন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা হল ৮,৮৬৯; এর মধ্যে পি. এফ.-এ আক্রান্তের সংখ্যা হল ১,২১৮ জন। প্রাথমিক পর্যায়ে অসম্পূর্ণ রিপোর্টের ভিত্তিতে দেখা যায় যে ১৯৮২ সালে জুন পর্যন্ত ম্যালেরিয়া রোগে মৃতের সংখ্যা ছিল ৪ জন। পরে প্রাপ্ত যাচাই করা রিপোর্টের ভিত্তিতে দেখা যায় যে পুরুলিয়া জেলায় ১৯৮২ সালে জুন পর্যন্ত ম্যালেরিয়া রোগে ২ জনের মৃত্যু হয়েছে। অর্থাৎ জলপাইগুড়ি জেলাতে ৪ জন ও পুরুলিয়া জেলায় ২ জন মোট ৬ জনের মৃত্যু হয়েছে।

তুলনামূলক ভাবে দেখা গেছে জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়ার প্রকোপ বেশ বেড়েছে। বর্তমান বছরে ২৮.৮.৮২ পর্যন্ত এই জেলায় তথাকথিত ম্যালেরিয়ায় মৃত বলে বর্ণিত ১২২ জনের খবর পাওয়া গেছে। তবে মৃত্যুর এই পরিসংখ্যানের মধ্যে ম্যালেরিয়া সহ অন্যান্য কারণে এবং স্বাভাবিক মৃত্যুও অন্তর্ভুক্ত হয়েছে। এই বছরে

২৮.৮.৮২ পর্য্যন্ত ৬৪৩৭ জনের রক্তে ম্যালেরিয়ার জীবানু পাওয়া গেছে। এই ৬৪৩৭ জনের মধ্যে ১৯২৫ জনের রক্তে পি. এফ.-এর জীবানু পাওয়া গেছে। পি. এফ.-এর জীবানু অত্যন্ত মারাত্মক ধরনের। বর্তমান বছরে এর আক্রমণ-হার শতকরা ২৯.৯ ভাগ। সেই তুলনায় ম্যালেরিয়া পজিটিভের হার শতকরা ৬.৩ ভাগ।

জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়া নিয়ন্ত্রণের জন্যে অতিরিক্ত ১১.৫৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং স্প্রে কর্মসূচী, জ্বররোগীর অনুসন্ধান কর্মসূচী ও ল্যাবরেটরি সার্ভিস প্রভৃতি জোরদার করা হয়েছে। প্রয়োজনীয় ক্লোরোকুইন, প্রাইমাকুইন, কুইনিন ইন্‌জেকশন প্রভৃতি ঔষধপত্র মজুত করা হয়েছে। রোগসংক্রমন ও প্রাণনাশের আশংকা দূর করার জন্য প্রথম পর্য্যায়েই ক্লোরোকুইন ও প্রাইমাকুইন এক সঙ্গে জ্বরগ্রস্ত রোগীকে খাওয়ানো হচ্ছে। তাছাড়া জ্বরগ্রস্ত রোগীকে বিনামূল্যে যাতে অতি সহজে ঔষধ দেওয়া যায় তার ব্যবস্থা করা হয়েছে। এই সব ব্যাপারে জেলাস্তরে ও বুক স্তরে সরকারী কর্মচারী, জনপ্রতিনিধি, চা বাগিচা সমিতি প্রভৃতির সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে। তাছাড়া এই কর্মসূচীর সার্থক রূপায়নের জন্য অতিরিক্ত পরিদর্শক নিয়োজিত আছেন। রাজ্যের স্বাস্থ্য কৃত্যক থেকে প্রতি মাসেই অভিজ্ঞ আধিকারিকগণ এই জেলায় যাচ্ছেন। রোগ এখন নিয়ন্ত্রন হয়ে আসছে বলে মনে হয়। প্রসঙ্গতঃ বলা যায় গুরুতর কর্তব্য-চ্যুতির জন্য জলপাইগুড়ি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা (Disciplinary action) নেওয়া হচ্ছে, এছাড়াও জলপাইগুড়ি জেলাতে এই রোগের ভয়াবহ ব্যাপ্তির কারণ, স্বাস্থ্য বিভাগের কর্মচারিদের কোনরূপ গাফিলতি ছিল কিনা—ইত্যাদি বিষয়ে যথাযথ তদন্ত করার কথা সরকার বিবেচনা করছেন।

## এনকেফ্যালাইটিস

এনকেফেলাইটিস্ ( জাপানীজ ) রোগ পশ্চিমবঙ্গে প্রথম দেখা দেয় ১৯৭৩ সালে এবং বর্ধমান সহ আরও দশটি জেলায় ছড়িয়ে পড়ে। ১৯৭৬ সালে পুনরায় বর্ধমানেই এই রোগ দেখা দেয়, কিন্তু অন্যান্য জেলায় তা ছড়িয়ে পড়েনি। ১৯৭৮ সালে পুনরায় বর্ধমানে ঐ রোগ দেখা দেয় এবং আর ৫টি জেলায় ছড়িয়ে পড়ে। ১৯৭৮ সালে ২রা জানুয়ারী পর্য্যন্ত তার প্রকোপ চলে। পরে আবার ১৯৭৯ সালে সেপ্টেম্বর মাসে বর্ধমানেই এই রোগ দেখা দিয়ে আরও ৬টি জেলায় ছড়িয়ে পড়ে। ১৯৮০ সালের ২৪শে মার্চ পর্য্যন্ত তার প্রকোপ চলে। আবার বর্ধমানেই ১৯৮০ সালে এই রোগ ২১শে অক্‌টোবরে শুরু হয়ে চলে ১৭ই ডিসেম্বর পর্য্যন্ত। ১৯৮১ সালে এই রোগ বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ জেলায় সেপ্টেম্বর মাসে শুরু হয়ে ডিসেম্বর মাস পর্য্যন্ত চলে।

১৯৭৩ সালে এই রোগে মোট আক্রান্তের সংখ্যা ছিল ৯৬০ আর মৃতের সংখ্যা ছিল ৪১৯। ১৯৭৬-৭৭ সালে শুধু বর্ধমান জেলায় আক্রান্তের সংখ্যা ৩০৬ আর মৃতের সংখ্যা হয় ১২৫। ১৯৭৮-৭৯সালে মোট আক্রান্তের সংখ্যা ছিল ১৩৩৭ আর মৃতের সংখ্যা ছিল ৬১৪। ১৯৭৯-৮০ সালে মোট আক্রান্তের সংখ্যা ১২৪৫ জন হয় আর মৃতের সংখ্যা হয় ৪৭৯। ১৯৮০ সালে শুধু বর্ধমানে আক্রান্তের সংখ্যা ছিল ৬২ আর মৃতের সংখ্যা ছিল ২৭। ১৯৮১ সালে মোট আক্রান্তের সংখ্যা ৭১ ও মৃতের সংখ্যা ৩৫। এই বছরে এখন পর্য্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ১৫ আর মৃতের সংখ্যা

১০। এই রোগ নিরাময় ও প্রতিরোধের জন্য রোগীকে খুঁজে বের করা, হাসপাতালে পাঠানো ও চিকিৎসা করা, আক্রান্ত এলাকায় ডি. ডি. টি. স্প্রে করার ব্যবস্থা, স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে রোগীর রক্ত সেরিব্রো স্পাইনাল ফ্লুইড পরীক্ষা, মশাকে পরীক্ষা করা এবং স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন থেকে আক্রান্ত এলাকায় বিশেষজ্ঞ দল পাঠানো প্রভৃতি ব্যবস্থা নেওয়া হয়েছে।

## MENTION CASES

**শ্রীঅম্বিকা ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ায় প্রতি মঙ্গলবারে একটা বিরাট হাট বসে এবং এই হাটের নাম হচ্ছে মঙ্গলা হাট। সারা ভারতবর্ষে এতবড় হাট আর আছে কিনা জানি না। কটেজ ইনডাস্ট্রিতে যে সমস্ত জামা-কাপড় তৈরী হয় সেগুলি এখানে বিক্রি হয় এবং হাজার হাজার বিক্রেতা এবং লক্ষ লক্ষ ক্রেতা এখানে ওই হাটের দিনে সমবেত হয়। এই হাটটি একটি প্রাইভেট মালিকানার অধীনে রয়েছে। এখানকার পরিবেশ অত্যন্ত অস্বাস্থ্যকর, এখানে দিনের বেলায় পর্যন্ত আলো যায় না এবং তার ফলে ক্রেতারা এখানে যেতে পারে না। আর একটা অসুবিধা হল, এখানে স্থান সংকুলান না হওয়ার জন্য হাজার হাজার বিক্রেতা রাস্তায় বসে কোর্টের আশে-পাশে এবং তার ফলে ওখানকার ট্রাফিক জ্যাম হয়ে যায়, পুলিশ এবং মস্তানরা ওই বিক্রেতাদের কাছ থেকে পয়সা রোজগার করে। সম্প্রতি পৌর মন্ত্রী নিউ মার্কেট ইমপ্রুভ করার কথা বলেছেন। নিউ মার্কেট বড়লোক এবং উচ্চ মধ্যবিত্তদের জন্য। আমার অনুরোধ হচ্ছে হাওড়ায় যে হাটের কথা আমি বলছি সেখানে যদি একটা ডাবল-স্টোরিড বিল্ডিং করে দেন তাহলে রাস্তাঘাট পরিস্কার থাকে এবং সেখান থেকে গভর্ণমেণ্ট-এরও আয়ের পথ হয়।

**শ্রীমাধবেন্দু মোহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার তেহট্ট থানার সরস্বতী খাল জলঙ্গী নদীর সাথে নাটনা-পাথরঘাটার অন্তর্গত ছুচোখোলার মাঠ এবং বিলের সঙ্গে যুক্ত। গত বছর জলঙ্গী নদীর মুখে একটা স্লুইস গেট করা হয়েছে। এখন এই খালটি সংস্কার করা দরকার এবং এই সংস্কার হলে কয়েক হাজার একর চাষের জমির উপকার হবে।

**শ্রীঅশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ায় বেনারস রোডে একটা কবরস্থান আছে এবং সেখানে শিশুদের কবর দেওয়া হয়। আপনারা হাওড়া পৌরসভায় ব্যাকডোর দিয়ে যেমন নমিনেটেড বোর্ড ঢুকিয়েছেন ঠিক তেমনি সি. পি. এম-এর ৩ জন মস্তান যাদের নাম হচ্ছে, রতন দত্ত, রতন চক্রবর্তী এবং স্বপন তারা ওই কবরস্থানে একটা ঘর তৈরী করেছে এবং তাদের জন্য ওখানকার হিন্দুরা খুবই ভীত। আমি অনুরোধ করছি আপনি হাওড়া পৌরসভার কাছ থেকে একটা রিপোর্ট আনুন এবং অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করুন।

[3-30—3-40 p.m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্পীকার স্যার, আজকের "দি টেলিগ্রাফ"-এ যেটা বেরিয়েছে সেটা আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাইছি।

The West Bengal Minister for Municipal Affairs Mr. Prasanta Kumar Sur has been accused of Violating Government rules in passing orders for paying Rs. 3.60 crores to two private firms.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা এনকোয়ারী হয়। মাননীয় মন্ত্রীমহাশয় এখানে আছেন। এটা বেরবার পরেও এই মন্ত্রীর এখানে থাকার কোনো অধিকার নেই, তাঁর পদত্যাগ করা উচিত। আমি তাঁর পদত্যাগ ডিমাণ্ড করছি।

I demand immediate resignation of Minister and I also demand that an enquiry commission be constituted to go into his ill-acts and ill-deeds.

**শ্রীমীর ফকির মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। নদীয়া জেলার দেবগ্রাম রেল ষ্টেশনের পরে নাগাদী গ্রামের কাছে কংগ্রেস (ই)-র পৃষ্ঠপোষক ওয়াগন ব্রেকাররা প্রতি দিন ট্রেন দাঁড় করিয়ে হাজার হাজার মন চাল এবং চিনি নামিয়ে নিচ্ছে এবং প্রকাশ্য দিবালোকে গরুর গাড়ী করে পাচার করছে। সেই চাল চিনি নিয়ে গিয়ে তারা বাজারে বিক্রি করছে। ঐ এলাকার পুলিশের সঙ্গে যোগাযোগ করে ঐ সমস্ত সমাজ বিরোধীরা এই কাজ কবছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা চুরির কথা বললে রেগে যাবে, ডাকাতির কথা বললে রেগে যাবে। তাই আমি সেসব না বলে এমন একটা কথা বলছি যে এ রকম কাজ ওরা রেগুলার করে, কেউ ধরা পড়ে, কেউ ধরা পড়ে না।

বিষয়টি হলো, বীরভূম জেলার মহম্মদ-বাজার পঞ্চায়েত সমিতির সভাপতির একজন প্রণয়িনী ছিল, সে সেই প্রনয়িনীর ১৩ বছরের মেয়েকে নিয়ে পালিয়েছিল। এ বিষয়ে থানায় পুলিশের কাছে ডাইরি করা হয়েছিল, আমার কাছে সেই জি. ডি. নম্বোর আছে আছে। ১৩ দিন পরে সে ফিরে এলে সেই মেয়ের পক্ষ থেকে থানায় গিয়ে ডাইরী করা হয়েছে। কোথায় ছিল, কি অবস্থায় ছিল তা আমি জানি না এবং তাকে কি কি করা হয়েছে তাও আমি বলতে পারব না। কারণ আমার ও সব অভ্যাস নেই। ওদের অভ্যাস আছে, ওরা বলতে পারে। এই রকম নারকীয় ঘটনা সি. পি. এম. সদস্য পঞ্চায়েত সমিতির সভাপতি ঘটিয়েছে। দেশে আইন শৃঙ্খলা নেই, যার ফলে পুলিশও কিছু করতে পারছে না। আমি জানি এ বিষয়ে মুখ্যমন্ত্রীকে জানিয়ে কোন লাভ হবে না। তাই আমি স্যার, আপনার বিবেককে জানাচ্ছি কিছু প্রতিকারের জন্য।

**শ্রীসুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

বিষয়টি হলো এই যে, মেদিনীপুর জেলার খেঁজুরি একটা তপশিলী অধ্যুষিত এলাকার মাধ্যমিক স্কুল এবং জুনিয়র হাই স্কুলগুলির দেখাশুনা করা এবং জটিলতার মীমাংসা করার জন্য এ. আই. এস.—মেদিনীপুর জেলার মাধ্যমিক শিক্ষা অধিকর্তার অধীনে এক ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে, কিন্তু সে অত্যন্ত দুর্নীতি পরায়ণ। সে মানুষের কাছ থেকে উতকোচ গ্রহণ করে বিভিন্ন বেআইনী কাজ করে চলেছে। আমি

শিক্ষামন্ত্রীর কাছে আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি যে. অবিলম্বে এই ব্যক্তিকে পশ্চিম-বংগের শিক্ষা বিভাগ থেকে অপসারণ করা হোক এবং খেঁজুরির চেকিং অফিসারের পদ থেকে অবিলম্বে তাকে সরিয়ে আনা হোক।

**Shri Abdul Karim Choudhury :** मिस्टर स्पीकर सर, मैं आपके माघ्यम से माननीय एग्रीकलचर मिनिस्टर कान घ्यान आकर्षण करना चाहता हूँ। हमारे इलाके में पाट तैयार हो गया है जे० सी० आई० पाट नहीं खरीद कर रहा है। उसका कहना है कि हमाते पास गोडाउन नहीं है। खरीद कर पाठ रखेंगे कहाँ व आप यह जानते हैं कि सामने महीने में त्योहार आ रहा है—हिन्दुओं का दशहरा मुसलमानों का मुहरम। किसान पाट वेंचकर आपने बच्चों को किस कपड़े-कुत्ते खरीदेगा मगर उसका पाट जे० सी० आई० नही खहीद रहा है।

इसलिए मैं माननीय मंत्री महोदय से रिकोयेस्ट करूँगा कि जे० सी० आ० के किस फौरन गोडाउन की व्यवस्था करें ताकि जे० सी० आ० पाठ खरीद सके और किसानों को सहज मिल सकें।

**শ্রীলক্ষ্মীকান্ত দে :**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। কলিকাতার বিদ্যাসাগর স্ট্রীটে বিদ্যাসাগর মহাশয়ের একটি বাড়ী আছে। সেই বাড়ীর একটি অংশ ভেঙে পড়ছে। আমি যতদূর খবর নিয়ে জেনেছি, যে অংশটি ভেঙে পড়ছে সেই অংশটি পূর্ত দপ্তরের অধীনে রয়েছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা দরকার। ঐ ভাঙা বাড়ীতে কংগ্রেসী সমাজ বিরোধিরা সব সময়ে মদ্যপ অবস্থায় থাকে এবং নানা রকম দুষ্কৃতিমূলক কাজ করছে। মহিলা সংক্রান্ত নানা রকম কাজে লিপ্ত আছে। আমি অনুরোধ করবো, পূর্ত-বিভাগের অন্তর্গত যে অংশটি আছে সেটিকে সারিয়ে সমাজ সেবা মূলক কোন কাজে যাতে ব্যবহৃত হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**ডাঃ হৈমী বসু :**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩১ নম্বর, অশ্বিনী দত্ত রোডে শরৎচন্দ্রের বাড়ীর দোতলায় বৃষ্টির জল পড়ছে। ঐ বাড়ীর একতলায় শরৎচন্দ্রের ভাইজি মুকুল চ্যাটার্জী বাস করেন। ঐ ১ তলার একটি অংশে শরৎ সমিতি শরৎ গ্রন্থাবলীর কাজ করে চলেছেন। কিন্তু হঠাৎ দেখা গেল, ১ তলার একটি অংশ নিয়ে গুদাম ঘরে পরিণত করা হয়েছে। রবীন্দ্রনাথ যে বৈঠকখানায় শরৎচন্দ্রের সঙ্গে দেখা করেন সেই ঐতিহাসিক বাড়ীর এমন অবস্থা যে সেখানে পাণীয় জল নেই, ইলেকট্রিক কানেকসান বন্ধ হয়ে গেছে। এমন অবস্থা হয়েছে যে, যে কোন সময়ে আগুন লেগে যেতে পারে। শরৎচন্দ্রের স্মৃতি বিজড়িত বহু জিনিষ মিউজিয়ামে রাখার মতন অথচ সেখানে জায়গার অভাবে নষ্ট হচ্ছে। শরৎচন্দ্রের পাণ্ডুলিপি এবং বহু মূল্যবান জিনিষ নিয়ে রিসার্চ করবার জন্য পরিকল্পনা করা হয়েছিল কিন্তু এই অংশটুকু কেড়ে নেওয়ার ফলে তা নস্যাৎ হতে চলেছে। তাই আপনার কাছে আবেদন অবিলম্বে সরকার এই বাড়ীটি নিয়ে শরৎ সমিতির হাতে দিন যাতে করে রক্ষনা-বেক্ষন হয় এবং রির্সাচ, মিউজিয়াম এবং লাইব্রেরী যাতে হতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ—** মানীনয় অধ্যক্ষ মহাশয়, শিয়ালদহের ৩টি সেকসানে র্থাৎ নর্থ, সাউথ এবং মেইনতে আগে স্ট্রেচার রাখার ব্যবস্থা ছিল। এখন দেখা াচ্ছে, স্ট্রেচারগুলি নষ্ট হয়ে গেছে। একটি স্ট্রেচার আছে কিন্তু তার বহনযোগ্যতা নষ্ট য়ে গেছে, রোগীকে বহন করা যায় না। সেইজন্য আপনার মাধ্যমে আবেদন ানাচ্ছি, ইস্টার্ণ রেলওয়ের জেনারেল ম্যানেজারের সঙ্গে এই ব্যাপারে যেন কথা বলা য় এবং স্ট্রেচার রাখার যাতে ব্যবস্থা হয়। কেননা মফঃস্বলের পেসেন্ট যাদেরকে াফার করে কলকাতায় তাদেরকে নিয়ে যাওয়ার অসুবিধা হচ্ছে। আপনার দৃষ্টি াকর্ষণ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ—** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে াননীয় মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ সেপ্টেম্বর াই কলিকাতার মহানগরীতে বিপ্লবী বাঘা যতীনের মূর্তির আবরণ উন্মোচন করার নুষ্ঠান ছিল। সেই অনুষ্ঠানে মাননীয় রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রী সবাই পস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে একজন প্রবীন স্বাধীনতা সংগ্রামী যেভাবে নিগৃহীত য়েছেন তাতে করে এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য ব্যর্থ হয়ে গেছে। ব্যাপারটি হচ্ছে, াই অনুষ্ঠানে ১৯৩০ সালের চট্টগ্রাম অস্ত্রগার লুণ্ঠনের মামলায় দাসপুর দারোগা হত্যার াসামী শ্রীপুষ্পরঞ্জন চ্যাটার্জী একজন প্রবীন স্বাধীনতা সংগ্রামী উপস্থিত ছিলেন। াননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর ভাষণ দেবার পরই শ্রীপুষ্পরঞ্জন চ্যাটার্জী মহাশয় মাননীয় খ্যমন্ত্রীর ভাষণের একটি অংশের প্রতিবাদ করতে যান। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, নতাজী সুভাষচন্দ্রের আজাদ হিন্দ বাহিনী জাপানী ফৌজ নিয়ে গঠিত হয়েছিল। মুখ্য-মন্ত্রী একথা ঠিক নয় বলে তিনি প্রতিবাদ করতে যান।

3-40—3-50 a.m.]

সেই সময় মননীয় পূর্ত মন্ত্রী মহাশয় উল্লেখিত প্রবীণ স্বাধীনতা সংগ্রামীর প্রতি অশিষ্ট আচরণ করেন। তিনি তাঁকে প্রায় একরকম ধাক্কা দিয়ে সরিয়ে দেবার চেষ্টা করেন।

( গোলমাল )

( নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁহার আসন গ্রহণ করেন। )

**শ্রীশুভেন্দু মণ্ডল ঃ—** মিঃ স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চশিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি কিছু বক্তব্য রাখতে চাই। কথাটি হচ্ছে, গড়বেতা কলেজের অধ্যাপক শ্রীশরত রায় কংগ্রেসের পক্ষ থেকে প্রার্থী দাঁড়িয়ে ১৯৭৭ এবং ১৯৮২ এই দুইটি নির্বাচনে সি পি আই ( এমের ) পরাজিত হয়েছেন। তিনি নির্বাচনে এইবার পরাজিত হবার পর সেই কলেজের কংগ্রেস পরিচালিত ছাত্রপরিষদ নানা অজুহাত খুঁজে বার করে গণ্ডগোলের সূত্রপাত করছে। প্রাক্তন কংগ্রেসের এম. পি. গোবিন্দ সিংহ গড়বেতা কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা তাঁর ছেলে যুগল কিশোর সিংহ সেখানকার একজন কর্মচারী। কং ( ই ) ছাত্রপরিষদের ছেলেরা কলেজে ছাত্র আন্দোলন করছে এই অজুহাত তুলে যে, ঐ কর্মচারী যুগল কিশোর সিংহ তার ব্যবহার ভাল নয়। তারা এই অভিযোগ করছে। যুগল সিংহ কলেজে

পাট্টা বিলি করছে। এর পোষ পাকাদারী নিয়ে একজন আদিবাসীর সঙ্গে কথা বলে। যে সেই আদিবাসী স্পেশাল কমপোনেণ্ট খনের জন্য দরখাস্ত করে। যুগল সিংহ সমবায় অনাদায় সমিতির সম্পাদক। সেজন্য আদিবাসী কৃষক কলেজে তার সঙ্গে লোকদের কলেজে পাট্টা দেওয়া হয় না। এই অজুহাতে তারা তাকে আটক করে রাখে এবং ওখানে তারা যুগল সিংহের বরখাস্তের দাবীতে কং ( ই ) ছাত্র পরিষদ মারপিট করে। এই জন্য ধর্মঘট করে। আসলে যুগল সিংহ কং ( ই ) কে সমীহ করে না। তার ব্যবহার ভাল। সে সি পি এম এর সমর্থক তাই তার বিরুদ্ধে আক্রোশ কং ( ই ) র ও গুন্ডির ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহারাণ হাজরা :—** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাধ্যমিক বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার সাঁকরাইল থানার রঘুদেববাটী সাধারণ বিদ্যালয়, জুনিয়ার হাই স্কুল, এখানকার প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অর্থ তছরূপের অনেক অভিযোগ আছে। এই অভিযোগ ডি. পি. আই. ডি. আই. কে লিখিতভাবে দেওয়া হয়েছে। কিন্তু আজ পর্য্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। ঐ স্কুলের প্রধান শিক্ষিকা শ্রীমতী মিনা নিয়োগী অন্যান্য সমস্ত শিক্ষিকাদের সার্ভিসবুক, প্রভিডেণ্ট ফাণ্ড, গ্র্যাচুইটি ইত্যাদির ব্যাপার নিজের ইচ্ছামত করছেন। এই বিষয়ে অন্যান্য শিক্ষিকারা একটি অভিযোগ পত্র আমাকে দিয়েছেন। আমি মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, Sir, I would like to draw the attention of the Hon'ble Transport Minister about the horrible situation now prevailing in Kakdwip bazar. The supply of essential articles including food has stopped because lorries and tempos cannot move in that part of the district. It is happening now because local C. P. M. cadres are forcibly demanding Rs. 50/- for each lorry and tempo. They have refused to do that. As a result the prices of essential articles have been increasing tremendously and people are suffering. I request the Hon'ble Chief Minister to interfere into the matter so that lorries and tempos can move freely.

**শ্রীযতীন চক্রবর্তী ঃ—**মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমার একটা পারসোনাল এক্সপ্লানেসান দিচ্ছি। বাঘাযতীনের মূর্তির আভরণ উন্মোচন নিয়ে আমার সম্পর্কে কোন একটা ঘটনা উল্লেখ করে মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার মহাশয় বললেন আমি নাকি জনৈক স্বাধীনতা সংগ্রামীর সঙ্গে অশিষ্ট আচরণ করেছি। মুখ্যমন্ত্রী যখন ভাষন দেন তখন তিনি নাকি তাঁর ভাষনের প্রতিবাদ করেছিলেন। তিনি যে কথা বলেছেন এটা সম্পূর্ণ অসত্য কথা। মাননীয় মুখ্যমন্ত্রী তার ভাষণের মধ্যে কখনও বলেন নি যে আজাদ হিন্দ বাহীনি জাপানীদের নিয়ে গঠিত হয়েছিল। সুতরাং এটা সম্পূর্ণ অসত্য কথা। সংবাদপত্রে এই কথা বের হয় নি। তিনি বললেন ডায়াসে উঠে বক্তব্য রাখবেন। এখানে প্রায় ১ হাজার স্বাধীনতা সংগ্রামীর সমবেত হয়েছিল। যদি একজনকে বিতর্কে অংশ গ্রহন করতে হয় তাহলে সেটা সম্ভব নয়। সেই দিন অত্যন্ত সীমিত সময়ের মধ্যে এটা হয়েছে। তার সঙ্গে কোন রকম অশিষ্ট আচরন করা হয় নি। যাতে সুযোগ হয় সেই জন্য জানিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রীকে। কিন্তু

মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে এই কথা বলেন নি। সুতরাং এটা সম্পূর্ণ অসত্য কথা এবং তাঁর সঙ্গে কোন অশিষ্ট আচরন করা হয় নি। নিরাপত্তার খাতিরে পুলিশ তাঁকে ডায়াসের কাছে যেতে দেয় নি।

## মোশান আণ্ডার রুল ১৮৫

**মিঃ স্পীকার ঃ**—এখানে একটি মোসান এসেছে, আণ্ডার রুল ১৮৫। শচীন সেন এবং অন্যান্য সদস্যরা এটা এনেছেন। এই পয়েণ্ট যাতে আলোচনা করতে পারেন তার জন্য ১ ঘণ্টা সময় অনুমোদনের জন্য এই হাউসের সদস্যদের জানাচ্ছি। আশা করি এই ব্যাপারে আপনারা সকলেই এক মত। সুতরাং এই বিষয়ে আলোচনার জন্য ১ ঘণ্টা সময় দেওয়া হ'ল।

**শ্রীশচীন সেন ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি এই হাউসে একটা প্রস্তাব উল্লেখ করেছিলাম। সেটা হচ্ছে বেয়রুটে নৃশংস হত্যাকাণ্ডের ব্যাপারে। সেই সম্পর্কে একটা প্রস্তাব গ্রহণ করায় মাননীয় সদস্যরা এবং বিরোধী পক্ষের সদস্যরা সমর্থন করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে ধন্যবাদ যে আমাদের এই রেজলিউসান ১৮৫ নং অনুযায়ী প্রস্তাব উৎথাপন করতে অনুমোদন দিয়েছেন। প্রস্তাবটি আমি পড়ে শোনাচ্ছি।

Sir, I beg to move that, এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ করছে যে—মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ মদতে গত তিন মাস ধরে ইসরায়েলী সৈন্যবাহিনী আন্তর্জাতিক সীমান্ত লঙ্ঘন করে লেবাননের অভ্যন্তরে ঢুকে পড়েছে। চালাচ্ছে যথেচ্ছ খুন, লুট ও ধংসলীলা। গত তিন মাসে হাজার হাজার লেবাননবাসী হয় নিহত, না হয় আহত ও গৃহহারা হয়েছে। স্বাধীন দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের এরূপ দৃষ্টান্ত ইতিহাসে বিরল। লেবাননের রাজধানী বেইরুট এখন ইজরায়েলী সেনাবাহিনীর দখলে। গত ১৭ই সেপ্টেম্বর রাতে ইজরায়েলী সৈন্যদের প্রত্যক্ষ সাহায্যে বেইরুটের ছিন্নমুল প্যালেস্তানী উদ্বাস্তু শিবির চাটিলা ও সাব্রা আক্রান্ত হল। আক্রমণকারীরা খুন করল শিশু, নারী বৃদ্ধ নির্বিশেষে এক হাজারের বেশী মানুষকে ;

নিরস্ত্র উদ্বাস্তুদের দেওয়ালের গায়ে সারিবদ্ধভাবে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হয়েছে। এরূপ নির্মম ও পৈশাচিক হত্যাকাণ্ড ফ্যাসিস্ট হিটলারের রাজত্বে ঘটতে দেখা যেত। এই আক্রমনের ফলে দুটি উদ্বাস্তু শিবিরই ধ্বংস হয়ে গেছে।

এই গণহত্যার পিছনে ইতিহাস সর্বজন বিদিত। ১৯৪৮ সাল থেকে গৃহহারা দেশছাড়া উদ্বাস্তরা তাদের মাতৃভুমি ফিরে পেতে চায়। একদিকে যেমন শান্তিপুর্ণ রাস্তায় তাদের দাবী আদায়ের জন্য তারা আলোচনার সমস্ত রাস্তা খোলা রেখেছে, তেমদি আত্মরক্ষার জন্য তারা তৈরী করেছে পি. এল. ও. গেরিলা সংগঠন ;

জাতিসংঘে সংখ্যাগরিষ্ঠ ভোটে পাশ হওয়া সত্বেও উদ্বাস্তরা তাদের মাতৃভূমী ফিরে পেল না, তার একমাত্র কারণ, আমেরিকার প্রকাশ্য বিরোধিতা। যতবার জাতিসংঘে ইজরায়েলের পররাজ্য গ্রাস বা আক্রমণের জন্য নিন্দা বা শাস্তিমূলক প্রস্তাব এসেছে আমেরিকা সরাসরি তার বিরোধিতা করেছে। বস্তুত আমেরিকা ও ইজরায়েল প্যালে-

*স্থানীয় উদ্বাস্তুদের কোন ন্যায্যদাবী মানতে প্রস্তুত নয়। তারা হত্যালীলার মাধ্যমে প্যালেস্তানীয়দের নিশ্চিহ্ন করতে চায় ;*

উপরন্তু আমেরিকা ইজরায়েলকে ব্যবহার করে মধ্যপ্রাচ্যে তেল সমৃদ্ধ আরব রাষ্ট্রগুলির উপর তার প্রভাব ও প্রতিপত্তি অক্ষুন্ন রাখার চেষ্টা করছে। আমেরিকা ও ইজরায়েলের উপরোক্ত কার্যকলাপ বিশ্বশান্তিকেও বিপন্ন করে তুলেছে ;

তাই এই সভা মাকিন যুক্তরাষ্ট্রের পরোক্ষ ও ইজরায়েলের প্রত্যক্ষ মদতে সংঘটিত বেইরুটের গণহত্যাকে নিন্দা করছে এবং কেন্দ্রীয় সরকারের মাধ্যমে দাবী জানাচ্ছে, ইজরায়েলকে অবিলম্বে লেবানন থেকে তার সমস্ত সৈন্য প্রত্যাহার করে নিতে হবে। এই সভা গণহত্যায় এবং অন্যান্য উপায়ে ইজরায়েল কর্তৃক নিহিত ব্যক্তির পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

[3-50—4-00 p.m.]

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার প্রস্তাব খুব পরিষ্কার। গত কয়েকদিন ধরে বেইরুটে যে ঘটনাগুলি ঘটছে, পৃথিবীর ইতিহাসে তা বিরল। আমাদের বাল্য বয়সের সময়ে, দ্বিতীয় মহাযুদ্ধের সময়ে হিটলার এই রকম আক্রমণ করেছিল, তাদের কনসেনট্রেশন ক্যাম্পে যে সব জায়গায় যে প্রক্রিয়ায় অত্যাচার চালিয়েছিল এবং নির্মম ভাবে মানুষকে হত্যা করেছিল, সেটা একমাত্র ফ্যাসিষ্টদের পক্ষেই সম্ভব ছিল। আজকে আমরা দেখছি, মাকিন সাম্রাজ্যবাদীরা সারা পৃথিবীতে — বিশেষ করে বেইরূটে ঐ রকম একটা চক্রান্ত করে যুদ্ধের জাল ছড়িয়ে চলেছে এবং যুদ্ধ বাধাবার সমস্ত রকম প্রচেষ্টা চালাচ্ছে। আনবিক যুদ্ধ হচ্ছে মানুষের সবচেয়ে শত্রু। তারা সেখানে সেই যুদ্ধ চালাবার চেষ্টা করছে। আমাদের অভিজ্ঞতা আছে, আমরা জেনেছি, এই মাকিন সাম্রাজ্যবাদীরা হিরোসিমাতে এই পরীক্ষা করেছিল, যার ফল সেখানকার মানুষ — হিরোসিমা এবং নাগাসাকি — এখনও ভোগ করে চলেছে। পৃথিবীতে আজকে যে যুদ্ধোন্মাদনার সৃষ্টি হয়েছে, ইসরায়েলের বুকে এই চক্রান্ত ও আক্রমণ হচ্ছে তারই সামান্য অংশ মাত্র। কাজেই, পৃথিবীর প্রতিটি গনতান্ত্রিক মানুষ এই হত্যাকাণ্ডের ঘটনাকে নিন্দা করবেন বলে আশা করি। আজকের সংবাদপত্র পড়ে আমরা কিছুটা আশ্বস্তবোধ করছি যে, আমাদের দেশের প্রধানমন্ত্রী এই ঘটনায় উদ্বেগ বোধ করেছেন। কিন্তু শুধু উদ্বেগ বোধ করলেই চলবে না, মাকিন সাম্রাজ্যবাদীদের এই চক্রান্ত ও জঘন্য আক্রমনের পরিকল্পনার বিরুদ্ধে স্পষ্ট ভাবে মতামত ঘোষণা করতে হবে — এটাই হচ্ছে আমাদের দাবী। এই দাবী রেখে ও উক্ত ঘটনার প্রতিবাদে নিন্দা প্রস্তাব গ্রহণের জন্য আমি এই প্রস্তাব এখানে উৎথাপন করেছি। আশা করব, মাননীয় সদস্যেরা সর্বান্তকরণে এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই বলে আমার বক্তব্য এখানে শেষ করছি।

**ডাঃ হৈমী বসু :**—মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শচীনবাবু যে প্রস্তাব এখানে রেখেছেন, তাঁকে আমরা আন্তরিক ভাবে সমর্থন জানাচ্ছি। এই সাথে এই প্রস্তাবের কিছু কিছু অংশ সংশোধনের জন্য রাখছি।

আমার মনে হয় এই প্রস্তাব যেটা এনেছেন সেটা আরো বেশী স্পষ্ট করার জন্য দ্বিতীয় পাতায় যেখানে বলা হয়েছে 'তাই এই সভা মাকিন যুক্তরাষ্ট্রের পরোক্ষ ও

ইজরায়েলের প্রত্যক্ষ মদত সংঘটিত বেইরুটের গণহত্যাকে নিন্দা করছে' এখানে নিন্দা করছে শুধু *এই কথাটি না তীব্রনিন্দা করছে এই শব্দটি* বসানো হোক এবং প্যারাগ্রাফের শেষ লাইনে সেখানে রাখা হবে পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

**শ্রীসুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব গতকাল আনা হয়েছিল —যারা এই প্রস্তাবে সই করেছেন শচীনবাবু, আমাদের দলের পক্ষ থেকে আমি এবং কৃপাসিন্ধু সাহা প্রমুখ। এই প্রস্তাবকে সমর্থন না করার কোন প্রশ্নই ওঠে না। আমরা সর্বান্তকরণে সমর্থন করে স্বাক্ষর করেছি। আমরা বিংশ শতাব্দীর শেষ প্রান্তে পৌঁছেও আমরা আজও সাম্রাজ্যবাদীর আক্রমণ থেকে তা মুক্ত নই। আজও আমরা সন্ত্রস্ত। গত প্রায় কয়েক মাস ধরে লেবানন এবং আস্তে আস্তে ক্রমশ সিরিয়ার দিকে এগিয়ে যাচ্ছে সাম্রাজ্যবাদী ইজরাইলিরা। আমাদের কাছে শেষ সংবাদ যা পরিবেশিত হয়েছে, যার ভিত্তিতে আমাদের মনকে নাড়া দিয়েছে-আমরা সেখানে গিয়ে দেখিনি কিন্তু সেখানকার মানুষের বুকের কান্না, সেখানকার গুমরে ওঠা মানুষের আওয়াজ আমাদের নাড়া দিয়েছে। সেখান শেষ সংবাদ কি আছে ? শেষ সংবাদে আমরা দেখতে পাচ্ছি— শিবিরে শিবিরে ধ্বংসের স্তুপের মাঝে মাঝে স্তুপীকৃত অবস্থায় পড়ে আছে সার সার লাশ। দুদিন আগেও এগুলিতে ছিল উচ্ছাস প্রাণের আবেগ। এখন সেখানে শ্মশানের স্থিরচিত্র। ঠিক কতজন নিহত হয়েছে তার সঠিক সংখ্যা নির্ণয় করা এই মুহূর্তে অসম্ভব। কারণ চারপাশে ছড়িয়ে ছিটিয়ে মৃতদেহ', ছিন্নভিন্ন সনাক্ত করার কোনও উপায় নেই। সনাক্ত করার জন্য কেউ বেঁচে নেই। নিশ্বর্বংশ হয়ে গেছে একের পর এক পরিবার। শুধু তার কারণ হিসাবে বলা হয়েছে এক হাজার প্যালেস্টিনীরা সুপরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে, ঠাণ্ডা মাথায় দেওয়ালের গায়ে সার বেঁধে দাঁড় করিয়ে মেসিন গান চালিয়ে। এই রাজ্য বারেবারে বহুবারে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তীব্র নিন্দা করেছে, যখন শত্রুরা ভিয়েতনামের আক্রমণ করেছে, যখন কামপুচিয়ায় আক্রমণ করেছে এবং সাম্রাজ্যবাদীরা যখন মোজাম্বিক ধ্বংস করেছে তখন বারেবারে প্রতিবাদের সুর ধ্বনিত হয়েছে বিধানসভা চলা কালীন। এই প্রগতিশীল গণতান্ত্রিক মানুষের সাড়ায় ৬০ কোটি মানুষের প্রতিনিধি হয়ে চুপ করে আমরা বসে থাকতে পারি না। আমরা বিশ্বাস করি বিজ্ঞানের দয়াতে আমরা আজ আর দূরে নেই আমরা অনেক কাছাকাছি এসে গেছি। আমরা যদি কেউ মনে করি অতি দূর থেকে আমাদের আওয়াজ সাম্রাজ্যবাদীদের কানে পৌঁছবে না তাহলে একথা ঠিক নয়। এই আওয়াজ পৌঁছেছে বারে বারে অতীতেও পৌঁছেছে এবং ভবিষ্যতেও পৌঁছবে এবং তাদের নাড়া দেবে। আমি এটাও বিশ্বাস করি যে তাদের নাড়া দিতে বাধ্য। যে জনমত আছে সেই জনমতকে কে বলতে পারে একদিন বিশ্ব জনমতে পর্য্যাবসিত হবে না ? আমার মনে আছে একদিন সেইদিনকার সেই বাংলা-দেশের বুক থেকে তাজা রক্ত পাঠিয়ে দিয়েছিল ভিয়েতনামী সংগ্রামীদের মানুষের কাছে যারা সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে যুদ্ধ করেছিল। সুতরাং আজকে এরমধ্যে একটি গুরুত্ব-পূর্ণ ব্যাপার লুকিয়ে আছে।

[4-00—4—10 P.M.]

শুধু লেবাননের কথা নয়ও, শুধু বেরুটের মানুষগুলির কথা নয়, এর পেছনে একটা গভীর ষড়যন্ত্র কাজ করছে সেই আরব দেশের মাটিতে। সুতরাং সেখানকার

মানুষকে যদি সাম্রাজ্যবাদীদের চক্রান্ত থেকে রক্ষা করতে হয় তাহলে পৃথিবীর সমস্ত মানুষকে আজ গর্জন করতে হবে। তাই আজ শুধু এই রেজোলিউশান নয়, এই রেজোলিউশানের সংগে আরও একটা প্রস্তাব যোগ করতে হবে। আমাদের ত্যাগ করার দরকার আছে যা সাম্রাজ্যবাদীর মোকাবিলা করতে সাহায্য করবে। আমরা টোকেন স্যাকরিফাইস করার জন্য এই প্রস্তাবের সঙ্গে আমাদের তিন দিনের ভাতা যা আমরা পাই সেটা যদি আমরা সকলে মিলে পাঠিয়ে দিতে পারি তাহলে ভালই হবে। যদিও রাষ্ট্র-সংঘ শান্তি পূর্ণভাবে মিটমাটের চেষ্টা করছে, কিন্তু সেখানকার মানুষের দুবেলা অন্ন নেই, আশ্রয় নেই। সুতরাং তাদের এই অবস্থায় আমাদের তাদের পাশে গিয়ে দাঁড়াতে হবে আমাদের পার্থিব জিনিষ দিয়ে। সেখানকার মানুষকে জানাতে হবে আমরা তোমাদের পাশে আছি। আমাদের দলের পক্ষ থেকে এই প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** স্যার, এই প্রস্তাব আমি সর্বান্ত করেন সমর্থন করছি। বেরুটের যে ঘটনা সেটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। সমস্ত পৃথিবীতে যতক্ষণ পর্যন্ত সাম্রাজ্যবাদী শক্তি জীবিত থাকবে এবং যদি কেউ সেই সাম্রাজ্যবাদী শক্তির সাহায্যকারী থাকে তাহলে তারা যুদ্ধ লাগানোর জন্য অনেক জায়গায় চেষ্টা করে। এইভাবে বেছে নেওয়া হয়েছে পশ্চিম এশিয়াকে যুদ্ধক্ষেত্র করার জন্য। অন্যান্য জায়গায় টাচ করে দেখেছে যুদ্ধ লাগান যায় কিনা। কিন্তু এখানে তারা বিশেষভাবে সচেষ্ট হয়েছে। আরব রাষ্ট্রগুলির মাঝে যে বেরুট সেখানে লড়াই লাগান হয়েছে। এই ব্যাপার নিয়ে সমস্ত সাম্রাজ্যবাদী দেশ দু নম্বরী কথা বলছে। আমার বক্তব্য হচ্ছে হয়তো কাগজে কেউ কেউ বলছেন এটা খুব অন্যায় হচ্ছে, কিন্তু বলা সত্বেও তারা কি কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বনের কথা বলছে। আমরা জানি এরকম হতে হতে লীগ অফনেশানস শেষ হয়েছিল। আমাদের কোন ক্ষমতা নেই এই খবরগুলি ইণ্টার-ন্যাশনালে আমরা দিতে পারি। এক্সটারন্যাল য়্যাফেয়ার্স-এর মধ্য দিয়ে দিতে হবে। সেজন্য ইন্দিরা সরকার যে কথা বলছেন এবং ইন্দিরা গান্ধী যে সমবেদনা জানিয়েছেন সেটা যদি সমবেদনা হয় তাহলে তাঁকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেজন্য ভারতবর্ষের যিনি আমাদের মেম্বার হিসেবে ইউ. এন. ও তে আছেন তাঁকে সেখানে পরিষ্কার ভাবে বলতে হবে যে সৈন্যরা বেরুটে আছে তাদের এখুনি সেখান থেকে সরাবার ব্যবস্থা করতে হবে। এবং তা যদি না হয় তাহলে অল্‌টারনেটিভ ইউ এন ও সোলজার নিয়ে তাদের হঠিয়ে দেওয়ার কথা আমাদের বলতে হবে। এ যদি না বলি তাহলে কেবল মৌখিক সমবেদনা জানান হবে। একথা অস্বীকার করা যায় না যুদ্ধ হচ্ছে হাজার হাজার লোক মরবে, কিন্তু কেন মরছে? এটা যদি বন্ধ না করা যায় তাহলে আরো বহু লোক মারা যাবে। এটা বন্ধ করার জন্য ভারত সরকারকে ইউ এন ও তে পরিষ্কার ভাবে রাখতে হবে, যেসব দেশ নিন্দা করেছে তাদের সংগে নিয়ে আমেরিকা যে মদত দিচ্ছে তার বিরুদ্ধে কড়া ব্যবস্থা করতে হবে। এই বলে আমি আমার কক্তব্য শেষ করছি এবং শেষ করার আগে এই অবস্থার আমি তীব্র নিন্দা করছি এবং কার্যকরী ব্যবস্থা করার কথা বলছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে শচীন সেন মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে আমরা আজকে

আনন্দিত এই কারণে যে বিধানসভার সমস্ত দল একমত হয়ে যে নারকীয় ঘটনা ঘটছে তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ জানাতে পারছি ধিক্কার জানাতে পারছি। আজকে আমাদের সহমমিতা গড়ে উঠেছে এই বিষয়ের উপর। মাননীয় স্পীকার মহাশয়, মধ্য প্রাচ্যে ইজরায়েলের যে ভূমিকা সেই ভূমিকা আমরা দেখছি মানব সভ্যতার বিরুদ্ধে ইজরায়েলকে আজকে শত্রু হয়ে দাঁড়াতে হচ্ছে। এই মুহূর্তে পৃথিবীর সমস্ত দেশ এমন কি ইজরায়েলের মধ্যেও জনগণের বিক্ষোভ তৈরী হয়েছে। আমরা সংবাদে দেখছি রেগনের পদত্যাগ দাবি করে সেখানকার লক্ষ লক্ষ মানুষ আজকে আওয়াজ তুলেছে। আজকে আমরা যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রস্তাব পাশ করছি সেই সাম্রাজ্যেবাদের পতন হবে, পৃথিবীর শ্রমিক শ্রেণী মানুষ সর্বহারা মানুষ জয়যুক্ত হবে এবং তারই ফলশ্রুতি আমরা দেখতে পাচ্ছি। পৃথিবীর শান্তিকামী মানুষ ঐক্যমত হয়ে বেইরুটের ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছে মধ্য প্রাচ্যে সাম্রাজ্যবাদের যে চক্রান্ত সেই চক্রান্তের প্রকাশ আমরা যেমন পরাধীন ভারতবর্ষে দেখেছিলাম, ভারতবর্ষের বিভিন্ন জাতি সমুহের মধ্যে বৈরীতা সৃষ্টি করেছিল লেবাননে দেখছি তেমনি তীব্র জাতি বৈরীতা জাতি ঘৃণার সৃষ্টি করেছে, তার পরিণতি দেখছি বেইরুটে প্যালেস্টাইন উদবাস্তু শিবিরের উপর সৈন্যদের আক্রমণ। ইজরায়েলের এই যে ভূমিকা এই ভূমিকা আজকে বিকৃত হয়েছে। আজকে সভা থেকে যে প্রতিবাদ আমরা উত্থাপন করেছি আমরা বিশ্বাস করি পৃথিবীর সমস্ত শান্তিকামী মানুষের যে শক্তি তার যে জোরালো ধিক্কার সেই ধিক্কার আজকে পৃথিবী জুড়ে ব্যাপ্ত হয়েছে এবং মানুষের ক্ষোভের প্রকাশ ঘটেছে। আমরা আশা করব পৃথিবীর শান্তিকামী মানুষের আজকে যে ঐক্যবদ্ধ প্রকাশ ঘটছে তার বাস্তব প্রয়োগ দেখব, মধ্য প্রাচ্যে রাজনীতির দিক থেকে বার বার যে আক্রমণ ঘটছে ইজরায়েলের তরফ থেকে তা বন্ধ করার জন্য সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা যাবে। রাষ্ট্রসংঘ যে ভূমিকা গ্রহণ করেছে সেটা নেতিবাচক, সেখানে প্রস্তাব উত্থাপন করা হয়, প্রস্তাব উত্থাপন করে দায় সারা হয়। কারণ, সব কিছুর পিছনে আছে মাকিন সাম্রাজ্যবাদ, সেই সাম্রাজ্যবাদ প্রতিটি পদক্ষেপে ইজরায়েলকে পাহারা দিয়ে থাকে। স্বাভাবিকভাবে মাকিন সাম্রাজ্যবাদের যে নগ্ন চেহারা তার বিরুদ্ধে ধিক্কার সোচ্চার হয়েছে, সেই কারণে আমি শচীন সেন মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে ইজরায়েলের যে নারকীয় ঘটনা তার বিরুদ্ধে তীব্র ঘৃণা প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, you will remember that yesterday. two or three minutes before the start of the day's session, I entered your Chamber and sought your permission to say something on this subject. The moment you entered the Assembly Chamber in the House and took your Chair I said that I wanted to speak on the subject. I found that Shri Sachin Sen also stood up to say something. You granted permission to Shri Sen to speak first. Sir, I think I informed you first about the matter in your Chamber yesterday. However, Shri Sen spoke first and I was the second man to raise the issue.

Sir, this is such a question that the entire world of humanity is shocked to learn that kiddies, children, boys and men and women were crushed by buldozers. Who are the killers, Sir ? They are the Israelees under the patronage of American Imperialist forces. Sir, if you turn to the history of past tyrant rulers of the world you will find the names of Tsar and Chengiz Khan and later in the history of world you will fiind the names of Hitler and fascist Mussolini. But, Sir, the tyranny, brutality, cruelty and butchery perpetrated by Israel army have surpassed their atrocities even. Thousands and thousands of innocent Palestine Refugees who were in the camps have been killed and murdered. Sir, it is not a mere question of murders of Palestine Refugees in the Middle East — it is a question of survival of humanity, it is a question of freedom of the mankind because the men behind these henious crimes are the American Imperialist forces. They have started atrocities in the Arab World and freedom of Lebanon is in danger. Sir, the P. L. O. under the leadership of Mr. Arafat is struggling. He, with his men, is moving from place to place and seeking asylum shelter elsewhere. Sir, it is not at all a fault to give shelter to a person if he seeks shelter. But, Sir, the United Nations which claims to be the highest body of justice is doing nothing for the Palestine Refugees. This body has become a laughing stock on this very subject. The entire world of humanity is anxious as to what would happen tomorrow if no justice is done. So, Sir, it is my request that not a single army whether American or of Israel should be allowed to continue their atrocities there Sir, they are dependent on the Arab World for petroleum but at the same time they are creating havoc in the Arab region. One proposal has come in support of which I am speaking but I do not know how much our voice would be effective. But I would like to follow the path of 'Akla Cholore, Akla Cholore, Akla Cholore'.

Sir, there is a poem in Urdu. I quote a few lines.
"Men Akela Hi Chala Jha Janib Manzil Magar
Logo Milte Hi Gay Aur Qafla Banta Gaya".

Sir, I can only tell you that millions and millions of people will stand behinde peac, behind freedom and they are against the brutal killings and clonialism and expansionism.

Sir, I support the amendments moved by Shri Subrata Mukherjee and Dr. Hoimee Bose and I also support the motion moved by Shri Sachin Sen.

With these words, Sir, I conclude my speech and I thank you for giving me the time.

**শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীনবাবু এবং অন্যান্য বন্ধুরা যে প্রস্তাব আজকে এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি প্রথমেই বলছি মার্কিন সাম্রাজ্যবাদ হচ্ছে সমস্ত সাধারণ মানুষের প্রধান শত্রু এবং ইস্রায়েল তাদের ক্রীড়ানক হিসেবে কাজ

করছে। সম্প্রতি বেরুটে যে ঘটনা ঘটল তাকে নিন্দা করবার ভাষা আমার নেই। সেখানে স্ত্রী-পুরুষ নির্বিচারে সাধারণ মানুষকে যেভাবে হত্যা করা হয়েছে তাতে পৃথিবীর সমস্ত সাধারণ মানুষ তার নিন্দা করেছে এবং এমন কি ইস্রায়েলের মানুষও তার নিন্দা করেছে। আজ ইস্রায়েলের সাম্রাজ্যবাদ মরনোম্মুখ এবং যতদিন যাচ্ছে দেখা যাচ্ছে তাদের দিন ঘনিয়ে আসছে। আজকে সকলের কণ্ঠের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বিধান-সভার সদস্যারা যে প্রস্তাব এনেছেন সেটা পশ্চিমবাংলার বিধানসভাকে গৌরবের আসনে বসিয়ে দেবে। ভারতবর্ষে সাম্রাজ্যবাদী বিরোধী যত সংগ্রামী মানুষ আছে তারা দলমত নির্বিশেষে এই ঘটনায় প্রতিবাদ জানিয়েছে, এই হত্যাকাণ্ডে প্রতিবাদ জানিয়েছে। বর্তমানে সারা পৃথিবীতে শান্তি আন্দোলন চলছে এবং যুদ্ধের চক্রান্তও চলছে, আণবিক বোমার বিস্ফোরন ঘটাচ্ছে, নিউটন বোম ও অন্যান্য বিভিন্ন রকম বোমর বিস্ফোরন ঘটাচ্ছে। আজকে তার বিরুদ্ধে মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে। এবং ষড়যন্ত্রকারী আমেরিক্যান সাম্রাজ্যবাদীরা চুপ করে বসে নেই। আজকে তারা এমন সব জিনিষ করেছে যে পৃথিবীর যে কোন দেশকে যে কোন মুহূর্তে ১৫ মিনিটের মধ্যে কবরে নিয়ে যেতে পারে। পৃথিবীর মানুষ আসলে বাঁচবে কিনা সে সম্বন্ধে পৃথিবীর বৈজ্ঞানিক সংস্থা ঘোষণা করছে। এই ব্যাপারে আজকে সমস্ত পৃথিবীকে সজাগ হতে হবে। এই কথা বলে আজকে এই সভায় যে প্রস্তাব এসেছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়নাল আবেদিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে এই প্রস্তাব আমাদের সকলের সম্মিলিত প্রস্তাব। এই প্রস্তাব এই হাউসের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী উত্থাপন করলে এর গুরুত্ব আরও অধিক হোত বলে আমি মনে করি। যে নারকীয় জঘন্ন হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে তাতে ভারত সরকার এবং ভারতের প্রধানমন্ত্রীও নিন্দা করেছেন। এখানে ১২০০ কি ১০০০ মানুষকে হত্যা করেছে — এখানেই এটা শেষ হবে না। আমি মনে করি এদের অভিপ্রায় গভীর এবং সুদূর প্রসারী। আরও আমি উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি প্যালেস্টাইনী বাহীনী দেওয়ালে পিট দিয়ে লড়াই করেছে, তবু আশে পাশের প্রতিবেশীরা কিছু করে নি। এটা একটা গুরুত্বপূর্ণ ঘটনা যে ষড়যন্ত্রটা ইস্রায়েলকে দিয়ে হত্যা বা আক্রমণ করানো নয়, সবাইকে নির্বিকার, নিরব নিস্ক্রিয় করে দেওয়াই এর উদ্দেশ্য। টেনুসিয়া এ্যাসাইলাম নিতে হয়েছে। আরব রাষ্ট্রস্থান দিতে চায় নি। এর পিছনে সাম্রাজ্যবাদীদের জঘন্ন এবং গভীর চক্রান্ত নিহিত আছে। আমি জানিনা এখানেই এর শেষ কিনা। আমরা দ্বিতীয় মহাযুদ্ধে বিভীষিকা দেখেছি। সেইভাবে আজকে তৃতীয় মহাযুদ্ধের সম্মুখীন হয়েছে কিনা জানি না। কিন্তু যে মন্দা দেখা দিয়েছে সাম্রাজ্যবাদী দেশে যে মন্দা দেখা দিয়েছে তাকে চাঙ্গা করা এক দিক আর অন্য দিক হচ্ছে ইস্রাইলকে দিয়ে লিকিউড বোম দখল করা। এই রকম একটা ষড়যন্ত্র করা হচ্ছে। তাই মানুষের জীবন তাদের কাছে তুচ্ছ — এদের দৃষ্টিতে আরও সামনে এবং তা আমাদের কাছে রহস্যজনক। প্রতিবেশী আসে পাশের রাষ্ট্রগুলি উপযুক্ত ভূমিকা গ্রহণ করে নি — তাদের নিন্দা করার কথা। আমরা আশ্চর্য দেখলাম। তাই আমরা আজকে সম্মিলিত-ভাবে প্রস্তাব উত্থাপন করেছি। এখানে লিডার অব দি হাউসকে অনুরোধ করবো —

তিনি লিডার অব দি স্টেট — তিনি জনমত গঠন করুন···
this should be ventilated in the world forum in all possible means.
এই প্রস্তাব আমাদের সকলের প্রস্তাব — সমর্থন করার প্রশ্নই উঠে না আমাদের মধ্যে বিরোধ আছে। কিন্তু এই যে গণহত্যা, নিষ্ঠুর হত্যাকাণ্ড, বর্বরতা এর বিরুদ্ধে আমরা এক মত হতে পেরেছি এবং এক হয়েই এই প্রস্তাব উত্থাপন করেছি। লিডার অব দি হাউসকে অনুরোধ করবো এই বিধানসভার বাইরে আরও যে ইনটেলিজেন্সি আছে যে মানুষ আছে, নেতৃত্ব দিয়ে সবাইকে সংগঠিত করে আমরা সকলে ধিক্কার জানাবো, এই ব্যবস্থা করুন। আমরা যেন সারা বিশ্বের লোককে জানাতে পারি, অবহিত করতে পারি আমাদের ইচ্ছা কি। ইউ এন ও একাধিকবার বলে আসছে — খালি অনুসোচনা, কোন এফেকটিভ ফাংসান আমার চোখে কিছু পড়ে নি। এবং কোন উল্লেখযোগ্য ভূমিকা আমার দৃষ্টিগোচর হয় নি।

[4-20—4-30 p.m.]

আমি নিন্দা করছি না, কিন্তু দেখতে পাচ্ছি চোখের সামনে একটা একটা করে ঘটনা ঘটে যাচ্ছে। আজকে শুধু বললেই হবেনা জনমত গঠনের জন্য প্রয়াসী হতে হবে। আজকে এই প্রস্তাব যদি লিডার অফ দি হাউস উত্থাপন করতেন তাহলে আরও গুরুত্ব বাড়তো। সিনিয়ার মেম্বার যতীন চক্রবর্তী মহাশয় এখানে আছেন, তিনি এখানে কিছু বললে ভাল হয়, এই গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের যে প্রস্তাব, আমি চাইব অতঃপর সারা পৃথিবীর কোন প্রান্তেই এই বর্বরচিত ঘটনার আর যেন পুনরাবৃত্তি না ঘটে। ধিক্কার জানাই যারা হত্যা করেছে, যারা হত্যায় মদত দিয়েছে তাদের সকলকে ধিক্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেইরুটে ঠাণ্ডা মাথায় ইজরায়েলীরা যে গণহত্যা সংগঠিত করেছে তা বর্তমান কালের ইতিহাসে একটা নজির বিহীন ঘটনা। আপনি জানেন যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে সমগ্র পৃথিবীতে মার্কিন সাম্রাজ্যবাদের মদতে বিভিন্ন জায়গায় এই রকম খণ্ড, বিচ্ছিন্ন ঘটনা ঘটিয়ে চলেছে। মধ্যপ্রাচ্যের রাজনীতি দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান অধিকার করেছে। পশ্চিম এশিয়া বা মধ্যপ্রাচ্যের বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন ভাবে একটা অশান্তি দীর্ঘদিন ধরে চলে আসছে। ইজরাইল একটা অত্যন্ত ছোট্টরাষ্ট্র, তার পক্ষে সমগ্র আরব দুনিয়ার বিরুদ্ধে যে আগ্রাসী মনোভাব নিয়ে যুদ্ধ পরিচালনা করার যে প্রবনতা দেখা যাচ্ছে, তার পক্ষে সেটা কখনই সম্ভবপর হোতোনা, যদি পৃথিবীর বৃহৎ রাষ্ট্রের সমর্থন এবং মদত না পেত। আজকে সম্মিলিত জাতিপুঞ্জ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে শান্তি শৃঙ্খলা রক্ষা করার জন্য প্রতিষ্ঠিত হয়েছে এবং শান্তি শৃঙ্খলা রক্ষা করার জন্য সম্মিলিত জাতিপুঞ্জকে কতকগুলি কার্য্যকরী ব্যবস্থা গ্রহণের দায়িত্ব দেওয়া আছে। যেখানে অশান্তি দেখা দেবে, বিশৃঙ্খলা দেখা দেবে, সেখানে আলাপ আলোচনার মাধ্যমে যদি মীমংসা সম্ভবপর না হয় তাহলে সম্মিলিত জাতিপুঞ্জ বাধ্যতামূলক কতকগুলো ব্যবস্থা গ্রহণ করে সেই অবস্থায় শান্তি ফিরিয়ে আনতে পারে। কিন্তু সেখানেও সম্মিলিত জাতিপুঞ্জের ব্যবস্থা কার্য্যকরী করার ক্ষেত্রে

মার্কিন যুক্তরাষ্ট্রের অনীহা বা বিরোধিতা একটা বড় প্রতিবন্ধক হিসাবে দেখা দিয়েছে। তাই আজকে এই যে গণহত্যা ঘটেছে, এই গণহত্যার আমরা তীব্র প্রতিবাদ করি এবং সমগ্র বিশ্বের জনমতের সঙ্গে পশ্চিমবাংলার জনসাধারণ ঐক্যমত হয়ে এই অবস্থার যাতে দ্রুত অবসান ঘটে তারজন্য ভারতসরকারের মাধ্যমে আমরা দাবী জানাতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথাটুকু বলতে চাই, আজকে সাম্রাজ্যবাদী যে নীতি যেটা পৃথিবীতে আর একটা বিশ্বযুদ্ধের কালো ছায়া তৈরী করবার চেষ্টা করছে, তাকে দমন করবার জন্য আমরা যদি বিশ্বের জনসমষ্টি এখন থেকে সজাগ না হই এবং প্রকৃষ্ট ভাবে সচেতন না হতে পারি তাহলে এর করাল ছায়া আমাদের শান্তিকে বিঘ্নিত করবে, এই কথা বলে, আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সম্মিলিত প্রস্তাব আজকে এখানে উত্থাপন করা হয়েছে আমি তার সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এটা কিন্তু সকলেই জানেন, যে আজকে ইজরায়েলী বাহিনী লেবাননে যে সর্বাত্মক যুদ্ধ চালিয়েছে তার পিছনে কার সাহায্য আছে, কার প্ররোচনা আছে। এটা কিন্তু পরিষ্কার হয়ে গেছে, মার্কিন সাম্রাজ্যবাদ এর পেছনে থেকে আজকে এই সর্বাত্মক যুদ্ধে ইজরায়েলকে এগিয়ে দিয়েছে। প্রকৃতির পরিহাস হল এই, একটা সময় ছিল, হিটলারের সময় ঠিক জ্যুদের এমনি করে হত্যা করা হয়েছিল।

হত্যাকাণ্ড চলেছে। তাদের উপর নির্মমভাবে অত্যাচার করেছিল হিটলার এবং তখন সকলে কিন্তু এই যুদ্ধের পিছনে তাদের সমর্থন জানিয়েছে নির্যাতীত, নিপীড়িত বলে। অথচ প্রকৃতির এমনই পরিহাস যে, আজকে ওরা ক্ষমতায় এসে মার্কিন সাম্রাজ্য-বাদের দ্বারা পুষ্ট হয়ে হিটলালেরর মত ঠিক তেমনি করে এই হত্যাকাণ্ড সংঘটিত করেছে। ভিয়েতনামের মাওলাই গ্রামযেভাবে ধ্বংস হয়েছিল তাকে পর্যন্ত ওরা হার মানিয়েছে। এখানে দেখলাম কংগ্রেস ( ই ) র নেতা, আমার প্রীতি ভাজন বন্ধু মাননীয় সদস্য সুব্রত মুখার্জি মহাশয় এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে প্রত্যেক সদস্যকে ৩ দিনের মাইনে দান করবার কথা বলেছেন। আমরাও সকলে এই রকম চাই এবং প্রয়োজন হলে আমরা এক মাসের মাইনে দিয়ে দিতে রাজি আছি, যদি এই অর্থ সেখানে যায়। কিন্তু আমরা যেদিন বামফ্রণ্টের পক্ষ থেকে পি. এল. ও. র নেতা আরাফতের প্রতিনিধিদ্বয়কে সম্বর্দ্ধনা দিয়েছিলাম সেদিন তো এই সম্বর্দ্ধনা অনুষ্ঠানে কাউকে পাওয়া যায় নি।

( ভয়েসঃ কংগ্রেস বেঞ্চ থেকে এক সঙ্গে অনেক মাননীয় সদস্য উঠে বলতে থাকেন আমাদের সেই সম্বর্দ্ধনা অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয় নি। )

আমরা আনন্দিত যে আমাদের প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী নিন্দাবাদ করে ভারতবর্ষের সম্মান তুলে ধরেছেন। কিন্তু আজকে আমরা কি এই কথা জিজ্ঞাসা করতে পারি না, আমাদের মনে কি এই ধারণা হচ্ছে না, যখন ইজরাইলী বাহিনী বিদ্যুতগতিতে এগিয়ে চলছিল সমস্ত মারনাস্ত্র নিয়ে, যে মারনাস্ত্র যোগান দিয়েছে মার্কিন সাম্রাজ্যবাদ, সেই মার্কিন মুলুকে গিয়ে রেগনের রক্তাক্ত হাতের সাথে কেন কর-মর্দন করলেন, যে রেগন রাষ্ট্রসংঘের শান্তি প্রস্তাবে বারে বারে ভেটো দিয়েছে? আমরা খুশী হতাম যদি তিনি ঐ আমেরিকায় গিয়ে আই. এম. এফ. থেকে টাকা নেবার বন্দোবস্ত না করতেন।

(*গোলমালঃ কংগ্রেস সদস্যরা এক সঙ্গে বলতে থাকেন এই রকম একটা সর্বসম্মত প্রস্তাবের মধ্যে উনি রাজনীতি টেনে আনতে চাইছেন। স্যার, ওঁনার বক্তব্য এক্সপাঞ্জ করে দিন।*)

প্রধানমন্ত্রী নিন্দা করায় ভারতবাসী হিসাবে আমরা খুশী হয়েছি। আজ এই বিধানসভা থেকে সম্মিলিতভাবে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে আন্তরিক সমর্থন জানিয়ে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। তবে আমি মনে করি ভারতবর্ষ থেকে আজকে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা উচিত যাতে করে ইজরাইলী বাহিনী সেখান থেকে সরিয়ে নিতে বাধ্য হয়।

[4-30—4-40 p.m.]

**মিঃ স্পীকার ঃ** আমি বলেছি, আগে দেবপ্রসাদবাবু বলবেন, তাঁর বক্তব্য শেষ হোক তারপর ভোটে দেবার আগে আমি শুনবো। দেবপ্রসাদবাবু আপনি বলুন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্যালেসটিনীয় উদ্বাস্তু শিবিরে যে হত্যাকাণ্ড হয়েছে তার নিন্দা করে আজকে যে সর্বসম্মত প্রস্তাব এই হাউসে উত্থাপিত হয়েছে সে সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমি বলছি, এটা দুঃখ ও পরিতাপের সঙ্গে আমাদের স্বীকার করতে হয় যে বিংশ শতাব্দির শেষ প্রান্তে সাম্রাজ্যবাদী শক্তি তাদের স্বার্থ চরিতার্থ করার জন্য এমন হত্যাকাণ্ড এবং আক্রমন চালালো নৃশংসতায় এবং বর্বরতায় তার সঙ্গে একমাত্র ন্যাতসী হত্যাকাণ্ডের তুলনা করা চলে। তাই স্বাভাবিক ভাবেই এর বিরুদ্ধে সারা বিশ্বের শান্তিকামী মানুষ, গণতন্ত্রপ্রিয় মানুষরা বিক্ষোভ প্রতিবাদে সোচ্চার হয়েছেন। এ ধরনের আক্রমণ ও অত্যাচারের প্রতিবিধান করবার জন্য বিশ্বব্যাপি জনমত সৃষ্টি করার জন্য যা দরকার সেটা হচ্ছে, একদিকে ইউ.এন.ও. এবং অন্যদিকে ভারত সহ বিভিন্ন জোট নিরপেক্ষ রাষ্ট্রগুলির একটা ভূমিকা নেওয়া। স্যার, আজকে যে প্রস্তাব এসেছে সে সম্পর্কে আলোচনা করার সময় আমাদের দলের সাধারণ সম্পাদক কমরেড নীহার মুখার্জীর এ ব্যাপারে যে সুনির্দিষ্ট বক্তব্য সেটা উল্লেখ করা অত্যন্ত প্রাসঙ্গিক বলে আমি মনে করছি। এই বর্বরোচিত আক্রমনের মুহূর্তে ইউ. এন. ও.-র যে ভূমিকা সেটা নিন্দনীয়। ইউ. এন. ও.-কে আজকে স্টার্ন মেজার্স নিতে হবে এই অ্যাগ্রেসানের বিরুদ্ধে। ইউ. এন. ও.-র পক্ষ থেকে দৃঢ়তার সাথে বলতে হবে যে অবিলম্বে নিঃসর্তভাবে লেবানন থেকে ঐ ইজরায়েলী বাহিনীকে অপসারণ করতে হবে। সেখানে যে হত্যাকাণ্ড হ'ল তার ক্ষতিপূরণ করা যাবে না কিন্তু যে ধ্বংসকাণ্ড হয়েছে তার সমস্ত দায়দায়িত্ব এবং ক্ষতিপূরণ-এর দায়িত্ব যদি তারা গ্রহণ না করে তাহলে ইউ. এন. ও. থেকে ইজরায়েলকে বহিষ্কার করতে হবে। তার পাশাপাশি আজকে ইণ্টারন্যাশানাল আর্মিকে ঐ লেবাননে পাঠিয়ে সেখান থেকে ঐ ইজরায়েলী বাহিনীকে অপসারণ করতে হবে। স্যার, এর সঙ্গে সঙ্গে আরো যেটা বলতে চাই সেটা হচ্ছে, এই ইজরায়েলী আক্রমণ এটা মার্কিন মদতপুষ্ট, এটাকে যদি প্রতিহত করতে হয় তাহলে ভারত সহ সমস্ত জোট নিরপেক্ষ রাষ্ট্র, আরব রাষ্ট্র, সোভিয়েট ইউনিয়ান, চীন — এদের সকলকে সম্মিলিতভাবে অন্তত তিনটি সুনির্দিষ্ট কর্মসূচীর ভিত্তিতে এগিয়ে যেতে হবে। এক নং হচ্ছে, সকলের যেটা সিদ্ধান্ত নেওয়া উচিত সেটা

হচ্ছে, যে মার্কিন যুক্তরাষ্ট্রের মদতে আজকে ইজরায়েল এই ধরণের আক্রমণ একের পর এক করে যাচ্ছে সেই মার্কিন যুক্তরাষ্ট্রকে রেসট্রেন করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সমস্ত রকম ডিপ্লমাটিক এবং ট্রেড রিলেসান ছেদ করা — এটা হচ্ছে প্রথম কাজ।

দ্বিতীয় কাজ হচ্ছে, আজকে জিওনিস্টদের অর্থাৎ ইজরায়েল বাহিনীকে মার্কিন সাম্রাজ্যবাদ পেছন থেকে যেভাবে মদত দিচ্ছে তার বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা অবলম্বন করতে হবে। তৃতীয় কাজ হচ্ছে ইজরায়েল বাহিনীর আক্রমণনকে প্রতিহত করে ইজরায়েল বাহিনীকে অপসারণ করবার জন্য পাল্টা শক্তি সংগঠিত করতে হবে। আমি মনে করি এই নির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করার মধ্য দিয়ে ইজরায়েলের এই আক্রমণকে প্রতিহত করা যায় এবং সেই ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে ভারত সরকারের পক্ষ থেকে শুধু মুখে নিন্দা করলেই হবে না, কার্যকরী ব্যবস্থা অবলম্বন করে গোটা বিশ্বে জনমত সৃষ্টি করা দরকার। ভারতবর্ষের সমস্ত বাম গণতান্ত্রিক এবং স্বাধীণতাকামী মানুষ ঐক্যবদ্ধ হয়ে যাতে এ ব্যাপারে ভারত সরকারের কাছে ন্যায্য দাবী উত্থাপন করতে পারে তার ব্যবস্থা করতে হবে এবং সেটা হলে ইজরায়েলের এই মার্কিন পুষ্ট আক্রমণকে প্রতিহত করা যাবে। আমি আশা করি এই প্রস্তাব সকলেই সমর্থন করবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীত্রিলোচন মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি। আজকে ইজরায়েল বাহিনী লেবাননে উদ্বাস্তু শিবিরে রাষ্ট্রসংঘের নিষেধ অমান্য করে যেভাবে হত্যাকাণ্ড করেছে সেটা তারা মার্কিন সাম্রাজ্যবাদের সাহায্য পুষ্ট হয়ে এবং আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে করেছে। কিছুদিন পূর্বে এই ইজরায়েল বাহিনী মার্কিন প্ররোচনায় আরব রাষ্ট্রগুলির বিরুদ্ধে যে যুদ্ধ ঘোষণা করে তাতে তারা লোহিত সাগরের পূর্বধারে সিনাই উপদ্বীপ পর্যন্ত রাষ্ট্রসংঘের কথা অমান্য করে দখল করে নেয়। আজকে আমেরিকায় অর্থনৈতিক সঙ্কট চলছে তাই মধ্যপ্রাচ্যের তেল খনির উপরে আধিপত্য বজায় রাখার অভিসন্ধি রয়েছে এবং তার জন্যই ইজরায়েলকে আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত করে যুদ্ধের অবতারণা করেছে। মার্কিন সাম্রাজ্যবাদ এবং রাশিয়ার যুদ্ধবিরতি আন্দোলন এবং যুদ্ধ করার আন্দোলন এই দুটির সংঘাতের ফলে এই যুদ্ধ আজকে বিশ্বযুদ্ধের কাছাকাছি এসেছে। আজকে ইজরায়েল বাহিনী লেবাননের উদ্বাস্তু শিবিরে যে হত্যাকাণ্ড করেছে তারপর যদি পারমানবিক বোমার আক্রমণ শুরু হয় তাহলে কোটি কোটি মানুষের মৃত্যু হবে। কাজেই আমি এই প্রস্তাব সমর্থন করছি।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিধান সভার সমস্ত সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করছি, অভিনন্দন জ্ঞাপন করছি কারণ আমরা সকলে একসঙ্গে হয়ে এই প্রস্তাব পেশ করছি এবং আশা করছি আমরা একসঙ্গে এই প্রস্তাব গ্রহণ করতে পারব। আমি সামান্য দু-একটি কথা বলব। প্রথম কথা হচ্ছে, প্রস্তাব যেটা রাখা হয়েছে সেটা খুবই পরিষ্কার এবং আমরা সকলে একমত হয়ে একসঙ্গে বসে এই প্রস্তাব রচনা করেছি। আমার এই কথাটা বলার কারণ হচ্ছে এই কিছুক্ষণ আগে এই প্রস্তাব প্রসঙ্গে নানা রকম কথা হয়েছে এবং কিছুটা বাগ-বিতণ্ডাও হয়েছে। যাইহোক, আমাদের মূল কথা হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সমস্ত মানুষকে আমাদের জাগিয়ে তুলতে হবে।

[4-40—4-50 p.m.]

মানুষকে অতি সুস্পষ্ট-ভাবে বোঝাতে হবে যে, কারা মানুষের শত্রু, শান্তির শত্রু, কারা যুদ্ধের আয়োজন করছে, যুদ্ধের ব্যবস্থা করছে এবং ইজরায়েলের পক্ষে কারা আছে। আমরা দেখতে পাচ্ছি মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ বা পরোক্ষ মদতে এটাই প্রথম নারকীয় ঘটনা নয়, এরকম আরো হয়েছে। এর আগে ইজরায়েল যখন পি. এল. ও-র ওপর আক্রমণ করে তখনও মার্কিন সাম্রাজ্যবাদ ইজরায়েলকে স্তব্ধ করার জন্য কোনো কিছু করেনি। তারপরে ইউ. এন. ও.-তে বলেছে, না এটা বাড়াবাড়ি হয়ে যাচ্ছে, এটা বন্ধ করা দরকার। কিন্তু তারা ইচ্ছে করলে ঐসব আগেই বন্ধ করতে পারত। কারণ, আমরা জানি ইজরায়েল যে ধরনের রাষ্ট্র তাতে সে রাষ্ট্রকে ওরাই তৈরী করেছে এবং ওরাই পুষে রেখেছে। তবে একটাই সৌভাগ্যের কথা, খবরে দেখেছি, ইজরায়েলের ভেতরে লেবার পার্টি ইত্যাদি যেসমস্ত বিরোধী দল আছে তারা প্রতিবাদ জানিয়েছে, তারা সোচ্চার হচ্ছে, পার্লামেণ্টে তারা তাদের বক্তব্য জোরাল ভাষায় রেখেছে। ওদের এই ভূমিকা আজকে যেমন লক্ষ্য করছি তেমন এর আগে পি. এল. ও.-র ওপরে যখন আক্রমণ হয়েছে তখনও ইজরায়েলের ভেতরে কিছু পার্টি, কিছু মানুষ তার প্রতিবাদ করেছে। সুতরাং সেই মানুষরা ইজরায়েলে আছে, সেই মানুষদের অভিনন্দন জানাচ্ছি এবং সমস্ত শান্তিকামী মানুষ তাদের অভিনন্দন জানাচ্ছে। এবিষয়ে আমরা যা মনে করি তা এই প্রস্তাবের শেষ ২/৩টি লাইনে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে, সেটা আমি এখানে আর একবার উল্লেখ করছি, "তাই এই সভা মার্কিন যুক্তরাষ্ট্রের পরোক্ষ ও ইজরায়েলের প্রত্যক্ষ মদতে সংগঠিত বেইরুটের গণহত্যাকে নিন্দা করছে এবং কেন্দ্রীয় সরকারের মাধ্যমে দাবী জানাচ্ছে, ইজরায়েলকে অবিলম্বে লেবানন থেকে তার সমস্ত সৈন্য প্রত্যাহার করে নিতে হবে। এই সভা গণহত্যায় এবং অন্যান্য উপায়ে ইজরায়েল কর্তৃক নিহত ব্যক্তির পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে"। এটা আমাদের সকলের দাবী, আমরা সকলে মিলে আজকে এই প্রস্তাব এখানে গ্রহণ করছি এবং আজকে এটা আমরা এখানে পরিষ্কার করে বলছি যে, ইজরায়েল এবং মার্কিন সাম্রাজ্যবাদ শান্তির শত্রু। আমরা এখানকার সকলে বাইরে একই প্লাটফর্মে থাকতে পারব কিনা জানিনা, কিন্তু এক কথা, এক ভাষা, এক বক্তব্যের এই যে প্রস্তাব এখানে রাখা আছে এটা নিয়ে আমাদের মানুষের কাছে যাওয়া কর্তব্য। তানাহলে শুধু একটা প্রস্তাবের মধ্যেই এটা সীমাবদ্ধ থেকে যাবে।

এটা তো হচ্ছে শুরু, আগামী দিনে সাম্রাজ্যবাদী শক্তি যুদ্ধ বাধাতে চাইছে। হিটলারের সময়ের ঘটনাগুলির কথা আমাদের মনে পড়ে যাচ্ছে। সেই জন্যই আমি বলছি, আমাদের কর্তব্য হচ্ছে মানুষকে জাগিয়ে তোলা। আর ভারতবর্ষের মানুষের সারাবিশ্বে একটা বিরাট গুরুত্ব আছে। পৃথিবীতে জনসংখ্যার দিক থেকে আমরা দ্বিতীয় মহাদেশ। আমরা জানি সে হিসেবে আমরা যা ভাবি, আমরা যা করি, আমরা যা করব তার প্রভাব অন্য জায়গায় গিয়ে নিশ্চয়ই পড়বে। সুতরাং আমরা সাম্রাজ্যবাদ বিরোধী যে বক্তব্য রাখছি তার প্রভাবও যাতে পড়ে সে চেষ্টা আমাদের করতে হবে।

তবে একটা দুঃখের কথা, আমরা দেখছি আরব রাষ্ট্রগুলি এক হয়ে, ঐক্যবদ্ধ হয়ে বাধা দিতে পারছে না। কারণ সেখানেও তাদের ভেতর কিছু কিছু শক্তি আছে

যারা ঐ মার্কিন সাম্রাজ্যবাদের কাছে অর্থনৈতিক ইত্যাদি দিক থেকে অনেক কিছু আশা করে। আমি অবশ্য সেসবের এখানে অবতারণা করছি না। কিন্তু এই দৃশ্য চোখের সামনে দেখছি। তবে আমরা আশা করি যে, এজিনিষ আর বেশী দিন দেখতে হবে না, আরব দেশের মানুষ এসবের বিরুদ্ধে প্রতিবাদ, প্রতিরোধ গড়ে তুলবে।

আর একটা কথা হচ্ছে, এই যে প্রস্তাব এখানে আমরা গ্রহণ করব তা ভারতবর্ষে যে সমস্ত বিদেশী এ্যাম্বাসী আছে তাদের কাছে যেন অবিলম্বে পাঠিয়ে দেওয়া হয়। এই সভার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বলা হোক যে, যদি কোন উপায় থাকে তবে অন্যান্য দেশের কাছেও এটা পাঠিয়ে দেওয়া হোক। তবে আমি জানি না এবিষয়ে কি উপায় আছে, হয়ত বাইরেও এই প্রস্তাব পাঠাবার উপায় আছে। তাতে দুটো সুবিধা হবে—আমরা মাঠে ময়দানে আন্দোলন, সংগ্রাম সংগঠিত করছি, এসব করছি, তা সত্ত্বেও বিরোধী দল এবং সরকার পক্ষে যাঁরা আছেন তাঁরা সবাই মিলে এত বড় একটা গুরুত্ব-পূর্ণ বিষয়ে আমরা প্রস্তাব এনেছি। আমার মনে হয় আমরা কেউ এখনো সংবাদপত্রে দেখিনি যে, ভারতবর্ষের অন্য কোন রাজ্য এ-ধরনের প্রস্তাব বিধানসভায় গ্রহণ করেছে। আমরা এখন থেকে আশা প্রকাশ করব যে, তাঁরাও এই কাজ করবেন। এর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে বলে আমি মনে করি। তাই আমি সম্পূর্ণভাবে এই প্রস্তাবকে সমর্থন করছি এবং আশা করছি সবাই এটাকে সমর্থন করবেন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন আমরা তাঁর সঙ্গে একমত এবং এ ব্যাপারে আমাদের পক্ষে সুব্রতবাবু বলেছেন এবং ডাঃ জয়নাল আবেদিন, রউফ আনসারী একই সুরে কথা বলেছেন। একসঙ্গে একটা সুন্দর পরিবেশ ছিল, একসঙ্গে মোসান দেওয়া হয়েছে এবং এই মোসানে কোন রকম কনট্রোভার্সি না হয় সেটাই ছিল আমাদের কাম্য। কিন্তু মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় এমন কথা বলতে আরম্ভ করলেন যেখানে কংগ্রেসকে আঘাত করা হলো। তিনি বললেন, প্রাইম মিনিষ্টার আমেরিকা ভিসিট করেছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে আমেরিকা তিনি যেতে পারেন, চীনে যেতে পারেন, রাশিয়াতে যেতে পারেন, সমস্ত দেশে যেতে পারেন। কিন্তু তার মানে কি তিনি ইজরায়েলকে সমর্থন করে এসেছেন? তিনি বরং প্যালেষ্টাইনের পক্ষেই সোচ্চার। তিনি পি. এল. ও.-কে সমর্থন করে এসেছেন। পার্লামেণ্টেও এই ব্যাপারে সমর্থন করা হয়। প্যালেষ্টাইন প্রতিনিধি যখন আসে তখন আপনারা মুরুব্বী সেজে গিয়েছিলেন। আপনারা কি আমাদের খবর দিয়েছিলেন? সরকার পক্ষ থেকে আপনারা ইমভাইট করলেন না। আমাদের ডাকা উচিত ছিল। ডাকার পর যদি না যেতাম তাহলে বলতেন কিন্তু আমাদের ডাকা হয়নি। এই সমস্ত কথা বলে আপনারা ঘোলাটে করে দিতে চান। সুতরাং যে সমস্ত কথা বলেছেন সেগুলি এক্সপাঞ্জ করা উচিৎ। প্রাইম মিনিষ্টারের বিরুদ্ধে অনেক কথা বলেছেন।

**মিঃ স্পীকার ঃ** আপনার যদি আরও সময় লাগে তাহলে হাউসের সময় বাড়াতে হবে। কেননা এটা ৪-৪৮ মিনিটে শেষ হওয়ার কথা। সুতরাং সভার অনুমতি নিয়ে আমি আরোও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম। এখন আপনি বলুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আজকে ইজরায়েলকে আক্রমণ করার পিছনে আমেরিকা আছে একথা আমি বার বার বলেছি। আমেরিকার সাহস না পেলে, অস্ত্র না পেলে ইজরায়েল এইভাবে প্যালেস্টাইন আক্রমণ করতে পারে না। আমরা পি. এল. ও.-কে সমর্থন করেছি। ইন্দিরা গান্ধীও সেই কথা বার বার বলেছেন এবং আমার মনে হয় আজকে রাশিয়াও পি. এল. ও.-র পক্ষে। সৈন্য পাঠিয়েছে কি? নিশ্চয়ই পাঠায়নি। মৌখিক সিমপ্যাথি ছাড়া আর কিছু করেনি। চীন বরং আমেরিকাকে সমর্থন করেছে। তারা একটি কথাও বলছে না পি. এল. ও.-র ব্যাপারে। জাতি সংঘ ইউনানিমাস রেজোলিউসান নেওয়া হয়েছে। জাতি সংঘ যেভাবে রেজোলিউসান নিয়েছে সেখানে ইজরায়েল ইগনোর করছে। জাতি সংঘ ন-পুংশকের মতন রোল প্লে করছে। জাতি সংঘ রেজোলিউসান নিয়ে সমস্ত দেশকে বলুক সৈন্য পাঠিয়ে ঐ লেবানন এবং বেইরুটকে ইজরায়েলের হাত থেকে মুক্ত করুক। আসুন, আমরা একমত হয়ে সুন্দর পরিবেশে সকলে মিলে মোসানটাকে সমর্থন করি। কিন্তু দুঃখের কথা, যতীন চক্রবর্তী মহাশয়, — তিনি রেভোলিউসনারী সোসালিস্ট পার্টির মেম্বার — তিনি কোন রেভোলিউসান করেছেন কিনা জানি না — রেভোলিউসানের নাম দিয়ে — অনেকেই বলেন এবং কাগজেও দেখেছি — উনি নাকি সি. আই. এ.-র এজেন্ট।

[4-50—5-00 p.m.]

আপনি যে সি. আই. এ.-র এজেন্ট হিসাবে কাজ করেন, এ কথাও ৪ দিকে বলাবলি হয়। আমরা কি এখানে এই পরিবেশে সে কথা কি ওঠাব? এখানে সে কথা তোলা কি উচিত হবে? আমি স্পীকার মহাশয়কে বলব যে-রেজলিউসন, যে-মোশন আনা হয়েছে সব পক্ষ এক মন, এক প্রাণ, এক মত হয়ে, সেটা যাতে নষ্ট না হয়। যে অংশগুলি মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন প্রাইম মিনিস্টারের নামে আমি সেগুলি একস্পাঞ্জ করার জন্য বলছি, সেগুলি একস্পাঞ্জ করুন। যদি আপনি মনে করেন যে, আমার বক্তব্যের মধ্যে থেকেও কিছু কিছু একস্পাঞ্জ করা দরকার, তাহলে আপনি তাও একস্পাঞ্জ করুন। এই কটা কথা বলে মাননীয় শ্রীশচীন সেন, শ্রীসুব্রত মুখার্জী, শ্রীকৃপাসিন্ধু সাহা, শ্রীসুভাষ গোস্বামী, ডাঃ জয়নাল আবেদিন এবং শ্রীকামাখ্যা চরণ ঘোষ মহাশয় যা এনেছেন সেই মেশিনকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আপনার কাছে আমার অনুরোধ যে ওটা আপনি একস্পাঞ্জ করুন।

The motion of Shri Sachin Sen, Shri Subrata Mukherjee, Shri Kripasindhu Saha, Shri Subhas Goswami, Dr. Zainal Abedin, Shri Kamakhya Charan Ghosh, Shri Paobodh Chandra Sinha, Shri Kamal Sarkar, Shri Debaprasad Sarkar and Shri Trilochan Mal, as amended namely:
The motion as amended—by Dr. Hoimi Basu
"এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে—

মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ মদতে গত তিন মাস ধরে ইজরায়েলী সৈন্যবাহিনী আন্তর্জাতিক সীমান্ত লঙ্ঘন করে লেবাননের অভ্যন্তরে ঢুকে পড়েছে। চালাচ্ছে যথেচ্ছ খুন, লুট ও ধ্বংসলীলা। গত তিন মাসে হাজার হাজার লেবাননবাসী হয় নিহত,

না হয় আহত ও গৃহহারা হয়েছে। স্বাধীন দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের এরূপ দৃষ্টান্ত ইতিহাসে বিরল। লেবাননের রাজধানী বেইরুট এখন ইজরায়েলী সেনাবাহিনীর দখলে। গত ১৭ই সেপ্টেম্বর রাতে ইজরায়েলী সৈন্যদের প্রত্যক্ষ সাহায্যে বেইরুটের ছিন্নমূল প্যালেস্তানীর উদ্বাস্তু শিবির চাটিলা ও সাব্রা আক্রান্ত হল। আক্রমণকারীরা খুন করল শিশু, নারী, বৃদ্ধ নির্বিশেষে এক হাজারের বেশী মানুষকে ;

নিরস্ত্র উদ্বাস্তুদের দেওয়ালের গায়ে সারিবদ্ধভাবে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হয়েছে। এরূপ নির্মম ও পৈশাচিক হত্যাকাণ্ড ফ্যাসিস্ট হিটলারের রাজত্বে ঘটতে দেখা যেত। এই আক্রমণের ফলে দুটি উদ্বাস্তু শিবিরই ধ্বংস হয়ে গেছে ;

এই গণহত্যার পিছনের ইতিহাস সর্বজনবিদিত। ১৯৪৮ সাল থেকে গৃহহারা দেশছাড়া উদ্বাস্তুরা তাদের মাতৃভূমি ফিরে পেতে চায়। একদিকে যেমন শান্তিপূর্ণ রাস্তায় তাদের দাবী আদায়ের জন্য তারা আলোচনার সমস্ত রাস্তা খোলা রেখেছে, তেমনি জাতিসংঘে সংখ্যাগরিষ্ঠ ভোটে পাশ হওয়া সত্বেও উদ্বাস্তুরা তাদের মাতৃভূমি ফিরে পেল না, তার একমাত্র কারণ, আমেরিকার প্রকাশ্য বিরোধিতা। যতবার জাতিসংঘে ইজরায়েলের পররাজ্য গ্রাস বা আক্রমণের জন্য নিন্দা বা শান্তিমূলক প্রস্তাব এসেছে আমেরিকা সরাসরি তার বিরোধিতা করেছে। বস্তুত আমেরিকা ও ইজরায়েল প্যালেস্তানীয় উদ্বাস্তুদের কোন ন্যায্যদাবী মানতে প্রস্তুত নয়। তারা হত্যালীলার মাধ্যমে প্যালেস্তানীয়-দের নিশ্চিহ্ন করতে চায় ;

উপরন্তু আমেরিকা ইজরায়েলকে ব্যবহার করে মধ্যপ্রাচ্যে তেল সমৃদ্ধ আরব রাষ্ট্রগুলির উপর তার প্রভাব ও প্রতিপত্তি অক্ষুণ্ণ রাখার চেষ্টা করছে। আমেরিকা ও ইজরায়েলের উপরোক্ত কার্যকলাপ বিশ্বশান্তিকেও বিপন্ন করে তুলেছে ;

তাই এই সভা মার্কিন যুক্তরাষ্ট্রের পরোক্ষ ও ইজরায়েলের প্রত্যক্ষ মদতে সংঘটিত বেইরুটের গণহত্যাকে তীব্র নিন্দা করছে এবং কেন্দ্রীয় সরকারের মাধ্যমে দাবী জানাচ্ছে, ইজরায়েলকে অবিলম্বে লেবানন থেকে তার সমস্ত সৈন্য প্রত্যাহার করে নিতে হবে। এই সভা গণহত্যায় এবং অন্যান্য উপায়ে ইজরায়েল কর্তৃক নিহত ব্যক্তির পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।"

## Finalcial Voting of Demand for Grants

## DEMAND No. 25

**Major Heads:** 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 2x7—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—

Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed aud Sick Industries) (Buildings) and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).

Shri JATIN CHAKRABARTY Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,58,35,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "259—Public Works, 277—Education (Sports) (Buildings). 277—Eduction (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding) Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capitul Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511

Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)."

(This is inclusive of a total sum of Rs. 29,01,01,000 already voted on account in March and June, 1982)

**DEMAND No. 70**

**Major Heads: 377—Road and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges and 737—Loans for Roads and Bridges**

Shri JATIN CHAKRABARTY Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 61,74,41,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads : "377—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges and 737—Loans for Roads and Bridges."

(This is inclusive of a total sum of Rs. 37,80,10,000 already voted on account in March and June, 1982)

**DEMAND No. 39**

**Major Head: 283—Housing, 483—Capital Ontlay on Housing and 683—Loans for Housing**

Shri JATIN CHAKRABARTY Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15.54,12,000 be granted for expenditure under Demand No. 39 Major Heads : "283—Housing, 483—483—Capital Outlay on Housing and 683—Loans for Housing".

(This is inclusive of a total sum of Rs. 8,43,38,000 already voted on account in March and June, 1982)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, (ক) ২৫ নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য ৪৬,৫৮,৩৫,০০০ টাকা মঞ্জুর করা হোক এবং (খ) ৭০ নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য ৬১,৭৪,৪১,০০০ টাকা মঞ্জুর করা হোক। ১৯৮২ সালের মার্চ এবং জুন মাসে ভোট অন অ্যাকাউণ্ট হিসাবে ২৫ নং দাবির অধীনে গৃহীত ২৯,০১,০১,০০০ টাকা এবং ৭০ নং দাবির অধীনে গৃহীত ৩৭,৮০,১০,০০০ টাকা বর্তমান দাবির অন্তর্ভুক্ত।

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে মূলত সরকারী ভবন, সড়ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ বিষয়ক কাজ ৪১টি মুখ্য খাত সম্বলিত ঐ দুটি দাবির আওতায় পড়ে। ঐ সমস্ত কাজ পূর্ত, পূর্ত ( সড়ক ) এবং পূর্ত ( নির্মাণ পর্ষদ ) বিভাগ নিষ্পন্ন করে থাকেন।

এ ছাড়া এ বিভাগগুলিকে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ, স্বায়ত্ত-শাসিত সংস্থা এবং প্রতিষ্ঠানের তরফে তাদের দেওয়া অনেক কাজও সমাধা করতে হয়। এই কাজগুলির অন্তর্ভুক্ত হল জাতীয় সড়ক নির্মাণ, রক্ষণাবেক্ষণ, ডিপোজিট ওয়ার্কস এবং ট্রান্সফার রেমিট্যান্স সংজ্ঞায় অভিহিত কিছুসংখ্যক নির্মাণসূচী।

রাজ্যের বিভিন্ন অংশে আরও অধিক সড়ক, আরও অধিক সেতু এবং আরও অধিক ভবন নির্মাণ করে সরকার সেগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ করুন—জনসাধারণের এই আশা-আকাঙ্খা সম্পর্কে আমার বিভাগগুলি সম্পূর্ণ অবহিত আছেন। যদিও আমরা এই আশা আকাঙ্খা পূরণের জন্য যথাযাধ্য চেষ্টা করছি, কিন্তু নানা সমস্যা আমাদের কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি করছে। গত কয়েক বছরের বাজেট বক্তৃতায় আমি নির্মাণ দ্রব্যসামগ্রীর দুষ্প্রাপ্যতা এবং জ্বালানী সংকটের কথা উল্লেখ করেছিলাম। সেই অসুবিধাগুলি কিছুটা প্রশমিত হতে না হতে অর্থসংকটজনিত এক নূতন সমস্যার সৃষ্টি হয়েছে। আমাদের এখন এই অপ্রতুল অর্থ-বরাদ্দ নিয়েই কাজ করতে হবে। তবুও আমরা চালু কাজগুলি এবং নতুন জরুরী কাজগুলি এই অপ্রতুল বাজেট বরাদ্দ নিয়ে চালিয়ে যাবার চেষ্টা করব। অবশ্য কিছু কিছু কাজ হয়ত আর্থিক সমস্যার জন্য সাময়িকভাবে বন্ধ রাখতে হবে বা পিছিয়ে দিতে হবে।

মহাশয়, এবার আমি আপনার অনুমতি নিয়ে পূর্ত বিভাগের বিভিন্ন শাখা যে সমস্ত নির্মাণ কর্মসূচী হাতে নিয়েছেন বা নিতে চলেছেন তার মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্পের নাম সংক্ষেপে উল্লেখ করছি।

### শিক্ষা ও সংস্কৃতি ভবন

মহাজতি সদনে বিধানচন্দ্র গ্রন্থাগার ভবন নির্মাণ ( আনুমানিক ব্যয় ১৪ লক্ষ টাকা )—১৯৮২ সালের ফেব্রুয়ারী মাসে গ্রন্থাগার ভবনের উদ্বোধন করা হয়েছে।

### হাসপাতাল ও স্বাস্থ্য সম্পর্কিত অন্যান্য ভবন ও কেন্দ্র

যে কয়েকটি উল্লেখযোগ্য বড় হাসপাতাল ভবনের নির্মাণ কাজ—হয় শেষ হয়েছে বা হাতে নেওয়া হয়েছে সেগুলি আমি উল্লেখ করছি ঃ

(ক) জলপাইগুড়ি জেলার ভাতিবাড়ীতে ২০-শয্যা বিশিষ্ট একটি জেনারেল হাসপাতাল নির্মাণ ( আনুমানিক ব্যয় ৬২'৫১ লক্ষ টাকা )—কাজটি এগিয়ে চলেছে।

(খ) বীরভূম জেলার বোলপুরে ১২৫-শয্যা বিশিষ্ট একটি মহকুমা হাসপাতাল নির্মাণ ( আনুমানিক ব্যয় ১২৮'৪৮ লক্ষ টাকা )—কাজটি এগিয়ে চলেছে।

(গ) হাওড়ায় মহেশ ভট্টাচার্য্য কলেজ ও হাসপাতাল নির্মাণ ( আনুমানিক ব্যয় ৯৮'৩০ লক্ষ টাকা )—কাজটি হাতে নেওয়া হয়েছে।

(ঘ) ম্যালে ১০০-শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ভবন নির্মাণ ( আনুমানিক ব্যয় ৫৩'৯১ লক্ষ টাকা )

(ঙ) বীরপাড়াতে ..০০-শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ভবন নির্মাণ ( আনুমানিক ব্যয় ১০৮ লক্ষ টাকা )।

এছাড়া রাজ্যের বিভিন্ন অংশে আমার বিভাগ অনেকগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণের কাজ হাতে নিয়েছেন এবং কাজগুলি এগিয়ে চলেছে।

## অফিস ভবন নির্মাণ

রাজ্যের বিভিন্ন সরকারী অফিসে ঘন সন্নিবিষ্ট অবস্থানের সংকট দূর করতে পূর্ত বিভাগ যে সমস্ত অফিস ভবন নির্মাণের কাজ হাতে নিয়েছেন বা হাতে নিতে চলেছেন সেগুলি হল ঃ

(ক) আনুমানিক ১৭৬ লক্ষ টাকা ব্যয়ে আলিপুরে ভবানীভবনে একটি দশ তলা অফিস ভবন নির্মাণ। কাজ ১৯৮৪ সালের মার্চ মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

(খ) আনুমানিক ২৫ লক্ষ টাকা ব্যয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে পূর্ত বিভাগের অধীক্ষক বাস্তুকার ও নির্বাহী বাস্তুকার সহ সহবাস্তুকারদের জন্য ১৫টি অফিস ভবন নির্মাণ। এই কাজগুলি ভালভাবে এগিয়ে চলেছে।

(গ) আনুমানিক ৫০২ লক্ষ টাকা ব্যয়ে ৪২/১, ৪২-এ এবং ৪২-বি চৌরঙ্গী রোডে বহুতল অফিস ভবন নির্মাণ।

(ঘ) আনুমানিক এক কোটি টাকা ব্যয়ে ১৬৬-এ শ্যামাপ্রসাদ মুখার্জী রোডে পাব্লিক সার্ভিস কমিশনের জন্য অফিস ভবন নির্মাণ।

(ঙ) আনুমানিক ১ কোটি টাকা ব্যয়ে আলিপুর কালেকটরেটের অফিস চৌহদ্দির মধ্যে একটি বহুতল বিশিষ্ট অফিস ভবন নির্মাণ।

(চ) আনুমানিক ২ কোটি টাকা ব্যয়ে ১ নং চার্ণক প্লেসে বহুতল বিশিষ্ট অফিস ভবন নির্মাণ।

## বাসগৃহ নির্মাণ

বাসের স্থানাভাবজনিত সমস্যার সুরাহার জন্য বেশ কয়েকটি বাসভবন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। দিল্লীর বঙ্গভবনের সামনের অংশে পর্যায়ক্রমিক নির্মাণ সূচীর অঙ্গ হিসাবে একটি নূতন ব্লক ইতিমধ্যে সমাপ্ত করে উদ্বোধন করা হয়েছে। বঙ্গভবনের পিছনের অংশে অনুরূপ নির্মাণ কাজ অদূর ভবিষ্যতে আরম্ভ করার কথা। এগুলি ছাড়া রাজ্যের বিভিন্ন স্থানে বাস্তুকার প্রমুখ উচ্চপদস্থ ও অধস্তন সরকারী কর্মীবৃন্দের জন্য ৭৫টি বাসস্থান নির্মাণের কাজ ভালোভাবেই এগিয়ে চলেছে।

পুলিশ আবাসন প্রকল্পের অন্তর্গত কতকগুলি অনুমোদিত কাজ আমার বিভাগ করে চলেছেন। সংক্ষিপ্ত পরিসরে এমন কয়েকটির নাম করছি। যেমন ঃ

(ক) নোয়াদাপাড়া পুলিশ আবাসন এস্টেটের মধ্যে কয়েক প্রস্থ বাসগৃহ নির্মাণ ( আনুমানিক ব্যয় ৪৩.১৯ লক্ষ টাকা ) — কাজটি এগিয়ে চলেছে।

(খ) হাওড়ার ১৫নং নিত্যধন মুখার্জী রোডে হাওড়া থানা ভবন সহ সংশ্লিষ্ট কর্মীদের আবাসন ভবন নির্মাণ ( আনুমানিক ব্যয় ২৫.৩৬ লক্ষ টাকা ) — কাজটির অংশবিশেষ সম্পন্ন হয়েছে এবং বাকী কাজের অগ্রগতি অব্যাহত।

(গ) ব্যারাকপুর পুলিশ ট্রেনিং কেন্দ্রের প্রশিক্ষণ কর্মীদের বাসগৃহ নির্মাণ ( আনুমানিক ব্যয় ৭৬.০৯ লক্ষ টাকা ) — এ কাজটিও অব্যাহত গতিতে এগিয়ে চলেছে।

**জাতীয় নেতা, বিপ্লবী, শহিদ, সমাজসংস্কারক ও সাহিত্যিকদের স্মৃতিরক্ষা**

কার্ল মার্ক্স, জে. এল. ব্যানার্জী, বিনয় বোস, বাদল গুপ্ত, দীনেশ গুপ্ত, ডঃ বি. আর. আম্বেদকর, বাঘা যতীন ( যতীন্দ্রনাথ মুখার্জী ), প্রীতিলতা ওয়াদ্দেদার — এই সকল প্রখ্যাত মনীষী, গুণীজন, নেতা ও বিপ্লবীর প্রতিমূর্তি ইতিমধ্যে স্থাপিত হয়েছে। সাথে সাথে মাইকেল মধুসূদন দত্ত এবং গোষ্ঠ পালের প্রতিমূর্তি এই বছরের মধ্যে স্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়। অপরদিকে চার্লি চ্যাপলিন, সুভাষচন্দ্র বসুর মর্মর মূর্তি এবং কোচবিহারের সাগরদীঘির বাঁধে শহীদ স্তম্ভ নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

**সড়ক ও সেতু**

এখন আমাকে রাজ্যের সড়ক ও সেতু নির্মাণ ও তাদের রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে আমার বিভাগগুলির কর্মতৎপরতা সম্বন্ধে কিছু বলতে অনুমতি দিন।

**কেন্দ্রীয় সড়ক তহবিল বরাদ্দ ( যোজনা বহির্ভূত )**

বিধি অনুযায়ী উক্ত তহবিল থেকে রাজ্যের প্রাপ্য বরাদ্দের মধ্যে ৬ কোটি টাকা মূলধন বিনিয়োগে যে ৫০টি সড়ক ও সেতু নির্মাণের কাজ গ্রহণ করা হয়েছিল, তা আরও এগিয়ে চলেছে। এদের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি কাজের নাম হল ঃ

(ক) নবদ্বীপে শ্রীগৌরাঙ্গ সেতু ( আনুমানিক ব্যয় ৩ কোটি টাকা ) — কাজটি সমাপ্তির পথে।

(খ) ব্যারাকপুর ট্রাঙ্ক রোডের উন্নয়ন ( আনুমানিক ব্যয় ৩৬ লক্ষ টাকা ) — কাজটির অগ্রগতি অব্যাহত।

(গ) সাঁওতালদিহি তাপবিদ্যুৎ কেন্দ্রাভিমুখী সড়কের উন্নয়ন ( আনুমানিক ব্যয় ১৮ লক্ষ টাকা ) — এ কাজটিও এগিয়ে চলেছে।

**ন্যূনতম প্রয়োজন কর্মসূচী বহির্ভূত সড়ক ও সেতু**

এই কর্মসূচীর জন্য ১৯৮২-৮৩ সালের যোজনা খাতে ৫৭.৫০ লক্ষ টাকা বরাদ্দ ধার্য করা হয়েছে। এই বরাদ্দ থেকে পূর্ত বিভাগ যে দুটি সেতু নির্মাণের কাজ হাতে নেবেন তা হল ঃ

(ক) বীরভূম জেলার দুচা-বলিহারপুর সড়কে অবস্থিত ব্রাহ্মণী নদীর উপর সেতু নির্মাণ।

(খ) বহরমপুর-ভগবানগোলা-রঘুনাথগঞ্জ সড়কের উপর খড়খড়ি সেতু নির্মাণ।

**অর্থনৈতিক-আন্তঃরাজ্যিক গুরুত্বপূর্ণ সড়কসমূহ**

৯৯ লক্ষ টাকা বিনিয়োগে আরব্ধ খড়্গপুর-বালেশ্বর সড়কটিকে উড়িষ্যা সীমান্ত পর্যন্ত প্রশস্তকরণ ও উন্নয়ন কাজটি এগিয়ে চলেছে। পুরো টাকাটাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ সহায়তা হিসাবে পাওয়া গেছে।

**রাজ্য সেতু তহবিল** ( যোজনা বহির্ভূত, উন্নয়নমূলক )

১৯৮০ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত এই তহবিলে জমা পড়েছে প্রায় ১২৫ লক্ষ টাকা। কয়েকটি সেতু নির্মাণের কাজে ঐ জমা টাকার কিয়দংশ ব্যয় করা হচ্ছে। যেমন ঃ

(ক) আনুমানিক ৬০ লক্ষ টাকা ব্যয়ে কাটোয়া শহরের উপকণ্ঠে শ্রমিক সেতু ( অজয় সেতু ) নির্মাণ। ইতিপূর্বে সেতুটির উদ্বোধন করা হয়েছে।

(খ) আনুমানিক ১৮ লক্ষ টাকা ব্যয়ে চাপাডাঙ্গা—আরামবাগ—পুরশুরা সড়কের উপর অবস্থিত ১৬, ১৭ ও ১৮ নম্বর সেতুগুলি পরিবর্তনের কাজ। এই কাজগুলি শেষ পর্যায়ে এসে পৌঁছেছে।

(গ) আনুমানিক ৫২ লক্ষ টাকা ব্যয়ে বহরমপুর—ইসলামপুর সড়কে গোবরা-নালার উপর বালিরঘাট সেতু নির্মাণ। সেতুটি সম্প্রতি উদ্বোধন করা হয়েছে।

এই তহবিল থেকে বেশ কিছু টাকা কয়েকটি বড় সেতু নির্মাণ কাজে ব্যয় করার কথা পূর্ত বিভাগ বিবেচনা করছেন। যেমন ঃ

(ক) আনুমানিক ৩১ লক্ষ টাকা ব্যয়ে বীরভূম জেলার পাণ্ডবেশ্বরে অজয় সেতু।

(খ) আনুমানিক ৪৮০ লক্ষ টাকা ব্যয়ে বাঁকুড়া জেলার মেজিয়াঘাটে দামোদর সেতু।

**রাজ্য ও জাতীয় সড়কসমূহ নির্মাণ ও উন্নয়ন**

এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে ষষ্ঠ পঞ্চবার্ষিক যোজনা—যার যাত্রা সুরু হয়েছিল ১৯৮০ সালের ১লা এপ্রিল, তার মাঝপথে আমরা এখন উপনীত হয়েছি। ১৯৮০ সাল থেকে ১৯৮৫ সাল ব্যাপী এই পঞ্চবার্ষিক যোজনায় মোটামুটিভাবে ৯০ কোটি টাকা বিনিয়োগের ভিত্তিতে সড়ক উন্নয়ন পরিকল্পনার চূড়ান্ত রূপরেখা তৈরী হয়েছে—যার মধ্যে প্রায় ৬০ কোটি টাকা ব্যয়িত হবে গ্রামীণ রাস্তা নির্মাণে। এই যোজনাকালে প্রায় ১৫০০ কিলোমিটার রাস্তা এবং কয়েকটি বড় সেতু নির্মাণের প্রস্তাব রয়েছে। ১৯৮০-৮১, ১৯৮১-৮২ সালে সড়ক উন্নয়ন খাতে অর্থ পাওয়া গিয়েছিল যথাক্রমে ১৪ কোটি ৮৪ লক্ষ এবং ১৫ কোটি ৫ লক্ষ টাকা। ১৯৮২-৮৩ সালের জন্য এই খাতে বরাদ্দ হয়েছিল ১৬ কোটি ৫ লক্ষ টাকা। কিন্তু দারুণ অর্থ সঙ্কটের জন্য এ বছরের ঐ বরাদ্দ কমিয়ে ১৩ কোটি টাকা করা হয়েছে। অর্থাৎ যোজনার প্রথম তিন বছরে পাওয়া গেল মোট ৪২ কোটি ৮৯ লক্ষ টাকা আর পরবর্তী দু' বছরে পাওনা থাকল বাকী ৪৭ কোটি ১১ লক্ষ টাকা। বর্তমান সরকার সড়ক ও সেতু নির্মাণ পরিকল্পনার নীতি এমনভাবে নির্ধারণ করেছেন যাতে শহরাঞ্চল ও গ্রামাঞ্চলের সড়ক সংস্থাপন ব্যবস্থার যে অসঙ্গতি ছিল, তা দূর করে সমতাবিধান করা যায়। এই লক্ষ্য পথে আমাদের অগ্রসর হতে হচ্ছে, এই কথা মনে রেখে যে ১৯৭৭ সালে পূর্বতন সরকারের কাছ থেকে বেশ কিছু চালু কাজ আমাদের হাতে এসেছিল এবং আমাদের এই সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছিল যে বেশ কিছু-দূর এগিয়ে যাওয়া কাজগুলিকে সমাপ্ত করতে হবে এবং অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ কাজ, যাদের উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি, সেগুলিকে ধীরগতিতে চালু রাখতে হবে। এ কাজ আমাদের হাতে নিতে হয়েছে চরম অর্থ সংকটের সম্মুখীন হয়ে। গ্রামাঞ্চলে ব্যাপক উন্নয়নমূলক কর্মযজ্ঞ অনুষ্ঠানের জন্য যথেষ্ট অর্থের প্রয়োজন।

কিন্তু দুর্ভাগ্যবশতঃ, উক্ত কর্মসূচী হাতে নেওয়ার গোড়া থেকেই আমাদের অর্থের জন্য সংগ্রাম করতে হয়েছে। সংশোধিত "ন্যূনতম প্রয়োজন কর্মসূচী"র লক্ষ্য হল, যে সব গ্রামের জনসংখ্যা ১৫০০ বা ততোধিক, তাদের সবগুলিকে এবং যে সব গ্রামের জনসংখ্যা ১০০০ থেকে ১৫০০-এর মধ্যে, তাদের শতকরা ৫০ ভাগকে দশ বছরের মধ্যে সড়ক সংযোগে যুক্ত করতে হবে। ১৯৮২ সালের মার্চ মাসের মধ্যে প্রথম পর্যায়ভুক্ত ৪৯২৮ খানি গ্রামের মধ্যে ২৫৩৩ খানি গ্রাম এবং দ্বিতীয় পর্যায়ভুক্ত ৫৫০০ খানি গ্রামের মধ্যে ২৮০৫ খানি গ্রাম সড়কের দ্বারা যুক্ত করা গেছে। সুতরাং এখন আমাদের আশু কাজ হল ১৫০০ বা ততোধিক জনসংখ্যা বিশিষ্ট বাকী ২৩৯৫ খানি গ্রামের মধ্যে সড়ক যোগাযোগ স্থাপন করা। এই লক্ষ্য পূরণের উদ্দেশ্যে আমরা ইতিমধ্যেই কাজ সুরু করে দিয়েছি এবং মাননীয় সদস্যবৃন্দ শুনে আনন্দিত হবেন যে ১৫০০ বা তার বেশি জনসংখ্যা বিশিষ্ট যত গ্রাম আছে তার শতকরা পঞ্চাশ ভাগেরও বেশি ইতিমধ্যেই সড়ক যোগাযোগে যুক্ত করা হয়েছে।

১৯৮২-৮৩ সালের প্রথম এবং দ্বিতীয় অন্তর্বর্তী বাজেট প্রস্তুত হয়েছিল ১৬'০৫ কোটি টাকার মূল বার্ষিক যোজনা বরাদ্দের ভিত্তিতে। কিন্তু অর্থ-সংকটের জন্য বার্ষিক যোজনা বরাদ্দ ১৩ কোটি টাকায় নামিয়ে আনা হয়েছে, যার থেকে ন্যূনতম প্রয়োজন কর্মসূচীর জন্য ৮ কোটি টাকা এবং উপজাতি অঞ্চলোন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত সড়ক উন্নয়নের জন্য ১ কোটি ৬৪ লক্ষ টাকা স্বতন্ত্র করে রাখা হয়েছে। আশা করা হচ্ছে, এই ১৩ কোটি টাকার সংকুচিত বরাদ্দ আমাদের বড় জোর ২৬০ কিলোমিটার রাস্তা আর অল্প কয়েকটি বড় সেতু নির্মাণের কাজে সহায়তা করতে পারবে। কয়েকটা সেতুর নাম এখানে উল্লেখ করছি। যেমন, নদীয়া জেলায় নবদ্বীপ ঘাটে গৌরাঙ্গ সেতু, হাওড়া জেলার খাদিনানে দামোদর নদের উপর সেতু, মেদিনীপুর জেলায় কেলেঘাই সেতু ও কুটিঘাটে সুবর্ণরেখা সেতু, দার্জিলিং জেলায় খড়িবাড়িতে বুড়িবালাসন সেতু, জলপাইগুড়ি জেলার ধরলা সেতু এবং নদীয়া জেলার কল্যাণীতে হুগলী সেতু। এই সব সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে। মেদিনীপুর জেলায় নরঘাটে হলদী নদীর উপর মাতঙ্গিনী সেতু এবং মালদা জেলায় পাগলা সেতুর নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে এবং সেতুগুলি এই বছরযান বাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। মেদিনীপুরে সুবর্ণরেখা সেতুটির কাজ খুব শীঘ্রই সমাপ্ত হবে। কল্যাণীতে হুগলী সেতু নির্মাণের অর্থ সংস্থান হচ্ছে আংশিকভাবে রাজ্য সরকারের যোজনা তহবিল থেকে এবং আংশিক ভাবে কেন্দ্রীয় ঋণ সহায়তা থেকে।

আমরা কৃষিবিভাগের হয়ে পল্লী উন্নয়নের অনুষঙ্গ হিসাবে বাজার সংযোগকারী সড়কগুলির উন্নয়নের কাজ করে চলেছি। মোট ৫০'৫ কিলোমিটার দৈর্ঘ্যের ষোলটি সড়ক প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। পূর্তবিভাগ কয়েকটি জেলায় এই ধরণের রাস্তা তৈরীর কাজ হাতে নিয়েছেন। অন্য কয়েকটি জেলায় এই কাজ করছেন সংশ্লিষ্ট জেলা পরিষদগুলি। এছাড়া পূর্ত (সড়ক) বিভাগকে সুন্দরবন উন্নয়ন পর্ষদ এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অন্তর্গত পাহাড়ী অঞ্চল বিষয়ক শাখার প্রতিনিধি হিসাবে সড়ক ও সেতু নির্মাণের কাজ করতে হচ্ছে।

কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় সড়ক প্রকল্পের কিছু কাজও পূর্ত (সড়ক) বিভাগকে সম্পাদন করতে হয়। এই রাজ্যে নয়টি জাতীয় সড়ক আছে।

২ নম্বর জাতীয় সড়কের উপর বর্দ্ধমান উপপথের নির্মাণ কার্য্য সমাপ্ত হয়েছে এবং রাস্তাটির উপর দিয়ে এখন যানবাহন চলাচল করছে। উক্ত জাতীয় সড়কের উপর আসানসোল উপপথটির নির্মাণ কার্য সন্তোষজনক ভাবে এগিয়ে চলেছে। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের অগ্রগতিও অব্যাহত আছে। হুগলী জেলার মগরাতে ২ নম্বর জাতীয় সড়কের উপর কুন্তী সেতুর নির্মাণ কার্য সন্তোষজনক ভাবে এগিয়ে চলেছে। হলদিয়া বন্দর ও ৬ নম্বর জাতীয় সড়কের সংযোগসাধক ৪১ নম্বর জাতীয় সড়কটির দৃঢ়ীকরণ, ৩৪ নং জাতীয় সড়কের মালদা-গাজোল অংশের দৃঢ়ীকরণ এবং মুর্শিদাবাদ জেলায় বল্লালপুর ক্ষণবিরতি স্টেশনে উড়ালপুল সমেত একটি রেল সেতু নির্মাণের কাজ পূর্ণোদ্যমে এগিয়ে চলেছে। কলকাতা দুর্গাপুর এক্সপ্রেসওয়েটি জাতীয় সড়ক হিসাবে ঘোষিত হয়েছে। এর নির্মাণ কার্য এই বছরের শেষ নাগাদ অথবা ১৯৮৩-৮৪ সালে হাতে নেওয়া হবে। ৩১ নং জাতীয় সড়কটি আগের কয়েক বছরে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। এই রাস্তাটির একটা বিরাট অংশের দৃঢ়ীকরণের কাজ ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট অংশের কাজ অব্যাহত গতিতে এগিয়ে চলেছে।

## দ্বিতীয় হুগলি নদী সেতু

বিগত বাজেট ভাষণে আমি দ্বিতীয় হুগলি নদী সেতুর কথা উল্লেখ করেছিলাম। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ নিয়ে এই সেতুর কাজ ১৯৭২ সালে শুরু হয়। এই সেতুর খরচ "পরিকল্পনা" ও 'পরিকল্পনা বহির্ভূত"—এই দুই অংশে বিভক্ত। সাংগঠনিক, পুনর্বাসন ও অন্যান্য খরচ পরিকল্পনা খাত থেকে ব্যয় হয় এবং এই ব্যয়ভার রাজ্য সরকার বহন করে থাকেন। সেতু নির্মাণের মূল খরচ পরিকল্পনা বহিভূত খাত হতে ব্যয় হয় এবং এই ব্যয়ভার কেন্দ্রীয় সরকার থেকে ঋণ হিসাবে পাওয়া যায়। সেতু প্রকল্পটি তিনটি অংশে বিভক্ত করে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। প্রথম অংশটি নির্মিত হচ্ছে কলকাতার দিকে প্রবেশ পথ, উড়ালপুল ও সড়ক সঙ্গম। দ্বিতীয় অংশ হচ্ছে হাওড়ার দিকে প্রবেশপথ, উড়ালপুল ও সড়ক সঙ্গম। আর তৃতীয় অংশ হবে হুগলি নদীর উপর মূল সেতুটির নির্মাণ কার্য।

প্রথম ও দ্বিতীয় অংশের কাজ বেশ ভালভাবেই এগিয়ে চলেছে এবং তৃতীয় অংশ অর্থাৎ মূল সেতুর কাজ ইতিমধ্যেই আরম্ভ হয়ে গেছে। ১৯৮২-৮৩ সালে পরিকল্পনা বহির্ভূত খাতে ১৪.৫০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। আমরা আশা করছি যে এই টাকাতে ১৯৮২-৮৩ সালে সেতুটির তিনটি অংশের কাজ বেশ ভালভাবেই এগিয়ে যাবে। যেমন: প্রথম অংশের কাজ ৬০ শতাংশ, দ্বিতীয় অংশের কাজ ৩০ শতাংশ এবং তৃতীয় অংশের কাজ ১৫ শতাংশ হয়ে যাবে।

সাংগঠনিক, হাওড়ার দিকে জমি অধিগ্রহণের জন্য পুনর্বাসন ও অন্যান্য খরচ মেটাতে পরিকল্পনা খাতে ১৯৮২-৮৩ সালে ২.৫০ কোটি টাকা ধরা আছে। যখন প্রকল্পটি মঞ্জুর হয়েছিল তখন এর আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ৭৫ কোটি টাকা। নির্মাণ কার্যের বিলম্বের ফলে তা এখন ১৪২ কোটি টাকায় দাঁড়িয়েছে। কেন্দ্রীয় সরকারের নিকট থেকে এই সংশোধিত ব্যয়ের ১২৬ কোটি টাকা ঋণ হিসাবে পাওয়ার কথা। ১৯৮০ সালে কেন্দ্রীয় সরকার ঋণ হিসাবে ৫৭.১৩ কোটি টাকা দিতে রাজী

হয়েছেন। কিন্তু সংশোধিত ব্যয়ের দরুণ তাঁদের দেয় ১২৬ কোটি টাকার অনুমোদন কেন্দ্রীয় সরকারের নিকট থেকে এখনও পাওয়া যায়নি।

আমরা আশা করি যে আগামী ১৯৮৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে সেতু নির্মানের কাজ শেষ হয়ে যাবে।

## নিয়ম, সংহিতা ইত্যাদির সংশোধন

শেষ করার আগে আমি ১৯৭৮ সালে নিযুক্ত পূর্ত বিভাগের সংহিতা ও পুনর্বিন্যাস কমিটি সম্বন্ধে গুটিকয়েক কথা বলতে চাই। বর্তমানে এই কমিটি তৃতীয় অন্তবর্তী রিপোর্ট পেশ করার কাজে ব্যস্ত আছেন। এই রিপোর্টে পূর্ত, পূর্ত (সড়ক) এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) অধিকারের সাংগঠনিক ও অন্যান্য বিষয়ের উল্লেখ থাকবে। পূর্ত বিভাগের কনট্রাক্ট ফর্ম ও পূর্ত সংহিতার অবশিষ্ট নিয়মগুলির পরিবর্তন ও পরিবর্ধন করার কাজে কমিটি বর্তমানে নিযুক্ত আছেন। আশা করা যায় ১৯৮৪ সালের মার্চ মাসের মধ্যে কমিটি তাঁদের সর্বশেষ রিপোর্ট দাখিল করতে সক্ষম হবেন।

মহাশয়, এই কথাগুলি নিবেদন করে আমি এখন আমার ১৯৮২-৮৩ সালের বাজেট দাবি অনুগ্রহ করে মেনে নেবার জন্য অনুরোধ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় এই ডিমাণ্ড মুভ একাধিকবার করলেন। তিনি প্রায়সই বলেন যে উনি আমার বাপের বয়সী। আমি ওনাকে জানাতে চাই যে উনি আমার বাপের হাঁটুর বয়সী। আমার বাবা ১২০ বছর পর্যন্ত বেঁচে ছিলেন। উনি আবার বলেন যে, উনি আমার বাবার বয়সী। ওনার লজ্জা করা উচিত, উনি ঐ বয়সে পেঁছিতে পারবেন না। যাই হোক এই নিয়ে আমি আর বিতর্কে যেতে চাই না, কতকগুলি মৌলিক পার্থক্য ওনার সঙ্গে আছে, সেই প্রশ্নগুলি আমি তুলে ধরতে চাই। ওনার তো কথার ঠিক নেই। মাননীয় মন্ত্রী মহাশয় আপনার কি জ্ঞান আছে, আপনি কি স্মরণ করতে পারেন যে আপনাদের উপর ভারত সরকার নোটিশ দিয়েছিলেন "মকান ছাড়ো নইলে নিকালো"। কোন মকান ? যে মকান ভাড়া নেওয়া হয়েছিল কংগ্রেস আমলে — আপনাদের দ্বারা নিন্দিত হয়েছিল, বলেছিলেন বাড়ির প্রয়োজন নেই। কিন্তু সেই বাড়ী আপনারা ছেড়ে দেননি সারকুলার রোডে। আজকে ভাড়া দিয়েছেন, কিন্তু তার হিসাব নেই। সময় মত আবেদন করতে হবে। ভাড়া রিনিউ-এর ব্যাপারে — উনি এখানকার কর্তা হতে পারেন কিন্তু রিনিউ করবার কথা উনি ভুলে গেছেন। আগে ওরা বলেছিলেন যে বাড়ি অকারণে নেওয়া হয়েছে কিন্তু আজ সেই বাড়ি আপনারা উপভোগ করছেন। যে রকম মুখ্যমন্ত্রী উপভোগ করছেন সিদ্ধার্থ শঙ্কর রায়ের তৈরী ল্যাভেটরি, বাথরুম ইন রাইটার্স বিল্ডিংস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই আপনার অবজেকটিভ কি ? আপনি এই কথা বলুন। কোন সেকসানকে আপনি প্রায়রিটি দিয়েছেন ? আণ্ডার ডেভলপড্ এরিয়া, রিজিয়নাল ইমব্যালেন্স যেখানে আছে ? ট্রাইবাল অ্যাণ্ড সিডিউইল পপুলেসন সেখানে আছে ? আপনার প্লান পড়ে তো বুঝলাম এক এক জায়গায় বলেছেন requirement is small as such there is a decrease. যে দেশ আণ্ডার ডেভলপ, ইকনমি যে দেশে নির্ভর করে ইনফ্রাস্ট্রাকচারের

উপর অ্যাণ্ড one of the basic requirements is communication — rail communication is not easy after partition of Bengal and West Bengal suffered most in the point of railway link. আমরা এবং আমাদের অগ্রবর্তী যাঁরা ছিলেন ১৯৬৭ সালেতে, আমাদের অগ্রবর্তী যাঁরা ছিলেন ১৯৬৯ সালেতে — সেই সময় এখানে রেলওয়ে এক্সপানসান কিছু হয়নি। আজকে সেইজন্য রোড ট্রান্সপোর্টের উপর নির্ভর করতে হয়। আজকে ইনফ্রাস্ট্রাকচার — both for agriculture and industrial infrastructure. ইনফ্রাস্ট্রাকচার এখানে রোড ট্রান্সপোর্ট ইজ দি বেসিক থিং। আজকে রোডের অবস্থা কি? আপনারা ৩০ বছর কংগ্রেস আমলের কথা বলেন? ওঁরা ভুলে গেছেন — ১৯৬৭ সালে কে এসেছিল ফিনান্স মিনিস্টার হয়ে? ১৯৬৯ সালে কে এসেছিল ডেপুটি চিফ মিনিস্টার হয়ে? ১৯৭৭ সালে কারা এসেছিল? এই সব কথা ওঁরা ভুলে গেছেন। আজকে সেইজন্য রোড কমিউনিকেসান-এ যে ক্রিটিক্যাল গ্যাপগুলি ছিল the department has failed under the leadership of the veteran revolutionary leader Shri Jatin Chakravorty to meet the critical gap in point of road communication in the state. আজকে করেছেন কি? একটা ব্রীজ — বালুরঘাট চক ব্রীজ — আমরা নির্মাণ করেছিলাম আর উনি ফিতা কেটে বললেন আমিই বাপ — ওনার ছেলে নেই, আমি দুঃখিত — ফিতা কেটে তৈরী ছেলের বাপ হয়ে বসে রইলেন। সেকেণ্ড হুগলী ব্রীজের প্লান আমরা তৈরী করেছিলাম — ইট ইজ আওয়ার কপি। আজকে ৫ বছর হয়ে গেল, সেকেণ্ড হুগলী ব্রীজ এখনও তৈরী হয়নি। ৫৭ কোটি টাকার প্লান, ১২৫ কোটি টাকাতেও হল না। ভারত সরকার বলেছেন যে আর লোন দেব না। ৫৭ কোটি টাকা আমরা দিয়ে দিয়েছি। এই তো সময় জ্ঞান। জ্যোতিবাবুর নেতৃত্বে যে সরকার গঠিত হয়েছে তাদের সময় জ্ঞান নেই, মাত্রা জ্ঞান তো ওদের কাররই নেই। সময় জ্ঞান নেই, time is precious and they have managed to forget it. আজকে এই কথা ওঁদের জিজ্ঞাসা করি যে ৫ বছর তো হয়ে গেল, কেন এটা হ'ল না? আমার দ্বিতীয় কথা হচ্ছে এই রাজ্যে যে six districts of the border in the neighbouring state এই বর্ডার এরিয়ায় যে ক্রিটিক্যাল গ্যাপগুলি আছে সেইগুলির ইমপর্টেন্স ইন দি ডিফারেন্স পয়েণ্ট অফ ভিউ অনেক হয়েছে, আমাদের আমলে আমরা অনেক করেছি। কিন্তু যে ক্রিটিক্যাল গ্যাপগুলি আছে what negotiations, what inciations you have taken to pursue the Home Ministry to pursue of the defence ministry to meet critical gap. আপনাদের কোন উদ্যোগ আমরা দেখিনি। সেইজন্য আপনারা আরো দুর্বল হয়ে রয়েছেন। আমরা অনেক জায়গায় দেখেছি যে, এখনও আমাদের বিহার দিয়ে যেতে হয়, অন্য রাজ্য দিয়ে যেতে হয়।

[5-00—5-10 p.m.]

ভোটের বাক্স আজকে দিয়েছে বিহার দিয়ে যেতে হয় বলে — যেতে হয় এন. এইচ. ৩১ দিয়ে। ডাইরেক্ট বেঙ্গল টু বেঙ্গল যে লিঙ্ক আপ হওয়ার কথা ছিল, তা

হয়নি। you have managed to forget that link, রেলওয়ে গ্যাপ রেখেছেন, রেলওয়ে লাইন আজও হয়নি। যেখানে তা হয়নি, সেখানে রোড কমিউনিকেশান দেওয়া উচিত ছিল। আমরা জানি সিক্স্থ প্লান এবং ফিফথ্ প্লানে যে রোড প্রায়োরিটি ছিল, সেই প্রায়োরিটি দেওয়া আজও হয়নি। কিন্তু এই রাজ্যের একদিকে সমুদ্র, অপর দিকে বর্ডার এরিয়া, অথচ এই রাজ্য অপাংতেয় রয়ে গিয়েছে। অন্য রাজ্যের সঙ্গে এর কোন তুলনা বা মন্তব্য করা চলে না। রাস্তা উন্নয়নের জন্য এখানে যে গুরুত্ব দেওয়া উচিত ছিল, তা আজ পর্যন্ত দেওয়া হয়নি, স্টেট টু স্টেট সে গুরুত্ব পেয়েছে। আমি জানি এখানে পসিটি অফ ফাণ্ড আছে, কিন্তু আপনি পুরানো—মন্ত্রীমহোদয় ভেটারেণ্ট লীডার, আমি প্রশ্ন করি, why has he not started corporation here? He is a senior member of the Cabinate. এখানে এখন প্রচণ্ড খরা চলছে, এখানে মানুষ না খেতে পেয়ে মরছে, এ অবস্থাতেও মন্ত্রী মহোদয় এক এক সময়ে বড়ি থ্রো করেন। জ্যোতি বাবুর উপর আমরা অনেকখানি নির্ভর করতে পারতাম, কিন্তু আশ্চর্য হয়ে গেলাম, যতীন বাবু খেলা দেখতে ম্যাড্রিড চলে গিয়েছিলেন। কি করে গিয়েছিলেন সেখানে? গিয়েছিলেন কনট্রাকটরদের পয়সায়, তাদের দানে তিনি গিয়েছিলেন। খেলা দেখার বয়স কি আছে আপনার? মসকরা করার বয়স আছে? he has never been invited, সেজন্য দেখলাম, দেশ যখন খরার মুখে তখন তিনি গেলেন ম্যাড্রিড্ খেলা দেখতে। রোম যখন পুড়ছিল তখন "নীরো" বীনা বাজাচ্ছিলেন। বাংলা এখন জ্বলছে, যতীন চক্রবর্তী রাস্তার সংস্কার না করে এই সময়ে চলে গেলেন ম্যাড্রিডে খেলা দেখতে কনট্রাকটরদের কাছ থেকে পয়সা নিয়ে এবং ইনভাইটেশান বেগ করে। যতীন বাবুর লজ্জা বলে বোধ হয় কিছু নেই। আপনি কি ভুলে গেছেন আপনার বয়স হয়েছে? পসিটি অফ ফাণ্ডের কথা আপনি এখানে একাধিকবার উল্লেখ করেছেন। আপনি উল্লেখ করেছেন, মোরাম দিয়ে রাস্তা করেছেন বলে। কিন্তু এর চাইতেও চিপার মেটিরিয়ালস্ দিয়ে রাস্তা তৈরী হতে পারে এবং not only Pakurchips, এখন আমাদের হাতে যে মেটিরিয়ালস্ আছে, চিপ ভ্যারাইটি আছে, তার উপর নির্ভর করে রাস্তা তৈরীর কি ব্যবস্থা আপনি করেছেন? আপনি পঞ্চায়েতের সঙ্গে কো-রিলেশানের বা জেলা পরিষদের সঙ্গে কো-রিলেশানের জন্য কি করেছেন? আমি জিজ্ঞাসা করি পঞ্চায়েত সমিতির সঙ্গে কো-রিলেশানের কি ব্যবস্থা আছে? আপনি পাকা রাস্তা না করে, workable road to meet the communication gap, যেটা করা যেতে পারত, তা করার কোন ব্যবস্থা আপনি করেন নি। বিদ্যুৎ মন্ত্রী আপনার পাশে বসে আছেন, তাঁকে চ্যালেঞ্জ করি—পশ্চিমবঙ্গ কংগ্রেস সরকারের বাইরের রাজ্য—এখানে কটা গ্রোথ সেণ্টার তৈরী করার জন্য এনকারেজ করেছেন? এগ্রিকালচার স্যাচুরেটেড হয়ে গেছে। আপনি এখানে কটা ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ সেণ্টার করেছেন? গ্রোথ সেণ্টার করতে গেলে সর্ব প্রথম প্রয়োজন হচ্ছে কমিউনিকেশানের, কিন্তু সেকেণ্ড প্রয়োজন হচ্ছে ইলেকট্রিসিটির। বিদ্যুৎ আজকে কোথায়? আমরা জানতে চাই, যেখানে আমরা দেখতে পাচ্ছি র‍্যাপিড আরবানাইজেশান হচ্ছে, সেখানে গর্ভণমেণ্টের কনট্রিবিউশান কোথায়, গভর্ণমেণ্টের প্লানিং কোথায় এবং গভর্ণমেণ্টের অবজেকটিভ্ কোথায়? আজকে আপনার মাধ্যমে

माननीय মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করি, আমরা যে কাট মোশান দিয়েছিলাম, তার উত্তর পাই নি—জ্যোতিবাবুও দেন নি—আপনারা ১৯৭৭ সালে দিয়েছিলেন ৩৬ পয়েণ্ট, ৩৪ পয়েণ্টের কর্মসূচী দিয়েছেন এবারে, কম কেন তা বলেন নি। বিরোধীদলের সদস্যরা যে জায়গা থেকে নির্বাচিত হয়েছেন, সে সব জায়গায় কোন পথ তৈরী আপনারা করবেন না—এ তো আমরা দেখছি। ফোর্থ প্লানে আমার এরিয়ায়, আমার জেলাতে যেখানে রাস্তা তৈরী করার জন্য প্লান নেওয়া হয়েছিল, সেগুলোকে এখনও একজিকিউট করার কোন ব্যবস্থা নেওয়া হয় নি, অথচ আপনারা ৬ বছর এখানে আছেন। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, ফোর্থ প্লানে যে এ্যালায়েনমেণ্ট ছিল — আজকে ল্যাণ্ড হ্যাংকারিংয়ের যুগ — যে এ্যালায়েনমেণ্টের উপযুক্ত ভিত্তি ছিল, যেটা ছিল সায়েণ্টিফিক এ্যাণ্ড এফেকটিভ এ্যালায়েনমেণ্ট তাকে পলিটিক্যাল রিজিন' এ চেঞ্জ করে দিলেন just to retaliate the voting capacity. সেজন্য দেখছি, আপনারা ভোটিং প্যাটার্ণের উপর লক্ষ্য দিয়ে জনবসতিপূর্ণ রাস্তার উপরও কোন গুরুত্ব দিচ্ছেন না। একে কি অস্বীকার করবেন ? আমার কাছে রিপ্রেজেনটেশান আছে, মন্ত্রী মহোদয়ের হাতে আমি তা তুলে দেব। ঐ সমস্ত এলাকাতে কেন কাজ করেন নি তা কখনও বলেন নি। কেন বলেন নি যে বিরোধীদলের সদস্যদের জায়গায় আপনারা কোন কাজ করবেন না। ফোর্থ প্লানে যে কাজ হাতে নেওয়া হয়েছিল, সেগুলো সিকসথ্ প্লানেও করেন নি। আপনাদের এই পার্টিজান আউটলুক কেন থাকবে. When you are elected and when you form the Government you should take West Bengal as a whole.

স্যার, উনি পরাজিত হয়ে ওখানে ল্যাং খেয়ে ফিরে এসেছেন বলে ওনার ওই জায়গার উপর এত আক্রোশ। ওখানে যাতে কাজ ভালোভাবে না হয় তারজন্য সর্বদা চেষ্টা করেন। আজকে আরেকটা কথা বলি স্টেট হাইওয়ের কথা — তবে এই ব্যাপারে তাঁকে একটু ধন্যবাদ দিতে হয়। কারণ গাজোল টু মালদা নিগোশিয়েবেলর ব্যাপারে তিনি আমাকে বার বার ইনভাইট করেছেন, তাঁরে ঘরে যেতে বলেছেন, এই বিষয়ে আলোচনা করতে বলেছেন। এটা নিগোশিয়েবেল হয়েছে। কিন্তু এন. এইচ ৩৪ নট বিকাম টোটালি নিগোশিয়েবেল। এটা করতে হবে কারণ এর অংশ বিহারে গেছে। আজকে এই কাজ আপনাদের করতে হবে। আপনাদের আমলেই ৯টা থেকে হয়েছে। সেণ্ট্রালি স্পনসর্ড স্কীমে এটা হয় নি। এখানে ৯টা থেকে ১০টা হল না কেন ? Have you enlisted the cooperation of the opposition ? এটা একটা ভাইটাল লিংক, এখানে রেলওয়ে হয়ে যাবার কথা নয় এবং এরসঙ্গে ওয়াটার সিসটেম কো-অর্ডিনেটেড এ্যাণ্ড কো-রিলেটেড। Have looked upon them ? No. আপনি ক্রিটিক্যাল গ্যাপ মেনটেন করেন নি। অপজিশানকে নেগলেকট্ করেছেন। বর্ডার এরিয়াকে নেগলেক্ট করেছেন; ডিফেন্সকে নেগলেক্ট করেছেন। অনুন্নত এরিয়াকে নেগলেক্ট করেছেন। আপনার সামনে তুলে ধরতে চাই যারা আজকে কনক্রিট ইনটার স্টেট রাস্তা করেছেন তাদের সম্বন্ধে। এই ইণ্টার স্টেট রাস্তা সম্বন্ধে আপনার মতামত কি ? Have you consulted the other neighbouring states.

যাতে করে ইণ্টার স্টেট রাস্তাগুলির ইমপ্রুভমেণ্ট হয় এখানে নিরাপত্তা আসে, এবং এই রাস্তাগুলির সংস্কার হয়, রক্ষনা-বেক্ষন হয় — সেরকম কোন উদ্যোগই আপনি দেখান নি। আমার জেলায় আছে বলে আমি এই কথা বলছি। শিলিগুড়ি — রামপুর রাস্তা এন. এইচ. ৩১ টু এন. এইচ. ৩৪ এই রাস্তাগুলি উন্নয়নের বা রক্ষনা-বেক্ষনের কি ব্যবস্থা করেছেন ? এই ভদ্রলোক স্বনামে-বেনামে কনট্রাক্টারের মাধ্যমে হংকংয়ে যাবার ব্যবস্থা করেছেন ? এরফলে সব টাকা ফাঁক হয়ে গেছে। Corruption is everywhere. Rampant corruption is under the leadership of Shri Jatin Chakraborty. আজকে আপনারা সার্টিফিকেট চান ? I feel proud of the Congressmen. He will take certificate from Shri Abdus Sattar and Shri Subrata Mukherjee.

আরেকটি কথা আপনাদের বলি যেটা আমি গতবার তুলেছিলাম যারা রাস্তায় কাজ করে তাদের মিনিমাম ওয়েজ এ্যাসিওর করেন নি। আপনাদেরই লিডারশিপে যেসব মজুর মিনিমাম ওয়েজে করে, আর্থ ওয়ার্ক এ্যাণ্ড স্টোন গ্রাভেল করে তাদের মিনিমাম ওয়েজ এ্যাসিওর সম্বন্ধে আপনি কিছুই করেন নি। এই পয়েণ্টে নিয়ে আগেও বলেছি এখনো বলছি। আজকে এইকথা বলছি নিজে আপনি আচরি ধর্ম অপরেশিখায়। সরকার থেকে যে মিনিমাম ওয়েজ এ্যাসিওর করা না হয় তাহলে অন্যরা দেবে কেন ? How do you pursue the other ?

এই বিষয়ে আপনাকে আমার কিছু বলার আছে। এখানে রাস্তা তৈরী হচ্ছে, সেস্যানাল এমপ্লয়মেণ্ট হচ্ছে এবং মাইগ্রেটেড টু আদার স্টেটস্ হচ্ছে ফলে এখানকার কাজে কমপালসারি মানুষকে নিয়োগ করা হচ্ছে না। আজকে এই অভিযোগ আমি মাননীয় মন্ত্রীর কাছে করেছি। আজকে আমরা দেখছি এ্যালিগমেণ্ট চেঞ্জ করে মানুষের কাছে পয়সা আদায় করছেন। আজকে যেকথা আপনার সামনে বলছি It is a contractor's purpose. আবাসন সম্বন্ধে আপনি বলেছেন। সেখানে ২টি কথা বলা দরকার।

[5-10—5-20 p.m.]

আজকে ওর মুখে চুন কালি দিতে হয়, থুতু দিতে হয়। আমার ভাইকে ওরা তুলতে পারিনি ৬ বছর হয়ে গেছে। বলেছিলেন ঘাড় ধরে তুলে দেবেন — পারেনি তুলতে যতীন চক্রবর্তী। হোয়াট ইজ ইওর কোরিলেশান ? পারেনি বের করতে — তুমি নপুংসক। আজকে হাউসিং-এর প্রবলেম আছে। শিলিগুড়ির কথা বলেছেন। নূতন ফ্লাট বিক্রি করে কত টাকা কামাই করেছো ? বামফ্রণ্টে কত টাকা দিয়েছো এবং নিজে কত টাকা কামাই করেছো মাদ্রিদে যাবার জন্য ? হাউসিং একটা সমস্যা। শিলিগুড়ির কথা বলেছেন, কিন্তু জিজ্ঞাসা করি বালুরঘাট, মালদহ, বহরমপুর, মুর্শিদাবাদে কি করেছেন ? আপনাদের যেখানে ইনফ্লুয়েন্স নেই সেখানে কি কিছু করবেন না ? আপনি মেনটেনেন্স করেন নি। আপনি একটাই জানেন বানিজ্য এবং পকেট পুরণ করতে। আপনার আমলে পশ্চিম বাংলা সর্বক্ষেত্রে পিছিয়ে গেছে। আপনার আমলে কম্যুনিকেশান — It is not an attractive area either for modernisation

of agriculture or for industrial development in any sector. আমি শুধু হুসিয়ারী করে দিতে চাই তোমাকে বধিবে যে গোকুলে বাড়িছে সে। অনেক হজম করেছো, আর কেন? এ জিনিষটা চিন্তা করতে হবে। ম্যাক্সিমাম প্রবলেম হচ্ছে এল. আই. জি., এম. আই. জি. বাড়ীওয়ালাদের দাবী মেটাতে পারেন নি। এদের প্রাইওরিটি কোথায় দিয়েছেন? আপনি হাউসিং লোনের কিছু ব্যবস্থা করেন সরকারী কর্মচারী এবং অন্যদের জন্য। কিন্তু ইনস্টিটিউসানাল ফাইন্যান্স করার কি ব্যবস্থা করছেন? To the government employees and others institutional finance flows right from Life Insurance Corporation, right from other all India financial institutes. এখানে সরকারী উদ্যোগে কোন টাকা পাওয়া যায় না। এই টাকা এখানে কেন ফ্লো হবে না। অনেকে মডেল তৈরী করেছে cheaper model of house for poorer group, for middle income group। আপনি তার রিসার্চ এবং প্রয়োগ এখানে করছেন না? আপনি ভারতবর্ষের অন্যান্য জায়গা দেখে শিখুন এবং দেখুন এখানে প্রয়োগ কিভাবে সম্ভব। সীমাবদ্ধ সংগতির মধ্যে চীপার হাউসিং কি করা সম্ভব নয়? মানুষের একটুখানি বাসার আকাঙ্ক্ষা সার্বজনীন। এটাকে কোথায় এনকারেজ করবেন তা নয় — This Government is not only corrupt, it is inefficient, it is partition it is destroying West Bengal. ১৯৬৭ সালে একবার, ১৯৬৯ সালে একবার এরা এসেছে, ১৯৭৭ সালে এসে ৫ বছর পিছিয়ে দিয়েছেন, আবার ১৯৮২ সালে এসে পশ্চিম বাংলাকে ১৫ বছরের জন্য পিছিয়ে দেবেন। পশ্চিম বাংলার ভরসা এদের হাতে নেই। সেজন্য যে দাবী উত্থাপন করেছেন আমি সেই দাবীর তীব্র বিরোধিতা করছি। আমার যে ছাটাই প্রস্তাব আছে এবং আপনার অনুমতি নিয়ে অন্যান্য ছাটাই প্রস্তাবের আমি মুভ করছি। আমি ধিক্কার দিচ্ছি এই মন্ত্রীসভাকে এবং তার পার্টিসান, ইনএফিসিয়েন্ট করাপ্ট প্র্যাকটিসের জন্য।

**শ্রীমলিন ঘোষ ঃ** মাননীয় স্পীকার, স্যার, পূর্ত মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বাংলাদেশে একটা প্রবাদ বাক্য আছে —

'নষ্ট নারী দুষ্টু চেনে
ছেলে চেনে পোনা
বেনে চেনে সোনা।'

স্যার, ওরা যারা ওদিকে বসে আছে ওদের ভোলা সেন এবারে ভাতারে কাত হয়েছে। ওরা বলছে করাপ্ট মিনিষ্টার, ওরা কি করেছেন — ওরা গরম চায়ের পয়সা গরম মালের পয়সা দেশাত্ম বোধের বিনিময়ে সৃষ্টি করেছেন, এই অ্যাডমিনিষ্ট্রেশানকে যদি কলুষিত করতে হয় তাহলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওরা এর জন্য দায়ী। প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা থেকে এই পঞ্চম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা পর্যন্ত যখন ডাঃ রায়ের আমল ছিল তখন এই পি. ডবলু. ডি. খাতে ১৯ পার্সেণ্ট ব্যয় করা হত। দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় ৭ পার্সেণ্ট, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪.৫ পার্সেণ্ট, আর পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩.৩০ পার্সেণ্ট ব্যয় করা হয়েছে। ওরা বলছেন যে আমরা নাকি টাকা পাচ্ছি না, এটা কর ওটা

কর, কিন্তু মাল আসবে কোথা থেকে ? সিদ্ধার্থ রায় ইন্দিরা গান্ধীর পায়ে পড়ে দেহি পদ পল্লব মুদারম করতেন, বলার তাঁর সাহস ছিল না। আমি ১৯৭৪ সালের একটি বক্তৃতা যেটা আমাদের নয়, কংগ্রেস ( ই ) ( ঈ )'র নয়, গৌতম চক্রবর্তীর একটি বক্তৃতা আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি। 'মানুষকে বাঁচাতে গেলে পশ্চিমবঙ্গকে সজীব করে তুলতে হবে, পশ্চিমবঙ্গের যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করতে হবে, পশ্চিমবঙ্গের সড়ক ব্যবস্থার উপর গুরুত্ব দেওয়া দরকার, খাদ্যের জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ডেপুটেশান নিয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। কিন্তু জিজ্ঞাসা করি এই যে পাঁচ পাঁচটা পরিকল্পনা গেল কত টাকা কেন্দ্র থেকে এসেছে ? আজকে আমরা যোজনা কমিশনের কাছে পশ্চিমবঙ্গের দাবির কথা মাথা উঁচু করে বলতে পারি। আপনারা যে ৩০ বছর একটানা রাজত্ব করেছেন তাতে গ্রামগুলিকে শ্মশানে পরিণত করেছেন, এই অ্যাডমিনিস্ট্রেশনকে করাপ্ট করেছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি গণি খাঁন চৌধুরীর এজেণ্ট লিয়াকত এই যে টেণ্ডার বেরুত একটি কালো খামের ব্যাগ নিয়ে গিয়ে দাঁড়িয়ে থাকত, ঐ কনট্রাক্টরকে টাকা দিতে হত। আপনাদের ব্যবস্থায় গৌতম চক্রবর্তী অ্যাণ্ড কোং কি করেছেন জানেন না। ইরিগেশানের কোটি কোটি টাকা কিভাবে নিয়েছেন জানেন না ? ভূতের মুখে রাম নাম — ওরা বলেছেন করাপসান নাকি আমরা করেছি। জয়নাল সাহেব বড় গলায় বলেছেন আমরা নাকি বলছি কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণ। আমি কংগ্রেস ( ই )-কে বলছি, ১৯৭৪ সালে ২রা মে, বেশী দিন নয় ৮ বছর আগে এই গভর্ণমেণ্টের বিরুদ্ধে গৌতম চক্রবর্তীর আর একটা বাণী আপনাদের শোনাচ্ছি। তিনি বলেছেন আমরা দীর্ঘদিন ধরে দেখছি কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ করে চলেছেন। বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন সদস্য বহুবার একথা বলেছেন। কিছুদিন হল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পাবলিক মিটিংএ বলেছেন ইণ্টার্ণ জোনের প্রতি কেন্দ্রের অবিচার হচ্ছে, আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। ৩০ বছরের একটানা বিচারে পশ্চিমবঙ্গ শুধু নয় গোটা পূর্বাঞ্চলের প্রতি কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ আচরণ করেছে। তার ফলে পশ্চিমবঙ্গে নির্বাচনের সময় মায়ের অর্ধেক কাঁচা অর্ধেক পাকা ছবি দিয়ে সোনার বাংলা গড়ে তুলবার প্রতিশ্রুতি দিয়ে যখন গ্রামের মানুষের কাছে গিয়েছিল তখন গ্রামের মানুষ ঝেঁটিয়ে বিদেয় করেছে তাদের, গ্রাম বাংলার মানুষ পাঠিয়েছে প্রতিনিধিত্ব করার জন্য এই বামফ্রণ্ট সরকারকে।

[5-20—5:30 p.m.]

স্যার, এঁরা বলেন আমরা নাকি কোরাপসান করি। আমরা জানি এতদিন ধরে এঁরাই কোরাপসান শিখিয়েছে। কংগ্রেসের নাম করে ঐ আবাসন ফ্ল্যাটের টাকা নিয়ে এঁরা কি না করেছে, নৈরাশ্যজনক অবস্থা সৃষ্টি করেছে, নিজেদের মধ্যে ওঁরা মারামারি করেছে। কে কনট্রাকট পাবে, আমার ভাই পাবে না ওর ভাই পাবে এ নিয়ে মারামারি হয়েছে। তারপর যখন জনতা সরকার এল তখন আমরা 'খাদ্যের বদলে কাজ' এই কর্মসূচী নিয়ে মানুষকে সাহায্য করবার চেষ্টা করেছি এবং এখনও করছি। ইতিপূর্বে দেখেছি গ্রামের মানুষের একটা পুকুর কাটা হতো না, কিন্তু আজকে 'খাদ্যের

বদলে কাজ' এই কর্মসূচী নিয়ে গ্রামে বিভিন্ন রকম কাজ হচ্ছে, মানুষকে বাঁচাবার জন্য চেষ্টা চলছে। এরা বোঝে না যে একটা রাস্তা তৈরী হলে তার উপর দিয়ে শুধু সি. পি. এম. 'এর লোকেরা হাঁটবে না, কংগ্রেসের লোকেরাও হাঁটবে। কিন্তু দুঃখের সঙ্গে বলছি ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর 'খাদ্যের বদলে কাজ' এই কর্মসূচী বন্ধ করে দেওয়া হ'ল। স্যার, এঁরা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কি করেছে? ঐ ভাতারে ডাকবাংলো করেছে রাস্তা করেছে। কিন্তু তাঁর হাল কি হল? ঐ ভাতারে তো দেখছি ভোলে বাবার আর ঠাঁই হলো না। ওঁদের আমলে দেখেছি এক, দুই, তিন কিলোমিটার রাস্তা যেগুলো হবে, সেগুলো বেছে বেছে ঐ কংগ্রেস এম. এল. এ. দের এলাকায় হয়েছে। আমি একটা উদাহরণ দিচ্ছি ৩ কিলোমিটার রাস্তার। জনাই থেকে কৃষ্ণরামপুর রাস্তাটি করা হল কিন্তু দেখা গেল, এঁটেল মাটির উপরে শুধু ইঁট পেতে পীচ ঢেলে দেওয়া হয়েছে। রাস্তা পরীক্ষা করার সময়ে দেখা গেল যে শুধু কাদার উপর কালো পীচ ঢেলে দিয়ে রাস্তা করেছে এবং তারফলে এগুলো নষ্ট হয়ে গেল। স্যার, এই ধরণের কাজকর্ম্ম করে ঐ জোচ্চোররা কনট্রাক্টরদের টাকা দিয়েছে। কাজেই যে পাপ আপনারা করেছেন তার প্রায়শ্চিত্য আপনাদের করতেই হবে। বামফ্রণ্ট সরকারকে প্রচুর কাজ করতে হবে। কাজেই পূর্ত্ত মন্ত্রীকে বলছি, প্রত্যেক জেলা থেকে সর্বসম্মত প্রস্তাব যেগুলো করা হয় তাকে যেন তিনি অগ্রাধিকার দেন। পশ্চিমবাংলায় ৮০ ভাগ মানুষ গ্রামাঞ্চলে বাস করে কাজেই পশ্চিমবাংলার গ্রামকে পুনরুজ্জীবিত করতে হবে এবং সে চেষ্টা আমরা করছি। মানুষ যাতে হাসপাতালে যেতে পারে তার জন্য পূর্ত বিভাগকে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এগ্রিকালচারাল মার্কেটিং ব্যবস্থাকে ত্বরান্বিত করতে হবে এবং জেলাপরিষদের মাধ্যমে তাদের সাহায্য করতে হবে। তারপর এক একটি পরিকল্পনার জন্য ফাইন্যানশিয়াল কমিটি, ইঞ্জিনিয়ার্স কমিটি, টেকনিক্যাল কমিটি এইসব না করে প্রত্যেকটি প্রস্তাবের ক্ষেত্রে যদি টাইম বাউণ্ড করে দেন এবং ডিপার্টমেন্টগুলোকে সক্রিয় করা যায় তাহলে পরে আশাব্যাঞ্জক ফল লাভ হতে পারে। এখন যে ব্যবস্থা আছে সেটা কিলিং অফ টাইম ছাড়া আর কিছু নয়। এব প্রস্তাব রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি** ঃ মিঃ স্পীকার স্যার, আজকে এই ভয়াবহ গৃহ সমস্যার দিকে তাকিয়ে সরকার তার সুরাহা করতে পারেন নি। কি সহরে কি সারা পশ্চিম-বাংলার মানুষকে এ দিক থেকে স্যাটিসফাই করতে পারে নি। এটা নিশ্চয় আমরা সকলেই জানি। আমি জয়নাল আবেদিন সাহেবের মত সুবক্তা নই, এবং আমার আগের বক্তার মত গলার জোরও নেই। অল্প সময়, তাই আমি কেবলমাত্র কয়েকটি সাজেসন দিচ্ছি — সেগুলি যদি নেন তাহলে বাধিত হবো। আজকে যেভাবে সহরে আবাসন সমস্যা প্রকট হয়েছে, যাতে সেই সমস্যা সমাধান হয় তার জন্য উনি যে বিশেষভাবে চেষ্টা করেন, আমরা প্রায়ই খবরের কাগজে রেডিও ও টেলিভিসনের মাধ্যমে তাঁর ছবি প্রায়ই দেখতে পাই। তিনি খুব ব্যস্ত মন্ত্রী। অন্য মন্ত্রীরা আর বোধ হয় সে রকম ব্যস্ত নন। তিনি যেভাবে এই কারাপ্ট ডিপার্টমেন্ট চালাচ্ছেন, জানি না তিনি কতটা সাফল্যমণ্ডিত হবেন। অবশ্য তার জন্য তিনি ব্যবস্থা নিচ্ছেন। কিছু দিন আগে শুনেছি সল্ট লেকে বেশ কিছু জিনিসপত্র হারিয়ে যাবার পরে, তিনি

তাঁর ডিপার্টমেন্টকে বিশ্বাস করতে না পেরে প্রাইভেট ডিটেকটিভ এ্যারেঞ্জ করেছেন। যেভাবেই হোক এই সমস্ত চুরি বন্ধ করতে হবে। কলকাতার আবাসন সমস্যা সমাধান করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমি বলবো সেই সঙ্গে উত্তরবঙ্গে যে আবাসন সমস্যা আরও প্রকট হয়ে উঠেছে সেদিকে আপনি একটু বিশেষ জোর দিন। খবরের কাগজে পড়েছি যে সেখানে কেউ যেতে চায় না, কোন গভর্ণমেণ্ট অফিসার যেতে চায় না এই আবাসন সমস্যার জন্য। তাই আমি বলছি যে উত্তরবঙ্গের দিকে একটু জোর দিন। কলকাতা থেকে আসানসোল যদি যান বা দার্জিলিংয়ের দিকে যান তাহলে গাড়ী ব্রেক ডাউন হবেই এমনই রাস্তার অবস্থা। এই সমস্ত রাস্তা অত্যন্ত খারাপ হয়ে গেছে। কনট্রাক্টারদের দিয়ে যেটা সারাচ্ছেন, কিছু দিনের মধ্যেই আবার তা খারাপ হয়ে যাচ্ছে, আবার সেই পূর্বে অবস্থায় ফিরে আসছে। কনট্রাক্টাররা একটা ভিসিয়াস সারকেল তৈরী করেছে। যেই মাত্র টেণ্ডার কল হয়, অমনি নেগোসিয়েসসনের মাধ্যমে চক্র তৈরী করা হয়। শেষ যখন একজিকিউসন হয় তখন টাকা আরও অনেক বেশী খরচ করতে হয়। টেণ্ডারওয়ালাদের টাকা বেশী দিতে হয়। এমন অবস্থার সৃষ্টি হয়েছে। এগুলি আজকে বন্ধ করার জন্য আশা করি আপনি চেষ্টা করবেন। ইদানিং কালে দেখছি ষ্ট্যাচু তৈরী করবার একটা প্রবণতা দেখা দিয়েছে। কিন্তু যে ষ্ট্যাচুগুলি আছে সেগুলি পরিষ্কার হচ্ছে না। যেমন সামনেই দেখুন দেশবন্ধু চিত্তরঞ্জনের ষ্ট্যাচু ও দিকে আশুতোষ মুখার্জির ষ্ট্যাচু। কি অবস্থা তার। আপনারা বাঘা যতীনের ষ্ট্যাচু তৈরী করেছেন। কারা তৈরী করেছে জানি না। তার কোন ছবি নাই এমন কি পুলিশ রেকর্ডেও তার কোন ছবি নাই। ঐ ঘোড়দৌড়ের মাঠের পাশে বসিয়ে দিয়েছেন বলে তাকে ঘোড়ায় চড়িয়ে বসিয়ে দিয়েছেন।

[5-30—5-40 p.m.]

**Sri Ramjan Ali :** मिस्टर स्पीकर सर, आज जनाब जतीन चक्रवर्त्ती साहब ने जो PWD के बारे में बजट हाउस में रखा है, उसका ताईद करते हुए, मैं चंद खामियों पर बात करना चाहता हूं। अभी मुखालिफ पार्टी के मेम्बरान जनाब जैनल अबेदिन साहब ने और मेम्बरानों ने अपने स्पीच में कहा है कि बायें बाजु की सरकार अपने प्रोग्राम में नाकाभयाब रही है। लेकिन ऐसी कोई बात नहीं है। मैं एक बात पेश करना चाहता हूं कि कांग्रेसी रीजिन में पूरे हिन्दुस्तान में श्रीमती इंदिरा गांधी ने जो रुरल प्रोडक्सन प्रोग्राम चालू किया हैं उसमें पूरे ६०० करोड़ रुपये खर्च हो रहे हैं। इस बंगाल में भी रुरल प्रोडक्सन प्रोग्राम के नाम पर काम हो रहा था। और कहा गया कि पूरे देश में रोड कमुनिकेशन का इंतजाम कर दिया जायगा। इसमें करोढ़ों रुपये खर्च किये गई मगर पूरे हिन्दुस्तान में देखा जाय तो कहीं पीच रोड नहीं हो सका। यह बहुत बड़ा प्रोग्राम था।

एक बात मैं जनाब यतीन चक्रवर्ती साहब से कहना चाहता हूं कि सरकार का जो आबजेक्टीव है। जो अनडवलण्ड एरिया है जहाँ पर रोड कम्युनिकेशन की कमी है वहाँ पर कम्युनिकेशन की व्यवस्था होनी चाहिए। बैकवर्ड एरिया की तरक्की करना बहुत जरुरी है। रोड कम्युनिकेशन होने से किसान अपना माल बाजारों में आसानी से ले जा

सकता है और उसे बेचकर उचित दाम पा सकता है। लेकिन रोड कम्युनिकेशन की कमी होने की वजह से अपना माल किसान मंडियों तक नहीं ले जा पाता है। और मजबूर होकर उसे अपना माल कम दामों में वेचना पड़ता है। इसलिए इस बात की बहुत जरुरत है कि अनडवलव्ड एरिया को रोड से कंक्रिट कर दिया जाय। डिफेंस पाईट अफ् भीईज से भी हमारे इलाके में रोड कम्युनिकेशन होना बहुत जरुरी है क्योंकि हमारा इलाका वोर्डर इलाका है। हमारे मुख्यमंत्री और जनाव जतीन चक्रवर्ती साहब तक इस बात को जानते हैं।

अगर ये लोग नार्थ बेंगल टूर पर जाना चाहें और बाईरोड जायें तो बिहार की सरजमी से होकर गुजरना पड़ता है। पी० डब्लू० डी० के जरियें बंगाल टू बंगाल रोड बनाने का प्रोग्राम था जो प्रपोजल था, वह जनाव यतीन चक्रवर्ती के रीजिम में आजतक पूरा नहीं हो सका। दलभोला में एक रेलवे गेट है उसके ऊपर ब्रीज बनाने की बात थी लेकिन अभीतक नहीं बन पाया यह बताया गया किया कि सेकशन हो रहा। रेलवे से परमीशत लिया जा रहा है। रेलवे से इजाजत नहीं मिलती है। इजाजत मिलते ही यह ब्रीज बनकर तैयार हो जायेगा। लेकिन पाँच साल गुजर गये अभीतक यह काम नहीं हुआ।

एनएच ३८ और एनएच ३१ का रास्ता जो खराब हो गये है, उनका मेंटेनेन्स नहीं हो पा रहा है उनकी मरम्मत नहीं हो पा रही है। हमारे इलाक में एक रास्ता जो कांकी से गुड़गाव भाया चकलिया होते हुए जाता है वह बजट इस्टीमेट में है। लेकिन वहाँ आज तक कोई काम नहीं हो सका है। वह एक ऐसा इलाका है जो डिफेंस स्पाइंट अफ् भाईड से बहुत इम्पार्टेंट है। यहाँ बहुत पहले कमुनिकेशन का इंतजाम हो जाना चाहिए था मगर अभीतक मुकम्मल तौर पर कुछ भी नहीं हुआ है।

इसलिए मैं गुजारिस करुंगा जनाब यतीन चक्रवर्ती साहब से वह इधर खास तौरपर ध्यान दें। नार्थ बंगाल के तमाम डिष्ट्रिक्ट, जिसमें वेस्ट दिनाजपुर भी है, यहाँ पर कम्यनिकेशन की कमी होने के वजह से वो एन० एच० ३१ पर नहीं आये और दूसरी जगह से कटअप हो गये हैं। सरकार का यह प्रयोजन है कि स्टेट का एक हिस्सा, स्टेट के दूसरों हिस्सों से कनेक्ट कर दिया जाय। उस पर मुकम्मत तौर से अमल करना चाहिए डिष्ट्रिक्टों में को-अर्डिनेशन कमेटी बन चुकी है। इसका फंकसन है कि सब जगह को-अर्डिनेट करो फिर भी यह पता नहीं चलता है कि कौन रोड पंचायत बना रही है, कौन जिला परिषद बना रही है? हमलोगों ने अपने जल को-अर्डिशन कमेटी के आरिदो आपके दफ्तर में भेजा है — वेस्ट दीनाजपुर के बारे में, लेकिन इस पर अभीतक अमल नहीं हो रहा है। इस बात पर गौर करने की जरुरत है।

आज कलकत्ते शहर में हाऊसिंग प्रावलभ है। दूसरे जिलों में और भी ज्यादा हाऊसिंग प्राबलभ है। जहाँ सरकारी दफ्तर हैं, सरकारी कर्मचारी है, कर्मचारी किराये का घर रहने के लिए तआशत फिरते हैं। आज तक बहुत सी आफिस रेटेड हाऊसों में चल रहे है। वहाँ पर हाऊसिंग प्राबलभ को सही ढंगसे सुविधा ने की कोशीश करनी चाहिए। सारी बातें आपके सामने है। विहाजा आज इस बात की जरुरत हैं कि ऐसे अनडवलपड एरिया पर ध्यान देकर उनकी डवलपड किया जाय। जहाँ हाऊसिंग स्टेट है, जहाँपर लोवर इनकम ग्रुप, मिडल इनकम ग्रुप वालों को हाऊस मिलना चाहिए। जो

लोग दरखास्त देते है, उनके दरखास्त की मंजुरी की खबर मिलती चाहिए। इसमें कुछ खामियां हैं जिसकी वजह से रिजस्ट तक नहीं मालूम होना। देखा गया है कुछ लोगों को घर मिल जाता है, कुछ लोगों को नहीं। इस बात के लिए बाकायदे बसूल कायम करना चाहिए। मिस्टर यतीन चक्रवर्ती खुद हाउसिंग के चेयरमैन है। उनके डिपार्टमेंट मे काफी खामियाँ है। गोलमाल है।

अगर जनाब चक्रवर्ती नजर दें तो ये सारी खामियाँ दूर हो सकती है। इन अल्फाजों के में आपके वजर को ताईद करते हुए अपनी तकरीर खत्म करता हूं।

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন আমি সেই বিষয়ে দু একটি কথা বলতে চাই। এই রাস্তা ঘাটের ব্যাপারে যে খরচ ধরা হয়েছিল আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি তার থেকে আরো কম করে দেওয়া হয়েছে। স্যার, রাস্তা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস। সারা পশ্চিমবাংলায় রাস্তা ঘাটের উন্নয়ন না হলে কোন উন্নয়নই হবে না। তাই আমি মনে করি অন্যান্য ডিপার্টমেণ্টের বাজেট কাট করে রাস্তার উপর বেশী বরাদ্দ করা হলে ভাল হত। এই ১৬ কোটি টাকায় কিছু হবে না, ১০০ কোটি টাকা হলে সারা পশ্চিম বাংলার উন্নয়ন হবে। অন্যান্য যেসব ডিপার্টমেণ্টের কথা বলে থাকেন রাস্তা ছাড়া সেই সব ডিপার্টমেণ্টের উন্নয়ন হতে পারে না। তাই রাস্তার উপর বেশী গুরুত্ব আরোপ করা না হলে কিছু হবে না। সহরের আবাসন উন্নয়নের কথা আমরা বলছি। কিন্তু গ্রামবাংলায় অনেক সেমি টাউন, ছোটখাট টাউন যে গড়ে উঠেছে বা যেসব উন্নত গ্রাম গড়ে উঠেছে তাদের আবাসনের কথাটাও আপনি চিন্তা করুন। এগুলি উন্নয়নের প্রোপোজাল আমি দিচ্ছি।

[5-40—5-50 a.m.]

রাস্তা মেরামতের ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রস্তাব, এ ক্ষেত্রে এমন একটা টাইম বেঁধে দেওয়া যায় কিনা দেখুন যে ৫।৭ বছরের মধ্যে রাস্তা খারাপ হয়ে গেলে সেখানে কণ্ট্রাক্টর দায়ী থাকবে অর্থাৎ কণ্ট্রাক্টরকে গ্যারাণ্টি দিতে হবে। তা ছাড়া সেখানে একটা টাকা কেটে রাখা যায় কিনা সেটাও একটু চিন্তা করে দেখবেন। এমনও দেখা গিয়াছে ৬ মাসের মধ্যে নতুন তৈরী রাস্তা খারাপ হয়ে গিয়েছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যদি একটা ব্যবস্থা না করেন তাহলে কিন্তু কণ্ট্রাক্টররাই বড়লোক হবে, ভালো রাস্তা তৈরী হবে না। নর্থ বেঙ্গলে স্যার, যেসব রাস্তায় স্টেট বাস চলে সেখানে এমন এমন রাস্তা আছে যেখান দিয়ে আর বাস চলছে না রাস্তা খারাপ হয়ে গেছে বলে। মাসের পর মাস এইভাবে বাস বন্ধ হয়ে থাকছে। রিসেণ্টলি তারা বলছেন রাস্তা ভালো না হলে বাস একেবারে বন্ধ করে দেওয়া হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ১৫০০ লোক যে সমস্ত জায়গায় আছে সেই সমস্ত জায়গাকে লিঙ্ক আপ করা হবে। ১৯৭২ সাল থেকেই স্যার, আমরা এই কথা শুনে আসছি এবং প্রতিবারই বাজেটে দেখছি এই রকম একটা প্রস্তাব ঢুকিয়ে দেওয়া হয় কিন্তু কার্যক্ষেত্রে আমরা সেটা দেখতে পাচ্ছি না। স্যার, আমার এলাকায় ৫০ হাজার লোকের বাস, এই ৫০ হাজার লোককে মেন রোডে যেতে গেলে ১২ থেকে ১৫ মাইল রাস্তা অতিক্রম করে যেতে

হয়, কাজেই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, এই বিষয়ে আপনি যথেষ্ট গুরুত্ব দিন। তারপর মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, আগের কংগ্রেসী আমলে যে সমস্ত কাজ আরম্ভ হয়েছিল তা তিনি তরান্বিত করছেন। আমার এলাকায় এরকম একটা রাস্তা — মানিকচক-মথুরাপুর রাস্তার সাংসান ছিল, সেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে ভুতনিতে একটি হাসপতোল আছে, সেই হাসপাতালটির সংযোগকারী রাস্তা করার কথা ছিল কিন্তু সেটা ইনকমপ্লিট হয়ে পড়ে আছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করবো, এই রাস্তার কাজ যাতে তরান্বিত হয় সেদিকে দৃষ্টি দিন। পরিশেষে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি বলব, রাস্তাঘাট তৈরীর ব্যাপারে যদি আপনি জোর দেন তাহলে আপনি আমাদের অভিনন্দন পাবেন, পশ্চিম বাংলার সাধারণ মানুষের অভিনন্দন পাবেন কারণ রাস্তা ছাড়া পশ্চিমবঙ্গের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকাইত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তার উপর কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। স্যার, আমরা উৎপাদন বৃদ্ধির কথা বলি কিন্তু সেই উৎপাদিত কৃষিজাত দ্রব্য সড়ক ব্যবস্থা যথাযোগ্য ভাবে না থাকার জন্য বাজারে আনতে পারা যায় না ফলে গ্রামাঞ্চলে উৎপাদিত পণ্য অল্প দামে বিক্রি হয়। সুতরাং অর্থ-নৈতিক দিক থেকে এই সড়ক পরিবহণ ব্যবস্থার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। কংগ্রেসের সময় দীর্ঘদিন ধরে আমরা দেখে এসেছি, যে সমস্ত জায়গা বা থানা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছে — সে সুন্দরবন এলাকাই হোক আর উত্তরবংগই হোক — সেই সমস্ত দূরপ্রান্তের এলাকাগুলির রাস্তার জন্য কোন পরিকল্পনা ছিল না। সেখানে কংগ্রেসের প্রভাবশালী নেতা, মন্ত্রী, এম. এল. এদের সুযোগসুবিধা মতন অপরিকল্পিতভাবে রাস্তা তৈরী হয়েছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর স্বাভাবিকভাবেই আমরা আশা করেছিলাম সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলার বাস্তব অবস্থা বিবেচনা করে যে সমস্ত জায়গায় যোগাযোগ ব্যবস্থা নেই বা যেগুলি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছে সর্বপ্রথমে সে সমস্ত এলাকার সড়ক ব্যবস্থা গড়ে তোলা হবে। মূল সড়কের সঙ্গে সংযোগকারী সড়ক করার দৃষ্টিভংগীর দ্বারা সরকারের পরিচালিত হওয়া উচিত ছিল।

স্যার, মন্ত্রী মহাশয় একটা জায়গায় বলেছেন, তাঁদের ন্যূনতম প্রয়োজনীয় কর্ম-সূচী ছিল। তিনি আরও বলেছেন, যে সমস্ত গ্রামের জনসংখ্যা ১,৫০০ বা ততোধিক তাদের সবগুলোকে এবং যাদের সংখ্যা ১,০০০ তাদের যুক্ত করতে হবে এবং এই প্রসঙ্গে তিনি বলেছেন, ১৯৮২ সালের মার্চ মাসের মধ্যে প্রথম পর্যায়ভুক্ত ২, ৮৩৩টি এবং দ্বিতীয় পর্যায়ভুক্ত ৫, ৫০০ থেকে সড়কের দ্বারা যুক্ত করা গেছে। মন্ত্রী মহাশয়ের কথায় বোঝা গেল যেন অলরেডি এ গুলো যুক্ত হয়ে গেছে। কিন্তু আমাদের মত অনেক মাননীয় সদস্যই জানেন যে এর সত্যতা কতটা আছে। মন্ত্রী মহাশয় এই যে তথ্য দিয়ে বললেন যে, তিনি সংযোগ স্থাপন করে ফেলেছেন, সেখানে আমাদের অভিজ্ঞতা হচ্ছে, জেলা কো-অডিনেশন কমিটির মিটিং যেটা হয় তাতে দায়িত্বশীল এই দপ্তরের অফিসাররা থাকেন, অনেক কর্মচারী থাকেন এবং আমরা তাঁদের সামনে এই এলাকার রাস্তা হচ্ছে না বা ঐ এলাকার রাস্তা মেরামত হচ্ছে না বা ঐ রাস্তা দিয়ে

বাস চলতে পারছে না ইত্যাদি নানা সমস্যার কথা বলি এবং তার সমাধান আশা করি। কিন্তু আমাদের এই দাবীগুলি সমাধানের ক্ষেত্রে তেমন কোন অগ্রগতি দেখছি না এবং আশা করি আমার মত অনেক মাননীয় সদস্যেরই এমন অভিজ্ঞতা রয়েছে। অথচ অধ্যক্ষমহাশয়, আপনি নিজেই শুনলেন, মন্ত্রীমহাশয় বললেন যে এতগুলো রাস্তার সংযোগ স্থাপন করেছি এবং বাকীগুলো হচ্ছে। কাজেই এখন আমি যদি বলি মন্ত্রী মহাশয় এই কথাগুলো বলে হাউসকে বিভ্রান্ত করেছেন, তাহলে তা কি অন্যায় হবে? আমার এলাকায় কুলতলী থানায় এই ১৫।১৬ বৎসরের মধ্যে এই দুই এক কিলোমিটার রাস্তায় মাত্র মাটি পড়েছে, আর কোন কাজ আজ পর্যন্ত হল না। এ ব্যাপারে আমরা দপ্তরে বারেবারে যাতায়াত করেছি, অনেক আবেদন নিবেদন করেছি কিন্তু কোন ফল হল না, অথচ উনি এখানে দাঁড়িয়ে বলে গেলেন এতগুলো রাস্তা আমি করেছি। স্যার, আমার বক্তব্য হচ্ছে, নূতন রাস্তা করবার ক্ষেত্রে এই দৃষ্টিভঙ্গী হওয়া দরকার যে, যে সমস্ত জায়গা অনুন্নত এবং বিচ্ছিন্ন হয়ে রয়েছে সেগুলোকে অগ্রাধিকার দিতে হবে। তারপর যে সমস্ত রাস্তায় যানবাহন চলছে, বাসরুট আছে, রিক্সা চলছে, লরী চলছে অর্থাৎ একজিস্টিং রাস্তা যেগুলো রয়েছে এবং সেটা সারা পশ্চিমবাংলাতে যেমন আছে, তেমনি কলকাতা সহরেও আছে এগুলোর দিকে দৃষ্টি দেওয়া দরকার। কারণ রাস্তার অসুবিধার জন্য অনেক সময় দেখা যায় যানবাহন এবং মানুষ চলতে পারে না। আবার এমন কতকগুলো রাস্তা আছে যেখানে দেখা যায়, পাশাপাশি একটা বাস এবং রিক্সা চললে পরস্পর ধাক্কা খায়। কাজেই, এই সমস্ত একজিস্টিং রাস্তাগুলোতে যে সমস্ত অসুবিধা রয়েছে, অর্থাৎ যানবাহন চলাচলের অসুবিধা রয়েছে, সেগুলোকে অবিলম্বে দূর করা দরকার সুষ্ঠু যানবাহন চলাচলের জন্য। স্যার, উদাহরণ স্বরূপ আপনার সামনে রাখছি, গড়িয়া থেকে মথুরাপুর ৮০নং বাস যেটা চলছে, সেখানে রাস্তার দুরবস্থা দেখলে আপনি অবাক হয়ে যাবেন।

[5-50—6-00 p.m.]

অনেক জায়গায় এ্যাকসিডেন্ট হচ্ছে, বাস খাদে পড়ে যাচ্ছে মানুষ আহত হচ্ছে। এই রাস্তাটি দীর্ঘ দিন ধরে মেরামত হয়নি, মাঝে মাঝে গর্ত হয়ে আছে, পিচ্ উঠেগেছে, মাটি গর্ত হয়ে যাচ্ছে।

**শ্রীযতীন চক্রবর্তী :** আমি সেদিন কুলতলি গেছিলাম।

**শ্রীপ্রবোধ পুরকাইত :** আপনি কুলতলি যাননি, বাসন্তিতে আপনার দলের এম. এল. এ. আছে, আপনি সেখানে গেছিলেন। গড়িয়ার ঐ রাস্তাটি সম্বন্ধে ওখান থেকে মাস পিটিসন নিয়ে ডেপুটেসনে দেওয়া হয়েছিল। তার পরে ওখানে চিটে গুড়ের মত কিছু পিচ্ ছড়িয়ে দিল, কিন্তু এক সপ্তাহের মধ্যে সব আবার উঠেগেল। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, তিনি নাকি ওখানে গেছেন, আমি জানি না কবে গেছেন। তিনি কি গত ১ মাস দেড় মাসের মধ্যে গেছেন? ওনার হিসেবে ৭ লক্ষ টাকা খরচ করে উনি রাস্তা মেরামত করেছেন, কিন্তু আসলে সেখানে ১ লক্ষ টাকাও খরচ হয়নি। আজকে এই অবস্থা চলছে, এই হচ্ছে সারা পশ্চিম বাংলার চেহারা। মন্ত্রী মহাশয় কথায় পটু, ওনাকে এখানে বহু এম. এল. এ. বহু রাস্তার সম্বন্ধে প্রশ্ন করেছেন, কবে

রাস্তা মেরামত হবে ইত্যাদি বিষয়ে, উকি একই কথা সবাইকে বলেছেন — সাধ আছে সাধ্য নেই। বিগত পাঁচ বছর ধরে ঐ কথা শুনে আসছি এবং আমার মনে হয় আগামী পাঁচ বছরও ঐ একই কথা শুনব। মন্ত্রী মহাশয় আজকে সমস্ত কিছু কনট্রাকক্টরদের ওপরে ছেড়ে দিয়েছেন। আমাদের দেশের কনট্রাক্টররা কিভাবে কাজ করে তা ইতি পূর্বেই জয়নাল আবেদিন সাহেব বলেছেন এবং তার আগে বাপুলী মহাশয় এবিষয়ে আপনাদের বিরুদ্ধে বহু অভিযোগ করেছেন। সব চেয়ে আশ্চর্যের ব্যাপার হচ্ছে আপনি কন্ট্রাক্টরদের এত ভক্ত হয়ে গেলেন কেন? আপনি বামফ্রণ্ট সরকারের মন্ত্রী হয়ে এত কট্রাক্টর দরদী হয়ে গেলেন কেন? বা কনট্রাক্টররাই বা কেন আপনাকে এত সেলাম করছে? আমরা জানি কনট্রাক্টরি সিসটেমের মধ্যে দিয়ে কাজ করাতে হলে লেস কণ্ট্রাটে কাজ করাতে হয় এবং সে যে এসটিমেট দেবে সেই নির্দিষ্ট কর্তব্য সেই এসটিমেটের টাকার মধ্যেই করতে হবে এবং তার মধ্যে আবার চুরি আছে। যার ফলে কনট্রাক্টররা কখনই নির্দিষ্ট মানের কাজ করে না। আমরা জানি ১৯৬৯ সালে দ্বিতীয় যুক্তফ্রণ্ট সরকারের পি. ডাবলু. ডি. মন্ত্রী প্রয়াত সুবোধ ব্যানার্জী একটা নিয়ম করেছিলেন যে, কনট্রাক্টর যে কাজ করবে তার সিডিউল পাবলিকের কাছে ডিসপ্লে করা হবে। ফলে পাবলিক জানতে পারবে যে, কোন্ সিডিউলে কত টাকার কাজ হচ্ছে এবং কি ধরনের কাজ হচ্ছে এবং সেই অনুযায়ী কনট্রাক্টররা কাজ করবে। আজকে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, আপনিও এরকম-ভাবে কাজ করুন। যদি তা করেন তাহলে আপনার বিরুদ্ধে আজকে যে অভিযোগ হচ্ছে, সেটা আর হবে না। এবং এখান থেকে যা বরাদ্দ করা হচ্ছে সেই বরাদ্দ অনুসারে ঠিক ঠিক মত কাজ হবে।

আমি আর একটি বিষয়ে উল্লেখ করে, আমার বক্তব্য শেষ করছি। বিষয়টি হচ্ছে আবাসন, আবাসনের ক্ষেত্রে আমাদের সমস্যা প্রচুর। এই সমস্যার সমাধানের জন্য কিছু কিছু কাজে আজকে সরকার হাত লাগিয়েছেন। কলকাতা শহরতলি থেকে শুরু করে ছোট ছোট নগরগুলি পর্যন্ত ঘনবসতিতে পরিণত হয়েছে। তথাপি আজকে ঐ সমস্ত এলাকায় স্থান নির্ধারণ করে স্বল্প আয়ের মানুষদের জন্য গৃহ নির্মাণের ব্যবস্থা করার কথা আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি।

পরিশেষে আমি বলছি যে, আমার কেন্দ্রের দেবনারায়ণপুর থেকে সোনাটিকারী পর্যন্ত রাস্তাটি ১৪ বছর ধরে একই অবস্থায় পড়ে আছে, এখনো পর্যন্ত সেটির কিছুই হচ্ছে না। সেই রাস্তাটির কাজ যাতে তরান্বিত হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং এই রকম যে সমস্ত রাস্তাগুলি আছে — যেগুলির কাজ তিনি শুরু করেছেন — সেগুলি সম্পন্ন করার কাজ অগ্রাধিকারের ভিত্তিতে ত্রুটিমুক্ত প্রশাসনের সাহায্যে দ্রুত করুন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানাতে গিয়ে কয়েকটি কথা আপনার মাধ্যমে আমি বলতে চাই। বেশ কিছুক্ষণ আগে বক্তৃতা সুরু হয়েছে। আমি বিরোধী সদস্যদের বক্তৃতা শুনছিলাম। কংগ্রেস আমলের বিখ্যাত মন্ত্রী যিনি স্বাস্থ্য বিভাগের গুষ্ঠি উদ্ধার করে কো-অপারেটিভের মন্ত্রী

হিসাবে ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ছিলেন এবং কো-অপারেটিভের মধ্যে থেকেও কো-অপারেটিভের গুষ্ঠি উদ্ধার করেছেন। তিনি এমন কতকগুলি চোরকে কো-অপারেটিভ সোসাইটির চেয়ারম্যান নিযুক্ত করলেন যে তারা লাল ঘোড়ার বল্গা ছেড়ে দিলেন। সুতরাং তিনিই আবার বক্তৃতা দিয়ে বলছেন যতীনবাবু নাকি সি. আই. এর দালাল। এরা আগে কংগ্রেসে আই ছিল। তারপর সরে গিয়ে কংগ্রেস ( এস ) হয়েছে। এখন এদের ভাগ্যে কখন চন্দ্রবিন্দু পড়বে তার জন্য দিন গুনছে। এখন তাই মাঝে মাঝে জয়নাল সাহেব ইন্দিরা গান্ধীর চরণামৃত খাবার জন্য খুবই আগ্রহী হয়ে উঠছেন। তাই এখন পূর্ত বিভাগের হাউসিং ডিপার্টমেণ্টের উপর বক্তৃতা দিতে গিয়ে বরকত সাহেবের সার্টিফিকেট এবং খেলার খবর টেনে আনলেন। উনি কার উপর বক্তৃতা দিচ্ছেন তা ভুলে গেছেন। এই প্রসঙ্গে আমার একটি গল্পের কথা মনে পড়ে গেল। একটি লোকের গরু হারিয়ে গিয়েছিল। গরুর জন্য হন্ত-দন্ত হয়ে চারি-দিকে খুঁজে গরু না পেয়ে শেষে মাথা খারাপ হয়ে গেছে এবং বাড়ীতে এসে বসেছে। বাড়ীতে এসে ছেলেকে বলছে, এক গ্লাস জল দিস তো ভাই। তখন তার বউ বলছে, ভাই কিগো, ওতো তোমার ছেলে। ছেলেকে কি ভাই বলতে হয়। তখন লোকটি বললো, গরু হারিয়ে গিয়ে কি খেয়াল থাকে মা। আগে ওনারা মন্ত্রী ছিলেন, তারপর জনগণ থেকে বিতাড়িত হয়ে সমস্ত চিন্তা-ভাবনা ভুলে গেছে। সেইজন্য পাগলের প্রলাপ বকছেন। যখনই বক্তৃতা দিচ্ছেন তখনই খ্যাঁক করে উঠছেন এবং আমাদের ভয় হচ্ছে বোধ হয় কামড়ে দেবেন। এই হচ্ছে ওনার বক্তৃতা। যাই হোক, এবার আমি কয়েকটি কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের গোচরে আনতে চাইছি।

[6-00—6-10 p.m.]

পশ্চিমবঙ্গে ২০ বছর ধরে কংগ্রেস রাজত্ব করেছে। প্রতি এলাকাতে এলাকাতে, অঞ্চলে অঞ্চলে, প্রতি কনষ্টিটিউয়েনসিতে একটি করে রাস্তা করে দেবার কথা ছিল। কিন্তু আজও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছিলাম বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরও সেখানে কিছুই হয়নি। দেখা গেল কি ? এই বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর জনগণের প্রিয় সরকার কিছুই হয়নি। নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের খরচাও বেড়ে গিয়েছে, সেইহেতু এই বামফ্রণ্ট সরকার সিদ্ধান্ত নিয়েছেন, যে যেখানে ১৫০০ লোকের বাস, বা ১০০০ লোকের বাস সেগুলোর মধ্যে যাতে সংযোগ স্থাপন করা যায় সে কারণে সেখানে রাস্তা তৈরী করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব এই রাস্তাগুলোর কাজ যখনই আরম্ভ হবে তখনই আমরা জানব যে পশ্চিমবঙ্গের জনগণের আশীর্বাদ বামফ্রণ্ট সরকারের উপর বর্ষিত হবে। এই বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর যতটুকু কাজ করেছে, জানি না, কতটুকু করেছে, কংগ্রেস আমলে কতটুকু করেছে ? ওদেরই এম. এল. এ.-র বক্তব্য থেকে শরৎ দাসের বক্তব্য ১৯৭৩ সালে বলেছেন এবং প্রসিডিংসের ৫০৩ পৃষ্ঠায় রয়েছে, 'আমাদের জেলা বাসী, প্রায় ১৬ লক্ষ লোকের বাস, আমাদের লোক গরীব লোক, তারা কোলফিল্ড এরিয়াতে যাবে, সেখানে রোড রিপেয়ারিং পর্যন্ত তাদের উদ্দেশ্যের মধ্যে ছিল না — এদের কথা, এদেরই লোক,

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার, কি করব বলতে পারেন ? এইভাবে চলতে দেওয়া যায় না, এই রকম যদি হয় তাহলে ভাল হবে না বলে দিচ্ছি। পুরুলিয়ায় যদি এই রকম অবস্থা থাকে তাহলে ভাল হবে না, ইতিমধ্যে বান্দোয়ানা রোড বন্ধ করে দেওয়া হয়েছে। এইসব করলে পুরুলিয়ার লোক আপনাদেরকে ঢুকতে দেবে না বলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা ১২ ইঞ্চি মুখের ফাঁড় করে লম্বা লম্বা কথা বলছে, বক্তব্য রাখছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে যা বললাম, এবারে একটু কাজের কথা কিছু সাজেসানের কথা রাখতে চাই। ভবিষ্যতে মাননীয় মন্ত্রী মহাশয়, মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে পি. ডবলিউ. ডি. পূর্ত বিভাগের সঙ্গে অন্ততঃ পঞ্চায়েত বিভাগের যাতে একটা কো-অর্ডিনেসন থাকে তার ব্যবস্থা করেন। যেখানে পঞ্চায়েত থেকে মাটি তুলছে, যেখানে চিরকাল গর্ত ছিল বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর পঞ্চায়েত জেলা পরিষদ মিলিতভাবে মাটি ওঠাচ্ছে সেখানে যদি পশ্চিমবঙ্গের পি. ডবলিউ. ডি. ডিপার্টমেণ্ট পীচ করে, পাকা রাস্তা করার স্কীম করেন তাহলে অন্ততঃ দেখা যাবে মাটি তোলার খরচ থেকে কিছু টাকা বাঁচবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি কি, পশ্চিমবঙ্গে যে পরিমাণ রাস্তা তৈরী হচ্ছে কিন্তু আজও আমরা দেখতে পাচ্ছি বহু জায়গায় এখন পর্যন্ত রাস্তা হয়নি। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব, সারা পশ্চিমবঙ্গে দুর্দশাগ্রস্ত এলাকায় কেন্দ্রীয় সরকার টাকা দেবেন না জানি, পূর্বাঞ্চলের সমস্যাকে তীব্র করে রাখবে জানি, এই দেশ, বাঘা যতীনের দেশ, ক্ষুদিরামের দেশ, প্রফুল্ল চাকীর দেশ, সুতরাং কেন ইন্দিরা সরকারের বিরুদ্ধে তীব্র আন্দোলন করে সে কারণে টাকা না দিয়ে সব দিক দিয়ে মারবার চেষ্টা করবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই কারণে আমি বলি সীমিত অর্থ যাতে ঠিক ম'ত বণ্টন হয় সেইদিকে নজর রাখার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহায়য় সেই দিন—খবর কাগজে বেরিয়েছে—গপিবল্লভপুরে একটি ব্রীজ উদ্বোধন করে এলেন। এই ব্রীজ হওয়ার ফলে বিহারের সঙ্গে, উড়িষ্যার সঙ্গে সংযোগ স্থাপিত হ'ল এবং ঝাড়গ্রাম শহরের সঙ্গে অন্যান্য এলাকার সংযোগ স্থাপিত হ'ল। এই কথা তারা একবারও স্বীকার করলেন না। এই কৃতিত্ব ওরা দিতে চায় না। সর্বশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বলতে চাই যে সমস্ত রাস্তা একজিসটিং আছে সেই রাস্তায় বাস একসিডেণ্ট হচ্ছে। এটা রিপেয়ায়ের অভাব হয়েছে এটা স্বীকার করা যায়। এইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য। আর একটা কথা বলতে চাই, যে সমস্ত নেতা মারা গেছে তাদের স্মৃতি মনে রাখার জন্য মূর্তি তৈরী করে দেওয়া দরকার। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী এখানে তার বাজেট পেশ করেছেন। এখানে আমার বলবায় সময় কম। তবুও আমি পরিষ্কার ভাবে বলতে চাই যে উনি যে সমস্ত কথা বলে আমাদের ভোলাবার চেষ্টা করেছেন, সেইগুলি অত্যন্ত রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। তিনি বলেছেন টাকা নেই,

তার ক্ষমতা কিছু নেই। আমি তাকে প্রশ্ন করতে চাই যে টাকা শুধু তার বেলাতেই নেই কেন? গত বছর এই দপ্তরের জন্য যে পরিমাণ ব্যয়বরাদ্দ উত্থাপন করেছিলেন এই বছর তার তুলনায় কম টাকা উত্থাপন করেছেন। কিন্তু অন্যান্য দপ্তরে তা হয় নি। আমি জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু তাঁর পুলিস দপ্তরের জন্য যে টাকা বাড়িয়েছেন তখন সেখানে বলা হয়নি যে যেহেতু আমাদের টাকা কম, সেহেতু টাকা বাড়ানো যায়নি। পুলিস খাতে ঠিক টাকা বাড়ানো হয়েছে, সেখানে তিনি কিছু বললেন না। এই ভাবে তিনি ক্ষমতার অপপ্রয়োগ করেছেন। অপরের দপ্তর কাট-ছাঁট করে নিজের দপ্তরের টাকা বাড়িয়েছেন, সেখানে কিছু বলতে পারবেন না। যতীনবাবু তাদের সঙ্গে মিলিয়ে চলছেন। আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম যে ৬ মন্ত্রী পদত্যাগ করলেন। তাদের যে অসুবিধা ছিল সেটা ওরা জানেন, আমরাও জানি। দপ্তর আবার পুনর্বণ্টন হল। অন্যান্য মন্ত্রীদের দপ্তর বণ্টন করা হ'ল, কিন্তু তাঁর দপ্তর নেওয়া হ'ল না। ভদ্রলোক মুখে মিষ্টি কথা বলেন, সি.পি.এম-এর বিরুদ্ধে কিছু বলতে পারবেন না। তাঁর দপ্তরে টাকা নেই, কোন সংস্থান নেই, এই কথা তিনি বলার প্রয়োজন মনে করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে নির্বাচনের আগে ওঁদের মুখের কথা ছিল রাস্তা তৈরী করে দেব, যেখানে ব্রীজ নেই সেখানে ব্রীজ তৈরী করে দেব, যাদের গৃহ নেই তাদের গৃহ তৈরী করে দেব। কিন্তু আজকে দেখুন স্যার গৃহহীন মানুষরা—যারা পশ্চিমবাংলায় বাস করে তারা ভবঘুরের মত ঘুরে বেড়াচ্ছে। তার জন্য ওরা কিছু চিন্তা করছেন না।

[6-10—6-20 p.m.]

আপনি সরাসরি বলুন, আমি পারছি না। কিন্তু বলতে পারছেন না, তার কারণ হচ্ছে, প্রমোদ বাবুর আপত্তি আছে, সি. পি. এম. এর আপত্তি আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায়—কুশমণ্ডী থানায় মহীপাল দীঘি এলাকায় নদীর উপর প্রায় ১০ বছর হয়ে গেল ৯ লক্ষ টাকা ধরা আছে একটা পুল বা ব্রীজ তৈরীর জন্য। আবাসন নির্মাণের জন্য আপনি লক্ষ লক্ষ টাকা মঞ্জুর করছেন দেখছি। আলিপুরে এক আবাসন গৃহ নির্মাণের জন্য ১৪৬ লক্ষ টাকা দেওয়া হবে বলে বাজেটে বলেছেন। কিন্তু সুদূর পশ্চিম দিনাজপুর জেলায়—এটি একটি সীমান্ত এলাকা—সেখানে যে সমস্ত পুল ও ব্রীজ তৈরীর জন্য ৯ লক্ষ টাকা ধরা আগে থেকে আছে, তা এর মধ্যে ধরা নেই। আমরা জানতে চাই, কেন এই টাকা ধরা হল না, এর কারণ কি? আপনি জানেন স্যার, রেল লাইনের পাশাপাশি একটা পাকা রাস্তা থাকা উচিত। ওখানে পঞ্চায়েতী এলাকা—কালিয়াগঞ্জ থানা থেকে রাধিকাপুর পর্যন্ত যে রেল লাইন আছে, তার পাশে যে রাস্তা আছে, সেটির মেরামত পর্য্যন্ত হয় নি। অথচ ঐ রাস্তাটি পাকা রাস্তা হওয়া উচিত ছিল। আমি আবার দাবি করছি, উক্ত রাস্তাটিকে পাকা করার আশু ব্যবস্থা করা হোক। আপনি জানেন, গত বছরের আগের বছরে বাংলাদেশের মানুষেরা যখন লং মার্চের হুমকি দিয়েছিলেন, তখন ওখানে বহু সাংবাদিক, রেডিও রিপোর্টার গিয়েছিলেন, তাঁরা দেখে এসেছিলেন ওখানকার মানুষ কি অবস্থায় আছেন। তাঁরা সরেজমিনে দেখে এসেছিলেন।

আমি এখানে গ্রামের মানুষের পক্ষ থেকে আবার দাবী জানাচ্ছি পাকা রাস্তা তৈরী করার উদ্যোগ আপনারা নিন। আসল কারণ হচ্ছে কংগ্রেসী এলাকা বলে ওখানে পাকা রাস্তা করতে উদ্যোগী হচ্ছেন না। একথা কি আপনারা অস্বীকার করতে পারেন? সেজন্য আমি আশা করব, উনি যেন আগামী দিনে সত্যি কথা বলছেন এবং সত্যি সত্য কাজ করছেন। আবাসন দপ্তরে ফ্ল্যাট তৈরী করে বিলিবণ্টন করা হচ্ছে এবং বিক্রি হচ্ছে দেখছি। কিন্তু তা সম্পূর্ণ দুর্নীতির আশ্রয় নিয়ে করা হচ্ছে। ফ্ল্যাট বিলি ও বিক্রির ব্যাপারে যে প্রায়োরিটি লিস্ট আছে, তাকে সম্পূর্ণরূপে ভায়োলেট করে, যে সমস্ত ফ্ল্যাট বিলি করার কথা ছিল তা ভায়োলেট করে সি. পি. এম., আর. এস. পি. এবং ফরোয়ার্ড ব্লকের সদস্যদের মধ্যে বিলি করছেন। আমি সম্পূর্ণভাবে এর বিরোধিতা করছি এবং এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

( এই সময়ে লাল আলো জ্বলে ওঠে এবং মাননীয় সদস্য তাঁর আসনে বসে পড়েন )

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের গ্যালারিতে আপনার কোন বিশিষ্ট অতিথির প্রতি আমাদের কোন কর্তব্য পালনের দরকার আছে কি, আমরা তা পালন করতে পারি কি ?

**মিঃ স্পীকার ঃ** না, তাঁদের প্রতি আপনাদের কোন কর্তব্য নেই।

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আনার মাধ্যমে পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তাকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে, কংগ্রেসী আমলে রাস্তাঘাটের যে দুরাবস্থা ছিল, সে ব্যাপারে আমরা ভুক্তভোগী। আমরা ১৯৭২-৭৭ সালে রাস্তাঘাটের অবস্থা দেখেছি। তখন রাস্তাঘাট চরম দুরবস্থার মধ্যে ছিল। কংগ্রেসী এম. এল. এ. রা রাস্তা এবং ব্রীজ তৈরীর যে কোটা ছিল এবং চাকুরীর ব্যাপারে যে কোটা ছিল, তার মধ্যে চাকুরীর কোটা অনুযায়ী কিছু চাকুরী তাঁরা দিয়েছিলেন সত্য, কিন্তু রাস্তা নির্মাণের কোটা অনুযায়ী কংক্রিট রাস্তা তৈরীর কোন ব্যবস্থা তাঁরা গ্রহণ করেন নি। অর্থাৎ সাধারণ মানুষের উপকারে লাগে, এমন কোন কাজ তাঁরা তখন করেন নি। তাঁরা কাজ করেছিলেন যাতে তাঁদের কিছু লাভ হয়, সেদিকে লক্ষ্য দিয়ে। বামফ্রণ্ট ক্ষমতায় আসার পর ভয়াবহ বন্যা হয়েছিল, এই সময়ে রাস্তাঘাটের কি অবস্থা হয়েছিল, তা আমরা সকলেই জানি। এই সরকার সেগুলিকে মেরামত করার দিকে এবং নতুন রাস্তা, ব্রীজ তৈরীর দিকে যথেষ্ট নজর দিয়েছেন। বিশেষ করে আমার নির্বাচনী এলাকার কথা উল্লেখ করতে পারি। সেখানে কংগ্রেসী আমলে একটা ব্রীজ তৈরীর কথা ছিল, সেখানে সামান্য জলে রাস্তাগুলি জলে ডুবে যেত। বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পরে সেখানে ঐ রাস্তা কংক্রিট করার ব্যবস্থা করেছেন এবং একটা সুন্দর ব্রীজও তৈরী হয়েছে।

আমরা দেখেছি সুন্দর ব্রীজ তৈরী এবং যতদিন এই রাস্তায় ব্রীজ ছিল না ততদিন এখানে একটা ভয়ঙ্কর অবস্থা ছিল। আমরা জানি পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে পূর্ত বিভাগের রাস্তাঘাট এখানে তৈরী হয়েছে যাতে যাতায়াতে সুবিধা হয়। সেই যোগাযোগের জন্য পঞ্চায়েত ডিপার্টমেণ্ট, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত

সমিতি সর্বতোভাবে চেষ্টা করেছেন। আজকে পূর্তমন্ত্রী যে বাজেটের ব্যয় বরাদ্দ রেখেছেন আমি তাঁকে সমর্থন করবো। আমি তাঁকে সেই সঙ্গে অনুরোধ করবো সমস্ত গ্রামগুলিতে যাতে সংযোগ ব্যবস্থা সুন্দর হয় তার ব্যবস্থা নেবেন এবং এইগুলি ব্যাপার একটু তৎপর হবেন। এই রাস্তাগুলি যাতে ভালোভাবে মেরামত দেওয়া হয় তার দিকে নজর দেবেন। এই ব্রীজ যেটা তৈরী হবে সেটা তৈরী করতে ৩০ লক্ষ টাকা ব্যয় হবে। আমি পূর্তমন্ত্রীকে আবেদন করবো এই ব্রীজটি যাতে তাড়াতাড়ি তৈরী হয় সেই ব্যাপারে তৎপর হবেন। এই ব্রীজ তৈরী হলে বর্ধমান জেলার সঙ্গে বীরভূম জেলার যোগাযোগ ব্যবস্থা খুব ভাল হবে। বহু কলিয়ারী এবং ইণ্ডাষ্ট্রিয়াল অঞ্চল থেকে বীরভূমে আসতে রাস্তা সর্ট-কাট হয়ে যাবে। বোলপুর থেকে রাজগাঁও রাস্তাটি এবং আমেদপুর থেকে মল্লারপুর রাস্তাটি ৩০ কিলোমিটার কমপ্লিট হলে রাস্তাটি তৈরী হয়ে যাবে এবং যাতায়াতের পক্ষে সুবিধা হবে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি তিনি যাতে এই রাস্তাটির ব্যাপারে গুরুত্ব নেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচন ক্ষেত্র সম্বন্ধে ২টি কথা বলবো। আমার নির্বাচন কেন্দ্রের কতকগুলি রাস্তা ভেঙ্গে গেছে এবং সেগুলি যাতে মন্ত্রী মহাশয় নিজ দায়িত্বে মেরামতি করিয়ে দেন সেই ব্যাপারে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। সেখানে পূর্বেকার অবস্থা ফিরে এসেছে এবং তার একটা ব্যবস্থা নিন। আমি আরেকটি কথা বলতে চাই বাদশাহী রোড থেকে বোলপুর-পালিতপুর রোডের সংযোগ যাতে তরান্বিত হয় এবং এই রোডের কাজ মাত্র ৫ থেকে ৬ কিলোমিটার বাকী আছে। এই রোডের যোগাযোগ ব্যবস্থা যাতে সত্বর হয় তার জন্য মন্ত্রীমহাশয়কে নজর দিতে অনুরোধ করবো। আমি আরেকটি কথা বলবো এই পূর্ত বিভাগের কাজকর্ম যাতে জেলা পরিষদ এবং স্থানীয় পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয় এবং তাদের তত্বাবধানে এই রাস্তাগুলির মেরামতির কাজ করলে অনেক উন্নতি হবে কাজের। দীর্ঘদিন ধরে পঞ্চায়েত হবার আগে কংগ্রেসীরা এই রাস্তাঘাটের কাহিল অবস্থা করে রেখেছিলেন কিন্তু নির্বাচনের পরে এই পঞ্চায়েত রাস্তা উন্নয়নের কাজে হাত দিয়ে অনেক উন্নয়ন মূলক কাজ হচ্ছে।

[6-20—6-30 p.m.]

আমি আশা করছি রাস্তা ঘাটের ব্যাপারে পূর্ত বিভাগ জেলা এবং পঞ্চায়েত সমিতি এলাকায় যেসব রাস্তা, ব্রীজ করছেন তাতে যদি জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির তত্বাবধান থাকে তাহলে ত্রুটি বিচ্যুতি যদি কিছু থাকে সেগুলি দূর করা যাবে এবং সুষ্ঠুভাবে পরিচালনা করার পক্ষে সুবিধা হবে। পঞ্চায়েত সমিতির সঙ্গে সংযোগ থাকা বাঞ্ছনীয় বলে মনে করছি। এ সম্পর্কে মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সর্বান্ত-করনে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধীপক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে, সমালোচনা করা হয়েছে। আমি এখানে যে বাজেট বরাদ্দ পেশ করেছি তা হচ্ছে ১০০ কোটি টাকার উপর। আমার অবস্থাটা অনেক খানি চিনির

বলদের মত। কারণ বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে পি. ডবল্যু. ডি.-র যে কাজ সেই কাজে টাকা আমাকে উপস্থিত করতে হয়। দ্বিতীয় হুগলী সেতু সম্বন্ধে টাকা মঞ্জুরীর জন্য আমাকে এখানে এসে পেশ করতে হয়, কিন্তু এটা করার দায়িত্ব আমার নয় — তার জন্য পৃথক সংস্থা আছে। আমার দপ্তরের কাজ হচ্ছে কিছু হাউসিং তৈরী করা, রোডস্, কিছু সেতু, কিছু কালভার্ট তৈরী করা। আমরা বহু সেতু, রাস্তা গত ৫ বছরে তৈরী করেছি এবং মানুষ তা দেখেছে। সেজন্য পোলের উপর, রাস্তার উপর দিয়ে যেতে তারা বুঝতে পারছে এবং আমাদের এর জন্য আশীর্বাদ করছে। জয়নাল সাহেব, ঘোড়ার ডাক্তার বলে ঘোড়ার ডাক্তারের মত তাঁর বুদ্ধি। তাঁর অভিযোগ ছিল যে ব্যাকওয়ার্ড এলাকার দিকে আমরা নজর দিইনি, আমরা আদিবাসী এলাকার দিকে নজর দিইনি। পুরুলিয়া ব্যাকওয়ার্ড এলাকা। সেখানে আমরা তিনটা সেতু তৈরী করেছি। বুদবুদ, কুমারী ইত্যাদিগুলি মার্চ মাসে উদ্ঘাটন হবে। আদিবাসী এলাকা মেদিনীপুর সম্বন্ধে বলেছেন। মেদিনীপুরে বহু আদিবাসী আছে। সেদিন ১ লক্ষ লোক জমায়েত হয়েছিল এবং সেখানে আদিবাসীদের অধ্যুসিত এলাকায় ৪ লক্ষ টাকা ব্যয় করে সেতু উদ্বোধন করে এলাম। স্যার, একটা অভিযোগ উঠেছে যে রাস্তা-ঘাটের জন্য কংগ্রেস সরকার যত টাকা খরচ করত আমরা বামফ্রন্ট সরকার নাকি তত টাকা খরচ করিনি। আমাদের বামফ্রন্ট সরকার আসার আগে কংগ্রেস সরকার ৫ কোটি টাকা মাত্র বরাদ্দ করত অ্যাভারেজে, আর আমরা ১৯৭৯-৮০ সালে করেছি ১২ কোটি ৭৬ লক্ষ, ১৯৮০-৮১ সালে ১৪ কোটি ৮৪ লক্ষ, ১৯৮১-৮২ সালে ১৩ কোটি ৫ লক্ষ। এবারে ওদের ইন্দিরা গান্ধীর সরকার আমাদের টাকা কমিয়েছে, তাই এবারে কিছু কমেছে, ১৩ কোটি টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বর্ডার সীমান্তে রাস্তা তৈরী করেছি। সেদিন বিহার-উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের মধ্যে আমরা সেতু বন্ধন তৈরী করেছি। পরশুদিন আমরা করে এসেছি মেদিনীপুর জেলায়, আপনারা সকলেই এটা জানেন এবং সংবাদপত্রে পড়েছেন। তাছাড়া আর একটা রাস্তা বর্ডারে বাংলাদেশ সীমান্তের দিকে গাজল থেকে বালুরঘাট হয়ে নালাগোলা ঘাটের উপর একটা সেতু করে বিকল্প পথ করবার জন্য কেন্দ্রীয় সরকারের ডিফেন্স মিনিষ্ট্রির কাছে লিখেছি, আমরা সেই অনুমতি এখনও পাইনি। সেটা কি আমাদের দোষ? আমরা তো চেষ্টা করছি। বাঁকুড়ায় আমরা ৩টি ব্রীজ করেছি। বলা হচ্ছে আমরা নাকি বিরোধী দলের দিকে নজর দিইনি। আরামবাগে জনতা সরকারের আমলে জনতা দলের প্রতিনিধি নির্বাচিত হয়েছিলেন, এবারে সেখানে কংগ্রেস নির্বাচিত, বিরোধী দলের এলাকা, আমরা সেখানে ১৬টা কাঠের সেতু কনক্রিট করে দিয়েছি। আজকে লজ্জা করে না এইসব কথা বলতে? সাত্তার সাহেব ১৫।২০ বছর মন্ত্রী ছিলেন, মুর্শিদাবাদে একটা পণ্টুন ব্রীজ তিনি করতে পারেননি, মা, বোন, বৃদ্ধ, শিশুদের পারাপারের কি কষ্ট হত শীত, গ্রীষ্ম, বর্ষায়, আমরা বামফ্রন্ট সরকার সেই ব্রীজ করে নলিনী বাগচির নামে উৎসর্গ করেছি।

( তুমুল হট্টগোল )

স্যার, আমি জানি জয়নাল সাহেবের আক্রোশ কেন আমার উপর। উনি মুখ্যমন্ত্রীকে ফ্ল্যাট চেয়েছেন, আমি মুখ্যমন্ত্রীকে বলে দিয়েছি যে ফ্ল্যাট দেব না। ওর ভাই বেআইনী ভাবে সরকারী কর্মচারীদের ফ্ল্যাট দখল করে মামলা করেছে।

(ডাঃ জয়নাল আবেদিন চোর চোর বলিয়া চিৎকার করিতেলাগিলেন) আজকে চোরের মায়ের বড় গলা। ওর ভাই জোচ্চুরি করে ফ্ল্যাট দখল করে রেখেছে সরকারী কর্মচারীদের।

[6-30—6-40 p.m.]

আরো অনেক ভাল কাজ আমরা করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেতু যদি তৈরী করতে হয় তাহলে সীমেণ্টের প্রয়োজন। কেন্দ্রীয় সরকার সীমেণ্ট সরবরাহের ব্যাপারে আমাদের বিরুদ্ধে বিমাতৃসুলভ ব্যবহার করেন। পাঞ্জাব ও হরিয়ানায় মাথাপিছু ১২৫ কে. জি. সীমেণ্ট বরাদ্দ করা হয়। আর পশ্চিমবাংলার ক্ষেত্রে এখানে বামফ্রণ্ট আছে বলে মাথা পিছু মাত্র ২৫ কে. জি. পাঞ্জাবে, হরিয়ানায় মাথাপিছু ১২৫ কে. জি, আর আমাদের ক্ষেত্রে খালি ২৫ কে. জি. দেওয়া হয় যেখানে সীমেন্ট আমাদের দরকার। আজকে বাড়ী যদি করতে হয়, পোল যদি করতে হয় তাহলে সীমেণ্টের প্রয়োজন। আজকে চোরের মায়ের বড় গলা।......'গোলমাল'... আমাদের মাল-মসলার দর বাড়ছে। ১৯৭৮ সালে সীমেণ্টের দর ছিল ২৬ শত টাকা মেট্রিক টন। ১৯৮১ সালে সেটা বেড়ে গিয়ে হয়েছে ৫ হাজার ২ শত টাকা পার মেট্রিক টন। রাস্তা তৈরী করতে হলে বিটুমেন দরকার। ১৯৭৮ সালে ১৭ শত টাকা ছিল বিটুমেনের দর, সেখানে সেটা ১৯৮১ সালে হয়েছে ২৬ শত টাকা। সিমেণ্টের যে দর ছিল ৪৫০ টাকা, সেটা বেড়ে এখন লেভী সীমেণ্টের দর হয়েছে ৮০০ টাকা। আর নন-লেভীর দাম হয়েছে ১২ শত টাকা। স্টোন চীপ যেখানে ছিল ৩ শত টাকা, সেখানে আজকে ৬।। শত টাকা হয়েছে। এই অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আবাসন সংকট সম্বন্ধে কথা উঠেছে। আমি জানি যে আজকে আবাসন সংকট আছে। আপনারা বোধ করি শুনেছেন এবং পড়েও দেখেছেন যে ৫০ হাজার ডোয়েলিং ইউনিট আমাদের প্রয়োজন প্রতি বছরে। আমাদের রিকোয়ারমেণ্ট হচ্ছে ৫০,০০০ ডোয়েলিং ইউনিট পার ইয়ার সি. এম. ডি.এ এলাকা, কলকাতা এবং শহরতলীর জন্য। এ পর্যন্ত আমি জিনিসপত্রের দরের কথা এবং আমাদের মজুরীর কথা বললাম। আমার আণ্ডারে দুটো দপ্তর আছে। একটা হচ্ছে হাউসিং ডিপার্টমেণ্ট, আর একটা হচ্ছে হাউসিং বোর্ড। এই দুটো ডিপার্টমেণ্টে সবশুদ্ধ এই পর্যন্ত ৬০ হাজার ডোয়েলিং ইউনিট আমরা তৈরী করেছি। যেখানে প্রয়োজন বাড়ছে, জনসংখ্যা বাড়ছে ৫০ হাজারের রিকোয়ারমেণ্ট আছে, সেখানে এই অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। তাছাড়া আজকে জেলাগুলিতে সি. এম. ডি. এ-এর অধীনে যে জেলাগুলি সেখানে ৫৫ হাজার লোক বস্তিতে বাস করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কি সম্ভব ৮/১০ হাজার ডোয়েলিং ইউনিট যদি প্রতি বছর করতে হয়? আমার যা খরচ আছে তাতে ২ থেকে ৩ হাজারের বেশী সম্ভব নয়। এই অবস্থার মধ্যে দিয়ে আমাকে চলতে হচ্ছে। এই অবস্থার মধ্যের ৬০ হাজার বাড়ী আমরা তৈরী করেছি। নিম্নবিত্ত এবং দুর্বল শ্রেণীর জন্য এ পর্যন্ত প্রায় ৬ শত একরের বেশী জমি অধিগ্রহণ করেছি। সেখানে বাড়ী তৈরী করছি এবং যারা এর জন্য উপযুক্ত আমরা তাদের দিচ্ছি। ওঁর কেন আমার উপর আক্রোশ, আমার

দাবীর উপর আক্রোশ, সেটা আমি আগেই বলেছি। বেআইনীভাবে সরকারী আবাসন, সরকারী ফ্লাট দখল করে বসে আছে। আমরা ওঁদের বলেছি, তোমরা আগে বাড়ী ছেড়ে দাও তার পর তোমাদের আবার বাড়ী দেবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থার মধ্যেও আমরা এইচ ইউ. ডি. সি. ও-এর মাধ্যমে আরও বাড়ী তৈরী করবার চেষ্টা করছি। আমরা জমি অধিগ্রহণ করেছি। এবং ঠিক করেছি যে কলকাতা সহরে যে জমির দর তাতে নির্দিষ্ট সীমার মধ্যে বাড়ী তৈরী করা সম্ভব নয়। তাই আমরা চেষ্টা করছি মফঃস্বলে যেখানে ইলেকট্রিক ট্রেনের যোগাযোগ আছে আধ ঘন্টার মধ্যে আসা যায়, সেই সব জায়গায় জমি অধিগ্রহণ করার চেষ্টা করছি। সেখানে যদি বাড়ী তৈরী করি তাহলে আমাদের যে ১০ লক্ষ সরকারী কর্মচারী আছে তাদের বাড়ী দিতে পারবো এবং এ ছাড়াও মধ্যবিত্ত, নিম্নবিত্ত যেসব মানুষ আছে তাদের জন্য বাড়ী তৈরী করবার চেষ্টা করছি। বিরোধী দলকেও আমরা ফ্লাট দিয়েছি। কিন্তু আমাদের দপ্তরে যারা চুরি-যোচ্চুরি করছে তাদের আমরা ফ্লাট দেবো না। এটা সোজা কথা। আমাদের আর্থিক সংগতি সীমাবদ্ধ হওয়া সত্বেও বলতে চাই যে একট প্রশ্ন উঠেছে অনেক মাননীয় সদস্য বলেছেন যে আমরা নাকি রাস্তাঘাট সংস্কার করতে পারছি না কেন। তার তিনটি কারণ আছে। আমরা রাস্তা মেরামত, মেনটেনেন্স বাবদ ১১ কোটি টাকা বরাদ্দ পাই। এবং তার মধ্যে আমাদের যে সমস্ত ওয়ার্ক চার্জ এমপ্লয়ী আছে তাদের মাইনে দিতে হয় এবং সেই মাইনে দিতে গেলে আজকে মাইনে বেড়েছে. এছাড়া জিনিসপত্রের দাম বেড়েছে, তাহলে চিন্তা করুন কিভাবে এবং কতটা মেনটেনেন্স করা যেতে পারে। কংগ্রেস সরকারের আমলে বাড়ী ভাড়া সব ফাঁকি দিতো। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন ১৯৮২ সালে আমরা রেকর্ড বাড়ী ভাড়া আদায় করেছি। ১৯৮১-৮২ সালে আমরা বাড়ী ভাড়া বাবদ ১ কোটি ৪৭ লক্ষ ৯৩ হাজার টাকা রেকর্ড বাড়ী ভাড়া আদায় করেছি। এই সমস্ত অসভ্য লোক সেখানে থাকা সত্বেও এটা আমরা করতে পেরেছি, মামলা ইত্যাদি ভয় দেখিয়ে। কিন্তু তা সত্বেও অনেক কিছু করা সম্ভব হচ্ছে না। কারণ জিনিস পত্রের দাম বেড়েছে। আমরা চেষ্টা করছি বর্ষাকালের মধ্যে বিটুম্যান ইত্যাদি যে কোন উপায়ে রাস্তাগুলি সার্ভিসেবল করে রাখবো। কিন্তু কথা হচ্ছে যে পরিমাণ আছে সেট্যাল রোডে তার চেয়ে অনেক বেশী বাস চলাচল করে। যেভাবে বাস চলবার কথা।

[6-40--6-50 p.m.]

যেহেতু ডিজেলের দর বেড়েছে, পেট্রোলের দর বেড়েছে, সেইজন্য তারা লোকসান কমাবার জন্য বেশী লোড চাপিয়ে রাস্তাগুলোকে নষ্ট করছে, এই হচ্ছে অবস্থা। এই অবস্থার মধ্যে — পুলিশকে বলে কিছু হবে না, কারণ পুলিশ যদি তাদের বলে তারা ধর্মঘট করবে — যে মাল উত্তরবঙ্গে যায় তা ব্যাহত হবে। আমি একটি গুরুত্বপূর্ণ কথা বলে শেষ করব, আমরা এ টা প্রকল্প হাতে নিয়েছি এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পেয়েছি, হলদিয়া থেকে আরম্ভ করে নয়াগ্রাম, ফরাক্কা পর্য্যন্ত ২৫০ কিলোমিটার রাস্তা হবে। এই রাস্তা করতে গেলে আমাদের ৩টি সেতু পড়বে, একটা অজয়ের উপর, একটা কুয়ে নদীর উপর, আর একটা ময়ূরাক্ষীর উপর। কিন্তু এর

জন্য ৫ কোটি টাকার প্রয়োজন, এই ৫ কোটি টাকার মধ্যে আড়াই কোটি টাকা রাজ্য-সরকার দেবে এবং বাকি আড়াই কোটি টাকা কেন্দ্রীয় সরকার আমাদের ঋণ হিসেবে দিতে রাজী হয়েছেন। কেন্দ্রীয় সরকার এটার অনুমোদন করেছেন। আমাদের প্ল্যান এষ্টিমেট, সার্ভে সব কিছু হয়ে গেছে এবং আগামী আর্থিক বছরে আমরা কাজ শুরু করব। এটা যদি হয়ে যায়, এটা এত গুরুত্বপূর্ণ রাস্তা হবে, নেপালের সঙ্গে ফরাক্কার যোগাযোগ হবে, ওদিকে উত্তরবঙ্গ এবং আর এক দিকে নেপাল, ভুটান, সিকিম সমগ্র পূর্বাঞ্চলের রাজ্যের সঙ্গে যোগাযোগ স্থাপিত হবে। আমি নিজে কেন্দ্রীয় সরকারের কাছে তদ্বির করেছি, আমাদের মুখ্যমন্ত্রী লিখেছেন এবং সেখানে আমি গিয়ে ট্রান্সপোর্ট মিনিষ্টারের সঙ্গে দেখা করে, আলাপ আলোচনা করেছি, এটা অনুমোদন লাভ করেছে। এই কাজ আমরা করেছি। আগামী বছরে আরো অনেক কাজ আমরা হাতে নোব, যদি আমাদের আর্থিক সংগতি বাড়ে। যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এখানে উপস্থিত করা হয়েছে তার প্রত্যেকটিকে প্রত্যাখ্যান করে আমার যে ব্যয় বরাদ্দ তা আপনাদের মঞ্জুরীর জন্য পেশ করলাম।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ স্পীকার স্যার, চীফ্ মিনিষ্টার ইজ হিয়ার। লেট দি চীফ মিনিষ্টারকাম, যতীন বাবু যে অসত্য ভাষণ দিয়েছেন যে আমি ফ্ল্যাটের জন্য চীফ মিনিষ্টারকে বলেছি, লেট হিম হ্যাপ দি ডিগনিটি টু সে যে আমি চীফ মিনিষ্টারকে কোন দিন ফ্ল্যাটের কথা বলেছি। আই ডিনাই ইট টোটালি এ্যাণ্ড দ্যাট লায়ার স্যুড উইথড্র ইট।

( গোলমাল )

The motion of Shri JATIN CHAKRABARTY that a sum of Rs. 46,58,35,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings),

485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social aud Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)", was than put and agreed to.

## DEMAND No. 39

**Mr. Speaker :** All the cut motions on Demand No. 39 are in order and taken as moved.

ডিমাণ্ড নং ৩৯ এ ডাঃ জয়নাল আবেদিনের ১ থেকে ৫নং পর্যন্ত ৫টি কাটমোসান আছে, এগুলির ডিভিসন হবে। সেই জন্য এইগুলি আমি ভোটে দিচ্ছি।

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

The motion of Dr. Zainal Abedin that the amount of the Demand be reduced to Re. 1 was then put and a Division was taken with the following result :

NOES—70

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Natabar
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Joyti
Bera, Shrimati Chhaya
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Promode Ranjan
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay. Shri Sadhan
Chaudhury, Shri Gunadhar
Das, Shri Banamali
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Goswami, Shri Ramnarayan
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Kujur, Shri Sushil
Let, Shri Dhirendra
Majhi, Shri Dinabandhu
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Suvendu
Mazumdar, Shri Dilip Kumar
Mir Fakir Mohammad, Shri
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi

Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sufal
Nath, Shri Monoranjan
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Rai, Shri H. B.
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Hemanta Kumar
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Tudu, Shri Bikram

AYES—11

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bhunia, Dr Manas
Mahbubul Haque, Shri
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath

ABSTENTIONS—2

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh

the Ayes being 11, the Noes 70 and the abstentions 2 the motion was lost.

The motion of Shri Jatin Chakrabarty that a sum of Rs. 15,54,12,000 be granted for expenditure under Demand No. 39 Major Heads: "283—Housing", "483—Capital Outlay on Housing" and "683—Loans for Housing", was then put and agreed to.

## DEMAND No. 70

**Mr. Speaker:** All the cut motions on Demand No. 70 are in order and taken as moved.

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

**Shri Kashinath Misra:** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Mr. Speaker:** ডিমাণ্ড নং ৭০ এ কাশীনাথ মিশ্রের ৫ থেকে ৮ পর্যন্ত কাটমোসান আছে। আর ডাঃ আবেদিনের ১ থেকে ৪নং পর্যন্ত ৪টি কাট্‌মোসান আছে, এগুলির ডিভিসন হবে। সেইজন্য আমি আগে ৫ থেকে ৮ পর্যন্ত ভোটে দিচ্ছি।

The motion of Shri Kashinath Misra that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

6-50—7-00 a.m.]

The motion of Dr. Zainal Abedin (Cut Motions Nos. 1 to 4) that the Amount of Demand be reduced to Re. 1/-, was then put and a division taken with the following result :—

NOES—66

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Natabar
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bera, Shrimati Chhaya
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Bose, Shri Promode Ranjan
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Gunadhar
Das, Shri Banamali
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Goswami, Shri Ramnarayan
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Majhi, Shri Dinabandhu
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mazumdar, Shri Dilip Kumar
Mir Fakir Mohammad, Shri
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Munsi, Shri Mahammad Bacha
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Rai, Shir H. B.
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Hemanta Kumar
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Tudu, Shri Bikram

AYES—12

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bhunia, Dr. Manas
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal

Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath

ABSTENTATIONS—2

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh

The Ayes being 12, the Noes 66 and the abstentions 2 the motion was lost

The motion of Shri Jatin Chakraborty that a sum of Rs. 61,74,41,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads: "337—Roads and Bridges", "537—Capital Outlay on Roads and Bridges", and "737—Loans for Roads and Bridges", was then put and agreed to.

**Ruling on the Point of Order raised by Shri Subrata Mukherjee, M.L.A. on the 20th September, 1982.**

**Mr. Speaker**: Yesterday that is on 20th September, 1982 when the House was deliberating on a motion for Grant on Demand No. 34, 31 and 35 Shri Subrata Mukherjee raised a point of order to the effect that when a Vote on Account was taken and proportionate sums were authorised to be appropriated, these sums already authorised to be appropriated should be excluded when the normal budget is submitted under Article 203 of the Constitution of India. In support of his contention, he referred to the ruling of Mr. Saila Kumar Mukherjee, Speaker, West Bengal Legislative Assembly in which he ruled on 18th July, 1952 on a point of order raised by Shri Charu Chandra Bhandari and Shri Bankim Mukherjee that while the main budget is considered and voted in terms of Article 203 and 204 of the Constitution, the Ministers were not to move for the entire amount of the estimated expenditure for the year as shown in the budget in respect of the grants, but would move for only the balance of each grant excluding the amount which had already been voted on account. In his ruling Speaker, Saila Kumar Mukherjee observed that "I have, therefore, looked into practice which obtained in the House of Commons and I find that whenever a Vote on Account has been taken in respect of Demand, the subsequent Demand does not include the amount which have already been voted, but is made only in respect of the balance of the Demand left unvoted." The British precedent relating to the English Parliamentary is of the year 1866.

With regard to the ruling of Shri Saila Kumar Mukherjee it may be said that Shri Mukherjee had to preside over the first House constituted under the Constitution of India and that at that time he did not have even our own Rules of Procedure since framed in conformity with the Constitution of India. The old Procedure which was invoked during British Raj had to be adopted then after India attained freedom on 15th August, 1947. The same rule was again adopted in 1952 by the Speaker, West Bengal Legislative

Assembly under Article 208 Clause 2 of the Constitution of India. This rule obviously had severe limitations on the efficient functioning of the House. Now we have our new Rules of Procedure both in Parliament as well as in State Legislatures. We are working in accordance with these rules over decades and our Parliamentary Institution has since attained maturity. Now we have voluminous precedents and conventions accumulated over years in our country and we are not required to fall back upon the foreign conventions and precedents. This is amply exemplified in the manner in which Article 194(3) of the Constitution had been amended by the 44th Amendment Act, 1978.

The new version after 44th amendment runs thus :

"In other respects, the powers, privileges and immunities of a House of the Legislature of a State, and of the members and the Committees of a House of such Legislature, shall be such as may from time to time be defined by the Legislature by law, and, until so defined, shall be those of that House and of its members and Committees immediately before the coming into force of Section 26 of the Constitution (Forty Fourth Amendment) Act, 1978."

This amendment was obviously prompted by the fact that we had by that time gained sufficient experience as not to depend on British practice. Shri Subrata Mukherjee's contention that "a ruling is forever a ruling" cannot be taken as valid in the circumstances.

In the Parliament, normally the Motions in respect of Demands for Grants are moved for sums excluding the sums already voted on account by the House in respect of those demands. However, in the case of any reorganization of Ministries, after the general elections, the demands for grants in respect of the Ministries affected by the reorganization are, with the permission of the Speaker, moved and subsequently voted for sums including the sums already voted on account. In our State, Vote on accounts are taken generally in election years. Article 202, 203, 204, 205 and 206 and the corresponding Rules in our Rules of Procedure relating to financial business in our rules of Procedure do not spell out whether the final budget after a Vote on Account has been taken, should or should not include the sums already voted. There is no irregularity either from the Constitutional or Procedural point of view, if either Procedure is adopted. In Parliament a mixed procedure is followed when re-organization of Ministries is done. In our State generally after general election, some form of re-organization occurs and the procedure of voting of sums including the sums already voted does not go against constitution and rules. If this principle is also extended in respect of Ministries were no re-organiztion has been made no contravention of the Constitution of the rules would occur. From 1952-1962 a uniform procedure of voting sums excluding the amount already voted had been followed. The new innovation which has now been questioned by Shri

Mukherjee was made by the Government when Shri Mukherjee was a member of the Cabinet. It was he who himself on July 27th, 1972 moved that a sum of Rs. 8,44,84000/- be granted for expenditure under Grant No. 12 Major Head : "19 —General Administration". This sum was inclusive of Rs. 2,81,61,000 already voted on account in March, 1972. The then Speaker Shri Apurba Lal Majumdar allowed him to make such a motion to be moved in the House even though that constituted a departure from the earlier practices. Rather, I feel that in such procedure evolved since 1962 in this Legislature there is an inherent merit to the effect that threadbear discussions take place on every Demand for Grants when final budget is taken up after the Vote on Account. They get opportunity to discuss on the entire demand.

Therefore, following the principle of "Staredecises" I find that the present practice having the sanction of this Legislature for the long years should be taken, in the circumstances, to be quite in order and as such I rule out the point of order raised by Shri Subrata Mukherjee on 20th September, 1982.

Legislation

**The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982**

Shri Jyoti Basu : Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982.

( Secretary then read the title of the Bill )

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982, be taken into consideration.

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে কয়েকটি কথা এখানে বলতে চাই। আমি মাননীয় সদস্যদের মনে করিয়ে দিচ্ছি যে বাজেট যখন পেশ করেছিলাম তখন আমি এটা পরিষ্কার করে বলেছিলাম যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের এই বছর যে আলোচনা হয়েছে, সেই অনুযায়ী এবং এই বিষয়ে আমরা যে সিদ্ধান্তে এসেছি সেই অনুযায়ী আমাদের বাজেট সম্বন্ধে যা ভেবেছিলাম, সেই ভাবে আমরা করতে পারছি না, অনেকটা কমিয়ে করতে হবে। এটা করতে গিয়ে আমরা দেখেছি যে একেবারে ন্যূনতম ব্যবস্থা করতে গেলেও বছরে আমাদের ঘাটতি থেকে যাবে, যদি সমস্ত কিছু হিসাব ধরি। আমার যতদূর মনে আছে, আমি মাননীয় সদস্যদের বলেছিলাম যে ৫০ কোটি টাকা আমাদের বছরে তুলতে হবে এবং মাত্র এই কয়টা মাস বাকী আছে। সেই হিসাবে বলেছিলাম যে এই কয় মাসের মধ্যে, ১৯৮২-৮৩র মধ্যে আমরা ২৫ কোটি টাকা তুলবো। সেজন্য কিছু ট্যাক্স আমাদের করতে হচ্ছে, এছাড়া আমরা অন্য কিছু করতে অপারগ।

[7-00—7-10 p.m.]

কেউ যদি আমাদের বলে দিতে পারতেন যে, আমাদের এই যেটুকু ঘাটতি হচ্ছে এটা আমরা কোথা থেকে কিভাবে তুলব, তাহলে আমরা সেইভাবে চেষ্টা করে দেখতাম এবং এখনও যদি কেউ বলতে পারেন, তাহলে আগামী দিনে আমরা চেষ্টা করতে

পারি। শীঘ্রই আবার বাজেট সম্বন্ধে ( ডিসেম্বরে ) কেন্দ্রের সঙ্গে আলোচনা হবে এবং তখন ফিনান্স কমিশনের রিপোর্টও আসবে, আমরা তখন এসব দেখব। কিন্তু এখনো পর্যন্ত কেউ সেরকম সুপারিশ করেনি। তবে আমরা এটা বলেছি যে, জনগণের ওপরে এই ট্যাক্সের চাপ যতটা কম বর্তায় তা আমাদের দেখতে হবে এবং তার জন্য চেষ্টা করতে হবে। একেবারে বর্তাবে না, একথা আমরা বলছি না। আমরা এটাও বলেছি যে, বিজনেস কমিউনিটিতে যারা আছেন, ব্যবসা বাণিজ্য যারা করেন, তাঁরা যখনই আমরা কোন ট্যাক্স বসাই এবং ওঁরা যখন দেখেন যে সেই ট্যাক্সের চাপটা জনগণের ওপরে পাস অন করতে পারছেন না, তখনই ওঁরা বলেন, 'আমাদের ব্যবসা খারাপ, আমাদের মন্দা যাচ্ছে, ভয়ঙ্কর অবস্থা চলছে।' সরকারের কোন ট্যাক্স সম্বন্ধে ওঁরা আজ পর্যন্ত বলেনি যে, এটুকু অন্ততঃ করা যেতে পারে। কিন্তু আমরা তাঁদের বলি যে, আপনারা যারা ব্যবসা বাণিজ্য করেন, তারা এই দেশেরই লোক, তাদেরও একটু বিচার বিবেচনা করতে হবে যে, কি অবস্থা হচ্ছে, কেন এই বাজেট পেশ করতে গিয়ে সামান্যতম কিছু টাকা আমরা তোলবার চেষ্টা করছি। যেই হিসেবে আমাদের রাজ্যের আয়ের জন্য, উন্নতির জন্য বোধ করি তাঁদেরও কিছু ভূমিকা আছে। এক্ষেত্রে তারা যদি বলেন যে, তাঁদের কিছু ত্যাগ স্বীকার করতে হচ্ছে — অতি কমই করতে হচ্ছে — তাহলে তাঁদের তা করতে হবে, কোন উপায় নেই।

দ্বিতীয় কথা হচ্ছে, সমস্ত বিষয়গুলির নাম বলে সময় নষ্ট করব না, আশা করি সকলেই ইতিমধ্যে তা শুনেছেন। ইতিমধ্যেই আমরা কিছু কিছু আইনের পরিবর্তন করেছি। সে সমস্ত কিছু এই আইনের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে পরিষ্কারভাবে লেখা আছে, আমি সেগুলি আর পড়ছি না।

তৃতীয় কথা হচ্ছে, আমরা বলেছি যে আমরা এর থেকে ২৫ কোটি টাকা এখন এবং পরে সারা বছরের জন্য ৫০ কোটি টাকা তোলবার চেষ্টা করব। আমি বাজেট পেশ করার সময়ে এ কথা বলেছিলাম, কিন্তু তারপরে বিভিন্ন দিক থেকে, বিভিন্ন অংশের মানুষের কাছ থেকে এবং ব্যবসা বাণিজ্য যাঁরা করেন তাঁদের অনেকের কাছ থেকে আমার কাছে কিছু স্মারকলিপি এসেছে, কিছু রিপ্রেজেনটেসন এসেছে। কিছু কিছু আলোচনাও আমরা এ বিষয়ে করেছি, অফিসারদের সঙ্গেও আলোচনা করেছি। এখন আমরা সেসব বিচার করে তখন যা বলেছিলাম তার থেকে কিছু কনসেসন দিচ্ছি। বাজেটের সময় আমরা এগুলি যেভাবে চিন্তা করেছিলাম — এখন ২৫ কোটি টাকা তুলব এবং বছরে ৫০ কোটি টাকা তোলা হবে — তার থেকে কিছু কনসেসন দিচ্ছি। আমরা মনে করছি এর ফলে মানুষের ওপরে আরো একটু কম চাপ পড়বে, করের বোঝা আর একটু লাঘব হবে। যাঁরা আমাদের কাছে এসেছিলেন তাঁরা যেক্ষেত্রে মনে করেছেন তাঁদের ওপর করের বোঝা বাড়বে সেক্ষেত্রে আমরা এটা করছি।

কোন্ কোন্ ক্ষেত্র থেকে কত টাকা পাব বলে মনে করছি, তার একটা হিসেব আমি এখানে দিচ্ছি। সেস অন টি থেকে ১২ কোটি টাকা পাব। ইনপুট ট্যাক্স থেকে ১২ কোটি টাকা পাব। ট্যাক্স অন ডিজেল থেকে ৮ কোটি টাকা পাব। সেস অন কোল্, ৭ কোটি টাকা পাব। অ্যামিউজমেণ্ট ট্যাক্স থেকে পাব ২ কোটি ৫০ ৫০ লক্ষ টাকা। এক্সাইস ডিউটি থেকে পাব ২ কোটি টাকা। সেন্ট্রাল একসাইস

ডিউটি অন টি থেকে পাব ২ কোটি টাকা। ট্যাক্স অন সাগু, ট্যাপিওক্যা গ্রবুলস অ্যাণ্ড হোসিয়ারী গুডস থেকে আসবে ১ কোটি টাকা। ইনক্রিসিং রেট অফ ট্যাক্সেসন অন বনস্পতি থেকে আসবে ১ কোটি ৫০ লক্ষ টাকা। ট্যাক্স অন টি. ভি. থেকে প্রথমে আমাদের আসবে ১ কোটি টাকা এবং প্রসিডিউরাল চেঞ্জস্ করে আরো ১ কোটি টাকা আমাদের আদায় হবে। এ সম্বন্ধে অবজেক্টস অ্যাণ্ড রিসন্সে লেখা আছে কি পসেস করছি, যাতে কেউ ট্যাক্স ফাঁকি দিতে না পারে।

প্রথমেই আমি একটা কথা বলি যে, আমরা এখন যে ট্যাক্স রিলিফ্ দিয়েছি, সেটা মূলত সাগু, ট্যাপিওক্যা গ্লোবুলস-এর ওপর। অনেক মাননীয় সদস্যই এসম্বন্ধে বলেছেন যে, এটা সবাই খায়, এটার ওপর ট্যাক্স করছেন কেন? সকলেই খায় না। যাই হোক অনেকেই এটা না করার কথা বলেছেন এবং সে কারণে আমরা এটা বিবেচনা করেছি, এটা আমরা ছেড়ে দিচ্ছি। এর ওপরে ট্যাক্স বসানো হচ্ছে না। তারপর চায়ের উপর যে ব্যবস্থাটা করেছি তারজন্য অনেকে স্মারকলিপি দিয়েছেন এবং এই নিয়ে চা-শিল্পের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেছি। তাঁরা বলতে চাচ্ছেন, তাঁদের নাকি রিসেসান চলছে, অবস্থা ভাল নয় চা শিল্পে। আমি খালি একটি কথা বলতে চাই, ভাল তো থাকে মাঝে মাঝে। ১৯৭৭।১৯৭৮, বোধ হয় ১৯৭৯ সালেও মোটামুটি অবস্থা ভাল ছিল। অনেক সময় রেকর্ড পরিমাণ তাঁরা লাভ করেছেন। যখন ঐ টি-গার্ডেনগুলি রেকর্ড পরিমাণ প্রডিউস করে ম্যানুফাকচার করে তখন কিন্তু টি-প্ল্যাণ্টে যে সমস্ত শ্রমিক আছে তাদের কল্যাণকর কোন ব্যবস্থা করার ব্যাপারে তাঁদের মনে থাকে না। তাঁরা বলেন, টাকা নেই। সেই টাকাগুলি অন্য জায়গায় অন্য কিছুতে খরচ করে। তবে এইসব বিচার করে — আমরা তো দায়িত্ব-জ্ঞানহীন হতে পারি না — সেইজন্য আমরা কিছু অদল-বদল করেছি। সেটা পরে সংশোধনী হিসাবে আসবে। যেমন, সেস, অকসান সেণ্টার যেগুলি যাবে সেগুলিতে আমরা ৫০ পয়সা করেছিলাম। সেখানে আমরা ৩০ পয়সা পার কিলোগ্রামে করেছি। আর গ্রীন টি বা ওয়েল্ট টি যেগুলি আছে সেগুলির ক্ষেত্রে আমরা ৩০ পয়সা নামিয়ে দিয়েছি কিলো-গ্রামে। তার পর একজেমসান লিমিট ছিল এবারকার বাজেটে। ১ লক্ষ কিলোগ্রাম বা শতকরা ১৫ ভাগ যেটা বেশী হবে সেটা একজেমট করেছিলাম এই সেস থেকে এটা আমরা ভেবেছিলাম যে কিছু বসাবো, বিলের মধ্যে এটা আছে। এগজেমসানটা দিতে হবে না, সেটা আমরা মেনে নিয়েছি। কারণ হচ্ছে, বড় বড় চা-বাগান আছে, আবার মাঝারি ছোট ছোট চা-বাগানও আছে। মাঝারি এবং ছোট চা-বাগানের মালিকদের খানিকটা অসুবিধা হচ্ছে। ব্যাঙ্ক ফিনান্স রেসট্রিকটেড হয়ে গেছে কেন্দ্রীয় সরকারের রীতি-নীতি অনুযায়ী। সুতরাং এইসব নানা ব্যাপারে বিবেচনা করে করেছি। তার মানে দাঁড়াচ্ছে সর্ব-সাকুল্যে ২ কোটি টাকার মতন এর থেকে কম হবে। আমরা যেটা ৪ কোটি টাকা ভেবেছিলাম সেটা এখন ২ কোটি টাকা কম পাচ্ছি। কাজেই এই যে মোটফল হচ্ছে তাতে করে বাজেটের কি অবস্থা হবে? সেখানে আমরা চেষ্টা করছি আমাদের প্রশাসনকে যোগ্য করবার জন্য। এ্যাডমিনিস্ট্রেসানকে আরোও যোগ্য করে যাতে ফাঁকি আরোও কম হয় সেটা দেখতে হবে এবং বাজেটের ক্লোজিং ব্যালেন্স সেটা যাতে ঠিক থাকে সেই চেষ্টা আমরা করছি। তারপর হচ্ছে, এ্যামিউজমেণ্ট

াক্স, সিনেমার ক্ষেত্রে ট্যাক্স। এই ব্যাপারে পর্যালোচনা করে এবং হিসাব করে দেখেছি। ১ বছর ধরে ঐ সিনেমা মালিক এবং কর্মচারীদের মধ্যে দাবী-দাওয়া নিয়ে বিবরত একটা বিরোধ সৃষ্টি হচ্ছে এবং স্ট্রাইক হচ্ছে নানা কারণে। এইসব হিসাব রে যা বুঝেছি তাতে করে হল মালিকদের টিকিটের দাম বাড়াবার কিছু অনুমোদন আমাদের করতে হবে এবং সেটা ২৫ পয়সার মতন যাতে তাঁরা বাড়াতে পারেন সেই চেষ্টা আমরা করছি।

[-10—7-20 a.m.]

কিন্তু সেখানে আমরা সঙ্গে সঙ্গে বলেছি যে, এখান থেকে যা তাঁরা পাবেন, — াবেন কিছু — কেন, কারণ আমরা এমন ভাবে ব্যবস্থা করেছি ওঁরা আমাদের অনেক ময় বলেন ব্যবসা বাণিজ্যের দিক থেকে যে আপনারা যদি আমাদের বাড়াবার অনুমোদন করেন, অনুমতি দেন তা হলেও ট্যাক্সটা এমনভাবে ধার্য হয়, একই রেটে, একই াবে যে ট্যাক্স হয় যে বাড়িয়ে কোন লাভ নেই, অনেকটাই চলে যায়। সেইজন্য আমরা ইসব হিসেব করে বলেছি যে স্ল্যাবটার মধ্যে এমনভাবে আমরা করব যাতে করে ট্যাক্সটা ড়ছে না, কিন্তু তাদের রোজগারটা সেখানে থাকছে। সঙ্গে সঙ্গে আমরা বলছি যে, এই য জিনিষটা সারচার্জটা আমরা করেছি, তাতে তাঁরা বললেন যে আপনারা এই ট্যাক্সটা রবেন না, আমরা বললাম কোন সরকার এটা মানতে পারে না। আপনারা লাভ করবেন আর আমরা দু-এক পয়সাও পাব না এটা কখনও হয় না। তারপর আমরা াঁদের বলেছি যে আপনাদের কর্মীদের কথাও বিবেচনা করতে হবে, সিনেমা হলগুলোর কথাও বিবেচনা করতে হবে। সেখানে এ সংক্রান্ত কিছুই হয় না, যারা সিনেমা দেখতে ায় তারা অত্যন্ত কষ্টের মধ্যে সিনেমা দেখে। কর্মীদের কথা আপনারা জানেন, কর্মীরা বসে আছেন তাঁদের দাবী দাওয়া নিয়ে, তাদের সঙ্গে একটা ব্যবস্থা আপনাদের করতে হবে। এই কথা আমরা বলেছিলাম। তারপরে আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন ইম্পুট অফ প্যাকিং মেটিরিয়েল এটা নানা সময় নানা রকম থেকেছে, তা আমরা আসবার পর। এটা ১৯৭৫ থেকে ১৯৭৭ পর্যন্ত শতকরা ২ ভাগ ছিল, ১৯৭৭ থেকে ১৯৮১ পর্যন্ত শতকরা ৩ ভাগ, এটা আমরা করেছিলাম। আমরা মনে করেছিলাম যে ব্যবসা বাণিজ্য যাঁরা করেন ইম্পুট অফ প্যাকিং মেটিরিয়েলসে যদি আমরা একটু সুরাহা করতে পারি, কনসেসন কিছু দিই, ব্যবসা বাণিজ্যের উন্নতি হলে আমাদের কিছু রিয়েলাইজেসন হবে অন্যদিক থেকে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেটা সেভাবে হয়নি; আমরা দেখছিলাম সেজন্য বলছি যে এখানে শতকরা এক ভাগ থেকে যেটা ১.৪.৮১তে শতকরা এক ভাগ ছিল যেটা আমরা কমিয়ে দিয়েছিলাম সেটা আমরা বাড়িয়ে দুভাগ করেছি। আমরা অন্যান্য প্রদেশে দেখেছি কোথাও ৩ ভাগ, কোথাও ৪ ভাগ আছে, আবার এমন রাজ্যও আছে গুজরাটে এটা নেই, এর উপর কোন ট্যাক্স নেই কিন্তু বেশীর ভাগ রাজ্যেই এটা আছে। আচ্ছা, তারপর ডিজেলের ব্যাপার। আমরা বলেছি যে আমরা কোন কনসেসন দিতে পারছি না, আমরা বলেছিলাম যে শতকরা ১২ পারসেণ্ট আমরা করেছি, এটা বুঝে নিতে হবে। আসাম, উড়িষ্যা কোথাও শতকরা ১১ ভাগ, কোথাও ১৩ ভাগ আছে এবং আমরা দেখেছিলাম এখানে আমাদের ডিজেলের প্রয়োজন। যেহেতু আমরা

৯ পারসেণ্ট নামিয়ে এনেছিলাম ১৩ পারসেণ্ট থেকে, আমরা সেটা করেছিলাম। আমরা দেখেছিলাম অন্যান্য জায়গায় যে ঘটনা ঘটল, এবং এখানে যেহেতু সস্তায় পাওয়া যায় সেজন্য একেবারে ট্যাঙ্ক ভর্তি করে অন্যান্য প্রদেশে লং ডিস্ট্যানসে নিয়ে যেত। এখানে আমাদের যেটুকু বরাদ্দ করা হয় আমরা সবটা পেতাম না। এখন ঐ রকম হবে না। আমি বলি কেন্দ্রীয় সরকার এটা লিটার প্রতি দেড় টাকা বাড়িয়েছে এই এক বছরের মধ্যে, আমরা সেখানে ৯ পয়সা পার লিটার বাড়িয়েছি। আপনারা দেখেছেন যে আমরা দুটো আইন পরিবর্তন করেছি, কয়লার উপর থেকে যাতে বেশী আদায় করতে পারি সেটার ব্যবস্থা করেছি। প্রাইমারী এডুকেশন সেণ্টার অ্যাণ্ড স্কুলস এই দুটোকে নিয়ে আমরা সাড়ে তিন টাকা বাড়াব কিন্তু গত ৩ বছরে আরেকবার আমরা একটু বাড়িয়েছিলাম। আমাদের যেখানে ৭ টাকা বেড়েছিল সেখানে কেন্দ্রীয় সরকার ৬০ টাকা বাড়িয়েছেন এই তিন বছরে। আমরা সামান্য কিছু বাড়িয়েছি, একদম উপায় ছিল না তাই আমরা এটা করেছি। তবে এটাতে আমাদের বিদ্যুত ইত্যাদির বিশেষ কোন অসুবিধা হবে বলে মনে হচ্ছে না। কারণ সেটা আমরা ছাড় দিয়েছি। তারপর যেটা হয়েছে সেটা এখানে আমরা দেখছি সেটা হচ্ছে পাওয়ার। এখন এটাতে আবার নানানভাবে দুর্নীতি হচ্ছে দেখছি। দুর্নীতি বলছেন, আবার অনেকে বলবেন আপনার ডেফিনেসনের ঠিক নেই। সেজন্য এই রকম হচ্ছে। এটা ঠিক কৃষকেরা যেসব ব্যবহার করেন তা নয়। বেশীরভাগ তাঁরা করেন ঐ পাওয়ার অপারেটেড এগ্রি-কালচারাল ইম্পলিমেণ্টস এটা নিয়ে অনেকে অন্য জায়গায় পাম্প টাম্প ইত্যাদি ব্যবহার করছে, এটা কৃষির জন্য নয়।

তা যাই হোক, এটা আমরা শতকরা ৮ ভাগ করছি এবং সেলট্যাক্সের নানা ব্যবস্থা আছে সেইগুলি আমরা করছি। এটার মধ্যে বেশী ট্যাক্স ছিল না। এখানে এটা নিয়ে কিছু সমালোচনা হয়েছে — এটা কার উপর করবেন? শুধু কিছু কৃষকের উপর — যাদের অনেক জমি আছে, যারা বিত্তশালী তাদের উপর, নাকি যারা বিভিন্ন স্থানে আছে তাদের উপর? আমরা বলছি যে, এই সব হিসাব আমরা নেবার চেষ্টা করছি এবং আমরা মনে করি এটা উপর তোলার লোকের উপর পড়বে। তবে যদি আমরা সে রকম ইনসিডেণ্ট দেখতে পাই — যারা এটা দিতে পারবেন না তাদের উপর পড়ছে, তাহলে পরবর্তীকালে আমাদের সেটা বিবেচনা করতে হবে। আমাদের মনে হয়, যারা দিতে পারবেন তাদেরই উপর পড়ছে। তা ছাড়া আমরা কিছু প্রসিডিউরাল চেঞ্জ করছি, আমি সেই সব হিসাবের মধ্যে যাচ্ছি না। সেইগুলি করে আমার মনে হয় ঐ মালটি পয়েণ্ট, ফাস্ট পয়েণ্ট ইত্যাদি করে আমরা কিছু টাকা সময় মত আদায় করতে পারবো। এই হচ্ছে মোটামুটি আমার বক্তব্য, এর বেশী এখন কিছু বলছি না। খালি একটা কথা বলে দিই যে, কেউ কেউ বলেন যে আমরা কেন্দ্রের উপর নির্ভর করছি। সেতো আমি বলেছি, কেন করছি। তার কারণ আমাদের ট্যাক্স করবার কোন জায়গা নেই। যেমন আমাদের সংবিধান, যেমন আমাদের ব্যবস্থা, সমস্ত শক্তি কেন্দ্রীয় সরকারের হাতে কেন্দ্রীভূত। গত ৩৪ বছর ধরে তারা এই জিনিষ করছে। যেগুলি আমাদের প্রাপ্য ছিল সেইগুলিও ওরা নিজেরা নিয়ে যাচ্ছে। অ্যাডিসনাল এক্সসাইজ করে, নানা ভাবে জিনিষের অ্যাডমিনিসট্রেটিভ প্রাইস বাড়িয়ে দিচ্ছে। কিন্তু

সই সব জায়গা থেকে আমাদের ওরা এক পয়সাও দিচ্ছে না। কাজেই আমাদের পক্ষে খুব কঠিন হয়ে যাচ্ছে। তথাপি আমাদের ১৯৭৭-৭৮ সালে ৩৫৫ কোটি টাকা রেভিনিউ ছিল — আয় ছিল। সেখানে আমরা ১৯৮১-৮২ সালে সেই আয় ৬৩০ কোটি টাকা করেছি। এতে মানুষের উপর বোঝার চাপ হয়নি। আমাদের এ্যাফার্ট আমরা নিশ্চয়ই করছি। সেই জন্য আমাদের এইদিক থেকে কেউ বলতে পারবে না যে, আমরা নিজেরা কিছু করছি না। এই হচ্ছে আপনাদের কাছে আমার বলার, আর যদি কিছু বলার থাকে তাহলে আমি পরে বলবো।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়, মুখ্যমন্ত্রী তথা আমাদের অর্থমন্ত্রী এখানে ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেসান লজ এ্যামেণ্টমেণ্ট বিল '৮২ এনেছেন। এখানে আমরা দেখতে পাচ্ছি যে কতকগুলি এ্যক্ট-এর এ্যামেণ্ডমেণ্ট করা হ'লে ট্যাক্স লজ হিসাবে সেটাকে এখানে নিয়ে আসা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন ভাবে কর ধার্য করার যে প্রস্তাব দিয়েছিলেন — যেটা আমরা বাজেটের সময় দেখেছি — সেটা যখন আবার এই হাউসে আলোচনা করা হচ্ছে কতকগুলি ব্যাপার বিবেচনা করার জন্য। সত্যই সেটা আমাদের কাছে আনন্দের বিষয়। মাননীয় স্পীকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্লজ ২ সাবসেকসান ১ (এ) এখানে স্লাবের কথা বলেছেন। সিনেমার টিকিটের কালার থেকে আরম্ভ করে সব জায়গায় রেট বাড়াতে হবে। যেখানে বলা হয়েছে ৫০ পয়সা পর্যন্ত ৩০ পারসেণ্ট, ৫১ পয়সা থেকে ১২০ পয়সা পর্যন্ত ৬০ পারসেণ্ট, ১২১ পয়সা থেকে ২২৫ পয়সা পর্যন্ত ৯০ পারসেণ্ট আর ২২৫ পয়সার উর্দ্ধে ১২০ পারসেণ্ট। এখানে আমি অর্থমন্ত্রীকে নিবেদন করবো যে এই গুলি নিচের তোলার টিকিট অর্থাৎ ৫০ পয়সা থেকে ২২৫ পয়সা পর্যন্ত, এই গুলির যে পারসেণ্টেজ করেছেন সেই ব্যাপারে আপনি পুনর্বিবেচনা করুন। কারণ আপনি যখন সাধারণ মানুষের উপর কর চাপাতে চান না, আপনার যখন এই ব্যাপারে চেষ্টা আছে — এই ব্যাপারটা একটু বিবেচনা করুন। এই কারণে বলছি আজকে আমাদের দেশে সিনেমা শিল্পের মাধ্যমে বহু লোকের অন্নসংস্থান হচ্ছে। এই সিনেমা দেখতে বড়লোকেরাই যায় না, গরীব লোকেরা অভাবের তাড়নায় কিছুক্ষণ সময় অতিবাহিত করতে আসে।

[7-20—7-30 p.m.]

এতএব সিনেমা শুধু যে বড়লোকের ঘরের লোকেরা দেখে তাই নয়, সেখানে গরীব মানুষেরাও আকৃষ্ট হয় এবং বিভিন্ন বই তারা দেখে। সে কারণে কালার্ড ফিল্মের উপরে যে কর ধার্য করেছেন, তা যদি ঐ স্লাব সিস্টেমের মধ্যে কম পয়সায় হয় অর্থাৎ ২২৫ পয়সার মধ্যে রাখবার কথা বিবেচনা করেন, তাহলে তাদের একটু সুবিধা হয়। ক্লজ থ্রি তে দেখতে পাচ্ছি ওয়ান পারসেণ্টাম থেকে টু পারসেণ্টাম সেলস্ ট্যাক্স বৃদ্ধির কথা বলা হয়েছে। এতে দেখা যাচ্ছে সেলস্ ট্যাক্স বৃদ্ধি হবে ঠিকই, কিন্তু জিনিষপত্রের দাম বৃদ্ধি ঘটবে। এবারে বাজেট বইতে দেখেছি বিভিন্ন জিনিষের উপরে ট্যাক্স বসিয়েছেন। এর দ্বারা এটাই বেরিয়ে আসে যে সরকার টাকা ঠিকমত আদায় করতে পারেন নি, বিফল হয়েছেন। লাল বইয়ের পেজ ১৪ দেখুন, সেখানে

মোটর স্পিরিটের কথা বলা হয়েছে। ১৯৭৮-৭৯ সালের মোটর স্পিরিটের ট্যাক্সের রিসিটটা দেখুন, ঐ বছরে আদায় দেখা যাচ্ছে ১৮ কোটি ৬০ লক্ষ টাকা। সে তুলনায় ১৯৮০-৮১ সালে এসেছিল ১২ কোটি ৬৮ লক্ষ ৩৭ হাজার টাকা। সেলস্ ট্যাক্স আদায় করতে পেরেছেন ১৯ কোটি, ৬১ লক্ষ ৩০০ টাকা আদায় হয়েছে। মাননীয় অর্থ-মন্ত্রীকে অনুরোধ করব, ট্যাক্স আদায়ের ব্যাপারে তাঁর মেসিনারীকে আরও সচল করার দিকে যেন তিনি জোর দেন। কারণ ১৯৭৮-৭৯ সালে একটা পোর্শান মাত্র তাঁরা আদায় করতে পেরেছেন; আর একটা পোর্শান খরচ হয়েছে। তাঁকে লক্ষ্য দিতে হবে ১৯৮০-৮১ সালে তা কমে যাচ্ছে কেন। তিনি যেন এদিকে দয়া করে দেখেন। ক্লজ থ্রি, সাব-যেকশান ( iii ), সেখানে সাচ প্রেমিসেস ওয়ার হাউসের কথা বলা হয়েছে, এখানে কমিশনাররা বিভিন্ন ভাবে বলেছেন। এ ব্যাপারে তাঁদের যদি কোনরকমভাবে সন্দেহ থাকে, তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় যেন সার্চ করাবার ব্যবস্থা করেন এবং ক্ষমতা যাতে কার্যকরী হতে পারে, তার দিকেও যেন তিনি লক্ষ্য দেন। ৩ (৬) ( বি ) এর ব্যাপারে আমার এবং মাননীয় সদস্য আব্দুল মান্নানের একটা এ্যামেণ্ডমেণ্ট ছিল, মন্ত্রী মহাশয় সেগুলি বিবেচনা করবেন বলেছেন। সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

আমরা আরেকটা জিনিষ দেখছি সেটা হচ্ছে ক্লজ ৫ ( ১ ) বি তে প্রাইমারি এডুকেশান সেসে এ্যানুয়াল কথাটা উঠিয়ে দিয়েছেন। কিন্তু এই এ্যানুয়াল কথাটি উঠিয়ে দিয়ে কি অর্থ দাঁড়াচ্ছে সেটা কিন্তু একটু পরিষ্কার করা দরকার ছিল। সেটা আপনারা পরিষ্কার করে বলেন নি। এ্যনুয়েলের ক্ষেত্রে প্রত্যেকদিন বা সপ্তাহ বা ১৫ দিন না মাস কিভাবে টাকাটা আদায় করা হবে তা কিন্তু পরিষ্কার হয় নি। এবং এটা আপনাদের পরিষ্কার করা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা আপনি পরিষ্কার করে দিন। আমি আরেকটি জিনিষের কথা বলছি। আমি মনে করি সে ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গির একটু পরিবর্তন হওয়া দরকার। এখানে ক্লজ থ্রি ( ডি ) ইন সিডিউল আই ( সি ) উলেন অর্থাৎ পশমের উপর কর বসিয়াছেন অথচ হোশিয়ারি জিনিষের উপর কর তুলে দিয়েছেন। আজকে এই পশমের উপর ট্যাক্স বসিয়ে পাহাড়ী এলাকার অধিবাসীদের ক্ষতি আপনারা করেছেন। পাহাড়ী এলাকার অধিবাসীরা পশমের জিনিষপত্র তৈরী করে এবং নিজেরা নিয়ে আসেন বিক্রি করার জন্য। সুতরাং তাদের উপর হস্তক্ষেপ করা অর্থাৎ তাদের ক্ষতি হতে পারে এরকম কিছু করা উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি এ ব্যাপারে লক্ষ্য রাখবেন। আজকে আমাদের যে ব্যবস্থা তারমধ্যে সরকার ট্যাক্স কমিয়েছেন এবং সেটা মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন যে ট্যাক্সের মাধ্যমে সব সুরাহা হবে না। তাঁর এই ব্যাপারে চিন্তাধারা আছে। আপনারা প্রাথমিকভাবে যদি অর্থনৈতিক কাঠামোকে সজাগ না করতে পারেন তাহলে কোনরকমেই সার্থক উন্নয়ন হওয়া সম্ভব নয়। সেইজন্য যে ট্যাক্স ধরা হয়েছে সেটা কোন জায়গায় ধরা হয়েছে এবং তা ঠিকমত আসছে কিনা তা দেখবার জন্য যে মেশিনারী দরকার তা আপনাদের কোথায়? এই ব্যাপারে আপনাদের উপলব্ধি করা দরকার। এখানে আমরা যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি তিনি সেটা অন্তত আমাদের পরিষ্কার করে দিন। এবং এই যে ট্যাক্স ধরা হয়েছে তা কি কারণে করা হয়েছে এবং কিভাবে

আদায় হবে তার কোন ব্যবস্থা আপনারা করেন নি এবং এর ফলে যে প্রশাসনিক ব্যর্থতা এসেছে সেই ব্যাপারের জন্য এর বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** শ্রীআবদুল মান্নান আপনার যে মোশান ফর সার্কুলেশান যেটা আছে সেটা আপনি মুভ করুন।

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the Bill be circulated or the purpose of eliciting opinion thereon by the 31st October, 1982.

7-30—7-40 p.m.]

**শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বিল রেখেছেন তাকে সমর্থন করে ২।৪টি কথা বলতে চাই। আমাদের আভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহ রাজ্য সরকারকে করতে হয়। মাননীয় মন্ত্রী বাজেটের সময়ে বলেছেন কেন্দ্রীয় সরকার কিভাবে বিভিন্ন সময়ে আমাদের অর্থ দেওয়া কমিয়ে দিয়েছেন। সেজন্য নূতনভাবে সম্পদ সংগ্রহ করার জন্য কিছু কিছু ট্যাক্সেসান আইনের পরিবর্তন করে এই বিল তিনি উপস্থিত করেছেন এবং ৬টা আইনের সংশোধন আনা হয়েছে। এই বিলের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে যে বিবরণ দেওয়া হয়েছে তাতে খুব স্পষ্টভাবে বলা হয়েছে এবং অর্থমন্ত্রীও বললেন যে ১৯৭৬-৭৭ সালে যেখানে ৩৫৫ কোটি টাকা রাজস্ব সংগ্রহ হোত সেখানে সেটা বেড়ে গত কয়েক বছরে ৬৩০ কোটি টাকা হয়েছে। গত ৫ বছরে বামফ্রন্ট সরকার যেভাবে গণমুখী প্রশাসন নিয়েছেন, যেভাবে গ্রামে পুনর্গঠনের কাজ চালাচ্ছেন কৃষি বা অন্যান্য ব্যাপারে, যেভাবে শিক্ষা ইত্যাদি খাতে অর্থের বরাদ্দ বাড়িয়েছেন, যা গত ৩০ বছরে হয়নি, তাতে নূতনভাবে কর বাড়ানোর প্রয়োজন আছে রাজস্ব সংগ্রহের জন্য। এটা বর্ধিত করা হয়েছে কয়েকটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর। কয়লার দাম ক্রমশঃ বেড়ে যাচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এরজন্য আমাদের টাকা দিচ্ছেন না। সেজন্য কয়লার উপর থেকে কিভাবে টাকা আসে তার ব্যবস্থা করা হয়েছে। সেজন্য কয়লার উপর টন প্রতি ৫ টাকা সাড়ে সাত টাকা করা হয়েছে। ১৯৭৬ সালে চায়ের উপর কিছু বাড়ান হয়। এইভাবে বিভিন্ন দিক থেকে রাজস্ব সংগ্রহ হলে ৫০ কোটি টাকার যে ঘাটতি আছে তা পূরণ হবে। এ বিষয়ে প্রশাসন ব্যবস্থাকে জোরদার করতে হবে। এখন খরা মরশুম চলছে এবং আগামী কয়েক মাসে আরও সঙ্কট বাড়বে। সেজন্য বিভিন্নভাবে মানুষের কাজের ব্যবস্থা করতে হবে। কাজেই রাজস্ব সংগ্রহ যদি ভালোভাবে না হয় তাহলে আমাদের সামনে সমস্যা আরও বৃদ্ধি পাবে। আমরা জানি আভ্যন্তরীন রাজস্ব সংগ্রহের দিক থেকে যে তথ্য সরকার দিয়েছেন তাতে মাথাপিছু করের হার পশ্চিম বাংলায় এখনও কম আছে। হরিয়ানা, গুজরাটে যা আছে তাতে মাথাপিছু করের হার অনেক বেশি। এখনও অনেক জায়গা আছে যেখানে আমাদের কর বাড়াবার ক্ষেত্র রয়েছে। যেমন আমি বলতে পারি এগ্রি-কালচারাল ইনকাম ট্যাক্স। এই ট্যাক্স বিভিন্ন ক্ষেত্রে আছে এবং এই কর বসান যেতে পারে। কাজেই এসব সূত্র থেকে যদি আভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহ বাড়ান না যায় তাহলে আগামী দিনে অবস্থা আরও খারাপ হবে। কেন্দ্রীয় সরকার এই সুযোগে চালের বরাদ্দ কম করে দিয়েছেন যার ফলে গ্রামে ও শহরে খুব অসুবিধা হচ্ছে। সেজন্য এই বিলকে যদি

কার্যকরী করতে পারি এবং একে যদি সমর্থন করি তাহলে রাজস্ব সংগ্রহের দিক থেকে উন্নতি হবে। কর বাড়লেই অনেকের একটা আপত্তি ওঠার ঝোঁক রয়েছে এবং আমাদের দেশে ব্যবসাবাণিজ্য যারা করে দোকান করে তারা অনেক সময় নানাভাবে সেল্‌স ট্যাক্স ফাঁকি দেয়। সেল্‌স ট্যাক্স অফিসাররা যখন বিক্রয় করের খাতা দেখতে যান তখন দেখা যায় মফঃস্বলের বহু জায়গায় দোকান বন্ধ করে দেয়। অফিসারের সঙ্গে তাদের হয়ত এমন ব্যবস্থা আছে যে পূর্ব থেকেই তারা জানতে পারে কখন অফিসার আসবে, সেই সময় দোকান বন্ধ হয়ে যায়। কাজেই সেল্‌স ট্যাক্স আদায় করার জন্য প্রশাসনিক ব্যবস্থা আরো উন্নত করার প্রয়োজন আছে। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে রাজ্য সরকার যেভাবে টাকা দিচ্ছেন তাতে গ্রাম পঞ্চায়েতের কাজ কমে যাবে যদি রাজস্ব সংগ্রহের ব্যবস্থা বাড়ান না যায়। গত ৫ বছরে গ্রামাঞ্চলের উন্নতির জন্য পুনর্গঠনের কাজ যেভাবে হয়েছে, কৃষির উন্নতির জন্য কৃষকের উন্নতির জন্য যেভাবে বিধি ব্যবস্থা করা হয়েছে তাকে যদি ঠিকমত চালনা করতে হয় তাহলে এই ক্ষেত্র ছাড়াও আরো অনেক বেশী ক্ষেত্র খুঁজে দেখতে হবে যাতে করে কর বেশী আনা যায় এবং সেই কর যাতে সাধারণ মানুষের উপর না পড়ে, যাতে বিত্তশালী শ্রেণীর উপর কর ধার্য হতে পারে এটা আমাদের দেখা দরকার আছে।

আর একটা কথা হচ্ছে অনেক সময় ব্যাঙ্ক, রেল বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে তথ্য দেওয়া হয় না, সেই হিসাবে দণ্ডের কিছু বিধান আছে করের ব্যাপারে আজকে যে বিল এসেছে এটা যদি ঠিকমত প্রচার হত তাহলে মানুষ জানতে পারত বামফ্রণ্ট সরকারের যে নীতি সেই নীতিকে অক্ষুণ্ণ রেখে জনসাধারণের উপর করের বোঝা না চাপিয়ে সম্পদ বাড়ান যায় এবং সেই সম্পদ কাজে লাগান যায়। কোল ইণ্ডিয়া কেন্দ্রীয় সরকারের অধীনে, পোস্ট অফিস কেন্দ্রীয় সরকারের অধীনে, চায়ের ব্যাপার কেন্দ্রীয় সরকারের হাতে, কাজেই এইসব ব্যাপারে এমন জটিলতা সৃষ্টি করা হয়েছে যে রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রটা আমাদের সামনে নেই। সেজন্য এই বিল যুগোপযোগী হয়েছে এবং সময়োপযোগী হয়েছে। কাজেই এই বিলকে সমর্থন করে, সকলে যাতে এই বিল সমর্থন করে সেই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন করে দু'একটা কথা আমি বলতে চাই। স্যার, আমরা খুব খুশী যে বিরোধী দলের কিছু শুভ বুদ্ধি এসেছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেসব বক্তব্য রেখেছেন সেটা তাঁরা বুঝতে পেরেছেন এবং আরো কিছুদিন গেলে আরো খুশী হব। কারণ, বামফ্রণ্ট সরকার যেসব ভাল কাজ করছেন সেটা যদি চোখ মেলে দেখেন তাহলে ওঁরা নিশ্চয়ই খুশী হবেন। ট্যাক্সের যে নীতি সেই নীতিতে ওঁরা বিশেষ কিছু বলতে পারেননি, শুধু দু'চারটা টেকনিক্যাল কথা বলা ছাড়া বিরোধী পক্ষের কোন আপত্তি নেই অর্থাৎ অ্যানুয়্যালি হল কেন, অ্যানুয়ালি না হয়ে সিক্স মান্থলি স্পেসিফিক যদি কিছু হয় তাহলে ভাল হয় এইসব কথা বলা ছাড়া এই বিলের উপর তাঁদের কোন আপত্তি নেই। যেখানে বলছে মেশিনারী সেটা একটু ঠিক-ঠাক করলে ভাল হয়। এই রকম দু'একটা জায়গায় টুকিটাকি কিছু করলে ভাল হয় সেই কথা বলেছেন। ওঁরা সিনেমা ট্যাক্স সম্বন্ধে বললেন, যেহেতু গরীব মানুষরা সিনেমা দেখে। কিন্তু এটা এমন কোন ট্যাক্স নয়। প্রধানতঃ যে ট্যাক্স করলে কোন

। কোন ভাবে মানুষকে অ্যাফেক্ট করে সেই রকম ট্যাক্সের কথা ওঁরা বলতে পারলেন। । একটা ট্যাক্সের নাম করুন কেন্দ্রীয় সরকার যে ট্যাক্স করেছেন যাতে কোন গরীব ানুষকে টাচ করেনি বা তারা অ্যাফেক্টেড হয়নি। এই রকম যদি কোন ট্যাক্সের কথা ংগ্রেসীরা বলতে পারেন তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ভেবে দেখবেন। একটা াজেসান দিন যে কেন্দ্রীয় সরকার এই রকম একটা ট্যাক্স করেছেন যাতে পশ্চিমবঙ্গের কান লোকের গায়ে আঘাত লাগবে না। পারবেন না।

[7-40—7-50 p.m.]

কোন লোক অ্যাফেক্টেড হবে না, এটা কিন্তু ওঁরা কোনদিন বলেননি। বামফ্রণ্ট রকার কখনও চায় না যে কোন কর বসিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার করে, াদের বাধ্য করে কোন কর আদায় দিতে। যখন কোন উপায় নেই ইণ্টারন্যাল রিসোর্সে, বা আমাদের পশ্চিমবঙ্গে কোন ঋণ আদায়ের উপায় নেই, তখন অন্য কিছু করার পথ কিন্তু কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছেন। তাঁরা বলছেন যে সেটা আমরা করবো। আমরা যে শেয়ার চাইছি সেই শেয়ারও তারা আমাদের দেবেন না। বিরোধী দস্যরা জানেন যে, আমাদের একটা মিউনিসিপ্যালিটির মত ক্ষমতা দেওয়া আছে। কয়েকটা মাত্র সিডিউলে আমাদের ট্যাক্স আদায়ের অধিকার আছে। আমাদের সীমিত ক্ষমতা যেটুকু আছে, তার মধ্যে থেকে মিউনিসিপ্যালিটিকে, কর্পোরেশানকে ট্যাক্স আদায় করার জন্য ক্ষমতা দিয়েছি, গ্রামপঞ্চায়েতকে দিয়েছি। আমাদের ট্যাক্স আদায় করার যে ক্ষমতা ছিল সেগুলিকে বিকেন্দ্রীকরণ করে সাধারণ মানুষের কাছে দিয়ে দিয়েছি। আর কেন্দ্রীর সরকারের হাতে হিমালয়ের মত ক্ষমতা রয়েছে। তার থেকে এক কপর্দক দেবার কথা তাঁরা চিন্তা করেন না, অপর দিকে আমাদের মিউনিসিপ্যালিটিতে যেটুকু ক্ষমতা আছে, সেটাও তারা ছিনিয়ে নেওয়ার চেল্টা করছেন। আমি বিরোধী বন্ধুদের বলি, আপনারা ৩০ বছরে কোনদিন এর প্রতিবাদ করেননি। আপনারা একের পর এক ছেড়ে দিয়েছেন। সিদ্ধার্থবাবুর সময়ে রাজ্যের হাতে যেটুকু ক্ষমতা ছিল, সেটাও কেন্দ্রের হাতে তুলে দিয়েছেন। আপনারা কি শুধু কেন্দ্রের হাতে তুলে দেবেন? আপনারা কি শুধু কেন্দ্রের পদলেহন করবেন? গরীব মানুষের কথা, সাধারণ মানুষের কথা একবারও ভাববেন না? এইসব কথা ভেবে কিভাবে পশ্চিমবঙ্গের মানুষ চলতে পারে সেটা একটু চিন্তা করে দেখুন। সুতরাং আজকে অত্যন্ত সতর্কতার সঙ্গে, অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে যেভাবে কর আরোপ করার বন্দোবস্ত করা হচ্ছে সেটা মাননীয় মুখ্যমন্ত্রী আগেই বলেছেন। আর আপনারা যেখানে ৬০ টাকা বাড়িয়েছেন সেখানে কয়েক পয়সা যদি বাড়ান হয় তাহলে তাতে কিছু আসে-যায় না। আপনারা যখন ডিজেলের উপর, পেট্রোলের উপর বাড়িয়েছেন তখন বামফ্রণ্ট সরকার বলেছিল যে আমরা বাড়াবো না। কিন্তু এখন আমাদের বাধ্য হয়ে করতে হচ্ছে, কারণ কেন্দ্রীয় সরকার আমাদের সমস্ত পথ বন্ধ করে দিয়েছেন এবং যেটুকু আছে সেটাও কেড়ে নেওয়া হচ্ছে। এই অবস্থার মধ্যে যদি একটা রাজ্য সরকারকে পরিচালনা করতে হয় তাহলে তাকে ভাবতে হবে এবং বাধ্য হয়েই কিছু কর আরোপ করতে হচ্ছে। বিক্রয়ের উপর কিছু কর সেই ভাবে বাড়াতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো,

আমরা দৈনন্দিন জীবনে দেখেছি যে যখন কোন জিনিস কিনতে যাই তখন দোকানদার অনেক সময়ে বলে যে রসিদ দেবনা, আপনারা টাকা দিয়ে নিয়ে যান। রসিদ দিলে সেলস ট্যাক্স দিতে হবে। কাজেই দোকানে দোকানে এই রকম একটা ফাঁকি দেবার প্রবনতা আছে। সাধারণ মানুষ যখন ঔষধের দোকানে ঔষধ কেনার জন্য যায় তখন দোকানদাররা ডাক্তারের প্রেসক্রিপসান চান। ডাক্তারের প্রেসক্রিপসান না হলে তারা রসিদ দেন না। সাধারণ মানুষ অনেক সময়ে বিনা রসিদেই ঔষধ নিয়ে চলে যায়। এই ভাবে দোকানের মালিকরা বিক্রয় কর ফাঁকি দিয়ে থাকে। এর আগে মাননীয় বিরোধী সদস্যরা প্রশাসনের কথা বলেন। মাননীয় মুখ্যমন্ত্রী এই বিলের মধ্যে চেষ্টা করছেন যতটা সম্ভব প্রশাসনকে নুতন করে এবং নুতন ভাবে কমিশনারের হাতে ক্ষমতা দিয়ে নুতন ভাবে সীজ করার ক্ষমতা দিয়ে নুতন পদ্ধতিতে কর আদায়ের ব্যবস্থা এই বিলের মধ্যে রাখার। এই আইনগুলি আপনাদের আমলেই হয়েছিল, কিন্তু আপনারা কিছুই করেন নি। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী সেটা করছেন, যে পথগুলি আছে সেগুলি বন্ধ করার ব্যবস্থা করছেন। কাজেই সমস্ত দিক থেকে বিচার করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে যে ওয়েষ্ট বেঙ্গল ট্যাক্সেসন ল-জ এমেণ্ডমেণ্ট বিল ১৯৮২ এনেছেন, আমি এই বিলের বিরোধিতা করছি। কারণ পশ্চিমবাংলার জনগণ যখন মূল্যবৃদ্ধি, করের বোঝা, মুদ্রাস্ফীতির চাপে বিপর্যস্ত, এই রকম পরিস্থিতিতে জনসাধারণের উপর বর্ধিত করের প্রস্তাব কখনও সমর্থন করা যায় না। এবং এই করের বোঝা বেশীর ভাগই সাধারণ মানুষকে বহন করতে হবে। আজকে ডিজেলের দাম বাড়াচ্ছেন, কয়লার দাম বাড়াচ্ছেন এবং তার ফলে সমস্ত জিনিসের দাম বাড়বে, এই কর নীতির ফলে সংবাদ-পত্রের দাম বাড়বে। বিশেষ করে রাজ্যের অর্থনৈতিক ঘাটতি পূরণ করবার যথেষ্ট সুযোগ থাকা সত্বেও সেদিকে দৃষ্টি না রেখে জনসাধারণের উপর বর্ধিত করের বোঝা চাপানোর নীতি কোনমতেই সমর্থন করা যায় না। আমরা একথা আগেও বলেছি যে কোটি কোটি টাকা বকেয়া কর — বিক্রয় কর থেকে সুরু করে অন্যান্য কর যা শিল্প-পতিদের কাছে পড়ে আছে সেগুলি আদায় করার ব্যাপারে প্রশাসন যদি তৎপর হোত তাহলে এই কর বসাবার দরকার হোত না। প্রশাসনের দক্ষতার অভাবে কোটি কোটি টাকা যে অপচয় হচ্ছে সেটা রোধ করা গেলে এই করের বোঝা জনসাধারণকে বহন করতে হোত না। সরকারী অর্থ যেভাবে অপচয় হচ্ছে কল্পনা করা যায় না। শুধু মাত্র রাজ্য বিদ্যুত পর্ষদ অচল যন্ত্রপাতি কিনে ৩৫ কোটি টাকা নষ্ট করেছে। যেসব চুরি এবং দুর্নীতি হচ্ছে সেগুলি যদি রোধ করা হোত — যে কোটি কোটি টাকা নষ্ট হয়ে যাচ্ছে তা যদি রোধ করা হোত তাহলে এই অবস্থার সৃষ্টি হোত না। তার পর আমরা অনেক বার বলেছি যে সরকার এই মাথাভারী প্রশাসনের খরচ না কমিয়ে তা দিনের দিন বাড়িয়ে চলেছেন। পুলিশ বাজেট বার বার বাড়ছে এবং এবারেও বেড়েছে। ফলে ব্যয় বৃদ্ধি হচ্ছে। আমরা লক্ষ্য করেছি সাধারণ মানুষের উপর এই কর বৃদ্ধি করার প্রস্তাব আনার ক্ষেত্রে আমাদের অর্থমন্ত্রী সেইভাবে উদ্বিগ্ন না হলেও পশ্চিম-বাংলার মালিকদের সুখ সুবিধা সম্পর্কে তাঁর সচেতনতার অভাব ঘটেনি।

[7-50—8-00 p.m.]

এবং যে কারণে আমরা দেখেছি যে বাজেট পেশ করার সময়ে তিনি চা শিল্পের মালিকদের চা শিল্পের মন্দা দূর করার নাম করে কিছু ছাড় দিয়েছিলেন। আবার তাঁর কাছে মেমোরানডাম এসেছে চা শিল্পের নীলাম বাজারের মালিকরা তাঁর কাছে দরবার করেছেন, ফলে তাঁদের ব্যথা মুখ্যমন্ত্রী মহাশয় ভুলতে পারেন নি, তিনি মালিকদের উদ্দেশ্যে আরও কিছু বাড়তি ছাড়ের ব্যবস্থা করেছেন। তিনি প্রেক্ষাগৃহের মালিকদের বাড়তি কিছু ব্যবস্থা করে দিয়েছেন, ছাড় দেবার ব্যবস্থা করে দিয়েছেন। সাধারণ মানুষ কিন্তু এইভাবে মালিকদের মত তাঁর কাছে আসার সুযোগ পান না। তাই বলছিলাম যে মালিকশ্রেণীর পক্ষের কান্না — তার জন্য তাঁর যথেষ্ট উদ্বেগ আছে, তাই একবার ছাড় দেবার পরও আবার কিছু কিছু ছাড় দিচ্ছেন। এই বিল পেশ করার আগে তিনি তা বিবেচনা করেছেন। যাইহোক, আমি সাধারণ মানুষের স্বার্থে এইরকম একটা মুহূর্তে, জনজীবন যেখানে বিপর্যস্ত, করের বোঝায়, মূল্য বৃদ্ধির চাপে সেখানে সাধারণ মানুষের উপর যে বাড়তি করের বোঝা চাপানোর এই প্রস্তাব, এর বিরোধিতা করে — দি ট্যাক্সেসন ল'জ এ্যামেনডমেণ্ট বিল, ১৯৮২, এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী, দি ট্যাক্সেসন ল'জ এ্যামেনডমেণ্ট বিল, ১৯৮২, যা এখানে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। বাজেট আলোচনার সময় আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী তিনি পশ্চিমবাংলার আর্থিক সংকটের যে চিত্র দেখিয়েছেন এবং এই বিধান সভায় বহু উচ্চারিত কেন্দ্র রাজ্য সম্পর্কের প্রশ্নে কেন্দ্রের যে বৈষম্য রাজ্যের প্রতি আছে, বিশেষ করে পশ্চিমবাংলার ক্ষেত্রে, সেইসব প্রসংগ বার বার উত্থাপিত হয়েছে। খুব স্বাভাবিক ভাবে আমরা সেইসব প্রসংগ জানি এবং আজকের পশ্চিমবাংলার প্রয়োজনে, পশ্চিমবাংলার উন্নয়ন এবং পুনর্গঠনের স্বার্থে বামফ্রণ্ট সরকার যে ৩৪ দফা কর্মসূচী গ্রহণ করেছেন সেই কর্মসূচীকে বাস্তবে রূপ দেওয়ার প্রয়োজনে এই ট্যাকসেসন করা ছাড়া নূতন করে কোন পথ ছিল না। কংগ্রেস তরফের বক্তা, শ্রীকাশীনাথ মিশ্র, তিনিও খুব উচ্চ কণ্ঠে এর প্রতিবাদ করতে পারেননি। পারেন নি খুব সংগত কারণেই কারণ তিনিও এই রাজ্যের বাসিন্দা, রাজনৈতিক মতবাদ তাঁর যাইহোক, বাস্তব অবস্থা তিনি বোঝেন এবং কিছু গঠনমূলক কাজ করতে গেলে দেশের মধ্যে, পশ্চিমবাংলার মধ্যে পুর্ণগঠনের কাজ করতে গেলে ট্যাক্সের প্রয়োজন আছে, এটা তিনি প্রকারান্তরে স্বীকার করেছেন। অপর সদস্য যিনি বিরোধিতা করলেন — দেবপ্রসাদ সরকার মহাশয় — তিনি খুব বৈপ্লবিক কথাবার্তা বললেন, গত ৫ বছর এই বিধানসভার তিনি সদস্য ছিলেন. তিনি বলেছেন রাজ্যের অভ্যন্তরে যে সমস্ত অনাদায়ী রয়েছে সেইগুলো আদায় করলে এবং অন্যান্য সম্পন্ন শ্রেণীর উপর আঘাত করলে বাড়তি যে ট্যাক্স ধার্য্য করা প্রয়োজন সেটা মিটে যেত। উনি বিগত বিধানসভার সদস্য ছিলেন, তখন তো দেখেছি পশ্চিমবাংলাতে যেসব বহুতল অট্টালিকা রয়েছে সেইগুলোর উপরে একেবারে সর্বোচ্চ পর্য্যায়ে যে কর ধার্য তা বামফ্রণ্ট সরকারই করেছিলেন। কাজেই এই সাংবিধানিক কাঠামোর মধ্যে থেকে যতটুকু সম্ভব কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত হানার, সেই কাজ বামফ্রণ্ট সরকার

করেছেন। আমরা একদিকে যেমন দেখেছি ট্যাক্সেসনের বিধির ক্ষেত্রে — কৃষিরক্ষেত্রে দেখেছি, একদিকে যেমন সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যারা চাষী তাদের ট্যাক্স থেকে মুক্ত করে দেওয়া হয়েছে আর যারা সম্পন্ন চাষী তাদের ট্যাক্স বাড়ান হয়েছে। সেই সব প্রচেষ্টা বিগত ৫ বছরে হয়েছে। কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে দেশের অর্থনৈতিক সংকট এমন একটা পর্য্যায়ে এসে দাঁড়িয়েছে এবং পশ্চিমবাংলাকে বাঁচানোর জন্য — খরা, বন্যা বিভিন্ন সময়ে পশ্চিমবাংলার লাগাতার ভাবে লেগে আছে, এর মোকাবিলার জন্য পুনর্গঠনের স্বার্থে এই ট্যাক্সেসন বিল আনা ছাড়া অন্য কোন উপায় ছিল না। সেদিক থেকে মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে স্বাগত জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে যে প্রশ্নটা অনেকে উত্থাপন করেছেন, সেই কথাটা আবার বলতে হচ্ছে যে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে আমাদের মেশিনারীকে, প্রশাসনকে সেইভাবে যত্নবান হতে হবে। প্রশাসন অত্যন্ত দুর্বল। প্রশাসনের যে লক্ষ্যমাত্রা থাকে ট্যাক্স আদায়ের তা বহু ক্ষেত্রে আদায় করা যায় না।

কারণ, ব্যবসায়ীদের সুস্পষ্ট দু ধরণের খাতা থাকে। অফিস কাছারি দেখার জন্য একটি, আর একটি নিজস্ব খাতা। কাজেই সেদিক থেকে প্রশাসনকে অত্যন্ত তৎপর করা প্রয়োজন। আমাদের ট্যাক্সের মাত্রা যেটা ধার্য্য করা হয়েছে সেটা যাতে ঠিকমত আদায় হয় সেদিকে তৎপর হতে হবে। সিনেমা স্টাফদের ক্ষেত্রে দেখা গেছে মালিকরা অনেক সময় তাদের প্রতি নজর দেন না। এখানে কারচুপির ব্যাপারটা থেকে গেছে। যার জন্য সিনেমা ট্যাক্স ফাঁকি দেওয়া হয়। সেটা আমাদের দেখতে হবে। মাননীয় দেবপ্রসাদবাবু বললেন মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মালিকদের প্রতি দরদ দেখিয়েছেন। ব্যাপারটা তা নয়। অনেক শিল্পই আজকে ভাল ভাবে চলছে না। সমস্ত চা বাগান ভাল ভাবে চলছে না। অনেক রুগ্ন শিল্প আছে সেই সমস্ত শিল্পের দিকে তাকিয়ে কিছু কনসেসান দিতে হয়। ওরা যে সময় বামফ্রণ্ট সরকারে ছিলেন সেই সময় এইসবগুলি মেনে নিয়ে রাজ্য মন্ত্রীসভায় অংশ গ্রহণ করেছিলেন। কিন্তু আজকে বিরোধী পক্ষে দাঁড়িয়ে অতি বাম পন্থী কথা বলাটা তাদের পক্ষে খুব সহজ হয়ে গেছে। কংগ্রেস যেটা বলতে দ্বিধাগ্রস্ত বোধ করছে, ওদের সেটা বলতে আটকাচ্ছে না। কাজেই আজকে আর্থিক পুনর্গঠনের প্রশ্নে ট্যাক্সেসানের প্রয়োজনীয়তা যে আছে, সে বিষয়ে কোন প্রশ্নের অবকাশ নেই। কাজেই সমস্ত দিক চিন্তা করে মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন, আমি সেই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি থার্ড রিডিং-এ কিছু বলতে চাই না, দু একটি কথার জবাব খালি বলে দিচ্ছি। প্রথমতঃ কাশীনাথ মিশ্র যেটা বলেছেন সেটা যদি আমরা করতে পারতাম সিনেমা টিকিটের ব্যাপারে তাহলে খুব ভাল হত। কিন্তু সমস্ত হিসাব করে সেই ছাড় দেওয়ার সম্ভাবনা কিছু খুঁজে পাই নি। সেই জন্য এই ভাবেই আমরা করেছি। তবে এই ক্ষেত্রে আমি একটি কথা না বলে পারছি না, সেটা হল এই, কিছু সিনেমা টেকনিসিয়্যান আজকে আমার কাছে এসেছিলেন মিছিল করে। তারা আমাকে একটি স্মারকলিপি দিয়েছেন। আমি সবটা পড়ে উঠতে পারিনি। তবে যেটুকু আমি বুঝেছি সেটা খুব কঠিন সমস্যার মধ্যে আমাদের ফেলে দিয়েছে। বড় বড় ডিস্ট্রিবিউটরস ইত্যাদি আছেন, যারা নাকি বাংলা সিনেমা, হয়ত

অন্য সিনেমার সঙ্গেও যুক্ত আছেন, এটা আমি ঠিক জানি না। কিন্তু মুস্কিল হচ্ছে তারা খুব সংগঠিত শক্তি। আমি ঠিক করেছি সব টেকনিসিয়্যানদের ডাকা হবে। আমাদের এখানে আমরা কতকগুলি নিয়ম করেছিলাম যে বাংলা ছবিগুলি এতদিন ধরে দেখাতে হবে। কিন্তু এই সব ব্যবস্থা তারা একেবারে করেন নি। এটা আমার জানা ছিল না, ঠিক কিনা সেটা আমাকে খোঁজ নিতে হবে। বাংলা ছবির কথা বললে ওরা বলেন, এখানে বাংলা ছবি করব না। স্টুডিওর উন্নতি করার জন্য ক্যাপিটল ইনভেস্টমেন্ট এখন কিছু করব না। ১০/১৫টি বাংলা ছবি নাকি তারা বম্বেতে করছেন, এটা শুনছি। এখানে বাংলা ছবি কিছু হয় কিনা আমি জানি না। তবে এই সব তারা করছেন এবং এই সব কাগজপত্র দিয়েছেন। এটা খুব গুরুতর বিষয়। এটা আমাদের দেখতে হবে। আমরা স্বীকার করছি এই যে টিকিটের দাম বাড়ছে এতে হয়ত কিছু লোকের অসুবিধা হতে পারে। কিন্তু সিনেমা ইনডাস্ট্রিকে বাঁচাতে হবে, এটা শুধু মালিক পক্ষের কথা নয়, সেখানে আরো কতকগুলি কর্তব্য আছে। এমপ্লয়ি, কর্মচারী যারা আছেন, তাদের স্বার্থ মালিকরা যদি না দেখেন তাহলে এমনিতেই স্ট্রাইক হয়ে যাবে। আমরা দু পক্ষকেই ডাকব। এদিকটায় আমরা সরকার পক্ষ থেকে নজর রাখব। এই সব জিনিস কি করে বাধ্যতামূলক করা যায়, সেটা আমরা দেখব। ভাল বাংলা ফিল্ম করলে লোকে দেখবে। সমস্ত দিক বিচার করে দেখতে হবে যে তাদের মান উঁচু।

[ 8-00—8-15 p.m. ]

তারপর আর একটা কথা অনেকেই বলেছেন যে অনেক ট্যাক্স অনাদায়ী পড়ে থাকে। ১৯৪১ সাল থেকে তারও একটা হিসাব আমার কাছে আছে সেটা আমি দিতে পারি। আমি জানি না কেন এসব কিছু দিন পর পর রাইট অফ করা হয়। তবে এসব পড়ে থাকে এবং সেটা হতে হতে এখন সেই অঙ্কটা এসে দাঁড়িয়েছে ১৯৮১ সাল পর্যন্ত ১৬৩·২৭ কোটি টাকা — এটা অনাদায়ী পড়ে আছে। এগুলি সব আদায় করাও যাবে না — এর অনেক অংশ। হয়ত সেখানে মামলা আছে, হয়ত সেখানে যে ডিলার ছিল সেটা উঠেই গেছে, তার নামই নেই, অন্য কেউ নিয়েছে — এই রকম নানান রকমের দুর্নীতি হয়। সেখানে রেজিস্ট্রেশান সার্টিফিকেট হয়ত ক্যানসেল হয়ে গিয়েছে, বিজনেস বন্ধ হয়ে গিয়েছে, তারপর হয়ত অনেক মামলা হয়েছে, সেখানে হয়ত এক্স পার্টি অ্যাসেসমেন্ট ইত্যাদি আছে, এগুলি নিয়ে মামলা হয়েছে, এইরকম নানান ব্যাপার আছে। তবে আমি স্বীকার করছি, সেখানে আমাদের প্রশাসন থেকে যদি আরো কড়া ভাবে নজর রাখা হয় এবং এটাকে যদি আরো যোগ্যতাসম্পন্ন আমরা করতে পারি তাহলে এখনও বিভিন্ন ক্ষেত্রে ট্যাক্স আদায় হতে পারে। কেন্দ্রীয় সরকারেরও এইসব ক্ষেত্রে বিভিন্ন জায়গায় কয়েক শো কোটি টাকা প.ড় আছে। তারপর ফাঁকি কত হয় সেসব আমরা জানি। সেগুলি প্ল্যাগ করা খুব কঠিন কাজ, তবে আমাদের নজর আছে, আমরা করছি। কারণ এখান থেকে যত বেশী বেশী আমরা আদায় করতে পারবো ততই নতুন ট্যাক্স করার কথা আমাদের ভাবতে হবে না, কিছু হয়ত ভাবতে হবে। তবে এটা সঠিক কথা, এটা আমাদের নজরে রাখতে হবে। তারপর এখানে

কয়লার উপরে সেসের কথা বলা হয়েছে। এটা খুব একটা গুরুতর ব্যাপার নয়। আমরা হিসাব করে দেখেছি অ্যানুয়াল কথাটা থাকাতে — এটা আবার বাংলা বৎসরে একবার এইভাবে আদায় হয় — আমরা বলছি, অন্যভাবে, অন্য জায়গায় যেমন আমরা কোয়ার্টারলি, মান্থলি আদায় করতে পারি সেই রকম এ ক্ষেত্রেও করবার জন্য আমরা অ্যানুয়াল কথাটা উঠিয়ে দিচ্ছি। এর মধ্যে আর অন্য কোন বক্তব্য নেই। সেখানে যাতে আমরা পিরিওডিক্যাল করতে পারি সেটা বলছি। তারপর শ্রীমিশ্র বলেছেন, আরো ১।২ জন বলেছেন, ঐ সমস্ত উলেন গুডস যেগুলি পাহাড়ী অঞ্চল থেকে লোকেরা মাথায় করে নিয়ে এসে নানান জায়গায় বিক্রি করেন তাদের উপর এটা প্রয়োজন হবে কিনা। তাদের উপর হচ্ছে না। বাইরে থেকে অনেকে উলেন গুডস নিয়ে আসে আবার এখান থেকে বাইরে নিয়ে গিয়ে সেগুলি আবার নিট করে এখানে আনা হয়। এসব আমাদের জানা আছে। মাননীয় সদস্যরা জানেন, আনঅর্গানাইজড সেক্টার যাদের আমরা বলি, তারা যা বিক্রি-টিক্রি করে সেগুলি ধর্তব্যের মধ্যেই আমরা আনি না। আর ২৫ হাজার টাকার কম যারা ম্যানুফ্যাকচার করেন তাদের উপর এটা ধার্য হয় না, আমাদের আইন অনুযায়ী। তবে হ্যাঁ, কিছু লোক যারা খুব ভালো উলেন গুডস কেনেন তাদের কিছু টাকা দিতেই হবে। এর ফলে দাম ২।১ টাকা বাড়তে পারে। তবে এটা আমরা খুঁজে বার করেছি সেইজন্য খানিকটা ট্যাক্স আমরা সেখানে করেছি। পরিশেষে দেবপ্রসাদ সরকার মহাশয়ের বক্তব্য সমন্বয়ে কয়েকটি কথা বলি। আমরা যা করি তারই তিনি বিরোধিতা করেন। এমন কোনো জিনিষ আছে কি যা আমরা করতে পারি যেটার বিরোধিতা উনি করবেন না? যাই হোক, এটা হচ্ছে ওঁর পার্টির লাইন, এটা উনি করবেন তা আমরা জানি কাজেই ওটা আমরা ধর্তব্যের মধ্যেই আনছি না। তবে এই প্রসঙ্গে আর একবার তাঁকে বলি, এটাকে 'মাথাভারি' বলে না। সেখানে পুলিশের জন্য যে খরচ বাড়লো তাতে সেটা কিসের জন্য বাড়লো — কত অফিসার বাড়লো, পুলিশ বাড়লো, না, ওদের মাহিনা, মহার্ঘভাতা ইত্যাদি বাড়ানোর জন্য বাড়লো, না অন্য কিছু করবার জন্য বাড়লো সেটা বিচার করে দেখতে হবে। কাজেই এটাকে মাথাভারি বলে না। সবটা উনি জানেন না সেইজন্য বারবার একই কথা বলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি বলছি, আই অপোজ দি সার্কুলেশান মোশান।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

## Clause 1

**Mr. Speaker :** There is no amendment in Clause 1 and so I put Clause 1 to vote.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker :** There is an amendment by Shri Abdul Mannan but the amendment is out of order under rule 81 (viii) of our Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Mr. Speaker :** There are amendmends by Shri Abdul Mannan and Shri Patit Paban Pathak. Amendment Nos. 8, 9, 10 & 11 of Shri Abdul Mannan are covered by the amendment of Shri Patit Paban Pathak (No. 6) and as such he need not move them. Shri Mannan may now move the rest of his amendments.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that clause 3(1) be omitted.

Sir, I also beg to move that clause 3(1) (a) be omitted.

Sir, I also beg to move that clause 3(1) (b) be omitted.

Sir, I also beg to move that clause 3(6) be omitted.

**Shri Jyoti Basu :** আমি এগুলো accept করছি না।

The motions of Shri Abdul Mannan were then put and lost.

**Mr. Speaker :** Shri Patit Paban Pathak may now move his amendment.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that in clause 3.

(a) in sub-clause (4),—

(i) for the words, figures and letters "sections 14 and 14A", the words, figures and letters "sections 14 and 14A", be substituted ;

(ii) for the words, figures and letters "sections 14, 14A and 14B", the words, figures and letters "section 14, 14A and 14B" be substituted ;

(b) in sub-clause (6)

(i) item (b) be omitted ;

(ii) item (c) be renumbered as item (b).

**Shri Jyoti Basu :** I accept the amendment.

The motion of Shri Patit Paban Pathak was then put and agreed to.

The question that Clausse 3, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 4**

**Shri Abdul Mannan :** Mr. Speaker, Sir, I beg to move that clause 4(5) be omitted.

**Shri Patit Paban Pathak :** Mr. Speaker, Sir, I beg to move that in clause 4, in sub-clause (6), for the words "which is", the words "which is" be substituted.

Sir, the intention is that the coma should be deleted.

শ্রীজ্যোতি বসু : পতিত বাবুর এই সংশোধনী আমি গ্রহণ করছি। অপরটি গ্রহণ করছি না।

The motion of Shri Abdul Mannan that Clause 4(5) be omitted, was then put and lost.

The motion of Shri Patit Paban Pathak that in Clause 4, in sub-clause (6), for the words "which is", the words "which is" be substituted, was then put and agreed to.

The question that Clause 4, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 5**

**Shri Abdul Manan :** Mr. Speaker, Sir, I beg to move that Clause 5(1 be omitted.

**Shri Kashinath Misra :** Mr. Speaker, Sir, I beg to move that Clause 5(1 (b) be omitted.

**Shri Patit Paban Pathak :** Mr. Speaker, Sir, I beg to move that in Clause 5, in sub-clause (2), in lines 9 and 10, for words, letter and bracket "referred to clause (b)", the words, letter and brackets "referred to in clause (b)" be substituted.

শ্রীজ্যোতি বসু : পতিত বাবুর সংশোধনীটি আমি গ্রহণ করছি। বাকীগুলি গ্রহণ করছি না।

The motion of Shri Abdul Mannan that Clause 5(1) be omitted, was then put and lost.

The motion of Shri Kashinath Misra that Clause 5(1) (b) be omitted was then put and lost.

The motion of Shri Patit Paban Pathak that in Clause 5, in sub-claus (2), in lines 9 and 10, for the words, letter and brackets "referred to clause(b)" the words, letter and brackets "referred to in clause (b)" be substituted, wa then put and agreed to.

The question that Clause 5, as amended, do stand part of the Bill, wa then put and agreed to.

**Clause 6**

**Shri Abdul Mannan :** Mr. Speaker, Sir, I beg to move that in clause 6 line 4, fot the words "Twelve per centum", the words "Six per centum" b substituted.

শ্রীজ্যোতি বসু : এই সংশোধনী আমি গ্রহণ করছি না।

The motion of Shri Abdul Mannan that in Clause 6, line 4, for the word "Twelve per centum", the words "Six per centum" be substituted, was the put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put an agreed to.

**Clause 7 & Preamble**

The question that Clause 7 & Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, I beg to move that The West Bengal Taxation Laws (Amendment) BIll, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 8-15 p.m. till 11 a.m. on Wednesday, the 22nd September, 1982, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 22nd September 1982 at 11 a.m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 18 Ministers of State and 175 Members.

[11·00—11-10 a.m.]

**Adjournment Motion**

**Mr. Speaker :** I have received three notices of adjournment motion to-day. The first is from Shri Abdul Mannan, which deals with, irregularity in appointment of and payment to contractors for works of CMDA and the second and third are from Shri Satya Ranjan Bapuli, and Shri Kashi Nath Misra respecting which deal with alleged torture on Shri Amiya Kisku, Principal, Bankura Christian College.

The member giving notice of the first motion will get ample opportunity to raise the matter when the grant-wise discussion will take place to-day. The subject matter of the second and third motions is not such as to merit an adjournment motion. The members can call the attention of the concerned Ministers on the subject through calling attention, question etc.

I therefore with hold my consent to the above motions. One member, may, however, read the text of the amended motion.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল —

বাঁকুড়া খ্রীশ্চান কলেজের অধ্যক্ষ শ্রীঅমিয় কিস্কুর উপর কিছু সমাজ বিরোধী ও একটি রাজনৈতিক দলের কর্মীগণ কর্তৃক শিক্ষকদের উপস্থিতিতে শারীরিক অত্যাচার।

Financial Business

Demands for Grants

**Demand No. 26**

Major Head : 260 — Fire Protection and Control

**Shri Prasanta Kumar Sur :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,06,84,000 be granted for expenditure under Demand No. 26, Major Head "260 — Fire Protection and Control".

(This is inclusive of a total sum of Rs. 2,50,00,000 already voted on account in March and June, 1982)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

শুধুমাত্র স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনে যে অগ্নিনির্বাপন কেন্দ্রগুলি আছে তাদের পরিচালনা এবং সাধারণভাবে অগ্নিনির্বাপন সংস্থার উন্নতি ও নতুন কেন্দ্র প্রতিষ্ঠার জন্য এই ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে।

১৯৫০ সনে ত্রিশটি অগ্নিনির্বাপন কেন্দ্র নিয়ে পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন সংস্থা স্থাপিত হয়েছিল। কেন্দ্রগুলির অধিকাংশই ছিল কলকাতা এবং তৎসন্নিহিত শিল্পসমৃদ্ধ শহরতলী এলাকায়। বর্তমানে কেন্দ্রগুলির সংখ্যা দাঁড়িয়েছে ৭৪। এর মধ্যে কতকগুলি কেন্দ্রের ব্যয়ভার স্বরাষ্ট্র ( অসামরিক প্রতিরক্ষা ) বিভাগ বহন করে থাকে। তার জন্য, "Demand No. 27, Major Head 265 — Other Administrative Services-III—Civil Defence Non-Plan 2—ARP (b) Fire Fighting" খাতে মোট ২,৪৩,১৫,০০০ ( দুই কোটি তেতাল্লিশ লক্ষ পনের হাজার ) টাকা ব্যয়-বরাদ্দের দাবী উক্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় পৃথকভাবে এই সভায় পেশ করবেন। এই টাকার মধ্যে গত মার্চ এবং জুন মাসে Vote on Account-এ বরাদ্দীকৃত টাকাও অন্তর্ভুক্ত।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে প্রতি বছরই এই রাজ্যে অগ্নির কবলে অনেক ধনসম্পত্তি নষ্ট হয়। জীবনহানির ঘটনাও খুব কম ঘটে না। দমকল কেন্দ্র-কেন্দ্রগুলির প্রধান দায়িত্ব অগ্নির হাত থেকে এগুলি রক্ষা করা। রাজ্যের বিভিন্ন প্রান্তে অসংখ্য ঘনবসতিপূর্ণ এলাকা গড়ে ওঠায় অগ্নিনির্বাপন সংস্থাগুলির দায়িত্ব সমধিক বৃদ্ধি পেয়েছে। অগ্নির আক্রমণের সম্ভাবনা দূরীভূত করা এবং অগ্নির গ্রাস থেকে রক্ষা করা — এই উভয় দায়িত্বই এই সংস্থা পালন করে থাকে। এরই জন্য রাজ্যের বিভিন্ন এলাকায় অধিকতর সংখ্যায় নতুন অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। প্রয়োজনীয় অর্থের অকুলান সত্বেও বামফ্রন্ট সরকার এ বিষয়ে সচেষ্ট হয়েছেন এবং সাধ্যমত চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের অগ্নিনির্বাপন সংস্থাটিকে সুগঠিত করে একে একটি সুদৃঢ় বনিয়াদের উপর দাঁড় করিয়ে দিতে বামফ্রন্ট সরকার বদ্ধপরিকর। বহু কাল সংস্থাটি অবহেলিত অবস্থায় ছিল। না ছিল যথেষ্ট পরিমাণ কর্মী, না ছিল আধুনিক সাজসরঞ্জাম। স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ রাজ্যে বামফ্রন্ট সরকারের শাসনকাল থেকেই এদিকে গভীর দৃষ্টি নিবদ্ধ করেছে। রাজ্য অগ্নিনির্বাপন সংস্থার অধীনে চারশ'র বেশী আগুন নেভাবার গাড়ি এবং আনুষঙ্গিক সাজসরঞ্জাম আছে। কিন্তু দুঃখের বিষয় এর অধিকাংশই পুরনো এবং ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। এই সংস্থার কর্মদক্ষতা বাড়াতে হলে এই গাড়িগুলি এবং অন্যান্য সাজ-সরঞ্জাম-এর পরিবর্তন প্রয়োজন। শুধু তাই নয়, সম্প্রতি আবিষ্কৃত উন্নত ধরণের সাজসরঞ্জামও এই সংস্থার কর্মদক্ষতায় অপরিহার্য। সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত কিন্তু দুঃখের বিষয় অর্থের অভাবে প্রয়োজনীয় উন্নতিসাধন সম্ভব হচ্ছে না। রাজ্য সরকারের শত প্রচেষ্টাতেও অগ্নিনির্বাপক সংস্থাটিকে কেন্দ্রীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত করা যায়নি। প্ল্যানিং কমিশন বিষয়টিকে পাঁচসালা পরিকল্পনার বাইরে রেখেছেন। নন-প্ল্যান আইটেম হিসাবে থাকার ফলে এই সংস্থার পরিচালনায় অর্থাভাব খুবই প্রকট।

তা সত্বেও স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ এই সংস্থাটির সর্বাত্মক উন্নতির জন্য এক ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। ইতিমধ্যেই এ ব্যাপারে কিছু কাজ করা হয়েছে এবং কর্মসূচীর রূপায়ণ চলছে।

রাজ্যের বিভিন্ন স্থানে খতিমধ্যেই কয়েকটি নতুন কেন্দ্র স্থাপন করা হয়েছে। এ ছাড়া মেদিনীপুর, হাবড়া, সল্ট লেক, আরামবাগ, মাথাভাঙ্গা এবং বাঁকুড়াতে নতুন কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে জমি সংগ্রহ করা হয়েছে। হাওড়াতেও একটি নতুন কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে জমি সংগ্রহ করা হয়েছে এবং নির্মাণকার্য শীঘ্রই শুরু হবে। মেখলিগঞ্জে দুই পাম্পবিশিষ্ট দমকল কেন্দ্র স্থাপনের জন্য সাত লক্ষ একানব্বই হাজার টাকা ব্যয়ে একটি পরিকল্পনা অনুমোদন করা হয়েছে এবং এর কাজও শুরু হয়েছে। জলপাইগুড়ি জেলার মালবাজারে একটি নতুন কেন্দ্র ইতিমধ্যেই স্থাপন করা হয়েছে। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেডের সহযোগিতায় হলদিয়াতে একটি নতুন কেন্দ্র ইতিমধ্যেই স্থাপন করা হলেও আরও একটি নতুন কেন্দ্র স্থাপনের বন্দোবস্ত করা হয়েছে। এই কেন্দ্রের নির্মাণকার্য পূর্ণোদ্যমে চলেছে। শীঘ্রই এই কেন্দ্র থেকে অগ্নি-নির্বাপনের কাজ শুরু করা যাবে।

অগ্নিনির্বাপন ট্রেনিং স্কুল বর্তমান স্থান থেকে সরিয়ে নেবার জন্য ১৯৭৯-৮০ সালে বেহালার এল. এম. দে রোডে প্রায় ৬ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল। কিন্তু এই অধিগ্রহণের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে একটি মামলা দায়ের হওয়ায় জমির দখল পাওয়া যায় নি। বিষয়টি নিষ্পত্তি হতে হয়ত আরও কিছু দেরি হবে।

চন্দননগর, খড়্গপুর, কৃষ্ণনগর এবং ভদ্রেশ্বর দমকল কেন্দ্রের বাড়িগুলি অধিগ্রহণ করার কাজও বর্তমান আর্থিক বছরের মধ্যেই শেষ হবে আশা করা যায়। কাঁচড়াপাড়া, গড়িয়া এবং গৌরীবাড়ি লেনের যে বাড়িগুলিতে দমকল কেন্দ্র স্থাপিত রয়েছে সে বাড়ি গুলি ইতিমধ্যেই অধিগ্রহণ করা হয়েছে। উত্তরপাড়া এবং কলকাতার কয়েকটি বাড়ির অধিগ্রহণও শীঘ্রই সম্পন্ন হবে। সিউড়িতে একটি নতুন দমকল কেন্দ্র নির্মাণের কাজ শুরু হবে। নয় লক্ষ চার হাজার একশ টাকা ব্যয়ে মানিকতলায় একটি দমকল কেন্দ্রের বাড়ির নির্মাণকার্য শেষ হতে চলেছে নূতন কেন্দ্র স্থাপনের জন্য কাটোয়াতে একখণ্ড জমি সংগ্রহ করা হয়েছে। কাটোয়া সুপার মার্কেটের কর্তৃপক্ষ সরকারকে এই উদ্দেশ্যে জমিখণ্ড দান করেছেন। কলকাতায় ক্যানাল ওয়েস্ট রোডে নতুন কেন্দ্র খোলার জন্যও জমি সংগ্রহ করা হয়েছে। কোল বার্থ কেন্দ্র স্থাপনের জন্য কলকাতা পোর্ট ট্রাস্ট কর্তৃপক্ষ সরকারকে তারাতলায় একখণ্ড জমি দান করছেন। এ ছাড়া সল্ট লেক এবং বরানগরে দুটি দমকল কেন্দ্র স্থাপনের জন্যেও যথোচিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিকে যেমন রাজ্যের বিভিন্ন এলাকায় নতুন কেন্দ্র স্থাপন, অন্যদিকে তেমনি এই সংস্থার কর্মদক্ষতা বৃদ্ধির দিকেও বামফ্রণ্ট সরকার বিশেষ নজর দিচ্ছেন। আধুনিক সাজসরঞ্জামে সংস্থাটিকে সাজাবার জন্য যথেষ্ট মনোযোগ দেওয়া হয়েছে। নতুন গাড়ি এবং যন্ত্রপাতি কেনার জন্য ইতিমধ্যেই প্রভূত অর্থ ব্যয় করা হয়েছে। পুরাতন যন্ত্রপাতির মেরামতি বা পরিবর্তন করে কেন্দ্রগুলিকে সুগঠিত করে তোলা হচ্ছে। আধুনিক উন্নত ধরনের ওয়াটার টেণ্ডার, ফায়ার ইঞ্জিন ক্রয় করার ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও হাইড্রলিক প্লাটফর্ম, টার্ণ টেবল ল্যাডর প্রভৃতি সরঞ্জাম

সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে। এই ধরণের অতি আধুনিক সাজসরঞ্জাম সংগ্রহের জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই সাধারণ বা কর্পোরেশনের কাছ থেকে এক কোটি উনত্রিশ লক্ষ টাকা ঋণ সংগ্রহ করেছেন। সুউচ্চ অট্টালিকায় আগুন নেভানোর জন্য ১০৩ ফুট উঁচু হাইড্রলিক প্লাটফর্ম, ওয়্যারলেসের যন্ত্রপাতি এবং অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম এই অর্থে সংগ্রহ করা হবে। ইতিমধ্যেই ৩০টি ছোট পাম্প, ১০টি ওয়াটার টেণ্ডার পাম্প এবং ১টি ক্যাশ টেণ্ডার এই টাকায় ক্রয় করার ব্যবস্থা হয়েছে।

ফায়ার লাইসেন্স ফি বাবদ আদায়ীকৃত অর্থের পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা নিরূপণের উদ্দেশ্যে পরামর্শদানের জন্য স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ একজন উচ্চপদস্থ অফিসার নিয়োগ করেছিলেন। উক্ত অফিসার ইতিমধ্যে তাঁর প্রতিবেদন পেশ করেছেন। ফি বাবদ আয়ের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে তিনি কতকগুলি সুপারিশ করেছেন। অগ্নিনির্বাপন সংস্থায় লাইসেন্স বিভাগকে পুনর্গঠিত করার জন্যও তিনি কিছু সুপারিশ করেছেন। সমগ্র প্রতিবেদনটি সরকারের বিবেচনাধীন রয়েছে। এবং যতশীঘ্র সম্ভব এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

মাননীয় সদস্যগণ সকলেই স্বীকার করবেন যে শ্রমিক-কর্মচারীদের নায্য দাবী-দাওয়া মেটাতে না পারলে তাঁদের দিয়ে উপযুক্ত পরিমাণ কাজ পাওয়া যায় না। বামফ্রণ্ট সরকার সকল স্তরের কর্মচারীদেরই ন্যায্য দাবী-দাওয়া যথাসম্ভব মিটিয়ে দেবার পক্ষপাতী। বামফ্রণ্ট সরকার মেহনতী মানুষের সরকার এবং তাঁদের দাবীর প্রতি সর্বদাই সহানুভূতিশীল। বঙ্গীয় অগ্নিনির্বাপন সংস্থার কর্মচারিগণ এতকাল দৈনিক বার ঘণ্টা কাজ করতে বাধ্য ছিলেন — দুই শিফ্ট ডিউটি প্রথা এই সংস্থায় প্রচলিত ছিল। আন্তর্জাতিক শ্রমিক আইন বিরোধী এই প্রথা রদ করে তিন শিফ্ট ডিউটি প্রথা প্রবর্তনের জন্য এই সংস্থার কর্মচারিগণ দীর্ঘকাল আন্দোলন করেছেন। পূর্বতন কংগ্রেস সরকারের এদিকে দৃষ্টি ফেরাবার অবকাশ মেলে নি। মাননীয় সদস্যগণ শুনে খুশী হবেন যে রাজ্যের বর্তমান বামফ্রণ্ট সরকার কর্মচারীদের স্বার্থবিরোধী দুই শিফ্ট প্রথা রদ করে এই সংস্থায় তিন শিফ্ট প্রথা চালু করেছেন। অগ্নিনির্বাপন কাজে নিযুক্ত কর্মীদের ক্ষেত্রে এ প্রথা পূর্বেই প্রচলন করা হয়েছিল—ইদানীং এই বছরের ১১ই আগস্ট থেকে স্টেশন অফিসারদের ক্ষেত্রেও এই প্রথা চালু করা হয়েছে। এই সংস্থার কর্মচারীরাও বর্তমানে অন্যান্য সমস্ত সংস্থার কর্মচারীদের মতই সপ্তাহে দেড় দিন ছুটি ভোগ করতে পারেন। এতে তাঁদের কর্মদক্ষতা অনেক বেড়ে গিয়েছে বলেই আমাদের বিশ্বাস। কর্মচারিগণের আরও কয়েকটি দাবী সরকারের বিবেচনাধীন রয়েছে এবং আমি আশ্বাস দিতে পারি যে সহানুভূতির সঙ্গেই দাবীগুলি বিবেচনা করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচ্য বৎসরে পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন সংস্থা মোট ৬,৭১১টি আগুন নেভাবার ডাকে সাড়া দিয়েছিলেন। প্রায় ২৪ কোটি টাকার সম্ভাব্য ক্ষতির মধ্যে ১৭ কোটি টাকা মূল্যের সম্পত্তি তাঁরা আগুনের গ্রাস থেকে রক্ষা করতে পেরেছিলেন। অগ্নিনির্বাপনের কাজে সর্বত্র তাঁরা যথেষ্ট সাহস এবং বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছিলেন। আগুন নেভাবার কাজে এই সংস্থার কয়েকজন কর্মচারী গুরুতরভাবে আহত হয়েছিলেন। বিপন্নের প্রাণ এবং ধন-সম্পত্তি রক্ষায় সাহসিকতার জন্য এই সংস্থার তিনজন কর্মচারী এ বছরে রাষ্ট্রপতি পুরস্কার লাভ করেছেন।

মাননীয় সদস্যগণ, অগ্নিনির্বাপন সংস্থা একটি ধন-প্রাণ রক্ষাকারী সংস্থা। সমাজজীবনে সংস্থাটির প্রয়োজনীয়তা ক্রমবর্ধমান। এই সংস্থা আগুনের হাত থেকে, ভেঙ্গে পড়া বাড়ির ধ্বংসস্তুপ থেকে, জল থেকে এবং নানারূপ অপঘাতে মৃত্যুর হাত থেকে মানুষের প্রাণ ও সম্পদ রক্ষা করে। সুসংগঠিত করে তুলতে পারলে সংস্থাটি মানুষের অশেষ কল্যাণ সাধন করবে। বামফ্রন্ট সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত এবং সুসংগঠনের দায়িত্বে সম্পূর্ণ সচেতন। সীমাবদ্ধ ক্ষমতা এবং আর্থিক অসচ্ছলতার মধ্যেও আমরা আমাদের দায়িত্ব যথাসম্ভব পালন করে যাচ্ছি। সংস্থাটিকে সুগঠিত করে তুলতে রাজ্য সরকার দৃঢ়সংকল্প।

এই ক'টি কথা বলে মাননীয় সদস্যদের আমি আমার এই ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ করছি।

**Demand No. 74**

**Major Head :** 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat).

**Shri Prasanta Kumar Sur :** Sir, on the recommendation of the Govornor I beg to move that a sum of Rs. 49,20,25,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 2⁵,35,12,000 already voted on account in March and June, 1982)

এই প্রসঙ্গে গত বছরে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মাধ্যমে যেসব কাজ করা হয়েছে এবং চলতি আর্থিক বছরে যে কাজ করা হবে তার একটি সংক্ষিপ্ত বিবরণ মাননীয় সদস্যগণের কাছে উত্থাপন করছি।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের কর্মধারা মূলতঃ দ্বিবিধ। রাজ্যের নগরকল্প এলাকায় পৌর সভা স্থাপন করে বঙ্গীয় পৌর আইনের ধারামাফিক পৌরসভাগুলির শাসনকার্য তদারকি করা এবং রাজ্যের সর্বত্র পৌর এলাকায় বিবিধ উন্নয়নমূলক কর্মধারার পরিকল্পনা ও রূপায়ণই এই বিভাগের মুখ্য দায়িত্ব। উপরোক্ত দুটি দায়িত্বপালনে এই বিভাগের সাফল্য এবং কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে যে সব বাধা বা ব্যর্থতার সম্মুখীন হতে হয় সে বিষয়ে কয়েকটি কথা আমি প্রথমেই উল্লেখ করতে চাই।

পঞ্চাশ এবং ষাটের দশকে নগরায়ণের ক্ষেত্রে পশ্চিমবাংলা সারা ভারতে চতুর্থ স্থান অধিকার করেছিল। সত্তরের দশকে এই স্থান ষষ্ঠে নেমে গেল। যদিও এই সময়ের মধ্যে নগর এলাকায় জনসংখ্যা ২৮ শতাংশ থেকে বেড়ে ৩২ শতাংশ হয়েছে, তবুও নগরায়নের ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্র অনেক বেশী এগিয়ে গিয়েছে। কিন্তু ঘনবসতিপূর্ণ এলাকা হিসাবে সমগ্র ভারতবর্ষে পশ্চিমবঙ্গ অন্যতম শ্রেষ্ঠ স্থান অধিকার করে আছে।

পশ্চিমবঙ্গে প্রতি বর্গকিলোমিটারে জনবসতি ৫,৬২৪ জন। এই সংখ্যা মহারাষ্ট্রের দ্বিগুণ এবং গুজরাট অপেক্ষা ৪ গুনেরও বেশী। সুতরাং নাগরিক সুখ-সুবিধা

বিধানের প্রয়োজনীয়তা এই রাজ্যে সর্বাধিক। স্বাধীনোত্তরকালে রাজ্যের বিভিন্ন স্থানে গড়ে ওঠা ঘনবসতিপূর্ণ এলাকাগুলিতে পৌরসভা প্রতিষ্ঠা করা এবং এলাকায় বসবাসকারী জনসাধারণের কাছে নাগরিক জীবনের ন্যূনতম সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া আমাদের প্রধান দায়িত্ব।

পৌরসভা স্থাপনের বিষয়ে কিছু তথ্য এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে। ১৯৮১ সালের আদমসুমারী অনুযায়ী সারা পশ্চিমবঙ্গে ১০ হাজারেরও বেশী জনবসতি-পূর্ণ ১০৫টি শহরাঞ্চল রয়েছে, যেখানে এখনও পৌরসভাপ্রতিষ্ঠিত হয় নি। এর মধ্যে ৬টি এলকার জনবসতি ৫০ হাজারেরও বেশী। ২২টিরও বেশী এলাকা আছে যেখানে প্রতিটি এলাকায় জনবসতি ২০ থেকে ৫০ হাজার। দুর্ভাগ্যের বিষয়, স্বাধীনোত্তর সুদীর্ঘ ৩০ বছর কালের মধ্যে (অর্থাৎ ১৯৪৭ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত) তদানীন্তন কংগ্রেস সরকার এ রাজ্যে মাত্র ১৩টি পৌরসভা স্থাপন করতে সক্ষম হয়েছিলেন। বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে শাসনভার গ্রহণ করেই এ বিষয়ে গভীর মনোযোগ নিবদ্ধ করেন এবং বিগত মাত্র ৫ বছরের মধ্যে ১২টি পৌরসভা স্থাপন করেন। এর ফলে বর্তমান বছরে রাজ্যের পৌরসংস্থাগুলির মোট সংখ্যা দাঁড়িয়েছে ১১২টি। এই নতুন পৌরসংস্থাগুলির মধ্যে আছে—(১) হাবড়া, (২) বেলডাঙ্গা, (৩) ইসলামপুর, (৪) যাদবপুর, (৫) ঝাড়গ্রাম, (৬) ডায়মণ্ডহারবার, (৭) উলুবেড়িয়া ইত্যাদি। এ ছাড়াও নিম্নলিখিত এলাকাগুলিতে পৌরসভা স্থাপনে এই বিভাগ যত্ন নিচ্ছে—

১। জলপাইগুড়ি জেলার দাবগ্রাম-এ
২। জলপাইগুড়ি জেলার মাল-এ
৩। পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ-এ
৪। পশ্চিম দিনাজপুর জেলার মারনাই-এ
৫। বর্ধমান জেলার গুসকরা-এ
৬। বর্ধমান জেলার জামুরিয়া-এ
৭। ২৪-পরগণা জেলার ক্যানিং-এ
৮। মেদিনীপুর জেলার পাঁশকুড়ায়-এ
৯। নদীয়া জেলার কুপারস্ ক্যাম্প-এ।

দুর্গাপুর, কল্যাণী এবং সাঁইথিয়া—এই তিনটি নোটিফায়েড এরিয়ার মধ্যে দুর্গাপুর এবং কল্যাণীকে পৌরসভার পূর্ণ মর্যাদা দেবার জন্য ইতিমধ্যেই প্রাথমিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। সাঁইথিয়া নোটিফায়েড এরিয়াকেও পৌরসভার পূর্ণ মর্যাদা অর্পণের প্রশাসনিক প্রচেষ্টা চলছে। অতি শীঘ্রই একেও পৌরসভায় রূপান্তরিত করা হবে। কোচবিহার জেলার ৪টি টাউন কমিটিকেও পৌরসভার মর্যাদা দেবার প্রচেষ্টা চলছে। এর মধ্যে ইতিমধ্যেই তুফানগঞ্জ টাউন কমিটিকে পৌরসভায় রূপান্তরণের জন্য প্রাথমিক বিজ্ঞপ্তি প্রচারিত হয়েছে। মাথাভাঙ্গা, মেঘলিগঞ্জ এবং হলদিবাড়ি—এই তিনটি টাউন কমিটিকেও শীঘ্রই পৌরসভায় রূপান্তরিত করা হবে।

বিগত ২ বছরে নিম্নলিখিত ৫টি নোটিফায়েড এরিয়া গঠন করা হয়েছে—

১। নদীয়া জেলার গয়েশপুর
২। বর্ধমান জেলার কুলটি-বরাকর

৩। বর্ধমান জেলার দিশেরগড়

৪। বর্ধমান জেলার নিয়ামতপুর

৫। বর্ধমান জেলার বার্ণপুর।

এ ছাড়া বর্ধমান জেলার রূপনারায়ণপুর, কয়েকটি সংলগ্ন এলাকা যুক্ত করে বৃহত্তর আসানসোল এবং বীরভূম জেলার শান্তিনিকেতনে তিনটি নোটিফায়েড এরিয়া গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। মেদিনীপুর জেলার হলদিয়ায় এবং দার্জিলিং জেলার মিরিক-এ দুটি নোটিফায়েড এরিয়া গঠনের সরকারী নির্দেশনামা শীঘ্রই ঘোষিত হবে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, গত বছরের ৩১শে মে রাজ্যের ৮৭টি পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। কয়েকটি পৌরসভায় যেমন — চাকদহ, দুবরাজপুর, দার্জিলিং, কার্শিয়াং, হাওড়া এবং কলকাতা পৌরসভায় যে-সময়ে নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হয় নি। অন্যান্য বিষয়ের সঙ্গে আইনগত জটিলতা নির্বাচন স্থগিত রাখার অন্যতম কারণ। এর মধ্যে চাকদহ, দার্জিলিং এবং কার্শিয়াং পৌরসভার নির্বাচনের বাধা অপসারিত হয়েছে এবং আশা করা যায় শীঘ্রই এই তিনটি পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। মহামান্য হাইকোর্টের নির্দেশানুযায়ী আইনঘটিত কিছু ব্যাপারের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দুবরাজপুর পৌরসভার নির্বাচন অনুষ্ঠান সম্ভব হবে না। নবগঠিত ৬টি পৌরসভাতেও নির্বাচন অনুষ্ঠানের জন্য যত্ন নেওয়া হয়েছে। এই পৌরসভাগুলির নির্বাচনের পূর্বে পৌরসভা এলাকার ভোটার তালিকা প্রস্তুত করা প্রয়োজন। এ বিষয়ে এই বিভাগে ইতিমধ্যেই কাজ শুরু করা হয়েছে। মাননীয় সদস্যগণের অবগতির জন্য আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে, গত মার্চ মাসে বালি পৌরসভার উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এই সেপ্টেম্বর মাসের ৫ তারিখে কালনা পৌরসভার উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া শ্রীরামপুর, আলিপুরদুয়ার, কাটোয়া, বালুরঘাট, গারুলিয়া, ওল্ড মালদা, কৃষ্ণনগর এবং নবদ্বীপ পৌরসভার উপ-নির্বাচনের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ১৯৮০ সালের কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশন বিল এবং হাওড়া মিউনিসিপ্যাল করপোরেশন বিলে গত বছরের শেষ দিকে রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া গিয়েছে। বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে স্বায়ত্তশাসন সংস্থায় ক্ষমতার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণই এই দুইটি আইনের মূল লক্ষ্য। কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশন আইনটি সুবৃহৎ। এই আইনের প্রয়োগ পদ্ধতি এবং নিয়মাবলী প্রণয়নও কষ্টসাধ্য কাজ। সরকারী তত্ত্বাবধানে সে-কাজ চলছে। উপরন্তু, ১৯৬৬ সালের তৎকালীন কলকাতা উন্নয়ন সংস্থা — কলকাতা মেট্রোপলিটন প্ল্যানিং অরগেনাইজেশন — প্রস্তাব দিয়েছিলেন যে, কয়েকটি শহরাঞ্চলকে জুড়ে দিয়ে কলকাতা পৌরসভার এলাকা বৃদ্ধি করা হোক। তাঁরা বিশ্লেষণ করে দেখিয়েছিলেন যে, এতে কলকাতা পৌরসভার শাসন ব্যবস্থার উন্নতি এবং এই শহরের সামগ্রিক শ্রীবৃদ্ধি ঘটবে। ১৯৬৬ সাল থেকে ১৯৭৭ সাল — এই দীর্ঘ ১২ বৎসরের মধ্যে তৎকালীন কংগ্রেস সরকার এদিকে তাঁদের দৃষ্টি ফেরাতে পারেন নি। বর্তমান বামফ্রণ্ট সরকার প্রথমেই এই বিষয়টি নিয়ে গভীরভাবে চিন্তা করছেন। সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, গার্ডেনরীচ,

সাউথ সাবারবান, যাদবপুর পৌরএলাকা এবং বিধাননগর উপ-নগরীকে কলকাতা পৌরসভার অধীনে আনা হবে। এই সংযুক্তিকরণের কাজ চলছে এবং আশা করা যায় সম্পূর্ণ রূপায়ণ শীঘ্রই সম্পন্ন হবে। এর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে এই নবসীমা-বেষ্টিত কলকাতা পৌরসভার ভোটার তালিকা প্রস্তুতির কাজ। এই দুটি পর্ব অনুষ্ঠানিক-ভাবে সম্পূর্ণ হলে কলকাতা পৌরসভার নির্বাচন অনুষ্ঠান সম্ভব হবে। হাওড়া মিউনিসি-প্যালিটির নির্বাচন সম্পর্কেও আমি একই বক্তব্য রাখতে চাই। এখানেও সমস্যা অনুরূপ এবং একইভাবে সক্রিয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। দীর্ঘকাল এই দুটি পৌরসভা সরকারী নিয়ন্ত্রণাধীন থাকায় এদের শাসন-ব্যবস্থায় গনতান্ত্রিক পদ্ধতি পুনঃপ্রতিষ্ঠার জন্য মাননীয় সদস্যগণের গভীর উদ্বেগ অনুধাবন করেই আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে, যথাসম্ভব সত্বর এই দুটি প্রতিষ্ঠানের নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে। বামফ্রণ্ট সরকার এ বিষয়ে সম্পূর্ণ সজাগ। নির্বাচন অনুষ্ঠান ত্বরান্বিত করার জন্য যথাসাধ্য সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

বামফ্রণ্ট সরকার রাজ্যের শাসনভার গ্রহণ করেই একদিকে যেমন দেশের সর্বাঙ্গীণ উন্নতি অন্যদিকে তেমনি অধিবাসীদের দৈনন্দিন জীবনের সুযোগ-সুবিধা বৃদ্ধির দিকে নজর দিয়েছেন। স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের দায়িত্ব প্রধানতঃ দেশের শহরাঞ্চলের উন্নতিসাধন এবং নাগরিক জীবনের সুখ-সুবিধা বিধান। এই উদ্দেশ্য লক্ষ্য রেখে বৈজ্ঞানিক ভিত্তিতে আমরা আমাদের কর্মধারা নির্দিষ্ট করেছি। দেশের শহরাঞ্চলের উন্নতির সঙ্গে শহরকল্প অঞ্চলের উন্নতিও আমাদের কাম্য। শুধুমাত্র সরকারী প্রশাসন যন্ত্রের শাসন-ব্যবস্থাই নয়, আমরা চাই স্থানীয় অধিবাসিবৃন্দ স্থানীয় শাসন-ব্যবস্থায় অংশগ্রহণ করুক। অধিবাসিগণকে আত্মবিশ্বাসে উদ্বুদ্ধ করে তোলা এবং স্থানীয় শাসন সংস্থাগুলির পরিচালন ব্যবস্থায় তাঁদের সক্রিয় করে সহযোগিতা আমাদের কাম্য। আমরা বিশ্বাস করি স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান স্থানীয় অধিবাসীবৃন্দের সহযোগিতার উপরই নির্ভরশীল। এই সংস্থাগুলির উন্নতির স্বার্থে জনসাধারণের জীবনযাপন ব্যবস্থার উন্নতিও প্রয়োজন। এই দিকে লক্ষ্য রেখেই আমরা আমাদের কর্মধারা নিয়ন্ত্রিত করেছি। উন্নতির পরিকল্পনায় এতকাল পর্যন্ত শহর এবং গ্রামের মধ্যে একটি সুস্পষ্ট সীমারেখা নির্দিষ্ট ছিল। আমরা এই বাধা ভেঙ্গে দিয়েছি। আমরা মনে করি গ্রামের উন্নতি ভিন্ন শহরের উন্নতি সম্ভব হয়। অন্যদিকে গ্রামের উন্নতিও শহরের উন্নতির উপরই নির্ভরশীল। এতকাল পর্যন্ত রাজ্যের বড় বড় শহরগুলি ছিল উন্নতির একমাত্র লক্ষ্য। আমরা ছোট, মাঝারি এবং বড় — এই তিন ধরণের শহরের উন্নতির মধ্যে একটা সমতা সৃষ্টির চেষ্টা করছি। কিন্তু এই কাজে আমাদের প্রধান বাধা আর্থিক অনটন। পৌর এলাকাগুলির উন্নতির জন্য আমরা পৌরসভাগুলির মাধ্যমে ইতিমধ্যেই অনেক অর্থ ব্যয় করেছি। মাননীয় সভ্যগণের অবগতির জন্য এই প্রসঙ্গে আমি কিছু বিস্তৃত তথ্য সরবরাহ করব।

রাজ্যের পৌরসভাগুলি যে নিজ নিজ এলাকায় প্রয়োজনীয় উন্নতিমূলক কাজে যথেষ্ট সার্থকতা লাভ করতে পারে না তার একমাত্র কারণ তাদের আর্থিক অনটন। এদের আয়ের সবটাই কর্মচারীদের বেতন যোগাতেই নিঃশেষ হয়ে যায়। অধিকাংশ পৌরসভাগুলির কর আদায়ের ক্ষমতা সীমিত। সম্পত্তি-করই তাদের একমাত্র অবলম্বন।

অনগ্রসর এলাকায় এই সম্পত্তি-কর বাড়িয়ে কর ধার্যের পরিমাণ বাড়ানোর সম্ভাবনা কম। এলাকার উন্নতিমূলক কাজে পৌরসভাগুলিকে তাই সরকারী অনুদানের উপরই অনেকাংশে নির্ভর করতে হয়। বিভিন্ন পৌরসভার মধ্যে অর্থবণ্টন বা অনুদানের ক্ষেত্রে সামঞ্জস্য বিধানের উদ্দেশ্যে বামফ্রণ্ট সরকার ১৯৮০ সালের ডিসেম্বর মাসে মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন গঠন করেন। সুপ্রসিদ্ধ অর্থনীতিবিদ্ ডঃ ভবতোষ দত্ত ছিলেন এই কমিশনের চেয়ারম্যান। রাজ্যের পৌরসভাগুলির উন্নতির ক্ষেত্রে এটি বামফ্রণ্ট সরকারের একটি ঐতিহাসিক পদক্ষেপ। গত মার্চ মাসে কমিশন তাঁদের প্রতিবেদন প্রকাশ করেন। মাননীয় সভ্যগণের অবগতির জন্য আমি এই প্রতিবেদনটির একটি অনুলিপি বিলি করছি।

মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন-এর প্রতিবেদনে রাজ্যের পৌরসভাগুলির আর্থিক দৈন্যের চিত্র পরিস্ফুট হয়ে উঠেছে। পৌরসভাগুলি তাদের আয় এবং ব্যয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করতে পারছে না—ঘাটতি থেকেই যাচ্ছে। ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির চাপে এই ঘাটতির পরিমাণ প্রতি বছরই বেড়ে যাচ্ছে। কমিশনের সমীক্ষায় ১৯৮২-৮৩ সালে পৌরসভাগুলির আর্থিক ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ২৮ কোটি টাকা। এর মধ্যে অবশ্য নূতন পৌরসভাগুলির হিসাব ধরা হয় নি। বর্তমান আর্থিক বছরে এত বেশী ঘাটতির অন্যতম কারণ পৌরসভার কর্মচারীদের বেতন বৃদ্ধি। সি. এম. ডি. এ. ১৯৮১-৮২ সাল পর্যন্ত পৌরসভাগুলিকে যে অনুদান দিয়েছে সেই অর্থের পরিমাণ এর সঙ্গে যোগ করলে ১৯৮২-৮৩ সালে পৌরসভাগুলির মোট ঘাটতির পরিমাণ দাঁড়ায় ৪১ কোটি টাকা। ১৯৮৫-৮৬ সালে এর পরিমাণ বেড়ে দাঁড়াবে ৪৬ কোটি টাকা। পৌর এলাকায় জনসাধারণের জীবনযাপনের ন্যূনতম সুযোগ-সুবিধার যোগান ব্যবস্থা বহাল রাখতে ও উত্তরোত্তর বৃদ্ধি করতে বামফ্রণ্ট সরকার প্রতিজ্ঞাবদ্ধ। কিন্তু শুধুমাত্র সরকারী সাহায্য ও অনুদানের উপর ভিত্তি করে এ কাজ সম্ভব নয় বলেই এই পৌর-সভাগুলির নিজস্ব আয়ের পরিমাণ বাড়ানো একান্তই প্রয়োজন। এই উদ্দেশ্যে ফিনান্স কমিশন অনেকগুলি সুপারিশ করেছেন। মাননীয় সদস্যগণ এই প্রতিবেদনে সেসব দেখতে পাবেন। প্রতিবেদনটি বর্তমানে সরকারের বিবেচনাধীন থাকলেও প্রতিবেদনের দুইটি সুপারিশ ইতিমধ্যেই কার্যকরী করা হয়েছে। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি, কমিশনের সুপারিশমত সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, কলকাতা পৌরসভা সমেত রাজ্যের অন্যান্য পৌরসভাগুলি ১৯৮১ সালের ৩১শে মার্চ পর্যন্ত সরকারের কাছ থেকে যে ঋণ নিয়েছিল তা সমস্তই মকুব করে দেওয়া হয়েছে। এছাড়া বামফ্রণ্ট সরকার আরও সিদ্ধান্ত নিয়েছেন যে, রাজ্যের সমগ্র পৌর এলাকার উন্নতির জন্য জনসংখ্যার ভিত্তিতে প্রমোদকরের মোট আদায়ের অর্ধেক পৌরসভাগুলির মধ্যে বণ্টন করা হবে। আমরা আশা করি যে, উপরোক্ত সিদ্ধান্তের ফলে রাজ্যের পৌরসভাগুলির আর্থিক সঙ্গতি বৃদ্ধি পাবে এবং তাঁরা জনসাধারণের সেবা করার অধিকতর সুযোগ পাবে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে গত ৪ঠা সেপ্টেম্বর মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর সাধারণ বাজেট ভাষণে ইতিমধ্যেই এই সিদ্ধান্ত ঘোষণা করেছেন। আমি বিশ্বাস করি, জনগণের সেবায় বামফ্রণ্ট সরকারের এ এক সুদৃঢ় পদক্ষেপ। উক্ত কমিশনের অন্যান্য সুপারিশগুলিও রূপায়িত করার প্রচেষ্টা চলছে।

পৌরসভাগুলির আর্থিক উন্নতি বিধানের উদ্দেশ্যে ১৯৭৯ সালে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনে কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ ( সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড ) গঠন করে। ১৯৮১ সালের জুলাই মাসে এই পর্ষদ কার্যভার গ্রহণ করে। সভাপতি ছাড়া এই সংস্থায় আরও দু'জন সদস্য আছেন। পৌরসভাগুলির সম্পত্তি করের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে সম্পত্তি-কর ধার্যের নূতন নিয়মাবলী এই পর্ষদ উদ্ভাবন করবেন। পৌরসভাগুলির বর্তমান কর ধার্য-সম্পর্কিত নতুন মূল্যায়ন পদ্ধতি এবং পর্ষদের সাংগঠনিক কাঠামো নির্ধারণের ব্যাপারে সুপারিশের জন্য পর্ষদ একটি সংস্থাকে গত বছর নিয়োগ করেছিলেন। এই সংস্থার কাছ থেকে গত ডিসেম্বর মাসে তাঁদের সুপারিশ পেয়েছিলেন। স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের পরিচালনায় সম্প্রতি অনুষ্ঠিত এক আলোচনাচক্রে এই সুপারিশগুলি আলোচিত হয়েছে। ফলশ্রুতি হিসাবে সিদ্ধান্ত অনুযায়ী এই বিভাগের তরফ থেকে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সি. এম. ডি. এ. এলাকার অন্তর্গত পৌরসভাগুলির সম্পত্তির নব মূল্যায়ন এবং কর ধার্যের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে এই পৌরসভার পরামর্শদাতা হিসাবে কাজ করছে। এ-ব্যবস্থায় ইতিমধ্যেই বেশ সুফল পাওয়া গিয়েছে। পর্ষদের সঙ্গে ক্রমাগত যোগাযোগ রক্ষা এবং আলোচনার মাধ্যমে পৌরসভাগুলিও সম্পত্তির নব মূল্যায়নের এবং কর আদায়ের অধিকতর সচেতনতার প্রয়োজনীয়তা অনুভব করছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮০ সালে বঙ্গীয় পৌর আইনের পরিবর্তন করে পৌরসভাগুলিকে শাসনকার্যে অধিকতর ক্ষমতা দেওয়া হয়েছে। ক্ষমতার বিকেন্দ্রীকরণই আইনের এই পরিবর্তনের মূল লক্ষ্য থাকায় পৌরসভাগুলির শাসন পরিচালনায় সরকারী নিয়ন্ত্রণ ব্যবস্থা অনেকাংশে সীমিত করে আনা হয়েছে। পরিকল্পনা ও উন্নয়ন কর্মসূচী রূপায়ণে পৌরসভাগুলিকে অধিকতর ক্ষমতা ও দায়িত্ব অর্পণ করা হয়েছে। আই. ডি. এ. সাহায্যপুষ্ট Third Calcutta Urban Development কর্মসূচীতে পৌরসভাগুলি প্রায় ১০০ কোটি টাকার উন্নয়ন কর্মসূচী রূপায়িত করবে।

এই দায়িত্বগুলি সঠিকভাবে পালন করতে হলে পৌর প্রশাসনকে অধিকতর কার্যকরী ভূমিকা নিতে হবে। পৌরকর্মচারীগণকে পৌর শিক্ষায় শিক্ষিত করে তাঁদের প্রশাসন ব্যবস্থায় দক্ষ করে তুলতে হবে। না হলে পৌরসভাগুলির কার্যকরী ভূমিকা পালন তথা পৌর এলাকাগুলির উন্নতির সমস্ত চেষ্টাই বিফল হবে। কর্মচারীগণকে পৌর শিক্ষায় শিক্ষিত করে তোলার উদ্দেশ্যে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনে একটি প্রশিক্ষণ কেন্দ্র গঠন করা হয়েছে। পৌর প্রশাসনে যুক্ত কর্মচারী বা সভ্যগণকে পৌরশিক্ষায় শিক্ষিত করে তোলাই এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এ ছাড়া এই প্রতিষ্ঠানটি পৌরশাসন এবং পৌর এলাকা সম্বন্ধে তথ্য সংগ্রহ করবে এবং বিভিন্ন সমস্যা নিয়ে গবেষণা চালাবে। পৌর প্রশাসন বিষয়ে একটি পাঠাগার প্রতিষ্ঠা এবং পত্র-পত্রিকা প্রকাশ করাও এই প্রতিষ্ঠানটির কর্মধারার অন্তর্ভুক্ত। এই সংস্থাটি স্থাপনের ফলে পৌরসভাগুলির অনেকদিনের একটি দাবী পূরণ হয়েছে।

বামফ্রণ্ট সরকার একদিকে যেমন রাজ্যের বিভিন্ন জনবসতিপূর্ণ এলাকায় নূতন পৌরসভা স্থাপনের চেষ্টা চালিয়ে যাচ্ছেন, অন্যদিকে তেমনি বর্তমান পৌরসভাগুলির প্রশাসনিক মান উন্নয়নের দিকে বিশেষ নজর দিয়েছেন। সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে

প্রতিটি পৌরসভায় একজন করে এক্সিকিউটিভ অফিসার, ফিনান্স অফিসার, ইঞ্জিনিয়ার এবং হেলথ অফিসার পাঠানো হবে। এঁদের বেতন ও চাকুরীর অন্যান্য দায় সরকারই বহন করবেন। এই সিদ্ধান্ত অনুযায়ী ইতিমধ্যেই ৫০ জন এক্সিকিউটিভ অফিসার বিভিন্ন পৌরসভায় নিয়োগ করা হয়েছে। এ ছাড়া এই বিভাগের ৫ জন স্পেশাল অফিসার ৫টি পৌরসভায় এক্সিকিউটিভ অফিসার হিসাবে কাজ করছেন। ৯ জন ফিনান্স অফিসারও বিভিন্ন পৌরসভায় পাঠানো হয়েছে। অন্যান্য সমস্ত পদে নিয়োগের কাজ চলছে এবং আশা করা যায় বর্তমান আর্থিক বছরের মধ্যেই সমস্ত পৌরসভাতেই উক্ত কর্মচারী নিয়োগ সম্ভব হবে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ১৯৭৮ সালে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনে একটি নূতন ডিরেক্টরেট — ডিরেক্টরেট অফ লোকাল বডিস — স্থাপন করা হয়েছে। বিভিন্ন পৌরসভার প্রশাসনিক কার্যে তদারকি করা এবং প্রয়োজনবোধে পৌরসভাগুলিকে সাহায্য করা এই ডিরেক্টরেটের অন্যতম কাজ। মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন তাঁদের প্রতিবেদনে এই ডিরেক্টরেটের অধিকতর শক্তি বৃদ্ধির প্রস্তাব করেছেন। কমিশনের এই প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে এবং শীঘ্রই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। পৌর এলাকায় উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণের জন্য পৌরসভাগুলিকে সরকারী অনুদান বা সাহায্য প্রদান করা হয়। দেয় অর্থের পরিমাণ প্রতি বছরই বৃদ্ধি পাচ্ছে। উন্নয়নের সঠিক পরিকল্পনা গ্রহণ এবং তার যথাযথ রূপায়ণের জন্য পৌরসভাগুলির দক্ষ কারিগরী জ্ঞানের প্রয়োজন। বলা বাহুল্য, এ বিষয়ে পৌরসভাগুলির অপ্রতুলতা আছে। এই অভাব পূরণ করার উদ্দেশ্যেই স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনে ডিরেক্টরেট অফ মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং নামে একটি নূতন ডিরেক্টরেট স্থাপন করা হয়েছে। পৌরসভাগুলিকে কারীগরী সাহায্য দেওয়াই এই ডিরেক্টরেটের প্রধান কাজ। ১৯৮১ সালে এই ডিরেক্টরেটটি স্থাপিত হয়েছে। একজন মুখ্য বাস্তুকারের অধীনে কলকাতায় এই ডিরেক্টরেটের সদর দপ্তর রেখে আরও ৭টি স্থানে যথা — জলপাইগুড়ি, মালদা, কৃষ্ণনগর, বর্ধমান, বাঁকুড়া, মেদিনীপুর এবং কলকাতায় এর শাখা অফিস স্থাপন করা হয়েছে। বর্তমানে এই ডিরেক্টরেটটি বহুবিধ দায়িত্ব পালন করছে। পৌরসভা গুলিকে প্রয়োজনীয় কারিগরী সাহায্য দান ছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরের উন্নয়ন পরিকল্পনাও এঁরা রচনা করছেন। রাজ্যের সমগ্র পৌর এলাকায় পয়ঃপ্রণালী এবং পানীয় জল সরবরাহের পরিকল্পনা করাও এঁদেরই দায়িত্ব। সম্প্রতি সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের অন্তর্গত পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেট-এর শহর শাখা স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের সঙ্গে যুক্ত হবে। এই সংযুক্তিকরণের কাজ সম্পূর্ণ হলে মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেট-এর দায়িত্বভার বেড়ে যাবে। অধিকতর সুপরিকল্পিতভাবে পৌর এলাকায় পানীয় জল সরবরাহ এবং পয়ঃপ্রণালী সম্প্রসারণের কাজের দায়িত্বভার এঁদের তুলে নিতে হবে।

পৌরকর্মচারিগণের বেতন বৃদ্ধি এবং চাকুরীক্ষেত্রে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে সে-বিষয়ে আমি মাননীয় সদস্যগণকে অবহিত করাতে চাই। আপনারা অবগত আছেন যে, এই উদ্দেশ্যে কলকাতা পৌরসভার জন্য একটি পে-কমিশন এবং

রাজ্যের অন্যান্য পৌরসভার জন্য একটি পে-রিভিউ কমিটি গঠন করা হয়েছিল। পে-কমিশনের সুপারিশ পাবার পর সরকার ঘোষণা করেছিলেন যে, ১৯৮১ সালের ১লা এপ্রিল থেকে কলকাতা পৌরসভার কর্মচারীদের জন্য একটি নুতন বেতন-হার চালু করা হবে। পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের অনুরূপ এক বেতন কাঠামো কলকাতা পৌর-সভায় কর্মচারীদের ক্ষেত্রেও ইতিমধ্যেই চালু করা হয়েছে। এছাড়া সরকারী কর্মচারী-দের অনুরূপ পেনসন, পারিবারিক পেনসন এবং প্রভিডেণ্ড ফাণ্ডের সুযোগও কলকাতা পৌরসভার কর্মচারীদের দেওয়া হয়েছে। সমস্ত কিছুই তাঁরা গত বছরের ১লা এপ্রিল থেকে পাচ্ছেন।

রাজ্যের অন্যান্য সকল পৌরসভার কর্মচারীদের জন্যও অনুরূপ ঘোষণা করা হয়েছিল। হাওড়া মিউনিসিপ্যালিটির কর্মচারিগণ সমেত রাজ্যের সকল-পৌরকর্মিগণই রিভিউ কমিটির সুপারিশ অনুযায়ী বর্ধিত ভাতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন। পৌরকর্মচারিগণের ক্ষেত্রেও পেন্সন প্রথা চালু করা হয়েছে।

বেতন কাঠামোর পুনর্বিন্যাস, পেন্সন প্রথার প্রচলন এবং অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে পৌরকর্মচারীদের বহুদিনের হতাশা এবং ক্ষোভের নিরসন করা হয়েছে। সমান কাজে সমান মজুরী—পৌরকর্মিগণের বেতন কাঠামোর পুনর্বিন্যাসের এই ছিল মূল ভিত্তি। অর্থনৈতিক সঙ্কট এবং সীমিত ক্ষমতার মধ্যেও রাজ্যের প্রায় এক লক্ষ পৌরকর্মচারীকে এই সুযোগ-সুবিধা দিতে পারায় বামফ্রন্ট সরকারের একজন সদস্য হিসাবে আমি গর্ব বোধ করছি। আশা করি মাননীয় সদস্যগণও এ ব্যাপারে সরকারকে সাধুবাদ জানাবেন।

এই প্রসঙ্গে মাননীয় সদস্যগণকে আরও একটি তথ্য জানাতে চাই। নতুন বেতন-হার চালু করতে কিছু কিছু ক্ষেত্রে যেসব ত্রুটি-বিচ্যুতি বা অসামঞ্জস্য থেকে গিয়েছে সেগুলিকে সংশোধন করার উদ্দেশ্যে কলকাতা পৌরসভার কর্মচারিগণের জন্য একটি এবং অন্যান্য পৌরকর্মচারীদের জন্য একটি—মোট দুটি কমিটি গঠন করা হয়েছে। সমস্ত বিষয়টি খতিয়ে দেখাই এঁদের দায়িত্ব। এর মধ্যে কলকাতা পৌর-সভার কর্মচারিগণ সম্পর্কীয় কমিটিটি তাঁদের প্রতিবেদন পেশ করেছেন। অন্যান্য পৌরসভার কর্মচারীদের জন্য নিয়োজিত কমিটিও আগামী ৩১শে অক্টোবরের মধ্যে তাঁদের রিপোর্ট পেশ করবেন।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কলকাতা পৌরসভা সমেত রাজ্যের সমুদয় পৌর-সংস্থাই নিদারুণ আর্থিক সঙ্কটে ভুগছে। তাদের আয়ের পরিমাণ সীমিত কিন্তু ব্যয়ের পরিমাণ দিন দিন বাড়ছে। অবস্থা এমন দাঁড়িয়েছে যে সরকারী সাহায্য ছাড়া অনেক পৌরসভাই তাঁদের কর্মচারীদের নিয়মিত বেতন দিতে পারেন না, উন্নয়নমূলক কাজ তো দূরের কথা। বামফ্রণ্ট সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত এবং প্রয়োজনবোধে সর্বদাই পৌরসভাগুলির দিকে সাহায্যের জন্য হাত বাড়িয়ে দিয়েছেন। ১৯৮১-৮২ সালে নিম্নলিখিত অর্থ পৌরসভাগুলিকে সাহায্য হিসাবে দেওয়া হয়েছে—

| | | টাকা |
|---|---|---|
| ১। | দ্রব্যমূল্য বৃদ্ধি ভাতার অনুদান বাবদ | — ১৭,৪০,০২,০০০ |
| ২। | কলকাতা পৌরসভা এলাকায় রাস্তা মেরামতি বাবদ | — ৩,২১,০০,০০০ |

টাকা

৩। পৌরসভাগুলি কর্তৃক রোড রোলার ক্রয়ের সাহায্য বাবদ — ১৫,৭৫,০০০

৪। চুঙ্গি করের অংশ—

(ক) কলকাতা পৌরসভা — ৮,৩০,০০,০০০

(খ) অন্যান্য পৌরসভা — ৮,৫২,০০,০০০

এ ছাড়া ১৯৮১-৮২ সালে Ways & Means Advance হিসাবে বিভিন্ন পৌরসভাকে ১,৩৯,৩০,০০০ টাকা দেওয়া হয়েছে। তীব্র আর্থিক সঙ্কটে সাহায্যের জন্য পৌরসভাগুলিকে এই সাহায্য দেওয়া হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌর এলাকার উন্নতিকল্পে বামফ্রণ্ট সরকার যে নীতি গ্রহণ করতে চান সে বিষয়ে আমি পূর্বেই উল্লেখ করেছি। পূর্বতন কংগ্রেস সরকারের আমলে রাজ্যের কয়েকটি বড় শহরের মধ্যে উন্নতির সমস্ত প্রচেষ্টা সীমাবদ্ধ ছিল। কিন্তু, বর্তমান বামফ্রণ্ট সরকার প্রথম থেকেই রাজ্যের সমগ্র শহর এলাকারই সামগ্রিক উন্নতির জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। উন্নয়ন সূচীর পরিকল্পনায় আমাদের আর একটি বৈশিষ্ট্য যে, শহরগুলির উন্নতির জন্য কোন সরকারী পরিকল্পনা পৌরসভাগুলির উপর আমরা চাপিয়ে দিতে চাই না। আমরা মনে করি, পৌর এলাকার উন্নতির জন্য স্থানীয় পৌরসভাগুলিই পরিকল্পনা রচনা করুক এবং সেই পরিকল্পনাকে তারাই রূপায়িত করুক। প্রয়োজনবোধে সরকার কেবলমাত্র তাদের পরামর্শ দেবে। পৌর এলাকার উন্নতির পরিকল্পনায় বামফ্রণ্ট সরকারের এই হল মূল ভিত্তি। এই আদর্শ নিয়ে বামফ্রণ্ট সরকার উন্নতিমূলক কাজকর্ম চালিয়ে যাচ্ছেন।

১৯৮০-৮১ সালে পৌর এলাকার উন্নতির জন্য স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ ৭ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয় করেছেন। আর্থিক অনটনের জন্য ১৯৮১-৮২তে এই টাকার পরিমাণ কমে গিয়ে দাঁড়িয়েছে ৫ কোটি ৫০ লক্ষ টাকা। ১৯৮০-৮১ সালে সি. এম. ডি. এ. এলাকার বহির্ভূত বস্তি উন্নয়নের এক পরিকল্পনা এই বিভাগ গ্রহণ করেছেন। বর্ধমান, ঘাটাল এবং পুরুলিয়া শহরের বস্তি উন্নয়নের জন্য মোট ১০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, বিংশ শতাব্দীতেও আমাদের রাজ্যে মাথায় করে মল পরিষ্কার করার প্রথা এখনও চালু আছে। এই প্রথা দূর করতে, খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করতে, স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ বামফ্রণ্ট সরকারের প্রথম থেকে এক পরিকল্পনা গ্রহণ করেছেন। প্রত্যেক বছরই বিভিন্ন পৌরসভাকে এই খাতে আর্থিক সাহায্য দান করা হয়। ঘাটাল, সোনামুখী, মুর্শিদাবাদ এবং মেখলিগঞ্জ পৌরসভাকে এই খাতে ২ লক্ষ টাকা সাহায্য করা হয়েছে। মুর্শিদাবাদ এবং সোনামুখী শহর থেকে খাটা পায়খানা সম্পূর্ণ অপসারণের জন্য একটি পরিকল্পনা তৈরী করা হয়েছে। পরিকল্পনাটি বর্তমানে ভারত সরকারের বিবেচনাধীন আছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, রাজ্যের বড় শহরগুলির সঙ্গে ছোট এবং মাঝারি শহরগুলির সামগ্রিক উন্নতির একটি পরিকল্পনা স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগ গ্রহণ করেছে। উন্নতির এই পরিকল্পনায় ভারত সরকারের কাছ থেকে আংশিক আর্থিক সাহায্য পাওয়া যাবে। ষষ্ঠ পাঁচসালা পরিকল্পনায় এই রাজ্যের ২০টি ছোট ও

মাঝারি শহরকে এই পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতিমধ্যেই ১০টি মিউনিসিপ্যালিটি শহরের যথা কোচবিহার, কালিম্পং, সিউড়ি, তারকেশ্বর, ইংলিশবাজার, কৃষ্ণনগর, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর এবং খড়্গপুরের উন্নতির পরিকল্পনা ভারত সরকার অনুমোদন করেছেন এবং এই খাতে ১ কোটি ৩০ লক্ষ টাকা সাহায্য দিয়েছেন। রাজ্য সরকারের দেয় অংশ হিসাবে ১৯৮১-৮২ সালে এই বাবদে স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগ ৩১ লক্ষ টাকা ব্যয় করেছেন। বালুরঘাট, বহরমপুর, শিলিগুড়ি, জলপাইগুড়ি, বসিরহাট, বিষ্ণুপুর এবং দার্জিলিং—এই ৭টি শহরের উন্নতিবিষয়ক পরিকল্পনা ভারত সরকারের বিবেচনাধীন আছে এবং আশা করা যায় বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই পরিকল্পনাগুলিও ভারত সরকারের অনুমোদন লাভ করবে।

অবশিষ্ট তিনটি শহরের—রায়গঞ্জ, রানাঘাট এবং কাটোয়া—উন্নতিমূলক পরিকল্পনা রচনার কাজ চলছে। উন্নতিমূলক কর্মসূচীতে আমরা আরও তিনটি শহর অন্তর্ভুক্ত করার কথা ভাবছি। এই তিনটি শহর হল—বোলপুর, রানীগঞ্জ এবং হাবড়া। প্রথম পর্যায়ের ২০টি শহরের কাজ শেষ হলে পরবর্তী পর্যায়ে এই তিনটি শহরের কাজ শুরু হবে। সুষ্ঠুভাবে শহরগুলির উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণের জন্য একটি দক্ষ পরামর্শদাতা কমিটি গঠন করা হয়েছে এবং তাঁদের পরামর্শ অনুসারে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ কাজ করে যাচ্ছে। আর একটি কথা এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন। মাননীয় সদস্যগণ হয়ত অবগত আছেন যে, UNICEF-এর আর্থিক সাহায্যে কেন্দ্রীয় সরকার সম্প্রতি একটি পরিকল্পনা গ্রহণ করেছেন। অনগ্রসর ছোট ও মাঝারি শহরের ন্যূনতম প্রয়োজন মেটাবার জন্য এই পরিকল্পনায় অর্থ সাহায্য করা হবে। পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলা এই পরিকল্পনার অন্তর্ভুক্ত হবার জন্য নির্বাচিত হয়েছে। রাজ্য সরকারের সুপারিশক্রমে এই শহরের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের বিভিন্ন স্থানে পানীয় জলের সঙ্কটের কথা—বিশেষ করে গ্রীষ্মকালে—সকলেই অবগত আছেন। খরা অঞ্চল জলকষ্ট গ্রীষ্মকালে ভীষণ আকার ধারণ করে। জলকষ্ট নিবারণ করে পিপাসার্তের কাছে তৃষ্ণার জল যোগান দেওয়া সরকারের এক পবিত্র কর্তব্য। রামফ্রন্ট সরকার এদিকে বিশেষ নজর দিয়েছেন। ঘাটাল, বিষ্ণুপুর, জিয়াগঞ্জ-আজিমগঞ্জ এবং গোরবডাঙ্গায় পানীয় জল সরবরাহের জন্য ইতিমধ্যেই পরিকল্পনা তৈরী হয়েছে এবং পরিকল্পনাগুলি রূপদানের জন্য জীবনবীমা কর্পোরেশনের কাছ থেকে ১৯৮১-৮২ সালে ৭২ লক্ষ টাকা ঋণ নেওয়া হয়েছে। ১৯৮০-৮১ সালে আসানসোল পৌরসভা অনুরূপ কর্মসূচীর জন্য ৫৫ লক্ষ টাকা ঋণ নিয়েছে। বর্তমান বছরে আরও ছয়টি পৌরসভার পানীয় জল সরবরাহ কর্মসূচী রূপায়ণের জন্য জীবনবীমা কর্পোরেশন এবং অন্যান্য কয়েকটি অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানের কাছে আবেদন করা হয়েছে। পৌরসভাগুলি অর্থলগ্নীকারক সংস্থার কাছ থেকে ঋণ গ্রহণ করলে শর্ত হিসাবে রাজ্য সরকার তার জন্য জামিন থাকবেন।

এ ছাড়া সরকার Pour Flash Low Cost Sanitary Latrines নামে একটি পরিকল্পনা গ্রহণ করেছেন। জনসাধারণকে স্বল্পব্যয়ে শৌচাগার সরবরাহ করাই

এই পরিকল্পনার মূল লক্ষ্য। অর্থলগ্নীকারী বিভিন্ন সংস্থার কাছ থেকে এই পরিকল্পনায় অর্থ ঋণ নেওয়া হবে। প্রথম পর্যায়ে ১২টি মিউনিসিপ্যাল শহরে এই পরিকল্পনা চালু করা হবে। এই শহরগুলি হল—মুর্শিদাবাদ, আলিপুরদুয়ার, ঘাটাল, রঘুনাথপুর, বোলপুর, সোনামুখী, রামজীবনপুর, শান্তিপুর, জঙ্গীপুর, আরামবাগ, কার্শিয়াং এবং তুফানগঞ্জ। এ সম্বন্ধে বিস্তারিত সমীক্ষা শেষ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমি কলকাতা পৌরসভার কার্যক্রম সম্বন্ধে কিছু তথ্য জানাতে চাই। সকলেই অবগত আছেন যে, দীর্ঘদিন ধরে এই প্রতিষ্ঠানটি নিদারুণ অর্থ সঙ্কটে ভুগছে। এই অর্থকৃচ্ছুতা এবং নানাবিধ অসুবিধা সত্ত্বেও পৌরসভা শহরের জনসাধারণের দৈনন্দিন পৌর সুযোগ-সুবিধা প্রদানের প্রচেষ্টা যথাসাধ্য চালিয়ে যাচ্ছে। জনসাধারণের সমস্ত প্রয়োজন প্রতিষ্ঠানটি মেটাতে পারছে বলে আমি দাবি করি না কিন্তু গত কয়েক বছরের মধ্যে পানীয় জল সরবরাহের উন্নতিবিধান, শহরের রাস্তা সংস্কার, জঞ্জাল অপসারণ এবং জনস্বাস্থ্যের উন্নতিবিধানে যে অনলস প্রয়াস চালাচ্ছে তা অবশ্যই প্রশংসার যোগ্য।

শহরে পানীয় জল সরবরাহের উন্নতিকল্পে টালা পাম্পিং স্টেশনে দুটি নূতন পাম্প বসানো হয়েছে। শহরের দক্ষিণাঞ্চলে জল সরবরাহের উন্নতিকল্পে Auckland Square Boosting Pumping Station স্থাপন করা হয়েছে। শহরের যেসব এলাকায় জলকষ্ট খুব প্রকট সেইসব স্থানে ২৭টি বড় এবং ৫৪০টি ছোট আকারের টিউবওয়েল বসানো হয়েছে। আমহার্স্ট স্ট্রীট বরাবর একটি নূতন লাইন এবং টালা থেকে শোভাবাজার পর্যন্ত ২১ ইঞ্চি ব্যাসযুক্ত জল সরবরাহ পাইপ বসানো হয়েছে। এ ছাড়া প্রখর গ্রীষ্মে-নিদারুণ জলকষ্টের সময়ে ২৮টি ট্যাঙ্কের মাধ্যমে শহরের বিভিন্ন স্থানে পানীয় জল সরবরাহ করা হয়েছে। আর্থিক বছরে কলকাতা পৌরসভা আরও ১০টি বড় এবং ৫০০টি ছোট টিউবওয়েল বসানোর পরিকল্পনা নিয়েছে। এ ছাড়া সি. এম. ডি. এ.-র অর্থ সাহায্যে আরও ১৬৬টি ছোট টিউবওয়েল বসানো হবে।

রাস্তা সংস্কার ও মেরামতির ক্ষেত্রে কলকাতা পৌরসভা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। আলোচ্য আর্থিক বছরে কলকাতা পৌরসভা ছোট-বড় সর্বমোট ৩৯৩টি রাস্তার মেরামতি করেছে। এ ছাড়া ২৫টি ফুটপাথ এবং ২৭টি পার্কেরও সংস্কারসাধন করা হয়েছে। বর্তমান আর্থিক বছরের মধ্যেই আরও ৫১৮টি রাস্তা, ৮০টি ফুটপাথ এবং ৪৬টি পার্কের মেরামত এবং সংস্কারসাধন করা হবে। শহরের সর্বত্রই এই পরিকল্পনা অনুযায়ী কাজ এগিয়ে চলেছে।

শহরকে জঞ্জালমুক্ত রাখা কলকাতা পৌরসভার সামনে এক বিরাট সমস্যা। এই কাজে সাফল্য লাভ করতে পৌরসভাকে নানাবিধ বাধার সম্মুখীন হতে হয়। তবুও জঞ্জালমুক্ত করে শহরকে সুন্দর করে সাজিয়ে রাখার জন্য পৌরসভা দৃঢ়সংকল্প। এই উদ্দেশ্য সাধনের জন্য ইতিমধ্যেই কলকাতা পৌর সভা তার Motor Vehicles Department কে ঢেলে সাজিয়েছেন। জঞ্জাল অপসারণ এবং Dumping Ground-এ এই জঞ্জাল ফেলে দেবার ব্যবস্থা ত্বরান্বিত করবার জন্য একদিকে যেমন রাস্তা অন্যদিকে তেমনি Dumping Ground-এর যথেষ্ট সংস্কার সাধন করা হয়েছে। শহরের জঞ্জাল অপসারণের জন্য যে আধুনিক কর্মসূচী গ্রহণ করা হয়েছে

তাতে বিশ্ব ব্যাঙ্কের অর্থ সাহায্য পাওয়া যাবে। এই উদ্দেশ্যে IDA-II Programme অনুযায়ী ৯ কোটি টাকা এবং IDA-III Programme অনুযায়ী ৭ কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। জঞ্জাল অপসারণের জন্য অতিরিক্ত ২০টি নূতন গাড়িকে কাজে লাগানো হয়েছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে পৌরসভা প্রতিদিন গড়ে ৪৫০ গাড়ি জঞ্জাল অপসারণ করেছে। যার ওজন হবে ২,২০০ টন। এইভাবে কলকাতা পৌরসভা নিদারুণ অর্থসঙ্কট সত্ত্বেও কলকাতা শহরকে জঞ্জাল মুক্ত ও পরিচ্ছন্ন রাখার জন্য যথাসাধ্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

শহরের জনস্বাস্থ্য রক্ষা এবং এর উন্নতিবিধানের জন্যও পৌরসভা সচেতনভাবে কাজ চালাচ্ছে। ইতিমধ্যেই পৌরসভার Central Laboratory-র যথেষ্ট উন্নতি সাধন করা হয়েছে। খাদ্যে ভেজালরোধ, কলেরার প্রতিষেধক টীকা দান, মশার উপদ্রব নিবারণ, পথচারী জন্তু থেকে রোগ সংক্রামণ নিবারণ প্রভৃতি পর্যায়ের কর্মসূচীতে কলকাতা পৌরসভা প্রশংসনীয় কাজ করছে। এ ছাড়া পৌরসভার অধীনে কয়েকটি প্রসূতিসদন রয়েছে। আর আছে Boral T. B. Hospital এবং আরও ৭টি যক্ষা রোগের চিকিৎসালয়। সম্প্রতি পার্ক সার্কাসের দীলখুসা এলাকায় ২০টি শয্যাবিশিষ্ট একটি প্রসূতি সদনের উদ্বোধন করা হয়েছে। ৫টি নূতন Ambulance গাড়ি কেনা, শবদাহ করার জন্য দুটি নূতন বৈদ্যুতিক চুল্লি স্থাপন এবং পথের কুকুর ধরার জন্য নূতন গাড়ি কেনার পরিকল্পনা পৌর সভার আর্থিক বছরের কর্মসূচীতে রয়েছে।

শহরের বস্তি উন্নয়ন পরিকল্পনায় কলকাতা পৌরসভা তার উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। উন্নয়নে অসমাপ্ত ১৫২টি বস্তির মধ্যে কলকাতা পৌরসভা ১৩২টি বস্তি উন্নয়নের কাজ হাতে নিয়েছে। ১৯৮১-৮২ সালে কলকাতা বস্তি এলাকায় পৌরসভা ইতিমধ্যেই ২৬০টি টিউবওয়েল স্থাপন করেছে। সি. এম. ডি. এ. পৌরসভাকে প্রয়োজনীয় অর্থ সাহায্য করতে না পারায় স্থির হয়েছে IDA-II প্রোগ্রামের অর্থ-সাহায্যে এই কাজ সম্পন্ন করা হবে। এই কর্মসূচীতে পৌরসভা ২ কোটি টাকা সাহায্য পাবে। বাকী ২০টি বস্তি উন্নয়নের জন্য IDA-III প্রোগ্রাম থেকে আরও ৩ কোটি টাকা সাহায্য পাওয়া যাবে। পৌরসভার এই বস্তি উন্নয়ন কর্মসূচী এখন চলছে। তা সত্ত্বেও দু' লক্ষ বস্তিবাসী অধ্যুশিত এলাকায় উন্নয়নের কাজে হাত দেওয়া যাবে না।

শহরের ৪টি পৌর বাজারের উন্নতি ও সংস্কারসাধন কলকাতা পৌরসভার আর একটি প্রয়োজনীয় কাজ। প্রধানতঃ বাজারের আয় থেকেই এই বাজারগুলির সংস্কারের ব্যয় নির্বাহ হবে। খরচ পড়বে মোট ২০ কোটি ৬২ লক্ষ টাকা। এই পরিকল্পনা অনুযায়ী মানিকতলা বাজারের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। আইনগত বাধার জন্য অন্যান্য বাজারের কাজ এখনও পূর্ণোদ্যমে শুরু করা যাচ্ছে না। এই বড় ৪টি পৌর-সভার বাজার ছাড়াও দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণীতে পৌরসভা একটি বেসরকারী বাজার অধিগ্রহণ করেছেন এবং ৬৬ লক্ষ টাকা ব্যয়ে এর উন্নয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই বাজারটিরও সংস্কার সাধনের উদ্দেশ্যে একটি পরামর্শদাতা কমিটি নিয়োগ করা হয়েছে এবং তাঁদের সুপারিশ পাবার পর এই বাজারটিরও যথাযথ সংস্কার সাধন করা হবে। ঢাকুরিয়া অঞ্চলে আর একটি বেসরকারী বাজার অধিগ্রহণের কাজও এগিয়ে যাচ্ছে।

বর্তমান আর্থিক বছরে হরিজন কর্মচারীদের বাসস্থানের জন্য পৌরসভা ৫০ লক্ষ টাকা বরাদ্দ করেছে। এর মধ্যে ৪০ লক্ষ টাকা ব্যয়িত হবে বাস্তুক্রয়ের জন্য এবং অবশিষ্ট ১০ লক্ষ টাকা নতুন বাসগৃহ নির্মাণের জন্য। বিগত আর্থিক বছরে পৌরসভা হরিজন কর্মচারীদের বাসগৃহ সংস্কারের জন্য সাকুল্যে ১০ লক্ষ টাকা খরচ করেছে।

এ ছাড়াও আরও কয়েকটি নূতন পরিকল্পনা পৌরসভার বিবেচনাধীন রয়েছে। এই পরিকল্পনাগুলি কার্যে রূপায়িত হলে একদিকে যেমন পৌরসভার শ্রীবৃদ্ধি ঘটবে অন্যদিকে তেমনি শহরবাসী জনসাধারণের স্বাস্থ্যও পৌর সুযোগ লাভে যথেষ্ট উন্নতি ঘটবে। এ আমার আশার বাণী মাত্র নয়, মাননীয় সদস্যদের কাছে ভবিষ্যতের জন্য এ আমার প্রতিশ্রুতি।

অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করবার পূর্বে আমি দৃঢ়তার সঙ্গে ঘোষণা করছি যে, রাজ্যের বামফ্রন্ট সরকার গণতন্ত্রের আদর্শে বিশ্বাসী। শাসকশ্রেণী বা শাসনযন্ত্রের উন্নতি নয়, শাসিতশ্রেণীর উন্নতি বিধানই গণতন্ত্রের আদর্শ। আমরা এই সভার সদস্যগণ সকলেই জনগণের প্রতিনিধি। জনগণের স্বার্থ রক্ষা করতেই আমরা এই সরকার গঠন করেছি — জনগণের কথা বলতেই আমরা এই বিধান সভায় সমবেত হয়েছি। জনজীবনের উন্নতি বিধানের উদ্দেশ্যেই নূতন নূতন এলাকায় পৌরসভা স্থাপন করে এবং জনগণের সক্রিয় সহযোগিতায় গণতান্ত্রিক পদ্ধতিতে শাসন ব্যবস্থার প্রবর্তন করেছি। তদানীন্তন কংগ্রেসী সরকারের পৌরসভাগুলি থেকে কেড়ে নেওয়া গণতন্ত্র, নির্বাচনের মাধ্যমে আমরা পুনরায় প্রতিষ্ঠা করেছি। সীমিত ক্ষমতার মধ্যেও পৌর কর্মচারীদের বেতন বৃদ্ধি এবং চাকুরী ক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধি করে তাঁদের শ্রমের মূল্য দান তথা স্বার্থরক্ষার চেষ্টা করেছি। প্রচণ্ড আর্থিক অনটনের মধ্যেও রাজ্যের সমস্ত শহর এলাকায় প্রভূত অর্থব্যয়ে উন্নতির কমসূচী রুপায়িত করে চলেছি। বঙ্গীয় পৌর আইন এবং কলকাতা পৌর আইনের আমূল পরিবর্তন করে আমরা পৌর প্রশাসনে ক্ষমতার বিকেন্দ্রীকরণ সাধন করেছি। পৌর কর্মচারীগণকে পৌরশিক্ষায় শিক্ষিত করে তোলার যত্ন নেওয়া হয়েছে। পৌরসভাগুলির আর্থিক দৈন্য মেটাবারও যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে। পৌর জনজীবনের সর্বাঙ্গীণ কল্যাণের এক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়েই আমাদের কর্মধারা বিস্তৃত হয়ে চলছে। আমাদের এই কর্মপ্রচেষ্টায় আমরা বহুবিধ প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছি পদে পদে বাধা আছে সত্য কিন্তু আমি বিশ্বাস করি, যে জনগণ সমর্থন জানিয়ে আমাদের শাসন ক্ষমতা অধিকারে সাহায্য করেছেন তাঁরা সর্বদাই আমাদের সঙ্গে আছেন এবং তাঁদের সহযোগিতাতেই আমরা সমস্ত বাধা অতিক্রম করে আমাদের নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছোতে পারব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আমি এই সভাকে আমায় এই বাজেট অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 40**

Major Heads : 284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development.

**Shri Prasanta Kumar Sur :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 76,06,78,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development.

(This is inclusive of a total sum of Rs. 42,63,44,000 already voted on account in March and June, 1982)

১। এই টাকার মধ্যে ২৯,৮৩,০০,০০০ ( উনত্রিশ কোটি তিরাশি লক্ষ ) টাকা ৫৪০ বর্গমাইল পরিমিত সি. এম. ডি. এ. এলাকাভুক্ত ২ ( দুই )টি কর্পোরেশন, ৩৪ ( চৌত্রিশ )টি মিউনিসিপ্যালিটি, ২ ( দুই )টি নোটিফায়েড এরিয়া অথরিটি এবং ৩৪৪ ( তিনশ' চুয়াল্লিশ )টি অঞ্চল এলাকার উন্নয়ন কার্যের জন্য প্রয়োজন।

২। আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, বিভিন্ন উন্নয়ন কর্মসূচী প্রণয়নে জনসাধারণের সহযোগিতা ও অংশগ্রহণের ফলে সি. এম. ডি. এ.-র পক্ষে সুষ্ঠুভাবে অধিকতর কাজ করা সম্ভব হয়েছে। অগ্রাধিকার নীতির পুনর্বিন্যাসের মাধ্যমে বস্তি উন্নয়ন, ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী এবং জল ও ময়লা নিকাশী ব্যবস্থার উন্নয়ন, প্রান্তিক এবং পৌর-বহির্ভূত এলাকায় জলসরবরাহ ব্যবস্থার উন্নয়ন প্রভৃতি কাজে অধিকতর টাকা বরাদ্দ করা সম্ভবপর হয়েছে।

৩। এখন আমি সি. এম. ডি. এ.-র কাজকর্মের সংক্ষিপ্ত বিবরণ দিচ্ছি ঃ

(১) **জল-সরবরাহ ঃ** গার্ডেনরীচ ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। হাওড়া ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্টের কাজ সমাপ্তির মুখে। অকল্যাণ্ড স্কোয়ারে নির্মিত ভূগর্ভস্থ জলাধার ও বুস্টিং স্টেশন চালু হয়েছে, সুবোধ মল্লিক স্কোয়ারে ভূগর্ভস্থ জলাধার ও বুস্টিং স্টেশন নির্মাণের কাজ ১৯৮২-৮৩ সালের শেষে সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে, টালা-পলতা লাইনের দৈনিক জল-সরবরাহ ক্ষমতা বাড়িয়ে ১৬০ ( একশ' ষাট ) মিলিয়ন গ্যালনে দাঁড় করান হয়েছে। ফ্রিঞ্জ এরিয়া ওয়াটার সাপ্লাই স্কীমসের আওতাভুক্ত পৌর বহির্ভূত এলাকায় এখন জল সরবরাহ করা হচ্ছে। এই শ্রেণীর ১৬ ( ষোল )টি স্কীম রক্ষণাবেক্ষণ ও চালু রাখার দায়িত্ব সি. এম. ডব্লিউ. এস. এ.-কে দেওয়া হয়েছে, আরও দশটি স্কীমের অনুরূপ দায়িত্ব শীঘ্রই হস্তান্তরিত হতে যাচ্ছে। সি. এম. ডি.-এর অন্তর্ভুক্ত পৌর এলাকায় জল সরবরাহের পরিমাণ বাড়াবার জন্য কয়েকটি স্কীমের কাজ চলছে। এই ধরণের আঠারটি স্কীম সংশ্লিষ্ট মিউনিসিপ্যালিটিগুলির কাছে হস্তান্তরিত করা হয়েছে এবং আরও কয়েকটি স্কীম হস্তান্তরিত হতে চলেছে।

(২) **ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী এবং জল ও ময়লা নিকাশী ব্যবস্থা ঃ** এক্ষেত্রে সি. এম. ডি. এ. বেশ কিছু সংখ্যক স্কীম হাতে নিয়েছে এবং নিম্নলিখিত বিষয়ের ওপর বিশেষভাবে জোর দেওয়া হয়েছে ঃ

(ক) কলকাতার জল জমা সমস্যা দূরীকরণ,

(খ) কলকাতার যে সমস্ত এলাকায় ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী নেই, সেই সব এলাকায় ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী তৈরী করা,

(গ) জলনিকাশী নালার নির্গম মুখের উন্নয়ন,

(ঘ) পাম্পের কর্মদক্ষতা বাড়ানো,

(ঙ) নতুন সিউএ্যারেজ ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট নির্মাণ করা এবং পুরানোগুলির সংস্কার করে কর্মক্ষম করা,

(চ) ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী পরিষ্কার করা।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই লক্ষ্য করে থাকবেন যে, কলকাতা শহরের জল-জমা-সমস্যাক্লিষ্ট বেশীর ভাগ অঞ্চলেরই এই সমস্যা হয় দূর হয়েছে অথবা প্রশমিত হয়েছে। বালিগঞ্জ, পামার বাজার, তপসিয়া, ট্যাংরা, বেলগাছিয়া, মানিকতলা প্রভৃতি জায়গার পাম্পিং স্টেশনের কর্মক্ষমতা বাড়ানো হয়েছে। উনপঞ্চাশটি স্কীমের মধ্যে তেইশটি স্কীমের কাজ শেষ হয়েছে এবং বাকি স্কীমগুলির কাজ অগ্রগতির বিভিন্ন পর্যায়ে আছে।

(৩) **পরিবহণ ঃ** ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস ও ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়ের বেশীর ভাগ অংশের কাজ শেষ হয়েছে এবং তা যানবাহন চলাচলের জন্য খুলে নেওয়া হয়েছে। শিয়ালদা উড়ালপুলের কাজও শেষ হয়েছে। যানবাহন চলাচলের জন্য এই উড়ালপুল খুলে দেওয়া হয়েছে, এর ফলে ভীড়ের সময় শিয়ালদা এলাকার বহুদিনের জ্যাম-জট সমস্যা হ্রাস পেয়েছে। কলকাতায় যানবাহনের ভিড়জনিত সমস্যা সমাধানের প্রয়োজনীয়তা সম্পর্কে সরকার সচেতন। সি. এম. ডি. এ., মেট্রো রেলওয়ে এবং উন্নয়ন কর্মে রত অন্যান্য সংস্থা মাটির উপরে ও নিচে যে কাককর্ম করছে তা এই সমস্যার জন্য অংশত দায়ী। মেট্রোরেলের কাজের জন্য সেণ্ট্রাল এভিনিউগামী যানবাহন ঘুরিয়ে অন্য রাস্তা দিয়ে চলাচলের বন্দোবস্ত করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা হিসাবে ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ে নিম্নলিখিত ষোলটি রাস্তার প্রয়োজনীয় অংশ উন্নয়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

১। রবীন্দ্র সরণী
২। বিধান সরণী
৩। বি. কে. পাল এভিনিউ
৪। স্ট্রাণ্ড রোড (উত্তরাংশ)
৫। অরবিন্দ সরণী
৬। বিবেকানন্দ রোড
৭। অভেদানন্দ রোড
৮। রাজা দীনেন্দ্র স্ট্রীট
৯। আর. জি. কর রোড
১০। বিধান সরণী (উত্তর)-বি. টি. রোড
১১। মহাত্মা গান্ধী রোড
১২। বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট
১৩। ফকির দে লেন
১৪। গণেশচন্দ্র এভিনিউ
১৫। ক্যানাল ব্যাঙ্ক রোড-গ্যালিফ স্ট্রীট
১৬। স্ট্রাণ্ড ব্যাঙ্ক রোড।

রেলওয়ে বোর্ড এ কাজের অর্ধেক ব্যয় ভার বহন করতে এবং সি. এম. ডি. এ. যাতে কাজ শুরু করতে পারে সেজন্য ৩৭,৫০,০০০ ( সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা অগ্রিম দিতে সম্মত হয়েছে এবং এ সম্পর্কে তাদের অনুমোদন হালে পাওয়া গেছে।

(৪) **বস্তি উন্নয়ন ঃ** স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি, রাস্তা তৈরী, আলো ও জল-সরবরাহের কাজ বস্তি উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ১৯৮২-৮৩ সালে বস্তি উন্নয়ন কর্মসূচী রূপায়ণের মাধ্যমে ৩,০০০ পাকা পায়খানা, ৬০,০০০ বর্গমিটার রাস্তা, ১৪,০০০ মিটার ড্রেন, ৩০,০০০ মিটার ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী, ৯,০০০ মিটার ওয়াটার মেইনস, ৫০০টি জলের কল, ৪টি গভীর নলকূপ এবং ৮০০টি রাস্তার আলোর বন্দোবস্ত করার লক্ষ্যমাত্রা স্থির হয়েছে।

(৫) **এলাকা উন্নয়ন ঃ** বৈষ্ণবঘাটা-পাটুলি প্রকল্পের কাজ সমাপ্তির মুখে। শহর পত্তনের আনুষঙ্গিক অন্যান্য উন্নয়নমূলক কাজ চলছে। এই প্রকল্পের প্রয়োজনীয় অর্থের কিছু অংশ হাডকোর কাছ থেকে ঋণ নিয়ে মেটানোর বন্দোবস্ত করা হয়েছে। কারা এই শহরে জায়গা পাবে তা লটারীর মাধ্যমে ঠিক করা হয়েছে। প্রকল্পের কাজ ১৯৮৩ সালের মার্চের পরেও চলবে। পূর্ব-কলকাতার শহর পত্তন প্রকল্পের মাটি ভরাটের কাজ চলছে। হাওড়ায় মাছ ও পানের বাজার পুনর্নির্মাণের কাজ সন্তোষজনকভাবে এগোচ্ছে।

(৬) **জঞ্জাল অপসারণ ঃ** গোড়ার দিকে কলকাতা কর্পোরেশন আবর্জনা পরিষ্কারের কাজ হাতে নিয়েছিল। কিন্তু সমস্যার আয়তন ও গভীরতা বিবেচনায় এবং সমস্যা সমাধানে কাজের অগ্রগতি আরও ত্বরান্বিত করার জন্য সি. এম. ডি. এ. কাজে হাত দিয়েছে। সি. এম. ডি. এ. এই প্রকল্পের আওতায় কিছু ওয়ার্ড অফিস, ভ্যাটস্ ( ময়লা রাখার আধার ), গ্যারেজ (গাড়িঘর) এবং ওয়ার্কশপ নির্মাণ করেছে। তা ছাড়া সি.এম.ডি.এ. কলকাতা কর্পোরেশন ও সি.এম.ডি.এ. এলাকাভুক্ত কয়েকটি পৌরসভাকে কিছু কিছু যন্ত্রপাতিও সরবরাহ করেছে।

(৭) **গবাদি পশুর পুনর্বাসন ঃ** ১৪,০০০ গবাদি পশুকে কলকাতা ও হাওড়া শহর থেকে সরিয়ে শহরতলীতে পুনর্বাসনের জন্য চারটি জায়গা নির্দিষ্ট করা হয়েছে। গঙ্গানগর প্রকল্পের কাজ শেষ হতে চলেছে। গার্ডেনরীচ, পূর্ব-কলকাতা এবং হাওড়ায় কাজ এগিয়ে চলেছে।

৫। সি.এম.ডি.এ.-র জন্য উপরিউক্ত বরাদ্দ ছাড়া কলকাতা কর্পোরেশন এবং রাজ্যের অন্যান্য লোকাল বডিগুলির আর্থিক প্রয়োজন মেটানোর জন্য ২১,০৪,৯৮,০০০ (একুশ কোটি চার লক্ষ আটানব্বই হাজার) টাকা ধরা হয়েছে। এই টাকার মধ্যে ২,০০,০০,০০০ (দুই কোটি) টাকা কলকাতা কর্পোরেশন অন্যান্য পৌর সভাগুলির আর্থিক সংগতি বাড়াবার জন্য দেওয়া হবে। এ যাবৎ সি.এম.ডি.এ. তার বিভিন্ন কর্মসূচী রূপায়ণের মধ্য দিয়ে যে সকল সম্পদ সৃষ্টি করেছে তা রক্ষার জন্য পাঁচ কোটি টাকা ধরা হয়েছে।

৬। গড়িয়াহাট এলাকায় স্পট ডেভেলপমেণ্ট, মানিকতলা এলাকায় সিভিক সেণ্টার নির্মাণ প্রভৃতি প্রকল্প সি.আই.টি দ্বারা রূপায়ণের জন্য ১,১৫,০০,০০০ (এক কোটি পনের লক্ষ) টাকা ধরা হয়েছে। এছাড়া হাওড়ায় কদমতলা, সালকিয়া

ন্টগোলা, ডুমরাজলা, সেণ্ট্রাল পার্ক প্রভৃতি এলাকা উন্নয়নের জন্য হাওড়া ইমপ্রুভমেণ্ট াস্টকে ২০,০০,০০,০০০ (কুড়ি লক্ষ) টাকা দেবার প্রস্তাব রাখা হয়েছে।

৭। বর্তমানে কলকাতা শহরে বাণিজ্যিক এবং কর্মব্যস্ত এলাকায় কতকগুলো ম্পত্তির যথোপযুক্ত সদ্ব্যবহার হচ্ছে না। আমরা যদি পরিকল্পিতভাবে এসব এলাকার ন্নতি ও জমির সদ্ব্যবহার করতে পারি, তবে এই এলাকায় ক্রমবর্ধমান জমির ও স্থানের াহিদা মেটানো সম্ভব হবে এবং এর ফলে অর্থনৈতিক কাজকর্ম বাড়াতে সুবিধা হবে। ।ই উদ্দেশ্যে এই দাবির মধ্যে ১২,০০,০০০ (বারো লক্ষ) টাকা ধরা হয়েছে।

৮। ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাস এবং পূর্ব-কলকাতাস্থ রেললাইনের মধ্যবর্তী ।লাকার উন্নয়নের কাজে হাত দেওয়ার জন্য ৬ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। ।ই স্কীমের প্রধান উদ্দেশ্য ঃ

(ক) পাবলিক ও প্রাইভেট বিনিয়োগের মধ্য দিয়ে আবাসন প্রকল্প তৈরী ও রূপায়ণ করা,

(খ) চাকরির সুযোগ সৃষ্টি করা,

(গ) আর্থিক দিক থেকে সমাজের দুর্বলশ্রেণীর জন্য বিশেষ কর্মসূচী প্রণয়ন করা ও রূপায়ণ করা, এবং

(ঘ) রাজ্য সরকার এবং রাজ্য সরকারের অধীন বিভিন্ন বিধিবদ্ধ সংস্থার, কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকারের অধীন বিভিন্ন বিধিবদ্ধ সংস্থার অফিস ও আবাসনের জন্য প্রয়োজনীয় স্থানের সংকুলান করা।

৯। এর পরে আমি কল্যাণী শহরের উন্নয়নের প্রশ্নে আসছি। যদিও কল্যাণী শহর উন্নয়নের কাজ ১৯৫০ সালে শুরু হয়েছে, তবুও অনেক কারণের জন্য এই শহরের উন্নয়ন-কার্য আশানুরূপ গতিতে এগোয় নি। যদিও অনেক পরে শুরু হয়েছে তবুও কলকাতা মহানগরীর সান্নিধ্যে হওয়ার জন্য লবণ হ্রদ নগরী উন্নয়নের কাজ কল্যাণী শহরের উন্নয়ন কাজের চেয়ে দ্রুততর গতিতে এগিয়েছে। কল্যাণীর দ্রুত উন্নয়নের পথে প্রধান অন্তরায় হল দ্রুত যাতায়াতের সুযোগসুবিধা না থাকা। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে কল্যাণী সহরের সীমান্ত পর্যন্ত রেল লাইন সম্প্রসারিত হয়েছে। ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়ের ব্যারাকপুর থেকে কাঁচরাপাড়া পর্যন্ত অংশের কাজ শেষ হয়েছে এবং এই অংশ যানবাহন চলাচলের জন্য খোলা হয়েছে। গত তিন বছরে হুগলি নদীর উপর কল্যাণী এবং বাঁশবেড়িয়া সংযোগকারী সেতু নির্মাণের কাজ অনেকটা এগিয়েছে। এই সেতুর এবং ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়ের কাজ শেষ হলে কলকাতা মহানগরীর ওপর জনসংখ্যার চাপ প্রশমিত করবার একটি বিকল্প ব্যবস্থা হিসাবে কল্যাণী শহরের গুরুত্ব অনেক বেড়ে যাবে। ১৯৮২-৮৩ সালে কল্যাণী শহরের উন্নতির জন্য ১৬ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

১০। রাজ্যের ছোট ছোট এবং মাঝারি ধরনের শহরের অধিবাসীদের মৌলিক প্রয়োজন মেটাবার জন্য ৩ কোটি টাকা ধরা হয়েছে।

১১। দি ওয়েস্ট বেঙ্গল টাউন এণ্ড কানট্রি (প্ল্যানিং এণ্ড ডেভেলপমেণ্ট) এ্যাক্ট, ১৯৭৯ অনুযায়ী যে বিভিন্ন ডেভেলপমেণ্ট অথরিটি তৈরি হয়েছে যথা—(১) আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি, (২) হলদিয়া ডেভেলপমেণ্ট অথরিটি, (৩) শিলিগুড়ি-

জলপাইগুড়ি ডেভেলপমেণ্ট অথরিটি, তাদের দ্বারা বিভিন্ন শহর ও পল্লী অঞ্চলের পরিকল্পিত ও সুষম সার্বিক উন্নয়নের জন্য ৩,৮৫, ১০,০০০ (তিন কোটি পঁচাশি লক্ষ দশ হাজার) টাকার প্রস্তাব করা হয়েছে। উক্ত অথরিটিগুলি জল সরবরাহ, ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী এবং জল ও ময়লা নিকাশী ব্যবস্থা, রাস্তা নির্মাণ, বাজার পত্তন প্রভৃতি জনহিতকর প্রকল্প গ্রহণ করেছে। হলদিয়া একটি আধুনিক বন্দর এবং শিল্প নগরী হিসাবে গড়ে উঠেছে। কিছু সংখ্যক শিল্প ইতিমধ্যেই এখানে স্থাপন করা হয়েছে এবং ভবিষ্যতে আরও শিল্প গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে। হলদিয়ার বিভিন্ন কলকারখানার ক্রমবর্ধমান কাজকর্ম রাজ্যের অর্থনীতির ওপরে অবশ্যই প্রভাব বিস্তার করবে। বিশেষতঃ এর ফলে জনগণের জন্য চাকুরীর সুযোগ এনে দেবে।

মহাশয়, আমি সভাকে উত্থাপিত দাবী বিবেচনা ও অনুমোদন করার অনুরোধ জানাচ্ছি।

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I am opposing the budget placed by the Minister-in-charge of Local Government and Urban Development, Shri Prasanta Kumar Sur. If you go through the printed speech of the Hon'ble Minister it is full of disappointment to the people residing in urban areas, either it may be Municipal area or Corporation area. Here you will find, Sir,—they have said regarding the increase of population in Calcutta and other urban areas—the population has increased not only in the urban areas of our State but in other States also. For example, Gujrat and Maharashtra—look to the functioning of Maharashtra and Gujrat Municipalities. There is gulf of difference between the condition of roads of those cities and of ours. This present Government have totally failed to administer the department. If you just go to the streets you will find that these are lying damaged for years together. You know, Sir, there is a rule in the Municipal Act. If the Telephone Department, Electricity Department or any such organisation wants to lay pipes under the roads he has got to prepay the charges for damaging the roads. He has paid the charges as many times as it has been damaged, but the roads have not been repaired for years together. Money is going in the pocket of the Municipality. What is going to be wrong—the people become frustrated. Sir, previously we used to see that just a month before the Pujas almost all the roads in Calcutta and in other Municipalities roads were repaired. But nothing is happening now. Under the Left Front regime the coffer of the Corporation and Municipalities is exhausted, because most of the money has been spent towards the establishment; This is the position of the Calcutta Corporation and other Municipalities. Out of Rs. 60 crores they are paying about Rs. 30 crores for the establishment. If they would have got sufficient money then they would have maintained it.

Sir, now, I am coming to the building department. There is one building department. If you submit a plan there then it will go to the Accoun-

tant who will assess the charges. How much money have to be paid ? Where one Accountant is sufficient there are now six Accountants to assess this. The number of plans submitted in the Calcutta Corporation has increased. Where is the land in Calcutta for new construction ? Of course unauthorised construction—hundreds and hundreds—are going on, and for this there are about 10,000 cases lying in the Court. I think, the Minister is encouraging unauthorised construction. There is a rule. Where there is unauthorised construction of building the drinking water line is cut. The men who perform the unauthorised contructions they know how to manage the administration. Whose administration ? It is practically the C.P.M. cadre administration. The local C.P.M. workers are getting some amount to get the plans of unauthorised construction approved, and that is why there is no cutting of drinking water line. Have the rules been strictly observed then 10,000 unauthorised construction did not happen. But now it is going on unabated.

Sir. there was one City Architect. He was one of the experts inthis tasks and this Minister-in-charge sent him abroad to learn more on building affairs. When he came back to the Calcutta Corporation he was transferred from that department. He could not get any chance to prove the fruits of his learning. The present incumbent who is posted in this building department has got no knowledge about building. So, how the people will get justice from him ? Then there is another thing. Suppose you are to submit a plan to any department. Previously there was a rule that if you submit any plan to the building department, it will go to the C. I. T., then it will go to the C. M. D. A- and then to other sister departments. The department will then take necessary action. But what is happening now. You will have to go to all the departments individually. Why do you have to go to all the departments ? You will have to pay money to all the parties of the concerned department. So, you are creating corruption and you are creating nepotism also. Why one himself have to go to other departments for getting it sanctioned ? You are interferring into the C. M. D. A. But you have got your experts. The building department is functioning under one Deputy City Architect and one City. Architect.

[11-10—11-20 p.m.]

New if the building is above sixty meter high, them you will have to appoint another assessor for it. Yesterday he was speaking that huge amount is lying in the assessment because I know trere is, once it so happened, an education officer of the Calcutta Corporation. He appeared in another interview-room and he has a man who entered the very room where the interview was going on. He helped his cadre to be appointed or selected as Education Officer. Then how will citizens get justice.

There is another affair. There is one ambulance, which is badly damaged, for the party purpose. So actually it is the picture of the mumici-

pality and of the Calcutta Corporation. The Calcutta Corporation has been converted into the CPM Office. You are recruiting more and more persons who have get no jubs, and asked the Engineering Dept. personnel about its responsibility ? So you are draining the money in this way. You have got no room to accommodate them or to make some seating arrangement there. Whose money are you spending ? The money is coming from the poor, the poor hawkers, the poor dwellers of the city from whom you are charging doubly which was paid previously, and such money you are utilising and giving your cadres. So the entire municipality has become a source of the CPM Party house. How the **Mazaffar Bhavan** comes into existence.

It is a miracle that the corporation office and a free primary corporation school was functioning in the Corporation Building. You have done it not for the sake of the people but for the sake of the party. You removed the school from there. There was a park belonging to the Calcutta Corporation. You removed the school there.

মানে পরের ধনে পোদ্দারী বলে একটা কথা আছে। পার্শ্বে একটা পার্ক আছে, সেখানে একটা কর্পোরেসন করে দেওয়া মানে কর্পোরেসন স্কুল সেখানে গেল। আর ঐ বাড়ি খালি করে দিয়ে সেখানে একটা মিউনিসিপ্যালিটি ভবন তৈরী করা হ'ল।

You have taken undue advantage, wrong advantage — it is not good. People can understand it. This Govt. is not functioning not for the cause of the people but for the cause of party, i. e. the CPM Party. I know you are enjoying your portfolio and again you got it renovated anew this year.

Now, Sir, I can say about water. Water is an important problem of the mankind. Municipality is bound to supply water to every house-holder, to those who are paying minimum taxes to the municipalities or your corporation or something like that authority. They are entitled to get drinking water. Are you supplying minimum quantum of water to every citizen of Calcutta ? There is frequent damage in Tala and Palta. Why is it happening ? What is wrong there ? Because there are Trade Union people, because there are interested men who are inefficient and who are your party men. You are promoting them only on the basis of loyalty to your party but not on the basis of quality. That is way the people are suffering in the city and urban municipality.

Sir, you see Raja Subodh Mullick Square and you pass it so many times as you are residing there more than five years. It is going to be commissioned in that part of the city and the population will get water soon, but still it is a dream to us—various reasons are given this way or that way and still now it is not commissioned. What is the reason behind it ? What is happening in the Lighting Department functioning in the urban area and Calcutta area. There is none to put off the lights, and there is none to look after it.

Sir, this is happiening. This is the position. This is the picture—there are bribes and corruption beoause the suppliers of materials are adopting unfair means. You are planning the Hogg Markets. Simply youhave made it for the bix people and you have got no true idea about it. How have you chosen a very small park for the birds and hens where most of the birds and hens are dying within 24 hours due Io paucity of accommedation ? How are you going to do do this ?

Then I come to College Street Market. You are doing market on the roads. You ordered your policc to clear the road, but you yourself made a blocade. What is happening there ? This is a national loss. You are spending crores of rupees for the foreign countries for petroleum and diesel. A man who is coming by a car will have to face trouble for a longway for a short distance due to encroachment of the road. From the national point of view, you are wasting petroleum and diesel because of the nonplanning of the schemes due to wrong procedures adopted by you.

( Noise and interruptions )

( noise )

Sir, even today there is no plan, no scheme, no probable development in any of your depertments. Yesterday, the Minister said that huge amount of money remains unrealised. Why it has not been realised ? For the purpose of hearing the tax payers grievances, you have appointed retired persons of Writers' Buildings — your henchmen— as special officers. They are inefficient, they have got no knowledge about the matter, still you put the persons in charge of hearing 440 unauthorised building cases. So the inefficiency starts with the inefficient persons who are running the Corporation. So there is a colossal loss of money. An amount of Rs. 60 crores is lying unrealised at present. If it was realised and properly utilised, if you appointed efficient persons in various departments, then the situation would definitely improve.

Formerly, when you were in the Corporation, there were Mayor's T. B. clinics for the busti people. Now go and see what is happening there. These units are dying. It is urgently needed to look after the clinics for the betterment of the busti people. The busti people, for whose benefit the Mayor's T. B. clinics were established, are now dying because they are not getting any medical help from those units. I request you to look after these units.

Your government is only thinking how to collect money, how to help party cadres, how to help your henchmen, how to help your own people. You are not thinking in the patriotic way to benefit the common people in general.

Now, I come to CMDA. Sir, in our time, there was a scheme for environmental development in the busti areas Pucca roads and latrines were constructed for the poor busti people. But they are now deprived of getting

such facilities as they are not getting service and maintenance. If you go to CMDA and seek help for their service and maintenance, they will ask you to go to the Corporation and vice versa though Mr. Kutty is handling crores and crores of rupees. It is evident from the newspapers that Corporation and CMDA are both brothers. They are brothers in papers only but not in the day to day functioning. One day I received a letter from an officer of CMDA for the purpose of inspection of the road crossing at Rafi Ahmed Kidwai Road and Rippon St. When I went there I found that the Corporation officers were not present. It has surprised me very much and definitely it is a fault on your part. Instead of going there they informed me that there is no pipe leakage or damage. You are not able to run both the organisations — CMDA and Corporation efficiently. So people are fed up and we have seen its reflection in the last General Election.

[11-20—11-30 a.m.]

In the last General Election eleven persons come from Cong (I) whereas none from you has been returned. Why it has so happened ? I have already explained the reasons, the people of Calcutta are fed up and they rejected you. Being rejected by the people of Calcutta you are afraid of holding the election of Calcutta Corporation. Now you are thinking to add more areas to Calcutta Corporation. Why ? You have a political motivation as how to come in majority. You are only thinking of the portfolio.

Now you have reduced the age of voters to eighteen. Why have you done so ? It is only to show the people that you are democratic minded. So many times you are telling that you are democratic. If it is actually so, you could hold the Corporation election seven years ago. But you have not done so. Now you are thinking about greater Calcutta and I think this is a plea for deferring the Corporation election. In this way you are curtailing the people's rights. You are afraid because you know well that the Calcutta people have rejected you. Even in the urban areas the people are fed up of load shedding. In so far as the drainage system is concerned, you have proved failure in that respect too. You are spending crores and crores of rupees, but that is uot for the benefit of the common people ; that is only for the benefit of your party.

( At this stage the red light was lit )

Mr. Speaker : Please take your seat. Now Shri Sachin Sen.

শ্রীশচীন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। রফি সাহেব কি বললেন তার সমস্ত কথা বুঝতে পারিনি, তবে যেটুকু বুঝেছি তার উত্তর দেবো। তিনি ৮৯ দিনের জন্য পৌরসভার মন্ত্রী ছিলেন। তার পরবর্তী সময়ে সিদ্ধার্থ রায়ের মন্ত্রীসভা যখন কর্পোরেশনকে সুপারসিড করেন এবং সমস্ত মিউনিসি-

প্যালিটিকে রাজ্য সরকারের একটা পোষ্ট বক্সে পরিণত করেন তখন শতদা সেখানে ছিলেন এবং তারপর কিছুদিনের জন্য মন্ত্রী ছিলেন বর্তমান বিরোধী দলের চিফ হুইপ সুব্রতবাবু। আমাদের সরকার আসার পূর্ব মুহূর্ত পর্যন্ত তুলনামূলকভাবে একটু বিচার করতে হবে। আনসারী সাহেব ট্যাক্স সম্বন্ধে বলেছেন। পৌরসভা তার আর্থিক সংগতির উপর নির্ভর করে চলে, অর্থাত কনসলিডেটেড রেটের উপর। বাড়ির ট্যাক্স তার একমাত্র ইনকাম। ক্যালকাটা কর্পোরেশানের শতকরা ৮০।৮৫ ভাগ আয়ের যে টাকা তা আসে কনসলিডেটেড ট্যাক্স থেকে। এই ট্যাক্স যদি ঠিক মত না আসে তাহলে পৌরসভা ঠিক মতন পরিচালনা করা যাবে না। আর্থিক দুর্গতিতে সমস্ত পৌরসভা ধুকছে। এ বিষয়ে তুলনামূলক বিচার করে দেখবো ১৯৭১-৭২ সালে আনসারী সাহেব ৭ কোটি ৬২ লক্ষ টাকা আদায় করতে পেরেছিলেন, শতদার আমলে তিনি একটা সময়ে ভাল ড্রাইব দেওয়ায় ৭ কোটি ৯৬ লক্ষ টাকা পর্যন্ত আদায় করেছিলেন এবং তাঁর চেয়ে পরে দক্ষ ব্যক্তি গিয়ে ১৯৭৪-৭৫ সালে ৯ কোটি ১৫ লক্ষ টাকা পর্যন্ত আদায় করতে পেরেছিলেন। আর আমাদের সময়ে আমাদের দক্ষ মন্ত্রীর পরিচালনায় ১৯৮১-৮২ সালে তিনি আদায় করতে পেরেছেন তাঁর প্রশাসনকে দিয়ে ১৭ কোটি ৯৮ লক্ষ টাকা, প্রায় ১৮ কোটি টাকা। কোথায় ৭ কোটি আর কোথায় ১৮ কোটি। কিভাবে এটা সম্ভব হয়? ক্যালকাটা কর্পোরেশানকে গিলে খাবার চেষ্টা করছে কায়েমী স্বার্থ ভেস্‌টেড ইন্টারেস্টরা। এদের উপর আক্রমণ না চালালে অর্থ আদায় করা যায় না, প্রশান্তবাবু তাই করেছেন। এরা কারা তার লিস্ট দেব, এরা পৌরসভাকে দিনের পর দিন পংগু করে রাখার চেষ্টা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশান্তবাবু কি সব কটা ভেস্টেড ইন্টারেস্টকে আক্রমণ করতে পেরেছেন? না। এই বাস্তুঘুঘুরা নানা কায়দা জানে। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৫১ যেটা এখনও চালু আছে তার কতকগুলি ত্রুটির জন্য কলকাতার বাস্তুঘুঘুরা যারা ওদের ছত্র ছায়ায় বাস করে তারা আদালতের আশ্রয় নিয়ে ট্যাক্স যাতে না দিতে হয় তার ব্যবস্থা করেছে। দীর্ঘদিন আমরা পৌর সভায় ছিলাম, আনসারি সাহেবও বহুদিন কাউন্‌সিলার ছিলেন, ১৮ নং রবীন্দ্র স্মরণি যেটা পোদ্দার কোর্ট, পোদ্দাররা যার মালিক, তাদের ৪৮ লক্ষ টাকা বাকি আছে, সাপ্লিমেণ্টারী বিল সহ ৭০ লক্ষ টাকা তাদের কাছে পাওনা। কিশোরী লাল চনচনিয়া পৌরসভার ডেপুটি মেয়র ছিলেন, আপনার ফাইনান্স কমিটির চেয়ারম্যান ছিলেন, সেই কিশোরী লাল চন্‌চনিয়া ২৫ হাজার প্লাস ইন্টারেস্ট ৫০ হাজার টাকা বাকি রেখেছেন। এস, এন. পোদ্দার, বাজোরিয়া এণ্ড কোং, রাধেশ্যাম সরাফ, মানিকলাল বিড়লা, মামচণ্ডী আগরওয়াল, বসন্ত কুমার বিড়লা, হোটেল হিন্দুস্থান, এরা প্রায় ২ কোটি টাকা কর্পোরেশানকে ফাঁকি দেওয়ার জন্য এখন আদালতের আশ্রয়ে আছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তাড়াতাড়ি এইসব মামলার নিষ্পত্তি করার জন্য। কারণ, পৌরসভাকে আর্থিক দুর্গতির মধ্যে ফেলে দিয়ে তারা এটাকে পঙ্গু করে দিতে চায়। শেষ পর্যন্ত তিনি তুলেছেন নির্বাচন কেন করেননি। নির্বাচনের প্রতি খুব মায়া দেখছি। পৌরসভার নির্বাচন দেরী হচ্ছে কেন সেই কারণগুলি নিশ্চয়ই জানেন। পশ্চিমবঙ্গের সমস্ত পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত করার সিদ্ধান্ত যখন বামফ্রণ্ট সরকার করলেন তখন

কলকাতা কর্পোরেশন, হাওড়া তাদেরও নির্বাচন হওয়ার কথা উঠল। আপনারা ভাবতে পারবেন না কিভাবে পৌরসভাগুলি চলছে, বর্তমানে যে আইন আছে তাতে জনপ্রতিনিধিদের ক্ষমতা প্রায় নেই, ঐ একজন কমিশনার তাঁর হাতে সমস্ত ক্ষমতা। আমাদের জনগণের প্রতি খানিকটা দায়িত্ব আছে, কাজেই গণতন্ত্রীকরণের প্রচেষ্টা আমরা করেছি। পৌরসভার ইতিহাসে, এই এ্যাসেম্বলীর ইতিহাসে, আমার মনে হয় সারা ভারতবর্ষের ইতিহাসে পৌরসভা সংক্রান্ত যে আইন বামফ্রণ্ট সরকার পাশ করেছেন তার সম্মতি রাষ্ট্রপতির কাছ থেকে আসতে ১ বছর দেরী হয়েছে। সেখানে ব্যাপক গণতন্ত্রীকরণ করা হয়েছে, নির্বাচিত প্রতিনিধিদের হাতে অধিক ক্ষমতা দেওয়া হয়েছে, ডিসেণ্ট্রালাইজেসান অব পাওয়ার সেটা করা হয়েছে এবং এটাকে কার্যকরী করতে পারলে জনপ্রতিনিধিরা জনসাধারণের কাছে নিশ্চয়ই কৈফিয়ত দেবেন, কাজ করবেন। এই যে ব্যবস্থা করা হয়েছে এটা মিনি ক্যাবিনেটের মত, এটা রাজ্যসরকারের পোষ্ট বক্সের মত থাকতে পারছে না। সেই যে বিরাট পরিবর্তন আনা হল এটা যাতে কার্যকরী না হয় তার প্রচেষ্টা চলছিল। এটা দেরীতে এসেছে বলে তাড়াতাড়ি নির্বাচন করতে পারা যায়নি। নির্বাচন নিশ্চয়ই হবে। তিনি বলেছেন কংগ্রেস ( আই ) ভোট পেয়েছেন বেশী। হিসাবে দেখছি যে নির্বাচন হয়ে গেল ভোটের সংখ্যা আপনাদের বেশী নয়, বামফ্রণ্ট বেশী পেয়েছে।

[11-30—11-40 p.m.]

অতীতে দেখেছি নির্বাচনে কারা বেশী ভোট পেয়েছে। নির্বাচন হোক না, জবাব পাবেন। সব বক্তব্যের জবাব দেওয়া যাচ্ছে না, সময় নাই। আরও কয়েকটি হিসাব দিই। হোটেল হিন্দুস্থান ইণ্টারন্যাশন্যাল, এখানে প্রায়ই আপনারা খাওয়া-দাওয়া করেন — ৪৫ লক্ষ টাকা বাকী রেখেছে। মামলা করতে যাচ্ছে যাতে ট্যাক্স না দিতে হয়। এটা কার — বাজোরিয়া কোম্পানীর। সর্বোপরি এর মধ্যে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট আছে। তারা ট্যাক্স দেবে না। অথচ সিংহভাগ রোজগার তারা এখান থেকে করে। সব সময় বলা হয় পৌরসভায় কাজ হচ্ছে না — আপনাদের সময় কি ছিল? আপনারা গত ৩০ বছরে যে সর্বনাশ করেছেন তার একটা বৈপ্লবিক পরিবর্তন আনার আমরা চেষ্টা করছি এবং সত্যিকারের জনপ্রতিনিধির কাছে একে তুলে দেবার চেষ্টা করা হয়েছে। পৌরসভার যাবতীয় ঐক্য এনেছে এই বামফ্রণ্ট সরকার। বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী ও প্রশান্তবাবুর দক্ষতায় এর ব্যাপক উন্নতি হয়েছে এটা আপনারা খেয়ালে রাখবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় পৌর মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় তাঁর ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য যে অনুরোধ রেখেছেন আমি দুঃখের সঙ্গে তার প্রতিবাদ করছি। এই কারণে যে আপনি বোধ হয় নিশ্চয় এনড্রোস করবেন mathematics can never lie, অঙ্ক শাস্ত্র মিথ্যা হতে পারে না। একটু আগে শচীনবাবু বললেন পৌরসভা অনেক কাজ করেছে। নিশ্চয়, তারা গত পাঁচ বছরে পাঁচ হাজার লোককে চাকুরী দিয়েছেন। আজকে পৌরসভায় মোট ৩৩ হাজার লোক

চাকুরী করে। আজকে এই বিধানসভা কনস্টিটিউয়েন্সি মোট সভ্য সংখ্যা হচ্ছে ২২ জন। কলকাতায় মোট ২২ লক্ষ লোক বাস করে। তা হলে হিসাব করে দেখা যাবে প্রতি ৬৭ জন লোকের পিছনে একজন করে কর্মচারী আছেন। এটা মাথা নত করে স্বীকার করবেন। নিশ্চয় কালেকসন করেছেন, তবে যে ফিগার দিয়েছেন সেটা ভুল। ১৯৭৫-৭৬ সালে সাড়ে ১১ লক্ষ টাকা আদায় হয়েছিল। ওঁরা বাড়িয়েছেন। তার কারণ, ট্যাক্সের হার বেড়েছে এবং আপনারা চেষ্টাও করেছেন। আজ শুধু বলি আমাদের সময়ে—অর্থাৎ ১৯৭২-৭৭ সালে ওয়েজ বিজ ছিল ১ কোটি ২০ লক্ষ টাকা।

মাননীয় পৌরমন্ত্রী সেদিকে চোখ রেখেছেন, পার্টিকে বাড়াতে হবে, নিজস্ব পার্টিকে বাড়াতে হবে তার জন্য বিল বাড়িয়েছেন ২ কোটি ৪০ লক্ষ টাকা। আগে ছিল ১ কোটি ২০ লক্ষ, এখন মাসিক বিল হচ্ছে ২ কোটি ৪০ লক্ষ। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন রাখবো, কলকাতা শহরে প্রতিদিন মাশরুমের মত বড় বড় বাড়ি উঠছে, উনি কি একবারও বিচার করবেন না, জল, আলো, ড্রেনেজ, এইগুলোর কি হবে? আজকে কলকাতা শহরে ১০ ঘণ্টা খুব বেশী হলে আলো পাওয়া যায়। তার উপর আমার এলাকায় জলের অবস্থা অত্যন্ত শোচনীয়। কিন্তু কর্পোরেশনের অধিকর্তারা দিনের পর দিন, রাতারাতি প্ল্যান স্যাংশন করে যাচ্ছেন পয়সার লোভে। কারণ তারা পয়সা পাবে। আজকে একবারও এরা ভাবেন না যে ড্রেনেজের কি হবে, জল কোথায় পাওয়া যাবে — এই সব ব্যাপারগুলো একবারও কেউ ভাবছেন না। আজকে উত্তর কলকাতার বাগবাজারের অবস্থা দেখুন, সেখানকার জনসাধারণ জল পাচ্ছেন না। সাউথ ক্যালকাটার মানুষগুলো কোথায় যাবে? তাদের জল-এর ব্যবস্থা কি হবে? জলের জন্য পরিকল্পনা নিয়েছিলেন ওঁরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শোনা গেল, গার্ডেনরীজ ওয়াটার ওয়ার্কস কমিশণ্ড হলে কলকাতা শহরের মানুষ জল পল পাবে, এই কমিশণ্ড হচ্ছে, হচ্ছে, করেও হলো না, অকল্যাণ্ড স্কয়্যার ওয়াটার সাপ্লাই প্রজেক্ট এই হলো এই হলো করে এখনও পর্যন্ত কমিশণ্ড হলো না — কলকাতা শহরে জল নেই। সুবোধ মল্লিক স্কয়্যারে ঘটা করে ব্যবস্থা হলো, কমিশণ্ড হলো, — কিন্তু জল নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সৌভাগ্য হয়েছিল কালকে মাননীয় পৌরমন্ত্রীর সংগে সাক্ষাত করার। আমি তাঁর কাছে নিবেদন করেছিলাম, উত্তর কলকাতার গঙ্গার ধার ধরে গোটা বাগ বাজার এলাকায় জল পাচ্ছে না — আমরা জল পাব না, আলো পাবো না, ড্রেনেজ পরিষ্কার হবে না, কিছুই হবে না, আর আজকে আমাদের এই বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের অপূর্ব কীর্ত্তির কথা বলতে হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা কর্পোরেশনের আওতায় ড্রেনেজ করার জন্য ঐ খাতে স্যাংশন হয়েছে সাড়ে তিন কোটি টাকা. কিন্তু আমি মাননীয় বিধান সভার সদস্যদের বলবো, তাঁরা তো নিশ্চয়ই কলকাতা শহরে চলাফেরা করছেন, একেবারে উত্তর কলকাতার বাগ বাজার থেকে সাউথের শেষ পর্য্যন্ত যদি যান নিজেরাই বুঝতে পারবেন কলকাতা শহরের ড্রেনেজের কি অবস্থা। আমাকে এই পবিত্র বিধানসভায় দাড়িয়ে আর বিশেষ কিছু বলতে হবে না ড্রেনেজ সম্পর্কে। আপনারা সকলেই বুঝতে পারবেন যে আজকে কি অবস্থায় রাস্তাগুলো এসে পৌঁচেছে এবং ড্রেনেজের অবস্থা কি। আজকে এই পবিত্র

বিধানসভায় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখতে পারি কি, এই ৩৷৷ কোটি টাকার ব্যয়ের হিসাব তিনি দেবেন। কলকাতা শহরকে ক্লিন রাখার জন্য ৩৷৷ কোটি টাকা পৌরখাতে স্যাংশন আছে। আজকে আবার একটা ছোট্ট জিনিস, পৌরমন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি আপনার মাধ্যমে, কলকাতা শহর যে ভাবে বড় হচ্ছে, কলকাতায় এত মানুষ আসছে।

[11-40—11-50 a.m.]

নতুন মানুষে আজকে কলকাতা সহরে ছেয়ে যাচ্ছে। আজ বাদে কালকে তারা যদি প্রশ্ন রাখেন যে কলকাতা পৌরসভা চলছে না, আমরা ট্যাক্স দিচ্ছি অথচ জল, আলো পাচ্ছি না, অতএব আমরা কেন্দ্রের হস্তক্ষেপ চাই, তাহলে কোথায় গিয়ে দাড়াব? পৌরমন্ত্রী সেদিন কি উত্তর দেবেন? এই কথা আপনি একবারও ভেবেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব শেষে আমি মাননীয় পৌরমন্ত্রীর কাছে একটি কথা নিবেদন করব। শচীনবাবু বলে গেলেন অপূর্ব কাজ করছেন মাননীয় মন্ত্রী। আমার বেশ মনে পড়ছে ১৯৫৬ সাল পশ্চিমবাংলার একটা খুব দুর্ভাগ্যের দিন ছিল। সেদিন লোকসভার সদস্য ডঃ মেঘনাদ সাহার মৃত্যু হল। উপনির্বাচন এল। ডাঃ বিধান চন্দ্র রায় তখন মুখ্যমন্ত্রী। ডাঃ বিধান চন্দ্র রায় ভেবেছিলেন পশ্চিমবাংলার মানুষের বেকারত্ব ঘোচানোর চেষ্টা যদি করতে হয় তাহলে বিহার বাংলা মার্জারের প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি ক্যাবিনেটের অনুমোদন নিলেন, বিহার বাংলা মার্জার হোক। পশ্চিমবাংলার মানুষ সেদিন স্বীকার করতে চাইল না। ডাঃ বিধান চন্দ্র রায় বললেন, এই উপ নির্বাচনই সেটা নির্ধারণ করবে মার্জার হবে কিনা। কংগ্রেস প্রার্থীর যদি জয় হয় তাহলে আমরা জেনে নেব পশ্চিমবাংলার মানুষ আমার এই প্রস্তাব গ্রহণ করেছেন। আর যদি কংগ্রেস পরাজিত হয় তাহলে আমি স্বীকার করে নেব যে পশ্চিমবাংলার মানুষ আমার এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। নির্বাচন হল। কংগ্রেস প্রার্থী অশোক সেন মহাশয় হেরে গেলেন। মোহিত মৈত্র মহাশয় ৩৩ হাজার ভোটে জিতলেন। সেদিনের কথা আমার বেশ মনে আছে। কাগজে একসঙ্গে বেরোচ্ছে মোহিতবাবুর জেতার খবর, আর তারই পাশে ডাঃ বিধান চন্দ্র রায়ের স্টেটমেণ্ট। তিনি বলেছেন আমি আমার প্রস্তাব উইথড্র করে নিলাম। পশ্চিমবাংলার মানুষের রায় আমরা মেনে নিয়েছিলাম। আপনারা তো বলছেন অপূর্ব কাজ করেছেন — মন্ত্রী মহাশয়কে বলছি, করপোরেশনের নির্বাচন করা হোক, দেখা যাক কি হয়। আমরা জানি ওদের সঙ্গে কো-অর্ডিনেশন কমিটি আছে, ওদের সঙ্গে প্রশাসন আছে, আর আমরা জানি আমাদের সঙ্গে কলকাতার অধিবাসী আছে। আপনারা নির্বাচন করুন। নির্বাচনে যদি ওরা জয়ী হন আমরা মেনে নেব অপূর্ব কাজ করেছেন, আর পরাজিত হলে পদত্যাগ করবেন, এখানে দাঁড়িয়ে স্বীকার করুন। এই প্রস্তাব আপনার সামনে রেখে করপোরেশনের যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার আসন গ্রহণ করলাম।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন আমি সেটা সমর্থন করছি। এটা আজকের

কথা নয়, ১৬৫২ সালে মাদ্রাজে করপোরেশন প্রতিষ্ঠার মধ্য দিয়ে আমাদের দেশে পৌর শাসনের পত্তন হয়। এটাই হল আমাদের দেশের পৌর শাসনের ইতিহাস। পৌর শাসনের এই দীর্ঘ ইতিহাসে উন্নতি কিন্তু খুব সীমিতই হয়েছে। বিরোধী সদস্য মাননীয় শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ মহাশয় এই বিধান সভার মধ্যে হাত পা নেড়ে চেড়ে অনেক গরম গরম কথা বলে গেলেন। আসলে কিন্তু জনজীবনে স্বায়ত্বশাসনের গুরুত্বকে কংগ্রেস আমলে ওরা কোনদিন উপলব্ধি করেননি।

সেই বৃটিশ আমলে আমরা দেখেছি ইংরাজ সাম্রাজ্যবাদ তাদের সাম্রাজ্যবাদী প্রশাসনকে সামনে রেখে পৌর শাসন ব্যবস্থা সেইভাবে চালাতো এবং অনেক লড়াই করে কিছু সুযোগ সুবিধা পাওয়া গিয়েছিল। দেশ স্বাধীন হবার পর ১৯৪৭ সাল থেকে কংগ্রেস একনাগাড়ে পৌরসভাগুলি পরিচালনা করে এসেছে। স্যার, আমাদের দেশের পৌর শাসনের ইতিহাসে আমরা দেখেছি যারা শহরাঞ্চলের জমিদার, শিল্পপতি তারা এই পৌরসভাগুলিকে তাদের সেবাদাসে পরিণত করেছিল অর্থাত তাদের সেবা করাই এই পৌর প্রতিষ্ঠানগুলির একমাত্র কাজ হয়ে দাঁড়িয়েছিল, আর সেখানে বঞ্চিত হয়েছিল লক্ষ লক্ষ মানুষ। সেখানে গড়ে উঠেছিল হাজার হাজার বস্তি যারা পৌর সুযোগসুবিধা কিছুই পেত না। রিপণের আমলে যে আইন সেই আইনে ট্যাক্স ধার্য করে আসা হচ্ছিল যেটা ছিল মিল মালিক এবং বড়লোকদের পক্ষে। সেখানে তাদের নানান রকমের কারচুপি করার সুযোগ সুবিধা ছিল। সেই আইন যেটা ৩২ সালে সংশোধিত হয়েছিল — বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট — সেখানেও সুযোগসুবিধা মিল মালিকদের পক্ষে রাখা হয়েছিল। ফলে সেখানে বড় বড় শিল্পপতিরা তাদের দেয় ট্যাক্স দিতেন না এবং এইভাবে মিউনিসিপ্যালিটিগুলিকে পঙ্গু করে রাখা হয়েছিল। এইসব ইতিহাস আমাদের জানা আছে। তারপর আমরা যেটা দেখেছি সেটা হচ্ছে, এই পৌরসভাগুলির কর্মকাণ্ডে যা কিছু পরিবর্তন সূচিত হয়েছে সেটা হয়েছে যুক্তফ্রণ্টের আমলে। এই যুক্তফ্রণ্ট সরকারের আমলেই পুরাতন যে মিউনিসিপ্যাল এ্যাক্ট তার কিছু পরিবর্তন করা হয় এবং সেখানে মিল মালিকদের যে সমস্ত সুযোগ সুবিধা ছিল ট্যাক্স ফাঁকি দেওয়ার সেগুলি সঙ্কুচিত করা হয় যাতে মিউনিসিপ্যালিটিগুলি আথিক দিক দিয়ে কিছুটা সচল হয়ে উঠতে পারে। পরবর্তীকালে বামফ্রণ্টের কর্মসূচী অনুযায়ী আমরা এই পৌরসভাগুলিকে সক্রিয় করার কর্মসূচী নিয়েছি। স্যার, গত ৫ বছরে সরকার এই পৌরসভাগুলিকে উন্নয়নের খাতে যে পরিমাণ অর্থ দিয়েছেন তা গত ৩০ বছরে কংগ্রেসী সরকার পৌরসভাগুলিকে যে আথিক অনুদান দিয়েছেন তার থেকে অনেক বেশী। কাজেই স্যার, আমরা কি দৃষ্টিভঙ্গী থেকে এই পৌরসভাগুলিকে দেখি আর কংগ্রেস কি দৃষ্টিভঙ্গীতে এই পৌরসভাগুলিকে দেখতেন তা এই অর্থ বরাদ্দ দেখলেই বোঝা যাবে। ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে পৌরসভাগুলিতে নির্বাচন হয় ১৯৬৪ সালে, তার আগে এটা হ'ত না। আগে কংগ্রেস এই পৌরসভাগুলিকে পকেটজাত করে রেখেছিল এবং পৌরসভাগুলির কাজই ছিল জমিদার, বড়লোক এবং মিল মালিকদের সেবা করা। কংগ্রেস সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন করতে রাজী ছিল না কারণ তারা জানতো রাজনৈতিক সচেতন শহরাঞ্চলের মানুষের মধ্যে এর মাধ্যমে একটা অভ্যুত্থান আসবে এবং নির্বাচনের মাধ্যমে গেলে এগুলি কংগ্রেসের হাতছাড়া হয়ে যাবে।

স্যার, আজ পর্যান্ত পৌরসভা সম্পর্কে যতগুলি কমিশন বা কমিটি হয়েছে — ১৯৫১ সালে লোক্যাল ফাইনানসিং কমিটি, ১৯৫৪ সালে ট্যাকসেসান এনকোয়ারী কমিটি, সবাই সেখানে একটি কথাই বলেছেন যে নিদারুণ আর্থিক সংকটে এই পৌরসভাগুলি ভুগছে। এটা যতক্ষণ পর্য্যন্ত না কাটানো যাবে ততক্ষণ পর্য্যন্ত জনজীবনের পক্ষে প্রয়োজনীয় যে সব কাজ সেগুলি করা পৌরসভাগুলির পক্ষে সম্ভব হবে না। বামফ্রণ্ট সরকার আজ পৌরসভাগুলিকে প্রচুর আর্থিক সাহায্য দিচ্ছেন এবং আগামীদিনেও অনেক পরিকল্পনা আছে একথা ঠিক কিন্তু স্যার, সঙ্গে সঙ্গে একথাও আপনার মাধ্যমে পৌরমন্ত্রীকে বলব, এমন পন্থা আপনাকে বার করতে হবে যাতে পৌরসভাগুলি আর্থিক দিক থেকে সাবলম্বী হয়।

[11-50—12-00 p.m.]

খালি যদি সরকারী অনুদানের উপর পৌরসভাগুলিকে নির্ভর করতে হয় তাহলে জনজীবনে পৌরসভার যে ব্যয়, যে দায়িত্ব পালন করতে হবে সেটা কখনই সম্ভব হবে না। সুতরাং পৌরসভার নিজস্ব সম্পদ বৃদ্ধি করার প্রয়োজনীয় রাস্তা আপনাকে দেখতে হবে। যেমন ধরুন মোটর ভিকল্‌স ট্যাক্স থেকে কিছু কিছু অংশ পাওয়ার ব্যবস্থা আছে, কিন্তু অত্যন্ত অনিয়মিত। এটাকে স্থায়ী ব্যবস্থায় আনতে হবে। এ্যামিউজমেণ্ট ট্যাক্স থেকে পৌরসভাগুলিকে অংশ দেওয়া যায় কি না এগুলি চিন্তা করতে হবে। এক কথায় পৌরসভাগুলির নিজস্ব কিছু স্থায়ী আয় যাতে থাকে, পৌরসভা তার সম্পদ যাতে নিজেই বাড়াতে পারে এবং তার উপর নির্ভর করে যাতে উন্নয়নের কাজ চালিয়ে যেতে পারে তার ব্যাপ্তি ঘটাতে পারে সেদিকে নজর দিতে হবে। এই সঙ্গে সঙ্গে আমি আরো দু'একটি সমস্যার কথা আপনার কাছে রাখছি, আশা করি আপনি এর উপর বিচার-বিবেচনা করবেন এবং সক্রিয় ব্যবস্থা অবলম্বন গ্রহণ করবেন। আমাদের যে জল-নিষ্কাশনের বাবস্থা, বিশেষ করে শহরাঞ্চলের মিউনিসিপ্যালিটিতে জলনিষ্কাশনের একটা স্থায়ী অসুবিধা রয়েছে। অতীতে যে সমস্ত নালা, বিল ছিল সেগুলি প্রায় বুজে এসেছে। সাধারণ মানুষেরা জলের আউট লেট নিকটবর্ত্তী খালে ফেলে দিত। কিন্তু সেগুলি শুকিয়ে গেছে। এই কারণে সেগুলিকে যদি সচল রাখতে হয় তাহলে সেচ বিভাগের সঙ্গে একটা সমন্বয় পৌরসভার হওয়া উচিত, পি. ডবলিউ ডি.-র সঙ্গে একটা স্থায়ী সমন্বয় পৌরসভার থাকা উচিত। কারণ রাস্তা-ঘাট, নালা ইত্যাদি সব জায়গায় বুজে এসেছে। এইগুলি সম্পর্কে নিশ্চয়ই একটু চিন্তা ভাবনা করবেন। আর একটা বিষয় হচ্ছে খাটা পায়খানা। এই সম্পর্কে আপনি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং এটা আপনার বিবৃতিতে দেখেছি। কিন্তু আমরা দেখছি বিশেষ করে বস্তির মালিকরা এই খাটা পায়খানা তুলবার ক্ষেত্রে নানা রকম বাধার সৃষ্টি করছে, তারপর আইন-কানুনের কিছু অসুবিধা আছে। এই ব্যাপারে একটু চিন্তা ভাবনা করবেন। কারণ বস্তি অঞ্চলে খাটা পায়খানা ব্যাপকভাবে রোগ ছড়াতে পারে। কাজেই এগুলি যাতে সরান যায় এবং আইনের যে ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি সংশোধন করবেন। গত ৫ বছরে এই বিভাগের দায়িত্বে থেকে আপনি পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটিগুলির যে নাভিশ্বাস উঠেছিল, তাকে সচল করেছেন। আপনার উপর আমাদের ভরসা আছে। আমি

আপনাকে সাধুবাদ জানিয়ে এবং ধন্যবাদ দিয়ে আপনার আয়-ব্যয়ের যে বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে পশ্চিমবাংলার বিভিন্ন পৌরসভাগুলি তথা কলকাতা পৌরসভায় যে পরিমান অর্থ বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে দিয়েছেন, তা কিন্তু সঠিক ভাবে কার্যকরী হয়নি। আমরা সেখানে দেখছি যে সরকারের পরিকল্পনাগুলি বিভিন্ন ভাবে যথা সময়ে বাস্তবে রূপ দান হয়নি বা হচ্ছে না। ক্রমাগত ভাবে পৌরসভাগুলিতে কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, অফিসারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু সেখানে বৃহত্তর উন্নয়নের যে কাজ সেটা সার্বিক ভাবে হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যদি ঠিক মত দেখি তাহলে দেখবো যে সেখানে বিভিন্ন যে এ্যাসেসমেণ্ট ট্যাক্স, সেই এ্যাসেসমেণ্ট ট্যাক্স বিভিন্ন ভাবে অতি কৌশলে করা হয়। সেখানে অবস্থাপন্ন লোকেদের রেহাই দেওয়া হয় এবং যারা তিনতলা বাড়ী করছে, সেই তিনতলা বাড়ী থেকে পাঁচতলা বাড়ী করছে, সেখানে ৫ তলা বাড়ীর ক্ষেত্রে এ্যাসেসমেণ্ট ট্যাক্সের অনেক ফারাক থাকে। কিন্তু সেখানে যদি কোন কংগ্রেসী ব্যক্তি থাকেন তাদের উপর ট্যাক্স ধার্য অন্য ভাবে হয়ে থাকে। বাঁকুড়া জেলায় তিনটি পৌরসভা আছে। বাঁকুড়া পৌরসভা, বিষ্ণুপুর পৌরসভা, এবং সোনামুখী পৌরসভা। এখানে কিছুক্ষণ আগে সরকার পক্ষের এক-জন মাননীয় সদস্য বললেন যে, বিভিন্ন পৌরসভাগুলিতে ৩০ বছর ধরে কংগ্রেস রাজত্ব করেছে। কিন্তু আমি বলতে পারি বাঁকুড়া শহরের পৌরসভায় ৩০ বছর ধরে বাম-পন্থীরা আছে এবং তারা বিভিন্ন রকমের ত্রুটির মধ্যে দিয়ে ৩০ বছর ধরে পৌর ব্যবস্থা পরিচালনা করছে। মাননীয় মন্ত্রী মহায়য় ১৯৭৮-৭৯ ও ১৯৭৯-৮০ সালে।

Octroi Grant, Surcharge on M. V. Taxes, Grant for Road Roller, Development Grant, Development of municipal areas, Comprehensive Development of selected towns, Conversion of Service privies into Sanitary Latrines, Construction of Community Hall / Commercial Estates, Grant for restoration of flood damaged roads, Loans / Grants for restoration of water supply due to flood, Supply of drinking water to flood affected local bodies, House building grant due to flood, Drought allocation, Short term development, Grants for sinking of hand operated tubewells,......

এই সমস্ত ১৫টি গ্রাণ্টে কিছু কিছু টাকা দিয়েছেন, কিন্তু তিনি কি সেটা কোন-ভাবে তদন্ত করে দেখেছেন যে, সেই টাকায় যে—পরিমান কাজ হওয়া উচিত ছিল সেই পরিমাণ কাজ হয়েছে কিনা? সেখানে কতটা নতুন রাস্তা হয়েছে, কতগুলি টিউবওয়েল বসেছে? বাঁকুড়া জেলার কতটা জায়গা ফ্লাড এ্যাফেক্টেড হয়েছিল, ক'টা ঘর পড়ে-গেছিল এবং তার জন্য যে টাকা পাঠানো হয়েছিল তা কিভাবে কার্যে পরিণত হয়েছে, সেসব আপনি দেখেছেন কি? সেসব আপনি দেখতে পারেননি। সেখানে আপনাদের ব্যর্থতা রয়েছে, যে টাকা দিয়েছিলেন সে টাকা পুরোপুরি কার্যকরী হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩০ বছরের ঘুনধরা সমাজ ব্যবস্থার সম্বন্ধে আজকে আর চিন্তা না করে

বর্তমান অবস্থায় বাস্তবকে মেনে নিয়ে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করতে হবে এবং তার জন্য চিন্তা করতে হবে। আজকে মন্ত্রী মহাশয় যে দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করছেন তাতে তিনি জনসাধারনের জন্য ভাল কিছুই করতে পারছেন না। সেই জন্য তিনি কাজ গুলি অতি কৌশলে করার চেষ্টা করছেন। আজকে বিভিন্ন পৌরসভায় দলের স্বার্থে, নিজেদের স্বার্থে অফিসাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং যে সমস্ত কাজ করা হচ্ছে তাও নিজেদের স্বার্থে, সেসব কাজের দ্বারা সাধারণ মানুষ কোন-ভাবেই উপকৃত হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি যদি কলকাতার চিত্র দেখেন তাহলে দেখবেন যে, রাস্তার দুপাশে জঞ্জালের স্তূপ জমে আছে, সাফ করার কোন ব্যবস্থা নেই। কর্পোরেশন থেকে লরি ভাড়া করা হয়েছে, তথাপি এই অবস্থা চলছে। আজকে সেখানে লরির সংখ্যা কত, তারা কত কাজ করছে, সেগুলি মন্ত্রী মহাশয় পরিষ্কারভাবে বলতে পারছেন না। সেগুলি করা উচিত ছিল। তার পরে আমরা এখানে দেখতে পাচ্ছি সল্ট লেক নিয়ে বিভিন্ন কথা উঠেছে। সেখানে মন্ত্রী মহাশয় নিজস্ব চিন্তা-ধারার মাধ্যমে জনসাধারণের স্বার্থে কাজ করতে পারছেন না। তিনি যে মনোভাব পোষন করেন তা বাস্তবে রূপলাভ করছে না। মন্ত্রী মহাশয় সল্ট লেকে শতকরা ২৫ ভাগ জমি লটারির মাধ্যমে বিলি করার ব্যবস্থা করেছেন। বাকি ৭৫ ভাগের জন্য তিনি এ্যাডভাইসারি বোর্ডের মাধ্যমে ব্যবস্থা করেছেন। সেই বোর্ডের একজন মন্ত্রী মহাশয়কে চেয়ারম্যান করেছেন। কেন সেখানে একজন মন্ত্রীকে বসানো হলো? আমরা আশা করেছিলাম, আপনি, এই দায়িত্ব অন্য কাউকে দেবেন। কিন্তু তা আপনি দেননি। মন্ত্রী মহাশয় যাঁকে মেট্রোপলিটন ডেভেলপমেণ্ট সেক্রেটারী নিযুক্ত করেছেন, সেই বিক্রম কেশরী সরকার মহাশয় মন্ত্রী মহাশয়কে একটা নোট দিয়েছিলেন এই ব্যবস্থার পরিবর্তন করে অন্য কাউকে চেয়ারম্যান করার জন্য। কিন্তু মন্ত্রী মহাশয় তা করেননি। কেন করেননি তা আমরা বুঝতে পারছি না!

[12-00—12-10 p.m.]

আজকে স্বাধীনভাবে যাতে অন্যান্য সদস্যরা কাজ করতে পারেন সেদিকেও আপবারা অক্ষম হয়েছেন। আপনার দপ্তরে অবসরপ্রাপ্ত ব্যক্তিদের নিয়োগ করেছেন। এম. এম. সেনকে নিয়োগ করেছেন, সমাদ্দার সাহেবকে চীফ প্রজেক্ট এ্যডভাইসার হিসাবে হুগলী সেতুর জন্য নিয়োগ করেছেন। আপনি হুগলী ব্রীজের চেয়ারম্যান হিসাবে এম. এম. সেনকে নিয়োগ করেছেন। অবসরপ্রাপ্ত ব্যক্তিদের নিয়োগ করার কি প্রয়োজন আছে? আজকে যেখানে বেকার সমস্যার তীব্র আকার ধারণ করেছে সেখানে এইভাবে অবসরপ্রাপ্ত ব্যক্তিদের নিয়োগ করা উচিৎ নয়। আপনার দপ্তরের যারা কর্মচারী আছেন তাদের মধ্যে নিয়োগ করলে তারা প্রমোশন পেত। তারপর দেখুন, আপনি যে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা নিয়েছেন, আপনার দপ্তরে যারা পরিচালনা করছেন—আপনার অনিচ্ছায়—সেই সমস্ত পরিকল্পনাগুলিকে কার্টেল করছেন। এই রকম বাঁকুড়া জেলার রাজগ্রাম সেতু যেটি দ্বারকেশ্বর নদীর উপর অবস্থিত সেই সেতুটি সংস্কার করা হচ্ছে না। বন্যার জলে সেতুটি ধ্বংস হয়ে গেছে। ১০।১২ হাজার মানুষ সহ দক্ষিণ বাঁকুড়ার সমস্ত মানুষ এই সেতু বন্ধ হওয়ার জন্য বিচ্ছিন্ন হয়ে গেছে। এই সেতুটি মিউনিসি-প্যালিটির সঙ্গে অন্তর্ভুক্ত। এর জন্য কেন্দ্র টাকা দিয়েছে এবং রাজ্যসরকারও টাকা

দিয়েছে। কিন্তু কার্যকরী হচ্ছে না। এই সেতু দিয়ে ৬ মাস ধরে লোক যাতায়াত করতে পারছে না। এই রকম বহু ত্রুটি-বিচ্যুতি আপনার দপ্তরে আছে। এই সমস্ত ত্রুটি বিচ্যুতিগুলিকে দূর করা দরকার। এ ছাড়া রেভেনিউ বাড়াবার জন্য যে ব্যবস্থা আপনার দপ্তরে আছে সেই যন্ত্রটি বিকল। বিকল যন্ত্রের মাধ্যমে কাজ করা আপনার পক্ষে সম্ভব হচ্ছে না। আপনি পরিকল্পনা গ্রহণ করছেন কিন্তু আপনার যে দপ্তরগুলি আছে সেইসব দপ্তরের লোকেরা কাজ করছে না। যাইহোক, সময় না থাকার জন্য আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পৌরমন্ত্রী এবং নগর উন্নয়ন মন্ত্রী যে বজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে বিরোধী দলের মাননীয় বন্ধুরা যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য শুনে এটাই প্রমাণিত হচ্ছে যে, বিগতদিনে পৌরসভাগুলি যেভাবে চলতো আমাদের মন্ত্রীর তত্ত্বাবধানে সচল গতি এসেছে। পৌরসভার দৈনন্দিন কাজে নাগরিকদের দুঃখ লাঘব হচ্ছে এবং অতীতের তুলনায় অনেক দ্রুত কাজ এগিয়ে নিয়ে চলেছে। মাননীয় পৌরমন্ত্রী মহাশয় বলেছেন যে পশ্চিমবাংলায় আরও পৌরসভা হওয়া দরকার এবং তারজন্য তিনি কতকগুলি স্থানের নাম উল্লেখ করেছেন। আমার কাছে কতকগুলি তথ্য আছে, আমি সেইগুলি বলছি, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে এই কথাগুলি যেন মনে রাখেন। জলপাইগুড়ি জেলার মাল এলাকা ছাড়া বীরপাড়া, হামিলটনগঞ্জ—সেখানকার জনবসতি আজকেরদিনে ২০ থেকে ২৫ হাজারে এসে দাঁড়িয়েছে। নদীয়া জেলার তাহের-পুর অঞ্চলের জনবসতি ৩০ হাজারে এসে দাঁড়িয়েছে। এই সমস্ত এলাকাগুলিকে পৌরসভায় রূপান্তরিত করার জন্য অনুরোধ করছি। আজকে একথা স্বীকৃত মাননীয় মন্ত্রীর তত্ত্বাবধানে সি. এম. ডি. এ যে কার্যকলাপ চালাচ্ছে তাতে করে গোটা কলিকাতা এবং শহরতলীর উন্নতি হচ্ছে।

কিন্তু ৩৪ দফা কর্মসূচীর মধ্যে আমরা একটা কথা বলছি যে, যে সমস্ত এলাকায় নাগরিক জীবন এখনও দুঃসহ যন্ত্রনা আছে, অসুবিধা আছে, আমাদের বামফ্রন্ট সরকার ৩৪ দফা কর্মসূচীর মধ্যে দিয়ে তাদেরকে অগ্রাধিকার দেবেন। অগ্রাধিকারের ভিত্তিতেই তাদের জন্য বিভিন্ন কাজগুলি হবে। কিন্তু আমি লক্ষ্য করছি দক্ষিণ কলকাতায় যেভাবে নাগরিক জীবন উন্নয়নের কাজটা দ্রুত গতিতে হচ্ছে, সেভাবে পূর্ব কলকাতা ও উক্ত সহরতলির ব্যারাকপুর অঞ্চল পর্য্যন্ত এখনও সেরকম ত্বরান্বিত হচ্ছে না। আমি পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করব যে, তিনি দায়িত্ব নিয়ে এক দৃষ্টিভঙ্গীতে সেখানকার কাজও এগিয়ে নিয়ে যাবেন, যাতে ঐসব সহরতলির এলাকার মানুষের বরানগর, ব্যারাকপুর, দমদম, টিটাগড়, কামারহাটি, পাণিহাটি, থেকে সেই নৈহাটী পর্য্যন্ত এই এলাকায় লক্ষ লক্ষ মানুষ থাকেন, তাদের নাগরিক জীবনে যাতে সুযোগ সুবিধা আসে। আসি সেই সঙ্গে এটাও আশা করব যে তিনি ঐ অঞ্চলে পানীয় জল সরবরাহের দিকেও নজর দেবেন। প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় বলেছিলেন যে, তাঁরা পানীয় জল সম্বন্ধে খুব ভাল কাজ করেছিলেন। কিন্তু তাঁরা কি করেছিলেন তা আমরা আজকে ভালভাবেই বুঝতে পারছি। আমাদের সরকার নূতন দৃষ্টিভঙ্গী নিয়েছেন, কিন্তু তা সত্বেও আমি বলব আজকে কাজের মধ্যে দিয়েও আমাদের অভিজ্ঞতা হয়েছে

ডিপটিউবওয়েল বসিয়ে নাগরিক জীবনের পানীয় জলের সঠিক সমস্যার সমাধান করতে পারা যায় না, আজকে এটা প্রমাণ হয়েছে। কয়েক বছরের মধ্যে ডিপ টিউবওয়েলগুলি অকেজো হয়ে যায় এবং নাগরিকদের মধ্যে সমস্যা দেখা দেয়। আমি পৌর মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তিনি যেন কতকগুলি মিউনিসিপ্যালিটিকে একত্রিত করে পানীয় জলের ব্যাপারে যৌথভাবে জলাধার তৈরী করে জল সরবরাহের ব্যবস্থা করেন। তিনি বরানগর, দমদম, কামারহাটী, প্রভৃতি স্থানে পানীয় জল সরবরাহ সম্প্রসারণের কথা বলছিলেন, সেটা এখনও বাস্তবে রূপায়িত হয় নি। ঐ অঞ্চলের পৌরসভাগুলিকে একত্রিত করে যৌথ জলাধার থেকে নাগরিকদের জল সরবরাহ করে এই সমস্যার সমাধান করবেন। কলকাতার মানুষেরা যেমন ফলতা থেকে জল পায় এবং মাননীয় মন্ত্রী মহাশয় যেমন সেখানে একটি জলাধার তৈরী করে জলের সুব্যবস্থা করেছেন, তেমনি মফস্বলে এই রকম জয়েণ্ট ওয়াটার ওয়ার্কসের মাধ্যমে পৌরসভার এলাকাগুলির কথা তিনি মনে রাখবেন। আর একটি কথা বলতে চাই, পৌরসভার আয় সীমাবদ্ধ, আজকে ধনতন্ত্রবাদী রাষ্ট্রব্যবস্থায় সাধারণ মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। তাদের সীমিত ক্ষমতার মধ্যে তারা যে বাসের জন্য বসতবাড়ী তৈরী করছেন তার ট্যাক্স বেশী হচ্ছে, সেটা যদি সীমা ছাড়িয়ে যায় তাহলে সাধারণ মানুষের জীবনে দুঃখ নেমে আসবে। তাই আমরা বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ট্যাক্স বৃদ্ধির জন্য যে আইন করেছি সেই আইনকে যথাযথ মর্যাদার সঙ্গে কার্য্যকরী করবার চেষ্টা করছি। কলকারখানার মালিক যারা পৌর এলাকার মধ্যে কারখানা চালিয়ে কোটি কোটি টাকা মুনাফা করছে তাদের কাছ থেকে পৌরসভা অনেক বেশী করে যাতে আদায় করতে পারেন প্রচলিত আইনের মাধ্যমে সেদিকে আমাদের সজাগ দৃষ্টি দিতে হবে। আর একটি কথা বলব, আমি পৌরমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব এই জন্য যে তাঁর দৃষ্টিভঙ্গী আছে। বরানগর, দমদম, কামারহাটির প্রভৃতির জায়গার মাঝখানে একটু জায়গা আছে, সে সম্বন্ধে কি হল পৌরমন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে নিশ্চয় সে বক্তব্য রাখবেন। সে এলাকায় এক নতুন উপনগরী তৈরী করার জন্য ওয়ার্ল্ডব্যাঙ্ক স্কীমের মাধ্যমে তার একটি তথ্য ও পরিকল্পনা গ্রহণ করে সেখানে পাঠিয়েছেন। একটা নাগরিক জীবনকে সুষ্ঠুভাবে যদি চালাতে হয় তাহলে তার শিল্প প্রসারের দরকার, তার জনসাধারণ যাতে দুধ ইত্যাদি পেতে পারে তা যেমন দেখতে হবে, তেমনি সেজন্য পশু পালন ব্যবস্থার দিকেও নজর দিতে হবে।

[12-10—12-20 p.m.]

আধুনিকিকরণ যে ভাবে করে তোলা হয় মাননীয় পৌরমন্ত্রী যেন সেই ভাবে করেন। দক্ষিণ দমদম-এর অংশ, বরাহনগর, কামারহাটির অংশ নিয়ে যে উপনগরী তৈরী করবার পরিকল্পনা নিয়েছেন, আমি তাঁকে অনুরোধ করবো সেই উপনগরী যাতে গড়ে উঠতে পারে তার জন্য তিনি যেন সচেতন হ'ন। যে প্রয়োজনীয় টাকা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে পাওয়ার কথা আছে, সেই টাকা নিয়ে উপনগরীর যাতে বাস্তব রূপ দিতে পারেন, সেই এলাকার পিছিয়ে পড়া মানুষের সার্বিক সুখ-সুবিধা দিতে পারেন তার জন্য চেষ্টা করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। মফঃস্বল এলাকার দিকে যদি আমরা তাকাই তাহলে

দেখবো, যে কলকাতা, হাওড়া বা সি. এম. ডি-এ এলাকায় যে সব পৌরসভাগুলি আছে, তারা যে হারে অর্থ পেয়ে আসছে, তুলনামূলকভাবে মফঃস্বালের পৌরসভাগুলি সেই হারে অনুমোদন পায় না। আমার কাছে যে সমস্ত তথ্য আছে বা আমি যে টুকু জানি সেই থেকেই বলছি। আমাদের পৌরমন্ত্রী ৩৪ দফা কর্মসূচীর মধ্যে যে কথা বলেছেন, যে কলকাতার চাপ কমাতে হবে এবং জেলাগুলিতে আরো উন্নতি করতে হবে। সেখানে শিল্পের শ্রীবৃদ্ধি যাতে ঘটে সেই পরিকল্পনা নিয়ে আমাদের কাজ করতে হবে। নাগরিকদের যে সুযোগ-সুবিধা আছে সেই সুযোগ-সুবিধা আরো বাড়াতে হবে। সেই দিকে দৃষ্টি যাতে আরো প্রখর ভাবে দেওয়া যায় তার জন্য চেষ্টা করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়-কে বিগত অধিবেশনে বলেছিলাম এবং এবারেও আবেদন রাখছি যে, যদি নগর উন্নয়ন করতে হয় তাহলে বিভিন্ন সরকারী প্রশাসনের মধ্যে সমন্বয় দরকার। আজকে নূতন দপ্তর তৈরী হয়েছে — পরিবেশ দপ্তর। পি. ডবলু. ডি দপ্তর আছে, স্বাস্থ্য দপ্তর আছে বা অন্যান্য যে সমস্ত দপ্তর আছে সেই দপ্তরের মধ্যে যদি সমন্বয় না থাকে তাহলে পৌরসভা অচল হয়ে পড়বে। পৌরসভা যে সমস্ত কাজ হাতে নিয়েছে, সেইগুলি কার্যকারী করার পথে বাধা এসে যাবে। সেই জন্য আমি আবার অনুরোধ করবো প্রত্যেক বিভাগের সঙ্গে সমন্বয় আরো জোরদার করতে হবে। কারণ আমি বলছি পি. ডবলু. ডির যে রাস্তা আছে সেই রাস্তা পৌরসভার দায়িত্বে নেই। কিন্তু পৌরসভার সেই দায়িত্বে থাকা প্রয়োজন, সেই দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। সেই জন্য বলছি পি. ডবলু. ডির সঙ্গে পৌরসভার সমন্বয় সাধন সঠিক ভাবে হলে ভাল হয়। ব্যারাকপুর সাব-ডিভিসনে যে অসুবিধাগুলো আছে সেই অসুবিধাগুলো দূর করতে পারা যায়। আমি আর একটা কথা বলতে চাই যেটা হচ্ছে যে বিভিন্ন রাজ্য থেকে হাজার হাজার ট্রাক কলকাতায় আসে ব্যবসা করার জন্য। বিভিন্ন বড় লোকের ব্যবসার জন্য সেই ট্রাক বাইরে থেকে আসে। মেছুয়া বাজারের কথা উল্লেখ করা হয়েছে সেখানে ক্যালকাটা করপোরেসানের কি অবস্থা হয়েছে। আমি বলতে পারি অধিকাংশ কংগ্রেসের লোকেরা এই ট্রাকের মালিক। তাদের থেকে করপোরেসনের তরফ থেকে ট্যাক্স নেওয়া উচিত। ট্রাকের জন্য কলিকাতার নাগরিক জীবনে একটা সমস্যার সৃষ্টি হচ্ছে। তার জন্য একটা উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। কলিকাতার বাইরে এই জিনিষ হয়েছে। মহারাষ্ট্রে এই অবস্থা চালু হয়ে গেছে। নাগরিক জীবন বিপর্যস্ত করে কলকাতার বাইরে থেকে ট্রাক যেন না আসতে পারে সেই জন্য আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করবো বিভিন্ন পৌর এলাকায় যে সমস্ত সমস্যা আছে — যেমন পৌর কর্মচারীদের এবং গৃহের যে সমস্যা আছে সেইগুলোর দিকে নজর দেবেন। আর একটা কথা হচ্ছে ফায়ার সার্ভিস সম্পর্কে। আমাদের আমলে ফায়ার সার্ভিস অনেক উন্নতি ঘটেছে। এখনও কতক-গুলি এলাকা যেমন বিরপাড়া হেমিলটনগঞ্জ সেখানে এখনও কিছু কিছু ঘটনা ঘটে, আগুনে পোড়ার ঘটনা ঘটে। সেই এলাকায় ফায়ার সার্ভিসের যাতে উন্নতি হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই বলে এই ব্যায়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন তার উপরে খুব সাধারণ দৃষ্টিকোণ থেকেই আমি আমার বক্তব্য শুরু

করতে চাই। উনি কলকাতাকে পরিচ্ছন্ন এবং দূষণ মুক্ত রাখবার কথা বলেছেন। সরকারের পক্ষ থেকে এই প্রতিশ্রুতি তিনি রেখেছেন। কলকাতা মহানগরীতে বিভিন্ন জায়গা থেকে প্রায় ৬৫ লক্ষের মত মানুষ দৈনিক যাতায়াত করে থাকেন। এত বিরাট সংখ্যক মানুষের জন্য পাবলিক ইউরিন্যালের ব্যবস্থা নেই বললেই চলে। মানুষকে সেজন্য বাধ্য হয়ে পাবলিক নুইসেন্স করতে হয়। এ সমস্যা একেবারে খোদ মহাকরণের সামনেও রয়েছে। সেখানে বিবাদী বাগে পাবলিক ইউরিন্যালের ব্যবস্থাই নেই। এছাড়া মহাকরণের সামনে অফিসারদের সুবিধার জন্য মোটর গ্যারেজ রখা হয়েছে। অথচ, আপনারাই কলকাতাকে পরিবেশ দূষণের হাত থেকে মুক্ত করতে চান। আপনাদের কি কোন উপায়ই ছিল না, বিবাদীবাগের ৪ কোণে ৪টি ইউরিন্যালের ব্যবস্থা করবার? উপায় ছিল না কি একটা আণ্ডারগ্রাউণ্ড মোটর গ্যারেজের ব্যবস্থা করা? এগুলি হচ্ছে খুব সাধারণ জিনিষ। সি. এম, ডি, এ. র পক্ষ থেকে আপনারা কোটি কোটি টাকা ব্যয় করছেন, অথচ এই সামান্য দিকে আপনারা দৃষ্টি দিচ্ছেন না। পানীয় জল সরবরাহের ক্ষেত্রে কলকাতাকে বলা যায় বিপর্যস্ত। পানীয়জল সরবরাহের বিপর্যস্ত ব্যবস্থার ফলে কলকাতার নাগরিকদের প্রায় সবাইকেই 'ভারী' নামক এক শ্রেণীর মানুষকে রাখতে হয়, তাদের উপর নির্ভর করে কোন রকমে শহর বাসীকে পানীয় জলের প্রয়োজনীয়তা দূর করতে হয়। কলকাতার রাস্তাগুলোতে লক্ষ্য করলে দেখতে পাওয়া যাবে অসংখ্য কলের মুখ খোলা থাকার জন্য প্রচুর পরিমাণে জল পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। এই অপচয় বন্ধ করবার কোন ব্যবস্থা নেই। বিশ্ব ব্যাঙ্ক থেকে কোটি কোটি টাকা সি. এম. ডি. এ. সাহায্য নিচ্ছে। অথচ নগর উন্নয়ন পরিকল্পনার কোন ব্যবস্থাই তাঁরা গ্রহণ করছেন না। অর্থ যে ভাবে অপচয় হচ্ছে, তাতে এটাই পরিষ্কার হয়ে দাঁড়াচ্ছে আমাদের কাছে। পৌরসভাগুলিতে দুর্নীতি, অপচয় বন্ধ করবার কোন ব্যবস্থা নেই। অতীতে সেখানে যে ভাবে দুর্নীতি ও অপচয় হয়েছে বর্তমানেও ঠিক একই ভাবে চলছে, বরং অতীতের ঘটনাকে অতিক্রম করা গেছে বলা যায়। গতকাল টেলিগ্রাফ পত্রিকাতে এই রকম সংবাদ বেরিয়েছে। আপনি অবশ্য কিছু জবাব দেওয়ার চেষ্টা করেছেন। আমরা দেখলাম নগর উন্নয়ন পরিকল্পনাকে রূপায়িত করতে গিয়ে মাটি ভরাটের কাজে সরকারী সমস্ত নিয়ম, বিধি লঙ্ঘন করে ৩৷৷ কোটি টাকা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে দুটি ঠিকাদারকে। এই ঘটনার সমস্ত রেসপনসিবিলিটি অফিসারদের উপরে চাপিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। অফিসার বি. আর. সেনগুপ্ত, মেম্বার Secretary অফ দি এনকোয়ারী কমিটি, তাঁর বক্তব্য টেলিগ্রাফ পত্রিকাতে বেরিয়েছে। টেলিগ্রাফ পত্রিকাতে সমস্ত ইরিগুলারিটি এবং সেখানে আপনার পক্ষে এ্যাজ দি ভাইস-চেয়ারম্যান অফ দি সি. এম. ডি. এ. ইনটারভেন করে বাড়তি টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছিল বলে খবর বেরিয়েছে। আপনি আপনার বাজেটের মধ্যে তার জবাব দিয়েছেন। কিন্তু ঐ অভিযোগের ভিত্তিতে যে জবাব আপনি দিয়েছেন, তার মধ্যে কিন্তু অরিজিনাল রেট এবং কেন ঐ রকম ভাবে দুবার এ্যাবনরম্যাল রেট ইনক্রিজ হয়েছিল, সে সম্বন্ধে কোন আর্থলি রিজিন দেখাতে পারেননি।

[12-20—12-30 p.m.]

কি ধরণের দুর্নীতি হচ্ছে তার ২।১টি দৃষ্টান্ত দিচ্ছি। হাওড়া পৌরসভার যিনি চেয়ারম্যান, অলোকদূত দাস, তিনি সি. পি. এম.-এর প্রতিনিধি। তিনি নগর উন্নয়ন কি করেছেন জানি না, কিন্তু তাঁর ছেলের নাম দিয়ে য়্যালাইড বিল্ডার্স এর নামে পৌর-সভার বহু কণ্ট্রাক্ট পাইয়ে দিলেন। হাবড়া পৌরসভার টাকা কিভাবে চুরি হচ্ছে সে বিষয়ে দলিল নম্বর, তারিখ দিয়ে সব বলে দিচ্ছি। ২৩.৫.৮০ তারিখে হিজলপুর মৌজায় ৩৪ কাঠা জমি সবিতা বসুকে বিক্রি করেছে — দলিলের নম্বর হচ্ছে ৪০৬৫-৬৬ —১৯ হাজার ৯৮২ টাকায়। আবার ২৩.৫.৮০ তারিখে — ৫৫ দিন পরে ঐ জমি ওদের কাছ থেকে কিনলেন হাবড়া পৌরসভার পক্ষ থেকে শ্রীশঙ্করকণ্ঠ মুখার্জী। আলিপুর রেজিষ্ট্রী অফিসে এর দলিল নম্বর হচ্ছে ৬১০০-০১। ১৯ হাজার ৯৮২ টাকার জমি ৯০ হাজারে কিনলেন। ৫৫ দিনে জমির দাম ৭০ হাজার টাকা বেড়ে গেল। কি পর্যায়ে দুর্নীতি হচ্ছে সেটা আপনি দেখুন। আজকে সি. এম. ডি. এ.-এর টাকা যথাযথভাবে ব্যয় করা হচ্ছে না। সি. এম. ডি. এ. থেকে কোটি কোটি টাকা নগর উন্নয়ন পরিকল্পনার জন্য ব্যয় করা হচ্ছে এবং এ কাজ যারা অনভিজ্ঞ ব্যক্তি তাদের দিয়ে করান হচ্ছে। সল্ট লেকে নগর উন্নয়ন পরিকল্পনার কাজ করেছে সেচ বিভাগের ইঞ্জিনিয়াররা। পুর মন্ত্রী গণতন্ত্রের কথা বলেছেন, কিন্তু ক্যালকাটা কর্পোরেশনের ইলেকসান দীর্ঘদিন ধরে ডিউ রয়েছে। নানা রকম প্লি করে কোলকাতা, হাওড়ার ইলেকসানকে পিছিয়ে দিচ্ছেন। এইভাবে গণতন্ত্রের কথা বলে নিজেরাই গণতন্ত্র বিরোধী কাজ করছেন। কারণ তাঁদের প্রভাব নেই বলে ইলেকসান করতে ভয় পাচ্ছেন।

**শ্রীজগদীশ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। প্রফুল্লবাবুরা বিরোধিতা করবেন তাঁদের দৃষ্টিভঙ্গী থেকে। ওদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। সেখানে মিল হওয়া সম্ভব নয়। ওরা যেভাবে পৌরসভাগুলি চালাতেন আজকে সেভাবে চলছে না। নিশ্চয় কিছুটা পরিবর্তন হয়েছে। প্রফুল্লবাবু মন্ত্রী হবার পর ১৯৭২ সালে নির্বাচিত পৌরসভাগুলিকে বাতিল করে দিলেন। ওরা গণতন্ত্রে এত বিশ্বাসী যে পৌর-সভাগুলিকে ক্ষমতাচ্যুত করলেন। এবং কলকাতা কর্পোরেশানকেও বাতিল করলেন, করে ১৫.৯. ৭২ তারিখে বাজেট বক্তৃতায় বললেন — 'তাই আজ মাননীয় সদস্যদের সামনে আমি মিউনিসিপ্যালিটির তরফ থেকে একটা বাজেট পেশ করলাম'। এই প্রসঙ্গে কলকাতা কর্পোরেশানের কথাই বিশেষভাবে আলোচিত হয়, আর সব মিউনিসি-প্যালিটি উবে গেল, কলকাতা কর্পোরেশান একমাত্র থাকল। ওঁদের দৃষ্টিভঙ্গী হচ্ছে একমাত্র কলকাতা এবং সেইভাবে টাকা-পয়সা বরাদ্দ করতেন। পশ্চিমবঙ্গের বাকি পৌরসভাগুলির উন্নয়ন খাতে মাত্র ৪০ লক্ষ টাকা বরাদ্দ করতেন বছরে আর কলকাতা কর্পোরেশানের জন্য সমস্ত টাকা ওঁরা খরচ করতেন। তাতেও আপনারা জানেন কলকাতার রাস্তা-ঘাট ভাঙ্গা ছিল। আমরা আসার পর যে পৌর সভাগুলি বাতিল করেছিলেন সেই পৌরসভাগুলি চালু করে তাদের পৌর কমিশনারদের হাতে ক্ষমতা বেশী করে দিলাম। আমার হালিশহরের কথা বলি — ১৯৮০ সাল পর্যন্ত

সি. পি. এম.-র কিছু কমিশনার ছিলেন. বাকি সমস্ত কংগ্রেস-এর ছিলেন, বাতিল করেননি। ১৯৮০ সালে মাত্র ৩১৪ জন জিতেছেন, সমস্ত হেরেছেন, হালিশহর বামফ্রন্ট সরকার সুপারসিড করেননি, তাদের গায়ে হাত দেননি, ১৮ লক্ষ টাকা তাঁদের দিয়েছেন, সেই টাকা উন্নয়ন খাতে খরচ না করে অন্যভাবে খরচ করেছেন, বামফ্রন্ট সরকার বাতিল করেননি। আমি বলছি দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটার ফলে কলকাতার জনসংখ্যা এবং পশ্চিম বঙ্গের অন্যান্য শহরের জনসংখ্যা এইভাবে ধরে নিয়ে টাকাটা বণ্টন করা হচ্ছে। টাকা বরাদ্দের ক্ষেত্রে যেটা রাখা হয়েছে সেটা একটা উদাহরণ দিলে বুঝতে পারা যাবে। এ বছরে এরিয়া টার্মিন্যাল ট্যাক্স যেভাবে বণ্টন করা হয়েছে সেটা হচ্ছে কলকাতা কর্পোরেশন ২॥ কোটি টাকা, সি এম ডি এ'র মধ্যে মিউনিসিপ্যালিটিগুলি ২ কোটি ৭৫ লক্ষ টাকা এবং সি এম ডি এ'র বাইরে মিউনিসিপ্যালিটিগুলি ১ কোটি ৭৫ লক্ষ টাকা, মোট ৭ কোটি টাকা এইভাবে বণ্টন করা হয়েছে। এর থেকে বুঝতে পারবেন দৃষ্টিভঙ্গীর পরিবর্তন। কলকাতার বাইরে যে মানুষ আছে এই দৃষ্টিভঙ্গী বামফ্রন্ট সরকারের আছে এবং সেদিক থেকে নাগরিকদের উন্নয়নের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কাজ করছেন। আর একটা উদাহরণ দিই, অকট্রয় গ্রান্ট কলকাতা কর্পোরেশান ১১ কোটি ৮৫ লক্ষ টাকা, সি এম ডি এ'র মধ্যে মিউনিসিপ্যালিটিগুলি ৯ কোটি ১১ লক্ষ টাকা এবং সি এম ডি এ'র বাইরে মিউনিসিপ্যালিটিগুলি পাচ্ছে ৪ কোটি ৭৪ লক্ষ টাকা। কাজেই এই টাকাগুলির যে বণ্টন এর থেকে বুঝতে পারবেন দৃষ্টিভঙ্গীর পরিবর্তন কোথায়। প্রফুল্লবাবুর সময়ে কলকাতা কর্পোরেশান ছাড়া আর কিছু দেখা হত না। আজ কলকাতার বাইরে বেশী টাকা যাচ্ছে সেজন্য তাঁরা সমালোচনা করছেন। সমালোচনা করা তাঁদের অধিকার আছে নিশ্চয়ই করবেন কিন্তু দেশের মানুষ সেটা বিচার করবেন। আমি আলোচনা প্রসঙ্গে কয়েকটা দিকে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বাজেট বক্তৃতায় কল্যানী ডেভেলপমেন্ট খাতের জন্য ১৬ লক্ষ টাকা রেখেছেন তারজন্য সাধুবাদ জানাই কিন্তু সঙ্গে সঙ্গে সাজেসান দিচ্ছি কল্যানী ডেভেলপ্মেন্টর জন্য যদি পুরাপুরি ব্যবস্থা করতে হয় তাহলে এস্টেট মানেজারের অফিস কলকাতাতে অর্ধেক আর কল্যানীতে অর্ধেক এটা করলে চলবে না, সমস্ত বাধার বিরোধিতা করে এর অফিস কলকাতা থেকে কল্যানীতে নিয়ে যেতে হবে। কারণ, অর্ধেক ফাইল কলকাতাতে থাকবে আর অর্ধেক ফাইল কল্যানীতে থাকবে এটা করলে চলবে না, এই অবস্থার অবিলম্বে পরিবর্তন প্রয়োজন। এ না হলে মানুষ ক্রমশঃ ক্ষুব্ধ হচ্ছে এবং তারা অসুবিধা ভোগ করছে। দ্বিতীয়তঃ, শহরের উন্নয়নের ফলে যারা জমি পাচ্ছে — কলকাতার সল্ট লেকে পেয়েছে, কল্যানীতেও পেয়েছে, কলকাতার সল্ট লেকে এবং কল্যানীতে কিছু র‍্যাকেট আছে যারা সাবসিডাইজড রেটে জমি নিয়ে বেশী দামে বিক্রি করছে।

[12-30—12-40 p.m.]

এটা বন্ধ করা দরকার এবং এর জন্য দরকার হলে আইন করা দরকার। যারা বিক্রি করতে যাবে তাদের জন্য সল্ট লেকে একটা নিয়ম, আর কল্যানীতে আর একটা নিয়ম। এই সব বন্ধ করতে যদি দরকার হয় অর্ডন্যান্স করতে হবে। আজকে

যে র‍্যাক তৈরী হয়েছে তাতে সাধারণ মানুষ সস্তা দামে সরকারের কাছ থেকে জমি কিনতে চায়, তারা বঞ্চিত হচ্ছে। এর প্রতিবিধান হওয়া দরকার। তার পর আমি কাঁচড়াপাড়া ফায়ার ষ্টেশন সম্বন্ধে দু একটা কথা বলতে চাই। কাঁচড়াপাড়া ফায়ার ষ্টেশনের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত সেখানে যে বাড়ীঘর ইত্যাদি আছে সে সম্বন্ধে কিছু করা হয় নি। ফায়ার ষ্টেশন যেভাবে অন্যান্য জায়গায় তৈরী হয়েছে সেইভাবে যাতে তৈরী হয় সেদিকে আপনি দয়া করে নজর দেবেন। অবশেষে আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। শিয়ালদা নর্থ ষ্টেশন এবং ফ্লাইওভার মধ্যে যে রাস্তা সেখানে লোক প্রস্রাব করে। আর সেই প্রস্রাব রাস্তার উপর দিয়ে বয়ে অনেক দূরে চলে যায়। প্রতিদিন মানুষ সেখান দিয়ে যাতায়াত করছে। ঐ প্রস্রাব এমন কি সার্কুলার রোড পর্যন্ত চলে যায়। আমি এই ব্যাপারে শিয়ালদা ষ্টেশনের সুপারিনটেনডেন্টকে জানিয়েছি, রেলওয়ে অথরিটিকে জানিয়েছি, কোন প্রতিকার হয় নি। কুম্ভকর্ণের ঘুম ভাঙ্গে না। এইভাবে একটা সভ্য জগতে মানুষ প্রস্রাবের উপর দিয়ে যাতায়াত করবে এ জিনিস হতে পারেনা। এই দিকে আপনি বিশেষ নজর দেবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি এবং আপনার বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

**শ্রীঅশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে আজকে এই বিধান সভায় পৌর মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে দু একটি বক্তব্য রাখতে চাই। একটু আগে মাননীয় সদস্য জগদীশ বাবু বললেন কংগ্রেস আমলের থেকে বামফ্রন্টের আমলের দৃষ্টিভঙ্গির অনেক পরিবর্তন হয়েছে। ওঁরা বলেন যে ওঁরা নাকি গরীব মেহনতী শ্রমিক শ্রেণীর দরদী। আমি তার একটা উদাহরণ তুলে ধরছি। আমাদের পরিষদীয় মন্ত্রী শ্রীপতিত পাবন পাঠক হাওড়া বালী মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন বিগত পাঁচ বছর। তাঁর বাড়ী ৮২ নং দেউলগাছি রোড। ওঁরা বলেন গরীবের সরকার মেহনতী মানুষের সরকার। কিন্তু গরীবদের উপর ট্যাক্স দিনের পর দিন বেড়ে যাচ্ছে, আর সেই সময় ওনার বাড়ীর ক্ষেত্রে কি করেছেন? ৮৩ নং দেউলগাছি রোডে যে বাড়ী তার এ্যাসেসমেণ্ট ছিল ৭৮০ ১৯৮১ সালে সেটা হোল ৮৪০, মাত্র ৬০ টাকা বাড়লো। The annual valuation is only Rs. 60 whereas one or more floor increase with addition or alteration. দু তোলা থেকে তিন তোলা হোল এ্যাডিসন্যাল অল্টারেসন হোল, কিন্তু ট্যাক্স বাড়লো মাত্র ৬০ টাকা।

এই পতিত পাবন পাঠক মহাশয়ের আর একটি বাড়ী আছে, ৮২ নং দাওনা গাছি রোডে। ১৯৭৪-৭৫ সালে সেই বাড়ীর এ্যাসেসমেণ্ট ছিল ৬০০ টাকা, ১৯৮১-৮২ সালে সেটা দাঁড়ালো ৬৬০ টাকা। The annual valuation is only Rs. 60 whereas one or more increases with addition or alteration. সেই ক্ষেত্রে বালিতে আর একজন খুব গরীব এক বিধবা ভদ্র মহিলা, তাঁর এ্যাসেসমেণ্ট রেজিষ্টার নিয়ে এসেছি, তিনি একটি টালির রুম করেছেন, তাঁর এ্যানুয়্যাল ভ্যালুয়েশন ১৯৭৪-৭৫ সালে ছিল ৬০ টাকা কিন্তু ১৯৮১-৮২ সালে সেটা হয়েছে ১৮০ টাকা। এই ধরণের সমাজতন্ত্র তিনি এখানে নিয়ে আসতে চেয়েছেন এতদিন। আবার আজকে

পাঁচ বছরের জন্য ক্ষমতায় এসেছেন, তিনি এই কাজ আবার চালিয়ে যাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এবার আমি দু একটি দুর্নীতির কথা রাখতে চাই, ওনারা কলকাতা কর্পোরেশন, হাওড়া কর্পোরেশন সম্বন্ধে কিছু বললেই চিত্কার শুরু করেন এবং বলেন যে সব জায়গায় নির্বাচন হয়েছে, ওখানকার নির্বাচনের কথা তাঁরা ভাবছেন। আমি কালকে একটা প্রশ্ন করেছিলাম, হাওড়া পৌরসভায় কবে নির্বাচন হবে? মন্ত্রী মহাশয় বললেন, দিন ঠিক হয়নি। কিন্তু হাওড়া পৌরসভার সভাপতি অলোকদুত দাস, তিনি একটা প্রেস স্টেটমেণ্ট করেছেন ৯/৯/৮২ তারিখে এবং আনন্দবাজার, যুগান্তর, স্টেট্সম্যান প্রভৃতি কাগজে বেরিয়েছে যে ১৯৮০ সালের মার্চ মাসে হাওড়া পৌরসভার নির্বাচন হচ্ছে। আজকে হাওড়ার মানুষ বিভ্রান্ত হয়ে পড়েছে, আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করলো এবং হাওড়ার মানুষও আজকে জিজ্ঞাসা করছে, পৌরমন্ত্রীকে, আলোক বাবু না প্রশান্ত শূর? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি দুর্নীতির কথা বলতে চাই, এই হাওড়া পৌরসভায় পেছনের দরজা দিয়ে যে মনোনীত বোর্ড বসানো হয়েছে, আমরা দেখেছি সেখানে হাইকোর্টের একটা [illegible] সেই বোর্ডের বিরুদ্ধে ৩০/১/৭৯ তারিখে এবং বিচারপতি সব্যসাচী মুখার্জী রুলিং দিয়েছিলেন।

"I direct that the new Advisory committee in any event, should not function beyond 31st January, 1981. If the respondent Govt finds that it is not possible to get a new corporation or municipality Howrah elected on the basis of the existing act or a new act being passed Steps should be taken well before that time that is to say 31st January, 1980 ; to appoint an administrator to carry on the administration so that there is no vacum I make it quite clear that on this ground there will be no further extension for the purpose of the advisory committee to function. Therefore, the advisory committee will continue to function upto and no beyond 31st January, 1981.

আজ পর্য্যন্ত ঐ মন্ত্রী মহাশয়ের কাছে দরবার করে কোন ফল হয়নি, উনি নির্বাচনের কথা বলছেন না। অথচ গত পাঁচ বছর ধরে দেড় হাজার ক্যাডার ঐ হাওড়া পৌরসভায় ঢুকিয়ে সেখানে একটা সি. পি. এম. এর আখড়া তৈরী করেছেন। এই ধরণের কাজ কর্ম সেখানে চলছে। এই অগণতান্ত্রিক, স্বৈরাচারী কাজ কর্ম, এর আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এই যে বাজেট মন্ত্রী মহাশয় এখানে পেশ করেছেন, এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী মহাশয় এবং ফায়ার সার্ভিস মন্ত্রী মহাশয় যে বাজেট দুটি উত্থাপন করেছেন এর উপর আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। আপনি জানেন যে পরাধীন ভারতে নাগরিকদের দায়িত্ব বৃটিশ সরকার পালন করতে চায়নি, কৌশলে মিউনিসিপ্যাল সার্ভিস এবং ভিলেজ সেল্ফ গভর্ণমেণ্ট, এই দেশে প্রতিষ্ঠা করে তারা ইণ্টারমিডিয়ারী একটা ব্যবস্থা তৈরী করেছিলেন। যাতে তাদের প্রতি ভারতের আনুগত্য বজায় থাকে, দি কন্ট্রিবিউশন ওয়াজ নট স্যাটিসফ্যাক্টারী।

[12-40—12-50 p.m.]

কিন্তু পরবর্তীকালে দেশ স্বাধীন হবার পরে মিউনিসিপ্যালিটিই হোক, কিম্বা গ্রামাঞ্চলে পঞ্চায়েতের সার্ভিসই হোক, এদের দায়িত্ব নাগরিকদের প্রতি বেড়ে গেল এবং এই দায়িত্ব পালনের ব্যাপারে নাগরিকরা অত্যন্ত সচেতন। মাননীয় শচীনবাবু এক সময় বলে ফেললেন কলকাতায় নাকি ওদের ভোট বেশী — আমি এই চুল চেরা বিচারের মধ্যে যেতে চাই না। মাননীয় পৌর মন্ত্রীকে সাধারণ ভাবে আমি একটি প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই, ৫ বছর তো চলে গেল, এতদিন নির্বাচন করেন নি কেন? উনি অনেকগুলি কারণ দেখাবেন, বিল এ্যাসেন্ট, ভোটার লিস্ট নতুন, ১৮ বছর ইত্যোদি ইত্যাদি। আপনাদের ৫ বছরের টার্ম তো চলে গেল, এই সময়ের মধ্যে নির্বাচন কেন করেন নি? আমরা সুপারসিড করেছিলাম বলে তো নিন্দিত হয়েছি, আপনারা তো বন্দিত হয়ে এলেন — কেন করেন নি? You have passed your five years, why are you afraid? Now you declare here that election will be held in next December or say January. এই হিম্মত আপনাদের আছে? আপনি আনন্দের সঙ্গে ঘোষণা করেছেন, জ্যোতি বাবুও বলেছেন, কিন্তু কত টাকার রিসোর্স করছেন এ্যাজ লোন, সেটা কিছু বলছেন না। how many municipal resource you propose? ক'টা মিউনিসিপ্যালিটি কি পরিমান লোন নিয়েছে, ক্যালকাটা করপোরেশনের পাবলিক রেট কত, উই সুড নো ইট। এটা আমাদের টাকা, বাম ফ্রন্টের বাবার টাকা নয়। আমাদের টাকা, আমরা জানব না? আজকে পাইয়ে দেওয়ার রাজনীতি করবেন, আর এটা আমরা জানব না? আমি আপনার কাছে একটি জিনিস তুলে ধরতে চাই। আপনাদের এই প্রিনসিপল্-এ রায়গঞ্জ-কাঁদি মিউনিসিপ্যালিটি কি এ্যাটাচড্ হবে? The state proportion and the municipality managed by your cadres won by rigging the election. এই রেমিসন এর কথা এখানে বললেন নি। অন্ততঃ এটা আপনি টেবলে লে করুন। এটা মিউনিসিপ্যালিটির একটা লায়াবিলিটি, এত জনসংখ্যায় এত টাকা আমরা মকুব করে দেব। এই পাইয়ে দেওয়ার রাজনীতি করে ইউ আর কিলিং দি স্পিরিট অব সেল্‌ফ রিলায়েন্স। এর ফলে নিজেরা রিসোর্স মবিলাইজেসন করবে না। আপনারা সেইখানে ব্যর্থ হয়েছেন। আজকে কেন্দ্রের দয়ার পরে নির্ভর করে আছেন। ভারতবর্ষের যিনি প্রধানমন্ত্রী তাঁর দয়ার উপরে ১৪৫ কোটি টাকা, কি ৪৯০ কোটি টাকা নির্ভর করে আছে। আপনারা সবাইকে দয়ার পাত্র করেছেন। Will the whole of West Bengal become a state of beggers? আজকে সেদিকে দিয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আর একটি কথা হল এই, হেলথের জন্য মিউনিসিপ্যালিটির একটি উইং আছে। আজকে হেল্‌থ হ্যাজার্ড হচ্ছে। এপিডেমিক ইরাডিকেট হচ্ছে, ওয়াটার পলিউর্সান ইত্যাদির মাধ্যমে। এপিডেমিক রিসার্জেন্ট হচ্ছে বলে আই ব্রট টু ইওর নোটিশ। এখানে মাননীয় সদস্য হঠাৎ অসুস্থ হয়ে গেলেন কোন ব্যবস্থা নেই, এইগুলি দেখতে হবে। পলিউসান অব ফুড এ্যাডালটারেসান এ্যাণ্ড হেল্‌থ হ্যাজার্ডস হচ্ছে, এগুলি আপনাকে দেখতে হবে। এই হেল্‌থ হ্যাজার্ডস এ্যাণ্ড এ্যাডালটারেসন আপনি চেক করতে পারেন। এইগুলি করতে গেলে কো-অর্ডিনেশন দরকার। আপনি জানেন

বাজারে যে মাছ আসে তা রং করে বিক্রী করা হয়। আপনি জানেন these are not worthy of human consumption এই জিনিসগুলি আপনার নজরে আনছি। আপনি অনেক উদ্যোগী মানুষ। আপনার অভিজ্ঞতা আছে, আপনি নিশ্চয় কাজ করতে চাইছেন। চারিদিকে হকারস তো আছেই। আমি যেখানে থাকি তার চারিদিকে খাটাল। ৩টি খাটাল ওখান থেকে চলে গেছে। আই এ্যাম সারাউণ্ডেড বাই খাটালস এবং ওখানকার লোকেরা, দি পিপল আর বিজি ইন লিটিগেসান।

তারপর ট্যাকসেসান পলিসির কথা বলি। এই ট্যাকসেসান পলিসি ইট শুড বি ইউনিফর্ম। এখানে সবচেয়ে বড় দুর্ভাগ্যের কথা ভারতবর্ষে দুটো এ্যানোম্যালি একটা হচ্ছে ওয়েল্ট আর ট্যাকসেসান পলিসি সব মিউনিসিপ্যালিটিতে সমান নয়। সেখানে যে আইন ছিল Possibly I was one of the members, সেখানে সেণ্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড একটা আইন করেছিলেন, সেটা কতখানি কার্যকরী হয়েছে Please give an assessment. What is your performance ? I would like to know all these matters. এখানে মতীশবাবু অভিযোগ করেছেন, তিনি আপনাদেরই বামফ্রণ্টের অন্যতম শরিকদলের সভ্য, আপনাদের শরিকী কাজিয়ায় আমি মাথা গলাতে চাই না।

But it is palpable to all. Your contribution, your supervision, your superintendence and all your gratitude are not uniformly universally applied to all the municipalities here. Now I want to draw your attention to this aspect of matter — whether you have distributed your gratitude in all parts of Calcutta. I come from a part where municipal service is very very poor.

এই পার্টিসান আউটলুক তো হবার কথা নয়। আমরা অভিযোগ করেছি ক্যালকাটা কংগ্রেস কনফারেন্সে যে কোলকাতার মানুষের উপর আপনারা প্রতিশোধ নিতে চাইছেন আপনাদের ভোটে পরাজিত করেছে বলে। আজকে এই জিনিষ তো হবার কথা নয়। যেখানে আপনারা জিতবেন সেখানে লোকে কিছু সার্ভিস পাবে আর যেখানে আপনাদের লোক থাকবেন না, মতীশবাবুদের লোকরা থাকবেন সেখানে অবহেলা করবেন এ জিনিষ চলতে পারে না।

( শ্রীশচীন সেন ঃ—কোয়েশ্চেন )

সেইজন্য আপনাদের কাছে আমি অনুরোধ করবো, এটা আপনারা একটু দেখুন। তারপর যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, আমাদের কাছে একটি 'ছাপা চিঠি' এসেছে, আশা করি প্রশান্তবাবু আপনিও পেয়েছেন, আমি ব্যক্তিগত অভিযোগ করতে চাই না, এই ছাপা চিঠিটি পেয়েছি বলে বলছি, সেখানে কর্পোরেশনে নাকি আপনার যে সমস্ত অফিসার গাড়ীর জন্য এনটাইটেল নয় তাদের জন্য ২৫টা গাড়ী ভাড়া করেছেন at the rate of seventy rupees per day giving them six litres of petrol per day. Will you please clarify this ? তাতে নাকি তাদের মাহিনার চেয়ে গাড়ীর খরচ দুগুন হয়ে গিয়েছে। আপনাকে বলব, এই ড্রেনেজগুলি আপনি বন্ধ করার চেষ্টা করুন। কর্পোরেশনের এই গাড়ী সম্বন্ধে আমরা জানি বরাবরই অভিযোগ আছে। সেখানে যে ট্রিপ দিয়ে জঞ্জাল পরিবহণ করার কথা সেগুলি তারা দেয় না। তারপর

ফলপট্টি ইত্যাদি কতকগুলি জায়গায় নাকি আপনারা সার্ভিস দিচ্ছেন কিন্তু তারা পয়সা দিচ্ছে না, এই সব কিছু কিছু এ্যানোম্যালি আছে। আমি বলব, দিস এ্যানোম্যালি মাস্ট গো। নেক্সড এরিয়ার সম্বন্ধে বলব। শহরের লোক লিটল মোর বিত্তবান, আজকে এদের কেন ট্যাক্স বাকি পড়বে? আজকে খরায় গ্রাম জ্বলছে।

(শ্রীপরিমল মিত্র ঃ আপনি তো গ্রামে থাকেন।)

পরিমলবাবু শহরে থাকেন বলে গর্বিত হতে পারেন কিন্তু আমিও গর্বিত গ্রামে থাকি বলে, I am proud to live in village.

এরপর আমি ফায়ার সার্ভিস সম্বন্ধে কয়েকটি কথা বলব। এটা ইনডিপেনডেন্ট নয়, ফায়ারকে কল দিতে গেলে টেলিফোন সার্ভিস শুড বি রেগুলার কিন্তু এখানে টেলিফোন মরা, এ অভিযোগ আমাদের সকলের। টেলিফোনের পর ফায়ারের সার্ভিসের জন্য যেটা দরকার সেটা হচ্ছে রোড। রোডের চার্জে আছেন ছুঁচো যতীন, রোড দিয়ে গাড়ী চলতে পারে না। ফায়ার সার্ভিসকে কল দিলেন কিন্তু How can it reach the affected area? যেখানে আগুন জ্বলছে সেখানে তো গাড়ী যেতে পারছে না, সেইজন্য আপনাকে বলছি, আপনাকে কো-অর্ডিনেশান করতে হবে। মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় পঞ্চায়েতের চার্জে আছেন, তাঁকে আমি বলছি, আপনি দেখুন পঞ্চায়েত এলাকার রোডগুলি যাতে মটোরেবল হয়। তা ছাড়া এ ক্ষেত্রে কাজ করতে গেলে জলের ব্যবস্থাও থাকা চাই। কোলকাতার অনেক জায়গায় আগুনে আমরা ছুটে গিয়ে দেখেছি হাইড্রেণ্টে জল নেই। এটা একটা হিউম্যান সার্ভিস। এ ক্ষেত্রে এনটায়ার এরিয়া অব ওয়েস্ট বেঙ্গলের বিভিন্ন জায়গা লোকেট করুন যেখানে ফায়ার ইনসিডেন্স বেশী হয় এবং সেগুলি স্টাডি করে সমাধান করার চেষ্টা করুন।

12-50—1-00 p.m.]

আপনি যদি এটা মালটিপ্লাই করেন, তাহলে উই উইল ওয়েলকাম দিস। আজকে আপনাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের তফাৎ আছে, আপনাদের এই পার্টিজেন আউট-লুককে আমি সমর্থন করতে পারছি না। আপনাদের বামফ্রণ্টে এমন সব এলিমেন্ট ঢুকে গেছে তাদের কৃত্তিকলাপ আমি সমর্থন করতে পারছি না। এই তিনটি খাতের মধ্যে অগ্নি নিরোধ ও নিয়ন্ত্রণ খাতের দাবীকে সমর্থন করতে চাই, কিন্তু আপনাদের দৃষ্টিভঙ্গীর জন্য সমর্থন করতে পারছি না। ধন্যবাদ, স্যার।

**শ্রীশৈলেন সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে আমি বিতর্ক শুনলাম। আমাদের বিরোধী পক্ষের যাঁরা এখানে বক্তব্য রাখলেন তাঁদের মধ্যে তিন জন প্রাক্তন মন্ত্রীও আছেন। বিশেষ করে তাঁদের তিন জনের বক্তৃতা শুনে আমার মনে হচ্ছে আমাদের বন্ধুবর জগদীশ দাস মহাশয় ঠিক কথাই বলেছেন যে, তাঁরা তাঁদের দৃষ্টিভঙ্গীর প্রতিফলনই এখানে তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে ঘটিয়ে গেছেন। তাঁদের বক্তব্য শুনে আবার মনে হচ্ছে আমরা যেন কলকাতা কর্পোরেশনের একটা অধিবেশনে কলকাতা কর্পোরেশনের বাজেট নিয়ে আলোচনা করছি। ওঁদেব ঐ দৃষ্টিভঙ্গী নিয়ে ওঁরা এর আগে এখানে কাজ করছেন। এখানে কংগ্রেস দলের যে তিনজন প্রাক্তন মন্ত্রী রয়েছেন তাঁরা তাঁদের যে দৃষ্টিভঙ্গীতে এখানে

কাজ করে গেছেন, আর আমরা বিগত পাঁচ বছর ধরে যে দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করেছি তার মধ্যে প্রচুর পার্থক্য রয়েছে। এর ফলে এই বিভাগে আমূল পরিবর্তন হয়েছে। পশ্চিম বঙ্গ তথা ভারতবর্ষের স্থানীয় স্বায়ত্বশাসন এবং নগর উন্নয়নের ইতিহাস হচ্ছে ২০০ বছরের ইতিহাস। এ বিষয়ে আমরা কয়েকজন বিশিষ্ট লোকের নাম জানি, লর্ড রিপন, সুরেন্দ্র নাথ ব্যানার্জী ইত্যাদি তাঁরা এক্ষেত্রে আরো ক্ষমতা আদায় করার জন্য লড়াই করেছিলেন, চেষ্টা করেছিলেন। বিগত পাঁচ বছর ধরে আমাদের মাননীয় মন্ত্রী প্রশান্ত শূরও যে সমস্ত কাজ করবার চেষ্টা করেছেন। বিশেষ করে কলকাতা ছাড়াও অন্যান্য পৌরসভাগুলিকে যে সাহায্য সরকারের পক্ষ থেকে করা হয়েছে সে বিষয়ে আমি শুধু একটা মাত্র উদাহরণ দিচ্ছি। ১৯৭৬-৭৭ সালে কলকাতা কর্পোরেশন, হাওড়া এবং বালি পৌর সভার নাগরিকদের জন্য মাথা পিছু খরচ করা হয়েছিল ৫১'৫৪ টাকা। আর ১৯৮০-৮১ সালে খরচ করা হয়েছে ৫৯'৫৩ টাকা। কিন্তু সি. এম. ডি. এ. এলাকার অন্তর্ভুক্ত পৌরসভাগুলিতে ১৯৭৬-৭৭ সালে খরচ করা হয়েছিল ১৯'২৮ টাকা, আর ১৯৮০-৮১ সালে খরচ করা হয়েছে ৩০.৪০ টাকা। যেগুলি সি. এম. ডি. এ. বহির্ভূত পৌরসভা সেগুলিতে ১৯৭৬-৭৭ সালে মাথা পিছু খরচ করা হয়েছিল ০০'৮৭ টাকা অর্থাৎ ৮৭ পয়সা, আর ১৯৮০-৮১ সালে খরচ করা হয়েছে ১৩'৮৪ টাকা। এটা কি একটা উল্লেখযোগ্য পরিসংখ্যান নয়? আগে সমস্ত ব্যাপারটা শুধুমাত্র কলকাতা কেন্দ্রিক ছিল, এখন সেটাকে পরিবর্তন করা হয়েছে। এই পরিবর্তনের কারণ হচ্ছে নগর উন্নয়নের ক্ষেত্রে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী গ্রহণ। যদি অন্যান্য নগরগুলির জন্য টাকা খরচ না করে শুধুমাত্র কলকাতা শহরের জন্য টাকা খরচ করা হয়, তাহলে কলকাতা শহরের সমস্যাও কমানো সম্ভব নয়। এই দৃষ্টিভঙ্গী আগেকার কংগ্রেসী সরকারের ছিল না। মাননীয় মন্ত্রীর প্রতিবেদনে বলা হয়েছে যে, আমাদের রাজ্যে ১০০ ওপর নগর আছে যে নগর গুলিতে এখনো পর্যন্ত মিউনিসিপ্যালিটি হয়নি। তথাপি বিগত পাঁচ বছরে ১৩টি নতুন পৌরসভা তৈরী হয়েছে। যে সমস্ত জায়গায় আর্বান গ্রোথ হচ্ছে — আর্বান পপুলেশন বাড়ছে — সে সমস্ত জায়গায় মিউনিসিপ্যালিটি না হওয়ার জন্য সেখানকার নাগরিকরা নগর জীবনের সুখ-সুবিধা পাচ্ছে না। তাদের সেই সুখ-সুবিধা দেবার দৃষ্টিভঙ্গী গ্রহণ করেই বিগত পাঁচ বছরে বামফ্রণ্ট সরকার ১৩/১৪টি নতুন মিউনিসিপ্যালিটি করেছে। এখন আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্ন পর্য্যায় কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি এবং নোটিফায়েড এরিয়া নিয়ে ১১২টির মত প্রতিষ্ঠান আছে। এই ১১২টির মধ্যে মিউনিসিপ্যালিটি এবং নোটিফায়েড এরিয়া মিলিয়ে ২৫টি নতুন করে তৈরী হয়েছে। বাকি সমস্তগুলি বৃটিশ আমলের তৈরী। তাহলে কংগ্রেসের আমলে কি হয়েছে? এখানে প্রাক্তন তিনজন পৌরমন্ত্রী বসে আছেন এবং তাঁরা বক্তৃতা করলেন, তা আমি তাঁদের কাছে একটা পরিসংখ্যান দিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা তথ্য দিতে চাই। ১৯৪৭ সাল থেকে আদমসুমারীর মধ্যে পশ্চিমবাংলায় নুতন পৌরসভা হয়েছে মাত্র ৯টি। ১৯৫৮ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় নুতন পৌরসভা হয়েছে মাত্র ১০টি। ১৯৬৮ সাল থেকে ১৯৭৮ সাল পর্যন্ত অর্থাৎ যারা বক্তব্য রাখছিলেন তাঁরা যখন মন্ত্রী

ছিলেন অর্থাৎ ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় একটাও নুতন পৌরসভা তৈরী হয়নি, ১৯৭৮ সালে একটা হয়েছে। কিন্তু বিগত ৫ বছরের মধ্যে পশ্চিমবাংলায় নুতন করে ১২টি পৌরসভা তৈরী হয়েছে। এইভাবে আমরা নগর উন্নয়নের জন্য বিভিন্ন দৃষ্টি-ভঙ্গী নিয়ে চেষ্টা করছি। এই নগর উন্নয়নের বিভিন্ন দৃষ্টিভঙ্গী সত্ত্বেও আমাদের মনে রাখতে হবে যে পশ্চিমবাংলায় যেমন নগর উন্নয়নের চেষ্টা করছি তেমনি সামগ্রিক ভাবে আমাদের দেশের যে পরিকল্পনা, সেই পরিকল্পনার বাইরে গিয়ে আমরা কিছু করতে পারিনা এবং সেই পরিকল্পনার যে ফল সেটা পশ্চিমবাংলার মানুষকে ভোগ করতে হয়। আমাদের পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলির দিকে যদি তাকিয়ে দেখেন, নগর উন্নয়নের দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন যে প্রথম ৪টি পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোন ব্যবস্থা সেখানে নগর উন্নয়ণের জন্য করা হয়নি। অন্যান্য দেশের নগরকে তারা পরিকল্পিত ভাবে গড়ে তোলে। সোভিয়েট রাশিয়ার উদাহরণ দিলে দেখা যাবে যে সেখানে যে সমস্ত ইণ্ডাষ্ট্রি হয়েছে, সেই ইণ্ডাষ্ট্রিগুলি পরিকল্পিত ভাবে তৈরী করা হয়েছে। সোভিয়েট রাশিয়ায় ১০ লক্ষ থেকে ৮০ লক্ষ পর্যন্ত জনবসতিপূর্ণ শহর হচ্ছে ২৩টি এবং ৫ লক্ষর উপর জনবসতিপূর্ণ শহর হচ্ছে ৩০টি এবং ১ লক্ষ পর্যন্ত জনবসতিপূর্ণ শহর হচ্ছে ১৮ শত। অর্থাৎ জনবসতিপূর্ণ শহরকে ছড়িয়ে দিতে হবে, শিল্পের বিকাশ ঘটাতে হবে। কলকাতার মত বড়বড় শহরের যে সমস্যা, সেই সমস্যা নিয়ে মানুষ যাতে নগরের সুখ সুবিধা থেকে বঞ্চিত না হয় সেই দৃষ্টিভঙ্গীতে শহরকে গড়ে তোলা দরকার। এটা করতে গেলে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে একা সম্ভব নয়। তবুও কিন্তু ৫ বছরের মধ্যে আমরা এই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করার চেষ্টা করেছি এবং সেই কারণে আগে যেখানে সি. এম. ডি. এ-এর টাকা কলকাতা এবং হাওড়ার মধ্যে খরচ করা হত, এখন আমরা ৩৪টি পৌরসভাতে আগামী ৫ বছরে প্রায় এক শত কোটি টাকা খরচ করা হবে যে পরিকল্পনা সরকারের পক্ষ থেকে, সি. এম. ডি.এ-র পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। ৮৭ পয়সা থেকে ১৪ টাকা পর্যন্ত সি. এম. ডি. এ বহির্ভুত যে পৌরসভাগুলি আছে সেখানে বরাদ্দ করা হচ্ছে। এটা একটা নুতন দৃষ্টিভঙ্গী। এটা কলকাতাকে বিরোধিতা করার জন্য নয়, কলকাতা তথা পশ্চিমবাংলার নাগরিকদের স্বার্থে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যে আইন-এর ড্রাফ্‌ট স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্জী ১৯২৩ সালে করেছিলেন, তখন তিনি মিউনিসিপ্যাল মন্ত্রী ছিলেন, তখন যে আইন চালু হয়েছিল এবং তারপরে ১৯৩২ সালে সেই আইন পাশ হয়েছিল। তারপরে যে মৌলিক পরিবর্তন হয় বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে, সেটা ১৯৮০ সালে হয়েছে। তারপরে কলকাতা কর্পোরেশানে মৌলিক আইনের পরিবর্তন হয়েছে এবং যা গোটা ভারতবর্ষের মেয়র কনফারেন্সে সেটা আলোচনা হচ্ছে এবং সমস্ত পৌরসভাগুলি এই ক্ষমতা অর্জন করার জন্য বলছে যে, আমরাও পশ্চিমবাংলার মত আইন চাই। আজকে সেই বাজেট বরাদ্দ এখানে আলোচনা হচ্ছে, আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত যে কংগ্রেস (ই)-র পক্ষ থেকে মাননীয় সদস্য আব্দুল রেউফ আনসারী মহাশয় এই সভায় নেই, তিনি বক্তব্য রেখে চলে গেলেন। তিনি প্রথমে বললেন, মহারাষ্ট্রে যেভাবে, বোম্বে যে ভাবে উন্নতি লাভ করেছে, কলকাতা শহরে কেন সেই ভাবে হচ্ছে না ?

[1-00—1-10 p.m.]

আমি প্রথমেই বলতে চাই, মাননীয় সদস্য বোধ হয় জানেন না, বোম্বে করপোরেশনের বাজেট হলো ৩৬৩ কোটি টাকা এবং বোম্বে করপোরেশনের যে ট্যাক্স সেই ট্যাক্সের হার হলো শতকরা ৭৫ ভাগ। কলিকাতা করপোরেশানের মধ্যে — আপনারা জানেন — স্ল্যাব সিসটেম আছে। ১৫ থেকে ৩৩ পর্যন্ত আমাদের ট্যাক্সের হার। যে কোন ভ্যালুয়েসান, যে কোন মূল্যায়নের জন্য বোম্বে ট্যাক্সের হার শতকরা ৭৫ এবং ৩৬৩ কোটি টাকা বাজেট। ২ বছর আগেকার বাজেটের কথা আমি বলছি। মহারাষ্ট্র বা বোম্বে শতকরা ৪৫ ভাগ বস্তীবাসী এবং বস্তীবাসীর জন্য কোন কিছুই করা হয়নি। অন্যদিকে কলিকাতা করপোরেশন এবং সি. এম. ডি. এ এলাকার মধ্যে যে ২৫ লক্ষ বস্তীবাসী আছে তার মধ্যে ২০ লক্ষ বস্তীবাসীর এলাকা উন্নয়ন আমরা ইতিমধ্যেই করেছি। তারপর তিনি কলকাতার রাস্তার কথা বললেন। ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার আসার আগে কলিকাতার রাস্তাঘাটে যদি ঘুরে বেড়াতেন তাহলে বুঝতে পারতেন কলিকাতার কি অবস্থা? আমার মনে আছে, নির্বাচনের পর আমি পূর্ব কলিকাতার ট্যাংরা অঞ্চলে গিয়েছিলাম। আমার সঙ্গে মুমন্ত হীরা ছিলেন। তিনি বললেন, এখানে বাস চলতো কিন্তু ১ বছর হলো সেই বাস উঠে গেছে। রাস্তা বলতে কিছু নেই, রাস্তা শুধু উঠে গেছে। আমি আজকে এইকথা গর্বের সঙ্গে বলতে পারি বিগত কয়েক বছরে কলকাতার শহরের রাস্তাঘাট যেভাবে উন্নতি হয়েছে বিগত কংগ্রেস আমলের ৩০ বছরের রাজত্বেও তা হয়নি। একথা জোর করে বলতে পারি। আজকে যে কোন ট্যাক্সিওলাকে জিজ্ঞাসা করলে বুঝতে পারবেন কলকাতা শহরে এখন যানবাহন কিভাবে চলছে, রাস্তাঘাটের কত উন্নতি হয়েছে। তারপর আনসারি সাহেব আন-অথরাইস্ড কনষ্ট্রাকসানের কথা বলেছেন। তিনি বলেছেন দিনের পর দিন আন-অথরাইস্ড কনষ্ট্রাকসান হচ্ছে। আমি এই কথা বলতে চাই, এই সময়ের মধ্যে আন-অথরাইস্ড কনষ্ট্রাকসানের জন্য যেভাবে আমরা আইন প্রয়োগ করেছি, কোনদিনও কংগ্রেস আমলে সেটা করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৭৪ নং চিত্তরঞ্জন এ্যাভিনিউয়ের বাড়ীটি যখন আন-অথরাইস্ড হিসাবে ডিক্লিয়ার করা হলো তখন করপোরেশন বাড়ীটিকে ডিমোলিস করার জন্য অর্ডার দিলেন। কিন্তু দেখা গেল, বাড়ীর মালিক হাইকোর্টে গেল এবং হাইকোর্টে পরাজিত হলো। তারপর সুপ্রীমকোর্টে গেল এবং সুপ্রীম কোর্টেও পরাজিত হলো। তখন করপোরেশানের তরফ থেকে বাড়ীটিকে ভাঙতে গেল তখন আপনারা জানেন— টেনাণ্টদের তরফ থেকে আবার হাইকোর্টে গেল এবং হাইকোর্টে পরাজিত হয়ে সুপ্রীম কোর্টে গেল। সুপ্রীম কোর্ট বললো — অদ্ভুত ব্যাপার-ঐ টেনাণ্টদের পক্ষে আমি একজন ইঞ্জিনিয়ার নিয়োগ করছি, ইঞ্জিনিয়ার বলবে ঐ বাড়ীটির স্থাপত্য — যে বাড়ীটি তৈরী হয়েছে সেটা ঠিক আছে কিনা?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুপ্রীম কোর্ট থেকে ডেমলিসন অর্ডার মেনে নেওয়া হল, আবার সুপ্রীম কোর্ট থেকেই ডেমলিসন বন্ধ করে দেওয়া হল। সুতরাং এই ভাবে আনঅথরাইজড কনষ্ট্রাকসন-এর ব্যাপারে সুপ্রীম কোর্টেই আমাদের পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে। আজকে সেই আইন আমরা ব্যবহার করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কর্পোরেশনের এরিয়ারসের কথা বলা হচ্ছে। আমরা ১৯৭৭ সালে

যখন এসেছি আমরা দেখেছি প্রায় ১৭ কোটি টাকার উপর এরিয়ার বাকি ছিল এবং তার জন্য আমাদের নূতন একটা অফিস সল্ট লেকে করতে হয়েছিল। সেই অফিস থেকে সাপ্লিমেণ্টারী বিলের টাকা আমরা আদায় করার ব্যবস্থা করেছি। এখানে আনসারী সাহেব মুজাফর আমেদ বিল্ডিং এর কথা বললেন। এ কথা জানা দরকার যে প্রাইভেট একটা হাউস, সেখানে যে বাড়ী কেনা হয়েছে সেই বাড়ীতে কর্পোরেশনের একটা স্কুল ছিল। সেই বাড়ী কেনার পরে সি. এম. ডি. এর পক্ষ থেকে নূতন করে বাড়ী তৈরী করে দেওয়া হয়েছে, যাতে স্কুলটা উঠে না যায়, সেটা পরিচালিত হতে পারে। এখানে বলা হচ্ছে কলকাতা সহরে জলের অবস্থাটা কি? আমি এই কথা বলতে পারি যে এই ১৯৭৭ সালের পরে আজকে পলতার যে ওয়াটার সাপ্লাই সেই ওয়াটার সাপ্লাই বেড়ে আজকে ১৬০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হচ্ছে। এটা ঠিক আমরা স্বীকার করি যে পুরণো যে পাইপ লাইন আছে, কোথাও কোথাও সেগুলো রিপ্লেসমেণ্ট করার দরকার আছে। এই কথা আমরা স্বীকার করি, কিন্তু এই কথা বলতে পারি, যে পরিমাণ পানীয় জল সরবরাহ করা হচ্ছে তা এতদিন কংগ্রেস রাজত্বে তাঁরা করতে পারেন নি। তার সাথে সাথে বলছি যে আরও ১৬০ মিলিয়ন গ্যালন জল আমরা নূতন করে সরবরাহ করব। সেই সরবরাহের সাথে সাথে আমরা বজবজ, সাউথসুবারবন পৌরসভা, গার্ডেনরীচ পৌরসভা এবং দক্ষিণ কলকাতা পৌরসভা এলাকায় জল দেব। কিন্তু বস্তি অঞ্চলে সর্বত্র জল সমানভাবে যেখানে সরবরাহ হচ্ছে না, সেখানে আমরা জানি একটু স্টাডি করা হয়েছে সেখানে আমাদের পাইপলাইন রিপ্লেস-মেণ্ট করে জল সরবরাহ সমান ভাবে করতে হবে।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আপনারা বসু।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আগে জল চাই।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** এই ভাবে সভার কাজ চলতে পারে না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আগে জল চাই, তারপর বক্তৃতা শুনব।

1-10—1-45 p.m. ]

( তুমুল হট্টোগোল )

**মিঃ স্পীকার ঃ** I am on my leg. The question does not arise t this stage. Please sit down.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, কলিকাতায় কোন জায়গায় পানীয় জল নেই। পানীয় লের ব্যবস্থা কোন জায়গায় ঠিক ম'ত করতে পারেন নি। মিনিস্টারকে আগে ্যসিয়োর করতে হবে যে কলকাতায় পানীয় জলের ব্যবস্থা করবেন।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আই রিকোয়েস্ট এ্যগেন টু টেক ইয়োর সিট। এই রকম রতে পারে না। আপন্যরা সকলে বসুন। আপনারা এই ভাবে গণ্ডোগোল করলে ামি বাজেটকে ভোটে দেব।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কিছু বক্তব্য আছে। আমাকে বলতে দিতে হবে।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আমি আবার বলছি আপনারা বসুন। কংগ্রেস পক্ষের সদস্যরা যখন বক্তব্য রাখছিলেন তখন কোন ডিস্ট্রাভ করা হয় নি। আমি সেই সময় প্রেজেন্ট ছিলাম। সুনীতি বাবু আপনি বসুন, মিঃ মুখার্জী বসুন। প্লিজ আপনারা বসুন। ডোন ডু ইট।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাস্ট উই ডু ইট।

( সকল মেম্বার এক সঙ্গে বলতে উঠলেন )

( এই সময় অধ্যক্ষ মহাশয় ১.৪৫ পর্যন্ত হাউস মুলতবি ঘোষনা করলেন )

[1-45—1-55 p.m.]

**শ্রীলক্ষ্মণ বাগদী ঃ** মিঃ স্পীকার স্যার, হাউস এডজর্ণ হওয়ার আগে একটা উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যে আমি যে কাঁচা কাজ করে ফেলেছিলাম, তার জন্য আমি লজ্জিত, এর জন্য আমি দুঃখ প্রকাশ করছি।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় প্রশান্ত বাবুকে বলছি, মেম্বাররা জল সাপ্লাইয়ের ব্যাপারে এ্যাজিটেটেড হয়েছিলেন, আপনাকে সে ব্যাপারে কিছু বলার জন্য অনুরোধ করছি।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমি মাননীয় সদস্যদের একথা এ্যাসিওর করে বলছি যে, আপনাদের যদি কোন স্পেসিফিক অভিযোগ থাকে, তাহলে নিশ্চয় আমি দেখব। জলের ব্যাপারে গত কাল মাননীয় সদস্য শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ মহাশয় আমার কাছে এসেছিলেন এবং তাঁর বক্তব্য রেখেছিলেন। আমি তাঁকে একটা ডেট ফিক্স করে দিয়েছি এ ব্যাপারে কথা বলার জন্য। আপনাদের কোন ব্যক্তিগত অসুবিধা না হয়ে যদি সমষ্ঠিগত অসুবিধা থাকে, আমি সব সময়েই দেখব। জলের অসুবিধা দূর করার ব্যাপারে আমি আমার সীমিত ক্ষমতার মধ্যে হলেও তা দেখব। এ ব্যাপারে আমি চেষ্টা করছি এবং করব। তবে একটা কথা যে কোলকাতাকে সর্বাঙ্গ সুন্দর করা যাবে না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আমি মন্ত্রী মহাশয়কে অন্য কোন বিষয় বিরোধীতা করিনা। আমি বিশেষ করে উত্তর ও মধ্য কলকাতার কথা বলছি। দক্ষিণ কলকাতায় যদিও ডিপ টিউবওয়েল আছে, প্রেসার ফল করলেও খানিকটা ম্যানেজ করতে পারা যায় কিন্তু মধ্য ও উত্তর কলিকাতায় ডিপ টিউবওয়েল নেই। ২০০ মিলিয়ন গ্যালন যেখানে ক্রাইসিস সেখানে এক বালতি জলের জন্য দেড় দু টাকা দিতে হয়। নর্থ ক্যালকাটাতে ১২ ফুট করে উঠোন খুঁড়তে হয় জলের জন্য। জলশৌচের জল নেই। কাজেই মিটিং করবো বলে এড়িয়ে গেলে হবে না।

**শ্রীপ্রশান্ত শূর ঃ** আমার কথা হল কোন একজন সভ্য যদি য়্যাটেনসান ড্র করেন তাহলে অসুবিধা কোথায় ?

**শ্রীআবদুস সাত্তার :** র‍্যাশেনাল ড্র করার ব্যাপার নয়। মন্ত্রী হিসেবে ক্রাইসিস আপনি জানেন। আজ সকাল থেকে জল পাইনি। এই যে সর্টেজ অফ ওয়াটার চলছে এটা ব্যাপকভাবে চলছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** পয়েণ্ট অফ অর্ডার, আজকে সংবাদ পত্রে বেরিয়েছে কুৎসিত ভাবে বাবা তুলে মন্ত্রী মহাশয় কথা বলেছেন। আমি অনুরোধ করবো বাপ কথাটা প্রোসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক। আজও যে সব ঘটনা ঘটেছে তাও প্রোসিডিংস থেকে বাদ দিয়ে দিন।

**মিঃ স্পীকার :** আমি এটুকুন বলতে চাই কাল যা হয়েছে সেটা ঠিক হয়নি। আমাদের বিধানসভা খুব পুরানো, তার একটা মান সম্মান আছে। আজও যা ঘটেছে সেটাও খুব খারাপ। আমি সবাইকে বলছি মানুষ আপনাদের ভোট দিয়ে পাঠিয়েছে কাজ করার জন্য। তাদের অনেক সমস্যা আছে। আপনাদের অনেক দায়িত্ব আছে। আমরা যদি এরকম করে সময় নষ্ট করি তাহলে বাইরের মানুষ অন্য ধরণের একটা মন্তব্য করবে যে আমরা যাদের ভোট দিয়ে পাঠিয়েছি তারা এসব জিনিষ করে। আমি সমস্ত সভ্যদেরী অ্যাপীল করবো যেন তাঁরা দায়িত্ব নিয়ে অংশ গ্রহণ করেন। মাঝে মাঝে হিটেড হতে পারেন, কিন্তু সভ্যতা আমাদের মেনটেন করতে হবে। এই কথা বলে আমি মন্ত্রী মহাশয়কে বলবো তাঁর জবাবী ভাষণ ১০ মিনিটে শেষ করতে।

( শ্রীসত্যরঞ্জন বাপুলী বলিতে উঠিলেন )

**মিঃ স্পীকার :** আপনি বললে অন্য লোকে বলবেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আপনি যে বলতে দেন না এর জন্য হাউসে গোলমাল হয়, সেজন্য ওদের সাহস বেড়ে গেছে।

[1-55—2-05 p.m.]

**শ্রীপ্রশান্তকুমার শূর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রউফ আনসারি প্রশ্ন উত্থাপন করেছেন কর্পোরেশনে ইলেকশান হচ্ছে না কেন, হাওড়া পৌর সভায় ইলেকশান হচ্ছে না কেন? আমরা একথা বলতে পারি যে আমাদের এই ইলেকশান করার ব্যাপারে যে উদ্যোগ সেই উদ্যোগ আপনারা বুঝতে পেরেছেন। যেখানে পশ্চিম বঙ্গে ১৫।১৬ বছর ধরে কোন পৌর সভার নির্বাচন হয়নি সেখানে সেই ৮৭টি পৌরসভার নির্বাচন আমরা করে দিয়েছি এবং আমরা ক্যালকাটা কর্পোরেশান যে বিল এই সভায় গ্রহণ করেছিলাম সেটা রাষ্ট্রপতির কাছে পাঠানোর পরে ১ বছর সময় লেগেছে তার অনুমোদন পেতে এবং সেই অনুমোদন আসার পরে এখন রুলস্ এণ্ড রেগুলেশান হচ্ছে, এগুলি হওয়ার পরে আমাদের ভোটার লিস্ট তৈরী করতে হবে এগুলি আপনারা জানেন। কলকাতা এবং হাওড়া পৌরসভার ব্যাপারেও ঐ একই ব্যাপার। আমি একথা বলতে পারি এই নির্বাচন আমরা যত তাড়াতাড়ি করতে পারি তার চেষ্টা করছি। তবে যেকথা বলতে চেষ্টা করেছিলেন যে কর্পোরেশান এলাকায় ভোটারের যে হিসাব সেই হিসাবে আমাদের নাকি প্রত্যাখ্যান করেছেন রউফ আনসারি যেটা বলেছেন আমি একথা বলতে পারি ১৯৭৭ সালের যে নির্বাচন সেই নির্বাচনে বামফ্রণ্ট বিরোধী ভোট ভাগ হয়ে যাওয়ায় বামফ্রণ্ট অনেক বেশী আসনে জয়লাভ করেছে। কিন্তু তা সত্বেও ৫৫ শতাংশের বেশী

ভোট পায়নি, তার কম পেয়েছে। ১৯৭৭ সালে যেখানে ৫টি আসনে শতকরা ৫০ ভাগ পেয়েছে, সেখানে ১৯৮২ সালে ১০টি আসনে ৫০ শতাংশের বেশী ভোট পেয়েছে। কংগ্রেসের সাথে আমাদের ভোটের সংখ্যা তুলনা করলে দেখা যায় কংগ্রেস ও তাদের মিত্র শক্তি জনতা পার্টি মিলে ভোট পেয়েছে ৪৬ লক্ষ ৪৫ হাজার ৫৪৮, বামফ্রন্ট পেয়েছে ৪৬ লক্ষ ৯১ হাজার ৯১৯ অর্থাৎ ৪৬ হাজার ৩৭১ ভোট বেশী পেয়েছে কলকাতা শহরে। সুতরাং ভয়ের কিছু নেই, পিছিয়ে যাওয়ার কিছু নেই। মাননীয় সদস্য রউফ আনসারি কর্পোরেশানের করাপশানের কথা উত্থাপন করেছেন। তিনি দীর্ঘদিন কর্পোরেশানে ছিলেন, আমি আপনাদের সামনে কয়েকটি তথ্য উত্থাপন করছি। আমি দেখছি না মাননীয় সদস্য সুব্রত মুখার্জীকে, তিনি কোথায় গেছেন। উনি যখন মন্ত্রী ছিলেন এ্যাজ প্রেসিডেণ্ট অফ দি বেঙ্গল কালচারাল রিসার্চ ইনস্টিটিউট, ২, ডোভার লেন, তিনি দরখাস্ত করেন পৌর কমিশনারের কাছে ১০.৯.৭৬ তারিখে যে জি-১০, গড়িয়াহাট মার্কেট স্টল তাঁকে দিতে হবে এবং এ্যাডমিনিস্ট্রেটর সেটা অনুমোদন করেন। ৭০০ স্কয়ার ফিট স্পেস মেঝের ভাড়া ধরা হয় ২০০ টাকা। ইনিসিয়্যাল রেণ্ট কর্পোরেশান সাধারণতঃ ১ বছরের ভাড়া নিয়ে থাকে, সেই ইনিসিয়াল রেণ্ট হল নিল। তারপর আমরা যখন সরকারে আসলাম আমরা ভিজিল্যান্সে এটা পাঠিয়েছিলাম। ভিজিল্যান্সে পাঠানর খবর তিনি জানতে পারেন এবং জানতে পারার সাথে সাথে তিনি সেটা সারেণ্ডার করেন ২২.৯.৭৭ তারিখে, এ্যাডমিনিস্ট্রেটর সেটা এ্যাকসেপ্ট করেন ১.১০.৭৭ তারিখে, তখন সেই লিজ বাতিল হয়ে যায়। তারপর আসল ঘটনা যেটা সেটাতে আসছি। ১.১০.৭৭ তারিখে সেটা ছেড়ে দেওয়ার পর সেটা আবার ভাড়া দেওয়া হয়, ৭০০ স্কয়ার ফিট স্পেসের ১ হাজার ৭৫০ টাকা ভাড়া হয় যেখানে তিনি নিয়েছিলেন ২০০ টাকায় এবং ইনিসিয়্যাল রেণ্ট যেখানে নিল দেখিয়েছিল সেখানে কর্পোরেশান পেয়েছে ২০ হাজার ৩ শো টাকা। তাহলে বুঝতে পারছেন ক্ষমতার অপব্যবহার কি করে করা হয়।

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা জিনিস বলছি।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেশান ......

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জি আমি আপনাকে অনুরোধ করছি Let the Minister finish and then I will hear you. Please don't disturb.

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আমাকে বলতে দিতে হবে। উনি আমার নামে যেসব কথা বলেছেন আগে আমি সে সম্বন্ধে তথ্য হাউসকে জানাবো, তারপর উনি বলবেন।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আমি পারসোন্যাল এক্সপ্ল্যানেশান দেবো। ওনার যদি হিম্মত থাকে তাহলে আমাকে বলতে দিন। না হলে আমি বলবো তিনি চোর।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জি পারসোন্যাল এক্সপ্ল্যানেসন আপনি দিতে পারেন you have right to speak. এবং আই এলাউ ইউ টু গিভ পারসোন্যাল এক্সপ্ল্যানেসন। I will request you to take your seat. There is

decorum and decency of the House. Let the Minister finish and then you will give your personal explanation. I will request you not to disturb in this way.

**শ্রীসুব্রত মুখার্জি :** উনি যে এ্যালিগেসন করেছেন সেটা আমি ভুলে যাবো। এ্যালিগেসন করেছেন আর তার উত্তর শুনবেন না? প্রকৃত তথ্যটা কি সেটা মাননীয় সদস্যরা জানুক। এ হিম্মত ওঁর নেই। তাহলে উনি চোর, মিথ্যা কথা বলেছেন। চেপে দেবার চেষ্টা করছেন। আমি তা হতে দেবো না। আসল তথ্যের কথা শুনতেই হবে।

( গোলমাল )

[2-05—2-15 p.m.]

( noise )

( Several members from Congress (I) benches rose to speak )

**Mr, Speaker :** Mr. Subrata Mukherjee, please take your seat.

( Shri Dilip Mazumdar rose to speak )

**Mr. Speaker :** Mr. Mazumdar, please take your seat.

**Shri Satya Ranjan Bapuli :** Sri, I rise on a point of order.

**Mr. Speaker :** There is no point of order. I will hear your later.

( noise )

( Several members rose in their seats )

I am again requesting all of you to sit down. Shri Subrata wants to give a personal explanation to clarify some points and Shri Satya Ranjan Bapuli also wants to raise a point of order. I again tell them that I will hear Shri Mukherjee and Shri Bapuli after the Minister finishes his speech.

**Shri Subrata Mukherjee :** You have allowed Dr. Kanailal Bhattacharyya to give a personal explanation the other day.

**Mr. Speaker :** I have not allowed anybody to give personal explanation in this way. To-day, there is a lot of business to be transacted in this House including a legislation. So, I again appeal to the Honourable members to maintain the decency and decorum of this House and to follow the rules and procedures of this House. The Minister is making a speech and I will hear both Shri Mukherjee and Shri Bapuli after the Minister finishes his speech.

Now, the time scheduled for this grant is finished. lextend the timc by half an hour and I think the House will agree.

( Voices — Yes )

The time is extended by half an hour.

I now request Shri Prasanta Sur to give a short speech and after Shri Sur finishes I will hear the personal explanation of Shri Subrata Mukherjee and the point of order of Shri Satya Ranjan Bapuli.

**Shri Satya Ranjan Bapuli :** A point of order can be raised at any time. I rise on a point of order.

**Mr. Speaker** : There is no point of order.

( Noise )

( Mr. Speaker allowed the Minister in charge to speak )

( Noise )

( Shri Subrata Mukherjee & Shri Suniti Chattaraj rose to speak )

( Noise )

**শ্রীপ্রশান্ত কুমার শূর** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই, মাননীয় সুব্রত মুখার্জি যখন মন্ত্রী ছিলেন তখন তিনি ৬২ নং রিচি রোডের ৪ বিঘা ১০ ছটাক জমির ব্যাপারে এ্যাডমিনিস্ট্রেটর-এর কাছে লেখেন ১৬।৮।৭৬ তারিখে এবং ২০।৮।৭৬ তারিখে গভর্ণমেণ্ট সেটার এ্যাপ্রুভ্যাল দেন। ১লা এপ্রিল ১৯৭৭ সালে এ্যাপ্রুভড হয় ফর এ পিরিয়ড অব ৯৯ ইয়ারস উইথ ইউজুয়্যাল রাইটস অব রিনিউয়্যাল অন এ্যানুয়্যাল রেণ্ট অব রুপিজ ৪ থাউজ্যাণ্ড। স্যার, আপনি জানেন রিচি রোডে এক কাঠা জমির দাম ১ লক্ষ টাকা। সেখানে উনি ৮০ কাঠা জমি মাত্র ৪ হাজার টাকায় দিয়ে দিলেন।

( গোলমাল )

আমি যখন এটা ভিজিলেন্সে পাঠাই তখন তিনি এটাকে সারেণ্ডার করেন এবং এ্যাডমিনিস্ট্রেটর, ক্যালকাটা করপোরেশন ২৭শে জুন ১৯৭৭ সেটা গ্রহণ করেন। এই ভাবে তিনি মন্ত্রী থাকাকালীন ক্ষমতার অপব্যবহার করে টাকা আত্মসাত্ করার চেষ্টা করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি গুরুতর কথা বলছি, ২১।৮।৭৮ তারিখে।

On 21.8 75 the Minister in charge or Municipal Services, sent an application of one Shir Swapan Kumar Guha of Lake Town, Calcutta for allotment of a plot of land in the Manicktolla Municipal Market for construction of a "Cinama cum Theatre Complex" in the same spot and desired us to do the needful. তিনি মন্ত্রী থাকাকালীন the Administrator on 13.10.75 approved an allotment of a plot of land 14,400 sq. ft. ১ বিঘা out of 80 Cottah of the market land for a lease deed of 25 years on rent of Rs. 10,000/- per month plus an initial rent of Rs. 1 lakh 20 thousand, and on other usual terms and conditions, and particularly explicitly reserved the ground floor space for letting out it for the Corporation, railway booking office and air lines offices etc. The party do sketch plan and show that out of 10,000 sq. ft. of the reserved ground floor areas they allow the Corporation only 2500 sq. ft. Naturally it was further proposed that the monthly rent should be enhanced by Rs. 5,000/-, and the initial rent be increased by Rs. 50,000/-

Upon this proposal the party appealed beforethe Minister in charge for Municipal Services Department who by his order dated 9.2.76 was pleased to ask us i. e., Corporation to consider the said appeal.

[2-15—2-25 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, মিউনিসিপ্যাল মার্কেটের এই 8 বিঘা জমির মধ্যে এক বিঘা জমিতে সি. এম. ডি. এ সুপার মার্কেট করতে চাইছিলেন। সি এম. ডি. এর চেয়ারম্যান শ্রীভোলানাথ সেন মহাশয় তখন তাঁর কাছে লিখছেন।

I have been informed that a part of the area has been leased out to private parties.

(Noise)

This upset our plan completely.

The Chairman of the C. M. D. A. now states that CMDA has already gone ahead with the concurrence of the Minister-in-charge for preparing a plan for commercial-cum-market complex in the existing Manicktolla market and requests that such transfers to private parties be stopped in the overall interest of the development of the area.

স্যার, এই ভাবে মন্ত্রী থাকাকালীন যাঁরা দুর্নীতিগ্রস্ত ছিলেন আজ তাঁরাই আমাদের বিরুদ্ধে, কর্পোরেশনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনছেন। আমি এই কথা বলে সমস্ত কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 5,06 84,000 be granted for expenditure under Demand No. 26, Major Head "260-Fire Protection and Control", was then put and a division taken with the following results :

AYES—133

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghose, Shri Sambhu Charan

Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Majumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munshi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheshwar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan

Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

NOES—29

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Naba Kumar
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

Purkait, Shri Probodh
Sarkar, Shri Debaprasad

The Ayes being 133, the Noes 29, and the abstentions 2 the motion carried.

**Demand** No. 74

The motion of Shri Abdul Mannan that the amount of demand be reduced by Rs. 100/- was then put and a division taken with the following results :

NOES—110

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharya, Shri Gopal Krishna
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakraborty, Shri Jatin

Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Bacindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Narayandas
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy, Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Seth, Shri Lakshman Chandra

Sinha, Dr. Haramohan
Sinha, Shri Probodh Chandra
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram

AYES—31

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumer
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Motahar, Hossain, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Naba Kumar
Sadhukhan, Shri Tarapada
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—3

Choudhury, Shri Bikesh
Purakait, Shri Probodh
Sarkar, Shri Debaprosad

The Ayes being 31, the Noes, 110 and the abstentations 3 the motion was lost.

The motion of **Shri Prasanta Kumar Sur** that a sum of Rs. 49,20,25,000 be granted for expenditure under Dmand No. 74, Major Head: "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)" was then put and a division taken with the following result :

AYES—131

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi. Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswas
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy Chowdhury, Shri Nirode
Saha Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sarkar, Shri Sailen
Satpathy, Sdri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Suri Pralay
Tudu, Shri Bikram

NOES—27

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abedin, Dr, Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahman, Shri
Kazi Hafizur Rahaman, Shri
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Naba Kumar
Sdth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

Purakait, Shri Prabodh
Sarkar, Shri Debiprasad

The Ayes being 131, the Noes 27, and the abstentions 2 the motion was carried.

**Demand No 40**

The motion of Dr. Zainal Abedin that the amount of demand be reduced to Re. 1 was then put and a division taken with the following result :

NOES—130

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Nirmal Kumar
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Snri
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Srimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Ghoswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhansu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chrndra
Malik, Shri Sreedhar
Mallik, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohammad Ramjan Alii Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy

Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Monini Mohan
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy Chowdhury, Shri Nirodh
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

AYES—31

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhuri, Shri Humayun
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Roy, Shri Naba Kumar
Sadhukhan, Shri Tarapada
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

Purakait, Shri Probodh
Sarkar, Shri Deba Prosad

The Ayes being 31 and the Noes 130, and the Abstentions 2 the motion was lost.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 76,06,78,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284-Urban Development, 484-Capital outlay on Urban Development and 684-Loans for Urban Development." was them put and a division taken with the following results :

AYES—134

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri

Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Nirmal Kumar
Bose. Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mrl, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mondal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mazumdar, Shri Dilip Kumar
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parlmal
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Majumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri, Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri BrajoGopal
Paik, Shri Sunirmal
Pal Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Phatak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranian
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammed, Shri
Sinha, Dr. Haramohan
Sinea, Shri Probodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

NOES—28

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Naba Kumar
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTATIONS—2

Purkait, Shri Probodh
Sarkar, Shri Debaprasad

The Ayes being 134 the Noes 28 and the abstentions 2 the motion was carried.

[2-25—2-35 p.m.]

( ভোট পর্ব ইংরাজীতে দেখান হলো )

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি এখন শ্রীসত্যরঞ্জন বাপুলীকে তাঁর পয়েণ্ট অফ্ অর্ডার তুলতে অনুমতি দিচ্ছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ পয়েণ্ট অফ্ অর্ডার তুলতে চাই। মাননীয় মন্ত্রী যখন তাঁর বক্তব্য রাখছিলেন।

( প্রচণ্ড গোলমাল )

**অধ্যক্ষ মহাশয় ঃ** সত্যবাবু, আপনি বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, এরকম গণ্ডগোলের মধ্যে কি করে বলব ?

**অধ্যক্ষ মহাশয় ঃ** তা আমি কি করব ? আপনারাও করছেন, ওরাও করছে। আমি তো সকলকে চুপ করতে বলছি।

আপনারা চুপ করুন। সত্যবাবু, আপনি বলুন।

( গোলমাল )

**অধ্যক্ষ মহাশয় ঃ** আপনারা বসুন, এরকম করলে হাউস চালানো যাবে না, সত্যবাবুকে বলতে দিন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে পয়েণ্ট অফ্ অর্ডারটি তুলতে চাইছি সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় বক্তৃতা দেবার সময় সুব্রত মুখার্জীকে এ্যাটাক্ করে একটা কথা বলেছেন এবং তদানীন্তন কংগ্রেসী মন্ত্রীসভার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। আমি বলছি, উনি ৩৪ লক্ষ টাকা বন্ধুকে দিয়েছেন, চোর মন্ত্রী, দুর্নীতিগ্রস্ত মন্ত্রী, হাউসে আসার ওর কোন অধিকার নেই, ওর পদত্যাগ করা উচিত।

( গোলমাল )

**অধ্যক্ষ মহাশয় ঃ** এখন প্রশ্নোত্তর।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আমার একটা পার্সোনাল এক্সপ্লানেসন আছে।

**অধ্যক্ষ মহাশয় ঃ** নো পার্শোনাল এক্সপ্লানেসন।

( প্রচণ্ড গোলমাল এবং এই সময়ে সুব্রত মুখার্জী স্পীকারের চেয়ারের দিকে এগিয়ে গিয়ে কথা বলার চেষ্টা করেন। )

( Noise )

**Mr. Speaker :** The question does not arise here. If you don't listen to me, I will not give any chance. Now Shri Parimal Mitra you give your reply.

(Noise)

(At this stage the Cong-I members walked out of the House)

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, on a point of order. Please see rule 328, sub-section (ii), which says — A member while speaking shall not make a personal charge against a member.

**Mr. Speaker:** A member may, with the permission of the Speaker, make a personal explanation although there is no question before hte House, but in this case no debatable matter may be brought forward, and no debate shall arise.

( Noise )

( At this stage the Cong-S members walked out of the House )

Afternoon Session

**Heldover Starred Questions to which oral answers were given,**

[2-35—2-45p.m.]

## অলোক উদ্যোগ প্লাইউড অ্যাণ্ড বনস্পতি লিমিটেড

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭।) **শ্রীসরল দেব:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বজবজে "অলোক উদ্যোগ প্লাইউড অ্যাণ্ড বনস্পতি লিমিটেড" কারখানা বন্ধের পূর্বে শ্রমিকের সংখ্যা কত ছিল;

(খ) ১৯৮২'র ৩১এ জুলাই পর্যন্ত কতজন কর্মীকে পুনর্নিয়োগ করা হইয়াছে;

এবং (গ) যে সমস্ত কর্মচারীদের এখনও পর্যন্ত পুনর্নিয়োগ করা হয় নাই তাহাদের ব্যাপারে সরকার কি চিন্তা করিতেছেন?

**শ্রীপরিমল মিত্র:** (ক) ৬৯৮ জন। (খ) ৪৩৮ জন। (গ) কারখানার উৎপাদন বৃদ্ধি হইলে আরও কিছু শ্রমিককে পুনর্নিয়োগ করা হইবে।

যাঁহাদের পুনর্নিয়োগ করা যাইবেনা তাঁহাদের আর্থিক ক্ষতিপূরনের বিষয়টি সরকার বিবেচনা করিবেন।

**শ্রীসরল দেব:** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি — আমার প্রশ্নটা হচ্ছে যারা ইতিমধ্যে সুপার এ্যানুয়েটেড হয়ে গেছে অথচ তাদের লিগ্যাল ডিউস আছে সেটা মিটিয়ে দেবার ক্ষেত্রে আপনার দপ্তর কি কোন ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রীপরিমল মিত্র:** যেটা নেওয়া হয়েছে সেটা হচ্ছে যে প্লাইউড লিমিটেড আমাদের সিক ইনডাস্ট্রিজ নিয়েছেন, এবং আমাদের কিছু করতে হলে তার পারমিশন নিয়ে এবং তাদের কাছ থেকে টাকা নিয়ে করতে হবে। উই হ্যাভ গিভ্‌ন এ প্রোপোজাল, যাতে অবস্থাটা আপনারা বুঝতে পারেন বা এবারে না হলে পরে কিছু করা যেতে পারে। এখনই কিছু করা যাচ্ছে না।

**শ্রীসরল দেব:** আপনি এ পর্য্যন্ত কিছু হিসেব করেছেন কি যে, কতজন সুপার এ্যানুয়েটেড হয়েছে আর কতজন রয়ে গেছে, তাদের স্টেট ম্যানারে কিভাবে কারখানায় ফেরত দেবেন, এ বিষয়ে কোন কিছু তথ্য আপনার কাছে আছে কি?

**শ্রীপরিমল মিত্র:** অলক উদ্যোগ প্লাইউড এ্যাণ্ড বনস্পতি লিমিটেড ৭ বছর বন্ধ ছিল। এদের টিম্বার পাওয়া যাচ্ছিল না, সেজন্য ওরা বন্ধ করে চলে গিয়েছিল। এখন যে টিম্বারটা পাওয়া যাচ্ছে, প্রথমেই আমাদের সঙ্গে গভর্ণমেণ্ট অব ইন্ডিয়ার কনট্র্যাক্ট করে এগ্রিমেণ্ট করে ছিলেন এবং লিখিত আকারে দিয়েছিলেন যে সেভেন

থাউজেনড স্কোয়ার মিটার করে তাঁরা দেবেন ফ্রম আন্দামান। সেটা তাঁরা ফেল করেছেন এবং এখন তাঁরা বলছেন যে এখানকার অকসান মার্কেট থেকে কিনতে। অকসান মার্কেট থেকে কেনা কোন প্লাইউড ভায়াবেল হতে পারে না এবং সেই হিসাবে নর্থ বেঙ্গল থেকে সেই প্লাইউড স্পেশিশ হিসাবে অন্যান্য জায়গায় দিতে হবে। আমরা সেটা অন্যান্য জায়গায় ভেনিয়ার হিসাবে নিয়ে এসেছি। এখন এই অবস্থায় আর লোক নেওয়া যেতে পারে না। নূতন অর্ডার যদি কিছু পাওয়া যায় আমরা সেটার চেষ্টা করছি। সকলে চেষ্টা করলে হয়তো এটা সম্ভব হতে পারে। উষা মেশিন এবং বাটা কোম্পাণীর মধ্যে যদি দিতে পারা যায় তাহলে কিছু লোক নেওয়া যেতে পারে।

**শ্রীসরল দেব ঃ** যারা সুপার এ্যানুয়েটেড হল এবং তাদের যে লিগ্যাল ডিউস সেটা দেবার জন্য পেরেনটস ডিপার্টমেনটের কাছে কোন প্রস্তাব পেশ করেছেন কি ?

**শ্রীপরিমল মিত্র ঃ** পেরেন্টস ডিপার্টমেনটের কাছে প্রস্তাব পেশ করা হয়েছে।

## বাঘের দ্বারা নিহত সুন্দরবন অঞ্চলের অধিবাসী

*১৫৩। ( অনুমোদিত প্রশ্ন নং *২৯৯। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** বন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮১ সালের জুন মাস হইতে ১৯৮ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে সুন্দরবন অঞ্চলের অধিবাসী জঙ্গলের বাঘের দ্বারা নিহত হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে তার সংখ্যা কত ?

**শ্রীপরিমল মিত্র ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৫৪ জন।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** এই যে ৫৪ জনকে বাঘে খেল, তারা জঙ্গলের মধ্যে গিয়েছিল, না বাঘ জঙ্গল থেকে এসে নিয়ে গিয়েছিল ?

**শ্রীপরিমল মিত্র ঃ** সাধারণভাবে যেটা দেখা যায়, সেটা হচ্ছে আমাদের হানী কালেকসনের জন্য যাঁরা যান তাঁরা এবং সেই সঙ্গে মাছ মারতে যাঁরা যান এদেরই ধরে। তারা আগে আমাদের কাছে আসে না, এখন আসছে, এবং আমরাও কমপেনসেসন দিচ্ছি। কাজেই বলতে পারব না উইদিন দি কোর এরিয়া অফ দি ফরেষ্ট বাঘ এসে নিয়ে গিয়েছিল কি না।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মধু সংগ্রহের জন্য যাঁরা যান তাঁরা কি বন বিভাগের পারমিশন নিয়ে যান, না নিজেদের খেয়াল খুশী মত যান।

**শ্রীপরিমল মিত্র ঃ** নিয়ে যাওয়াই নিয়ম। অনেকে নিয়ে যান আবার অনেকে নিয়ম বহির্ভূত কাজ করেন, সেজন্য অসুবিধা হয়।

**শ্রীপ্রবোধ পুরোকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে বাঘের দ্বারা যে লোক নিহত হয়েছে — আপনি যে সংখ্যাটা বললেন তাদের যে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তার পরিমাণ কত ? এবং যে সংখ্যাটা বললেনতারা কি সবাই ক্ষতি-পূরণ পেয়ে গেছে ?

**শ্রীপরিমল মিত্র ঃ** সবাই এখনও পায়নি। আমি যে সংখ্যাটা হিসাব দিচ্ছি যে সাল থেকে এই ৫৪ লোক মারা গিয়েছিল সেই সময় থেকে। তার পরিমাণ হচ্ছে ৬২ হাজার ২ শো। সেটা দেওয়ার একটা প্রসেস আছে। দেওয়ার ব্যবস্থা করা হয়েছে — প্রোজেক্ট টাইগার এরিয়া নামখানা রেঞ্জে দেওয়া হয়েছে।

**শ্রীপ্রবোধ পুরোকায়েত ঃ** পরিবার পিছু কত টাকা করে দেওয়া হচ্ছে ?

**শ্রীপরিমল মিত্র ঃ** ২ হাজার টাকা করে।

## বনভূমি সৃজন

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৯।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি —

(ক) ১৯৭৯ সালের জুলাই হইতে ১৯৮২ সালের জুন পর্যন্ত সময়ে এ রাজ্যে কি পরিমাণ জমিতে বনভূমি সৃজন করা হইয়াছে ( বৎসরওয়ারী হিসাব ) ; এবং

(খ) উক্ত তিন বৎসরে কি পরিমাণ বনভূমি বেআইনীভাবে ধ্বংস করা হইয়াছে ?

**শ্রীপরিমল মিত্র ঃ** (ক) ও (খ) এ পর্যন্ত যে সব তথ্য পাওয়া গিয়েছে তার ভিত্তিতে ১৯৭৯ সালের এপ্রিল থেকে ১৯৮২ সালের মার্চ পর্যন্ত এ রাজ্যে বনসৃজন ও ধ্বংসের হিসাব নিম্নরূপ ঃ—

**বন-সৃজন**

| | |
|---|---|
| ১৯৭৯-৮০ ঃ | ১৪,০০০ হেক্টর |
| ১৯৮০-৮১ ঃ | ১৪,৭২৫ হেক্টর |
| ১৯৮১-৮২ ঃ | ১৬,৪০০ হেক্টর |

**বন-ধ্বংস**

| | |
|---|---|
| ১৯৭৯-৮০ ঃ | ৬,২৭৩.৭১ হেক্টর |
| ১৯৮০-৮১ ঃ | ৮,৩৪৮.২০ হেক্টর |
| ১৯৮১-৮২ ঃ | ১০,৪৩৭.৮০ হেক্টর |

**শ্রীপরিমল মিত্র ঃ** ওয়েস্টার্ণ সারকেলে যেটা আছে তার নাম হচ্ছে পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং মেদিনীপুর।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি এই যে বেআইনীভাবে বনভূমি ধ্বংস করা হচ্ছে এই ধ্বংসের মূলে কাদের ইনটিগেশান করা হচ্ছে।

**শ্রীপরিমল মিত্র ঃ** আপনারা জানেন এবং বিভিন্ন কাগজে বেরিয়েছে এই ব্যাপারে। আমি যেখানকার কথা বললাম অর্থাৎ পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং মেদিনীপুর এলাকায় যে জিনিষটা হচ্ছে সেটা বললে ওনারা হয়ত চটে যেতে পারেন। সেখানে ওরা একটা ইউনাইটেড ফ্রন্ট করেছে। যার নাম ঝাড়খণ্ড মুক্তি মর্চা। তারা সেই সমস্ত জায়গায় পলিটিকাল স্লোগান দিয়ে শয়ে শয়ে হাজারে হাজারে লোক এসে ফরেস্ট এরিয়ায় ঢুকে বলছে এই ফরেস্টে আমাদের অধিকার আছে, এখানে কেউ ঢুকতে পারবে না। এইভাবে ফরেস্ট ধ্বংস হচ্ছে।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** এই বেয়াইনিভাবে যে বনভূমি ধ্বংস হচ্ছে তার রক্ষা করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন।

**শ্রীপরিমল মিত্র ঃ** এর ব্যবস্থা আপনারাই করবেন। পঞ্চায়েত এবং জেলা পরিষদের একটা মিটিং হয়েছে এবং সেখানে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেখানে পলিটিক্যাল পার্টি দিয়ে ক্যাম্পেন না করলে হবে না সেই সঙ্গে সঙ্গে এখানে একটা প্রস্তাব রাখছি আমাদের একটা প্রোটেকশান ফোর্স করতে হবে। প্রোটেকসান ফোর্স দিয়ে কতটুকু হবে তা জানি না। তবে একটা পলিটিক্যাল মুভমেণ্ট করতে হবে। পলিটিক্যাল মুভমেণ্ট না করলে এই মুভমেণ্টকে সামলানো কিছুতেই যাবে না। এই ভাবে প্রচুর মাস ডিসট্রাকসান অফ ফরেণ্ট হচ্ছে।

[-245—2-55 a.m.]

**শ্রীপ্রবোধ পুরোকায়েত ঃ** আপনার দপ্তর কতকগুলি নির্দিষ্ট জায়গাতে বন সৃজন করেছেন। কিন্তু এছাড়া বিভিন্ন জায়গাতে যেসব সোস্যাল ফরেষ্ট্রি গড়েছেন, সেগুলি কি ঐ সোস্যাল ফরেষ্ট্রি ধরে তার পরিমাণ এখানে বললেন ?

**শ্রীপরিমল মিত্র ঃ** না, সবগুলোই সোস্যাল ফরেষ্ট্রি ধরে নয়। তবে বেশীরভাগ জায়গাতেই এগুলি ধ্বংস হয়েছে। আমরা সাধারণ ভাবে ক্যাচমেণ্ট এরিয়াতে যেগুমি ধ্বংস হয়েছে, সেই সমস্ত এরিয়াতে বন সৃজন করে থাকি। এর সঙ্গে মেন ল্যাণ্ড বা সোস্যাল ফরেষ্ট্রির কোন সম্পর্ক নেই।

## জেলায় নূতন পার্ক ও উদ্যান

*১৭০। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৪। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭৭ সালের জুন হইতে ১০ই আগষ্ট, ১৯৮২ পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কোন জেলায় কতগুলি নূতন পার্ক ও উদ্যান তৈরী করা হইয়াছে ?

**শ্রীপরিমল মিত্রঃ**

| জিলা | উদ্যান ও কানন ইত্যাদির তৈরীর সংখ্যা |
|---|---|
| ১। কলিকাতা | ১৯ |
| ২। পুরুলিয়া | ৪ |
| ৩। ২৪-পরগণা | ৬ |
| ৪। নদীয়া | ৪ |
| ৫। বাঁকুড়া | ৩ |
| ৬। মেদিনীপুর | ১ |
| ৭। বর্ধমান | ১ |
| ৮। হুগলী | ১ |
| ৯। জলপাইগুড়ি | ৯ |
| ১০। দার্জিলিং | ৩ |
| ১১। কুচবিহার | ১ |
| ১২। পশ্চিম দিনাজপুর | ১ |
| মোট | ৫৩টি |

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** কুচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ যেগুলি করেছেন, সেসব জায়গাতে প্রাকৃতিক অবস্থার পরিপ্রেক্ষিতে তৈরী করতে সুবিধা হয়েছে, এবারে আপনি কি সমতল ভূমির দিকে একটু দৃষ্টি দেবেন ?

**শ্রীপরিমল মিত্র ঃ** কুচবিহার এবং জলপাইগুড়িতে যেগুলি করা হয়েছে, সেগুলি সমতল ভূমির উপরেই করা হয়েছে। মুর্শিদাবাদে গঙ্গার ওপারে কোন পার্ক করা হয়নি, ওপারে কোন পার্ক নেই। আমার বাজেটের কথা আপনারা সবাই জানেন, তা সত্বেও আমার এবারে প্লান আছে সমস্ত জেলাতে এবং সাব-ডিভিসান্যাল টাউনে কিছু পার্ক তৈরী করবার। বহরমপুরে আমি তিনবার গিয়েছি, সেখানকার ডি. এম. আমাকে যে জায়গা দেখিয়েছেন, তাতে হিসাব করে দেখা গেছে মাটি ভরাট করতেই প্রায় ৩ লাখ টাকা ব্যয় হবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মুর্শিদাবাদ, বহরমপুরের লালবাগে বহু পর্যটক পর্যটনে যান, সেখানে যদি উদ্যান বা পার্ক করতে পারেন, তাহলে তা আরও আকর্ষণীয় হয়ে উঠতে পারে। এ ব্যাপারে কোন চিন্তা করেছেন কি ?

**শ্রীপরিমল মিত্র ঃ** ওখানে আমি একবার চেষ্টা করতে গিয়ে প্রায় ৪৩ লক্ষ টাকা লোকসান দিয়েছি। কারণ যে ডিপার্টমেণ্টগুলির এ ব্যাপারে এগিয়ে আসা দরকার, যাদের বেশী টাকা পয়সা ইত্যাদি আছে, তারা যদি কিছু না করে, তাহলে আমার একলার পক্ষে বেশী কিছু করা সম্ভব নয়। আমি ওয়াজির মাঞ্জিলে একটা ক্যানটিন করতে গিয়েছিলাম, কিন্তু কোন ডিপার্টমেণ্ট এনথিউজ হয়ে এনট্রাস্ট করতে প্লান নিয়ে এগিয়ে আসেনি। তবে যদি সেরকম কাউকে সঙ্গে পাই, তাহলে নিশ্চয়ই সাহায্য করব।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** বর্তমান আর্থিক বৎসরে কতগুলি করতে পেরেছেন বলবেন কি ?

( উত্তর নাই )

**শ্রীঅনিল মুখার্জী ঃ** আপনি বললেন কোন জেলাতে ১টি, কোন জেলাতে ৩টি বা কোন জেলাতে করতে পারেননি। এর সঙ্গে কলকাতাতে সংখ্যা বললেন ১৯টি। এই সংখ্যাগুলো কিসের ভিত্তিতে নির্ধারিত হয়েছে ?

**শ্রীপরিমল মিত্র ঃ** এর কোন ভিত্তি নেই। সাধারণ ভাবে অনেকে অনেক জায়গাতে পার্ক করার কথা বলেন, কিন্তু আপনাদের জানা উচিত যে ফরেষ্ট বাজেটের পরিমান কত। পার্কস্ এ্যাণ্ড গার্ডেন উয়িং-এর ১০ লক্ষ টাকা কাটি করে ৬ লক্ষে আনা হয়েছে। এবারে কতগুলি করতে পারব তা জানি না। এবারে মোট ১২টি পার্ক করার কথা আছে, এর মধ্যে কতগুলিকে কভার করতে পারব তা এখুনি বলতে পারব না।

**শ্রীসরল দেব ঃ** ২৪ পরগণা জেলা যেখানে সব চেয়ে বেশি ঘন বসতি পূর্ণ জেলা তখন এখানে আর কিছু পার্ক করার কথা ভাবছেন কিনা ?

**শ্রীপরিমল মিত্র ঃ** ৬টা করা হয়েছে, এখন আর ভাবছি না — টাকা পয়সা নেই।

### Held Over Starred Question
( to which oral answer were laid on the table )

### দুর্গাপুরে বন্ধ কারখানা

*১৫১। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৩০। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিককালে দুর্গাপুরে ১৫০টি ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং ইউনিট ৪২ দিন যাবত বন্ধ অবস্থায় আছে ;

(খ) সত্য হইলে, উক্ত কারখানাগুলি বন্ধ হওয়ার কারণ কি ;

(গ) উক্ত কারখানাগুলি বন্ধ থাকায় কত শ্রমদিবস নষ্ট হয়েছে ; এবং

(ঘ) উক্ত কারখানাগুলি বন্ধ থাকায় আর্থিক ক্ষতির পরিমাণ কত ?

**Minister incharge or small and cottage Industries Department :**

(ক) না ; (খ) প্রশ্ন উঠেনা ;(গ) প্রশ্ন উঠেনা ; (ঘ) প্রশ্ন উঠেনা।

[2-55—3-05 p.m.]

### Starred Questions
( to which oral answers were given )

### ফারাক্কা চুক্তির ২নং ধারা বাতিলের দাবি

*২৪৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৩। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারত বাংলাদেশের মধ্যে সম্পাদিত 'ফারাক্কা চুক্তি'র দুই নম্বর ধারা বাতিলের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন দাবি জানিয়েছিলেন কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের প্রতিক্রিয়া কিরূপ ?

**শ্রীননী ভট্টাচার্য :** (ক) হ্যাঁ। (খ) এ ব্যাপারে ভারত সরকার সবিশেষ অবহিত ও উদ্বিগ্ন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ফরাক্কা চুক্তির ২নং ধারা কি এবং এই ধারা যদি কার্যকর থাকে তাহলে পশ্চিমবাংলা বিশেষ করে কোলকাতা বন্দর কি ক্ষতিগ্রস্ত হবে না ?

**শ্রীননী ভট্টাচার্য :** ২নং ধারায় বলা হয়েছে যত জল ফরাক্কায় আসুক না কেন তা ভাগাভাগি হবে। ভাগীরথি দিয়ে যে জল আসবে তা একটা ভাগ এবং ভাগিরথী দিয়ে বাংলা দেশে যাবে তার একটা ভাগ হবে। এই ভাগগুলি ঠিক করা আছে যত জল কম আসুক এমন একটা বিশেষ মাসে বিশেষ ১০ দিনের মধ্যে এই ভাগগুলি হবে। এই বিশেষ ১০ দিনের মধ্যে যে জল বাংলা দেশে যাবার কথা ছিল তার শতকরা ৮০ ভাগ জল দিতে হবে। যদি ধরা যায় ৬০ হাজার কিউসেক জল আসছে তার মধ্যে আমরা পাচ্ছি ধরুন ভাগিরথীর দিকে ২০ হাজার কিউসেক জল, আর ও দিকে ৪০ হাজার কিউসেক জল দেবার কথা আছে। কিন্তু এমন একটা ১০ দিনে এলনা সেখানে ৩০ হাজার কিউসেক জল এল তখন ঐ যে ৬০ হাজারের কথা বললাম তার ৮০% মানে ৪২ হাজার কিউসেক জল দিতে হবে, বাংলাদেশকে ফরাক্কায় জল পাক

বা না পাক। এই ধারা সম্বন্ধে কেন্দ্রীয় সরকার বিশেষ বিব্রত বোধ করছেন। কেন্দ্রীয় সরকারের সেচ মন্ত্রীকে বলেছি যাতে এই ধারা তুলে নেওয়া যায়।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** যে সময়ে এই চুক্তি কার্যকর থাকবে সে সময়ে শুকো মরশুমে কি হবে? আপনি যখন দিল্লীতে যাবেন প্রতিনিধি নিয়ে তখন এই ধারাটা বাতিল করার দাবী জানাবেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য :** এখানে যে প্রস্তাব পাশ করা হয়েছে তার মধ্যেই এই কথাটা উল্লেখ করা আছে।

## বীরভূম জেলাপরিষদের অধীনে গাড়ি

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮।) **শ্রীসুনীতি চট্টরাজ :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলাপরিষদের অধীনে মোট ক'টি গাড়ি আছে;

(খ) উক্ত গাড়িগুলি বর্তমানে কে কে ব্যবহার করেন; এবং

(গ) গাড়িগুলোর জন্য বাৎসরিক কত টাকা খরচ হচ্ছে?

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী :-

(ক) ৩ (তিনটি)

(খ) জেলা পরিষদ কর্মকর্তা এবং অধিকারিকগণ জেলা পরিষদ সংক্রান্ত কাজে এই গাড়ীগুলি ব্যবহার করেন।

(গ) ৯৭,০০৯,০২ (সাতানব্বই হাজার নয় টাকা দু' পয়সা ১৯৮১-৮২ সালের হিসাব অনুযায়ী।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সিউড়ি ব্লক (১) এর সি পি এম-এর পঞ্চায়েত সমিতির সদস্য লিখিত অভিযোগ করেছেন যে জেলা পরিষদের সভাপতি গাড়ী মিসইউজ করেছেন এটা আপনি জানেন কি না?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** আপনি যে প্রশ্ন দিয়েছিলেন তার থেকে এই প্রশ্নের উত্তর দেওয়া যায় না, আলাদা প্রশ্ন দিলে আবার উত্তর দেব।

## তথ্য ও সংস্কৃতি বিভাগের ফিল্ড ওয়ার্কার

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭।) **শ্রীকাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮১-৮২ সালে তথ্য ও সংস্কৃতি বিভাগে কতজন ফিল্ড ওয়ার্কারের পদ সৃষ্টি করা হয়েছে;

(খ) উক্ত পদে কর্মচারী নিয়োগ পদ্ধতি কিরূপ;

(গ) উক্ত পদে জুলাই, ১৯৮২ পর্যন্ত কতজন কর্মচারী নিযুক্ত হয়েছেন; এবং

(ঘ) উক্ত কর্মচারীদের পঞ্চায়েত সমিতির সহিত যোগাযোগে কোন কাজকর্ম করতে হয় কিনা?

(ক) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮১-৮২ সালে যথাক্রমে ৩০টি, ৩০টি এবং ১৫টি ফিল্ড ওয়ার্কারের পদ সৃষ্টি করা হয়েছে। উক্ত বৎসরগুলিতে মোট ৭৫টি ফিল্ড ওয়ার্কারের পদ সৃষ্টি হয়েছে। ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ সালে কোন ফিল্ড ওয়ার্কারের পদ সৃষ্টি করা হয় নি।

(খ) কর্মবিনিয়োগ সংস্থা থেকে যে প্রার্থী তালিকা পাওয়া যায় তা থেকে প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের পর যাঁরা যোগ্য বিবেচিত হন তাঁরাই নিযুক্ত হন।

(গ) উক্ত পদে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট ৭০ জন কর্মচারী নিযুক্ত হয়েছেন।

(ঘ) উক্ত কর্মচারীদের পঞ্চায়েৎ সমিতির সহিত যোগাযোগ রেখে কাজকর্ম করিতে হয়।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ফিল্ড ওয়ারকার্স নিয়োগ করা হচ্ছে এদের মাসিক কত টাকা হারে বেতন ধার্য করা হয়েছে?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** নির্দিষ্টভাবে প্রশ্ন করলে নির্দিষ্টভাবে উত্তর দেওয়া যাবে।

## তাঁতিদের জন্য বরাদ্দকৃত সূতা

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের তাঁতিদের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৮১ সালের দুর্গাপূজার পূর্বে অধিক পরিমাণ সূতা বরাদ্দ করিয়াছিলেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, উক্ত সূতা কি পদ্ধতিতে বণ্টিত হইয়াছে?

শ্রীপ্রলয় তালুকদার:—

(ক) ১৯৮১ সালের দুর্গাপূজার পূর্বে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের তাঁতিদের কোন সূতা বরাদ্দ করেন নাই। (খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার কোন সূতা তাঁতিদের জন্য বরাদ্দ করেননি, কিন্তু অন্য কোন জনতা শাড়ী, জনতা ধুতির জন্য দিয়েছিলেন কিনা?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** ১৯৮০-৮১ সালে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারকে কিছু সূতা জনতা কাপড়ের উৎপাদনের জন্য বরাদ্দ করা হয়েছিল। কিন্তু মিল মালিকদের অসহযোগিতার জন্য সম্পূর্ণ সূতা পাওয়া যায় নি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** এই বছরে পূজার আগে ঐ জাতীয় সূতা দেওয়ার পরিকল্পনা আছে কিনা?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** এখনও ঐ সম্বন্ধে কিছু পাওয়া যায়নি।

## বহুজাতিক সংস্থার নতুন কারখানা স্থাপন

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮।) **শ্রীদেবীপ্রসাদ সরকার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি কয়েকটি বহুজাতিক সংস্থা এই রাজ্যে নতুন কারখানা করার জন্য সরকারের অনুমতি পেয়েছে;

(খ) সত্য হ'লে, উক্ত বহুজাতিক সংস্থাগুড়ির নাম কি; এবং

(গ) কোন্ কোন্ সংস্থা কি কি কারখানা স্থাপনের অনুমতি পেয়েছে?

শ্রী কানাইলাল ভট্টাচার্য:-

(ক) হাঁ।

(খ) এই সম্পর্কে বিস্তৃত বিবরণ বিবরণীর ২নং স্তবকে দেওয়া হইল।

(গ) সংলগ্ন বিবরণীর ৩নং স্তবকে দেওয়া হইল।

Statement referred to in reply of clause (Kha) of starred question No.

**Statement showing Letter of Intent / Industrial Licences issued to Multinational organisactions during 1977 to June, 1982.**

| | Name of the the undertaking | Type of Licence and items of manufacture | Licence No. & date | Employ-ment | Investment | Remarks |
|---|---|---|---|---|---|---|
| | | **YEAR — 1982** | | | | |
| | **Industrial Licences** | **Industrial Licences** | | | | ( Rs. in lakhs ) |
| | | (N.A.) | | | | |
| 1. | BASF India Ltd. (Haldia, Midnapore) | Optical Whitness for polyster Fibre—60 MT. | CIL : 191 (82) 29.5.82 | 17 | 110.00 | Advance stage of production. |
| | | **Letter of Intent** | | | | |
| | | (S.E.) | | | | |
| 1. | Dunlop India Ltd. (Sahagang, Hooghly) | Synthetic fiber reinforced conveyor belting—2,53,000 mtrs. | LI : 33 (82) 20.1.82 | 42 | 55.27 | |
| | | (S.E.) | | | | |
| 2. | Hindusthan Lever Ltd. (Haldia, Midnapore) | 1. Sulphuric Acid —1,08,000 Mt.<br>2. Phosphoric Acid— 41,850 Mt.<br>3. Di-Ammonium phosphate —1,60,000 Mt. | LI : 381 (82) 8.6.82 | 150 | 1600.00 | |
| | | **YEAR — 1981** | | | | |
| | | (N.A.) | | | | |
| 1. | Metal Box Co. of India Ltd. (Calcutta) | Lining Compound—125 MT/a | CIL : 303 (81) 17.10.81 | 8 | 35.00 | Expected date of commissioning Jnly, 1982 |
| | | (N.A.) | | | | |
| 2. | Dary Ashmore India Ltd. (Sadatpur, Midnapore) | E.R.W. precision Pipes & Tubes, Mills and accessories, etc. | CIL : 317 (81) 2.11.81 | — | — | |

| | Name of the undertaking | Type of Licence and items of manufacture | Licence No. & date | Employment | Investment | Remarks |
|---|---|---|---|---|---|---|
| | | **Letters of Intent** | | | | |
| | **Industrial Licences** | (N.U.) | | | | |
| 1. | Indo-Asshi Glass Co. Ltd. (Kharagpur. Midnapur) | Sheet Glass — 4.6 mln. sq. mt. | LI : 105 (81) 19.3.81 | 18 | 300.00 | Revalidated till 18.9.82. |
| 2. | —do— | T. V. Glass Shells — 1 mln. nos. | LI : 208 (81) 15.4.81 | 101 | 3000.00 | Revalidated till 14.10.82. |
| | | (N.A.) | | | | |
| 3. | BASF India Ltd. (Haldia, Midnapore) | Disperse Dyes — 300 TRA<br>Vat ,, — 375 ,,<br>Union ,, — 125 ,, | LI : 366 (81) 20.6.81 | 200 | 900.00 | Validity extended till 19.12.82. |
| 4. | Guest Keen Williams Ltd. (Howrah) | Cable making Machines, etc. | LI : 476 (81) 9.7.81 | 150 | 46.63 | Validity extended till 12.1.83. |
| | | (N.A.) | | | | |
| 5. | Hindusthan Lever Ltd. (Tamluk, Midnapore) | Oxygen Gas — 32 lakhs Cubic Meter. | LI : 549 (81) 15.9.81 | 50 | 188.50 | Sanctioning for f/c. |
| | | **YEAY — 1980** | | | | |
| | | (N.A.) | | | | |
| 1. | Indo-Asshi Glass Co. Ltd. (24-Parganas) | Opthalmic Lens — 90.80 lakh pcs. | CIL : 126 (80) 8.5.80 | 50 | 149.23 | Implemented in 1981. |
| | | (S.E.) | | | | |
| 2. | India Foils Ltd. (24-Parganas) | Aluminium Foils — 3750 tonnes. | CIL : 335 (80) 13.11.80 | 159 | 256.59 | Part capacity likely to be transferred to Kolaghat—under implementation |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | (N.A ) | | | | |
| 1. | Davy Ashmore India Ltd. (Midnapore) | System for Collection of unburned off gass — one system. | LI : 696 (80) 29.11.80 | — | — | Progressing. |
| | | (S.E.) | | | | |
| 2. | Pfizers Ltd. (West Bengal) | Momentel Tartrate — 15 tonnes. | LI : 383 (80) 21.8.80 | 140 | 324.00 | L/I revalidated till 20.8.82 |
| | | **YEAR—1979** | | | | |
| | | (N.A.) | | | | |
| 1. | Indian Oxygen Ltd. (Assansol) | Hydrogen — 0.216 mln. cum. | CIL : 864(79) 24.3.79 | 12 | 18.35 | Implemented on April 1979. |
| | | (N.A.) | | | | |
| 2. | General Electric Co. of India Ltd. (Calcutta) | Circuit Breakers Switch Fuse units — 500 Nos. | CIL : 61 (79) 22.3.79 | 1071 | 63.00 | Implemented on 1979. |
| | | (S.E.) | | | | |
| 3. | Chloride India Ltd. (Handis, Midnapore) | Automotive Batteries—3.40 lakhs. | CIL : 202 (79) 10.9.79 | 570 | 941.00 | Implemented. |
| | | (N.A.) | | | | |
| 4. | Dunlop India Ltd. (Hooghly) | Tyres for buses and Trucks — 1,50,000 Nos. | CIL : 254 (79) 13.11.79 | — | 1065.00 | Implemented. |
| | | **Letter of Intent** | | | | |
| 1. | BASF India Ltd. (Holdia, Midnapore) | Styrene Monomer — 25,000 MT. | LI : 391 (79) 23.11.79 | 120 | 1940.00 | L.I. revalidated upto 23.11.81. |

| | Name of the undertaking | Type of Licence and items of manufacture | Licence No. & date | Employment | Investment | Remarks |
|---|---|---|---|---|---|---|
| | | **YEAR — 1978** | | | | |
| | | **Industrial Licences** | | | | |
| 1. | Bestobell India Ltd. (Calcutta) | (N.A.) Industrlal pressure indicaters — 4000 Nos. | CIL : 20 (78) 28.1.78 | 15 | 5.80 | Implemented in January 1978. |
| 2. | General Electric Co. of India Ltd. (24-Parganas) | (S.E.) Flame Proof Air Curcuit breakers — 500 No. | CIL : 25 (78) 13.2.78 | 130 | 47.02 | Implemented. |
| 3. | Metal Box Co. of India Ltd, (Kharaguur, Midnapore) | (N.A.) Ball Bearings — 56,00,000 Nos. | CIL : 98 (78) 15.5.78 | 735 | 1970.00 | Implemented in 1979. |
| | | **YEAR — 1977** | | | | |
| 1. | Guest Keen Williams Ltd. (Howrah) | (N.A.) Pressed Metal Components and Assemblies — 1000 tonnes | CIL : 140 (77) 22.4.77 | 66 | 15.00 | Implemented 1977 |
| 2. | —do— | (S.E.) High Tensile Belts, Nuts, Stands & Rivets — 4400 tonne after expansion. | CIL : 139 (77) 22.4.77 | 8 | 15.00 | Implemented 1978 |
| 1. | Chloride India Ltd. West Bengal/Maharashtra | (N.A.) Lead acid for peds cell — 3600 Nos. | LI : 280 (77) 29.8.77 | 24 | 18.24 | Arrangements being taken for implementation in Maharashtra. |
| 2. | Waldies Ltd., Gillander House | (S.E.) Lead Salts — 1650 tonnes. | LI . 14 (25)/75 30.11.75 | — | — | Under advanced state of progress. |

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় মন্ত্রী মহাশয় স্তবকে যে বিবরণ দিয়েছেন তাতে দেখলাম যে ১৩০ কোটি টাকার মত মূলধন ২৪টা বহুজাতিক সংস্থার ক্ষেত্রে দিয়েছেন প্রথম বামফ্রণ্ট সরকারের আমলে ১৯৭২ সাল থেকে ১৯৮১ সালের মধ্যে। আমার বক্তব্য হচ্ছে প্রথম বামফ্রণ্ট সরকারের ৩৬ দফা কর্মসূচীতে ছিল মালটি-ন্যাশানাল সংস্থাগুলির অনুপ্রবেশ বন্ধ করতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। অথচ প্রথম বামফ্রণ্ট সরকারের আমলে সেই ইলেকশান প্লেজ খণ্ডন করে লাইসেন্স দিলেন, এই স্ববিরোধিতার কারণ কি জানাবেন কি?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য ভুল করছেন লেটার অফ ইনটেণ্ট বা লাইসেন্স আমরা দিই না, কেন্দ্রীয় সরকার দেয়। আমি আমার বক্তব্যে অত্যন্ত পরিষ্কারভাবে রেখেছিলাম যে মালটি ন্যাশন্যালস যদি অপারেট করে তাহলে আমাদের ফাংসন করতে দিতে কোন অসুবিধা নাই। এটা আমাদের পলেসি স্টেটমেণ্ট।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** কেন্দ্রীয় সরকার অনুমতি দিলেও রাজ্য সরকারের অনুমতি ছাড়া এগুলি চলতে পারে না।

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** আমি বুঝতে পারছি না মাননীয় সদস্য কি বলতে চাচ্ছেন। তাহলে আমরা কেন্দ্রীয় সরকারকে বলবো যে আমাদের এখানে লেটার অব ইনটেণ্ট বা লাইসেন্স দেবেন না।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** আমি কিছু বলছি না, আপনাদের ৩৬ দফা কর্মসূচী এই কথা বলছে।

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** আমরা আইন করেছি যা তার বাইরে আমরা কোন সুযোগ দেবো না।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি:** হাওড়া শহরাঞ্চলে কি এই ধরণের লাইসেন্স দেওয়া হয়েছে?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** শহরাঞ্চলে এই ধরণের লাইসেন্স দেওয়ার নিয়ম নাই।

## ফরেষ্ট প্রোডাক্ট চেকপোষ্ট

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৫।) **শ্রীমনোহর তিরকি:** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে রাজ্যের ফরেস্ট প্রোডাক্ট চেকপোস্ট-এর সংখ্যা কত (জেলাওয়ারী হিসাব);

(খ) উক্ত চেকপোস্টগুলিতে মোট কত জন কর্মী নিযুক্ত আছেন,

(গ) উক্ত কর্মীদের বেতনভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা বাবদ বছরে মোট কত টাকা ব্যয় হয়; এবং

(ঘ) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের ৩১শে আগস্ট পর্যন্ত সময়ে উক্ত চেকপোস্টগুলি হইতে মোট কত টাকা আয় করা সম্ভব হইয়াছে।

শ্রী পরিমল মিত্র :

(ক) ৪৬টি

| | | |
|---|---|---|
| দার্জিলিং | — | ৮টি |
| জলপাইগুড়ি | — | ১৩টি |
| বীরভূম | — | ১টি |
| মেদিনীপুর | — | ১৩টি |
| বাঁকুড়া | — | ৬টি |
| পুরুলিয়া | — | ৩টি |
| বর্ধমান | — | ২টি |

(খ) ১৮৪ জন —

৪৬ জন ফরেস্টার ও ১৩৮ জন ফরেস্ট গার্ড।

(গ) বছরে মোট ব্যয় কমবেশী ১৬ লক্ষ টাকা।

(ঘ) কমবেশী দেড় কোটি টাকা।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মধু মন্ত্রী দয়া করে জানাবেন কি যে যেমন দুগ্ধ দপ্তর এম. এল. এ.-দের জন্য দুধ দেন, সেই রকম আপনার দপ্তর থেকে আমাদের মধু দেবার কোন ব্যবস্থা করেছেন কি না।

**শ্রীপরিমল মিত্র :** এই প্রশ্নের কোন উত্তর নেই। তবুও বলি মহারাজাদের কাছে আপনাদের বিনা পয়সায় দেবার আগে যারা গ্রাহক এবং প্রাপক তাদের জন্মালে মিষ্টি মধু খেতে হয়। তাদের মাতা ঠাকুরাণী বোধ হয় মিষ্টি মধু দেননি। তাই এই রকম অবস্থা। যদি এখানে ভালভাবে বলেন বা কাজ করেন — অর্থাৎ মধুর যোগ্য কিনা তা দেখে নিশ্চয় দেবো।

## কমাণ্ড এরিয়ার শেষ প্রান্তে ক্যানেল জল সরবরাহ

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬।) **শ্রীঅমলেন্দ্র রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, নদী উপত্যকা প্রকল্পসমূহের ক্যানেলগুলোর জল যথা-সময়ে ও যথেষ্ট পরিমাণে কমাণ্ড এরিয়ার শেষ প্রান্ত পর্যন্ত পৌঁছায় না; এবং

(খ) সত্য হইলে, উক্ত সমস্যার সমাধানে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

(ক) অংশতঃ সত্য; খরা পরিস্থিতিতে যথাসময় জল দেওয়া যায় না। স্বাভাবিক পরিস্থিতিতে যথাসময়ে জল দেওয়া সম্ভব হয়।

(খ) এই সমস্যার সমাধানের জন্য প্রতি বছরই সেচ জলবাহী ক্যানেলের পরিবর্ধন ও উন্নয়নের (Extension & improvement) কাজ করা হয়। খালের জল অবরোধ করে কেউ-যাতে দূরের জমিতে সেচের ব্যবস্থা ব্যাহত না করে তার জন্য জনসাধারণের সহযোগিতা চাওয়া হয়।

[3-05—3-15 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ময়ূরাক্ষীর ডিস্ট্রিবিউটার ১৫ থেকে সব সময় কি জল শেষ দিকে যায়, না কোন সময়েই যায় না?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এটা সাধারণ একটা প্রশ্ন ছিল, তার সঙ্গে আপনি যেটা বললেন সেটা আসে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** এই ডিস্ট্রিবিউটার ১৫ থেকে শেষ পয়েন্ট পর্যন্ত জল যায় কিনা, সেটা একটু বলুন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** খরার সময় অনেক সময় জল যায় না। কিন্তু স্বাভাবিক অবস্থায় জল যায়। কোন বিশেষ বিশেষ ডিস্ট্রিবিউটার থেকে জল যায় কিনা, এই রকম ভাবে আগাম নোটিশ দিয়ে প্রশ্ন করলে উত্তর দেওয়া আমার পক্ষে সহজ হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ক্যানেল সিস্টেম ঠিক মত মেনটিনেন্স না হওয়ার জন্য টেল এণ্ডে জল যায় না, এর জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** যখন খবর পাওয়া যায় যে প্রত্যন্ত কোনে জল যায় না, তখন আমরা ব্যবস্থা গ্রহণ করি। কিন্তু বিশেষ দৃষ্টান্ত বা কোন্ জায়গায় হচ্ছে, সেটা বলুন তাহলে আমি ব্যবস্থা নেব।

**শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কানা দামোদর, কানা নদী দুটোরা মেন ক্যানেল সিল্টেড হয়ে যাওয়ার ফলে ডিস্ট্রিবিউটার ক্যানেল দিয়ে জল আসছে না, এটা কি সত্য ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এই রকম কিছু কিছু রিপোর্ট আছে। কিন্তু স্পেসিফিক উত্তর পেতে হলে, স্পেসিফিক প্রশ্ন করতে হবে।

## নামখানা পঞ্চায়েত-প্রধানের বিরুদ্ধে অভিযোগ

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডায়মণ্ডহারবার মহকুমায় নামখানা ব্লক-এ কোন অঞ্চল-প্রধান পঞ্চায়েত-এর টাকা আত্মসাৎ করার জন্য অভিযুক্ত হয়েছেন ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে—

(১) উক্ত অঞ্চল-প্রধানের নাম কি ;

(২) মোট কত টাকা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে ; ও

(৩) সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ক) হ্যাঁ। ডায়মণ্ডহারবার মহকুমায় নামখানা ব্লকের অন্তর্গত ফ্রেজারগঞ্জ ও মৌসিনি গ্রাম পঞ্চায়েতের প্রধানদের বিরুদ্ধে তহবিল আত্মসাৎ করার অভিযোগ আছে ;

খ) (১) অভিযুক্ত প্রধানদের নাম—শ্রীঅংশুমান দাস, প্রধান, ফ্রেজারগঞ্জ গ্রাম পঞ্চায়েত এবং শ্রীমনোরঞ্জন ভৌমিক, প্রধান, মৌসিনি গ্রাম পঞ্চায়েত ;

(২) ফ্রেজারগঞ্জ গ্রাম পঞ্চায়েতের প্রধান, শ্রীঅংশুমান দাসের বিরুদ্ধে টা. ২০,৫৫০.৪০ পয়সা এবং মৌসিনি গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রীমনোরঞ্জন ভৌমিক-এর বিরুদ্ধে টা. ১৬,৭৯৯·৩৮ পয়সা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে।

(৩) অভিযুক্ত প্রধানদের বিরুদ্ধে স্থানীয় থানায় ফৌজদারী মামলা রুজু করা হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে দুজনের নাম বললেন, এরা কোন রাজনৈতিক দলের অন্তর্ভুক্ত ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এরা সি. পি. এম. এর লোক, এদের তাড়িয়ে দেওয়া হয়েছে পার্টি থেকে।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** এই রকম অভিযোগ পশ্চিমবাংলার আর কোন জায়গায় করা হচ্ছে কি না, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিশ দেবেন। আরও অন্য জায়গায় করা হচ্ছে।

## আরামবাগ শহরে রবীন্দ্রভবন নির্মাণের কাজ

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪।) **শ্রীশিবপ্রসাদ মল্লিক ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার আরামবাগ শহরে রবীন্দ্রভবনের অসমাপ্ত কাজ কবে নাগাদ আরম্ভ ও সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায় ?

এই ভবনের নির্মাণকার্য বেসরকারি উদ্যোগে একটি পরিচালনা সমিতির তত্ত্বাবধানে ১৯৬২-৬৩ সালে শুরু হয়। সরকার ২৮ হাজার টাকা অনুদান দিয়েছে। ভবনটি সমাপ্তির দায়িত্ব প্রাথমিকভাবে পরিচালনা সমিতির।

**শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** এই রবীন্দ্রভবনের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য এসেছে কিনা, বলতে পারবেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** রবীন্দ্র জন্ম শতবার্ষিকীতে যে পরিকল্পনা শুরু হয়েছিল তাতে রবীন্দ্রভবনের প্রাথমিক কার্যে শতকরা ৬০ ভাগ সাহায্য দিয়েছিলেন, বাকি রাজ্য সরকারের। তাদের টাকা তারা দিয়ে দিয়েছেন।

**শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** অসমাপ্ত রবীন্দ্রভবনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্য চাওয়া হয়েছে কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** এই পরিকল্পনা যেগুলি শুরু হয়েছিল বিভিন্ন জায়গায়, তার ভিতর যে সব কাজ বাকি থেকে গেছে সেই সমস্তগুলি এখন শেষ করা যাবে না। তবে আমরা চেষ্টা করব যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাকা পাওয়া যায়।

## ঢেঁকী ও ঢেঁকী বাবদ সাহায্য

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সাল হইতে ১৯৮০ সাল পর্যন্ত সময়ে পল্লীগ্রামে দুঃস্থ মহিলাদিগকে খাদি বোর্ড হইতে কতগুলি ঢেঁকী বা ঢেঁকী বাবদ সাহায্য দেওয়া হইয়াছিল ; এবং

(খ) ১৯৮২ সালের জুলাই পর্যন্ত ঐসব ঢেঁকীর কয়টি চালু আছে এইরূপ কোন তথ্য সরকারের আছে কি এবং থাকিলে তাহা কি ?

(ক) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীন শিল্প পর্ষদ কর্তৃক ১৯৭৮ হইতে ১৯৮০ সাল পর্য্যন্ত পল্লীগ্রামে দুঃস্থ মহিলাদিগকে ঢেঁকি বাবদ, নিম্নলিখিত ভাবে সাহায্য দেওয়া হয়।

| বৎসর | শিল্পী সংখ্যা | অনুদানের পরিমাণ | ঋণের পরিমাণ |
|---|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ৪২ জন | ১৯,৫০০ | ৪০,৫০০ |
| ১৯৭৮-৭৯ | ৭১ জন | ২৫,২৫০ | ৯৩,৭৫০ |
| ১৯৭৯-৮০ | ৫২ জন | ২৪,৫০০ | ৬৬,৫৮০ |

(খ) ঢেঁকিগুলির শতকরা ৭৫ জন চালু আছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** এই ঢেঁকিগুলির ভিতর কোন্ জেলায় কতগুলি চালু আছে বলতে পারবেন কি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** কোন্ জেলায় কতগুলি ঢেঁকি দেওয়া হয়েছিল সেটা বলে দিচ্ছি। ১৯৭৭ সালে ২৪ পরগণায় ৬টি, মেদিনীপুরে ১টি, বীরভূমে ৩টি, বর্ধমানে ১টি, নদীয়ায় ১টি, পশ্চিমদিনাজপুরে ১২টি, কুচবিহারে ২১টি। ১৯৭৮ সালে ২৪ পরগণায় ২৮টি, মেদিনীপুরে ১টি, বাঁকুড়ায় ৭টি, বর্ধমানে ২টি, মালদহে ২টি, পশ্চিমদিনাজপুরে ১টি, কুচবিহারে ৩০টি। ১৯৭৯-৮০ ২৪ পরগণায় ২টি, হুগলীতে ১টি, মেদিনীপুরে ১টি, বাঁকুড়ায় ৫টি, পুরুলিয়ায় ৫টি, বীরভূমে ৭টি, নদীয়ায় ৪টি, মুর্শিদাবাদে ১টি, মালদহে ২টি, জলপাইগুড়িতে ৪টি, দার্জিলিং-এ ১০টি, কুচবিহারে ১০টি —মোট এই এতগুলি ঢেঁকি দেওয়া হয়েছিল। এর ভিতর ৭৫ ভাগ চালু আছে, বাকিগুলি চালু নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** আপনি যে লোন দিয়েছিলেন এখন পর্যন্ত সেই লোন কি পরিমাণ আদায় হয়েছে ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আপনি নোটিশ দেবেন, আমি জানিয়ে দেব।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** এটা কি সত্যি, Loan Recovery হয়নি বলে যারা ঢেঁকি চেয়েছিল, তারা পায় নি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** নোটিশ দেবেন বলে দেব।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** আপনি যে ঢেঁকি দিলেন, এটা কি গ্রামের প্রচলিত ঢেঁকি, নাকি উন্নতমানের যন্ত্র চালিত ঢেঁকি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** এই ঢেঁকিগুলি কি কাঠের, নাকি যন্ত্র চালিত উন্নত মানের ঢেঁকি—এটা দয়া করে বলবেন ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আপনি নোটিশ দেবেন, বলে দেব।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** এই ঢেঁকি লোন পুরুষদের দেওয়া হয়, না, মহিলাদের দেওয়া হয় ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এই বামফ্রণ্ট যে ঢেঁকিগুলি দিচ্ছেন, এরা কি স্বর্গে গিয়েও ধান ভাংগবে ? স্যার, দিস ইজ ভেরি ইমপর্ট্যান্ট ইসু অব দি ডে।

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয় না।

**Haldia Petro-Chemical Complex**

*258. (Admitted Question No. *1609.) **Shri SUBRATA MUKHERJEE** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state —

(a) if it is a fact thatthe Haldia Petro-Chemical Complex was proposed tobe a joint venture with the State Government contributing 49% of the equity ; and

(b) if so,

(i) what steps were taken by the State Government after receiving the Letter of Intent, to arrange for State's own share in the finance required for the project ;

(ii) when did the State Government approach the Union Government, for equity participation in the project ; and

(iii) what is the present position in the matter ?

**Dr. Kanailal Bhattacharya**: (a) Yes.

(b) (i) An outlay of Rs. 79 crores has been provided in the State Sixth Five Year Plan to meet the State Govt.'s share of contribution in the project and a sum of Rs. 6.15 crores has been released by the State Government so far towards the preliminary developmental expenses. Necessary steps will be taken for releasing the State's share of the project cost according to requirement, on conversion of the letter of intent into an industrial licence by the Government of India.

(ii) Equity participation of the Central Govt. to the tune of 40 percent was proposed by the State Govt. in March, 1981 in pursuance of discussions held with the Govt. of India

(iii) Discussions are continuing between the State Government and Central Government at various levels and the Govt. of India is reportedly examining the matter.

[ 3-15—3-25 p.m. ]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমরা কাগজে দেখেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও আশা প্রকাশ করেছেন, কেন্দ্রীয় সরকার এটা সিগন্যাল দেবার জন্য প্রায় তৈরী হয়ে গিয়েছেন, এটা ষ্টেটের পক্ষে এটা একটা ভাইটাল কমপ্লেক্স। এতে আমাদের প্রকৃত অবস্থাটা কি বা আমরা কি অবস্থায় এখন পৌঁচেছি যতটুকু আপনি জানেন আমাদের জানাবেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা যৌথ উদ্যোগ গড়ে তোলার চেণ্টা হচ্ছে — ফরটি ফরটি টোয়েণ্টি। সেখানে যে প্রোপোজাল দিয়েছিলাম তারা তার অদলবদল করেছেন সেটা আমরা মেনে নিয়েছি। এখন কম্পানী ফরমেসান অথবা ম্যানেজমেণ্ট বোর্ড ইমিডিয়েটলি করার কথা চিন্তা করা

হচ্ছে। বাইরে থেকে কত টাকা পাওয়া যাবে বা কি ভাবে ইম্পলিমেণ্ট করা হবে সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের কথাবার্তা চলছে। এটা একটা ঠিক পর্যায়ে এলে আমরা মনে করছি এটার সম্পর্কে লাইসেন্স দিয়ে দেওয়া হবে। ইতিপূর্বে এরজন্য হলদিয়াতে জমি তৈরীর কাজ সুরু হয়ে গিয়েছে। আমরা আশা করছি এই বছরের মধ্যে এই প্রকল্পের প্রাথমিক কাজ শুরু করে দিতে পারবো।

## ফরাক্কায় হরিণ সংরক্ষণ কেন্দ্র ও অতিথিশালা

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৭।) **শ্রীআবুল হাসনাৎ খান:** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার ফারাক্কায় বন বিভাগ কর্তৃক হরিণ সংরক্ষণ কেন্দ্র ও অতিথিশালা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**শ্রীপরিমল মিত্র:** (ক) ও (খ) এ সম্পর্কে তথ্যাদি অনুসন্ধানের কাজ চলছে এবং ব্যারেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।

**শ্রীহুমায়ুন চৌধুরী:** সরকার যে পরিকল্পনা নিয়েছেন, সেখানে কি জায়গা পাওয়া গিয়েছে?

**শ্রীপরিমল মিত্র:** ফরাক্কায় ওদের নিজেদেরই একটা হবে, সেখানে আমাদের সাহায্য করতে বলেছেন। আর ফরেস্ট এলাকার মধ্যে যে জায়গাটা সেটা নিয়ে আলাপ আলোচনা করছি, বোধ হয় পাওয়া যাবে।

## সাঁইথিয়া থানায় শাখা ক্যানেল খনন

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বীরভূম জেলায় সাঁইথিয়া থানায় ময়ূরাক্ষী সেচ প্রকল্পের নর্থ ডিভিসনের অন্তর্গত হরিসভা গ্রাম পঞ্চায়েতে একটি শাখা ক্যানেল খননের কাজ চলিতেছে;

(খ) সত্য হইলে, কবে হইতে উক্ত খনন কাজ শুরু হইয়াছে;

(গ) উক্ত ক্যানেলের প্রস্তাবিত দৈর্ঘ্য কত;

(ঘ) উক্ত ক্যানেল খননে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট কি পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে; এবং

(ঙ) উক্ত ক্যানেল খননের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীননী ভট্টাচার্য্য:**

(ক) হ্যাঁ, বীরভূম জেলার সাঁইথিয়া থানার ময়ূরাক্ষী সেচ প্রকল্পের নর্থ ডিভিসনের অন্তর্গত হরিসভা গ্রাম পঞ্চায়েতে একটি শাখা ক্যানেলের খনন কার্য্য বেশ কিছুদিন পূর্বে শুরু হইয়াছিল, কিন্তু বর্তমানে উহা বন্ধ আছে।

(খ) ১৯৭৬ সালে উহা শুরু হইয়াছিল।

(গ) উক্ত প্রস্তাবিত খালের দৈর্ঘ্য ৮২,২০০ ফুট (৮২২ চেন) মাত্র।

(ঘ) গত জুলাই মাস পর্য্যন্ত ৮,৩১,৫৬৩ টাকা খরচ হইয়াছে।

(ঙ) উক্ত কাজটা এখন ৬১৭ চেন পর্য্যন্ত পুরাপুরি হইয়াছে এবং বাকী ৬৪০ চেনের নীচে হইতে ৭২২ চেন পর্য্যন্ত হাইকোর্ট'র ইন্‌জাংসান আছে এবং সেজন্য ঐ ৬৪০ চেনের নীচে হইতে ৭২২ চেন পর্য্যন্ত কাজ বন্ধ আছে। ৬৪০ চেনে একটি রেলওয়ে ক্রসিং আছে। রেলের অনুমতির অপেক্ষায় এবং হাইকোর্ট ইনজাংসান খারিজ/ভেকেড না হওয়া অবধি ঐ কাজ বর্তমানে বন্ধ আছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই হাইকোর্টের ইনজাংশান এর নিষ্পত্তির জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** চেষ্টা করা হচ্ছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই ৮ লক্ষ টাকার উপর বরাদ্দ হয়ে যাবে যদি জল সরবরাহ করা না যায়। কাজেই যেটুকু খাল কাটা হয়েছে সেই অনুযায়ী কাজ শুরু করা হবে কিনা জানাবেন?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** বিষয় দুটো — এক হাইকোর্টের ইনজাংশান ভ্যাকেড করার চেষ্টা হচ্ছে। আর একটা হচ্ছে, রেলওয়ে ক্রসিং এবং সে জন্য রেলওয়েকে অনুরোধ করা হচ্ছে। কাজেই এই বিষয়ে আমরা সচেষ্ট আছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে এই হরিসভা গ্রামপঞ্চায়েতের যে ক্যানেল, এর কম্যাণ্ড এরিয়া কতটা?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** আপনি নোটিশ দিলে বলে দেব।

**শ্রীবীরেন্দ্রনারায়ন রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, যেটুকু কাটা হয়েছে সেখানে জল সরবরাহ করতে পারেন। সেখানে কি জল সরবরাহ করা হচ্ছে, যদি না হয়ে থাকে তাহলে কেন হচ্ছে না, সেটা জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** নোটিশ দিলে বলতে পারবো।

## রামপুরহাট মহকুমায় রবীন্দ্রসদন

*২৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৬।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারের পরিকল্পনানু-যায়ী রামপুরহাট মহকুমায় রবীন্দ্রভবনের নির্মাণকার্য বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** আপাততঃ এই রবীন্দ্রভবন নির্মাণ করা হচ্ছে না।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতদিনের মধ্যে হবার সম্ভাবনা আছে?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** এই মুহূর্তে কোন সম্ভাবনা দেখা যাচ্ছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে এই সম্পর্কে কোন পরিকল্পনা করার ইচ্ছা আছে কি না?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** এই সম্পর্কে প্রশ্নোত্তরে আগেও আলোচনা হয়েছে। যে গুলি শুরু করা হয়েছে সেগুলি শেষ না করে নূতনভাবে করা সম্ভব হচ্ছে না। কাজেই যেগুলি শুরু করা হয়েছে, সেগুলি শেষ করার পরে নূতন করে শুরু করার কথা ভাবা হবে।

## বেলডাঙ্গায় অ্যাগ্রো-ইণ্ডাষ্ট্রিজ-এর মাধ্যমে ট্রেনিং

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৮।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী এবং শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুশিদাবাদ জেলার বেলডাঙ্গায় রুরাল ডেভেলপমেণ্ট স্কীম-এ অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ-এর মাধ্যমে ট্রেনিং-এর নিমিত্ত নির্মিত কারখানাটি চালু করার জন্য যন্ত্রপাতি ক্রয় করা হইয়াছে কিনা ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মুশিদাবাদ জেলার বেলডাঙ্গায় Agro Industries এর মাধ্যমে Training-এর কোন পরিকল্পনার তথ্য জানা নাই। তবে উক্ত স্থানে Hindusthan Machine Tools-এর সহযোগিতায় রেডিও ও হাতঘড়ি ইত্যাদি মেরামতির একটি প্রশিক্ষণ কেন্দ্র West Bengal Small Industries-এর তত্বাবধানে চালু করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। W.B,S.I.C. ঐ কেন্দ্রের জন্য তিনটি মেসিন ক্রয়ের আদেশ দিয়াছেন।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ঐ তিনটি মেসিন ক্রয়ের জন্য কত টাকা খরচ হয়েছে ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** ৩টি মেসিন ক্রয়ের জন্য অর্ডার দেওয়া হয়েছে এবং টাকাটা হচ্ছে মোট ৪ লক্ষ ৩০ হাজার ৭১০ টাকা। এর মধ্যে ৮৪ হাজার টাকা ওয়েস্ট বেংগল স্মল ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশান ইতিমধ্যে ঐ সংস্থাকে দিয়েছেন।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতজন লোক এই ব্যাপারে কাজ পাবে ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** নোটিশ দিলে জানিয়ে দেব।

## বন্যানিয়ন্ত্রণ ও নদীসেচ প্রকল্প

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) তিস্তা নদীর উভয় তীরে কি পরিমাণ এলাকা তিস্তা সেচ প্রকল্পের অন্তর্ভুক্ত ;

(খ) বর্তমানে সুটুঙ্গা, দোলং, মুজনাই, ডুডুরা ইত্যাদি নদী এবং জলঢাকা ও তোর্ষার ছোট ছোট উপনদীগুলিকে বন্যানিয়ন্ত্রণে ও সেচ প্রকল্পের কাজে লাগানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কোচবিহার জেলার কি পরিমাণ এলাকা উক্ত প্রকল্পের আওতাভুক্ত হইবে বলিয়া আশা করা যায় ?

[3-25—3-35 p m. ]

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) তিস্তার দক্ষিণ তীরে— (Right Bank) রাইট ব্যাঙ্ক—১৫.০১ লক্ষ একর এবং তিস্তার বামতীরে (Left Bank)—২.৭৯ লক্ষ একর।

(খ) তিস্তা নদীর বামতীরের সুটুঙ্গা, দোলং, মুজনাই, ডুডুরা ইত্যাদি নদী ও জলঢাকা, তোর্ষার ছোট ছোট উপনদীগুলির জলও সেচের কাজে লাগবে।

ইহা ছাড়া তোর্ষা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য ও একটি মাস্টার প্লান তৈরী করা হয়েছে।

(গ) তিস্তা প্রকল্প সম্পূর্ণ রূপায়িত হইলে ৬.০০ লক্ষ একর জমি সেচের সুবিধা পাবে।

**শ্রীবিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি তিস্তা সেচ প্রকল্পের প্রথম পর্য্যায়ের কাজ শেষ হয়ে যাবার পরে কোন্ কোন্ জেলা এই প্রকল্পের সেচের আওতায় আসবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** ১ম পর্য্যায়ের কাজ শেষ হলে জলপাইগুড়ি জেলা ও দার্জিলিং জেলার কিয়দাংশ এবং বিশেষ করে পশ্চিম দিনাজপুর ও মালদা জেলা, কুচবিহার জেলা আপাততঃ উপকৃত হবে না।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এব্যাপারে কুচবিহার জেলাকে অগ্রাধিকার দেওয়া হবে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এখনই সেরকম কোনো সম্ভাবনা নেই।

**শ্রীবিমলকান্তি বসু ঃ** ঐ সমস্ত অঞ্চলের মোটামুটি যতটা জমি এই সেচ প্রকল্পের আওতায় আসবে তার ১/৩ অংশ জমিই হচ্ছে কুচবিহার জেলায়, সুতরাং এব্যাপারে কুচবিহার জেলাকে অগ্রাধিকার দেবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** ১ম পর্য্যায়ের কাজ চলছে, ১ম পর্য্যায়ের কাজ শেষ হলে ২য় পর্য্যায়ের কাজ শুরু হবে এবং তখন কুচবিহারে কাজ হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** তিস্তার জল ভায়া দ্বারকেশ্বর ওদায় যাবে কি ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হয় না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি উত্তর বঙ্গের এই এক মাত্র সেচ প্রকল্পটি অর্থের অভাবে বা অন্য কোন অবহেলার জন্য যে সময়ে শেষ হওয়ার কথা সে সময়ে শেষ হবে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এর মধ্যে অনেক অনিশ্চিত ব্যাপার আছে। বিশেষ করে খাল কাটতে ল্যাণ্ড এ্যাকুইজিসন-এর একটা বড় সমস্যা আছে। জায়গায় জায়গায় সেই সমস্যার সমাধান করা হয়েছে, আবার অনেক জায়গায় এখনো পর্যন্ত সমাধান করা যায়নি। তারপরে অর্থের অভাব তো আছেই। তা ছাড়াও কিছু কিছু অসুবিধা আছে। তবে মাননীয় সদস্য যদি এব্যাপারে সুনির্দিষ্ট-আকারে প্রশ্ন দেয়, তাহলে আমি সেভাবে উত্তর দেব।

## নিম্নদামোদর পরিকল্পনা

*২৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৮২৪। ) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নদামোদর পরিকল্পনার সংশোধিত কার্যসূচী কতটা কার্যকরী হইয়াছে ;

(খ) উক্ত পরিকল্পনায় কত টাকা ব্যয় ধার্য করা হইয়াছে ;

(গ) উক্ত পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কি পরিমাণ সাহায্য পাওয়া যাইবে ; এবং

(ঘ) উক্ত পরিকল্পনা কার্যকরী করার ক্ষেত্রে কোন অসুবিধা আছে কি ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক—

**শ্রীননী ভট্টাচার্য ঃ** (ক) নিম্নদামোদর সংশোধিত নিকাশী প্রকল্পটি ১৯৮১ সালের জুলাই মাসে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন এর কাছে অনুমোদনের জন্য পাঠানো হইয়াছিল। কমিশনের অভিমত অনুযায়ী প্রাকল্পটি পুনরায় সংশোধনের জন্য বিচার বিবেচনা করা হইতেছে।

(খ) সংশোধিত পরিকল্পনাটি যাহা ১৯৮১ সালের জুলাই মাসে কমিশনের কাছে পেশ করা হইয়াছিল তাহার জন্য ধার্য্য করা হইয়াছিল ৩৯.৭১ কোটি টাকা। কমিশনের বক্তব্য অনুযায়ী পুনরায় সংশোধনের পর প্রাকল্পটি কত হইবে তাহা এখনও স্থিরীকৃত হয় নাই।

(গ) এই বিষয়টি এখনও ভারত সরকারের কাছে পেশ করা হয় নাই।

(ঘ) পরিকল্পনাটি কার্যকরী করার বিষয়ে এখনই বলা সম্ভব নয়।

**শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৭৪।৭৫ সালে এমারজেন্সির সময়ে এই প্রকল্প দি দেন গভর্ণমেন্ট যেটা ইনট্রোডিউস করলেন সেটা রিভাইস করে পাঠাবার ক্ষেত্রে গঙ্গা ফ্লাড কমিশন অনুমতি দিল কিন্তু ভারত সরকারের কোন অনুমতি পাওয়া গেল না। তারজন্য কতখানি চেষ্টা সরকারের দিক থেকে করা হয়েছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** যদি কোন বিশেষ নির্দ্দিষ্ট প্রশ্ন থাকে তাহলে নোটিশ দেবেন, তারপর আমি উত্তর দেবো।

## পর্যটন উন্নয়নে ব্যয়

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য, ১৯৮০-৮১ সালে পর্যটন বিভাগ কর্তৃক পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পর্যটন স্থানগুলিতে ৫৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে ;

(খ) সত্য হ'লে উক্ত টাকার মধ্যে বাঁকুড়া জেলার বিষ্ণুপুর, জয়রামবাটী, শুশুনিয়া, গোড়াবাড়ী-অম্বিকানগর ড্যাম সহ রাণীবাঁধ থানার ঝিলিমিলিতে কত টাকা ব্যয় করা হয়েছে ; এবং

(গ) শুশুনিয়া, জয়রামবাটী, ঝিলিমিলিতে পর্যটকদের জন্য আবাসালয়ের কাজ কবে নাগাত শুরু হ'বে ব'লে আশা করা যায় ?

**শ্রীপরিমল মিত্র ঃ** (ক) এই তথ্য সঠিক নয় ;

(খ) উল্লিখিত স্থানগুলিতে কোন ব্যয় বরাদ্দ ছিল না ;

(গ) উপস্থিত এ জায়গাগুলিতে পর্যটন আবাসস্থাপনের কোন পরিকল্পনা পর্যটন বিভাগের নাই।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮০-৮১ সালে কত টাকা ব্যয় করা হয়েছিল ?

**শ্রীপরিমল মিত্র ঃ** ১৯৮০-৮১ সালের আর্থিক বৎসরে মোট ব্যয়ের পরিমাণ ছিল প্রায় ৫০ লক্ষ টাকা।

**মিঃ স্পীকার ঃ** প্রশ্নোত্তর শেষ। বাদবাকি প্রশ্নগুলি হেল্ডওভার থাকবে না। রিটিন আনসার হয়ে আসবে।

## Starred Questions

(to which oral answers were laid on the table)

### বীরভূম জেলায় সেচকার্যে ব্যবহৃত নদীর জল

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৮।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই বিধানসভা কেন্দ্র এলাকায় (১) বাঁশলৈ; (২) পাগলা; (৩) সুরামতী নদীর জল সেচকার্যে ব্যবহারের উদ্দেশ্যে সমীক্ষা চালানো হয়েছে; এবং

(খ) সত্য হলে, উক্ত সমীক্ষার ফলাফল কি?

**Minister-in charge of Irrigation and Waterways Department**

(ক) না। (খ) এখনও কোনও সমীক্ষা করা হয় নাই।

### Flood-prone area

*267. (Admitted Question No. *1261.) **Shri Habibur Rahman:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) Whether the State Government has identified and/or assessed the total flood prone areas in West Bengal; and

(b) if so,

(i) what is the total flood-prone areas in West Bengal;

(ii) the total flood-prone areas in Malda and Murshidabad districts; and

(iii) what percentage of these flood-prone areas have been provided with reasonable protection?

**Minister-in-charge, Irrigation and Waterways Department.**

(a) Yes, total flood-prone areas in West Bengal have been identified and the same have been assessed.

(b) (i) Total flood-prone areas in the State of West Bengal has been assessed at 3766 thousand hectares.

(ii) Approximately an area of 120 thousand hectares in the district of the Murshidabad and 80 thousand hectares in the district of Malda have been assessed as flood-prone areas.

(iii) Nearly 36% of total flood-prone areas in West Bengal has been provided with reasonable protection.

## গ্রামপঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ

*২৬৮। ( অনুমোদিত প্রশ্ন নং *১১২। ) শ্রীসুনীতি চট্টরাজ ঃ পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি —

(ক) ১৯৭৮ সালের জুন মাস হতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে বীরভূম জেলার দুর্নীতি বা অন্য কোন অভিযোগের ভিত্তিতে কতজন গ্রামপঞ্চায়েত প্রধানকে গ্রেপ্তার করা হয়েছে ;

(খ) কতজন অভিযুক্ত প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ;

(গ) উক্ত অভিযুক্ত প্রধানদের বিরুদ্ধে কি কি ধরণের অভিযোগ ছিল ; এবং

(ঘ) অভিযুক্ত পঞ্চায়েত প্রধানদের রাজনৈতিক পরিচয় কিরূপ ?

**Minister-in-charge Panchayat and Community Development Department**

(ক) দশজন প্রধানকে গ্রেপ্তার করা হয়েছে।

(খ) এদের সকলেরই বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ আদালতে বিচারাধীন থাকায় পৃথকভাবে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়নি।

(গ) তহবিল তছরূপ, সম্পত্তি আত্মসাৎ, অনধিকার প্রবেশ, চুরি, হত্যার চেষ্টা, অগ্নি-সংযোগ, রাহাজানি, অবৈধভাবে জমায়েত হওয়া, মারাত্মক অস্ত্র দিয়ে আঘাত করা ইত্যাদি।

(ঘ) অভিযুক্ত প্রধানদের রাজনৈতিক পরিচয় নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| সি. পি. আই. (এম) | — | ৭ জন |
| নির্দল | — | ২ জন |
| ফরওয়ার্ড ব্লক | — | ১ জন |
| মোট | | ১০ জন |

## আপার কংসাবতী ও আপার দ্বারকেশ্বর প্রকল্প

*২৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮। ) শ্রীসুভাস গোস্বামী ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাঁকুড়া জেলায় প্রস্তাবিত 'আপার কংসাবতী' ও 'আপার দ্বারকেশ্বর' প্রকল্প বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**Minister-in-charge of Irrigation and Water Ways Department**

বাঁকুড়া জেলার আপার কংসাবতী প্রকল্পটি কেন্দ্রীয় যোজনা পর্যায় এর Advisory Committee on Irrigation, Flood Control and Multi-purpose Projects কর্তৃক Technical অনুমোদন লাভ করেছে। Planning Commission-এর অনুমোদনের অপেক্ষায় আছে।

আপার দ্বারকেশ্বর প্রকল্পটি এখনও সমীক্ষার পর্যায়ে আছে।

### বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবদ ব্যয়

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** তথ্য সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রাজ্য সরকার বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবত বছরে আনুমানিক ক টাকা ব্যয় করে থাকেন ; এবং

(খ) ১৯৭৭ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পূর্ববর্তী পাঁচ বছরে রাজ সরকার বিভিন্ন সংবাদপত্র মারফত বিজ্ঞাপন বাবত মোট কত টাকা ব্যয় করেছিলেন ?

**Minister-in-charge of Information and Cultural Affairs Department**

(ক) বর্তমানে রাজ্যসরকার তথ্য ও সংস্কৃতি বিভাগের মাধ্যমে বিভি সংবাদপত্র ও পত্র-পত্রিকায় বিজ্ঞাপন বাবদ বছরে প্রায় ১ কোটি টাকা ব্যয় করে থাকেন

(খ) ১৯৭৭ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পূর্ববর্তী পাঁচ বছরে রাজ সরকার তথ্য ও সংস্কৃতি বিভাগের মাধ্যমে বিভিন্ন সংবাদপত্র ও পত্র-পত্রিকা মারফ বিজ্ঞাপন বাবদ মোট ২,৩৮,২৩,১৪৫ টাকা ব্যয় করেছিলেন।

### ববতি বিল সংস্কার

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৮।) **শ্রীনীহারকুমার বসু :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ব্যারাকপুর মহকুমার অন্তর্গত 'ববতি বিল' সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in charge of Irrigation and Water Ways Department**

(ক) হ্যাঁ আছে। নাও সুতি হারোয়া গঙ বেসিন জল নিকাশী প্রকল্প প্রস্তুতির সঙ্গে "বরতি বিল" এলাকার সমস্যা লইয়া ও গবেষণা ও পরীক্ষা নিরীক্ষা চলিতেছে।

(খ) এই বিষয়ে এখনই কিছু বলা সম্ভব নয়।

### Setting up of industries in other States

*272. (Admitted Question No. *1612.) **Shri SUBRATA MUKHERJEE:** Will the Minister-in-charge of the Commerce and industries Department be pleased to state —

(a) whether the State Government has information with regard to firms based in West Bengal seeking Letters of Intent for setting up industries in other States ; and

(b) if so.

(i) the number of such firms based in West Bengal which sought Letters of Intent for projects for setting up of industries by them in other States during the period between July, 1977 and July 1982 ; and

(ii) the amount of investments involved in such projects of firms based in West Bengal, and

(iii) the steps, if any, taken by the State Government in the matter ?

**linister-in-charge of Commerce and Industries Department**

(a) No.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

(iii) Does not arise.

3-35—3-45 p.m.]

## কেন্দ্রীয় সিল্ক বোর্ডে রাজ্যের প্রতিনিধি

*২৭৩। [অনুমোদিত প্রশ্ন নং *২১০০ (এন এস)] **শ্রীঅনিল মুখার্জী :** কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সিল্ক বোর্ডে পশ্চিমবঙ্গে কতজন প্রতিনিধি আছেন;

(খ) উক্ত প্রতিনিধিরা কি পদ্ধতিতে নির্বাচিত বা মনোনীত হন; এবং

(গ) কেন্দ্রীয় সিল্ক বোর্ড-এর কার্যালয় কোথায় অবস্থিত ?

**শ্রীপ্রলয় তালুকদার :** ১। একজন

২। কেন্দ্রীয় সিল্ক পুনর্গঠনের সময় রাজ্য সরকারকে দুইজন প্রতিনিধির নাম পাঠাতে বলা হয়। রাজ্য সরকার প্রথা অনুযায়ী কোন শিল্প অধিকারিককে সরকারী সদস্য হিসাবে এবং আর একজন বে-সরকারী প্রতিনিধির নাম পাঠিয়ে থাকেন। কেন্দ্রীয় সিল্ক বোর্ড সেই মনোনীত রাজ্যপ্রতিনিধিদের সভ্য হিসাবে অন্তর্ভুক্ত করে বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

চিরাচরিত ব্যবস্থা অনুযায়ী এইবার কেন্দ্রীয় সিল্ক বোর্ডের পুনর্গঠনের সময় রেশমশিল্প আধিকারিক (ডাইরেক্টার সেরিকালচার) ও প্রাক্তন সংসদ সদস্য শ্রীদীনেশচন্দ্র জোয়ারদারের নাম প্রস্তাব করা হয়। শ্রীজোয়ারদার সংসদ সদস্য থাকাকালে প্রাক্তন বোর্ডেরও সভ্যপদে অধিষ্ঠিত ছিলেন। সম্প্রতি জানা গেছে যে কেন্দ্রীয় সিল্ক বোর্ড রেশমশিল্প আধিকারিককে সভ্য হিসাবে অন্তর্ভুক্ত করলেও, শ্রী জোয়ারদারের ব্যাপারে রাজ্যসরকারের মনোনয়ন গ্রাহ্য করছেন না। তাই রাজ্যের মুখ্যমন্ত্রীও প্রধানমন্ত্রী পর্যায়ে এই বিষয়ে পত্র বিনিময় হয়েছে। অবশ্য প্রধানমন্ত্রীর উত্তর এখনও পাওয়া যায়নি।

৩। বাঙ্গালোরে।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যসরকারের কাছ থেকে যে দুজন প্রতিনিধি থাকার কথা তার মধ্যে একজনকে দিয়েছেন, আর একজনকে দেননি, এর কারণ কি আপনাদের কিছু জানিয়েছেন ?

**শ্রীপ্রলয় তালুকদার :** কোন কারণ জানান নি, তাঁরা আমাদের কাছ থেকে দুজনের নাম চেয়েছিলেন, একজন অফিসিয়াল এবং একজন নন-অফিসিয়াল, অফিসিয়াল নামটি তাঁরা গ্রহণ করেছেন, ননঅফিসিয়্যালটি গ্রহণ করেন নি, এবং কোন কারণও দেখান নি।

**শ্রীহুমায়ুন চৌধুরী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—রাজ্য সরকারের দুজন সদস্য নির্বাচন করার সময় তাঁরা পদাধিকার বলে করে থাকেন, না অন্য কিছু হিসাবে করে থাকেন ?

**শ্রীপ্রলয় তালুকদার :** প্রথা অনুযায়ী গোড়াপ্তান যে রকম আছে সে অনুযায়ী পশ্চিমবঙ্গের দুজন প্রতিনিধি পাবার কথা এবং তাঁরা দুজন প্রতিনিধির নাম চেয়ে পাঠান। আমরা পাঠিয়ে ছিলাম। একজনকে গ্রহণ করেছেন আর একজন কে করেন নি, এ নিয়ে এখনও চিঠিপত্র লেখালেখি হচ্ছে।

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### বন্যা ও খরাপ্রবণ জেলায় অসামরিক প্রতিরক্ষা বিভাগের কর্মসূচী

১৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৯। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র ( অসামরিক প্রতিরক্ষা ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জুন, ১৯৭৭ থেকে ৩০এ এপ্রিল, ১৯৮২ সাল পর্যন্ত সময়ে স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের বিভিন্ন শাখায় মোট কতজনের কর্মসংস্থান হয়েছে ; এবং

(খ) বন্যা ও খরাপ্রবণ জেলাগুলিতে অসামরিক প্রতিরক্ষা বিভাগের কর্মসূচী প্রসারিত করিবার কোন পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি ?

**স্বরাষ্ট্র ( অসামরিক প্রতিরক্ষা ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৪৮৪।

(খ) বাঁকুড়া বাদে অন্য সব জেলাতেই অসামরিক প্রতিরক্ষা কর্মসূচী চালু আছে। প্রয়োজনে সমস্ত জেলাতেই কর্মসূচী গ্রহণ করা হবে।

### বীরভূম জেলায় রেকর্ডভুক্ত বর্গাদার

১৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৮১। ) **শ্রীসুনীতি চট্টরাজ :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭-এর জুন হইতে ১৯৮২-র জুন মাস পর্যন্ত সময়ে বীরভূম জেলার বুকওয়ারী রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা কত ?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ১৯৭৭-এর জুন থেকে ১৯৮২-র জুন পর্যন্ত সময়ে বীরভূম জেলার ব্লকওয়ারী রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা নিম্নরূপ ঃ—

| ব্লকের নাম | | রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা |
|---|---|---|
| (১) সিউড়ী-১ | ... | ২,৬১৭ |
| (২) সিউড়ী-২ | ... | ৯৯৩ |
| (৩) সাঁইথিয়া | ... | ৩,১৮৯ |
| (৪) ইলামবাজার | ... | ৪,৬৪৭ |
| (৫) বোলপুর | ... | ৪,৪৬৯ |
| (৬) লাভপুর | ... | ৩,৯৭৩ |
| (৭) নানুর | ... | ৪,৭১০ |
| (৮) দুবরাজপুর | ... | ১০,২৪৩ |
| (৯) রাজনগর | ... | ৩,২৪৯ |
| (১০) খয়রাশোল | ... | ৯,২৪৫ |
| (১১) মুরারৈ-১ | ... | ১,৪৫০ |
| (১২) মুরারৈ-২ | ... | ১,৩২৫ |
| (১৩) নলহাটি-১ | ... | ৩,০৩৫ |
| (১৪) নলহাটি-২ | ... | ২,১২৭ |
| (১৫) রামপুরহাট-১ | ... | ২,০৮০ |
| (১৬) রামপুরহাট-২ | ... | ১,৪৫৪ |
| (১৭) ময়ূরেশ্বর-১ | ... | ১,৪৪৫ |
| (১৮) ময়ূরেশ্বর-২ | ... | ২,১৭৫ |
| (১৯) মহম্মদবাজার | ... | ১,৭০০ |
| মোট | ... | ৬৪,৬২৬ |

## বীরভূম জেলা পরিষদের বিভিন্ন কাজ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩।) **শ্রীসুনীতি চট্টরাজঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলা পরিষদ ১৯৮২ সালের ১লা এপ্রিল থেকে ৩১এ জুলাই পর্যন্ত বীরভূমের কোন্ কোন্ মৌজায় এবং ব্লকে কি কি কাজ করেছেন ;

(খ) উক্ত কাজগুলি সম্পন্ন করতে কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) উক্ত কাজগুলির জন্য টেণ্ডার যথাযথভাবে করা হয়েছে কিনা ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এতৎসংলগ্ন বিবরণীতে দেওয়া হল।

(খ) উক্ত বিবরণীতে দেওয়া হয়েছে।

(গ) ১ নং থেকে ৫১ নং পর্যন্ত কাজগুলি বিগত সাধারণ নির্বাচনের পরিপ্রেক্ষিতে অত্যন্ত জরুরী বিধায় এবং সময়ের স্বল্পতা হেতু সাধারণ বিজ্ঞপ্তি মারফত নিলাম ডেকে

সংশ্লিষ্ট ঠিকাদারদের মাধ্যমে করা হয়েছিল। অবশিষ্ট ৪টি কাজের ক্ষেত্রে টেণ্ডার যথাযথভাবে করা হয়েছিল।

Statements referred to in reply to Clauses 'Ka' and 'Kha' of question No. 15 (Admitted question No. 103)

| ক্রমিক নং | মৌজার নাম | বুকের নাম | কাজ বা স্কীমের নাম | খরচের বাস্থিত পরিমাণ | টেণ্ডার আহ্বান করা হইয়াছিল কিনা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১৯৮১-৮২ সালে নির্বাচনী প্রসঙ্গে জরুরী মেরামত— | টাঃ | |
| (১) | ভোলাইপুর, কেন্দুয়া, কাশের হাট, হরিশপুর, চকবারা, সুলতানপুর | সিউড়ী-২ | অবিনাশপুর-হরিশ চন্দ্রপুর রাস্তা | ৪,৮৮৪.১২ | বিগত ১৯৮২ সালে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে রাস্তাগুলি নির্মাণের জন্য ৫-৫-৮২ তাং-এ আবণ্টন আদেশ পাওয়া গিয়েছিল যাহাতে নির্বাচনী যান-বাহন ভোটকেন্দ্রে ভালভাবে পৌঁছাইতে পারে; অতএব এই কাজগুলি সাধারণ বিজ্ঞপ্তি মারফত নীলাম ডেকে ঠিকাদারদের বণ্টন করে দেওয়া হয়েছিল। |
| (২) | করিধ্যা, চোরা, আমগাছি, পাথ্রা, বসতপুর, নিমদাসপুর, কোরেলডা, নাগারি, চণ্ডীপুর, নোয়াডিহী | সিউড়ী-১ | সিউড়ী-পাথ্রা-নবডিহী রাস্তা | ৪,৮৭`.০২ | ঐ |
| (৩) | সুলতানপুর, শ্রীকান্তপুর, উষাগ্রাম | সিউড়ী-২ | অবিনাশপুর-শ্রীকাড়পুর রাস্তা | ৩,৯৬৪.০০ | ঐ |
| (৪) | ইন্দ্রগাছা, মালিগ্রাম, মালডিহী, গংটি | ঐ | ইন্দ্রগাছা হইতে চন্দ্রভাগা নদীর ঘাট | ৭,৩৮ ।.৮১ | ঐ |
| (৫) | বড় আলুণ্ডা, ছোট আলুণ্ডা, নিমপলাশী | সিউড়ী-১ | নিমপলাশী গ্রাম্য রাস্তা | ৪,৩৭৬.৬৮ | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| (৬) ডোমাইপুর, মাইপুর, সেহেনা | সিউড়ী-২ | মনিপুর-ডোমাইপুর রাস্তা | ৩,৯৬০.০০ | ঐ |
| (৭) মহেশপুর, পাঞ্চপুখুরিয়া, দুর্গাপুর | সিউড়ী-১ | দুর্গাপুর গ্রাম্য রাস্তা | ৪,৬০০,০০ | ঐ |
| (৮) দ্বারকা পূর্ব দুর্গাপুর, পূর্ব মহলা | লাভপুর | অবডাঙ্গা-দ্বারকা রাস্তা | ২,৯৪০.০০ | ঐ |
| (৯) সুলতানপুর, রায়পুর, কুবিলপুর | সিউড়ী-২ | অবিনাশপুর-কুবিলপুর রাস্তা | ৩,৫৯৪.০০ | ঐ |
| (১০) কুরশানী, জালালপুর, দোবন্ধ, টিগাঁও, উত্তরদাহা, জাদলাই | দুবরাজপুর | দুবরাজপুর-কানাইপুর রাস্তা | ৫,৬৬৪.৬০ | ঐ |
| (১১) বিবরপুর, পাঞ্চরা, মাজুরা | খয়রাসোল | পাঞ্চরা-গোপালপুর রাস্তা | ৬,২৫৪.৬৯ | ঐ |
| (১২) মাসাজজা, দক্ষিণ বনগাঁ, চকআমাইপুর, বটসপুর | সাঁইথিয়া | বি-আর রাস্তা ( মাসাদ্দা-বসতপুর সেকশন ) | ৮,২৩৭.৪১ | ঐ |
| (১৩) সাউগ্রাম, পাঞ্চপারা, মাইপুর, তালাসকপুর | লাভপুর | অবডাঙ্গা-সাউগ্রাম রাস্তা | ৪.৫১২.৫০ | ঐ |
| (১৪) জুম্মিদপুর, লাবারগোল, পাইগোরা, নন্দবাহাদুরপুর | খয়রাসোল | পঞ্চারা-পাইগোরা | ৪,১৮৫.০০ | ঐ |
| (১৫) পাকুরিয়া, মথুরাপুর. খোরাদ, গদারপুর, সালুই | সাঁইথিয় | সাখিরা-মথুরাপুর রাস্তা | ৮,১৯৪.১০ | ঐ |
| (১৬) ঘোষগ্রাম, বীরচন্দ্রপুর, কানাইপুর | ময়ূরেশ্বর | বীরচন্দ্রপুর-ঘোষগ্রাম রাস্তা | ৪,২৭৪.১২ | ঐ |
| (১৭) বারকুনি, অমনজোলা, রানী-পাথর | খয়রাশোল | রানীপাথর গ্রাম্য রাস্তা | ৩,৪২০.০০ | ঐ |
| (১৮) মারগ্রাম | রামপুরহাট-২ | মারগ্রাম গ্রাম্য রাস্তা | ৭,৩৫৪.৯৩ | ঐ |
| (১৯) প্রাচন্দ্রপুর, মুরালী, হোসেনপুর | ময়ূরেশ্বর-১ | প্রচণ্ডপুর দ্বারকা ঘাট | ৭,২৬২.১০ | ঐ |
| (২০) পূর্বকালিকাপুর, পাইকপাড়া সাহাপুর | রামপুরহাট-২ | মারগ্রাম-সাহাপুর রাস্তা | ৭,৮৩২.০০ | ঐ |
| (২১) চকদ্বারা, উত্তর অমরপুর, বলাইচাঁদি | সাঁইথিয়া | বি আর রাস্তা (বলাইচাঁদিপুর মসাদ্দা | (এখনও পেমেণ্ট করা হয় নাই। | ঐ |

| ক্রমিক নং | মৌজার নাম | ব্লকের নাম | কাজ বা স্কীমের নাম | খরচের ব্যয়িত পরিমাণ | টেণ্ডার আহ্বান করা হইয়াছিল কিনা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১৯৮১-৮২ সালে নির্বাচনী প্রসঙ্গে জরুরী মেরামত— | টাঃ | |
| (২২) | ফিয়োগ্রাম, নূরপুর, কালিনগর উকরাণ্ডি শকুলিপুর | লাভপুর | ডোনাইপুর-শাকুলিপুর রাস্তা | ৪,১৮০.০০ | বিগত ১৯৮২ সালে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে রাস্তাগুলি নির্মাণের জন্য ৫-৫-৮২ তাং-এ আবন্টন আদেশ পাওয়া গিয়েছিল যাহাতে নির্বাচনী যান-বাহন ভোটকেন্দ্রে ভালভাবে পৌঁছাইতে পারে ; অতএব এই কাজগুলি সাধারণ বিজ্ঞপ্তি মারফত নীলাম ডেকে ঠিকাদারদের বণ্টন করে দেওয়া হয়েছিল। |
| (২৩) | বিষ্ণুপুর ... ... | রামপুরহাট-২ | বিষ্ণুপুর গ্রাম্য রাস্তা | ৮,০৮৪.৯৮ | ঐ |
| (২৪) | ফায়েজুল্লা পরিহরপুর, কোলারা, উত্তর নাওগোন, বলাইচাঁদি | সাঁইথিয়া | বি আর রাস্তা সেকশন (সাঁইথিয়া হইতে বলাইচাঁদ) | ৮,৬০৮.৯৭ | ঐ |
| (২৫) | ভদ্রপুর ... ... | নলহাটি-১ | ভদ্রপুর হাটলা হইয়ে নন্দকুমার প্লেস | ৭,৬৫০.০০ | ঐ |
| (২৬) | নলহাটি, খানপুর, বানিওর | নলহাটি-১ | নলহাটি-বানিওর রাস্তা | ৭,৬৫০.০০ | ঐ |
| (২৭) | বেলেবর্গা, চুরোর, কৃষ্ণপুর, | খয়রাসোল | ভীমগড় হইতে কৃষ্ণপুর সেকশন এ | ৭,৮৯৪.৪৪ | ঐ |
| (২৮) | চকগোবিন্দপুর, মহম্মদপুর, ডোমাহাটি | খয়রাসোল | ভীমগর হইতে কৃষ্ণপুর সেকশন-বি | ৭,৭৩৭.৯৫ | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| (২৯) চকপলি, বিনোদপুর, নাচন সাহা | ইলামবাজার | রূপার-মহেশ্বরনগর রাস্তা | ৯,৩৫৫.৯১ | ঐ |
| (৩০) সালকা, খণ্ডগ্রাম, ডেলোরা, সাতনাপুর, চকপুর, গালটিয়া, নালকুলা, সিয়ালি, হরিশচন্দ্রপুর | ইলামবাজার | খাগ্রা-মহেশ্বরপুর | ১০,[illegible]৯৬.৫০ | ঐ |
| (৩১) হাজিপুর, দক্ষিণগ্রাম, নন্দীগ্রাম | ময়ূরেশ্বর | হাজিপুর বাসস্ট্যাণ্ড হইতে গৌরবাজার | ১০,৮৯৫.০০ | ঐ |
| (৩২) ইটাগোরিয়া, জুনিদপুর, শক্তিপুর | সিউড়ী-১ | ইটাগোরিয়া-জুনিদপুর রাস্তা | ৫,৯৮৪.০০ | ঐ |
| (৩৩) আলুন্দা ... ... | সিউড়ী-১ | আলুন্দা গ্রাম্য রাস্তা | ১২,[illegible]০৯.৮৭ | ঐ |
| (৩৪) রায়পুর, রামপুর | মহম্মদপুর | রায়পুর-রামপুর রাস্তা | ১২,০[illegible]৩.৪৫ | ঐ |
| (৩৫) আনগারগারিয়া, মালডিহা, কুবিলপুর | মহম্মদপুর | আনগারগারিয়া-কুবিলপুর রাস্তা | ১২,৪১৫.৯২ | ঐ |
| (৩৬) মুরালপুর, কেন্দসরাইল, ধান্যবন্দি, দামোদরপুর কুকরানডিহী, শ্রীকান্তপুর, ফুলকুরি | মহম্মদপুর | কুলকুরি হইতে মুরালপুর রাস্তা | ১৬,৩০[illegible].২৩ | ঐ |
| (৩৭) গামারকুণ্ডু, জামরা, মনোহরপুর, ফরিদপুর | রাজনগর | হীরাখুনি হইতে ফরিদপুর রাস্তা | ১১,৮৮০.০০ | ঐ |
| (৩৮) কেন্দুয়া, গোবরা, রোস্তমপুর, ভগবানবাতি, হরিপুর, কুবিরপুর, পাতন্দা | সিউড়ী-১ | কেন্দুয়া-গোবরা-বসরা রাস্তা | ১১,১০[illegible].৮৩ | ঐ |
| (৩৯) ফতেপুর, আব্দা, কুট্টরা, ছাতরা শিবপুর, কোমা, জুনুরী, খেরায়া | সিউড়ী-২ | আব্দা-বনশংক রাস্তা | ১১,৪[illegible].৮০ | ঐ |

| ক্রমিক নং | মৌজার নাম | ব্লকের নাম | কাজ বা স্কীমের নাম | খরচের ব্যয়িত পরিমাণ | টেণ্ডার আহ্বান করা হইয়াছিল কিনা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১৯৮১-৮২ সালে নির্বাচনী প্রসঙ্গে জরুরী মেরামতন— | টাঃ | |
| (৪০) | ব্রাহ্মণবাহারা, পূর্ব-রামচন্দ্রপুর গুরুা, পূর্ব-কালিকাপুর, দ্বারুরী, কামরা | ময়ূরেশ্বর-১ | ময়ূরেশ্বর-কামারাঘাট রাস্তা | ৩,৭৭৭.৫০ | বিগত ১৯৮২ সালে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে রাস্তাগুলি নির্মাণের জন্য ৫-৫-৮২ তাং-এ আবণ্টন আদেশ পাওয়া গিয়েছিল যাহাতে নির্বাচনী যানবাহন ভোট-কেন্দ্রে ভালভাবে পৌঁছাইতে পারে ; অতএব এই কাজগুলি সাধারণ বিজ্ঞপ্তি মারফত নীলাম ডেকে ঠিকাদারদের বণ্টন করে দেওয়া হয়েছিল। |
| (৪১) | তাপাইপুর | সিউড়ী-২ | তাপাইপুর গ্রাম্য রাস্তা সেকশন-এ এবং বি | ১৩,৪৪৭.১৬ | ঐ |
| (৪২) | বোলপুর | বোলপুর-শ্রীনিকেতন | বোলপুর ইন্সপেকশন বাংলো সীমানা দেওয়াল | ... | দরপত্রের আহ্বানের মাধ্যমে কাজ বিতরণ করা হয়েছিল। |
| (৪৩) | চরকালগ্রাম | নানুর | নানুর চরকালগ্রাম রাস্তার উপর পুল তৈরী | ২০,০০০.০০ | ঐ |
| (৪৪) | ধোবাজোলা | সাঁইথিয়া | বোধাজলা তপসিলী সেণ্টার নির্মাণ | ... | ঐ |
| (৪৫) | হরিদাসপুর | রাজনগর | বক্রেশ্বর যুব আবাস নির্মাণ | ... | ঐ |

## মন্ত্রীদের বিদেশ ভ্রমণের জন্য ব্যয়

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের ১লা জুলাই থেকে ১৯৮২ সালের ৩১এ জুলাই পর্যন্ত কোন্ কোন্ মন্ত্রীর বিদেশ ভ্রমণের জন্য সরকারের কত টাকা ব্যয় হয়েছে ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

| | মন্ত্রীর নাম | | পরিমাণ<br>টাকা |
|---|---|---|---|
| (১) | শ্রীজ্যোতি বসু (মুখ্যমন্ত্রী) | ... | ৪১,৯৪৮.৪১ |
| (২) | শ্রীকানাই ভট্টাচার্য | ... | ৩৫,৮৪২.১০ |
| (৩) | শ্রীযতীন চক্রবর্তী | ... | ২৬,৯৩৩.০০ |
| (৪) | শ্রীঅমৃতেন্দু মুখার্জী | ... | ১০০.০০** |
| (৫) | শ্রীপরিমল মিত্র | ... | ১৩,৭৮০.০০ |
| (৬) | শ্রীশম্ভু ঘোষ | ... | ৫০,১৯৬.০০ |
| (৭) | শ্রীভক্তিভূষণ মণ্ডল | ... | ৩৫,৫০৪.১০ |
| (৮) | শ্রীকমল গুহ | ... | ৭,৭০৭.০০ |
| (৯) | শ্রীননী ভট্টাচার্য | ... | ২১,৫২৫.০০ |
| (১০) | শ্রীভবানী মুখার্জী | ... | ২৬,৩১৯.০০ |
| (১১) | শ্রীমহঃ আব্দুল বারি | ... | ৩,৯৩৩.০০ |
| (১২) | শ্রীরাম চ্যাটার্জী | ... | ১৫,১৬৮.০০ |
| | | মোট . | ২,৭৮,৯২৬.৬১* |

(দুই লক্ষ আটাত্তর হাজার নয়শত ছাব্বিশ টাকা একষট্টি পয়সা মাত্র)

*দূতাবাস কর্তৃক প্রদত্ত প্রাত্যহিক ভাতা, হোটেল ভাড়া ও আনুষঙ্গিক ব্যয় ব্যতিরেকে।

**বিমান ভাড়া ১৬,২৫৩ টাকা ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন বহন করিয়াছেন।

## মন্ত্রীদের জন্য পেট্রোল বাবদ ব্যয়

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা জুলাই থেকে ১৯৮২ সালের ৩ এ জুন পর্যন্ত এই রাজ্যের মন্ত্রীদের পরিবহণের জন্য পেট্রোল বাবদ কত টাকা ব্যয় হয়েছে, এবং

(খ) ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পূর্ববর্তী পাঁচ বছরে ১৯৭২-(১৯৭৭) ঐ উদ্দেশ্যে রাজ্য সরকারের কত টাকা ব্যয় হয়েছিল ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পুলকার অফিস হইতে পাঁচ বৎসরে রাজ্যের মন্ত্রীদের পেট্রোল বাবত মোট ২০,৮৪,৪৩৭.৮৮ টাকা ব্যয় হয়েছে।

(খ) পূর্ববর্তী পাঁচ বছরে ঐ উদ্দেশ্যে মোট

## বয়স্ক শিক্ষাকেন্দ্র

২০। ( অনুমোদিত প্রশ্ন নং ২৫৭। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে এই রাজ্যের কোন্ জেলায় কয়টি বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু আছে ?

(খ) ঐ সকল কেন্দ্রে ছাত্রছাত্রীর সংখ্যা কত ?

(গ) পশ্চিমবাংলার নিরক্ষরতা কোন্ সালের মধ্যে দূর করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এ সম্বন্ধে জ্ঞাতব্য তথ্যসম্বলিত একটি বিবরণ সংলগ্ন করা হলো ঃ

(খ) ঐ

(গ) কোন সম্ভাব্য বৎসর উল্লেখ করা সম্ভব নয়।

Statement referred to in reply to clause '*Ka*' of unstarred Question No. 20 (Admitted Question No. 257)

| জেলার নাম | | বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা | ছাত্রছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| ১। কলিকাতা | ... | ২৬০ | ৭,১৫০ |
| ২। ২৪-পরগণা | ... | ১,১৪৬ | ৩৪,০১৯ |
| ৩। হাওড়া | ... | ৮৮৩ | ১৬,৫১৩ |
| ৪। হুগলী | ... | ৯৫৯ | ২৪,৭২৩ |
| ৫। বর্ধমান | ... | ৯৮৯ | ২৫,৩১৫ |
| ৬। মেদিনীপুর | ... | ১,১৮৯ | ৩১,৭১৪ |
| ৭। পুরুলিয়া | ... | ৮১০ | ২২,৪৫৬ |
| ৮। পশ্চিম দিনাজপুর | ... | ৮০৬ | ২০,৪০৩ |
| ৯। কুচবিহার | ... | ৭৪৯ | ২০,৪৭৩ |
| ১০। মালদা | ... | ৭৮৯ | ২১,০৪২ |
| ১১। দার্জিলিং | ... | ৭০৫ | ২০,০২৫ |
| ১২। জলপাইগুড়ি | ... | ৪৯৮ | ১৪,৪৬০ |
| ১৩। নদীয়া | ... | ৮১৫ | ১৯,২৬৭ |
| ১৪। মুর্শিদাবাদ | ... | ৮৮৯ | ২৬,১৩৯ |
| ১৫। বীরভূম | ... | ৮৫০ | ২৩,৩৪০ |
| ১৬। বাঁকুড়া | ... | ৭৩১ | ২০,৫৬০ |
| | মোট | ১২,৯৭৫ | ৩,৪৭,৫৯৯ |

**সরকারী হাসপাতালে রোগীপিছু ঔষধ ও খোরাকী বাবদ দৈনিক ব্যয়**

২১। ( অনুমোদিত প্রশ্ন নং ৩২৩। ) **শ্রীরূপাসিন্ধু সাহা ঃ** স্বাস্থ্য ও পরিবার ল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকারী হাসপাতালে অন্তর্বিভাগে ভর্তি রোগীপিছু খোরাকীর জন্য প্রতিদিন ত টাকা মঞ্জুর আছে ;

(খ) একজন রোগীর ঔষধের জন্য কত টাকা বরাদ্দ আছে ; এবং

(গ) উপরোক্ত দুইটি খাতে এক বৎসরে ( ১৯৮১-৮২ ) কত টাকা খরচ ইয়াছিল ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) খোরাকীর জন্য সাধারণ রাগীপিছু মঞ্জুরীকৃত দৈনিক বরাদ্দ টাকার পরিমাণ ৪.০০ ( চার ) টাকা এবং যক্ষ্মা-রাগী পিছু দৈনিক বরাদ্দ টাকার পরিমাণ ৪.৫০ ( চার টাকা পঞ্চাশ পয়সা ) ।

(খ) দৈনিক বরাদ্দের পরিমাণ ২.৩৬ ( দুই টাকা ছত্রিশ পয়সা )

(গ) আনুমানিক ব্যয় ২৩,১২,৩৩,০০০ টাকা ( তেইশ কোটি বারো লক্ষ তত্রিশ হাজার টাকা ) ।

**Registered Fleet Strength of CSTC**

22. (Admitted Question No. 483 ) **Shri GYAN SINGH SOHANPAL :** Vill the Minister-in-charge of Home (Transport) Department be pleased to tate —

(a) The registered fleet strength of the CSTC at present,

(b) No. of these vehicles serviceable,

(c) the average number of vehicles out-shedded daily,

(d) the average number of breakdown per day,

(e) No. of vehicles actually remain on road on an average everyday ninus the vehicles covered by (d),

(f) No. of these vehicles available for Calcutta City Service,

(g) the total number of employees in the Service of the CSTC at present, and

(h) how many of them are drivers and conductors ?

**Minister-in-charge of Home (Transport) Department :** (a) The Total No. of registered fleet strength of (CSTC is 1,515 as on 31st July 1982.

(b) The No. of serviceable vehicles, is 1,185 the break-up of which is as follows ;

| | | | |
|---|---|---|---|
| (i) City—within 8 years age | ... | ... | 711 |
| (ii) City—beyond 8 years age | ... | ... | 269 |
| (iii) Long route within 8 years age | ... | ... | 205 |
| | Total | ... | 1,185 |

(c) The average No. of vehicles out-shedded daily is 733, the break-up of which is as follows :—

| | | | |
|---|---|---|---|
| (i) City | ... | ... | 583 |
| (ii) Long Route | ... | ... | 150 |
| | Total | ... | 733 |

(d) The average No. of breakdowns per day is 132, the break-up of which is as follows :—

| | | |
|---|---|---|
| (i) City | ... ... | 119 |
| (ii) Long Route | ... ... | 13 |

(Including mechanical, non-mechanical, tyre and other miscellaneous failures.)

(e) The average Number of vehicles remained on road is as follows :

(i) City (Effective cars lost against 119 B. D. is 40 vehicles only.) 543

(ii) Long Route (Effective cars lost against 13. B. D. is 6 vehicles only.) 144

(f) The Number of vehicles available for Calcutta City Service is 543.

(g) The total number of employees in the service of the CSTC is 13,341.

(h) The total Numbers of drivers and conductors are 2,535 and 4,259 respectively.

## নূতন মাদ্রাসা মঞ্জুরী

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯১।) **শ্রীমহবুবুল হক :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন মাদ্রাসা জুনিয়র, সিনিয়র ও হাইকে মঞ্জুরী দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে উহা কি ভিত্তিতে দেওয়া হইবে ? (জেলাওয়ারী না ব্লকওয়ারী)?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আপাততঃ নেই। (খ) প্রশ্ন উঠে না।

## চূড়ামণ ঘাটে সেতু নির্মাণের পরিকল্পনা

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৬।) **শ্রীমহবুবুল হক :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মালদহ ও পশ্চিম-দিনাজপুর জেলার যোগসূত্র স্থাপনের জন্য ইটাহার হইতে চাঁচল রাস্তায় মহানন্দা নদীর উপর চূড়ামণ ঘাটে সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, উক্ত সেতু নির্মাণের কাজ কবে নাগাত শুরু এবং সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায় ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না। (খ) প্রশ্ন উঠে না।

## ঘাটুয়া ও কেশরকুঁদার পানীয় জল সরবরাহ প্রকল্প

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫১১।) **শ্রীশিশির অধিকারী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কাঁথি ১নং ব্লকের ঘাটুয়া ও কেশরকুঁদার পানীয় জল সরবরাহ প্রকল্প দুটি চালু করার কোন পরিকল্পনা আছে কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** এইরূপ কোন প্রকল্প সরকার অনুমোদন করেন নি। কাজেই প্রকল্প চালু করার প্রশ্ন ওঠে না।

## শহরের সম্পত্তির সীমা নির্ধারণ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলী

২৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৫১২। ) **শ্রীশিশির অধিকারী :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আর্বান ল্যাণ্ড সিলিং আইন অনুযায়ী শহরের সম্পত্তির উর্ধ্বসীমা নির্ধারণ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কোন নির্দেশ পাওয়া গিয়াছে কিনা ; এবং

(খ) পাওয়া গিয়া থাকিলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) আর্বান ল্যাণ্ড সিলিং আইন ১৭-২-৭৬ তারিখে চালু হইবার পর হইতে বিভিন্ন ধারার ব্যাখ্যা, কর্মপদ্ধতি এবং আনুষঙ্গিক বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বহুবিধ নির্দেশ পাওয়া গিয়াছে। এই নির্দেশাবলীর সংক্ষিপ্তসারের প্রথম এবং দ্বিতীয় সংস্করণ কেন্দ্রীয় সরকার কর্তৃক পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে এবং দ্বিতীয় সংস্করণের ৩১-৫-৭৮ পর্যন্ত প্রদত্ত নির্দেশাবলীর সংক্ষিপ্তসার লিপিবদ্ধ আছে। তৎপরেও বিভিন্ন সময়ে নির্দেশ পাওয়া গিয়াছে। এই নির্দেশাবলী সমস্ত রাজ্যে আইনের প্রবর্তন যাহাতে মোটামুটি একই পদ্ধতিতে করা হয় তজ্জন্য প্রদত্ত। পশ্চিমবঙ্গের অবস্থার বৈশিষ্ট্য বিবেচনান্তে ক্ষেত্রবিশেষে প্রয়োজনমত পরিবর্তন সাপেক্ষে, নির্দেশাবলী রাজ্য সরকার কর্মে রূপায়িত করিয়াছেন।

## হাসপাতালে শান্তি ও শৃঙ্খলা রক্ষা

২৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৭১। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে হাসপাতালগুলিতে শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য কোন সিকিউরিটি ফোর্স রাখার কথা চিন্তা করছেন কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে এই ফোর্স কত দিন আগে চাওয়া হয়েছিল এবং বর্তমানে কোথায় কোথায় আছে ; এবং

(গ) যে সমস্ত হাসপাতালে ফোর্স নাই সেখানে কত দিনের মধ্যে দেওয়া সম্ভব হইবে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) রাজ্যের সাতটি মেডিক্যাল কলেজের সংশ্লিষ্ট হাসপাতালগুলিতে নিরাপত্তা রক্ষার জন্য সাতটি সিকিউরিটি অফিসারের পদ সৃষ্টি করা হয়েছে। এই পদগুলি শীঘ্র পূরণ করার জন্য চেষ্টা করা হচ্ছে।

গোলমালের প্রবণতা আছে এমন সব জায়গায় অবস্থিত হাসপাতালগুলিতে শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য স্থায়ী পুলিস পিকেট বসানোর একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

## তফসিলী ও আদিবাসী বর্গাদার ও পাট্টা-হোল্ডারদের জন্য ব্যয়

২৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৭৮। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "স্পেশাল কম্পোনান্ট" প্ল্যান-এ সিডিউল্ড কাস্টস্ এবং সিডিউল্ড

ট্রাইবস্ বর্গাদার ও পাট্টা-হোল্ডারদের জন্য সারা পশ্চিম বাংলায় ১৯৮১-৮২ সালে কত টাকা খরচ হ.য়ছে ;

(খ) মেদিনীপুর, বর্ধমান, পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া ও পুরুলিয়াতে কত টাকা ব্যয় করা হয়েছে ; এবং

(গ) এর ফলে পশ্চিম বাংলায় কত বর্গাদার ও পাট্টা-হোল্ডার উপকৃত হয়েছে ?

**তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) স্পেশাল কম্পোন্যাণ্ট প্ল্যান কেবলমাত্র তফসিলী জাতির জন্য, আদিবাসীরা এই প্ল্যান থেকে কোন সাহায্য পান না। তবে আদিবাসী উপ-পরিকল্পনা খাত থেকে আদিবাসী বর্গাদার ও পাট্টাদারদের আর্থিক সাহায্য করা হয়। এই দুই খাতে এই বাবদ ১৯৮১-৮২ সালে মোট ২,৮৫,৯৩,৫৪০ টাকা খরচ হয়েছে।

খ) মেদিনীপুর ১,২০,৪৭,২৩০ টাকা, বর্ধমান ১৪,১৫,৩১৯ টাকা, পশ্চিম দিনাজপুর ২০,৫৩,৮১১ টাকা, বাঁকুড়া ৫,৪৩,৬৪০ টাকা, পুরুলিয়া ২,৬৩,৫১৬ টাকা।

গ) ১,২৮,০৬৮ জন।

## রাজ্যের আদালতের কাজকর্মে বাংলা ভাষা ব্যবহার

২৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫ ) **শ্রীসমর মুখার্জী ঃ** আইন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে আদালতগুলিতে সাক্ষ্য গ্রহণ, জেরা, রায়দান প্রভৃতি কাজকর্মে বাংলা ভাষা ব্যবহারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? এবং

(খ) এ পর্যন্ত ঐ কার্যক্রম নিম্ন আদালত সহ অন্যান্য আদালতগুলিতে কতটা কার্যকরী হয়েছে ?

**আইন বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক) আদালতের বিভিন্ন কাজে বাংলা ভাষা ব্যবহারের নির্দেশ একমাত্র হাইকোর্টই দিতে পারেন। আদালতের কাজে বাংলা ভাষা ব্যবহার সম্পর্কে তাই হাইকোর্টের মতামত চাওয়া হয়েছে, মতামত এখনও পাওয়া যায় নাই।

(খ) নিম্ন আদালতের সমস্ত কাজকর্ম যেমন রায়ের এবং নথিতে লিপিবদ্ধ, সাক্ষ্য প্রভৃতির ভাষা বাংলা না হইলেও, সওয়াল, আর্জি, জবাব, সাক্ষ্যদান, জেরা প্রভৃতি কাজকর্মে বহুলাংশেই বাংলা ভাষা ব্যবহৃত হয়।

## গ্রাম পর্যায়ে খেলাধূলা প্রসারের কর্মসূচী

৩০। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৪৯। **শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রাম পর্যায়ে খেলাধূলাকে প্রসারিত করার জন্য রাজ্য সরকারের কোন কার্যসূচী আছে কি;

(খ) থাকিলে, (১) উক্ত কার্যসূচী কিভাবে বাস্তবায়িত করা হইবে; এবং (২) এ বিষয়ে বেসরকারী খেলাধূলা প্রতিষ্ঠানগুলিকে উৎসাহিত করার নিমিত্ত মহকুমা ক্রীড়া অফিসারগণ কিভাবে ব্লক যুব অফিসারগণের সঙ্গে সমন্বয়সাধন করিয়া থাকেন; এবং (গ) পৃথক ক্রীড়া ডাইরেক্টরেট খোলার কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, আছে।

(খ) বিভিন্ন বিভাগের খেলাধূলায় উপযুক্ত প্রশিক্ষকের তত্ত্বাবধানে আবাসিক এবং অনাবাসিক প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে খেলাধূলাকে রাজ্য সরকার ক্রীড়া পর্ষদের মাধ্যমে প্রসার এবং প্রচারের জন্য ব্যবস্থা করেন।

মহাকুমা ক্রীড়া অফিসারগণ ক্রীড়া পর্ষদেশ মাধ্যমে এবং বুক যুব অফিসারগণ যুব কল্যাণ দপ্তরের মাধ্যমে খেলাধূলার উন্নতিমূলক কাজ দেখাশোনা করেন।

(গ) এইরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

## উলুবেড়িয়ায় ষ্টেডিয়াম নির্মাণ

৩১। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩। ) **শ্রীরবীন্দ্র ঘোষ :** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উলুবেড়িয়ায় অর্ধসমাপ্ত স্টেডিয়ামটির নির্মাণকার্য সমাপ্ত করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং কবে নাগাত এর কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় :** উপুবেড়িয়ায় স্টেডিয়াম নির্মাণের জন্য সরকার পঞ্চাশ হাজার টাকা অনুদান দিয়েছেন। এছাড়া উলুবেড়িয়া স্টেডিয়ামের মাঠটির উন্নয়নের জন্য একাত্তর হাজার তিনশো সাতাত্তর টাকা সরকারী অনুদান দেওয়া হয়েছে।

## ডিস-স্পনসর্ড কলেজের সংখ্যা

৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮৩। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি স্পনসর্ড কলেজকে ১৯৭৭ সালের নভেম্বরের পর ডিস-স্পনসর্ড করা হয়েছে;

(খ) উক্ত কলেজগুলিকে ডিস-স্পনসর্ড করার কারণ কি;

(গ) উক্ত কলেজগুলিকে ১৯৭৮ হইতে ১৯৮২ সাল পর্যন্ত কোন্ আর্থিক বৎসরে কত টাকা অনুদান বা অন্যান্য আর্থিক সাহায্য করা হয়েছে ;

(ঘ) ইহা কি সত্য যে, বাঁকুড়া খৃস্টান কলেজকে ডিস-স্পনসর্ড করা হয়েছে;

(ঙ) সত্য হলে, উক্ত কলেজকে ডিস-স্পনসর্ড করার পর কত টাকা অনুদান বা অন্য কোন আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ২টি।

(খ) কারণ ধর্মগত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত কোন কলেজেরই স্পনসর্ড-এর আওতাভুক্ত হওয়া উচিত নয়।

(গ) নীচে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(ঘ) ও (ঙ) উক্ত দুইটি কলেজের মধ্যে বাঁকুড়া খৃস্টান কলেজও ছিল। কিন্তু ১৯৭৯ সালে কলেজ কর্তৃপক্ষের স্বেচ্ছায় কয়েকটি শর্ত গ্রহণ করার ফলে সরকার ঐ সময় থেকে স্পনসর্ড কলেজের সমস্ত সুযোগসুবিধা ঐ কলেজকে দিচ্ছেন।

Statement referred to in reply to clause '*Ga*' of question No. 32 (Admitted question No. 683)

**রক্ষণ ব্যয় এবং বেতন বাবত সরকারী অনুদানের পরিমাণ**

| | ১৯৭৮-৭৯ | | ১৯৭৯-৮০ | | ১৯৮০-৮১ | | ১৯৮১-৮২ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | রক্ষণাবেক্ষণ ব্যয় বাবত | শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবত | রক্ষণাবেক্ষণ ব্যয় বাবত | শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবত | রক্ষণাবেক্ষণ ব্যয় বাবত | শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবত | রক্ষণাবেক্ষণ ব্যয় বাবত | শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবত |
| | টাঃ | টাঃ | টাঃ | টাঃ | টাঃ | টাঃ | টাঃ | টাঃ |
| বাঁকুড়া ক্রিশ্চিয়ান্ কলেজ | ৫,৮৮,০০০ | ৫,৭০,৮৭৮ | ৬,৪০,০০০ | ৬,৯৬,০৪১ | ৭,০৪,০০০ | ৭,৮৩,২৯৩ | ৭,৫১,০০০ | ৯,৪৪,২২৫ |
| স্কটিশ চার্চ কলেজ | ... | ১৮,১৭,৬৫১ | ... | ১৮,৮৯,১৯৩ | ... | ২০,১৫,৯০৫ | ... | ২৫,২৪,০০২ |

**অন্যান্য আর্থিক সাহায্যের পরিমাণ**

| | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ | মোট |
|---|---|---|---|---|
| বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ | কলেজ ভবন ও পরীক্ষাগার মেরামত বাবত—২০,০০০ | যন্ত্রপাতি ক্রয় বাবত—৮,০০০ | ছাত্রাবাসভবন সম্প্রসারণ বাবত—৯৮,৩৮০ | ১,২৬,৩৮০ |

| | ১৯৭৮-৭৯ | ১৯৮০-৮১ | মোট |
|---|---|---|---|
| স্কটিশ চার্চ কলেজ | কলেজ ভবন মেরামত বাবত—১২,০০০ | কলেজ ভবন ও শিক্ষকশিক্ষণ-ভবন মেরামত বাবত-১,০০,০০০ | ১,১২,০০০ |

## ধর্মঘট ও লক-আউটে শ্রমদিবস নষ্টের সংখ্যা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত ধর্মঘট ও লকআউটের জন্য কত শ্রমদিবস নষ্ট হয়েছে ;

(খ) উক্ত সময়ে পশ্চিমবাংলার জেলাওয়ারী কতগুলি ছোট বড় সরকারী ও বেসরকারী কলকারখানা শ্রমিক আন্দোলনের জন্য বন্ধ হয়েছে ;

(গ) উক্ত সময়ে পশ্চিবাংলার জেলাওয়ারী ধর্মঘট, লক-আউট ও ক্লোজারের ফলে কতজন শ্রমিকের কর্মচ্যুতি ঘটেছে ; এবং

(ঘ) পশ্চিমবাংলার জেলাওয়ারী ছাঁটাই শ্রমিকদের জন্য সরকার আজ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) উক্ত সময়ে নষ্ট শ্রমদিবসের সংখ্যা নিম্নরূপ ঃ

ধর্মঘটের ফলে— ২,৩৬,৪৯,৪২৬

লক-আউটের ফলে—৪,০১,২০, ১০৫

(খ) ও (গ) এ সম্পর্কে নিম্নে তালিকা দেওয়া হইল।

(ঘ) সাধারণতঃ সালিশীর মাধ্যমে প্রথমে এই সকল বিরোধ মীমাংসার চেষ্টা করা হয়। সালিশী ব্যর্থ হইলে বিরোধগুলি শিল্পবিরোধ ট্রাইব্যুনালে বিচারের জন্য পাঠান হয়।

চারটি চটকলের ক্ষেত্রে শিল্পবিরোধ আইনের ১০ (৩) ধারা অনুযায়ী লক-আউট নিষিদ্ধ করা হইয়াছিল। ঐ চারটি ক্ষেত্রেই মালিকপক্ষ সরকারী আদেশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করিয়াছিলেন। পরে একটি ক্ষেত্রে বিরোধ মীমাংসা হওয়ায় লক-আউট প্রত্যাহৃত হইয়াছে।

Statement referred to in reply to clause (*Kha*) of unstarred question No. 33
(Admited question No. 694.)

১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত শ্রমিক আন্দোলনের জন্য বিভিন্ন জেলায় অবস্থিত ছোট বড় সরকারী ও বেসরকারী কলকারখানা বন্ধের হিসাব

| জেলার নাম | মোট বন্ধ কলকারখানা | | স্থায়ীভাবে বন্ধ কলকারখানা | | পুনরায় খোলা হয়েছে এমন কলকারখানার | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কলকার-খানার সংখ্যা | সংশ্লিষ্ট শ্রমিকের সংখ্যা | কলকার-খানার শ্রমিকের সংখ্যা | সংশ্লিষ্ট শ্রমিকের সংখ্যা | কলকার-খানার শ্রমিকের সংখ্যা | সংশ্লিষ্ট শ্রমিকের সংখ্যা | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কলিকাতা | ৮২ | ৬,৪৪৭ | ২৭ | ১,৭৬০ | ২৬ | ১,৮৯৭ | |
| ২৪-পরগণা | ১৭ | ৩,১৩৮ | ৫ | ১২৭ | ৯ | ২,৪০৯ | |
| হাওড়া | ১৭ | ৪,১৫১ | ৮ | ৬৭৭ | ৮ | ২,৯৭৪ | |
| হুগলী | ৬ | ২৭৮ | ৩ | ৮৬ | ৩ | ১৯২ | |
| বর্ধমান | ৭ | ৬৭১ | ৪ | ১৮২ | ২ | ৪৮৯ | |
| মেদিনীপুর ( হলদিয়া ) | ৩ | ১৩১ | ১ | ৫৪ | ২ | ৭৭ | |
| জলপাইগুড়ি | ৪ | ১৪১ | ৩ | ১১৭ | ১ | ২৪ | |
| দার্জিলিং | ১ | ৪৫ | ... | * | ১ | ৪৫ | |
| অন্যান্য অঞ্চল | ৯ | ৩৭৭ | ১ | ৬৩ | ৫ | ২৮৪ | |
| মোট | ১৪৬ | ১৫,৩৭৯ | ৫২ | ৩,০৩৬ | ৫৭ | ৮,৩৯১ | |

* শ্রমিকের সংখ্যা জানা যায় নাই।

Statement referred in reply to clause (*Ga*) question No. 33
(Admited question No. 694.)

১৯৭৭ সালের জুলাই মাস হতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত জেলাওয়ারী ধর্মঘট, লক-আউট ও ক্লোজারের ফলে কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা

| জেলার নাম | | ধর্মঘট | লক-আউট | বন্ধ (ক্লোজার) | স্থায়ী বন্ধ |
|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩* | ৪ |
| কলিকাতা | .. | ১৭৪ | ৩,৪৩৩ | ৪,৫৯০ | ২,৬৯৫ |
| ২৫-পরগণা | ... | ... | ১৯,১৫৫ | ১,৪৪৯ | ৩৩২ |
| নদীয়া | ... | ... | ১২২ | ৩৫৫ | . |
| হাওড়া | ... | ... | ১০,০০০ | ৩,১০৮ | ২,২৫৪ |
| মেদিনীপুর ( হলদিয়া ) | | ... | ৩১ | ... | ১৯৮ |
| হুগলী | ... | ১২ | ৯,১৪৭ | ২৬০ | ১৪৬ |
| বর্ধমান | ... | ২৪ | ১,১১৫ | ... | ৪৬৪ |
| দার্জিলিং | ... | ... | ৭০০ | ৪৬ | ২৩৭ |
| জলপাইগুড়ি | .. | ... | ২২৭ | ১০৯ | ১৮৪ |
| অন্যান্য অঞ্চল | ... | ... | ১১৮ | ৭৮৭ | ৯৮ |

* প্রদত্ত তথ্যে স্থায়ীভাবে বন্ধ হওয়া কল-কারখানার সংখ্যা ধরা হয়নি।

### ১ ঃ ১ হারে প্রমোশন

৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৯৭। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** অর্থবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানা বেন কি —

(ক) ইহা কি সত্য যে করণিক ও অন্য কিছু পদে ১ ঃ ১ হারে প্রমোশন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে ?

(খ) সত্য হইলে —

(১) বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ;

(২) উক্ত সিদ্ধান্ত কবে নাগাত চালু করা সম্ভব বলে আশা করা যায়, এবং

(৩) কতজন কর্মচারী ইহার দ্বারা উপকৃত হইবে ?

**অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক) এবং (খ) সমগ্র বিষয়টি সরকারের বিবেচনাধীন।

### বীরভূম গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৭০৬। ) **শ্রীধীরেন সেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ( গ্রামীণ জল সরবরাহ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলায় বর্তমানে কতগুলি 'গ্রামীণ জল সরবরাহ' প্রকল্প চালু আছে ;

(খ) উক্ত প্রকল্পগুলি জেলার কোন্ কোন্ স্থানে অবস্থিত ; এবং

(গ) উক্ত প্রকল্পগুলি বাবদ ( কর্মীদের মাহিনা ও মেরামতি খরচ প্রত্যেকটি আলাদাভাবে ) বৎসরে কত টাকা ব্যয় হয় ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ( গ্রামীণ জল সরবরাহ ) বিভাগের মন্ত্রি মহাশয় ঃ**

(ক) ২টি।

(খ) সাঁইথিয়া ও নলহাট থানায় অবস্থিত।

(গ) এখনই বলা সম্ভব নয় তবে এ সম্বন্ধে তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

### Committee for Transprot of Goods

36. (Admitted Question No. 716.) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-Charge of the Home (Transport) Department be pleased to state—

(a) Whether a Committee has been constituted by the State Government with the Transport Secretary, as Chairman to deal with the problems being faced by the transport operators in the matter of transport of goods.

(b) If so, whether an Association of transport operators representing a large number of transport operators of Calcutta particularly those under Government's Additional Employment Programme and known as the Truck Operators' Syndicate has been included in the aforesaid Committee, and

(c) if not, the reasons thereof.

**Minister-in-Charge of Home (Transport) Department :**

(a) Yes. (b) No.

(c) The interests of the majority of both truck operators and transport companies are already represented in the said Committee. The Association named. "Truck Operators' Syndicate" approached the Government after the constitution of the Committee. The said syndicate may refer their cases to that committed.

## কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্সে ছাত্র ভর্তি

৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৭৪৩ ) **শ্রীমানস ভুঁঞা :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ডিপ্লোমা ইন কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্সে গত দু'টি শিক্ষা বৎসরে কত সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে এবং কত সংখ্যক ছাত্রছাত্রী পরীক্ষায় বসেছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : ১৯৮১ সালে শিক্ষাবর্ষে ছয়টি ইনস্টিটিউটে মোট ছাত্র ভর্তির সংখ্যা ১৬০। ১৯৮২ সালে শিক্ষাবর্ষে এই সংখ্যা এখনই সঠিকভাবে বলা যায় না কারণ ভর্তি ফি জমা দেওয়ার শেষ তারিখ কয়েকটি কেন্দ্রে এখনও উত্তীর্ণ হয় নাই।

প্রথম পর্যায়ের শিক্ষান্তে ফ্যাকালটি পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১১ই জানুয়ারী ৮২তে ২৪ এবং ৭ই জুনে ১০১। জানুয়ারী মাসে ছাত্রবিক্ষোভের জন্য চারিটি কেন্দ্রে পরীক্ষা হয় নাই। ঐ চারটি কেন্দ্র পরে জুন মাসে আবার পরীক্ষা গ্রহণ করা হয়।

## জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৭৯৪ ) **শ্রীগোপালচন্দ্র মণ্ডল :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-১৯৮২ ও ১৯৮২-১৯৮৩ বছরে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে ( এন আর ই পি ) কেন্দ্রের নিকট পশ্চিমবঙ্গের কি পরিমাণ খাদ্যশস্যের দাবী ছিল, এবং

(খ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার বিগত ও বর্তমান বৎসরে আজ পর্যন্ত এই রাজ্যকে কি পরিমাণ খাদ্যশস্য সরবরাহ করেছেন,

(গ) উক্ত প্রকল্পে ভারতের অন্যান্য রাজ্যসরকারকে দেয় খাদ্যশস্যের পরিমাণ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কোন তথ্য আছে কি ? এবং

(ঘ) থাকিলে, তাহার পরিমাণ ( রাজ্যওয়ারী ) কিরূপ ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৮১-১৯৮২ সালে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের জন্য এবং ১৯৮২-৮৩ সালে ঐ একই প্রকল্পের জন্য কেন্দ্রের নিকট পশ্চিমবঙ্গের যথাক্রমে ১৯৫০০ মেট্রিক টন ও ২৩৭০০ মেট্রিক টন খাদ্যশস্য প্রাপ্য।

(খ) ১৯৮১-৮২ বৎসরে কেন্দ্রীয় সরকার প্রথম কিস্তিতে ১০,৮৬০ মেট্রিক টন খাদ্যশস্য রাজ্যসরকারকে আবণ্টন করেন, কিন্তু ফুড করপোরেশন অব ইণ্ডিয়া ১০,৪৩৫ মেট্রিক টন প্রদান করেন। দ্বিতীয় কিস্তিতে কেন্দ্রীয় সরকার ১১,২৫০ মেট্রিক টন খাদশস্য আবণ্টন করেন। কিন্তু এই আবণ্টনের আদেশ ১৯৮২ সালের মার্চ মাসের

শেষের দিকে পাওয়ায় ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া উক্ত বছরের মধ্যে ঐ খাদ্যশস্য প্রদানের অক্ষমতা জানান। বর্তমান বৎসরে ঐ ১১,২৫০ মেট্রিক টনের অর্ধেক অর্থাৎ ৫,৬২৫ মেট্রিক টন খাদ্যশস্য কেন্দ্রীয় সরকার ৩-৭-৮২ তারিখের আদেশবলে পশ্চিমবঙ্গ সরকারকে আবণ্টন করেছেন। ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া গত ২৬-৮-৮২ তারিখে তাহাদের জেলা ম্যানেজারদের উক্ত আবণ্টনের ভিত্তিতে খাদ্যশস্য প্রদানের আদেশ দিয়েছেন। বর্তমান ১৯৮২-৮৩ সালের বরাদ্দ বাবত কোন খাদ্যশস্য এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যায় নাই।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী কৃষি শ্রমিকের সংখ্যা

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪২) **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই হতে ১৯৮২ সালের আগষ্ট পর্যন্ত বাঁকুড়া জেলার কৃষি শ্রমিকের ব্লকওয়ারী সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে বাঁকুড়া জেলার কৃষি শ্রমিকদের দৈনিক মজুরী কত ছিল;

(গ) পশ্চিমবাংলায় বর্তমানে কৃষি শ্রমিকদের জেলাওয়ারী সংখ্যা কত; এবং

(ঘ) কৃষি শ্রমিকদের মজুরী কি ভাবে ধার্য হইয়া থাকে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) এধরনের তথ্য শ্রম দপ্তরে রাখা হয় না।

(খ) উক্ত সময়ে বাঁকুড়া জেলার কৃষি শ্রমিকদের দৈনিক মজুরী ছিল মোটামুটি নিম্নরূপ:

| মাস ও সাল | প্রাপ্তবয়স্ক | অপ্রাপ্তবয়স্ক ১৪ বছরের উর্দ্ধে |
|---|---|---|
| | টাঃ পঃ | টাঃ পঃ |
| জুলাই '৭৭ ... ... ... | ৭.৩২ | ৫.২৫ |
| অক্টোবর '৭৭ হইতে সেপ্টেম্বর '৭৮ পর্যন্ত ... | ৭.৮৪ | ৫.৬৩ |
| অক্টোবর '৭৮ হইতে সেপ্টেম্বর '৭৯ পর্যন্ত ... | ৭.৭০ | ৫.৫২ |
| অক্টোবর '৭৯ হইতে সেপ্টেম্বর '৮০ পর্যন্ত ... | ৭.৯১ | ৫.৬৮ |
| অক্টোবর '৮০ হইতে সেপ্টেম্বর '৮১ পর্যন্ত ... | ৯,০১ | ৬.৪৮ |
| অক্টোবর '৮১ হইতে সেপ্টেম্বর '৮২ পর্যন্ত ... | ৯.৫৮ | ৬.৮৯ |

(গ) এধরণের তথ্য শ্রম দপ্তরে রাখা হয় না।

(ঘ) কৃষি শ্রমিকদের মজুরী ধার্য কবিবার পূর্বে মিনিমাম ওয়েজ এ্যাক্ট-এর ৫ (১) (খ) ধারা অনুযায়ী সরকারী প্রস্তাব কলিকাতা গেজেটে প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা সংগঠনকে সেই প্রস্তাব প্রকাশের অন্ততপক্ষে দু মাসের মধ্যে নিজ নিজ বক্তব্য পেশ করিতে বলা হয়। সরকার সেই সমস্ত বক্তব্য পর্যালোচনা করিয়া এবং স্টেট মিনিমাম ওয়েজ অ্যাডভাইসারি বোর্ডের সদস্যদের সহিত আলোচনা করিয়া

মিনিমাম ওয়েজ এ্যাক্টের ৫ (২) ধারা অনুযায়ী নিম্নতম মজুরী ধার্য করিয়া থাকে। প্রতি বছর মূল্যস্তরের সূচকের পরিবর্তনের সঙ্গে সঙ্গে যাহাতে মজুরীর হারের সংশোধন ঘটে, সেরূপ ব্যবস্থা মজুরী ধার্যের আদেশে করা থাকে।

## লাইসেন্স প্রাপ্ত নতুন বিলাতী মদের দোকান

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি : ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮১ সাল পর্যন্ত বর্ধমান, ২৪-পরগণা ও কলিকাতায় জেলাওয়ারী কতগুলি নূতন বিলাতী মদের দোকানের লাইসেন্স দেওয়া হইয়াছে ?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় :

বিলাতী মদের নূতন লাইসেন্স

| | | বর্ধমান পূর্ব | বর্ধমান পশ্চিম | ২৪-পরগণা উত্তর | ২৪-পরগণা দক্ষিণ | কলিকাতা |
|---|---|---|---|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ... | ... | ... | ... | ... | ... |
| ১৯৭৮-৭৯ | ... | ... | ... | ৩ | ১ | ৩ |
| ১৯৭৯-৮০ | ... | ... | ... | ... | ১ | ৪ |
| ১৯৮০-৮১ | ... | ... | ... | ... | ... | ... |
| মোট | ... | ... | ... | ৩ | ২ | ৭ |

## Stipend for Pre-matric Scheduled Castes and Scheduled Tribes Students

41. (Admitted Question No. 1049.) **Shri DINESH CHANDRA DAKUA** : Will the Minister-in-charge of the Scheduled Castes and Scheduled Tribes Welfare Department be pleased to state—

(a) on what conditions the Pre-matric Scheduled Castes and Scheduled Tribes students dwelling in approved hostels become entitled to stipends for hostel charges, and

(b) the basis of selection of Scheduled Castes/Scheduled Tribes Pre-matric day scholars for giving them the grants for maintenance charges ?

**Minister-in-Charge of the Scheduled Castes and Scheduled Tribes Welfare Department** : (a) Scheduled Castes and Scheduled Tribes students residing outside the walking distance are entitled to get hostel facilities. In case of S. C. students guardians'/parents' income will not exceed Rs. 3,600 per annum. In case of tribals there is no income ceiling. Hostel charges are given to the students if they reside in a hostel approved by the Education Department of this Government or in a hostel constructed with the grant from the Scheduled Castes and Tribes Welfare Department.

(b) (I) The annual income of the parents/guardians of the recipient student should not exceed Rs. 3,600. The student should have passed the last annual examination and been promoted to the next higher class. In case

of new comers belonging to S. T. & S. C. in the secondary School mere admission in class V should be sufficient to enable a student to receive maintenance charges ; (2) Regular attendance of the students is also a criterion to receive the grant.

## সরকারী কৃষি খামারে দৈনিক মজুরীর হার

৪২। ( অনুমোদিত প্রশ্ন নং ১০৮৪ । ) **শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কৃষিখামার সহ বিভিন্ন সরকারী বিভাগে 'মাস্টার রোল' মাধ্যমে যে যে মজুর খাটানো হয় তাহাদের কি হারে দৈনিক পারিশ্রমিক দেওয়া হয় ?

(খ) ঐ হার সরকার নির্ধারিত কৃষি শ্রমিকদের ন্যূনতম মজুরী অপেক্ষা কোথাও কম বা বেশী আছে কিনা ?

(গ) কৃষি মজুরদের ন্যূনতম মজুরী পাওয়ার ব্যাপারে কোন সরকারী তদারকি ব্যবস্থা আছে কি ; এবং

(ঘ) কৃষি শ্রমিকদের ন্যূনতম মজুরী না দেওয়ার জন্য রামপুরহাট থানায় কতগুলি ক্ষেত্রে মামলা করা হইয়াছে ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) সরকারী কৃষিখামার কর্মীরা ন্যূনতম বেতন আইন অনুসারে পারিশ্রমিক পান। ন্যূনতম বেতন আইনের আওতায় পড়েন এরূপ অন্যান্য কর্মীরাও ওই আইন অনুযায়ী পারিশ্রমিক পান। এই আইনের আওতায় যাঁরা পড়েন না, সেই সব 'মাস্টার রোলে' পারিশ্রমিক দেওয়া সরকারী কর্মীদের দৈনিক পারিশ্রমিকের হার সংক্রান্ত তথ্য সংগ্রহ করা সময় সাপেক্ষ।

(গ) হাঁ আছে। কৃষি শ্রমিকেরা সরকারী হারে ন্যূনতম মজুরী পাচ্ছেন কিনা তা দেখার জন্য প্রত্যেক ব্লকে এগ্রিকালচারাল মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নিযুক্ত করা হয়েছে। আবার ঐ ইন্সপেক্টরদের কাজ তদারকি করবার জন্য ৪২ জন রিজিওনাল অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার নিযুক্ত করা হয়েছে।

(ঘ) এ ধরনের তথ্য জানানো সময়সাপেক্ষ।

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 31 notices of Calling Attention on the following subject namely :

1. Non-posting of eye-specialist in Arambag Sub-divisional Hospital ... Shri Abdul Mannan
2. Transport problem in Calcutta ... Shri Abdul Mannan
3. Alleged attack on Congress Workers and the Public at Arambagh Sub-division ... Shri Abdul Mannan
4. Alleged corruption in Employment Exchange Office at Arambagh ... Shri Abdul Mannan
5. Disorder in Uttarpara Joyitrisima Public Library ... Shri Abdul Mannan

| | | |
|---|---|---|
| 6. | Loss in industry due to acute power crisis | ... Shri Satya Ranjan Bapuli |
| 7. | Non payment of salary to Teachers and non-teaching staff of Secondury Schools in West Bengal under new Pay Scales | ... Shri Kashinath Misra |
| 8. | Serious condition of Weavers of Bankura, Dhonekhali, Nadia etc. | ... Shri Kashinath Misra |
| 9. | Alleged severe assult on some Shri Pranab Hazra, Leader of Chhatra Parisad of Burdwan University on 21st September, 1982 | ... Shri Kashinath Misra |
| 10. | Adequate loan to farmars for Growing Rabi Crops. | ... Shri Chowdhury Md. Abdul Karim |
| 11. | Turning of Islampur Police Station into a Drinking Bar every night | ... Shri Chowdhury Md. Abdul Karim |
| 12. | Appointment of a Commission on alleged charges of corruption against the Minister-in-charge of Municipal Services | ... Shri Satya Ranjan Bapuli |
| 13. | Evasion of Commercial Texes and octroi by Transport Companies | ... Shri Abdul Mannan |
| 14. | Alleged failure of the State Govt. to exercise power in issuing directions to S. T. A. for fixing maximum and minimum freight rates | ... Shri Abdul Mannan |
| 15. | Licensing of Goods Booking Agencies and other intermediaries | ... Shri Abdul Mannan |
| 16. | Alleged exploitation of Truck owners by goods — bookings agencies and other intermidiaries | ... Shri Abdul Mannan |
| 17 | Changes against Minister for Municipal Affairs involved in corruptions | ... Shri Abdul Mannan |
| 18. | Report of the Five Member Committee on the charges against Municipal Affairs Minister | ... Shri Abdul Mannan |
| 19. | Alleged rampant corruption in C. M. D. A. | ... Shri Abdul Mannan |
| 20. | Ireegularities in payments to Contractors for earth filling works of C. M. D. A. | ... Shri Abdul Mannan |
| 21. | Alleged assault on Principal of Bankura Christian College | ... Sk. Imajuddin, ... Dr. Manas Bhunia and Shri Abdul Mannan |

| | | |
|---|---|---|
| 22. | Deteriorating Law & Order situation in West Bengal | ... Shri Abdul Mannan |
| 23. | Worsening power position in West Bcngal | ... Shri Abdul Mannan |
| 24. | Lathi Charge by police on 21st September, 1982 at Sealdah Station | ... Shri Abdul Mannan |
| 25. | Exclusion of names of Graduates from the Voter List for Elections to Burdwan University | ... Shri Kashinath Misra |
| 26. | Alleged arrests of some reporters at Burdwan on 20.9.82 | ... Shri Sk. Imajuddin and Shri Kash'nath Misra |
| 27. | Disruption of life and activities in Calcutta and South Bengal due to load shedlng | ... Shri Kashinath Misra |
| 28. | Refusal by Taxi driver to go on hire in Calcutta | ... Shri Kashinath Misra |
| 29. | Apprehended flood in North Bengal | ... Shri Sk Imajuddin |
| 30. | Natural Calamities in some parts of Katwa constituency due to floods | ... Shri Samar Mukherjee |
| 31. | Reported starvation of old men and women | ... Shri Chowdhury Md. Abdul Karim |

I have sclected the notice of Shri Abdnl Mannan on the subject of irregularities in payments to Contractors for earth filling works of C. M. D. A.

The Minister concerned may give a statement if possible today or give a date.

**Shri Sambhu Charan Ghose :** 24th.

## MENTION CASES

**শ্রীনবকুমার রায় :** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরী বিষয়ের প্রতি। পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানায় থানা হাজতে বন্দীর ফাঁসী। গত ১৯শে আগস্ট সন্ধ্যা ৮ ঘটিকার সময় উপেন বর্মন নামে এক বন্দীকে থানা হাজতে তারই পরিহিত কাপড় দিয়ে ফিমেল ওয়ার্ডের পাশে ফাঁসী অবস্থায় পাওয়া গেছে। যদিও এই ঘটনাটি পুলিশ অনেকদিন চেপে রেখেছিল। ফিমেল ওয়ার্ডের সন্ধ্যা ৮-১৫ মিনিটের সময় তাকে ফাঁসী দেওয়া অবস্থায় পাওয়া গেছে।

আমরা জানি যে সাধারণ মানুষের জন্যই পুলিশ। পুলিশ যদি নিজে মারে তাহলে তার ফল কি হবে? তারা যদি নিজেরাই ফাঁসির দড়ি গলায় পরিয়ে দেয় তাহলে অবস্থা কি দাঁড়ায়? এই পুলিশের দ্বারা মানুষের নিরাপত্তা আসতে পারে না। দেশের মানুষ এই ভাবে বাঁচতে পারে না। পুলিশ মানুষকে হত্যা করার জন্য নয়। কেউ যদি অন্যায় করে থাকে তাহলে তাকে থানায় নিয়ে আসতে পারে এবং পরে কোর্টে তার বিচার হবে। সেই জন্য আমি গত ১৯ আগস্ট সন্ধ্যা ৮ ঘটিকায় উপেন

বর্মন নামে এক বন্দীকে থানার হাজতে তার পরিহিত কাপড় দিয়ে ফাঁসি দেবার জন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া দরকার।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছে। সেটা আনতুলের ঘটনার পুনরাবৃত্তি ঘটবে ব'লে আশা করা যায়। পশ্চিমবাংলায় সল্টলেকে একটা স্টেডিয়াম আরম্ভ করেছে। স্পোর্টস মিনিষ্টার এসিয়োরেন্স দিয়েছেন ১০ হাজার টাকা দিয়ে ১০ হাজার মেম্বার তৈরী করা হবে। তা ছাড়া একটা সোসাইটি ২৫ কোটি টাকা তোলার পরিকল্পনা নিয়েছেন। আগে বলেছেন ১৪ কোটি টাকা খরচ হবে, তার মধ্যে ৪ কোটি টাকা খরচ হয়ে গেছে। আমার প্রশ্ন হ'ল এই ২৫ কোটি টাকার মধ্যে ১৪ কোটি টাকা বাদ দিয়ে যে টাকা থাকে সেই টাকা কার হাতে থাকবে? এই ব্যাপারে বিশেষ ভাবে চিন্তা ভাবনা করতে বলছি। স্পোর্টসে যে ভাবে রাজনীতি ঢোকাচ্ছেন তার আমি তীব্র প্রতিবাদ করছি।

**শ্রীহেমন্ত কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে এই বছর বৃষ্টি মোটেই হয় নি। এই বর্ধমানের দিকে কিছু বৃষ্টি হওয়ায় এবং ক্যানেলের জলে মন্তেশ্বর, কালনা, কাটোয় থানায় কিছু জমি এবারে রোয়া হয়েছে। বর্তমানে সেখানে ক্যানেলের জল না থাকার জন্য যা ধান রোয়া হয়েছে সেইগুলি মরে যাচ্ছে। এখানে জলের অভাবে ধান মরে যাচ্ছে। সেই জন্য আমি সেচ মন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এই বিষয়ে দৃষ্টি দিতে এবং ক্যানেলে যাতে জল যায় যাতে ফসল হানি না হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসমর মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আলোকপাত করতে চাই। মালদাহ জেলায় গত ২.৯.৮২ তারিখ থেকে ১২.৯.৮২ তারিখ পর্যন্ত বন্যায় যে ২১ জন মারা গেল, গাছের পাতা সেদ্ধ করে খেয়ে মারা গেল, সেই ব্যাপারে মাননীয় সেচ মন্ত্রী বাইরে একটা স্টেটমেন্ট দিলেন যে আমি যে বক্তব্য রেখেছি সেটা মিথ্যা। আমি সেই ২১ জন যে মারা গেছে সেই নামের লিষ্ট দিতে পারি। ৮.৯.৮২ এবং ৯.৯.৮২ তারিখে আমি জেলা মেজিসট্রেট কে বলেছিলাম ২।৩ জন মারা গেছে, আপনারা ব্যবস্থা নিন। আজকে বামফ্রন্ট সরকার গরীবের সরকার, মেহনতী মানুষের সরকার বলে বাইরে চীৎকার করে। কিন্তু এই সমস্ত মানুষ বন্যায় মারা গেল, গাছের পাতা সেদ্ধ করে খেয়ে মারা গেল তাদের জন্য কিছু করলেন না। এর প্রতিবাদে আমি মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি এবং এর বিচার বিভাগীয় তদন্ত হওয়া প্রয়োজন।

[3-45-3-55 p.m ]

**শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন

যে, এবারে কয়েকটা জেলাতে প্রচণ্ড খরা হয়েছে, তার মোকাবিলা করতে প্রত্যেকটা জেলাতে সরকারের পক্ষ থেকে কৃষকদের মধ্যে ইনপুটলোন হিসাবে ৩৫।৪০।৫০ লক্ষ টাকা পর্যন্ত দিয়েছেন। সরকারী নির্দেশ আছে পূর্বের ঋণ শোধ না দিলে পরবর্তী সময়ে ঋণ দেওয়া যাবে না। কিন্তু গত বছর এবং তার আগের বছরে ফসল হয় নি। পাট চাষীরা এর ফলে মার খেয়েছে এবং সে কারণে তারা গৃহীত ঋণের টাকা শোধ দিতে পারে নি। এবারে খরা পরিস্থিতি মোকাবিলা করতে যে ঋণ তাদের দেওয়ার কথা আছে, তা তারা পূর্বের ঋণ শোধ না হওয়ার কারণে পাবে না, এবং এর ফলে সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে কৃষকদের দেওয়ার জন্য যে টাকা দেওয়া হয়েছে, তা ফেরৎ চলে যাবে, ঐ টাকা খরচ করা যাবে না। সেজন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করি, যাতে এই খরা পরিস্থিতিতে কৃষকরা ঋণ পেতে পারেন তার ব্যবস্থা যেন তিনি করেন। ফসল ওঠার সঙ্গে সঙ্গে দেয় ঋণের টাকা শোধ লওয়া হবে, এই আশ্বাসের ভিত্তিতে যাতে ঋণ দেওয়ার ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা যেন তিনি গ্রহণ করেন।

**শ্রীমানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী শ্রীশম্ভু ঘোষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, মেদিনীপুর জেলার মধ্যে সব চাইতে পুরানো কলেজ হচ্ছে "মেদিনীপুর কলেজ"—১০৯ বছরের পুরানো। ইদানিংকালে সেখানে এমন এক পরিস্থিতির সৃষ্টি হয়েছে, যা সমস্ত অগণতান্ত্রিক কার্যকলাপকে চাপিয়ে যাচ্ছে। গনতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত ছাত্র সংসদকে বাজেট প্লেস করে, নির্বাচনের ৩ মাসের মাথায় উক্ত কলেজের অধ্যক্ষ, মুকুল রায় মহাশয় বাতিল করে দিয়েছেন। ছাত্র পরিষদ মোট ৪১টি আসনের মধ্যে ৩৩টি আসন গনতান্ত্রিক পদ্ধতিতে গৃহীত ভোটে জয়লাভ করেছিল। ঐ কলেজে ১০৯ জন অশিক্ষক কর্মচারীর পোষ্ট খালি হয়েছে। ইতিমধ্যে বিনা ইণ্টারভিউতে সি. পি. এম. দলের সাথী শংকর দত্তকে প্রিন্সিপ্যালের বডি গার্ড হিসাবে নিয়োগ করা হয়েছে। ছাত্র সংসদ যাতে এ ব্যাপারে কোন অবজেকশান না জানাতে পারে সেজন্য বিনা কারণে, কলেজের অধ্যক্ষমহাশয় নির্বাচিত ছাত্র সংসদকে বাতিল করে দিয়েছেন। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার ঃ** ডঃ মানস ভূঁইয়া আপনাকে বলছি, ইন ফিউচার আপনার মেনসান শেষ হওয়ার পর যদি না বসেন তাহলে আপনার কোন মেনসান আমি গ্রহণ করব না, আই ওয়ার্ন ইউ। হাউসের একটা ডিসিপ্লিন আছে, হোয়েন ইউ উইল বি কল্ড আপন্ টু সিট, আপনি বসবেন, আই টেল ইউ ফর দি লাস্ট টাইম।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, আমার নির্বাচন কেন্দ্রের অন্তর্গত কুলতলী ব্লক-এর অধীন কুন্দখালি ও জেলাবাড়ী এলাকাতে কলেরা দেখা দিয়েছে। ৩০।৪০ জন লোক সেখানে ইতিমধ্যে ঐ রোগে আক্রান্ত হয়েছে। সন্ধ্যারাণী মণ্ডল ও বুদ্ধেশ্বর মণ্ডল নামে দুজন মারা গিয়েছে। সেখানে চিকিৎসার কোন ব্যবস্থা নেই। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে একটা মেডিক্যাল টিম পাঠিয়ে পুনরায় রোগ না ছড়াতে পারে তার ব্যবস্থা যেন তিনি গ্রহণ করেন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** স্যার, আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আনন্দ বাজার পত্রিকায় বাঁকুড়া ক্রিশ্চান কলেজ সম্বন্ধে একটা বিভ্রান্তকর তথ্য পরিবেশিত হয়েছে। এখানে দীর্ঘদিন ধরে কোন অধ্যক্ষ নেই। আমি ঐ কলেজের গভর্নিং বডির একজন মেম্বার। এর কোন মিটিং হয় না। ক্রিশ্চান অ্যাসোসিয়েশান থেকে বা তাদের চার্চ থেকে তারা একজন লোক পাঠিয়ে দেয়। সেই লোককে ইউনিভার্সিটি গ্রহণ করেনি। এখান থেকে একজন ডি. ডি. ও. নিয়োগ করা হয়। সেই ডি. ডি. ও. থেকে যখন টাকা ডিসবার্স করা হয় তখন অমিয় কিসকু কিছু লোক নিয়ে এসে এস. ডি. ও.-র কাছ থেকে টাকা নেবার চেষ্টা করেন এবং তখন তাদের তাড়িয়ে দেওয়া হয়। তারপর এস. ডি. ও. তাঁর বাড়ি থেকে টাকা ডিসবার্স করেন। এখানে দলগত কোন ব্যাপার নেই। সেখানে ঐক্যবদ্ধভাবে সকলে এবং শিক্ষকরাও এই অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়েছে। তবু সেখানে একে একটা রাজনৈতিক কালার দেবার চেষ্টা করা হচ্ছে। আনন্দবাজার এ খবর কোথা থেকে পেলেন জানি না। তাই আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস ঃ** স্যার, আপনার মাধ্যমে একটা বিশেষ জরুরী খবর দিচ্ছি। সন্দেশখালি সার্কেলে পরিদর্শকের অভাবে বিশেষ অসুবিধা হচ্ছে। তাছাড়া সেখানে কোন করনিক নেই। আশাকরি বর্তমান মন্ত্রীমহাশয় এদিকে বিশেষ নজর দেবেন।

**শ্রীমণীন্দ্রনাথ বর্মণ ঃ** স্যার, আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর কাছে একটি জরুরী বিষয়ে উল্লেখ করছি। আপনি জানেন ১৩টা জেলায় খুব খরা হল। কিন্তু উত্তর বাঃলার জেলাগুলিতে খরা নেই, অথচ বর্ষা নেই। এর ফলে সেখানকার ক্ষেতমজুররা কোন কাজ পাচ্ছে না এবং তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। অবিলম্বে সেখানকার ক্ষেত মজুরদের জন্য যদি কাজের ব্যবস্থা না করা হয় তাহলে পূজার সময়ে তারা না খেয়ে থাকবে। সেজন্য পূজার আগে তাদের কাজ ও টাকা পয়সা দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আপনার মাধ্যমে একটা দুঃখজনক ঘটনার কথা বলছি আপনি জানেন পুরুলিয়া বিদ্যালয়ের চাবি আজও বিদ্যাপীঠে ফিরে যায়নি। মুখ্যমন্ত্রী নিজে চিঠি পাঠিয়েছেন চাবি ফেরত দেবার জন্য, কিন্তু সমাজবিরোধীরা তা ফেরত দেয়নি। এই চাবি আদায় করার ক্ষমতা যদি না থাকে এবং এর জন্য যদি মুখ্যমন্ত্রীকে আবেদন করতে হয় তাহলে আমরা কোথায় আছি? রহড়া রামকৃষ্ণ মিশনে এই জিনিষ হয়েছিল। মুখ্যমন্ত্রীকে বলবো আরও একটু শক্ত হতে। এ ব্যাপারে দয়া ভিক্ষা নয়। তারা সি. পি. এম.-এর সমর্থক হতে পারে, কিন্তু এই রকম অবস্থা হবে কেন?

[3-55—4-05 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় কধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি, বিষয়টি কিছুক্ষণ আগে মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয়ও বলেছেন। বাঁকুড়া খৃষ্টান কলেজের তথাকথিত অধ্যক্ষ যখন সেখানে পেমেণ্ট দিতে

গেছেন তখন কিছু সমাজ বিরোধী সেই অধ্যক্ষকে মেরেছে এবং সেখানে একটা ঝামেলা হয়েছে। গত ১লা সেপ্টেম্বর থেকে বাঁকুড়া খৃষ্টান কলেজে এই অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন যে শিক্ষার সাবিক উন্নয়ন করবেন, সেখানে শান্তি-শৃঙ্খলা আনবেন কিন্তু দেখা যাচ্ছে বাঁকুড়া খৃষ্টান কলেজে এই অবস্থা চলছে। এই খৃষ্টান কলেজ কারা পরিচালিত করেন — স্পেশাল কনস্-টিটিউসান অনুযায়ী পরিচালিত হয় কিনা এবং মিশনারী প্রিন্সিপ্যাল নিয়োগ করেন কিনা এই জিনিস বের করার দরকার আছে। সেখানে যে ঘটনা ঘটেছে সে সম্বন্ধে কলিং এ্যাটেনসন মাননীয় সদস্য অনিল মুখার্জী দিয়েছেন। পরশুদিন খৃষ্টান কলেজের অধ্যক্ষকে যেভাবে প্রহার করা হয়েছে সেখানে কয়েকজন অধ্যাপক উপস্থিত ছিলেন, এটা তদন্ত করার জন্য আপনি সর্বদলীয় কমিটি করে সেখানে সদস্যদের পাঠান, তাঁরা প্রকৃত তথ্য বের করুন।

**শ্রীগুনধর চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে অনিলবাবু এবং এইমাত্র মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র যে ঘটনার উল্লেখ করলেন সত্য ঘটনা অন্য রকম। কাগজে যে সংবাদ বেরিয়েছে সেটা অসত্য বিকৃত। সত্য ঘটনা হল অমিয় কিসকুকে কেউ অধ্যক্ষ হিসাবে নিয়োগ করেননি। গত আগষ্ট মাস থেকে সেখানকার অধ্যাপক এবং কর্মচারীরা কেউ বেতন পাননি। এস. ডি. ও. ডি. ডি. ও. হিসাবে যখন গত সোমবার বেতন দিচ্ছিলেন তখন সেই টাকা লুটপাট করার জন্য অমিয় কিসকু কিছু সমাজ বিরোধী লোক নিয়ে সেখানে হাঙ্গামা বাঁধান। যখন এস. ডি. ও. বলেন যে আমার চেম্বার থেকে মাইনে দেয়া হবে তখন এস. ডি. ও.-র গাড়ী আটক করা হয়, কাউকে মারা হয়নি। আমার বক্তব্য হচ্ছে অমিয় কিসকু যে নিজেকে অধ্যক্ষ বলে বিশৃঙ্খল সৃষ্টি করছেন গভর্নিং বডির মিটিং-এ অধ্যক্ষকে নিয়োগ করা যায় না। কলেজ সার্ভিস কমিশন থেকে যে প্যানেল গেছে তার থেকে যোগ্য ব্যক্তিকে যেন অবিলম্বে অধ্যক্ষ নিযুক্ত করা হয় এবং সেখানে শান্তি-শৃঙ্খলা যেন ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি বিভিন্ন ব্যাপারে বিভিন্ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছি, আইন-শৃঙ্খলার অভাবে কতকগুলি দপ্তর ভেঙ্গে গেছে, কিন্তু একটা দপ্তরের কথা বার বার বলছি যে দপ্তর এমনভাবে ভেঙ্গে গেছে যেটাকে প্লাস্টার করলেও সারবে না, সেটা হচ্ছে পি ডব্লু ডি। পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় গিয়ে দেখবেন, আমার সঙ্গে আপনাকে আমি হাত ধরে নিয়ে যাব, যে একটা ষ্টেপ থেকে আর একটা ষ্টেপে হাঁটতে গিয়ে হোঁচট খাবেন। যে রাস্তাগুলি কংগ্রেস করে গেছে সেগুলি মেরামত হচ্ছে না, রাস্তা ভেঙ্গে যাচ্ছে, বাস চলাচলের বিঘ্ন ঘটছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি আমি নতুন রাস্তা চাচ্ছি না, চুরি জোচ্চুরি করলে নতুন রাস্তা করা সম্ভব নয়, কিন্তু যে রাস্তাগুলি আছে সেগুলি মেরামতের ব্যবস্থা করুন।

**শ্রীধীরেন্দ্র লেট ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় কুখ্যাত জোতদার রসিদ খাঁ তার বর্গাদার জাহেদ সেখকে গত ১৫.৯.৮২ তারিখে মল্লারপুর বি. ডি. ও.

অফিসে আসার পথে দ্বারকা নদের ধারে তরোয়ালের আঘাতে খুন করেছে। শুধু তাই নয় এই জোতদার বোমা তৈরী করে ঐ সমাজ বিরোধীদের যোগান দেয়। তাই আপনার মাধ্যমে তাদের বিচারের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশুভেন্দু মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এখানে দু'একটি কথা রাখতে চাই। পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় ৭৬টি এ্যাডাল্ট হাই স্কুল চলছে। এতে প্রতি বছর তিন চারজন করে গড়ে ছেলে-মেয়ে মাধ্যমিক স্তরে পাশ করছে। এবং এগুলি খুবই জনপ্রিয় হয়েছে বয়স্ক শিক্ষা ক্ষেত্রে। কিন্তু এখানে কতকগুলি সমস্যা আছে। যেভাবে সিলেবাস বাড়ছে তাতে ক্লাসের ইউনিট বাড়ানো দরকার। শিক্ষকদের যা দেওয়া হোত আগেকার নিয়ম মত সেটা আজকে বাড়ানো দরকার কনটিনজেন্সি এ্যালাউন্স বাড়ানো দরকার, অনেক তপসিলী ও আদিবাসী ছাত্র অধ্যয়ন করে, তাদের বই থাকে না কাজেই টেক্সট বুক লাইব্রেরী করা দরকার এবং ভালভাবে বই লাইব্রেরী হওয়া দরকার। আমি এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের প্রদেশ কংগ্রেসের ডাকে বামফ্রন্ট সরকারের অত্যাচারের বিরুদ্ধে দাবী-দাওয়া নিয়ে প্রায় ৫০ হাজার লোক এখানে জমায়েত হয়েছে। এখানে যেসব মন্ত্রী উপস্থিত আছেন তাঁদের একজনকে সেখানে গিয়ে তাদের দাবী দাওয়া শুনে এখানে যদি একটা রিপোর্ট দেন তাহলে ভাল হয়। এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীর কাছে রাখছি।

## Demand No. 67

Majors Heads 334-Power Projects and 734-Loans for Power Projects.

**Shri Shankar Gupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 55,13,00,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "334-Power Projects" and "734-Loans for Power Projects".

(This is inclusive of a total sum of Rs. 49,59,50,000 already voted on 1982 account in March and June.)

১। বিদ্যুতের বিষয়টিকে যথেষ্ট অগ্রাধিকার দেওয়া বামফ্রন্ট সরকারের নীতি। আমাদের ৩৪ দফা কর্মসূচীর লক্ষ্য হল—বিদ্যুৎ উৎপাদন ও বণ্টনের জন্য নির্মীয়মাণ প্রকল্পগুলিকে নির্দিষ্ট সময়সীমার ভিত্তিতে রূপায়িত করা, কোলাঘাট, রাম্মাম এবং টিটাগড় প্রকল্পগুলির কাজ শেষ, ১৯৮৬-৮৭ সালের মধ্যে রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাকে ৩,৫০০ মেগাওয়াটের স্তরে তোলা, নতুন প্রকল্পগুলির পরিকল্পনা রচনা করে সেগুলি সম্পর্কে কেন্দ্রীয় কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া এবং বিদ্যুতের ক্ষেত্রে প্রশাসনিক পুনর্গঠন।

১৯৭৭ সালে সরকারী ক্ষমতায় আসার পর থেকেই বামফ্রন্ট সরকার রাজ্যের বিদ্যুৎ সংক্রান্ত কর্মসূচীর জন্য ক্রমশঃ বেশী বেশী পরিমাণ অর্থ ব্যয় করে চলেছেন।

১৯৮১-৮২ সালে বিদ্যুৎ ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ছিল রাজ্য বাজেটের প্রায় ৩০ শতাংশ।

দুর্ভাগ্যক্রমে, বর্তমান বছরে রাজ্যের পরিকল্পনায় সর্বাঙ্গীণ ছাঁটাই-এর ফলে বিদ্যুতের জন্য বরাদ্দ অংশ কিছুটা কমে গেলেও রাজ্যের বিনিয়োগ কর্মসূচীর ক্ষেত্রে এখনও তার দখলে রয়েছে শ্রেষ্ঠ আসনটি।

২। রাজ্যে বিদ্যুতের চাহিদা বাড়ছে হু হু করে আর তার ফলে বিদ্যুতের চাহিদা ও যোগানের মধ্যে ফারাক রয়ে যাচ্ছে। যতদূর সম্ভব কম সময়ের মধ্যে এই ফারাক কমিয়ে আনার জন্য সরকার উৎপাদন ক্ষমতা বাড়াবার দিকেই এখন বিশেষভাবে নজর দিয়েছেন। নির্মীয়মাণ প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করেই এই লক্ষ্যে পৌঁছান সম্ভব। এ মাসেই ২১০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাবিশিষ্ট ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটটি synchronize করা যাবে বলে আশা করা যায়। বিভিন্ন পর্যায়ের পরীক্ষামূলক চালনার কাজ সাফল্যের সঙ্গেই শেষ হয়েছে। কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ৬০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাবিশিষ্ট টিটাগড় প্রকল্পটির প্রথম ইউনিটের কাজ নির্ধারিত সময়সূচীর সঙ্গে প্রায় পায়ে পা মিলিয়ে চলেছে। আমার আশা করার সঙ্গত কারণ আছে যে, ১৯৮২ সালের ডিসেম্বর মাসের মধ্যেই এটি চালু হয়ে যাবে। সভার মাননীয় সদস্যবৃন্দ এটা জেনে সুখী হবেন যে, সরকার কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে তাঁদের টিটাগড় প্রকল্পটির জন্য ইতিমধ্যেই ঋণ ও অন্যান্য ধরনের সাহায্য দিয়েছেন। জলঢাকা জলবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ (উৎপাদন ক্ষমতা ৮ মেগাওয়াট) দ্রুত গতিতে এগিয়ে চলেছে এবং ১৯৮৩ সালের গোড়ার দিকেই এটির কমিসনড্‌ হওয়ার কথা।

মাননীয় সদস্যবৃন্দ আরও জেনে খুশী হবেন যে, কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের তিনটি ইউনিট-বিশিষ্ট দ্বিতীয় পর্যায়ের প্রকল্পটি ভারত সরকার অনুমোদন করেছেন। প্রতিটি ইউনিটের উৎপাদন ক্ষমতা ২১০ মেগাওয়াট। এর ফলে কোলাঘাট প্রকল্পের মোট উৎপাদন ক্ষমতা দাড়াবে ১,২৬০ মেগাওয়াট। রাজ্যবিদ্যুৎ পর্যদের এই মর্যাদাপূর্ণ প্রকল্পের কাজ কিছু প্রারম্ভিক অসুবিধার ফলে অতীতে কিছুটা বাধাপ্রাপ্ত হয়েছিল। যেহেতু প্রধান প্রধান অসুবিধাগুলি ইতিমধ্যেই দূর হয়ে গেছে, সরকার এটির দ্রুত রূপায়ণের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছেন এবং এই লক্ষ্য সামনে রেখে সরকারী স্তরে এই প্রকল্পের কাজকর্মে বিশেষভাবে নজর দেওয়া হচ্ছে।

৩। আগামী দুই দশকে শিল্পায়ন এবং বিদ্যুতের ব্যবহারের রূপ পরিবর্তনের দরুণ বিদ্যুতের চাহিদার লক্ষ্যণীয় বৃদ্ধি ঘটার সম্ভাবনা সম্পর্কে আমরা সম্পূর্ণ সচেতন। যথাসময়ে এই সমস্যার মোকাবিলা করার উদ্দেশ্যে সরকার রাজ্যের প্রয়োজনের পরিপ্রেক্ষিতে একটি 'পারসপেকটিভ প্ল্যানিং কমিটি' গঠন করেছেন। এই কমিটির প্রধান কাজ হল ১৯৯০ সাল পর্যন্ত বাৎসরিক ভিত্তিতে রাজ্যের বিদ্যুতের চাহিদা নির্ধারণ করা এবং ঠিক তারপরেই নির্ধারণ করা ২০০০ সাল পর্যন্ত বিদ্যুতের চাহিদার রূপটি। এছাড়া কয়লা, জল, পরিবহণ, লোড সেণ্টারের নৈকট্যের বিষয়গুলি সামনে রেখে বিদ্যুৎ প্রকল্পসমূহের জন্য মোটামুটিভাবে স্থান নির্বাচন করা। এই কমিটি নির্মীয়মাণ প্রকল্পগুলির অগ্রগতি হিসেব করে প্রতি ছ'মাস অন্তর চাহিদার পরিপ্রেক্ষিতে

কতটা ঘাটতি বা উদ্বৃত্ত হতে পারে তা সরকারকে জানাবেন এবং বিভিন্ন সময়ে বিদ্যুৎ কতটা পাওয়া যেতে পারে তার ভিত্তিতে যতটা সম্ভব সমবণ্টন নিশ্চিত করার উপায় সুপারিশ করবেন।

৪। মাননীয় সদস্যরা এটা ভালভাবেই জানেন যে, উৎপাদনের স্থায়িত্বের জন্য ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ প্রকল্পটি ইতিমধ্যেই সর্বভারতীয় খ্যাতি অর্জন করেছে। কিন্তু সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে এই স্থায়িত্ব এখনও অর্জন করা যায় নি। কিভাবে এই বিদ্যুৎকেন্দ্রের কাজকর্মের মানোন্নয়ন করা যায় সে বিষয়ে আমরা বিশেষভাবে দৃষ্টি দিচ্ছি। প্রয়োজনীয় যন্ত্রাংশ পাল্টানো এবং বিভিন্ন যন্ত্রের নিয়মিত রক্ষণাবেক্ষণের ওপর বিশেষ গুরুত্ব আরোপ সংক্রান্ত কর্মসূচীর বিষয়ে সম্প্রতি কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে। অতি সম্প্রতি 'প্রিভেনটিভ মেনটেনান্স সিডিউল' এবং প্রকল্পের ইঞ্জিনিয়ারদের সাহায্য করার জন্য যন্ত্রাংশ ও বিভিন্ন সরঞ্জামের প্রধান সরবরাহকারীদের সাহায্যও চাওয়া হয়েছে। সম্প্রতি প্রবীন ইঞ্জিনীয়ারদের নিয়ে কয়েকটি 'বেটারমেন্ট সেল' গঠন করা হয়েছে। প্রকল্পগুলির কোন্ কোন্ অংশ সারানোর কাজে তাৎক্ষণিক দৃষ্টি দেওয়া প্রয়োজন তা আগে থাকতে নির্ধারণ করাই হবে এগুলির কাজ। প্রকল্প-সমূহের উৎপাদন এবং রক্ষণাবেক্ষণের গুরুত্বপূর্ণ কাজকর্ম পরিদর্শনের ব্যবস্থাও চালু হয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের ভ্রাম্যমাণ প্রতিনিধি দলগুলিকে আমাদের প্রকল্পগুলি ঘুরে দেখার জন্য আমরা স্বাগত জানিয়েছি। আশা করা যায় এইসব ব্যবস্থার ফলে প্রকল্পসমূহের উৎপাদন ক্ষমতার আরও সুষ্ঠু ব্যবস্থার সম্ভব হবে।

৫। মাননীয় সদস্যবৃন্দ সম্ভবতঃ অবহিত আছেন যে, বিদ্যুতের বণ্টন এবং ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য এই রাজ্যে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ বিধি বলবৎ আছে। খুবই বেদনার সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে, সম্প্রতি এই বিধি লঙ্ঘন সম্পর্কে ব্যাপক অনুসন্ধান চালিয়ে দেখা গেছে বেশ কিছু হাইটেনশন লাইন ব্যবহারকারী ঐ বিধির ধারাগুলি লঙ্ঘন করেছেন। এই লঙ্ঘন বিদ্যুৎ ব্যবহারকারী অনেক মানুষের অসুবিধা ঘটায় এবং তার ফলে ব্যাপক লোডশেডিং হয়। এই বে-আইনী কার্যকলাপ কমানোর উদ্দেশ্যে আমি বর্তমান অধিবেশনে ভারতীয় বিদ্যুৎ আইন, ১৯১০-এর একটি সংশোধনী আনার প্রস্তাব রাখছি যাতে কারাদণ্ডের মত যথেষ্ট পরিমাণ সাজা দেওয়ার সুযোগ থাকবে।

লোড ম্যানেজমেন্ট এবং বর্তমান লোডশেডিং সূচীর পরিবর্তনের প্রশ্নগুলি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এ বিষয়ে দুজন বিশেষজ্ঞকে নিয়ে অতি সম্প্রতি একটি কমিটি গঠিত হয়েছে এবং এই মাসের মধ্যে তাঁদের প্রথম রিপোর্ট দেবার জন্য অনুরোধ করা হয়েছে। এই ক্ষেত্রে কয়েকটি নতুন সিদ্ধান্ত আমি ঘোষণা করতে পারব বলে আশা করি এবং পুজোর পরে সেগুলি রূপায়িত করার আশা রাখি। সব শ্রেণীর বিদ্যুৎ ব্যবহারকারীর ব্যবহারের সীমা নিয়ন্ত্রণ করা সম্পর্কে কিছু প্রস্তাব আমাদের এবং এই কমিটির সক্রিয় বিবেচনাধীন রয়েছে। প্রস্তাবিত নিয়ন্ত্রণে গৃহস্থালীর ছোট ছোট বিদ্যুৎ ব্যবহারকারীরা অবশ্য ক্ষতিগ্রস্ত হবেন না।

লোডশেডিং-এর সঙ্গে জড়িত একটি সমস্যা হল সি ই এস সি-র বণ্টন ব্যবস্থায় এক বিরাট সংখ্যক অ-জরুরী (নন-এশেনসিয়াল) ব্যবহারকারীকে অত্যাবশ্যকীয়

ফিডার থেকে বিদ্যুৎ দিয়ে যাওয়া হচ্ছে। একটি সাম্প্রতিক সমীক্ষায় দেখা গেছে অত্যাবশ্যকীয় ফিডারগুলিতে যে ২৮৭ মেগাওয়াট সরবরাহ করা হয় তার মধ্যে ১০২ মেগাওয়াট চলে যায় অ-জরুরী ব্যবহারকারীদের কাছে যারা প্রায় পুরোপুরি লোড-শেডিং-এর আওতার বাইরে থাকেন। সামাজিকভাবে এর পক্ষে কোন যুক্তি দাঁড় করানো কষ্টকর। অত্যাবশ্যকীয় ফিডারগুলি থেকে অ-জরুরী ব্যবহারকারীদের আলাদা করার জন্য সি ই এস সি-র সঙ্গে আমরা আলাপ-আলোচনা চালাচ্ছি। লোড-শেডিং-এর মাত্রা সঙ্কুচিত করাই এর একমাত্র উদ্দেশ্য। অত্যাবশ্যকীয় বিদ্যুৎ ব্যবহার-কারীদের বিদ্যুৎ সরবরাহের অত্যাবশ্যকতার দিকটিও আমাদের যাচাই করে দেখতে হবে।

৬। এ রাজ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজকর্ম ১৯৮০-৮১ সালের তুলনায় ১৯৮১-৮২ সালে ভাল হয়েছিল। ১৯৮০-৮১ সালে ১,৪০০টি মৌজায় এবং ১৯৮১-৮২ সালে ২,০২১টি মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে। পাম্পসেটগুলিকে শক্তিচালিত করা এবং উপজাতি ও হরিজন অধ্যুষিত গ্রামগুলির বৈদ্যুতিকরণের কাজকর্ম অবশ্য তেমন আশানুরূপ নয়। সরকার অবশ্য এ বিষয়ে অগ্রগতিকে ত্বরান্বিত করার দায়িত্ব সম্পর্কে সম্পূর্ণ সচেতন। এই বিষয়ে সাফল্য অর্জনের উদ্দেশ্যে আমি প্রতিটি জেলার জন্য এই বছর থেকে স্থানীয় উপদেষ্টা কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছি। এগুলিতে অন্যান্যদের সঙ্গে সভাধিপতি এবং জনপ্রতিনিধিরা থাকবেন। নির্মীয়মাণ এবং নতুন গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীগুলি চিহ্নিত করা, সুনির্দিষ্ট করা, প্রয়োগ ও ব্যবহার করার বিষয়ে পর্ষদকে সাহায্য করাই হবে এদের কাজ। আমার দৃঢ় বিশ্বাস পর্ষদ ও পঞ্চায়েতগুলির মধ্যে এই ঘনিষ্ট যোগাযোগ গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আরও ভাল ফল পেতে সাহায্য করবে এবং এটি গ্রামোন্নয়ন কর্মসূচীর এক অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠবে। বর্তমান বছর থেকে আমরা শুধু যে চলতি ও ভবিষ্যৎ গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীর উপর জোর দিচ্ছি তাই নয়, বৈদ্যুতিক সরঞ্জাম চুরির জন্য ইতিপূর্বে রূপায়িত যেসব গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পসমূহ সফলভাবে ব্যবহার করা যায়নি সেগুলিকে পুনরুজ্জীবিত করার ওপরও জোর দেওয়া হচ্ছে। আমার আরও দৃঢ় বিশ্বাস গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীর সঙ্গে পঞ্চায়েতগুলির এই নিবিড় যোগাযোগ বৈদ্যুতিক সরঞ্জাম চুরি ও শক্তির লুণ্ঠনের ভয়াবহ বিপদকে সাফল্যের সঙ্গে মোকাবিলা করতে সাহায্য করবে। গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীকে সাহায্য করা ছাড়াও এই কমিটিগুলি শহর ও গ্রামাঞ্চলে গৃহস্থালী ও বাণিজ্যিক ভিত্তিতে বিদ্যুৎ ব্যবহারকারীদের বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ ত্বরান্বিত করার বিষয়ে পর্ষদ কর্মীদের সাহায্য করবেন।

৭। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাজকর্মের পুনর্বিন্যাস এবং আরও সুষ্ঠু ও কার্যকরী সমন্বয় সাধনের জন্য বণ্টন বিভাগ থেকে উৎপাদন ও একস্ট্রা হাইটেনশান বিভাগকে পৃথক করার ব্যবস্থা নেওয়া হয়েছে। পর্ষদের প্রশাসনকে আরও সবল করার উদ্দেশ্যে সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, পর্ষদের সচিবের পদে একজন উচ্চপদস্থ আই এ এস অফিসারকে বসানো হবে। সরকার মনে করেন পর্ষদ কর্মীদের জন্য গঠিত পে-কমিটিকে আরও জোরদার করার জন্য ট্রেড ইউনিয়ন ক্ষেত্রে অভিজ্ঞ কোন ব্যক্তিকে ঐ কমিটিতে নেওয়া উচিত এবং সরকার পর্ষদকে অনুরূপ উপদেশ দিয়েছেন।

বেশ কিছুদিন ধরে বিভিন্ন চেম্বার অফ কমার্স বিদ্যুৎ উৎপাদনের উন্নতি ঘটানো এবং শিল্পে বিদ্যুৎ সরবরাহের সমস্যা সমাধান সম্পর্কে সরকারের কাছে প্রস্তাব দেওয়ার ইচ্ছা প্রকাশ করে আসছেন। পর্যবেক্ষকদল রূপে তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি পরিদর্শন করে তাঁদের সুপারিশ দেওয়ার প্রস্তাবটিকে আমি স্বাগত জানিয়েছি। বর্তমান পরিস্থিতির যতটা সম্ভব উন্নতি ঘটানোর উদ্দেশ্যে চেম্বার অব কমার্সগুলি ও বিদ্যুৎ উৎপাদক সংস্থাগুলির মধ্যে পারস্পরিক মত ও তথ্য বিনিময়ের জন্য প্রতিমাসে একটি পর্যালোচনা-মূলক বৈঠক করার সিদ্ধান্তও আমি নিয়েছি।

৮। মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয় অবহিত আছেন যে, দামোদর ভ্যালি কর্পোরেশন কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে ১০৫ এম ভি এ সরবরাহ করার জন্য চুক্তিবদ্ধ। কিন্তু সম্প্রতি তাঁরা সহযোগী সরকারগুলির সঙ্গে কোনরকম আলোচনা না করেই একতরফাভাবে উৎপাদনের বিভিন্ন পর্যায়ে বিদ্যুৎ বণ্টনের সূচী সংশোধন করেছেন। ঐভাবে তাঁরা সি ই এস সি-র বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার জন্য বিদ্যুৎ বণ্টন দিয়েছেন কমিয়ে। উদাহরণস্বরূপ বলা যায়, আগেকার সূচী অনুসারে ৭৫০ মেগাওয়াট উৎপাদনের পর্যায়ে ডি ভি সি-র দেওয়ার কথা ৮৪ এম ভি এ অথচ বর্তমান সংশোধিত সূচী অনুসারে এই প্রতিশ্রুতিকে ছেঁটে দাঁড় করানো হয়েছে ৫৯ এম ভি এ-তে। এই রাজ্যের স্বার্থবিরোধী ডি ভি সি-র এই একতরফা সূচী সংশোধনের বিরুদ্ধে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিবাদ জানিয়েছি। সম্প্রতি সব শ্রেণীর বিদ্যুৎ ব্যবহার-কারীদের জন্য ডি ভি সি-র বিদ্যুতের দাম বাড়ানো সম্পর্কেও আমরা প্রতিবাদ করেছি।

৯। আসাম থেকে আমরা ৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ পাচ্ছি। সাধারণভাবে এই বিদ্যুৎ দেওয়া হয় উত্তরবঙ্গের প্রতিরক্ষা ঘাঁটিগুলিকে। ডি ভি সি-র সঙ্গে কৃত ব্যবস্থার অঙ্গ হিসেবে বিহার থেকে উত্তরবঙ্গের জন্য আমরা ১০ মেগাওয়াট বিদ্যুৎ পাচ্ছি। উত্তর-পূর্বাঞ্চলে বিদ্যুৎ উদ্বৃত্ত হয়। আমাদের রাজ্য বিদ্যুৎ পর্ষদ প্রায় ১৮ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ পাওয়ার জন্য মেঘালয় ও আসামের সঙ্গে আলাপ-আলোচনা চালাচ্ছেন। আমার গত দিল্লী সফরের সময় এই বিষয়টি আমি কেন্দ্রীয় শক্তিমন্ত্রীর কাছে তুলেছিলাম এবং সমস্যাটির সমাধানের জন্য তাঁর মধ্যস্থতা চেয়েছিলাম। আমি আশা করি এ ব্যাপারে খুব শীঘ্রই একটা মীমাংসা হবে।

১০। শেষ করার আগে আমি এ রাজ্যের বিদ্যুৎ ঘাটতির সমস্যার যত দ্রুত সম্ভব মোকাবিলা করার জন্য আন্তরিকভাবে মাননীয় বিরোধী সদস্যবৃন্দ সমেত সকলের সমর্থন ও সহযোগিতা চাইছি। আমি নিশ্চিত মাননীয় সদস্যবৃন্দ স্বীকার করবেন যে, সকলের সমবেত ও নিরবচ্ছিন্ন প্রচেষ্টা ছাড়া রাজ্যের এই সমস্যা সমাধানের বাঞ্ছিত লক্ষ্যে পৌঁছানো সহজসাধ্য হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে আপনার অনুমতি চাইছি যে এই লিখিত মুদ্রিত বাজেট বিবৃতি যেটা এখানে দেওয়া হয়েছে, সেই লেখা এবং মুদ্রনের মধ্যেকার সময়ে নূতন কতকগুলি ডেভেলপমেণ্ট হয়েছে এবং খুব সংক্ষেপে সেটাকে ঐ বাজেট বিবৃতির সংযোজন হিসাবে উল্লেখ করতে চাইছি। প্রথম কথা, আপনি জানের যে আমাদের রাজ্যের মানুষ দীর্ঘদিন ধরে ব্যাণ্ডেলের নূতন ৫ম ইউনিটটির নির্মাণ কাজ সম্পূর্ণ হবার দিকে তাকিয়ে ছিলেন যে কবে সেখান থেকে বিদ্যুত পাওয়া যাবে।

আমি সদস্যদের অবগতির জন্য অত্যন্ত আনন্দ ও গর্বের সঙ্গে ঘোষণা করছি যে গত কয়েক দিন আগে ঐ ৫ম ইউনিটের কার্য সম্পূর্ণ হয়ে গেছে এবং সেখানে বিভিন্ন যন্ত্রাংশের সমন্বয় ঘটিয়ে তার থেকে বিদ্যুৎ উৎপাদন করার যে প্রক্রিয়া সেই প্রক্রিয়া আজকে চালু আছে। এবং আগামী কয়েক দিনের মধ্যেই এই ৫ম ইউনিট থেকে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে। তার পর পরীক্ষামূলকভাবে কখনও সেটাকে বন্ধ করতে হবে, কখনও চালু করতে হবে। এই প্রক্রিয়া চলবে — তবে নির্মাণের কাজ শেষ। উৎপাদনের কাজ এই মাসের মধ্যেই সুরু হচ্ছে। এই অবস্থাটা আমি সদস্যদের জানাতে পারছি। দ্বিতীয় কথা হচ্ছে আমরা যে সমস্ত নূতন বিদ্যুৎ প্রকল্প সম্বন্ধে বলেছিলাম, সেই সব সম্বন্ধে মাননীয় সদস্যগন জানতে চাইলে আমি পরে জানাবো। কিন্তু একটা ঘোষণা শুধু এখানে আমি করতে পারছি যে মুর্শিদাবাদ জেলার সাগর দিঘি থানার মণিগ্রাম রেল ষ্টেশনের কাছে আমাদের একটি নূতন বিদুৎ প্রকল্প হচ্ছিল। আমরা জানতে পেরেছি সেই প্রকল্পের ডিটেলস প্রোজেক্ট রিপোর্ট পাওয়া গিয়েছে। এবং এটা আমরা কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ (সেণ্ট্রাল ইলেকট্রিক অথরিটি)-র কাছে তাদের অনুমোদনের জন্য পাঠাচ্ছি।

[4-05 – 4-15 p.m.]

আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে কেন্দ্রীয় সরকারের কাছে এইগুলো অনুমোদনের জন্য পাঠালে অনেক কাঠ-খড় পোড়াতে হয়। সেই কাঠ খড় পোড়ানোর কাজটাতো শুধু সরকার পক্ষের নয়, মাননীয় বিরোধী দলের সদস্যরা আমাদের সহযোগিতা করবেন বলে আমরা আশা করি। দ্বিতীয় সংযোজন হচ্ছে, আমার লিখিত বিবৃতিতে তৃতীয় পৃষ্ঠার সপ্তম অনুচ্ছেদে বলা হয়েছে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে সুষ্ঠু ভাবে তাদের কাজ কর্ম পরিচালনার জন্য সরকার পক্ষ থেকে যে দুটি পরামর্শ দেওয়া হয়েছে। সেই দুটি পরামর্শ বিদ্যুৎ পর্ষদ গ্রহন করেছেন বলে আমরা আনন্দিত।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পাওয়ার মন্ত্রী শুরুতে দুটো আশ্বাস দিলেন। আমার খুব ভয় হচ্ছে, আমার আশঙ্কা হচ্ছে, এই হাউসে প্রকাশ্যে দক্ষ মন্ত্রী, তিনি অনেক কিছু আশ্বাস দিতেন এবং লম্ফ ঝম্প করতেন বিগত দিনে — ডঃ অশোক মিত্র এবং সেই ডঃ অশোক মিত্রকে টেব্‌ল চাপড়ে মাননীয় সরকার পক্ষের বন্ধুরা উৎসাহ দিতেন, আর পশ্চিমবাংলার মানুষ গত নির্বাচনে তাঁকে চাপড় দিয়ে বার করে দিয়েছে। সুতরাং কোন কিছু আশ্বাস দেবার আগে, এই নুতন মন্ত্রী মহাশয় যেন একটু চিন্তা করে আশ্বাস দেন। কারণ আমি আপনাদের ইকনমিক রিভিউ এবং সরকারী ফিগারগুলো থেকে দেখাবো যে নুতন আশ্বাস তো দূরের কথা, যে আশ্বাসগুলো এই যাবত আপনারা দিয়ে এসেছেন, সেইগুলোই আপনারা রাখতে পারেন নি। প্রসঙ্গ ক্রমে আমি বলি, শঙ্কর বাবু একজন অল্প বয়সী তরুণ মন্ত্রী, তাঁর মধ্যে অনেক চিন্তাধারা থাকবে, কিন্তু আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে তাঁকে বলছি, আপনি বললেন ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, যে ডিরেক্ট পাওয়ারটা কনট্রোল করছে, সেটা একটা অটোনমাস বডি এবং সি. ই. এস. সি., এটা ওপর আপনাদের ডিরেক্ট কনট্রোল নেই। ডিরেক্ট জেনারেশন এস. ই. বি. যেটা করে, সেই জেনারেশন কংগ্রেস

আমল থেকে, ব্যাণ্ডেল থর্মাল পাওয়ার, সানতালডি থার্মাল পাওয়ার এবং নর্থ বেঙ্গলের হাইড্যাল প্রজেক্ট যেগুলো আছে, এই সব জায়গার যে ফিগারগুলো রয়েছে, তা থেকে দেখা যায়, যে মেগাওয়াট পাওয়ার জেনারেট করার কথা — ইনস্টল্ড ক্যাপাসিটি কত, সেটা নিশ্চয়ই আপনি এতদিনে জেনেছেন, আমি যে কথাটা বলছিলাম এই ব্যাণ্ডেল থার্মাল পাওয়ার স্টেশন, সান্তালডি পাওয়ার স্টেশন-এ যতটা ইনস্টল্ড ক্যাপাসিটি আছে, যতটা পাওয়ার জেনারেশন করার কথা — আপনি হয়তো বলবেন যে লো গ্রেড কোল সাপ্লাই করা হচ্ছে বা অন্য কোন লেম একস্কিউজ দেবেন, কিন্তু শংকর বাবু আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাচ্ছি, আপনি হয়তো এই বিষয়গুলো জেনে ফেলেছেন এবং আজকে পশ্চিমবাংলার মানুষও জানে যে কেন জেনারেটিং সেণ্টার থেকে জেনারেশন কম হচ্ছে। এটা আজকের ব্যাপার নয়, এটা পূর্ব পরিকল্পনা প্রসূত, অনেক দিন আগের পরিকল্পনা। আপনাদের আগেকার বিদ্যুৎ মন্ত্রী, যাঁকে বাতিল করে দিয়ে প্রমোদ বাবু আপনাকে বসিয়েছেন, তিনি ১৯৫৬ সালে এই বিধানসভায় বিরোধী দলের নেতা ছিলেন, তখন তিনি বলেছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়কে, হোয়াট ইজ দি ইউজ অব মোর পাওয়ার ইন ওয়েস্ট বেঙ্গল? সেই বর্তমান মুখ্যমন্ত্রী জ্যোতি বোস মহাশয় সেই সময় এমন এমন কথা বলেছি লেন, আমি তার থেকে দু একটা কোট করে শোনাবো। তিনি সেই সময় বলেছিলেন, যেখানে মানুষ খেতে পায় না, সেখানে এত বিদ্যুতের দরকার কি? আমি সেই সময়কার বিধানসভার একটা কার্য্যবিবরণী পড়ে দিচ্ছি। ১৯৫৬ সাল, পেজ ৬৯, এখানে লক্ষ্য করবেন, জ্যোতি বসু বলে গেছেন যে সি. ই. এস. সি এটা বৃটিশ কোম্পানী, এর জন্য মোর লোন স্যাংশনের কোন প্রয়োজনীয়তা নেই।

তিনি এই মিন করে গেলেন। প্রাইম মিনিস্টারের সঙ্গে এই বক্তব্য নয়—৬ই মে ১৯৭৬, সি.আই.টি.ইউ.র নেতা, অপদার্থ মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের জোতি বসু, প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে একটি চিঠি দিয়েছেন। সেই চিঠিতে তিনি একই জিনিস উল্লেখ করেছেন। তিনি প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে বলছেন, However the government are giving more importance to the CESC. There is no use of advocating in favour of CESC. প্রাইম মিনিস্টারকে জ্যোতি বসু এই চিঠি লিখেছেন। তিনি তো ভাবতে পারেন নি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হতে পারবেন, এ কথা কোন দিন চিন্তাও করেন নি যে, পশ্চিমবঙ্গের বিদ্যুত মন্ত্রী হতে পারবেন। আপনার কোন পূর্ব পরিকল্পনার কথা আমার জানা নেই। জ্যোতি বাবু পাওয়ার দপ্তরে থেকে বিগত ৫ বছরে সব শেষ করে দিয়ে চলে গেছেন। তিনি আপনার হাতে ছাই তুলে দিয়ে চলে গেছেন। এই ছাই থেকে সোনা বের করতে আপনার সময় লাগবে। আপনি দুগ্ধ পোষ্য শিশু। আপনি খুব ভাল লোক। জ্যোতিবাবু কি কেচ্ছা করে গেছেন, আমি তার মধ্যে আর যাব না। তিনি সমস্ত ইউনিটগুলি ধ্বংস করে দিয়ে গেছেন। কি কারণে জেনারেসন কমল? এর মেন কারণ কি? জ্যোতিবাবু নতুন কোন জেনারেটিং সেণ্টার এর চেষ্টা করলেন না। সেণ্টারের কাছে কোন তাগাদা দিলেন না। কোলাঘাট ইস্টলের জন্য তাগাদা দিলেন না। ব্যাণ্ডেলের নেক্সট ইউনিট করলে আমরা ২১০ মেগাওয়াট বিদ্যুত পেতে পারতাম। কোলাঘাট থেকে ২১০ মেগাওয়াট পেতে পারতাম। উনি ইমপ্লিমেণ্ট করার

চেষ্টাই করলেন না। আপনি এ্যাসিওরেন্স দিলেন। আপনার মুখ্যমন্ত্রী তথা তদানিন্তন বিদ্যুত মন্ত্রী যেটা করতে পারতেন ১৯৭৯ সালের মধ্যে, তিনি সেটা করলেন না। কারণ অত্যন্ত সস্তা, রাজনীতির কথা হচ্ছে কি? আমি আগেই বলেছি সেই দেশে কমিউনিজম আসতে পারে না, যে দেশের সমস্যার সমাধান হয়ে গেছে। অন্ধকারের মানুষগুলিকে অন্ধকারের মধ্যে নিয়ে গিয়ে তাদের মাথায় হাত বুলিয়ে সস্তা কমিউনিজম করা যায়, কিন্তু তাতে সমস্যার সমাধান হয় না। আপনারা সমাধান চান নি। সে আপনাদের মুখ্যমন্ত্রী, তদানিন্তন বিদ্যুত মন্ত্রী জ্যোতি বসু চেয়েছিলেন এই সমস্যা জিইয়ে থাক। আমি আপনার কথা আগে বলি, তথ্যে পরে আসব। শঙ্করবাবু, বি কসাস হোন। শুরু থেকে যে জিনিস আরম্ভ করেছেন, তাতে আপনি সতর্ক হোন। আপনি যাদের নিয়ে ঘর করছেন তাদের যদি মিষ্টি ব্যবহার না দেন, আপনার দলের লোকেরাই বলছে, আপনার কর্মীদের সঙ্গে যদি মিষ্টি কথা না বলেন তাহলে উতপাদন বৃদ্ধি করবেন কি করে? ২২।৭।৮২ তারিখে ইফ আই এ্যাম রং, আপনি কারেক্ট করবেন, প্রাইম মিনিষ্টার, সেণ্ট্রাল এনার্জি মিনিষ্টারকে একটি চিঠি লিখলেন। সেণ্ট্রাল মিনিষ্টারকে কি চিঠি লিখলেন? ডি. ভি. সি.র কর্মচারীদের ইউনিয়নে রাইট কার্টেল করা হচ্ছে। কেন লিখলেন? লুথার এখন ডি. ভি. সি.র দায়িত্বে আছেন। ডি. ভি. সি.র পাওয়ার জেনারেশনে, জেনারেটিং সেণ্টারে কিছু উচ্ছৃঙ্খল কর্মী ডিষ্টার্ব করে উৎপাদন ব্যাহত করার চেষ্টা করছিল। সেখানে জেনারেসন যাতে ঠিকমত না হয় সেই চেষ্টা করা হচ্ছিল। আপনি এনার্জি মিনিষ্টারকে চিঠি লিখেছেন। আপনি বলুন যে ওয়ার্কার ডিষ্টার্ব করবেন, তার বিরুদ্ধে ব্যবস্থা নেবেন। আপনি কর্মীদের দরদে যে চিঠি লিখলেন, আর আপনার এখানে কি হচ্ছে, সেটা দেখুন। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড একট অটোনমাস বডি। সেখানে এই কথা বলে আপনি তাদের মনোবল ভেঙ্গে দিচ্ছেন। তাদের মনোবল কিভাবে ভেঙ্গে দিচ্ছেন, সেটা একটু শুনুন-—সারকুলার নং ৩৪৭, ডেটেড ২৪.৭.৮২, এই ডিটেলস সারকুলারটা আপনি নিশ্চয় দেখেছেন। আপনি এনার্জি মিনিষ্টারকে লিখেছেন ট্রেড ইউনিয়ন রাইট কার্টেল করা হচ্ছে। আর আপনার এখানে এ্যাজিটেসন, মুভমেণ্ট হলে মাইনে কেটে নেওয়া হবে, আপনার সারকুলারে সেই কথা বলা হচ্ছে। একদিকে ট্রেড ইউনিয়ন রাইট কার্টেল হচ্ছে বলছেন, আর এক দিকে আপনি ট্রেড ইউনিয়ন রাইট কার্টেল করছেন। এটা বেআইনী। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডে এই আপনার নির্দেশ। এক হাতে আপনি এনার্জি মিনিষ্টারকে চিঠি লিখছেন ট্রেড ইউনিয়ন রাইট দেবার জন্য, আর অন্য হাতে ট্রেড ইউনিয়ন রাইট কার্টেল করছেন থ্রু সারকুলার ডেটেড ২২.৭.৮২।

[4-15—4-25 p.m.]

আজকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডে পোষ্টার মারতে দেওয়া হচ্ছে না। এর রিফ্লেকসন কি হচ্ছে? আজকে ব্যাণ্ডেল এবং সাঁওতালদির জেনারেটিং সেকসানে ১০০ জন কর্মী সাসপেনডেড। স্যার, আজকে এদের মনোবল ভেঙ্গে দেবার জন্য জাতীয়তাবোধে উদ্বুদ্ধ মানুষগুলি এগিয়ে যেতে পারছে না। সেখানে এক্সপিরিয়েন্সড ফোরম্যান, ইঞ্জিনিয়ার, যাঁরা বিভিন্ন জেনারেটিং সেণ্টারে আছেন তাঁদের ট্রান্সফার করে দেওয়া

হচ্ছে, সরিয়ে দেওয়া হচ্ছে। হোয়ারএ্যাজ যাদের এ বিষয়ে এক্সপিরিয়েন্স নেই যারা নভিস তারা শুধু সিটুর ব্যাচ পরে থাকার জন্য সেখানে থাকতে পারছে ফলে ইউনিটগুলি ব্রেক ডাউন করে যাচ্ছে, তারা চালাতে পারছে না। যেখানে ২১০ মেগাওয়াট ইন্সটল্ড ক্যাপাসিটি সেখানে ৬০ মেগাওয়াটও ক্রশ করছে না। Why this? It is not only for low grade coal, but because of novice personnel. সেখানে এক্সপার্ট ইঞ্জিনিয়ারদের আপনারা সরিয়ে দিচ্ছেন কারণ তাঁরা জাতীয়তাবাদী মানুষ।

( নয়েজ )

Let them bark, they have no idea, they want to destroy West Bengal. আপনি আশা দিয়েছেন, আপনি চিন্তা করছেন, এদের কোন চিন্তা শক্তি নেই। আপনি হয়ত বলবেন, সুনীতিবাবু আপনি যে এত কথা বলছেন, এগুলির প্রমান কি? প্রমান আছে পশ্চিমবাংলার ঘরে ঘরে, মাঠে, চাষে, চাষীর ঘরে, শিল্প কলকারখানায়। আজকে এই যে উৎপাদন কমে যাচ্ছে তার ফলে রেজাল্ট কি হচ্ছে? রেজাল্ট হচ্ছে, এখানে ইণ্ডাষ্ট্রির এক্সপানসান হচ্ছে না এবং তা না হবার জন্য শিল্প কারখানা বাইরে চলে যাচ্ছে। আজকে আমরা দেখছি বিভিন্ন কলকারখানায় লে. অফ হচ্ছে, রিট্রেনচ-মেণ্ট হচ্ছে এবং তাতে হাজার হাজার কর্মী ক্ষতিগ্রস্ত হচ্ছে। হোয়াই দিস? এটা হচ্ছে only because of shortage of power. ইকনমিক রিভিউ যেটা পাবলিশ করা হয়েছে ৮১/৮২-র যেটা পাবলিশড বাই ইয়োর গভর্ণমেণ্ট, তার পেজ ২৯ টা দেখুন, দেখবেন আছে, This uncertain balance between the demand and the availability of Power is a result of failure in the past to plan in advance the required additions to installed capacity. একথা নিজেরাই আপনারা বলছেন। অন্য রাজ্যে এই যে শিল্প চলে যাচ্ছে নিশ্চয় সেখানে তারা কোন ফেসিলিটিস পাচ্ছে। আপনার ইকনমিক রিভিউতেই স্বীকার করা হয়েছে পেজ ২৯ এ, টেবিল ৬.২ তে যে The rate of increase in the installed capacity has been less in West Bengal. There have been significant increases in installed capacity and per capita consumption of electricity in other industrial States like Gujarat, Karnatak, Maharashtra and Tamil Nadu. So, the expansion of industrial sector.

যেগুলি নুতন সেক্টর খোলার কথা সেগুলি বাইরে চলে যাচ্ছে। তার ফলে রেজাল্ট কি হচ্ছে? এমপ্লয়মেণ্ট পশ্চিমবাংলায় বৃদ্ধি পাচ্ছে না, বেকার বৃদ্ধি পাচ্ছে। তারপরে পাওয়ারের জেনারেশান কমে যাওয়ার জন্য কি হচ্ছে? কৃষিক্ষেত্রে ডিপ টিউবয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশান সমস্ত কিছু ক্ষতিগ্রস্ত হচ্ছে। আপনি গ্রামে গঞ্জে ঘুরুন দেখবেন কি অবস্থা। মন্ত্রীমহাশয় উত্তর দিয়েছেন যে এগুলি ইলেকট্রিকের জন্য চলছে না। কিন্তু ডিজেলেও কনভার্ট করতে পারছেন না বিকজ অব হাই প্রাইস। ইলেকট্রিক শর্টেজের জন্য ডীপ টিউবয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশান বন্ধ হয়ে গেছে। তার ফলে রেজাল্ট হচ্ছে? প্রোডাকসান কমে যাচ্ছে এবং পার ক্যাপিটা ইনকাম কমে যাবে এবং তার ফলে দেশে ফেমিন আসতে পারে। অতএব আপনার এই পাওয়ারের উপর ওয়েস্ট বেঙ্গলের

ইকনমি ডিপেণ্ড করছে। আপনার উপর বিভিন্ন দপ্তরের ভার নেই, আপনি জ্যোতি-বাবুর মত সিষ্টুর নেতা নন, দিল্লী আপনাকে বারবার যেতে না হয়, আপনি এ্যাসিওরেন্স দিলেন সে জন্য কনক্রিট সাজেশানস দেবার চেষ্টা করছি, তানাহলে অন্য ভাবে যেতাম। আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে, যেটুকু পাওয়ার কলকাতায় আসছে এবং সাউথ বেঙ্গলে আসছে, সেটা কোথা থেকে আসছে? সেটা মেইনলি দিচ্ছে ডি. ভি. সি। আমি একটা কথা বলি, ডি. পি. এল থেকে আমাদের আমলে কত দেওয়া হয়েছে? ইউ হ্যাভ এ্যান আইডিয়া। আমাদের আমলে ১০০ মেগা ওয়াট পর্যন্ত এ্যাভারেজে কলকাতাকে দেওয়া হয়েছে। আজকে ডি. পি. এল থেকে কত দেওয়া হচ্ছে, দ্যাট ইজ ইওর ইউনিট? দেওয়া হচ্ছে ৫০ টু ৬০ নট মোর দ্যান দ্যাট এবং এ্যাভারেজে ৫৫ মেগা ওয়াট। এবারে ডি. ভি. সি থেকে যেটা দেওয়া হচ্ছে সেটা বলি। আমি জানি যে আপনি অস্বীকার করবেন। ডি. ভি. সি'র মিঃ লুথার একটা স্পেশাল নোট এনার্জি মিনিষ্টারকে দিয়েছিলেন এবং সেখানে তিনি বলেছিলেন যে, আমরা যদি আজকে ১০০ মেগা ওয়াট পশ্চিমবঙ্গ সরকারকে দেই তাহলে পশ্চিমবঙ্গ সরকার সেটা নিতে পারবে না। কারণ There is a defect in transmission and distibution. ট্রান্সমিশন লাইনকে একসটেনশান করার চেষ্ট করেন নি। পাওয়ার ডি. ভি. সি থেকে নিয়ে কনজিউমারদের মধ্যে ডিষ্ট্রিবিউশান করবেন, ইণ্ডাস্ট্রিজকে ডিষ্ট্রিবিউশান করবেন, সেই ট্রান্সমিশন লাইন ইজ ডিফেকটেড। Your transmission system is defective. আপনাদের মাননীয় মুখ্য মন্ত্রী সময় দিতেন না। আমরা বারে বারে সাজেসান্স দিয়েছি যে ট্রান্সমিশন লাইনকে ঠিক করার চেষ্টা করুন। ডি. ভি. সি যদি কালকে ২ শত মেগা ওয়াট পাওয়ার দেয় তাহলে আপনি সেটা আনতে পারবেন না। আপনি আনবেন কি করে, পকেটে করে. না আলিমুদ্দিন স্ট্রীটের ঠোংগায় করে? How you will carry transmission line? আপনি ট্রান্সমিশন লাইনকে, ট্রান্সমিশন সিসটেমকে চেঞ্জ করার জন্য চিন্তা করুন। কারণ ভবিষ্যতে যদি ডি. ভি. সি-র সিসটেম ফিরে আসে, যদি জেনারেশান বৃদ্ধি পায়, হঠাৎ যদি ১০০ থেকে ১৫০ মেগাওয়াট দেয় তাহলে সেটা আপনি নিতে পারবেন না। আপনার গ্যাস টারবাইন খোড়াচ্ছে, সি. ই. এস. সি হোচট খেয়ে গেছে, ব্যাণ্ডেল থার্ম্যাল পাওয়ার, সানতালদি থার্ম্যাল পাওয়ার চোখের জল ফেলতে ফেলতে কর্ণিয়া বিতাড়িত। সেখানে পাওয়ার জেনারেশান হওয়ার সম্ভাবনা কম। কোলাঘাট ইউনিট হবে কিনা ঠিক নেই, ব্যাণ্ডেল ইউনিট হবে কিনা ঠিক নেই। হাইডেল প্রোজেক্টগুলি টি. বি. রোগীর মত ধুঁকছে। নর্থ বেঙ্গলের অবস্থাও তাই। আপনাকে নির্ভর করতে হবে ডি. ভি. সি'র উপর। সে জন্য আপনাকে বলছি, আপনি একটু নজর দিন। আপনাকে একটা ঘটনার কথা বলি। আপনি ডেটটা জেনে নেবেন, বোধ হয় ২৯ কি ৩০ জুলাই, ১৯৭৯ হবে। ব্যাণ্ডেল থার্ম্যাল পাওয়ারের একটা ঘটনার কথা বলি। একজন কর্মী ইউনিটের মধ্যে রাতের বেলায় লিকেজ করা, যে কোন কারণে হোক, হি ইজ এ্যান একসপার্ট ফোরম্যান, সেখানে গণ্ডগোল করার চেষ্টা করতে গিয়েছিল··· এর সনতোষ দত্ত এবং সমর মুখার্জীর ছেলেরা। তারপর সমর মুখার্জীর ছেলেদের এ্যারেস্ট করা হয় এবং এ্যারেস্ট করে থানায় নিয়ে যাওয়া হয়। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, থানায়

নিয়ে যাবার পরে দুই ঘণ্টার মধ্যে তাদের ছেড়ে দেওয়া হল। ছেড়ে দেওয়া হ কারণ আলিমুদ্দিন স্ট্রীট থেকে ফোন। নাশকতা কাজে লিপ্ত এবং তাদের হাতেনাে ধরা হল। পরে জানা গেল যে ওরা সিটুর বিক্ষুব্ধ গোষ্ঠীর কর্মী। আপনি জানে যে সিটুর ইণ্টার ইউনিয়ন আছে এবং আজকে বিক্ষুব্ধ গোষ্ঠী হেড অফিসে মিছি করেছে ঐ এ্যারেস্ট এবং সাসপেনশান উইথড্র ইত্যাদি ব্যাপারে। আপনাকে এই কঃ বলছি কারণ এই সিটুর দুই গোষ্ঠীর ব্যাণ্ডেলে গ্রুপ বাজীর লড়াই করছে এবং ফে ব্যাণ্ডেল ক্ষতিগ্রস্ত হচ্ছে। ডি. পি. এল-এর ম্যানেজিং ডাইরেক্টরের সঙ্গে আমরা কঃ বলেছি, সেখানে এ্যাসোসিয়েশনের সঙ্গে কথা বলেছি। তারা কি বলছে? তারা বলে যে আমাদের কোন ডিফেক্ট নেই। সুনীতিবাবু, we are trying like anything কিন্তু আর. এস. পি এবং সিটুর এই দুই ইউনিয়নের রাইভ্যালরিতে আমরা হিমসি খেয়ে যাচ্ছি।

[4-25—4-35 p.m.]

যেসমস্ত ইঞ্জিনিয়াররা এবং অফিসাররা সিনসিয়ারলি কাজ করতে চায় তাদে আর. এস. পি. এক হাত ধরে টানছে, সিটু আর এক হাত ধরে টানছে, ফলে জেনারেটি হচ্ছে না। আজকে এ বিষয়টা নিয়ে আলোচনা করার জন্য আলিমুদ্দিন স্ট্রীটে বাম ফ্রণ্টের মিটিং ডাকুন। আপনার তো অসুবিধা কিছু নেই। জ্যোতিবাবু আমলে জ্যোতিবাবুর কিছু অসুবিধা ছিল। জ্যোতিবাবুর আমলে প্রমোদবাবুর জ্যোতিবাবু বদলে তাঁর ভগ্নীপতিকে মুখ্যমন্ত্রী করার জন্য পাওয়ার দপ্তরের বিভিন্ন ব্যাপারে জ্যোতি বাবুকে ল্যাং মেরেছিলেন। কিন্তু আপনি শঙ্কর গুপ্ত, আপনাকে তো ওরা ল্যাং মারছে না। আপনার অসুবিধাটা কোথায়? আপনি মিটিং-এ বলুন, সিটু এরকম করছে ইউনিট বন্ধ করে দিচ্ছে, সুতরাং আপনারা আমাকে হেল্প করুন। আপনি এই আবেদন বামফ্রণ্টের কাছে রাখুন।

নাউ কাম টু দি নেকস্ট পয়েণ্ট, ইণ্ডাস্ট্রীতে, এগ্রিকালচারাল সেক্টরে তো পাওয়ার দিতে পারছেন না, সেই সঙ্গে ডোমেস্টিক কনজিউমার্সদের কাছ থেকে আপনি নিশ্চয়ই অনেক কমপ্লেন পেয়েছেন। এ বিষয়ে আমি আপনাকে আগেও ২/৩ বার জানিয়েছি আজকেও আর একবার জানাচ্ছি, গত ৮ই সেপ্টেম্বর 'দি টেলিগ্রাফ' পত্রিকায় "পাওয়ার মিটার ডিফেক্টিভ" বলে একটা সংবাদ বেরিয়েছে। আমি সেটা আর এখানে পড়ছি না, আপনি পড়ে নেবেন। তবে এটা কিন্তু ঘটনা, এ জাতীয় কমপ্লেন আগেও অনেক হয়েছে। আপনাদের কাছ থেকে যেসমস্ত কনজিউমাররা পাওয়ার নিচ্ছে তারা প্রচণ্ড রকমের ডিপ্রাইভ হচ্ছে। যেখানে ১০০ ইউনিট, কি ২০০ ইউনিট হওয়ার কথা সেখানে ৫০০ ইউনিট, ১০০০ ইউনিটের বিল চলে যাচ্ছে। যেটা একেবারেই অসম্ভব সেটাই এখানে ঘটছে। সাবস্ট্যাণ্ডার্ড, লো গ্রেড মিটার কনজিউমারদের দেওয়া হচ্ছে, না মিটার রিডাররা রিডিং নিতে ভুল করছে? আপনাকে কনজিউমারদের নিয়েই চলতে হবে, সুতরাং তাদের বিষয়ে আপনাকে চিন্তা করতে হবে। ইরিগেসন ফিনিস হয়ে গেছে, ইণ্ডাস্ট্রী ফিনিস হয়ে গেছে, সুতরাং আপনাকে আয় বৃদ্ধি করতে হলে এদের দেখতেই হবে। কত দিন আর লোন নিয়ে ডিপার্টমেণ্ট চালাবেন? কনজিউমারদের কমপ্লেন-

গুলি আপনাকে দেখবার জন্য অনুরোধ করছি। লো গ্রেড মিটার, সাবস্ট্যাণ্ডার্ড মিটার গুলি বন্ধ করার জন্য আপনি চেষ্টা করুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে অত্যন্ত বিনয়ের সঙ্গে আমি একটা কথা বলছি যে, পাওয়ার জেনারেসন কম হওয়ার পেছনে একটা ইতিহাস আছে। এক সময়ে অশোক মিত্রর সঙ্গে হণ্ডা জেনারেটর কোম্পানীর মালিকের একটা গোপন চুক্তি হয়েছিল যে, পশ্চিমবাংলায় হণ্ডার চাহিদা বৃদ্ধি করতে হবে এবং তা করতে হলে পাওয়ার জেনারেসন ডিক্রিস করতে হয়। আপনি তখন ছিলেন না, তখন ফাষ্ট টাইম ট্রানজাকসন হয়েছিল ১ কোটি ৩০ লক্ষ টাকার। আপনি ছিলেন না, আই ডু নট ব্লেম ইউ। হণ্ডা জেনারেটর কোম্পানীর সঙ্গে ঐ চুক্তির ফলেই আজকে মানুষের মধ্যে সন্দেহ দেখা দিয়েছে যে, ইনক্যাপেবল্ পারসনস, ট্রেড ইউনিয়ন রাইভেলরি ছাড়াও ঐ অলিখিত চুক্তির জন্য পাওয়ার জেনারেসন কমছে কিনা। আজকে আমি মন্ত্রী মহাশয়ের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করছি, ডাবলু. বি. এস. ই. বি.-তে আপনার প্রত্যক্ষ কোন ক্ষমতা নেই, ওটা একটা অটোনমাস বডি, সেরকম সি. ই. এস. সি.-ও, কিন্তু তবুও আমি আপনাকে একটা জিনিষ ভাবতে বলব যে, আজকে সব জায়গায় পাওয়ার চলে গেলেই মানুষ কি বলে? এখনো পর্যন্ত আপনার নামে কিছু বলে না, এখনো বলে, জ্যোতি চলে গেল। আমি সেদিন সিনেমা দেখতে গেছিলাম, তা সেখানে যেই পাওয়ার চলে গেল অমনি লোকে বলে উঠলো, "এই যা জ্যোতি চলে গেল।" আপনার কাছে আমার আর একটা অনুরোধ এই যে, আপনি ক্ষমতায় থাকুন, আর নাই থাকুন, যতক্ষণ আছেন ততক্ষণ পাওয়ার যখন মানুষকে দিতে পারছেন না তখন সাবসিডি দিয়ে জেনারেটর দেবার ব্যবস্থা করুন। বড় বড় ইনডাষ্ট্রিকে জেনেরেটর দিন; সকলকে দিন, যখন পাওয়ার দিতে পারছেনই না তখন এ্যাবলিস্ড দিস পাওয়ার সিস্টেম। সেদিন ট্রেনের ফাষ্ট ক্লাসে করে আসছিলাম। একজন ভদ্রলোক একজন জ্যোতিষীকে জিজ্ঞাসা করছেন আপনি বললেন ৬ মাসের মধ্যে বিদ্যুৎ প্রবলেম সল্ভ হয়ে যাবে কিন্তু তা তো হলো না। তখন জ্যোতিষী বললেন আর ৩ মাস দেখুন, পাওয়ার প্রবলেম সল্ভ হয়ে যাবে। তখন আমি সেই জ্যোতিষীকে জিজ্ঞাসা করলাম, আপনি তো ৬ মাস টাইম দিয়েছিলেন এবং আবার ৩ মাস টাইম দিলেন কিন্তু তাতে কি সল্ভ হবে? তখন জ্যোতিষী বললেন, আরোও ৬ মাস টাইম দেবো, এইভাবে আরোও দেবো, তারপর মানুষের অভ্যাস হয়ে যাবে। তখন নোবডি উইল ক্যাম টু মি। পশ্চিমবাংলার পাওয়ার প্রবলেম সল্ভ হবে না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, এই সয়ে বা অভ্যেস হয়ে যাবার আগে আপনি কিছু করুন। আপনার উপর পশ্চিম বাংলার ইকোনমি নির্ভর করছে। এই কথা বলে বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীদেবরঞ্জন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রীশঙ্কর গুপ্ত মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বরাদ্দকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমার আগে আমাদের বিরোধী দলের তরফ থেকে সুনীতিবাবু অনেক রকম বক্তব্য রেখে গেলেন এবং বক্তব্য রাখতে গিয়ে তিনি কতকগুলি বিষয়ের অবতারণা করলেন যেগুলি লোকের কাছে এবং সংবাদপত্রের কাছে মুখরোচক বলে মনে হবে কিন্তু বাস্তবে যদি

আমরা সমস্ত জিনিষ বিচার করে দেখি তাহলে দেখবো, আজকে পশ্চিম বাংলায় এই বিদ্যুতের অবনতির জন্য দায়ী কারা? এই পশ্চিম বাংলার সর্বপ্রথম বিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠিত হলো ব্যাণ্ডেলে এবং তার ইনস্টল ক্যাপাসিটি হলো ৮২.৫ মেগাওয়াট। তারপর হলো সাঁওতালডিহি। এর ইনস্টল ক্যাপাসিটি হলো ৪২০ মেগাওয়াট। তারপর ডি. পি. এল., এর ইনস্টল ক্যাপাসিটি হলো ২৮৫ মেগাওয়াট। তারপর হলো জলঢাকা, ২৭ মেগাওয়াট, এটা হাইডেল। তারপর রিসেণ্টলি ৪টি গ্যাস টারবাইন প্রতিষ্ঠা করেছি। প্রত্যেকটি ২০ মেগাওয়াট করে। ১টি কসবায়, ২টি হলদিয়ায় এবং আর একটি শিলিগুড়িতে। এই মূলধন নিয়ে পশ্চিমবাংলাকে চলতে হবে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে। কিন্তু ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার যখন ক্ষমতায় এলো আমরা সরকারী দলের প্রতিনিধি হিসাবে কিছু কিছু বিদ্যুৎ সরবরাহ ক্ষেত্রের দায়িত্বে ছিলাম। আমি নিজে দুর্গাপুর প্রজেক্টস লিমিটেডের একজন ডাইরেক্টর ছিলাম। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের নির্বাচনের প্রাক-মুহূর্ত পর্যন্ত আমি যুক্ত ছিলাম। সেখানে বিদ্যুৎ উৎপাদন বাড়াবার জন্য, বিদ্যুৎ উৎপাদনকে ইনস্টল ক্যাপাসিটির কাছাকাছি আনবার জন্য আমরা সর্ট-টার্ম প্রজেক্ট নিই এবং লঙ টার্ম প্রজেক্ট নিই। আজকে আমরা সর্ট টার্ম প্রজেক্ট কমপ্লিট করতে পেরেছি যার জন্য আজ পশ্চিমবাংলায় এই বামফ্রণ্ট সরকারের আমলে ডি. পি. এল. কলকাতাকে সরবরাহ করতে পারছে। দুর্গাপুর ইউনিটের জন্য যে অবলিগেসান আছে সেখানে পাওয়ার দিয়েও ৬০ থেকে ৭০ মেগাওয়াট করে বাড়তি বিদ্যুৎ আমরা কলকাতাকে দিচ্ছি।

[4-35—4-45 p.m.]

এখানে আমাদের ব্যাণ্ডেলে যে ক্যাপাসিটি তা হচ্ছে ৮২.৫, আর সাঁওতালডিহিতে ৪২০। এখন আমাদের অভিজ্ঞতা দিয়ে আমরা কি দেখতে পেলাম? জয়নাল সাহেব এখানে বসে আছেন, সুনীতিবাবু যখন বলছিলেন উনি হেসে হেসে রস উপভোগ করছিলেন, উনিও ঐ ডি. পি. এল.-র দায়িত্বে ছিলেন কংগ্রেস আমলে এবং তাঁর অপদার্থতা, তাঁর দুর্নীতি এবং তাঁদের অপশাসনের জন্যই দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডে সুষ্ঠুভাবে কিছুই হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবস্থাটা খারাপ হল কেন? অবস্থাটা খারাপ হল, আমাদের যে ইনস্টলড ক্যাপাসিটি বিভিন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে আছে তার মেণ্টেনেন্সের ব্যবস্থাদির জন্য। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, আমাদের বিগত ৫ বছরের অভিজ্ঞতা থেকে বলছি, বামফ্রণ্ট সরকার আসার আগে কংগ্রেস আমলে ঐ যন্ত্রগুলিকে যেভাবে ব্যবহার করা হয়েছে যেভাবে সেগুলিকে সাট ডাউন করা উচিত ছিল এবং যেভাবে ওভার হোলিং করার দরকার ছিল সেভাবে করা হয়নি এবং সেজন্য দিনের পর দিন, তার এফেক্ট আমরা ভোগ করছি। ১৯৭৭ সালে যখন আমরা ক্ষমতায় এলাম, বিদ্যুতের চাহিদা ১৯৭৭ এর আগেও ছিল, ১৯৭৭ এর পরেও আছে, আবার ১৯৮২-তেও আছে এবং এটা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তাই আমাদের মন্ত্রী মহাশয় তাঁর লিখিত ভাষণে বলেছেন ২০০০ সালে আমাদের প্রায় ৪ হাজার মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হবে এবং ১৯৮৬-৮৭ তে ৩৫০০ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন। তাই আজকে আমাদের সরকার ভাবনা চিন্তা

করতে সুরু করেছেন যে পশ্চিমবঙ্গের আরও বিভিন্ন জায়গায় কি করে নূতন নূতন পাওয়ার প্ল্যাণ্ট বসিয়ে, বর্তমান পাওয়ার প্ল্যাণ্টগুলিকে আরও বাড়িয়ে কিভাবে বিদ্যুতের যোগান বৃদ্ধি করা যায়। আজকে আমরা লক্ষ্য করে দেখছি, যে আমাদের কতকগুলি ত্রুটিপূর্ণ জায়গা আছে, সেই ত্রুটিপূর্ণ জায়গাগুলি আপনার কাছে তুলে ধরছি। এগুলিকে দূর করার জন্য আমি জানি, আমাদের বিশ্বাস আছে যে তিনি ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করেছেন। তা সত্ত্বেও আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি আমাদের যে অপারেশনাল ডিফেক্টগুলি আছে সেগুলি দূর করতে হবে। আমরা জানি বিদ্যুৎ তৈরী করতে গেলে তার একটা প্রধান অংগ হচ্ছে জল, ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যান্টে ওয়াটারকে ট্রিটমেণ্ট করে আমাদের বিদ্যুতের জন্য ব্যবহার করতে হয় এবং প্রত্যেক প্ল্যাণ্টে এটা আছে, ডি. পি. এলে আছে, কিন্তু এই ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্টগুলির স্ট্যাণ্ডার্ড মেনটেন করতে পারছি না। সামান্য একটা কাঁচের গ্লাসে যদি জল রাখা যায় খানিক পরে দেখা যায় তাতে দাগ পড়ে যায়, তার কারণ হচ্ছে জলের মধ্যে ইমপিউরিটি আছে। ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্টে যখন ট্রিট করা হয় তখন টিউবের মধ্যে দিয়ে জল বয়লারে পাশ করাবার সময় যেহেতু সেই জলে ময়লা থাকে সেহেতু সেই ময়লা দিনের পর দিন মাসের পর মাস, বছরের পর বছর জমতে সুরু করে। সেই সমস্ত টিউবের মধ্যে দিয়ে টেম্পারেচার রিকুইসটি স্ট্রেণ্ড তুলে যখন আসে তখন আমাদের পক্ষে অসুবিধা হয়। এই অসুবিধার জন্য এফেক্ট বয়লারের কাজ ব্যাহত হয় এটা একটা অন্যতম কারণ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো, যে সমস্ত ডিফেক্টগুলি আছে সেই ডিফেক্টগুলি রোধ করবার জন্য, দূর করবার জন্য তিনি যেন বিহিত ব্যবস্থা করেন। যদিও তিনি নিতে শুরু করেছেন—আরো ব্যাপক ভাবে, আরো দ্রুত নেবার জন্য আমি তাঁকে অনুরোধ জানাবো। এবার আমি কয়লা সম্বন্ধে বলতে চাই। আগে আমরা জেনেছি এবং শুনেছি যে বিদ্যুৎ সংস্থা তৈরী হবার পর, কয়লা খনিগুলি যখন জাতীয়করণ হয় নি, তখন কয়লা খনির মালিকরা লাইন দিয়ে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অফিসে দাঁড়িয়ে থাকতেন, তাদের খনি থেকে কয়লা নেবার জন্য। আর তখন আপনারা, আমরা বিচার করে ভাল কয়লা খনি থেকে নিয়ে আসতে পারতাম। যেখানে এ্যাস কনটেন্ট কম, অর্থাৎ স্টাণ্ডার্ড বয়লার অনুযায়ী যে বয়লার স্টীম করা আছে এ্যাস কনটেণ্ট, সেই এ্যাস কনটেণ্ট কয়লা যেখান থেকে পাওয়া যাবে সেই কয়লা নিয়ে এসে আমরা ব্যবহার করেছি। কিন্তু জাতীয়করণের পর আমরা দেখতে পাচ্ছি যে ওপেন টায়ার সিসটেম করে যে ভাবে কয়লা পশ্চিমবাংলার বিদ্যুৎ কেন্দ্রগুলিতে সাপ্লাই করা হচ্ছে, যেখানে আবার আপনাদের সরকারের কোন চয়েজ নেই, সেই সাব স্টাণ্ডার্ড কয়লা আসার জন্য, যে সাব স্টাণ্ডার্ড কয়লা দিয়ে কয়লার হিট করবার জন্য উত্তপ্ত করবার জন্য কাজে লাগানো হয় এবং এই কয়লাকে আমাদের ব্যবহার করতে হচ্ছে। আজকে এই লো জেনারেশনের অন্যতম করেন হচ্ছে এই কয়লা। তাই মাননীয় স্পীকার স্যার, আজকে এমন কি পারড্যারিস কোল আমাদের ব্যবহার করতে হয়। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে

আমাদের এই পশ্চিমবাংলায় যে বিদ্যুৎ প্রকল্পগুলি আছে সেইগুলির কোনটা অ্যামেরিকা গণ্ঠির দ্বারা তৈরী, কোন বিদ্যুৎ প্রকল্প কমিউনিস্ট কানট্রির দ্বারা তৈরী, কোন বিদ্যুৎ প্রকল্প অন্য রাষ্ট্রের দ্বারা তৈরী। আজকে এই সমস্ত বিদ্যুৎ প্রকল্পগুলিতে আমাদের যে সমস্ত দুর্বল জায়গাগুলি আছে, সেইগুলি আমরা যদি দূর করতে পারি তাহলে আমাদের খুব সুবিধা হবে। মিঃ স্পীকার স্যার, আমি আর একটা কথা এখানে বলতে চাই। মিঃ স্পীকার স্যার, যে অরগানাইজেসান সিসটেম স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে আছে সেখানকার লোকেরা যে ভাবে পে-স্কেল পেয়ে গেছে এবং তদানিন্তম মুর্শেদ সাহেব যখন সচিব ছিলেন তখন যে পে-স্কেল করা হয়েছিল, তাতে আমরা দেখতে পাই যে, অনেক কর্মী আছে যারা ডেপুটি চিপ ইঞ্জিনিয়ারের সমান মাইনে পায়। কিন্তু আজকে যাঁরা ইঞ্জিনিয়ার, যাঁরা এক্সপার্ট, যাঁরা অথরিটি তাঁরা যে ভাবে সেখানে কাজ করছে, পে-স্কেল যদি রিভাইজ না করা হয় এবং তাদের দায়িত্ব যদি আরো বাড়িয়ে না দেওয়া যায় তাহলে তাদের প্রতি সহৃদয়তা প্রদর্শন করা হবে।৷ তাদের জন্য আমরা যদি ভাবনা চিন্তা না করি তাহলে তাদের কাছ থেকে উপযুক্ত কাজ পেতে অসুবিধা হবে। আমি আর একটা কথা বলতে চাই মাননীয় স্পীকার স্যার, যে সাতগাছিয়ায় যে কেন্দ্রটি স্থাপন করতে চাচ্ছেন ১৩২ কে. ভি, সেখানে পাওয়ার ডি. ভি. সি. থেকে নিয়ে একটা দুটো জায়গায় দিতে হয়, সেটা যদি তরান্বিত করতে পারেন, দামোদর ভ্যালি এরিয়া যদি ছোট করে দিতে পারেন, সেখান থেকে যদি সেপারেটলি ফিড করার জন্য বন্দোবস্থ করতে পারেন তাহলেই সাঁওতালডির যে সিক্স্থ প্ল্যান অন্তর্ভুক্ত করেছেন সেটা কার্যকরী করার জন্য উপযুক্ত ব্যবস্থা করবেন। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বাজেট বরাদ্দোর যে প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**মিঃ স্পীকার :** আমি মাননীয় হুইপকে বলছি, সদস্যদের নির্দ্ধারিত সময়টাকে আপনি দেখুন। দেবরঞ্জনবাবুর ১০ মিনিট সময় নির্দ্ধারিত ছিল, বললেন ১৫ মিনিট। আপনি বক্তাদের সময়টাকে নিয়মিত করার ব্যবস্থা করুন।

**শ্রীশীষ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের শক্তি মন্ত্রী মহাশয় শক্তি দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করি। আপনারা জানেন যে সমগ্র বিশ্বে সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে মানুষের প্রয়োজনীয় সমস্ত জিনিষেরই চাহিদা বেড়ে গিয়েছে। আমাদের পশ্চিমবঙ্গেও অনুরূপ-ভাবে প্রয়োজনীয় প্রত্যেক জিনিষের চাহিদা বেড়েছে। বিদ্যুতের ব্যাপারে পশ্চিমবঙ্গের কথাই বলুন বা অন্য জিনিষের কথাই বলুন, সব কিছুর চাহিদা বেড়ে গিয়েছে। তারমধ্যে বিদ্যুতের চাহিদা অপরিহার্য হয়ে পড়েছে। বিরোধী পক্ষের সদস্য সুনীতি বাবু কঠোর ভাবে সমালোচনা করে গেছেন, জ্যোতিবাবুকে নানা রকম কটুক্তিও করে গেছেন। কিন্তু সুনীতি বাবুর জেনে রাখা দরকার যে, তিনি জ্যোতি তো একটা দেখেন —দিনের বেলায় এক জ্যোতি আর রাত্রি বেলাতে আর একটা জ্যোতি, কিন্তু পশ্চিম-

বঙ্গের ক্ষেত্রে ঐ একটাই জ্যোতি আছে, যা ওঁদের ঘরে কখনও জন্মাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের কোন উন্নয়ন হয় নি বলে বলা হয়েছে। কিন্তু আমরা তো এখানে মাত্র ৫ বছর ছিলাম এবং এখন মাত্র কয়েক মাস হয়েছে, ওঁরা এখানে ৩০ বছর ধরে ছিলেন, ৩০ বছর ধরে বিধানসভা চালিয়েছেন। আমরা তখনকার বিধানসভা কি ভাবে চলত তা দেখেছি। ওঁদের সময়ে বিদ্যুতের অভাবে বিধানসভা বন্ধ হয়ে যেতে দেখেছিলাম, তদানিন্তন বিদ্যুৎ মন্ত্রী আতাউল গণি খাণ চৌধুরীকে চিমনি নিয়ে দৌড়াদৌড়ি করতে হয়েছিল। একথা কি ওঁরা অস্বীকার করতে পারবেন? পশ্চিমবঙ্গে বিদ্যুতের কোন উন্নতি হয় নি বলে ওঁরা নানাভাবে দোষারোপ করছেন। অল ইণ্ডিয়া রিপোর্টে বেরিয়েছে যে, উৎপাদিত বিদ্যুতের দ্বারা পশ্চিমবঙ্গে চাহিদা মেটান যায় না। বিদ্যুৎ উৎপাদনের আনুপাতিক হার যা, তাতে করে একথা সত্য হলেও অল ইন্ডিয়া রিপোর্টে পরিষ্কার জানিয়ে দেওয়া হয়েছে যে, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের উৎপাদন অনেক বেশী। সাম্প্রতিককালে কেন্দ্রীয় সরকারের রিপোর্টে দেখা যায় যে, ৬টা রাজ্যে, যেগুলি কংগ্রেস শাসিত রাজ্য, সেখানে বিদ্যুতের অভাবে ডিপ-টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, রিভার লিফট চলছে না। সে তুলনায় পশ্চিমবঙ্গ অগ্রগন্য বলে দাবী করতে পারে। আমি বিধানসভার সদস্য থাকা কালীন ১৯৭২-৭৬ সালে সাঁওতালদি গিয়েছিলাম, আমি দেখেছিলাম, পাশে পাশে খসে পড়ছিল ইউনিটগুলি। মেণ্টেন্যান্সের কোন ব্যবস্থা ছিল না। মাটিতে লেবুর রস দিলে যেমন ভাবে খসে যায়, ঠিক ঐ রকম অবস্থা ছিল সেখানে।

তখন এ রাজ্যে এবং দিল্লীতে কংগ্রেস সরকার ছিল কিন্তু তাঁরা কিছুই করতে পারেন নি। আজকে আমরা বিমাতার রাজত্বে আছি, তবুও তাঁদের গাত্রদাহ হচ্ছে আমরা কিছু করছিনা এবং সমস্ত না কি চলে গেল। টেলিগ্রাফ কাগজে কালকে বেরিয়েছে মহারাষ্ট্রের শক্তি মন্ত্রী বলেছেন এই বিদ্যুত সংকটের জন্য দায়ী ভেল। এরা যেসব জিনিষপত্র দেয় তার গ্যারাণ্টি ১ বছরের জন্য। অতএব ক্ষতি যে হবে এটা স্বীকার করতে হবে। আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করে বলবো যে কেবল মাত্র অপরের সমালোচনা করে আমারা কিছু করতে পারবো না বা আমাদের যুগে যে কিছু গোলমাল হচ্ছে এ কথা অস্বীকার করার উপায় নেই। ১৯৮০-৮১ সালের পি. ইউ. সি.-র রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন সেখানে দিয়েছে কমিটির সিরিয়াল নং ৩৫—Public Undertaking Committee report — 1980-81 — No. 35—The Committee was surprised to note that a huge stock of stores purchased for several lakhs of rupees were found to be of no use. The Committee observes that the management was not visibly interested in taking any practical approach for ensuring repaid movement of the usable articles and early disposal of the remaining ones. The Committee recommends that proper steps should be taken without any further loss of time. সামান্য একটা কথা বললাম, টোটালটা পড়লে দেখবেন কোথায় গলদ আছে। কমিটি বলছে ম্যানেজমেণ্টের মধ্যে গোলমাল আছে যার জন্য কাজ শ্লথ গতিতে চলছে, রিপেয়ার,

মেণ্টেনেন্স হচ্ছে না। যন্ত্রপাতি রিপেয়ার না করার ফলে সব বিকল হয়ে যাচ্ছে। সেজন্য সেখানে কমিটি দাবী করেছে বিভিন্ন এক্সপার্ট, সায়েণ্টিষ্ট নিয়ে তদন্ত করা দরকার এবং তদন্তের রিপোর্ট খুঁতিয়ে দেখার জন্য কমিটি বলেছে। মন্ত্রী মহাশয় বলেছেন ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ এই দুই আর্থিক বছরে ১৪০০টা মৌজায় এবং ২ হাজার মৌজায় ইলেকট্রিফিকেশান হচ্ছে। এটা খুবই আনন্দের কথা। আমি আপনাকে অনুরোধ করবো আপনি যদি গ্রামের ছেলে হন তাহলে নিশ্চয় চিন্তা করার চেষ্টা করবেন, আর যদি শহরের ছেলে হন তাহলে এটা নিশ্চয় খেয়াল করেন নি। নিয়ম হল যে মৌজায় ইলেকট্রিফিকেশন হয় সেখানে যদি ৫টা শাল পোঁতা হয় তাহলে ধরা হয় সে মৌজা কমপ্লিট হয়ে গেছে মৌজায় যদি ৫টা করে পোল পোঁতা হয় তাহলে ধরে নেবো টোটাল মৌজাগুলি হয়ে গেছে।

[4-55—5-05 p.m.]

এবং গভর্ণমেণ্টকে কমপ্লিট বলে ডিপার্টমেণ্ট দেখিয়ে দেয়। তারপর প্রয়োজন ভিত্তিক বিভিন্ন এরিয়ায় যখন বিদ্যুতের চাহিদা বেড়ে যায়, মোটর ইত্যাদি চালানর জন্য যখন বিদ্যুতের দরকার হয়ে পড়ে, সেখানে সরকারের ইনকাম আসে, তখন বলে টাকা জমা দিন মোটর চালানর জন্য, টাকা জমা দিন পোল পোঁতার জন্য, এই করতে করতে কখন রাধা নাচবে তখন দাদার বিয়ে হবে, বিদ্যুৎ সরবরাহের ব্যপারটা তাই হয়ে দাঁড়ায়। আজকাল গ্রামাঞ্চলে উৎপাদন কম হয় না। সেখান থেকে সরকারের প্রচুর ইনকাম হবে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয় সে সম্বন্ধে খুঁটিয়ে দেখছেন না। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে গ্রামাঞ্চলে বৈদ্যুতিক করণের ব্যবস্থা হয়। কংগ্রেসীরা বড় বড় কথা বলেছিলেন যে প্রত্যেকটা গ্রাম বৈদ্যুতিক করণ করা হবে। সুনীতিবাবু খুব বক্তব্য রেখে গেলেন, কিন্তু তিনি কি বলতে পারেন প্রত্যেকটি গ্রামে তাঁদের যুগে বৈদ্যুতিক করণ হয়েছে? ৫ বছরের মধ্যে বামফ্রণ্ট সরকার কি সোনার রজত্ব করে দেবে? মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে দ্বিতীয় বার পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন সেন ঃ** স্যার, অন এ পয়েণ্ট অব ইনফর্মেশান। স্যার, একটা জরুরী ইনফর্মেশান আপনাকে জানাতে চাই। আমাদের বুকে কিছু আঁটা আছে দেখছেন — 'পারমানবিক যুদ্ধ নয়, শান্তি চাই।' আগামীকাল কলকাতা শহরের রাজপথে লক্ষ লক্ষ মানুষ যুদ্ধ বিরতি মিছিলে যোগদান করবেন। আপনার কাছে আবেদন আগামীকাল আপনি যদি অন্ততঃ ১ ঘণ্টা বিরতির সুযোগ দেন তাহলে আমরা সেই যুদ্ধ বিরতি মিছিলে যোগদান করতে পারব।

**মিঃ স্পীকার ঃ** আচ্ছা দেখব।

**শ্রীআবদুল মান্নান ঃ** মিঃ স্পীকার, স্যার, বিদ্যুৎ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমে বলতে হচ্ছে যে বিদ্যুৎ মন্ত্রী শঙ্কর বাবু খুব অল্প দিন এসেছেন, দপ্তর সম্বন্ধে তিনি খুবই অনভিজ্ঞ। আমিও বিধান-সভায় শঙ্কর বাবুর মতই ঠিক ততদিনের সদস্য। যাইহোক, যেকথা আমি বলতে

চাই সেটা হচ্ছে আজকে বামফ্রন্ট সরকার এই দপ্তরকে এমন একটা অবহেলার চোখে দেখছেন যে যেখানে সুন্দরবনের উন্নয়নের জন্য একজন পূর্ণ মন্ত্রী রেখেছেন, যেখানে সমাজ কল্যাণ, কারা, দেখার জন্য একজন পূর্ণ মন্ত্রী রয়েছে সেখানে বিদ্যুতের মত একটা গুরুত্বপূর্ণ দপ্তর যে দপ্তরের উপর শুধু সুন্দরবন নয় সারা পশ্চিমবঙ্গের উন্নয়ন নির্ভর করে সেই দপ্তরে এসেছেন একজন রাষ্ট্রমন্ত্রী যাঁর কোন অতীত অভিজ্ঞতা পর্যন্ত নেই। আজকে জ্যোতি বাবুর যেমন নাম দেওয়া হয়েছে অন্ধকার বসু তেমনি শঙ্কর বাবুর নাম বিদ্যুৎ গুপ্ত রাখা হয়েছে। কিছু দিন আগে পর্যন্ত আমরা বিভিন্ন সংবাদপত্রে বিদ্যুৎ সম্বন্ধে তথ্য পেতাম, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী আসার পর সেগুলি সব গোপন করে দিয়েছেন। বিদ্যুৎ মন্ত্রী সমস্ত তথ্য গোপন করে দেওয়ার জন্য তাঁকে বিদ্যুৎ গুপ্ত বলা হয়। কেন্দ্রের বিরুদ্ধে দোষারোপের কথা আমরা বার বার শুনি। রাজ্য সরকারের মন্ত্রীরা নিজেদের ব্যর্থতা অপদার্থতা ঢাকবার জন্য সব সময় তাঁরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলেন। আমার সেই বিষয়ে একটা কথা মনে পড়ল Men may construe things after their fashion, clean from the purpose of the things themselves. মানুষ তার নিজের অপকর্ম ঢাকার জন্য নিজের আলোকে প্রত্যেককে দেখে। আমরা যদি একটু তথ্য পর্যালোচনা করে দেখি তাহলে দেখতে পাব আজকে এই বিদ্যুৎ সংকটের জন্য দায়ী অপদার্থ বামফ্রন্ট সরকার এবং সিটু নেতাদের দলবাজী।

এই বিদ্যুতের জন্য দায়ী প্রশাসনের দুর্নীতি, এই বিদ্যুতের জন্য দায়ী শ্রমিক অসন্তোষ যার সঙ্গে জড়িত সি. আই. টি. ইউ। ডি পি এল রাজ্য সরকারের সংস্থা। সেখানকার মোট ক্ষমতা হচ্ছে ২৮৫ মেগাওয়াট। কিন্তু গতকাল আনন্দবাজার পত্রিকায় দেখলাম তারা দিচ্ছে সকালে মাত্র ৫৮ মেগাওয়াট, আর বিকালে দিচ্ছে ৬৫ মেগাওয়াট। একমাত্র পঞ্চম ইউনিটের ক্ষমতা হচ্ছে ৭৫ মেগাওয়াট সেখানে মোট বিদ্যুৎ দেওয়া হচ্ছে সকালে ৫৮ বিকালে ৬৫। সানতালদিতেও ঐ অবস্থা। যেখানে ওভার অয়েলিং ২/২৷৷ মাসের মধ্যে হওয়া দরকার সেখানে তা তো হচ্ছেই না, ৫/৬ মাসের মধ্যেও হচ্ছে না। এর জন্য দায়ী কে? আপনারা জন বার্টন কোম্পানীর সঙ্গে চুক্তি করেছেন মাল সাপ্লাই দেবার জন্য। তারা সমস্ত রিজেকটেড মেটিরিয়াল সাপ্লাই দিচ্ছে। যার ফলে বিদ্যুতের আজকে এই হাল। এর জন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার? আপনারাই তো কনট্রাক্ট করেছেন — কেন্দ্রীয় সরকার কনট্রাক্ট করেন নি। ইন্দিরা গান্ধী সুপারিশ করেন নি। সুপারিশ করেছেন বামফ্রন্ট সরকারের নেতারা। বার বার আপনারা বলছেন আগের সরকার এর জন্য দায়ী। আমি আপনাদের সঙ্গে একমত। ১৯৬৭ সালে আপনারা সরকারে ছিলেন এবং সেই সরকারের অর্থ মন্ত্রী ছিলেন জ্যোতি বসু। তখন তিনি বলেছিলেন এতো বিদ্যুৎ কি হবে — খাওয়া হবে? আপনাদের দূরদর্শিতার জন্যই এই অবস্থা হয়েছে। কংগ্রেসের সমস্ত পরিকল্পনাকে সেদিন আপনারা বানচাল করে দিয়েছিলেন। আজকে হাওড়ার কি অবস্থা? একদা এই হাওড়াকে আমরা বার্মিংহাম বলে আখ্যায়িত করতাম। এখন সেখানে বিদ্যুতের অভাবে সমস্ত ছোট ছোট কলকারখানাগুলি বন্ধ প্রায়। শ্রমিকরা ছাটাই হচ্ছে লে-অফ হচ্ছে। শ্রমিকরা আজকে খেতে পাচ্ছে না, এই বিদ্যুৎ-সংকটের জন্য। তারা আজকে অনাহারে দিন কাটাচ্ছে। আমি গতকাল

রাত্রি ৮-৪০ মিনিটের ট্রেনে গিয়ে দেখলাম লোড সেডিং। বাজেট বিতর্কের জন্য তৈরী হতে পারলাম না। মহাজাতি সদনে আজকে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকার জন্য সেন্টপলস কলেজের ছাত্রদের একটা ফ্যাংসানে গিয়ে দেখলাম কয়েক হাজার ছাত্র-ছাত্রী গরমের মধ্যে ভেতরে না থাকতে পেরে রাস্তায় দাঁড়িয়ে আছে। সারা পশ্চিমবাংলায় আজকে বিদ্যুতের হাহাকার। তার জন্য কি কেন্দ্রীয় সরকার দায়ী ? এই বামফ্রণ্ট সরকারই দায়ী। নিজেদের দোষ ঢাকবার জন্য আপনারা কেন্দ্রীয় সরকারকে দায়ী করছেন। এবং পশ্চিমবাংলার মানুষকে কেন্দ্র বিরোধী করবার চেষ্টা করছেন। যাতে বিচ্ছিন্নতাবাদী শক্তি মদত পায় সেই চেষ্টা করছেন। অথচ জ্যোতিবাবু বিচ্ছিন্নতাবাদ বিরোধী, জাতীয় সংহতি রক্ষায় সচেষ্ট বলে দাবী করছেন। আজকে বামফ্রণ্ট সরকারকে হুঁসিয়ারী দিতে চাই যে নিজেদের ব্যর্থতাকে ঢাকবার জন্য এই-ভাবে কেন্দ্রের বিরুদ্ধে বক্তব্য রাখবেন না। আজকে এই বিদ্যুৎ দপ্তর বরাদ্দ পাশ হলেও পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকট দূর হবে না। তাই এই বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 p.m.]

**শ্রীকামাক্ষাচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু একটি কথা বলতে চাই। তিনি যে বাজেট প্রস্তাব দিয়েছেন এবং তিনি যে বক্তব্য রেখেছেন, আমার মনে হয় খুব সুচিন্তিতভাবে তিনি তাঁর বক্তব্য রেখেছেন এবং সভার সকলের কাছে তিনি আবেদন জানিয়েছিলেন যে আমি রাজ্যের বিদ্যুৎ ঘাটতি সমস্যার যতদূর সম্ভব মোকাবিলা করবার চেষ্টা করবো, সকলের সমর্থন ও সহযোগিতা আমি চাই। কিন্তু এর যা জবাব বিরোধী পক্ষ থেকে দিলেন, তাতে মনে হলো বিদ্যুৎ সমস্যার প্রকৃত সমাধান তাঁরা চান না। কারণ তাঁরা বোঝেন না, কোন একটা রাজ্যের পক্ষে বিদ্যুৎ সমস্যার সমাধান করার ক্ষমতা বর্তমান যুগে নেই। তার কারণ বিদ্যুতের যে ডিমাণ্ড, যে চাহিদা, In recent decades mankind's energy demands doubled every 14 years. সারা পৃথিবীর ইতিহাসে দেখা যায় যে এনার্জির যে ডিমাণ্ড হচ্ছে, তাতে প্রতি ১৪ বছর পরে তার ডবল হয়ে যাবে। এবং The world needs up to the equivalent of 26 billion tons of conventional fuel to meet its energy demands. সুতরাং আর্টিফিসিয়াল ফুয়েল দিয়ে কয়লা দিয়ে, ইত্যাদি দিয়ে আজকে এনার্জী, এই বিদ্যুতের ডিমাণ্ড ফুলফিল করা যাবে না। তার জন্য পৃথিবীতে এ্যাটমিক এনার্জির আশ্রয় নেওয়া হয়েছে। এবং এই সম্বন্ধে কি করতে হবে — What should account the trends of development ? To foresee future difficulties and to deal with the whole range of issues according to single plan. আজকে ভারতবর্ষে যদি দেখেন, সমস্ত কাগজে বেরিয়েছে, এই রকম প্রত্যেকটি রাজ্যের বিধানসভায় বিদ্যুৎ নিয়ে যখন আলোচনা হয়, আমরা এখানে যেমন আলোচনা করছি, একই আলোচনা সর্বত্রই হয়। যেমন কাগজে বেরিয়েছে, সারা ভারতবর্ষ জুড়ে বিদ্যুৎ সঙ্কট, শুধু পশ্চিমবঙ্গেই নয়, সারা দেশ জুড়ে এই জিনিস ঘটছে, তাতে কলকাতা,

মাদ্রাজ, বম্বে, আমেদাবাদ, নয়াদিল্লী, সব জায়গাতেই একই জিনিস চলছে। উনি বলেছেন যে এই যে বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে, এর সমাধান করতে গেলে, তা কি করে করতে পারা যাবে, এটা খালি কোন একটা রাজ্যের উপর নির্ভরশীল নয়, আমি অবাক হয়ে যাচ্ছি, আমাদের লুথার সাহেব, উনি এক সময় খড়্গপুরে পৈশাচিক অত্যাচার করে গেছেন রেলওয়ে কর্মচারীদের ওপর। আজকে তিনি ডি. ভি. সি-তে গেছেন, তিনি কি করছেন জানি না, তবে power crisis throughout the whole of India. কিন্তু পাওয়ার ক্রাইসিসটাকে ওঁরা দেখছেন একটা দলীয় ব্যাপার হিসাবে। এটা যেন সারা দেশের সমস্যা নয়, কাজেই যত বিদ্যুৎ সঙ্কট হবে, ততই ওনারা খুসী হবেন। এইভাবে সমস্যার সমাধান করা যাবে না। যদি এই বিদ্যুৎ সমস্যার সমাধান করতে হয়, তাহলে the main thing is centralization, which permits capacities to be switched around. That is the total capacity of the stations linked to National Grid. এই ভাবে যদি এনার্জির ব্যবস্থা না করা যায় তাহলে আমাদের দেশে আমরা এর কোন ব্যবস্থা করতে পারবো না। ইলেকট্রিসিটিকে যদি সেফ করতে হয়, তা হলে কি করতে হচ্ছে? A clear cut system of operational subordination, the iron-clad technological discipline in the entire network and most important the high professional skills of all staff from the duty man at the power station and network substations to the Nations Grid dispatchers. আমি এখানে বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করবো যে বিদ্যুতের ব্যাপারে ১৯৭৭ সালের আগে এই রকম অনেক লোককে কাজ দেওয়া হয়েছে, যারা বিদ্যুতের কিছু জানে না।

আমি দেখছি, তারা এসেছেন। এমন কি আমাদের কাজ দিয়েছি, তারা লাইন সারাতে পর্যন্ত জানেন না। মিনিমাম টেকনিক্যাল নলেজ না থাকলে দেওয়া উচিত নয়। আই. টি. আই. থেকে ইলেকট্রিক্যাল পাশ করেছে এই রকম লোককে দেওয়া উচিত। সমস্ত বিদ্যুৎ কর্মচারীদের এটা বোঝা উচিত এবং যেসব ইউনিয়ন আছে, টেকনিসিয়্যান, ইঞ্জিনিয়ার, এক্সপার্ট যারা আছেন তাদের সকলেরই এটা বোঝার চেষ্টা করা উচিত এবং অন্যান্য রাজ্যের বিদ্যুৎ সঙ্কটের সমাধান যাতে হতে পারে সেই উদ্যোগ নিয়ে সারা ভারতবর্ষে একটা সেণ্ট্রাল প্ল্যান নিয়ে এগিয়ে যাওয়া উচিত। এই প্ল্যান নিশ্চয় করা যায়। দ্রুততার সঙ্গে এই প্ল্যান করলে সমস্যার সমাধান নিশ্চয় হতে পারে। শঙ্করবাবুই আসুন, আর জ্যোতিবাবুই আসুন, এই জিনিস করতে না পারলে বিদ্যুৎ সঙ্কটের সমাধান করা যাবে না, অন্য রাজ্যেও হচ্ছে না।

**শ্রীবিকাশ চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ মন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবাংলার এই বিদ্যুৎ নিয়ে আমরা যখন আজকে আলোচনা করছি তখন নিশ্চয় ১৯৭৭ সালের কি অবস্থা ছিল সেটাও একটু তুলনামূলকভাবে বিচার করব। সেই বিচার করলে আমরা দেখতে পাব যে আমাদের অগ্রগতির চেষ্টা আছে কিনা—সেটা নিশ্চয় দেখতে হবে। ইনস্টলেসান যত বেশী হবে, জেনারেসান সেই অনুযায়ী হবে এবং সেই জেনারেসন থেকে বর্তমানের বিদ্যুৎ সঙ্কট অতিক্রম করা সম্ভব হবে। আমরা দেখতে পাচ্ছি ১৯৭০/৭১ সালে

ইনস্টলেসান ক্যাপাসিটি ছিল ১৫৩০ মেগাওয়াট, ১৯৭৫/৭৬ সালে সেটা হল ১৬২৫ মেগাওয়াট। কংগ্রেস আমলে ৫ বছরে আমরা দেখলাম ৯৫ মেগাওয়াটের মত বেড়েছিল। ১৯৬৫/৬৬ সাল থেকে যদি আমরা ধরি তাহলে দেখা যাবে আমরা ৩৮২ মেগাওয়াটের মত বাড়াতে পেরেছি। আর ১৯৭৬/৭৭ সাল থেকে ১৯৮১/৮২ সাল পর্যন্ত ইনস্টলেসান ক্যাপাসিটি কত বেড়েছে? ৫৫২ মেগাওয়াটের মত আমরা বাড়াতে পেরেছি এই বামফ্রন্ট সরকারের নেতৃত্বে। এই অবস্থায় আমরা নিশ্চয় বলতে পারি এগিয়ে চলেছি। তবে এটা ঠিক যত দিন যাচ্ছে যত পাওয়ারের ডিমাণ্ড বাড়ছে। সেই অনুযায়ী ইনস্টলেসান যদি না বাড়ে তাহলে এই সঙ্কট কাটানো যাবে না। এই কথা ঠিক যে, এটা শুধু পশ্চিমবঙ্গের সমস্যা বলে আমরা মনে করছি না, এটা সারা ভারতবর্ষের সংকট। কাজেই এই সঙ্কট যদি কাটাতে হয় তাহলে সারা ভারতবর্ষ ব্যাপী একটা চিন্তা ভাবনা করা দরকার। বিভিন্ন রকম ঘাটতি যখন হয় তখন একটা ন্যাশন্যাল গ্রিড থাকা দরকার এবং এই সমস্ত জিনিস চিন্তা করা উচিত বলে আমি মনে করি। এই সভায় মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ঘোষণা করে ছেনব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটের কাজ খুব তাড়াতাড়ি শুরু হবে এবং এতে বেশী যে বিদ্যুৎ উৎপাদন হবে, সেই কথা তিনি ঘোষণা করেছেন। তাছাড়া কোলাঘাট ইত্যাদি যেসব ইউনিট আছে আমরা আশা করছি ১৯৮৩ সালের ডিসেম্বরের মধ্যে সেগুলি চালু হয়ে যাবে। তাতে প্রায় আরো ৮০০ মেগাওয়াট আমরা বাড়াতে পারব। বিরোধী পক্ষ থেকে যখন এই সব কথাগুলি বলেন তখন সেটা শুনে আমাদের খুব আশ্চর্য্য লাগে। আপনারাএই সব কথাগুলি বলেন কি করে? কোলাঘাটের ব্যাপারে কংগ্রেসী মন্ত্রী সভা যদি একটু সিরিয়াস হতেন তাহলে আমি বলতে পারি পশ্চিমবঙ্গে এই ধরণের বিদ্যুৎ সঙ্কট কখনই হত না।

[5-15—5-25 p.m.]

১৯৭4 সালের জুন মাসে কোলাঘাটের লেটার অব ইনটেণ্ট গ্রাণ্ট হয়েছিল এবং তখন পরিকল্পনা ছিল ১৯৭৮/৭৯ সালে কোলাঘাটে তিনটি ইউনিট কমিশন করা হবে। সেটা যদি ওঁরা ষ্টার্ট করতে পারতেন তাহলে পশ্চিমবঙ্গের আজকে এই অবস্থা হ'ত না। কিন্তু ইচ্ছা করে, অবহেলা করে, বিদ্যুৎ সঙ্কটকে আরো বাড়িয়ে তোলার জন্য ওঁরা সেই কাজ আরম্ভ করেন নি। এই অবস্থাতে আমরা এসে আমাদের পশ্চিমবঙ্গে বিদ্যুতের ব্যবস্থা চালাতে হচ্ছে। এরপর যেটা বলতে চাই সেটা হচ্ছে, হ্যাঁ, ইনস্টলেসান ক্যাপাসিটি বাড়াতে নিশ্চয় হবে কিন্তু তার সঙ্গে সঙ্গে জেনারেশানও বাড়াতে হবে। জেনারেশানের ক্ষেত্রে কংগ্রেস আমলে আমরা দেখেছি কখনও ৩১, কখনও ৩৬, কখনও ৩৮ পারসেণ্ট জেনারেশান হয়েছে। এত কম হয়েছিল কেন? আমরা আসার পর ১৯৮১/৮২ সালে হিসাব করে দেখা যাচ্ছে সেই জেনারেশান হয়েছে ৪৯/৫০ পারসেণ্ট। যদিও ইঞ্জিনিয়ারদের কথা হচ্ছে ৬০ পারসেণ্টের বেশী হয়না কিন্তু তবুও বলব, আমরা মনে করি ভালোভাবে যদি অপারেশান হয়, কয়লা, জল ভালো পাওয়া যায় তাহলে সেখানে ৭০ পারসেণ্ট পর্য্যন্ত হতে পারে। সেইজন্য জেনারেশান সাইডটা আমি বলব দেখা দরকার। কয়লার ব্যাপারে দেবুবাবু

বলেছেন, আমিও দু-চারটি কথা বলব কারণ জেনারেশানের জন্য ভালো কয়লার বিশেষ প্রয়োজন। ওপেন ক্রাশ কোলিয়ারী থেকে সি. আই, এল-এর ই. সি. এল থেকে যে সমস্ত কয়লা আসে এই সমস্ত থারমল পাওয়ার ষ্টেশানে সেটা হচ্ছে সবচেয়ে নিম্নমানের কয়লা। এই নিম্নমানের কয়লাতে পাথর থাকে এবং তার এ্যাশ কনটেন্ট হচ্ছে ৩৮ থেকে ৪০ পারসেন্ট। এই কয়লায় বয়লার চালানো যায় না। এ্যাশ কনটেন্ট বেশী হলে—ষ্টিম জেনারেশানের ক্ষেত্রে জেনারেশান ড্রপ করে এবং তাতে করে সমস্ত মেশিন বিকল হয়ে যায়। সেইজন্য বলছি, পিট মাইনিং-এর কয়লা আমাদের নিতে হবে। স্যার, ১৮ তারিখের আনন্দবাজার পত্রিকাতে দেখলাম আমাদের কেন্দ্রীয় রেলমন্ত্রী, যিনি আগে শক্তি দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি ফরাক্কায় গিয়ে একটি বক্তৃতায় বলেছিলেন, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ফরাক্কায় বিদ্যুৎ সরবরাহ করতে পারছে না সেইজন্য হাইস্পিড ডিজেল টারবাইন ষ্টার্ট করেছেন। তিনি বলেছেন, সি. আই. এল-এর ই. সি. এল-এর কিছু অফিসার ও ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কিছু অফিসারদের চক্রান্তে খারাপ কয়লা আসছে। কিছুদিন আগে যিনি এনার্জি মিনিষ্টার ছিলেন আজকে তিনিই এই কথা বলছেন যে চক্রান্তের জন্য খারাপ কয়লা আসছে। আমি বুঝতে পারছি না কিছুদিন আগে যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত ছিলেন আজকে তিনি এইসব কথা বলছেন, কি ব্যাপার? যাই হোক, আমি বলব, ইচ্ছা করে এই সমস্ত খারাপ কয়লা পাওয়ার ষ্টেশনগুলিতে পাঠানো হচ্ছে। স্যর, একচেটিয়া পুঁজিপতিরা যে সমস্ত থারমল পাওয়ার ষ্টেশান চালান বা ক্যাপ.ভ বয়লার প্ল্যান্ট চালান সেখানে এই রকম ব্রেকডাউন হয়না। তা ছাড়া আমি জানি, তাদের ওখানে যে কয়লা যায় তার এ্যাশ কনটেন্ট ১৮ পারসেন্টের বেশী হয় না।

আজকে ট্রম্বের কাছে টাটার যে থার্ম্যাল পাওয়ার আছে বা বিভিন্ন কারখানাগুলি আছে, বেনারসে বিড়লার যে কারখানাগুলিতে ক্যাপটিভ প্লান্ট আছে, সেখানে তারা কয়লা কোথা থেকে পায়? একথা বলা যায় যে ঐ সমস্ত সি. আই. এল.-এর অফিসার যারা আছেন, তাদের বিশেষ ভাবে পুরস্কৃত করে ভাল কয়লাগুলি তারা নিয়ে যায়, আর যত খারাপ কয়লাগুলি রাষ্ট্রের অধীনে যে সমস্ত থার্ম্যাল পাওয়ারগুলি আছে তারা নিয়ে যায়। এগুলি ভাল করে দেখতে হবে। তা নাহলে এই অবস্থায় ইনস্টলেশান বাড়বে ঠিকই কিন্তু তার সঙ্গে সঙ্গে যদি জেনারেশান না বাড়ে তাহলে পাওয়ার ক্রাইসিস হবে। আজকে সারা ভারতবর্ষে পাওয়ার ক্রাইসিস আছে। এই জিনিসগুলি নিশ্চয়ই আমাদের খতিয়ে দেখতে হবে, বুঝতে হবে। এখানে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য সুনীতিবাবু ডি. ভি. সি. ডি. ভি. সি. বলে চেঁচিয়ে গেলেন। আমি তাঁর কথা শুনে অবাক হয়ে গেলাম। ডি. ভি. সি.-র হাল তাঁরা জানেন না? ডি. ভি. সি-তে কি অবস্থা চলছে? ওখানকার যে সমস্ত কয়লাখনি আছে — আসানসোল, দুর্গাপুর মহকুমায় যে কয়লাখনি রয়েছে, যে ষ্টীল কারখানাগুলি রয়েছে, ডি. ভি. সি-র কাছ থেকে প্রায় ৮০ পারসেন্ট জেনারেশান তারা নেয়, এনার্জি নেয়। আজকে সেখানে কি অবস্থায় আছে? আজকে জেনারেশানের অভাবে বন্ধ থাকছে। শুধু তাই নয়, কয়লাখনিতে যাতে বিদ্যুৎ সরবরাহ ঠিকভাবে থাকে তার জন্য ওরা ওখানে হাই স্পীড ডিজেল চালু করেছে। কিছুদিন আগে যখন বরকত সাহেব কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন তখন

উনি হাই স্পীড টারবাইন চালু করতে গিয়েছিলেন এবং উদ্বোধন করতে গিয়ে সেটা বিকল হয়ে যায়। আবার পরে সেটা ঠিক করা হয়েছে। আমি বুঝতে পারছি না উনি কেন খালি ডি. ভি, সি., ডি. ভি. সি. বলছেন। ডি. ভি. সি. সমস্ত বিদ্যুৎ দিয়ে যাচ্ছে, আর ওদিকে সমস্ত কয়লাখনি বন্ধ থাকছে, স্টীল কারখানাগুলি বন্ধ থাকছে, হাই স্পীড ডিজেল চালু হচ্ছে। এই সব কথা বলে কোন লাভ আছে? যদি কিছু বলতে হয় তাহলে ভাল করে খবর নিয়ে বলা উচিত তাহলে শুনতেও ভাল লাগে। তারপরে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের যে সমস্ত অফিসার আছেন, আমি এই কথা বলছি কারণ আমি পাবলিক আণ্ডারটেকিং কমিটিতে ছিলাম, সেখানে তাঁদের কথাতে মনে হয়েছিল অল ইণ্ডিয়ার যে এ্যাভারেজ আছে বিদ্যুৎ প্রোডাকসানের, সেই এ্যাভারেজ পশ্চিমবাংলার জন্য অল ইণ্ডিয়া থেকে একটু বেশী এবং তার জন্য একটা কমপ্লেসেনসি থাকতে পারে। সেই হিসাবে তারা বলছেন যে সব ঠিক চলছে। এটা না ভেবে যাতে আরো ভালো করে করা যায় সেটা দেখতে হবে। তার সঙ্গে আর একটা হচ্ছে রুরাল ইলেকট্রিফিকেশান। মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে আমি অনুরোধ করবো যে আমাদের রুরাল ইলেকট্রিফিকেশানের যে রেকর্ড আছে, কংগ্রেস আমলে ২ হাজার, ৪ হাজার, ১০ হাজার গ্রাম রুরাল ইলেকট্রিফিকেশান করার কথা বলা হয়েছিল, সেখানে কতটা করা হয়েছে, না হয়েছে তার লিস্টটা আপনি পুনর্বিন্যাস করুন। তা নাহলে আমরা বুঝতে পারবো না যে আগে কতগুলি গ্রাম রুরাল ইলেকট্রিফিকেসান ছিল না, এখন কতগুলি হল। এটা না করলে আমরা ব্যবধানটা বুঝতে পারবো না। যদি সমস্ত গ্রাম আগে থেকে রুরাল ইলেকট্রিফিকেশান হয়ে থাকে এবং আবার যদি নূতন করে করা হয় তাহলে ডাবল হয়ে যাবে। সেজন্য রুরাল ইলেকট্রিফিকেশানের আণ্ডারে যে সমস্ত গ্রাম আছে সেগুলিকে আবার পুনর্বিন্যাস করা হোক এবং নূতম করে দেখা হোক যে সত্যি সত্যি সেখানে ইলেকট্রিফাই হয়েছে কিনা। আর যদি না হয়ে থাকে তাহলে তার জন্য ব্যবস্থা করতে হবে। তাছাড়া আর একটা কথা বলতে চাই। এই ডিপার্টমেণ্টে দুটো সেকসান আছে — একটা হচ্ছে কনস্ট্রাকশান ডিপার্টমেণ্ট, আর একটা হচ্ছে মেনটেনান্স। এই দুটোর মধ্যে একটা সমন্বয় করা উচিত।

[5-25—5-35 p.m.]

আপনি হয়ত বলবেন, হ্যাঁ সমন্বয় আছে, কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে সমন্বয় ঠিক মত নেই, ঠিক মত সমন্বয় করতে হবে। তার কারণ হচ্ছে রুরাল ইলেকট্রিফিকেসন স্কীমে যখন কোন ভিলেজকে বা মৌজাকে ইলেকট্রিফায়েড করা হয় তখন তা করার পরে সেটা মেনটেন্যাসের হাতে সঙ্গে সঙ্গে হ্যাণ্ডওভার করা উচিত। কিন্তু সেই ব্যবস্থা যদি না থাকে, কনস্ট্রাকসন ডিপার্টমেণ্ট কনস্ট্রাকসন করে চলে যাবার পরে সেখানে কোন গোলযোগ দেখা দিলে মেনটেন্যান্স ডিপার্টমেণ্টকে বললেও তারা কিছু করে না, ওরা তখন বলে যে, আমাদের হাতে এখনো হ্যাণ্ডওভার করেনি। ততক্ষণে দেখা যায় সমস্ত তার চুরি হয়ে গেছে, সমস্ত পিলার চুরি হয়ে গেছে। এই জিনিষ হচ্ছে। বিভিন্ন বিভাগের মধ্যে যদি কো-অর্ডিনেট করা যায় তা হলে এই জিনিষগুলি বন্ধ হয়। সুতরাং সেই চেষ্টা করতে হবে।

পরিশেষে আমি বিদ্যুৎ চুরির দিকে বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। সাংঘাতিকভাবে বিদ্যুৎ চুরি হচ্ছে। বিশেষ করে গ্রামে গঞ্জে আজকে ইনফ্লুয়েনসিয়াল লোকেরা এটা করছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কোন অফিসারের সঙ্গে বা অন্য কারো সঙ্গে যোগসাজস করে এই সব করা হচ্ছে। এবিষয়ে অনেক রিপোর্ট করা হয়েছে, কিন্তু সঙ্গে সঙ্গে কোন স্টেপ নেওয়া হচ্ছে না। যখন কোথাও খুব বেশী উত্তেজনার সৃষ্টি হচ্ছে তখন সেখানে কিছু করা হচ্ছে। আজকে এটা এক্সটেনসিভলি চলছে। আমি এদিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করে, এই ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Sisir Kumar Bose :** Mr. Speaker, Sir, I have in my possession a large number of figures. I have no desire to burden the members of the House with them because of the short time at my disposal. I shall try to make only some points which may be dialated later by others.

Sir, the Left Front Government has been continuously blaming others, mainly the previous Congress (I) Government for all sorts of failures and they have also been saying so in case of power production. Let us look back to a little earlier period. In 1974, you may recall Sir, and the members of the House alos know that there was a crisis in power production here. At that time the load-shedding was 5 hours during the peak hours and between 12 noon and 4 P.M. it never exceeded 1.25 hours. Now against the normal schedule of power cuts is 8 hours per day which even rises to 12 hours per day for at least 10 days in a month. This is a fact and a situation which cannot be contradicted. Now, with regard to the average generation of the S.E.B. over these years only three sets of figures till the entire truth. Sir, It is very strange that their capacity utilization is inversely proportional to the additional capacity added during these years. In 1975-76 the S.E.B's capacity, I find was 440 M.W. and the percentage utilisation was 68 per cent and we had then 4 Bandel Units and 1 Santaldih unit. Skipping the years we come to 1980 when the capacity installed was 740 M W. but the percentage utilisation was 51 per cent with 4 Bandel Units and 3 Santaldih Units. Then coming to the recent time in 1982, the capacity is 860 M.W. and the utilisation has reached the miserable low figure of 47 per cent, the units remaining the same. The demand in generation schedule of 1980, all of us in this House know, that C.E.S.C. schedule was based on a declared shortage of 150 M.W. But the load shedding that took place during the last 6 months specially in May, June, July and August, 1982 show even 4/5 hours of extra power cut in addition to the scheduled hours of load shedding which conclusively proves that the shortage in Calcutta system was beyond the matter of calulation. It is factual and far beyond 220 M.W. But the official release of the Power Department never agreed to the shortage figure beyond 120/130 M.W. Sri, I submit in all seriousness an I will draw the attention of the new Minister for Power

that this fraud should not be allowed to continue by quoting wrong and misleading fuguires to the public.

Sir, I have in my possession all the figures which all of you might have seen about these Press Statements after the Press Conference that were used to be held by the Power Department and I have also in my possession the facts and figures of a confidential supply and demand chart worked out by the C.E.S.C. durind August this year. These two tables — I cannot go into them in details as I have no time — are very interesting documents and there I find hour by hour actual supply-demand chart for the Calcutta system. Sir, if you go into these two tables you will find a very interesting tabulation with regard to demand and generation. The actual supply demand chart for the Calcutta system was prepared by the C.E.S.C. confidentially. It shows that public is made to suffer during night by intentional curtailment of production during this period. The Hon'ble Minister may kindly look in this matter carefully and note that the peak generation figures published in the newspapers are entirely misleading because this peak-hour generations are only meant for short periods. This chart is indicative as to how systematically distribution can be controlled to avoid load shedding. This is for the information of the Hon'ble Speaker and with the co-operation of the Minister concerned may I submit that it is possible to solve the power crisis in West Bengal by only increasing our generation by over all 5 per cent. I am just quoting figures from these two tables because these are very important. Now, Sir, the demand during the morning peak hour in Calcutta system is 500 M.W. and in the evening peak hours is 540 M W. But these are often inflated figures. In the S.E.B. system the morning peak hours demand is 270 and the demand for the evening peak hours is 300 M.W. (all in megawatts). The total morning peak hour demand is 770 M.W. and the evening demand for peak hours is 840 M.W. Let us see the supply position. If the minimum supply of the D.V.C. is kept in these figures which I am quoting, the power crisis at least in Calcutta and in South Bengal can be solved. Incidentally, D V.C. is supplying 40 M.W. in the morning and 50 M.W. in the evening. Normally, it is more. Sir, the minimum supply of the D.P.L, is 40 M.W. in the morning and 60 M.W. in the evening. I am happy to note that it has got stabilised. Sir, the generation of the C.E.S.C. has to go up from 62 to 66 per cent to give us 225 M.W. in the morning peak hours and 240 M.W. in the evening peak hours. Sir, the C.E.S.C. was used to generate at this level day -in and day out some years ago. The S.E.B.'s generation at the rate of 55 per cent capacity utilisation should be 457 M.W. in the morning and 490 M.W. in the evening. The total comes to 780 in the morning and 840 M.W. in the evening. Thus you see that by just increasing the C.E.S.C. generation from 62 per cent to 66 per cent and the S.E.B. generation to 55 per cent it is possible to overcome the crisis which seems

almost unovercomeable. I should add here, Sir, that the capacity of the captive generators have not been included is this calculation. So if there is 5 per cent spurt in the generation capacity it will totally eliminate load shedding. Sir, I am trying to strike an optimistic note because of all these facts. I am deeply conscious of the problem as all of you are of the grave nature of the problem that we are facing to-day, and the problem — just to cut short my presentation — is by all logic and by all analysis of all the aspects of the question is man-made. It is no use blaming all sorts of things. It is no use blaming the D.V.C. and it is no use blaming the equipments because the same equipment is yielding sometimes 70 per cent capacity utilisation elsewhere. So we must look into the problem from the human point of view. It is a human failure which must be corrected and corrected without delay.

Thank you, Sir.

[5-35—5-45 p.m.]

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিদ্যুৎ মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে এই সম্পর্কে, বিদ্যুৎ বিভাগে যে সমস্ত অসুবিধাগুলি আছে যে অসুবিধাগুলি চলছে তার সম্পর্কে আমার দু-একটি বক্তব্য মন্ত্রী মহাশয়ের ক্যছে উত্থাপন করছি। আজকে বিদ্যুৎ সবারই প্রয়োজন, শহরেও যেমন প্রয়োজন তেমনি গ্রামের দিকেও প্রয়োজন আছে। গ্রামের দিকে অধিকতর খাদ্যোৎপাদন এর জন্য আজকে বিদ্যুতের প্রয়োজন হয়ে পড়েছে। গ্রামের মধ্যে যদি বিদ্যুৎ না যায় তাহলে কৃষি উৎপাদন যেটা আমরা অধিক পরিমাণে করতে চাইছি সেটা করা সম্ভবপর হচ্ছে না। কিন্তু আজকে বিদ্যুৎ পর্ষদ যেভাবে কাজকর্ম করছে সেজন্যই গ্রামের দিকে বিদ্যুৎ যেতে পারছে না। তারা এক একটা গ্রামে একটা পোল নিয়ে গিয়ে সেখানে বিদ্যুৎ দেওয়া হয়েছে বলে চিহ্নিত করছে। ১৯৭২ সালে যে বই বেরিয়েছে ছাপানো বই তাতেই সেই সমস্ত ছিল। এখনও সে সমস্ত কাজ অব্যাহত ভাবে চলছে। বিদ্যুৎ বিভাগে যে সমস্ত কর্মচারী আছেন, যাঁরা কাজ করছেন সেখানে ডিভিসন্যাল ইঞ্জিনীয়ার থেকে আরম্ভ করে সমস্ত কর্মচারীই গ্রামের প্রতি অবহেলা দেখাচ্ছেন।

আজকে সেখানে কর্মচারীরা গ্রামের উপর অবহেলা করছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যে, প্রয়োজন হলে আমরা সেখানে সহযোগিতা করবো, আমরা তথ্য দেব এবং সেই তথ্য সম্পর্কে অনুসন্ধান করে সুবিচার করবেন। আমাদের ডিসট্রিক্ট কোয়াডিনেসান কমিটি যে সিদ্ধান্ত পেশ করে সেই সিদ্ধান্ত তারা কার্য করতে চায় না। তারা সেই সমস্ত সিদ্ধান্তের অবহেলা করে। কংগ্রেসের নিযুক্ত যে সমস্ত কর্মচারী আছে তারা এই সমস্ত করছে। সেই জন্য আমি মনে করি যে সনস্ত কর্মচারী আজকে এই ভাবে অবহেলা করছে যদি তাদের দিকে তীক্ষ্ণ দৃষ্টি না দেওয়া হয় তাহলে বিদ্যুতের যে অবস্থা আছে; সেই অবস্থায় থেকে যাবে। ঐ বিরোধী পক্ষের সদস্যরাই আবার গভর্ণমেণ্টের বিরোধিতা করবে। বিরোধী পক্ষরা ভুলে গেছেন যে ওদেরই লোক গনিখান চৌধুরী যখন কেন্দ্রের বিদ্যুৎমন্ত্রী ছিলেন তখন কতখানি বিদ্যুৎ, প্রয়োজনে

দিতে পেরেছে? তিনি এই বাংলাদেশেরই লোক। এই সরকারের সঙ্গে কতখানি সাহায্য করেছেন? এই সবগুলি ভাল করে চিন্তা না করলে বুঝতে পারবেন না। তারা কি ভাবে আমাদের অবহেলা করেছে। আজকে বিদ্যুত সকল জায়গায় সামগ্রিক ভাবে সকল মানুষের প্রয়োজন। খাদ্য, বস্ত্র, স্বাস্থ্য, সমস্ত দিকে বিদ্যুতে আজকে প্রয়োজন। আজকে দাবি তুলতে হবে কেন্দ্র সরকার আমাদের প্রতি অবহেলা করছে। আমাদের এলাকায় একটা হাসপাতাল উদ্বোধন করা হয়েছে প্রায় দেড় বছর হ'ল। কিন্তু এখনও পর্যন্ত সেখানে বিদ্যুৎ যায় নি। আমি অনেক বার চেষ্টা করেছি, ডি. এম চেষ্টা করেছেন, সি. এম. ও. এইচ-এর কাছে যাওয়া হয়েছে কিন্তু তাতেও বিদ্যুৎ যায় নি। বিদ্যুৎ যদি হাসপাতালে না যায় তাহলে রোগীদের কি অবস্থা হয় সেটা সকলেরই জানা আছে। ঐ বিরোধী পক্ষে বসে যারা বড় বড় কথা বলেন তারা কি জানেন না বিদ্যুৎ না গেলে রোগীদের কি অবস্থা হয়? গ্রামের মানুষের যদি উন্নতি করতে হয়, বিদ্যুতের যদি অগ্রগতি বাড়াতে হয় তাহলে বিদ্যুতের যে পরিকল্পনা আছে সেই পরিকল্পনাকে ঢেলে সাজানো দরকার। বিদ্যুৎ কর্মচারী যারা আছে তাদের সম্পর্কে তদন্ত করে, তাদের কাজের যাতে অগ্রগতি হয় সেই দৃষ্টি দেওয়া দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিহাসের দিকে লক্ষ্য রাখলে দেখা যাবে এটা একটা অন্ধকারের যুগ। আমরা প্রস্তর যুগ পেরিয়ে এসেছি, তাম্র যুগ পেরিয়ে এসেছি, লৌহ যুগ পেরিয়ে এসেছি এখন ডারকেষ্ট আওয়ার ইন ওয়েষ্ট বেঙ্গল। স্যার, এর জন্য দায়ী কে? এই দায়িত্ব নিতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বক্তৃতা দিয়েছিলেন তখন তিনি পরস্পর বিরোধী ২টি কথা বলেছিলেন। একবার বলেছিলেন আমরা কখনও বলি না যে এর জন্য কংগ্রেস দায়ী। আর একবার তিনি বলেছিলেন যে মূলত কংগ্রেসই এর জন্য দায়ী। আমরা যদি ধরে নিই the proportion of load-shedding is unthinkable, prolonged জিরো হয়, যদি শূন্য থেকে শুরু করা হয় তাহলে ৫ বছরে আজকে ২০০ মেগাওয়াট সটফল দূর করা গেল না কেন? What is the maximum shortfall in Calcutta? The system in South Bengal.

আপনারা ঢাকঢোল পিটিয়ে ৪টা জেনারেটার বসিয়েছেন বলে খবর দিয়েছেন। আমি প্রশ্ন করি, গ্যাস টারবাইন কোথায় বসিয়েছেন, আর তার জেনারেশানই বা কোথায়? এটা যদি সত্যিই হয়ে থাকে তাহলে, ১০০ মেগাওয়াট পাওয়া উচিত ছিল ফ্রম গ্যাস টারবাইন। এরই সঙ্গে সঙ্গে ছটফটিয়ে নর্থ বেঙ্গলে শিলিগুড়িতে একটা বসিয়েছেন। কিন্তু সেখানে হোয়াট ইজ দি পজিশান? আমার বাড়ীতে ২৷৷ মাস একটানা লোড শেডিং ছিল। এরজন্য রেসপনসিবিলিটি কার? এরা ইকনমিক রিভিউয়ের ২৯ পাতায় বলেছেন, What is the installed capacity and per-capita consumption? ওয়েষ্টবেঙ্গলে When we left, the per capita consumption was 110 kw. Can you claim, Mr. Young Minister, that per capita consumption is below 100 kw.? Can you claim that you have been able to increase power generation above 15

p. c. in any of the units ? তাহলে ফেলিওরটা কোথায় ? Rightly Mr. Sisir Bose has pointed out. তিনটা জিনিষে, যন্ত্রপাতির কারণে এটা ফেলিওর হতে পারে। আপনারা আপত্তি করবার চেষ্টা করেছিলেন যে কোল মাইনস্ ডিসে-ণ্ট্রালাইজড্ হওয়ার কারণে এটা ঘটছে, ওভার এ্যাণ্ড এ্যাবোভ এ্যাসিওরড্ হতে চেয়েছেন এই কথা বলে। থার্ড ইজ দি ম্যানেজমেণ্ট। এই তিনটা সিস্টেম বাইরে থেকে বরো করেছেন, অথচ দি হিউম্যান সাইড হচ্ছে উপেক্ষিত। DPL,DVC, SEB. Is not the State Electricity Board under the direct control of State Government ? Is not the State Government responsible for the mismanagement here ? Can you deny this ? আপনারা ৫ বার বদল করেছেন, বাইফারকেট করেছেন। তার ফলে আজকে লোড শেডিং হচ্ছে এবং এর একটা রহস্য আছে। ইট ইজ নট ইউনিফরম্, সার্ভিস প্রায়োরিটি ঠিক করতে পারেন নি। লোড শেডিং কোথায় কোথায় হবে, তার প্রায়ার ঘোষনা কিছু নেই। সাংবাদিক-দের একদিন বলেছেন, যা খুশী লিখে দিন। এটা বিদ্যুৎমন্ত্রীর খেদোক্তি, সমাধানের কোন প্রয়াস এতে পরিলক্ষিত হয় নি। তাই পরবর্তীকালে একথা, কি ভাবে, আমাদের পপুলেশানের সঙ্গে জব পোটেনশিয়ালিটি ক্রিয়েট করার জন্য, both in intensive agriculture and industrial infrastructure. কোন কিছু বলেন নি। ইণ্ডাস্ট্রিতে বিদ্যুতের বেসিক নেসিসিটি কি, সেটা প্রজেকশান করে কত সময়ের মধ্যে মিট করবেন, তা বলতে পারেন নি। মুখ্যমন্ত্রী একদিন বলেছিলেন, কোলাঘাটে ফাইল খুঁজে পেতে তাঁর ১।। বছর লেগে গিয়েছিল। তাহলে জেনারেশান কি করে আশা করছেন ? Some of the units will come into generation, Will it come ? আপনি বলেছেন, তিনটা ঘোষণা আপনি করেছেন, ব্যাণ্ডেলের ফিফথ্ ইউনিট নাকি কমপ্লিট হয়ে গিয়েছে এবং It is now under trial আপনি আরও বলেছেন যে, মুর্শিদাবাদের মনিপুরে আর একটা তৈরী হবে। Will it be over an addition to Farakka Super Thermal ? Will it proceed super thermal generation ? তাহলে what is your thinking about North Bengal ? ইস্টার্ণ জোনে আপনি কি ইমিডিয়েটলি সাপ্লাই দিতে পারবেন আশা রাখেন ? সে কথা আমাদের বলতে হবে এবং এর সঙ্গে মুর্শিদাবাদের কথা যখন চিন্তা করেছেন তখন What is your plan ? মনে করছি সুপার থারমাল আসছে তার কাজ নর্থ বেঙ্গলে এবং এণ্টায়ার ইস্টার্ণ রিজিয়নে হবে। আপনারা বলুন Have you been able to increase energisation of the deep tubewell system ? Have you been able to increase the working hour of the tubewell and RLI system ? No. Have you been able to assure electricity and current supply to the agricultural system ? No. What was the national directive assured for 8-10 hours ? You have violated that সেজন্য আজকে মনে করে রুরাল ইলেকট্রিফিকেশান-এ You have neglected enormously, এবং তারজন্য রুরাল ইলেকট্রিফিকেশান কর্পোরেশানের এক ব্যাংকিং

ফাংসান ছাড়া অন্য কোন ফাংসান নেই আমরা সাজেস্ট করি টু দি ন্যাশনালিষ্ট সিস্টেমে এই রুলাল ইলেকট্রিফিকেশান কর্পোরেশানের কর্ম বিন্যাস করা দরকার। ৩৮ হাজার গ্রামে আপনারা এই ৬ বছরে বিদ্যুৎ পেঁৗছে দেবেন বলেছিলেন তা কার্যকরী করেন নি। এইভাবে যদি চলে তাহলে ৩৮ হাজার গ্রামে পেঁৗছাতে কতদিন লাগবে? Haryana is the much younger state. আজকে Each and every village in Haryana is electrified. So is in Punjab. But why not in West Bengal? Because there are three factors responsible. Firstly, the precursors and the forefathers of this Left-Front were responsible in 1977. They had no planning of electric generation at that time—the next grand-fathers of this Left-Front. They had no contemplation and planning in their minds for future necessity and future requirement. There had also no projection of future requirements. As such West Bengal's fate has been sealed during the 3rd and 4th Five-year Plan. Here the Chief Minister Shri Jyoti Basu also happens to be the Finance Minister of West Bengal আজকে এই অবস্থা হয়ে গেছে। তাই অতীতের ভুলে গাছের গোড়া কেটে মহীরুহ আশা করা যায় না। What is your projection for the 6th plan? What is your planned outlay in the 6th plan? It is less than thousand. গুজরাটের মত রাজ্যে যেখানে প্ল্যান আউটলে লার্জার than West Bengal. গুজরাটের মত রাজ্যে রিকোয়ারমেণ্ট এণ্ড planned allocation for power generation is higher than West Bengal. বম্বে কিম্বা মহারাষ্ট্রের কথা বাদ দিলাম। কারণ তাহলে আরও লজ্জার অবস্থা হবে। আজকে একথা জানার প্রয়োজন আছে। ফিউচার রিকোয়ারমেণ্ট এ্যাসেস্‌ড করার চেষ্টা করেছেন? কিন্তু that does not satisfy unless you supply electricity to the consumers —both industry, agriculture and domestics others can afford to provide generator set themselves But the small industrial sector cannot let price should also be subsidised in favour of the small Industrial Sector এখানে আপনাকে অনুরোধ করছি কোল ইণ্ডাসট্রিয়াল সেক্টারে একটা প্রাইওরিটি গেছে সেই রকম the power Department should formulate its policy accordingly. সেজন্য আপনাকে অনুরোধ করি অল ইণ্ডিয়া এবং বিশ্ব-প্রতিযোগিতায় পশ্চিমবাংলার হ্যাণ্ডলুম ইণ্ডাসট্রি পিছিয়ে যাচ্ছে তাকে প্রাইওরিটি না দিয়ে। এখানে প্রাইওরিটি should be given. আজকে কতকগুলি সেক্টারে প্যাকেজ অফ ইনসেনটিভ দেবার প্রয়োজন আছে। এখানে পাওয়ার এর ব্যাপারে The Chief Minister-এর Power Department should formulate its policy accordingly.

[5-55—6-05 p.m. ]

দেব রঞ্জন সেন — রঞ্জন না হলে এই রকম রাঙিয়ে বলতে পারে না। I challenge the Chief Minister is here. Once he made this adverse remak regarding DPL. But is it a fact that the account of DPL shows a deficit of a loss of 4 crores and half in 1971-72 because of the result and domination by first year and second year and is it a fact that there was a profit—net profit of four and half crores ? তাই জিজ্ঞাসা করি দেব রঞ্জন মহাশয়, ৪½ কোটি টাকা লাভ ছিল দেখে এলাম, এখানে দিয়েছে তোমার মন্ত্রী ২½ কোটি টাকা গেল বছর লোকসান, কত কোটি টাকা সরিয়েছ ? কত কোটি টাকা খেয়েছ ? কোথায় নিয়ে গেলে টাকাটা ? আজকে চোর, ডাকাতদের নিয়ে বোর্ড গঠন করা চলে না। জয়নাল আবেদিন ডি পি এর চালালে ৪½ কোটি টাকা মুনাফা হয়, আর দেব রঞ্জন চালালে ২½ কোটি টাকা লোকসান হয়। এর জবাব চাই ? জয়নাল আবেদিন ডি পি এল চালালে ১০০ মেগাওয়াট সাপ্লাই হয় আর দেব রঞ্জন চালালে ৫০ মেগাওয়াট এ্যাসিওর করা যায় না। Does that show inefficiency of the Congress regime ? Does the record show that supply by DPL during 1972-77 period was stable and it was nearabout 100 MW all the time and less than 60 MW stable supply as at present ? I challenge you to contradict this. If you can do that I will bow down to your contradiction. এটা বেস্ট অন-ডকুমেণ্ট। আপনারা ৫০ মেগাওয়াট এ্যাসিওর করতে পারেননি। উইল ইউ এ্যাসিওর দিস ইভেন উইথ অল দি ক্রিটিসিজন্স ? আর একটা প্রবলেম দেখা দিয়েছে সেটা হচ্ছে থেফ্‌ট। জেনারেশানের পরে ট্রান্সমিসান। এই ট্রান্সমিসান লাইনের তার চুরি যয়ে যাচ্ছে। আই মেড এ পার্সোন্যাল রিকোয়েস্ট টু দি পুলিশ অথরিটি যে আপনারা এটা তদন্ত করছেন না কেন, পুলিশ অফিসার আমাকে বললেন স্যার, এ পর্যন্ত আমাদের কাছে কমপ্লেন আসেনি যে তার চুরি হয়ে গেছে। সো এফেক্‌টিভ সুপার-ভিসান ইন পয়েন্ট অব থেফ্‌ট অব ট্রান্সমিসান সিস্টেম এটার প্রয়োজন। আমি আপনাকে অনুরোধ করব, ইউ আর এ ভেরি ইয়ং ম্যান, আই উইশ ইউ অল সাক্‌সেস, বাট এ্যাট দি সেম টাইম আজকে যে ত্রুটিগুলি আছে মেন্‌লি হিউম্যান এ্যাণ্ড ম্যানেজেরিয়াল ডেফিসিয়েন্সি সেটাকে দূর করার ব্যবস্থা করুন। এটাকে দূর করতে গেলে এখানে পার্টি কন্‌সিডারেসান নেই যেটা আপনাদের ব্যাধি, ইনগ্রেন ব্যাধি ইন লেফ্‌ট ফ্রণ্ট, লেফ্‌ট ফ্রণ্ট, সি পি এম হলে যেন সর্ব বিষয়ে মাষ্টার, ইকনমিক্স, ডাক্তারী সব দিকে যেন এরা মাষ্টার, আজকে স্পেশালিস্ট নিয়ে এসে এস ই বি-কে পার্টি কন্‌সিডারেশনের উর্ধে প্লেস করুন। আজকে তার মেন্‌লি দায়িত্ব হচ্ছে ক্যালকাটা সিস্টেম এবং এণ্টায়ার ওয়েষ্ট বেঙ্গলের সাপ্লাইকে স্টেবিলাইজ করা। তাই আমার অনুরোধ এস ই বি-কে পার্টি এ্যাণ্ড পলিটিক্সের উর্ধে নিয়ে এসে এফিসিয়েণ্ট ম্যানেজ-মেণ্টকে বসান এবং ইর‍্যাডিকেশান অব করাপসান ইন দি ম্যানেজমেণ্ট সেটা দূর

করুন। আপনাদের কোন বড় কর্তা সাঁওতালদি চলে যাচ্ছেন, ফ্রম আওয়ার সাইড ইউ এক্সটেণ্ড আওয়ার Wholehearted cooperation for removing these ills from Bengal. Thank you.

শ্রীশঙ্কর গুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকের বিতর্কে একটু হতাশ হয়েছি। কারণ, আমি আশা করেছিলাম যে বিরোধী পক্ষের তরফ থেকে আরো কিছু মূল্যবান এবং আরো কিছু গঠনমূলক কথা শুনতে পাব। আমি জানি না আমার আশা করাটা ভুল হয়েছিল কিনা, কিন্তু সেই আশা পূরণ হয়নি। বিতর্কের প্রথমে মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ বললেন যে আশ্বাস দেবেন না, উনি বক্তৃতা তৈরী করে এসেছিলেন আশ্বাস দেবেন না বলার জন্য; কিন্তু আমার বক্তব্যের মধ্যে আমি কোন আশ্বাস দিইনি তা সত্বেও উনি বললেন আশ্বাস দেবেন না। কারণ, উনি ধরে নিয়েছিলেন আশ্বাস দেবেন না। ব্যাণ্ডেল পঞ্চম ইউনিট সম্বন্ধে আমি কোন আশ্বাস দিইনি, আমি ব্যাণ্ডেল পঞ্চম ইউনিট সম্বন্ধে একটা ঘোষণা করেছি যে নির্মাণের কাজ শেষ হয়েছে। এটা আশ্বাসের কথা নয়, এটা ঘটনা। আমরা সুনীতি বাবুর কাছে ব্যাণ্ডেলে লো জেনারেশান কি করে দূর করতে হবে সে সম্বন্ধে অনেক পরামর্শ পেলাম। সুনীতি বাবু শুনেছি বিদ্যুতের উপমন্ত্রী ছিলেন এককালে, তখন সেই পরামর্শগুলি নিজে কিভাবে গ্রহণ করতেন আমাদের জানা নেই তবে আজকে আমাদের সমস্যা যাই থাকুক না কেন ঐ ব্যাণ্ডেল নিয়ে পরামর্শ না দিলে ভাল হয়। কারণ অনেক সময় গলতি হয়, অনেক সময় টিউব ফেটে যায় ইউনিট খারাপ হয়। আবার তাড়াতাড়ি তাকে মেরামতও করা হয়। সেণ্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির দেওয়া হিসাব অনুযায়ী ব্যাণ্ডেলের উৎপাদন মাত্রা সারা ভারতবর্ষের মধ্যে ১০।১২ উপরতলার মধ্যে ব্যাণ্ডেলকে শুনতে হয়। আমার জোর করে বলবার মন নাই যে বিদ্যুৎ ব্যবস্থা এমন নয় যে আজকে বিধানসভায় বিদ্যুৎ-এর বাজেট বিতর্ক হচ্ছে বলে সব একেবারে একটা আদর্শ চেহারা হাজির করে তুলেছি — এটা নয়। বিদ্যুৎ ইউনিটগুলি সেভাবে চালানো যায় না। কিন্তু আজকে চেহারাটা কি? আজকে বিকালবেলায় ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র ২৮০ মেগাওয়াট উৎপাদন করেছে অর্থাৎ তার ইংসটল ক্যাপাসিটির শতকরা ৯৩ ভাগ উৎপাদন আজকে বিকাল বেলায় ব্যাণ্ডের তাপ বিদ্যুৎ কেন্দ্র থেকে হচ্ছে। এ জিনিস সম্ভব এবং এটা হচ্ছে আর এ জিনিস সুনীতিবাবুদের পরামর্শ বাদ দিয়ে সম্ভব হচ্ছে। সুনীতিবাবু কিছু কিছু ট্রেড ইউনিয়ন আন্দোলনগত কিছু পরামর্শ দিয়েছেন যে ডি ভি সি-র ট্রেড ইউনিয়ন অধিকার হরণ করা হচ্ছে বলে কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীকে কেন লিখলেন। কেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ তার পাশাপাশি কি কাজ হচ্ছে। কেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ পাশাপাশি সাসপেনসন হচ্ছে। সেগুলি বন্ধ না করে ডি ভি সি-তে কি হচ্ছে তাই নিয়ে মাথাব্যাথা করছে এবং মাথাব্যাথা করছে খুব সংগত কারণে। ট্রেড ইউনিয়নের অধিকারে হস্তক্ষেপ করার প্রশ্নে আমরা কি করবো সে সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি পরিষ্কার যারা পার্লামেণ্টে আইন করে শ্রমিক শ্রেণীর ধর্মঘট করার অধিকার কেড়ে নেয়, তাদের কাছে অন্তত এই ব্যাপারে পরামর্শ শুনতে অন্তত আমরা রাজী হবো না এটা পরিষ্কার কথা। যদি ট্রেড ইউনিয়ন অধিকারের অর্থ এই হয় যে অফিসারকে ঘেরাও করে রাখবে

সেটা আমরা মানতে রাজী হবো না। ট্রেড ইউনিয়নের অধিকারের অর্থ যদি এই যে হেড কোয়ার্টারের দেওয়ালে কেন পোষ্টার লাগাতে দেওয়া হোল না, তার বিরুদ্ধে আন্দোলন করো — এগুলি আমরা মানতে রাজী হচ্ছি না। এগুলি সুনীতিবাবুর শিক্ষা — তাদের সদস্যদের সঙ্গে যারা হাত মিলিয়ে চলতে চাচ্ছেন তাদের এই সব শিখাচ্ছেন। আমরা ট্রেড ইউনিয়ন অধিকার বলতে শ্রমিক শ্রেণীর অর্থনৈতিক রাজনৈতিক অধিকারকে বজায় রাখবার জন্য যে আন্দোলন তাকেই আমরা ট্রেড ইউনিয়ন আন্দোলন বলি। তাদের সংগঠিত করার অধিকারকে প্রতিষ্ঠা করার অধিকারকে ট্রেড ইউনিয়ন আন্দোলন বলি। শ্রমিক শ্রেণীর যে সংগঠন গুলি আছে কর্মীদের যে সংগঠনগুলি আছে তাদের সঙ্গে সহযোগিতা করে আমরা বিদ্যুৎ পর্ষদ এবং বিদ্যুৎ শিল্প প্রতিষ্ঠানকে কিভাবে চলতে হয় তা জানলে সুনীতিবাবু হয়তো খুশী হবেন না। আমরা আমাদের পক্ষ থেকে কখনও কোন ইউনিয়ন বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ বা দোষারোপ করি না। ইউনিয়নের পক্ষ থেকে পরিকল্পিতভাবে কিছু করা হয়েছে, তাও বলি নি, সুনীতিবাবুদের ইউনিয়নেব বিরুদ্ধেও কিছু বলি নি যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ কেন্দ্রে নাশকতামূলক কার্যকলাপ করছে বলে সর্বনাশ হয়ে যাচ্ছে। একথা আমাদের মুখ থেকে পেলে ওরা জবাব দেবার চেষ্টা করবেন এই আশা ওঁদের আছে বটে কিন্তু সুনীতিবাবু হয়তো শুনলে খুশী হবেন না যে আমরা যখন কোন প্ল্যাণ্টে যাই বিদ্যুৎ দপ্তরের কাজকর্ম দেখবার জন্য তখন সেখানকার প্রত্যেকটি ইউনিয়নের কর্মীরা আমাদের কাছে আসেন আমাদের সাথে কথাবার্তা বলেন, তাদের দাবী-দাওয়া নিয়ে আলোচনা করেন এবং কিভাবে কাজ কর্ম করলে কাজের উন্নতি হবে সেই সব আলোচনাও করেন। সেখানে সিটু আছে আই এন টি ইউ সি আছে। কিন্তু কোথায়ও যদি কেউ ব্যক্তিগতভাবে বা গোষ্ঠীগতভাবে কাজ কর্ম অন্য ধরণের করে থাকেন, তা করবেন। তাদের মোকাবিলা করা হবে। ট্রেড ইউনিয়ন আন্দোলন পরিচালনা করার নামে অন্য ধরণের কাজকর্ম যারা করবেন তাদের বিরুদ্ধে আমরা জরুরী ব্যবস্থা অবলম্বন করবো এবং সেই ব্যবস্থা আমরা সচেতনভাবেই অবলম্বন করবো। এর মধ্যে কোন প্রশ্ন নাই। এখানে আর একটি কথা — পুরানো প্রায় বস্তাপচা কথা সুনীতিবাবুরা বলেন। মাননীয় সদস্যের অনেক দিনের অভিজ্ঞতা যে শিল্পে কাজকর্ম বন্ধ হয়ে যাচ্ছে। শিল্পে বা কারখানায় কিছুই কাজ হচ্ছে না — সমস্ত শিল্প সব অন্য জায়গায় চলে যাচ্ছে। আমি বলছি না যাচ্ছে যাচ্ছে না। এবং এই সব কথা বলতে গিয়ে গুজরাটের কথা বল্লেন, মহারাষ্ট্রের, তামিলনাড়ুর কথা বললেন এবং আরও অনেক কথা বললেন।

[6-05—6-15 p.m.]

আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য দু-একটি তথ্য এই সভার সামনে পেশ করছি। আমাদের এখানে কি হচ্ছে, আর আপনাদের সে সাধের গুজরাট, সাধের মহারাষ্ট্র সেখানেই বা কি হচ্ছে, সেটা একটু দেখা যাক, আর আমাদের এখানে কি হচ্ছে সেটাও একটু দেখা যাক। আমার কাছে একটা হিসেব আছে, হিসাবটা আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের। আমাদের রাজ্যে যদি ১৯৭৬-৭৭ সালে লো

এ্যাণ্ড মিডিয়াম ভোল্টেজ, ইণ্ডাস্ট্রিয়াল ইউজ বিদ্যুতে এটাকে যদি ১০০ ধরা যায় তাহলে ১৯৮১-৮২ সালে এসে সেই ইণ্ডাস্ট্রিয়াল ইউজ লো এবং মিডিয়াম ভোল্টেজে বিদ্যুতের ১৩৯ হয়েছে। অর্থাৎ শিল্পের ক্ষেত্রে বিদ্যুতের ব্যবহার এই ক-বছরের মধ্যে শতকরা ৩৯ ভাগ বেড়েছে লো এ্যাণ্ড মিডিয়াম ভোল্টেজ ইণ্ডাস্ট্রিতে আর হাই এ্যাণ্ড এক্সট্রা হাই ভোল্টেজের হিসাবটা যদি দেখি তাহলে ১৯৭৬-৭৭ সালের বিদ্যুতের ব্যবহারকে যদি আমরা ১০০ ধরি তাহলে ১৯৮১-৮২ সালে সেই ব্যবহার ১১৫·৭ অর্থাৎ প্রায় ১৫·৭ শতাংশ ব্যবহার বেড়েছে। আপনারা বলতে পারেন যে পুরাণো যাঁরা ছিলেন তাঁরা একটু বেশী বেশী বিদ্যুত ব্যবহার করছেন সেজন্য বেড়েছে। এই কথাটা ঠিক নয়। উনি নূতন নূতন কিছু বললেন, আমি ওঁর হিসেবটা দিয়ে দিচ্ছি যে টোটাল নাম্বার অফ ইণ্ডাস্ট্রিয়াল কনজামসান, অর্থাৎ বিদ্যুতের ব্যবহারকারীর সংখ্যা শিল্পে ১৯৭৬-৭৭ সালে লো এ্যাণ্ড মিডিয়াম ভোল্টেজে যেখানে ২১ হাজার ৯৫৭ ছিল, ১৯৮০-৮১ সালে সেটা বেড়ে হয়েছিল ৩১৮০২ লো ইউনিট। হাই ভোল্টেজে এবং এক্সট্রা হাই ভোল্টেজে বিদ্যুৎ ব্যবহারকারীর সংখ্যা যেখানে ১৯৭৬-৭৭ সালে ৬৮২ জন ছিল, ১৯৮১-৮২ সালে সেটা বেড়ে হয়েছে ৮১৮ জন। এবারে একটু গুজারাটের কথা বলি, গুজারাট, তামিলনাডু, মহারাষ্ট্র—অনেক কিছু শুনলাম—আমি যে কাগজটা থেকে পড়ছি এটা গণশক্তি নয়, কমার্স পত্রিকা, ১৪ই আগষ্ট, ১৯৮২, পাওয়ারের উপরে স্পেশাল নাম্বার বেরিয়েছে, ওরা কি বলছে? In the past few years, the position has materially changed. Gujarat had stolen a march of other States in this vital sector had slid back. Frequent recurrence of breakdowns in plants and machinery of the Gujarat State Electricity Board leading to sizeable power cuts ranging between 30 to 50% normally and even 100% occasionally on industries, in addition to loadshedding and staggering highlights the gravity of the situation. এবং আমাদের এখানে কত ম্যানডেজ লস হয়েছে কি হয়েছে সেটা পরে বলছি। মহারাষ্ট্র জুন, ১৯৭৯, total shutdown of industries for 5 days.

৫০ পারসেণ্ট কার্ট নিয়ে এখানে অনেক চেচাঁমেচি হয়, ঐ ৫০ পারসেণ্ট কার্ট নিশ্চয় হওয়া উচিত নয়, বাঞ্ছিত পরিস্থিতি সেটা নয়, সেটা আমরা জানি। কিন্তু ওঁদের মহারাষ্ট্র, যেটাকে ওঁরা মডেল হিসাবে দেখান সমস্ত জায়গায়, জুন, ১৯৭৯ সালে ৫ দিন এক ফোঁটা বিদ্যুৎ ছিল না শিল্পের জন্য। নভেম্বর ১৯৮১, একই অবস্থা, দিনের পর দিন ইণ্ডাস্ট্রি কোন বিদ্যুৎ পায় নি। জুন, ১৪, ১৯৮২, সমস্ত বিদ্যুৎ ব্যবস্থা মহারাষ্ট্রে বিপর্যস্ত। দুহাজার ছয়শত আশী মেগাওয়াট যেখানে জেনারেশন হতো, সেই জেনারেশন নেমে গেল ৪৫০ মেগাওয়াটে। ওদের মহারাষ্ট্র যেটা ওদের বিদ্যুতের শ্রেষ্ঠত্বের উদাহরণ হিসাবে ওঁরা সমস্ত জায়গায় প্লেস করেন। ৪৫০ এর মধ্যে ৩৫০ মেগাওয়াট দিয়েছিল মহারাষ্ট্র ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বাইরে যারা আছে টাটা, ইত্যাদি তারা। এইগুলো খুব সুখের কথা নয়। মহারাষ্ট্রে বিদ্যুৎ ঘাটতি হলে পশ্চিমবঙ্গ খুব আনন্দিত হই এটা কোন ঘটনা নয়।

পশ্চিমবাংলাকে যদি কেন্দ্রীয় সরকার প্ল্যান বাজেট কেটে দেন, পশ্চিমবাংলার কেন্দ্রীয় সরকার যদি খাদ্য কম পাঠান তাহলে কংগ্রেসী বন্ধুদের মুখগুলো হাসি হাসি হয়ে ওঠে। আমরা মহারাষ্ট্র, গুজারাটে যখন বিদ্যুৎ ঘাটতি হয়, আমরা খুশী হই না। আমি এই কথাগুলো উল্লেখ করলাম সেই মানসিকতা নিয়ে নয়। আমি এই কথাগুলোর উল্লেখ করলাম যে পশ্চিমবাংলাতে কি হচ্ছে, কিভাবে ঐ অবস্থা চলছে, সেই ব্যাপারে গুজারাট মহারাষ্ট্রের উদাহরণ দেওয়াটা ওদের মুখে শোভা পায় না এই কথাটা বলার জন্য। মহারাষ্ট্রের আর একটা তথ্য আপনাদের কাছে পেশ করছি, মহারাষ্ট্রের বিদ্যুতের যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় ঘাটতি ১৯৭৮-৭৯ সালে ছিল ১১.৪ ভাগ অর্থাৎ প্রয়োজনের তুলনায় কম পাওয়া গিয়েছিল ঐ পরিমাণ। ১৯৭৯-৮০ সালে কম পাওয়া গিয়েছিল ১৯.১, আর ১৯৮০-৮১ কম পাওয়া গিয়েছিল ১৫.৪, ১৯৮১-৮২ সালে কম পাওয়া গিয়েছিল ২৩.৩। আপনারা টেলিগ্রাফের কথা বলছিলেন, আমি টেলিগ্রাফ থেকে বলছি ৮ই সেপ্টেম্বর ১৯৮২, বিগ পাওয়ার ফেলিওর ইন বোম্বে, গুজারাট Business Standard, 8th September—Black out in Maharashtra. তারপর আর একটা সোপিস অনেক শুনি, লুথার শুনি, ডি. ভি. সি. শুনি, কি বলা হয়েছে? The plant utilisation factor of the thermal and hydel units during the period was 50.2% this year against 50.7% during the corresponding period last year. কোন উন্নতি নেই, এত চেচাঁমেচি করে কোন লাভ হবে না। ডি. ভি. সি. চতুর্থ ইউনিট দুর্গাপুরে ২১০ মেগাওয়াটের ৫ বার চালানোর চেষ্টা করা হয়েছে, একবার নয়, ৫ বার, ৫ বার চেষ্টা করা হয়েছে কিন্তু চলেনি। ঐ একই মেশিন আপনারা সমস্ত সময় অনেক বিরোধী পক্ষের সদস্যের তরফ থেকে বলেন যে ঐ মেসিন তো রেগুলার আপনাদের সাঁওতালডিতে চলছে না, সেইগুলো অন্য জায়গায় ভালভাবে চলছে? আমি একটু পাল্টা কথাটা বলি, ঐ মেশিনই যেটা ডি. ভি. সি.'র দুর্গাপুরে ৫ বার চেষ্টা করেও চালাতে পারল না আমাদের ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটে সেই মেশিন একবারের চেষ্টাতেই চলেছে।

মহারাষ্ট্র, গুজরাটে যখন বিদ্যুৎ ঘাটতি হয় তখন আমরা খুশী হই না। এই কথাগুলি আমি উল্লেখ করলাম সেই মানসিকতা নিয়ে নয় — এই কথাগুলি উল্লেখ করলাম এই জন্য যে, এখানে কি অবস্থা হচ্ছে, পশ্চিমবাংলায় কি চলেছে, সেই ব্যাপারে মহারাষ্ট্র, গুজরাটের পরামর্শ দেওয়াটা ওদের মুখে শোভা পায় না। মহারাষ্ট্রের আর একটি তথ্য আমি আপনাদের কাছে পেশ করছি। মহারাষ্ট্র বিদ্যুতের যা প্রয়োজন, সেই তুলনায় ১৯৭৮/৭৯ সালে তাদের ঘাটতি ছিল ১১.৪ ভাগ। অর্থাৎ প্রয়োজনের তুলনায় অনেক কম বিদ্যুৎ পাওয়া গেছে। ১৯৭৯/৮০ সালে কম পাওয়া গেছে ১৯.১ ভাগ। ১৯৮০/৮১ সালে ১৫.৪ ভাগ, ১৯৮১/৮২ সালেও কম পাওয়া গেছে ২৩.৩ ভাগ। টেলিগ্রাফ ডেটেড ৮থ সেপ্টেম্বর, ১৯৮২ বিগ পাওয়ার ফেলিওর ইন বম্বে, গুজরাট, এই কথা বলা হয়েছে। বিজনেস স্ট্যাণ্ডার্ড ডেটেড ৮থ সেপ্টেম্বর ১৯৮২ — ব্ল্যাক আউট ইন মহারাষ্ট্র — এই কথা উল্লেখ করা হয়েছে। তারপর আর একটা কথা এখানে শোনা যায় — অনেক সময়ই ডি. ভি. সি.র ব্যাপারে লুথারের

কথা শোনানো হয়। সেখানে কি বলা হচ্ছে? Plant utilization factor o the tharmal and hydel units during the period was 50·2 percen this year against 50.7 percent during the corresponding perio figure last year. আমি জুন মাসের কথা বলছি — তারপর কোন উন্নতি নেই কাজেই এত চেঁচামেচি করে কোন লাভ নেই। ডি. ভি. সি. র চতুর্থ ইউনিট, দুর্গা পুরের ২১০ মেগাওয়াটের পঞ্চম ইউনিট চালানোর চেষ্টা করা হয়েছে। এক বা নয়, ৫ বার চালাবার চেষ্টা আমরা করেছি, চলে নি। বিরোধী পক্ষ থেকে অনে সময় মাননীয় সদস্যরা বলে থাকেন ঐ মেশিন যেগুলি সাঁওতালদিতে চলছে না, সেগুলি অন্য জায়গায় ভালভাবে চলছে। আমিও তাদের একটি কথা বলতে চাই যে ঐ একই মেশিন ডি. ভি. সি. ও দুর্গাপুরে ৫ বার চালানোর চেষ্টা করেও চালাতে পারা গেল না অথচ ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটের সেই একই মেশিন আমরা একবারে চালিয়েছি তাহলে কলকাতায় কত বিদ্যুৎ দেয়? কলকাতার সব বিদ্যুৎ নাকি ডি. ভি. সি. দেয় খুব ভাল কথা। ডি. ভি. সি. বিদ্যুৎ না দিলে কলকাতা অন্ধকার হয়ে যায়। এস ই. বি. সি. ই. এস. সি. কলকাতাকে নাকি বিদ্যুৎ দিতে পারে না, ডি. ভি. সি. একাই বিদ্যুৎ দিচ্ছে। লুথার একাই নাকি সব বিদ্যুৎ দিচ্ছেন কলকাতার জন্য — এই কথ কেউ কেউ বলেছেন। আমি ট্রানসমিসন লাইনের হিসাবটা একটু দিই, তাহলে এট পরিষ্কার হবে। কোন কোন দিন দেখেছি ভুল করে ডি. ভি. সি. ৯০/৯৫ মেগাওয়াট দিয়েছে চুক্তি মত এবং এটা মাসের মধ্যে এক আধ দিন পাওয়া যায়। সাধারণতঃ বিদ্যুৎ ৪০/৫০/২৫/৩০ মেগাওয়াট বিদ্যুৎ দেন। ভুল করে কোনদিন ৯০/৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দিয়ে দিলেন। যেদিন এটা দেন, সেদিন কি ডি. ভি. সি. স্পেশাল লাইনে দেন? এই ট্রানসমিসন লাইনগুলো কোথাকার? কার ট্রানসমিসন লাইন দিয়ে এই বিদ্যুৎ আসে? উনি কি ডি. ভি. সি. র নিজেদের লাইন দিয়ে বিদ্যুৎ সাপ্লাই দেন? ওদের নিজেদের লাইনে বর্ধমানে যে বিদ্যুৎ আসে তা অতি দুর্বল। গত ৩ মাস ধরে ওখানকার একটি বড় কারখানা, মাদার ডেয়ারির নতুন ইউনিট যেটা হচ্ছে, সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যাপার নিয়ে আমি নিজে মিঃ লুথারের সঙ্গে কথাবার্তা বলেছি। কোন সুরাহার আশ্বাস দেন নি। বিদ্যুৎ হচ্ছে না, দিতে পারছি না। যারা ট্রানসমিসন লাইন থেকে বর্ধমান সহরে বিদ্যুৎ দিতে পারবেন তার ব্যবস্থা করতে পারছেন না, সেই রকম একজন সোপিস, বু আইড বয় লুথারের কথা এই বিধানসভায় শুনিয়ে লাভ নেই।

[6-15—6-25 p. m.]

এখানে আবার শুনলাম, একজন মন্ত্রীর সম্পর্কে বলা হয় যে কি গোপন চুক্তি করা হয়েছে হোণ্ডা জেনারেটার কম্পানীর সঙ্গে যে কোলকাতাকে নাকি অন্ধকার করে দিয়ে হোণ্ডা জেনারেটার বিক্রি বাড়িয়ে দিতে হবে। তার ঠিক পরেই মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ বললেন, ইনডাস্ট্রিকে সাবসিডি দিয়ে জেনারেটার সরবরাহ করতে হবে। তাহলে হোণ্ডা কম্পানী, না কোন কম্পানীর সঙ্গে চুক্তি হয়েছে বলে উনি ইনডাস্ট্রিকে সাবসিডি দিয়ে জেনারেটার দেবার কথা বলছেন আমি জানি না, তবে এই

দেশের কি হবে আমি জানি না বা বুঝতে পারছি না। আব্দুল মান্নান সাহেব অনেক কথা বললেন—আমি কেন রাষ্ট্রমন্ত্রী, আমার কি নাম প্রচার হয়েছে ইত্যাদি ইত্যাদি। তা ছাড়া আমি নতুন মন্ত্রী, আমার কি করা উচিত তাও তিনি বললেন। উনিও নতুন সদস্য, আমি তাঁকে বলি, আর কিছু না হোক অন্তত হোমওয়ার্কটা করা উচিত বিধান-সভায় বক্তৃতা করতে হলে। উনি বললেন, ডি. পি. এল-এর ২৮৫ এম. ডব্লু ক্যাপাসিটি, আনন্দবাজার লিখেছে, তারা ৫৮/৬০/৬৫ মেগাওয়াট দেয়। আমি তাঁকে বলি, এটা তো কোলকাতাকে দেয়, তার উপর সমপরিমান বা তার চেয়ে বেশী তারা দুর্গাপুরকে দেয়। এই যে দুর্গাপুরকে দেয় এটাও তো উৎপাদনের মধ্যেই ধরতে হবে। এক্ষেত্রে উৎপাদন আর বণ্টনের মধ্যে গুলিয়ে ফেললে তো চলবে না। সেখানে মোট উৎপাদন এবং কোলকাতাকে কত দেয় তারমধ্যে গুলিয়ে ফেললে চলবে না। এখন এইসব মাননীয় সদস্যরা 'আনন্দবাজার' পড়ে বিদ্যুৎ শিখছেন, কি আর করা যাবে, কিছুই করার নেই। তারপর শিশির বসু মহাশয় ওঁর বক্তৃতায় বললেন যে ডু নট ব্লেম আদার্স। আমরা তো অন্যদের ব্লেম দিচ্ছি না। আমরা দুটো কথা বলছি—আমরা বলছি, আমাদের ক্যাপাসিটি আরো বাড়ানো দরকার — আমাদের রিজার্ভ ক্যাপাসিটি নেই। আমরা গত ৫ বছর ধরেই এইসব কথা বলে আসছি এবং এখনও বলছি যে আমাদের একটা ইউনিট যদি বিকল হয়ে যায় তাহলে যে ঘাটতি হয় সেটা পূরণ করার মতন রিজার্ভ ইউনিট রাখার কোন ব্যবস্থা আগেকার সরকারের পরি-চালকরা চিন্তাভাবনা করেন নি, তারজন্য পরিকল্পনাও কিছু করেন নি। এইসব এখন আমাদের করতে হচ্ছে, তার ফল পেতে আমাদের কিছু সময় লাগবে।

( ভয়েস :— ৬ বছর ধরে কি করলেন ? )

৬ বছরে আমরা নিশ্চয় কিছু করলাম। আমরা গ্যাস টারবাইন করতে পারলাম, আমরা ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিট করতে পারলাম, আমরা কোলাঘাটের কাজকে এগিয়ে নিয়ে যেতে পারলাম, আমরা নতুম প্রকল্প রচনা করতে পারলাম — এইসব আমরা করতে পারলাম। এই প্রসঙ্গে বিরোধী সদস্য মহাশয়দের কাছে কয়েকটি বক্তব্য আমি রাখতে চাই। আমি প্রথমেই বলি ঐ ক্যাপাসিটি ইউটিলাইজেসানের ঐ হিসাবটা বলে লাভ নেই। শিশির বসু মহাশয় বসে থাকলে হয়ত একটু শক্ত হতেন যে যদি বলি ক্যাপাসিটি ইউটিলাইজেসান আরও যখন বাড়বে তখন ইউটিলাইজেসান আরও কমবে — এটাই নিয়ম, এতে অবাক হবার কিছু নেই। অর্থাৎ আরো যখন বাঞ্ছিত পর্যায়ে ক্যাপাসিটিটা যাবে এবং আরো অনেক রিজার্ভ ক্যাপাসিটি তৈরী হবে তখন স্বভাবতঃই ক্যাপাসিটি ইউটিলাইজেসান আরো কমবে। এইজন্য আপনারা প্ল্যাণ্ট লোড ফ্যাক্টর বিদেশের সঙ্গে আমাদের দেশের যদি মেলান তাহলে দেখবেন আমাদের চেয়ে বিদেশের প্ল্যাণ্ট লোড ফ্যাক্টর অনেক কম এই কারণে যে তারা অনেক ক্যাপাসিটি রিজার্ভ এবং আইডেল রেখে দিতে পারেন। সেখানে ঐ টোট্যালটার উপর ক্যাপাসিটি ইউটিলাই-জেসানের হিসাব করে লাভ হয় না। তারপর মাননীয় সদস্যরা আর একটি কথা বলেছেন যে আমরা সংবাদপত্রে ঘাটতির যে হিসাবটা দিই সেটা সবসময় সঠিক নয়। আমি এ সম্পর্কে চিন্তা ভাবনা করতে রাজি আছি। আমরা এ বিষয়ে বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের মতামত পেলে বা বিধানসভার মাননীয় সদস্যদের মতামত পেলে

উপকৃত হব, সংবাদপত্রের বন্ধুদের মতামত পেলেও উপকৃত হব। সকালবেলার ঘাটতির যে হিসাবটা দেওয়া হয় সেটা বাস্তবসম্মত কিন্তু সন্ধ্যাবেলার যে হিসাবটা দেওয়া হয় সেটা একটা প্রজেকসান, আন্দাজ যে আজকে সন্ধ্যাবেলাতে এই জেনারেশান হবে, এই ঘাটতি হতে পারে। পরের দিন সেটা আপনাদের কাছে রিলিজ করার আমাদের কিন্তু কোন সুযোগ থাকে না। পরের দিন সকাল বেলাতে যখন এ্যাকচুয়াল ফিগারগুলি পাই তখন দেখি আগের দিন যা বলেছিলাম কোন কারণে সেটা সবটা মিলছে না। কাজেই এ ক্ষেত্রে একটা বিকল্প ব্যবস্থার কথা চিন্তা করতে হবে। আমরা এটা করতে পারি — যদিও আমি পাকাপাকিভাবে কিছু বলছি না, আমি খোলা মন নিয়ে বলছি যে পরের দিন সবটা আমরা এক সঙ্গে জানাতে পারি। যেমন ধরুন আজ ২২ তারিখের সকাল, বিকেল, রাত্রিবেলার বিদ্যুতের এ্যাকচুয়াল চিত্রটা কি সেটা আমরা ২২ তারিখেই বলার চেষ্টা না করে ২৩ তারিখে বলতে পারি এবং ২৪ তারিখের কাগজে সেটা বেরুতে পারে। এতে হবে কি একটু দেরিতে যদিও আপনারা তথ্যটা পাবেন কিন্তু তবুও সেটা হবে সঠিক তথ্য। এরকম কিছু করা যায় কিনা ভাবা যেতে পারে। অবশ্য এরচেয়ে বেটার সিসটেমের কথা যদি কেউ বলতে পারেন কাগজের মাধ্যমে মানুষের কাছে সঠিক তথ্য তুলে ধরার ব্যাপারে তাহলে সেটা বলবেন, আমি বলছি, খোলা মন নিয়ে সেটা আমরা বিচার বিবেচনা করতে রাজী আছি। তারপর মাননীয় সদস্য শিশিরবাবু যেটা বলেছেন সে সম্বন্ধে বলছি যে ঐ ৫ পারসেণ্ট জেনারেশান বাড়িয়ে বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যাবে ব্যাপারটা অত সহজ নয়। ঐ অঙ্ক আমরা রোজ কষি। অঙ্ক কষলেই যদি বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যেত তাহলে মাননীয় সদস্যদের বলতাম কাগজ পেনসিল নিয়ে বেশী বেশী করে অঙ্ক কষুন। বিদ্যুৎ সচিব অঙ্ক কষুন, চেয়ারম্যান, এস. ই. বি. অঙ্ক কষুন, অঙ্ক কষে সবাই মিলে আমরা ব্যাপারটা মিটিয়ে দিই। এটা এই ভাবে হবে না। অঙ্ক আমাদেরও জানা আছে, সেই অঙ্ককে বাস্তবে রূপায়িত কি ভাবে করা যায় সেই ব্যাপারে সকলকে লাগতে হবে, ঐ ভাবে দায়িত্ব জ্ঞানহীন সমালোচনার মধ্যে দিয়ে নয়। এটা সকলের সমস্যা এবং কি মানসিকতা নিয়ে, কি ভাবে কাজ করবেন সেটা আপনারা ভেবে দেখুন। ডাঃ জয়নাল আবেদিন সাহেব একজন পুরোনো দক্ষ পার্লামেণ্টারিয়ান। তিনি যখন বলছিলেন তাঁর বক্তব্য আমি মন দিয়ে শোনার চেষ্টা করছিলাম। কিন্তু একটু অবাক হয়ে গেলাম তার কথা শুনে। তিনি বললেন যে, ২॥ মাস নাকি ওঁনার বাড়িতে লোড শেডিং। ২॥ মাস লোড শেডিং আমি কোথাও কোনদিন শুনিনি। আমি খুব বিনীতভাবে মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করছি যে, ২॥ মাস ধরে বিদ্যুৎ পাচ্ছেন না, বিলটিল জমা দিয়ে ছিলেন তো? বোধ হয় ভুলে গেছেন। ব্যস্ত লোক, মনে থাকে না তাই একটু মনে করিয়ে দিতে চাই। ৫০ পারসেণ্ট ক্যাপাসিটির কথা বলা হয়েছে। আমরা যদি পশ্চিম বাংলার কোন একটা বিদ্যুৎ কেন্দ্রে ৫০ পারসেণ্ট ক্যাপাসিটি করতে পারতাম তাহলে হত। আমি একটা তথ্য মাননীয় সদস্যকে দিচ্ছি। এপ্রিল থেকে জুন পর্যন্ত সেণ্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির যে থার্ম্যাল পারফরম্যান্স রিপোর্ট, সেই রিপোর্টে বলা হয়েছে যে ব্যাণ্ডেলে বিদ্যুৎ কেন্দ্রের ৪টি ইউনিট মিলে একত্রে 64 Plant work load factor April, May, June ছিল। ৫০ নয়, একটু বেশী এবং এটা দু'এক দিনের ছিল না। এপ্রিল,

মে, জুন এই তিন মাস লাগাতার চেষ্টা করে এই অবস্থায় আমরা আসতে পেরেছি। এটা জেনে আপনি খুসী হবেন যে, ভারতবর্ষের যে সংখ্যক তাপ বিদ্যুৎ কেন্দ্র আছে, যে সংখ্যাক ইউনিট আছে তার মধ্যে মাত্র ১০/১১টা ইউনিটের পারফরম্যান্স ব্যাণ্ডেলের চেয়ে ভাল বা ব্যাণ্ডেলের সমতুল্য এবং তার ৬৪ পারসেন্ট প্রোডাকশান দিয়ে ব্যাণ্ডেলে তাপ বিদ্যুৎ কেন্দ্র ভারতবর্ষের মধ্যে Bandel, one of the power generations. এই সুনাম নিশ্চয়ই অর্জন করতে পেরেছে। অতএব এই এ্যাভারেজটা ৬৪ পারসেণ্ট। আপনি বলছিলেন একটা বিদ্যুৎ কেন্দ্র দেখাতে যেখানে নাকি ৫০ পারসেণ্টের উপর উৎপাদন হয় সেজন্য এটা বললাম। তারপরে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই-এর যে বিদ্যুৎ কেন্দ্রগুলি আছে, ডি, পি. এল-এর যে কেন্দ্রগুলি আছে, সেখানে আজকাল ৫০ পারসেণ্টের বেশী উৎপাদন করছে। আমার লিখিত বক্তব্যে বলেছি যে সাঁওতালদি নিয়ে সমস্যা রয়ে গেছে এবং এই সমস্যা সমাধানের চেষ্টা আমরা করছি। এ র মধ্যে কোন পার্টি কনসিডারেশানের ব্যাপার নেই। যাদের উপর আমরা দায়িত্ব দিয়েছি তারাতো সি.পি.এম-এর লোক নয়। এন. সি. বসু মহাশয়, একজন ভারত বিখ্যাত ইঞ্জিনিয়ার। তিনি বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান। সারা ভারতবর্ষে অপারেশনের একজন প্রধান ব্যক্তি হিসাবে তার নাম ডাক আছে, তাকে আমরা দায়িত্ব দিয়েছি। এন. সি. বসুতো সি. পি. এম-এর লোক নন বাই এনি স্ট্রেঞ্চ অব ইমাজিনেশান। কাজেই এগুলি বলে কোন লাভ নেই। কোন বিদ্যুৎ কেন্দ্রে ঠিক মত করার ব্যাপারে দায়িত্ব দেবার জন্য বা আরো বাইরে যারা আছেন, যারা বিশেষজ্ঞ তাদের সঙ্গে আমরা যোগাযোগ করছি তাদের পরামর্শ আমরা নেব — সেটা দেশেরও হতে পারে আবার বিদেশেরও হতে পারে। এই ব্যাপারে কোন মানসিক রিজার্ভেশান আমাদের নেই, আমরা একেবারে খোলা মন নিয়ে সকলের সঙ্গে যোগাযোগ করছি। যেখান থেকে সব চেয়ে ভাল কারিগরী সাহায্য পাবো সেটা নিতে আমরা সব সময়ে রাজী সাওতালদিকে ঠিক করার জন্য। কাজেই এই পার্টি কনসিডারেশানের কথা তুলে কোন লাভ নেই। জয়নাল সাহেব জিজ্ঞাসা করেছেন যে উত্তর বঙ্গের কি হবে ? উত্তর বঙ্গের কথা একটু বলি। উনি এখন কোন দলে আছেন বোঝা যাচ্ছে না। আগে যে দলে ছিলেন সেই দলের সঙ্গে চলেন, অথচ লেভেল আছে আর একটাতে। তাঁর জেলা পশ্চিম দিনাজপুরে আমরা একটা প্রকল্প রচনা করেছিলাম এবং সেই প্রকল্পটি পেশ করা হয়েছিল সেণ্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির কাছে কিন্তু ওরা এটা নাকচ করে দিয়েছেন। তবে আমরা নিরাশ হচ্ছি না, আমরা আবার কথাবার্তা বলছি কেন্দ্রীয় কর্তৃপক্ষের সঙ্গে। আমাদের তিস্তা ক্যানেল তৈরী হচ্ছে এবং এই তিস্তা ক্যানেলের কতগুলি ন্যাচারাল ড্রপ থাকবে যাকে ক্যানাল ফল বলে।

[6-25—6-35 p.m.]

ক্যানেল ফ্লো যাকে বলি সেই ক্যানেল ফ্লোর জলকে ব্যবহার করে উত্তর বঙ্গের তিনটি জায়গায় প্রতিটিতে সাড়ে ২২ মেগাওয়াট করে বিদ্যুৎ তৈরী করবার জন্য তিনটি প্রকল্প রচনা করেছি এবং আশা করছি এ বিষয়ে কেন্দ্রীয় কর্তৃপক্ষের অনুমোদন পাব। এই তিনটি হলে সাড়ে ২২ করে মোট সাড়ে ৬৭ মেগাওয়াট বিদ্যুত পাওয়া যাবে। যার

দ্বারা উত্তর বঙ্গের সমস্যার প্রচণ্ড সুরাহা হবে। 'রামাম'-এর কথা জয়নাল আবেদিন সাহেব জানেন এবং সবাই জানেন সুতরাং আমি সেবিষয়ে আর কিছু বলছি না। জল-ঢাকা সেক্টর টু-এর কাজ শেষ হয়ে গেছে। আমরা আশা করছি আগামী জানুয়ারী ফেব্রুয়ারীতে সেখান থেকে বিদ্যুৎ উৎপাদন শুরু হবে। এটা হবেই, এ সম্পর্কে কোন সন্দেহ নেই।

এই প্রসঙ্গে একটা জরুরি রাজনৈতিক প্রশ্ন আমাদের সামনে চলে আসছে। প্রশ্নটি হচ্ছে, কেন্দ্রীয় অনুমোদনের প্রশ্ন এবং কেন্দ্র নিজে কি করবে, সেই প্রশ্ন। প্রশ্নটা হচ্ছে, ঐ জয়নাল আবেদিন সাহেবের জেলার প্রকল্পটি তো বন্ধ হয়ে গেল, এখন সাত্তার সাহেবের জেলায় একটা প্রকল্প আমরা গ্রহণ করেছি, ফরাক্কার পাশেই সাগরদীঘি থানার মনীগ্রামে — রেল স্টেশন আজীমগঞ্জ, জায়গাটা জঙ্গীপুর আর জিয়াগঞ্জের মাঝামাঝি — ২০০০ মেগাওয়াটের চারটে ইউনিট করবার জন্য সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির কাছে প্রকল্প পাঠিয়েছি। এ বিষয়ে আমরা মাননীয় সদস্যদের কাছ থেকে একটু সহযোগিতা চাই। ইন্দিরা কংগ্রেসের বন্ধু যাঁরা আছেন তাঁদের কাছ থেকে সহযোগিতা চাইছি যে, পশ্চিম দিনাজপুরের ঐ প্রকল্পের মত সাগরদীঘির প্রকল্পের অবস্থা যেন না হয়, তা আপনারা একটু দেখুন, আপনারা দিল্লীর কর্তৃপক্ষকে একটু বলুন। আমাদের অনেকগুলি প্রকল্প তো রাজনৈতিক কারণে আটকে আছে। হলদীয়ার বিভিন্ন প্রকল্প আটকে রাখা হয়েছে। সল্ট লেকের প্রকল্পকে আটকে রাখা হয়েছে। জাহাজ মেরামতি কারখানার প্রকল্পটিকে আটকে রাখা হয়েছে। কেন্দ্রীয় সরকার রাজনৈতিক উদ্দেশ্যে ঠিক করেছেন পশ্চিম বঙ্গের উন্নতির জন্য কোন প্রকল্পকে অনুমোদন দেবেন না। বিদ্যুৎ প্রকল্পের ক্ষেত্রেও তাঁরা এই জিনিষ করছেন। এই ক্ষেত্রেও এ জিনিষ তাঁরা যাতে না করেন তার জন্য সুনীতিবাবু, সুব্রতবাবুরা পশ্চিম বাংলার স্বার্থে পশ্চিম বাংলার মানুষের হয়ে তাঁদের যদি একটু বোঝাতে চেষ্টা করেন, তাহলে ভাল হয়। জানি না ওরা কি করবেন! তবে আমি ওদের কাছে এই আবেদন রাখছি।

**মিঃ স্পীকার :** মিঃ গুপ্ত, আপনি একটু বসুন। এই ব্যয় বরাদ্দের দাবীর ওপরে আলোচনার জন্য নির্দিষ্ট সময় সন্ধ্যা সাড়ে ৬টার সময়ে শেষ হয়ে যাবে। কিন্তু আমার মনে হচ্ছে আরো আধ ঘণ্টা সময়ের প্রয়োজন। আমি সভার অনুমতি নিয়ে আরো আধ ঘণ্টা সময় বৃদ্ধি করছি। আমি আশা করছি সভার সকলের এতে সম্মতি আছে।

( বিদ্যুৎ খাতের ব্যয় বরাদ্দের ওপর আলোচনার জন্য আরো আধ ঘণ্টা সময় বৃদ্ধি করা হয় )।

**শ্রীশঙ্কর গুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা প্রায়ই কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে শুনি যে, বিদ্যুৎ প্রকল্প নির্মাণের দায়িত্বটা ওদের হাতে ছেড়ে দিতে হবে, রাজ্যের হাতে রাখা চলবে না। এটা কঠিন ব্যাপার, জটিল ব্যাপার, অনেক টাকা লাগে, সুতরাং এটা কেন্দ্র করবে। তা কেন্দ্র কি করছে, সে সম্বন্ধে একটা নমুনা আমি মাননীয় সদস্যদের কাছে পেশ করছি। আমরা যা করছি তা নিয়ে তো ওরা অনেক কিছু বলছেন, তা এখন দেখুন নিজেরা কি করছেন। আমি সরকারের দায়িত্বে এসেই কাগজে দেখলাম কেন্দ্রীয় মন্ত্রীর পক্ষ থেকে বলা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের

দায়িত্বে বীরভূমে নাকি একটা মস্তবড় তাপ-বিদ্যুৎ কেন্দ্র হবে। অথচ সেই খবরে রেল স্টেশনের নাম নেই। বীরভূমের কোথায় হবে তার কোন উল্লেখ নেই। তাহলে কোথায় হবে এটা? এটা কি বীরভূম জুড়ে হবে? সারা বীরভূম জুড়ে তো আর একটা তাপ-বিদ্যুৎ কেন্দ্র হতে পারে না। সুতরাং আমি কেন্দ্রীয় মন্ত্রীর দপ্তরে চিঠি লিখে জানতে চাইলাম, বীরভূমের কোথায় তাপ-বিদ্যুৎ কেন্দ্র হবে, সেটা আমাদের জানান। কারণ একটা সাধারণ নিয়ম আছে — যে কোন রাজ্যে এই জাতীয় কোন প্রকল্প করতে হলে সংশ্লিষ্ট রাজ্য সরকারকে জমির জন্য লিখতে হয়, জলের জন্য লিখতে হয়। রেল লাইন করতে হবে কিনা তাও লিখে জানাতে হয়। এ ছাড়াও রাজ্য বিদ্যুৎ পর্ষদকে লিখতে হয়, জানাতে হয়। তা আমি তখন দপ্তরের সর্বত্র আতি-পাতি করে খুঁজে দেখলাম, কিন্তু কোথাও এ ব্যাপারের এক টুকরো কাগজও পেলাম না। যখন কোথাও কিছু খুঁজে পেলাম না তখন আমি ঐ চিঠি কেন্দ্রীয় মন্ত্রীকে লিখলাম। এক মাস পরে সেই চিঠির জবাব এলো যে, বীরভূমের কোন একটা জায়গায় কোন একটা প্রকল্প করা যায় কিনা, সেটা পরীক্ষা করতে বলেছি। এই চিঠি পেয়ে আমাদের কিছুটা আশা হলো, তখন আমরা খোঁজ করলাম সেণ্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির কাছে। তাদের কাছে আমরা লিখলাম যে, তোমরা বীরভূমের কোথায় তাপ-বিদ্যুৎ কেন্দ্র করার জন্য পরীক্ষা-নীরিক্ষা, গবেষণা করছ সেটা আমাদের একটু জানাও। ওরা আমাদের জানাল, আমরা তো কোথাও ঐ সব কিছু করছি না। আরো লিখল যে, বীরভূমটা কি জিনিষ? সেটা দিয়ে কি হয়? আমরা তখন বললাম যে, বীরভূম পশ্চিমবঙ্গের একটা জেলা, খবরের কাগজে পড়লাম এখানে নাকি কেন্দ্রীয় উদ্যোগে একটা মস্ত-বড় তাপ-বিদ্যুৎ কেন্দ্র হবে, মন্ত্রী নাকি প্রেস কনফারেনসে বলেছেন।

মেজিয়াতে দেখা গেল যে মস্ত বড় বিদ্যুৎ কেন্দ্র হবে। আমরা সেখানে খোঁজ-খবর করলাম। কি দেখা গেল? দেখা গেল মেজিয়ার তাপ বিদ্যুৎ করবে ডি. ভি. সি। বেশ ভাল কথা। আমাদের কাছে লুথার সাহেব এসেছিলেন এবং বললেন সহযোগিতা চাই। আমি জিজ্ঞাসা করলাম, অনুমোদন পেয়েছেন? আপনি যে করবেন তারজন্য কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষর অনুমোদন দিয়েছেন কি? তিনি বললেন এটা তো জানি না। আমি বললাম, ক্যাপিটাল কোথা থেকে আসবে সেটা বলুন? রেল-লাইন তৈরী হয়নি, আর সব হয়ে গেছে। শুধু অনেক দূরে কোথায় কয়লা আছে, কোথায় জল আছে এইসব দেখে মোটামুটি ধারণা হয়ে গেছে যে মেজিয়াতে তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প হবে। আমরা আন্দোলন করছি, হ্যাঁ, করতে হবে। ডি. ভি. সি করুন, তাতে আমাদের আপত্তি নেই। আমরা সহযোগিতা করবো কিন্তু রেল-লাইনের কি হবে? রেল-লাইন যদি ওখানে বসাতে হয় তাহলে তার খরচা কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্যসরকারকে ভাগ করে নিতে হবে। শুনেছেন কোথাও? সারা ভারতবর্ষের কোন জায়গায় বলা হয়েছে যে, এলাকার অর্থনৈতিক উন্নয়ন করতে যেয়ে কোথাও যদি রেললাইন পাততে হয় তাহলে সেই পাতার খরচ রাজ্য-সরকারকে ভাগ করে নিতে হবে? রেল-লাইন বসালে সারা ভারতবর্ষের সমস্ত জায়গায় অর্থনৈতিক উন্নতি নিশ্চয়ই হয়। হয় না? সুতরাং এই হচ্ছে চেহারা। এরপর মেজিয়ার জন্য অনুমোদন আসুক, রেল-লাইন পাতার

ব্যবস্থা হোক যাতে কয়লা আসতে পারে। কালিদাসপুর অঞ্চলে খনি হয়েছে। সেই কয়লা ব্যবহার করতে হবে। উপরের স্তরে মেটালার্জিক্যাল কয়লা সুতরাং সেটাকে আগে বার করে নিতে হবে এবং অন্য কাজে বাবহার করতে হবে। তারপর থারমাল পাওয়ার স্টেশনের জন্য উপযুক্ত কয়লা পাওয়া যাবে। তার আগে রাণীগঞ্জ থেকে আনতে হবে এবং তারজন্য রেল-লাইন চাই। অথচ তার আগেই মেজিয়ায় তাপ বিদ্যুৎ কেন্দ্র হচ্ছে বলে ঘোষনা করলেন। সুতরাং এইভাবে হবে না। এ ছাড়া সরকার পক্ষে মাননীয় কয়েকজন সদস্য গ্রামের বিদ্যুতের ব্যাপারে করেকটি কথা বলেছেন। আমি তাঁদের সঙ্গে দুঃশ্চিন্তা এবং উদ্বেগের অংশীদার। কারণ দু-একজন সদস্য বললেন, হিসাব-টিসাব ঠিক আছে কিনা। ৩৮ হাজার গ্রামের মধ্যে ১৬ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে, রানিং টোটাল হয়েছে। আমাদের আমলে কিছু হয়েছে আর আগেকার আমলের যা হয়েছে সেটা ধরে নিয়ে যোগ করে বলা যায়। এখানে মাননীয় সদস্য বিকাশ চৌধুরী মহাশয় জিজ্ঞাসা করেছেন ঠিক আছে তো? আমি দায়িত্ব নিয়ে বা ভরসা করে পুরো হিসাবটা বলতে পারছি না। প্রশ্নোত্তর দেবার সময়েতেও এইকথা বলেছিলাম। ওনারা দাবী করলেন যে আমরা করেছি। আমি ধরে নিচ্ছি ওনারা করেছেন। যোগ করে নিয়ে বলি, অভিজ্ঞতার ভিত্তিতে দেখলাম, ২।৩ হাজার গ্রামে বৈদ্যুতীকরন করেছেন। ওনারা ১০ হাজার দাবী করেন কিন্তু ২।৩ হাজার করেছেন। সব মিলে ১০ হাজার। আমাদের আমলে ৫।৬ হাজার আরোও করেছি। কথা হচ্ছে, তার গেছে, খুঁটি গেছে কিন্তু বৈদ্যুতীকরন করা হয়নি, আবার কোথাও কোথাও খালি পোল বসানো হয়েছে। সেইসবগুলো হিসাবের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। আমি বিভিন্ন জেলায় জেলায় ঘুরেছি; সেখানকার অফিসাদের সঙ্গে এই ব্যাপারে কথা বলেছি এবং বিভিন্ন জেলায় জেলায় যারা জনপ্রতিনিধি আছেন তাদের সঙ্গে পরামর্শ করেছি। তারা কেউ কেউ বলছেন তারে চার্জ দেওয়া হয়নি সেইজন্য চুরি হয়ে গেছে। এখন সেটা রি-ভাইটালাইজেসান অর্থাৎ পূর্ণ বৈদ্যুতীকরণ করতে হয়। কঠিন ব্যাপার। এগুলি আমাদের বাড়তি হিসাবের মধ্যে চলে আসছে। তারপর পুরুলিয়াতে গিয়েছিলাম। সেখানকার লোকেরা বলছেন সিদ্ধার্থ গোঁজ, অর্থাৎ সিদ্ধার্থ খুঁটি।

[6-35—6-45 p.m.]

সেই সিদ্ধার্থ গোঁজ জিনিষটা কি? সিদ্ধার্থ রায়ের আমলে অনেকগুলি গোঁজ, মানে খুঁটি পুঁতে দিয়ে তাঁরা চলে গিয়েছেলেন। এর নাম বিদ্যুৎ দেওয়া, আবার সেটাও হিসেবের মধ্যে আছে। এখন সব কিছুর দায় আমাদের উপর এসে পড়েছে। যেখানে শুধু গোঁজ ছিল সেখানে তার টাঙাও, যেখানে গোঁজ এবং তার আছে সেখানে বিদ্যুৎ চালাও, যেখানে চুরি হয়ে গেছে, যা ওঁদের চেলা চামুনডারা করেছেন, সেখানে আবার তার টাঙাও। এই সমস্ত ব্যবস্থা আমাদের করতে হচ্ছে এবং তার জন্যই অসুবিধা হচ্ছে। এজন্য সকলের সহযোগিতা চাই। আমরা দায়িত্বটা জানিয়ে একটা টীম করেছি তাতে সভাধিপতি, জেলা ম্যাজিস্ট্রেট এবং বিদ্যুৎ পর্ষদের যাঁরা প্রধান তাঁরা তিন জন একসঙ্গে বসে, পরে কোন জায়গায় আছে, কোন জায়গায় নেই সেটা দেখবেন। মাননীয় সদস্য বিকাশ চৌধুরী মহাশয় যা বললেন, তার আসল চেহারাটা কি তা খুঁজে

বার করে প্রতিকারের চেষ্টা আমরা করছি। এজন্য সকলের সহযোগিতা দরকার হবে। আমরা ডিপ টিউবওয়েলের কাজকর্ম, আর. এল. আই. এর কাজকর্ম আমাদের আর্থিক সংগতির মধ্যে যতটা করা যায় তা করছি। পেনডিং সার্ভিস কনেকসনের কথা একজন মাননীয় সদস্য বলেছেন তার কি হবে ? বিদ্যুৎ গেল, কিন্তু গ্রাহক কিছু পেল না এটাই হচ্ছে। আসল হিসেব আমি বলতে পারি, যে হিসেব আগে দেওয়া সম্ভব ছিল না, কংগ্রেসীদের আমলে তো নয়ই। ক্রমশঃ কাজের উন্নতি হচ্ছে। ১লা এপ্রিল, ১৯৮১ থেকে ৩১শে মার্চ, ১৯৮২ পর্য্যন্ত আমরা ডোমেস্টিক এবং কর্মাশিয়াল এ্যাণ্ড ইনডাষ্ট্রিয়াল সেক্টরে, এগ্রিকালচার সেক্টরে এবং বাল্ক কনজিউমার সেকটারে বেশী বিদ্যুৎ যাঁরা ব্যবহার করেন এই রকম যাঁরা আছেন, ভারী শিল্প ইত্যাদি সমস্তটা মিলে নতুন কানেকসন এই এক বছরে হয়েছে ৫২৩৫৪। এটাতে সি. ই. এস. সি. র হিসেব বাদ, ডি. ভি. সি. এলাকার হিসেব বাদ, ডি. পি. এলের হিসেব বাদ। West Bengal State Electricity Board. তাদের এলাকাতে ৫২৩৮৪ নতুন গ্রাহককে এই এক বছরে বিদ্যুতের যোগান দিতে পেরেছি। চেষ্টা করা হচ্ছে এবং চেষ্টাটা কি করে সুসংহত ভাবে হতে পারে, আরও অর্থপূর্ণ ভাবে কি করে গ্রামের মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছতে পারে, তার ব্যবহার সকলের অর্থনৈতিক এবং সামাজিক উন্নতির জন্য ব্যবহার করা যেতে পারে এ ব্যাপারে সদস্যারা বলবেন — সরকার পক্ষের এবং বিরোধীপক্ষের — বলবেন এবং তাঁদের সমস্ত সাজেসান আমরা নিশ্চয়ই শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করব এবং তার মধ্যে যেটুকু করা উচিত, করা সম্ভব বলে আমাদের বিবেচনায় আসবে করব বা সেগুলি করার চেষ্টা করব। এই আমার মোটামুটি বক্তব্য এবং আমি এটা বলতে চাই যে দুটো মূল সমস্যা, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সমস্যা সমাধানের জন্য ক্যাপাসিটি বাড়াতে হবে এবং ক্যাপাসিটি না বাড়াতে পারলে কিছুই হবে না। দ্বিতীয়তঃ যে ক্যাপাসিটি এখনও আছে তার অপারেশন, পরিচালনা যাতে স্টেবল হতে পারে সেটা যাতে আমরা ভালভাবে পরিচালনা করতে পারি তার জন্য বিদ্যুৎ শিল্পে নিযুক্ত অফিসার ইঞ্জিনীয়ার, কর্মী সমস্ত স্তরে যাঁরা আছেন তাঁদের এবং জনপ্রতিনিধিদের সহযোগিতা আমরা চাই। আমাদের বিদ্যুত কেন্দ্রগুলি যাতে ভালভাবে চালু হয় সেদিকে আমাদের সকলের যৌথ প্রচেষ্টা নিয়োজিত হওয়া দরকার। সে ব্যাপারে মাননীয় এই সভার সদস্যারা সহযোগিতা করবেন এই আশা রেখে যা কিছু কাট মোশন এখানে উপস্থিত করা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as moved.

| | | |
|---|---|---|
| **Dr. Zainal Abedin** | : | I beg to move that the Demand be reduced to Rs. 1 |
| **Shri Kashinath Misra**<br>**Shri Gyan Singh Sohanpal**<br>**Shri Abdul Mannan** | :<br>:<br>: | I beg to move that the Demand be reduced by Re. 100/- |

**Mr. Speaker :** I now put all the cut motions, except cut motion Nos. 1 to 4, 5, and 13 on which, I understand, division will be demanded, to vote.

The motion that the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

**Demand No. 67**

The motion of Dr. Zainal Abedin (Nos. 1 to 4) that the amount of the Demand be reduced to Re. 1, the motion of Shri Kashinath Misra (No. 5) that the amount of the Demand be reduced by Rs. 100 and the motion of Shri Abdul Mannan(No. 13) that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and a Division taken with the following result :

NOES—108

Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Subhas
Bera, Shrimati Chhaya
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakraborty, Shri Ajit
Chakraborty, Shri Jatin
Chakraborty, Shri Subhas
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Das, Shri Jagadish Chandra
De, Shri Bhibhuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Sankar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mir Fakir Mohammad, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singh, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

AYES—16

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Chattaraj, Shri Suniti
Kazi Hafizur Rahman, Shri
Mahata, Shri Subhas Chandra
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Sarkar, Shri Dhirendra Nath
Shaikh Imajuddin, Shri

ABSTENTIONS—2

Purkait, Shri Probodh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 16, the Noes 108, and the abstentions 2 the motions were lost.

The Motion of Shri Sankar Gupta that a sum of Rs. 55,13,00,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads: "334-Power Projects" and "734-Loans for Power Projects", was then put and agreed to.

The West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982

**Shri Jyoti Basu** : Sir, I beg to introduce the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982.

( Secretary then read the title of the Bill )

**Shri Jyoti Basu** : Sir, I beg to move that the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982, be taken into consideration.

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সদস্যদের মনে করিয়ে দিচ্ছি যে বাজেট পেশ করার সময় আমি উল্লেখ করেছিলাম আমরা বিভিন্ন জায়গা থেকে আমাদের রাজস্ব সংগ্রহ করবার চেষ্টা করবো। বিভিন্ন জিনিষের উপর ট্যাক্স বসিয়ে রাজস্ব আদায় আমাদের পক্ষে জরুরী, তা ছাড়া কোন উপায় নেই। সেই ধরনের একটা বিল আগের দিনে অনুমোদন লাভ করেছে। পুরোনো আইন যেটা ছিল তার কিছু সংশোধন করে আনা হয়েছিল। ৫০ কোটি টাকা আমাদের লেভি তুলতে হবে। এই বছরেই ২৬ কোটি টাকা লেভি তুলতে হবে। সেইজন্য আর একটা বিল এখানে আপনাদের সামনে পেস করেছি। সেটা হচ্ছে দূরদর্শনের ব্যাপারে। টেলিভিসান সেট যাদের আছে তাদের উপর একটা সামান্য ট্যাক্স ধার্য্য করা হচ্ছে। টেলিভিসান যাদের আছে তাদের বছরে ৫০ টাকা করে দিতে হবে। তবে আমরা বিভিন্ন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার বা জেলা পরিষদ, পঞ্চায়েত, পৌরসভা এদের বাদ দিচ্ছি।

[6-45—6-55 p.m.]

এইসব থেকে আমরা এটা বাদ দিয়েছি। তাদের যদি টেলিভিশান থাকে, তাহলে তাদের সেটা দিতে হবে না। আমাদের ধারণা, বাৎসরিক ৫০ টাকা করে যেটা আমরা দিতে বলেছি, তাতে যাঁদের টেলিভিশান আছে, তাঁদের খুব একটা অসুবিধা হবে বলে মনে করি না। কারণ এটা রেডিও বা ট্রানজিস্টারের মত নয়, যা এখন সুদূর গ্রামেও পৌঁছে গিয়েছে, সমস্ত পশ্চিম বাংলাতে ছড়িয়ে গিয়েছে। আমরা চাই সেটা আরও ছড়িয়ে পড়ুক। সেদিক থেকে টেলিভিশান এখনও সেই পর্যায়ে নেই। কালার টেলিভিশান এখন অল্পই আছে, কেন্দ্রীয় সরকারের ঘোষিত নীতি অনুসারে এটি অবশ্য আরও বেশী করে চালু হবার কথা আছে। যাই হোক, এই সমস্ত থেকে আমরা ১ কোটি টাকার উপরে সংগ্রহ করতে পারব বলে আশা রাখি। সেজন্য ঐ ২৬ কোটি টাকা বা যেটা মাত্র ৫০ টাকা করে ধরা হয়েছে, তার অঙ্গ হিসাবে টেলিভিশানের উপরে এই প্রস্তাবটা আমরা বিল আকারে এনেছি। আমার ধারণা, আমরা সংবিধানগতভাবে ভাবে রাজ্যসরকারের পদ থেকে এটা করতে পারি। সেজন্য আশা করি আপনারা এই বিলকে অনুমোদন করবেন।

**মিঃ স্পীকার ঃ** এই বিলের উপর শ্রীআবদুল মান্নানের একটা এ্যামেণ্ডমেণ্ট ছিল, সেটি আউট অফ অর্ডার ছিল। তিনি সেখানে যে, ১৯৮২ উল্লেখ করেছিলেন, এজন্য আমরা এটিকে কনসিডার করছি না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গরীব দেশে কোন কিছুর উপরে যখনই কোন ট্যাক্স বসানো হয়, তখনই তার ব্যয় ভার অনেক গরীব মানুষকে বহন করতে হয়। এই বোঝা আরও বেড়ে যায়, ট্যাক্সের হার যখন খুব বেশী করে চাপানো হয়

তখন। টেলিভিশানের উপর ট্যাক্স বাড়ালে আমাদের খুব বেশী যে আপত্তি আছে তা নয়, আপাত দৃষ্টিতে হয়ত নেই, তবুও আমি অর্থমন্ত্রীকে কয়েকটা দিক বিবেচনার জন্য অনুরোধ করব। বর্তমানে টেলিভিশান মানুষ সাধারণ ভাবে এ্যামিউজমেণ্টের জন্যই ব্যবহার করে তা নয়। এর কতকগুলি আনুষঙ্গিক প্রয়োজন ও ব্যবহারিক দিকও আছে। টেলিভিশান এখন কলকাতার কয়েকজন বুর্জোয়ারাই বা বড়লোকেরা ব্যবহার করেএমন নয়। টেলিভিশান এখন ম্যাস মিডিয়া, একজন ব্যাঙ্কের কেরাণীও একটা টেলিভিশান কেনার চেষ্টা করে। বর্তমানে টেলিভিশান শুধুমাত্র সিনেমার জন্য নয়, টেলিভিশান বরং আমাদের ক্লান্তি ও দুঃখকে কমিয়ে আনে। এটা আজকে শুধুমাত্র বুর্জোয়াদের ঘরেতেই দেখতে পাওয়া যায় তা নয়, কলকাতার সাধারণ বাড়ীতে এখন বিভিন্ন আনুষঙ্গিক প্রয়োজনের কারণে, যেমন সিনেমা, স্পোর্টস প্রভৃতির কারণে এর চাহিদা বৃদ্ধি পেয়েছে। এমন একটা অবস্থায়, বিশেষ করে এ্যাভারেজ প্রত্যেক বাড়ীতে যখন এর ব্যবহার হয়, তখন যথেচ্ছভাবে এ্যামুয়েজমেণ্ট ট্যাক্স বৃদ্ধির যে পরিকল্পনা আপনি করেছেন, তাতে টি. ভি. আমাদের দেশে দ্রুত গতিতে এগিয়ে যাবার যে প্রচেষ্টা তা ব্যাহত হবে, এর গতি রুদ্ধ হয়ে যাবে।

আরও আর একটা সাংঘাতিক জিনিষ আছে যে এর মধ্যে দিয়ে ইনডাইরেক্ট ট্যাক্সের প্রবনতা বাড়বে। অর্থাৎ যে মুহূর্তে প্রমোদকরের দিকে সরকার দৃষ্টি দেবেন সেই মুহূর্তে ইনডাইরেক্ট ট্যাক্স মারফত দাম বাড়াবার একটা প্রবনতা থাকবে। বিভিন্ন জায়গায় সরকার পক্ষ থেকে টি. ভি. তৈরী করা হয় ছোট ইণ্ডাস্ট্রি হিসেবে। কেরালা, উড়িষ্যায় এ জিনিষ আছে। আমাদের সরকারের তা নেই। একটা ছোট টি. ভি. সেট তৈরী করার ব্যবস্থা কল্যাণীতে হতে পারে এবং তাহলে সেখান থেকে ১ কোটি টাকা আমদানী করতে পারতেন। তা ছাড়া এখানে কোন স্ল্যাব করা হয় নি। বিভিন্ন জায়গায় সরকারী ও বেসরকারী ক্ষেত্রে স্ল্যাব করা হয়। ১/২ হাজার টাকা দামের টি. ভি. যারা কিনবে তাদের উপর কর হবে না, তার বেশি হলে কর দেবার প্রয়োজন হবে। এই রকম স্ল্যাবের ব্যবস্থা নেই আর একটা যেটা বিপদজনক বলে মনে করি রাজনৈতিক দিক থেকে সেটা হচ্ছে আমলাতন্ত্র এটাকে বিভিন্নভাবে প্রয়োগ করার চেষ্টা করবে। একটা তল্লাসী করার ক্ষমতা তাদের দেয়া হয়েছে। ৫০ টাকা ট্যাক্সের জন্য এটার বিভিন্নভাবে অপব্যয় হবে। টি. ভি. এখনও স্মল রেডিওর মত গ্রামে গ্রামে যায় নি এবং একটা শ্রেণীর মধ্যে এখনও আছে। কিন্তু যেহেতু এর বিকল্প ব্যবস্থা করা যায় এবং ট্যাক্স আমাদের সীমিত ব্যবস্থা আছে সেহেতু এ দিক থেকে একে অব্যাহতি দেবার ব্যবস্থা করা যায়। য়্যাট লিষ্ট স্ল্যাবের ব্যবস্থা করুন এবং তল্লাসী ব্যবস্থার উচ্ছেদ করুন। সরকারের তরফ থেকে বিভিন্ন প্রতিষ্ঠানে মাস মিডিয়া হিসেবে এটা দেবার ব্যবস্থা করা হয়েছিল আমাদের সময়ে। সেটা আবার চালু করুন। পঞ্চায়েত, জেলা পরিষদ এবং তার সঙ্গে কিছু রেজিষ্টার্ড ক্লাবগুলিকে যোগ করা দরকার এগুলি দেবার জন্য। এসব জায়গায় ছাড় দেওয়া উচিত এবং সরকার পক্ষ থেকে টি. ভি. তৈরী করার, সাপ্লাই করার ব্যবস্থা করা হোক। আর একটা আবেদন হচ্ছে অনেকগুলি ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ছাড় দেওয়া হয়েছে সেখানে তার সঙ্গে আরও কিছু বাড়ান দরকার। সামান্য যারা ব্যবসা

করে টি. ভি. নিয়ে তারা এখানকার ছেলে। সেখানে যদি বিধি নিষেধ করেন তাহলে আমলাতন্ত্রের পেছনে ছুটতে ছুটতে এদের হয়রানি হতে হবে। কর একটাতে হবে কিন্তু তার প্রবণতা অন্য দিকে যাবে। বিল মানে কোন রিজিড ব্যাপার নয়, ইচ্ছা করলে সংশোধন করতে পারেন। আমার আবেদন যদি গ্রহণ করেন তাহলে ধন্যবাদ জানাবো।

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করে ২/১টি কথা বলতে চাই। আমরা চাই যত কম কর জনসাধারণের চাপে ততই জনসাধারণের মংগল। কিন্তু দুঃখের বিষয় ভারতবর্ষের যে অর্থনৈতিক কাঠামো সেই কাঠামোর উপর দাঁড়িয়ে পশ্চিম বাংলার মত সরকার পরিকল্পনা করতে গিয়ে অনেক অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। বাজেটে অর্থমন্ত্রী মহাশয় যে অবস্থার চিত্র তুলে ধরেছেন সেখান থেকে এ জিনিষ উপলব্ধি করতে পারা যায়। ওভারড্রাফট নিয়ে আমাদের সরকারকে খুব বিব্রত হতে হচ্ছে। পুঁজিবাদী ব্যবস্থার ফলে মুদ্রাস্ফীতির জন্য পরিকল্পনা রূপায়ন করা সম্ভব হয়নি। আবার ভারত সরকারের নীতির ফলে বাংলা সরকারের যেখানে সম্পদ সংগ্রহের সম্ভাবনা ছিল সেখানে তাকে সংকুচিত করার জন্য এই অবস্থা তাঁরা চিনি, পশম ইত্যাদি জিনিষের উপর থেকে বিক্রয়কর তুলে দিলেন এবং যেখান থেকে রাজ্য সরকারের অতিরিক্ত বিক্রয় করের সুযোগ ছিল তাও সংকুচিত হবার চেষ্টা চলছে।

আভ্যন্তরীন ঋণদান সংস্থাগুলি থেকে রাজ্য সরকারের ঋণ পাওয়ার যে সুযোগ ছিল তাকেও সঙ্কুচিত করা হয়েছে। আজ ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা খাতে আভ্যন্তরীন ক্ষেত্র থেকে কেন্দ্রীয় সরকার প্রায় ২০ হাজার কোটি টাকা সংগ্রহ করার চেষ্টা করছেন, তার মধ্যে মাত্র ২৫ কোটি টাকা বিভিন্ন রাজ্যগুলিকে দেবেন। যদি এই অংশ ৫০ শতাংশ বাড়ান হয় তাহলে ৫ হাজার কোটি টাকা রাজ্যগুলি পাবে। তা হলে রাজ্য সরকারকে কর চাপাতে হত না এবং এই উদ্বৃত্ত সম্পদ থেকে জনসাধারণের জন্য কিছু করা সম্ভব হত। কেন্দ্রীয় সরকার তার ঘাটতি অর্থনীতি পূরণ করার জন্য আভ্যন্তরীণ ক্ষেত্রে ঋণ সংগ্রহ করেন, বিদেশ থেকে ঋণ সংগ্রহ করেন এবং কাগজের টাকা ছাপাবার যন্ত্র আছে তা দিয়ে তাঁরা টাকা ছাপেন। কিন্তু ভারতবর্ষের অর্থনৈতিক সম্পদ যেটা পুঁজিপতিদের করায়ত্ব আছে তাদের হাতকে শিথিল করে তাদের কাছ থেকে কালো টাকা উদ্ধার না করে এইভাবে তাঁদের যে অর্থনীতি গড়ে তোলার চেষ্টা করছেন তার পরিণতি হিসাবে দেশে এই অর্থনৈতিক সংকট আমরা লক্ষ্য করছি। পশ্চিমবংগ সরকার কর বিমুক্তভাবে সম্পদ সংগ্রহ করার জন্য যে স্বল্প সঞ্চয়গুলি তৈরী করেছেন সেই স্বল্প সঞ্চয় থেকে রাজ্যসরকার যাতে সম্পদ সংগ্রহ করতে না পারেন তারজন্য বিশেষ পুঁজি বিনিয়োগ বণ্ড কেন্দ্রীয় সরকার চালু করলেন বিশেষ সুযোগ-সুবিধা দিয়ে। ফলে কর বিমুক্তভাবে সম্পদ সংগ্রহের ব্যাপারে যে সুযোগ ছিল রাজ্য সরকারের তাকে সঙ্কুচিত করার চেষ্টা চলেছে। এই ধরণের একটা অর্থনৈতিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আজকে রাজ্য সরকারকে কিছু কিছু ক্ষেত্রে কর চাপাতে হচ্ছে। তবুও আমরা মনে করি আমরা এমন একটা সমাজ ব্যবস্থা চাই যে সমাজ ব্যবস্থায় বেশী বেশী করভরে জনসাধারণ জর্জরিত হবে না। সুতরাং টেলিভিশানের উপর কর

আহরণ করার যে প্রচেষ্টা অর্থমন্ত্রী মহাশয় করেছেন আমরা তাকে স্বাগত জানাচ্ছি এই কারণে যে এই কর চাপানর ফলে ব্যাপক মানুষের উপর চাপ সৃষ্টি হবে না, কতিপয় মানুষের উপর উপর চাপ সৃষ্টি হবে। ভবিষ্যতে অর্থনৈতিক বুনিয়াদ যদি সুদৃঢ় হয় তাহলে হয়ত এটা পরিবর্তন করা সম্ভব হতে পারে। সুতরাং টেলিভিশানের মাধ্যমে কর আদায় করার যে প্রস্তাব করা হয়েছে তাকে স্বাগত জানাচ্ছি এবং সমর্থন করছি এবং সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ উপযোজন (২নং) বিধেয়ক, ১৯৮২, যা উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। স্যার, আমরা দেখলাম বিরোধী পক্ষের মাননীয় সদস্য সুব্রত মুখোপাধ্যায় সরাসরি এই ট্যাক্সের বিরোধিতা করতে পারেননি খুব সংগত কারণেই। আজকে জন সমর্থন পেতে গেলে সাধারণ মানুষ, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, কৃষক, শ্রমিকের কথা তাঁকে বলতে হয়, আজকে এই ট্যাক্সের মধ্য দিয়ে যাঁদের উপর আঘাত এসেছে তাঁরা এই শ্রেণীভুক্ত নন। আমরা জানি টি. ভি. যাদের মধ্যে চল তারা হচ্ছে উচ্চ মধ্যবিত্ত সম্পন্ন পরিবার। স্বভাবতঃই এই যে ৫০ টাকা ট্যাক্স বাড়ছে এতে ব্যাপক জনসাধারণের কিছু এসে যায় না। খুব সংগত কারণেই সুব্রতবাবুর সরাসরি আপত্তি করতে বেধেছে। কিন্তু আমরা দেখেছি এই ট্যাক্স যাতে আদায় না হয় সেদিকে তাঁদের তীক্ষ্ণ দৃষ্টি আছে। এই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে যে পরিকল্পনা করা হয়েছে, প্রত্যেকের ঘরে ঢুকে তল্লাসী করার যে অধিকার দেওয়া হয়েছে সেক্ষেত্রে বাধা সৃষ্টি করার জন্য দেখা যাচ্ছে আবদুল মান্নানকে দিয়ে এ্যামেণ্ডমেন্ট মুভ করা হয়েছে যে ঐ ক্লজটাকে অমিট করা হোক। ট্যাক্স ধার্য করা হবে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক বুনিয়াদকে শক্ত করার জন্য। কেন্দ্রের বৈষম্যের জন্য পশ্চিমবঙ্গ একটা অর্থনৈতিক সঙ্কটের মধ্য দিয়ে চলছে, সেক্ষেত্রে কিছু কিছু ক্ষেত্রে ট্যাক্স বাড়ান ছাড়া উপায় নেই। কিন্ত ওঁরা সেক্ষেত্রে অত্যন্ত পরিকল্পিতভাবে বাধা সৃষ্টি করছেন, তাই এ্যামেণ্ডমেণ্টের মধ্যে বলছেন যে ঐ ক্লজটাকে অমিট করা হোক, অর্থাৎ ট্যাক্স যাতে আদায় না হয় সেই দিকে ওঁদের দৃষ্টি আছে। অপরদিকে আমরা দেখছি গ্রামে গঞ্জে ব্যাপক জনসাধারণ-নিম্ন মধ্যবিত্ত, গরীব, সাধারণ মানুষ তারা টি. ভি. কিনতে পারেন না।

তারা একটা মজলিসে সমবেত হল এবং সেখানে টি. ভি. গিয়েছে। আমরা দেখেছি একটা গ্রামে একটা সংস্থা এই রকম করেছে। শিক্ষা প্রতিষ্ঠান টি. ভি. নিয়েছে। এগুলি যাতে বাদ দেওয়া হয় তার জন্য আমি অর্থমন্ত্রীকে অনুরোধ জানাবো। বিগত পাঁচ বছরে বামফ্রণ্ট সরকার আসার পর ব্যাপকভাবে গ্রন্থাগার বিশেষ করে গ্রামাঞ্চলে স্থাপিত হয়েছে। এটা একটা বিরাট এ্যাচিভমেণ্ট বামফ্রণ্ট সরকারের। এই গ্রন্থাগার লোকশিক্ষার একটা বিশেষ বাহন হয়ে পড়েছে। এ্যাথেলেটিক ক্লাবের কথা বলেছেন। আমি সেদিকে যাচ্ছি না। এই গ্রন্থাগারগুলিকে এর আওতার বাইরে রাখার জন্য আমি তাঁর কাছে আবেদন জানাচ্ছি। এখন হয়তো সম্ভব হবে না। এই সংশোধনীটি যে কোন সময়ে যুক্ত করে দেবার জন্য অনুরোধ করছি। এতে গ্রামের মানুষ উপকৃত হবে। যেহেতু সাধারণ মানুষের উপর আঘাত হচ্ছে না, এটা নিঃসন্দেহে বলা যায়

এই ট্যাক্স উপযুক্ত হয়েছে। এখানে মধ্যবিত্ত নিম্নমধ্যবিত্তদের যাঁরা প্রতিনিধিত্ব করছেন তাঁরা নিশ্চয় অনুধাবন করতে পারছেন যে এই ২৫ কোটি কোথা থেকে আসবে। এখানে আমি একটা পরিষ্কার দৃষ্টিভঙ্গি দেখতে পাচ্ছি। ট্যাক্স আদায়ের ক্ষেত্রে সাধারণ মানুষকে আক্রমণ করা হচ্ছে না। তাই এই বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় সুব্রতবাবু বিরোধীতা করতে গিয়েও ঠিক বিরোধিতা করতে পারেন নি। আসলে তিনি নিজে জানেন যে ধনী উচ্চ মধ্যবিত্তরাই টি. ভি. কেনেন। উনি বললেন, আমি জানি না, ব্যাঙ্কের কেরানীরাও নাকি টি. ভি. কেনেন, আবার অনেকে নাকি ইন্সটলমেন্টেও টি. ভি কেনেন। এদের রেহাই দেবার কথা বলেছেন। নিশ্চয় ধরে নিতে হবে তাদের অন্য কোন আরও রোজগার আছে। আর এখন ব্যাঙ্কের ক্লার্কদের মাহিনাও অনেক। ইন্দিরা কংগ্রেসের সুব্রতবাবু ছেড়ে দিতে বলেছেন। আমি ওনাকে বলি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যে ৫০ টাকা লাইসেন্স নেন, সেটা ওদের ছেড়ে দিতে বলুন না কেন। আপনি গরীব ব্যাঙ্কের কেরানীদের প্রতি যে দরদ দেখাচ্ছেন, আপনি গিয়ে বলুন না ঐ ৫০ টাকা ছেড়ে দিতে। তাহলে সমস্ত সমস্যা সমাধান হয়ে যায়। ইন্দিরা কংগ্রেস ছাড়েন নি। এখানে আমাদের হাতড়ে-হুতড়ে পশ্চিমবাংলার রাজস্ব বাড়াবার জন্য তিনি যে চেষ্টা করছেন তার জন্য আমি ওনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি অনুরোধ করবো ইন্দিরা কংগ্রেস টি. ভি-র লাইসেন্স তুলে দিন। রেডিওতে রেহাই দিয়েছেন। আপনারা এই ৫০ টাকা রেহাই করে দিন, তাহলে ব্যাঙ্কের কেরানী রেহাই পাবে এবং বড়লোকদেরও স্বার্থ রক্ষা হবে। আপনারা চলুন, আমরা আপনাদের সঙ্গে যেতে রাজী আছি — আমরাও সমর্থন করবো।

[7-05—7-15 p.m.]

পাঞ্জাবীর মত অবস্থা, এখানে ছিঁড়ে যাচ্ছে সেলাই করছে, ওখানে ছিঁড়ে যাচ্ছে সেলাই করছে মুখ্যমন্ত্রীর এই হচ্ছে অবস্থাটা। সেটাকে নিয়ে কোনমতে উনি চালাবার চেষ্টা করছেন। অতএব সেটা আপনি বিবেচনা করুন। বিবেচনা করে আপনি এটাকে সমর্থন করুন। বিরোধিতা করবেন না এবং এইভাবে আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। আমরা সুব্রতবাবুকে বলছি উনি কেন্দ্রীয় সরকারের কাছে যান এবং ঐ ৫০ টাকার লাইসেন্সটা মকুব করার চেষ্টা করুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় যে বিলের প্রস্তাব এখানে তিনি করেছেন এতে বিরোধিতা করার উপাদান নেই। কিন্তু একটা কথা যেটা উঠেছে, টি. ভি. তো বিশেষ বিশেষ ফার্ম তৈরী করে, ওয়েষ্ট-বেঙ্গলে ওয়েবেল তৈরী করছে। সুতরাং কেনার সময় তো উই ক্যান মেনটেন এ রেজিষ্টার। ভূমি রাজস্ব মন্ত্রী বলেছেন, কার কত জমি আছে তার একটা পাশবই থাকবে। এখানে কার কোথায় টি. ভি. আছে — টি. ভি. ইজ নট এ স্মল থিং এটা যদি একটা রেকর্ড থাকে তাহলে কোন অসুবিধা হয় না — সার্চের অনুমতি নিচ্ছেন কেন? ব্রিটিশ এটা তৈরী করেছিল Search is a humiliating process

by any standard. তখন আমরা খুব আপত্তি করেছিলাম। এটা কি করে লুকিয়ে রাখবে? তবুও আপনার তো আরও চ্যানেল আছে, আপনি এটা মিনিমাম দেখুন যদি সার্চ ইজ নেসেসারী, এটা যেন হিউমিলিয়েটিং পর্য্যায়ে না পৌঁছয়। এ্যাবিউজ যেন না হয়, এটাই আপনার কাছে অনুরোধ করব। আপনার রেকর্ড থাকছে, এটা যেন এ্যাবিউজ বা কোন হিউমিলিয়েসনে না পৌঁছোয়। এটাই বিশেষভাবে অনুরোধ করব। আপনার প্রস্তাবের আমি বিরোধিতা করছি না। টি. ভি. যারা ব্যবহার করবে তাদের আত্মমর্য্যাদা থাকবে নট টু এ্যাভয়েড ট্যাক্স। সেলার এ্যাণ্ড পারচেজার এর মধ্যে কোন লিংক করে রেজিষ্টার করা যায় কিনা সেটা একটু দেখবেন। জমির জন্য যদি আপনারা রেজিষ্টার করতে পারেন তাহলে টি. ভি. র ব্যাপারে কেন রেজিষ্টার হবে না? এই বলে, এই বিলের বিরোধিতা না করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, বিশেষ কিছু আমার বলার নেই। এটা আমি লক্ষ্য করছি, বিরোধী পক্ষের সদস্যরাও বুঝেছেন যে, আমরা এখানে ওখানে বিভিন্ন জায়গায় দেখছি কোথায় কোথায় কত কম ট্যাক্স করতে পারি এবং কাদের উপর এটা পড়ে সেটাও ওরা বুঝেছেন। টেলিভিসনের ব্যাপারে সুব্রত বাবু যেটা বললেন — তাতে ঠিক ঐ নীতিগতভাবে তিনি এর বিরোধিতা করেন নি। আর ডাঃ আবেদিন তো সমর্থন করে বলেছেন, তার জন্য আমি আনন্দিত। আমরা এটাতে কি অর্থ পাই, কি হয়, সেটা দেখে নিই। আমি আপনাদের কাছে আগেই বলেছি, যদি ট্রানজিস্টার রেডিওর উপর এই রকম কোন প্রশ্ন আসত তাহলে অন্ততঃ তাতে কারো রাজি হওয়া উচিত হত না। কারণ, এটা তো গ্রাম বাংলায় ছড়িয়ে গেছে, সমস্ত জায়গাতেই গেছে। কিন্তু টেলিভিশনের ব্যাপার এখনো সেই পর্য্যায়ে পড়ে নি। আমি জানি না কবে সেই পর্যায়ে পৌঁছে যাবে। সেই পর্যায়ে চলে গেলে চমৎকার ব্যাপার হবে। তখন বিচার করতে হবে কত সস্তা হচ্ছে, কারা এটা ব্যবহার করছে ইত্যাদি। কাজেই এখন সেই বিষয়ে কিছু বলছি না। তবে সুব্রতবাবু বলেছেন ব্যাঙ্ক কর্মচারী বা সাধারণ মানুষ অনেকেই টেলিভিসন কিনছেন। তবে ব্যাপারটা এখনো ঠিক সেই পর্যায়ে যায় নি। এখন কিছু ব্যাঙ্ক কর্মচারী কেনেন। কারণ, ব্যাঙ্কে নানা রকম বেতন পান এবং উপর দিকে যারা আছেন তারা নিশ্চয় কিনতে পারেন। অনেক রকম ধার নিতে পারেন, কয়েক বছর ধরে তাদের দাম দিতে হয়। কাজেই তাদের নানা রকম সুযোগ সুবিধা আছে। কেন্দ্রীয় সরকার যেটা নেন তার উপর বছরে ৫০ টাকা, মাসে প্রায় ৪ টাকার মত হয়, এটা দিতে তাদের অসুবিধা হবে বলে আমার মনে হয় না, বিশেষ করে আমাদের প্রয়োজনটা তারা যদি একটু মনে করেন। কাজেই সেই হিসাবে এটাকে আমরা দেখছি। আর অন্য যারা আছেন, তাদের অর্ডিনারি বলা যায় না এ্যাভারেজের মধ্যে যারা পড়ে না, সাধারণ যাদের বলা যায় না, তারা এটা অনায়াসেই দিতে পারবেন। এই টাকাটা তাদের ধর্তব্যের মধ্যে নেই, অথচ এটা আমাদের খুব কাজে লাগবে। ম্যানুফ্যাকচার যারা করছেন তারা ঐভাবে চেষ্টা করছেন — আমরা দেখছি বড় জাপানী কোম্পানী এখানে আসছেন, তারা কালার টিলিভিসন তৈরী করবেন। পশ্চিমবাংলায় সল্ট লেকে আমরা ইলেকট্রনিক্সের কারখানা স্থাপনের ব্যাপারে আমাদের উদ্যোগের কথাও আপনাদের জানা আছে। কাজেই সেদিক থেকে আমরা কখনই চাই না যে, সেই সব

কাজ ব্যাহত হোক। কারণ ইলেকট্রনিক্স অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। ইলেকট্রনিক্স মানে টেলিভিসন নয়, নানা রকম জিনিস পৃথিবীতে হচ্ছে। বিরোধী পক্ষের সদস্যরা জানেন ৩/৪ বছর ধরে জনতা পার্টির সময় থেকে আমরা চেষ্টা করে আসছি যাতে করে সল্ট লেকে একটা ইলেকট্রনিক্স কমপ্লেক্স গড়ে ওঠে এবং এর জন্য আমরা ১০০ একর জমিও রেখে দিয়েছি। আমি এক বছর আগেকার কথা বলছি — ইন্দিরা গান্ধীর সঙ্গে আমার যখন দেখা হয় সেই সময় এটা নিয়ে বলেছি। উনি একদিন আমার কথা সব শুনলেন। আমি বললাম এটা হচ্ছে না কেন ?

আপনাদের যে কর্পোরেশন আছে, তাদের কিছু স্কীম হয় এবং কিছু জায়গায় তারা করেছেন। এখনো কিছু নতুন করে ইউনিট হবে, কিন্তু পশ্চিম বাংলায় হচ্ছে না কেন ? এখানে কিছু ডিফেন্স ইউনিট আছে দেশ রক্ষা বিভাগের — কেন হবে না ? উনি একটি রিপোর্ট পড়ে শোনালেন। কিছু অফিসার ওঁকে রিপোর্ট দিয়েছেন, ওখানে হতে পারে, তবে এটা করা উচিত হবে না। তারকারণ পশ্চিম বাংলা বর্ডার স্টেট। আমি তো হতবাক হয়ে গেলাম। এটা কি জানেন মার্কিন সাম্রাজ্যবাদ পাকিস্তানকে এফ ১৬ দিচ্ছে ? সেটা তো আগে দিল্লীতে পেঁছবে, তার পরে সল্ট লেকে পেঁছবে। আর বাংলাদেশের সঙ্গে বিপদের কোন রকম ঝুঁকিও আমাদের নেই। উনি বললেন না, না, I have not accepted all these. But since you are asking me, I have brought this report, which have been placed before me by some of my officer's. আমি বললাম ঠিক আছে, আপনি এটা দেখুন। আপনি দেবেন না, দেবেন না, কিন্তু এই সব বললে হবে না। কারণ, আমরা চাই ইলেট্রনিক্স ইনডাষ্ট্রি এখানে গড়ে উঠুক। ডিফেন্সের ব্যাপারে ৪ হাজার কোটি টাকা খরচ হবে, আমরা চাই তার কিছু অংশ এখানে আসুক। ইলেকট্রনিক্স তার মধ্যে পড়ে, আরো অনেক কিছু পড়ে। যাই হোক, আমি এটা শুধু এখানে বলে দিলাম। তবে আমরা আমাদের নিজেদের প্রচেষ্টায় কিছু করেছি। ছোট ছোট ৪টি হয়েছে। জয়েন্ট সেক্টার, এই সব করে করা হয়েছে। তারাতলায় কারখানা আছে। এই ভাবে আমরা জয়েণ্ট সেক্টারে করছি। এগুলি ব্যাহত হবে না। এই যে ৫০ কোটি টাকা আমরা ধার্য করছি, তার জন্য কোন কাজ ব্যাহত হবে না। যদি ব্যাহত হত তাহলে এর জন্য আমরা কখনই করতাম না। সার্চের ব্যাপারে কথা উঠেছে। ক্লজ ৮ — এ যেটা আছে — আপনারা ধরে নিচ্ছেন কেন এটা থাকতে হবে ? এর জন্য রেজিষ্টার একটা থাকতে হবে। আমাদের তো ল্যাণ্ড রেজিষ্টার আছে, কিন্তু তা সত্বেও হাতী, ঘোড়া, ইত্যাদির নামে জমিদার, জোতদাররা তো জমি লুকিয়ে রেখে দিয়েছে। এটা আগেও তো ছিল, এখনো অনেক আছে। আমরা এখনো সব খুঁজে বের করতে পারিনি।

[7-15—7-24 p.m.]

রেজিষ্টার দিয়ে কি সব চলে ? আইনের মধ্যে এটা থাকতে হয়। তবে এটা স্বাভাবিক একটা সভ্য দেশে বিশেষ করে পশ্চিমবঙ্গে যেখানে আমরা বিনা বিচারে মানুষকে আটক করতে চাই না — সেই আইন আমাদের নেই কেন্দ্রের মতন, এটাতে সাবধান হতে হবে। যারা এইসব কাজ করবেন, কোন জায়গায় যাবেন খবর পেয়ে

যে লুকিয়ে রেখেছে বা কেউ বিদেশ থেকে স্মাগল করে এনে অপারেট করছে সেগুলি থাকতে পারে, এটা আমাদের দেখতে হবে। এটা একটা খুব বড় কথা নয় তবে সাবধানতা নিশ্চয় অবলম্বন করতে হবে। এ ব্যাপারে অনর্থক কাউকে আমরা অপমান করতে চাই না। তারপর জয়ন্তবাবু যেটা বললেন সেটা ঠিক ঐ ভাবে লেখা নেই। তবে আমার মনে হয় একটা ব্যবস্থা আমাদের কিছু করতে হবে। অন্য এডুকেশন্যাল ইনসটিটিউসানের কথা আমরা বলেছি কিন্তু লাইব্রেরিটা ঠিক ঐ পর্যায়ে বোধ হয় পড়ে না। এখানে ক্লজ সিক্স যেটা আছে ৭ নং — এ সেখানে আমরা বলেছি রুলস করে একজেম্পট করতে পারি আরো কিছু যা করার দরকার হবে। আমার মনে হয় নিশ্চয় লাইব্রেরীটা সেই পর্যায়ে পড়ে যাদের একজেম্পট আমাদের করতে হবে যদি তারা শিক্ষার জন্য চাঁদা তুলে টি. ভি. সেট আনেন। আর একটি কথা এই প্রসঙ্গে বলতে চাই, কেন্দ্র নানাভাবে নানা দিকে ট্যাক্স করছেন। ডিজেল বলুন, কয়লা বলুন, চা বলুন, কত দিকে তারা ট্যাক্স করছেন, বৈদেশিক মুদ্রা আনছেন, আমরা আর তা থেকে কত টাকা পাই, কাজেই আমাদের এইভাবে চেষ্টা করতে হচ্ছে। কোন উপায় যদি ওঁরা আমাকে বলে দিতে পারেন যে এগুলি আপনারা করবেন না, এই দিকে করুন, তাহলে আমি করতাম কিন্তু তা ওঁরা বলতে পারছেন না। আমাদের একটা বিল আটকে গিয়েছে কেন্দ্রে ৬।৭ মাস ধরে যেটা আমরা এখান থেকে পাশ করেছি সেটা হচ্ছে একটা কমপ্রিহেনসিভ ল্যাণ্ড রিফরমস বিল। সেটা হলে গ্রামের উন্নতিসাধন থেকে আরম্ভ করে নানান দিকে সুবিধা হয়। আমরা একটা হিসাবপত্র করেছি, উপরতলার মুষ্টিমেয় মানুষ তাদের কাছ থেকে আমরা কি পেতে পারি, না পারি। সেটাতে কৃষক, ক্ষেত-মজুর, সাধারণ মানুষের উপর নয় উপরতলার মানুষের দিকে আমরা নজর দিয়েছি। আমরা মনে করছি এটা করা যায়। কিন্তু সেখানে যদি এইভাবে আটকে যায়, সংবিধানের বাধাগুলি যদি থেকেই যায় তাহলে আগেও বলেছি, আবার বলছি, আমাদের বিপদ। আমরা জানি ২/৪ কোটি টাকা হয়ত ট্যাক্স করতে পারি কিন্তু বেশী ট্যাক্স করার জায়গা নেই, এই রকম একটা অবস্থায় পশ্চিমবঙ্গে আমরা আছি। কেন্দ্র-রাজ্য সম্পর্ক, ৩০ভার ড্রাফট এইসব কথা আপনাদের কাছে বলেছি, আর বলছি না। আমি আশা করি এই বিল আপনারা অনুমোদন করবেন।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 4

**Mr. Speaker :** There are amendments to clause 4. Amendment No. 3 is out of order as Governor's recommendation is required under Art. 204(2) of the Constitution of India. Amendment No. 2 may now be moved by Shri Abdul Mannan.

...(Pause)...

As the member is absent the amendment is not moved.

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি। মাস মিডিয়ার উপর এই যে ট্যাক্স — ওঁর ডিপার্টমেণ্ট ভাল বলতে পারবেন — রেডিওর উপর লাইসেন্সে মূলতঃ কেন্দ্রীয় সরকারের একটা ব্যাপার থাকে। মাস মিডিয়ার উপর আপনি যখন ট্যাক্স করছেন, আপনি বিক্রয়ের উপর করছেন না, বিক্রয় কর ডাইরেক্টলি স্টেট সাবজেক্ট। কিন্তু এই ক্ষেত্রে অনুমতির প্রয়োজন আছে কি না এবং কোন জটিলতার সৃষ্টি আছে কি না, এটা যদি উনি বলেন।

**শ্রীজ্যোতি বসু** ঃ আমি মনে করছি এটা করা যায়।

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 5

**Mr. Speaker:** There is an amendment to clause 5 by Shri Abdul Mannan. As he is not present, it is not moved.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 6

**Mr. Speaker:** There are amendments to clause 6 by Shri Kashinath Misra and Shri Patit Paban Pathak. I understand that Shri Kashinath Misra will not move his amendment. So I now call upon Shri Patit Paban Pathak to move his amendment.

**Shri Patit Paban Pathak:** Sir, I beg to move that in clause 6, in sub-clause (3), for the words "shall be liable to pay tax only in respect of three television sets", the words "shall not be liable to pay any tax" be substituted.

**শ্রীজ্যোতি বসু** ঃ এটা আমি গ্রহণ করছি। কারণ আমাদের একটা ধারণা হয়েছে বিলটা ছাপাবার পরে যে ওখানে যা ছিল সেটা ঠিক হবে না। অর্থাৎ যারা বিক্রয় করছে, শো কেসে আছে। তাদেরও বলা হয়েছিল যে ৩টির উপরে আমরা ট্যাক্স বসাতে পারি কিন্তু এটা খুব কঠিন ব্যাপার। তারা বলবেন যে আমরা এটা ব্যবহার করি না। কাজেই আমার মনে হয় এই সমস্ত জটিলতার মধ্যে না গিয়ে, গোলমালের মধ্যে না গিয়ে, এটা ডিলিট করা উচিত অর্থাৎ তার উপর কোন ট্যাক্স হবে না।

The motion of Shri Patit Paban Pathak that in clause 6, in sub-clause (3), for the words "shall be liable to pay tax only in respect of three television sets", the words "shall not be liable to pay any tax", be substituted, was then put and agreed to.

The question that Clause 6, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 7

The question that Clause 7 do stand part of the Bill was then put end agreed to.

### Clause 8

**Mr. Speaker :** There is an amendment to clause 8 by Shri Abdul Mannan. But the amendment is out of order under rule 81 (viii) of our Rules of Business and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 9 to 13 and Preamble

The question that Clauses 9 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal Enteriainment-cum-Amousement Tax Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-24 p.m. till 11 a.m. on Thursday, the 23rd September, 1982, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thusday, the 23rd September 1982 at 11 a.m.

### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 16 Ministers, 17 Ministers of State and 185 Members.

[11-00—11-10 p.m.]

### Adjournment Motion

**Mr. Speaker :** I have received four notices of Adjournment Motion to-day. The first is from Shri Abdul Mannan which deals with public resentment on reported irregularities in the transaction of money between C.M.D.A. and two Private Contractors' firms. The second is from Shri Suniti Chattaraj, which deals with reported charge of irregularity against the Minister-in-Charge of Municipal Services. The third is from Shri Sk. Imajuddin which deals with alleged assault on Shri Amiya Kisku, Principal of Bankura Christian College and the last is from Shri Kashinath Misra which deals with damage of crops due to drought.

Regarding the first two motions one statement will be made by the Minister on 24.9.1982 in response to a Calling Attention Notice on substantially the same subject. The subject matters of the third and fourth motions are not such as to merit an adjournment motion. Besides, the Members may call the attention of the concerned Ministers through question, calling attention etc. They may also raise the matters during discussion on the Appropriation Bill.

I, therefore, withhold my consent to all the above motions. One Member, may, however, read the text of the Motion as amended.

**Shri Abdul Mannan :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence viz., public resentment arising out of reports regarding the alleged irregularities in the transaction of money involving an amount of Rupees 3.50 crores between Calcutta Metropolitan Development Authority (C.M.D.A.) and two private Contractors' firms who were awarded the contracts for earth filling.

Budget of the Government of West Bengal for 1982-83

## PART X

### Voting on Demands for Grants

### Demand No. 41

Major Heads : 285—Information and Publicity, 485—Capital Outlay on Information and Publicity and 685—Loans for Information and Publicity.

**শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪১ নং অনুদানের অধীন মুখ্যখাত '২৮৫—তথ্য ও প্রচার' খাতে ৪,৭৪,৪৩,০০০ টাকা, '৪৮৫—তথ্য ও প্রচারের জন্য মূলধনী বিনিয়োগ' খাতে ২৫,২৬,০০০ টাকা এবং '৬৮৫—তথ্য ও প্রচারের জন্য ঋণ' খাতে ২১,০০,০০০ টাকা মঞ্জুর করা হোক (এই অর্থ মার্চ ও জুন, ১৯৮২ তে 'অন অ্যাকাউণ্ট' বাজেটে মঞ্জুরীকৃত মোট ৩,১১,২২,০০০ টাকা সমেত )।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের মূল সুর আমি আমার লিখিত বিবৃতির মধ্যেই রেখেছি। এখন আমি আহ্বান করব মাননীয় সদস্য বন্ধুরা গঠনমূলক সমালোচনা করবেন, সহযোগিতা করবেন। তাঁদের বক্তব্য শোনার পরে, আমার যা বলবার আমি তা বলব।

সরকার ও জনগণের মধ্যে যোগসূত্রের সেতু হল তথ্য ও সংস্কৃতি বিভাগ। সরকারের নীতি, কার্যাবলী ও কর্মসূচি সর্বস্তরের জনগণের মধ্যে পেঁৗছে দেওয়া এবং জনগণের প্রতিক্রিয়া ও মতামতকে উপলব্ধি করে সরকার কর্মসূচি প্রণয়নে সাহায্য করা এই বিভাগের কাজ। এই লক্ষ্য নিয়েই আমরা এই বিভাগের কাজকর্ম পরিচালনা করার চেষ্টা করছি।

গত পাঁচ বছরে এই দপ্তর পরিকল্পনার কর্মসূচী হিসাবে অনেকগুলো প্রকল্প হাতে নিয়েছে, কিন্তু এই বছর পরিকল্পনা খাতে আর্থিক চাপের জন্য চালু প্রকল্পগুলিকে দ্রুতগতিতে সম্পন্ন করাই হচ্ছে আমাদের প্রধান লক্ষ্য। তাই আমরা নতুন কোন প্রকল্প হাতে নেওয়ার চেষ্টা না করে যেসব কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে, সেগুলোকে চালিয়ে যাওয়া এবং দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেছি।

সরকারের কর্মসূচি ও বক্তব্য প্রচারের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম বিজ্ঞাপন। আমাদের বিজ্ঞাপন বণ্টন নীতি গণতান্ত্রিক মনোভাবের দ্বারা পরিচালিত। আমাদের এই নীতি অক্ষুণ্ণ থাকবে। মফঃস্বলের সংবাদপত্রগুলিকে এবং অবাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত সাহিত্য ও সংস্কৃতিমূলক পত্রিকাগুলিকে অধিকতর বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। সংবাদপত্র সমাজের দর্পণ। সংবাদপত্রের ভ্রান্ত তথ্য অর্ধসত্য ও অসত্যের উপর ভিত্তি করে কোনপ্রকার অপপ্রচার হোক, সেটা বাঞ্ছনীয় হতে পারে না। সম্প্রতি এ ধরণের কিছু প্রবণতা আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি। তথাপি আমরা সংবাদপত্রের স্বাধীনতার কোনপ্রকার হস্তক্ষেপের বিরোধী। প্রতিবেশী রাজ্যে বিহারের সংবাদপত্র ও সাংবাদিকদের অধিকার হনন করবার জন্য যে আইন প্রণয়নের চেষ্টা

চলছে, আমরা স্বভাবতঃই তার বিরুদ্ধে। আমরা মনে করি—এ ধরণের নিয়ন্ত্রণ—সারা দেশে গণতান্ত্রিক অধিকারের উপর স্বৈরতন্ত্রের আস্ফালনের ইঙ্গিত যা জরুরী অবস্থার কণ্ঠরোধী দিনগুলিকেই স্মরণ করিয়ে দেয়। এটা আনন্দের কথা, এই সভা তার বিরুদ্ধে প্রস্তাব নিয়েছে।

আমরা গত বছরের শেষের দিকে রাজ্য সরকারের উদ্যোগে সংবাদপত্রের দ্বিশত-বার্ষিকী পালনের ব্যবস্থা করি। এই উপলক্ষে আমরা সংবাদপত্রের উপরে একটি আলোচনা-চক্রের আয়োজন করি। তাতে বিভিন্ন রাজ্যের কয়েকজন প্রখ্যাত সংবাদিক এবং এ রাজ্যের বিশিষ্ট সাংবাদিকগণ সহযোগিতা করেন। এই উপলক্ষে আমরা সংবাদপত্রের বিশেষ করে বাংলা সংবাদপত্রের দুশো বছরের ইতিহাস সংবলিত একটি সচিত্র প্রদর্শনীর ব্যবস্থা করেছিলাম। সেই প্রদর্শনীটি এখন জেলার বিভিন্ন স্থানে দেখানোর ব্যবস্থা হচ্ছে। সংবাদপত্রের দ্বিশতবর্ষ পালন উপলক্ষে সংবাদপত্রের উপরে একটি তথ্যচিত্র এবং একটি স্মারক গ্রন্থ প্রকাশেরও পরিকল্পনা করা হয়েছে।

আমরা গ্রামীণ তথ্য-সংস্থাগুলোকে উন্নত করার প্রয়োজনীয়তা উপলব্ধি করি। এজন্য পরিকল্পনার কর্মসূচিতে বুক স্তরে কর্মী নিয়োগের সিদ্ধান্ত হয়। পর্যায়ক্রমে প্রতি বুকে একজন করে কর্মী নিয়োগের প্রস্তাব কার্যকরী হচ্ছে। মফঃস্বলে বিভাগীয় গাড়ি ও চলচ্ছিত্র প্রদর্শনের যন্ত্রাদি মেরামতের জন্য কারিগরী কর্মী সহ তিনটি আঞ্চলিক মেরামতি কেন্দ্র স্থাপিত হয়েছে। এর ফলে জেলা ও মহকুমাগুলিতে যন্ত্রপাতি মেরামতির কাজ দ্রুত সম্পন্ন হবে।

প্রতি মহকুমায় একটি করে মহকুমা তথ্যকেন্দ্র স্থাপনের কর্মসূচি অনুযায়ী এবছর পাঁচটি মহকুমা তথ্যকেন্দ্র মঞ্জুর করা হয়েছে। আশা করা যায়, আগামী পাঁচ বছরের মধ্যে পশ্চিমবাংলার সমস্ত মহকুমায় একটি করে তথ্যকেন্দ্র থাকবে। তাছাড়া কয়লা-খনি অঞ্চলে দুটি এবং উত্তরবঙ্গের চা-বাগিচা অঞ্চলে তিনটি চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা সংবলিত তথ্যকেন্দ্র মঞ্জুর করা হয়েছে।

অন্যান্য রাজ্যে সাধারণ মানুষের কাছে আমাদের সরকারের বক্তব্য ও পশ্চিমবঙ্গ সম্পর্কে তথ্যাদি পরিবেশনের জন্য বিভিন্ন রাজ্যে তথ্যকেন্দ্র খোলার সিদ্ধান্ত নেওয়া হয়। তদনুসারে মাদ্রাজ ও আগরতলায় তথ্যকেন্দ্র চালু হয়েছে। কটকের তথ্যকেন্দ্রটি উদ্বোধনের অপেক্ষায় আছে। জয়পুরে অনুরূপ একটি কেন্দ্র খোলার প্রস্তাব বিবেচনাধীন আছে।

গণ-মাধ্যমের দুটি শক্তিশালী মাধ্যম হল 'আকাশবাণী' ও 'দূরদর্শন'। জনতা সরকারের আমলে এই দুটি মাধ্যমকে স্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রস্তাব একসময় গ্রহণ করা হয়েছিল। বর্তমান কেন্দ্রীয় সরকার সরাসরি সেই প্রস্তাবকে বাতিল করে এই দুটি গণ-মাধ্যমকে সরকারের নিয়ন্ত্রণে রাখার সিদ্ধান্তই গ্রহণ করেছে। এর ফলে কার্যতঃ এই মাধ্যম দুটির ওপর কেন্দ্রীয় সরকারের একচেটিয়া আধিপত্যই প্রতিষ্ঠিত হল। সম্প্রতি সমস্ত আঞ্চলিক দূরদর্শন কেন্দ্রগুলির ওপর জাতীয় কর্মসূচির প্রচার আবশ্যিক করে দেবার পর এই আধিপত্যকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে। দূরদর্শনের মোট প্রচার সময়ের একটি বড় এবং বিশেষ অংশ জাতীয় কর্মসূচি প্রচারের জন্য নিয়ে নেওয়া হয়েছে। এর ফলে একদিকে যেমন এই রাজ্যে বাংলা

ভাষার মাধ্যমে আঞ্চলিক সাংস্কৃতিক কর্মসূচিগুলির প্রচার অন্ততঃ কিছু পরিমাণে ব্যাহত হল, অন্যদিকে দুটি আঞ্চলিক সংবাদ বুলেটিন প্রচারের একটিকে বন্ধ করে দেবার ফলে দূরদর্শনের মাধ্যমে এ রাজ্যের বিশেষ বিশেষ ঘটনা বা কর্মসূচিকে জনসাধারণের কাছে তুলে ধরার সুযোগ ব্যাহত হল। গত জুলাই মাসে কেন্দ্রীয় সরকার আহূত সমস্ত রাজ্য-তথ্যমন্ত্রীদের সম্মেলনে দূরদর্শনে আবশ্যিক জাতীয় কর্মসূচি প্রবর্তনের ফলে আঞ্চলিক কর্মসূচি যে ব্যাহত হবে সেই আশঙ্কার কথা আমরা সুস্পষ্টভাবে ব্যক্ত করেছিলাম।

সরকারের বিভিন্ন কার্যাবলী বিশেষ করে বিচ্ছিন্নতাবাদ ও অপ-সংস্কৃতির বিরুদ্ধে জনমত গড়ে তোলা এবং জাতীয় সংহতি ও সুস্থ সাংস্কৃতিক চেতনা বিকাশের জন্য সর্বস্তরে প্রচারের মাধ্যমে এ রাজ্যের ব্যাপকতর মানুষকে বিষয়গুলিতে আগ্রহী করে তোলা সম্ভবপর হয়েছে।

আমাদের প্রদর্শনী শাখা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে এবং ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে বহুসংখ্যক প্রদর্শনীর আয়োজন গত এক বছরে করেছে। এই শাখা দিল্লীতে ১৯৮১ সালের আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সাফল্যজনক ভাবে অংশগ্রহণ করে। ১৯৮২ সালের নভেম্বরে অনুষ্ঠিতব্য অনুরূপ মেলায় অংশ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বামফ্রণ্ট সরকার প্রথম থেকেই বাংলা ভাষায় সরকারি কার্য পরিচালনার ওপর গুরুত্ব আরোপ করেছেন। সে উদ্দেশ্যে ২০০ বাংলা মুদ্রলেখন যন্ত্র বিভিন্ন দপ্তরে ও অফিসে সরবরাহ করা হয়েছে এবং ইংরাজী মুদ্রলেখকদের বাংলা ভাষায় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কলকাতায় এজন্য দুটি কেন্দ্র খোলা হয়েছে। অনুরূপভাবে দার্জিলিং জেলায় নেপালী ভাষায় সরকারি কাজকর্ম পরিচালনার জন্য ডেপুটি কমিশনারের অধীনে একটি নেপালী বিভাগ খোলা হয়েছে। দার্জিলিং-এ আমাদের বিভাগের অধীন একটি নেপালী ছাপাখানা স্থাপিত হয়েছে। খুব শীঘ্রই এর কাজকর্ম আরম্ভ হবে বলে আশা করা যায়।

বসুমতী পত্রিকার পরিচালনভার এই বিভাগের উপর ন্যস্ত। এই পত্রিকার প্রচার সংখ্যা ১৯৭৭ সালের মে মাসে ৫ হাজার থেকে বর্তমানে ৬৫ হাজারে উন্নীত হয়েছে। এই পত্রিকা সংস্থাটি ধীরে ধীরে আর্থিক স্বনির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছে।

পশ্চিমবঙ্গের চলচ্চিত্র শিল্পের সঙ্কট সম্পর্কে সকলেই অবহিত আছেন। সরকার এই শিল্পের সঙ্কট আংশিক নিরসনকল্পে কতগুলো ব্যবস্থা নিয়েছিলেন যার মধ্যে আছে চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান মঞ্জুর, সরকার কর্তৃক চিত্র প্রযোজনা, অধিক সংখ্যায় তথ্যচিত্র নির্মাণ, একটি রঙিন চলচ্চিত্র পরিস্ফুটনাগার স্থাপন, কলকাতায় একটি আর্ট ফিল্ম থিয়েটার স্থাপন এবং সরকারি সহায়তায় নতুন প্রেক্ষাগৃহ নির্মাণ। সবগুলো পরিকল্পনাই এ বছর চালু থাকবে।

গত বছর ১৪টি ক্ষেত্রে অনুদান মঞ্জুর করার প্রস্তাব অনুমোদন করা হয় এবং দুটি পূর্ণ দৈর্ঘের কাহিনীচিত্র প্রযোজনা করা হয়। এই বিভাগ প্রযোজিত 'দখল', 'স্বর্ণকমল' লাভের গৌরব অর্জন করে এবং 'আরোহণ' চিত্রটিও গত বছরে শ্রেষ্ঠ হিন্দি চিত্র হিসেবে পুরস্কৃত হয়। এই ছবি দুটি বিদেশেও যথেষ্ট প্রশংসা ও সমাদর লাভ

করেছে। ধারাবাহিকভাবে কয়েকটি উন্নত মানের চলচ্চিত্র প্রযোজনার জন্য এই বিভাগ নিশ্চয়ই কৃতিত্বের দাবি রাখতে পারে।

তবে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে প্রদর্শনের সমস্যা সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছে। অনেকগুলি বাংলা ছবিই নির্মিত হয়ে প্রদর্শনের সুযোগ পাচ্ছে না। পরিবেশন ও প্রদর্শনের বিষয়দুটি অত্যন্ত জটিল এবং কয়েকটি ব্যবসায়ী গোষ্ঠী দ্বারা নিয়ন্ত্রিত। এ রাজ্যে নির্মিত চলচ্চিত্রগুলি যাতে বাধ্যতামূলকভাবে অন্ততঃপক্ষে বছরে ১২ সপ্তাহ প্রতি চিত্রগৃহে দেখানো হয় তার জন্য রচিত একটি বিল ১৯৭৯ সালের নভেম্বর মাসে রাষ্ট্রপতির প্রাক্-সম্মতির জন্য পাঠানো হয়েছিল। ঐ সম্মতি না পাওয়ার জন্য এ বিষয়ে কোন আইন প্রণয়ন এখনও সম্ভব হয়নি। সরকারি নিয়ন্ত্রণে প্রেক্ষাগৃহ না থাকলে এ সমস্যার সমাধান সম্ভব নয়। তাই আমরা ন্যাশন্যাল ফিল্ম ডেভেলপমেণ্ট কর্পোরেশন ও একটি বাণিজ্যিক ব্যাংকের সাথে যৌথভাবে চিত্রগৃহ নির্মাণের জন্য ঋণ দেওয়ার প্রকল্প হাতে নিয়েছি। আবেদনগুলি পরীক্ষা করে কয়েকটি ক্ষেত্রে ঋণ দেওয়ার প্রস্তাব অনুমোদিত হয়েছে। কলকাতায় সরকারের নিজস্ব চিত্রগৃহ না থাকলে বাংলা চিত্র প্রদর্শন নিশ্চিত করা যাবে না। এই বিভাগের সীমাবদ্ধ আর্থিক বরাদ্দ এবং চিত্রগৃহ নির্মাণের অত্যধিক ব্যয়ের জন্য কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান এন. এফ. ডি. সি-র উপর নির্ভর করতেই হবে। কিন্তু এই প্রশ্নে উক্ত কেন্দ্রীয় সংগঠনটি, অন্য রাজ্যে প্রেক্ষাগৃহ নির্মাণের ব্যাপারে সাহায্যের হাত বাড়ালেও, এরাজ্যের ক্ষেত্রে এখনও বেশ কুণ্ঠিত।

আমরা চলচ্চিত্রে ব্যবহার্য মূল্যবান যন্ত্রাদি কিনে নির্মাতাদের স্বল্প ভাড়ায় ব্যবহারের সুযোগ দেওয়ার এক প্রকল্প নিয়েছিলাম। তদনুসারে দুটি ক্যামেরা আমদানি করা হয়েছে এবং একটি এডিটিং মেশিন সংগৃহীত হয়েছে। এতে কলাকুশলীরা ন্যায্য ভাড়ায় চিত্র নির্মাণের কাজে এগুলো ব্যবহারের সুযোগ পাচ্ছেন।

চলচ্চিত্র শিল্পে নিযুক্ত শিল্প ও কলাকুশলীদের সামাজিক নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় একটি কল্যাণ তহবিল গঠন করা হয়েছে। এই তহবিলে সরকার গত আর্থিক বছরে একলক্ষ টাকা অনুদান মঞ্জুর করেন।

এ বছর জানুয়ারি মাসে কলকাতায় অনুষ্ঠিত ফিল্মোৎসব '৮২তে আমাদের বিভাগ সক্রিয়ভাবে সহযোগিতা করে এবং উৎসবটি সাফল্যমণ্ডিত হয়। এ বছর পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ছোট আকারে চলচ্চিত্র উৎসবের আয়োজন করার পরিকল্পনা আছে। রাজ্য সরকার প্রযোজিত কয়েকটি শিশু-চলচ্চিত্র নিয়ে ইতিমধ্যেই কয়েকটি আঞ্চলিক উৎসব হয়েছে।

গত বছর এই বিভাগ সংস্কৃতি ক্ষেত্রে উল্লেখযোগ্য ভাবে কাজ করেছে।

বিভিন্ন ধরনের বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথা চাড়া দিয়ে দেশের অখণ্ডতাকে নষ্ট করে দিতে চাইছে। বিভিন্ন প্রদেশের সাধারণ মানুষের মধ্যে সাংস্কৃতিক বন্ধনকে দৃঢ়তর করার মধ্য দিয়েই এই প্রবণতাকে রোখা সম্ভব। সেইদিকে দৃষ্টি রেখে গত বছর মে মাসে কলকাতায় পূর্ব ভারত সংস্কৃতি ও সংহতি সম্মেলনের আয়োজন করা হয়। পূর্ব ভারতের প্রায় সবকটি রাজ্যের অংশ গ্রহণে এই সম্মেলনের সাফল্যজনক পরিসমাপ্তি ঘটে।

নাটক, সঙ্গীত, চলচ্চিত্র, চিত্রকলা, লোকসংস্কৃতি—সংস্কৃতি চর্চার সকল ক্ষেত্রেই আমরা ঐসব বিষয়ে কৃতী এবং সম্মানিত ব্যক্তিদের উপদেশ এবং পরামর্শ নিয়ে কাজ করে চলেছি। এই উপদেষ্টাদের সাহায্য ও সহযোগিতা আমাদের পরিকল্পনাগুলি রূপায়ণে প্রভূত সাহায্য করেছে। এই সকল ক্ষেত্রে আমরা সংশ্লিষ্ট ব্যক্তিদের পরামর্শক্রমে কিছু উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছি। প্রতিভাসম্পন্ন কিন্তু বর্তমানে অক্ষম ও দুঃস্থ শিল্পীদের অনুদান দেবার প্রকল্প অনুযায়ী বহু শিল্পীকে আর্থিক সহায়তা করা হয়েছে।

প্রতিশ্রুতিপূর্ণ ও সঙ্গতিবিহীন সাহিত্যিকগণ যাতে তাঁদের সাহিত্যকর্ম পুস্তকাকারে প্রকাশ করতে পারেন সেইজন্য তাঁদের অনুদান দেওয়া হয়েছে। এ বছরও এই প্রকল্পে অর্থ মঞ্জুর করার প্রস্তাব আছে।

এই বিভাগ থেকে অতীতের কীর্তিমান লেখকদের রচনাবলী প্রকাশের প্রস্তাব আছে। মুন্সী প্রেমচন্দের একটি বড় রচনাবলী প্রকাশের অপেক্ষায়।

নাটক, সঙ্গীত, চিত্রকলা প্রভৃতি বিষয়ে উৎসাহ দানের জন্য বিভিন্ন সংগঠন ও ব্যক্তিকে অনুদান দেওয়া হয়েছে। অনুরূপভাবে নেপালী ভাষা ও সংস্কৃতির উন্নয়নের জন্য নেপালী একাডেমী গঠন করা হয়েছে ও বার্ষিক ভানুভক্ত পুরস্কার দেওয়া হচ্ছে।

কলকাতা তথ্যকেন্দ্রে একটি আর্ট গ্যালারি নির্মাণকার্য শুরু হয়েছে। এটা শিল্প প্রদর্শনের কাজে ব্যবহৃত হবে।

সঙ্গীত বিষয়ে অনুসন্ধান, আলোচনা ও গবেষণার জন্য কলকাতায় একটি রাজ্য সঙ্গীত একাডেমী স্থাপন করা হয়েছে। এখানে একটি সংগ্রহশালাও থাকবে। এ ছাড়া, কলকাতার বাগবাজারে এবং যোধপুর পার্কে দুটি সর্বাধুনিক সুবিধাযুক্ত নাট্যমঞ্চের কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। শিলিগুড়ি তথ্যকেন্দ্রের সঙ্গে যুক্ত অনুরূপ একটি মঞ্চ নির্মাণের কাজও চলছে।

বামফ্রণ্ট সরকার ক্ষমতাসীন হওয়ার সঙ্গে সঙ্গেই লোকসংস্কৃতি চর্চার প্রতি সবিশেষ গুরুত্ব আরোপ করেন। এটি আমাদের বিভাগের নিয়মিত কাজের অন্তর্ভুক্ত হয়ে পড়ে। এই কাজের ক্ষেত্রে পরামর্শ দানের জন্য লোক-সংস্কৃতি পর্ষদ গঠন করা হয়। পর্ষদের সুপারিশ ক্রমে গত কয়েক বছর ধরে পঞ্চায়েতের আন্তরিক সহায়তায় ও সহযোগিতায় জেলা, বিভাগ ও রাজ্য স্তরে লোকসংস্কৃতি উৎসব এবং ওয়াকসপ অনুষ্ঠিত হয়। এই ওয়ার্কশপে প্রধানতঃ লোকশিল্পীদের আর্থ-সামাজিক অবস্থার তথ্য সংগৃহীত হয়। সংগৃহীত তথ্য বিশ্লেষণ এবং প্রণালীবদ্ধ করে একটি প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। লোকশিল্পীদের জীবন ও জীবিকা এবং তাঁদের শিল্প-সাধনা নিয়ে এ ধরনের একটি মৌলিক কাজ এ রাজ্যে এই প্রথম হল। এর ফলে লোকশিল্পীদের মধ্যে যে উৎসাহের সঞ্চার হয়েছে তাকে সংহত এবং প্রসারিত করার জন্য পঞ্চায়েতের বহু বিস্তৃত কাজের মধ্যে লোকসংস্কৃতি চর্চার কাজকেও অন্তর্ভুক্ত করার জন্য নানা স্তরে গুরুত্বপূর্ণ আলোচনা আরম্ভ হয়েছে। এ বিষয়ে রাজ্য স্তরে একটি আলোচনাসভা হয়ে গিয়েছে। ও ঐ আলোচনাসভায় গৃহীত সুপারিশ এখন সক্রিয়-ভাবে বিবেচনা করা হচ্ছে।

মাননীয় সদস্যগণ জেনে খুশী হবেন, তথ্য ও সংস্কৃতি বিভাগ লোকসংস্কৃতি বিষয়ক 'লোকবঙ্গ' শীর্ষক একটি পত্রিকা নিয়মিতভাবে প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছেন।

লোকসংস্কৃতির সংগ্রহশালায় উপাদান সংগ্রহ ও তা প্রদর্শনের কাজ অব্যাহত রাখা এবং লোকসাহিত্য ও সংস্কৃতি বিষয়ক একটি গ্রন্থাগার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

রাজ্যের সাংস্কৃতিক ধারাটিকে সাধারণভাবে গণমুখী করে তোলা এবং অপ-সংস্কৃতির বিরুদ্ধে সুস্থ সংস্কৃতির প্রক্রিয়াকে সাহায্য করাই হচ্ছে আমাদের সমস্ত সাংস্কৃতিক কাজকর্মের মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

পরিশেষে বলতে চাই যে, আমাদের সমস্যা অনেক কিন্তু আর্থিক ক্ষমতা সীমিত। সাস্কৃতিক জীবনের সমস্যাবলী জটিল এবং বহুমুখী। জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা বিপুল। রাজ্যের বিশাল জনসমষ্টির সঙ্গে, বিশেষত গ্রামাঞ্চলের মানুষের সঙ্গে যোগাযোগ রক্ষা করার জন্য যে শক্তিশালী সংগঠন ও প্রচারযন্ত্র প্রয়োজন তা এখনও আমাদের নেই। তবু এই সীমাবদ্ধতার মধ্যে সরকারের সামগ্রিক কর্মধারা যাতে দ্রুতগতিতে জনসাধারণের মধ্যে পেঁীছে দেওয়া যায় তার জন্য আমাদের নিরলস প্রচেষ্টা চলতে থাকবে। জনসাধারণের সহযোগিতা ও গঠনমূলক সমালোচনার ওপর ভরসা রেখেই আমরা আমাদের লক্ষ্যের দিকে এগিয়ে যাব।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীপ্রভাস ফাদিকারের বক্তৃতা কিছুটা পড়া হয়েছে। তিনি নিজে বক্তব্য রাখেন নি, তার কারণ বোধ-হয় এখনও দপ্তর সম্পর্কে বিশেষভাবে ওয়াকিবহাল হতে পারেন নি। আমি নিজেও একটা অস্বস্তিকর অবস্থার মধ্যে আছি কারণ এবারে ভেবেছিলাম বুদ্ধদেব বাবুর সামনা-সামনি হবার সুযোগ পাবো, কিছু বলা যাবে। কারণ গত ৫ বছর ধরে বাইরে থেকে সংস্কৃতি এবং অপসংস্কৃতির বহু বক্তৃতা আমি শুনেছি। এর মধ্যে কিছু ভাল এবং কিছু মন্দ ছিল কিন্তু দুঃখের কথা, অনুতাপের কথা তাঁকে আমি পেলাম না। নাকের বদলে নরুণ এসে গেছে। খেলার জগতে গাভাসকার, ফাদকার, সোলকার প্রভৃতির নাম শোনা গেছে কিন্তু সংস্কৃতিতে এইসব ছিল না, কোথা থেকে এসেছেন তাও জানি না। যাই হোক, উনি অনুরোধ করেছেন, [illegible]নমূলক সমালোচনা করবার জন্য, তাই আমি গঠনমূলক সমালোচনা করবার চেষ্টা করছি। স্যার, আপনি জানেন বোধ হয়' এই দপ্তরের এমনকি পুরাতন কংগ্রেস আমল থেকে যথাযথ পূর্ণবিন্যাস হয়নি এবং পূর্ণ দপ্তরের মর্যাদা অতীতেও পায়নি। ১৯৭২ সালে যখন সিদ্ধার্থ রায়ের মন্ত্রীসভা ছিল তখনই পূর্ণ দপ্তরের মর্য্যাদা আমি দিতে পেরেছি। সেখানে এখন সেক্রেটারী আছেন, ভারপ্রাপ্ত অফিসাররা আছেন। কিন্তু আগে ডায়েরেকটরকে দিয়ে এই দপ্তরের কাজ চালানো হতো। খুব দুঃখের কথা, আজ মার্কসিস্ট কমিউনিস্ট এই দপ্তরকে একদম দলীয় প্রচার দপ্তর হিসাবে নিয়োগ করা সত্বেও ওয়ান পারসেণ্ট অফ দি টোটাল বাজেট করতে পারেননি। ওয়ান পারসেণ্ট অফ দি টোটাল বাজেট পূর্ণ দপ্তরের মর্যাদার ক্ষেত্রে যে অংশটা বাকী ছিল সেটা পূর্ণ করতে পারবেন। প্রথমেই বলি, এই দপ্তরকে পূর্ণ মর্যাদা দিয়ে আসার পরেও এই দপ্তরকে সংকীর্ণ স্বার্থের জন্য ব্যবহার করা হচ্ছে সম্পূর্ণভাবে। কমিউনিস্ট থিয়োরীতে মিথ্যা প্রচার করাই একমাত্র কাজ। ক্যালকাটা ইনফরমেসান সেণ্টার বলুন, ডিস্ট্রীক্ট ইনফরমেসান সেণ্টার বলুন কিম্বা খোদ রাইটার্স বিলডিংস-এ বলুন সর্বত্র পার্টির প্রচার ছাড়া আর কিছু হয় না। পার্টির

রাজনৈতিক স্লোগান ইন্দিরা গান্ধী হলো স্বৈরাচারী। সুতরাং স্বৈরাচারীর বিরুদ্ধে প্রচার করতে হবে সরকারী টাকায়। আমি তথ্য দিয়ে দেখাচ্ছি, হাজার হাজার লক্ষ লক্ষ টাকা ব্যয় করে পোষ্টার করা হয়েছিল। পোষ্টারে ছিল স্বৈরতন্ত্র এবং সাম্প্রদায়িকতা দেশের শত্রু। কোন সালে করা হয়েছিল? যখন স্বৈরতন্ত্র ছিল ওদের পলিটিক্যাল স্লোগান। এই পলিটিক্যাল স্লোগানটা সরকারী পয়সায় ছেপে হাজার হাজার কপি বিলি করা হয়েছে। এবং তার সঙ্গে আর একটি কথা বলছি, পাবলিকেসানের নিয়ম হচ্ছে, কোথা থেকে পাবলিকেসান হচ্ছে এবং কারা পাবলিকেসান করছে তা ছাপা থাকবে। এর একটা কপি আমার কাছে আছে। আমি পড়ে শোনাচ্ছি। এই দপ্তরে ভারপ্রাপ্ত অফিসার বলছেন, এটা হয়না, সম্পূর্ণ বে-আইনী। কিন্তু করার কিছু নেই কারণ অলরেডি ছেপে চলে গেছে।

[11-10—11-20 p.m.]

উমাশঙ্করকে পাঠান হয়েছে ৫.১১.৭৯ সালে। যেখানে উক্ত প্রাচীর পত্র ৪৯৯৫টি কপি বিলি হয়েছে। আরো বিলি করতে হবে, কিন্তু এর মধ্যে ১৮২০টি কপিতে বিভাগের নাম বসান সম্ভব হয়েছে, বাকী ৩১৮০ কপি বিলি করা হয়েছে যেখানে নাম পাবলিশ করা সম্ভব হয়নি। স্যার, এটা গ্রস মিসটেক, দিস ইজ ইল্লিগ্যাল এ্যাণ্ড ইরেগুলার। একটা পাবলিকেশন হচ্ছে, সরকারের তরফ থেকে তাকে আইন মোতাবেক না করে, বলবত না করে — আপনারা সেটা পারেন তো দেখিয়ে দেবেন — কত খরচ হয়েছে? শঙ্কর পাবলিকেশনের কাছ থেকে প্রতি ৫ হাজার কপিতে এক একটা দিনে তাকে টাকা দিয়ে দেওয়া হয়েছে, হাজার হাজার টাকা দেওয়া হয়েছে। প্রতি ৫ হাজার কপিতে ৪০০০ টাকা দেওয়া হয়েছে। আপনি যদি টেণ্ডার ধরে দেখেন তাহলে দেখবেন যে, প্রত্যেকটা সংবাদপত্রে এটা করা হয়েছে যাতে ৫ হাজারের উপরে টেণ্ডার না করতে হয়। খরচ হয়েছে ২ লক্ষ টাকা। যদি ৫ হাজার করা হোতো এবং প্রত্যেকটা টেণ্ডার একসঙ্গে ডাকা হোতো তাহলে হোতো, কিন্তু সেটা না করে ঐ শঙ্কর প্রেস যেখানে মার্কসবাদী পার্টির অন্যান্য প্রাচীর পত্র ছাপানো হয়, সেখানে করা হয়েছে এবং এক-একদিনে তাদের বিল পাশ করে দেওয়া হয়েছে। তার নজির আমি আপনাদের সামনে পেশ করব।

স্যার, এতো গেল সরকারের ভেতরের সমস্ত দুনীতির ব্যাপার। আমি এবারে একটা দায়িত্বের কথা বলি। উনি বোধহয় জানেন, সংবাদপত্রের কি দায়িত্ব।, আপনি জানেন সংবাদপত্রের দায়িত্বের একটা অন্যতম অংশ, সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? সংবাদপত্রে ১৮৭৮ সালে কুখ্যাত ভারনাকুলার প্রেস এ্যাক্ট আইন তৈরী হয়েছিল, এবং তখন বাংলাদেশে এবং সমস্ত ভারতবর্ষের মানুষ একযোগে বৃটিশের সেই ভারনাকুলার প্রেস এ্যাক্ট এর বিরোধিতা করেছিল। পরবর্তীকালে অনুরূপভাবে যাঁরা বক্তৃতা করে বলেন যে এমার্জেন্সীর সময় কি হয়েছিল, এমার্জেন্সী এবং বর্তমান বিহার প্রেস বিলের বিরুদ্ধেও বক্তৃতা করেন, ওদের সঙ্গে কোন কোন জায়গায় আমিও হয়ত একমত, প্রেস সংক্রান্ত ব্যাপারে, কিন্তু তাঁরা কি করছেন আমি নাম করে বলে দিচ্ছি। ১৯৮২ সালে বৃটিশ এ্যাক্টের অনুরূপ একটা ফতোয়া জারী করে বামফ্রণ্ট সরকার কর্তৃক হোম

পলিটিক্যাল দপ্তর থেকে একটা সারকুলার দেওয়া হয়েছিল, তার নম্বর হচ্ছে ৪৮১-পি, এ. এবং সেই সারকুলারে সমস্ত এস. পি. এবং ডি. এম. দের মুখে কুলুপ এঁটে দেওয়া হয়েছিল যে যদি ১০০ জনকেও পুলিশ গুলী করে মারে তাহলেও সেই সারকুলারে নির্দেশ দেওয়া আছে সমস্ত এস, পি. রা প্রেসকে কিছু বলতে পারবে না। খবর চলে যাবে রাইটার্স বিল্ডিংসে এবং প্রয়োজন হলে ১০০টা মিথ্যা কথা বলবে, কিন্তু একটাও গুলি চালানোর কথা বললে না। প্রয়োজন হলে সেনসর করে আরো বলবে যে কংগ্রেসের অন্ত-কলহে মৃত্যু হয়েছে, বা বলবে মৃত্যু হয়নি, কিন্তু গুলী চালানোর কথা বলবে না। শুধু তাই নয়, ১৯৮১ সালের ৩০শে জানুয়ারী একটা সারকুলার গিয়েছিল টু অল দি ডিস্ট্রিক্ট ইনফরমেশন অফিসার, তার মেমো নম্বর হচ্ছে ১১৫৮(৮০) আই. সি. এটা একটা গোপন সারকুলার, সেখানে অনুরূপভাবে প্রেসকে সেনসর করবার জন্য, কনট্রোল করবার জন্য, যারা রিয়েল তথ্য সংগ্রহ করে, যারা সমগ্র মানুষের ৭০/৮০ ভাগ লোককে রিপ্রেজেন্ট করে তাদের কমপ্লিট সেনসর করা হোল, কি কারণে? কথাটা সেই, মরিচঝাঁপির তথ্যগুলি জানলে আপনারা স্তব্ধ হয়ে যাবেন, আমার মনে হয় ১৮৪৭ সালের বৃটিশ প্রেস আইনের যে সারকুলার হয়েছিল, তার থেকে কোন অংশে কম নয়। সাংবাদিক-দের সম্পর্কে আমি আরো কিছু বলি, আপনি জানেন যে প্রেস এ্যাক্ট বলে একটা বস্তু আছে, প্রেস এ্যাক্টের কাজে প্রেস এ্যাকরিডিসন বলে গত ৩দিন আগে একটা কমিটি করে দিয়েছেন, কিসের কমিটি করে দিয়েছেন? প্রেস এ্যাকরিডিসন কার্ডের — আমি ক্যাটি-গরিক্যালী — দায়িত্ব নিয়ে বলছি যে এটাতে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের রুলসের প্রয়োগ করতে হবে, কিন্তু ওঁরা সমস্ত রুলসকে ভায়োলেট করে, এবং সাংবাদিকদের সঙ্গে কোন রকম মিটিং না করে নিজেদের খেয়াল খুশী মত একটা কমিটি ঘোষণা করে দিলেন এবং শুধু তাই নয় গত ৬ বছর ধরে তাঁদের রাজত্বে প্রেস এ্যাকরিডিসন কার্ডের ব্যাপারে কোন কমিটি ছিল না এখন নিজেদের ইচ্ছামত কার্ড ইস্যু করছেন, ডিস্ট্রিবিউসন করছেন। ইট ইজ ইললিগ্যাল-এ্যাবসলিউটলি ইললিগ্যাল। সেগুলির জন্য এই কাজ-গুলি তাঁরা করে এসেছেন। সেখানে একটা রুলসে আছে, সে সমস্ত দৈনিক কাগজ তাদেরই শুধু প্রেস এ্যাকরিডিসন কার্ড দেওয়া হবে, কিন্তু তা না করে তাঁরা কি করছেন, সমস্ত পার্টি কমরেডদের, নেতাদের দিয়ে নয় ছয় করে জালিয়াতি করে প্রেস এ্যাকরি-ডিসন কার্ড ডিস্ট্রিবিউসন করে গিয়েছেন এবং হাজার হাজার প্রেস এ্যাকরিডিসন কার্ড এইভাবে বিলোন হয়েছে। সেন্ট্রাল গভর্ণমেণ্ট এ্যাক্টের একটা ফ্রেম আছে যেখানে ঐ প্রেস এ্যাকুইজিসন এ্যাক্টের উপর, তাঁরা সেটার অবমাননা করেছেন। দ্বিতীয় কারণ উনি এবং ওনার সরকার পার্লেকার কমিটি এ্যাওয়ার্ডের সাংবাদিক এবং সংবাদপত্রের সঙ্গে যুক্ত কর্মচারীদের যে এ্যাওয়ার্ড ঘোষণা করেছিল তার রূপায়ণ করতে ব্যর্থ হয়েছে। তার জন্য নির্দিষ্ট একটা কমিটি করা হয়েছে কিন্তু একটা মিনিষ্টারকে তার সভ্য করা হয়নি। যে মালিকদের বিরুদ্ধে ওঁরা শ্লোগান দেন, সংবাদপত্রের মালিক, তাঁদের একটা গোষ্ঠী আছে শুধু সাংবাদিকরাই নয়, অসাংবাদিকদের একটা ছোট কমিটি, সি. পি. এমের নেতৃত্বে তাদের সাথে কথা বলে পার্লেকার এ্যাওয়ার্ডকে একেবারে ধ্বংস করে দিয়ে একেবারে নস্যাৎ করে দেওয়া হয়েছে। একটা সুপারিশ ইমপ্লিমেণ্ট পর্য্যন্ত করার চেষ্টা করা হয়নি। ১৯৮১ সালের মধ্যে বকেয়া সমস্ত

কর্মচারীদের মাইনে পাবার কথা পার্লেকার এ্যাওয়ার্ড কমিটিতে ঘোষণা ছিল তা তাঁ করতে পারেন নি। ঘোষণা ছিল কোন রকম ছাঁটাই চলবে না, কিন্তু তাঁদেরই তত্বাবধা সব চেয়ে বেশী ছাঁটাই করা হয়েছে। বসুমতী কাগজে টোটাল ১৪৫ জন সাংবাদি কর্মচারীকে পশ্চিমবাংলার বুকে পার্লেকার কমিটি এ্যাওয়ার্ড দেওয়া সত্বেও ছাঁটা করেছে এবং নীরবে মুখ বুজে বসে আছে এবং সব সহ্য করছে।

বসুমতীতে বেশী ছাঁটাই করেছেন এবং সেখানে ছাঁটাই করে আরো রহস্যজনক ভা ছাঁটাই কর্মচারীদের কাছ থেকে মুচলেখা লিখিয়ে নেওয়া হয়েছে। কি ভাবে মুচলে লিখিয়ে নেওয়া হয়েছে, না, "আমরা তোমাদের কাছে কোন বেতন ভোগী হিসাবে কা করি না, আমরা বেতন পাই না, আমাদের কোন কিছু দাবী নেই।" এই ব মুচলেখা লিখিয়ে নেওয়া হয়েছে। তারপর তাদের সেখান থেকে গলা ধাক্কা দিয়ে বা করে দেওয়া হয়েছে। পার্টি ক্যাডাররা এই কাজ করেছিল, যেটা নিয়ে বসুমতী বেরিয়ে ছিল। এটা আমরা জানি। কেন, কিসের জন্য এই সব হয়েছিল? ৭ মার্চ ইনফরমেসান মিনিষ্টার নূতন এসেছেন, হয়ত কিছু শোনেননি, এ্যাওয়াড কমিটি কি আছে, না আছে সমস্ত ব্যাপার হয়ত তিনি জানেন না। আমি হয়ত বেনো বা মুক্ত ছড়াচ্ছি। কিন্তু তবুও আমার দায়িত্ব তাঁকে স্মরণ করিয়ে দেওয়া। স্যা আপনি দেখবেন যে, প্রত্যেকটি সংবাদপত্রে ছাপাবার একটা নিয়ম হয়েছে। উনি ি পেরেছেন বসুমতী এবং স্টেটসম্যান ছাড়া অন্য কোন পত্রিকাকে বাধ্য করাতে? কে ছাপায়, বসুমতী এবং ষ্টেটসম্যান ছাড়া? বসুবতীতে ব্যবস্থা নেওয়া হয়েছি আমাদের সময়ে। এবারে বলা হয়েছিল একটা কর্পোরেসান করে দেওয়া হবে কিন্তু কোন কর্পোরেসন করে দেওয়া হয়নি। তাকে নিজেদের কুক্ষিগত করে রা হয়েছে। বসুমতী পত্রিকার ম্যানেজিং ডিরেক্টার করা হয়েছে ভগবতী রায়কে। কে কে সে? সে ছিল রেলের পি. আর. ও.। রিটায়ার হয়ে গেলেন এবং তার মধ্যে কিছু কিছু দুর্নীতি ছিল, তাকে ওরা নিয়েছেন। তাঁকে ওরা ম্যানেজিং ডিরেকটার ক দিলেন। শুনছি তাঁকে নাকি তাড়িয়ে দেওয়া হবে। তাড়িয়ে দিয়ে ওঁরা ওঁদে একটা বড় চামচে অজিত চক্রবর্তীকে আনবেন। যিনি এই ব্যাপারে অ, আ, ক, জানেন না। এখানে তাঁকে নতুন করে ম্যানেজিং ডিরেকটার করে দেবার চেষ্টা ক হচ্ছে। আমি নাম করে বলছি, পারলে উনি উত্তর দেবেন, এটা সত্য ঘটনা কিনা এই ধরনের পার্টিবাজী কোনদিন সংবাদপত্রে চলে না। যদি কোন সংবাদপত্রে নিরপেক্ষতা বলে কিছু না থাকে, তাকে যদি শুধু মাত্র দলীয় প্রচারের কাজে লাগানো হয়, তাহলে সেই সংবাদপত্র টিকতে পারে না। এবং টিকতে পারে না বলেই বসুমতী যে প্রেস, বসুমতীর যে ইউনিট ছিল, তাদের যে একটা নিজস্ব পদ্ধতি ছিল সেটা ধ্বংসস্তূ পরিণত হয়েছে। তাই আমি আপনাকে বলি সংবাদপত্রের ক্ষেত্রে আরো গঠনমূল কাজ করা দরকার। সংবাদপত্রকে আরো সুযোগ-সুবিধা দেবার ব্যাপারে বিভি কমিটির মাধ্যমে আলোচনা করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারে হয় কিছু করে উঠতে পারেননি। আমি আশা করবো পরবর্তীকালে আস্তে আস্তে তি এই সব করে উঠতে পারবেন। আমি আরো আশা করবো যে, বসুমতী কাগজে কর্পোরেশন করে সরকারের থেকে এবং সি. পি. এম থেকে আলাদা করে দূরত্বে রো

তাদের সুবিধা করে দিতে পারবেন এবং তাদের নিরপেক্ষতা এবং নির্ভিকতা বজায় রাখবেন।

এবার আসি সংস্কৃতিতে। স্যার, আপনি জানেন যে বাংলার সংস্কৃতি হচ্ছে গৌরবের বস্তু। আমাদের বুকে অনেক ব্যথা এবং যন্ত্রণা নিয়ে এই সংস্কৃতিকে আঁকড়ে ধরে রাখার চেষ্টা করেছি। আমরা অনেক যন্ত্রণা সহ্য করে, আমরা মুক্ত মালার মত আঁকড়ে ধরে রেখেছিলাম আমাদের সংস্কৃতিকে আজ কোথায় যাচ্ছে সেই সংস্কৃতি ? সাংস্কৃতিক চেতনার সঙ্গে আমাদের মানষিক চেতনার একটা যোগসূত্র ছিল। "আমারই চেতনায় পান্না হল সবুজ। চুনী উঠলো রাঙা হয়ে। আমি চোখ মেললুম আকাশে, জ্বলে উঠলো আলো পূর্বে ও পশ্চিমে।" সেই রবীন্দ্র চেতনার যুগ থেকে মানুষ ছিল সমস্ত কিছু সংস্কৃতির ধারক ও বাহক। সেইখান থেকে কোথায় আমাদের নিয়ে চলে এসেছেন ফাদিকার সাহেব ? আমরা চলে এসেছি "ফুল কলিরে ফুল কলি বলতো এটা কোন গলি"। আজ সেই অবস্থার মধ্যে দিয়ে আমরা সংস্কৃতির আলোচনা করছি। যে সংস্কৃতি হচ্ছে শুধু সংস্কৃতিই নয়, সংস্কৃতি হচ্ছে সংহতির ক্ষেত্রের ধারক ও বাহক। আজকে সেই সংস্কৃতিকে ধ্বংস করা হচ্ছে। শুধু ধ্বংস করা হচ্ছে তাই নয়, আমাদের সংহতিকে কমপ্লিটলি ডেসট্রয় করা হচ্ছে। এই ব্যাপারে কয়েকটা ব্যাপার উল্লেখ করে বলছি। আমরা যখন সরকারে ছিলাম তখন আমরা পূর্ব ভারত সংস্কৃতি সম্মেলন বলে একটা সম্মেলন চালু করেছিলাম। আমরা যেসব কাজ করেছিলাম, ভুল কাজ করে-ছিলাম আর আপনারা যে সব কাজ করছেন ঠিক কাজ করছেন, এই কথাটা যেমন সত্য নয়, তেমনি আপনারা সব কাজই ঠিক করছেন এই কথাটা সত্য নয়। পূর্ব ভারত সংস্কৃতি সম্মেলন একটা গর্বের জিনিষ ছিল, এটা সকলে এক বাক্যে স্বীকার করেছিলেন। এটা তুলে দিয়েছেন, যেহেতু আমরা করেছিলাম। এই ভারতবর্ষে সংস্কৃতির পিঠস্থান এবং মন্দির ছিল এই পশ্চিমবাংলা, সেই স্থানকে কেন্দ্র করে, পূর্ব ভারতের সংহতি রক্ষার জন্য আমরা সেই সম্মেলন গড়ে তুলেছিলাম। সেটা আপনারা আসার পর হিংসা করে তুলে দিলেন। ভাল জিনিষকে নকল করতে হয়, — আমরাও তা করতে রাজি আছি এবং খারাপ জিনিষকে বর্জন করতে হয়। এই প্রসঙ্গে আমি একটা পুস্তক ছাপিয়েছিলাম, জানি না আপনি এটা পড়ে দেখেছেন কি না। সংস্কৃতি এবং সংহতির উপর দক্ষিণারঞ্জন বসু একটা বক্তৃতা দিয়েছিলেন। তাতে তিনি কি বলেছেন ? এই ধরণের সম্মেলনের পক্ষে নিঃসন্দেহে কলিকাতা সর্বাধিক যোগ্য স্থান। কারণ কলিকাতা শুধু যে পূর্ব ভারতের প্রাণ কেন্দ্র তাই নয়, ইহা একটি আন্তর্জাতিক মহানগরী। সংস্কৃতি মূলতঃ আন্তর্জাতিক। অখণ্ড মানব সংস্কৃতির উত্তরাধিকারী। রবীন্দ্রনাথ সেইজন্য হীরক-দ্যুতির সঙ্গে তুলনা করেছেন সংস্কৃতিকে। বাস্তবিকই, আলোর রূপ যেমন সর্বত্র সমান, সংস্কৃতিও তেমনি। আপনারা পারলেন না এই সব বজায় রাখতে। আমরা এখানে নিশ্চয়ই দলাদলি করতে চাই না, আমরা সেখানে কোন স্টল করতে যেতাম না। সেটাকে আপনারা সবচেয়ে আগে তুলে দিয়েছেন। এটাকে তুলে দিয়ে আপনারা কার উপকার করেছেন, তা আমরা জানি না। তবে এই ব্যাপারে আপনি নিশ্চয়ই ভাবনা চিন্তা করবার চেষ্টা করবেন।

[ 11-20—11-30 p.m. ]

স্যার, লোকরঞ্জন শাখা সম্পর্কে আমি কয়েকটি কথা বলছি। লোকরঞ্জন শাখা স্বর্গতঃ বিধান চন্দ্র রায়ের কল্পিত মানস-কন্যা বলে আমরা মনে করি, একথা তিনি এ সময়ে তাঁর বক্তব্যে বলেছিলেন। সেই লোকরঞ্জন শাখার অবস্থা আপনি দেখুন ওখানে এখন লেলিনের গান হচ্ছে, গণ-নাট্যের গান হচ্ছে। ওখানে ব্যাভিচার কর হচ্ছে। লেলিন বা গণ-নাট্যের গানের ব্যাপারে আমাদের আপত্তি নেই, মার্কসী দর্শনের গোর্কীর 'মা'কে আমরা স্বীকার করি। কিন্তু সমাজ চেতনা বা সামাজিক পরিবর্তন যেমন এগুলির মধ্যে দিয়ে আসতে পারে বলে আপনি মনে করেন, ঠিক তেমনি কি দীনেশ বাবুর 'নীল দর্পন' আমাদের সমাজে পরিবর্তন আনতে পারে না? সেজন্য আমি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকদের কাছে প্রশ্ন করি, নীল দর্পন কি আমাদের জাতীয় স্বার্থে প্রয়োজন আছে বলে আপনারা মনে করেন না? অথচ আমরা দেখতে পেলাম কি, আপনারা নীল দর্পন তুলে দিয়েছেন। গোর্কীর 'মা' এর পাশাপাশি যদি নীল দর্পনের চেতনা চালিত হত তাহলে, পাশ্চাত্ব ভাবধারার সাথে আমাদের চেতনার মিলন হতে পারত এবং সত্যিকারের সমাজ দর্পন, একটা রেনেসাঁর মু আমরা দেখতে পারতাম বলে আমরা বিশ্বাস করি। পক্ষান্তরে, আপনারা যা কা চলেছেন তা হল, সঙ্কীর্ণতার কথা ও গোঁড়ামির ছাপ আপনারা রেখেছেন। এটা কখন উদারতার কীর্তি নয়। সঙ্কীর্ণতা ও গোঁড়ামি দিয়ে প্রগতির কাজ করা যায় না যাঁরা প্রগতির কথা বলে গণতান্ত্রিক কথা বলেন, তাঁদের ফাণ্ডামেণ্টাল ক্যাপিটাল হচ্ছে সঙ্কীর্ণতা। সঙ্কীর্ণতার উর্ধ্বে ফাণ্ডামেণ্টাল মানসিকতা না থাকার জন্য, নিজস্ব ভাব ধারা তাঁরা কিছু সৃষ্টি করতে পারেন নি, নতুন মৌলিক কিছু তাঁরা করতে কখন পারবেন না। সততাকে তাঁরা স্বীকার করতে কোনদিন পারেন নি। যাঁরা তা পারে নি, তাঁরা কখনই কোনদিন প্রগতির পথে পা দিতেও পারবেন না। তাই বলি, গোর্কী 'মা' চলে চলুক, কিন্তু তার সাথে নীল দর্পন ফল্গু ধারার মত বজায় রাখার চেষ্ট তাঁরা করুন। স্যার, আপনি অবাক হয়ে যাবেন, লোকরঞ্জন শাখাতে রামমোহনকে তুলে দেওয়া হয়েছে, সেখানে আমরা দেখছি, বিদ্যাসাগরকে বন্ধ করে দেওয়া হয়েছে কিন্তু কেন? রামমোহন কি কিছু করেন নি আমাদের সমাজকে পরিবর্তনের জন্য তিনি কি রেনেসাঁর পক্ষপাতী ছিলেন না? আমি আপনাকে এক জায়গা পড়ে শোনাচ্ছি যেখানে রামমোহন সম্পর্কে একজন ভদ্রলোক বলেছিলেন যে, এমন একজন মহারথী সন্ধান পেয়েছিলাম, এমন একজন মহামানবের সন্ধান পেয়েছিলাম আমরা রামমোহনের মধ্যে, যাঁর প্রগতিমূলক চিন্তাধারা গোটা বিশ্বকে প্রভাবিত করেছে। মুক্ত বুদ্ধি সতী দাহের বিরুদ্ধে আন্দোলন, সংস্কৃতি বোধ জাত কারণই এর পেছনে কাজ করেছিল সংস্কৃতির যে যুক্তিবাদ এবং ব্যক্তি মূল্যের যে স্বীকৃতি, ঈশ্বরচন্দ্রের বিধবা বিবাহ আন্দোলনের পেছনে সেই একই বিচারবুদ্ধি কাজ করেছিল। সেই রামমোহন এবং বিদ্যাসাগর কাদের সম্পদ? আমাদেরই সম্পদ, এঁরা হচ্ছেন জাতির সম্পদ। তাঁদের চিন্তাধারা কি কোন পার্টির সম্পত্তি? এঁরা ছিলেন নতুন ভাবধারার স্রষ্টা। আজ এঁদেরকে ভুলে গিয়ে, রামমোহন নাটককে ওঁরা বন্ধ করে দিয়েছেন। লোকরঞ্জন শাখাতে লেলিনের নাটক হোক, হো চি মিনের নাটক হোক, আমি কংগ্রেসী হয়ে

বলছি, আলবৎ হোক, কোন আপত্তি নেই তাতে আমাদের। যে কমরেড লেলিন ছিলেন মুক্তির প্রতীক, তাঁর আদর্শের সাথে আমাদের মত পার্থক্য থাকতে পারে, স্বীকার করতে বাধা নেই, তিনি ছিলেন দেশ প্রেমের মূর্ত প্রতীক। কিন্তু আমাদের দেশে দেশ-প্রেমের মূর্ত প্রতীক সমস্ত মহামানবদের কথাও আমরা চাই জানতে, এর প্রয়োজন আছে আমাদের কাছে। আমাদের দেশের মধ্যে যাঁরা আগুন, যাঁরা দেশের মধ্যে পরিবর্তনের নব রেনেসাঁর স্রষ্টা ছিলেন, তাঁরা কি অপরাধ করেছিলেন? যাঁরা উৎসর্গীকৃত হয়েছিলেন দেশের কল্যানের জন্য, তাঁদের উপর এ ব্যবহার হচ্ছে পাপ, ইট ইজ এ ক্রাইম। এটা যে পাপের সামিল, তা উনি বোঝেন, না বুঝে থাকলে আশা করি, বোঝাবার চেষ্টা করবেন। স্যার, কলকাতার আশুতোষ কলেজের যিনি প্রিনসিপ্যাল নিযুক্ত আছেন, তিনি থার্ড ডিভিসনে পাশ, একটা সাবজেক্টে পি. এইচ. ডি, করেছেন। বিষয়টা হচ্ছে 'হাস্যরস'। কয়েকদিন আগে তিনি একটা ক্লাস নিয়েছিলেন বিল্বমঙ্গলের উপরে। ঐ বিষয়ে পড়াতে গিয়ে তিনি ছাত্রদের বুঝিয়েছিলেন মার্কস এবং লেলিনের দর্শন। কোথায় বিল্বমঙ্গল আর কোথায় মার্কসবাদ এবং লেলিনবাদ! আমি মার্কসবাদের বিরুদ্ধে বলছি না। কিন্তু বিল্বমঙ্গলের সাথে মার্কস বা লেলিনের সম্পর্ক কোথায়? নিশ্চয়ই কোন সম্পর্ক থাকতে পারে না। আজকে সংস্কৃতিকে এঁরা এই জায়গায় পৌঁছে দিয়েছেন, সংস্কৃতির সঙ্গে এঁদের কোন সম্পর্ক নেই। আপনাদের কাছে আবেদন করছি, আপনারা একটু ভেবে দেখুন। লোকরঞ্জন শাখার আর একটা ডেনজারাস ব্যাপার নিয়ে বলছি। ওখানে দীর্ঘ দিন ধরে ৬ জন কর্মচারীকে চাকুরী করা সত্ত্বেও তাঁদের ছাঁটাই করে দেওয়া হয়েছে জবরদস্তি কায়দায়। কি তাদের অপরাধ ছিল? অপরাধ তাঁদের কিছু ছিল না, শুধু মাত্র আমাদের আমলে তাঁরা চাকুরী পেয়েছিলেন, এই ছিল তাঁদের অপরাধ। শুধু মাত্র এই দোষের জন্য তাঁদের প্রতি এই নিষ্ঠুর ব্যবহার, তাঁদের ছাঁটাই করে দেওয়া হয়েছে। আপনি শ্রমিক কর্মচারীদের সঙ্গে যেহেতু যুক্ত সেজন্য আবেদন করব, লোকরঞ্জন শাখার ঐ ৬ জন কর্মচারী যাঁরা আজকে না খেতে পেয়ে তিলে তিলে মরে যাচ্ছে, যারা দীর্ঘ ৫।৬ বছর ধরে চাকুরী করে এসেছে, তাদের পুনর্নিয়োগ করুন। অনেক তো করেছেন, দুর্নীতিগ্রস্ত বলে যে সমস্ত অফিসারদের আমরা তাড়িয়ে দিয়েছিলাম, তাদের পুর্ণবহাল করেছেন, এদের ব্যাপারে একটু চিন্তা করুন, এরা টাটা বিড়লা নয়, এরা কংগ্রেসী কোন সমর্থক বা সদস্যও নয়। শুধু মাত্র সি. পি. এম. করে না বলেই তাদের ছাঁটাই করে দেওয়া হয়েছে। এবারে নতুন একটা ডিপার্টমেণ্টের কথা বলি, সেটা হচ্ছে ডকুমেণ্ট্রীর কথা। ডকুমেন্ট্রীতে এ বছরেই প্রথম সরকারী সাহায্য দেওয়া হয়েছে।

স্যার, ডকুমেণ্টারী ডিপার্টমেণ্টে এই সরকার আসার পর কি হয়েছে? এই সরকার আসার পর দেখলাম স্বরূপ দত্তকে দেওয়া হ'ল ৪।৫ লক্ষ টাকা ফ্লিম তৈরী করবার জন্য। কিন্তু আজ পর্যন্ত স্বরূপ দত্তের কোন সিনেমার ছবি দেখানো হয়েছে কি? একটা স্টাণ্ডিং রুল ছিল সেটট্রাল গর্ভমেণ্টের যে, একটা ডকুমেণ্টারী ফ্লিম ১ রিল বা ২ রিলের বেশী হতে পারে না। অর্থাৎ সেই ফ্লিম ১০ মিনিটের বেশী দেখানো যেতে পারে না। স্বরূপ দত্তকে ৫-৬ লক্ষ টাকা দেওয়া হ'ল পেলের খেলা দেখাবার জন্য। ৫-৬ লক্ষ টাকা কেন দেওয়া হ'ল? দেওয়া হ'ল এই কারণে যে তিনি

ইলেকসানে কাজ করেছিলেন বলে। ৫-৬ লক্ষ টাকা দিয়ে তিনি একটি ৫০ মিনিটের ফ্লিম তৈরী করলেন। এর মাধ্যমে 'ল ভায়োলেট করা হচ্ছে এবং এর মধ্যে ইরেগুলারেটি রয়েছে। উনি যদি পারেন তাইলে এই ব্যাপারে জবাব দেবেন। মৃণাল গুপ্তকে করে দেওয়া হ'ল প্রোডিউসার, ডিসট্রিবিউটার। কে সে? কবে প্রোডিউস করেছেন? সামান্য একজন ইনফরমেসান অফিসার তদ্বির করে প্রোডিউসার হয়ে গেলেন এবং তাকে বাস পোড়ানোর ছবি করতে দেওয়া হ'ল। তাকে বলা হ'ল পাকা ফসলের কর্চার উপর একটা তরজা-টরজা কিছু দিয়ে একটা ছবি করতে। এই ভাবে কয়েক লক্ষ টাকা তাকে পাইয়ে দেওয়া হ'ল। একজন I. P. S. পুলিশ অফিসারকে কয়েক লক্ষ টাকা পাইয়ে দেওয়া হ'ল। তিনি রাইটার্স বিল্ডিং-এর ডি. ডি. ডিপার্টমেণ্টের কর্তা ছিলেন। তাকে বলা হ'ল তোমাকে আর পুলিশের কাজ করতে হবে না, তুমি যাও ফ্লিমে কাজ করো। ৬০-এর দশকের গোড়া থেকে আমাদের সংস্কৃতির পচন সুরু হয়েছে। যৌন বিকারগ্রস্ত মানুষের কাণ্ড-কারখানা এবং নগ্ন নৃত্য অভিনীত হচ্ছে। ভালোবাসার নাম করে বো হট নাটক তৈরী হচ্ছে প্রগতিশীল নাট্য আন্দোলনের নামে। এই নাট্য আন্দোলন রবীন্দ্র ঐতিহ্য বদলের নামে তৈরী হচ্ছে। এটা গভীর হতাশব্যঞ্জক। আজকে এ্যাবসার্ড ড্রামায় হতাসা ছাড়া আর কিছুই তৈরী হয় না। একেই কি বলে সংস্কৃতি? এসবকে প্যাট্রোনাইজ কারা করছে? স্যার, সিনেমা সম্পর্কে আমি দু-একটি কথা বলবো। সিনেমা সম্পর্কে আমি গঠনমূলক কিছু বলবো, সেইগুলি আপনারা গ্রহণ করলেও করতে পারেন। এই সরকার ক্ষমতায় আসার পর থেকে সিনেমা ইনডাসট্রির ডেভেলপমেণ্টের জন্য ২ কোটি টাকা দেওয়া হয়েছে। আপনি আমার বক্তব্যটা নোট করুন। এর কতটা ওনারা রিফাণ্ড করেছেন এবং যেখানে রিফাণ্ড হয় না, সেখানে সরকারের ডেভলপমেণ্ট খাতে প্রোডাকসানের সংখ্যাটা কি? স্যার, প্রোডাকসানের সংখ্যাটা দেখুন, অতীতে যে প্রোডাকসান হয়েছে তার থেকে কম। 'ঝড়ের' নাম করে উৎপল দত্তকে ৫ লক্ষ টাকা পাইয়ে দিলেন। কিন্তু 'ঝড়' বাজারে আসে নি। 'ঝড়ের' টাকা কালবৈশাখীর ঝড়ে উড়ে চলে গেছে। মানুষের কাছে তা প্রতিষ্ঠিত করতে পারে নি। কেন পাইয়ে দেওয়া হ'ল? শুধু রাস্তার উপরে নির্বাচনের সময় আমাদের বিরুদ্ধে নাটক করেছিলেন বলে। এই একটা মাত্র কারণে তাঁকে টাকা পাইয়ে দেওয়া হয়েছে। আরো কতকগুলি নাটকের নাম করে তাঁকে লক্ষ লক্ষ টাকা পাইয়ে দেওয়া হয়েছে। না প্রোডাকসানে বেনিফিট হয়েছে, না ডেভলপমেণ্টের দিকে বেনিফিট হয়েছে। মহানায়ক উত্তম কুমার কোন দিন ১৫টি ছবি এক সঙ্গে নেন নি। অথচ নিরঞ্জন সেনগুপ্ত বলে একজন ভদ্রলোক আছেন, যিনি মস্তান, যিনি আমাদের সরকারের সময় মিসা খেটেছেন, তিনি এই অনুমোদনের যাদুস্পর্শে উত্তম কুমারের চেয়েও তিনি বড় হয়ে গেলেন। তিনি চাকরের অভিনয় করতেন সেই সময়। আমি নির্দ্দিষ্ট করে বলে দিলাম। অনুমোদন যেহেতু পাওয়া গেল, আমাকে উত্তম কুমারের ভূমিকা নিতে হবে। আমাকে যাই হোক করে ম্যানেজ করতে হবে। চ্যালেঞ্জ করছি, কমিসন করে এই গুলি দেখা হোক, তাহলে এর সত্যতা প্রমাণ পাওয়া যাবে। নিরঞ্জন বাবু, দীনেশ বাবু এরা ডিষ্ট্রিবিউসানের কি জানেন? অথচ তাদের হাতে এই গুলি দেওয়া হ'ল। গণদেবতার মতো বইকে টেণ্ডারে না দিয়ে ওদের দিয়ে দিয়েছেন। এই ভাবে লক্ষ লক্ষ

টাকা চলে গেছে। আপনি প্রকাশ করুন যে, আমরা গণদেবতা থেকে কত লক্ষ টাকা লাভ করতে পেরেছি। কেন এটা ওয়ার্ল্ড মার্কেটে যায় নি? কেন এটা সারা ভারতবর্ষে ইউটালাইজ করা যায় নি? এর বিরুদ্ধে কি কেস ছিল, টেণ্ডার সম্পর্কে, সেই কেস থাকা সত্ত্বেও দীনেশ বাবু মুক্তি দিয়ে দিয়েছেন এই গণদেবতার মতো বইকে। সকলে জানতে চায়, কে এই দীনেশ বাবু, কে এই নিরঞ্জন বাবু? ২নং থিয়েটার যেটা আমাদের সময় টেকওভার করা হয়েছিল টেকনিসিয়ান্সদের বিশ্বাস ফিরিয়ে আনার জন্য, সেটা কে ওরা বসিয়ে দিলেন। আমরা সেটার নাম দিয়েছিলাম স্টুডিও সাপ্লাই এণ্ড কো-অপারেটিভ। আমরা করেছিলাম টেক্ওভার, আর ওরা ওটাকে বসিয়ে দিলেন এবং আজকে সেখানে সলিল চৌধুরীর একটা আস্তানা হয়েছে। সেখানে একগাদা ছেলে-মেয়ে নিয়ে তবলা বাজানো হচ্ছে, ঢোল পেটানো হচ্ছে। বম্বের কালচার যখন কলিকাতায় আসে তখন সলিল চৌধুরী তার মেয়ে এবং তার স্ত্রীকে দিয়ে — জানিনা স্যার ঐ কালি রে কালি রে কি গান আছে, সেটা গাওয়ালেন। সেখানে তাঁর মেয়ে এবং তার স্ত্রী সবিতা চৌধুরী ঢোল তবলা পিটিয়ে গণ-নাট্য করবার চেষ্টা করছেন। আর সেখানে টেকনিসিয়ানদের অবস্থা কি? তারা ফুলুরি ভাজছে, বেগুনি ভাজছে। তাদের ছেলে-মেয়েদের আজ কি অবস্থা দাঁড়িয়েছে? সেই সব অবস্থা যদি ফাদিকার সাহেব দেখেন তাহলে লজ্জায় তাঁর মাথা নীচে নেমে যাবে।

[11-30—11-40 p.m.]

পশ্চিমবাংলায় যে কালার ল্যাব করার কথা ছিল তার কি হল? এক সময়ে আমরা ফিল্ম ইণ্ডাস্ট্রিতে পাইওনিয়র ছিলাম। কালার ল্যাব করার প্রস্তাব আমরা দিয়েছিলাম। যখন রিফ্যুজিরা এখানে এসেছিল তখন তাদের জন্য টিকিটের উপর ১০ পয়সা সেস বসান হয়েছিল। আমরা তখন প্রস্তাব দিয়েছিলাম প্রকাশ্যভাবে যে ১০ পয়সা সার চার্জ নেয়া হোক কালার ল্যাব ফিল্ম ডেভোলাপ করার জন্য। ৬ বছরে কোটি কোটি টাকা হয়েছিল। এই সেস চলে গেছে। আজকে টাকার সমস্ত খরচ আপনারা দেখিয়ে দেবেন তথ্যভিত্তিক। এতে যদি আমাদের ভুল হয় আমরা স্বীকার করবো। কিন্তু বলবেন সার চার্জগুলি কোথায় আপনারা দিয়েছেন? এই প্রসঙ্গে অনুরোধ করবো ডাঃ রায়ের শতবার্ষিকী চলছে বলে তাঁর জীবনের উপর যদি একটা পূর্ণ আলেখ্য করেন তাহলে আমরা সবাই কৃতজ্ঞ থাকবো। পশ্চিম বাংলায় ৪০০টি সিনেমা আছে এবং এর শতকরা ৭৫টি সিনেমা ৪টি পরিবার নামে বেনামে দখল করে আছে। তারা সব একচেটিয়া পুঁজিপতি। তাদের সাহায্য করার জন্য আপনারা এগিয়ে এসেছেন। এই ভাবে তারা শতকরা ৭৫টি সিনেমা দখল করার পর একটা প্যারালাল ব্ল্যাক মানি রাণ করাচ্ছে। এখানে সরকার চুপ করে বসে আছেন। তারা বছরে ৮ কোটি কালো টাকা তৈরী করছে এবং তারা বেশির ভাগ টাকা আত্মসাত করার চেষ্টা করছে। পশ্চিমবাংলা থেকে ডিস্ট্রিবিউসানের নাম করে বম্বেতে সেই টাকা ইনভেস্ট করছে। তাদের ইনভেস্টমেণ্ট কত? বম্বেতে ৮০০ কোটি টাকা, পশ্চিম বাংলায় তাদের ইনভেস্টমেণ্ট ২০০ কোটি টাকা। পূর্ব ভারত থেকে তারা টাকা নিয়ে বম্বেতে যাচ্ছে। সেই একচেটিয়া পুঁজিকে নুতনভাবে অনুদান দেয়া হচ্ছে। এইভাবে

তাঁদের অনুদান কেন দেয়া হচ্ছে? যদি অনুদান দিতে হয় তাহলে সরকার থেকে সরাসরি ওয়েজ ষ্টাকচার করে কর্মচারীদের কেন টাকা দেয়া হচ্ছে না? এই টাকা যে তারা বম্বেতে খরচ করছে তা রেজিষ্ট করা হচ্ছে না। এর জবাব তিনি দেবেন। এর পর আমি কয়েকটা সাজেশান সিনেমা সংক্রান্ত দেবো। আমরা যখন সরকারে ছিলাম যখন Report of the working Group of the Film Development Board. এর কাছে কতকগুলি সাজেশান রেখেছিলাম। সেগুলি সব গঠনমূলক ছিল। চলচিত্রের অবক্ষয়ের জন্য কতকগুলি প্রস্তাব আমি পেশ করছি আপনা বিবেচনা করবেন। ই. এ. এম. পি. প্রবর্তিত শর্তগুলি শুধু আসাম, উড়িষ্যা নয়, পশ্চিম বাংলায় প্রযুক্ত করা হোক এবং প্রয়োজন হলে এই রাজ্যে রাজ্য সরকারের উদ্যোগে এবং ই. এ. এম. পি.-র সহযোগিতায় আঞ্চলিক চিত্রগুলি প্রদর্শিত হোক। প্রযোজকদের প্রমোদকরের অধিকাংশ দিয়ে দেবার যে নীতি আসাম সরকার গ্রহণ করেছেন সেই সুস্থ নীতি যা অদূরভবিষ্যতে অন্যান্য রাজ্যে গৃহীত হবে বলে আশা রাখি তা সমস্ত পূর্বাঞ্চলে প্রচলিত হোক। ব্যবসায়ী ভিত্তিতে পূর্ব দেশীয়দের জন্য এবং তাদের ভাষায় ছবি ব্যবসায়ী ভিত্তিতে নিয়মিত প্রদর্শিত হোক। এই প্রকল্প সফল করার জন্য রাজ্য সরকার এবং ই. এ. এম. পি. সচেষ্ট হোন। পূর্বাঞ্চলে একটি কালার ল্যাব স্থাপন করা হোক। আঞ্চলিক চিত্রগুলির সহজ মুক্তি এবং তাদের বাজার সম্প্রসারনের উদ্দেশ্যে ব্যাপক প্রদর্শনের জন্য নূতন চিত্রগৃহ নির্মাণ করা হোক। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত ডাবিং এবং প্যারা ডাবিং এর জন্য রাজ্যগুলি বিশেষ সক্রিয় হোক। প্রতি বৎসর একটি করে চিত্র মেলা অনুষ্ঠিত হোক পূর্ব ভারতের এক একটি কেন্দ্রে এবং সেই উপলক্ষে আলোচনা হোক শিল্পের সমস্যা সম্বন্ধে। আপনারা জানেন ন্যাশনাল থিয়েটার আমাদের সময়ে আমরা করতে পারিনি। আমরা যা করতে পারিনি আপনারা তা সম্পূর্ণ করুন এবং তাতে নিশ্চয় আপনাদের প্রতি আমাদের সমর্থন থাকবে। ন্যাশনাল থিয়েটারের জায়গা ক্যাপচার করছে অন্য পারপাস। আজকে রেস কোর্স তুলে দিন। রেস কোর্স করা যায়? মর্ডান সিটি সল্ট লেকে রেস কোর্সে কারা যায়। সেখানে ৫০০ একর জমি আছে। আপনারা ন্যাশানাল থিয়েটার করুন। বহু প্রখ্যাত ব্যক্তি এ নিয়ে সারা জীবন প্রচেষ্টা করেছেন কিন্তু তাঁরা কিছু করতে পারেন নি। এটা করতে পারলে আপনাদের সকলে সাধুবাদ জানাবে।

সেই প্রসঙ্গে আমি তাঁর সঙ্গে একটা ব্যাপারে একমত। আমি জানি না তাঁরা এখানে বক্তৃতায় কি বলেছেন, কিন্তু তাঁরা বাইরে বলেছেন দু'চারটি কথা। একবার আমি কেন্দ্রীয় সরকারের কিছু আমলাতন্ত্রের সমালোচনা করি টি. ভি'র ব্যাপারে। কেন্দ্র থেকে টি. ভি.-তে কি একটা প্রচার করার নাম করে ইংরাজীতে যে আঞ্চলিক সংবাদ প্রচারের ব্যবস্থা ছিল সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। সরকার প্রচেষ্টা করুন' আমরা সাহায্য করব। এখানে আঞ্চলিক ইংরাজী সংবাদের প্রয়োজন আছে। এটা একটা সিরিয়াস ম্যাটার — এখানকার যিনি ডেপুটি ডাইরেক্টর তিনি বলেছেন দূরদর্শনে ইংরাজী সংবাদ প্রচারের বিশেষ প্রয়োজন, এ থেকে বঞ্চিত করা কোন মানে হয় না, কিন্তু সরকারী অধিকর্তা এ্যাসিস্ট্যাণ্ট ডাইরেক্টর মিঃ বিদ্যুৎ সাহা সেখানে বলছেন পশ্চিমবঙ্গে অবাঙালীদের জন্য স্থানীয় ইংরাজী সংবাদ প্রচারের কোন প্রয়োজন নেই।

এটা সত্যযুগ ৭ পাতায় ১২ই সেপ্টেম্বর উল্লেখ করেছে। আমি এর প্রতিবাদ করছি, ইংরাজী সংবাদের প্রয়োজন আছে। এই রাজ্যে বাংলা ভাষা বোঝে না এই রকম ৫০ লক্ষ মানুষ আছে, আমাদের কথা তাদেরও জানার প্রয়োজন আছে। এই নিয়ে পরিচ্ছন্ন প্রস্তাব নিয়ে যদি কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া হয় তাহলে নিশ্চয়ই আমরা তাঁদের সঙ্গে সহযোগিতা করব। তারপর যাত্রা—যাত্রা আমাদের পশ্চিমবঙ্গের কৃষ্টি এবং সংস্কৃতির সঙ্গে যুক্ত। তার উন্নয়ন করুন, এটা আমার সম্পত্তি নয়। এই সম্বন্ধে বেশী কথা বললে বলবেন এক সময় আমি যাত্রার উন্নতি করেছিলাম বলে বলছি। আমি শুধু উল্লেখ করে দিচ্ছি মাটির মানুষের সঙ্গে আজো যাত্রা যুক্ত। পৌরাণিক আমলে যে ধারা সেটা যাত্রার মাধ্যমে উঠেছিল, আজো তার প্রয়োজন শেষ হয়ে যায়নি। যাত্রাকে আরো গণমুখী করে তোলার জন্য সচেষ্ট হোন।

সর্বশেষে আর একটা বিষয় উল্লেখ করে আমার বক্তব্য শেষ করব, আমি আর একটা সংস্কৃতির কথা বলব। সংস্কৃতি আলোচনার ক্ষেত্রে গেটে একটা জায়গায় বলেছিলেন — 'সংস্কৃতিবান ব্যক্তিকে প্রতিদিন একটা গান শুনতে হবে, অন্ততঃ একটা ছবি দেখতে হবে, একটা কবিতা পড়তে হবে, সম্ভব হলে কিছু স্ফূর্তির কথা বলতে হবে। সেই সুযোগ উনি করে দেবেন। এমারসন বলেছিলেন— সংস্কৃতি একটা যন্ত্রের মত। সমালোচকদের কাছে যেমন ভাষা, জ্যোতিষীদের কাছে যেমন আকাশ বিজ্ঞান সম্পর্কে গবেষণার জন্য দুর্বীণ, তেমনি সংস্কৃতিবান মানুষের কাছে সংস্কৃতিও তাই। সেই সুযোগ আমি আশা করি উনি করে দেবেন। সংস্কৃতি সম্বন্ধে ইলিয়টও বলেছেন, আশা করি তাঁর বক্তব্য থেকে আমাদের বঞ্চিত করবেন না। আমি কমিউনিষ্ট কবি সুভাষ মুখোপাধ্যায়ের একটা কবিতা বলে আমার বক্তব্য শেষ করছি—

হে জননী, আমরা ভয় পাইনি,
যারা তোমার মাটিতে নিষ্ঠুর থাবা বাড়িয়েছে
আমরা তাদের ঘাড় ধরে সীমান্ত পার করে দেব।
আমরা তো চীন রাশিয়ার লোক,
আমরা জীবনকে নিজের মত করে সাজাচ্ছিলাম,
আমরা সাজাতে থাকব সংস্কৃতির মধ্য দিয়ে।
হে জননী, আমরা ভয় পাইনি,
চৌর্য্যবৃত্তি ঘটছে বলে আমরা বিরক্ত,
সরকারের বিরুদ্ধে বিদ্রোহ ঘটাচ্ছে বলে আমরা বিরক্ত,
মুখ বন্ধ করে আছি আজকাল হে জননী,
আমরা ভালবাসার কথা বলি না।

**শ্রীশুভেন্দু মণ্ডল:** মিঃ স্পীকার, স্যার, সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার আজকে যে আয়-ব্যয়ের বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে আমি দু'চারটি কথা বলতে চাই। আমাদের বিরোধী পক্ষের নেতা অনেক রকম কথা বললেন—উনি রবীন্দ্র নাথের নামে বললেন, প্রগতিশীল সংস্কৃতির কথা বললেন, অপসংস্কৃতির কথা বললেন, কিন্তু যেটা সকলেরই জানা আছে সেটা হচ্ছে আন্ত-র্জাতিক ফিল্ম উৎসব যখন হচ্ছিল রবীন্দ্র সদনে তখন শুনেছিলাম উনি আসামী

হয়েছিলেন। উনি অনেক কিছু ধ্বংস করেছিলেন যেটা ওঁর মত নেতার পক্ষে করা উচিত ছিল না। আমরা গ্রামের মানুষ, আমরাও হ্যাণ্ড বিল দিয়েছিলাম। এইভাবে ওঁরা সংস্কৃতির অগ্রগতি চাচ্ছেন। তারপর অপসংস্কৃতির কি একটা কথা বললেন —হামতুম কামরামে এইসব গানও আছে। আমরা সি পি এম'র লোকেরা, বামফ্রণ্টের লোকেরা শুধু এই দেশটা চালাচ্ছি না, একটা দেশের সংস্কৃতি গভর্ণমেণ্ট নিয়ন্ত্রণ করে না, মানুষের জীবন জীবিকা একটা দেশের অর্থনীতি মানুষের সংস্কৃতির উপর প্রভাব বিস্তার করে এবং উত্তরাধিকার হিসাবে পুরাণ সংস্কৃতির প্রভাব, পুরাণ অর্থনীতির প্রভাব এই সমস্ত কাজ করে।

[11-40—11-50 p.m.]

অর্থাৎ আমাদের দেশে সামন্ততান্ত্রিক প্রভাব এখনও রয়েছে, একচেটিয়া ক্ষয়িষ্ণু পুঁজিবাদের প্রভাব এখনও রয়েছে এবং তারাই দেখাচ্ছে অবক্ষয়ের চলচ্চিত্র। একচেটিয়া বিদেশী পুঁজিবাদ এখনও যারা আমাদের দেশে রয়েছে তারা আমাদের দেশে মানুষ এই যে গণতান্ত্রিক আন্দোলন করছে, শ্রমিক, কৃষকরা আন্দোলন করছে তাকে স্তব্ধ করবার জন্য এই সমস্ত অবক্ষয়ের চলচ্চিত্র দেখাচ্ছে। গত ৩০/৩৫ বছর ধরে আমাদের দেশের অর্থনীতি যেভাবে চলছে আমাদের সংস্কৃতিও সেইভাবে রূপ নিচ্ছে। পাশ্চাত্ত সমাজ ব্যবস্থা যেটা আজ ভাঙনের মুখে তারা মানুষকে ছাঁটাই, লে-অফ, বেকারী ছাড়া আর কিছু দিতে পারছে না এবং তারাই মানুষকে এই সমস্ত অবক্ষয়ের চিত্র দেখাচ্ছে, মানুষের সামনে এই সমস্ত অপসংস্কৃতি প্রচার করছে এবং বিদেশ থেকে এটা আসছে। কিন্তু বামফ্রণ্ট সরকার চেষ্টা করছেন প্রগতিশীল জিনিস যাতে হয় এবং বাংলা ছবি সম্বন্ধে মানুষের যাতে চেতনা জাগে। মাননীয় সদস্য সুব্রতবাবু কিছু কিছু শিল্পের নাম করলেন এবং আমাদের প্রগতিশীল কাজগুলির নিন্দা করলেন, তাকে আক্রমণ করলেন। অবশ্য তিনি কতগুলি ভাল ভাল কথাও বলেছেন। তবে যে সমস্ত ভাল ভাল কাজ হচ্ছে, ভাল ভাল ফিল্ম হচ্ছে, গণ নাটক হচ্ছে তাকে সমর্থন করেও তিনি বাজেটের বিরোধিতা করলেন। দুঃখের সঙ্গে জানাচ্ছি, ১৯৭৯ সালের নভেম্বর মাসে যে আইন পাশ হয়েছিল বাংলা ফিল্ম—এর জন্য কেন্দ্রীর সরকার বা রাষ্ট্রপতি এখনও তাতে অনুমোদন দেননি, আটকে রেখেছেন। আমি বিরোধীদলের কাছে জিজ্ঞেস করছি, পশ্চিমবাংলায় এই অপ-সংস্কৃতির বিরুদ্ধে কোন সংগ্রাম কি কংগ্রেসী রাজত্বে হয়েছিল? ওঁদের আমলে আমি অবশ্য বিধানসভার সদস্য ছিলাম না কাজেই ওঁদের কার্যকলাপ আমি ভালভাবে জানিনা, কিন্তু এটা জানি যে এই অপসংস্কৃতির বিরুদ্ধে আন্দোলন বাইরে চলেছিল এবং সমস্ত টেকনিসিয়ানরা মিলে একটা সংগঠন করেছিল এবং স্বাভাবিক কারণেই তারা আন্দোলন করেছিল। কর্মচারীরা তাদের দাবীদাওয়ার জন্য যে রকম আন্দোলন করে ঠিক সেই রকম আন্দোলন তারা করেছিল। ওঁদের আমলে এই বিভাগের নাম ছিল 'তথ্য এবং জনসংযোগ বিভাগ', কিন্তু বামফ্রণ্ট সরকার এই 'জনসংযোগ' কথাটা পাল্টে দিয়ে সেখানে 'সংস্কৃতি' কথাটা বসিয়েছেন। অর্থাৎ এখন এই দপ্তরের নাম হয়েছে "তথ্য ও সংস্কৃতি বিভাগ'। স্যার, অন্যান্য দপ্তরের প্রতি যত গুরুত্ব দেখছি সেই তুলনায় এই দপ্তর এখনও সেরকম গুরুত্ব অর্জন করতে

পারেনি। তবে এটা ঠিক যে সেই গুরুত্ব দেবার চেষ্টা চলছে। এই বাজেট অধিবেশনে আলোচনা হয়েছে সুস্থ প্রশাসন গড়ে তুলতে হবে, গণমুখী প্রশাসন গড়ে তুলতে হবে। আমার বক্তব্য হচ্ছে সংস্কৃতির ক্ষেত্রেও সুস্থ সংস্কৃতি এবং গণমুখী সংস্কৃতি গড়ে তুলতে হবে। সংস্কৃতি হচ্ছে মানব জীবনের এবং অর্থনৈতিক জীবনযাত্রার প্রতিফলন। আমাদের সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয় বলেছেন, সরকার এবং জনগণের মধ্যে যোগসূত্রের সেতু হল তথ্য এবং সংস্কৃতি বিভাগ। সরকারের নীতি, কার্যাবলী এবং কর্মসূচী সর্বস্তরের জনগণের মধ্যে পৌঁছে দেয়া এবং জনগণের প্রতিক্রিয়া এবং মতামতকে উপলব্ধি করে সরকারের কর্মসূচী প্রনয়ণে সাহায্য করা এই বিভাগের কাজ।

নীতিটা পরিষ্কারভাবে বলা আছে। 'রাজ্যের সাংস্কৃতিক ধারাটিকে সাধারণভাবে গণমুখী করে তোলা এবং অপসংস্কৃতির বিরুদ্ধে সুস্থ সংস্কৃতির প্রক্রিয়াকে সাহায্য করাই হচ্ছে আমাদের সমস্ত সংস্কৃতির কাজ কর্মের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি? রাজ্য সরকার গত পাঁচ বছর ধরে সাংস্কৃতিক দপ্তর খুলেছেন। তার আগে যা হয় নি, এর মধ্যে সেই কাজ সুরু হয়েছে। অনেক বাধা আছে—কিন্তু তবুও কাজ চলছে। মানুষকে গড়ে তুলতে গেলে, তার চিন্তাধারা তৈরী করতে গেলে সাংস্কৃতিক দিক থেকে যা করা দরকার, তার সচেতন প্রচেষ্টা চলেছে এবং এই সাংস্কৃতিই হচ্ছে জাতীয় চরিত্র উন্নতির চাবিকাঠি। সেই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে সরকার কাজ করে চলেছে। ছাঁটাইয়ের কথা ওঁরা বলেছেন। আমি শুনলাম অনেককে ছাঁটাই করে দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকার আসার পর তাদের পুনর্বাসন হয়েছে, তারা চাকুরী পেয়েছে। এখনও এই দপ্তরের যে সমস্ত কাজ রয়েছে তাতেও হাত দেওয়া হয়েছে। তথ্য দপ্তর খোলার কাজ চলছে। আন্তর্জাতিক ফিল্ম ফেষ্টিভ্যাল, দু'শত বছরের সাংবাদিকতা প্রদর্শনের কাজ, সুস্থ সাংস্কৃতিক কালচার এই সব দিকে আরও বেশী নজর দিতে হবে, এটা আমরা জানি। এবং এইসব করার প্রচেষ্টাও নেওয়া হয়েছে। আমি এখানে একটি সাজেসন রাখতে চাই। গতবারে গ্রামে যারা যাত্রা করতে যায়, তাদের উপর ট্যাক্স তুলে দেওয়া হয়েছিল। কিন্তু এখন তারা ১৫/২০ হাজার টাকা নিয়ে যাত্রা করছে। আমি বলব আজকে তাদের উপর ট্যাক্স বসিয়ে যে সমস্ত দুস্থ শিল্পী আছে, বৃদ্ধ হয়ে গেছে, তাদের পেনসনের ব্যবস্থা ঐ টাকা দিয়ে করা উচিত। এবং মফঃস্বলে যে সমস্ত উন্নত মানের যাত্রা ইউনিট আছে, তাদের আরও উন্নতির জন্য, সাহায্যে করা যায় কিনা সেটা একটু চিন্তা করে দেখবেন। এই বলে এই বাজেট যেটা এখানে রাখা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অপরাজীতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তথ্য ও সাংস্কৃতিক দপ্তরের যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে, তাকে সমর্থম করে, আমি দু একটা কথা বলতে চাই। কিছুক্ষণ আগে বিরোধী দলের মাননীয় সদস্য সুব্রতবাবু এর উপর বক্তৃতা করতে গিয়ে কতকগুলি কথা বলেছেন। আমি ওনার বক্তব্য মন দিয়ে শুনছিলাম। তাঁর বক্তব্য সম্পর্কে একটি কথা বলবার আছে যে অনেক সমালোচনা করলেন — আমি জিজ্ঞাসা করি যে আমাদের দেশের সাংস্কৃতিক আজকে কিসের উপর

দাঁড়িয়ে আছে। আগে তো অপসংস্কৃতির বিরুদ্ধে কোন আন্দোলনই হয় নি। গত পাঁচ বছর হোল আমাদের বামফ্রণ্ট সরকার এই অপসংস্কৃতির বিরুদ্ধে আন্দোলন সুরু করেছে। হ্যাঁ সমালোচনার থাকতে পারে, এবং আপনারা সমালোচনা করবেন। কিন্তু আমার কথা হচ্ছে স্বাধীনতার পরে আমাদের যে সাংস্কৃতির গৌরব, আমাদের দেশ সাংস্কৃতির পীঠস্থান, সে গর্ব আমরা করতে পারি নি। আমি বলতে চাই আজকে আমাদের দেশের যে সংস্কৃতির চেহারা দেখতে পাচ্ছি তা একটা স্বাধীন গণতান্ত্রিক দেশে এটা আশা করা যায় না। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের সময় আমরা যে স্বপ্ন দেখেছিলাম যে ঐতিহ্যের কথা ভেবেছিলাম, সেই ঐতিহ্যের ধারা আজকে কোথায় এসে দাঁড়িয়েছে? এবং কোন সাংস্কৃতির ধারক, বাহক রূপে আমরা আমাদের চিহ্নিত করতে চলেছি, তার জন্য নিশ্চয়ই এই বামফ্রণ্ট সরকার গত ৫ বছরে দায়ী হতে পারে না। গত ৩০ বছর ধরে তাঁরা কোন্ সংস্কৃতির মধ্যে আমাদের দাঁড় করিয়েছেন? হ্যাঁ, নিশ্চয়ই, তিনি যে কথা বলেছেন, একটা অবক্ষয়ের প্রান্তে, একটা ধ্বংস স্তূপের প্রান্তে আমরা দাঁড়িয়ে আছি। এটা তো ঠিক কথা আজকে আমরা যে আন্দোলন সৃষ্টি করতে চেয়েছি, সেই আন্দোলনের ক্ষেত্রে এই দীর্ঘ ৩০ বছরে কোন্ ভূমিকা তাঁরা পালন করেছেন? তাঁরা যে কথাগুলি বললেন আমি ৫ বছরের তথ্য নিয়ে দেখতে পাচ্ছি, এই তথ্য কেন্দ্র থেকে সংস্কৃতির ক্ষেত্রে যে পদক্ষেপগুলো গ্রহণ করা হয়েছে, নিশ্চয় তা প্রশংসার যোগ্য, যা কোনদিন আমরা ভাবতে পারিনি। আমাদের দেশে সুস্থ সংস্কৃতি গড়ে তোলার ক্ষেত্রে যাদের অবদান রয়েছে সেই সমস্ত দুঃস্থ শিল্পী তাঁরা দীর্ঘদিন অবহেলিত, তাঁদের কথা কেউ ভাবতেন না। আজকে বামফ্রণ্ট সরকার তাঁদের কথা চিন্তা করে তাঁদের বই প্রকাশের জন্য, তাঁদের সম্মুখে আনবার জন্য অনুদান দিয়েছেন। এটা নিশ্চয় প্রশংসার যোগ্য, কারণ আমি চিন্তা করি এইজন্য আজকে যখন পাশাপাশি দুটো আন্দোলন সৃষ্টি হতে চলেছে পুঁজিবাদী রাষ্ট্রের বুকের ওপর বসে, ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার বুকের উপর বসে যেখানে তাঁরা ইয়াংকি কালচার এনে গোটা ভারতবর্ষকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছেন, নগ্ন ছবি এবং যে সমস্ত কুৎসিত ছবি আজকে তাঁরা প্রচার করছেন, যার মধ্যে দিয়ে আমাদের কৃষ্টি, আমাদের মানসিক চেতনা আমাদের আগামী দিনের বংশধরেরা আজকে বিপথগামী হচ্ছে তার বিরুদ্ধে তাঁরা কোন দিন আন্দোলন করেন নি। আমার মনে হয়, সেদিন বিধানসভায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বাংলা ছবি সম্পর্কে আমি বলেছিলাম, আমি দেখেছি কাগজে তার বিরুদ্ধে বহু আলোচনা হয়েছে, কিন্তু আমি প্রশ্ন করি এটাই কি সংস্কৃতি? যে সংস্কৃতির ভিতর দিয়ে আমাদের সুস্থ চিন্তা, সুস্থ মানসিকতাকে ধ্বংস করে দেবার প্রচেষ্টা চলেছে একদল পুঁজিপতি শক্তি তার পিছনে কাজ করছে, মেয়েদের নিয়ে নগ্ন ছবি, ব্যবসার ক্ষেত্রে নগ্ন বিজ্ঞাপন, দূরদর্শন, হিন্দী ছবি এর মধ্যে দিয়ে যারা আজকে সংস্কৃতিকে নষ্ট করে দেব্যর চেষ্টা করছেন সেটা কি আমরা সমর্থন করতে পারি? গত ৫ বছরে আমরা তারই বিরুদ্ধে আন্দোলন করে চলেছি এবং এই আন্দোলন আমরা পাশাপাশি করছি। আমরা জানি তাঁদের সঙ্গে আমাদের চিন্তা ধারার মৌলিক পার্থক্য রয়েছে। আমরা সমাজতন্ত্রিক আদর্শে বিশ্বাসী, আমরা শোষণহীন শ্রেণী সমাজ ব্যবস্থায় বিশ্বাসী, আমরা তাই জানি একদিকে যেমন অর্থনৈতিক আন্দোলন আমাদের করতে হবে,

তেমনি পাশাপাশি আমাদের শিক্ষা, সংস্কৃতি — সুস্থ সংস্কৃতি গড়ে তোলার আন্দোলন করতে হবে। আমি বিশ্বাস করি গত ৫ বছর ধরে আমরা এই আন্দোলনকে একটা সীমাবদ্ধ জায়গায় সীমাবদ্ধ করে রাখিনি বা কোন বিশেষ রাজনৈতিক দৃষ্টি কোণে আবদ্ধ করে রাখিনি। আজকে গোটা পশ্চিমবাংলায় ঘরে বাইরে আন্দোলন সৃষ্টি হয়েছে এবং তার প্রতিফলন আমরা গ্রামে, গঞ্জে লোক সংস্কৃতির মধ্যে দিয়ে এবং সাহিত্য শিল্পের মধ্যে দিয়ে তার প্রকাশ করবার চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর মধ্যে দিয়ে আমরা দেখতে পেয়েছি আজকে তথ্যকেন্দ্রে তারা পশ্চিমবঙ্গ সরকারের যে সমস্ত উন্নয়ন মূলক কাজ হচ্ছে, তার জন্য চিন্তা করে পরিকল্পনা করে তারা বিভিন্ন জেলাতে বা বিভিন্ন রাজ্যে তথ্য কেন্দ্র খুলে তাদের কাজ করে যাচ্ছেন। তাঁরা জানেন আজকে এই দূরদর্শন, সংবাদপত্র, আকাশবাণী এইগুলোই হচ্ছে সংবাদপ্রকাশের জায়গা এবং এর মাধ্যমে সংস্কৃতিকে প্রচার করতে হবে। তাই তাঁরা সতর্ক দৃষ্টি দিয়েছেন, এই জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাই। শুধু তাই নয় যেটা আমাদের আগ্রহান্বিত করেছে, যেটা গত ৩০ বছরের মধ্যে কংগ্রেসের পরিকল্পনার মধ্যে আসেনি, এট আমাদের সকলের কাছে আনন্দের সংবাদ কলকাতার রবীন্দ্রসদনের পাশে ৮৫ লক্ষ টাকা ব্যয়ে একটা আর্ট কেন্দ্র, থিয়েটার কেন্দ্র তৈরী হচ্ছে। শুধু তাই নয়, নাট্য মঞ্চ বাগবাজার এবং যোধপুর পার্কে আধুনিক দুটো নাট্য মঞ্চ তৈরী করবার তাঁরা চেষ্টা করছেন।

[11-50—12-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটাই হচ্ছে আমাদের কথা। আজকে ওরা বলছেন আমরা নাকি সংকীর্ণ দৃষ্টির মধ্য দিয়ে চলেছি। তিনি রবীন্দ্রনাথের কতকগুলি কবিতা বলে গেলেন। বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর গোটা পৃথিবীর সামনে ভারতবর্ষের সংস্কৃতি এবং ঐতিহ্যকে বহন করে নিয়ে গেছেন। স্বাধীনতার ৩০ বছরের মধ্যে আমরা তাঁরই উত্তরাধিকার হিসাবে পশ্চিমবঙ্গ তথা গোটা ভারতবর্ষের সংস্কৃতিকে কোথায় নিয়ে গেছি, সেটা একটু চিন্তা করে দেখুন। তথ্য কেন্দ্রের অধীন একটি ফিল্ম ডিভিসন গঠন করা হয়েছে, তারজন্য আমি অভিনন্দন জানাচ্ছি। সেই ফিল্ম ডিভিসন থেকে সংগ্রহ করা যন্ত্রপাতি গরীব কলাকুশলীদের মধ্যে বিতরণ করবেন বলে আপনি যে মনস্থ করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার সামনে মাননীয় তথ্যমন্ত্রী তাঁর দপ্তরের ব্যয় বরাদ্দের যে দাবী উত্থাপন করেছেন, আমি সেই দাবীকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই দপ্তরের উপর সরকারের এক মহান দায়িত্ব ন্যস্ত আছে। জনসাধারণের সঙ্গে এক নিবিড় যোগাযোগ গড়ে তোলার দায়িত্ব এই দপ্তরের উপর ন্যস্ত আছে। গত ৫ বছরে সেই দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সঙ্গে, দক্ষতার সঙ্গে পালন করা হয়েছে বলে আমি মনে করি। এই বিতর্কে অংশ গ্রহণ করে বিরোধী দলের মাননীয় সদস্য সুব্রত মুখার্জী মহাশয় যা বললেন তাতে আমি খুব বিস্মিত বোধ করছি। প্রথমতঃ তিনি তথ্য দপ্তরের একটি পোষ্টার এখানে তুলে ধরলেন, যে পোষ্টারে লেখা আছে স্বৈরতন্ত্র ও সাম্প্রদায়িকতা দেশের শত্রু। তিনি এই পোষ্টারের

সমালোচনা করলেন এবং উষ্মা প্রকাশ করলেন। স্যার, আমাদের গ্রামাঞ্চলে এর প্রবাদবাক্য প্রচলিত আছে — "বললাম কথা সবার মাঝে, যার কথা তার গায়ে বাজে" এই ক্ষেত্রে তিনি উষ্মা প্রকাশ করলেন এবং সমালোচনা করলেন। যেটা নাকি দেশে শত্রু, সেই ক্ষেত্রে রাজ্যের একটা করণীয় কর্তব্য আছে, ভূমিকা আছে। এখন সে ভূমিকা পালন করার পক্ষে বাধা কোথায়, সেটা আমি বুঝলাম না। সব থেকে আশ্চর্য্যের বিষয় হল, তিনি মুখে একদিকে সংবাদপত্রের স্বাধীনতার কথা বলবেন স্বাধীন মতামত প্রকাশ করার কথা বলবেন, আবার অন্যদিকে ঠিক তার বিপরীত কাজ করবেন। কিছুদিন আগে তাদেরই সরকার বিহারে একটি কালা কানুন পাশ করেছেন সেখানে সংবাদ পত্রের কন্ঠ রোধ করে একটি বিল পাশ করেছেন। আমরা তার প্রতিবাদ করেছি, সারা ভারতবর্ষ জুড়ে তার প্রতিবাদ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রচারের সব চেয়ে শক্তিশালী দুটি মাধ্যম হল আকাশবাণী এবং দূরদর্শন। বিগত জনতা সরকারের আমলে এই দুটি সংস্থাকে স্বয়ংশাষিত সংস্থা হিসাবে মর্যাদা দেওয়ার প্রচেষ্টা হয়েছিল। কিন্তু আমরা লক্ষ করে দেখলাম শ্রীমতী গান্ধী ক্ষমতায় আসার পরে এই দুটি সংস্থাকে নিজেদের সরকারের কর্তৃত্বে আনলেন। যার ফলে আমরা দেখতে পাচ্ছি এই দুটি সংস্থার মাধ্যমে যেসমস্ত সংবাদ এবং অনুষ্ঠান প্রচার করা হয়, তার একটা বৃহৎ অংশ জুড়ে জাতীয় অনুষ্ঠান প্রচার করা হচ্ছে। ফলে আঞ্চলিক অনুষ্ঠান প্রচারের সময় পাওয়া যাচ্ছে না। সুস্থ সংস্কৃতি গড়ে তোলার দিকে এই বিভাগ যে কাজ করেছে সেটা সত্যিই প্রশংসনীয় এবং এক বাক্যে তিনি সেই প্রশংসা দাবী করতে পারেন। আপনি জানেন কয়েকদিন আগে শেওড়াফুলির একটি খবর কাগজে প্রকাশিত হয়েছে। ৪ জন ছেলে শেওড়াফুলি স্টেশনে বম্বের টিকিট সংগ্রহ করতে যায়। ১৯টি টাকা কাউণ্টারে দিয়ে ৪টি বম্বের টিকিট দিতে বলে। ওখানকার রেল কর্মীরা তাদের ধরে ফেলেন। তাদের জিজ্ঞাসাবাদ করে জানতে পারা যায় যে, নানা রকম হিন্দী চলচ্চিত্র দেখে, ঐ সংক্রান্ত পত্র-পত্রিকা পড়ে তাদের বাসনা জেগেছে বম্বে গিয়ে তারা ফিল্ম স্টার হবে। এইসব ক্ষেত্রে সংস্কৃতি বিভাগ দায়িত্ব এড়িয়ে যেতে পারে না। ছোট ছেলে মেয়েরা এ্যাডভেঞ্চারের বশবর্তী হয়ে যাতে বিপথগামী না হয় — তাদের মধ্যে সুস্থ সাংস্কৃতিক চেতনাবোধ যাতে গড়ে ওঠে সেদিকে নিশ্চয় এই দপ্তরকে একটা বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে। সেই দায়িত্ব এই দপ্তর গ্রহণ করেছে।

আকাশবাণী ও দূর-দর্শনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয়কে যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, রাজ্য সরকারের পক্ষ থেকে আরো জোরালো প্রতিবাদ জ্ঞাপন করা হোক যাতে স্থানীয় অনুষ্ঠান প্রচারের জন্য আরো বেশী সময় পাওয়া যায়।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণ, এই ব্যয় বরাদ্দের উপর আলোচনার জন্য যে এক ঘণ্টা সময় নির্দিষ্ট আছে তার মধ্যে এটা শেষ করা যাচ্ছে না, অতএব আমি এর জন্য আরো আধ ঘণ্টা সময় বাড়ানোর প্রস্তাব করছি, আশা করি সকলে সম্মত হবেন।

( মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর )

আরো আধঘণ্টা সময় বাড়ানো হল।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** এই দপ্তরকে আরো সম্প্রসারিত করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখছি। ব্লক পর্যায়ে প্রতি বছর যে যুব উৎসব পালিত হয় সেই যুব উৎসবের ক্ষেত্রে তথ্য দপ্তরের কাজের সমন্বয় সাধন করা দরকার যাতে এই উৎসব আরো মনোরম ও আকর্ষনীয় হয়ে ওঠে। এ ছাড়া যাত্রা উৎসব যেটা কয়েক বৎসর সরকারী উদ্যোগে হয়েছিল — ইদানিং কয়েক বৎসর বন্ধ আছে — সেটা আবার করা যায় কিনা মাননীয় মন্ত্রীমহাশয় একটু ভেবে দেখবেন। স্যার, এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[12-00—12-10 p.m.]

**শ্রীহেমেন মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রত মুখার্জী মহাশয়ের বক্তৃতা শুনলাম। ফ্যাসিস্ট সুলভ সমস্ত কৌশলগুলি ওরা আয়ত্ব করেছেন। এই ভদ্রলোক 'স্টেটসম্যান' অফিসে গিয়ে রিপোর্টারদের দাঁত ভেঙ্গে দিতে গিয়েছিলেন। স্যার, একদিকে ওরা বিহারে সংবাদপত্রের উপর আক্রমণ করছেন অন্যদিকে এখানে ভারনাকুলার প্রেস এ্যাক্ট, ১৮৭৮ এর বর্ণনা দিয়ে বলছেন, আমরা যেহেতু কেন্দ্রীয়ভাবে সংবাদ প্রচারের কথা বলছি অতএব সেটাকে আক্রমণ করা হচ্ছে। অপসংস্কৃতি, অবক্ষয়ী সংস্কৃতির, পেনটাগন কালচারের কথা হঠাৎ এসে হাজির হয়েছে আজকে কাদের মুখ থেকে? এটা এসেছে তাদের মুখ থেকে যারা 'বারবধুকে' সার্টিফিকেট দিয়েছিলেন এবং তার প্রচারের ব্যবস্থা করেছিলেন। তারা আজকে অদ্ভুত অদ্ভুত সব কথা বলছেন। তিনি আজকে স্বৈরতন্ত্র বলতে আঁতকে উঠছেন। অর্থাৎ অঙ্গুলি নির্দেশটা সঠিকভাবেই হয়েছে এটা অন্ততঃ পরিষ্কার বোঝা যাচ্ছে। এই ভদ্রলোকই সেদিন জয়প্রকাশ নারায়ণের উপর আক্রমণ করেছিলেন, আশা করি সকলেরই সেটা মনে আছে। কাজেই স্বৈরতন্ত্র জিনিষটা যে কি তারা সেটা জানেন এবং জানেন বলেই নিজেদের দিকে যখন অঙ্গুলি সঙ্কেত হচ্ছে তখন বুঝতে পারছেন এবং তাই ভয়ে আঁতকে উঠছেন এবং চীৎকার করছেন। জরুরী অবস্থার সময় যারা প্রেসের উপর ব্যাপক এবং ভয়ঙ্কর আক্রমন করেছিলেন — সমস্ত কাগজ সেদিন সাদা বেরুতে আরম্ভ করেছিল, কাগজের রিপোর্টারদের উপর আক্রমন করা হয়েছিল, এমন কি বুর্জোয়া সাংবাদিকদের উপরও আক্রমন করা হয়েছিল — তাদেরকেই আজকে দেখছি হঠাৎ সংবাদপত্রের স্বাধীনতার নাম করে নানান কথা বলছেন। সেদিন ইনফরমেশান ডিপার্টমেণ্টে যে সমস্ত ইরেগুলার এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছিলেন, ইরেগুলার ব্যবস্থাগুলি করেছিলেন সেগুলি যখন দেখলেন স্থায়ী করতে পারা গেল না তখন এগুলি তাদের আক্রমণের বিষয়বস্তু হয়ে দাঁড়ালো। উনি বলছেন, পার্টির কথা প্রচার করা হচ্ছে। তা ছাড়া উনি আরো বললেন, লেনিনকে উনি শ্রদ্ধা করেন। লেনিন বলতেন, সমগ্র মানব জাতির সংস্কৃতি শ্রমিক শ্রেণী গ্রহণ করে। সেই সংস্কৃতি আমরা গ্রহণ করি বলেই লোকরঞ্জন শাখার মাধ্যমে আমরা এখনও 'নীলদর্পন' নাটকের প্রচারের ব্যবস্থা করি। তা ছাড়া উনবিংশ শতাব্দির যতগুলি কৃষক এবং শ্রমিক আন্দোলন হয়েছে, গণতান্ত্রিক আন্দোলন

হয়েছে তাকেও তুলে ধরার সমস্ত আয়োজন হয়েছে। গ্রাম গ্রামাঞ্চলে ধারাবাহিক পোষ্টার প্রদর্শনের মাধ্যমে মানুষের মধ্যে আমাদের যে সংগ্রামী সাংস্কৃতিক ঐতিহ্য সেটা তুলে ধরার ব্যবস্থা করেছি এই সরকারের পক্ষ থেকে। আমরা এই সমস্ত কাজ করতে চেষ্টা করছি অথচ উনি সেগুলিকে আক্রমন করতে চাইলেন কতকগুলি ছেঁদো যুক্তি দিয়ে। উনি বই লিখেছেন — সুকান্ত ভট্টাচার্য কবি, তাঁকে স্বীকৃতি দিয়েছেন কি ভাবে ? না, তিনি গান্ধীজীর নাম উল্লেখ করে শ্রদ্ধা জানিয়েছেন।

এই হল তাঁদের সাংস্কৃতিক এলেম। এই সেদিন অদ্ভুত প্রতিভাধর আই. এন. টি. ইউ. সি.-র সভাপতি এবং এক সময় যিনি আমাদের সাংস্কৃতিক মন্ত্রী ছিলেন তিনি অত্যন্ত অদ্ভুতভাবে সাংস্কৃতিক বক্তব্য রাখলেন এবং বললেন, যে কোন কাজ করবার অধিকার নাকি তাঁদের আছে এবং তাঁরা এরকম সংস্কৃতি প্রচার করতে চান। আমি তাঁকে জিজ্ঞেস করছি ১২ সপ্তাহে স্থানীয় প্রোগ্রাম প্রচারের যে সিদ্ধান্ত হয়েছিল রাষ্ট্রপতি সেটাকে আটকে দিয়েছেন কেন ? ওখানে গিয়ে দিদিমণিকে একবার বলুন এ রকম যেন আর না হয়। এই জিনিসটা হলে আমরা আমাদের দেশের বিভিন্ন বক্তব্য এবং সংস্কৃতির প্রচার টি. ভি.-র মাধ্যমে করতে পারব। দুঃখের বিষয় সেই চেষ্টা তাঁরা করছেন না। তারপর, লোক সংস্কৃতি প্রচারের ব্যাপারটাও তাঁরা ন্যাস্ত করে দিলেন। এই যে প্রচারের জন্য বিভিন্ন জায়গা থেকে শিল্পীদের নিয়ে আসা হল, নানারকম আলোচনা হল, তাঁদের সমস্যা বোঝান হল, তাঁদের নিয়ে এতবড় একটা ভলিউম বার করবার চেষ্টা করা হচ্ছে — কৈ, সেসব কথা তো একবারও বললেন না যে, আমরা একটা নূতন ধরণের জিনিস গ্রহণ করেছি। আমরা যে মাটির সংস্কৃতিকে উপরে আনার চেষ্টা করছি সেটা তো একবারও বললেন না। আমরা যে বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে লড়াই করছি এবং তাতে ভারত সংস্কৃতি যে অনুষ্ঠান করা হয়েছিল সে সম্বন্ধে তো কিছুই বললেন না ? বরং দেখলাম অন্য কথা বলে এসব জিনিস এড়িয়ে যাবার চেষ্টা করলেন। আমাদের লোকরঞ্জন শাখার সম্বন্ধে তাঁরা বলেছেন। কিন্তু এই শাখাকে যেভাবে সুপ্রতিষ্ঠিত করার চেষ্টা করা হচ্ছে সেটা এর আগে কখনও হয়েছিল কি ? আজকে তাঁদের গাত্রদাহ হয়েছে, আজকে তাঁরা ক্ষিপ্ত হয়েছেন এবং তারজন্য আবোল তাবোল বক্তব্য রাখতে সুরু করেছেন। এবারে আমার প্রস্তাব হচ্ছে, আমাদের নূতন করে সাংস্কৃতিক উত্তরাধিকার সৃষ্টি করা দরকার। শুধু রবীন্দ্রনাথকে দিয়ে নয়, শুধু উনবিংশ শতাব্দী দিয়ে নয়, ডঃ ভুপেন্দ্রনাথ দত্ত, যিনি একটা সাংস্কৃতিক ঐতিহ্য সৃষ্টি করেছিলেন, একটা স্কুল সৃষ্টি করেছিলেন তাঁর রচনাবলী প্রকাশ এবং তার চর্চার জন্য একটা কেন্দ্র আমাদের গড়ে তোলা উচিত। আমরা লক্ষ্য করছি ডঃ ভুপেন্দ্র নাথ দত্তের বাড়ী অন্যভাবে ব্যবহার করবার চেষ্টা করা হচ্ছে তাঁদের অধিকারকে বাদ দিয়ে। আমি মনে করি এই ব্যাপারে আমাদের নির্দিষ্ট নীতি গ্রহণ করা উচিত এবং একটা ব্যবস্থা করা উচিত। আমি আর একটা পয়েণ্ট বলে আমার বক্তব্য শেষ করব। ডকুমেণ্টারি ফিল্ম যেটা প্রতিটি সিনেমা হলে দেখান বাধ্যতামূলক বহু সিনেমা হলে সেটা দেখান হচ্ছে না। আমি আশা করি মন্ত্রীমহাশয় এদিকে দৃষ্টি দেবেন।

**শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জবাবী ভাষণ দেবার পালা যখন শুরু হচ্ছে ঠিক সেই সময় বিরোধীপক্ষের সেই মাননীয় বন্ধুকে এখানে খুঁজে পাচ্ছিনা যাঁর আশঙ্কা হয়েছে যাঁর উপর এই বিভাগের দায়িত্ব এসেছে তিনি বোধহয় সব ব্যাপারে ওয়াকিবহাল নন। স্যার, চাণক্য পণ্ডিতের একটা কথা আছে, "তাবচ্চ শোভতে মূর্খঃ যাবৎ কিন্‌চিত ন ভাষতে"। অর্থাৎ মূর্খ ততক্ষণই শোভা পায় যতক্ষণ সে তার মুখ না খোলে। স্যার, বিরোধীপক্ষের মাননীয় সেই বন্ধু তাঁর বুদ্ধির বৈদগ্ধে বিশেষরূপে দগ্ধ হয়ে যে ভাষণ রাখলেন তাতে তাঁকে শুধু মূর্খই বলতে পারছি না, তিনি পণ্ডিত মূর্খ। পণ্ডিত মূর্খের বৈশিষ্ট হল তিনি যেটুকু জানেন সেটা কোথায়, কিভাবে এবং কতটুকু প্রয়োগ করবেন তার তালজ্ঞান বা সীমা পরিধি রাখতে পারেন না এবং সেইজন্য অনেক কথা বলেন। যাহোক, তাঁর সহযোগী বন্ধুরা যখন এখানে রয়েছেন তখন আশা করি আমার এই কথাগুলি তাঁরা তাঁর কাছে পেঁাছে দেবেন। তিনি বললেন তাঁরই উদ্যোগে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই বিভাগ পূর্ণ মর্য্যাদা পেয়েছিল। স্যার, পূর্ণ মর্য্যাদা পাবার পর তিনি যেসব নূতন নূতন জিনিস আবিষ্কার করেছিলেন সে সম্বন্ধে একটা উদাহরণ আমি দিচ্ছি। কোলকাতা শহরে দুর্গাপূজার সময় কোন্ দুর্গা প্রতিমা দেখতে সবচেয়ে ভাল হয়েছে তার উপর তিনি পুরস্কারের ব্যবস্থা করলেন। এটা সংস্কৃতির কোন পর্যায়ে পড়ে সেটা গবেষকরা গবেষণা করে দেখবেন, সমালোচকরা সমালোচনা করবেন। তবে সরকারী তেলে, সরকারী গাড়ীতে চড়ে সেদিন বিচারক বন্ধুরা গোটা কোলকাতা শহরের প্রতিমা দেখার একটা সুযোগ পেয়েছিলেন এটুকু তাঁর অবদান বলে আমি মেনে নিতে পারি। তারপর, তিনি যাত্রা উৎসবের কথা বলেছেন এবং যাত্রা উৎসব আবার শুরু করবার কথাও বলেছেন। এব্যাপারে নিশ্চয়ই ভাবনা চিন্তার অবকাশ থেকে যাচ্ছে। তবে পূর্ব ভারতে সাংস্কৃতিক উৎসবের কথা যেটা দিয়ে তিনি সুরু করেছিলেন তাতে আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি ঘটনা ঘটনাই। ১৯৮১ সালের মে মাসে ৮টি রাজ্যকে নিয়ে আমরা পূর্ব ভারত লোক সংস্কৃতি উৎসব করেছিলাম।

[12-10—12-20 p.m.]

প্রেস অ্যাক্রেডিট্‌সন কার্ডের প্রসঙ্গ তিনি তুলেছেন, এ প্রসঙ্গে আমার উত্তর হচ্ছে, সাংবাদিকদের দুটি ইউনিয়ন আছে, সে ইউনিয়ন দুটির সঙ্গে কথা-বার্তা বলে একটা কমিটি খাড়া করেছি। একজন মন্ত্রী সরকারী প্রতিনিধি হিসেবে সে কমিটিতে রয়েছেন, বাকি আট-জন বেসরকারী লোক আছেন এবং তাতে দু-পক্ষ থেকেই লোক নেওয়া হয়েছে। সুতরাং কমিটির প্রসঙ্গটা এখানে না উঠলেই বোধ হয় ভাল হতো। তিনি পালেকার এ্যাওয়ার্ড-এর কথা বলেছেন এবং কিছু আশংকা প্রকাশ করেছেন। প্রসঙ্গসূত্রে আমি জানাতে চাই যে, এই কমিটির রেকমেনডেসন গভীরভাবে পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে এবং সরকারের পরিচালনাধীন যে পত্রিকাটি রয়েছে সেখানে সঠিক-ভাবে এটাকে কার্যকরী করা হচ্ছে এবং আরো ৫/৬টি পত্র-পত্রিকায় কার্যকরী করা হচ্ছে। সংবাদ-পত্রের ক্ষেত্রে এমপ্লয়ার এ্যাণ্ড এমপ্লয়ির মধ্যে যে সম্পর্ক রয়েছে সেখানে তৃতীয় পক্ষ হচ্ছে সরকার এবং তৃতীয় পক্ষ হিসাবে আমাদের যে ভূমিকা হওয়া উচিত সেই ভূমিকা নিয়ে

আমাদের শ্রম দপ্তর সেখানে গভীর-ভাবে যোগাযোগ রেখে চলছে। এই প্রসঙ্গে একটা কথা বলতে হচ্ছে, আমি প্রথমেই যখন মাননীয় সদস্যদের কাছে গঠনমূলক সমালোচনার আবেদন রেখেছিলাম তখন হঠাৎ উনি আশঙ্কা প্রকাশ করে উলুবনে মুক্ত ছড়ানোর কথা বললেন। তা আমি ওঁকে বলি, আগে উলুবন ভাল করে চিনুন, মুক্ত ভাল করে চিনুন। মুক্ত না চিনেই ছড়াবার চেষ্টা করলে, স্বচ্ছ কাঁচকে মুক্ত বলে ছড়াবার মানসিকতা জাগতে পারে। তাই আমি বলি, আগে চেনবার চেষ্টা করবেন।

১৯৭৬-৭৭ সালে 'বসুমতীর' যখন মুমূর্ষ হয়ে শ্মশান যাত্রা শুরু হয়েছিল তখন তার প্রচার ছিল মাত্র ৫,০০০ কপি। সেখানে নতুন করে রক্ত সঞ্চার করার ফলে ঐ সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৩,০০০এ। আমরা এখনো সেখানে সাহায্য করছি, কর্পোরেশন পরিচালনা করছি। তখনই এটাকে সরকারের কাছ থেকে সম্পূর্ণভাবে আলাদা করা যাবে যখন এখানে আর রক্ত দেবার প্রয়োজন দেখা দেবে না।

এই প্রসঙ্গে আর একটা কথা বলি। মাননীয় সদস্য সংস্কৃতির প্রসঙ্গে কিছু জ্ঞানগর্ভ কথা বললেন। আমি শুধু একটা কথা বলতে চাই, সংস্কৃতিগত সমস্যাগুলি কোন বিশেষ ঘটনা বা পরিবেশের ওপর নির্ভর করে না। এটা সমাজ কাঠামোর ওপর নির্ভর করে। সামগ্রিক-ভাবে সমাজের মূল সমস্যা হচ্ছে অর্থনৈতিক। সুতরাং সামাজিক অর্থনীতির যদি মৌলিক পরিবর্তন না হয়, তাহলে অপরাপর কাঠামোর পরিবর্তন ঘটিয়েও এই সমস্যাকে সঠিক-ভাবে মোকাবিলা করা যায় না। বছর বছর কিছু কিছু টাকা আমরা এখান থেকে মঞ্জুর করে দেব তাহলেই দেশে সুস্থ সংস্কৃতি গড়ে উঠবে, এই মানসিকতা নিয়ে যদি আপনারা চিন্তা করেন, তাহলে আমি বলব যে, আপনারা অন্য জগতের লোক।

পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকার এই অবস্থার মধ্যেও সুস্থ সংস্কৃতি প্রচার করবে, এ-ধরণের ভাবাটা একটু অমূলক হতে পারে, তবুও যে বিশেষ উদ্দেশ্য নিয়ে গোটা দেশের শাসক শ্রেণী, শোষক শ্রেণী সমস্ত প্রচার মাধ্যমগুলিকে ব্যবহার করে যে অপসংস্কৃতি প্রচার করছে তার পাশাপাশি যদি সুস্থ সাংস্কৃতিক পরিবেশ, সুস্থ সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলা যায়, তাহলে মানুষকে এব্যাপারে আগ্রহী করা যেতে পারে। মানুষের মধ্যে সুস্থ সাংস্কৃতিক চেতনা জাগাবার প্রচেষ্টা বিগত পাঁচ বছর ধরে বামফ্রণ্ট সরকার করে আসছে। বিরোধী পক্ষের বন্ধুরা যা কখনো ভাবতে পারেননি। তথ্য ও সংস্কৃতি বিভাগ বিগত পাঁচ বছর ধরে তার বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের মানুষের মধ্যে বিশেষ আগ্রহের সৃষ্টি করেছে। এই প্রসঙ্গে লোকরঞ্জন শাখার বলিষ্ঠ সংগ্রাম উল্লেখের দাবী রাখে। আমরা নিশ্চয়ই স্বীকার করি যে, এই শাখা ডাঃ বিধানচন্দ্র রায়ের অবদান, তাঁরই মানস পরিকল্পনা থেকে জন্মলাভ করেছে।

এখানে একটা অভিযোগ করা হয়েছে যে, 'রামমোহন' নাটক বামফ্রণ্ট সরকার বন্ধ করে দিয়েছে। এখানে কোন কিছু অস্বীকার করে লাভ নেই। সুতরাং আমি শুধু বলতে চাই যে, 'রামমোহন' পালার আগের চেয়ে এখন অনেক বেশী করে সরকার প্রচার করছে।

মাননীয় সদস্য 'নীলদর্পণ' নাটকের বিষয় বলতে গিয়ে লেখকের নামটা ভুল বললেন, লেখকের অন্য নাম হবে। আর 'নীলদর্পণ' নাটকের অভিনয় আমরা বন্ধ করিনি। শ্রমিক অধ্যুষিত এলাকায় নিয়মিত অভিনীত হচ্ছে, বেশী করে অভিনয়ের ব্যবস্থা করা হয়েছে।

লোকরঞ্জন শাখাতে আগে যেভাবে লোক বা শিল্পী নিয়োগ করা হতো তারমধ্যে ফাঁক ছিল। আমরা সরকারে আসার পর থেকে সেখানে নিয়মিত-করন করা হয়েছে, নিয়মিত বেতন কাঠামো করা হয়েছে। এ্যড-হক ভিত্তিতে যে কজনকে এ্যাপয়েনমেণ্ট দেওয়া হয়েছিল তাদেরকে রেগুলার ভিত্তিতে এ্যাপয়েনমেণ্ট দেওয়ার জন্য ইণ্টারভিউতে ডাকা হয়েছিল। কিন্তু ইণ্টারভিউতে যে ৩ জন কোয়ালিফায়েড করতে পারেনি তাদেরকে নেওয়া সম্ভব হয়নি। তারজন্য উনি কুমীরের কান্না কেঁদেছেন। তারপর উনি ডকুমেণ্টারীর কথা তুলেছেন। স্বরূপ দত্ত ডকুমেণ্টারী করেছেন। ডকুমেণ্টারী দেখানোর একটা পদ্ধতি আছে। সিনেমা প্রেক্ষাগৃহে নির্দিষ্ট ২০ মিনিটের মধ্যে এটা দেখাতে হয়। কিন্তু 'পেলের' উপর যে ডকুমেণ্টারী করা হয়েছিল—যারা ক্রীড়াশৈলী, যাদের ক্রীড়ার উপর আসক্তি রয়েছে তারা যাতে ডকুমেণ্টারী দেখে শিখতে পারে তারজন্য পুরো খেলাটাকে তুলে ধরা হয়েছে এবং পেলের এই ডকুমেণ্টারীটা গ্রামে-গঞ্জের বিভিন্ন জায়গায় দেখানো হয়। স্পোর্টস ক্লাবের তরফ থেকে আগ্রহী হয়ে যারা আমাদের কাছে আসে আমরা তাদেরকে সরবরাহ করি। সুতরাং এ ব্যাপারে ওনাদের আতঙ্কগ্রস্ত হওয়ার কোন কারণ নেই। তারপর মৃনাল গুপ্তর প্রসঙ্গ তুলেছেন। মৃনাল গুপ্ত সরকারী নিযুক্ত কর্মচারী। তিনি যে বই তুলেছেন তারজন্য তিনি কোন টাকা নেননি। উনি বলছেন লক্ষ লক্ষ টাকা নিয়েছেন। কিন্তু আমি বলছি, তিনি কোন টাকা নেননি। বরং আরোও কম টাকায় ডকুমেণ্টারী উঠিয়েছেন। তারপর সিনেমা প্রসঙ্গে বলেছেন। চলচ্চিত্র শিল্পে যে সংকট সেই সংকট প্রসঙ্গে বলতে গেলে নানা রকমের প্রসঙ্গ তুলতে হয়। কিন্তু সেইসব বিষয় বলার সময় এখন নেই। শুধু একটি কথা বলবো, পশ্চিমবঙ্গ সরকার চলচিত্র শিল্পের সঙ্কটকে কমবার করার জন্য পাশাপাশি প্রডিউসার হিসাবে এগিয়ে এসেছে। ১৯৫৫ সালে 'পথের পাঁচালী' প্রথম সরকারী প্রযোজনায় গড়ে উঠেছিল। তারপর "সোনার কেল্লা" নামে একটি মাত্র বই হয়েছে। গণদেবতা কংগ্রেস আমলে সুরু করেছিল আর আমাদের সময়ে শেষ হলো। ১৯৫৪ সাল থেকে আরম্ভ করে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেসীরা যেখানে ৩টি মাত্র-৩টি নয়, আড়াইটি মাত্র বই করার সুযোগ পেয়েছেন—আমরা সেখানে বিগত ৫ বছরে বড় একটা প্রযোজক হিসাবে ২৪টি বই করেছি। তারমধ্যে ১৫টি ফিচার ফিল্ম আর ৯টি শিশু চিত্র করেছি। পাশাপাশি আমরা চলচ্চিত্র শিল্পের একটা আলাদা স্ট্রীম লাইন করতে চাইছি। সব সমস্যার এখানেই শেষ হয়ে যাচ্ছে না। পাশাপাশি ডিস্ট্রিবিউসান এবং একজিবিসানের সমস্যাগুলি রয়েছে। সেই ডিস্ট্রিবিউসানের ক্ষেত্রে যদি আমরা ধরতে না পারি তাহলে আমাদের তৈরী করা বইগুলি চ্যানেল পাচ্ছে না। কিন্তু এই দৃষ্টি-ভঙ্গী কি ওদের ছিল? বারবধূ নামক বইটি যখন মঞ্চাভিনয় হচ্ছিলো তখন যে কোন কারণেই হোক নানা মহলে সমালোচনা সৃষ্টি হয়েছিল। সেই বারবধূ নাটককে সিনেমায় করার জন্য কংগ্রেসীরা লোন দিয়ে গিয়েছিলেন এবং যতদূর শুনেছি

এই বারবধূ নাটকটি যেখানে যুব কংগ্রেসের কনফারেন্স চলছিল সেখানে নাকি মঞ্চস্থ করা হয়েছিল। সুস্থ সংস্কৃতির চরম নিদর্শন রূপে মানুষ এটাকে মেনে নেবেন কিনা আমাদের জানা নেই। প্রডাকসান যে আগের থেকে কমে গেছে তার উত্তর আমরা দিয়েছিলাম। তারপর উনি সলিল চৌধুরীর প্রসঙ্গ তুলেছেন। নিউ থিয়েটার স্টুডিও-টিকে সরকার সম্পূর্ণভাবে নিয়ে নিয়েছেন। অতীতের সঙ্গীতের যে ধারা এবং তার যে ঐতিহ্য সেটা নিয়ে গবেষণা কেন্দ্র করার জন্য নিউ থিয়েটার স্টুডিওর একটি অংশ আমরা সেখানে রাজ্য সঙ্গীত একাডেমী করেছি। যত রকমের গানের ধারা আছে সেই শিল্পকে, সেই ঐতিহ্যকে ধরে রাখার যে ব্যবস্থা তারমধ্যে কোন অন্যায় কিছু আছে বলে আমি মনে করি না। তারপর উনি অনুদানের প্রসঙ্গ তুলেছেন। অনুদান যেটা সরকারের পক্ষ থেকে দেওয়া হয় সেটা গভর্ণমেণ্ট ফেরৎ পাবে সেই রকম ধরণের কোন প্রশ্ন আসতে পারে না। কংগ্রেসীরা যেটা লোন দিয়েছিলেন সেটা এখনও সম্পূর্ণ ফেরৎ আসেনি। পাশাপাশি যে সমস্ত প্রযোজক বা প্রডিউসার যারা রয়েছেন, যারা এগুতে পাচ্ছেন না তাদেরকে সহযোগিতা করবার জন্য আমরা অনুদান দিয়েছি। কিন্তু একজিবিসানের ক্ষেত্রে উনি যেটা পরামর্শ দিয়েছেন সেই ব্যাপারে আমরা চেষ্টা করছি। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং ব্যাঙ্কের সহযোগিতায় এবং যারা যারা নির্দিষ্ট গ্রাহক হবেন তাদের সকলের সহযোগিতায় যাতে বেশী বেশী করতে পারা যায় সেটা চেষ্টা করতে হবে। রাজ্য সরকারের যদি নিজস্ব প্রেক্ষাগৃহ না থাকে তাহলে কিন্তু যে বইগুলি আমরা তুলছি সেই বইগুলির প্রকাশের পথ আমরা পাচ্ছি না। ফিল্ম ডেভেলপমেণ্ট কর্পোরেসানের কথা বলেছেন। ফিল্ম ডেভেলপমেণ্ট কর্পোরেশান হয়েছে। কালার ফিল্ম ল্যাবরেটরীর প্রসঙ্গে উনি বলেছেন যে এটা করা হোক। আমরা এই ব্যাপারে অনেকদূর এগিয়ে গেছি। পূর্ব ভারতে যদি এটা করতে পারি তাহলে বোম্বের পাল্টা-পাল্টি প্যারালাল একটা জিনিষ তৈরী হবে। এরজন্য ভবিষ্যতে বাইরের পথে যেতে হবে না, বোম্বের পথে যেতে হবে না। ন্যাশনাল থিয়েটার সম্পর্কে যা বলেছেন সেই ব্যাপারে অনেকখানি এগিয়ে গেছি। মাটির পরীক্ষামূলক কাজগুলি হয়ে গেছে। কিন্তু হাইকোর্ট সেখানে একটা ইঞ্জাংসান দিয়ে বসে আছে। এছাড়া যাত্রা-উৎসবের কথা বলেছেন। যাত্রা উৎসব আগে করেছেন। এই যাত্রা-উৎসব করা যেতে পারে। এই প্রসঙ্গে আর যে কথা বলতে চাই সেটা হচ্ছে, আমরা যে যে ধারাগুলো সুরু করেছি—মূল স্রোতধারার সঙ্গে পাশাপাশি যে শাখাগুলো সুরু করেছি—সেই শাখাগুলোর মধ্য দিয়ে সত্যিকারের প্রতিভাকে বিকশিত করার যে পথটা সেই পথটিকে খুলে দিতে চাই। তাই প্রকাশনার ক্ষেত্রে আমরা অনুদান দিই।

[12-20—12-30 p. m.]

তাই প্রকাশনার ক্ষেত্রে আমরা অনুদান দিই, নিজস্ব উদ্যোগে যে সমস্ত কালজয়ী সাহিত্য আছে, সেই সাহিত্যগুলিকে তার নির্বাচিত অংশগুলিকে আমরা প্রকাশ করতে চাই এবং সহজ মূল্যে মানুষের কাছে পৌঁছে দিতে চাই এবং সেক্ষেত্রে আমরা আশা করব আমাদের যে প্রচেষ্টা সেটা শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষে যে রকম আগ্রহ সৃষ্টি করেছে তাঁরা সেটা গ্রহণ করবেন। আমরা ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম শত

বার্ষিকী পালন করেছি। উনি আবেদন করেছেন, বিধান চন্দ্র রায়ের উপর কোন ডকুমেণ্টারী করতে পারা যায় কি না সে প্রস্তাবটা আমরা নিশ্চয় পরীক্ষা করে দেখব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষকালে একটি কথা বলি। খবরের কাগজে মাঝে মাঝে দেখতে পাওয়া যায় যে হাওড়া পুলের উপরে কিছু কিছু পাগল উঠে বসে থাকে, এবং চীৎকার করে মানুষের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করে, দমকল বাহিনীর লোকেরা আসে এবং অনেক কসরত করে তাকে হাওড়ার পুলের উপর থেকে নামায়, তারপর যখন তাকে জিজ্ঞাসা করা হয় তুমি ওখানে উঠে বসে ছিলে কেন ? সে সোজা উত্তর দেয় হাওড়া থেকে কলকাতা যাবার সোজা পথ হচ্ছে উপরে। ওখান থেকে আমি এক লাফ দিয়ে সোজা কলকাতা পৌঁছে যাবার চেষ্টা করেছিলাম। আমার বন্ধুরা যদি এই বাণী জেনে থাকেন যে সহজ পথ হিসাবে মগডালে বসে সেখান থেকে বাণী বিতরণ করবেন, লোক তাহলে ভাববে যে ঐ বাণীটা সহজ বাণী নয়। ঐ বাণী বললে মানুষের সন্দেহের অবকাশ থাকবে এবং সেই সন্দেহ হচ্ছে, প্রতিভাশালী এবং পাগল এই দুজনের মধ্যে একটা সূক্ষ্ম সীমারেখা থাকে, সেই সীমারেখা অতিক্রম করলে কেউ কেউ বলবেন প্রতিভাশালী, আবার কেউ কেউ বলবেন পাগল। উনি যে কথাগুলি বলেছেন তাতে ওঁকে কোন পর্য্যায়ে ফেলা যাবে, উপরে কি তলায় সেটা আপনারা বিবেচনা করে দেখবেন। এই কটি কথা বলে আমার বাজেটের উপর সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** As the member is absent, cut motion No. 6 is not moved Other cut motions are in order and taken as moved.

Dr. Zainal Abedin : : } Sir, I beg to move that the Demand be
Shri Subrata Mukherjee : } reduced to Re. 1

**Mr. Speaker :** I now put cut motion Nos. 1 and 2, except cut motion Nos. 3-4 and 5 on which, I understand, division will be demanded, to vote.

The motions that the Demand be reduced to Re. 1 were then put and lost

Now cut motion Nos. 3, 4 & 5. The motions that the Demand be reduced to Re. 1 were then put and adivision taken with the following result :

NOES—108

Abdul Bari, Shri Md,
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Biren
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Santra, Shri Sunil
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish, Mohammad Shri
Singha, Shri Suresh

Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Motahar, Hossain, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Roy, Shri Phani Bhusan
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri

AYES—23

Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Adhikary, Shri Sisir
Bhunia, Dr. Manas
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Kazi Hafizur Rahman, Shri
Mahbubul Haque, Shri

ABSTENTIONS—1

Purkait, Shri Prabodh

The Ayes being 23, the Noes 108 and abstention 1 the motions were lost.

**Mr. Speaker :** I now put the main Demand No. 41 to vote.

The motion of Shri Pravas Chandra Phodikar that a sum of Rs. 5,20,69,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "285—Informantion and Publicity, 485—Capital Outlay on Information and Publicity and 685—Loans for Informationand and Publicity", was then put and a Divison taken with the following result :--

AYES—111

Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahaman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Ghosh, Srimati Chhaya

Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Ghosh, Shri Rabindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhansu Sekhar
Maji, Shri Swadeshranjan
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mallik, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

NOES—21

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas

Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Kazi Hafizur Rahman, Shri
Mahata, Shri Subhas Chandra
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri

ABSTENTIONS—1

Purakait, Shri Prabodh

The Ayes being 111, the Noes 21 and the abstentations 1 the motion was carried.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় সরকার পক্ষের চীফ হুইপকে বলতে চাই আগে আমরা হাউসে দেখেছি টু-থার্ড অফ দি অপোজিসান থাকতো। এখন ওরা সংখ্যায় বেশী এসেছে বলে হাফ হয়ে যাচ্ছে। এই বাজেট বক্তৃতায় ১ ঘণ্টার মধ্যে আধ ঘণ্টা আমরা পাচ্ছি আধ ঘণ্টা ওরা পাচ্ছে। মাননীয় গভর্ণমেণ্ট চিফ হুইপ কি এটার রিভার্স করছেন ? ওরা টু-থার্ড নেবে আর আমরা ওয়ান থার্ড নেব ?

**মিঃ স্পিকার :** এই ব্যাপারে আমিই বলছি। না এটা ঠিক নয়। আপনাদের আধঘণ্টা দেওয়া হয়েছে। তার মধ্যে সুব্রতবাবু একটু বেশী সময় নিয়ে নিয়েছেন। রুলিং পার্টির সকলে পাঁচ মিনিট করে বলা সত্ত্বেও এক ঘণ্টার মধ্যে কমপ্লিট করা যায় নি। মন্ত্রী কে আমি একটু বেশী সময় দিয়েছি। সময়ের ব্যাপারে হাফ হাফ আছে। টু-থার্ড নয়, এই ব্যাপারে আমি সজাগ আছি।

**Demand No. 55**

Major Heads : 310—Animal Husbandry and 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings).

**Shri Amritendu Mukherjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,09,51,000 by granted for expenditure under Demand No. 55, Major Heads : "310—Animal Husbandry and 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)".

**Demand No. 56**

Major Heads : 311—Dairy Development, 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) and 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings).

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫৫ নং দাবির অন্তর্ভুক্ত "৩১০—অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি" "৫১০—ক্যাপিটাল আউটলে অন অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি ( এক্সকুডিং পাবলিক আণ্ডার টেকিংস )" এবং "৭১০-লোন্স ফর অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি খাতে ১৯৮২-৮৩ সালের জন্য ১৪,০৯,৫১,০০ ( চোদ্দ কোটি নয় লক্ষ একান্ন হাজার ) টাকা ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি। ( এই টাকার ৮,১৩,৩০,০০০ ( আট কোটি তের লক্ষ তিরিশ হাজার ) টাকা ১৯৮২ সালের

মার্চ এবং জুন মাসে ভোট অন অ্যাকাউন্টস এ দাবী পেশ করা হয়েছিল।) আমার লিখিত বিবৃতি এখানে উপস্থিত করছি। আমার লিখিত ভাষণ পঠিত বলে ধরে নেবার জন্য অনুরোধ করছি। বিতর্কের পর আমার জবাবী ভাষণে যা বলার আছে সেটা বলবো।

পশুপালন কর্মসূচী পশ্চিমবঙ্গের গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গ্রামের হাজার হাজার বেকার ও অর্ধবেকার মানুষের বাড়তি কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করে এই পশুপালন কর্মসূচী। এই বাড়তি কর্মসংস্থানের ফলেই একদিকে জমির ওপর চাপ লাঘব হয়, অন্যদিকে গ্রামের ভূমিহীন মানুষের জীবিকার সন্ধানে শহরমুখী প্রবণতা নিয়ন্ত্রিত হয়। পশুপালন কর্মদ্যোগে প্রয়োজন স্বল্প জমি, সামান্য ব্যয় এবং উৎপাদন হয়ে থাকে দ্রুত। গ্রামের মানুষ শ্রেণী-বর্ণ-ধর্ম নির্বিশেষে পশুপালনের সঙ্গে ঐতিহ্যগতভাবে সম্পর্কিত। একদিকে কৃষিজ পণ্য উৎপাদনে অন্যদিকে দুধ ডিম মাংস উৎপাদনে পশুপালন কর্মসূচী সমাজের সাহায্য করে। পশুপালনে উৎপাদিত পণ্যসামগ্রীর সংগ্রহ, বিপনন ইত্যাদিতে শহরে শিক্ষিত বেকার সম্প্রদায় যাঁরা কর্মবিনিয়োগ কেন্দ্রে ভীড় করেন তাঁরা অনায়াসেই আয়ের পথ করে নিতে পারেন। সংক্ষেপে বলা যায় যে বিজ্ঞানসম্মত পশুপালন কর্মসূচী আমাদের বহুবিধ স্বার্থসহায়ক এবং গ্রামীন ও কৃষি অর্থনীতির এমন পরিপূরক যে জাতীয় পরিকল্পনার কৃষির পরেই পশুপালনের স্থান পাওয়া উচিত।

শুরুতে বর্তমান আর্থিক বছরের পশুপালন কর্মসূচীর জন্য ৩১৭.৫০ লক্ষ টাকার বাজেট প্রস্তাবিত হয়েছিল। কিন্তু বর্তমান অর্থনৈতিক সীমাবদ্ধতার দরুন কাটছাঁট করে ১৭৬.০০ লক্ষ টাকায় দাঁড় করানো হয়েছে। এ থেকে চলতি কর্মসূচীর চালু রাখা সম্ভব হবে, এবং নতুন কর্মোদ্যোগ রূপায়ণের জন্য অতি সামান্য টাকা ব্যয় করা সম্ভব হবে।

পশুপালনের যে-সব কর্মসূচীর দরুণ বাজেটে অর্থবরাদ্দের প্রস্তাব করা হয়েছে সে বিষয়ে আলোচনার আগে এ রাজ্যে ১৯৮১-৮২ সালের ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের প্রতিরোধে বিভাগীয় কর্মতৎপরতার বিষয়ে কিছু উল্লেখ করতে চাই। ১৯৮১-৮২ সালের শেষদিকে ২৪-পরগণার দক্ষিণ অঞ্চলে প্রবল ঘূর্ণিঝড় এবং বন্যার দরুণ মানুষ, গবাদিপশু ও ঘরবাড়ি বিনষ্ট হয়। এই অবস্থার মোকাবিলায় ক্ষতিগ্রস্ত এলাকায় গো-মহিষাদির সুষম খাবার, ও সবুজ ঘাস সরবরাহের জন্য ১৯,৩৮,০০০ টাকা এবং সরকারী কর্মীদের টি এ এবং অন্যান্য বিবিধ খাতে ২৫,০০০ টাকা মঞ্জুর করা হয়েছিল।

ত্রাণ হিসেবে যে সব উপাদান দিয়ে সাহায্য করা হয়েছিল তার চিত্র দেওয়া হল:

(ক) বিচালি..................৪২,০৩১.৪৯ কুইণ্টাল।

(খ) সুষম খাবার.......... ...১,৩৬৫.৮৪ কুইণ্টাল।

এ ছাড়াও যে সব দরিদ্র খামারীর গরুবাছুর ঘূর্ণিঝড়ে মারা গিয়েছিল তাঁদের গাভী এবং বলদ ক্রয়ের জন্য ১ কোটি টাকা বরাদ্দ করা হয়। ক্রয়ের কাজ এখনও চলছে।

১৯৮২-৮৩ সালে এ রাজ্য ভয়াবহ খরার কবলে পড়ে। প্রায় ৮০ হাজার গরু-মহিষ এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। খরার ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে গো-মহিষাদির খাদ্যের দরুণ দৈনিক মাথাপিছু ২ কেজি বিচালি এবং ২৫০ গ্রাম সুষম খাবার জোগানের জন্য ২০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। ত্রাণ সাহায্যের কাজ এখনও অব্যাহত আছে।

## গো-উন্নয়ন

গো-উন্নয়ন কর্মসূচীর প্রধান লক্ষ হল দেশি গরুর দুধ উৎপাদনের সামর্থ্য বৃদ্ধি করা। দেশি গরু মাথা পিছু বছরে দুধ উৎপাদন করে থাকে গড়ে ২৮০-২৯০ লিটার। এই অবস্থার পরিসমাপ্তির উদ্দেশ্যে সংকর প্রজনন কর্মসূচী গৃহীত হয়েছে। এর উদ্দেশ্য হল বিদেশী উন্নতজাতের ষাঁড়ের সাহায্যে দেশি গরুর বংশধারার উন্নতিবিধান। বিদেশী গরুর অধিক দুধ উৎপাদন ক্ষমতা, দেশি গরুর রোগ প্রতিরোধ ক্ষমতা এবং স্থানীয় জলবায়ু মানিয়ে চলার সামর্থ্যের মিশ্রণ ঘটিয়ে এক উন্নত বংশধারার সৃষ্টি করা। এই কর্মসূচী ইতিমধ্যেই উৎসাহজনক ফল সৃষ্টি করেছে। সংকর গাভী মাথা পিছু বছরে গড়ে ১৫০০-২০০০ লিটার দুধ উৎপাদন করছে। এই সংকর গরু সাড়ে তিন বছরের জায়গায় আড়াই বছরের মধ্যে দুধ দেবার উপযোগী হচ্ছে এবং এদের দুই প্রসবকালের ব্যবধান ১৮ মাসের জায়গায় ১৩-১৪ মাসে নেমে এসেছে। নিবিড় গো-প্রজনন প্রকল্প, "কী ভিলেজ" প্রকল্প, পার্বত্য এলাকা উন্নয়ন ও খরা পীড়িত অঞ্চল উন্নয়ন কর্মসূচীর মাধ্যমে গো-উন্নয়নের সমগ্র পরিকল্পনা রূপায়িত হয়ে চলেছে।

গ্রামাঞ্চলে সুবিস্তৃতভাবে সঙ্কর গো-প্রজননের কাজ চালু রাখতে পশুপালন অধিকারের আওতায় ৩৯টি কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র, ১৩১টি বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্র এবং ১,২১২টি উপকেন্দ্র রাজ্যের বিভিন্ন এলাকায় চালু আছে। এতাবৎ ১১.৬০ লাখ প্রজননক্ষম গাভী এই কর্মসূচীর আওতায় এসেছে। এই সংখ্যা গত বছরের তুলনায় ৯১ হাজার বেশি।

এ ছাড়া পশুচিকিৎসা অধিকারের আওতায় রয়েছে ৪৮টি বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্র। এগুলি পশু-চিকিৎসা হাসপাতালের সঙ্গে যুক্ত। ১৯৮২-৮৩ সালে আরও ১০টি বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্র স্থাপনের প্রস্তাব রয়েছে। এ ছাড়া চারটি দুগ্ধ উৎপাদন সমবায় সমিতি যথা হিমুল, ভাগীরথী, কিসান এবং মেদিনীপুর সমবায় দুগ্ধ ইউনিয়ন হিমায়িত ও তরল গো-বীজ মারফত বৈজ্ঞানিক গো-প্রজননের কাজ চালু রাছে।

বর্তমান সময়কাল পর্যন্ত ৮টি নিবিড় গো-উন্নয়ন প্রকল্প স্থাপিত হয়েছে। ১৯৮২-৮৩ সালে হুগলী জেলায় আরও একটি স্থাপনের সম্ভাবনা আছে। এই সব নিবিড় গো-উন্নয়ন প্রকল্পের কাজ চালু রাখতে ১৯৮২-৮৩ সালের বাজেটে ৫৮.১০ লক্ষ টাকা ব্যয় প্রস্তাবিত হয়েছে।

যাতায়াতের অসুবিধার জন্য যে-সমস্ত অঞ্চলে বৈজ্ঞানিক গো-প্রজননের কাজে উন্নত গো-বীজ সরবরাহ করার ব্যবস্থা সম্ভব নয়, সে-সব অঞ্চলে প্রাকৃতিক পদ্ধতিতে গো-প্রজনন কাজ সম্পন্ন করতে পঞ্চায়েতের মাধ্যমে বিনামূল্যে সঙ্কর ষাঁড় সরবরাহ করা

## গো-পুনর্বাসন প্রকল্প

গঙ্গানগর প্রকল্পের কাজ এখন সমাপ্ত। দুগ্ধ শীতলীকরণ প্ল্যাণ্টের পরীক্ষা নিরীক্ষ চলছে। গঙ্গানগর দুগ্ধ উপনিবেশ যথাসত্বর উদ্বোধন করা হবে। কোলকাতার বস্তি এলাকার খাটালস্থ গরু মহিষ এই দুগ্ধ উপনিবেশে স্থানান্তরিত হবে। এ ধরনের আরও ৩টি দুগ্ধ উপনিবেশ স্থাপনের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। আশা করা যায় যে সম্পূর্ণ কর্মসূচী ১৯৮২-৮৩ সালের শেষ নাগাদ সমাপ্ত হতে পারবে।

## মুরগী পালন

পশ্চিমবঙ্গে বর্তমানে ১৪টি রাষ্ট্রীয় মুরগী খামার, ২টি মুরগী পরিবর্ধন কেন্দ্র, ৪টি আঞ্চলিক খামার, এবং ১০টি ব্লক মুরগী খামার আছে। এখানে উন্নতজাতের মুরগী এবং ডিম-পাড়া মুরগী উৎপাদন করা হয়। সেগুলি সরবরাহ করা হয় দেশের খামারীদের। সেই সঙ্গে রয়েছে আদর্শ প্রতিপালন পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা। টালিগঞ্জ রাষ্ট্রীয় খামারে মুরগীর উৎপাদনসামর্থ্য বাড়ানোর উদ্দেশ্যে নির্বাচিত প্রজনন কর্মসূচী ( সিলেকটিভ ব্রিডিং প্রোগ্রাম ) চালু করা হয়েছে।

আমাদের নিজস্ব বিপনন প্রকল্প চালু আছে। এর মাধ্যমে গ্রামাঞ্চলের মুরগী খামারীদের উৎপাদিত ডিম মাংস ক্রয়ের ব্যবস্থা করে তাঁদের মধ্যবর্তী ফড়ে ব্যবসায়ীদের শোষণের হাত থেকে রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এই প্রকল্পের আওতাভুক্ত রেজেষ্ট্রীকৃত মুরগী খামারীদের উৎপাদিত ডিম মাংস ন্যায্যমূল্যে ক্রয় করে নেওয়া হয় এবং খামারীদের উচিত মূল্যে সুষম খাবার সরবরাহ করা হয়। এ-রাজ্যে ৫টি নিবিড় ডিম সংগ্রহ ও বিপণন কেন্দ্র চালু আছে। ১৯৮১-৮২ সাল এবং ১৯৮২-৮৩ সালের প্রথম ৪ মাসে মোট ৭৭.৯৩ লাখ ডিম এবং ৪১.৩১ মেট্রিকটন মাংস ১২০০ রেজেষ্ট্রীকৃত খামারীদের কাছ থেকে ক্রয় করা হয়েছে এবং তাঁদের সরবরাহ করা হয়েছে ২৩২৬.৮২ মেট্রিক টন সুষম খাবার। সম্প্রতি কৃষি বিভাগের অধীনস্থ ব্রুকলিন হিমঘর ডিম সংরক্ষণের জন্য পাওয়া গেছে। এই সুযোগের সদ্ব্যবহারের মাধ্যমে ডিমের বাজার দরের উর্ধগতি নিয়ন্ত্রণের ব্যবস্থা করা সম্ভব হবে। আমি এখানে উল্লেখ করতে চাই কলকাতার সমস্ত হাসপাতাল এবং জেলগুলিতে প্রয়োজনীয় ডিম এবং মুরগী-মাংস সরকারীবিপণন প্রকল্প থেকেই সরবরাহ করা হয়।

এই রাজ্যে দু'টি প্রথায় মুরগী পালন চালু আছে। যথা "ব্যাক ইয়ার্ড" এবং "ডীপলিটার" প্রথা। "ব্যাক ইয়ার্ড" পদ্ধতিতে মুরগীপালনে প্রারম্ভিক খরচ কম হওয়ায় ক্রমশঃ বেশি লোক, বিশেষ করে দরিদ্রশ্রেণীর মানুষ এই প্রথার দিকে ঝুঁকছেন।

ব্যবসায়িক ভিত্তিতে মুরগীপালনে ডীপ লিটার পদ্ধতি তুলনামূলকভাবে অধিক প্রারম্ভিক খরচের প্রয়োজন। ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, খেতমজুর এবং উপজাতি ও তফশিলী সম্প্রদায়ভুক্ত ঐ শ্রেণীর খামারীদের এই অর্থ ব্যয় করা সম্ভব নয়। তাই সরকার ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের মুরগী খামার স্থাপনে ২৫ শতাংশ এবং ক্ষেতমজুদের ৩৩⅓ শতাংশ অবদান বিশেষ পশুপালন প্রকল্পের মারফত দেবার ব্যবস্থা করেছেন। বর্তমান সময়কাল পর্যন্ত এই প্রকল্পের আওতায় ২৪-পরগণা, হুগলী এবং নদীয়া জেলায়

৫,৭১৭ মুরগীখামার স্থাপিত হয়েছে। প্রতিটি খামারে ডিম-পাড়া মুরগীর সংখ্যা গড়ে ৫০ থেকে ১০০টি।

উপজাতি কল্যাণে এতাবৎকাল ৭০৮ ব্যাক-ইয়ার্ড পোলট্রি ইউনিট এবং ডীপ-লিটার খামার স্থাপিত হয়েছে। ১৯৮২-৮৩ সালে লক্ষমাত্রা স্থির করা হয়েছে ২০০ ইউনিট।

১৯৮১-৮২ সাল এবং ১৯৮২-৮৩ সালের প্রথম ৪ মাসে মোট ১'৯৩ লাখ মুরগীবাচ্চা ও ডিমপাড়ার উপযোগী মুরগী খামারীদের সরবরাহ করা হয়েছে। ১৯৮২-৮৩ সালের সমাপ্তিপর্বে এই সরবরাহের পরিমাণ ২ লাখে পৌঁছাবে আশা করা যায়।

১৯৮১-৮২ সালে এই রাজ্যে ডিম উৎপাদনের লক্ষমাত্রা ধার্য করা হয়েছিল ৮৪ কোটি ৮০ লক্ষ। দুধের মতো ডিম উৎপাদনের লক্ষমাত্রায় আমারা পৌঁছাতে পেরেছি। ১৯৮২-৮৩ সালে এই লক্ষমাত্রা ধার্য করা হয়েছে ৮৭ কোটি ৫০ লক্ষ ডিম। ১৯৮২-৮৩ সালের বাজেটে মুরগীপালনের জন্য ২৬'২৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

## শূকর উন্নয়ন

হরিণঘাটা আঞ্চলিক শূকর প্রজনন খামার ছাড়া এ রাজ্যে আরও ৫টি শূকর খামার আছে যার ৪টিই আছে দার্জিলিং জেলায়। এই ৪টির মধ্যে ২টিতে শীঘ্রই কাজ চালু হবে। অপর খামারটি প্রথমে বাঁকুড়া জেলায় স্থাপিত হয়েছিল। কিন্তু পরবর্তী কালে সেটা হরিণঘাটা খামারে স্থানান্তরিত করা হয়েছে। হরিণঘাটা আঞ্চলিক শূকর খামারে বাচ্চা সহ বর্তমানে ২,২৪১টি শূকর রয়েছে। এখান থেকে গ্রামাঞ্চলের শূকর খামারীদের প্রতিপালিত শূকর উন্নয়নের জন্য উন্নতজাতের শূকর সরবরাহ করা হয়। উদ্বৃত্ত শূকর হরিণঘাটা বেকন ফ্যাক্টরীতে সরবরাহ করা হয়। ১৯৮১ সালের জুলাই থেকে ১৯৮২ সালের মে মাস পর্যন্ত ৪৩৭টি শূকর বেকন ফ্যাক্টরীতে সরবরাহ করা হয়েছে। শূকরজাত মাংসের উৎপাদনের পরিমাণ ১৬'৪ মেট্রিক টন এবং ১'৯৩ লাখ টাকা মাস বিক্রি করে পাওয়া গেছে।

১৯৮১-৮২ সালে প্রতিপালনের জন্য সারা রাজ্যে ৫২৭টি শূকর সরবরাহ করা হয়েছে। এবং রাজ্যের বাইরে সরবরাহ করা হয়েছে ৫৯টি শূকর।

এ ছাড়া রাজ্যের উপজাতি এবং তফসিলী সম্প্রদায়ের কল্যাণে এতাবৎকাল ৩০০টি শূকর ইউনিট স্থাপিত হয়েছে। প্রতি ইউনিটে ৪টি শূকরী ও ১টি শূকর আছে। শূকরের দাম, ঘরনির্মাণ খরচের ৫০ শতাংশ এবং খাবার, পরিবহণ, ঔষধপত্র, বীমা বাবত সরকারী অনুদান দেওয়া হবে। খরচের বাকী অংশ লগ্নীকারী প্রতিষ্ঠানের কাছ থেকে পাওয়া যাবে। ১৯৮২-৮৩ সালে ১০০টি শূকর ইউনিট স্থাপনের লক্ষমাত্রা ধার্য করা হয়েছে।

## মেষ ও ছাগ উন্নয়ন

গ্রামাঞ্চলে মেষ উন্নয়নের প্রয়োজনে মেষের চাহিদা পূরনের উদ্দেশ্যে দার্জিলিং জেলার পেডং এবং হরিণঘাটায় দু'টি মেষ খামার রয়েছে। এ ছাড়া পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, মালদহ এবং মুর্শিদাবাদে অবস্থিত মেষ সম্প্রসারণ কেন্দ্রে উন্নতজাতের

মেষ প্রজননের কাজে ব্যবহারের জন্য রাখা আছে। এই মেষগুলি মেষ উন্নয়ন কাজে ব্যবহারের জন্য প্রজনন ঋতুতে ঋণ হিসাবে তদারককারীদের দেওয়া হয়ে থাকে।

ছাগলকে বলা হয়ে থাকে দরিদ্রমানুষের গরু। রাজ্য সরকার ছাগল উন্নয়ন কর্মসূচীতে বিশেষ নজর দিয়েছেন। এ রাজ্যে ২টি ছাগল প্রজনন খামার আছে—একটি হরিণঘাটায়, অন্যটি দার্জিলিং জেলায় পেডংএ। বীরভূমের সিউড়ি এবং বাঁকুড়ার রঞ্জিতপুরে ছাগ প্রদর্শন কেন্দ্র রয়েছে। এখানে খামারীদের প্রশিক্ষণ দেওয়া হয় এবং উন্নতজাতের ছাগলের চাহিদা এখান থেকে মেটানো হয়ে থাকে। উপজাতি তফসিলী শ্রেণীর কল্যাণে ৯৩৭টি মেষ ইউনিট এবং ২,৪১০টি ছাগ ইউনিট এ পর্যন্ত স্থাপিত হয়েছে।

খরাপীড়িত এলাকা উন্নয়ন কর্মসূচীর আওতায় ১৯৮১-৮২ সালে ৪৭টি ছাগী ইউনিট এবং ৩১টি উন্নত ছাগ ইউনিট ঝাড়গ্রাম এলাকায় স্থাপিত হয়েছে।

## শিক্ষা ও প্রশিক্ষণ

পশুপালন বিষয়ে অগ্রগতির সঙ্গে সঙ্গে বহু বেকার ও খামারী পশুপালনকে বৃত্তি হিসাবে গ্রহণ করার জন্য এগিয়ে এসেছেন। এইসব উৎসাহী খামারীদের আদর্শ প্রতিপালন পদ্ধতি, খামার পরিচালনা, পশুখাদ্য উৎপাদন, বিজ্ঞানসম্মত প্রজনন বিষয়ে কার্যকর প্রাথমিক জ্ঞান লাভের প্রয়োজন। কতকগুলি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ ছাড়া তাঁদের পক্ষে বিজ্ঞানভিত্তিক পশুপালন করা সম্ভব নয়। এই পরিপ্রেক্ষিতে পশুপালন অধিকার নিম্নলিখিত কেন্দ্রগুলিতে প্রশিক্ষণ দেবার কর্মসূচী গ্রহণ করেছেন ঃ—

(১) সরকারী মুরগী খামার ; টালিগঞ্জ—মুরগী প্রতিপালন

(২) সরকারী মুরগী খামার, মেদিনীপুর—মুরগী প্রতিপালন

(৩) সরকারী মুরগী খামার, কার্সিয়াং—মুরগী প্রতিপালন

(৪) হরিণঘাটা-কল্যাণী খামার—গো-পালন

(৫) ডেয়ারী ডিমন্‌স্ট্রেশান-কাম-ফার্মার্স ট্রেনিং সেণ্টার, সেণ্ট মেরিস, কার্সিয়াং—গো-পালন

(৬) আঞ্চলিক শূকর প্রজনন খামার, হরিণঘাটা—শূকর পালন

(৭) মেষ প্রজনন খামার কল্যাণী—মেষ ও ছাগ পালন

১৯৮১-৮২ সালে মোট ২,২০০ খামারী বিভিন্ন বিষয় বিভিন্ন শিক্ষণপ্রাপ্ত হয়েছেন।

## পশুচিকিৎসা

পশুপাখীর রোগ প্রতিরোধ, প্রতিকার এবং নিয়মিত চিকিৎসার দায়িত্বে আছে পশুচিকিৎসা অধিকার। পশুসম্পদের ক্রমোন্নয়নে পশুপালনের মতো পশুচিকিৎসার ভূমিকাও কোন অংশে কম নয়। শুরুতে এ বাবত ২৮০ লাখ টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছিল। আর্থিক সীমাবদ্ধতার জন্য কাটছাঁট করে দাঁড়িয়েছে ১৪৭ লাখ টাকা এ থেকে বর্তমানের চালু প্রকল্পগুলি পরিচালনা করা যাবে ; নতুন প্রকল্পের কাজ হাতে নেওয়ার সুযোগ খুবই অল্প।

## পশুচিকিৎসা সাহায্য সেবা

বর্তমানে ব্লক ডিসপেনসারী, পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র, ও ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্রের মাধ্যমে সুদূর গ্রামাঞ্চলের মানুষের কাছে পশুচিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়া হয়েছে। এ ছাড়া জেলা ও মহকুমা সদর শহরে এবং পশুপালনের উন্নতি আছে এ সব অঞ্চলে স্থাপিত হয়েছে সরকারী পশুচিকিৎসালয় ( হাসপাতাল )।

বর্তমানে রাজ্য পশুচিকিৎসা হাসপাতালের সংখ্যা ১০২টি। ১৯৮২-৮৩ সালে আরও ৬টি নতুন হাসপাতাল স্থাপনের প্রস্তাব আছে। এ বাবত বাজেটে বরাদ্দ করা হয়েছে ২০'৭৫ লাখ টাকা।

এ পর্যন্ত ৫২৮টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র মঞ্জুর করা হয়েছে। আগামী তিন বছরে পর্যায়ক্রমে আরও ১৩৬টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র স্থাপনের প্রস্তাব রাখা হয়েছে। বর্তমান আর্থিক বছরে পশুস্বাস্থ্য কল্যাণ কর্মীর প্রশিক্ষণের প্রস্তাব করা হয়েছে। এইসব কর্মীরা স্ব-নির্ভর কর্মে নিযুক্ত হবার সুযোগ পাবেন ; এবং প্রত্যন্ত গ্রামাঞ্চলের গবাদি পশুর চিকিৎসার সুযোগ বৃদ্ধি পাবে।

সুদূর গ্রামাঞ্চলের গবাদি পশুর চিকিৎসার সুযোগ সৃষ্টির জন্য ৮৩টি ভ্রাম্যমাণ পশুচিকিৎসালয়ের মঞ্জুর করা হয়েছে। তার মধ্যে ৫৭টিতে কাজ চালু হয়েছে। ১৯৮২-৮৩ সালের বাজেটে এ বাবত ধার্য করা হয়েছে ৩'০৮ লাখ টাকা।

বর্তমানে এই রাজ্যে ব্লক পশুচিকিৎসা ডিসপেনসারী আছে ৩৩৫টি। স্থির করা হয়েছে প্রতি ব্লকে আরও একটি করে পশুচিকিৎসা ডিসপেনসারী স্থাপন করা হবে। পর্যায়ক্রমে এই লক্ষ্যে পৌঁছাতে হবে। বর্তমান সময়কাল পর্যন্ত ২০৬টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্রকে অতিরিক্ত পশুচিকিৎসা ডিসপেনসারীতে উন্নীত করা হয়েছে। এ কাজে বাজেটে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে ৬৫'০০ লাখ টাকা।

বিভিন্ন পশুচিকিৎসা কেন্দ্রে যে পরিমাণ ওষুধপত্র সরবরাহ করা হয়ে থাকে তার পরিমাণ ১৯৭৫-৭৬ সালে স্থিরীকৃত হয়েছিল। সমস্যার নিরিখে ঐ পরিমাণ যথেষ্ট অপ্রতুল। তাছাড়া ওষুধপত্রের দামও বেড়ে গেছে। এই পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে রাজ্যের আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও ওষুধপত্রের বাৎসরিক সরবরাহের জন্য বরাদ্দ বৃদ্ধি করা হবে। শীঘ্রই এ ব্যাপারে সরকারী আদেশনামা দেওয়া হবে।

## পশুরোগ নির্ণয়, নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ

গরু মহিষের টি. বি. রোগ পরীক্ষা-নিরীক্ষার জন্য কলকাতা, বর্ধমান এবং শিলিগুড়িতে ৩টি টি. বি. প্রতিরোধক ইউনিট আছে। ব্রুসেলোসিস রোগ অনুসন্ধান ও প্রতিরোধের জন্য বর্ধমান এবং জলপাইগুড়িতে ২টি ইউনিট কাজ করছে। এই ইউনিটগুলি এই রোগের ব্যাপক অনুসন্ধান, গবাদিপশুর বন্ধ্যাত্ব ঘটার কারণ নির্ণয় এবং প্রতিকারের ব্যবস্থা চালু রেখেছেন। বেথুয়াডহরিতে অনুরূপ একটি ইউনিট স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন। বর্তমান আর্থিক বছরের বাজেটে গবাদিপশুর টি. বি. এবং ব্রুসেলোসিস রোগ প্রতিরোধক বাবত ৩০ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

নানাবিধ প্যারাসাইটিক জীবাণুঘটিত রোগ পশুপাখীর মৃত্যু ঘটায় এবং তাদের উৎপাদনশক্তির প্রচণ্ড ক্ষতি করে। এ জাতীয় রোগ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ২০টি প্যারা-

সাইটিক নিয়ন্ত্রণ ইউনিট স্থাপন করা হয়েছে। ২টি প্যারাসাইটিক রোগ অনুসন্ধান গবেষণাগার বেথুয়াডহরি এবং মালদহতে স্থাপনের প্রস্তাব করা হয়েছে; এবং আরামবাগে একটি পশুরোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপনের প্রস্তাবও রয়েছে। ১৯৮২-৮৩ সালের বাজেটে এ বাবত ৩·৫০ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

পশুরোধ প্রতিরোধ এবং প্রতিকারে দ্রুত রোগ নির্ণয় এবং ত্বরিত ব্যবস্থা গ্রহণ অত্যন্ত প্রয়োজনীয়। এ কারণ রাজ্যে ৪২টি প্যাথোলজিক্যাল এবং ক্লিনিক্যাল গবেষণাগার চালু আছে। সমস্ত পশু চিকিৎসা হাসপাতালে অনুরূপ একটি করে ক্লিনিক্যাল গবেষণাগার পর্যায়ক্রমে স্থাপন আমাদের লক্ষ। ১৯৮২-৮৩ সালের আর্থিক বছরে অনুরূপ ৬টি গবেষণাগার স্থাপনের লক্ষ রাজ্য সরকারের আছে। বাজেটে এ বাবদ ৩৫ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

বিগত বছরগুলির ন্যায় এ বছরও গবাদিপশুকে ব্যাপকভাবে টীকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, মেষ এবং ছাগলের উপর ব্যাপক টীকা দেওয়ার প্রস্তাব আছে যাতে অ্যানফিসটোমিয়াসিস রোগ প্রতিরোধ করা সম্ভব হয়। সোয়াইন ফিভার থেকে শূকরকে রক্ষা করার জন্য এবং গরু মহিষকে ফুট অ্যান্ড মাউথ রোগ থেকে রক্ষা করার জন্য ব্যাপক ঠিকা দেবার ব্যবস্থা করা হয়েছে। এ বাবত বাজেটে ৩ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

রাণীখেত সংক্রামক রোগ মুরগীর পক্ষে বিপজ্জনক। বিগত কয়েক বছর ধরে ব্যাপক টীকা প্রচলনের পর এই রোগের সর্বাত্মক বিলোপ সম্ভবপর হয়নি। তাই প্রয়োজন নিবিড় রক্ত পরীক্ষা-নিরীক্ষার গবেষণা যাতে দেশ থেকে সম্পূর্ণভাবে এই বিপজ্জনক রাণীখেত রোগ দূর করা সম্ভব হয়। এ বাবদ বাজেটে ৫০ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

সমভাবে গরু-মহিষের ক্ষেত্রে রিণ্ডারপেস্ট রোগ অতি মারাত্মক। ব্যাপক টীকা দিয়ে এই রোগ প্রতিহত করতে হবে। এ ক্ষেত্রেও রক্ত পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন। এই রোগ নির্ণয় ও প্রতিরোধের বিষয় অনুসন্ধানের জন্য বারাসাতে একটি গবেষণাগার স্থাপনের প্রস্তাব আছে। এবছর ব্যয় ধার্য হয়েছে ১ লাখ টাকা। প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

কোন্ ধরনের ভাইরাস পশ্চিমবঙ্গে এবং পার্শ্ববর্তী রাজ্যের গোবাদি পশুর ফুট অ্যাণ্ড মাউথ রোগের জন্য দায়ী তার উপর ব্যাপক অনুসন্ধানের জন্য ভারতীয় কৃষি গবেষণা পর্ষৎ পরিচালিত কর্মসূচীর কাজ প্রশংসনীয়ভাবে এগিয়ে চলেছে। এই কেন্দ্র স্থাপনের উদ্দেশ্য হোল—এই রোগ প্রতিরোধের উপযোগী টীকা আবিষ্কার। ১৯৮২-৮৩ সালেও এই কাজ চালু থাকবে। এ বাবদ বাজেটে ২·৮৭ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

## জৈব দ্রব্যসমূহের উৎপাদন ও বণ্টন

কেন্দ্রীয় মেডিক্যাল স্টোর্সের কাজের সুবিধার জন্য জেলাওয়ারী সাবডিপো স্থাপিত হয়েছে। এতাবৎ ১৪টি সাবডিপো মঞ্জুর করা হয়েছে। হাওড়া এবং কাঁথিতে অনুরূপ আরও ২টি সাবডিপো স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

জৈব দ্রব্যসমূহের উৎপাদন, গবেষণাগার সম্প্রসারণ এবং আধুনিকীকরণের বাবৎ বাজেট ১৫ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই ব্যয় বরাদ্দের মধ্যে স্ট্যাণ্ডার্ডাইজেসান ল্যাবরেটারী স্থাপন এবং কয়েকটি নতুন পদসৃষ্টির ব্যয়ও ধরা আছে।

## প্রশিক্ষণ

বিগত আর্থিক বছরে এবং বর্তমান আর্থিক বছরে পশুচিকিৎসা অধিকারের আধিকারিকেরা দেশে ও বিদেশে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, সেমিনার এবং আলোচনা সভায় যোগদান করেছিলেন।

কমপাউণ্ডার এবং ড্রেসারদের জন্য প্রশিক্ষণ কোর্স গত বছর হরিণঘাটায় চালু হয়েছে। ২৯ জন শিক্ষার্থীর একটি দল শিক্ষাক্রম সমাপ্ত করেছেন। দ্বিতীয় দলের প্রশিক্ষণ চলছে। মেদিনীপুরে ভাড়া করা আবাসে ভেটেরিনারী ফিল্ড অ্যাসিস্টেন্টদের প্রশিক্ষণসূচী চালু আছে। গত বছর থেকে শিক্ষার্থীর সংখ্যা ৫০ থেকে ১০০তে উন্নীত হয়েছে এবং শিক্ষাক্রম ৬ মাসের স্থলে একবছর মেয়াদী করা হয়েছে। মেদিনীপুর জেলায় রাজ্য পশুচিকিৎসা হাসপাতাল এলাকার মধ্যে এই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এ বাবতে ১ লাখ টাকা রাখা আছে।

পশুপালন বিজ্ঞানের অগ্রগতি খুবই দ্রুতগামী। তিনি নিয়মিত পর্যায়ে পশু-চিকিৎসা বিভাগের আধিকারিকদের আধুনিক পশু বিজ্ঞানের সঙ্গে সংযোগ রাখা দরকার। এ কারণ ১৯৮২-৮৩ সালে একটি ইন সার্ভিস ট্রেনিং সেন্টার এ রাজ্যে স্থাপনের প্রস্তাব আছে। এ বাবত বাজেটে ১.৬০ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

## কসাইখানার আধুনিকীকরণ

আধুনিক কসাইখানা এবং মিট প্রসেসিং প্ল্যাণ্ট তৈরির জন্য পশ্চিমবঙ্গ লাইভস্টক ডেভেলপমেণ্ট কর্পোরেশন কর্তৃক দুর্গাপুর এবং আন্দুল-মৌরীগ্রামে কর্মসূচী হাতে নিয়েছেন। দুর্গাপুরের নির্মাণ কাজ সমাপ্ত এবং কাজ চালু হবার অপেক্ষায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের যে সব কর্মসূচী ৫৫ নম্বর দাবীর অন্তর্ভুক্ত সে বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ পেশ করলাম। বামফ্রণ্ট সরকারের গৃহীত নীতিই হোল সমাজের দরিদ্রশ্রেণীর অর্থনৈতিক উন্নয়ন এবং তাঁদের স্বাবলম্বী করা। সেই উদ্দেশ্যে সমস্ত কর্মসূচীই পরিকল্পিত। এই পরিপ্রেক্ষিতের দিকে লক্ষ্য রেখে সুদীর্ঘকালের অবহেলিত এবং অর্থনৈতিক সমস্যায় পীড়িত দরিদ্র-শ্রেণীর আর্থিক বনিয়াদ সুদৃঢ় করতে পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ কাজ করে চলেছে।

এই প্রসঙ্গে আমি পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের কর্মীদের আন্তরিক কর্ম-তৎপরতা, উদ্যোগ এবং প্রয়াস কামনা করি, যাতে পরিকল্পিত কর্মসূচী যথাসম্ভব সুচারুরূপে সম্পন্ন হতে পারে। এইসঙ্গে বিধানসভার কাছেও প্রস্তাবিত ব্যয়বরাদ্দের অনুমোদন প্রার্থনা করি।

মহাশয়, আমি প্রস্তাব করছি যে, ৫৫ নম্বর দাবীর অন্তর্ভুক্ত "৩১০—অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি", "৫১০—ক্যাপিট্যাল আউটলে অন অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি ( এক্সকুডিং পাবলিক আণ্ডারটেকিং )" ও "৭১০—লোন্‌স্ ফর অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি" খাতে ১৯৮২-৮৩ সালের জন্য ১৪ কোটি ৯ লক্ষ ৫১ হাজার ( চৌদ্দ কোটি নয় লক্ষ একান্ন হাজার ) টাকা ব্যয়বরাদ্দ মঞ্জুর করা হোক।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫৬ নং দাবির অন্তর্ভুক্ত '৩১১ — ডেয়ারি ডেভেলাপমেণ্ট', ৫১১ - ক্যাপিটাল আউটলে অন ডেয়ারি ডেভেলাপমেণ্ট এক্সকুডিং পাবলিক আণ্ডারটেকিংস )' এবং '৭১১ — লোনস্ ফর ডেয়ারি ডেভেলাপমেণ্ট ( এক্সকুডিং পাবলিক আণ্ডারটেকিংস )' খাতে ১৯৮২-৮৩ সালের জন্য ২৭,৪৪,৭১,০০০ ( সাতাশ কোটি চুয়াল্লিশ লক্ষ একাত্তর হাজার ) টাকা ব্যয় বরাদ্দের দাবি পেশ করছি। ( এই বৎসরের মার্চ এবং জুন মাসে ১৪,০৩,৪৮,০০০ টাকার যে ভোট-অন-অ্যাকাউণ্ট গৃহীত হইয়াছিল, ইহার মধ্যে তাহাও ধরা আছে। )

এটা মুভ করার পর আমার লিখিত ভাষণ পঠিত বলিয়া ধরিয়া লওয়ার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ করছি। বিতর্কের পর আমার জবাবী ভাষণে যদি কিছু বলার থাকে, তা বলব।

সরকারী সরবরাহ ব্যবস্থার মাধ্যমে জনসাধারণকে স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত দুগ্ধ সরবরাহের জন্য সরকারী দুগ্ধ প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ তথা চালু রাখা এবং এই রাজ্যে দোহ প্রকল্পগুলির রূপদানের জন্য এই ব্যয় মঞ্জুরীর প্রয়োজন।

বর্তমানে ৪টি তরল দুগ্ধ উৎপাদন কেন্দ্র এবং একটি বহুমুখী দুগ্ধ উৎপাদন কেন্দ্র দ্বারা স্বাস্থ্যসম্মত উপায়ে দুগ্ধ প্রস্তুত করা হয়। এইগুলির মধ্যে ৪টি কেন্দ্র এই রাজ্যের জনসাধারণকে সরবরাহের জন্য পুষ্টিকর দুগ্ধ উৎপাদন করে।

## বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প

এই প্রকল্পের অধীনে দুটি দুগ্ধ উৎপাদন কেন্দ্র আছে। একটি বেলগাছিয়ায় দৈনিক তিন লক্ষ লিটার দুধ সঞ্চালন ক্ষমতাসম্পন্ন এবং অপরটি হরিণঘাটায় দৈনিক পঞ্চাশ হাজার লিটার দুধ সঞ্চালন ক্ষমতাসম্পন্ন। এই দুটি কেন্দ্রে কলিকাতায় এবং শহরতলি অঞ্চলে প্রায় ২.৭০ লক্ষ ক্রেতাকে দৈনিক গড়ে ২.২০ লক্ষ লিটার দুধ সরবরাহ করে। এই মহানগরীর দুগ্ধ ক্রেতাকে ৭৫৮টি সরকারী দুগ্ধ বিতরণ কেন্দ্রের মাধ্যমে দুগ্ধ সরবরাহ করা হয়। কলিকাতার বাহিরের জনসাধারণকে কমিশন ভিত্তিক এজেণ্টের মারফত দুগ্ধ সরবরাহ করা হয়।

তরল দুধ ছাড়া এই দুটি উৎপাদন কেন্দ্রে দৈনিক ২০০ কেজি ঘি এবং সীমিত পরিমাণে সুগন্ধী দুধ জনসাধারণকে সরবরাহের জন্য উৎপাদন করা হয় — এ বাবত গত আর্থিক বছরে ১৪,৪০০ টাকা আয় করা গিয়াছে।

এই প্রকল্পের উৎপাদন কেন্দ্র দুটির উন্নয়নের জন্য এবং সঞ্চালন ক্ষমতা বৃদ্ধির অসমাপ্ত কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। বর্তমান যন্ত্রপাতির

আধুনিকীকরণ এবং নবীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এই ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই দুটি কেন্দ্রের দুগ্ধ সরবরাহ ক্ষমতা দৈনিক তিন লক্ষ লিটার স্তরে বাড়ানোর ব্যবস্থা নেওয়া হবে। আরও সুষ্ঠু এবং উন্নত উৎপাদনের জন্য নতুন নতুন যন্ত্রাংশ দিয়ে পুরানো যন্ত্রাংশ চলতি আর্থিক বছরে পাল্টানো হবে। যন্ত্রপাতির আধুনিকীকরণের জন্য বিদেশ থেকে নানাবিধ প্রয়োজনীয় যন্ত্রাংশ আনা হবে। বেলগাছিয়াস্থিত কেন্দ্রীয় দুগ্ধশালাতে পলিথিনের থলিতে দুধ বিতরণের জন্য "স্যাচেট ফিলিং মেশিন" বসানোর ব্যবস্থা নেওয়া হয়েছে। উৎপাদন কেন্দ্র হইতে বিতরণ কেন্দ্রে দুধ আনার ব্যবস্থার উন্নতির জন্য সল্ট লেক অঞ্চলে গাড়ী মেরামত ও রাখবার জন্য একটি "গ্যারেজ তথা কারখানা" স্থাপন করা হবে।

উৎপাদিত দুগ্ধের চাহিদা মেটানোর জন্য এই প্রকল্পের অধীনে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় "সেকেণ্ড বাই-পাস" অঞ্চলে দৈনিক ১.৫০ লক্ষ লিটার দুধ উৎপাদনক্ষম আরও একটি উৎপাদন কেন্দ্র স্থাপন করা হবে। ইহার জন্য একটি স্থান নির্ধারণ কমিটি গঠন করা হয়েছে। আশা করা যায় এই চলতি বছরের মধ্যে স্থান নির্ধারণ এবং প্রাথমিক কাজ শেষ করা সম্ভব হবে। এই কাজের জন্য চলতি আর্থিক বছরে ২০ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ রাখা হয়েছে।

## দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প

দুর্গাপুরে দৈনিক ৫০,০০০ দুগ্ধ উৎপাদনক্ষম একটি দুগ্ধশালা আছে। এই দুগ্ধশালা বর্তমানে দৈনিক গড়ে ১৬,০০০ লিটার দুধ "প্রসেস" করে। এই প্রকল্পের অধীনে বর্তমানে তিনটি "দুগ্ধ-সংগ্রহ তথা শীতলীকরণ" কেন্দ্র আছে। এই দোহশালায় উৎপাদিত দুধ প্রায় ২০ হাজার ক্রেতাকে ৮০টি এজেণ্টের মাধ্যমে সরবরাহ করা হয়। এই দোহশালায় দুধ ছাড়াও হিমক্রীম উৎপাদন করে এবং গ্রীষ্মকালে এজেণ্ট মাধ্যমে জনসাধারনের কাছে বিক্রয় করা হয়। বর্তমান পরিকল্পনায় এই উৎপাদন কেন্দ্রের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আধুনিকীকরণ ও নবীকরণের প্রস্তাব ছাড়াও ইহার দুধ সঞ্চালন ক্ষমতা দৈনিক এক লক্ষ লিটারে উন্নীত করারও ব্যবস্থা নেওয়া হবে। এর জন্য কিছু যন্ত্রাংশ বিদেশ থেকে আনা হবে, যার জন্য ২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ চলতি আর্থিক বছরে ধরা হয়েছে।

## বর্ধমান দুগ্ধ সরবরাহ প্রকল্প

দৈনিক পঞ্চাশ হাজার লিটার দুগ্ধ উৎপাদনক্ষম বর্ধমান দোহশালা নির্মাণের ভার "টার্ন-কি" ভিত্তিতে ন্যাশনাল ডেয়ারী ডেভেলাপমেণ্ট বোর্ডের উপর দেওয়া হয়েছিল। ইতিমধ্যে এই বোর্ড কারখানা গৃহ এবং যন্ত্রপাতি স্থাপনের কাজ শেষ করে, এই দোহশালাটিকে সরকারের হাতে অর্পণ করেছে। খুব শীঘ্রই ইহার উৎপাদন তথা দুগ্ধ প্রসেসিং-এর কাজ আরম্ভ হবে। এই দোহশালা বর্ধমান শহর এবং তৎসংলগ্ন অঞ্চলের অধিবাসীদের স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত দুগ্ধ সরবরাহ করবে। চলতি আর্থিক বছরে

কর্মচারীদের বাসগৃহ নির্মাণের উদ্দেশ্যে ৩ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের সংস্থান রাখ হয়েছে।

## কৃষ্ণনগর দুগ্ধ সরবরাহ প্রকল্প

দৈনিক ৫০ হাজার লিটার দুগ্ধ উৎপাদনক্ষম কৃষ্ণনগর দোহশালা নির্মাণের ভা ন্যাশনাল ডেয়ারি ডেভেলাপমেণ্ট বোর্ডের উপর দেওয়া হয়েছে। কারখানা গৃহ স্থাপনে কাজ চলছে। এই দোহশালায় তিনটি কম ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ উৎপাদন য (জেনারেটিং সেট) স্থাপন করা হবে। এর জন্য চলতি আর্থিক বছরে ১৫.৩২ ল টাকার ব্যয়বরাদ্দের সংস্থান রাখা হয়েছে।

## অন্যান্য দুগ্ধজাত দ্রব্য উৎপাদন

দোহশালায় সংগৃহীত ও উদ্বৃত্ত ও নিম্নমানের দুধের অর্থকরী ব্যবহারের জ গবেষণা প্রকল্পের কাজ চালু আছে, সেখানে বিস্কুট, টফি, ইণ্ডাস্ট্রিয়াল কেসিন প্রভৃ তৈরি করে কিছু পরিমাণ নষ্ট দুধ কাজে লাগানো সম্ভব হয়েছে। গত আর্থিক বছ এই তিনটি জিনিস প্রস্তুত করে ১২,১০০ টাকা আয় করা গেছে। এছাড়া কিছু পরিমা নষ্ট দুধ শূকর-খাদ্য হিসাবে ব্যবহার করা হয়। বাণিজ্যিক ভিত্তিতে এইগুলি উৎপাদ করা যায় কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। এই গবেষণার জন্য চলতি আর্থিক বছরে বাজেটে ৫,০০০ টাকার সংস্থান হয়েছে।

ব্যবসায়ের ক্ষেত্রে ঘি উৎপাদন এবং ঘি-এর মান নির্দিষ্ট করণের জন্য আর একটি প্রকল্পের কাজ চলছে। এই গবেষণা প্রকল্পের ব্যয়ের পঞ্চাশ শতাংশ ভারতী কৃষি গবেষণা পর্ষদের কাছ থেকে পাওয়া যায়। আগেই আমি বলেছি যে, দৈনি ২০০ কেজি ঘি উৎপন্ন হয় এবং সেটা আমাদের বিতরণ কেন্দ্র মারফত গ্রাহকদে মধ্যে সরবরাহ করা হয়।

লবণহ্রদে দুগ্ধজাত দ্রব্য উৎপাদনের জন্য একটি উৎপাদন কেন্দ্র স্থাপনের ক আছে। এই কেন্দ্রে প্রারম্ভিকভাবে দৈনিক ৫,০০০ লিটার আইসক্রীম, দীর্ঘস্থা জীবাণুমুক্ত দুধ এবং অন্যান্য দুগ্ধজাত দ্রব্য উৎপাদন করবে, পূর্ব অধিগৃহীত পাঁচ এক জমির চারিদিকে প্রাচীর নির্মাণের ব্যবস্থা নেওয়া হয়েছে। আশা করা যায় যে, এ প্রাচীর নির্মাণের কাজ চলতি আর্থিক বছরের মধ্যেই সম্পন্ন হবে।

## দুগ্ধপ্রকল্পগুলির উন্নয়নের জন্য কিছু কর্মসূচী

সরকারী আওতায় দুগ্ধ প্রকল্পগুলির অধীনস্থ দোহশালাগুলির সুষ্ঠু রক্ষণাবেক্ষ এবং কর্মক্ষমতা রক্ষার জন্য কিছু কর্মসূচী গ্রহণ করা হয়েছে এবং হচ্ছে। ইহাদে মধ্যে—

(ক) প্রযুক্তিবিদ্‌দের চাকুরিকালীন প্রশিক্ষণ ব্যবস্থা ঃ দুগ্ধ উৎপাদন শি আধুনিকতর উৎপাদন ও পরিচালন সম্বন্ধে জ্ঞানলাভের উদ্দেশ্যে এই বিভাগের প্রযুক্তি বিদদের চাকুরীরত অবস্থায় প্রশিক্ষণের সুযোগ সুবিধা দেওয়া হয়ে থাকে। এইস প্রযুক্তিবিদ্‌দের দেশে এবং বিদেশে নানাবিধ প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণের জ

প্রায়ই পাঠানো হয়। সেইরূপ এই আর্থিক বৎসরেও বিভাগের কয়েকজন প্রযুক্তিবিদ্‌কে প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হবে। এই উদ্দেশ্যে বাজেটে ১?,০০০ টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

(খ) জরীপ এবং পরিসংখ্যান তথ্য : এই রাজ্যে দোহ উন্নয়ন এবং সম্প্রসারণ সমন্ধে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে জরিপের কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। এই কর্মসূচী রাজ্যের ভিন্ন জেলায় দুগ্ধাঞ্চল এবং কাঁচা দুধ ক্রয় কেন্দ্র স্থাপনের কাজে সাহায্য করবে। এই কর্মসূচী ব্যাপকভাবে সম্পাদন করা হচ্ছে, যার জন্য এই আর্থিক বছরের বাজেটে ৭৯ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে।

(গ) গ্রামীণ দোহ সম্প্রসারণ : বর্তমানে ২১টি দুগ্ধসংগ্রহ তথা শীতলীকরণ কেন্দ্র এই রাজ্যের বিভিন্ন জেলা থেকে উদ্বৃত্ত তরল দুগ্ধ সংগ্রহ করে। পরে এই সংগৃহীত দুধ বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প এবং দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প অধীনস্থ বিভিন্ন দোহশালায় যোগান দেওয়া হয়। এই কেন্দ্রগুলির দুগ্ধসঞ্চালন ক্ষমতা বর্তমানে দৈনিক ৩৭ হাজার লিটার। আশা করা যায় যে, এই পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে সঞ্চালন ক্ষমতা বেড়ে দৈনিক ৫০ হাজার লিটার হবে। এগুলি ছাড়াও কয়েকটি অনুরূপ নতুন কেন্দ্র গ্রামীণ বাংলার দুগ্ধাঞ্চলে স্থাপন করা হবে। এর জন্য চলতি আর্থিক বছরের বাজেটে চার লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

(ঘ) অন্তর্বর্তী পরিবহণ : দুগ্ধ সংগ্রহ তথা শীতলীকরণ কেন্দ্রে দুগ্ধ সংগ্রহের উদ্দেশ্যে এই রাজ্যের সুদূর অঞ্চল থেকে দুধ আনার জন্য একটি পরিবহণ ব্যবস্থা দরকার। এই সংগৃহীত দুধ উৎপাদন কেন্দ্রগুলিতে প্রসেসিং-এর জন্য পরিবহণ মারফত আনা হয়। পুরানো এবং অকেজো গাড়ীগুলি বদলের জন্য কিছু সংখ্যক নতুন গাড়ী কেনা হয়েছে, যেগুলি দুগ্ধ উৎপাদকের কাছ থেকে দুধ নিয়ে 'দুগ্ধ সংগ্রহ তথা শীতলীকরণ' কেন্দ্রে পরে দোহশালাতে যোগানের জন্য ব্যবহার করা হবে। একটি পুরানো 'ট্যাঙ্কার' গাড়ীর বদলের জন্য একটি নতুন 'ট্যাঙ্কার' গাড়ী কেনা হচ্ছে। চলতি আর্থিক বছরে এর জন্য ১৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

(ঙ) দুগ্ধ বিতরণের জন্য পরিবহণ : দুগ্ধ বিতরণের জন্য ব্যবহৃত অধিকাংশ ভারি যানই ভীষণ পুরানো হয়ে পড়েছে। এর মধ্যে অনেকগুলি এমন অকেজো হয়ে পড়েছে, যেগুলি সারানো হলে কোন কার্যকরী ফল দেবে না। এইসব গাড়ীগুলি কার্যকালীন অবস্থায় মাঝে মধ্যেই বিকল হওয়ার দরুন দুগ্ধ সংগ্রহ ও বিতরণের কাজে প্রায়ই বিঘ্ন ঘটে। সুতরাং এই গাড়ীগুলি পাল্টানো একান্তই প্রয়োজন। বর্তমানে ১৭৯টি ভারি যানের মধ্যে ৩১টির সাধারণ কার্যকরী ক্ষমতা শেষ হয়ে গেছে। এইগুলিকে খুব শীঘ্রই পাল্টানো প্রয়োজন। সেজন্য প্রথম পর্যায়ে ১৮টি নতুন ভারী যান দিয়ে পুরানো ১৮টি পাল্টানো হচ্ছে। বাকীগুলি পর্যায়ক্রমে অর্থ সংকুলান সাপেক্ষ পাল্টানো হবে।

(চ) ঋণ এবং অনুদান : হরিণঘাটা মিল্ক কলোনীতে যাদের দুগ্ধবতী গাভী ও মহিষ রাখা আছে, তাদের দুগ্ধহীন গাভীর পরিবর্তে দুগ্ধবতী গাভী ও মহিষ ক্রয়ের জন্য ঋণদানের ব্যবস্থা চালু আছে। সেহেতু গাভীর মালিকেরা সমস্ত উৎপাদিত দুগ্ধ দুগ্ধ-উৎপাদন কেন্দ্র সরবরাহ করে। এই ঋণদানের খাতে চলতি আর্থিক বছরের বাজেটে ৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

নতুন দুগ্ধ সমবায় স্থাপন এবং পুরানো দুগ্ধ সমবায় ও ইউনিয়নের সুষ্ঠু পরিচালনের জন্য ঋণ দেওয়া হয়। সাধারণত দুগ্ধ সমবায় এবং ইউনিয়নগুলিকে অর্থনৈতিক সাহায্য হিসাবে অনুদান দেওয়া হয়। এই খাতে চলতি আর্থিক বছরে ২ লক্ষ টাকা ধরা হয়েছে।

## বিশ্বখাদ্যকর্মসূচীর ৬১৮ নং প্রকল্পের জন্য প্রজেক্ট অফিস

(ক) "অপারেশন ফ্লাড-১" ঃ বিশ্বখাদ্যকর্মসূচির ৬১৮ নং প্রকল্প (অপারেশন ফ্লাড-১) এর কার্যকাল শেষ হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে এই রাজ্য দোহউন্নয়ন, দুগ্ধ বিপণন ও পশুপালনের বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছিল। এই প্রকল্পের সমস্ত অর্থই ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের কাছ থেকে পাওয়া গিয়েছে। এই কর্মসূচির অন্তর্ভূক্ত প্রধান প্রধান যে প্রকল্পগুলির কাজ শেষ হয়েছে এবং যেগুলি বর্তমানে চলছে সেগুলির মধ্যে আছে দৈনিক চার লক্ষ লিটার দুগ্ধ উৎপাদনক্ষম ডানকুনিস্থিত মাদার ডেয়ারী, দৈনিক এক লক্ষ লিটার দুগ্ধ উৎপাদনক্ষম মাটিগাড়ার সর্বার্থসাধক ডেয়ারী এবং দৈনিক ১০০ মেট্রিক টন উৎপাদনক্ষম শিলিগুড়ির পশুখাদ্য কারখানা। তাছাড়া, দার্জিলিং, বহরমপুর ( মুর্শিদাবাদ ), মেদিনীপুর ও রানাঘাট ( নদীয়া ) কে প্রধানকেন্দ্র করে "আমুল"-এর অনুকরণে জেলাস্তরে চারটি সমবায় দুগ্ধ সমিতি গঠন করা হয়েছে। এই সমবায় দুগ্ধ সমিতিগুলি গঠন করার প্রধান উদ্দেশ্য হলো পল্লীগ্রামে দুগ্ধাঞ্চল গড়ে তোলা; সেই সঙ্গে দুগ্ধ পরিশোধন ও বিপণনের ব্যবস্থা করা এবং দুগ্ধ-উৎপাদকের দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করা। উপরন্তু, "অপারেশন ফ্লাড-১"-এর আওতাভুক্ত কয়েকটি প্রকল্পের কাজ উক্ত কার্যক্রমের সময়সূচীর মধ্যে শেষ করা সম্ভব হয় নি। নির্মীয়মাণ এই প্রকল্পগুলি যথা, বহরমপুরে পশুখাদ্য কারখানা শাখা ডেয়ারী, পশুপালনের প্রধান কেন্দ্র স্থাপন এবং মাদার ডেয়ারীর সম্প্রসারণ কার্যক্রম "অপারেশন ফ্লাড-১" থেকে "অপারেশন ফ্লাড-২"-এর অন্তর্ভুক্ত করা হবে। এবিষয়ে অন্য একটি অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে। গত বছর এই নির্মীয়মাণ প্রকল্পগুলির কাজ বেশ সন্তোষজনকভাবেই এগিয়েছে।

ডানকুনিস্থিত মাদার ডেয়ারীর কাজ বেশ সন্তোষজনক বলা যায়। বর্তমানে এই ডেয়ারী থেকে দৈনিক প্রায় ১ লক্ষ ৮৫ হাজার লিটার দুধ সরবারাহ করা হয়। এই দুধ যথারীতি 'মিনি-ডেয়ারী', পলিথিনের মোড়ক ও ফেরিওয়ালার মাধ্যমে সরবরাহ করা হ'য়ে থাকে। বর্তমানে শহরের বিভিন্ন প্রান্তে ২৭টি 'মিনি-ডেয়ারী' চালু আছে। অনুরূপ আরো ৩০টি 'মিনি-ডেয়ারী'র নির্মাণকাজ চলছে। সর্বসাকুল্যে ২০০টি 'মিনি-ডেয়ারী' স্থাপন করার প্রস্তাব আছে এবং এইগুলির জন্য স্থান নির্বাচনের কাজ চলছে। 'মিনি-ডেয়ারী' ছাড়া, পলিথিন মোড়কে এই দুধ ৩৬ জন পাইকারী বিক্রেতা, ৩০৫ জন খুচরা বিক্রেতা ও ১৮ জন সাইকেল ফেরিওয়ালার মাধ্যমে ক্রেতাসাধারণের কাছে পেঁৗছে দেওয়া হয়।

ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের আর্থিক সহায়তায় মাদার ডেয়ারী স্থাপন করা হয়েছিল। রাজ্য সরকার ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনকে সুদসমেত এপর্যন্ত টাকা ২,৫০,৬৫,৩৩২.৭৪ পয়সা ঋণ পরিশোধ করেছেন। মাদার ডেয়ারীর পরিচালন

কর্তৃপক্ষ ডেয়ারীর সঞ্চিত ভাণ্ডার থেকে উক্ত টাকা ২,৫০,৬৫,৩৩২.৭৪ পয়সার সমস্তটাই রাজ্য সরকারকে ফেরত দিয়েছেন। রাজ্য সরকারের পক্ষে এটি একটি উল্লেখ্যযোগ্য সাফল্য। সবদিক বিবেচনা করে ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেণ্ট বোর্ড কর্তৃক মাদার ডেয়ারী পরিচালনের মেয়াদ ১লা জুলাই, ১৯৮২ থেকে আরো তিন বৎসর বাড়িয়ে দেওয়া হয়েছে। গত ২৪শে মার্চ, ১৯৮২ তারিখে মুখ্যমন্ত্রী আনুষ্ঠানিকভাবে মাদার ডেয়ারী পশ্চিমবঙ্গের জনগণের উদ্দেশ্যে উৎসর্গ করেন।

দার্জিলিং, জলপাইগুড়ি, পশ্চিমদিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা ও মেদিনীপুর জেলা জুড়ে "আমূল"-এর অনুকরণে যে চারটি সমবায় দুগ্ধ ইউনিয়ন গঠন করা হয়েছে, সেগুলির কাজ চলছে। মেদিনীপুর সমবায় দুগ্ধ ইউনিয়নের অন্তর্ভুক্ত চন্দ্রকোণা রোডে অবস্থিত চিলিং প্ল্যাণ্টের নির্মাণকার্য শেষ হয়েছে এবং এটি চালু করাও হয়েছে।

গতবৎসরে এই চারিটি দুগ্ধ ইউনিয়নের কাজকর্মের একটি বিবরণ পরিশিষ্টে দেওয়া হলো।

(খ) "অপারেশন ফ্লাড-২": "অপারেশন ফ্লাড-১" প্রকল্পটির অনুগামী হিসাবে রাজ্য সরকার এই রাজ্যে "অপারেশন ফ্লাড-২" নামে পশুপালন ও দোহ-উন্নয়নের সর্বার্থসাধক সর্ব-ভারতীয় প্রকল্পটি কার্যকরী করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই প্রকল্পটির খুঁটিনাটি বিষয় ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন ও ন্যাশানাল তেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের সংগে আলাপ আলোচনার মাধ্যমে চূড়ান্ত করা হয়। এই প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৫১ কোটি ১৬ লক্ষ টাকা। এর মধ্যে "অপারেশন ফ্লাড-১" কার্যক্রমের অসমাপ্ত প্রকল্পগুলির আনুমানিক ব্যয় ১৩ কোটি ৩ লক্ষ টাকাও ধরা হয়েছে। এই প্রকল্পগুলি "অপারেশন ফ্লাড-২" কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পের সমস্ত অর্থই ৩০ শতাংশ অনুদান ও বাকী ৭০ শতাংশ ঋণ হিসাবে ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের কাছ থেকে পাওয়া যাবে।

রাজ্যসরকার এই প্রকল্পটি তিন-স্তরের সমবায় কাঠামোর মাধ্যমে রূপায়িত করার মনস্থ করেছেন। এর মধ্যে আছে (১) রাজ্য পর্যায়ে একটি ফেডারেশন, (২) ৮টি জেলাস্তরে সমবায় দুগ্ধ ইউনিয়ন ও (৩) "আমূল"-এর অনুকরণে ৩,৯৮০টি প্রাথমিক সমবায় সমিতি কারিগরী সাহায্য কর্মসূচীর মাধ্যমে, সুদূর পল্লী অঞ্চলে উৎপাদক কৃষকদের ঘরে ঘরে শুক্র পুং-বীজের সাহায্য সংকর প্রজনন ব্যবস্থা, নিবিড় পশু চিকিৎসা ব্যবস্থা ও বিজ্ঞানসম্মত উপায়ে পশুখাদ্য ব্যবস্থার বিভিন্ন সুযোগসুবিধা পেঁৗছে দেওয়া হবে।

দুগ্ধাঞ্চলগুলিতে সংকরজাত গবাদি পশুর স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা তদারকীর জন্য ১২৯টি ভ্রাম্যমাণ পশুচিকিৎসা কেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে। এগুলি হবে বর্তমান পশুচিকিৎসা অতিরিক্ত। অন্যান্য ব্যবস্থা ছাড়াও, "অপারেশন ফ্লাড-২" প্রকল্পে আর যে সব ব্যবস্থার সংস্থান করা হয়েছে, তার মধ্যে আছে একটি কেন্দ্রীয় রোগ-নির্ণয় ল্যাবোরেটরী স্থাপন, দ্বিতীয় শুক্র পুং-বীজ উৎপাদন কেন্দ্র এবং সরবরাহ ব্যবস্থা সহ একটি তরল নাইট্রোজেন উৎপাদন কেন্দ্র স্থাপন।

মেদিনীপুরে একটি নতুন ডেয়ারী স্থাপন ছাড়াও, বর্তমানে চালু ডেয়ারীগু সঞ্চালনক্ষমতা সম্প্রসারণ এবং দৈনিক ১০০ মেট্রিক টন উৎপাদনক্ষম আরো পশুখাদ্য কারখানা স্থাপনের প্রস্তাবও এই প্রকল্প আছে।

মোট পাঁচ লক্ষেরও বেশী দুগ্ধ উৎপাদককে এই প্রকল্পের আওতাভুক্ত করা হ এর মধ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ভূমিহীন শ্রমিক-চাষীও অন্তর্ভুক্ত। বস্তুত পাঁচ লক্ষ দুগ্ধ উৎপাদক, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীই এই প্রকল্পের শেষে তাদের আয় ব করে প্রকৃত পক্ষে উপকৃত হবেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এই প্রকল্পের মাধ অতিরিক্ত সম্পদের যোগান বৃদ্ধি পাবে এবং এই অতিরিক্ত সম্পদ গ্রামীণ অর্থনীতি বি পরিমাণে উজ্জীবিত করবে বলে আশা করা যায়।

সমস্ত দিক বিচার বিবেচনা করে, রাজ্য সরকার "অপারেশন ফ্লাড-২" প্রক মাধ্যমে যে আর্থিক সাহায্য পাওয়া যাবে, সেই অর্থের ঋণের অংশ সুদ সমেত ইণ্ডি ডেয়ারী কর্পোরেশনকে ফেরত দেওয়ার জন্য প্রস্তাবিত রাজ্য ফেডারেশনের অনু গ্যারাণ্টি দিতে সম্মত হয়েছেন। ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন এই প্রকল্প থে ইতিমধ্যেই রাজ্য সরকারের মাধ্যমে চারটি দুগ্ধ ইউনিয়নকে তাদের কাজকর্ম চাি যাওয়ার জন্যে ২৮ লক্ষ টাকা প্রদান করেছেন। বর্তমান বৎসরে "অপারেশন ফ্লাড- এর আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের কাজ আরো জোরদার করা হবে।

ওয়েস্টবেঙ্গল ডেয়ারি অ্যাণ্ড পোলট্রি ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেড ঃ শে ক্রয়ের মাধ্যমে রাজ্যসরকারের অর্থানুকুল্যে গঠিত এই কর্পোরেশন বর্তমানে রাজ্যে কিছু দুগ্ধজাত এবং পোলট্রিজাত দ্রব্য ছাড়াও পশুখাদ্য বাজারে ক্রয়-বি করছে। গত আর্থিক বছরে এই নিগম ৮৩,৭২০ কেজি "সুগম" গুড়া দুধ বি করেছে।

গত বছর অবশ্য এই নিগম ৩'১৩ লক্ষ ডিম বিক্রয় করতে সক্ষম হয়ে চলতি আর্থিক বছরে ৬'২৩ লক্ষ ডিম বিক্রয় করার লক্ষ্য স্থির করা হয়েছে। ন নতুন পোলট্রি সমবায়গুলিকে দালাল বা ফড়িয়াদের শোষণের হাত থেকে বাঁচাবার জ এই নিগম তাদের উৎপাদিত ডিমগুলিকে সংগ্রহের চেষ্টায় নিয়োজিত আছে। নিগমের কল্যানী ফিড মিলিং প্ল্যাণ্টে পশুখাদ্য প্রস্তুত করা হয় এবং তাহা "এপি নামে বাজারে বিক্রয় হয়। গত আর্থিক বছরে ১২,৫৬৪ মেট্রিক টন এই পশুখা উৎপাদন করা হয়েছে এবং চলতি আর্থিক বছরে ১৫,০০০ মেট্রিক টন পশুখাদ্য উৎপা করার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে।

এছাড়া গত আর্থিক বছরে কলিকাতার পার্শ্ববর্তী এবং হলদিয়া অঞ্চলে নিগম দৈনিক ১০ হাজার লিটার দুধ বিক্রয় করেছে। চলতি আর্থিক বছরে বিক্রয়ের লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ হাজার লিটারে ধার্য করা হয়েছে।

এই নিগম বর্তমান কারখানার সম্প্রসারণ এবং নতুন কারখানার স্থাপনের জ কয়েকটি ব্যবস্থা গ্রহণ করেছে ঃ

(ক) কল্যাণী ফিড মিলিং প্ল্যাণ্ট ঃ উত্তোরত্তর সুষম পশুখাদ্যের চাহি মেটাবার জন্য এই কারখানার "থার্ড শিফট্" চালু করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

ব্যাপারে আনুমানিক ৩২ লক্ষ টাকার মূলধনের প্রয়োজন। এরই মধ্যে ৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

(খ) হাওড়া ফিড মিলিং প্ল্যান্ট : এই নিগম হাওড়া জেলায় দ্বিতীয় ফিড মিলিং প্ল্যান্ট স্থাপন করবে। এর উৎপাদন ক্ষমতা হবে দৈনিক ৫০ মেট্রিক টন। এর জন্য আনুমানিক ব্যয় হবে ৫০ লক্ষ টাকা।

(গ) শিলিগুড়ি ফিড প্ল্যান্ট : উত্তরবঙ্গে পশু ও পাখীর খাদ্যের চাহিদা মেটানোর জন্য এই নিগম শিলিগুড়িতে একটি তৃতীয় ফিড প্ল্যান্ট স্থাপন করবে। এর জন্য খরচ প্রায় ১০ লক্ষ টাকা পড়বে। আশা করা হচ্ছে এই প্ল্যান্ট এই বছরের শেষ নাগাদ চালু হয়ে যাবে।

(ঘ) হিম ঘর : এককালীন ১০ লক্ষ ডিম এবং মাংস সংগ্রহের উদ্দেশ্যে এই নিগমের একটি হিমঘর স্থাপন করার প্রস্তাব আছে। বর্তমানে এই নিগম পোলট্রিজাত দ্রব্য বেচাকেনায় নিয়োজিত আছে। হাওড়া জেলায় এ. আর. ডি. সি. পোলট্রি প্রোজেক্ট পুরোদমে চালু হলে, ডিম এবং মাংসের সরবরাহ এত বেড়ে যাবে যে নিগমের নিজস্ব হিমঘর ছাড়া সরবরাহ ডিম এবং মাংসের সংরক্ষণ অসম্ভব হয়ে পড়বে, বলে আশঙ্কা করা হচ্ছে। এই প্রকল্প বাবদ খরচ ২০ লক্ষ টাকা ধরা হয়েছে।

(ঙ) মিলটোন প্রোজেক্ট : এই নিগম হাওড়া জেলায় মিলটোন ডেয়ারি প্রোজেক্ট স্থাপন করতে চলেছে। এই প্রকল্প খুব শীঘ্রই ভেজিটেবল-প্রোটিন সমৃদ্ধ পুষ্টিকর পানীয় উৎপন্ন করবে। আশা করা যায় যে এই বছরের শেষ নাগাদ এই প্রকল্পের বিদ্যুৎ সংক্রান্ত কার্যসহ নির্মাণকার্য শেষ হবে। এই প্রকল্প খরচ ২৯ লক্ষ টাকা ধরা হয়েছে। এরই মধ্যে ৮·২৫ লক্ষ টাকা খরচ করা হয়েছে এবং বাকী টাকা প্রকল্প শেষ করার জন্য রাখা আছে। ইহা আশা করা হচ্ছে যে, আগামী গ্রীষ্মে এই প্রকল্পের উৎপাদিত দ্রব্য "মিলটোন" নামে বাজারে বিক্রয় করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ দোহ উন্নয়ন অধিকার : 'বিশ্বখাদ্য কর্মসূচী নং ৬১৮ প্রকল্পের অফিস' এবং 'ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যাণ্ড পোলট্রি ডেভেলপমেণ্ট কর্পোরেশন'-এর গত আর্থিক বছরে দোহ উন্নয়ন সংক্রান্ত যে সমস্ত কাজ করেছে এবং চলতি আর্থিক বছরে যে সমস্ত কর্মসূচী গ্রহণের প্রস্তাব আছে সে সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ দিলাম।

এই প্রসঙ্গে আমি কয়েকটা কথা বলতে চাই কয়েকটি জায়গায় দুগ্ধ সরবরাহ অনিবার্য কারণবশতঃ বাতিল করতে হয়। কিন্তু মাঝে মাঝে দুধ বিশুদ্ধিকরণ, পরিবহণ ও সরবরাহ সংক্রান্ত কাজকর্মের মধ্যে নানান জটিলতার সৃষ্টি হয়। যার ফলে গ্রাহকের কাছে দুগ্ধ সরবরাহ অনিয়মিত হয়ে যায়। স্বভাবতই গ্রাহকেরা অসন্তুষ্ট হন এবং অভিযোগ করেন। দুটি প্রকল্পের অধীনস্থ দোহশালাগুলির কর্তব্যনিষ্ঠ ও দক্ষ

কর্মীদের আন্তরিক কর্মপ্রয়াসের সাহায্যে ক্রেতা সাধারণের এই সমস্ত অভিযোগ সমাধানের আমরা যথাসাধ্য ও বাস্তবোচিত চেষ্টা চালিয়ে যাচ্ছি।

আমি এই সভায় এই দুটি দুগ্ধ সরবরাহ প্রকল্প সম্বন্ধে কয়েকটি বক্তব্য রাখতে চাই। ইহা সন্দেহাতীত যে একদিকে যেমন দক্ষতার সহিত প্রকল্পদুটি পরিচালিত হওয়া বাঞ্ছনীয়, অপরদিকে তেমন একথাও মনে রাখা প্রয়োজন যে, এগুলি সমাজ কল্যাণ-মূলক প্রকল্প এবং দুধের মতো একটি অত্যাবশ্যক সামগ্রী সরবরাহ করা ছাড়াও এই প্রকল্পগুলি খোলা বাজারে দুধের দামের উর্ধগতির রোধে বিশেষ সহায়তা করছে। এই পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আর্থিক দিক বিচার করলে প্রকল্প দুটির নির্ভুল মূল্যায়ন করা যাবে না। এই প্রকল্পদুটির দুধ সংগ্রহ বাড়ানোর জন্য তরল দুধের ক্রয়মূল্য সংশোধন প্রয়োজন বর্তমানে এই প্রকল্প দুটি দুধ তৈরীর ব্যাপারে মাখন তোলা গুড়ো দুধ এবং "বাটার অয়েল"-এর উপর খুবই নির্ভরশীল। বিগত পাঁচ বছরে দুধের উৎপাদন মূল্য বৃদ্ধির সত্তেও আমরা এর ক্রেতাদের কাছে বিক্রয়মূল্য সংশোধন করা থেকে বিরত রয়েছি। উৎপাদন খরচ বৃদ্ধির প্রধানতম কারণ হল উৎপাদনের পরোক্ষ ব্যয় এবং জ্বালানি ও তৈলজাত দ্রব্য সহ কাঁচামালের দামের বৃদ্ধি। মাখন তোলা গুড়া দুধ এবং বাটার অয়েলের ক্রয় মূল্য বৃদ্ধি ছাড়াও বোতল এবং বহন খাঁচারও দাম বেড়ে গেছে। এই পরিপ্রেক্ষিতে এই প্রকল্পগুলির মধ্যে কিছু পরিমাণ ভরতুকী বা সরকারী আনুকুল্য থাকা অপরিহার্য। কিন্তু ভরতুকী দেওয়া দেওয়া বা সরকারী আনুকুল্য থাকারও একটা সীমা আছে। এই সীমা রক্ষার ব্যাপারে কিছু ব্যবস্থার চিন্তা ভাবনা করা হচ্ছে।

যখন নানাবিধ অসুবিধা থাকা সত্ত্বেও দোহ উন্নয়ন অধিকারের এক বৃহদাংশ কর্মচারী নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালন করছেন, আমি আশা করবো যে বাকী ক্ষুদ্রাংশ কর্মচারীও তাদের ব্যক্তিগত কর্মকুশলতার উন্নতি ঘটাবেন যাতে করে বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প এবং দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প ক্রেতা সাধারণকে আরও ফলদায়ক কাজের মাধ্যমে সেবা করতে পারে এবং দোহ উন্নয়নের প্রধান লক্ষ্যে পৌঁছানো যায়।

আমি আশা করি যে, চলতি আর্থিক বছরে যে সমস্ত কর্মসূচী গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে সেগুলির রূপায়ণে মাননীয় সদস্যবৃন্দ তাদের সহযোগিতার হাত প্রসারিত করবেন। আমি এটাও আশা করি যে দোহ উন্নয়ন অধিকারের সমস্ত অফিসার ও কর্মী এই কার্যসূচীর লক্ষ্যপূরণে কর্তব্যসচেতন হবেন।

মহাশয়, আমি প্রস্তাব করছি যে ৫৬ নং দাবির অন্তর্ভুক্ত "৩১১—ডেয়ারি ডেভেলপমেণ্ট", "৫১১—ক্যাপিটাল আউটলে অন ডেয়ারি ডেভেলপমেণ্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)" এবং "৭১১—লোন্স ফর ডেয়ারি ডেভেলপমেণ্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস্)" খাতে ১৯৮২-৮৩ সালের জন্য ২৭,৪৪,৭১,০০০ (সাতাস কোটি চুয়াল্লিশ লক্ষ একাত্তর হাজার) মাত্র টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করা হোক। (ইহার মধ্যে এই বছরের গত মার্চ এবং জুন মাসের 'ভোট অন্ অ্যাকাউণ্টে' গৃহীত ১৪,০৩,৪৮,০০০ টাকা ধরা আছে।)

পারাশষ্ঠ

| | ১৯৮১-৮২ সালের হিসাব | | | | ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | হিমূল | ভাগীরথী | মেদিনীপুর | কিষাণ | হিমূল | ভাগীরথী | মেদিনীপুর | কিষাণ |
| (১) ইউনিয়ন রেজিস্ট্রিভুক্তির তারিখ | ১৩-১-৭৩ | ৭-১০-৭৪ | ১০-৮-৭৭ | ২৫-৯-৮০ | ... | ... | ... | ... |
| (২) বর্তমান বৎসরে সমিতি সমূহের রেজেস্ট্রিভুক্তির সংখ্যা | ১৬ | ৪ | ৬ | ... | ২ | ... | ৩ | ... |
| (৩) মোট গবাদিপশু আওতাভুক্তির সংখ্যা (শুরু থেকে) | ২৫,৭২৯ | ৩২,৫০০ | ১০,৩৮২ | ৮,০০০ | ২৫,৮২৯ | ৩২,৫০০ | ১০,৫৩১ | ৮,০০০ |
| (৪) বর্তমান বৎসরে তালিকাভুক্তির কৃষকের সংখ্যা | ৫৭১ | ৪০৫ | ১৪৭ | ২৫ | ১০৪ | ৫৫ | ১৪২ | ২৭৩ |
| (৫) দৈনিক গড়ে দুগ্ধ সংগ্রহের পরিমাণ | ১৪,৯৪৮ কেজি | ৭,৩১১ কেজি | ১,৪০০ কেজি | ১০০ কেজি | ১৭,৫৬০ কেজি | ১০,৭০০ কেজি | ১,৫৮৭ কেজি | ১৬০ কেজি |
| (৬) সঙ্কর বাছুর জন্মের পরিমাণ | ১,১৪১ | ২,৫০৭ | ২.৯৬১ | ... | ৪১৮ | ৫৮০ | ৩২৩ | ২ |
| (৭) প্রতিমাসে চিকিৎসা করা হয় এমন গবাদি পশুর সংখ্যা (গড়ে) | ৬১০ | ১,০৫৪ | ৫৫৫ | ১৬২ | ১৪৬ | ৩,১০৬ | ১২৩ | ২৭৯ |
| (৮) কৃত্রিম প্রজননের সংখ্যা | ৫,৩৯৯ | ১১,৯১৬ | ৩,৯১৮ | ৪০৭ | ১,৬০১ | ১,৮৬৮ | ৫০০ | ৪৫০ |

**শ্রীমহাববুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন, আমি তাকে সমর্থন করতে পারছি না। সমর্থন করতে পারছি না এই জন্য যে, যে ব্যয় বরাদ্দের জন্য তিনি অনুমতি চেয়েছেন, আমি মনে করি, তা অপ্রতুল, আরও বেশী ব্যয়বরাদ্দ এর মধ্যে রাখা উচিত ছিল। পশ্চিমবঙ্গের মানুষের অনেক আশা-আকাঙ্খা নিয়ে এই সরকার ক্ষমতায় এসেছেন। বিগত ৫ বৎসরে আমরা দেখেছি, মানুষের চিকিৎসাকেন্দ্র হাসপাতালগুলি কি ভাবে চলেছিল। সেখানে অনেক জায়গায় ডাক্তার ছিল না, কোন জায়গায় এ্যালাপ্যাথি চিকিৎসার পরিবর্তে হোমিওপ্যাথি চিকিৎসা হয়েছিল, কোন জায়গায় কমপাউণ্ডার দিয়ে হাসপাতাল চালানো হয়েছিল, আবার কোথাও কোথাও ঔষুধপত্র ছিল না। বর্তমানেও হাসপাতাল-গুলিতে ঐ রকম ভাবে চলছে। হাসপাতালগুলিতে চিকিৎসার জন্য গিয়ে মানুষ ধারণা করে থাকে যে, তাদের অবস্থা পশুরও অধম হয়ে গিয়েছে। এই অবস্থায় মাননীয় মন্ত্রীমহাশয় পশুর চিকিৎসার ব্যাপারে অগ্রণী ভূমিকা নেবেন বলে আমরা আশা করেছিলাম। আমাদের দেশ কৃষি প্রধান, কৃষির সঙ্গে পশুর সম্পর্ক জড়িয়ে আছে। এখনও শতকরা ৮০ ভাগ কৃষিজীবি পশুর সাহায্যে চাষাবাদ কার্য করে থাকেন। যেখানে চাষাবাদের কাজে এখনও যন্ত্রপাতির ব্যবহার কম বা অল্প কিছু হয়ে থাকে, সেখানে পশুর উপর আমাদের নির্ভর করতেই হবে। গ্রামাঞ্চলে দেখা যায়, রুগ্নশীর্ণ গরু মহিষ দিয়ে চাষাবাদ করা হয়। এই রুগ্নশীর্ণ, অসুস্থ পশুর চিকিৎসার ব্যবস্থা না করা হলে কৃষিকাজও ভাল ভাবে হতে পারে না। এদের চিকিৎসার ব্যবস্থা যে কি ভাবে হচ্ছে, তা আমরা সহজেই অনুমান করতে পারি। এর সাথে হাস-মুরগী, শুকর পালন করে আমাদের অর্থনৈতিক সমস্যার কিছুটা সমাধান সম্ভব। মন্ত্রীমহাশয়, তাঁর ভাষণের মধ্যে সেকথা উল্লেখ করেছেন। এর প্রসার ঘটাতে পারলে শহরাঞ্চলের মানুষের স্বার্থে এবং গ্রামের অর্থনৈতিক কাঠামোকে আরও দৃঢ় করা যেতে পারে। ও অর্থোপার্জনের জন্য শহরাঞ্চলে এসে ভীড় করার প্রবণতা হ্রাস পাবে বলে মনে করি।

আমরা দেখতে পাচ্ছি হাঁস মুরগী মরে যাচ্ছে। এই হাঁস মুরগীর সব থেকে মারাত্মক রোগ হচ্ছে রাণীক্ষেত এবং কলেরা। গ্রামের মানুষেরা মনে করছেযে হাঁস মুরগী পালনের ক্ষেত্রে চিকিৎসার অব্যবস্থার জন্য এই পশু-পাখিদের বাঁচানো যাচ্ছে না এবং তারা মরে যাছে। আমি মাননীয় মন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি তিনি যাতে এই রোগের যে প্রতিষেধক ভেকসিন তার ব্যবস্থা করেন। এখানে ভ্যাকসিনের অপ্রতুলতা আছে এবং যে ভ্যাকসিন দেওয়া হয় তাতে এত নিম্নমানের ওষুধ দেওয়া হয়ে থাকে যাতে করে মুগরীদের বাঁচানো যাচ্ছে না। এর পরিশোধন বা প্রতিরোধের কোন ব্যবস্থা নেই। এতে যারা আশা নিয়ে এই পশু পালন করতেন তারা হতাশ হয়ে যাচ্ছেন। আমরা দেখেছি যে সমস্ত ব্লকের বিভিন্ন ডিসপেনসারি আছে যেমন ধরুন আমার চাঁচল ব্লকের ক্ষেত্রে আমি বলছি অন্য ব্লকের সম্বন্ধে সঠিক আমার জানা নেই— মালদহ জেলার একটি ব্লকে বাৎসরিক ২৫০০ টাকা বরাদ্দ থাকে এবং সেই টাকাটা বিভক্ত হয়ে যাচ্ছে, বিভক্ত হয়ে এক একটি ব্লকের ডিসপেনসারি থেকে ২৮ টাকার ওষুধপত্র ইত্যাদি এই রোগের চিকিৎসার জন্য ব্যয় করা হয়ে থাকে। সেই ২৮ টাকা এক একটি ব্লকে ৮৯টি অঞ্চল

নিয়ে ভাগ করে দেওয়া হোত। যে সমস্ত চাষীরা তাদের পশু পাঠাতেন চিকিৎসার জন্য তারা তাহলে কতটুকুই বা ওষুধ পান? মাননীয় মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে অনুধাবন করতে অনুরোধ করছি। এই ২৫০০ টাকা থেকে চিকিৎসা ছাড়াও কনটিন-জেন্সি এবং ক্যারিং কস্ট ধরা হয়েছে। সুতরাং চিকিৎসার জন্য কত খরচ হবে সেটা ভাববার বিষয়। আজকে ডিসপেনসারির সাথে সাথে অনেকগুলি উপস্বাস্থ্যকেন্দ্র খোলার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সেখানে ফিল্ড এ্যাসিসটেণ্ট নেই, ডাক্তার নেই। সুতরাং চিকিৎসার কি ব্যবস্থা হবে? ফলে পশু পালন দপ্তরটি ক্রমশ পিছিয়ে পড়ছে। এই চিকিৎসা ব্যবস্থার জন্য মোবাইল ডিসপেনসারি, ডক্টর ইত্যাদি দরকার। এখানে ভেটারেনারি ডাক্তারদের বেতন অন্যান্য রাজ্যের তুলনায় কম ফলে অনেক পোস্ট খালি থাকা সত্বেও এখানকার যারা ভেটারেনারি সার্জেন তারা খুব উৎসাহিত হতে পারছেন না। আজকে গ্রামাঞ্চলে এক একটি ব্লকে ফিল্ড ওয়ার্কারদের মাত্র ১১০০ টাকা কনটিনজেন্সি দেওয়া হয়। সেখানে এত অপ্রতুলতার জন্য ফিল্ড ওয়ার্কাররা উৎসাহিত হয় না। আজকে মাসের পর মাস ফিল্ড ওয়ার্কাররা গ্রামে যায় না, কি রোগ হচ্ছে এবং কিভাবে চিকিৎসা করতে হবে তার কোন ব্যবস্থা নেয় না। এই অবস্থার মধ্যে চিকিৎসা ব্যবস্থার কোন উন্নতি করা যায় না। এই পশু-পাখীর সঙ্গে মানুষের একটা বিরাট যোগ আছে। গ্রামের লোকেরা পাখী পুশতো এবং মার মাংস বিক্রি করতো, মুরগীর ডিম বিক্রি করবো তার থেকে তাদের আয় হোত। কিন্তু বর্তমানে পশু-পাখীদের রোগের জন্য পশুরা জীর্ণ-শীর্ণ হয়ে যাচ্ছে ফলে গ্রামের লোকেরা হাঁস, মুরগী ইত্যাদি বিক্রি করে ফেলছে এবং গ্রামের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন করতে না পারলে কিছু উন্নতি হবে না। সেখানে যে ব্যর্থতা হচ্ছে তার মূল কারণ ২টি একটি চিকিৎসার অভাব এবং খাদ্যের। গ্রামের গো-পালন করতে গেলে, পশু-পালন করতে গেলে বা পাখী পালন করতেযে খাদ্যের দরকার সেই খাদ্য ঠিকমত সরবরাহ করা হয় নি।

[12-40—12-50 p.m.]

আমি তাই অনুরোধ করবো প্রত্যেকটা ব্লকে সরকারী ব্যবস্থাপনায় পশু-খাদ্য বিক্রি করার ব্যবস্থা করা হোক এবং লক্ষ্য রাখতে হবে এই খাদ্য যেন উচু মানের হয়। যে সমস্ত গোখাদ্য বাজারে বিক্রি হয় তা সব অতি নিম্নমানের। যেখানে ভুষির বদলে কাঠের গুড়ো দেওয়া হয় এবং তাও আবার অধিক দামে বিক্রি করছে। এর ফলে যে উদ্দেশ্য নিয়ে পশু পালন করা হচ্ছে তা ব্যাহত হবে। এরজন্য দুধ পাওয়া যাচ্ছে না এবং গ্রামে দুধের দাম ৩ টাকা মতন হয়েছে। সরকারী আণ্ডারটেকিং, শ'ওয়ালেশ এবং হিন্দুস্থান লিভার কিছু পশু খাদ্য তৈরী করে। কিন্তু মানুষের খাদ্যে যেমন ভেজাল পশুর খাদ্যে যাতে ভেজাল না হয় সেটা দেখতে হবে। এর ফলে যারা পশু পালন করছে তারা কিছু করতে পারছে না। তারপর আমি মনে করি গ্রামে কম দামে মুরগীর বাচ্চা বিলির ব্যবস্থা করতে হবে। পঞ্চায়েতের মাধ্যমে এই কাজ আপনারা করতে পারেন। চিকিৎসার জন্য ঔষধের ব্যবস্থা করতে হবে। অ্যালোপ্যাথিক খুব দাম হলে হোমিওপ্যাথি, আয়ুর্বেদের ব্যবস্থা করতে পারেন। ফিল্ড ওয়ার্কার যারা গ্রামে গ্রামে গিয়ে টীকা দেন তাঁদের জন্য টি. এ. দেবার ব্যবস্থা থাকা

উচিত। ডিসপেনসারীগুলিতে ফ্রিজ নেই বলে অনেক ঔষধের ডেট এক্সপ্যায়ারী হয়ে যাচ্ছে বা নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য প্রত্যেকটা ডিসপেনসারীতে বিদ্যুৎ ও ফ্রিজের ব্যবস্থা করা দরকার। অপারেশানের ব্যবস্থা থাকা দরকার। ডিসপেন্সারীগুলিতে নাইট গার্ড এবং সুইপারের ব্যবস্থা করা দরকার। আপনি ভালোভাবে এই বিভাগের দিকে দৃষ্টি দিন তাহলে গ্রামের মানুষের সহযোগিতা পাবেন। কৃত্রিম গোপ্রজনন কেন্দ্রে যারা যায় গোপ্রজননের জন্য তারা গিয়ে দেখে যে প্রজনন নষ্ট হয়ে গেছে ফ্রিজের অভাবে। সুতরাং অবিলম্বে এসব জায়গায় ফ্রিজের ব্যবস্থা করা দরকার। সর্বোপরি আমি মনে করি এই ব্যয় বরাদ্দ অপ্রতুল এবং তাই আমি এর বিরোধিতা করছি।

**শ্রীননীগোপাল মালাকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য হাউসে রেখেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই বিভাগটি একটি গুরুত্বপূর্ণ বিভাগ এবং আমি মনে করি কৃষি বিভাগের পরে এই বিভাগের গুরুত্ব বেশী। এই দপ্তরটি গঠিত হয়েছিল পুষ্টিকর খাদ্য মাংস, ডিম, দুধ শহরের মানুষকে সরবরাহ করার উদ্দেশ্য নিয়ে। আমরা জানি বিগত কংগ্রেস আমলে বড় বড় খাটাল মালিকদের স্বার্থে এবং গ্রামাঞ্চলে জোতদার-জমিদারদের স্বার্থে এই দপ্তরটি পশুপালন এবং পশু চিকিৎসার ব্যবস্থা করেছেন, তার ফলে গ্রামাঞ্চলে যারা কৃষক, গরীব মানুষ, আদিবাসী, তফশিলী জাতি যাদের পশু-পালন এবং পশু-চিকিৎসার মধ্য দিয়ে জীবিকা অর্জন হতে পারত এবং আংশিক বেকার সমসা দূর হতে পারত সেই অবস্থা সৃষ্টি হতে পারেনি। বিগত ৫ বছর বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমরা খাটাল মালিকদের স্বার্থে এবং জোতদার-জমিদারদের স্বার্থে এই দপ্তর পরিচালিত করিনি, গ্রামের গরীব মানুষ, কৃষক যাতে পশুপালন করার মধ্য দিয়ে তাদের অর্থনৈতিক সঙ্গতি ফিরিয়ে আনতে পারে, গ্রামাঞ্চলের বেকার সমস্যা যাতে দূর হতে পারে সেই পরিকল্পনা নিয়ে বামফ্রন্ট সরকারের এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তাঁর বাজেট রচনা করেছেন। মাননীয় কংগ্রেস সদস্য যেকথা বললেন যে পশু হাসপাতালে চিকিৎসা হয় না এইসব কথা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের কথা। তিনি বর্তমান অবস্থা জানেন না। ১৯৭২-১৯৭৭ সালে তিনি পশু চিকিৎসার ব্যাপারে যা দেখে এসেছেন এবং পশু পালনের ব্যাপারে যা দেখে এসেছেন সেই অভিজ্ঞতা থেকে বলছেন। তিনি মালদহ জেলার সদস্য, সেখানে বিভিন্ন ব্লকে আমাদের এই পশুপালন বিভাগ এবং পশু চিকিৎসা বিভাগ যেভাবে সঠিকভাবে কাজ করবার চেষ্টা করছেন সেটা দেখে নতুন অভিজ্ঞতা নেবার চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন এবং কংগ্রেস সদস্যরাও স্বীকার করেছেন যে অল্প টাকায় এই দপ্তরের কাজকর্ম চলা সম্ভব নয়। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে ৩ কোটি ১৭ লক্ষ ৫০ হাজার টাকা চেয়েছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য এবং অর্থনৈতিক দুরবস্থার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে সেই বাজেটকে কমিয়ে ১ কোটি ৭৬ লক্ষ টাকায় আনতে হয়েছে। এই অবস্থায় আমি মনে করি পশু পালন এবং পশু চিকিৎসার মত এতবড় দপ্তর চলতে পারে না, টাকা আরো বাড়ান দরকার। বিগত কংগ্রেস সরকার যে দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করেছিলেন আমাদের বামফ্রন্ট সরকার সেই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন

করে যাতে গরীব মানুষ পশু পালনের মধ্য দিয়ে তাদের অর্থনৈতিক সঙ্গতি ফিরিয়ে আনতে পারে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে পশুপালন এবং পশু চিকিৎসা বিভাগের কাজ করে যাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক বছর এই দপ্তর যে উন্নয়নমূলক কাজ করেছেন আমি তা সংক্ষেপে একটু বলতে চাই। পশু উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বিশেষ করে পশু পালনের সার্বিক উন্নয়ন, কৃত্রিম প্রজননের ক্ষেত্রে বিজ্ঞানসম্মত কর্মসূচী গ্রহণ করায় ১১ লক্ষ ৬০ হাজার গাভী নিয়ে সঙ্কর প্রজনন কর্মসূচী পরিচালনা করা পশু পালনের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ঘটনা। তার ফলে দুধের উৎপাদন বৃদ্ধির ব্যাপারে ইতিমধ্যে ১ লক্ষ ৩০ হাজার সঙ্কর জাতীয় বাছুর জন্মেছে বলে আমরা জানি।

[12-50—1-00 p.m.]

যার ফলে মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে ১৯৮১/৮২ সালে দুগ্ধ উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক করলেন ১৩ লক্ষ ৩০ হাজার মেট্রিক টন। তবে সুখের কথা আমরা লক্ষ্য করলাম সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে আমাদের দুগ্ধ উৎপাদন হয়েছে ১৭ লক্ষ ৮২ হাজার মেট্রিক টন। মাননীয় স্পীকার মহাশয়, এতে আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন আমাদের আন্তরিকতার কোন অভাব নেই। পশু পালন, পশু চিকিৎসা এবং দুগ্ধ উৎপাদন এই ৩টি জিনিস ভাগ করা আছে এবং এর একটিকে বাদ দিলে চলে না। ১৯৬২ সালে বেলগাছিয়ায় যে ডেয়ারী সৃষ্টি হয়েছিল তার অবস্থা এখন আরও খারাপ হয়ে গেছে এবং সেখানকার একদল কর্মচারী, জানিনা তাঁরা কোন দলের লোক, তাঁরা চেষ্টা করছেন যাতে দুগ্ধ বিতরণ ব্যবস্থা বন্ধ হয়ে যায়। এখানে যেসমস্ত গাড়ী এবং মেসিন রয়েছে সেগুলো অত্যন্ত পুরাতন হয়ে গেছে। কংগ্রেস ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব করেছেন অথচ এই গাড়ীগুলো সারাবার কোন ব্যবস্থা করেন নি এবং তার ফল আমাদের ভোগ করতে হচ্ছে। আজকাল মাঝে মাঝে আমাদের দুধের সাপ্লাই যে অনিয়মিত হচ্ছে তার পেছনে নানা রকম কারণ আছে। বেলগাছিয়া ডেয়ারির কর্মচারীদের ডিউটি হচ্ছে হচ্ছে ৮ ঘণ্টা, কিন্তু তারা ৪ ঘণ্টা ডিউটি দিয়ে ওভার টাইম দাবী করছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে সমস্ত দুর্নীতিগ্রস্থ কর্মচারী আছে, যারা এই দুগ্ধ প্রকল্পকে স্যাবোটেজ করতে চায় তাদের বিরুদ্ধে তিনি যেন ব্যবস্থা অবলম্বন করেন। বামফ্রন্ট সরকারের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ রেখেছেন তার মধ্যে তিনি সমস্ত জিনিস বিস্তারিতভাবে ব্যাখ্যা করেছেন এবং আমি মনে করি এই ব্যয় বরাদ্দ যদি আরও বাড়ান হোত তাহলে মন্ত্রী মহাশয় তাঁর পরিকল্পনা মত কাজ করতে পারতেন এবং তার ফলে পশ্চিমবাংলায় যাঁরা পশুপালন করেন তাঁরা উপকৃত হতেন, শহরের মধ্যবিত্ত মানুষ যাঁরা দুগ্ধ, মাংস, ডিম খায় তাঁরা উপকৃত হতেন। একথা বলে এই বাজেট আন্তরিকতার সঙ্গে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে দাবী উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমি কিছু বলব। আমার প্রথম কথা হচ্ছে, আপনারা

আজ চিন্তা করুন দুগ্ধ সরবরাহ প্রকল্প যেটা আছে সেটা কিভাবে চলছে। আমি তো দেখছি ৩০ দিনের মধ্যে ১০/১৫ দিন দুধ পাওয়া যায় না এবং মানুষ দুধ আনতে ডিপোতে গিয়ে দেখে দুধ আসেনি। আরও মজার কথা যেদিন দুধ পাওয়া গেল সেই দুধ আগুনে বসাবার সঙ্গে সঙ্গে ছানা হয়ে গেল। এই অবস্থা হলে মানুষ খাবে কি? মানুষকে তখন বাধ্য হয়ে আবার পয়সা দিয়ে দুধ আনতে ছুটতে হয়। শুধু তাই নয়, দুধ আনতে গিয়ে দুধ পাওয়া যায় না অথচ সেই দুধ ওখানে কালোবাজারে যে বিক্রি হচ্ছে সেরকম ঘটনা আছে। কাজেই বলতে হয় ওঁদের দুগ্ধ প্রকল্প ভেঙ্গে পড়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন হরিণঘাটা থেকে ৫০ হাজার লিটার পাওয়া যাবে, কিন্তু আমরা দেখছি সেই পরিমাণ দুধ সেখানে হচ্ছেনা এবং যেটুকুও বা পাওয়া যাচ্ছে সেটা কালোবাজারে বিক্রি হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয় আপনি বোধ হয় জানেন আমাদের মুর্শিদাবাদে ভাগীরথী প্রকল্প নামে একটা প্রকল্প তৈরী হয়েছে। কিন্তু আমরা লক্ষ্য করছি এখনও পর্যন্ত সেখানে কোন ঘরবাড়ী তৈরী হয়নি এবং অন্য ব্যবস্থাও হয়নি। কিন্তু এঁরা বলে বেড়াচ্ছেন ওখানে হাজার হাজার লোকের চাকরী হবে। আমি জানি সেখানে ভাগিরথী পরিকল্পনা হচ্ছে, সেখানে সব ছেলেদের বলা হচ্ছে তোমরা আমাদের দলে চলে এসো। এখানে ১০ হাজার লোক নেওয়া হবে। আমাদের দলে এলে চাকুরী দেওয়া হবে। সেখানে ক্যাডার বাড়াবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। যেসব পশু হাসপাতাল আছে এবং ব্লকে ব্লকে যেসব পশু চিকিৎসার ব্যবস্থা আছে সেখানে ঔষধ নাই। ডিস্‌পেনসারীতে কোন ঔষধ নাই। সেগুলি আজকে প্রাইভেট হাসপাতালে পরিণত হয়েছে। সেখানে গেলে ডাক্তার পাবেন না। ডাক্তার বাড়ীতে থাকেন—সেখানে গেলে তিনি বলেন ২৫ টাকা ফি লাগবে এবং বাজার থেকে ঔষধ কিনে আনতে হবে। গরুর ইনজেকসন দিলে ৫ টাকা থেকে ১০ টাকা পর্যন্ত ফী চেয়ে বসে। সরকারী সাহায্য কিছুই পাওয়া যায় না। গ্রামের গরীব মানুষ লক্ষ লক্ষ হাঁস মুরগী পালন করেন। এখন যদি কোন রকম মুরগীর মোড়ক লাগে, তখন যদি ডাক্তারের কাছে যাওয়া যায়, তিনি বলেন এখন সময় নাই। হয়তো কিছু দিন পরে কমপাউণ্ডার গেলেন, কিন্তু তখন মুরগী সব শেষ হয়ে গেছে। এ সম্পর্কে মন্ত্রী মহাশয় কিছু করবেন বলে আশা রাখি। জানি না লক্ষ্য রেখে কি উপকার হবে। তার পর ক্রুয়েলটি টু দি এ্যানিম্যাল সম্বন্ধে কিছু বলতে চাই। জীবনে বাঁচার অধিকার সকলেরই আছে, প্রাণীরও আছে এবং ভালভাবে বেঁচে থাকার অধিকার আছে। মানুষের জন্য হাসপাতাল ঔষধপত্র নানা রকম ব্যবস্থা আছে। কিন্তু অবলা প্রাণী তাদের জন্য কোন ব্যবস্থা নাই। গত মঙ্গলবার আমি বহরমপুর থেকে কলকাতায় স্টেট বাসে করে আসছিলাম। পথে বেলডাঙ্গায় দেখলাম এক ভদ্রলোক পাঁচটি মুরগীকে তাদের ঠ্যাং এক জায়গায় করে একটা দড়িতে বেঁধে কলকাতায় নিয়ে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করলাম এটা কি করেছেন এ যে মরে যাবে? তিনি বললেন দড়ির অভাব, তাই এই রকম করতে হোল। কলকাতায় নামার সময় দেখলাম মুরগীগুলো মরে নি বটে তবে অর্ধমৃত অবস্থায় আছে। আমি জানি না এ সম্পর্কে আইন আছে কিনা। আমি মন্ত্রী মহাশয়কে বলবো আইন যদি পর্যাপ্ত না থাকে তাহলে আপনি এইসব ক্রুয়েলটির জন্য আইন করুন। এই সব অবলা প্রাণীর

বাঁচার অধিকার আছে। কয়েকদিন আগে দেখলাম কলকাতায় জ্যান্ত বড় বড় কচ্ছপ আছে। তাদের জীবন্ত অবস্থা টুকরো টুকরো করে কেটে বিক্রি করা হচ্ছে। এটা বন্ধ হওয়া দরকার বলে মনে করি।

[1-00—1-10 p.m.]

আরও দু'একটা কথা বলি, আমাদের মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় একটা হাট আছে তা ছাড়াও গ্রামে গ্রামে অনেক পশুর হাট আছে, সেখানে পশু বিক্রি হয়। সেখানে দেখা যায় গরু, মহিষ, ছাগল নিয়ে যাওয়া হয় এবং তাদের প্রখর সূর্য্যের আলোতে রাখতে হয়, রাত্রে তাদের সেখানে নিয়ে যাওয়া হয়। তাদের জন্য কোন শেড নেই, সেই পশুদের জল খাবার কোন ব্যবস্থা নেই, আপনি এগুলো একটু দেখবেন। এইরকম যেসব হাট আছে যেখানে পশু বিক্রী হয় সেই হাটগুলো যাতে ঠিক স্বাস্থ্য সম্মত হয় সেই ব্যবস্থা তিনি আশা করি করবেন। কারণ এইগুলো আমাদের মনে লাগে। এই সম্পর্কে যদি আইন থাকে তাহলে সেই আইন কঠোর ভাবে প্রয়োগ করুন আর যদি আইন পর্যাপ্ত বলে মনে না করেন তাহলে সেই মতন আইন তৈরী করুন। কারণ অবলা পশু পক্ষীর উপর অহেতুক কষ্ট দেওয়ার অধিকার ভগবান দেননি। মন্ত্রী মহাশয় বাজেট বিবৃতিতে বলেছেন খরার, বন্যার সময় অনেক পশু খাদ্য বিলি করেছেন। তিনি হয়ত করেছেন বন্যার সময় বিচালি কিছু কিছু বুকে আমি দেখেছি কিন্তু সেই সব বিচালি যাদের গরু নেই তারাই পেয়েছে এবং তারা কারা? যারা আপনাদের ক্যাডার তাদেরই দেওয়া হয়েছে। তারা টিপ ছাপ দিয়ে নিয়ে গেছে এবং গ্রামে বিক্রী করেছে। সুতরাং মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুরেশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। প্রথমে আমি বলছি এই দপ্তর পশ্চিমবাঙ্গলার চাষীদের জীবনে একটা গুরুত্বপূর্ণ দপ্তর। পশুপালন এবং পশুচিকিৎসা — যেখানে পশ্চিমবাংলার এবং সারা ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ কৃষিজীবি সেখানে এই দপ্তরের যে ভূমিকা আছে, এই দপ্তর যদি সঠিকভাবে তার ভূমিকা পালন করে তাহলে প্রত্যেকটি ভূমিহীন শ্রমিক এবং চাষীদের জীবনে, বর্গাদারদের জীবনে হাঁসি ফোটাতে পারে। আমি বলব যারা গরীব মানুষ তারা বিভিন্ন ভাবে জীবিকা নির্বাহ করে, দুধ বিক্রী করে জীবিকা নির্বাহ করে। সামগ্রিক-ভাবে এই দপ্তরের এমন একটা পরিকল্পনা হওয়া দরকার যাতে প্রতিটি ভূমিহীণ এবং প্রতিটি বর্গাদার, প্রান্তিক চাষী একটি করে শঙ্কর জাতীয় গাভী দিতে পারে, যারা দুধ বিক্রী করে তারা তাদের জীবনের মান উন্নত করতে পারে, তাদের অবস্থার উন্নতি করতে পারে। আমরা এর আগে দেখেছি কৃষি দপ্তর থেকে বিভিন্ন ধরণের লোন দেওয়া হোতো, চাষীদের অবস্থার উন্নতির জন্য, গ্রামাঞ্চলে বিশেষ করে বাংলাদেশ সীমান্তে যেসব জায়গাতে, যেসব গ্রামে গরু লুঠ হয়ে যাচ্ছে, ডাকাতি হয়ে যাচ্ছে, বাংলাদেশের সমাজবিরোধিরা নিয়ে যাচ্ছে, এই দপ্তরের কর্তব্য হচ্ছে সেই ধরণের চাষীকে গরু কেনার জন্য কোন লোন দেওয়া যায় কিনা এবং পশুচিকিৎসার ব্যাপারে মন্ত্রী

মহাশয় তাঁর বাজেট বক্তব্যে বলেছেন যে রাজ্যে পশুচিকিৎসার হাসপাতালের সংখ্যা ১০২টি, সহায়ক কেন্দ্র ৫২৮টি এবং পল্লী অঞ্চলে চিকিৎসা সুবিধার জন্য ৮৩টি ভ্রাম্যমান চিকিৎসালয় করেছেন, কিন্তু আমি মনে করি গ্রামাঞ্চলে বর্তমানে যে ভাবে পশুচিকিৎসা হচ্ছে, প্রতি বুকে যে একটি করে হাসপাতাল আছে সেখানে যথেষ্ট পরিমাণে ওষুধ থাকে না, বুকের একটা জায়গাতে হাসপাতাল, গ্রামের দূর দূরান্তে চাশীরা সেই হাসপাতাল থেকে চিকিৎসার সুযোগ নিতে পারছে না। এই ক্ষেত্রে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে প্রত্যেকটি জেলায় আরো হাসপাতালের সংখ্যা বাড়ানো প্রয়োজন যাতে গ্রামাঞ্চলের মানুষ সেই সুযোগ পেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৈজ্ঞানিক ভিত্তিতে হাঁস, মুরগী পালন এই ব্যাপারে প্রশিক্ষণ গ্রামে যাতে দেওয়া যায় গ্রামে ছেলে মেয়েরা যাতে সেই প্রশিক্ষন পেতে পারে তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। তারা প্রশিক্ষন নিয়ে হাঁস, মুরগী পালন করে যাতে জীবিকা নির্বাহ করতে পারে সেদিকে দৃষ্টি দিন এবং নিজেদের আথিক অবস্থার উন্নতি যাতে করতে পারে সেদিকে এই দপ্তরকে নজর দেবার জন্য আমি অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষের চিকিৎসার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে যেমন মালটি পারপাজ স্কীম চালু করা হয়েছে, তেমনি পশু চিকিৎসার জন্যও এই রকম মালটি পারপাজ স্কীম যাতে চালু করা হয়, সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এইস্কীমের মাধ্যমে গ্রাম বাংলার ছেলেদের শিক্ষিত করে তোলা যেতে পারে। তার ফলে তারা গরু, মোষ চিকিৎসার সুযোগ সুবিধা নিতে পারে। আর গ্রামের বেকার ছেলেদেরও সু-বন্দোবস্ত হতে পারে। এই দপ্তরের মাধ্যমে গ্রামের বেকার ছেলেদের লোন দিয়ে গরু, মোষ কেনার ব্যবস্থা করা যায় কিনা সেই চিন্তা ভাবনা করা উচিত। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেটাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় মাননীয় পশুপালন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলছি। সুন্দরবনের ঘূর্ণি ঝড় বিধ্বস্ত এলাকায় গবাদি পশুগুলি যখন মারা গেল তখন কত তৎপরতার সঙ্গে চিকিৎসার ক্ষেত্রে যে পদক্ষেপ নিয়েছিলেন, তা সত্যিই খুব প্রশংসনীয়। কিন্তু বর্তমানে এই পশু চিকিৎসা এবং পশুপালনের ক্ষেত্রে কতকগুলি অসুবিধা আমরা লক্ষ করছি। পশ্চিমবাংলার পশুপালন এবং পশু চিকিৎসার জন্য কেবলমাত্র দুজন ডাইরেক্টর নিযুক্ত আছেন। এই ক্ষেত্রে তাদের মধ্যে যথেষ্ট মতপার্থক্য পরিলক্ষিত হচ্ছে। যার ফলে পশুপালন এবং পশু চিকিৎসার ক্ষেত্রে কাজে অগ্রগতি যতটা হওয়া দরকার, এই মত পার্থক্যের ফলে সেই অগ্রগতি ব্যাহত হচ্ছে। উদাহরণ স্বরূপ আমি একটি দৃষ্টান্ত দিচ্ছি। গত বন্যায় সুন্দরবন এলাকায় সরকারী ভাবে কিছু গবাদি পশু বিতরণের ব্যবস্থা করা হয়েছিল। প্রত্যেকটি বুকের গরু, মোষ পরীক্ষা নিরীক্ষা করার সময় ভেটিরিনারি সার্জেন গরু পিছু ৫ টাকা করে নিয়েছেন। এটা সরকারি কাজ, তারা সরকারী ডাক্তার। এই ক্ষেত্রে ৫ টাকা করে নেওয়া মানে হল সরকারী কয়েক লক্ষ টাকার অপচয় হয়েছে বলে আমি মনে করি। একই ডিপার্টমেন্টে দু-জন ডাইরেক্টর থাকার কারণেই এটা হয়েছে। আমি কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শহরাঞ্চলে পশু চিকিৎসার ব্যবস্থা আছে

গবাদি পশু গ্রামাঞ্চলে বেশী দেখা যাচ্ছে এবং পরিবহন ব্যবস্থার জন্য গ্রাম থেকে গরু, মোষগুলি চিকিৎসা করার জন্য এখানে আনার খুব অসুবিধা হয়। শহরাঞ্চলে পশু চিকিৎসালয় স্থাপনের চেয়ে গ্রামাঞ্চলের দিকে লক্ষ্য দেওয়া উচিত। প্রতিটি বুক ভিত্তিক যাতে পশু চিকিৎসালয় গড়ে ওঠে তার ব্যবস্থা করা দরকার। পশু চিকিৎসার উপযুক্ত সাজ সরঞ্জাম গ্রামে যদি বাড়ানো যায় তাহলে গ্রামের মানুষদের এই পশুপালনের দিকে বেশী দৃষ্টি নিবদ্ধ করা যায়। দার্জিলিং, বহরমপুর, মেদিনীপুর, রাণাঘাটে আমূলের অনুকরণে ৪টি জেলাস্তরে দুগ্ধ সমবায় সমিতি গঠন করা হয়েছে।

এ ক্ষেত্রে সরকারীভাবে যে উদ্যোগ এবং ব্যবস্থা নেওয়া দরকার তা ব্যাহত হচ্ছে। এটা যাতে আরো ভালোভাবে প্রসার লাভ করানো যায় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। এরপর আমি ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্র সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। তাদের যে ফাংসান হওয়া দরকার সেগুলি ঠিকমত হচ্ছে না। গ্রামে প্রচুর গরু, মোষ আছে এবং তারজন্য চিকিৎসা ব্যবস্থারও প্রয়োজন। পঞ্চায়েতওয়ারী ঔষধপত্র পাঠিয়ে গ্রামের পশু চিকিৎসার যাতে ব্যবস্থা করা যায় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[1-10—1-20 p.m.]

**শ্রীসুন্দর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তা সমর্থন করে আপনার মাধ্যমে ২/১টি কথা বলতে চাই।স্যার, আপনি জানেন, কংগ্রেস আমলে এই পশুপালন দপ্তরের দায়িত্বে দুজন মন্ত্রী ছিলেন — একজন হাফমন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য এবং অন্যজন ছিলেন পুরোমন্ত্রী শ্রীসীতারাম মাহাতো। এঁরা দুজনে এই দপ্তরের জন্য কিছুই করেননি, কেবল দলীয় স্বার্থে হরিণঘাটা এবং বিভিন্ন জায়গায় কিছু লোককে ঢুকিয়ে তা ছাড়া আর কোন উন্নতি করেননি। ১৯৭৭ সালের পর বামফ্রণ্ট সরকার ক্ষমতায় এসে তাদের সীমিত ক্ষমতার মধ্যে পশুপালন ও পশু চিকিৎসার ক্ষেত্রে কিছু কিছু করার চেষ্টা করছেন। এই বইটিতে দেখা যাচ্ছে পশু চিকিৎসার জন্য ২৭ জন কম্পাউনডার, ড্রেসার ইত্যাদিকে হরিণঘাটাতে ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয়েছে এবং এই সংখ্যাটা আরো বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। সরকার সীমিত ক্ষমতার মধ্যে চেষ্টা করছেন ৩৩৫টি বুক যাতে পশু চিকিৎসা কেন্দ্র খুলতে পারা যায়। স্যার, আমাদের শালবনীর পাশে গড়বেতা তো আজকাল যুগান্তর কাগজের লেড লাইন দখল করে আছে। সেখানকার খবর হচ্ছে, গড়বেতাতে মুরগি, হাঁস পালন করে ছেলেরা তাদের বেকারত্ব দূর করার চেষ্টা করছে। আজ তারা হাঁস, মুরগি পালন করে তা দিয়ে ব্যবসা করছে। ফিল্ড ওয়ার্কার যারা তাদের ট্রেনিং দেবার ব্যবস্থা হচ্ছে। তারপর আমরা দেখছি ১৯৮০-৮১ সালে দুধের উৎপাদন ছিল ১৩৩০ হাজার মেট্রিক টন, সেখানে ১৯৮১/৮২ সালে সেটা হচ্ছে ১৭৮২ হাজার মেট্রিক টন। দুধের উৎপাদন বেড়েছে, ডিমের উৎপাদন বেড়েছে। এর সাথে সাথে স্যার, আমরা দেখছি, বামফ্রন্ট সরকার সাধারণ গরিব মানুষ — আদিবাসী, তপসিলী সম্প্রদায়-এর মানুষদের বিনামূল্যে গোখাদ্য দিচ্ছেন, শঙ্কর জাতীয় বকনা দিচ্ছেন, এরজন্য আমরা সরকারকে সাধুবাদ জানাই।

স্যার, আমরা জানি দুটি ছাগল প্রজনন কেন্দ্র আছে সারা পশ্চিম বাংলায়. এগুলি যাতে জেলায় জেলায় বাড়ানো যায় তার জন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি দুটি শুয়োর প্রজনন কেন্দ্র আছে — দার্জিলিং এবং হরিণ ঘাটাতে।

যদিও আমাদের অর্থক্ষমতা সীমিত তবুও আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি জেলার বিভিন্ন প্রান্তে যাতে এগুলি করা যায় সেই চিন্তা আপনি করুন। আমার এলাকা শালবনীতে একটা খামার আছে যেখানে সবুজ ঘাস উৎপাদন হয়। এখানে ১৮৪০ একর জমি আছে এবং তার মধ্যে ১১০০ একরে এই সবুজ ঘাসের চাষ হয় ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল তখন মেদিনীপুর জেলার বাইরেও ওখান থেকে ঘাস সাপ্লাই করা হয়েছিল। সেখানে যে ডিপ টিউবওয়েল আছে তার মাধ্যমে এখন জল সরবরাহ করা হচ্ছে। তবে ১৯৭৮ সালে বিধানসভায় এই বাজেটের সময় একটা টাকা ধরা হয়েছিল এবং তাতে বলা হয়েছিল তমাল নদীতে বাঁধ দিয়ে জল পাম্প আউট করে ৩ কিলোমিটার রাস্তা অতিক্রম করে ওই ফার্মে জল নিয়ে যাবে, সেই প্রকল্প যাতে ত্বরান্বিত হয় তার জন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি। একথা বলে বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাজেট দেখলাম সকলে সমর্থন করেছেন এবং এমন কি যাঁরা কাট্‌মোসন দিয়েছেন বা বিরোধিতা করেছেন তাঁরাও সমর্থন করেছেন। ওঁদের কথা হল, ব্যয় বরাদ্দ কম হল কেন? ব্যয় বরাদ্দ কম হওয়ার কারণ সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী আর্থিক বাজেট পেশ করবার সময় বলেছেন, কেন্দ্রীয় সরকারের আর্থিক অনুশাসন পশ্চিমবাঙলার জনগনের উপর এত কড়াভাবে প্রয়োগ করা হয়েছে এবং এত বিধি নিষেধ আরোপ করা হয়েছে যার জন্য সব দপ্তরেই ব্যয় বরাদ্দ কম করতে হয়েছে। কংগ্রেসের তরফ থেকে যে সমস্ত কথা বলা হয়েছে তাতে আমি তাঁদের কাছে অনুরোধ রাখছি তাঁদের কংগ্রেস (আই) পার্টিতে আলোচনা করে তাঁরা যদি ইন্দিরা গান্ধীর উপর চাপ সৃষ্টি করতে পারেন যাতে ৭৫০ কোটি টাকার বাজেটের আয়তন যেটা পশ্চিমবাংলার ছিল সেটা আমরা পাই এবং সেটা পেলে পরবর্তীকালে আমরা বাজেট বরাদ্দ বাড়াবার চেষ্টা করব। বাজেট সকলে সমর্থন করলেও কিছু কিছু সমালোচনা যা হয়েছে তার মধ্যে ভিত্তিহীন কথা আছে আবার গঠনমূলক কথাও আছে। মহব্বুল সাহেব বলেছেন স্টেট ভেটেরিন্যারি হাসপাতালে ঔষধ কম থাকে। এটা পূর্বেও ৫ হাজার ছিল, কিন্তু আমরা ৬ হাজার করেছি। তারপর, গভর্ণমেণ্ট ভেটেরিন্যারি হাসপাতালে ১৫৬০ টাকা বার্ষিক বরাদ্দ যেটা ছিল সেটা আমরা বাড়িয়ে ২ হাজার ৫০০ টাকা করেছি। অবশ্য বরাদ্দ আর বেশী করতে পারলে খুসী হতাম। তবে এতটুকু বলতে পারি শতকরা আমরা ১০ ভাগ বাড়িয়েছি। এডিসন্যাল ভেটেরিন্যারি ডিসপেনসারিতে আমরা ১৫০০ টাকা করেছি এ্যাম্বুলেটরি ভেটেরিন্যারি ডিসপেনসারি সম্বন্ধে যা বলেছেন তার উত্তরে জানাচ্ছি পূর্বে এখানে ১২০০ টাকা ছিল, কিন্তু আমরা সেটাকে ১৮০০ টাকা করেছি। আমরা অনুভব করি ভেটেরিন্যারি ডিসপেনসারি, ভেটেরিন্যারি এইড সেণ্টার এবং ভ্রাম্যমান এ্যাম্বুলেটরি ক্লিনিক যেগুলো রয়েছে তাকে আরও বাড়ান দরকার। আমরা আরও অনুভব ক

ন্নত জাতীয় পশু আরও সৃষ্টি করতে হবে এবং সুস্থ পশু যাতে সৃষ্টি হয় তার, ব্যবস্থা করতে হবে।

[1-20—1-30 p.m.]

মহববুল হক সাহেব হাঁস মুরগী পালন, বিকাশ এবং এদের রোগ সম্পর্কে কতগুলি গঠনমূলক কথা বলেছেন। বিশেষ করে উনি রাণীখেত রোগের সম্পর্কে বলেছেন। আমরা জানি রাণীখেত একটা মারাত্মক রকমের রোগ এবং এটা দূর করার জন্য যে টীকার প্রয়োজন তা আমরা দিচ্ছি। টীকা নিম্ন-মানের কিনা, সে সম্পর্কে আমাদের মনেও প্রশ্ন উঠেছে। সেই জন্য আমরা আই. সি. আর.-এর—কেন্দ্রীয় সরকারী প্রতিষ্ঠানের—বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করছি। আমরা ইতি মধ্যেই তাদের সহযোগিতায় একটা প্রকল্প গ্রহণ করেছি। আমার বাজেট প্রস্তাবের মধ্যে আমি সেটা উল্লেখ করেছি। আমরা দেখছি টাকা দেবার পরেও রাণীখেত রোগ প্রতিরোধ করার ক্ষমতা হাঁস মুরগীর থাকে না, বিশেষ করে মুরগীদের থাকে না। সেই জন্য এবিষয়ে আমাদের আরো গবেষণা করতে হবে যাতে আমরা রাণীখেত রোগ নির্মূল করতে পারি। মুরগী পালনের ক্ষেত্রে এটা একটা মারাত্মক সমস্যা, আমরা এবিষয়ে অবগত আছি এবং চেষ্টা করছি। আমি আশা করছি এব্যাপারে এমন একটা টীকা আমরা তৈরী করতে পারব যার দ্বারা এই রোগ দূর করতে পারব। তবে রাজ্য সরকারের একার চেষ্টায় এটা হবে না, সেই জন্য এব্যাপারে আমরা ভারত সরকারের সহযোগিতা চেয়েছি, তারা যদি সহযোগিতা করেন, তাহলে নিশ্চয়ই আমরা এটা করতে পারব। মাননীয় সদস্য এ বিষয়ে যা বলেছেন তা নিশ্চয়ই গঠনমূলক সমালোচনা, এর জন্য আমরা অনন্দিত এবং আমরা এ বিষয়ে সজাগ আছি।

তারপরে তিনি ভেটোরিনারি এইড্ সেণ্টারে ফ্রিজ রাখার কথা বলেছেন। এবিষয়ে কোন সন্দেহ নেই যে, ভেটেরিনারী এইড্ সেণ্টারে ফ্রিজ রাখতে হবে, না রাখলে ওষুধ খারাপ হয়ে যাবে। কিন্তু সুদূর গ্রামাঞ্চলের সব জায়গায় এটা রাখার সুবিধা নেই। বেশীরভাগ জায়গায় আমাদের ভাড়া বাড়িতে ডিসপেনসারী করতে হয়েছে, সেখানে সব সময়ে ফ্রিজ রাখার সুবিধা আমরা পাই না। রক্ষনা-বেক্ষণের-ও অসুবিধা আছে, অনেক জায়গায় আমরা রেখে দেখেছি দুর্বৃত্তরা চুরি করে নিয়ে গেছে বা অচল হয়ে পড়ে আছে। তবুও আমরা চেষ্টা করছি যাতে ওষুধ গুলি অচল হয়ে না যায় এবং নিম্ন-মানের না হয়ে যায়।

মাননীয় সদস্য কৃত্রিম প্রজনন সম্পর্কে জানতে চেয়েছেন। আমি তাঁকে বলছি যে, এখনো পর্যন্ত যেখানে কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়নি সেখানে আমরা ষাঁড় সরবরাহ করছি। ইতি মধ্যেই আমি আমার বাজেটের প্রস্তাবের মধ্যে দিয়ে বলেছি যে, আমরা এখন পর্যন্ত ১২৬টি দিয়েছি এবং আরো ১৫০টি দেবার চেষ্টা করছি। এবিষয়ে মাননীয় জয়নাল সাহেব নিশ্চয়ই বলতে পারবেন, ওঁর একটা ডেয়ারী ফার্ম (farm) আছে সেখানে আমরা বিনা খরচে ষাঁড় পাঠিয়েছি, যাতে উনি ভাল ভাবে ডেয়ারী ফার্ম চালাতে পারেন। তাঁর নিশ্চয়ই আমাদের সার্টিফিকেট দেওয়া উচিত। (ডাঃ জয়নাল আবেদিন : আপনাকে ধন্যবাদ)।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি গুলিকে বলেছি যে, এখনই যে সমস্ত গ্রামে কৃত্রিম প্রজনন কেন্দ্র হতে পারছে না সেখানে ন্যাচুরাল ফার্টিলাইজিং-এর জন্য উন্নত ধরণের ষাঁড় দেব। আমরা তাদের আরো বলেছি যে, তারা সেই ষাঁড় নিয়ে লাভবান হবে। এরকম ২০০০টি ষাঁড় আমরা দেব এবং প্রতিটি পঞ্চায়েত সমিতিকে সেগুলি রাখার জন্য গোশালা করে দেব, চিকিৎসার ব্যবস্থা করে দেব। তবে এব্যাপারে একটা সার্ভিস চার্জ নেওয়া হবে, তার মাধ্যমে কিছু রেভিনিউ দিয়ে পঞ্চায়েতগুলি সেই ষাঁড়কে প্রতিপালন করতে পারবে। অনেকগুলি পঞ্চায়েত রাজি হয়েছে, কিছু পঞ্চায়েত এখনো গররাজি। কারণ হচ্ছে এই ষাঁড়গুলি এক একটি বিরাট বিরাট ষাঁড়, তারা এগুলিকে বাগমানাতে পারবেন কিনা ঠিক বুঝতে পারছেন না।

বৃহত্তর কলকাতার দুগ্ধ প্রকল্প সম্পর্কে যে কথা উঠেছে সে সম্পর্কে আমি আমার বাজেট ভাষণের মধ্যেই স্বীকার করেছি যে, একথা সত্য দুধের সরবরাহ অনিয়মিত হচ্ছে এবং এটা হওয়ার কয়েকটা কারণ আছে।

প্রথম কারণ হচ্ছে, বেলগাছিয়ায় ডেয়ারী প্লান্ট (plant) করার স্থান নির্ণয় করা সঠিক হয়নি বলে আমি মনে করি, যদিও ডাঃ বিধান চন্দ্র রায় এটা করেছিলেন। এই এলাকার পরিবেশ খারাপ, চারিদিকে দাঙ্গাবাজ মস্তানদের আড্ডা। সেখানকার জল অত্যন্ত খারাপ। জল এত লবনাক্ত যে সমস্ত মেশিনগুলি ফুটো হয়ে যাচ্ছে। বয়লার ফুটো হয়ে যাচ্ছে। ১৯৬২ সালে এই ডেয়ারী প্লান্ট হয়েছে, মাত্র ২০ বছর হলো। এই ২০ বছরের মধ্যে একটা ডেয়ারী প্লান্ট যে খারাপ হয়ে যায় এটা শুনলে অবাক হয়ে যাবেন। ভারতবর্ষের মধ্যে কোথাও ২০ বছরের মধ্যে এরকম খারাপ হয়নি --এটা এক্সপার্টদের কথা। এ ছাড়া এমন মেশিন বসানো হয়েছে যে মেশিনের পার্টস পাওয়া যাচ্ছে না। বিদেশ থেকে পার্টস আনতে হয়। সব সময়ে ব্রেক-ডাউন হচ্ছে এবং এই ব্রেক-ডাউন তার মধ্যে হলো একটি কারণ যারজন্য মিল্ক-সাপ্লাই ডিসটার্ব হয়ে যাচ্ছে। আমি এর জন্য দুঃখিত। আমরা বিদেশ থেকে পার্টস আনতে দিয়েছি। কেন্দ্রীয় সরকারের বিধি-নিষেধ মেনে আমাদের পার্টস আনতে হচ্ছে বিদেশ থেকে। দ্বিতীয় কথা হচ্ছে, যে সমস্ত কর্মী নিয়োগ করা হয়েছিল সেখানে কোন নিয়ম-কানুন ছিল না। কংগ্রেস সরকারের আমলে কর্মী নিয়োগ করা হয়েছিল। সেই সমস্ত কর্মীদের মধ্যে একটি অংশ আছে যারা অত্যন্ত সৎ, কর্তব্য-নিষ্ঠ, ভোর ৪টার সময়ে দুধ নিয়ে বিভিন্ন জায়গায় পৌঁছে দেয়। আর এক শ্রেণীর কর্মচারী আছেন যাঁরা শুধু ওভারটাইম নেবেন। ৮ ঘণ্টা যেখানে ডিউটি সেখানে ৪ ঘণ্টা কাজ করে বকি ৪ ঘণ্টা ওভারটাইম নেবার জন্য জোর-জবরদস্তী করেন। এরা কংগ্রেস আমলে ঢুকেছিল এই সমস্ত লোকেরা ইণ্ডিয়ান ন্যাশনাল ট্রেড ইউনিয়নের পতাকা তুলে ভাঙ-চুর করছে হাঙ্গামা করছে এবং দুধ সাপ্লাই বন্ধ করে দিচ্ছে। বামফ্রণ্ট সরকারকে জনসাধারণের কাছে অপদস্ত করবার জন্য তারা বিশৃঙ্খলা সৃষ্টি করছে। এই বিষয়ে মাননীয় সদস্যদের একটি কথা আমি বলতে চাই, গত ২১ তারিখে আই. এন. টি. ইউ. সি'র একদল লোক যেহেতু ওভার-টাইমের টাকা পায়নি সেহেতু অফিসার এবং কর্মীদের ঘেরাও করে এবং টেবিলের উপর পেপার ওয়েট দিয়ে মেরে টেবিলের কাঁচ ভেঙে দেয়

এবং অফিসারদের জখম করে আই. এন. টি. ইউ. সি জিন্দাবাদ বলে বেরিয়ে যায়। তাদের দাবী ছিল ওভারটাইম দিতে হবে। একদিন ওভারটাইম এর টাকা রিজার্ভ ব্যাঙ্ক থেকে আনতে ১ ঘণ্টা দেরী হয়ে গেছে, সেই অপরাধে আই. এন. টি. ইউ. সির কর্মচারীরা অফিস তছনছ করেছে, ভাঙচুর করেছে এবং উৎপাদন বন্ধ করে দিয়েছে। এই ভাবে তারা বারবার মিল্ক সাপ্লাই বন্ধ করে দিচ্ছে। আপনারা দয়া করে আই. এন. টি. ইউ. সির নেতাদের বলুন যাতে এই সমস্ত লোকজনকে প্রশ্রয় না দেয় এবং মিল্ক সাপ্লাই বন্ধ করে দিতে যাতে না পারে। সেদিন মাননীয় সদস্য সত্যবাবু একটি প্রশ্ন করেছিলেন। আমি সেই প্রশ্নের জবাব দিয়েছি। প্রশ্নটা ছিল যারা চুরি করলো সেই ৩৩ জনের কি নাম? এই ৩৩ জনের নাম আমার কাছে রয়েছে, কিন্তু আমি দিতে চাই না, তবে যে প্রশ্নটা করেছিলেন আমি জবাবী ভাষনে বলে দিই। এই ৩৩ জন কর্মচারী ঢুকেছিল ১৯৭০ সাল থেকে ১৯৭৩ সালের মধ্যে কংগ্রেস আমলে। যখন এই দপ্তরে কংগ্রেসী মন্ত্রী ছিলেন যখন এই গুণ্ডা, মস্তানদের ঢুকিয়েছিলেন, তাঁরাই আজকে ব্যাঘাত সৃষ্টি করছেন।

[1-30—2-30 p.m.]

এদিক থেকে আমরা চেষ্টা করব যাতে আমাদের দুধের সরবরাহ চলতে থাকে। নিশ্চয়ই আমরা চেষ্টা করব। দুধ সরবরাহ সম্পর্কে আমাদের যে প্রস্তাব আছে তাতে আমি বলছি যে আমাদের বিভাগের তরফ থেকে আমরা সরবরাহ বাড়াবার চেষ্টা করব। তাছাড়া আমরা অপারেশন ফ্লাডের মধ্য দিয়ে ৫ লক্ষ গ্রামবাসীদের এই প্রকল্পের অধীনে নিয়ে আসব। যেখানে তারা পশুপালনের সুযোগ পাবে, শংকর জাতীয় গরু যাতে হয় সে বিষয়ে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সুযোগ সুবিধা তারা পাবে এবং তারা যাতে সস্তায় পশুখাদ্য পায় সে ব্যবস্থাও হবে এবং আরও যাতে দুধ বাড়ানো যায় সে ব্যবস্থাও আমরা করব। যেসব মাননীয় সদস্যরা আমার বাজেট সমর্থন করেছেন তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি এবং তাঁদের দেওয়া কয়েকটি প্রস্তাব আমরা নিশ্চয়ই গ্রহণ করব। যেমন সুন্দর হাজার মহাশয় বলেছেন যে শূকর প্রজননের জন্য মেদিনীপুর জেলায় একটি এবং মফঃস্বলে কিছু কেন্দ্র করা দরকার। আমরা নিশ্চয় সেটা করবার চেষ্টা করব। শিক্ষার জন্য মালটিপারপাস ধরণের শিক্ষা ব্যবস্থা করা যায় কিনা সে চেষ্টাও করব। আমার বাজেটে আমি মালটিপারপাস ধরণের শিক্ষার কথা বলেছি। গ্রামে পশুপালনের শিক্ষার ব্যবস্থাও আমরা করেছি। এতে যারা কর্মচারী হিসাবে থাকবে তারা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হবে না, তারা বেসরকারী ভাবে সরকারী কিছু সাহায্য নিয়ে পশুপালন ও পশু চিকিৎসা করবে। ইমাজুদ্দিন সাহেব পশুদের দুর্গতির সম্বন্ধে যা বলেছেন সে তো ভারত সরকারের একটা আইনেই আছে যে প্রিভেনসন অফ ক্রুয়েলটি টু এ্যানিম্যালস, সেটার জন্য আলাদা একটা সংস্থা আছে, আর একটা আইন আছে, আমরা পশ্চিনবঙ্গের রাজ্য সরকার সেই সংস্থাকে কিছু অর্থ সাহায্য দিই। আমাদের ভেটেরিনারী সার্জনকে সরকার থেকে ডেপুট করি। কিন্তু সেই বিভাগ আমাদের নিয়ন্ত্রণে নয়। উনি সঠিক কথাই বলেছেন যে মানুষের উপর যেমন নির্যাতন করা অন্যায়, পাপ, ঠিক তেমনি অবলা পশু, তাদের উপর নির্যাতন করাও অত্যন্ত

অন্যায়। আমি ইমাজুদ্দিন সাহেবকে অনুরোধ করব তিনি তাঁদের নেত্রীর কাছে বলুন যে পশ্চিমবংগে যেন পশুক্লেশ নিবারণী সমিতি তৈরী করার একটা ব্যবস্থা করেন এবং এর পাশাপাশি অন্যান্য সাহায্যও করেন। এই কথা বলে যাঁরা আমার বাজেটকে সমর্থন করেছেন, তাঁদের ধন্যবাদ জানিয়ে এবং যাঁরা বাজেটের বিরুদ্ধে কথা বলেছেন তাঁরাও যেসব গঠনমূলক প্রস্তাবগুলি দিয়েছেন সেগুলি গ্রহণ করে, তাঁদের ধন্যবাদ জানিয়ে—ডাঃ জয়নাল আবেদিন সাহেব কাট মোশন দিয়েছেন, কেন দিয়েছেন জানিনা উনি সুযোগও নেবেন আবার কাট মোশনও দেবেন—এটাতো ঠিক নয়, তাই তাঁদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 55**

The motions of Dr. Zainal Abedin that the amount of demand be reduced to Re. 1/-, were then put and lost.

The motion of Shri Amritendu Mukherjee that a sum of Rs. 14,09,51,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: '310-Animal Husbandry and 510-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)."

(This is inclusive of a total sum of Rs. 8,13,30,000 already voted on account in March and June, 1982), was then put agreed to.

**Demand No. 56**

The motion of Shri Amitendu Mukherjee that a sum of Rs. 27,44,71,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "311-Dairy Development, 511-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)" and "711-Loans for Dairy Development (Excluding Public Undertakings)".

(This is a inclusive of a total sum of Rs. 14,03,48,000 already voted on account in March and June, 1982), was then put agreed to.

**মিঃ স্পীকার :** সেদিন হাউসে অপরিষদীয় কথাবার্তা এবং সীমানা অতিক্রম সম্বন্ধে যে কথা বলা হয়েছিল, আমি সে সময়ের টেপ রেকর্ডার শুনেছি এবং প্রসিডিংস রেকর্ড দেখেছি। তাতে ওরকম কোন কথা পাইনি। কাজেই এর উপর ফারদার এ্যাকশনের কোন প্রয়োজন নেই।

(At this stage the House was adjourned till 2.30 P.M.)

[2-30—2-40 p.m.]

## বীরভূম জেলায় সদর হাসপাতাল

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহকরে উত্তর দেবেন কি—

(ক) বীরভূম জেলার সদর হাসপাতালের নবনির্মিত দ্বিতলের ঘরগুলি রুগীদের জন্য ব্যবহার করা হচ্ছে কি, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে উক্ত স্থানে রুগীদের জন্য কতগুলি বেড আছে?

শ্রীরামনারায়ন গোস্বামী : (ক) হ্যাঁ

(খ) মঞ্জুরীকৃত ২১৪টি শয্যার মধ্যে বর্তমানে ১১৪টি চালু আছে।

**Pollution of environment of Calcutta**

*180. (Admitted question No. *644.) **Shri Birendra Narayan Ray :** Will the Minister-in-charge of the Environment and Pollution Department be pleased to state—

(a) if it is a fact that the environment of Calcutta and suburbs is being polluted because of Industrialisation. State Transport System, Khatals and bad drainage system ; and

(b) if the answer to (a) is in the affirmative the steps contemplated to be taken for solving the problem ?

**Shri Bhabani Mukherjee :** (a) It is true that inadequate control on the use of Water and Air by Industrial Units, vehicular emissions, Khatals and inadeqate liquid waste disposal systems have contributed to the pollution problem in Calcutta and Suburbs.

(b) Already investments have been made under the C.M.D.A. programme on water supply, sweerage and drainage and a large scale slum improvement scheme to improve the environmental conditions in the C.M.D.A. An organised effort for tree plantations is also being implemented. In future further invenstments are proposed to be made in providing safe water supply and making more adequate arrangements for liquid waste disposal, besides continuing the improvements in slum areas. In addition, steps will be taken to enforce vigorously the provisions of Central Air and Water Pollution Control Acts.

The Home (Transport) Departmet is already using a gadget in a bus of the State Transport Corporation on an experimental basis to test its effectiveness in controlling pollution. If the experiment is found successful, the gadget will be tried in other buses.

To minimise pollution hazards from Khatals, the entire Municipal areas of Calcutta and Howrah were already declared as "Prohibited Areas" under Section 9(1) of the West Bengal Cattle Act 1959 in the year 1968. 35 Municipalities within C.M.D.A. areas were also declared as "Prohibited areas" under the said Act during 1975. No one except a house owner is allowed to keep cattle in 'Prohibited' areas after obtaining Class 'A' licence under Section 4 (1) of the said Act for the purpose of consumption of milk by himself or by members of his family.

Construction of 4 new cattle resettlement colonies has been taken up by the Government and many of the city-kept khatals will be shifted to these colonies as and when they are campleted.

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** আপনি যেগুলি বললেন, সেগুলি আইনেই ছিল, কি কার্য্যকরী হয় নি। আপনি কি এগুলি দ্রুত কার্যকরী করার ব্যবস্থা করবেন?

**শ্রীভবানী মুখার্জী ঃ** নতুন পরিবেশ দপ্তরের কার্য্য হচ্ছে স্বাস্থ্য দপ্তর সমেত অন্যান্য সমস্ত দপ্তরের যে কার্যকলাপের ফলে পলিউশান হয় এবং তার এফেক্ট দূর করে উন্নতিমূলক কার্য যাতে হয় তা দেখাশোনা করা ও এনভায়রমেণ্টকে দূষণ মুক্ত রাখার কাজ দেখাশোনা করা। আমরা তা করছি।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনার এই নতুন দপ্তর থেকে বিবিধ ব্যবস্থা গ্রহণের ফলে পরিবেশ দূষণের কাজগুলি কমে গেছে কিনা?

**শ্রীভবানী মুখার্জী ঃ** এত অল্প সময়ের মধ্যে কমে গেছে বলে দাবী করতে পারব না। তবে কাজের যে শিথিলতা ছিল, সেগুলি যাতে দূর করা যায়, তার চেষ্টা করছি।

## চিড়িয়াখানা অঞ্চলে পাঁচতারা হোটেল নির্মাণ

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, কলকাতার চিড়িয়াখানার পার্শ্বে প্রস্তাবিত পাঁচতারা হোটেল নির্মাণে অসম্মতি জ্ঞাপন করে প্রধানমন্ত্রী রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন।

**শ্রীভবানী মুখার্জী ঃ** হাঁ, সত্য।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** প্রধানমন্ত্রীর চিঠির মধ্যে বক্তব্যের বিষয়বস্তু কি ছিল?

**শ্রীভবানী মুখার্জী ঃ** প্রধানমন্ত্রীর বক্তব্যের বিষয় ছিল যে ঐ 'জু'এর কাছে ৫ তলা বিশিষ্ট হোটেল তৈরী হলে প্রাণীদের অসুবিধা হবে। এ ব্যাপারে ওয়াইল্ড লাইফ এ্যাসোসিয়েশান তাঁদের মতামত প্রধানমন্ত্রীর কাছে জানিয়েছেন। তিনি সেজন্য আপত্তি জানিয়েছিলেন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** চিড়িয়াখানার পাশে ৫ তারা হোটেল নির্মাণের ব্যাপারে নানা মহল থেকে আপত্তি জানিয়েছেন। আপনি কি ওখানে হোটেল তৈরীর ব্যাপারে বিশেষজ্ঞদের কাছ থেকে ওপিনিয়ন নিয়ে তবেই কি এই সিদ্ধান্ত নিয়েছেন?

**শ্রীভবানী মুখার্জী ঃ** নোটীশ দিলে এ সম্বন্ধে ভাল করে বলতে পারব। তবে, এ ব্যাপারে বিভিন্ন বিশেষজ্ঞের ওপিনয়ন নিয়ে দেখছি, কোন অসুবিধা হবে না। সেই ওপিনিয়নের ভিত্তিতেই আমরা হোটেল তৈরীর জন্য অনুমতি দিয়েছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** বিশেষজ্ঞের অভিমত নিয়ে প্রধানমন্ত্রীর চিঠিতে যে বক্তব্য রাজ্যসরকারকে পাঠিয়েছিলেন, আপনারা কি তাকে রি-কনসিডার করার চেষ্টা করছেন?

**শ্রীভবানী মুখার্জী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর চিঠির জবাব ইতিমধ্যে দিয়েছেন। প্রধানমন্ত্রীর বক্তব্য অত্যন্ত সংক্ষিপ্ত ছিল। তারমধ্যে শুধু এক্সপার্ট কমিটির আপত্তির কথা বলা ছিল। এ ব্যাপারে বিশেষজ্ঞদের মত নিয়ে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে জবাব পাঠিয়ে দিয়েছেন।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** প্রস্তাবিত হোটেলটির ব্যাপারে যে জমির দরকার, কি লীজ দেওয়া হয়েছে, না বিক্রি করা হয়েছে। লীজ হলেই বা কত টাকায় য়েছেন, আর বিক্রি হয়ে থাকলে কত টাকায় বিক্রি করেছেন ?

**মিঃ স্পীকার ঃ** এর কোন উত্তর হতে পারে না ?

40—2-50 p m.]

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রধান মন্ত্রী যে হোটেল ার ব্যাপারে বিশেষজ্ঞদের আপত্তির কথা লিখেছিলেন সেটা হোটেল করলে পরে ৷-পাখীর অসুবিধার জন্য না বড় বাড়ী করার অসুবিধার জন্য ?

**শ্রীভবানী মুখার্জী ঃ** আমি প্রধানমন্ত্রীর চিঠিটি পড়ছি।

Dear Shri Basu, I learn that the Govt. of West Bengal has :fore it a proposal to handover 4 acres of a plot of land belonging Alipore Zoological Garden to the Taj Group for construction a Five-star multi-storeyed building. Apart from reduction the already inadequate space for the Zoological Garden a ulti-storeyed building in the vicinity of the zoo would disturb ; inmates and adversely affect the bird migration which is the eatest attraction. The Expert Committee of the Indian Board r Wild Life on Zoos had unanimously disapproved of the idea. hope you will not allow Calcutta Zoo to suffer in any manner, nd will leave it at that. Can't the Hotel be placed elsewhere ? his is the letter,

**শ্রীতারাপদ সাধুখান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রধানমন্ত্রীর চিঠি ড়লেন আপনি কিন্তু আমার জিজ্ঞাসা কলকাতার মধ্যে অলটারনেটিভ স্যুটেবেল ল্যাণ্ডের ধ্যে হোটেল করা যেতে পারে না কি ? না এটা আপনার জেদের বসে করছেন ?

**মিঃ স্পীকার ঃ** এর কোন উত্তর নেই।

## হাসপাতালে যক্ষ্মারোগীর সংখ্যা

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও রিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সরকারী হাসপাতালে যক্ষ্মারোগীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত রোগীদের জন্য বর্তমানে মোট কয়টি শয্যা আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) সরকারী হাসপাতালে, স্বাস্থ্যকেন্দ্রে, টি. বি. ক্লিনিক প্রভৃতিতে বিভিন্নভাবে চিকিৎসাগত রোগীর সংখ্যা ১, ৫১, ৫৭০ জন।

(খ) ৫৯৪৮টি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যক্ষ্মারোগীদের শয্যা সংখ্যা বৃদ্ধির করার কোন পরিকল্পনা আপনাদের সরকারের আছে কি না ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** না আপাতত নেই। রাঁচী ক্লিনিকে পশ্চিমবঙ্গের যক্ষ্মা রোগীদের জন্য ১৩০টি শয্যা সংরক্ষিত আছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে জুন মাসে ক্ষমতায় আসার পর থেকে আজ পর্যন্ত যক্ষ্মা রোগীদের শয্যা সংখ্যা কতগুলি বেড়েছে এবং বাড়লে তার সংখ্যা কত ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ দেবেন উত্তর দেব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কটা সরকারী হাসপাতালে এই বেডগুলি আছে এবং এ ছাড়া ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্টে কত রুগী আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** ১২টার মধ্যে ৩ হাজার ৬২২টি সিট আছে এবং বাকীটা বেসরকারী হাসপাতালে।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য্য ঃ** আপনি যে রুগী এবং বেডের সংখ্যা দিলেন তাতে কি এক একটা সিটে ৩।৪ জন করে রুগী শুয়ে থাকে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এটা হচ্ছে আউটডোরে যারা চিকিৎসিত হয় তার সংখ্যা—এটা এক সঙ্গে দেওয়া হয়েছে।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** ১৯৭৪ সালে এন, আর. এস, —এ টি, বি, রোগীদের চিকিৎসা করার জন্য যে ইনডোর হাসপাতাল করা হয়েছিল তা কি চালু আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ চাই।

## রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিল

*২৭৬। ( অনুমোদিত প্রশ্ন নং *২২৪। **শ্রীকমলেন্দ্র রায় ঃ** (স্বরাষ্ট্র পরিষদীয়) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক গৃহীত কয়টি বিল এ যাবত রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় পড়ে আছে; এবং

(খ) কোন্ বিল কবে বিধানসভায় গৃহীত হয়েছিল ?

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** (ক) সাতটি বিল।

(খ) এসম্পর্কে একটি বিবরণী সঙ্গে যোগ করা হোক।

যে তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত হয়েছিল।

১০ই সেপ্টেম্বর, ১৯৬৯।

৯ই এপ্রিল, ১৯৮১।

১৫ই এপ্রিল, ১৯৮১।

১০ই সেপ্টেম্বর, ১৯৮১।

১৫ই সেপ্টেম্বর, ১৯৮১

১৫ই সেপ্টেম্বর, ১৯৮১।

২২শে সেপ্টেম্বর, ১৯৮১।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** যে সমস্ত বিলে রাষ্ট্রপতি সম্মতি দেন নি, বিশেষ করে রাজ্য সরকারের প্রগতিশীল ভূমি বিলে, তাতে আপনি কি এ রকম খবর জানেন যে রাষ্ট্রপতির, প্রধানমন্ত্রীর কাছে ডেপুটেশান দিয়ে আপত্তি জানানো হয়েছে ?

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** এ রকম খবর আমার দপ্তরে নেই, তবে কানাঘুষা শোনা যাচ্ছে।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** কোলকাতা থেকে খাটাল অপসারণের জন্য বিলে রাষ্ট্রপতির স্বাক্ষর না দেবার পেছনে কংগ্রেস ( আই ) এর হাত আছে কি না?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হবে না।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** রাষ্ট্রপতির অনুমোদনের জন্য দীর্ঘদিন ধরে যে পড়ে আছে তারজন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** তাগাদা দেওয়া হচ্ছে এবং আমাদের এখান থেকে মন্ত্রীরা গিয়ে দেখাশুনা করেন।

[2-50—3-00 p.m.]

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বিলগুলি কেন্দ্রে আটকে আছে এই বিলগুলি সম্পর্কে আপনাদের কাছে ক্ল্যারিফিকেশান চেয়েছে, আপনারা ক্ল্যারিফিকেশান দিতে পারছেন না, সংবিধান বিরোধী আইন, সেজন্য অনুমোদন দিচ্ছে না এটা কি সত্য?

**শ্রীপতিতবাবন পাঠক ঃ** মাননীয় সদস্য কিছু জানেন না, এই রকম কোন ঘটনা নয়। উনি অন্য কিছু চিন্তা করছিলেন, সেজন্য এই রকম কথা বলছেন।

## কারখানায় লে-অফ, লক-আউট ও ধর্মঘট

*২৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৮১৯। ) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ১৯৮১ হইতে ৩১শে জুলাই, ১৯৮২ পর্যন্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে কতগুলি কারখানায় লে-অফ, লক-আউট ও ধর্মঘট হইয়াছে;

(খ) উক্ত ক্ষেত্রে কতজন শ্রমিক ক্ষতিগ্রস্ত হইয়াছেন;

(গ) ক্ষতিগ্রস্ত শ্রমিকদের সরকারী প্রকল্প অনুসারে কত পরিমাণ অর্থসাহায্য করা হইয়াছে এবং কতজনকে; এবং

(ঘ) মালিকদের বেআইনী কার্যকলাপের ক্ষেত্রে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** (ক) উল্লেখিত সময়ে লে-অফ, লক-আউট এবং ধর্মঘটের সংখ্যা নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| লে-অফ | — | ৯০ |
| লক-আউট | — | ১৩০ |
| ধর্মঘট | — | ৪৪ |

(খ) ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| লে-অফ | — | ১০,৫৪৮ জন |
| লক-আউট | — | ১৭৫,১৭৬ জন |
| ধর্মঘট | — | ২৯,৩৭১ জন |

(গ) এ ব্যাপারে কোন সরকারী প্রকল্প নাই।

(ঘ) সাধারণতঃ সালিশীর মাধ্যমে প্রথমে লে-অফ, লক-আউট ও ধর্মঘট মীমাংসার চেষ্টা করা হয়। কোন কোন ক্ষেত্রে সালিশী ব্যর্থ হইলে শিল্পবিরোধ ট্রাইব্যুনালে বিরোধটি বিচারের জন্য পাঠান হয়।

শিল্পবিরোধ আইনের ১০(৩) ধারা অনুযায়ী ৪টি পাটকলের ক্ষেত্রে লক-আউট নিষিদ্ধ ঘোষণা করা হইয়াছিল। মালিকপক্ষ এই চারটি ক্ষেত্রেই সরকারী আদেশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করিয়াছিলেন। এদের মধ্যে একটি পাটকলে মালিক ও শ্রমিকপক্ষে মীমাংসা হওয়ায় লক-আউট প্রত্যাহৃত হইয়াছে।

**শ্রীলবাই বন্দোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বেআইনিভাবে যে কয়জন মালিক লে-অফ, লক-আউট করেছেন তাদের বিরুদ্ধে স্পেসিফিক কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** আমি উত্তরে বলেছি যে ৪টি কারখানা মালিকের বিরুদ্ধে ১০(৩) ধারা করে লক-আউট বেআইনী ঘোষণা করা হয়েছে।

**শ্রীমতীশ রায় :** মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে সময়ের কথা প্রশ্নোত্তরে বললেন এই সময়ে মহারাষ্ট্রে কত সংখ্যক লক-আউট, ধর্মঘট এবং লে-অফ হয়েছে তার তথ্য আছে কিনা?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এরজন্য নোটিশ দিতে হবে।

**শ্রীসুব্রত মুখার্জী :** জুট ইণ্ডাস্ট্রিতে ১৭টি জুট মিল লক-আউট ছিল, তার মধ্যে মন্ত্রী মহাশয় বললেন ৪ টির বিরুদ্ধে মামলা হয়েছে, আপনি কি জানাবেন বাকিগুলির বিরুদ্ধে ইললিগ্যাল লক-আউট ঘোষণা করা হয়নি কেন?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** কিছু আইনগত এবং কিছু শ্রমিক স্বার্থের কথা ভেবেই এটা করা হয়নি।

**শ্রীসুমন্ত কুমার হীরা :** মন্ত্রী মহাশয় জানাবেন কি যেসব মালিক বেআইনী লক-আউট করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা করার কোন অধিকার রাজ্য সরকারের আছে কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** যেহেতু এই ১০(৩) ধারায় যে বেআইনী করা হয়েছে সেটা হাইকোর্ট দ্বারা কার্যকরী হওয়া বন্ধ আছে সেইহেতু কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মন্ত্রী মহাশয়ের ডাটা অনুযায়ী দেখা যাচ্ছে ৯০ টা লে-অফ, ১৩০টি লক-আউট হয়েছে, আপানি ফ্যাক্টরী ডিসপিউট এ্যাক্টের ভিত্তিতে এদের বিরুদ্ধে এ্যাক্সান নিতে পারতেন কিন্তু ৪টি চটকলের ক্ষেত্রে এ্যাক্সান নিয়েছেন, বাকিগুলির ক্ষেত্রে সরকার কোন পদক্ষেপ নেননি কেন?

**মিঃ স্পীকার :** এই প্রশ্নের উত্তর হয়েগেছে, আর দিতে হবে না।

## Central help for S.C. and S.T. Students

*278. (Admitted Question No. *1051.) **Shri DINESH CHANDRA DAKUA :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Scheduled

Tribes Welfare Department be pleased to state whether the Central Government bear the whole or any portion of the expenditure incurred by the Government of West Bengal for payment of book grants, examination fees, hostel charges, and maintenance charges to the Schedlued Castes and Scheduled Tribes Students ?

**Dr. Shambhu Nath Mandi :** Central Govt. do not bear any portion of the expenditure incurred by Govt. of West Bengal for payment of Book Grants, examination fees, Hostel charges & maintenance charges to the Sch. Caste & Sch. tribe students reading in Secondary stages.

In case of students reading in Post-matric stages scholarship for Book grants, Hostel charges, tuition fees & maintenance charges are given. State Govt. bear the cost upto the level of total expenditure incurred during 1978-79 and Central Govt. bear the expenditure required over and above the level of 1978-79.

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, সিডিউল্ড কাস্ট-দের ক্ষেত্রে প্রি-ম্যাট্রিক স্কীমে যে খরচ হয় সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে কোন অর্থ সাহায্য চেয়েছেন কিনা ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আমরা একবার কথাবার্তা বলেছিলাম কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও রাজী হননি।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** প্রি-ম্যাট্রিক কোর্সে মেনটেনেন্স চার্জ এটা কি শুধু পশ্চিমবাংলায় রয়েছে, না সারা ভারতবর্ষে আছে ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** এখন পর্যন্ত যা জানি তাতে দেখছি এই স্কীম শুধু পশ্চিমবাংলাতেই রয়েছে।

**শ্রীশেখ ইমাজুদ্দীন ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮১/৮২ সালের মেনটেনেন্স চার্জ দেওয়া হয়েছে কি না ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** নোটিশ দিলে জানিয়ে দেব।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** কেন্দ্রীয় সরকার ওভার ড্রাফট কেটে দেবার জন্য প্রি-ম্যাট্রিক কোর্সের মেনটেনেন্স চার্জ কমাতে হয়েছে এটা কি সত্য ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** হ্যাঁ, এটা একটা ঘটনা।

## বিনামূল্যে মাছের পোনা বিতরণ

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৩।) **শ্রীসুবোধ ওরাওঁ ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১৫ই জুন থেকে ৩০শে আগস্ট পর্যন্ত কত পরিমাণ মাছের পোনা বিনামূল্যে সরকার হইতে বিতরণ করা হইয়াছে ;

(খ) বিনামূল্যে বিতরণ করা ঐসকল মাছের পোনার মূল্য কত ; এবং

(গ) কাহাদের মাধ্যমে ও কি পদ্ধতিতে ঐ পোনা মাছ বিতরণ করা হইয়াছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) ঐ সময়ের মধ্যে ১৭,৫৮,৪০০টি চারা পোনা বিনা-মূল্যে বিতরণ করা হইয়াছে।

(খ) বিতরিত চারা-পোনার মূল্য ২,৪০,৮৪২.৫০ টাকা।

(গ) স্থানীয় পঞ্চায়েত সমিতির সুপারিশ ক্রমে সমষ্টি উন্নয়ন আধিকারিক ও মৎস্য চাষ সম্প্রসারণ আধিকারিক দ্বারা তৈরী তালিকা অনুযায়ী ঐ চারাপোনা সরবরাহ করা হইয়াছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই মিনি কিট কোন কোন জেলায় দেওয়া হয়েছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** ১৬টি জেলায় এই মিনি কিট দেওয়া হয়েছে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি, এই যে ২ লক্ষ কত টাকার পোনা মাছ কিনেছেন এটা কাদের কাছ থেকে কিনেছেন এবং কিভাবে কিনেছেন ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** নোটিশ চাই।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, পূর্বের মন্ত্রী মহাশয় তো পাহাড়ে মাছ চাষের ব্যবস্থা করেছিলেন, এবারে আপনি কি মরুভূমিতে মাছ চাষ করবার ব্যবস্থা করছেন ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন আসেনা।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** মন্ত্রী মহাশয় হিসেব দিলেন এত লক্ষ মাছের পোনা তিনি বিলি করেছেন। আমার প্রশ্ন হচ্ছে, আপনি এরকম কোন অভিযোগ পেয়েছেন কিনা যে, ব্লক অফিসে ফিসারী অফিসারদের কাছে টাকা পড়ে রয়েছে অথচ তাঁরা সেই টাকা বিতরণ করেননি।

**শ্রীকিরণময় নন্দ ঃ** এরকম কোন অভিযোগ আমি পাইনি। যদি এরকম অভিযোগ পাওয়া যায় তাহলে তদন্ত করা হবে।

[3-00—3-10 p.m.]

**শ্রীকিরণময় নন্দ ঃ** এরকম কোন অভিযোগ আমার কাছে নাই। তবে মাননীয় সদস্য যদি এরকম কোন অভিযোগ করেন তাহলে সেটা খতিয়ে দেখা হবে।

## উডবার্ণ ওয়ার্ডে কেবিনের সংখ্যা

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৪।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এস এস কে এম হাসপাতালের উডবার্ণ ওয়ার্ডে কতগুলি কেবিন (ঘর) আছে ;

(খ) (১) উক্ত ওয়ার্ডে শীততাপনিয়ন্ত্রিত কেবিন আছে কিনা ; এবং (২) থাকিলে কয়টি চালু আছে ; এবং

(গ) উক্ত কেবিনগুলির দৈনিক ভাড়া কত ?

**ডঃ অম্বরিশ মুখোপাধ্যায় :** (ক) ২৬টি কেবিন।

(খ) (১) হ্যাঁ, ৬টি আছে। (২) ছয়টিই।

(গ) টুইন-বেডেড প্রতি কেবিনের দৈনিক ভাড়া ১২ টাকা, সিঙ্গল বেডেড প্রতি কেবিনের দৈনিক ভাড়া ১২ টাকা, শীততাপনিয়ন্ত্রিত প্রতি কেবিনের দৈনিক ভাড়া ২৫ টাকা।

**শ্রীঅনিল মুখার্জি :** এই যে ভাড়ার রেট, এটা কোন সময়ে নির্ধারিত হয়েছে ?

**শ্রীঅম্বরিশ মুখোপাধ্যায় :** এটা আগে থেকেই আছে।

**শ্রীনিরোদ রায় চৌধুরী :** এই রেট কমাবার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীঅম্বরিশ মুখোপাধ্যায় :** না, এখন কোন পরিকল্পনা নেই।

### জলপাইগুড়ি জেলায় আদিবাসী-অধ্যুষিত অঞ্চল

*২৮১। ( অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯। ) **শ্রীমনোহর তিরকী :** তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আদিবাসী-অধ্যুষিত এলাকাগুলির সংখ্যা কত ; এবং

(খ) কোন্ সময়ের জনগণনার ভিত্তিতে উক্ত এলাকাগুলিকে আদিবাসী-অধ্যুষিত এলাকা বলে চিহ্নিত করা হয়েছে ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি :** (ক) শতকরা ৫০ বা তদূর্ধ আদিবাসী অধ্যুষিত মৌজার সংখ্যা ২০০।

(ব) ১৯৭১ সালের।

**শ্রীউপেন্দ্র কিসকু :** শ্রীমাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি শতকরা ৫০ ভাগের বেশী গ্রাম আই টি ডি পি-র বাইরে আছে ?

**শ্রীশম্ভুনাথ মাণ্ডি :** যদি কোথাও থেকে থাকে, আপনার জানা থাকলে বলবেন, আমরা সেই অনুসারে কাজ করবো।

### Central Trade Unions in West Bengal

*282. (Admitted Question No. *1298.) **Shri Abdul Mannan :** Will the Minister in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the State Government has received any request from the Centre to supply them with the figures of membership of Central Trade Unions in West Bengal ; and

(b) if so,

(i) when was the request received by the State Government , and

(ii) whether the figures of membership have been sent by the State Government to the Centre ?

**Shri Prabir Segupta :** (a) Yes.

(b) (i) On the 13th April, 1982 (for the membership figures of trade unions affiliated to A. I. T. U. C., C. I. T. U. and N. L. O. as on 31.12.80).

(b) (ii) Yes ; on 30. 8. 82 Figures for earlier years in respect of all Central Trade Unions have also been furnished to the Govt. of India on request.

## গিলারছাট ( মথুরাপুর ) সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্র

*২৮৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৪২৩। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গিলারছাট ( মথুরাপুর থানা ) সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার নেই ;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে কত শয্যা আছে ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) হ্যাঁ

(খ) ৬।

(গ) আপাততঃ নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ডাক্তার কতদিন নাই।

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** ২৪ পরগণার জেলা স্বাস্থ্য অধিকর্তা ডেপুটেসনে লোক দিয়েছে। চিঠি পাঠানো হয়েছে। যদি সে জয়েন না করে তাহলে আমরা এখান থেকে পাবলিক সার্ভিস কমিশন থেকে ডাক্তার দেবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আমার প্রশ্ন পরিষ্কার কতদিন ওখানে ডাক্তার নেই।

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** নোটিশ চাই।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস :** পশ্চিমবাংলায় কতগুলি হাসপাতালে ডাক্তার নাই।

**মিঃ স্পীকার :** এই প্রশ্নের সঙ্গে এটা আসে না।

**শ্রীসুমন্ত কুমার হীরা :** মাননীয় সদস্য সত্য বাপুলীর বাড়ীতে কোন সাবসিডিয়ারী হাসপাতাল করবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** না।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারটি এখন চালু আছে কি না ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** ওটা বাপুলি মহাশয়ের ব্যাপার, আপনি চীৎকার করবেন না। ওটা চালু আছে।

## উত্তর হাওড়ায় নস্করপাড়া জুট মিল

*২৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৯২ ) **শ্রীঅশোক ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) উত্তর হাওড়ায় নস্করপাড়া জুট মিলটি বন্ধ আছে কি ? এবং

(খ) বন্ধ থাকিলে উক্ত কারখানাটি খোলার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** হ্যাঁ।

(খ) মিলটি খোলার জন্য বিভিন্ন পর্যায়ে বহুবার মীমাংসার জন্য চেষ্টা করা হইয়াছে কিন্তু কোন মীমাংসায় পৌছানো সম্ভব হয় নাই। ঐ মিলটিতে ১১ই জুলাই, ১৯৮১ তারিখে মহামান্য হাইকোর্টের নির্দেশে একজন লিকুইডেটার নিযুক্ত হইয়াছেন এবং বর্তমানে লিকুইডেশনের কাজ চলিতেছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এর আগে সরকার পক্ষ কোন ট্রাইপার্টাইট লেভেলে এ্যারেঞ্জমেণ্ট করেছিলেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বহুবার বসা হয়েছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** সরকার পক্ষ কোন রিপোর্ট দিয়েছেন কি, যে এটা ফেল করেছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এর আগে দু একবার মিমাংসা হয়েছিল, কিন্তু পরবর্তীকালে মিমাংসা করা যায়নি।

**Report Regarding murder of Smt. Barnali Dutta**

*286. (Admitted Question No. *678.) **Shri Subrata Mukherjee** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state —

(a) whether the Commissioner of Presidency Division has since submitted his report regarding the murder of Smt. Barnali Dutta of Cooch Behar district to the Government ; and

(b) if so, what action has been taken by the Government in the matter?

**Shri Ram Narayan Goswami :** (a) Yes.

(b) The District and Hospital Authorities have been directed to take steps to ensure the security of Nurses' quarter and hostels attached to the hospitals.

The Government are also exploring the possibilities of providing residential accommodation to all the nurses particularly the unmarried ones.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ ঘটনার সঙ্গে কোন্ কোন্ মিসক্রিয়্যাণ্টস জড়িত ছিলেন ? তাদের নাম কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ চাই।

**E. S. I. Hospital at Haldia**

*287. (Admitted Question No. *1488.) **Shri Lakshman Chandra Seth :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state —

(a) whether the Government has any proposal for setting up of E.S.I. hospital at Haldia ; and

(b) if so, the steps so far taken in this regard ?

**Shri Prabir Sen Gupta :** (a) No.

(a) Does not arise.

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ই.এস.আই. হাসপাতালে যে সব ওষুধ চুরি হয়ে যায়, সেইগুলো বন্ধ করবার কোন ব্যবস্থা করছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা প্রাসঙ্গিক নয়।

## যৌন ব্যধি প্রতিরোধ ব্যবস্থা

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৭।) **ডঃ মোতাহার হোসেন :** স্বাস্থ ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যৌন ব্যধি বৃদ্ধির প্রতিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** এই রাজ্যে মোট ৫২টি যৌন রোগ চিকিৎসা কেন্দ্র (S.T.D. Clinic) আছে। মহকুমা হাসপাতালস্তর অবধি রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে এই কেন্দ্রগুলি চালু আছে। এই কেন্দ্রগুলিতে যৌনব্যধিগ্রস্ত রোগীদের প্রয়োজনীয় পরীক্ষা ও চিকিৎসা করা হয়। এই কেন্দ্রগুলির সহিত সংযুক্ত সোস্যাল ওয়াকাররা যৌন রোগের ব্যাপারে প্রয়োজনীয় চিকিৎসা উপর তদারকী ব্যবস্থা গ্রহন চিকিৎসাকেন্দ্রে রোগীদের ইণ্টারভিউ গ্রহণ, রোগীদের গৃহে গমন এবং যৌনরোগের সংস্পর্শের উৎস অনুসন্ধান প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া সহবাসজনিত সিফিলিসের সংক্রমন প্রতিরোধের জন্য প্রাক-প্রসবকালীন অবস্থায় গর্ভবতী নারীদের রক্ত পরীক্ষার জন্য কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্কে V.D.R.L. Test এর জন্য পাঠান হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ :** আপনি কি ঐ লিস্টের মধ্যে বামফ্রণ্টের কতজন এম. এল এ. আছে ?

(নো রিপ্লাই)

**শ্রীসেখ ইমাজুদ্দিন :** এই রোগের সংখ্যা বর্তমানে বাড়ছে, না কমছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** এটা বলা খুব মুস্কিল। তবে নোটিশ দিলে আমি বলে দিতে পারব।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি :** হাওড়া সদর হাসপাতালে এই রোগ চিকিৎসার ব্যবস্থ আছে কি, যদি না থাকে তাহলে এই ব্যবস্থা কেন হচ্ছে না, বলবেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

**ডাঃ হরমোহন সিংহ :** এই রোগের প্রাদুর্ভাব যে কারণে হয়ে থাকে সেই সব কারণগুলি অনুসন্ধান করবার জন্য যদি চেষ্টা করে থাকেন তাহলে সেই চেষ্টার সঙ্গে কংগ্রেস (ই) সম্পর্কে অনুসন্ধানে চেষ্টাটাও করবেন কি ?

(নো রিপ্লাই)

## জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের ন্যুনতম মজুরি

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩।) **শ্রীশীশ মহম্মদ :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের সরকার অনুমোদিত ন্যুনতম মজুরির হার কত;

(খ) বিড়ি কারখানার মালিকগণ উক্ত ন্যুনতম মজুরি শ্রমিকদের প্রদান করে কিনা তা দেখিবার কোন সরকারী ব্যবস্থা আছে কি;

(গ) বিড়ি শ্রমিক বলে স্বীকৃতিলাভের জন্য কার্ড চালু করার জন্য শ্রমিকগণ কোন আবেদন ইতিপূর্বে করেছেন কি; এবং

(ঘ) উত্তর হ্যাঁ হলে, তাহার ফলাফল কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) ১৯৮২ সালের মার্চ মাসের মূল্যসূচক অনুযায়ী মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার নিমতিতা, ধুলিয়ান এবং ঔরঙ্গাবাদে সরকারী ন্যূনতম মজুরীর হার প্রতি হাজার বিড়ি বাঁধার জন্য ৭ টাকা ৯৫ পয়সা এবং অন্যান্য স্থানে ৮ টাকা ৫২ পয়সা।

(খ) হ্যাঁ আছে। বিড়ি শ্রমিকেরা সরকারী হারে ন্যূনতম মজুরী পাচ্ছেন কি না, তাহা দেখার জন্য জঙ্গীপুর মহকুমার প্রতি ব্লকে একজন করে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর এবং ইন্সপেক্টারদের কাজ তদারকী করবার জন্য জঙ্গীপুর মহকুমা এ্যাসিসট্যান্ট লেবার কমিশনার নিযুক্ত রয়েছেন। কিন্তু তা সত্ত্বেও বিড়ি মালিকদের অসহযোগিতার জন্য বিড়ি শ্রমিকেরা সরকারী হার অনুযায়ী ন্যূনতম মজুরী পাচ্ছেন না।

(গ) ও (ঘ) হ্যাঁ করেছেন। এবিষয়টি নিয়ে সরকার শ্রমিক এবং মালিক সংগঠনের সাথে আলোচনা করেছেন। কিন্তু এখনও কোন সিদ্ধান্তে আসা সম্ভব হয়নি। বিষয়টির বিকল্প কোন ব্যবস্থা করা যায় কি না কিংবা শালিসীর মাধ্যমে নিষ্পত্তি করা যায় কিনা তাহা সরকারের বিবেচনাধীন রয়েছে।

[3-10—3-20 p.m.]

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, প্রতি ব্লকে একজন করে লেবার ইনসপেক্টার এবং সাব-ডিভিসানে একজন লেবার কমিশনার থাকা সত্ত্বেও মিনিমাম ওয়েজ রেট কার্যকরী হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, শ্রমিকরা যাতে প্রকৃত রেট পায় তারজন্য অন্য কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমি যেটা বুঝি সেটা হচ্ছে, শ্রমিকদের সংগঠিত করার মধ্যে দিয়ে এটা আদায়করা সম্ভব।

**শ্রীশীশ মহম্মদ ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন সালিশীর দ্বারা শ্রমিক বলে স্বীকৃতি লাভের জন্য তারা যে কার্ডের আবেদন করেছে সেটা মালিকদের সঙ্গে বসে সালিশীর মাধ্যমে করবেন। যদি সালিসির মারফত না হয় তাহলে শ্রমিকদের স্বীকৃতি প্রাপ্তির কার্ড দেবার জন্য কোন আইন প্রণয়নের প্রচেষ্টা করবেন কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এই ধরণের চিন্তা আছে কিনা জানি না তবে বিরোধের নিষ্পত্তি আলোচনার মাধ্যমে যদি না হয় তাহলে ট্রাইবুন্যালে দেবার একটা পদ্ধতি আছে, সেইভাবে হতে পারে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিড়ি শ্রমিকদের ন্যায্য ওয়েজ পাবার ব্যাপারে কোন ওয়েজ বোর্ড টাইপের অথবা কোন কমিশন করছেন কিনা? এখানে প্রায় দু লক্ষ বিড়ি শ্রমিক আছে, তাদের জন্য এটা চিন্তা করছেন কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরির প্রশ্নটা একটা জটিল প্রশ্ন। শ্রমিকরা যদি সংগঠিত হয় তাহলে এই ন্যূনতম মজুরি আদায় করা সম্ভব।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিড়ি শ্রমিকদের বোনাস পাইয়ে দেবার জন্য কোন আইন প্রণয়নের কথা চিন্তা করছেন কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বিড়ি মালিকরা আজকে যে রাস্তা নিয়েছেন সেটা হচ্ছে তারা ছোট ছোট করে ব্যবসা করছেন। সেখানে বিড়ি শ্রমিকরা আন্দোলন করে

কোথাও কোথাও বোনাস আদায় করতে পারেন কিন্তু সর্বত্র আন্দোলন করে আদা করতে পারছেন না।

## প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪০।) ডাঃ মানস ভুঁঞা ঃ স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারদের পদের সংখ্যা কত ?

**শ্রীরামনারায়ন গোস্বামী ঃ** গ্রামীন হাসপাতালগুলির পদগুলি ধরিয়া মো ৭৮১টি পদ আছে।

**মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কতগুলি পদ এখ খালি আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** সারা পশ্চিমবঙ্গে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মোট ৮৩টি ডাক্তারের পদ এবং উপস্বাস্থ্যকেন্দ্রে মোট ১৯৭টি ডাক্তারের পদ খালি আছে।

**ডাঃ মানস ইভুঁয়া ঃ** কিছুদিন আগে পি. এস. সির যে পরীক্ষা হয়ে গেল তা রেকমেনডেড লিস্ট হেল্থ ডিপার্টমেণ্টে এসে গিয়েছে, তারমধ্যে বতজন ডাক্তারবে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন জানাবেন কি ?

**শ্রীরামনায়গ গোস্বামী ঃ** লিস্ট আমাদের কাছে এসেছে, আমরা এ্যাপয়েন্টমেন দিতে সুরু করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যারা বণ্ড দিয়ে পাশ করেছে তাদের এ্যাবজর্ব করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এ প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন আসে না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনার দপ্তর থেকে যাদের এ্যাড হক এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তাদের রেগুলারাইজ করার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এ প্রশ্নও আসে না।

**শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ** ১৯৭২ থেকে ১৯৭৭ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কতগুলি ডাক্তারের পদ শূণ্য ছিল মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** সেই হিসাব আমার কাছে নেই। তবে হাসপাতাল এবং প্রাইমারী হেল্থ সেন্টার সব মিলিয়ে ১৯৭৬ সালে মোটামুটি ৭০০ ডাক্তারের পদ খালি ছিল।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** পি এস. সি থেকে যে নামের তালিকা এসেছে সেই অনুযায়ী আপনি এ্যাপয়েন্টমেন্ট দেবার কাজ সুরু করেছেন বললেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতদিনের মধ্যে এই এ্যাপয়েন্টমেন্ট দেবার কাজ শেষ করবেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** যত তাড়াতাড়ি সম্ভব শেষ করবো।

## পাণ্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরকরণ

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৫।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হুগলী জেলায় পাণ্ডুয়া থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আরো পাঁচটি বেড বাড়াইয়া গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তর করিবার পরিকল্পনা আছে কি ?

(খ) থাকিলে, উক্ত বিষয়ে সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীরামনারায়ন গোস্বামী ঃ** (ক) একটি প্রস্তাব পাওয়া গেছে।

(খ) প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

## বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারদের ডিউটির সময়

*২৯২। ( অনুমোদিত প্রশ্ন নং *৭৬৪। ) **শ্রীগোপাল মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন উপ-স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মহকুমা সদর হাসপাতাল ও জেলা সদর হাসপাতালে ডাক্তারদের ডিউটির সময় নির্ধারণের পদ্ধতি কি; এবং

(খ) কল বুক পাঠালে ডাক্তাররা কতক্ষণ সময়ের মধ্যে আসতে বাধ্য ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালে ডাক্তারদের কাজের সময়ের তালিকা নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| শীতকালে | — | সকাল ৯টা থেকে বিকাল ৪টা |
| ( নভেম্বর থেকে ফেব্রুয়ারী ) | | ( যতক্ষন পর্য্যন্ত কাজ না শেষ হয় ) |
| গ্রীষ্মকালে | — | সকাল ৮-৩০টা থেকে বিকাল ৪টা |
| ( মার্চ থেকে অক্টোবর ) | -- | ( যতক্ষণ পর্য্যন্ত কাজ না শেষ হয় ) |

(খ) কোন বাঁধাধরা নিয়ম নাই। কেসের গুরুত্ব বুঝে ব্যবস্থা নেওয়া হয়।

[3-20—3-30 p.m.]

**শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যদি কোন ডাক্তারকে সকালবেলা ডাকা হয় এবং সে যদি বিকাল-বেলা পর্যন্ত না আসে তাহলে তার বিরুদ্ধে অভিযোগ করলে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয় কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এরকম কোনো অভিযোগ এখনো পর্যন্ত আমাদের কাছে আসেনি, তবে ভবিষ্যতে এলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

## New hospital at Kharagpur

*293. ( Admitted Question No. *895. ) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) the total expenditure incurred by the State Government on the construction of the 250-bedded hospital at Kharagpur ;

(b) the date on which the building was handed over on completion to the Health Department by the P.W.D. ;

(c) the date on which the hospital was opened to the public and the number of beds in it ;

(d) the medical facilities available in the hospital at present ;

(e) if it is a fact that costly fittings and important materials wo lakhs of rupees have been stolen from this hospital ; and

(f) if so, the total loss suffered on account of theft(s) ?

**Shri Ramnarayan Goswami :** a) Total sanctioned amount—

i) Rs. 1,37,32,361/- for constructional works ;

ii) Rs. 6,07,658/- for Water Supply.

b) On 6.7.81.

c) The Hospital has started functioning from 18.9.81 with O.P.] Emergency, Maternity & 50 Indoor Beds.

d) The following medical facilities are available in the hospital present :

i) O.P.D. Service

ii) Emergency

iii) General Medicine

iv) Maternity

v) Surgery

vi) Gynaecology

vii) X-Ray and Pathology.

e) It is a fact that some costly fittings and fixtures and some oth electrical articles were stolen from the hospital building.

f) Estimate of amount of loss suffered has not yet been received fro the concerned authorities.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, মেদিনীপুর জেলা খড়্গপুর হাসপাতালটিকে কেন্দ্র করে একটি মেডিকেল কলেজ গড়ে তোলার আগেকা সরকারের যে পরিকল্পনা ছিল সে সম্পর্কে আপনি কোন চিন্তা ভাবনা করছেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে চুরির কথা বললেন, এ সম্বন্ধে এ্যাসেস করা দরকার যে কত লক্ষ টাকার চুরি হয়েছে, কি কি ইকুইপমেণ্ট এব কি কি এ্যাপারেটাস চুরি হয়েছে। এটা এ্যাসেস করার দায়িত্ব কার ওপরে আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** স্যার, চুরির বিষয়ে আমরা জেলা অথরিটি অর্থাৎ সি. এম. ও. ( এইচ ) কে খবর পাঠিয়েছি। এখনো পর্যন্ত কোন এ্যাসেসমেণ্ট হয়নি তার কাছ থেকে খবর এলে আমরা জানতে পারব কি কি জিনিষ চুরি হয়েছে, কত টাকার জিনিষ চুরি হয়েছে। এখনো এটা আমাদের জেলা কর্তৃপক্ষ জানায়নি।

## কয়েকটি হাসপাতালের শয্যাসংখ্যা

*২৯৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৬ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় মেডিকেল কলেজ হাসপাতাল, পি. জি. হাসপাতাল, নীলরতন সরকার হাসপাতাল এবং আর জি কর হাসপাতালে মোট শয্যা-সংখ্যা কত ছিল ;

(খ) ১৯৭৭ সালের জুন মাসের পর থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত শয্যা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত বর্ধিত শয্যাসংখ্যা কোন্ হাসপাতালে কত ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) ঐ চারিটি হাসপাতালে মোট শয্যা সংখ্যা ছিল ৪৭৫৯ ।

(খ) হ্যাঁ ।

(গ) (১) মেডিক্যাল কলেজ হাসপাতাল — ৩৪৫

(২) পি. জি. হাসপাতালে — ৩৪৭

(৩) নীলরতন সরকার হাসপাতালে — ৫০০

(৪) আর. জি. কর হাসপাতালে — ৮৫

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** নীলরতন সরকার মেডিকেল কলেজের সেণ্টিনারি বিল্ডিং-এর সেকেণ্ড ফ্লোরের ঐ বেডগুলি তৈরী করা হয়নি, সেগুলি শীঘ্র করার জন্য কোন প্রচেষ্টা নেওয়া হচ্ছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** বর্তমানে আমরা এগুলি ভাল করে খতিয়ে দেখবার চেষ্টা করছি, খতিয়ে দেখে তারপরে আমরা ব্যবস্থা নেব ।

## তপন থানার স্বাস্থ্যকেন্দ্রের শয্যাসংখ্যা

*১৯৫ । ( অনুমোদিত প্রশ্ন নং *১০০৪ । ) **শ্রীখারা সরেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিম দিনাজপুর জেলার তপন থানার স্বাস্থ্যকেন্দ্রে শয্যাসংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কতগুলি শয্যা বৃদ্ধির পরিকল্পনা আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) একটি প্রস্তাব পাওয়া গিয়েছে ।

(খ) প্রস্তাবটি যে পর্যায়ে আছে তাতে এখনই সঠিক কিছু বলা সম্ভব নয় ।

## বারাসাত হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন

*১৯৬ । ( অনুমোদিত প্রশ্ন নং *১০৪০ । ) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি ?

(ক) বারাসাত হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ তাহা কার্যকরী করা হইবে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) আপাততঃ নাই ।

(খ) প্রশ্ন উঠে না ।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, যেহেতু উত্তর ২৪ পরগণা জেলান্তরে অসংখ্য রুগীর রক্তের প্রয়োজন, সেইহেতু ব্লাড ব্যাঙ্কের ব্যবস্থা করবেন কি না ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** পশ্চিম বাংলার মহকুমা স্তরে ২৪টি ব্লাড খোলার জন্য অনুমোদন করেছি এবং তার মধ্যে ৯টি অলরেডি সাবডিভিশন্যাল খোলা হয়েছে এবং বাকীগুলিও শীঘ্র খোলার ব্যবস্থা করা হচ্ছে। বারাসতের প্রশ্ন করেছেন সে বিষয়ে বিবেচনা করবো।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, কোন কোন হসপিটালে ব্লাড খোলার প্রস্তাব গ্রহণ করেছেন জানাবেন কি ?

**মিঃ স্পীকার :** এই প্রশ্ন আসে না।

## রামপুরহাট থানার স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসা

*২৯৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১০৭৩। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) রামপুরহাট থানার কোন্ কোন্ স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎ নিয়োগ করা হয়েছে; এবং

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে হোমিওপ্যাথিক চিকিৎসকদের চিকিৎসার প্রয়োজনীয় ঔষধ ও চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করা হয়েছে কিনা ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) রামপুরহাট থানার তারাপুর প্রাথমিক স্ব কেন্দ্রে এবং বাইদারা উপস্বাস্থ্য কেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ করা হইয়া

(খ) বাইদারা উপস্বাস্থ্য কেন্দ্রের জন্য হোমিওপ্যাথিক কম্পাউণ্ডারের পদ স করা হইয়াছে এবং হোমিওপ্যাথিক ঔষধ ক্রয়ের জন্য বাৎসরিক ১৫০০ টাকা অনুমে দেওয়া হইয়াছে, তারাপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য উপরোক্ত সুবিধা দেওয়ার সরকার বিবেচনা করছেন।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যখন বিভিন্ন স্ব কেন্দ্রে আমরা ডাক্তার দিতে পারছি না, তখন স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বেশীর ভাগ য হোমিওপ্যাথি মাইনড আপ হয়, এই রকম কোন পরিকল্পনা আপনার আছে কিনা ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** আছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে রামপুর থানার যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ করা হয়ে সেই ডিসপেনসারিগুলিতে হোমিওপ্যাথিক কমপাউণ্ডার নেই ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে কম্পাউণ্ডার দরকার, সেখ কম্পাউণ্ডার নিয়োগ এবং অন্যান্য সুবিধার কথা সরকার বিবেচনা করছেন।

## Number of lecturers in different Medical Colleges

*298. (Admitted Question No. *1121.) **Dr. Sisir Bose:** Will Minister-in-charge of the Health and Familly Welfare Department be pleas to state—

(a) the total number of lecturers in various Departments in each the seven Medical Colleges of West Bengal in the year 1977 at the inception the First Left Front Government ; and

(b) the number of those lecturers still in service and the number of them promoted to higher posts since ?

**Dr. Ambarish Mukherjee** : Total No. of lecturers in each of the Medical Colleges in W. B. in the year 1977 · (1) N. R. S. Medical College, Cal-18, (2) Medical College, Cal-19, (3) R. G. Kar Medical College, Cal-9, (4) C. N. M. College, Cal-21, (5) Burdwan Medical College, Burdwan-13, (6) B. S. Medical College, Bankura-5, (7) N. B. K. Medical College, Darjeeling-9. Total-94.

(b) All those lecturers are still in service and 90 lecturers have been promoted to higher posts since.

**ডঃ শিশির কুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে ৯০ জনকে প্রোমোশান দেওয়া হয়েছে — এটা ঠিক কিনা ?

**ডঃ অম্বরীশ মুখার্জী ঃ** আমি তো বলেছি যে 90 lectures have been promoted to higher posts.

**ডঃ শিশির কুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে সংখ্যাটা দিলেন য ৭টি মেডিকেল কলেজের, এটা কি পর্যাপ্ত ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন আসেনা।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ৭টি কলেজে বর্তমানে কতগুলি লেকচারার-এর পদ খালি আছে ?

**ডঃ অম্বরীশ মুখার্জী ঃ** নোটিশ দিতে হবে।

3-30—3-40 p.m. ]

**ডাঃ মানস ভুঁইঞা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, রিসেণ্টলি যে এ্যাকাডেমিক প্যানেল পাবলিক করেছেন তাতে কতজন লেকচারার এ্যাসিসট্যাণ্ট প্রফেসার হয়েছেন, কতজন এ্যাসিস্ট্যাণ্ট প্রফেসার রিডার হয়েছেন এবং কতজন রিডার প্রফেসার হয়েছেন ?

**ডাঃ শ্রীঅম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এটা আমার কাছে নেই, নোটিশ দিলে জানিয়ে দেবো।

**শ্রীদেবরঞ্জন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, এই যে ১৩ যে সংখ্যাটা দিলেন সেটা বাড়িয়ে ১৮ কিম্বা ১৯ নিয়ে যাবার জন্য পি. এস, সি যদি ডাক্তার না পান—সেক্ষেত্রে স্থানীয়ভাবে অধ্যাপক নিযুক্ত করবার জন্য কোন পরিকল্পনা আছে কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** হ্যাঁ পরিকল্পনা আছে। এ্যাকাডেমিক প্যানেল হাইকোর্টে ইনজেকটেড হওয়ার ফলে আমরা একটা নতুন ঘোষনা করেছি, সেটা আমরা করবো। আর অন্য একটি পরিকল্পনা আছে, অল ইণ্ডিয়া ওপেন এ্যডভারটাইজ করবার জন্য সব পাঠাচ্ছি। সব মিলিয়ে আমরা দিতে পারবো।

## STARTED QUESTIONS

### (to which answers were laid on the Table)

### Government and Private Blood Bank

*299. ( Admitted Question No. *1200. ) **Shri Somen Mitr** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department pleased to state—

(a) if it is a fact that during the tenure of the Left Front Governmei in West Bengal the increase in the number of Government Blood Banks l not been able to keep pace with the increase in the number of Private Blo Banks in Calcutta ; and

(b) if so.

i) the reasons thereof ;

ii) the number of Government Blood Banks opened in Calcutta durii the period between July, 1977 to July, 1982 ; and

iii) the number of Private Blood Banks in the City which we registered during the period mentioned above ?

**Shri Ramnarayan Goswami** : a) Yes.

b) i) All the Teaching Hospitals in the city and the C. R. Canc Hospital are already provided with Blood Bank. The Central Blood Ba at the Medical College Hospitals which is the biggest Blood Bank in tl State caters to the needs of the smaller Hospitals in the city. As the presei policy of Govt. is to encourage voluntary donation and to lay more stress o blood collection from voluntary donors, the number of mobile Blood Collec tions Units attached to the Central Blood Bank, which mainly collect bloo from the Voluntary donors through camps etc. is being increased from th existing 2 to 4.

One of the accepted policies of State Govt. is also to give Bloo Bank coverage throughout the State. In pursuance to that policy, Distri Hospitals and some of the subdivisional and other hospitals have bee provided with Blood Banks. The remaining Hospitals will be covered wit Blood Banks in phases.

ii) Nil.

iii) Eight.

### Pay scales for Medical teachers

*300. (Admitted Question No. *1250.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Health Advisory Committee and/or the West Bengal State Unit of Indian Medical Association has made any recommendation

to the State Government regarding the maximum and/or minimum pay scales for teachers in the Medical Colleges ; and

(b) if so.

i) what are the recommendations ;

ii) whether the recommendations have been accepted by the State Government ; and

iii) what action has been taken by the State Government in the matter ?

**Shri Ramnarayan Goswami :** a) Yes.

b) i) The State Health Advisory Committee recommended pay-scales for non-practising medical teachers with a minimum of Rs. 1250/- p. m. and a maximum of Rs. 3000/- p. m. The I.M.A., however, recommended pay-scales with a minimum of Rs. 1400/- p.m. and maximum of Rs. 4000/- p.m.

ii) No.

iii) Govt. have constituted non-practising teaching stream of medical teachers within the West Bengal Health Service Cadre on pay-scales within the pay structure sanctioned by Govt. on the recommendation of the 2nd Pay Commission. The minimum and the maximum of the pay-scales sanctioned is Rs. 1020/- p. m. and Rs. 2750/- p.m. respectively.

**Scarcity of blood**

*301. ( Admitted question No. *1274. ) **Shri Anup Kumar Chandra** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to State—

a) if it is a fact that scarcity of blood in the city hospitals has led the city hospital authorities to put off many major operations ; and

b) if so—

i) the number of major operations put off by the city hospital authorities due to non-availability of blood during the past two years ;

ii) what was the average daily blood requirement in city hospitals during this Period ;

iii) what was the quantum of blood supplied to the city hospitals by the Central Blood Bank during this period ?

**Shri Ramnarayan Goswami :** a) It is not a fact.

b) i) Does not arise.

ii) 100 units.

iii) 1980 — 21,852 units

1981 — 28,848 ,,

**Hamidpur Subsidiary Health Centre**

*302. (Admitted question No. *1307.) **Shri Humayoun Chowdhury** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

a) whether the State Government is aware of the fact that the Hamidpur Subsidiary Health Centre within Kaliachak police-station of Malda district has been washed away due to erosion of the river Ganga ; and

b) if so, the steps taken by the State Government to provide medical facilities to the people residing in the area ?

**Shri Ramnarayan Goswami** : a) Yes.

b) The Subsidiary Health Centre in question is at present running in a rented accommodation in the Village of Nayagram P. S. Kaliachak.

**Autonomous institution for post-graduate medical education**

*303. ( Admitted Question No. *1315. ) **Shri Atish Chandra Sinha** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

a) Whether the State Government has any proposal to set up an autonomous institution for post-graduate medical education and research and

b) if so.

i) whether the proposal has been approved by the University Grant Commission and/or the Medical Council of India ;

ii) whether the University College of Medicine located in S.S.K.M Hospital campus will be amalgamated to this institution ;

iii) whether any referal hospital would be attached to the institution ; and

iv) the opinions of medical teachers, if any, received by the Government in the matter ?

**Shri Ramnarayan Goswami** : a) Yes. State Government has such a proposal under examination.

b) i) No.

ii) The question does not arise at this stage.

iii) The proposal still is under examination.

iv) Yes.

**পুরুলিয়ার ঝালদা-১ ব্লকে উপ-স্বাস্থ্যকেন্দ্র**

*৩০৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৩। ) **শ্রীসুভাষচন্দ্র মাহাত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা-১ ব্লকের অন্তর্গত তুলিন এলাকাতে কোন উপ-স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি কবে নাগাদ স্থাপিত হবে ?

শ্রীরামনারায়ণ গোস্বামী : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পানিহাটি হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধি

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৬।) শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পানিহাটি সাধারণ হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে?

শ্রীরামনারায়ণ গোস্বামী : (ক) আছে।

(খ) এখনি সঠিক বলা সম্ভব নয়। তবে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## গৌরহাটী ও শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতাল অধিগ্রহণ

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৭।) শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জী : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গৌরহাটী এবং শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতালদ্বয় পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অধিগৃহীত হইবে; এবং

(খ) সত্য হইলে, এই বিষয়ের কাজ কত দূর অগ্রসর হইয়াছে?

শ্রীরামনারায়ণ গোস্বামী : (ক) হ্যাঁ।

(খ) অধিগ্রহনের প্রারম্ভিক ব্যবস্থাদি ও মন্ত্রিসভায় অনুমোদনের পর সরকারের আইন — বিশেষজ্ঞগণের সহযোগিতায় হাসপাতাল দুটি হস্তান্তরের জন্য দানপত্রের খসড়া তৈরি করার ব্যবস্থা হচ্ছে।

## মুর্শিদাবাদ জেলায় ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৬।) শ্রীমতী ছায়া ঘোষ : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কোন কোন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নাই; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার নিয়োগ করা হইবে?

শ্রীরামনারায়ণ গোস্বামী : (ক) আংশিক সত্য।

(খ) খুব শীঘ্রই ডাক্তার নিয়োগ করা হবে।

## Vehicles allotted to North Bengal Medical College and Hospital

*308. (Admitted Question No. *1418.) **Dr. Hoimi Basu:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

a) if it is a fact that two vehicles allotted to North Bengal Medic College and Hospital under the scheme for Prevention of Blindness by Cent Government are still lying idle ; and

b) if so, the reasons thereof ?

**Shri Ramnarayan Goswami :** a) One vehicle not two is lying idle.

b) mechanical fault.

## সরকারী হাসপাতালে রোগীদের পথ্য বাবদ ব্যয়

*৩০৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৮। ) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** এ **শ্রীসেখ ইমাজুদ্দিন :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) কলিকাতা জেলা শহর ও পল্লীর সরকারী হাসপাতালগুলির রোগীদে পথ্য বাবদ দৈনিক মাথাপিছু কত খরচ হয় ;

(খ) উক্ত রোগীদের পথ্য বাবদ দৈনিক মাথাপিছু খরচ বৃদ্ধির কথা সরকা চিন্তা করিতেছেন কি ; এবং

(গ) হাসপাতালের বহির্বিভাগের রোগীদের ঔষধ বাবদ মাথাপিছু গড় হর কত ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) সমস্ত সরকারী হাসপাতালে পথ্য বাব সাধারণ রোগীপিছু মঞ্জুরীকৃত দৈনিক বরাদ্দ টাকার পরিমান ৪.০০ ( চার ) টাকা এব যক্ষ্মারোগী পিছু দৈনিক বরাদ্দ টাকার পরিমান ৪.৫০ ( চার টাকা পঞ্চাশ পয়সা ) টাকা

(খ) না।

(গ) রোগীপিছু ঔষধ বাবদ দৈনিক ২৫ ( পঁচিশ ) পয়সা বরদ্দা আছে।

## বিভিন্ন জেলার হাসপাতালে ডাক্তার ও নার্সের শূন্য পদ

*৩১০। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫১৮। ) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিভিন্ন জেলার হাসপাতালগুলিতে কতজন ডাক্তার ও কতজন নার্সের পদ খালি আছে ;

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত ডাক্তার ও নার্সের পদগুলি পূরণ হবে বলে আশা করা যায় ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) ২১ জন ডাক্তারের পদ এবং নার্সের ৪৮৩টি পদ খালি আছে।

(খ) এবং (গ) সম্প্রতি পি. এস. সি. — প্রেরিত নির্বাচিত ডাক্তারের তালিক থেকে ডাক্তারের শূন্য পদগুলি পূরণ করার চেষ্টা করা হচ্ছে। সেপ্টেম্বর মাসে নার্সদের ট্রেনিং সম্পূর্ণ হলে ২২৫টি নার্সের পদ অক্টোবর মাসের প্রথম সপ্তাহে পূরণ করা হবে। বাকী পদগুলি ১৯৮৩ সালের ফেব্রুয়ারী মাস নাগাদ পূরণ করা যাবে বলে আশা করা যায়।

## বিভিন্ন হাসপাতালে ওষুধ সরবরাহের ঘাটতি

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৯।) শ্রীসত্য ভট্টাচার্য: স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন হাসপাতালে এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এন্টারো-কুইনল, সালফাডাইজিন, সোডি-বাই-কার্ব জাতীয় কম দামী ঔষধের সরবরাহ কমিয়া গিয়াছে ?

(খ) ইহা কি সত্য যে, কোন কোন কোম্পানী নিম্ন মানের ঔষধ সরবরাহ করিয়াছে বলিয়া জানা গিয়াছে ; এবং

(গ) ইহা কি সত্য যে, বর্তমানে ট্রিপল এণ্টিজেনের সরবরাহ নাই।

**শ্রীরামনারায়ণ গোস্বামী:** (ক) না, সত্য নয়।

(খ) হ্যাঁ, অল্প কয়েকটি ক্ষেত্রে নিম্নমানের ওষুধ সরবরাহের প্রমাণ পাওয়া গেছে।

(গ) না, সত্য নয়।

## জলপাইগুড়ি জেলায় নতুন উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৪।) শ্রীতারকবন্ধু রায়: স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) জলপাইগুড়ি জেলায় ভোটপট্টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, আমগুড়ি উপ-স্বাস্থ্যকেন্দ্র ও বারপাটিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) কোন্ স্বাস্থ্যকেন্দ্রের জন্য কত টাকা মঞ্জুর করা হইবে ; এবং

(২) স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণকার্য কবে নাগাত শুরু হইবে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী:** (ক) প্রস্তাব আছে।

(খ) (১) ভোটপট্টি, আমগুড়ি ও বারপাটিয়া স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য যথাক্রমে — ১৬,৩৮,৩০০ টাকা, ৮০৪,০০০ টাকা ও ৭,৯৫,৪৮৭ টাকার প্রাক্কলন (এণ্টিমেট) পাওয়া গেছে।

(২) এখনই বলা সম্ভব নয়।

## SHORT NOTICE
### Starred Questions
### (To which oral answers were given)

## মুর্শিদাবাদের সি এম ও এইচ-এর নিয়ন্ত্রণাধীন অফিস ও হাসপাতালগুলিতে ত্রুটি বিচ্যুতি ও তছরূপের অভিযোগ

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫৮ (এস এন)।) শ্রীআতাহার রহমান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআবুল হাসনাৎ খান: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, সরকারী অডিট পার্টি মুর্শিদাবাদ জেলার সি এম ও এইচ-এর নিয়ন্ত্রণাধীন অফিস ও হাসপাতালগুলিতে ত্রুটি বিচ্যুতি এবং তছরূপের বিষয়ে অভিযোগ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, —

(১) ১৯৭৮-৭৯ সাল হইতে এ পর্যন্ত হিসাব পরীক্ষায় কোন্ কোন্ হাসপাতা ও অফিসের বিরুদ্ধে ঐরূপ অভিযোগ আসিয়াছে ;

(২) তছরূপের অর্থমূল্যের পরিমাণ কত ; এবং

(গ) সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) হ্যাঁ—কিছু কিছু ত্রুটি বিচ্যুতির অভিযো উঠিয়াছে, কিন্তু সরকারী কর্মচারী কর্তৃক তহবিল তছরূপের কোনও অভিযোগ অডি রিপোর্টে উঠে নাই।

(খ) ১। ত্রুটী বিচ্যুতির অভিযোগ উঠিয়াছে C.M.O.H. মুর্শিদাবাদ অফি মানসিক হাসপাতাল, সদর হাসপাতাল, জেনারেল হাসপাতাল, পরিবার পরিকল্পনা অফি এবং মালদা জঙ্গিপুর ও কাঁদি যক্ষা হাসপাতাল বিষয়ে।

২। প্রশ্ন উঠে না।

(গ) সমস্ত দিক বিবেচনা করিয়া সব ত্রুটি বিচ্যুতির অভিযোগ গ্রহণযোগ বলিয়া মনে হয় না। তবে গুরুতর ত্রুটি বিচ্যুতি তদন্তের জন্য স্বাস্থ্য অধিকর্তা একটি কমিটি গঠন করিয়াছেন। ঐ তদন্ত রিপোর্ট পাওয়ার পরেই কেহ দোষী সাব্যস্ত হইলে যথোপযুক্ত ব্যবস্থা লওয়া হইবে।

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** আপনি বললেন কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেছে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করিয়া জানাইবেন কি, কি কি ধরণের ত্রুটি-বিচ্যুতি পাওয় গেছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** আমরা সেগুলি খতিয়ে দেখছি। অডিট রিপোর্ট পেয়েছি। বেশ কিছু ইরিগুলারিটিস হয়েছে। তবে এখন সেটা বলতে পারবো না। আমরা একটা কমিটি সেট-আপ করেছি, হলে ব্যবস্থা নেবো এবং হাউসে জানিয়ে দেবো।

**মিঃ স্পীকার :** কোশ্চেন আওয়ার ইস ওভার।

## Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker** : I have received 26 notices of calling attention on the following subjects, namely :

1. Damage of three wooden Bridges from Tarakeswar to Arambagh—Shri Abdul Mannan.
2. Necessity of construction of a road from Khanakul, Hooghly to Thakuranichak.—Shri Abdul Mannan.
3. Alleged attack on the workers of Chhatra Parisad in Burdwan University—Shri Abdul Mannan.
4. Disorder in Uttarpara General Hospital—Shri Abdul Mannan.
5. Disorder in transport system in Arambagh Sub-division—Shri Abdul Mannan.
6. Allege mal-practice in construction of Uttarpara Community Hall—Shri Abdul Mannad.

7. Alleged assault on Shri Amiya Kisku, Principal of Bankura Christian College — Shri Abdul Mannan, Shri Kashinath Misra, Shri Sk. Nejamuddin and Shri Kazi Hafizure Rahaman.
8. Suffering of Calcutta people due to irregular supply of drinking water—Shri Abdul Mannan.
9. Chaotic condition in Ultadanga United High School—Shri Abdul Mannan.
10. Out break of discases in Birbhum due to scarcity of drinking water—Shri Suniti Chattaraj.
11. Orders issued by W.B.S.E.B. authority banning strike and movement of their workers—Shri Suniti Chattaraj, Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra.
12. Disruption of normal life and activities due to shortage of power—Shri Suniti Chattaraj.
13. Damage of metalled roads in Birbhum—Shri Suniti Chattaraj.
14. Repeated intervention by outsiders creating vicious atmosphere in Joyrambati Ramkrishna Mission—Shri Sk. Imajuddin and Shri Kashinath Misra.
15. Alleged attacks on the employees of Jute Corporation in North Bengal—Shri Sk. Imajuddin.
16. Private Bus accident on Diamond Harbour Road near Pailan—Shri Sk. Imajuddin.
17. Reported famine in Midnapur, Bankura and Purulia districts—Shri Kashinath Misra.
18. Apprehended closure of Midnapore Vidyasagar University due to negligence of Education Department—Shri Kashinath Misra.
19. Relief to the farmars affected by drought.—Shri Kashinath Misra.
20. Deadlock in Visnupur Municipality due to cease work—Shri Kasinath Misra.
21. Alleged frequent stleet accidents in West Bengal—Shri Kashinath Misra.
22. Proposal for increase of commodities in Ration Shops on the eve of Durgapuja and Id-ul-Juha—Shri Kashinath Misra.
23. Alleged abnormal situation in Arambagh sub-division Hospital for want of Generator—Shri Abdul Mannan.
24. Derecognition of Midnapur College "Chhatra Sansad"—Shri Abdul Mannan.
25. Refusal to handover the key to the authorities of Purulia Ramkrishna Mission Vidyapith—Shri Abdul Mannan.
26. Construction of unauthorised goomties and buildings on Benaras Road and Sailendra Nath Bose Road in Howrah—Shri Ashok Ghosh

I have selected the notice of Shri Ashok Ghosh on the subject of construction unauthorised goomties and buildings on Benaras Road and Sailendra Nath Bose Road in Howrah.

The Minister concerned may give a statement, if possible to-day, or give a date

**Shri Patit Paban Pathak**: Reply will be given on the 1st October next.

## MENTION CASES

**শ্রীদেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ইতি পূর্বে এই হাউসে সদস্যবৃন্দই নয়, স্বয়ং মাননীয় মুখ্যমন্ত্রী পর্যান্ত গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। আজকে যে কথা সংবাদ-পত্রে বেরিয়েছে, সি. এম. ডি. এ তে বাড়তি সাড়ে তিন কোটি টাকার মাটি ভরাটের কাজের বিষয়ে। টেলিগ্রাফ কাগজে সংবাদটি বেরিয়েছে, তাতে মুখ্যমন্ত্রী মহাশয় পর্যান্ত উদ্বেগ প্রকাশ করেছেন। উনি এনকোয়ারী কমিটির রিপোর্ট জানতে চেয়েছেন। এই এনকোয়ারী কমিটির তথ্যের উপর ফুল টেকস্ট অফ দি রিপোর্ট আমরা জানতে চাই। এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। জনস্বার্থে এটা জানা অত্যন্ত প্রয়োজন।

**শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আপনার কাছে আমি একটি ঘটনার কথা উত্থাপন করছি এবং বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে ঘটনাটির উল্লেখ করছি সেটি হচ্ছে ২৪ পরগণা জেলার সাগর থানার দেবীমথুরাপুর গ্রামে ভিখারী মণ্ডল, বনবিহারী মণ্ডল এবং বিহারী লাল মণ্ডল, এদের নামে পাট্টা আছে। জে. এল. আর. ও. র কাছ থেকে পাট্টা ডিসট্রিবিউসন হয় এবং পুলিশের সামনে দখল নেওয়া হয়। কিন্তু এখন গুণ্ডা বাহিনী নিয়ে প্রশাসনের সমস্ত ব্যবস্থা উপেক্ষা করে রাতারাতি ঐ পাট্টা জমি ইনটারভেন করা হচ্ছে। রাতারাতি ঐ জমির উপর প্রায় ৫/৬ খানা ঘর তুলে দিয়ে তাদের ওখান থেকে সরাবার চেষ্টা করা হচ্ছে এবং এ ব্যাপারে আরও বিভিন্ন রকম চক্রান্ত করা হচ্ছে। এ জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন সত্বর একটি ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসুনীতি চট্টরাজ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যেটা এই হাউসে আলোচনা হচ্ছে। আমার বক্তব্য এই যে এনকোয়ারী রিপোর্ট ডাঃ বি. আর সেনগুপ্ত মেম্বার সেক্রেটারী, দিচ্ছেন হি ইজ টোটালি রেসপনসীবল ফর দিস ম্যাল প্রাকটিস যে ব্যাড ডীল হয়েছে এর জন্য টোটালী রেসপনসিবল একজন মিনিষ্টার এই রিপোর্টটি আপনি হাউস প্রপার্টি করে নিন। হাউস প্রপার্টি করে আপনি প্রশান্ত শূর মহাশয়কে রিজাইন করতে বলুন। যেখানে এই স্পেষিফিক প্রমাণ পাওয়া গেছে যে ১৪০ কোটি টাকার উপর আরও সাড়ে পাঁচ কোটি টাকা বাড়িয়ে দিয়েছেন স্পেশাল ট্রানজাক্সান থ্রু হিজ ফ্রেণ্ড, উনি করিয়ে নিয়েছেন এনকোয়ারী রিপোর্টের স্পেশিফিক প্রমাণ সত্ত্বেও। আমি আপনার কাছে আবার অনুরোধ করছি যে এই রিপোর্ট ওরা নষ্ট করে দিতে পারে। মিঃ সেনগুপ্ত স্পেষিফিক রিপোর্ট দিয়েছেন। এই রিপোর্ট যদি এখানে প্রকাশ না করা হয় তাহলে ইউ উইল বি রেসপনসিবল ফর দিস। ইট ইজ মাই রিকোয়েস্ট টু ইউ টু মেক দিস রিপোর্ট এ্যাজ এ প্রপার্টি অফ দি হাউস।

[3-40—3-50 p.m.]

**শ্রীনীরদ রায়চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য এবং খাদ্য সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগনার খড়দা একটি মিউনিসিপ্যাল এলাকা। সেই এলাকায় মিউনিসিপ্যালিটির আয়তন সাড়ে সাত বর্গ মাইল। ১৯৮১ সালের আদমসুমারী অনুযায়ী এখানকার লোক সংখ্যা ৭৬ হাজার। এখানে মডিফায়েড রেসানিং ব্যবস্থা চালু আছে। যাতে অনতিবিলম্বে এই এলাকাকে পূর্ণ রেশনিং এলাকা বলে ঘোষনা করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জয়রামবাটী রামকৃষ্ণ মিশনের ব্যাপারে আপনাকে নিবেদন করছি যে এই ব্যাপারটা যেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছায় এবং এই ব্যাপারে তিনি যেন দৃষ্টি দেন। এর আগে আমরা দেখেছি কি ভাবে জয়রামবাটী রামকৃষ্ণ মিশনের উপর অত্যাচার হয়েছে। এই যুক্তফ্রন্ট সরকার আসার পর দিনের পর দিন রামকৃষ্ণ মিশনের যেখানে প্রতিষ্ঠান আছে, তার উপর পরিকল্পনা মাফিক কি ভাবে অত্যাচার হচ্ছে। আমরা জানিনা এই কমিউনিজিমের প্রথম কথা কি না। সেখানে যত রামকৃষ্ণ মিশন-এর শিক্ষা প্রতিষ্ঠান সেই গুলোকে ধ্বংস করার চেষ্টা করা হচ্ছে। ৯ বছর আগে এই ধরনের ঘটনা ঘটত, আবার এই রকম গণ্ডোগোল সুরু হয়েছে। পুলিশ দিয়ে এই দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা যায় নি। এখানে যারা অত্যাচার করছে, পুলিশ তা সবই জানে। এখানে যে রাজনৈতিক দল করছে, পুলিশ তাদের গায়ে হাত দিতে পারছে না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই তার দলের লোক বলে ছেড়ে না দিয়ে, নির্বিচারে গ্রেপ্তার করার আদেশ দেন।

( কিছু সদস্য নিজেদের সিট থেকে উঠে বলার চেষ্টা করছিলেন )

( গোলমাল )

**শ্রীরবীন ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলবেড়িয়া থেকে গড়চুমুক পর্যন্ত ৭০ নং বাস চলে। সেই বাসে করে হাজার হাজার যাত্রী যাতায়াত করে। এখানে সরকারী কর্মচারী থেকে আরম্ভ করে কৃষক, শ্রমিক সকলেই এই রাস্তা দিয়ে যাতায়াত করে। শিবপুর বাস সিনডিকেট এই রাস্তায় ১৪টি বাস দেবার কথা ছিল। সেই জায়গায় ৩ থেকে ৪টি বাস চলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এলাকার সবচেয়ে গুরুত্বপূর্ণ রাস্তা এইটা। এই রাস্তা দিয়ে উলবেড়িয়া কলেজের ছাত্ররা, উলবেড়িয়া সাব ডিভিসনাল হাসপাতালের রোগীরা, এবং এখানকার লোকদের উলবেড়িয়া ষ্টেশনে যেতে হয়। এই অনিয়মিত বাস চলার জন্য যাত্রিরা বাস অবোরোধ করার সিদ্ধান্ত নিয়েছেন। আ. টি. ওর অনমনীয় মনোভাবের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

( গোলমাল )

**শ্রীমানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

( গোলমাল )

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় ক্রীড়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে বিধানসভার সদস্যদের মধ্যে এশিয়ান গেমসের জন্য টিকিট দেওয়ার কথা ছিল। কিন্তু যে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ তা'হল, আমাদের রাজ্যের এম. পি.দের কাছ থেকে খবর পেয়েছি যে, এশিয়ান গেমসের জন্য দেয় টিকিট বিতরণের ব্যাপারে অন্যান্য বিষয়ের মত কেন্দ্র-রাজ্য সম্পর্কে কেন্দ্র করে পশ্চিমবাংলা উপেক্ষিত হচ্ছে। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের কোটা কমিয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলা এই ভাবে বঞ্চিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে ক্রীড়া মন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি যেন কেন্দ্রের ক্রীড়া মন্ত্রীর সঙ্গে অবিলম্বে এ ব্যাপারে যোগাযোগ করেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীমীর ফকির মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, নদীয়া জেলার নাকাশীপাড়া থানার অন্তর্গত বেথুয়াদোহরীতে জনসংখ্যা হচ্ছে ৪॥ লক্ষ। উচ্চ শিক্ষার জন্য এই থানার ছেলেমেয়েরা ২৫ মাইল দূরে বহরমপুরে যায়। সাধারণ শিক্ষার জন্য নদীয়ার কেশপুরে — ২৪ মাইল দূরে যেতে হয়। এই ভাবে গ্রামাঞ্চলের সাধারণ ঘরের ছেলেমেয়েরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। স্থানীয় জনসাধারণ ওখানে একটি কলেজ প্রতিষ্ঠা করার জন্য ২৩ বিঘা জমি কলেজের নামে রেজিষ্ট্রি করে দিয়েছেন। জনসাধারণের পক্ষ থেকে এই ব্যাপারে কিছু টাকাও তোলা হয়েছে। কংগ্রেসী আমলে ওখানে কলেজের জন্য তদন্ত হওয়া হত্ত্বেও আজ পর্যন্ত কলেজ প্রতিষ্ঠা হবার পক্ষে কোন মঞ্জুরী দেওয়া হয় নি। আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ জানাছি, তিনি যেন এ ব্যাপারে দৃষ্টি দেন এবং যাতে সেখানে একটি কলেজ প্রতিষ্ঠিত হয়ে সরকারী সাহায্য পায়, তার প্রতিও দৃষ্টি দেন। এই সঙ্গে সেখানকার ৪ লক্ষ মানুষের অধ্যুষিত ছেলেমেয়েরা যাতে উচ্চশিক্ষা থেকে বঞ্চিত না হন, তার যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি গুরুতর ও মর্মান্তিক বিষয়ের উল্লেখ করছি। মুর্শীদাবাদ জেলার হরিহরপাড়া গ্রাম পঞ্চায়েৎ প্রধান এন. আর. স্কীমের মাধ্যমে কিছু কাজ করান। ঐ কাজে তিনি ১০১ জন লেবারকে নিযুক্ত করেছিলেন। দুঃখের বিষয়, অদ্যাবধি উক্ত পঞ্চায়েত প্রধান ঐ গরীব মানুষদের পরিশ্রমের টাকা দেননি। মজুররা এ ব্যাপারে পঞ্চায়েত সমিতির সভাপতির কাছেও দরবার করেছিল। তিনি তখন গ্রাম প্রধানের সঙ্গে কথা বলে মীমাংসা করিয়ে দেবেন বলে আশ্বাস দিয়েছিলেন। কিন্তু প্রধান মহাশয় সভাপতির সঙ্গে দেখা করেননি। বাধ্য হয়ে, মজুররা মুর্শিদাবাদের সভাপতির সঙ্গে দেখা করে পাওনা টাকা পাওয়ার জন্য আবেদন করেছিল। কিন্তু আজ পর্যন্ত ঐ ১০১ জন গরীব ক্ষেত-মজুররা তাদের টাকা পায়নি। আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি যে, তিনি যেন এন. আর. স্কীমের কাজ করা টাকা ১০১ জন মজুরদের মধ্যে দেওয়ার ব্যাপারে অবিলম্বে তদন্তের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

[3-50—4-00 p.m.]

**শ্রীরায় চরণ মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী প্রাথমিক এবং মাধ্যমিক বিভাগের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল — নিরক্ষরতা দূরীকরণের জন্য নৈশ বিদ্যালয় স্থাপন করা হয়ে থাকে। এই বিদ্যালয়ের ২টি ভাগ আছে। একটী জেলা পরিষদ এবং অপরটি হচ্ছে ডি. আই. অব স্কুল। জেলা পরিষদ গণতান্ত্রিক পদ্ধতিতে স্থাপন করা হয়েছে। কিন্তু ডি. আই. অব স্কুল হেড মাষ্টারের সঙ্গে টাকা-পয়সার লেনদেন করেন এই সমস্ত স্কুলগুলি প্রতিষ্ঠা করে থাকে। এখানে পঠন-পাঠনের কাজ হয় না। দুটি ছেলের চাকুরী হয়েছে তাদের কাছ থেকে টাকা নিয়ে স্কুল পরিচালনা করা হয়। এই স্কুলগুলি যাতে প্রতিষ্ঠা বন্ধ করা যায় তার ব্যবস্থা করবেন। এই ব্যাপারে আমি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, through you I want to draw the attention of the Hon'ble Chief Minister because the Minister for Urban Development has totally failed in his department. It is regarding the Bagmari burial ground at Tapsia which is one of the finest burial grounds in Asia. The foreigners come and see this ground. To-day the entire boundary wall is damaged and it has long become animals' grazing ground. There is no lighting arrangement. The ponds are being used for wrong purposes. The sanctitity of the burial ground is damaged and disrespected. So, the Chief Minister should come forward to look into it immediately because the Minister for Urban Development, Mr. Sur has failed in his department. I request that immediate arrangements for construction of the boundary wall of the burial ground at Tapsia is made.

**শ্রীদ্বিজেন্দ্র নাথ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বালুরঘাটে একটি মেডিকেল স্কুল আছে। সেখানে যে মেডিকেল প্রিন্সিপাল আছে ডাঃ রায়, তিনি কোন ডিগ্রীধারী প্রফেসার নিয়োগ না করে ডিগ্রী বর্জিত ব্যক্তিদের নিয়োগ করছেন। এটা যাতে বন্ধ হয় এবং মূল উদ্দেশ্য বাস্তবায়িত হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীশিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোঘাট এলাকায় ১৯৭৮ সালের বন্যার পরে প্রচণ্ড খরা চলছে। বিশেষ করে খরার ফলে জমিতে কোন আবাদই হয়নি। প্রায় ৭০-৭৫ ভাগ জমি আবাদ না হওয়ার ফলে আমন ধান নষ্ট হয়ে গেছে। সেখানে কংসাবতী নদী থেকে জল সরবরাহ করে আমন ধানকে যাতে রক্ষা করা যায় তার জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে সি. এম. ডি. এ.-র পৌর দপ্তরের আরেকটি দুর্নীতির কথা বলবো। উত্তরপাড়া কমিউনিটি হলে যে আরকিটেকট এবং ঠিকাদার নিয়োগ করা হয়েছে তারা অসৎ

প্রকৃতির। শুধু তাই নয় কমিউনিটি হল যে অংশ নির্মাণ হচ্ছে সেখানে আলিপুর টেস্ট হাউসের বিরূপ রিপোর্ট হওয়াতে মহারাষ্ট্রের জুবিলী ভিক্টোরিয়ার একটি রিপোর্ট নিয়ে তৈরী করা হয়েছে। এই যে কমিউনিটি হলটি তৈরী হয়েছে সেটি আগামী ৫ বছরের মধ্যে ভেঙ্গে পড়তে পারে। এই যে হলটি তৈরী হয়েছে সেখানে নিরাপত্তার কোন ব্যবস্থা নেই। আগামী ৫ বৎসরের মধ্যে এটা মানুষের মাথায় ভেঙ্গে পড়তে পারে। যাতে এই দুর্ঘটনা না ঘটতে পারে তার জন্য ব্যবস্থা নিন। এই সভায় আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে যে সমস্ত দুর্নীতি হয়েছে, তার তদন্ত করে যেন ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রীসরল দেব ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় তথ্যমন্ত্রীর কাছে একটি আবেদন করছি। বারাসতে রবীন্দ্র ভবনটি জরাজীর্ণ অবস্থায় আছে এবং যে কোন মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে। সেখানকার সংস্কৃতি ভাবাপন্ন মানুষ এবং তাদের সংস্কৃতি রক্ষা করার জন্য অবিলম্বে এই রবীন্দ্রভবনে সরকার নেবার জন্য তাঁর কাছে আবেদন করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভা ও সভ্যদের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর এবং অন্যান্য যেসব জেলায় খরা দেখা দিয়েছে সেসব জায়গায় ৪০ ভাগ চাষ ব্যাহত হয়েছে। এর উপর বৃষ্টি না হবার জন্য সেখানে যে ধানের চারা লাগান হয়েছিল সেগুলি জ্বলে গেল এবং তার ফলে মানুষের অবস্থা দুবিসহ। অবিলম্বে এইসব জেলাগুলিকে দুর্ভিক্ষ পীড়িত বলে গণ্য করুন এবং অবস্থা দেখার জন্য একটা সর্বদলীয় কমিটি করুন।

**শ্রীঅনিল মুখার্জি ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর প্রসাশন বিভাগ, দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম বাংলায় ৯৫ হাজার অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী আছেন এবং তারা পেন্সন পান। এই পেন্সনের সঙ্গে মহার্ঘ ভাতা বাবদ এড হক ভিত্তিতে কিছু দেওয়া হয়। জিনিষের দাম বাড়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারী কর্মচারীরা যে হারে ডি. এ. পায় সেদিকে দৃষ্টি রেখে এদেরও সেইরকম মহার্ঘ ভাতা দিলে ভাল হয়।

**শ্রী প্রবোধ পুরোকায়েত ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই সরকার দুমুখো নীতি নিয়ে চলেছেন। গত কয়েকদিন আগে এই সভা বিহার প্রেস বিলের বিরুদ্ধে এবং ডঃ জগন্নাথ মিশ্র মহাশয় সংবাদপত্র ও সাংবাদিকদের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করার জন্য যে ঘৃণ্য বিল নিয়ে এসেছেন তার বিরুদ্ধে রাষ্ট্রপতির অনুমোদন না দেবার জন্য আমরা এখানে প্রস্তাব পাশ করেছি। কিন্তু দেখা যাচ্ছে এই সরকার একটা সার্কুলার জারী করে এস. পি., জেলা শাসক এবং অধস্তন কর্মীদের নির্দেশ দিয়েছেন তারা যেন কোন সংবাদ সাংবাদিকদের না দেয়। এই সার্কুলারের প্রতিবাদে আনন্দ বাজার ও যুগান্তর সংবাদ বের করেন। বর্তমানে একটি দৈনিক সংবাদপত্রের সম্পাদক এবং ৩১জন সাংবাদিক সরকারের এই সার্কুলারের বিরুদ্ধে জেলার তথ্য দপ্তরের অফিসার এবং অতিরিক্ত জেলা শাসকের কাছে প্রতিবাদ জানাতে যান এবং সেখানে তাদের গ্রেপ্তার করে জেলে পাঠান হয়। সরকার মুখে এক রকম নীতির কথা বলছেন। কিন্তু কার্যতঃ সংবাদপত্র ও সাংবাদিকদের উপর বিধি নিষেধ আরোপ করছেন

[4-00—4-10 p m.]

**শ্রীবিমলকান্তি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্বাস্থ্য দপ্তরের নির্দেশে উত্তর বাংলার ৫টি জেলায় মানুষের নন-আয়োনাইজড নুন খাওয়া নিষেধ, ঐ নন-আয়োনাইজড নুন স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। কিন্তু ৩/৪ বছর যাবত একটা দুষ্ট চক্র চালাও নন-আয়োনাইজড নুনের ব্যবসা সেখানে চালিয়ে যাচ্ছে এবং আমার বিশ্বাস জেলা এবং রাজ্য প্রশাসনের একটা অংশের এদের সাথে অশুভ আঁতাতের ফলে এটা সম্ভব হচ্ছে। অবিলম্বে হস্তক্ষেপ করে যাতে এই নন-আয়োনাইজড নুনের ব্যবসা বন্ধ করার ব্যবস্থা হয় তারজন্য মন্ত্রী মহাশয়ের কাছে দাবি রাখছি।

**শ্রীজোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের জেলাতে আমার কেন্দ্রে একটা বন্যা হয়ে গেছে, সেই বন্যার জল এখন কমেছে কিন্তু বন্যার জন্য যে ত্রাণ ব্যবস্থা সেটা খুব কম হওয়ায় সেখানকার লোক বিশেষ কষ্টের মধ্যে পড়েছে। সেখানে ত্রাণ ব্যবস্থা যাতে জোরদার হয় এবং আমাদের অঞ্চলে দেওয়াড়ীতে যাতে কলাই ফসল বৃদ্ধি হয় এবং যাবতীয় রিলিফ দেওয়ার ব্যবস্থা যাতে হয় তার জন্য অনুরোধ করছি।

**শ্রীলাল বিহারী ভট্টাচার্য ঃ** মিঃ স্পীকার, স্যার, বাঁকুড়া জেলায় বিশেষ করে বড়জোড়া, মেজিয়া, গঙ্গাজলঘাটি, শালতোড়া এই চারটি থানায় প্রচণ্ড খরা দেখা দিয়েছে এবং শতকরা ২৫ ভাগ জমিতেও চাষ হয়নি। যেটুকু চাষ হয়েছিল তাও বৃষ্টির অভাবে শুকিয়ে গেছে এবং ক্ষেত মজুরদের কাজে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। সেখানে আবার কংগ্রেস (আই)-এর গুণ্ডারা মস্তানরা একটা অসুবিধা সৃষ্টি করেছে—পাড়ায় পাড়ায় খুন লুঠ-তরাজ চালানর জন্য চক্রান্ত করছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ৪টি থানার এবং বাঁকুড়া জেলায় খরার জন্য বিশেষভাবে নজর দেওয়া হয়।

**শ্রীমহবুবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মালদহ জেলার চাঁচোল ২নং ব্লকের মালতীপুর অঞ্চলের গ্রাম পঞ্চায়েতের প্রধান যে দুর্নীতি এবং টাকা নিয়ে তছরুপ করেছে সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি এর যাতে প্রতিকার হয়। সেখানে ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ সালের যে বাজেট প্লেসড হয় তার হিসাবে দেখা যায় মালতীপুর অঞ্চলে মোহদীপুর-এ একটা ব্রীজ করার জন্য যার উপর দায়িত্ব দেওয়া হয়েছিল তিনি সেখানে ৩২ বস্তা সিমেণ্ট খরচ করে হিসাব দিচ্ছেন ৪০ বস্তা সিমেণ্ট খরচ হয়েছে। তার উপর যে মেম্বার দায়িত্ব দিয়েছেন সেই মেম্বারের নামে জাল সই করে হিসাব পেশ করেছে। সেই হিসাব যে ভুল, এই যে টাকা তছরুপ করা হয়েছে সেই সম্বন্ধে তিনি বিভিন্ন মেম্বারের কাছে দরখাস্ত পাঠিয়েছেন এবং আমার কাছেও একটা দরখাস্ত পাঠিয়েছেন। আমি পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের কাছে সেই দরখাস্তটি দিতে চাই। এই যে ৩২ বস্তা সিমেণ্ট খরচ হল সেখানে ৪০ বস্তা সিমেণ্ট এর খরচ তাঁর নামে মিথ্যা ভাউচার করে টাকা ড্র করেছে। এই সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআব্দুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর বিষয়ে আমি পনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকেও খবরের কাগজে আছে,

কালকেও ছিল বাঁকুড়া খৃষ্টান কলেজের অধ্যক্ষ শ্রীঅমিয় কিস্‌কু যিনি আগে কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন শিক্ষা বিভাগের এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যিনি বরাবর যুক্ত ছিলেন, অধ্যক্ষ ছিলেন তাঁকে মারা হয়েছে এবং সবচেয়ে দুঃখের কথা যে যিনি মেরেছেন এবং যিনি তার নেতৃত্ব দিয়েছেন তিনি হচ্ছেন এই বামফ্রণ্ট সরকারের প্রাক্তন মন্ত্রী শ্রীপার্থ দে।

স্যার, পার্থ দে বলেছেন আমি মারিনি। কিন্তু এস্‌. পি-কে জিজ্ঞাসা করায় তিনি বললেন, হ্যাঁ, অমিয় কিস্‌কু আমার কাছে অভিযোগ করেছেন যে পার্থ দে এবং তাঁর সঙ্গীরা তাঁকে মেরেছে। একজন অধ্যক্ষকে যদি একজন প্রাক্তন মন্ত্রী এইভাবে মারেন তাহলে বলতে হবে এখানে আইন শৃঙ্খলা বলে কিছু নেই। এই রিপোর্ট আজকে বেরিয়েছে এবং এই খবর আপনি এস্‌. পি, এবং ডি. এম.-এর কাছ থেকে জানতে পারবেন। এই অবস্থা যদি চলে তাহলে বলতে হবে রাজ্যে প্রশাসন বলে কিছু নেই, আইনের শাসন বলে কিছু নেই, এখানে একটা জংগলের রাজত্ব চলছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, একজন প্রাক্তন মন্ত্রী একজন অধ্যক্ষকে মেরেছেন কাজেই এই ব্যাপারে অবিলম্বে তদন্ত করতে হবে।

( নয়েজ )

**মিঃ স্পীকার ঃ** মিঃ চট্টরাজ আমি তো আপনাকে বলার সুযোগ এখন দেই নি। মিঃ সাত্তার তাঁর বক্তব্য রেখেছেন, কাজেই আপনি বসুন।

**শ্রীউপেন্দ্র কিসকু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস আমলের পুলিশ অফিসাররা এখনও কিভাবে সাধারণ মানুষের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছেন তার একটা নমুনা আমি আপনার মাধ্যমে সভায় পেশ করছি। ডি. এস্‌. পি. মিঃ সুকুল এবং সি. আই. শ্রীবীরেন বিশ্বাস রানীবাঁধের শান্তি মণ্ডলকে থানায় ধরে এনে নির্মমভাবে অত্যাচার করেছে, বেদম প্রহার করেছে। আমি তাকে নিজের চোখে দেখে এসেছি, সে চলতে পারছে না, বসতে পারছে না। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন করছি এই ধরণের অত্যাচারী পুলিশ অফিসারদের শাস্তি প্রদান করে সাধারণ মানুষের মধ্যে যে ত্রাসের সঞ্চার হয়েছে সেটা দূর করা হোক।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের অধ্যক্ষকে কেন্দ্র করে বিরোধীপক্ষ থেকে যে সমস্ত অসত্য কথা এখানে বলা হল সেটা খুবই দুর্ভাগ্যজনক। আমি জানি কোন বৈধ কর্তৃপক্ষ শ্রীকিস্‌কুকে ওই কলেজের অধ্যক্ষ-রূপে নিয়োগপত্র দেননি এবং সরকারের পক্ষ থেকেও তাঁর নিয়োগ স্বীকার করা হয় নি। ঘটনাটা হল, ড্রয়িং এ্যাণ্ড ডিসবার্সমেণ্ট অফিসার যখন শিক্ষকদের বেতন দিতে যাচ্ছিলেন তখন শ্রীকিস্‌কু ওখানে দাঁড়িয়ে ছাত্রদের প্ররোচনা দিয়েছেন টাকা ছিনতাই করবার জন্য। আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি এই ব্যাপারে পুঙ্খানু-পুঙ্খরূপে তদন্ত করে এই সভায় যেন একটা রিপোর্ট দেন। ওই কলেজের শিক্ষকরা এই প্রকাশিত সংবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন।

[4-10—4-20 p.m.]

**শ্রীসুধাংশু শেখর মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বরো-

আমগেড়িয়া রাস্তাটির কাজ দীর্ঘ দিন ধরে হচ্ছে না। মালবজোর বুকের মধ্যে যাতায়াত করার অন্য কোন বিকল্প উপায় নেই। এই রাস্তাটি পি. ডব্লু. ডি. রোডস্ গ্রহণ করেছে। কিন্তু এখনও পর্যন্ত এ্যাডমিনিস্ট্রেসনের এ্যাপ্রুভ্যাল পায় নি। যার ফলে রাস্তাটির কাজ আরম্ভ করা যাচ্ছে না। তাই আমি মাননীয় পূর্ত মন্ত্রীকে অনুরোধ করছি যাতে তাড়াতাড়ি এ্যাডমিনিস্ট্রেসন এ্যাপ্রুভ্যাল পায় তার ব্যবস্থা করার জন্য।

**শ্রীসুকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রানাঘাট থানার অধীন তাহেরপুর কলোনীতে ছয় শয্যা বিশিষ্ট একটি উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে। ওখানে স্থানীয় ২০ হাজার এবং আশে পাশের অঞ্চল থেকে ২৫ হাজার, মোট ৪৫ হাজার লোক চিকিৎসিত হয়। কিন্তু সে অনুপাতে ব্যবস্থা অত্যন্ত অপ্রতুল। সেই জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করছি যে অনতিবিলম্বে ঐ হাসপাতালটিকে অন্ততঃ পক্ষে ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রূপান্তরিত করেন।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকারের কার্যকালে যে জঙ্গলের শাসন কায়েম হয়েছে, মানুষের জীবনের সম্পত্তির গ্রাসাচ্ছাদনের কোন নিরাপত্তা নেই। চারিদিকে আইন শৃঙ্খলার অবনতি। মানুষের লাঞ্ছনা দিনের পর দিন বেড়ে চলেছে। কোন তদন্ত নেই, বিচার নেই। তার প্রতিবাদে পশ্চিমবাংলার সমস্ত জেলা স্তরে কংগ্রেস-এস-এর পক্ষ থেকে বিক্ষোভ, প্রতিবাদ জানানো হচ্ছে। এবং যে অত্যাচার হচ্ছে তার জন্য আমার সহকর্মীরা প্রতিবাদ করছে। আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীকে অনুরোধ করছি এর যেন প্রতিকার হয়। তিনি যেন সচেষ্ট হয়ে শান্তি প্রতিষ্ঠা করেন। কয়জন গ্রেপ্তার হয়েছে তা এখন বলা সম্ভব নয়। এই সব জেলা স্তরে নেতৃত্ব দিচ্ছেন আমাদের দলের তিনজন সদস্য। এখন আমি সামান্য সময়ের জন্য বাইরে যাচ্ছি। আবার এসে আমি অংশ গ্রহণ করবো।

**শ্রীলক্ষ্মণ চন্দ্র সেট ঃ** মিঃ স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ কবছি। দীর্ঘদিন যাবৎ হুগলী ও রূপনারায়ণ নদীতে লঞ্চে কর্মরত শ্রমিকদের উপর মালিকরা অমানবিক অত্যাচার করে আসছে। এদের সংখ্যা হবে ৭০৷৮০ জন। কাজের কোন ঠিক নেই, ঘণ্টার কোন ঠিক নেই বেতনের কোম ঠিক নেই। তারা যে সংগঠন করেছিল তার উপর গত ১৭ই, ১৮ই সেপ্টেম্বর মালিকরা আক্রমণ করে। তার প্রতিবাদে ২১শে তারিখে তারা ধর্মঘট করলে মালিক পক্ষ পুলিশের সাহায্য নিয়ে তাদের উপর অত্যাচার করে। আমি এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅনাদি মোল্লা ঃ** আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। মেদিনীপুর জেলার গোয়ালতোড় থানার কিছু কংগ্রেস-ই সমাজবিরোধী ব্যক্তিরা দুধপতরী মুড়াকাটি ও কাদসোল মৌজায় গরীব ক্ষেত মজুর ও বর্গাপাট্টা প্রাপ্ত কৃষকদের চাষ করা জমির ফসল আক্রোস বসতঃ রাত্রের অন্ধকারে দাঁড়িয়ে থেকে গরু ও মহিষ ছেড়ে জমির ফসল খাইয়ে দিচ্ছে।

স্থানীয় কৃষকরা যখন কংগ্রেস (ই) লোকদের দুস্কৃতি মূলক কাজকে জানতে পারলো ও প্রতিবাদ জানালো, তখন তারাই আবার মার ধোরের হুমকি দিচ্ছে। সুতরাং এই সব সমাজ বিরোধীদের হাত থেকে গরীব পাট্টাধারী কৃষকদের রক্ষা করুন, তাদের স্বার্থ রক্ষা করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিভিন্ন জেলায় কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ার সার্ভিস চালু আছে। ২৪ পরগণা জেলার সন্দেশখালির খুলনা হেল্‌থ সেণ্টারেও এই স্কীম ১৯৭৮ সাল থেকে চালু আছে। ভলানটিয়াররা তাদের মাসোহারা পাচ্ছিলেন কিন্তু গত ৭/৮ মাস যাবৎ তারা মাসোহারা পাচ্ছেন না। সেইজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ঐ স্বাস্থ্যকেন্দ্রে ওষুধপত্র যায় এবং ঐ সব ভলাণ্টিয়ারদের মাসোহারা দেওয়া হয়।

**শ্রীসুভাষ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা সুন্দরবন উন্নয়ন এর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৮ সালের অক্টোবর মাসে সুন্দরবন উন্নয়ন পর্ষদের মাধ্যমে বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপিত হয় এবং তার জন্য প্রায় ৩০০ জন সাধারণ শিক্ষক নিয়োগ করা হয় এবং এর জন্য তাঁরা মাসিক ভাতা ৭৫ টাকা করে পান। কিন্তু এদের মধ্যে অনেকের সরকারী চাকরি পাওয়ার যে বয়ঃসীমা তা পেরিয়ে গেছে। আমরা এই ব্যাপারে কর্তৃপক্ষের কাছে দরবার করেছি, মন্ত্রী মহাশয়ের কাছেও দরবার করেছি এবং তিনি আশ্বাস ও দিয়েছেন, কিন্তু বর্তমানে কিছুই হচ্ছে না। তাই মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ওদের স্থায়ী কোন কর্ম সংস্থানের ব্যবস্থা করা হয়।

**Demand No. 66**

**Major Heads:** 332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532—Capital Qutlay on Multipurpose River Projects and 533—Capital Ontlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects.

**Shri Nani Bhattacharya :** Sir, on the recommodation of the Governor, I beg to move that a sum of Rs. 1,08,77.98,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads: "332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects, and 533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects".

(This is inclusive of a total sum of Rs. 64,93,08,000 already voted on account in March and June, 1982.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমাদের দেশে খাদ্যের উৎপাদন, জলসম্পদের সর্বোত্তম ব্যবহার এবং তার পরিকল্পনা, প্রবর্ধন, সদ্ব্যবহার ও ব্যবস্থাপনার উপর বহুলাংশে নির্ভরশীল। স্বাধীনতা লাভের ৩৫ বৎসর পরেও পশ্চিমবঙ্গ খাদ্যোৎপাদনের দিক দিয়ে এখনও ঘাটতি রাজ্য।

মোট জমির মাত্র ২'৭ শতাংশ থেকেই আমাদের রাজ্যকে ভারতের ৮ শতাংশ জনতার ভার বহন করতে হয়। আয়তনে ক্ষুদ্র হলেও আমাদের এই রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে চতুর্থ এবং চাল উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থানে রয়েছে।

আমরা যেগুলিতে সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছি তা হ'ল খরিফ মরসুমে জলসেচন অব্যাহত রাখা। অজন্মা রোধ এবং রবি অথবা গ্রীষ্ম মরসুমে সম্ভাব্য সর্বাধিক অঞ্চলে জলসেচনের বন্দোবস্ত করা। এর ফলে এক-ফসলী জমিকে বহু-ফসলী জমিতে রূপান্তরিত করা যাবে এবং এর দ্বারা অতিরিক্ত কর্ম-সংস্থান, খাদ্যশস্য ও জাতীয় সম্পদের বৃদ্ধি ঘটবে।

আমাদের রাজ্যের এক বৃহৎ অংশ প্রায়শঃ বন্যার কবলে পড়ে এবং জলনিকাশ না হওয়ার দরুন অসুবিধা ভোগ করে। উপকূলবর্তী অঞ্চলগুলি ঘূর্নি-বাত্যার প্রকোপে পড়ে। সুতরাং বন্যানিয়ন্ত্রণ ও জলনিকাশী প্রকল্পগুলি বন্যা ও জলনিকাশী সমস্যার সমাধানে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বন্যানিয়ন্ত্রক এবং জলনিকাশী কর্মপ্রকল্পগুলি যেভাবে ফসলের উৎপাদন বাড়ায় আর অতিরিক্ত জমিকে চাষের আওতায় নিয়ে আসে তাতে খাদ্যোৎপাদনে প্রভূত উন্নতি দেখা দেয়।

গঙ্গা-অববাহিকার একেবারে শেষ প্রান্তে আমাদের রাজ্য। রাজ্যের কয়েকটি নদী-তীরে ভূমিক্ষয়ের ভয়ঙ্কর প্রবণতা রয়েছে। এটি এক বিরাট সমস্যা এবং একমাত্র গঙ্গানদীর তীরে ভাঙনের এই সমস্যা নিয়ন্ত্রণ করতেই ৩০০ কোটি টাকার বেশী অর্থ প্রয়োজন হবে। ভাঙন নিরোধক ব্যবস্থা অবলম্বনকল্পে আর্থিক অবস্থা আশানুরূপ না হওয়ায় এ রাজ্য সম্পূর্ণ একা ভাঙন রোধের এই সমস্যার মোকাবিলা করতে সক্ষম নয়। সমস্যাটির সমাধানে আমরা ভারত সরকারের সহায়তা চেয়েছি এবং আমাদের সীমিত সামর্থ্যের মধ্যে থেকেও বিপজ্জনক অঞ্চলগুলিতে ইতি মধ্যেই কাজ শুরু করেছি।

১৯৮১ সালের ডিসেম্বর মাসে এই রাজ্যের উপকূলবর্তী অঞ্চলগুলিতে যে বিধংসী ঘূর্নিবাত্যা আছড়ে পড়েছিল তাতে ২৪-পরগণা জেলার সুন্দরবন এবং মেদিনীপুর জেলায় প্রাণহানি সমেত খেতের ফসল, বাঁধ ও অন্যান্য স্ট্রাকচারের ক্ষতি হয়েছিল। বাঁধ ও জলনিকাশী স্ট্রাকচার মেরামতের কাজ দ্রুত শুরু করা হ'ল এবং ১৯৮২ সালে জুন মাসের মধ্যেই প্রয়োজনীয় কাজগুলি সম্পন্ন করা হয়েছিল। ১৯৮১-৮২ সালে ৭১০ লক্ষ টাকার কাছাকাছি কেন্দ্রীয় অর্থ সাহায্য পাওয়া গিয়েছিল এবং ১৯৮২-৮৩ সালে ঝড়ের ক্ষয়ক্ষতি পূরণের জন্য সেচ ও জলপথ বিভাগ আরো ২৫০ লক্ষ টাকা পেয়েছে।

১৯৮১ সালের সেপ্টেম্বর মাসের পর কার্যতঃ কোন বৃষ্টিপাতই হয় নি। সেজন্য ১৯৮১ সালের খরিফ ফসল বাঁচাবার জন্য বিভিন্ন জলাধারের সঞ্চিত জল কাজে লাগাতে হয়েছিল। এর ফলে ১৯৮২-র রবি ও গ্রীষ্ম মরসুমে সেচের ক্ষতি হয়েছিল। এখনও পর্যন্ত বর্ষা খুবই কম, যার ফলে পশ্চিমবঙ্গের দক্ষিণাংশের জেলাগুলিতে এক অভূতপূর্ব খরা পরিস্থিতি চলছে। আমাদের জলাধারগুলিতে যে পরিমাণ জল ধরে তার সম্ভাব্য সর্বাধিক ক্ষমতার আমরা সদ্ব্যবহার করেছি। যদি আগামী মাসগুলিতে বৃষ্টিপাতের পরিমাণ অনুকূল হয় তা হলে পরিস্থিতির কিছুটা উন্নতি হতে পারে।

বড় ও মাঝারি সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলনিকাশ, ভূমি ক্ষয়রোধ কর্মপ্রকল্প এবং অন্যান্য নানা ধরনের কাজ সেচ ও জলপথ বিভাগের উপর ন্যস্ত আছে। এছাড়াও, এই বিভাগ কৃষি বিভাগ থেকে অর্থ সাহায্য নিয়ে কিছু ক্ষুদ্র সেচ/জলনিকাশী কর্মপ্রকল্প, ভূমিসংরক্ষণমূলক কাজ এবং খরাপ্রবণ অঞ্চল কর্মসূচীর কাজকর্ম করে থাকে। আদিবাসী সাব-প্ল্যান-এর অধীনে বিশেষ কেন্দ্রীয় সাহায্য নিয়ে আদিবাসী অধ্যুষিত অঞ্চলে ঐসব মানুষজনের মঙ্গল সাধনের জন্য কিছু কিছু কর্মপ্রকল্প রূপায়িত হচ্ছে।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, ষষ্ঠ যোজনায় এক সংশোধিত লক্ষ্যমাত্রা ধার্য ক'রে যে ১,২৫৩'৫৭ হাজার হেক্টর পরিমাণ জমিতে সেচের জল দেওয়ার সম্ভাবনা ছিল তার মধ্যে ১৯৮২ সালের মার্চ মাস অবধি ১,১২৯'০০ হাজার হেক্টর পরিমাণ জমি সেচ-সেবিত হয়েছে। ১৯৮১ সাল পর্যন্ত সেচ-সেবিত জমির পরিমাণ ছিল ১,১০৭'১৯ হাজার হেক্টর। ১৯৮২-৮৩ সালে অতিরিক্ত ২৫'২ হাজার হেক্টর পরিমাণ অঞ্চল সেচের আওতায় নিয়ে আসা হবে। ১৯৮২ সালের মার্চ মাস পর্যন্ত ১,৪৫৮'০০ হাজার হেক্টর পরিমাণ জমি জলপ্লাবন এবং জলবদ্ধতার কবল থেকে রক্ষা করা সম্ভব হয়েছে। ষষ্ঠ যোজনায় লক্ষ্যমাত্রা হ'ল ১,৭৪৬'০০ হাজার হেক্টর পরিমাণ জমি। ১৯৮২-৮৩ সালে অতিরিক্ত ৪০ হাজার হেক্টর পরিমাণ জমিকে বন্যার কবল থেকে রক্ষা করা হবে।

এই সংক্ষিপ্ত ভূমিকার পরিপ্রেক্ষিতে আমি সেচ ও জলপথ বিভাগের ১৯৮২-৮৩ সালের বাজেট বরাদ্দের প্রস্তাব উত্থাপন করছি। উক্ত প্রস্তাবে ৬৬ নং দাবীর অধীনে ৩৩২, ৩৩৩, ৫৩২ এবং ৫৩৩ নং খাতে প্রভাবিত (Charged) ব্যয় সমেত মোট ১০,৮৮১'০১ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের দাবি করা হয়েছে। প্রস্তাবিত দাবির মধ্যে রাজ্য যোজনার অন্তর্গত ব্যয় ধরা হয়েছে ৫,৪০০'০০ লক্ষ টাকা এবং রাজ্য যোজনা বহির্ভূত ব্যয় ধরা হয়েছে, ৫,৫৮১'০১ লক্ষ টাকা। রাজ্য যোজনার অন্তর্গত ব্যয়ের মধ্যে আছে বড় ও মাঝারি সেচ প্রকল্প বাবদ ৩,৫৭০'০০ লক্ষ টাকা বন্যা-নিয়ন্ত্রণ, জলনিকাশ, নদীর তীরভূমি সংরক্ষণ এবং ভূমিক্ষয় রোধমূলক কাজকর্ম বাবদ ১,৭৩০'০০ লক্ষ টাকা এবং খরাত্রাণে কর্মসংস্থানমূলক প্রকল্পসমূহে ১০০'০০ লক্ষ টাকা। রাজ্য যোজনা বহির্ভূত ব্যয়ের মধ্যে আছে চালু সেচ ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনা, ব্যয়িত মূলধনের উপর সুদ, কর্মচারীদের বেতন বাবদ খরচ। এ ছাড়াও, সেচ ও জলপথ বিভাগ কৃষি বিভাগের কাছ থেকে অর্থ সাহায্য নিয়ে ক্ষুদ্র সেচ/জল নিকাশী, ভূমি সংরক্ষণ এবং ডি. পি. এ. পি. কর্ম প্রকল্পের কাজও করে থাকে।

১৯৮২-৮৩ সালে যেসব কাজ করা হবে সেগুলির একটি তালিকা রাজ্য বাজেটের 'ব্লু-বুকে' (দ্বিতীয় খণ্ড) ১৮৮৯ থেকে ১৯৮৮ পৃষ্ঠার মধ্যে দেওয়া হয়েছে।

আমি এখন সেচ ও জলপথ বিভাগের প্রধান প্রধান কার্যাবলীর একটি সংক্ষিপ্ত রূপরেখা আপনাদের কাছে তুলে ধরতে চাই।

## বড় সেচ প্রকল্প

এ রাজ্যে যে চারটি বড় সেচ প্রকল্প হাতে নেওয়া হয়েছে, পশ্চিমবঙ্গে খাদ্যশস্য

উৎপাদনে দায়িত্বের সিংহভাগ সেগুলির উপর ন্যস্ত। প্রতিটি প্রকল্প পৃথকভাবে বিভিন্ন জেলার চাষযোগ্য জমির এক সুবৃহৎ অংশের চাষের প্রয়োজন মেটাবে।

এগুলির মধ্যে, তিনটি বড় প্রকল্প, যেমন ময়ূরাক্ষী, ডি ভি সি এবং কংসাবতী প্রকল্পের কাজ কার্যতঃ সম্পূর্ণ হয়েছে। বর্তমানে প্রকল্পের পূর্ত কর্মসমূহের সম্প্রসারণ এবং উন্নয়নের কাজ এগিয়ে চলেছে।

খরিফ মরসুমে, ময়ূরাক্ষী ডি ভি সি ও কংসাবতী প্রকল্পের অধীনে কতটা পরিমাণ জমি সেচের দ্বারা উপকৃত হয়েছে তার একটি হিসাব এখানে রাখছি ঃ—

| প্রকল্পের নাম | | ১৯৮১-৮২ সাল পর্যন্ত সেচিত জমির পরিমাণ (হেক্টর) | ১৯৮২-৮৩ সালে যে পরিমাণ জমিতে সেচন করার সম্ভাবনা রয়েছে (হেক্টর) |
|---|---|---|---|
| (১) | ময়ূরাক্ষী ... ... | ২৫০,৮৬০ | ২৫০,৮৬০ |
| (২) | ডি. ভি. সি. .. ... | ৪২৫,০০০ | ৪৪০,০০০ |
| (৩) | কংসাবতী ... ... | ৩৬৪,০০০ | ৩৭২,০০০ |

## তিস্তা বাঁধ প্রকল্প

তিস্তা বাঁধ প্রকল্প পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় সেচ প্রকল্প। এই প্রকল্পের অধীনে উত্তরবঙ্গের জেলাগুলিতে অর্থাৎ মালদহ, পশ্চিম-দিনাজপুর, দার্জিলিং, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় ৮'৯০ লক্ষ হেক্টর (২২.৮০ লক্ষ একর) জমিতে শেষ পর্যন্ত সেচনের সম্ভাবনা দেখা যায়। প্রথম পর্বের প্রথম পর্যায়ের প্রথম উপ-পর্যায়ে ২১৩'৭০ কোটি টাকা ব্যয়ে ৩'৭৯ লক্ষ হেক্টর জমিতে জলসেচ করার সম্ভাবনাকে বাস্তবায়িত করার চেষ্টা চলছে। ১৯৮১-৮২ সালে ২৮ কোটি ৫৮ লক্ষ টাকা বিভিন্ন কাজে ব্যয় করা হয়েছে। ১৯৮২-৮৩ সালে এই প্রকল্পের জন্য ২৩'০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

তিস্তা বাঁধ প্রকল্পের কাজ ১৯৭৫ সালে শুরু করা হয়েছে এবং যে তিনটি প্রধান কাঠামোর উপর সবচেয়ে বেশী জোর দেওয়া হয়েছে তা হল—(ক) তিস্তা বাঁধ, (খ) মহানন্দা বাঁধ এবং (গ) মহানন্দা জলবাহিকা। তা ছাড়া, প্রধান প্রধান খাল খনন করার উপরও জোর দেওয়া হয়েছে। মহানন্দা বাঁধ ও মহানন্দা জলবাহিকার কাজ এই কাজের মরসুমেই শেষ করা হবে। তিস্তা বাঁধের কাজ আগামী বছরের মধ্যে শেষ হবে। ১৯৮৩-৮৪ সালে সীমিত পর্যায়ে জলসেচনের কাজ শুরু করা হবে।

## আধুনিকীকরণ কর্মসূচী

জলসেচনের সম্ভাবনাটুকুর পূর্ণ সদ্ব্যবহার ক'রে এবং আবর্তন পদ্ধতিতে জলসেচন ক'রে জলসেচের পরিমাণ যাতে বাড়ানো যায় সেজন্য কংসাবতী, ময়ূরাক্ষী ও ডি ভি সি সেচ প্রকল্পগুলির আধুনিকীকরণের কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে। আপাততঃ, যেসব জায়গায় জলাভাব অত্যন্ত তীব্র সেইসব জায়গা পর্যন্ত খাল কাটার

কাজ হাতে নেওয়া হয়েছে। এই সমস্ত কাজের জন্য সারা বছরে ৮৫'১০ লক্ষ টাকা খরচের প্রস্তাব করা হয়েছে।

### নূতন বড় কর্মপ্রকল্প

ষষ্ঠ যোজনা কালে নয়টি বড় জলসেচ প্রকল্প হাতে নেওয়ার প্রস্তাব রয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হ'ল—(১) উচ্চ-কংসাবতী প্রকল্প, (২) সুবর্ণরেক্ষা বাঁধ প্রকল্প, (৩) তানগন উপত্যকা জলসেচ, (৪) গাজোল উত্তোলন জলসেচ ও (৫) বামনগোলা উত্তোলন জলসেচ। এইসমস্ত কর্মপ্রকল্পের অধিকাংশ প্রকল্প রিপোর্টই ভারত সরকারের কাছে পেশ করা হয়েছে এবং সেগুলি পরীক্ষা করে দেখা হচ্ছে। আমরা তানগন উপত্যকা এবং বামনগোলা উত্তোলন জলসেচ এবং উচ্চ কংসাবতী প্রকল্পের জন্য অনুমতি পত্র পেয়েছি। ১৯৮২-৮৩ সালে এই কর্মপ্রল্পগুলির জন্য ৯০.০০ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়েছে।

### মাঝারী সেচপ্রকল্প

আমরা বিভিন্ন জেলায় ১৮টি মাঝারি প্রকল্পের কাজ হাতে নিয়েছি। এগুলি হ'ল—বীরভূম জেলার হিংলো জলসেচ কর্মপ্রকল্প, বাঁকুড়া জেলার সালি জলাধার ও সালি জলপ্রবাহ—ভিন্নমুখীকরণ কর্মপ্রকল্প, পুরুলিরা জেলার সাহারাজোড়, বরাভূম, তারাগোনিয়া, পারগা, মৌতেরজোড়, বেকো, পাতলই, টাটুকো, গোলামারাজোড়, লিপানিয়াজোড়, তুরগা, দিমু, করিয়র এবং ফুটিয়ারি কর্মপ্রকল্প। এইসমস্ত কর্মপ্রকল্পের মধ্যে কয়েকটির কাজ প্রায় শেষ হয়ে এসেছে। যোজনা কালের শেষ নাগাদ বাকি প্রকল্পগুলির কাজ যাতে শেষ করা যায় সেজন্য জোর দেওয়া হয়েছে। তা ছাড়া ১৯৮২-৮৩ সালে ১২টি নূতন মাঝারি জলসেচ কর্মপ্রকল্পের কাজ শুরু করার প্রস্তাব করা হয়েছে। ১৯৮২-৮৩ সালের বাজেটে এই সমস্ত মাঝারি জলসেচ কর্মপ্রকল্পের জন্য ২৯০'০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

### ডি পি এ পি কর্মপ্রকল্প

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের একটি অংশে বৃষ্টিপাতের পরিমাণ গড় অপেক্ষা কম হওয়ার দরুন এই জেলাগুলিকে খরা-প্রবণ অঞ্চল ব'লে ঘোষণা করা হয়েছে। ডি পি এ পি-এর অধীন কৃষি সেক্টরে যে টাকা পাওয়া যায় তার থেকে এই এলাকার জনগণ যাতে উপকৃত হন সেজন্য এই বিভাগ জলসেচ কর্মপ্রকল্পগুলি চালু করেছে। এই বছর ১৫টি ডি পি এ পি কর্মপ্রকল্প চালু করার কাজ অনেকদূর এগিয়েছে এবং এর মধ্যে ১২টি কর্মপ্রকল্পের বেশীর ভাগ কাজই এই বছরের শেষ নাগাদ সম্পূর্ণ হয়ে যাবে। আগামী বছর এই কর্মপ্রকল্পগুলির সম্প্রসারণ ও উন্নতিসাধনের কাজ চালিয়ে যাওয়া হবে। এ ছাড়া শীতল খাল সেচ, রমভাখাল সেচ, ঝিল্লি সেচ, বিহারীনাথ সেচ এবং মালিয়ারাজোরকে সর্বোচ্চ সীমায় নিয়ে আসার কাজও শুরু করার প্রস্তাব করা হয়েছে। এই ২০টি ডি পি এ পি কর্মপ্রকল্পের দ্বারা শেষ পর্যন্ত ২৩'৬৫ হাজার হেক্টর জমিতে জলসেচ করা যাবে।

## ক্ষুদ্র সেচ ও মৃত্তিকা-সংরক্ষণ

রাজ্যের যোজনার অন্তর্গত কৃষি সেক্টর থেকে কৃষি বিভাগ প্রদত্ত অর্থ সাহায্যে এই বিভাগ বিভিন্ন জেলায় ক্ষুদ্র সেচ ও মৃত্তিকা সংরক্ষণ কর্মপ্রকল্প চালু করেছেন। সংশ্লিষ্ট এলাকাগুলিতে সুযোগসুবিধা বাড়িয়ে দিয়ে এই কাজ সন্তোষজনকভাবে করা হচ্ছে।

## জলনিকাশ ও বন্যা নিয়ন্ত্রণ

পশ্চিমবঙ্গ গঙ্গানদীর অববাহিকার শেষ প্রান্তে অবস্থিত। তাই এ রাজ্যের ব্যাপক অঞ্চল জুড়ে বন্যা প্রায় স্থায়ী রোগের মতো হয়ে দাঁড়িয়েছে। এই রোগের প্রতিকারকল্পে প্রচুর সংখ্যক বন্যা নিয়ন্ত্রণ, তীরভূমি সংরক্ষণ, ক্ষয় নিবারণ, জলনিকাশ এবং অন্যান্য সংরক্ষণমূলক কাজ করার প্রস্তাব রাখা হয়েছে। ষষ্ঠ যোজনা কালে সর্বমোট ১৭৫'০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর প্রতিকার করতে হ'লে অববাহিকা-ভিত্তিক বন্যা নিয়ন্ত্রণের জন্য 'মাস্টার প্ল্যান' চালু করা দরকার। আমরা ইতিমধ্যেই এ ব্যাপারে কিছুটা এগিয়ে যেতে পেরেছি। এখন আমি কয়েকটি গুরুত্বপূর্ণ জলনিকাশী কর্মপ্রকল্প সম্পর্কে কিছু বলতে চাই।

(১) **ঘিয়াকুন্তি অববাহিকা, জলনিকাশী কর্মপ্রকল্প ঃ** ১৯৭৭-৭৮ সালে এই কর্মপ্রকল্পটির কাজ হাতে নেওয়া হয়েছিল। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ৭৫৯ লক্ষ টাকা। এ পর্যন্ত যা ব্যয় হয়েছে তার মোট পরিমাণ হ'ল ৩০৪'৭৬ লক্ষ টাকা। ইলসুরা, কেদারমাটি, পোয়া কুন্তি সরস্বতী পুনর্খনন ও কাট-কুন্তিকে প্রসারিত করার কাজ প্রায় ৫০ ভাগ এগিয়েছে। ছয়টি সেতু ও কাঠামো তৈরী হয়ে গেছে। ভূমি-অধিগ্রহণ সংক্রান্ত অসুবিধার জন্য কোন কোন এলাকায় এই কর্মপ্রকল্পের কাজ বন্ধ রাখতে হয়েছিল। যাই হোক, এই সমস্ত অসুবিধা এখন দূর করা গেছে। ১৯৮২-৮৩ সালে এই কর্মপ্রকল্প রূপায়নের জন্য ১০০.০০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(২) **ঘাটাল মাণ্টার প্ল্যান ঃ** যোজনা কমিশন এই কর্মপ্রকল্পটি অনুমোদন করেছেন। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৪১'১৭ কোটি টাকা। এই কর্ম-প্রকল্প থেকে ঘাটাল ও পাঁশকুড়া এলাকার ৪৫,০০০ হেক্টর এলাকা সুযোগ সুবিধা পাবে। এ পর্যন্ত যতগুলি বন্যানিয়ন্ত্রণ কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে তার মধ্যে এটাই সবচেয়ে বড় কর্মপ্রকল্প। এটি ১৯৮২-৮৩ সালে শুরু করা হবে এবং এজন্য ১০'০০ লক্ষ টাকা খরচের প্রস্তাব করা হয়েছে।

(৩) **তমলুক মাণ্টার প্ল্যান ঃ** যোজনা কমিশন এই কর্মপ্রকল্পটি অনুমোদন করেছেন। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৭২৮'০০ লক্ষ টাকা। এই কর্ম-প্রকল্পটি রূপায়িত হলে তমলুক মহকুমার ৫২.৮০০ হেক্টর এলাকার জলনিকাশের বাধা দূর হবে এবং এর দ্বারা এই এলাকা উপকৃত হবে। এই প্রকল্পের প্রাথমিক পর্যায়ের কাজ এই বছরেই হাতে নেওয়া হবে। এজন্য ৫'০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৪) **পূর্ব মগরাহাট এবং পশ্চিম মগরাহাট বেসিন জল নিকাশী কর্মপ্রকল্প ঃ** এই দুইটি কর্মপ্রকল্পের অধীনে প্রধান জলনিকাশের কাজ শেষ হতে চলেছে। কয়েকটি

সেতু ও কাঠামো নির্মাণের কাজ শীঘ্রই সম্পন্ন করা হবে। এজন্য ৬৫.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। যদিও এই প্রকল্পগুলি বেসিন এলাকার জলনিকাশের জন্য গ্রহণ করা হয়েছে, তবু ভরা-জোয়ারের সময় স্লুইসগুলিকে নিয়ন্ত্রণ ক'রে জলনিকাশী ক্যানেলের মধ্যে জল সঞ্চিত ক'রে ব্যাপক এলাকায় বোরো এবং রবি চাষের সময় সেচন কার্য করা সম্ভব হয়েছে।

(৫) **সুন্দরবনে জরুরী উন্নয়নমূলক কাজ**ঃ এই কর্মপ্রকল্পের জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ১৭'৫৫ কোটি টাকা। এর ফলে ১৪.৭০০ হেক্টর এলাকা উপকৃত হবে। ১৯৮২-৮৩ সালে ৮০'০০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

(৬) **নিম্ন-দামোদর এলাকার উন্নতি**ঃ হাওড়া ও হুগলী জেলার ৫১,৮০০ হেক্টর পরিমাণ জমিতে জল নিকাশের বাধা দূর করা এবং বন্যা রোধ করার জন্য এই প্রকল্পটি হাতে নেওয়া হয়েছিল। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ৬৪'২৪ কোটি টাকা। ১৯৮১ সালের মার্চ মাস পর্যন্ত এই কর্মপ্রকল্পের জন্য ১৯'৮৬ কোটি টাকা খরচ করা হয়েছে। তা ছাড়া, উলুঘাটাতে মোহনা স্লুইস নির্মাণের কাজ শেষ হয়ে গেছে। মুণ্ডেশ্বরীতে বাঁধ নির্মাণের সময় জনসাধারণের আপত্তির জন্য এই কর্মপ্রকল্পের রূপায়ণ স্থগিত রাখা হয়েছে। এই কর্মপ্রকল্পটি সংপরিবর্তনের (revision) জন্য পরামর্শ দেওয়ার উদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে। কমিটি কিছুদিন আগে রিপোর্ট পেশ করেছেন এবং সেইমত প্রকল্পটির সংপরিবর্তন করা হচ্ছে। ১৯৮২-৮৩ সালে এই প্রকল্পের জন্য ৫০'০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৭) **কান্দুয় বেসিন জলনিকাশী কর্মপ্রকল্প**ঃ হাওড়া জেলার ব্যাপক এলাকা জুড়ে জলনিকাশের ব্যবস্থায় যে বাধা রয়েছে, পুরানো খালের মাধ্যমে জলনিকাশের ব্যবস্থা ক'রে সেই বাধা দূর করার জন্য এই কর্মপ্রকল্প তৈরী করা হয়েছে। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২০২'০০ লক্ষ টাকা। মোহনা স্লুইস নির্মাণ এবং ভিন্নমুখী নিয়ন্ত্রণকারী খাল কাটার কাজ শেষ হয়ে গেছে। এর ফলে ১০,২০০ হেক্টর জমি সেচনের দ্বারা উপকৃত হবে। ১৯৮২-৮৩ সালের বাজেটে বরাদ্দ করা হয়েছে ১০ লক্ষ টাকা।

(৮) **যমুনা বেসিন জলনিকাশী কর্মপ্রকল্প**ঃ ২৪-পরগণা জেলার একটি বিশাল এলাকায় জলনিকাশের অসুবিধা দূর করার জন্য ১৯৭৮ সালে আনুমানিক ৫ কোটি ৬৩ লক্ষ টাকা ব্যয়ের এই কর্মপ্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে হাতে নেওয়া হয়েছিল। ১৯৮২-৮৩ সালে এই কর্মপ্রকল্পের জন্য ৪০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে।

(৯) **শাকদা বেসিন জলনিকাশী কর্মপ্রকল্প**ঃ ২৪-পরগণা জেলায় ১৯৭৭-৭৮ সালে সংশোধিত আনুমানিক ৭০ লক্ষ টাকা ব্যয়ের এই প্রকল্পটি হাতে নেওয়া হয়েছিল। এই কর্মপ্রকল্পটির রূপায়ণের কাজ বেশির ভাগই শেষ হয়ে গেছে। এর ফলে ৬ হাজার ৪০০ হেক্টর জমিতে জলনিকাশের অসুবিধা দূর হবে। সেতু ও ইন্‌লেট্ নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং ১৯৮২-৮৩ সালের মধ্যেই তা শেষ হয়ে যাবে। এই কাজের জন্য ১৯৮২-৮৩ সালের বজেটে ১০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে।

(১০) **গুড়গুড়িয়া বেসিন জলনিকাশী কর্মপ্রকল্প ঃ** নদীয়া জেলাতে গত বছর আনুমানিক ৮১ লক্ষ ২৪ হাজার টাকা ব্যয়ের এই কর্মপ্রকল্পটির কাজ হাতে নেওয়া হয়েছে। বন্যার কবল থেকে ৫,৫০০ হেক্টর জমিকে বাঁচানোর জন্য মোহনা স্লুইস নির্মাণ করা হচ্ছে। ১৯৮২-৮৩ সালের জন্য ১৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(১১) **বীলবল্লী জলনিকাশী কর্মপ্রকল্প ঃ** ২৪-পরগণা জেলায় ১৯৭৮ সালে সংশোধিত আনুমানিক ১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ের এই কর্মপ্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। ২টি স্লুইস, ৩টি ইন্‌লেট্ এবং একটি সড়ক-সেতু নির্মাণের কাজ সমাপ্তির মুখে। এই কর্মপ্রকল্পের অন্যান্য পূর্তকর্ম ১৯৮২-৮৩ সালের শেষাশেষি সম্পূর্ণ হয়ে যাবে। আর, তার জন্য বাজেটে ২০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই কর্মপ্রকল্পের ফলে প্রায় ১০ হাজার হেক্টর জমির জলনিকাশের অসুবিধা দূর হয়েছে।

## প্রস্তাবিত নূতন কর্মপ্রকল্প

আরো কয়েকটি বেসিনওয়ারি জলনিকাশী কর্মপ্রকল্পের প্রস্তাব আছে। সেগুলি চূড়ান্তকরণ ও অনুমোদনের বিভিন্ন পর্যায়ে রয়েছে। সেগুলির মধ্যে উল্লেখ করার মত হল—

(১) বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় কান্দী এলাকা সংহত জলনিকাশী কর্ম-প্রকল্প;

(২) হাওড়া ও হুগলী জেলায় সরস্বতী নদীর নবতর জলনিকাশী কর্মপ্রকল্প;

(৩) বর্ধমান জেলায় খড়ি নদী জলনিকাশী কর্মপ্রকল্প; এবং

(৪) বর্ধমান জেলায় কুনুর নদীর বাঁধ কর্মপ্রকল্প;

১৯৮২-৮৩ সালের মধ্যে যাতে এই প্রকল্পগুলির রূপায়ণের কাজ শুরু করা যায় সে জন্য সেগুলি শীঘ্রই কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাবে বলে আশা করা যাচ্ছে।

## গঙ্গানদীর ভাঙ্গন রোধ এবং তীরভূমি সংরক্ষণমূলক পূর্তকর্ম

ফরাক্কা বাঁধে গঙ্গার ঊর্ধ্ব ও নিম্নস্রোতে প্রবল ভাঙন সম্পর্কে রাজ্যসরকার যে গভীরভাবে উদ্বিগ্ন এই সভা সে বিষয়ে অবহিত। কেন্দ্রীয় জল কমিশনের সদস্য (বন্যা) শ্রীপ্রীতম সিংয়ের সভাপতিত্বে রাজ্যসরকার একটি কমিটি গঠন করেছিলেন এবং এই কমিটি তাঁদের সুপারিশ জানিয়েছেন। সংরক্ষণের জন্য আনুমানিক ব্যয় হবে প্রায় ২৯৩ কোটি টাকা। যেহেতু ফরাক্কা বাঁধ নির্মাণের পরে প্রবল ভাঙন দেখা দিয়েছে তাই সংরক্ষণের সমস্ত ব্যয়ভার যাতে কেন্দ্রীয় সরকার বহন করেন সেজন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারে কাছে আবেদন জানিয়েছেন। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, ফরাক্কা বাঁধ ও জঙ্গীপুর বাঁধ কমপ্লেক্সের নিরাপত্তার জন্য যতটুকু পূর্তকর্ম করা প্রয়োজন ভারত সরকার কেবল সেইটুকুই করতে সম্মত হয়েছেন। এসব স্থানে রেলপথকে বাঁচানোর প্রথম পদক্ষেপ হিসাবে ভারত সরকারের কাছে ১৯ কোটি টাকার একটি হিসাব দাখিল করা হয়েছে; আশা করা যাচ্ছে, এই যে টাকা ব্যয় হবে তা

অংশতঃ ভারত সরকার বহন করবেন। গঙ্গার বাঁধ সংরক্ষণমূলক পূর্তকর্মের জন্য ১৯৮২-৮৩ সালের বাজেটে অর্থ বরাদ্দ করা হয়েছে।

## অন্যান্য নদীর তীরভূমি সংরক্ষণমূলক পূর্তকর্ম

জঙ্গীপুর বাঁধের নিম্নস্রোত থেকে হুগলী নদীর মোহনা পর্যন্ত অসংখ্য স্থানে ভাগীরথী ও হুগলী নদীর উভয় তীরে ভাঙন দেখা দিয়েছে। শহর, মিউনিসিপ্যাল অঞ্চল, গুরুত্বপূর্ণ গ্রাম, ধর্মস্থান, মন্দির, শ্মশানঘাট, স্নানঘাট, শিল্পসংক্রান্ত ইনস্টলেশন ও স্ট্রাকচার রক্ষা করার জন্য গত কয়েক বছরে মুর্শিদাবাদ, নদীয়া, হাওড়া—হুগলী এবং ২৪-পরগণা জেলায় ভাগীরথী-হুগলী নদীর উভয় তীরেই তীরভূমি সংরক্ষণমূলক ব্যাপক পূর্তকর্ম সম্পাদন করা হয়েছিল। এছাড়া, রূপনারায়ণ, দামোদর, অজয়, ইছামতী, চুরাই, কংসাবতী, শিলাবতী এবং উত্তরবঙ্গের নদীগুলির তীরের ভাঙন রোধের জন্যও পূর্তকর্ম শুরু করা হয়েছে। বসিরহাট, কালনা, রায়গঞ্জ, জংঙ্গীপুর, ইংলিশবাজার এবং কোলাঘাট শহর সম্পর্কে সংরক্ষণমূলক পূর্তকর্ম শেষ হতে চলেছে। হুগলী নদীর বাম তীরে বরাহনগর, বেলঘরিয়া, ব্যারাকপুর, পানিহাটি, জগদ্দল ও মহেশতলাতে এবং হুগলি নদীর দক্ষিণ তীরে চুঁচুড়া-হুগলীতে ব্যাপক সংরক্ষণমূলক পূর্তকর্ম সম্পাদিত হচ্ছে।

এই সমস্ত পূর্তকর্মের জন্য ১৯৮২-৮৩ সালের বাজেটে ৬ কোটি ৮২ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

## উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশনের অধীনে বন্যানিয়ন্ত্রণসংক্রান্ত পূর্তকর্ম

দার্জিলিং, জলপাইগুলি এবং কোচবিহার জেলায় উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশন বন্যানিয়ন্ত্রণ কর্মপ্রকল্প রূপায়িত করছেন। তা ছাড়া, দার্জিলিং-এর পার্বত্য এলাকার জন্য কৃষি বিভাগ এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের কাছ থেকে যে অর্থ পাওয়া যাচ্ছে তা দিয়ে কমিশন মৃত্তিকা-সংরক্ষণ ও ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্প রূপায়িত করছেন।

১৯৮২-৮৩ সালের মধ্যে রূপায়ণের জন্য কয়েকটি নতুন বন্যারোধ কর্মপ্রকল্পের প্রস্তাব করা হয়েছে এবং কিছু কিছু চালু কর্মপ্রকল্পের কাজ এই সালেই শেষ হয়ে যাবে। ১৯৮২-৮৩ নূতন সালে কিছু কিছু মৃত্তিকা-সংরক্ষণ কর্মপ্রকল্প এবং নয়টি নূতন ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্প হাতে নেওয়ার প্রস্তাব রয়েছে। ১৯৮১-৮২ সালে বন্যানিয়ন্ত্রণ কর্মপ্রকল্প সম্পর্কে ৩১০.০০ লক্ষ টাকার পূর্তকর্ম সম্পূর্ণ হয়েছে। ১৯৮২-৮৩ সালে উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণসংক্রান্ত পূর্তকর্মের জন্যে ৩৪৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

## নদী গবেষণা কেন্দ্র ( রিভার রিসার্চ ইনষ্টিটিউট )

হরিণঘাটার নদী গবেষণা কেন্দ্র ( রিভার রিসার্চ ইনস্টিটিউট ) বিভিন্ন অনুসন্ধান, গবেষণা এবং ফিল্ড ও ল্যাবোরেটরি পরীক্ষার কাজ চালিয়ে থাকে। এই বছরে তিস্তা বাঁধ, মহানন্দা বাঁধ, দুর্গাপুর বাঁধ, সুবর্ণরেখা বাঁধ, কংসাবতী বাঁধ এবং হেড-রেগুলেটার সম্পর্কে মডেল স্টাডি-র ব্যবস্থা করা হয়েছিল। পুরুলিয়া জেলার ১৫টি স্ট্রাকচার এবং ৫টি মাটির বাঁধ সম্পর্কে সয়েল্ মেকানিক্স ল্যাবোরেটরিতে ভিত্তিবিষয়ক

অনুসন্ধানের কাজ চালানো হয়েছে। রসায়ন ও ইলেকট্রনিক শাখা গবেষণামূলক বিভিন্ন কর্মসূচী অনুসরণ করেছে। এর মধ্যে জলাধারে জমা তলানি এবং হুগলি নদীর জলদূষণ সম্পর্কে গবেষণাও ছিল। এই কেন্দ্র ( ইনস্টিটিউট ) নদী উপত্যকা প্রকল্পের ক্ষেত্রে গবেষণামূলক কর্মপ্রকল্পের কাজও রূপায়িত ক'রে থাকে। প্রকল্পটি ভারত সরকারের টাকায় কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ পর্ষদের দ্বারা প্রবর্তিত। ১৯৮২-৮৩ সালে তিস্তা বাঁধের স্ট্রাক্চার, নদীর আচরণ ও নিয়ন্ত্রণ, মাটির বাঁধ এবং হাইড্রলিক স্ট্রাক্চার সংক্রান্ত নূতন আরো কিছু গবেষণামূলক কর্মসূচি রূপায়ণের প্রস্তাব করা হয়েছে। এইসব গবেষণামূলক কর্মসূচীর দরুন ১৯৮২-৮৩ সালের বাজেটে ২৬ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

শেষ করার আগে আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের রাজ্যটি এমনই যে একদিকে তার ভৌগোলিক অবস্থান এবং অন্যদিকে ব্রিটিশ শাসনকালে অবহেলিত হওয়ার দরুন তাকে হাজারো সমস্যার উত্তরদায় বহন করতে হচ্ছে। এই রাজ্যের মধ্য দিয়ে প্রবাহিত প্রধান নদীগুলির উৎস হিমালয়ে বা প্রতিবেশী রাজ্যগুলিতে। আমাদের সেচ ও জলপথের উন্নয়নের দিকে বিদেশী শাসকেরা বিশেষ কোনো নজর দেননি বললেই হয়। ৩০ বছরের কংগ্রেসী শাসনকালে অবস্থার উল্লেখ-যোগ্য উন্নতি ঘটে নি। কেননা, তখন সেচ, বন্যানিয়ন্ত্রণ বা জলনিকাশসংক্রান্ত কর্ম-প্রকল্পগুলি বিভাগীয় মন্ত্রীর বা বিধানসভার যেসব সদস্য ঐ ধরনের কর্মপ্রকল্প সম্পর্কে চাপ দিতেন তাঁদের প্রভাবের মাত্রা অনুযায়ী অগ্রাধিকার পেত। আমাদের খাদ্যশস্যের উৎপাদন এই রাজ্যকে ঘাটতি রাজ্য থেকে উদ্বৃত্ত রাজ্যে পরিণত করার জন্য সেচের অপরিমেয় সুযোগ-সুবিধার যে সদ্ব্যবহার করা যায় নি, এটাও এর একটা কারণ। কংগ্রেসী আমলে সেচ ও বন্যানিয়ন্ত্রণের ক্ষেত্রে রাজ্যের এই যে অকিঞ্চিৎকর অগ্রগতি, বামফ্রন্ট সরকার তা যথার্থ অনুধাবন করেছেন। আর, সেজন্যই এই সরকার তাঁদের ৩৪-দফা কর্মসূচীতে সেচ ও বন্যানিয়ন্ত্রণ প্রকল্পগুলিকে অগ্রাধিকার দিয়েছেন। আমি অবশ্য এমন কথা বলছি না যে, এর ফলে অদূর ভবিষ্যতেই সব কিছু ঠিক হয়ে যাবে। অজন্মা ঠেকানোর জন্য পশ্চিমবঙ্গে গ্রীষ্মের মরসুমে সর্বাধিক পরিমাণ চাষের জমিতে জলসেচনের ব্যবস্থা করতে হবে, কিংবা খরিফ মরসুমে সেচব্যবস্থা অব্যাহত রাখতে হলে সুবিশাল পরিকল্পনা রচনা করা এবং তার সঙ্গে সামঞ্জস্য রেখে বাজেটে বিপুল অর্থের বরাদ্দ করা দরকার।

অর্থাভাবের দরুনই আমাদের অনেক ক্ষুদ্র ও মাঝারি সেচ কর্মপ্রকল্প এবং জলনিকাশী কর্মপ্রকল্প প্রয়োজনানুযায়ী দ্রুততার সঙ্গে রূপায়িত করা যায় নি। এই অসুবিধা সত্ত্বেও ষষ্ঠ যোজনাকালে সেচের সুযোগসম্ভাবনার লক্ষ্যমাত্রার দিকে আমরা অনেকটা এগিয়ে যেতে পেরেছি। অবশ্য এখনও অনেক কিছু করার আছে। তবে, ইতিপূর্বে যেসব প্রধান সেচ কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছিল সেগুলির রূপায়ণের কাজ শেষ হয়ে গেলে এবং ষষ্ঠ যোজনাকালে আরো ৯টি বড় এবং ১৮টি মাঝারি সেচ প্রকল্পের কাজ শুরু হলে পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থার নিশ্চিত উন্নতি ঘটবে।

গঙ্গা, তিস্তা এবং অন্যান্য প্রধান নদীর ভাঙন হাজার হাজার একর জমির, হাজার হাজার মানুষের ঘরবাড়ির ও মাইলের পর মাইল সড়কের সমূহ ক্ষতিসাধন

করছে। বন্যানিয়ন্ত্রণ ও ঐ ভাঙনরোধের ক্ষেত্রে আমরা অনেক কিছু ক'রে উঠতে পারব, এতটা আশা নিয়ে আমি অবশ্য দাবি জানাতে পারছি না। কেন যে পারছি না তার করেণ সহজ। বন্যানিয়ন্ত্রণ ও ভূমিক্ষয় রোধের ব্যবস্থার জন্য নির্দিষ্ট সময়-সীমার মধ্যে তৎসংক্রান্ত কর্মসূচির রূপায়ণ হওয়া প্রয়োজন; অর্থের অভাবে সেগুলি যেন আটকে না থাকে। আপনারা জানেন, দেশের জলপথের উন্নয়ন ও সংরক্ষণের সঙ্গে যে আথিক দায়িত্ব জড়িত রয়েছে তার একটা বৃহদংশ বহন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো হয়েছে। গঙ্গা, তিস্তা এবং অন্যান্য নদীর ভাঙনের ফলে এই রাজ্যের জমি ফসল এবং জলপথ বিপন্ন। ঐ ভাঙনের গ্রাস থেকে ঐগুলিকে রক্ষা করতে হলে যে অর্থের প্রয়োজন পশ্চিমবঙ্গ যাতে সেই অর্থ পেতে পারে তার জন্য কেন্দ্রীয় সরকার যদি যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করেন, তা হলে আমার আশঙ্কা, আমাদের রাজ্যের লক্ষ লক্ষ মানুষের জীবনে দুর্দিন ঘনিয়ে আসবে। যাই হোক, সীমিত আথিক ও সঙ্গতি নিয়ে রাজ্যসরকার যথাসাধ্য কাজ করতে অঙ্গীকারবদ্ধ। এ ব্যাপারে প্রয়োজনীয় কারিগরি বিদ্যার অভাব আমদের নেই। আমাদের ইঞ্জিনীয়াররা বিদেশের ইঞ্জিনীয়ারদের চেয়ে কোনো অংশেই কম নন। বাজেটে বরাদ্দের পরিমাণ বৃদ্ধি পেলে, আমরা আশা রাখি যে আগামী দিনে পশ্চিমবঙ্গে বিস্তৃততর অঞ্চলে সেচের সুযোগ-সুবিধার ব্যবস্থা করা যাবে এবং জলনিকাশ সমস্যার অনেকখানি সুরাহা করা যাবে।

মহাশয়, এই ব'লে, আমার বিভাগের ১৯৮২-৮৩ সালের বাজেট আমি সভার সমক্ষে উপস্থাপিত করছি।

[4-20—4-30 p.m.]

এবারে নতুন পলিসি বিশেষ কিছু রাখা হয়নি, বিগত বছরের কিছু পলিসিই প্রতিফলিত হয়েছে। সেই পলিসির মূল্যায়ণ অনুসরণ করে চলেছি। সেই পলিসির ম্যূলায়ণ যদি করতে হয় তাহলে প্রয়োজনে পলিসির পরিবর্তন, পরিবর্দ্ধনের বিষয়গুলি ঠিক করা হবে। এই বাজেট বক্তৃতায় সেটা ছাপানো হয়েছে মাননীয় সদস্যরা সেটা পেয়েছেন এবং দ্যাট সুড বি টেরেশ এ্যাজ রেড্। সেই বাজেটে আমি উল্লেখ করেছি বিগত বছরের তুলনায় এই বছর নানা কারণে অর্থ বরাদ্দ অনেক কম ধরা হয়েছে। সাধারণতঃ বাজেট নিয়ে যে সময় আলোচনা হয় তখন অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী সেই কারণগুলি সবিস্তারে আলোচনা করেছেন। সেগুলি এখন আর নিশ্চয় পুনরাবৃত্তি করার প্রয়োজন পড়বে না। সেচ খাতে ৩৫ কোটি ৭০ লক্ষ টাকা এইবারে ধরা হয়েছে। জল নিষ্কাশন, বন্যা নিয়ন্ত্রণ, ভাঙন রোধ খাতে ১৭ কোটি ৬০ লক্ষ টাকা ধরা হয়েছে। আরো ১ কোটি টাকা ধরা হয়েছে খরা এলাকায় নতুন কর্ম সংস্থান প্রকল্প খাতে। আপনারা জানেন সেচ খাতে যে বরাদ্দ করা হয়েছে তার মধ্যে সবচেয়ে বেশী গুরুত্ব দেওয়া হয়েছে তিস্তা ব্যারেজ প্রকল্প ক্ষেত্রে এবং ঐ প্রকল্পের জন্য আমরা ২৩ কোটি টাকা বরাদ্দ করেছি। এছাড়া নতুন কিছু বড় প্রকল্প আমরা হাতে নিয়েছি, তার সংখ্যা হল ৪টি। এই ৪টির অনুমতি পত্র পাওয়া গেছে। কাজ অনেক দূর এগিয়েছে। তাছাড়া ফরাক্কা জল উত্তোলন সেচ

প্রকল্প, কংসাবতী প্রকল্প ক্ষেত্রেও অনুমতি পত্র প্রেয়ে গেছি। সুতরাং এই বছরই আমরা এই কাজগুলিতে হাত দিচ্ছি। তাছাড়া ১৮টি মাঝারি প্রকল্পে হাত দেওয়া হয়েছে। আরো ১২টি নতুন মাঝারি প্রকল্পের কাজ শুরু করার প্রস্তাব আছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমরা স্থায়ী সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে অধিকতর গুরুত্ব আরোপ করেছি। স্থায়ী সম্পদের উপর আমরা বেশী জোর দিয়েছি, বেশী বরাদ্দ ধরবার চেষ্টা করেছি। যার ফলে নদীর ভাঙন রোধ, বাঁধ মেরামত খাতে আশানুরূপ বরাদ্দ ধরে উঠতে পারিনি। আপনারা সবাই এই কথা স্বীকার করবেন যে উত্তরোত্তর বেশী পরিমাণ কৃষি জমি যাতে সেচের আওতায় আনা যায় সেটাই হচ্ছে সেচ দপ্তরের অন্যতম কাজ। ষষ্ঠ পরিকল্পনায় আমাদের লক্ষ মাত্রা ঠিক করা হয় ১২ লক্ষ ৫০ হাজার হেক্টরের কিছু বেশী জমি। বিগত মার্চ মাস পর্যন্ত ১১ লক্ষ ২৯ হাজার হেক্টর জমিকে এই সেচের আওতায় আনা হয়েছে। এই বারের লক্ষ্যমাত্রা ২৫ হাজার হেক্টরের কিছু বেশী জমি। জল নিকাশী, ভূমি সংরক্ষণ ইত্যাদি বিষয়ে আমাদের ১৭ লক্ষ ৪৬ হাজার হেক্টর লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল, আমরা আশা করছি ষষ্ঠ পরিকল্পনায় এই লক্ষ্যমাত্রা পূরণ করতে পারব। গঙ্গা ভাঙন রোধ প্রকল্প, তিস্তা ব্যারেজ প্রকল্পে কেন্দ্রীয় অর্থ সাহায্যের কথা আমাদের তরফ থেকে কেন্দ্রকে বারে বারে জানানো হয়েছে। মুখ্যমন্ত্রী কয়েকবার জানিয়েছেন। এই সব প্রস্তাব এখনো আলোচনার পর্যায়ে থেকে গেছে। প্রসংগতঃ এখানে বলা দরকার, এই ফরাক্কা ও তিস্তার জল বাংলাদেশের সঙ্গে ভাগাভাগি নিয়ে আমাদের মনোভাব সর্বজন বিদিত। এই বিধান সভার সর্বসম্মত প্রস্তাবের ভিত্তিতে সর্বদলীয় প্রতিনিধি দল মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের অপেক্ষায় আছে।

এই প্রসঙ্গে বলে নিই যে এই এ্যাসেম্বলীর পক্ষ থেকে যেমন তেমনি সেচ বিভাগের পক্ষ থেকেও মাননীয়া প্রধানমন্ত্রীর সেক্রেটারিয়েটে এবং সেচ দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রী কেদার পাণ্ডে মহাশয়ের কাছে এবং অন্যান্য এম. পি. দের কাছে খবর পাঠানো হয়েছে যাতে ৩০ তারিখ অথবা ১ তারিখ অথবা ৪ তারিখে প্রতিনিধিমণ্ডলির সঙ্গে দেখা ও কথা হতে পারে। ৪ তারিখ হলে বেশী দেরি হয়ে যায়, তার আগেই হয়ত সরকারী-ভাবে কাগজপত্র তৈরী হয়ে যাবে, সেই আশঙ্কা থাকছে, কাজেই তার আগেই যাতে একটা দিন মাননীয়া প্রধানমন্ত্রীর কাছ থেকে পেয়ে তাঁর কাছে পশ্চিমবঙ্গ বিধানসভার বক্তব্য, পশ্চিমবঙ্গবাসীর বক্তব্য তুলে ধরা যায় তার চেষ্টা চলছে। তা ছাড়া মাননীয় সদস্যরা জানেন অনেক নদী নিয়ে আন্তঃরাজ্য সমস্যা আছে। সেচ প্রকল্পের প্রসার এবং সেচ দপ্তরের বিভিন্ন প্রকল্প চালাবার ক্ষেত্রে অনেক সমস্যা আছে। যেমন দামোদর, বরাকর, ময়ুরাক্ষী, সিদ্ধেশ্বরী, মহানন্দা, সুবর্ণরেখার অববাহিকা এলাকার বিভিন্ন ধরনের কাজ ঠিকমত এগুতে পারছে না ঐ আন্তঃরাজ্য সমস্যার জন্য। তাতে কোনটাতে বিহার—পশ্চিমবঙ্গ—উড়িষ্যা যুক্ত, কোনটাতে বিহার—পশ্চিমবঙ্গ যুক্ত—এইভাবে আছে। তারপর ফারাক্কা ব্যারেজের উপরে যেখানে বিহার এবং উত্তরপ্রদেশ পড়ছে সেখানে কি পরিমান জল সেচের জন্য এই দুই রাজ্যে ব্যবহৃত হচ্ছে সে ব্যাপারটাও আছে। সেখানে সেটা রেগুলেট করার প্রশ্ন আছে ফরাক্কা ব্যারেজের স্বার্থে, হুগলী নদীর নাব্যতার স্বার্থে, কোলকাতা পোর্টের স্বার্থের দিকে তাকিয়ে। সেটা এখনও হয়ে ওঠেনি। সুতরাং

এই সমস্যাগুলি আমাদের আছে এবং এগুলি সমাধানের দিকে আমাদের এগিয়ে যেতে হবে। কোন কোন প্রকল্প নেওয়া হয়েছে সে সম্পর্কে বিস্তৃত তথ্যের মধ্যে আমি যাচ্ছি না, সেগুলি আমার লিখিত বক্তব্যের মধ্যে আছে, মাননীয় সদস্যারা দেখে নিতে পারবেন আমি শুধু এই প্রসঙ্গে দু-একটি কথা বলছি। এই সেচ দপ্তরের কাজের ব্যাপারে আমি যেটা অনুভব করেছি—মন্ত্রী হিসাবে এবং যখন মন্ত্রী ছিলাম না, বাইরে থেকে যে অভিজ্ঞতা অর্জন করেছি সেটা হচ্ছে, এই দপ্তরের প্রতিদিন জনসাধারনের সহযোগিতার দরকার সেচ দপ্তরের কাজকে ঠিক ঠিক ভাবে এগিয়ে নিয়েযেতে হলে। এ ক্ষেত্রে আমি বলব, মামলা মকদ্দমা একটা বড় বাধা হয়ে দেখা দিয়েছে। ধরুন শুধু ব্যারেজ করলেই তো হবে না, সেখানে খাল কাটতেও হবে, এ ক্ষেত্রে দেখা যায় স্থানীয় কিছু স্বার্থান্বেষী মানুষ বাধা দেন। এ ছাড়া কিছু কিছু রিপোর্ট পেয়েছি যাতে দেখা যাচ্ছে স্থানীয় শ্রমিকদের চাকরি দেবার ক্ষেত্রে সেখানে কিছু টাউট তার উতপাত করছে এবং তাদের উতপাত একটা বড় সমস্যা হয়ে দেখা দিচ্ছে। অবশ্য আমদের দিকেও যে ত্রুটিবিচ্যুতি নেই তা বলছিনা। যেমন ক্ষতিপূরণের ব্যাপারটা—অনেক জায়গায় ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হয়নি বা যায়নি এইরকম অবস্থা আছে। মাননীয় সদস্যরা জানেন, তবুও বলছি, অনেক জায়গা এরকমও আছে যে যেখানে খাল করবো সেই জমির খতিয়ান নং ইত্যাদি কাগজপত্র নেই, সেগুলি যোগাড় করতে সময় লাগছে। ইসলামপুর মহকুমার জমির কথা এই প্রসঙ্গে উল্লেখ করা যায়। সেখানে জমির মালিকানা কার, কোথায় কি অবস্থায় জমি আছে সেটা নিয়ে সমস্যা আছে। সেখানে বিহার থেকে যে অংশটা এসেছে এবং দার্জিলিং-এর একটা টুকরো যেটা এসেছে সে ক্ষেত্রে জমির কাগজপত্রের অভাব অনেকখানি আমাদের কাজের বাধা হয়ে দেখা দিচ্ছে। বিহার গভর্ণমেণ্টের সঙ্গে যোগাযোগ করে সেখান থেকে কাগজপত্র নিয়ে আসার ব্যবস্থা হয়েছে এটা হলে হয়ত কিছুটা কাজ এগিয়ে নিয়ে যেতে পারবো।

[4-30—4-40 p.m.]

শেষ করার আগে আমি এই কথা বলতে চাই যে জনসাধারণের সহযোগিতা পাওয়া একেবারে প্রতিদিনের ব্যাপার, আমি আশা করি যে সেখানে স্থানীয় জনসাধারণের যে সমস্ত কৃষক সংগঠন আছে, পঞ্চায়েত আছে তাদের সক্রিয় সহযোগিতা এবং সঙ্গে সঙ্গে আমাদের যে বিপুল কর্মী, ইঞ্জিনিয়ার কর্মী আছেন তাদের ঐ গণমুখী যে কাজকর্ম সেগুলি নিয়ে আমরা বাধাগুলি জয় করতে পারবো। এই কথা বলে আমি যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপিত করেছি সেগুলি মাননীয় সদ্যরা অনুমোদন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin :** I beg to move that the Demand be reduced by Rs. 100/-

**Shri Kashinath Misra :** I beg to move that the Demand be reduced by Rs. 100/-.

**শ্রীআব্দুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার। স্যার, আজকে বি. এ. কমিটি ৭টি দফার আলোচনার জন্য দিয়েছেন। ইরিগেশানের মত

ইম্পরটেণ্ট সাবজেক্ট, যেখানে এক শত কোটি টাকার মত আছে, হেল্থ-এর উপর এক শত কোটি টাকার বেশী আছে, সেখানে মাত্র ২ ঘণ্টা সময় দেওয়া হয়েছে আলোচনার জন্য। আগে সাবজেক্ট গুলিতে ৩ ঘণ্টা, ৪ ঘণ্টা করে সময় দেওয়া হত। কিন্তু আপনারা এই সময় অত্যন্ত সংক্ষিপ্ত করেছেন যা আগে কখনও হয়নি। এতে আমাদের রাইট যেটা The privilege of the oppositions members are being curtailed. আপনারা মাঝখানে একটা লাঞ্চের ব্যবস্থা করে ইরিগেশানের মত একটা ইম্পরটেণ্ট সাবজেক্ট, হেল্থ-এর মত একটা সাবজেক্টের আলোচনার সময় নির্ধারণ করেছেন। এত অল্প সময়ের মধ্যে এই বিষয়ে আলোচনা হতে পারে না।

**মিঃ স্পীকার ঃ** বি. এ. কমিটির মিটিং যখন হয় তখন আপনাদের প্রতিনিধি সেই মিটিংয়ে ছিলেন। বি. এ. কমিটিতে থ্রেড বেয়ার ডিসকাসন হয়েছে এবং ইট ওয়াজ এ্যাপ্রুভড ইউন্যানিমাসলি। তখন আপনারা কিছু বলেন নি। এখন এসব কথা বলছেন, এটা ঠিক নয়। সুতরাং ইওর পয়েন্ট অব অর্ডার ইজ আউট অব অর্ডার।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি. এ. কমিটিতে আমাদের একজন মেম্বার সুব্রত মুখার্জী রয়েছেন। তিনি আমাদের কাছে বলেন যে আমি আপত্তি করি কিন্তু যেহেতু আমি একা, আর সরকার পক্ষের অনেকে আছেন সে জন্য আমার আপত্তি টিকছে না। সেই কারণে বলা হচ্ছে যে আমাদের রাইট যেটা আছে, প্রিভিলেজ যেটা আছে সেটা কার্টল করা হচ্ছে।

**Mr. Speaker :** I can assure you that the time for discussion of grants was allowed unanimously in the B. A. committee. You are raising this issue at this moment. It is not fair. Please don't do this.

**শ্রীঅবন্তী মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় সেচ বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। সেচ মন্ত্রী ননীবাবু পূর্বে অবশ্য স্বাস্থ্য দপ্তরে ছিলেন এবং স্বাস্থ্য দপ্তরে থাকাকালীন তিনি সুনাম অর্জন করেছিলেন। এখন তাকে সেচ বিভাগ দেওয়া হয়েছে। কিন্তু তাঁর কাছে আবেদন রাখবো যে তার দপ্তরের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকা নিয়ে যেন ঐ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা রাজনীতি না করেন। তাঁর কাছে করজোড়ে আরো আবেদন রাখবো যে তাকে ভাল মানুষ পেয়ে তার দপ্তরের টাকা নিয়ে ছিনিমিনি খেলে যেন পশ্চিমবাংলার সর্বনাশ করা না হয়। আমাদের মেদিনীপুর জেলা হচ্ছে উর্বশী জেলা। এখানকার মাটি অত্যন্ত উর্বর। মেদিনীপুর জেলায় সেচের কাজ গত ৫ বছরে ঠিক মত হয়নি। আমি তাঁর কাছে নিবেদন করবো যেন মেদিনীপুরে সেচের কাজের জন্য মনোযোগ দেওয়া হয় এবং যাতে সেচ পরিকল্পনাগুলি ভালভাবে রূপায়িত হয় বিশেষ করে কংসাবতী প্রোজেক্ট রূপায়িত হয় তার জন্য আপনি সচেষ্ট হন। আমি এই বিষয়ে তার দৃষ্টি আকর্ষন করছি এবং তার ব্যয়-বরাদ্দের প্রতি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

মেদিনীপুর কনস্ট্রাকসন ডিভিসনের কাঁথিতে একটা অফিস আছে, কিন্তু দীর্ঘ দিন ধরে জনপ্রতিনিধিগণ কাঁথিতে একটা স্থায়ী ইরিগেসন ডিভিসনের জন্য দাবী

জানিয়ে আসছেন এবং সরকারের কাছে বহুবার স্মারক পত্র দিয়েছেন। প্রাক্তন মন্ত্রী প্রভাস রায় কাঁথিতে স্থায়ী ডিভিসন স্থাপনের আশ্বাস দিয়েছিলেন গত বন্যার সময়ে। বর্তমানে শোনা যাচ্ছে মেদিনীপুর কনষ্ট্রাকসন ডিভিসন স্থানান্তরের চেষ্টা হচ্ছে। কিন্তু আমাদের দাবী, কাঁথিতে আগে স্থায়ী ডিভিসন স্থাপন করে পরে কনষ্ট্রাকসন ডিভিসন স্থানান্তর করা হোক। কাঁথি স্থায়ী ডিভিসনের জুরিসডিকসন হিসেবে কাঁথি ইরিগেশন এ. ডি. ও. এবং ইটামগরা ইরিগেসন এস. ডি. ও.-র অধীন এই ব্যাপক এলাকাকে আনতে হবে। এ ছাড়াও ভগবানপুর নন্দীগ্রাম মাষ্টার প্ল্যানের কাজ তাড়াতাড়ি শুরু হওয়া প্রয়োজন। কাঁথি চিরকাল বন্যা কবলিত এলাকা, পাশেই সমুদ্র, যার জন্য ওখানে দীর্ঘ বাঁধ, বহু সংখ্যক স্লুইস ইত্যাদি আছে। এসবের জন্য কাঁথিতে একটা স্থায়ী ইরিগেসন ডিভিসন একান্ত প্রয়োজন।

গত বন্যার পরিদর্শনকালে মাননীয় মন্ত্রী প্রভাস রায় ভাইটগড় লক্‌গেট সারানোর জন্য নির্দেশ দিয়েছিলেন। তিনি যে মিটিং-এ এই নির্দেশ দিয়েছিলেন সেই মিটিং-এ চীফ ইঞ্জিনিয়ার এবং সেচ বিভাগের সেক্রেটারীও উপস্থিত ছিলেন। রাইটার্স বিল্ডিংস থেকে এ ব্যাপারে বার বার বলা সত্ত্বেও মেদিনীপুর পূর্ব ডিভিশনের একজিকিউটিভ ইঞ্জিনিয়ার মিঃ সোম একাজ করেন নি। এই লক্‌গেট না সারানোর জন্য গত বছরও কাঁথিতে বন্যা হয়েছিল এবং যার ফলে এখনো বহু গরীব মানুষ হাহাকার করছে। আমার দাবী অবিলম্বে এব্যাপারে দোষী অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক।

কেলেঘাই প্রকল্পের কাজ এখনো পর্যন্ত হয়নি। কেলেঘাই প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে যাতে হয় তার জন্য আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-10—4-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ। মাননীয় সেচ মন্ত্রী মহাশয় অত্যন্ত সৎ এবং ভাল মানুষ বলে পশ্চিমবাংলার জনসাধারণ জানে। তাই সেচ মন্ত্রীর হাত দিয়ে —আমি আবার বলছি—যারা পঞ্চায়েতের টাকা আত্মসাত করেছেন ঐ সেচের টাকা যেন আত্মসাত করতে না পারেন। যারা চিৎকার করছেন এখানে তাদের গায়ে জ্বালা ধরছে বলেই চিৎকার করছেন কেননা এরাই দুর্নীতি করেছেন, গরীব লোকেদের টাকা মেরে খেয়েছেন, গম খেয়েছেন, চাল খেয়েছেন—একথা আজকে ভুলে গেলে চলবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি, এরা গরীব লোকেদের সাহায্য করার নামে, শ্রমিকদের সাহায্য করার নামে, খাল কাটার নামে এবং কালভার্ট করার নামে বহু টাকা তছনছ করেছেন। এইসব আমি প্রমাণ করিয়ে দিতে পারি। চুরি করে, দুর্নীতি করে এবং কালোবাজারি করে লোকের সামনে কথা বলার সাহস এদের ভবিষ্যতে যেন না থাকে। আমি আবার সেচ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এইসব সি. পি. এম চোরগুলো যেন আপনার হাত থেকে টাকা নিয়ে আত্মসাত না করেন। এইভাবে তারা আপনার স্বাস্থ্য দপ্তরকে ডুবিয়ে দিয়েছেন। আপনাকে সামনে রেখে স্বাস্থ্য দপ্তরে যে সমস্ত

অঘটন ঘটিয়েছে তা পশ্চিমবাংলার মানুষের কাছে অবিদিত নয়। তাই আবার বলছি, এই চোরগুলো যাতে সর্বনাশ না করতে পারে সেইদিকে নজর দেবেন। পরিশেষে সেচ বাজেটের যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন তাকে বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসমর মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তার বিরোধিতা করছি। শুধু বিরোধী দলের সদস্য বলেই বিরোধীতা করছি না, বিরোধীতা করছি এই জন্য, মাননীয় সেচ মন্ত্রী যখন স্বাস্থ্য মন্ত্রী ছিলেন তখন তাঁকে সামনে রেখে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লাল রুমালধারী কমরেডরা যেভাবে স্বাস্থ্য দপ্তরকে গঙ্গায় নিমজ্জিত করেছেন—তার সৎ এবং ভাল মানুষীর সুযোগ নিয়ে—তেমনি সেচ দপ্তরে এনেও তাঁর ইমেজকে গঙ্গা প্রাপ্তি করার চেষ্টা করছেন। যাই হোক, আমি আজকে নিজেকে সৌভাগ্যবান বলে মনে করছি কারণ মাননীয় সেচ মন্ত্রী মহাশয় সভায় উপস্থিত আছেন বলে। বিগত কয়েকদিন আগে এই সভায় মালদা জেলায় ২১ জনের বন্যায় মৃত্যু হয়েছে বলে পেশ করেছিলাম। অমৃতবাজার পত্রিকায় দেখলাম, মাননীয় সেচ মন্ত্রী মহাশয় বিরোধিতা করে বলেছেন ৯টি লোক মারা গেছেন। আজকে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, আজ সকাল বেলায়—আমি কোন বামফ্রণ্টের ক্ষুদ্র পেট্রোকের খবর পেলেও চমকাবো না—আরোও ২৮ জনের মৃত্যুর সংবাদ পেয়েছি।

তাহলে মোট ৪৯ জন বন্যার প্রকোপে মারা গেল। আর মাননীয় মন্ত্রী মহাশয় মার্কসবাদী কমিউনিস্ট পার্টি খবরে উল্লসিত হয়ে এক ভাবে তাদের সমর্থন করলেন। আমার কাছে লিস্ট আছে, আমি সেই লিস্টটা মাননীয় সেচ মন্ত্রী মহাশয়কে দোব, ৪৯ জনের সলিল সমাধি ঘটার কথাটা তাতে আছে। আজকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির দু-একটি কথা উল্লেখ করব। তাঁদের বাড়ীর মেয়েরা যখন দুর্গাপূজার সময় ঠাকুর দেখতে যান তাঁদের পরণের নতুন শাড়ী, হাতের নতুন সোনার বালা সব ঝিক মিক করে। পঞ্চায়েত থেকে মন্ত্রী সভা পর্যন্ত দেখলেই বুঝতে পারা যায়। তারপর মাঠে গেলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির জমি দেখলেই চেনা যায়। আর. এল. আই. স্কীমে যে সব মাঠে চাষ হয়, ডিপ টিউবওয়েলের সাহায্যে যে সব মাঠে চাষ হয় সে সব জমির মালিকরা যদি কংগ্রেস করে তা হলে তাদের জমিতে সেচ দেওয়া হয় না, তাদের জমিতে ফসল হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি গ্রামের মাঠে দেখবেন মার্কসবাদী কমিউনিস্টরা তাদের ব্যবস্থা কায়েম করেছেন। এদিকে তারা লকলকিয়ে বেড়ে উঠছে, তেমনি ওদিকে তাদের মাঠের ধানও লকলকিয়ে বেড়ে উঠছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যেখানে পশ্চিমবঙ্গ সরকার তথা বামফ্রন্ট সরকার জোর গলায় বলছে ফসল উৎপাদন বাড়িয়েছি, ফসল উৎপাদন বাড়াব, সব মিথ্যে কথা, ভেগ কথা। মার্কসবাদী কমিউনিস্ট তথা বামফ্রণ্ট সরকারের মন্ত্রীসভায় আপনি একটিও সত্য কথা পাবেন না, একটা সত্য তথ্যও ওঁরা পেশ করেন না। আজকে আমরা কি দেখতে পাচ্ছি? গ্রামবাংলায় যে আর. এল. আই. স্কীম হয়েছে, সেই আর. এল. আই স্কীম চলে ডিজেলে। মার্কসবাদী

কমিউনিস্ট পার্টির গুণ্ডারা সেই ডিজেল বিক্রি করে, বা নিজেদের সেচের কাে লাগায়। আমি আপনার কাছে নাম দিয়ে বলতে পারি যে অমুক অমুক আর. এঃ আই, স্কীমের নামে তেল নিয়ে, সেই তেল বিক্রি করেছে। আজকে যে কথা বলে চাইছি, গঙ্গা নদীর ভাঙ্গন রোধের জন্য যে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা স্যাংসন কঃ হচ্ছে, তাতে বাঁধ রিপেয়ার না হয়ে সে টাকা, সেচ দপ্তরের টাকা আপনাকে সামে রেখে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা তাদের নিজেদের ইমারত তৈরী করবে মিঃ স্পীকার স্যার, যে কথা বলার চেষ্টা করছি আমাদের বিরোধী, সরকারীদলে সদস্যরা খুব উত্তেজিত হয়ে উঠছেন, সেচ দপ্তরে যে কনট্রাক্ট দেওয়া হচ্ছে সেই কনট্রা কারা পায় জানেন, সমস্তই ঐ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডারা এবং তাদে পদলেহনকারীরা পাচ্ছে।

এছাড়া আর কেউ পাবে না। এই হচ্ছে বামফ্রন্ট সরকারের, তথা জ্যোতিবাবু ফরমান, প্রমোদবাবুর ফরমান। আজকে মার্কসবাদী কমিউনিস্টদের দয়ায় সাঃ পশ্চিমবঙ্গে এবং সেচ দপ্তরের সব জায়গাতেই ফাটল ধরেছে। ফাটল ধরিয়ে ধরিে তারা সারা পশ্চিমবঙ্গে বন্যা বইয়ে দেবে। আজকে পশ্চিমবঙ্গে সেচ দপ্তরের সমা টাকা আলীমুদ্দিন স্ট্রীটের মাধ্যমে গ্রাম পঞ্চায়েত থেকে মন্ত্রীসভা পর্যন্ত আত্মসাৎ কঃ হচ্ছে, এটা অস্বীকার করতে পারবেন না। আজকে সেচ দপ্তর যেভাবে বন্যায় দেশে ডোবাচ্ছেন তার প্রতিবাদ আমি করছি এবং তার জন্য এই বিলের বিরোধিতা কে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় নূতন সেচমন্ত্র মহাশয় বামফ্রণ্টের শরিকদের মধ্যে আপস হবার পর এই দপ্তরের দায়িত্বে তিনি এ মাসও নেই। সুতরাং তাঁর পক্ষে সব জিনিষ এত অল্প সময়ের মধ্যে বোঝা সম্ভবপ নয়। এটা হিউম্যান এরোর — হিউম্যান ফিলিয়োর. এটা আমরা বুঝি। আমি আশ করি এই যে বাজেট বিবৃতি, এটা আগে থেকে তৈরী ছিল। আগে তৈরী ছিল বলে তিি এটার সংশোধনের সুযোগ পাননি। কারণ তিনি বলেছেন ইন পেজ নাইন লাস্ট প্যারাে — কংগ্রেস আমলে বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে যা হয়েছে তার তুলনায় বামফ্রণ্ট সরকারে আমলে এই ব্যাপারে যে অকিঞ্চিতকর অগ্রগতি হয়েছে তা তিনি যথার্থই অনুধাব করেছেন। আর সেই জন্যই এই সরকার তার ৩৪ দফা কর্মসূচীতে সেচ এবং বন নিয়ন্ত্রন প্রকল্পগুলিকে অগ্রাধিকার দিয়েছেন। বেশ, আজকে এটাই যদি ইনসিনিউএসা হয় — যদি রাজনৈতিক বক্তব্য হয় তাহলে একটা জিনিষ আমরা দেখছি — আজে মাননীয় সেচমন্ত্রী মূলত ক্যানেল ইরিগেসানের দায়িত্বে আছেন, মাইনর ইরিগেসানে দায়িত্বে আছেন, আপনার কার্যকালে ক্যানেল ইরিগেসানের কি অবস্থা দাঁড়িয়েছে দিস ইজ ইয়োর বুক, নট মাই বুক কি অবস্থা দাঁড়িয়েছে? পেজ ৭৩ আপনারা ে ইকনমিক রিভিউ দিয়েছেন ১৯৮১-৮২ সালের তাতে দেখা যাচ্ছে ডিসট্রিক ওয়াই ক্যানেল ইরিগেসান, ১৯৬৫-৬৬ সালে ২২৩,৪১০ ইন হেক্টর আর ১৯৭৭-৭৮ সাে ২৯৪,৮৭৪ হেক্টর। আর আজকে এদের সময়, আমরা যেদিন চলে যাই ১৯৭৭-৭

সালে কত ছিল ? ২১৪,৮৭৪ হেক্টর। আর এদের সময় হ'ল কত ১৯৭৮-৭৯ সালে ? বর্ধমান — যেখানে ইরিগেসান পোটেনসিয়ালিটি আপনাদের সবচেয়ে বেশী, যেখানে ইরিগেসান পোটেনসিয়ালিটি এক্সপ্লোর বেশী করেছেন সেখানে ২৫০,৬৭৫ হেক্টর। বাড়লো না কমলো ? ইকুঅ্যালি বীরভূমের পিকচার — ১৯৭৭-৭৮ সালে — যেবার আমরা চলে যাই, তার পিকচার দেখুন। সেখানে বাড়লো না কমলো ? এটা আপনার দেওয়াই অঙ্ক, আপনি দেখুন। বাঁকুড়া, ড্রট এফেক্টেড এরিয়া, আমাদের সময় হয়েছিল ১ লক্ষ ৫১ হাজার আর আপনাদের সময়ে — যখন ড্রাউটে জলজল করে জলছে তখন হয়েছে ১ লক্ষ ৩০ হাজার। এই যদি অবস্থা হয় তাহলে আপনারা কি করে কৃতিত্বে দাবী করতে পারেন ? কি করে আপনারা বলেন যে কংগ্রেস আমলে সমস্ত সেচ প্রকল্প-গুলি অবহেলিত হয়েছিল এবং আপনাদের আমলে সেচ প্রকল্প দিয়ে ঝর ঝর করে দুধ আর মধু বয়ে যাচ্ছে আর দারুন ফসল উৎপাদিত হচ্ছে ? ইট ইজ ইয়োর বুক, নট মাই বুক। ইন পয়েন্ট অফ ক্যানেল ইরিগেসান অলসো মুর্শিদাবাদ — এখানে অনেকগুলি নদীর সীমা আছে। ১৯৭৭-৭৮ সালে এই বহু নিন্দিত কংগ্রেস যখন বিদায় নেয়, তখন ফারদার সিংকিং হয় ৫৫টি। আর আপনারা যখন সমাসীন হন—আপনাদের সময়ে কি হয়েছে ? ৫২ টি ফারদার সিংকিং হয়েছে। আমার আর একটা কথা হচ্ছে—আপনার বাজেট বক্তৃতার মধ্যে ৪ টি বড় সেচ প্রকল্পের কথা আছে। নিশ্চই কংগ্রেস আমলে অবহেলিত হয়েছে। ৪ টি বড় প্রকল্প কি ? ময়ূরাক্ষী—বামফ্রণ্ট সৃষ্টি করেছে এবং বামফ্রণ্ট রূপায়িত করেছে, কৃতিত্ব বামফ্রণ্টের, নিন্দা কংগ্রেসের। ডি. ভি. সি. বামফ্রণ্ট সৃষ্টি করেছিল, রূপায়িত করেছে বামফ্রণ্ট, কৃতিত্ব বামফ্রণ্টের, নিন্দা কংগ্রেসের কংসাবতী বামফ্রণ্ট কিংবা বামফ্রণ্টের পূর্ব শরিক যুক্তফ্রণ্ট রচনা করেছিল, ওরা রূপায়ন করেছে, কৃতিত্ব ওদের, নিন্দা কংগ্রেসের। তিস্তা—যেটার উপর আপনারা গুরুত্ব দিয়েছেন, যেন বামফ্রণ্ট রচনা করেছিল, যুক্তফ্রণ্ট রূপায়িত করে চলেছে এবং তিস্তার গতিতে উত্তরবঙ্গের সবুজ বিপ্লব সংগঠিত হয়ে গেছে। কারণ, কংগ্রেস অবহেলা করেছিল। ক্ষমতায় এসেছে লেফ্‌ট ফ্রণ্ট, তার রাজনৈতিক উদ্দেশ্য যেমন এক্সপানসান করেছেন তেমনি ক্যানেল ইরিগেসান এরিয়া সিংকেজ হয়েছে। দাউ দাউ করে পশ্চিমবাংলা খরায় জলছে। আপনারা হাত পেতে দাঁড়িয়ে আছেন, খাদ্যমন্ত্রী জবাব দিয়েছেন।

বাজেট ভাষণের প্রথমেই বলেছেন সেচের কথা। ৫ বছরের কার্যকাল শেষ হয়ে ৬ বছরে পা দিয়েছে, অথচ সেচের ব্যাপারে আপনারা সম্পূর্ণ ব্যর্থ। এ্যাসিয়র্ড ইরিগেশানের কোন লক্ষণই আমরা দেখতে পাচ্ছি না, irrigated area of the State is 16%. While Shri Abdus Sattar and the Congress left, the irrigated area was 33%. Have you been able to increase even 1% in every year ? Now you are claiming that it is 37% of the total land আপনারা দাবী করেছেন, ১ কোটি ৩৮ লক্ষ হেক্টর জমি এখন কৃষিযোগ্য এবং ১ শতাংশ বেড়ে ৩৭ শতাংশ ইরিগেটেড হয়েছে বলে বলেছেন। তৎকালীন সেচমন্ত্রী সাত্তার সাহেব এ ভাবে করতে পারেন নি, সেইজন্যেই বোধ করি কংগ্রেসকে নিন্দা করার কারণ আপনারা খুঁজে পেয়েছেন। আপনাকে সরাসরি প্রশ্ন

করি, আপনার সময়কালে ইরিগেটেড পোটেনশিয়ালিটি কতখানি বাড়াতে পেরেছেন শ্রিংকেজ কেন হয়েছে ? ইকনমিক রিভিউ-য়ের ১৯৮১-৮২ সালের ৭ এর পাতা দেখুন মাইনর ইরিগেশন পোটেনশিয়ালিটি কতছিল বলা আছে। ১৯৭৬-৭৭, যে বছরে আমরা চলে যাই, সে বছর থেকে পোটেনশিয়াল created in thousand hectars 76-7 70.0, 77-78-80, 78-79-60, 79-80-89, 81-82-75 এটা নিশ্চয়ই প্রোগ্রেসে লক্ষণ ? এর ফলে, পশ্চিমবাংলাতে যে ফসল জন্মাবে—ধান, তাতে বাংলা শুধু ভুগে মরবে। এ তো আপনাদেরই দেওয়া হিসেব, আমি কম্পাইল করতে চাই না। দামোদর ভ্যালি কর্পোরেশনের যে সিদ্ধান্ত হয়েছিল, তাতে the entire irrigation systen will be taken over and managed by the Govt. of West Benga and not by the Govt. of Bihar এ সিদ্ধান্ত পার্টিসিপেটিং ফেডারেটিং গভর্ণমেন্ট নিয়েছিলেন। তখনকার যুক্তফ্রণ্ট সরকার বা বামফ্রণ্ট সরকার ম্যানেজমেন্টের ব্যাপারে a decision was taken by the participating Govt. এ বছরে বাজেটে আবার নতুন করে বলেছেন ডি. ভি. সি. ইরিগেশান system will be take over by the এবং আরও বলেছেন, It has not been looked by th Authority. এ ব্যাপারে আমাদের কোন রাইট নেই, এনটায়ার কর্ত্তৃত্ব কেন্দ্রের হাতে রয়েছে বলে বলেছেন। তাঁদের দীর্ঘদীনের অবহেলা আজকে প্রতিফলিত হচ্ছে বলে আরও বলেছেন। আমি আপনাকে সরাসরি প্রশ্ন করি, ভারতসরকারের প্রধানমন্ত্রী তাঁর ২০ দফা কর্মসূচীতে ঘোষণা করেছেন, পশ্চিমবঙ্গের টারগেট বাড়াতে হবে পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার কি গ্রহণ করেছেন টারগেট পুরণের জন্য কোন প্রয়াস Have you agreed to this increase in irrigation potentiality in thousand hectares ? Have you accepted it ? What are the measures ? What are the steps you have taken for potentia canal irrigation and minor irrigation···টারগেটে আপনি রিচ্ করতে চান সে সম্বন্ধে আপনাদের স্পষ্ট বক্তব্য শুনতে চাই। এ ব্যাপারে রাজ্য সরকারের খাদ্যমন্ত্রী যুক্ত। তিনি উত্তর দিয়েছেন, উৎপাদন ডিক্রিজ হয়েছে। সাত্তার সাহেব কৃষিমন্ত্রী থাকাকালে Total production was 88 lakhs M. Tonnes. তণ্ডুল জাতীয় খাদ্যের উৎপাদন ছিল ৮৮ লক্ষ মেঃ টন। কয়েকদিন আগে মাননীয় খাদ্যমন্ত্রী স্ববিরোধী উক্তি করে হাউসে বলেছেন ৬১ লক্ষ মেঃ টন। অর্থাৎ ৫ বছরের শেষে ৮৮ লক্ষ মেঃ টন ৬১ লক্ষ মেঃ টনে দাঁড়িয়েছে। এরজন্য সেণ্ট্রালের কাছে ৩০ লক্ষ মেঃ টন খাদ্যের জন্য দরবার করেছেন। কারণ তা নাহলে পশ্চিমবঙ্গবাসী অভুক্ত থাকবে। এটা নিশ্চয়ই অগ্রগতির লক্ষণ নয়। লাষ্ট ইয়ারে তো খরা ছিল না, প্রোগ্রেস-এর হিসাব হয় বছরের শেষে। তাহলে নানাবিধ কার্যকলাপের ফলে গত বছরের উৎপাদন ৮৮ লক্ষ মেঃ টন থেকে কি করে ৬১ লক্ষ মেঃ টনে দাঁড়ায় ? এ কি অব্যাহত অগ্রগতির লক্ষণ ?

[5-00—5-10 p.m.]

আজকে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। আপনারা কেন্দ্রের দরজায় গিয়ে ভিক্ষা চাইছেন যে অগ্রগতির সম্ভাবনা ছিল সেই অগ্রগতি সেইভাবে হয় নি। আজকে সেইজন

আপনাদের বলি এটা কি জাতীয় নীতি ? পশ্চিমবঙ্গ ইজ এ পার্ট অফ ইন্ডিয়া — পশ্চিমবঙ্গের যে সমস্যাগুলি আছে সেগুলি আপনারা শেয়ার করে নিন বা সমস্যাগুলি ভাগ করে দিন। পশ্চিমবঙ্গ সমৃদ্ধির অংশ নেবে না কেন ? এখানে বামফ্রন্ট সরকার বসে আছেন আপনারাই বলুন। আজকে সংশোধিত ২০ দফা কর্মসূচীর ষষ্ঠ পরিকল্পনায় প্রথম দু বছর ৫ মিলিয়ন হেক্টর সেচের আওতায় আনা যাবে বলে আশা করা গেছিল। ষষ্ঠ পরিকল্পনায় অবশিষ্ট ৩ বছরে ৩ মিলিয়ন হেক্টর হিসাবে আরো ৬ মিলিয়ন হেক্টর জমি সেচের আওতায় আনার প্রস্তাব রাখা হয়েছে। অতিরিক্ত ভূমিতে যাতে আরো সেচের সম্প্রসারণ করা যায় এই প্রস্তাব আমাদের আছে। মানব ইতিহাসের এটাই বৃহত্তম চেষ্টা। এখানে যে বাজেট বক্তৃতা রেখেছেন এটা কোথায় কি এ্যাসিউর করতে পারেন যে, আমাদের At the and of 1982—83 additional acreage in hectares, additional irrigation·· canal irrigation additional irrigation···small and deep Tubewell system, river lift irrigation রিভার লিফট্‌ ইরিগেশান সম্বন্ধে যে কথা আপনারা বলেন নি সেই কথা আপনাদের বলে দিতে চাই এখানে যে অবস্থা দাঁড়িয়েছে, ইন এ পয়েন্ট অফ ডিপ টিউবওয়েল সিসটেম অর্থাৎ মাইনর ইরিগেশানের যে টেবিল আছে, আপনারা ৫ বছরে বদলাতে পারেন নি বরং কমে গেছে। regarding operation of deep tubewell and river lift irrigation there has been shrinkage. You cannot challenge this. If you have got any figures to challenge you can put them before us.

আমি আপনাদের কিছু আনুষঙ্গিক প্রশ্ন করতে চাই। আমাদের ইরিগেটেড এরিয়াতে মাইনর ইরিগেশানের একটা ভূমিকা আছে। আপনি কারসারির উল্লেখ করেছেন। তাঁর দপ্তরে অন্য কোন মন্ত্রী আছেন তার সঙ্গে কোয়াডিনেশানের ব্যবস্থা করুন। এইটা আপনাদের কাছে আমার অনুরোধ কারণ তা না হলে হবে না। নেকস্ট কথা হচ্ছে আপনারা যে ইনটারেস্টর কথা বললেন এরসঙ্গে ইনটারন্যাশানাল ইস্যুও জড়িত আছে। যারজন্য আপনারা যাচ্ছেন। This does not relate only to Farakka. বর্ডার এরিয়াতে যে নদীগুলি আছে এর সঙ্গে—বৃষ্টি হয় দিনাজপুরে আর পশ্চিম দিনাজপুরে বন্যা হয়। ওরা জল সব টেনে নেয় অথচ আমরা নদীর জল পাই না। সুতরাং ইনটার ন্যাশানাল রিভার কমিশনের ক্ষেত্রে অর্থাৎ এ্যাকটিভিটিস অফ ইনটারন্যাশানাল রিভার কমিশনের ব্যাপারে পশ্চিমবঙ্গের অধিকার থাকা দরকার। এই বিষয়ে পশ্চিমবঙ্গের কিছু সাজেশান আছে। পশ্চিমবঙ্গের সমস্যাগুলি তুলে ধরা দরকার। আমি আপনাকে একটা বিষয়ে হুঁসিয়ার করে দিতে চাই। আমরা শুনেছি Bangladesh is now interested in Teesta water but for the people of North Bengal Teesta is essential for their survival.

গঙ্গার সোর্স কে বড় করার জন্য নয় বা গঙ্গার সোর্সকে এ্যাগুমেন্ট করার জন্য নয় তিস্তা ব্যারেজ স্কীমকে আমরা হাতে নিই নি। অর্থ বেঙ্গল ইরিগেশান সিসটেম কে উন্নত করার জন্য তিস্তার ব্যারেজ স্কীম আমরা হাতে নিয়েছি। নর্থ বেঙ্গলে যদি এ্যাডিকোয়েট সাপ্লাই অফ ওয়াটার না আসে তিস্তা ব্যারেজের উদ্দেশ্য সফল হবে না।

যে টারগেট আমরা করেছি সেই টারগেটে আমরা পৌঁছতে পারবো না। ইট স্যুড বি এ স্পেশ্যাল আইটেম এবং দরকার হলে দিল্লীতে লাইয়েসেন বসিয়ে রেখে আজকে ভারত সরকারের প্রিপেয়ার ড্রাফট্ অফ প্রোটোকল করে সেখানে পশ্চিমবঙ্গের এবং তিস্তার জল সম্বন্ধে আলোচনা করতে হবে। এই ব্যাপারে সমধিক গুরুত্ব দিতে হবে। এই ব্যাপারে আমি আপনাদের কাছে অনুরোধ করছি। বাংলাদেশের সঙ্গে রাউন্ডি বর্ডার ইসলামপুরের। আপনি বললেন সেখানে ডে টু ডে সংঘর্ষ হচ্ছে। ইন দি কেস আই হোপ আপনারা সর্বদলীয় প্রতিনিধি নিন। এই সমস্যা সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করুন। কারণ এটা খুব ভ্যালুয়েবেল এরিয়া বলে আমি মনে করি।

তারপর বলছি শুধু সেচের কথা নয়, প্রোটাকশানের কথা আপনি কি য়্যাসিওর করতে পারেন? After your working for five years here এবং part করেছে···। ১৯৭৭-৭৮ সালে যে বন্যা হয়েছিল তার জন্য any prececution has been taken to prevent that type of flood, that tyne of incessant rain? What is the Testimany বিগত বছরে সুন্দরবন অঞ্চলের যে বন্যা হল তাতে বীচ এমব্যাঙ্কমেণ্ট ভেঙে মানুষ মারা গেল। কত মানুষ মরেছে জানিনা, তবে মাস ডেথ হয়েছে। আপনাদের কোন প্রোটেকশান নেই, হুসিয়ারি নেই, সতর্কতা নেই বলে ৫ বছরের কার্যকালে কংগ্রেসের উপর দায়িত্ব দিচ্ছেন নিজেদের কর্তব্য পালন করতে পারেন নি। এর ফলে সুন্দরবনের মানুষগুলি মারা গেল। আজ যদি আবার সেই অবস্থা আসে তারজন্য আপনারা নূতন কি কাজ করেছেন? Have you chagated the work of second phase of Mahananda Bridge. গঙ্গা রিভার কমিশনের সঙ্গে কটা বৈঠক করেছেন? হোয়াট what is the suggestion of the State Government to implement the second phase of Mahananda Master phan. এ সম্বন্ধে আপনি কোন কথা বলেন নি। যে কথার ইঙ্গিত করেছেন তাতে বিহারের সঙ্গে বসতে হবে। Have you moved the Ganga River commission. গঙ্গা রিভার কমিশনের সঙ্গে বসা দরকার। আজকে মহানন্দা সেকেণ্ড ফেজ up to Santipara of Islampur Subdivision, West Dinajpur were protected upto আনপ্রোটেকটেড রয়েছে এবং যার কোন প্রোটেকশানের ব্যবস্থা নেই। অভিযোগ এসেছে নীচ বাঁধ আছে, ওপরে বাঁধ নেই এটা সংগত নয় এবং এতে একুল ওকুল দুকুল ভেসে যাবে, মানুষ ভেসে যাবে। অর্থ অত তখন সখীরে বইতে নারি। নেকস্ট হচ্ছে আপনি পাবলিকের সহযোগিতার কথা বলেছেন। নিউ ইমপ্লিমেণ্ট করতে গেলে একটা প্রিনসিপলের প্রশ্ন আসে। দুটি প্রোজেক্ট প্রোজেক্ট কংগ্রেস ইমপ্লিমেণ্ট করেছিল। নিয়ম হচ্ছে তার ৮০% আউটরাইট কম্পেনসেসান দিতে হবে এবং ২০% immediately after complition of work or as convenient to the farmers দিতে হবে কিন্তু আপনারা যে জমি অধিগ্রহণ করেছেন তার কম্পেনসেসান এখনও দেননি। তাদের জমি চলে গেছে খালে কিম্বা বাঁধে। কিন্তু সেই কৃষকদের কম্পেনসেসান দেননি। এর য়্যাসেসমেণ্ট কি আপনার দপ্তরে আছে যে কত টাকা এরিগেসান দপ্তর দেবে Compensation due to the farmers এই প্রসঙ্গে সেচবার

বিধানসভায় মেনসান করেছিলাম— কুস্তিঘিয়া সম্বন্ধে। কিন্তু আজকে রাজনৈতিক প্রভাবে এলাইনমেণ্ট চেঞ্জ করা হচ্ছে। সায়েনটিফিক এলাইনমেণ্ট হচ্ছে না just to retaliate upon the political opponents. অপটিমাম বেনিফিট যেখানে পাওয়া যায় সেখানে না করে এলাইনমেণ্ট চেঞ্জ করা হচ্ছে। জমির উপর সায়েণ্টি-ফিক্যালি ডিজাইন না করে alteration under influence of political parties করছেন। আপনারা রাজনৈতিক স্বার্থে এলায়েনমেণ্ট তৈরী করার ফলে একদিকে খরচ বেশি পড়ছে, অন্য দিকে সায়েণ্টিফিক্যালি ডিজাইন না করার ফলে অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। আপনারা কুস্তি ঘিয়া সম্পর্কে বলেছেন। সেখানে পুলিশকে লাঠি চার্জ, ফায়ারিং হয়েছে এবং ৮টা জায়গায় পুলিশকে ক্যাম্প করতে হয়েছে। আপনি ইরোশানের কথা বলেছেন, কিন্তু পশ্চিমবংগ সরকারের ক্ষমতা নেই কিছু করার। এদিকে মুশিদাবাদের ভাণ্ট এরিয়া থ্রেটেণ্ড আণ্ডার ওয়াটার। এরজন্য আপনারা বহু কোটি টাকার মাষ্টার প্ল্যান করেছেন। কিন্তু তার কতটা হয়েছে? কতটা এজন্য সেন্ট্রাল গভর্ণমেণ্টকে পারসুয়েড করেছেন? আপনাদের মেসিনারী কোথায়? Where is your Udyog? Have you enlisted co-operation of other opposition parties. Have you enlisted co-operation of all there concerned in it?

[5-10—5-20 p.m.]

আজকে ইরোশান বৃহত আকারে দেখা দিয়েছে। কীর্তিনাশা বলে সব জায়গাতে একই সমস্যা দেখা দিয়েছে, আজকে ডাউকি নদীতে সেখানে তো আমাদের একই ইরোশান, মহানন্দা নদীর ইংলিশ বাজারে একই ইরোশান, রায়গঞ্জে কুলিটা নদীর একই ইরোশান। আপনি বলেছেন পূর্ত কাজটা শেষ হয়েছে, মানে আর্থ ওয়ার্কটা শেষ হয়েছে। কিন্তু আনলেস ইট ইজ ইমপ্লিমেনটেড এ্যাণ্ড গ্রাভেল মেটিরিয়ালস এ্যাণ্ড ব্রিকস সমস্ত ভেসে চলে যাবে, তার নজীর আমরা বহু কাজে দেখেছি আপনার দপ্তরের। আর্থ ওয়ার্ক করেনি, আপনাদের ভোট দিয়েছে বলে ভাউচার হয়ে গেছে এবং বিলও পেয়ে গেছে। ফলে কি হয়েছে—পরে সব জলে ভেসে গেছে। আপনি পুরান মানুষ, সতর্ক হবেন। আপনি প্রায় বৈষ্ণবের মত মানুষ, আজকে এই প্রায় বৈষ্ণব অবস্থায় এসে এই দুর্নীতিকে প্রশ্রয় দেবেন না এই অনুরোধ আপনার কাছে আমি বিশেষভাবে করছি। নর্থ বেঙ্গল ফ্লাড কমিশন সম্বন্ধে বলছেন—ডাজ ইট ওনলি কনফাইণ্ড টু কুচবিহার এ্যাণ্ড জলপাইগুড়ি? Is West Dinajpore not a part of North Bengal? Is not Siliguri Sub-division a part of North Bengal? Is not Malda a part of North Bengal?

নর্থ বেঙ্গল ফ্লাড কমিশনে এই জেলাগুলি এই অঞ্চলগুলি কোথায়? নেই। ইট হ্যাজ নট বিন টেকেন। আজকে ভাগ্য ভাল না মন্দ আমি জানি না, কিন্তু যে কোন সময় অতি বৃষ্টিতে এই জায়গাগুলিতে জলে ডুবে যায়। কালকে রেডিওতে শুনেছি মালদহে আপনি হলুদ সঙ্কেত দিয়েছেন, মালদহের এম. এল. এ.-রা ইকোয়্যালি এ্যাংসাস। কোন কাজ হয়নি, বন্যায় ৪৯ জন মারা গেছে। হোয়াট ইজ দি প্রাইস

আজকে দেখাতে পারেন ? এই যে নরহত্যা ইউ আর রেস্‌পনসিবল ফর দিস। ফ্লাডের বাইরে যারা রয়েছে এদের একটা বিরাট প্রবলেম রয়েছে। ব্যাংকের বাইরে যারা রয়েছে তাদের সম্বন্ধে আপনাকে ভাবতে হবে, তা না হলে যে কোন সময় ফুলাহার কিংবা মহানন্দা ইত্যাদি যেখান থেকেই জল আসুক এই জল বৃদ্ধি হলেই এই লোকগুলি এ্যাফেক্‌টেড হয়ে যাবে। আজকে তাদের কথা আপনাকে ভাবতে হবে। আপনার কাছে একটা অনুরোধ এটা একটা গুরুতর সমস্যা, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরে নয়, ভারতবর্ষের প্রবলেম পশ্চিমবঙ্গ যেমন শেয়ার করবে তেমনি ভারতবর্ষের সমৃদ্ধিও শেয়ার করবে, আজকে রাজনীতির ডগম্যাটিজমের উর্ধে উঠে সারা ভারতবর্ষের যে কর্মযোগ্য চলছে সেই কর্মযোগ্যে আমাদেরও অংশ গ্রহণ করে কাঁধে কাঁধ মিলিয়ে উই মাস্ট রিসিভ এ্যাজ মাচ বেনিফিট এ্যাজ পসিবল ফর দি প্রোভার্টি স্ট্রাইকেন পিপল। কারণ, আপনাদের আমলে ৭০ ভাগ পোভার্টি ৬৯ ভাগ হয়নি, বেড়ে গেছে। ১২ লক্ষ বেকার ৩৬ লক্ষ হয়েছে, তারপর নতুন করবেন না। লাস্ট—যে এমব্যাঙ্কমেণ্টগুলি আছে সেগুলি রক্ষা করার জন্য সয়েল প্রোটেক্‌সান যেটুকু দরকার তার ব্যবস্থা করুন। এই প্রোটেকসান যাতে থ্রু প্ল্যানটেশান হয় এটা আপনি দেখবেন। এই ব্যাপারে আপনি ইরিগেশান মিনিস্টারের সঙ্গে কথা বলতে পারেন, আপনার দলের সঙ্গে হয়ত বনে যাবে, অনেকের সঙ্গে বনে না ভদ্রলোকের, মালদহে যেমন একটা এক্সপেরিমেণ্ট হয়েছে অন বার্চ প্ল্যানটেশান, আজকে এই স্কীমটা যদি চালু করতে পারেন তাহলে দুটোই হয়—ইনফ্রাস্‌ট্রাকচার হয় এবং প্রোটেকশানও হয়। এই দুটো আপনি দেখবেন। এই কথা বলে দৃষ্টিভঙ্গীর তফাত সত্য কিন্তু আপনার বিবৃতি অসত্য, অনুক্ত এবং বিকৃত, এজন্য আমি দুঃখিত, আপনার মত বৈষ্ণব মানুষও যে বাজেট উত্থাপন করেছেন তিন দিনের বৈরাগী ভাতকে যদি অন্ন বলে আমি তো গ্রহণ করতে পারি না, বিরোধিতা করি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুরান মন্ত্রী মহাশয় নতুন দপ্তর সেচের জন্য যে বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন আমি এটাকে সমর্থন করতে উঠে দু'একটা কথা বলতে চাই। স্যার, আপনি জানেন ভারতবর্ষ সর্বতোভাবে কৃষির উপর নির্ভরশীল। এই ভারতবর্ষের দায়িত্ব যখন আমাদের কংগ্রেসী কর্তাদের হাতে আসে তখন কৃষি নির্ভরশীল ভারতবর্ষের উন্নতির যেটা প্রাণ কেন্দ্র সেই কৃষির উন্নতি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় না করে তাঁরা অন্য পরিকল্পনা গ্রহণ করেছিলেন। তার ফলে আজকে সেচ ব্যবস্থা অবহেলিত এবং তার থেকে খাদ্য পরিস্থিতি পশ্চিমবঙ্গের মানুষকে জর্জরিত করে তুলেছে।

এক্ষেত্রে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে যদি তখনকার ভারতবর্ষে কংগ্রেসীরা অনুগ্রহ করে কৃষি সম্পর্কে, কৃষি বিপ্লব সম্পর্কে ভাবতেন তাহলে ভারতবর্ষের মানুষ এবং বিশেষ করে পশ্চিমবাংলার মানুষকে এই খাদ্যের জন্য মারা যেতে হোত না। মাননীয় মন্ত্রীমহাশয় পশ্চিমবাংলার বৃহত এবং মাঝারি সেচের জন্য টাকা বরাদ্দের যে প্রস্তাব করেছেন তার পরিমাণ অত্যন্তই কম। টাকার পরিমাণ অত্যন্ত কম বলেই বিধান সভার একজন প্রবীন সদস্য হয়ে আমি সেচ দপ্তরের এই টাকার ক্ষেত্রে সমর্থন করতে পারছি না। সেচ হচ্ছে একমাত্র ব্লাড ব্যাংক যেটা কৃষিকে বাঁচাতে পারে। তা যদি

হয়ে থাকে তাহলে টাকার পরিমাণ এত কম কেন সেটা আমি কিছুতেই বুঝতে পারছি না। আমার মনে হয় এক্ষেত্রে দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। নানা কারণে বিভিন্ন বিষয়ের যেমন বিরোধিতা করতে হয় ঠিক তেমনি সেচের ক্ষেত্রেও আমি বিরোধিতা করছি। আমাদের সেচ পরিকল্পনা যেগুলো রয়েছে সে সম্পর্কে মন্ত্রীমহাশয় বলেছেন একে দুভাগে বিভক্ত করা হবে—অর্থাৎ প্রোজেক্ট ইরিগেসন এবং মেকানিক্যাল ইরিগেসন। প্রজেক্ট ইরিগেসনের মাত্রা যদি বাড়াতে পারি তাহলে পশ্চিমবাংলার সস্তায় সেচের জল পাবে এবং তার ফলে কৃষকরা মজুররা সুবিধা পাবে, তাদের পাওনা গণ্ডা বাড়বে, তাদের ক্রয় ক্ষমতা বাড়বে। মেকানিক্যাল ইরিগেসনে পশ্চিমবাংলায় খরচ বেশী হয় কাজেই সেদিকটা আমাদের চিন্তা করতে হবে। আপনারা নিশ্চয়ই জানেন সেচের ক্ষেত্রে এই যে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং রিভার লিফট রয়েছে তার খরচ অত্যন্ত বেশী। কাজেই আমি অনুরোধ করছি প্রোজেক্ট ইরিগেসন যাতে বাড়ান যায় সেদিকে আপনারা চিন্তা করুন। আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন পশ্চিমবাংলার মধ্যে এই কোলকাতা শহরের লোকদের নানাভাবে সমৃদ্ধ করবার জন্য সি. এম. ডি. এ. মেট্রো রেলওয়ে ইত্যাদির মাধ্যমে নানারকম পরিকল্পনা করা হচ্ছে এবং কোটি কোটি টাকা এই শহরের লোকদের জন্য খরচ করা হচ্ছে। অথচ অপর দিকে দেখুন, গ্রামের সাধারণ মানুষ যারা হচ্ছে কৃষি মজুর, দিন মজুর তারা খেতে পারছে না। কাজেই গ্রামে যদি সেচ পরিকল্পনা ভালভাবে করা হয় তাহলে সেখানকার মানুষ ভালভাবে খেয়ে-পরে বাঁচতে পারবে। তাদের সম্পদও বাড়বে, তাদের ক্রয় শক্তি বাড়বে এবং নানা রকম সম্পদ সৃষ্টি হবে। তারপর, আমাদের বীরভূম জেলাতে সিদ্ধেশ্বরী প্রকল্প যেটা করা হয়েছিল সেটা এখনও সম্পূর্ণ হয়নি।

[5-20—5-30 p.m.]

বীরভূম জেলার বিরাট একটা অংশে জল পাওয়া যায় না। সেইজন্য আমি একটা সাজেসান এখানে রাখতে চাই। সটকী-সিদ্ধেশ্বরী, হিংলো-ম্যাসানজোর, এই যে চারটি ড্যাম আছে, এই চারটি ড্যামকে খাল দিয়ে যদি সংযোগ করে দেওয়া যায় তাহলে যে ড্যামে জল বেশী হবে সঙ্গে সঙ্গে যে ড্যামে জল কম থাকবে, সেই জল ঐ যেখানে কম জল আছে চলে যাবে। তাতে প্লাবনের কোন আশঙ্কা থাকবে না। এবং ঐ সমস্ত ক্যানেলের সঙ্গে আরও কিছু নালা যদি বীরভূমের ঐ সমস্ত এলাকায় যেখানে জল পাওয়া যায় না, কেটে দেওয়া হয় তাহলে জলের অভাব হবে না। এ সমস্ত জিনিস করা যায় টাকা নিশ্চয় পাওয়া যেতে পারে। আজকে কলকাতার মানুষের সুখ স্বাচ্ছন্দের জন্য হাউসিং-এ ২ লক্ষ টাকা খরচ করা হয়। এই টাকার কিছু কেটে নিয়ে এই কাজ করা যেতে পারে। আরও টাকা আছে। পশ্চিমবাংলার মানুষ আজকে বামফ্রন্ট সরকারের দিকে তাকিয়ে আছে। আজকে যদি গ্রাম বাংলার মানুষকে সুখী করতে হয়, তাদের যদি বাঁচাতে হয়, ক্ষেত মজুরদের যদি বাঁচাতে হয়, ক্ষুদ্র চাষীদের যদি বাঁচাতে হয় তাহলে যেখানে সি. এম. ডি. এ.-র জন্য কোটি কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে — সেই টাকা কমিয়ে দিয়ে ঐ রকম সেচের কাজ করতে হবে। তাতে গ্রাম বাংলার মানুষ বাঁচবে, আমাদের আশীর্বাদ জানাবে। এই অনুরোধ আমি মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি

এবং এই যে ব্যয় বরাদ্দ এখানে তিনি এনেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইরিগেশন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়, তাঁর দপ্তর পরিচালনার জন্য যে বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এবং সমর্থন জানিয়ে আমি এখানে কয়েকটি কথা বলতে চাই। এর পূর্বে কংগ্রেস-ই-এর দুজন সদস্য তাদের বক্তব্য রেখেছেন। একজন অলঙ্কয়ার, ইরিগেসগেসন সম্বন্ধে বলতে গিয়ে এনিম্যাল হাসব্যাণ্ডারী থেকে আরম্ভ করে ভেটেরেনারী সব কিছু বক্তব্য রেখে গিয়েছেন। আর একজন বক্তব্য রাখলেন অন্য রকম। আমি ভেবেছিলাম আমাদের মালদায় এখন দারুন ভাঙ্গন যে চলছে তার কথা কিছু শুনবো। কিন্তু সেখানে দেখলাম আর এল আই স্যালো টিউবওয়েল-এর কথা আর ২১ বার সি. পি. এম. কথা ব্যবহার করলেন। ঐ সেই ধান ভানতে শিবের গীত। ধান তো ভানাই হোল না কেবল গীত হয়ে গেল। কংসাবতী পরিকল্পনা, তিস্তা পরিকল্পনা, দামোদর ভ্যালী পরিকল্পনা এই রকম বহু পরিকল্পনা আছে। আমি একটি বিষয়ে এখানে বক্তব্য রাখতে চাই যেটা আমাদের জেলার সঙ্গে জড়িত, ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফরাক্কা ব্যারেজ হয়েছে। প্রথমে যখন কেন্দ্র থেকে ইঞ্জিনিয়ার এলো দেবেশবাবু, তিনি এসে বললেন এখানে এই পরিকল্পনা করা ঠিক হবে না। কারণ পশ্চিমবাংলার পাথর পাললিক। এটা বিহারে হওয়া উচিত। সেখানে মহারাজাপুরে করলে ভাঙ্গন হবে না। কিন্তু ডাক্তার রায় ফরাক্কায় করলেন — কারও কথা শুনলেন না। এই ব্যারেজ হবার পর ক্ষতি হয়েছে। একটা হচ্ছে কি, ফরাক্কা থেকে লালগোলা পর্য্যন্ত, সেকালীপুর পর্যন্ত এক নাগাড়ে ভেঙ্গে যাচ্ছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, নয়নসুখ, বেনিয়াগ্রাম, ধুলিয়ান, ঔরঙ্গাবাদ, ধুসরীপাড়া, বাজিতপুর, মেরুপুর, হাসানপুর, নুরপুর, লালগোলা পর্য্যন্ত এই ভাঙ্গন চলছে। সুতরাং জলঙ্গী পর্যান্ত ভাঙ্গন চলছে। কিন্তু আমরা আশা করেছিলাম যে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত যে কংগ্রেস সরকার ছিলেন, সেই সময় যিনি ইরিগেশন মিনিস্টার ছিলেন গনি সাহেব, তাঁর কাছে বার বার প্রস্তাব নিয়ে গিয়েছিলাম এবং এই ব্যাপারে বক্তব্য রেখেছিলাম, তিনি আমাদের শুধু স্তোক বাক্য দিয়েছিলেন যে ৬৩ কোটি ১১ লক্ষ ৭৯ হাজার টাকার প্রকল্প তৈরী করে কেন্দ্রীয় সরকারের কাছে প্যাঠনো হয়েছে। কেন্দ্রীয় সরকার এটা মঞ্জুর করবেন। তারপর সেই প্রকল্প কেন্দ্রীয় সরকার মঞ্জুর করলেন কি না আমরা জানতে পারলাম না। কাজেই সেখানকার মানুষ, যারা বড় লোক, তারা আবার তাদের ঘরবাড়ি তৈরী করে নিতে পারবে, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো, যারা ক্ষেত মজুর, যাদের এক কাঠা জমি আছে, তালপাতার চাটাই দিয়ে ঘর তৈরী করে বাস করে, সেই রামা কেবর্ত, হাসিম শেখ, তাদের আশ্রয় পর্যন্ত আর থাকে না। কারণ সরকারী খাস জমি নেই যাতে তাদের বসতি স্থাপন করা যায়। ফলে ব্যবসাকেন্দ্র, ফলের বাগান, সমস্ত কিছু ধ্বংস হয়ে গেল। গত কয়েকদিন আগে বর্তমান সেচমন্ত্রী আমাদের কালিয়াচকে গিয়েছিলেন, আমরা লঞ্চে করে তাঁকে সমস্ত ঘুরিয়ে দেখিয়েছি এবং পিন পয়েণ্ট করে দেখিয়েছি, তিনি স্বচক্ষে সব দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করতে চাই যে এই সর্বহারা যারা, তাদের জমি, বাড়ি, ঘর, ইত্যাদি শেষ হয়ে গেছে। যাদের শেষ হতে চলেছে, সেইগুলো যাতে বাঁচানো যায়, সেদিকে একটু গুরুত্ব দেবেন। অপর দিকে আর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, নদী যেখানে আছে বর্তমানে, সেটা অনেক দূরে ছিল। আজকে সেই জায়গাগুলো ভেঙ্গে যাবার ফলে নদীতে জল বাড়লে জলটা এলাকার মধ্যে ঢুকে যাচ্ছে। আমি সাজেসন রাখছি, ফরাক্কা থেকে লালগোলা পর্য্যন্ত বা জলঙ্গী পর্য্যন্ত ৩০০ ফুট দূরে যদি স্থায়ী বাঁধ দেওয়ার ব্যবস্থা করেন তাহলে এই ফ্লাড কণ্ট্রোল করা যাবে। আমার এলাকা জঙ্গীপুর মহকুমার অহীরণের গঙ্গা ব্যারেজ থেকে ধাওয়াপাড়া পর্য্যন্ত দুকিলোমিটার জায়গা অত্যন্ত লো ল্যাণ্ড, এটাকে যদি বাঁধ দেবার ব্যবস্থা করেন তাহলে ফ্লাড কণ্ট্রোল হতে পারে। আর একটি আবেদন হচ্ছে ৫৫টি মৌজা জলের তলায় রয়ে গেছে, ২২ বর্গ মাইল এলাকা এবং ১ লক্ষ ১৫ হাজার লোক সেখানে বাস করতো। এই জমি ডুবে যাবার জন্য ডিরেক্ট এবং ইনডিরেক্টলি তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এবং এই জল নিস্কাশনের ব্যবস্থা যদি না করেন তাহলে মানুষ সব হেজে মজে যাবে। আজকে সমস্ত ফিডার ক্যানেলের দয়াতে কৃষকদের সমস্ত হাল বলদ ইত্যাদি উঠে গেছে এবং তারা ডে লেবারারে পরিণত হয়েছে, দিন মজুরে পরিণত হয়েছে। অপর দিকে ফরাক্কা ব্যারেজ প্রজেক্টের যে ফিডার ক্যানেল করা হয়েছে কলকাতাকে বাঁচানো যাবে বলে এবং নেভিগেশনের উপযোগী হবে বলে, তা কিন্তু হবে না। পশ্চিম জার্মানীর নদী বিজ্ঞান বিশারদ ডঃ হ্যাণ্ডস্যান কি বলেছেন ?

[5-30—5-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি বলেছেন সরকারী হিসাব মতে ৪০ হাজার কিউসেক জল নাকি শীতের মরশুমে পাশ হয় কলকাতাকে বাঁচাবার জন্য। কিন্তু তিনি হিসাব করে বলে দিয়েছেন নদীর যা প্রস্থ এবং গভীরতা আছে, তাতে এই গভীরতায় কোন মতেই ৪০ হাজার কিউসেক জল প্রবাহিত হতে পারে না। এতে ২৫ হাজার কিউসেকের মত প্রবাহিত হতে পারে। যার ফলে হুগলী নদীর মোহনাতে চর জমে যাচ্ছে, পলি পড়ে যাচ্ছে। অপর দিকে চর জমে যাওয়ার ফলে সুন্দরবন এলাকায় হুগলী নদীর মোহনার পার্শ্ববর্তী এলাকায় যেসমস্ত জমি আছে সেগুলিতে সমুদ্রের জল উঠে যাচ্ছে। সেই জমি নোনা করে দিচ্ছে, ফসল উৎপাদন হচ্ছে না। এই ফিডার ক্যানেলের জল অতি দ্রুত গতিতে আসার ফলে ভাগিরথী নদীর পার্শ্ববর্তী সমস্ত শহর অঞ্চল ভেঙ্গে চুরমার করে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় লিখেছেন জঙ্গীপুরের কাছে ফ্রেজারনগর, কালিয়াডাঙ্গা, টিটাগড় ইত্যাদি বিভিন্ন এলাকায় ভাঙন ধরেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ইরিগেসান মিনিষ্টারকে এই যে জিনিসগুলি বোঝাবার চেষ্টা করেছি, আশাকরি তিনি এগুলি সব বুঝতে পেরেছেন এবং ভবিষ্যতে আমার এলাকায় বাঁধ প্রকল্প তৈরী করার ব্যবস্থা করবেন। এই বামফ্রণ্ট সরকার কিছু কিছু ভাঙনের কাজ সত্যিকারে করেছেন এবং এই সরকার ক্ষমতায় আসার পরে পিচিং-এর ব্যবস্থা করেছেন। তাতে কিছু কাজও হয়েছে। শাল-বল্লা দিয়ে ওরা যেগুলি করেছিলেন সেগুলি সব ভেঙ্গে চুরমার

হয়ে গেছে। শাল-বল্লার সিসটেমে কাজ করার মানেই হচ্ছে আকাশের উপর থেকে করা। ইঞ্জিনিয়ারদের এই সব আইডিয়া একেবারে ভ্রান্ত। শাল-বল্লা দিয়ে গঙ্গা নদীর ভাঙন রোধ করা যায় না। ইঞ্জিনিয়াররা যে কাজ করেছিলেন সেগুলি সব ভেঙ্গে গেছে। আপনি এই শাল-বল্লার পরিকল্পনা বাতিল করবেন। সর্বশেষে আমি ইরিগেশান মিনিস্টারের ব্যয় বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযোখীলাল মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ ও জল-পথ বিভাগের ব্যয় বরাদ্দ দাবীর উপর আমি কিছু বলতে চাই। আমাদের দুজন সদস্য গঙ্গার ভাঙনের কথা আলোচনা করেছেন। এই গঙ্গা ভাঙনের ব্যাপারটা আমাদের মালদহ, মুর্শিদাবাদ জেলার পক্ষে খুব গুরুত্বপূর্ণ বিষয়। এই গঙ্গা নদীর ভাঙনে আমাদের মালদহ, মুর্শিদাবাদ জেলার গ্রামের পর গ্রাম, জনপদের পর জনপদ, ফসলী জমি গঙ্গা গর্ভে বিলীন হয়ে যাচ্ছে, প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। এই বাজেটে একটি জিনিস দেখলাম ফুলোর ভাঙনে রতুয়া, মানিকচক, মালদার বিভিন্ন পোরসান নষ্ট হয়ে যাচ্ছে। এই ভাঙন সমস্যা একটা বড় সমস্যা। প্রতি বছরই এটা হচ্ছে। কাজেই এই বিষয়ে আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া উচিত। যেসমস্ত জায়গায় ভাঙন আরম্ভ হয়েছে সেখানে যদি প্রয়োজনীয় ব্যবস্থা ভাল করে না নেওয়া হয় তাহলে আগামী দিনে মালদহ, মুর্শিদাবাদের বহু জায়গা নদী গর্ভে যে বিলীন হয়ে যাবে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই যেসমস্ত জায়গা ভাঙছে সেখানে এখুনি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমাদের মাননীয় সদস্য সমর মুখার্জি বন্যার জন্য ৪৯ জনের মৃত্যুর কথা বললেন। মালদায় বাঁধের বাইরে অনেক জায়গা আছে, যেখানে প্রতি বছর বন্যা হচ্ছে। কাজেই সেখানে বাঁধ করতে হবে। বাঁধ করলে এই বন্যা রোধ করা যাবে। আর যেখানে প্রতি বছর বন্যা হচ্ছে সেখানে যদি সেচ দপ্তর থেকে তাদের ভিটা বাড়ীটা উঁচু করে দেওয়া হয় তাহলে রিলিফ নিয়ে, মৃত্যু নিয়ে এখানে আর আলোচনা করতে হবে না এবং বন্যাও রোধ করতে পারব বলে আমি মনে করি।

আর একটি বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় বহু বাঁধ হয়েছিল এবং সেই সমস্ত বাঁধের উপর হাইরোডও হয়েছিল এবং এখনও অনেকগুলি বাঁধ আছে যেগুলির উপর অল্প খরচে পাকা রাস্তা হতে পারে। বাঁধ এবং রাস্তা নির্মানের কাজ যাতে হতে পারে সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীহুমায়ুন চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন সে সম্বন্ধে দু-চার কথা বলার আগে আপনার কাছে এই আবেদন করবো যে আমি নতুন সদস্য, আমার বক্তব্যের মধ্যে কিছু ভুলত্রুটি থাকতে পারে কাজেই আমার বলার জন্য কিছু সময় দেবার কথাটা একটু কনসিডার করবেন। স্যার, প্রথমেই আমি বলব, বিগত মন্ত্রীসভার আমল থেকে দেখে আসছি মাননীয় সেচমন্ত্রীরা যে সব বাজেট পেশ করে এসেছেন সেটা তাঁরা পশ্চিমবঙ্গের মন্ত্রী হিসাবে করেন নি, সব সময় সেখানে নিজের জেলার উন্নয়নমূলক কাজের দিকে তাঁরা নজর দিয়েছেন। এর আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন তাঁর সময় দেখেছি তিনি ২৪ পরগণা জেলার ক্ষেত্রে অগ্রাধিকার দিয়েছেন কিন্তু সামগ্রিকভাবে

পশ্চিমবঙ্গের ক্ষেত্রে নজর দেননি বা অন্যভাবে বলা যায় বহুজেলাতে যেসব জিনিষ করতে বাকি আছে সেইসব দিকে দৃষ্টিপাত করেন নি। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গের শতকরা ৭০ ভাগ জমি সেচ আওতার বাইরে আছে এবং বিগত ৫ বছর ধরে বামফ্রণ্ট সরকার এই সমস্ত এলাকাকে সেচভুক্ত করার জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেন নি। আমি মনে করি এটা বামফ্রণ্ট সরকারের অন্যতম একটা ব্যর্থতা। স্যার, আজকে যদি পাঞ্জাব, হরিয়ানার দিকে তাকানো যায় তাহলে দেখা যাবে সেখানে মোর দ্যান সেভেনটি ফাইভ পারসেণ্ট ল্যাণ্ড তারা সেচ এলাকার মধ্যে এনেছে কিন্তু আমরা সেভাবে এগুতে পারি নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারীদলের মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব বলে গেলেন যে যেসমস্ত ফিডার ক্যানেল হয়েছে তার ফলে অনেক জায়গায় ওয়াটার লগিং হচ্ছে। আমি বলব, এটা শুধু মুর্শিদাবাদের জঙ্গীপুরের মধ্যেই সীমাবদ্ধ নেই মালদহ, পশ্চিমদিনাজপুরের অনেক জায়গা যেখানে গঙ্গার ধারে নতুন নতুন বাঁধ হয়েছে সেখানে একদিকে যেমন বন্যা নিয়ন্ত্রন করা কিছুটা সম্ভবপর হয়েছে অন্যদিকে তেমনি এই ওয়াটার লগিং হচ্ছে এবং বহু ক্ষেত্রে এরজন্য কৃষি ব্যবস্থা মার খাচ্ছে। সেখানে যে ড্রেনেজ স্কীম ইন্ট্রোডিউস করা দরকার তা আজ পর্যন্ত নতুনভাবে কোথাও ইন্ট্রোডিউস করা হয়নি। স্যার, খরার মোকাবিলা করার জন্য ওয়াটার স্টোরেজ করে কৃষির ক্ষেত্রে সেই জল ব্যবহার করার ব্যবস্থা কংগ্রেস আমলে যে দু-চারটি হয়েছিল তারপর বামফ্রণ্ট সরকার আজ পর্যন্ত সে ব্যাপারে কোন পরিকল্পনা গ্রহণ করতে পারেন নি। মাননীয় মন্ত্রীমহাশয় জলনিকাশীর ক্ষেত্রে যেসব কথা বলেছেন সেগুলি সবই পুরানো আমলের—১৯৭২ থেকে '৭৭ সাল পর্যন্ত যেসব জিনিষগুলি করা হয়েছে কংগ্রেসের আমলের সেই বুপ্রিণ্টগুলিই একমাত্র রূপায়িত হতে চলেছে কিন্তু তারপর আর কোন নতুন প্রকল্পের প্রস্তাব নেই। স্যার, আপনি জানেন সেচের সঙ্গে কৃষিব্যবস্থা অঙ্গাঙ্গীভাবে জড়িত। ইকনমিক রিভিউতে দেখা যাচ্ছে সেখানে ১৯৭৭-৭৮ সালে টোটাল ল্যাণ্ড ছিল ৯ লক্ষ ৬২ হাজার ৬৬৬ হেঃ, সেখানে ১৯৮০ সালে হচ্ছে ৮ লক্ষ ৫১ হাজার ৮৮২ হেঃ।

[5-40—5-50 p.m.]

সেখানে আজকে ১৯৮০ সালে দেখছি ৮'৫১ হাজার ৫৮২। তারপর, এরিয়া ইরিগেটেড বাই গভর্ণমেণ্ট, এই ব্যাপারে দেখুন ক্যানেল যা ছিল সেগুলো এই সরকারের আমলে তাঁদের ব্যর্থতার জন্য কমে গেছে এবং তার ফলে আমাদের পশ্চিমবাংলায় কৃষির উৎপাদন ব্যাহত হয়েছে। স্যার, আমরা বার বার দেখছি এই বামফ্রণ্ট সরকার শুধু কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপাচ্ছেন এবং বলছেন তাঁরা কিছু দিচ্ছেন না, তাঁরা কিছু দিচ্ছেন না। কিন্তু বাস্তবে আমরা দেখছি এই হরিগেসনের অব্যবস্থার জন্যই আমাদের ফসলের উৎপাদন কম হচ্ছে। মন্ত্রীমহাশয় যে বাজেট পেশ করেছেন তার ৮ পাতায় লিখেছেন, "যেহেতু ফরাক্কা বাঁধ নির্মাণের পরে প্রবল ভাঙ্গন দেখা দিয়েছে তাই সংরক্ষণের সমস্ত ব্যয়ভার যাতে কেন্দ্রীয় সরকার বহন করেন সেইজন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে শুধু আবেদন জানালেই হবে না। আমাদের পূর্বতন সেচমন্ত্রী প্রভাস রায় বলেছিলেন, আমরা কাজ করব। আমি তাঁদের

কাজের নমুনা একটু দিচ্ছি। ফরাক্কায় গঙ্গার আপস্ট্রিম এবং ডাউন স্ট্রীমে যে বাঁধগুলো রয়েছে সেগুলোকে কংক্রীট করে দেবার ব্যাপারে কেন্দ্রীয় সরকার বলেছেন আমরা রাজী আছি এবং একথা পূর্বতন মন্ত্রী প্রভাসবাবুর আমলেই হয়েছিল। কিন্তু দুঃখের সংগে জানাচ্ছি বামফ্রণ্ট সরকার আজও পর্যন্ত সেগুলো হস্তান্তর করেননি। কাজেই মন্ত্রীমহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং একথাগুলো বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅবিনাশ প্রামাণিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে দু—একটা কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে কংগ্রেস ( আই )-র সদস্যরা এবং ডাঃ জয়নাল আবেদিন বামফ্রণ্ট সরকারের সেচ দপ্তরের কাজ কিছুই দেখতে পাননি এবং কংগ্রেস ( আই )-র একজন সদস্য শুধু আলীমুদ্দীন স্ট্রীট দেখলেন, সেচ দপ্তরের কাজ কিছু দেখলেন না। আমি মনে করি এই সেচ দপ্তরের কাজের গুরুত্ব অনেক বেশী এবং এই সেচ ব্যবস্থার উপরে আমাদের পশ্চিমবাংলার অর্থনীতি নির্ভর করছে। আমি কংগ্রেস ( আই ) এবং কংগ্রেস ( শ ) উভয় দলকে বলি, তাঁদের পূর্বপুরুষ অর্থাৎ স্বাধীনতার পর থেকে যাঁরা সরকার চালিয়েছেন তাঁরা খুব বড় গলায়, ঢাকঢোল পিটিয়ে এই ডি ভি সি করেছিলেন। অনেকে না জানলেও আমরা জানি তাঁরা বলেছিলেন ডি ভি সি করে বিদ্যুতের অভাব মিটিয়ে দেবেন, ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেবেন এবং সেচের জলে এই পশ্চিমবাংলাকে সোনার বাংলা করে দেবেন। তাঁরা এসব বড়বড় কথা বলেও আমরা গত ৩০ বছরে দেখলাম এই ডি ভি সি সেচ ব্যবস্থা যেটা করেছিল তাতে পশ্চিমবাংলা সেচের সুযোগ খুব সামান্যই পেয়েছে আমাকে হঠাৎ বলতে হচ্ছে নাহলে অনেক তথ্য দিয়ে আমি বক্তব্য রাখতে পারতাম। যাহোক, আমরা দেখলাম এই ডি ভি সি সেচের পরিবর্তে বন্যায় পশ্চিমবাংলার মানুষকে ডুবিয়ে মারার ব্যবস্থা করেছে।

বর্ধমান, হুগলী, হাওড়ায় প্রতি বছর ডি. ভি. সি-র জলে বন্যা হচ্ছে, হাজার হাজার হেক্টর জমির ফসল নষ্ট হচ্ছে। প্রতি বছর বহু ঘর বাড়ি ভেসে যাচ্ছে। বহু মানুষ বন্যায় প্রাণ হারিয়েছে। তবে ১৯৭৭ সাল থেকে লক্ষ্য করছি যে, বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে তাঁরা তাঁদের সীমিত আর্থিক সংগতি নিয়ে পশ্চিমবঙ্গের মানুষদের বাঁচাবার চেষ্টা করছেন। ইতিপূর্বে যিনি সেচ মন্ত্রী ছিলেন, তিনি নিম্ন দামোদর এলাকায় যে সমস্যা আছে, সে সমস্যার সমাধানের জন্য ব্যবস্থা নিয়েছিলেন। সবচেয়ে দুঃখের কথা এবং লজ্জার কথা হচ্ছে নিম্ন দামোদরের বন্যার হাত থেকে হাওড়া এবং হুগলীর মানুষদের বাঁচাবার জন্য, বন্যার ফলে সেখানে যে সমস্যার সৃষ্টি হয় সে সমস্যার সমাধানের জন্য মন্ত্রী মহাশয় যখন উদ্যোগ গ্রহণ করছিলেন তখন কংগ্রেসীরা হাই কোর্টে গিয়ে ইনজাংসন নিয়ে আসে এবং সে কাজ বন্ধ করে দেয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার পরে কংগ্রেস শাসনের আমলে আমরা দেখেছি ভাগীরথী নদীর ভাঙ্গনের ফলে হাজার হাজার গ্রামের মানুষ উদ্বাস্তু হয়ে গেছে। কংগ্রেস শাসনের সময়ে আমরা দেখিনি সেই মানুষগুলিকে রক্ষা করার জন্য বা তাদের গ্রামগুলিকে রক্ষা করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজকে এটা আনন্দের

কথা যে, আমরা দেখছি বামফ্রন্ট সরকারের আমলে বিগত ৫ বছর ধরে হুগলী থেকে আরম্ভ করে কালনা পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় নদীর ভাঙ্গন রোধ করার জন্য কাজ হচ্ছে। এখনো কাজ সম্পূর্ণ হয়নি, কারণ আমরা জানি টাকার অভাব আছে। এব্যাপারে আমাদের প্রাক্তন সেচ মন্ত্রী মহাশয় বার বার কেন্দ্রের কাছে আবেদন করেছেন, কিন্তু কেন্দ্র সাড়া দেয়নি।

আজকে ২৪ পরগণা, মুর্শিদাবাদ, নদীয়াতে যেভাবে নদীর ভাঙ্গন রোধ করার জন্য কাজ হচ্ছে সেভাবে কংগ্রেসী আমলে কোন কাজ হয়েছিল কি ? কংগ্রেসী বন্ধুরা সে হিসেব দিতে পারবেন কি ? সে সময়ে কোন কাজ হয়নি।

আজকে মন্ত্রী মহাশয় এবিষয়ে সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে বিবৃতি পেশ করেছেন। কংগ্রেসীরা এখানে বলছেন যে, তিস্তা ব্যারেজের কাজ নাকি তাঁরা করেছেন। তাঁরা সেখানে কাজ শুরু করেছিলেন ঠিকই, কিন্তু মাঝ পথে সে কাজকে ফেলে রেখে গেছেন। আজকে বামফ্রন্ট সরকার সে কাজে হস্তক্ষেপ করেছেন এবং আমরা জানি আগামী দিনে নিশ্চয়ই তিস্তা ব্যারেজের কাজ সম্পূর্ণ হবে।

বিরোধী কংগ্রেসী সদস্যরা ময়ূরাক্ষীর কথা বলে গেলেন। ময়ূরাক্ষীর কি অবস্থা তাঁরা করেগেছেন, সেটা কি তাঁরা ভুলেগেছেন। আজকে সেচ দপ্তর কি করছে বা বিগত পাঁচ বছরে কি করেছে, তা পশ্চিমবাংলার সাধারণ মানুষ জানে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি যে, কোন সেচ প্রকল্পের কাজ আরম্ভ করে দু' দিনের মধ্যেই শেষ করা যায় না, এসমস্ত সময়সাপেক্ষ কাজ। সেই সঙ্গে আমরা এটাও জানি যে, আমাদের যেসমস্ত নদী পরিকল্পনাগুলি আছে—ধিয়া-কুন্তী নদীর গঙ্গা নদীর ভাগীরথী নদীর ভাঙ্গন রোধ করা এবং যে সমস্ত সেচ প্রকল্প-গুলি আছে সেগুলি করা রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয়, কেন্দ্রকেও এব্যাপারে সহযোগিতা করতে হবে, টাকা দিতে হবে।

এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দু' একটি কথা বলতে চাই, আমাদের হুগলী জেলায় ডানকুনির জলাকে যদি চাষের কাজে ব্যবহার করা যায়, তাহলে এর দ্বারা কয়েক হাজার বিঘা জমি সেচের আওতায় আসতে পারে।

আমাদের পূর্বের সেচ মন্ত্রী বেহুলা মাষ্টার প্ল্যান করে গেছেন, কিন্তু আজকে সেচ মন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে বেহুলা মাষ্টার প্ল্যানের কোন উল্লেখ আমি দেখলাম না।

[5-50—6-00 p.m.]

কিন্তু আমরা জানি ঐ বেহুলা মাষ্টার প্ল্যানে ডি. ভি. সি. জমি নষ্ট করে খাল করেছিল। কিন্তু সেচের জন্য করেনি, জল-নিকাশীর জন্য তারা করেছিল। কিন্তু এই সমস্ত নদীগুলিকে সেচের পরিকল্পনায় নিয়ে যেতে পারলে বহু জমি সেখানে সেচের আওতায় আসবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি বেহুলা মাষ্টার প্ল্যান যাতে হয় সেটা দেখবেন এবং ভাগীরথী নদী যেটা হুগলী জেলার বলাগড় দিয়ে গেছে সেই জায়গাটা নদী বাধানোর কাজ বাকী আছে। সেখানে প্রচণ্ড ভাঙন হচ্ছে। ঐ নদীর ধারে কাছে যে সমস্ত লোকেরা বসবাস করতো, নদীর ভাঙনের ফলে তারা

উদ্বাস্তু হচ্ছে। মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন হুগলী জেলায় সেচ বিভাগের যিনি এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন তিনি সমস্ত ব্যাপারটি জানেন। তিনি সমস্ত স্কীম করে পাঠিয়ে দিয়েছেন। আমার অনুরোধ, সেচ প্রকল্পগুলি যাতে খুব তাড়াতাড়ি হয় এবং ঐ এলাকার গরীব মানুষেরা যাতে নদীর ভাঙনের হাত থেকে রক্ষা পায় সেইদিকে নজর দেবেন। এই কয়েকটি কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিক্রম টুডু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু'একটি কথা বলতে চাই। এই বাজেট যদিও সেচ সম্পর্কে তবুও অনেক নতুন কথা আছে, আরও বেশী পরিমাণ জমি সেচের আওতায় আনার কথা বলা আছে এবং বিভিন্ন প্রকল্পগুলি আধুনিকীকরনের কথা আছে। তা সত্ত্বেও আমি কয়েকটি কথা বলতে চাই, আমাদের পুরুলিয়া জেলার অবস্থার কথা আপনারা সকলেই জানেন। বেশীর ভাগ জমি হচ্ছে ডাঙ্গা জমি, চাষের জমির সংখ্যা অত্যন্ত কম। কিছু নদী নালা আছে। পুরুলিয়া জেলার উত্তরে দামোদর নদী আছে। সেখানে প্রচুর জল, কিন্তু সেই জল পুরুলিয়া জেলায় মানুষের জন্য ব্যবহৃত হয় না, সেই সুযোগ আমরা পাই না। সেই জল যদি রিভার লিফ্‌ট ইরিগেশানের মাধ্যমে উচু জমিতে তুলে দেওয়া হয় তাহলে বহু জমি সেচের আওতায় আসতে পারে। কারণ পুরুলিয়া জেলায় কর্মসংস্থানের কোন ব্যবস্থা নেই। জীবিকা নির্বাহ করবার কোন উপায় নেই। কোন কলকারখানা নেই। সুতরাং যদি সেচের ব্যবস্থা বাড়ানো যায় তাহলে সেখানকার মানুষদের একটু বেঁচে থাকার সুরাহা হতে পারে। এ ছাড়া কতকগুলি ড্যাম আছে, যেমন, কংসাবতী, কুমারী, হনুমাতা, কেডরো প্রভৃতি এই সমস্ত ড্যামগুলি থেকে যদি মাইনর লিফ্‌ট ইরিগেসানের মাধ্যমে সেখান থেকে জল নিয়ে উচু জমিগুলিতে জল ফেলা হয় তাহলে বহু জমি সেচের আওতায় আনা যায়। কংসাবতী প্রজেক্টের ব্যাপারে বহু কৃষকের জমি ডুবে গেছে, ডুবে যাওয়ার ফলে অবশ্য কৃষকেরা নিশ্চয়ই ক্ষতিপূরণ পেয়েছেন।

কিন্তু সেখানে যে সাড়ে বাইশ হাজার ক্ষেতমজুর আছে, তারা কর্মচ্যুত হয়েছে তাদের চাষের জমি ডুবে যাওয়ার ফলে। এতদিন ধরে তাদের কর্মসংস্থানের কোন ব্যবস্থাই হয় নি। আমি আশা করব যে মাননীয় মন্ত্রীমহাশয় সেদিকে একটু নজর দেবেন। তাদের যাতে কর্মসংস্থান হতে পারে তারজন্য এই ধরণের একটা প্রকল্পের প্রয়োজন আছে। সেই সমস্ত ক্ষেতমজুর বিভিন্ন সময়ে বাইরে চলে যায় বর্ধমান ইত্যাদি জায়গায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী দিনে যাতে পুরুলিয়া জেলার সেচের ডেভলপমেন্ট করা যায় তারই একটা প্রকল্পের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী দিনে ঐ পুরুলিয়ায় যাতে সেচের ব্যাপারে নজর দেওয়া হয়, যাতে এখানকার সেচের সুবিধা আরও বাড়ানো যায় তার জন্যই এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়কে বলতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধীদলের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। তাঁরা বিরোধিতা করছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি যে স্বাধীনতার ৩০ বছর পরে ঐ পুরুলিয়ার এ অবস্থা

কেন? যদিও এটা আগে বিহারের সঙ্গে যুক্ত ছিল তপাথি দীর্ঘ ৩০ বছর কেন্দ্রে এবং এই দুই রাজ্যের সরকারে ওঁরা ছিলেন, ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার হওয়ার পরে হয়ত অসুবিধা হতে পারে, কিন্তু ওঁদের আমলে তো অসুবিধার কথা ছিল না, কেন্দ্রে এবং রাজ্যে ওঁদেরই সরকার ছিল। আজকে পুরুলিয়া অনগ্রসর জেলা। সারা ভারতবর্ষে ২০টি জেলার মধ্যে পুরুলিয়া একটা অনগ্রসর জেলা। এই জেলার দিকে ওঁরা কোনদিন নজর দেন নি, এর ফলে আজকে এই অবস্থা হয়েছে। আমি আশা করব আগামী দিনে যাতে এই অবস্থার উন্নতি হয় তারজন্য সেচমন্ত্রী মহাশয় সেদিকে দৃষ্টি দেবেন। এই কথা বলে, এই বাজেট কে সমর্থন করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সেচ মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। সেচ ব্যবস্থা রূপায়িত হলে দেশের সমৃদ্ধি বাড়বে, দেশের ফলন বাড়বে, দেশের অর্থনৈতিক উন্নতি হবে, এটা নিশ্চিত। সেচ প্রকল্প যদি বাধা পায় এবং সেচ প্রকল্পের যদি অবনতি ঘটে দেশের অর্থনৈতিক অবনতি ঘটবে, এর মধ্যে কোন ফারাক নেই। এ প্রসঙ্গে বলতে গিয়ে আমি বলব যে, তিনি সারা পশ্চিমবঙ্গে সামগ্রিকভাবে দেখেছেন এবং সেভাবে তাঁর পরিকল্পনা রচনা করেছেন। সেই রচনার পরিপ্রেক্ষিতে আমি শুধু বলব, আমার মেদিনীপুরে কংসাবতী পরিকল্পনা যেটা হয়েছে সেই কংসাবতী পরিকল্পনা হওয়ার ফলে অন্যে লাভবান হয়েছে এটা ঠিক, কিন্তু কংসাবতী হওয়রে ফলে মেদিনী-পুরের বেশীর ভাগ অঞ্চল ক্ষতিগ্রস্ত হয়েছে। এই কংসাবতী বাঁধার ফলে তার অন্যান্য ক্যানেল ইত্যাদি না হওয়ার ফলে সেখানে জল সরবরাহের কাজ বিঘ্নিত হচ্ছে। এখানে তমলুক, ময়না, মহিষাদল ইত্যাদি জায়গাগুলিতে বর্ষার সময় চাষের ক্ষতি হয়, সেদিকে একটু নজর দেবেন বলে মনে করি। সেই সঙ্গে আমি পড়ছিলাম ১৯৭৪ সালে যখন কংগ্রেস সরকার ছিল তখন এই বই লিপিবদ্ধ হয়, যখন কংগ্রেস সদস্যারা ছিলেন এবং আমাদের গণিখান চৌধুরী মহাশয় সেচ মন্ত্রী ছিলেন সে সময় কি হয়েছিল আমি এই বইটির কয়েকটি জায়গা থেকে পড়ছি।

[6-00—6-10 p m.]

রজনী দোলুই বলেছিলেন যে এই ২৬ বছরে কংগ্রেস আমলে যা হয় নি, গত ২ বছরে তার তুলনায় অনেক বেশী কাজ হয়েছে। এই কথা তিনি বলেছেন, ১৫·৩·৭৪ তারিখের বক্তব্যের মধ্যে আছে। সেই সঙ্গে সঙ্গে তিনি আরো বলেছিলেন যে উড়িষ্যাক্যানেল যেটা মেদিনীপুর-এ আছে তার কাজ কিছু হয় নি। সেই সঙ্গে সঙ্গে মন্ত্রীর বিবৃতিতে আছে মেদিনীপুরে হিজলী কোস্ট ক্যানেলে সমস্ত কিছু ভালো করে রূপায়ন করার জন্য ফসল অত্যন্ত ভাল হচ্ছে। সেখানে তাদের দলের সদস্য তার প্রতিবাদে বলেছিলেন এখানে কোন কাজ হয়নি। ভবানী সিংহরায় কংগ্রেসেরই সদস্য যদি ড্রেনেজের উপর গুরুত্ব দিতেন তাহলে এইভাবে হাওড়া, হুগলী, মেদিনীপুর, বর্দ্ধমান হাবুডুবু খেয়ে মরত না। তাদের সদস্যরা এই কথা বলেছেন। আমাদের সুনীতি বাবু আছেন, তিনি বলেছিলেন যে সেচ প্রকল্প নিয়ে সমালোচনা করা যায় না।

সমালোচনা না করে মূলত কি ভাবে এই প্রকল্পকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার আলোচনা করলে ভাল হবে। এই কথা তিনি সেই দিন বলেছিলেন। সেখানে বিশ্বনাথবাবুকে কটাক্ষ করে এই কথা বলেছিলেন। সেই জন্য আমি বলছি যারা বিরোধী পক্ষে আছে, তারা সেই দিন সরকার পক্ষে থেকে এই কথা বলেছিলেন। তারা বলেছিলেন যে আলোচনার মাধ্যমে সেচ প্রকল্পকে উন্নতি করতে হবে, বিরোধীতা করে নয়। কিন্তু আজকে সেই বিরোধীপক্ষরা সমালোচনা করছেন, তারা সেই পুরানো কথা ভুলে গেছে। এই সুনীতিবাবুও ভুলে গেছে। তাই আমি স্মরণ করিয়ে দিতে চাই। সেচ বিভাগের উন্নতির জন্য অনেক প্রচেষ্টার দরকার। এখানে কোন সমালোচনার দ্বারা সেচের উন্নতি হতে পারে না। গনিখান চৌধুরী যখন ৫ বছর সেচ বিভাগে ছিলেন পশ্চিমবাংলার কোন উন্নতি করতে পারেন নি। সেখানে পশ্চিমবাংলাকে ডুবিয়ে মারার চেষ্টা করেছিলেন। এটা আমরা জানি যে তিনি কোন কিছুরই উন্নতি করতে পারেন নি। কেন্দ্রে গেছেন—সেখানে পাওয়ারে কিছু করতে পারেন নি, রেলে গেছেন, সেখানেও কিছু করতে পারবেন না। তিনি সমস্ত কিছু নষ্ট করেছেন। সেখানে আবার কংগ্রেসের সদস্যারা তাঁর গুনগান করেন। কিন্তু তিনি পশ্চিমবাংলায় সর্বনাশ করছেন। তাই আপনার এগিয়ে আসুন—যে কথা আজকে আপনারা বলেছেন সেচমন্ত্রী ভাল লোক, তার সঙ্গে আলোচনা করে কি ভাবে সেচ প্রকল্পর উন্নতি করা যায় তার চেষ্টা করি। কিভাবে সেচ প্রকল্পের উন্নতি করে অর্থনৈতিক উন্নতি সাধন করা যায় সেই দিকে দৃষ্টি দেবার জন্য আহ্বান জানাই। মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশী সময় নিতে চাই না। কিছু প্রশ্নের উত্তর দিতে পারলে ভাল হ'ত। প্রথমে আমি বলছি এই বছর আমরা যে টারগেট রেখেছি ১৯৮২।৮৩ সালে সেই টারগেট পূরণ করতে পারবো বলে মনে করছি। এই ষষ্ঠ পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় যে লক্ষ্য মাত্রা ঠিক করা হয়েছে সেটা আমরা আশা করছি যদি খুব একটা প্রতিকূল অবস্থা না থাকে সেটা পূরণ করা যাবে। সুতরাং মাননীয় জয়নাল আবেদিন মহাশয়ের উদ্বেগ বা উতলা হওয়ার কোন কারণ নেই। আমি যতদূর জানি, তিনি ২০ দফা কর্মসূচীর যে কথা বলেছেন, তাতে এর থেকে বেশী কিছু বলা নেই। জয়নাল আবেদিন সাহেব এছাড়া কতকগুলি সুপরামর্শের কথা বলেছেন, সেগুলোর পুনরাবৃত্তি আমি করতে চাই না, তবে সেগুলোর দিকে নজর রাখার চেষ্টা করব। তিনি দিল্লীতে একজন লিয়াঁজে অফিসার রাখার কথা বলেছেন, যাতে ১৯৭৮ সালের বন্যা এবং সুন্দরবনের জলোচ্ছ্বাসের পুনরাবৃত্তি এখানে না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি বিগত বছরে যেমন রাখা হয়েছিল, এ বছরেও সেই ভাবে চলব। ইন্টারন্যাশানাল লেবার কমিশনের সঙ্গে পশ্চিমবঙ্গের স্বার্থ জড়িত আছে বলে এ বিষয়ে একজন প্রতিনিধি থাকার কথাও তিনি বলেছেন। এ বিষয়েও আমরা লক্ষ্য রাখব। প্রসঙ্গতঃ উল্লেখ করি, বক্তৃতা প্রসঙ্গে অনেকে নানা রকম ঠাট্টা বিদ্রুপ করেছেন ও ব্যংগচ্ছলে বলেছেন যে প্রভাষ বাবু মন্ত্রী থাকা কালে নাকি শুধু ২৪ পরগণার দিকে নজর দিতেন এবং নতুন মন্ত্রী হিসাবে নাকি আমি জলপাইগুড়ির দিকে নজর রেখে চলব। এ ব্যাপারে আমাদের কথা হচ্ছে, আমরা যখন মন্ত্রী হয়েছি, তখন শুধুমাত্র

বিশেষ জেলার মন্ত্রী নই, সমগ্র পশ্চিমবাংলারই মন্ত্রী। সমগ্র জেলার যেখানে যে প্রবলেম আছে, সেগুলির প্রতি সমান গুরুত্ব দিয়ে কাজ করে গিয়েছি, আগে যেমনভাবে সমান গুরুত্ব দিয়ে চলেছি, এবারেও সেই ভাবে চলব। আপনাদের অবগতির জন্য বলি যে, মহানন্দা সেকেণ্ড ফেজের ব্যাপারটি আমরা ধরেছি, বর্তমানে এটি আমরা বিচার বিবেচনা করে দেখছি যাতে শীঘ্রই এর কাজ আমরা করতে পারি। এরকম চিন্তা ভাবনা আমাদের আছে। ঘিয়াকুন্তি প্রকল্পের ব্যাপারে আমরা এ্যালায়েনমেণ্ট চেঞ্জ করেছি বলে অনেকে বলেছেন। কিন্তু ঐ প্রকল্পে আমরা কোন এ্যালায়েনমেণ্ট চেঞ্জ করিনি, ওটি এখন তৈরী হতে চলেছে এবং কাজ একইভাবে চলতে থাকবে। বেহুলা স্কীম সম্বন্ধে পরীক্ষা করে দেখছি, বিশেষ করে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের বিষয়টা আমরা একজামিন করে দেখছি। এ বিষয়ে অনেকে প্রশ্ন করেছেন, জবাবও আমি দিয়েছি। মাননীয় সদস্য শশাঙ্ক বাবু সিদ্ধেশ্বরী প্রকল্পের ব্যাপারে বলেছেন, উত্তরে জানাই, সেটি এখন ইনভেষ্টিগেশানের স্তরে আছে। তবে আমি এ সম্বন্ধে সংক্ষেপে বলেছি। এটি এখন আন্তঃরাজ্য সমস্যা হয়ে আছে। এ কারণে এ ব্যাপারে আশানুরূপ ভাবে এগোতে পারছি না। এ ব্যাপারে বিহার, উড়িষ্যা প্রভৃতি রাজ্যের প্রতিনিধিদের নিয়ে একটা এগ্রিমেণ্টের জন্য বৈঠক হওয়ার কথা ছিল এবং কেন্দ্র রাজ্যের প্রতিনিধিরা সেই বৈঠকে উপস্থিত থাকবেন, সেই নীতি এখনও আছে।

[6-10—6-20 p.m.]

কম্পেনশেশানের ব্যাপারে খতিয়ে দেখা হচ্ছে। সমস্ত ব্যাপারটি আরো খতিয়ে দেখা হবে এর ব্যবস্থা না হলে খাল-কাটার সমস্যা থেকে যাবে। সুতরাং এই ব্যাপারে আরো বিচার-বিবেচনা করে দেখতে হবে। এ ছাড়া আরো কতকগুলি বিষয় রয়েছে সেই ব্যাপারে যেতে চাইছি না। আমি প্রথম নম্বর জানাতে চাই যে, এই যে ইরিগেশান অর্থাৎ সেচ কর সম্পর্কে—আমার আগেকার মন্ত্রী শ্রীপ্রভাস রায় যে বকেয়া সেচ কর সম্বন্ধে ঘোষণা করেছিলেন এর পর থেকে আমরা দেখেছিলাম যে নদী কর এবং সেচকর আদায় হচ্ছে না। আমি এই জিনিষগুলি খতিয়ে দেখতে চাই। টাকার অপ্রতুলতার ফলে বহু ব্যাপারে কাজ এগোচ্ছে না। জলসেচ সংক্রান্ত বহু ব্যাপারে টাকার অঢেল দরকার, সেই সঙ্গে এটাও চিন্তা করতে হবে যাতে ক্ষেত চাষী এবং প্রান্তিক চাষীরা কিছুটা রেহাই এবং রিলিফ পেতে পারে। এইজন্য আমরা সমস্ত বিষয়টি রিভিউ করে দেখছি যাতে করে মাননীয় সদস্যদের জানিয়ে দিতে পারি। আমি বেশি বলতে চাই না এই কারণে যে আমার সময় ৬.১২ মিঃ পর্যন্ত নির্দিষ্ট আছে। সুতরাং আমি আশা করবো মাননীয় সদস্যগণ এই বাজেট মঞ্জুর করবেন।

The motions of Dr. Zainal Abedin that the amount of demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Shri Kashinath Misra that the amount of demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 1,08,77,98,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads: "332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and

Flood Control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects, and 533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects."

(This is inclusive of a total sum of Rs. 64,93,08,000 already voted on account in March and June, 1982), was then put and agreed to.

**Demand No. 36**

Major Heads : 280—Medical and 480—Capital Outlay on Medical.

**ডাঃ অম্বরীষ মুখোপাধ্যায় ঃ** রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৬ নং দাবীর অধীনে মুখ্য খাতে ২৮০—চিকিৎসা এবং ৪৮০ চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ বাবদ ব্যয়নির্বাহের জন্য ১১৩ কোটি ৫৮ লক্ষ ৫৫ হাজার টাকা (এ বছরের ভোট-অন-একাউণ্ট মাধ্যমে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ৫৮ কোটি ৭৭ লক্ষ ৭৮ হাজার টাকা সমেত) মঞ্জুর করা হোক।

**Demand No. 37**

Major Heads : 281—Family Welfare and 481—Capital Outlay on Family Welfare.

**ডাঃ অম্বরীষ মুখোপাধ্যায় ঃ** রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব ও করছি যে, ৩৭ নং দাবির অধীনে মুখ্য খাতে "২৮১—পরিবার কল্যাণ" এবং "৪৮১—পরিবার কল্যান সম্পর্কে মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৩ কোটি ৯১ হাজার টাকা (এ বছরের ভোট-অন-একাউণ্ট মাধ্যমে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ৬ কোটি ৫৮ লক্ষ ৬৪ হাজার টাকা সমেত) মঞ্জুর করা হোক।

**Demand No. 38**

Major Heads : 282—Public Health, Sanitation and Water Supply and 682—Loans for Public Health, Sanitation and Water Supply.

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৩৮ নং দাবীর অধীনে মুখ্য খাত "২৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ" এবং "৬৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহের জন্য ঋণ" বাবদ ব্যয়নির্বাহের জন্য ৫১ কোটি ৮০ লক্ষ ১৬ হাজার টাকা ( এ বছরের ভোট-অন-অ্যাকাউণ্ট মাধ্যমে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ২৭ কোটি ৪২ লক্ষ ৫৬ হাজার টাকা সমেত) মঞ্জুর করা হোক।

**মিঃ স্পীকার,** স্যার, আমি এই ব্যয় বরাদ্দের দাবী মঞ্জুরের জন্য রাখছি। আমার যে বক্তব্য তা আমি আমার জবাবী ভাষণে রাখবো। আমার লিখিত ভাষণ আপনাদের দেওয়া হইয়াছে।

( Written speech laid on the Table )

মহাশয়, প্রসঙ্গত আমি জানাচ্ছি যে, উল্লিখিত মুখ্য খাতসমূহে ব্যয়বরাদ্দের দাবি ছাড়াও স্বাস্থ্যসংক্রান্ত বিষয়ে "৪৮০-চিকিৎসা ( গৃহাদি ) সম্পর্কে মূলধন বিনিয়োগ", "২৮০-চিকিৎসা ( গৃহাদি )", "৪৮১-পরিবার-কল্যাণ ( গৃহাদি সহ ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" এবং "৪৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ ( গৃহাদি সহ ) সম্পর্কে

মূলধন বিনিয়োগ" প্রভৃতি খাতেও অর্থ বরাদ্দ করা হয়েছে। এইসব খাতের বরাদ্দ একত্র করে স্বাস্থ্যসংক্রান্ত বিষয়ে মোট বরাদ্দ ১৯৮১-৮২ সালের ১৬৬ কোটি ৪৫ লক্ষ ৮৫ হাজার টাকার জায়গায় ১৯৮২-৮৩ সালে ১৮৪ কোটি ১ লক্ষ ৮৭ হাজার টাকা ধরা হয়েছে। অবশ্য, এই বর্ধিত অর্থের মধ্যে শ্রম বিভাগ পরিচালিত কর্মচারী রাজ্যবীমা ( চিকিৎসা-সুবিধা ) কর্মপ্রকল্প বাবদ ১৫ কোটি৭৮ লক্ষ ৫০ হাজার টাকাও ধরা হয়েছে।

মহাশয়, আপনারা অবগত আছেন যে, গ্রামাঞ্চলের বিপুলসংখ্যক মানুষ যেসব কর্মসূচীর আওতায় আসবে, জনস্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে সেই সব কর্মসূচীকে আমাদের সরকার বেশি গুরুত্ব দিচ্ছেন এবং সেই সঙ্গে জনস্বাস্থ্যরক্ষার রোগ-প্রতিরোধাত্মক দিকগুলির উপরও বিশেষ জোর দেওয়া হয়েছে। যে লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দিয়ে এই কর্মসূচি রূপায়িত করা হচ্ছে সেগুলি হলো ঃ

(ক) ৩০০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং গ্রামপিছু অন্তত একটি করে উৎসের ব্যবস্থা রেখে প্রত্যেক গ্রামে বিশুদ্ধ পানীয় জলের সংস্থান করা ;

(খ) শিশু ও মায়েদের অনাক্রম্যতার কর্মসূচীর উপর বিশেষ জোর দিয়ে রোগ-প্রতিরোধ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিবিধান ;

(গ) গ্রামীণ স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার সম্প্রসারণ ;

(ঘ) হাসপাতালগুলির বহির্বিভাগে চিকিৎসা-ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিসাধন এবং যেসব আধাশহর ও শহর গড়ে উঠছে অথচ যেখানে চিকিৎসার সুযোগ-সুবিধা এখনও পৌঁছোয়নি সেখানে ডিসপেনসারি ও হাসপাতাল খোলা ;

(ঙ) ছোট পরিবার গড়ে তোলার যৌক্তিকতা ও তার সুবিধা সম্পর্কে জন-সাধারণকে সচেতন করে তোলা এবং প্রসূতি ও শিশুকল্যাণ ব্যবস্থাকে সম্প্রসারিত করা।

**পয়ঃপ্রণালী এবং জল সরবরাহ ঃ** বর্তমান সরকার রাজ্যে, বিশেষ করে গ্রামাঞ্চলে এবং তফসিলী জাতি ও উপজাতি অধ্যুষিত অঞ্চলে, পানীয় জল সরবরাহের বিষয়টিকে বিশেষ অগ্রাধিকার দিয়ে আসছেন।

রাজ্য যোজনার আওতাভুক্ত ন্যূনতম প্রয়োজনভিত্তিক কর্মসূচি এবং সেই সঙ্গে কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মপ্রকল্পের মাধ্যমে এই কর্মসূচির জন্য অর্থসংস্থান করা হচ্ছে।

এম. এন. পির. অধীনস্থ কর্মপ্রকল্পগুলির মধ্যে রয়েছে নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প এবং নির্মীয়মাণ জল-উৎসসহ গ্রামীণ জল সরবরাহ কর্মপ্রকল্পসমূহ।

রাষ্ট্রসংঘ আন্তর্জাতিক পানীয় জল সরবরাহ এবং অনাময় দশক ( ১৯৮১-৯০ )-এর সূচনা করেছেন। ১৯৯০ সালের মধ্যে সব মানুষের জন্য বিশুদ্ধ পানীয় জল এবং পর্যাপ্ত অনাময়ের ব্যবস্থা করাই হলো এই দশকের লক্ষ্য। ভারত সরকারের নির্দেশক্রমে, রাজ্য সরকারের জন্য ইতিমধ্যেই এই উদ্দেশ্যে একটি মাস্টার প্ল্যান প্রণয়ণ করা হয়েছে এবং সেটি এখন ভারত সরকারের বিবেচনাধীন। সম্প্রতি যে ঘূর্ণিবাত্যা ও খরায় কিছু জেলা বিধ্বস্ত হয়েছে তাতে বিপুল সংখ্যক মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। বলা বাহুল্য, ক্ষতিগ্রস্ত জনগণের দুর্দশা মোচনের জন্য রাজ্য সরকারকে পর্যাপ্ত জল সরবরাহ ও চিকিৎসার ব্যবস্থা করতে হয়েছে।

**গ্রামাঞ্চলের জন্য নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প ঃ** এরূপ ৯৩টি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এই উদ্দেশ্যে বাজেটে ৪ কোটি টাকা বরাদ্দ আছে। আশা করা যাচ্ছে, এ বছরের মধ্যেই এরকম ২২টি কর্মপ্রকল্পের কাজ শেষ হয়ে যাবে। কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মসূচির (অনুদান হিসাবে ১০০% কেন্দ্রীয় সহায়তাপুষ্ট) অধীনে এ রকম ১১৬টি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এ ধরণের ৪৫টি কর্মপ্রকল্পের কাজ এ বছরের মধ্যেই শেষ হয়ে যেতে পারে। ১৯৭৭ সাল থেকে এ পর্যন্ত, ৮৮৮টি গ্রামের ২৮ লক্ষ মানুষকে পানীয় জল সরবরাহের জন্য এ ধরণের ১৮৬টি কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২৩ কোটি টাকা। এ যাবৎ ১০০টি গ্রামকে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে।

**গ্রামাঞ্চলের জন্য জলের উৎস ঃ** চলতি বছরের ৩ কোটি ৯০ লক্ষ টাকার বাজেট বরাদ্দে ১,৫৯২টি নলকূপ বসানো এবং ৫০১টি কূপ নির্মাণের কাজ অনুমোদন করা হয়েছে। কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মসূচীর অধীনে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও বর্ধমানের শক্ত পাথুরে জমিতে 'রিগ' খনন করে নলকূপ বসানোর কাজ চলছে। ভারত সরকার এ পর্যন্ত এ ধরনের ৫,২৫৮টি নলকূপ বসানোর ব্যাপারে তাঁদের 'টেকনিক্যাল ক্লিয়ারেন্সে'র কথা জানিয়েছেন। এর ফলে ২,৩৭২টি গ্রাম উপকৃত হবে এবং এজন্য আনুমানিক হিসাব মতো খরচ হবে ৩ কোটি ৩১ লক্ষ ৮৬ হাজার টাকা। এই কর্মসূচির কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

**শহরাঞ্চলে জল সরবরাহ কর্মপ্রকল্প ঃ** চলতি আর্থিক বছরে আনুমানিক ৯ কোটি ২৪ লক্ষ ৪৭ হাজার টাকা ব্যয়ে শহরাঞ্চলে জল সরবরাহের ২৮টি কর্মপ্রকল্পের কাজ চলছে। আশা করা যাচ্ছে, এ বছরের মধ্যেই এ ধরনের ৩টি কর্মপ্রকল্পের কাজ শেষ হয়ে যাবে। রাজ্য সরকার জীবনবীমা কর্পোরেশনের কাছ থেকে ঋণ-সহায়তা নিয়ে শহরাঞ্চলে জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়ণের প্রস্তাব গ্রহণ করেছেন। আসানসোল, ঘাটাল, বিষ্ণুপুর, গোবরডাঙ্গা ও জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যাল জল সরবরাহ প্রকল্পের জন্য এ পর্যন্ত মোট ১ কোটি ২৭ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। জীবন-বীমা কর্পোরেশনের কাছ থেকে ঋণ নিয়ে মেদিনীপুর, জঙ্গীপুর, তমলুক, হাবড়া, অশোকনগর, শিলিগুড়ি, কালিম্পং, দার্জিলিং প্রভৃতি জায়গায় আরও কর্মপ্রকল্পের কাজ হাতে নেওয়া সম্পর্কেও একটি প্রস্তাব রয়েছে।

**হলদিয়া জল সরবরাহ কর্মপ্রকল্প ঃ** আনুমানিক ১৫ কোটি টাকা ব্যয়ে হলদিয়া শিল-তালুকের জন্য একটি জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এর জন্য চলতি বছরের বাজেটে ২ কোটি টাকা বরাদ্দ আছে। নলকূপ বসানোর কাজ এবং নলকূপ থেকে 'রেইজিং মেনস্' পত্তনের কাজ চলছে।

**রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ কর্মপ্রকল্প ঃ** আনুমানিক ১১ কোটি ৯২ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়ে রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ কর্মপ্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ রূপায়িত করা হচ্ছে। এর জন্য বাজেটে ১ কোটি টাকা বরাদ্দ আছে। পরিষ্কার জল ধরে রাখার জন্য জলাধার, সীমানা-প্রাচীর ইত্যাদি নির্মাণের কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে। এই কর্মপ্রকল্পের মাধ্যমে ১২৪টি গ্রাম এবং ১৪৩টি কয়লাখনি উপকৃত হবে।

**অনাময় ব্যবস্থা ঃ** মিরিক পর্যটন প্রকল্পের উন্নয়নের জন্য, আনুমানিক হিসাব মতো ৭ লক্ষ ৯৭ হাজার ২৬০ টাকা ব্যয়ে একটি পয়ঃপ্রণালী ও জলনিষ্কাশন কর্মপ্রকল্প রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছিল। ঐ কাজ এখনও চলছে। রানাঘাট মিউ-নিসিপ্যালিটিতে খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করার একটি কর্মপ্রকল্পের কাজও এগিয়ে চলেছে। আনুমানিক ১ লক্ষ ৩৫ হাজার ৩১৫ টাকা ব্যয়ে বর্ধমান জেলার অণ্ডালে একটি জলনিষ্কাশন কর্মপ্রকল্পের কাজেরও অগ্রগতি অব্যাহত।

**ঘূর্ণিবাত্যা ও খরা**

**খরা ঃ** এ বছর অভূতপূর্ব খরার দরুণ বিভিন্ন জেলা থেকে অবিলম্বে খরাত্রাণ ব্যবস্থার জন্য অসংখ্য আবেদন স্বাস্থ্য বিভাগে এসেছিল। সংশ্লিষ্ট খাতে বরাদ্দের পরিমাণ ছিল অতি সামান্য—মাত্র ১ লক্ষ ৪৫ হাজার টাকা। এই পরিমাণকে এ পর্যন্ত বাড়িয়ে ১ কোটি টাকারও বেশি করা হয়েছে। খরাকবলিত অঞ্চলে নলকূপ বসানো, নলকূপ নূতন করে বসানো, তাদের মেরামত-এর মাধ্যমে পানীয় জল সরবরাহ এবং ট্রাক-বাহিত ট্যাঙ্কের সাহায্যে পানীয় জল সরবরাহের জন্য ব্যয়ের উদ্দেশ্যে যে অর্থ মঞ্জুর করা হয়েছে তার জেলাওয়ারি হিসাব হিসাব হলো ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | পশ্চিম দিনাজপুর | ... | ১২,৯৫,০০০ | টাকা |
| ২। | পুরুলিয়া | ... | ১২,৫১,৫০০ | " |
| ৩। | বাঁকুড়া | ... | ১৫,৩০,২৪৮ | " |
| ৪। | মেদিনীপুর | ... | ১১,৯৫,৬৫০ | " |
| ৫। | বীরভূম | ... | ১৮,৩৯,০৫৮ | " |
| ৬। | বর্ধমান | ... | ২৩,৩২,৫০০ | " |
| ৭। | হুগলী | ... | ১,৫০,০০০ | " |
| ৮। | হাওড়া | ... | ৫,০০,০০০ | " |
| ৯। | নদীয়া | ... | ৫০,০০০ | " |
| ১০। | মালদহ | ... | ১০,০০০ | " |
| ১১। | মুর্শিদাবাদ | ... | ১,০০,০০০ | " |
| | | | ১,০৩,৩৩,৯৫৬ | টাকা |

**ঘূর্ণিবাত্যা ঃ** বিগত আর্থিক বছরে ভারত সরকার ২৪ পরগণা জেলার ঘূর্ণিবাত্যা-বিধ্বস্ত অঞ্চলে পানীয় জল সরবরাহ ব্যবস্থাকে পুনরায় চালু করার জন্য মোট ২ কোটি ২২ লক্ষ টাকা ব্যয় অনুমোদন করেছিলেন। এই সঙ্গে, স্বাস্থ্য বিভাগ ২৪ পরগণা জেলার ঘূর্ণিবাত্যা-বিধ্বস্ত ১৫টি ব্লকে ১০০০টি নলকূপ বসানো, ১৫টি বড় মাপের নলকূপ বসানো, ২টি নলকূপ নূতন করে বসানো, লবণাক্ত ও দূষিত জল বের করে দেওয়া এবং নলকূপগুলির রক্ষণাবেক্ষণের জন্য মোট ২ কোটি ২৬ লক্ষ ১৭ হাজার ৪৬২ টাকা ব্যয় মঞ্জুর করেছিলেন।

স্বাস্থ্য বিভাগ ৩২০টি পরিত্যক্ত নলকূপ নূতন করে বসানো, ১৪টি বড় মাপের নলকূপ বসানো, পাম্প হাউস নির্মাণ ইত্যাদির জন্য এ পর্যন্ত ১ কোটি ৬ লক্ষ ৪০ হাজার

টাকা ব্যয় মঞ্জুর করেছেন। চলতি বছরে এই খাতে বাজেট বরাদ্দ আছে ১ কোটি ৯৬ লক্ষ টাকা।

## জনস্বাস্থ্য

### সংক্রামক রোগ নিয়ন্ত্রণ

**ম্যালেরিয়া ঃ** ম্যালেরিয়া নির্মূলীকরণের জন্য ভারত সরকারের নির্দেশে এই রাজ্যে ১৯৭৭-৭৮ সালে একটি সংপরিবর্তিত পরিকল্পনার কাজ চালু করা হয়েছিল। যেসব অঞ্চলে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব বেশি সেইসব অঞ্চলে মশা মারার তেল ছড়ানোর ব্যবস্থা করে এবং যথোপযুক্ত চিকিৎসার জন্য বাড়ি বাড়ি গিয়ে ম্যালেরিয়া রোগীদের খুঁজে বের করে ও হাসপাতাল পরিদর্শন করে ম্যালেরিয়া রোগকে যথার্থই নিয়ন্ত্রণে আনা এবং ঐ রোগজনিত মৃত্যুকে প্রতিহত করাই ঐ সংপরিবর্তিত পরিকল্পনার লক্ষ্য।

সংপরিবর্তিত নির্মূলীকরণ পরিকল্পনার কর্মসূচির মধ্যে রয়েছে—

(১) যেসব অঞ্চলে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব বেশি সেইসব অঞ্চলে মশা মারার তেল ছড়ানো।

(২) সক্রিয় ও নিস্ক্রিয় রোগ নির্ণয় এবং সব ধরনের জ্বরের ক্ষেত্রে অনুমান-ভিত্তিক চিকিৎসা।

(৩) 'প্যারাসাইট পজিটিভ' রোগের আমূল চিকিৎসা।

(৪) মহামারীর কারণ অনুসন্ধান ও পরবর্তী কার্যপন্থা।

(৫) ম্যালেরিয়া রোগে ভোগা ও ঐ রোগজনিত মৃত্যুকে প্রতিহত করার জন্য দূরবর্তী ও দুর্গম এলাকাগুলিতে ওষুধ বিতরণ কেন্দ্র এবং জ্বর চিকিৎসা ডিপো (পঞ্চায়েত ও স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত) স্থাপনের মাধ্যমে জনসাধারণের অংশগ্রহণ।

এই বছরে এপ্রিল মাসের শেষাশেষি জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। জুলাই মাসের শেষে জানা যায়, এই জেলায় মোট ৪,৬৩৯ জন লোক এই রোগে আক্রান্ত হয়েছেন। এর মধ্যে ১,২৩১টি পি. এফ. কেস আর মৃত্যু ঘটে ১১৯ জনের। সকল ক্ষেত্রে কিন্তু ম্যালেরিয়া মৃত্যুর কারণ নয়। প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া হয়েছিল। গোটা জেলাতেই মশা মারার তেল ছড়ানোর ব্যবস্থা হয়েছে। মশা মারার তেল ছড়ানোর জন্য ৯৭টি দলকে দায়িত্বভার অর্পণ করা হয়েছে। আরও ২০টি দলকে অনুমোদন দেওয়া হয়েছে। তদারকি ব্যবস্থা জোরদার করা হয়েছে। পরিস্থিতি মোকাবিলা করার জন্য জেলা সদর এবং যেসব জেলায় রোগ ছড়িয়ে পড়ে নি সেইসব জেলা থেকে তত্ত্বাবধায়ক কর্মিবর্গ ও বীক্ষণাগার-কুশলীদের পাঠানো হচ্ছে। এই রোগের বিরুদ্ধে অভিযানের অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন করার জন্য পঞ্চায়েত ও চা সমিতির প্রতিনিধি এবং সরকারী অফিসারদের নিয়ে জেলা-স্তরে ও ব্লকস্তরে কমিটি গঠন করা হয়েছে।

ম্যালেরিয়া নির্মূলীকরণ কর্মসূচির জন্য রাজ্য যোজনায় ১ কোটি ১৮ লক্ষ টাকা এবং কেন্দ্র প্রবর্তিত কর্মবিভাগের ঐ একই পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে।

**ফাইলেরিয়া ঃ** ফাইলেরিয়া পশ্চিবঙ্গের স্থানীয় রোগ। ১৩.২৭ মিলিয়ন লোক রোগ-প্রবণ এলাকায় বাস করেন। এর মধ্যে ১১.১৭ মিলিয়ন লোক থাকেন ১০টি

মিউনিসিপ্যাল শহরে ( সিউড়ি, বোলপুর, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, কাঁথি, দুর্গাপুর, বজবজ' ইংলিশ বাজার ও বহরমপুর )। এই এলাকাগুলি জাতীয় ফাইলেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় রয়েছে।

শহরাঞ্চলে ফাইলেরিয়া নিয়ন্ত্রণের জন্য ১০টি নিয়ন্ত্রণ ইউনিট, ৪টি সার্ভে ইউনিট এবং ১টি ক্লিনিক কাজ করে যাচ্ছে। ফাইলেরিয়া নির্মূলীকরণই এগুলির উদ্দেশ্য।

১৯৮১ সালে ৩১,৮৮০ জন ব্যক্তিকে পরীক্ষা করা হয়েছে। ১২,৩০৬ জনের বাড স্মীয়ার সংগ্রহ করা হয়েছে। ১০,৫৮৩ জন ব্যক্তিকে 'ক্লিনিক্যাল ফাইলেরিয়ার' জন্য 'পজিটিভ' বলে দেখা গেছে। ২১৪ জন ব্যাক্তিকে মাইক্রোফাইলেরিয়ার বাহক হিসাবে চিহ্নিত করা হয়েছে।

১৯৮২-৮৩ সালে আরও দুটি ফাইলেরিয়া ক্লিনিক স্থাপনের কর্মসূচি রয়েছে।

এই কর্মপ্রকল্প কেন্দ্র প্রবর্তিত একটি কর্মপ্রকল্প রূপেই অব্যাহত থাকবে এবং এর ব্যায়ভারের ৫০ শতাংশ বহন করবেন কেন্দ্রীয় সরকার এবং বাকি ৫০ শতাংশ রাজ্য সরকার।

ফাইলেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচির জন্য রাজ্য যোজনায় ২ লক্ষ ৫০ হাজার টাকা এবং কেন্দ্র-প্রবর্তিত কর্মবিভাগে সমপরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে।

**কুষ্ঠ ঃ** এই রাজ্যের মোট ৫,৪৪,৮৫,৫৬০ জনসংখ্যার ( ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী ) ৭০ শতাংশকে বিভিন্ন যোজনাকালে স্থাপিত বিভিন্ন ধরনের কুষ্ঠ ইউনিট, যথা, এস. ই. টি. (গবেষণা, শিক্ষা ও চিকিৎসা) সেণ্টার, কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট, শহরাঞ্চলের কুষ্ঠ-চিকিৎসা কেন্দ্র ইত্যাদির আওতায় আনা হয়েছে। বাঁকুড়া, বীরভূম ও পুরুলিয়া—এই যে তিনটি জেলায় কুষ্ঠ রোগের প্রাদুর্ভাব বেশি সেই তিনটি জেলাকে পুরোপুরিভাবে কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিটের আওতায় আনা হয়েছে। অন্যান্য জেলাকেও আংশিকভাবে এর আওতাভুক্ত করা হয়েছে। ২০০০ সালের মধ্যে কুষ্ঠ রোগ নির্মূলীকরণের উদ্দেশ্যে আরও কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট স্থাপনের প্রস্তাবটি ভারত সরকারের অনুমোদন নিয়ে চূড়ান্ত করা হচ্ছে। কারণ, কেন্দ্র-পবর্তিত "জাতীয় কুষ্ঠ নিয়ন্ত্রণ কর্মসূচি"-র অধীনে কুষ্ঠ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের সম্পূর্ণ ব্যয়ভারই বহন করে থাকেন ভারত সরকার।

এছাড়াও, ভারত সরকারের সহযোগিতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং এস. টি. ডি.এ (সুইডিশ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা) কুষ্ঠ রোগসংক্রমণের ধারাকে রোধ করা, এই রোগকে দ্রুত নিয়ন্ত্রণে আনা এবং এই রোগ নির্মূলীকরণের ব্যাপারে অগ্রগতি ঘটানোর উদ্দেশ্যে "মাল্টি-ড্রাগ রেজিমেন প্রজেক্ট" নামে একটি বিশেষ প্রকল্প পুরুলিয়া জেলায় চালু করেছেন।

১৯৮১-৮২ সালে কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণের ব্যাপারে যে সমস্ত কাজ করা হয়েছে এবার তা উল্লেখ করা হচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| (১) | সমীক্ষা করা হয়েছে | ... | ৭,১৩,৩৭১ জনের |
| (২) | পরীক্ষা করা হয়েছে | ... | ৮,৪৪,১৭৩ জনের |
| (৩) | রোগী খুঁজে বের করা হয়েছে ও নথীভুক্ত হয়েছে | | ১৭,৭৬৯ জনকে |
| (৪) | যাদের দেহে রোগের প্রসার রোধ করা হয়েছে | | ১,৬৫৭ জনের |
| (৫) | মৃত্যু | ... | ১,৬২৭ জনের |

**কলেরা :** বর্তমানে, এই রোগের প্রাদুর্ভাব বেশি এমন ৮০টি ব্লকে ৫টি কলেরা প্রতিরোধবাহিনী কাজ করছেন। এই বাহিনী নিয়মিত জনস্বাস্থ্য কর্মিবর্গের সহায়তায় টিকাদান, জলে ক্লোরিন মেশানো, রোগীদের পৃথকীকরণ ও চিকিৎসা, মলের নমুনা পরীক্ষা ইত্যাদি কাজে নিয়োজিত আছেন। ১৯৮২-৮৩ সালে আরও ৮০টি ব্লকে এই কর্মসূচি প্রসারিত করার প্রস্তাব রাখা হয়েছে।

বিগত দু'বছরে কতগুলি কলেরা/গ্যাসট্রো-এন্‌ট্রাইটিস রোগের আক্রমন এবং এই রোগে মৃত্যুর একটি হিসাব দেওয়া হলো।

| | ১৯৮০-৮১ | | ১৯৮১-৮২ | |
|---|---|---|---|---|
| | আক্রমণ | মৃত্যু | আক্রমণ | মৃত্যু |
| (১) কলেরা | ২২১ | ৫ | ২৮০ | ১ |
| (২) গ্যাসট্রো-এনট্রাইটিস্ | ৪,০৭৬ | ৬২৬ | ৩,৪৩৪ | ৩৩৮ |

**যক্ষ্মা :** এই রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন যক্ষ্মা হাসপাতাল, জেলা যক্ষ্মা কেন্দ্র, চেস্ট ক্লিনিক — তথা ডমিসিলিয়ারি ইউনিট ইত্যাদিতে অন্তর্বিভাগীয় ও বহির্বিভাগীয় — এই উভয় প্রকার চিকিৎসার যেসব সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে এবার তার উল্লেখ করছি।

**চেস্ট ক্লিনিক-তথা-ডমিসিলিয়ারি ইউনিট :** সমস্ত জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতেই চেস্ট ক্লিনিক খোলা হয়েছে। সরকার ২৪ পরগণা জেলার ক্যানিংয়ে ১টি ও বারুইপুর হাসপাতালে ১টি, মোট ২টি চেস্ট ক্লিনিক খোলার অনুমোদন দিয়েছেন। ১৯৮২-৮৩ সালে এ ধরণের আরও ৩টি ক্লিনিক খোলার প্রস্তাব করা হয়েছে। এই ক্লিনিকগুলি যেসব প্রতিষ্ঠানে খোলা হবে সেগুলি হলো :

(১) হুগলী জেলার উত্তরপাড়া সরকারী হাসপাতালে ১টি।

(২) মালদহ জেলার চাঁচলে ১টি ও হরিশ্চন্দ্রপুরে ১টি।

**জেলা যক্ষ্মাকেন্দ্র :** জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির অধীনে এ-রাজ্যে কলকাতা সমেত প্রতিটি জেলায় একটি করে মোট ১৬টি জেলা যক্ষ্মাকেন্দ্র কাজ করে চলেছে। ২৪ পরগণা, মেদিনীপুর ও কলকাতার মতো বড় বড় জেলাগুলিতে ভারত সরকারের সহায়তায় অতিরিক্ত জেলা যক্ষ্মাকেন্দ্র স্থাপনের প্রস্তাবটি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

**যক্ষ্মারোগীদের শয্যা :** সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহ নিয়ে বর্তমানে এই রাজ্যে ৫,৯৪৮টি শয্যা রয়েছে। তাছাড়া রাজ্যের স্বাস্থ্য বিভাগ বিহারের রাঁচী রামকৃষ্ণ মিশনে ১৩০টি শয্যার দায়দায়িত্ব বহন করছেন।

**বি. সি. জি. টিকা :** রোগ নিবারণের জন্য অন্যান্য জনস্বাস্থ্য কর্মিবৃন্দের সঙ্গে ১৬টি ( ষোলটি ) দলের প্রচারাভিযান বি. সি. জি. টিকা দিয়ে চলেছেন। ১৯৮১ সালে, ৪,৯১,২৮২ জন ব্যক্তিকে বি. সি. জি. টিকা দেওয়া হয়েছে।

**খাদ্যে ভেজাল নিবারণ :**

এই কর্মসূচি অনুসারে ১৯৮১ সালে যেসব কাজ করা হয়েছে তা নিম্নে বর্ণিত হলো :

যে সমস্ত খাদ্যের নমুনা পরীক্ষা করা হয়েছে তার সংখ্যা — ২,৩৪৭

| | | |
|---|---|---|
| যে সমস্ত খাদ্যের নমুনায় ভেজাল পাওয়া গিয়েছে তার সংখ্যা | — | ৩৪২ |
| ভেজালের শতকরা হিসাব | — | ১৪.৫৭% |
| মামলা রুজু করা হয়েছে ( আগেকার মামলাসহ) | — | ৬২৫ |
| দণ্ডিত ব্যক্তির সংখ্যা | — | ১২২ |
| জেলে আটক ব্যক্তির সংখ্যা | — | ২৫ |
| বিচারে খালাস হয়েছে এমন ব্যক্তির সংখ্যা | — | ২৫০ |
| জরিমানা আদায়ের পরিমাণ | — | ৪৫,০৬৯ টাকা |

খাদ্যে ভেজাল প্রতিরোধ করার জন্য ও জনস্বাস্থ্য ( খাদ্য ) ল্যাবরেটরিগুলিতে সাজ-সরঞ্জামের ব্যবস্থা করার জন্য যে দুটি আঞ্চলিক কমিদল অনুমোদিত হওয়ার সম্ভাবনা রয়েছে সেগুলির রক্ষণাবেক্ষণের জন্য ১৯৮২-৮৩ সালের বাজেটে অর্থসংস্থান করা হয়েছে।

**ভেষজ নিয়ন্ত্রণ ঃ** বাজারে যেসব ওষুধ ও প্রসাধন দ্রব্য চলে সেগুলি যে নিরাপদ ও কার্যকর সেই ভরসা দিয়ে জনসাধারণের স্বার্থরক্ষা করাই হল ভেষজ নিয়ন্ত্রণ অধিকারের প্রাথমিক কাজ। এছাড়া, সম্প্রতি ভেষজ নিয়ন্ত্রণ অধিকার ভেষজশিল্পের উন্নয়নসাধনে এক সক্রিয় ভূমিকা নিয়েছে। সিদ্ধাসমেত আয়ুর্বেদীয় ও ইউনানী চিকিৎসা-পদ্ধতিও রাজ্যের 'ঔষধ ও প্রসাধনী' আইনের আওতায় আনা হয়েছে। ভেজাল ওষুধের ব্যবসা দমন করার জন্য নিবারণমূলক ব্যবস্থা নিয়ে ক্রেতাসাধারণের স্বার্থরক্ষা ও সেইসঙ্গে ভেষজশিল্পের প্রসার ও উন্নয়ন যাতে গোটা পশ্চিমবঙ্গে জড়িয়ে দেওয়া যায় সেজন্য শিলিগুড়ি, বহরমপুর, বর্ধমান এবং বাঁকুড়ায় ইতিমধ্যেই চারটি আঞ্চলিক ডিভিশন অফিস খোলা হয়েছে। মহকুমা স্তর অবধি পরিদর্শকবাহিনীর কর্মকাণ্ড প্রসারিত করে এই অধিকারকে আরও শক্তিশালী করার জন্য যে কর্মপ্রকল্পটি নেওয়া হয়েছে সেটি শীঘ্রই রূপায়িত হতে চলেছে।

বাজারে যেসব ঔষধ পাওয়া যাচ্ছে তার উৎকর্ষ সম্বন্ধে সুনিশ্চিত হওয়া দরকার বলে রাজ্য সরকার মনে করেন। তাহলেই জনসাধারণ আস্থাভরে খোলাবাজার থেকে ঔষধ কিনবেন। ঔষধের গুণমান সম্পর্কে জনসাধারণকে ভরসা দেওয়া ও গুণাগুণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে আরও ভাল ও সুষ্ঠুভাবে চালানোর জন্য যে তিনটি খাদ্য ও পানীয়, ব্যাকটেরিওলজি ও ঔষধের ল্যাবরেটরিকে 'সেণ্ট্রাল পাবলিক হেলথ অ্যাণ্ড ড্রাগস্ ল্যাবরেটরি' নাম দিয়ে রাজ্য সরকার একত্রিত করেছেন সেগুলি এতদিন পৃথকভাবে কাজ করছিল। আর ঔষধের নিয়ন্ত্রণ ব্যবস্থাকে সরলীকৃত করার জন্য উক্ত ল্যাবরে-টরির ঔষধ বিভাগের প্রশাসন পশ্চিমবঙ্গের ভেষজ নিয়ন্ত্রণ অধিকারের উপর ন্যস্ত করা হয়েছে। এই ল্যাবরেটরিকে সম্প্রসারিত করা হয়েছে। বাজারে চলতি ঔষধের উপর কড়া নজর রাখা, ঘন ঘন নমুনা পরীক্ষা ও অভিযান চালানো—এ সবই রাজ্যে ভেষজের মানোন্নয়নের ইঙ্গিত দিয়েছে।

ভেষজ নিয়ন্ত্রণ প্রশাসনের কর্মকাণ্ডের আওতায় সমগ্র রাজ্যের প্রান্তস্থ এলাকায় যাতে কাজ শুরু করা সেজন্য ১৯৮২-৮৩ সালে পরিদর্শন অধিকারের আধিকারিকদের নিয়ে জেলা অধিকারসমূহ স্থাপন করার কথা ভাবা হচ্ছে। ১৯৭৭ থেকে ১৯৮২ ('৮২ সালের জুলাই মাস অবধি ) সাল পর্যন্ত গত পাঁচ বছরে 'ঔষধ ও প্রসাধনী আইন' ও

নিয়মাবলী লঙ্ঘন করার জন্য যে সাতটি মামলা চলেছিল তাতে অভিযোগ প্রমাণিত হওয়ার ফলে দণ্ডদান করা হয়েছে। বর্তমানে ৫৫টি মামলা বিচারাধীন রয়েছে। এই সময়েই অনুজ্ঞাপত্রের শর্তাবলী লঙ্ঘন করার জন্য প্রস্তুতকারকদের ৬টি অনুজ্ঞাপত্র এবং বিক্রেতাদের ৮টি অনুজ্ঞাপত্র বাতিল করা হয়েছে।

নানার্থসাধক কর্মিদের প্রশিক্ষণ ও স্বাস্থ্য নির্দেশিকা কর্মপ্রকল্প (সমাজ-স্বাস্থ্য স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ ) ঃ

উচ্চমহলে স্থিরীকৃত হওয়ার পর বেশির ভাগ জনস্বাস্থ্য ও পরিবার-কল্যাণমূলক কর্মসূচিই নীচুস্তরে কাজের সমন্বয় ও সংহতি ছাড়া রূপায়িত হচ্ছে। এর ফলে, একই কাজ দুবার ধরে বা বহুবার ধরে হয় এবং তাতে কোন উপকারই হয় না। আরও ব্যয়-সঙ্কোচক ও আবশ্যকীয় বলে যেটির কথা ভাবা হয়েছিল তা হল স্বাস্থ্য, পরিবার-কল্যাণ এবং পরিপুষ্টি কৃত্যকগুলির মধ্যে যথাযথ সংহতিসাধন। সমাজের সর্বক্ষেত্রের মানুষের জন্য দক্ষ সেবার ব্যবস্থা করার জন্য বর্তমান একার্থসাধক কর্মিকুল ও অবেক্ষকগণ যাতে নানার্থসাধক এক প্রকল্পের আওতায় এসে সুষ্ঠুভাবে কাজ করতে সমর্থ হন সেজন্য তাঁদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়ার কথা আবশ্যক বলে মনে করা হয়েছিল। প্রশিক্ষণের শেষে এইসব কর্মী—যাঁদের উপর সুসংহত কাজের ভার ন্যস্ত হল তাঁরা গ্রামের মানুষের সঙ্গে আরও নিবিড়ভাবে মিলিত হবেন। ১৯৮২-৮৩ সালে রাজ্য যোজনায় নানার্থসাধক কর্মিকুল ও সমাজ-স্বাস্থ্য স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণের জন্য মোট ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আর কেন্দ্র-প্রবর্তিত কর্মবিভাগেও মোট ৩ কোটি ২০ লক্ষ টাকার আর একটি বরাদ্দ রাখা হয়েছে।

১৯৮১ সাল থেকে এই রাজ্যের সব কটি জেলাকে নানার্থসাধক স্বাস্থ্যকর্মী কর্ম প্রকল্পের আওতায় নিয়ে আসা হয়েছে।

প্রাথমিক স্তরের কর্মী ও তার সঙ্গে সি. এইচ. ডি. প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশিক্ষণ ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়ার কাজ এগিয়ে চলেছে। নানার্থসাধক স্বাস্থ্যকর্মী কর্মসূচির অধীনে এ পর্যন্ত ৩১৭ জন চিকিৎসা আধিকারিক ( চিকিৎসক ), ৪৪১ জন সমাজ-কল্যাণ আধিকারিক, ১,৮৫১ জন স্বাস্থ্য-পরিদর্শক এবং ১০,০৮২ জন স্বাস্থ্যকর্মীর প্রশিক্ষণের কাজ সম্পূর্ণ হয়েছে।

নানার্থসাধক স্বাস্থ্যকর্মীদের ( নারী ) প্রশিক্ষণ দেওয়ার জন্য ২৬টি প্রশিক্ষণ কেন্দ্র ( ২টি বেসরকারী কেন্দ্র সমেত ) খোলা হয়েছে। এই কেন্দ্রগুলিতে ১,৫০০-র কাছাকাছি যে সব মহিলা শিক্ষার্থীদের বর্তমানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তাঁরা ১৯৮২ সালের ডিসেম্বর মাসে শিক্ষান্তে বেরিয়ে আসবেন। এ ছাড়া, জলপাইগুড়ি, কল্যাণী ও কলকাতার বৌবাজারে অবস্থিত ৩টি স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীদের অবেক্ষামূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

গ্রামের মানুষকে সুষ্ঠুভাবে প্রাথমিক স্বাস্থ্যরক্ষার সুবিধাদি দেওয়ার জন্য জনসাধারণের অংশগ্রহণ এবং সরাসরি যোগাযোগ আবশ্যক বলে গণ্য করা হয়েছিল। আর তা মনে রেখেই ১৯৭৭ সালের অক্টোবর মাসে এ রাজ্যে শুরুতে প্রতি জেলায় ১টি করে ১৫টি নির্বাচিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খুলে সমাজ-স্বাস্থ্য স্বেচ্ছাসেবক কর্মপ্রকল্পটির

সূচনা করা হয়েছিল। রাজ্যের ৩৩৫টি বুকের সব কটিতেই বর্তমানে এই কর্মপ্রকল্পটি সম্প্রসারিত করা হয়েছে।

১৯৮২-র মার্চ মাসের শেষ নাগাদ ২১,৯৩১ জন সমাজ-স্বাস্থ্য স্বেচ্ছাসেবককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং এ ক্ষেত্রে তাঁরা কাজ করে যাচ্ছেন। ১৯৮২-৮৩ সালে আরও ১৫,০০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে বলে আশা করা যায়।

**নানার্থসাধক পুরুষকর্মী-প্রশিক্ষণ বিদ্যালয়সমূহ ঃ** বর্তমানে কল্যাণী এবং জলপাইগুড়িতে যে আঞ্চলিক স্বাস্থ্য ও এফ. ডবলিউ. প্রশিক্ষণ কেন্দ্রগুলি রয়েছে সেগুলিকে এই বছর নানার্থসাধক পুরুষকর্মী-প্রশিক্ষণ বিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাব হয়েছে।

**পশ্চিমবঙ্গে প্রসূতি ও শিশুস্বাস্থ্য কর্মসূচি ঃ** প্রসূতি ও শিশু-মৃত্যুর হার যাতে লক্ষ্যণীয়ভাবে হ্রাস পায় সেজন্য বিশেষ করে গ্রামাঞ্চল, উপজাতি-অধ্যুষিত ও অনগ্রসর এলাকায় পরিবার-কল্যাণ ও প্রসূতি, শিশুস্বাস্থ্য কৃত্যকসমূহের উন্নতি সাধনের উপর আরও বেশী গুরুত্ব দেওয়া হয়েছে। ফিল্ড কর্মিগণ গর্ভবতী প্রসূতিদের স্বাস্থ্য পরীক্ষার জন্য ক্লিনিকে নিয়ে আসার প্রয়াস চালিয়ে যাচ্ছেন। ধনুষ্টংকারে আক্রান্ত প্রসূতি ও নবজাতকের মৃত্যু সম্ভাবনা রোধ করার জন্য গর্ভবতী প্রসূতিদের তিনবার করে 'টিটেনাস টক্সয়েড' দেওয়া হচ্ছে। অন্তঃসত্ত্বা মায়েদের অপুষ্টিজনিত রক্তাল্পতা নিবারণ করার জন্য আয়রণ ও ফলিক অ্যাসিড দিয়ে তৈরী ফলিকার ট্যাবলেট দেওয়া হচ্ছে। বিভিন্ন পরিবারে সরেজমিন কর্মীরা যাচ্ছে এবং তাঁদের আস্থাভাজন হয়ে যে সব পরামর্শ দিচ্ছেন তা তাঁরা গ্রহণ করছেন। পুষ্টি, ব্যক্তিস্বাস্থ্য, পরিবেশ শুদ্ধিকরণ, পরিবার ছোট রাখার সুবিধা, বিমুক্তিকরণ, নিজেদের ও সেই সঙ্গে তাঁদের পরিবারের জন্য স্বাস্থ্যসম্মত জীবনযাপন—এ সবের উপর বিশেষ গুরুত্ব দিয়ে পরিবারকে তাঁরা সহায়তা ও সুপরামর্শ দিয়ে থাকেন।

প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দিয়ে গর্ভবতী নারীকে দেখাশোনা করার জন্য প্রতি গ্রামে প্রশিক্ষণপ্রাপ্ত দাই রাখা হবে। সে জন্য বিনা প্রশিক্ষণে যে সব মহিলা ধাত্রীর কাজ চালাচ্ছেন তাঁদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ১৯৮১-৮২ সাল অবধি ১৮,৬৪৬ জন দাইকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ১৯৮২-৮৩ সালে এই লক্ষ্যমাত্রা ৩,০০০-এ ধার্য করা হয়েছে।

ধনুষ্টংকার, ডিফথিরিয়া এবং হুপিং কাশি থেকে শিশুর মৃত্যুর ঘটনা ও তাদের রুগ্নতা হ্রাস করার জন্য ডি পি টি/ডি টি অনাক্রাম্যতাসাধক কর্মসূচির ব্যবস্থা করা হয়েছে। ধনুষ্টংকারে আক্রান্ত প্রসূতি ও নবজাতকের মৃত্যু সম্ভাবনা রোধ করার জন্য 'টিটেনাস টক্সয়েডে'র সাহায্যে গর্ভবতী প্রসূতিদের বিমুক্তীকরণ ব্যবস্থা নেওয়া হয়েছে। মা ও শিশুর অপুষ্টিজনিত রক্তাল্পতা রোধ করার জন্য ফলিফার দেওয়া হচ্ছে এবং ভিটামিন 'এ'-র ঘাটতিজনিত দৃষ্টিহীনতা নিবারণ করার জন্য শিশুদের ভিটামিন 'এ' সমৃদ্ধ তেল দেওয়া হচ্ছে। এই সব রোগবারক কর্মসূচি জোরদার করা হচ্ছে। (প্যারা) এম. সি. এইচ. কর্মসূচিতে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও স্থানীয় সংস্থাগুলির ব্যাপকতর ও জনসাধারণভিত্তিক অংশগ্রহণকে উৎসাহিত করা হচ্ছে। জনজাতি অধ্যুষিত অঞ্চলের মানুষের প্রতি বিশেষ নজর দেওয়া হচ্ছে।

শিশুদের মধ্যে মৃত্যুর হার ও ব্যাধি কমানোর জন্য এই রাজ্যে সুসংহত শিশু-বিকাশ কৃত্যক-কেন্দ্রগুলি কাজ চালিয়ে যাচ্ছে।

এদের প্রতিটির উদ্দেশ্য হল ছয় বৎসর পর্যন্ত শিশু ও ১৫ থেকে ৪৪ বৎসর বয়ঃসীমার মধ্যে অন্তঃসত্বা, পালনকারী মায়েদের ও মহিলাদের জন্য সেবামূলক এক বিশেষ কর্মসূচি ( যেমন পরিপোষক পুষ্টি, বিমুক্তিকরণ ব্যবস্থা, স্বাস্থ্য পরীক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, শিক্ষা এবং বিমূর্ত প্রাক-বিদ্যালয় শিক্ষা ) সুসংহতভাবে প্রবর্তন করা।

**শিশু প্রদর্শনী কর্মসূচী ঃ** প্রতি বছরই রাজ্যে সব কটি পরিবার-কল্যাণ কেন্দ্রের মাধ্যমে শিশু প্রদর্শনী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে শিশুদের লালন-পালনের জন্য যত্ন নেওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে পিতামাতাকে অবহিত করা হয়।

**বিমুক্তিকরণ ব্যবস্থার জন্য বিস্তৃত কর্মসূচি ঃ** ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ডিফথিরিয়া, পোলিওমাইলাইটিস, হুপিং কাশি, যক্ষ্মা, ধনুষ্টংকার, হাম, টাইফয়েড-এর ঘটনা হ্রাস করার উদ্দেশ্যে এবং জেলাগুলির নির্বাচিত কিছু প্রতিষ্ঠানে সেন্টিনেল ইউনিট স্থাপন করে এই সব ব্যাধির উপর সতর্ক দৃষ্টি রাখবার জন্য এ রাজ্যে বিমুক্তিকরণের বিস্তৃত কর্মসূচি রূপায়িত করা হচ্ছে।

ই. পি. আই. লক্ষ্য নিয়ে সজাগ দৃষ্টি রাখার ফলে ১৯৮১-৮২ সালে ব্যাধির চিত্রটি হল নিম্নরূপ ঃ

| | | রোগাক্রমণ | মৃত্যু |
|---|---|---|---|
| ডিফথিরিয়া | — | ৬১৪ | ৩৫ |
| ধনুষ্টংকার | — | ৩১১০ | ১২৬৭ |
| পোলিওমাইলাইটিস | — | ৮৫০ | ১১ |
| প্লার্টুসিস ( হুপিং কাশি ) | — | ১৪১৬ | ১ |
| হাম | — | ৬২৪৬ | ৫২ |
| যক্ষ্মা | — | ৪৬৭৫ | ১৩০ |
| টাইফয়েড | — | ৯৮৫৮ | ৬ |

১৯৮১-৮২ সালে বিমুক্তিকরণ কর্মসূচীতে যে সব মা ও শিশুদের জন্য বিমুক্তি-করণ ব্যবস্থা নেওয়া হয়েছিল তার সংখ্যা নীচে দেওয়া হল ঃ

| | প্রথম মাত্রা | দ্বিতীয় মাত্রা | তৃতীয় মাত্রা | বুস্টার মাত্রা |
|---|---|---|---|---|
| ট্রিপল্ এণ্টিজেন | ৬৪১৩৬২ | ৪২৬৮২৯ | ২৭১৮৬১ | ৪৫৫১০ |
| ডিপথিরিয়া টিটেনাস | | | | |
| প্রাক-বিদ্যালয় শিশু | ৪৯৭০০৮ | ৩৪২৯৫৪ | — | ৭৮৩৫৫ |
| প্রাথমিক বিদ্যালয়ের শিশু | ২৫৯০৬১ | ১৬৪৩৭৩ | — | ২৭৩৩৭ |
| টিটেনাস টক্সয়েড— | | | | |
| গর্ভবতী প্রসূতি | ৬৭১৪১৪ | ৪০৪৬৯৩ | ১৯৯০৫১ | ১৭৯২১ |
| বিদ্যালয়ের শিশু (দশ বছর বয়স পর্যন্ত) | ৩১২০৮ | ১৪৫২১ | — | — |
| বিদ্যালয়ের শিশু (এগার থেকে ষোল বছর পর্যন্ত) | ১৪৫৯৬ | ৬৫৩৬ | — | — |
| বি. সি. জি, | ৩৫৮৫০৬ | — | | — |
| টাইফয়েড এণ্টিজেন | ৪৩৬০৬৮ | ৯১০০১ | | — |
| পোলিও ভ্যাকসিন | ১৪৮০৮৪ | ১১০৯৬১ | ৮৯২৩০ | ১১৪০৭ |

## নিরাময়মূলক ব্যবস্থা

**মিনিমাম নিডস্ প্রোগ্রামের অন্তর্ভুক্ত স্বাস্থ্যকেন্দ্র ও গ্রামীণ হাসপাতাল ঃ** মিনিমাম নিডস্ প্রোগ্রামের আওতায় এ রাজ্যে গ্রামীণ স্বাস্থ্যকৃত্যক কর্মসূচি রূপায়িত হচ্ছে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনায় আমরা ২,৯৫৩টি উপকেন্দ্র, ১৩০টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ১০০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৫০টি সমাজ-স্বাস্থ্যকেন্দ্র/গ্রামীণ হাসপাতাল স্থাপন করার এক লক্ষ্যমাত্রা পরীক্ষামূলকভাবে ধার্য করেছিলাম। ভারত সরকার নির্দেশিত নূতন ব্যবস্থা অনুযায়ী আমরা এখন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে সংশোধিত রীতিনীতি প্রণয়নের জন্য সক্রিয়ভাবে-বিচার বিবেচনা করছি। সংশোধিত যে-সব নীতি অবলম্বণের প্রস্তাব করা হয়েছে তাতে সাধারণভাবে প্রতি ৩০,০০০ জন লোক পিছু এবং পার্বত্য, আদিবাসী অধ্যুষিত এবং কম-বসতিপূর্ণ অঞ্চলে প্রতি ২০,০০০ মানুষ পিছু একটি ছয়-শয্যাবিশিষ্ট সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, প্রতি ব্লকে একটি পি. এইচ. সি. এবং চারটি পি. এইচ, সি.-র জন্য একটি সমাজ-স্বাস্থ্যকেন্দ্র/গ্রামীণ হাসপাতাল স্থাপন করা হবে। তদনুযায়ী উপরে উল্লিখিত ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনায় যে-সব পি. এইচ. সি. স্থাপন করা হবে সেগুলির লক্ষ্যমাত্রাও অনুরূপভাবে সংশোধন করা হবে। প্রতি ব্লকে ১টি করে পি. এইচ. সি.-র ব্যবস্থা হওয়ার সাথে সাথে আর কোনও পি. এইচ. সি. স্থাপন করা যাবে না। ষষ্ঠ যোজনার লক্ষ্যমাত্রানুসারে যতগুলি এস. এইচ. সি. এবং গ্রামীণ হাসপাতাল স্থাপনের ব্যবস্থা করা হয়েছিল তার চেয়েও বেশী সংখ্যক এস. এইচ. সি. এবং গ্রামীণ হাসপাতাল স্থাপন করা হবে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনায় ১০০টি পি. এইচ. সি. স্থাপন করার জন্য যে অর্থবরাদ্দের ব্যবস্থা রাখা হয়েছিল তার থেকে সঞ্চিত অর্থ এগুলি তৈরীর জন্য কাজে লাগানো হবে। ১৯৮১-৮২ সালে ৪টি পি. এইচ. সি. ১২ (বারো)টি এস. এইচ. সি এবং ৪টি সি. এইচ. সি/আর. এইচ. স্থাপন করা হয়েছিল। ১৯৮২-৮৩ সালের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১২টি পি. এইচ. সি. ৪০টি এস. এইচ. সি. এবং ১০টি গ্রামীণ হাসপাতাল তৈরী করা হবে।

**নূতন হাসপাতাল ও হাসপাতালের শয্যা ঃ** ১৯৮১-৮২ সালে ২টি রাষ্ট্রীয় জেনারেল হাসপাতাল খোলা হয়েছে। এর মধ্যে একটি হল ২৪ পরগণা জেলার নৈহাটিতে যার শুরুতে ৩৬টি শয্যা ছিল, ৬৮টি শয্যাবিশিষ্ট অপরটি হল পুরুলিয়া জেলার রঘুনাথপুরে। আদিবাসীদের সুবিধাকল্পে ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালেও ১২০টি শয্যাবিশিষ্ট ২টি নূতন বক খোলা হয়েছিল। এ ছাড়া বর্তমান কিছু হাসপাতালে ৪৬৪টি নূতন শয্যা বৃদ্ধি করে শয্যার সংখ্যা বাড়ানো হয়েছে। তাই ১৯৮১-৮২ সালে বিভিন্ন হাসপাতাল এবং স্বাস্থকেন্দ্রে মোট ৮৩২টি নূতন শয্যা (শহরাঞ্চলে ৬৮৮টি শয্যা ও গ্রামাঞ্চলে ১৪৪টি শয্যা) খোলা হয়েছিল।

চিকিৎসার সুযোগ সম্প্রসারিত করার উদ্দেশ্যে এই যোজনায় যে-সব হাসপাতাল নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছিল সেগুলির কাজ এগিয়ে চলেছে। এগুলি হল কোচবিহার জেলার তুফানগঞ্জ ও মেখলিগঞ্জে নূতন মহকুমা হাসপাতাল, সল্ট লেকের মানিকতলা, বোলপুর, চাকদহ, বীরপাড়া, ভাটিবাড়ী, জঙ্গলপাড়া, দক্ষিণ হাওড়া, হাবড়ার অশোকনগরে রাষ্ট্রীয় জেনারেল হাসপাতাল আর নৈহাটির প্রসূতি হাসপাতাল। তবে এই হাসপাতাল প্রকল্পের কাজ শেষ হতে আরও কিছু সময় লাগবে।

১৯৮২-৮৩-র বার্ষিক যোজনায় অশোকনগর, মাদারিহাট, দক্ষিণ হাওড়া ও ভাটিবাড়ীতে নূতন হাসপাতাল খোলার জন্য এবং বর্তমান হাসপাতালগুলিতে ৪৫০টি নূতন শয্যা খুলে রাজ্যের মোট শয্যাসংখ্যা ১০০০-এর কাছাকাছি ( শহরাঞ্চলে ৬০০, গ্রামাঞ্চলে ৪০০ ) আনার জন্য অর্থবরাদ্দ রাখা হয়েছে।

মোট শয্যাসংখ্যা ঃ ১৯৮১-৮২র শেষে ৫৮৪৮১টি ( শহরাঞ্চলে ৩৯৩১৮, গ্রামাঞ্চলে ১৯১৬৩ ) শয্যার ব্যবস্থা হয়েছিল যাতে প্রতি ৯৩৮ জন লোকপিছু ১টি শয্যা পাওয়া যায়।

লুথেরান ওয়ার্লড সার্ভিস-এর পরিচালনাধীনে পুরুলিয়া জেলার অযোধ্যা হিলসে ১২টি শয্যাবিশিষ্ট যে মেডিক্যাল ইউনিটটি আগে কাজ চালাচ্ছিল সেটি এখন সরকার হাতে নিয়েছেন। হাসপাতালের কৃত্য ছাড়াও এই ইউনিটটি সন্নিহিত অঞ্চলের জনজাতির মানুষের জন্য নির্বাসন-সংক্রান্ত সেবাও করে থাকেন।

'নিরাময়' প্রতিষ্ঠানসমূহ, রামরিকদাস হরলালকা হাসপাতাল, মেয়ো হাসপাতাল এবং উপেন্দ্রনাথ মুখার্জী মেমোরিয়াল হাসপাতাল সরকারী পরিচালনাধীনে নিয়ে আসা হয়েছে। এ ছাড়া, আর যেগুলিকে রাষ্ট্রায়ত্ত করার প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে সেগুলি হল শ্রীরামপুর ও গৌরহাটির যক্ষ্মা হাসপাতাল এবং ২০০-শয্যাবিশিষ্ট লুম্বিনী পার্ক মানসিক হাসপাতাল।

ব্লাড ব্যাঙ্ক ঃ পশ্চিমবঙ্গের রক্তদান ব্যাবস্থা এখন সুসংবদ্ধ। এর মধ্যে মেডিক্যাল কলেজ ও হাসপাতাল প্রাঙ্গণে অবস্থিত কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্কই হল সবচেয়ে বৃহৎ ও প্রাচীন। এটি ছাড়া ৩২টি ব্লাড ব্যাঙ্ক রাজ্যের সর্বত্র ছড়িয়ে রয়েছে। সব জেলা সদরেই ব্লাড ব্যাঙ্ক রয়েছে প্রতিটি জেলা হাসপাতালে। এখন ক্রমশঃ মহকুমা স্তর এবং প্রধান প্রধান শিল্প-শহর যেমন কল্যাণী, হলদিয়া, দুর্গাপুর প্রভৃতি স্থানে ব্লাড ব্যাঙ্ক খোলা হচ্ছে। কোন কোন মহকুমা সদরে ব্লাড ব্যাঙ্ক স্থাপিত হয়েছে, অন্যগুলি হওয়ার অপেক্ষায় আছে।

জনস্বার্থে ও তদারকির সুবিধার জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে অতিরিক্ত কর্মী নিয়ে ও একটি ভ্যান সমেত পূর্ণাঙ্গ ভ্রাম্যমাণ ইউনিট দিয়ে একটি আঞ্চলিক ব্লাড ব্যাঙ্ক খোলা হয়েছে। মর্যাদায় হবে এটি কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক ও প্রান্তিক ব্লাড ব্যাঙ্কের মাঝামাঝি। একই ধরনের আরো দুটি আঞ্চলিক ব্লাড ব্যাঙ্ক খোলার কথা বিবেচনা করা হচ্ছে যার একটি বর্ধমানে ও অপরটি মুর্শিদাবাদে হবে।

পূর্বাঞ্চলের পরিচালনা, সহায়তা ও তত্ত্বাবধানকল্পে কেন্দ্র কলকাতায় একটি আঞ্চলিক ব্লাড ব্যাঙ্ক নির্মাণ করার প্রস্তাব করেছেন। (নয়াদিল্লীতে অবস্থিত ন্যাশনাল ইনস্টিটিউট অফ্ হীমাটোলজি অ্যাণ্ড ব্লাড ট্রান্সফিউশন-এর অধীনে বোম্বাই, মাদ্রাজ, চণ্ডীগড়, কলকাতা ও আমেদাবাদে যে পাঁচটি আঞ্চলিক ব্লাড ব্যাঙ্ক আছে এটি হবে সেগুলির অন্যতম।) ১.৭৫ কোটি টাকা ব্যয়ে পূর্ণ বিবরণ সম্বলিত একটি বিস্তৃত খসড়া ইতিমধ্যেই ভারত সরকারের নিকট পাঠানো হয়েছে।

ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট ঃ গ্রামাঞ্চলে চিকিৎসার সুবিধা দেওয়ার জন্যই ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট তৈরী করা হয়েছে। ১৯৮০-৮১ সালে দুটি ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট মঞ্জুর করা ছাড়াও আরও দুটি ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট মঞ্জুর করা

হয়েছে। এর একটি জলপাইগুড়ি ও অপরটি মেদিনীপুর জেলায়। ১৯৮২-৮৩ সালে দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলসমূহ অর্থাৎ দার্জিলিং, কালিম্পং এবং কার্শিয়াং-এ আরও তিনটি ভ্রাম্যমাণ এক্স-রে ইউনিট স্থাপনের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

**ইনটেনসিভ কেয়ার ইউনিট ঃ** সরকার সিদ্ধান্ত নিয়েছেন ইনটেনসিভ কেয়ার সার্ভিস পর্যায়ক্রমে জেলা সদরে সম্প্রসারিত করতে হবে। ইনটেনসিড কেয়ার ট্রিটমেন্ট-এর সুবিধা এতদিন শুধু কলকাতা মহানগরী অঞ্চলেই দেওয়া হচ্ছিল। ১৯৮১-৮২ সালে ছয়টি জেলা হাসপাতালে ছয়-শয্যাবিশিষ্ট ইনটেনসিভ কেয়ার ইউনিট স্থাপন করা হয়েছে ১৯৮২-৮৩ সালে জেলা হাসপাতালগুলিতে এ ধরণের তিনটি ইউনিট খোলার প্রস্তাব আছে।

**চক্ষুরোগ নিবারণ এবং দৃষ্টিহীনতা নিয়ন্ত্রণ ঃ** চক্ষুরোগ নিবারণ এবং দৃষ্টি-হীনতা নিয়ন্ত্রণের জন্য ভারত সরকার যে জাতীয় কর্মসূচি গ্রহণ করেছেন তার অধীনে ৩ ( তিন ) টি ভ্রাম্যমাণ ইউনিট ইতিমধ্যেই মঞ্জুর করা হয়েছে। ১৯৭৯-৮০ সালের কর্মসূচিতে প্রকৃতপক্ষে ২০ (কুড়ি)টি জনস্বাস্থ্য কেন্দ্র চালু করা হয়েছিল। ঐ ২০টি জনস্বাস্থ্য কেন্দ্রের মধ্যে ১৭টি কেন্দ্রেই চক্ষুরোগ বিশেষজ্ঞ পাঠানো হয়েছে। যে সমস্ত হাসপাতালকে জেলা হাসপাতালে উন্নীত করা হয়েছে তার সবগুলিতেই চক্ষু বিশেষজ্ঞ রাখা হয়েছে। শিলিগুড়িতে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজকে উন্নীত করে চক্ষু বিভাগের জন্য ৭৫টি শয্যা মঞ্জুর করা হয়েছে এবং ৫ জন ফ্যাকাল্টি সদস্য নিয়োগ করা হয়েছে। এই রাজ্যে ১৫টি জেলা রয়েছে। সে জন্য ১৫টি জেলা হাসপাতাল মঞ্জুর করা হয়েছে।

**দন্ত চিকিৎসা-কেন্দ্র ঃ** গ্রাম্য আদিবাসী অঞ্চলগুলিতে ৫টি দন্ত চিকিৎসা কেন্দ্র সমেত বিভিন্ন হাসপাতালের জন্যে ২৫টি নূতন দন্ত চিকিৎসা-কেন্দ্র জনস্বাস্থ্য কেন্দ্রগুলিতে চালু করা হয়েছে। তা ছাড়া টিটেনাস রোগীদের চিকিৎসার জন্য বেলিয়াঘাটার আই. ডি. হাসপাতালে একটি ইনটেনসিভ কেয়ার ইউনিট স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। চিকিৎসাবিদ্যা শিক্ষা দেওয়া হয় এরূপ যেসব হাসপাতাল রয়েছে সেই সব হাসপাতালে চিকিৎসার সুযোগ-সুবিধার উন্নতিকল্পে আধুনিক যন্ত্রপাতি কেনার জন্য ব্যবস্থা ১৯৮২-৮৩ সালের বার্ষিক যোজনাতে করা হয়েছে।

**শিক্ষা ও প্রশিক্ষণ ঃ** চিকিৎসা শিক্ষা ব্যবস্থাকে নূতন করে ঢেলে সাজানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে কর্মসূচি রয়েছে, সেই কর্মসূচির অধীনে মেডিক্যাল কলেজকে সমাজ-স্বাস্থ্য কর্মসূচির আওতায় আনার বিষয়টি বাস্তবায়িত করা হচ্ছে। তিনটি সমাজ-উন্নয়ন ব্লক সাতটি মেডিক্যাল কলেজের প্রত্যেকটির সঙ্গে যুক্ত থাকবে এবং সেই ব্লকগুলি স্বাস্থ্য রক্ষার যাবতীয় দায়িত্ব মেডিক্যাল কলেজ ফ্যাকালটি, জনস্বাস্থ্য এবং অন্যান্য বিভাগের কর্মীদের সহায়তায় যাতে সুষ্ঠুভাবে পালন করতে পারেন সেজন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচির অধীনে আবাসিক ছাত্র ও ছাত্রীদের জন্য বড় শয়নকক্ষবিশিষ্ট একটি ছাত্রাবাস, সেমিনার কক্ষ, পরামর্শদানের জন্য কক্ষ, রান্নাঘর, খাবার জায়গা, বিভিন্ন শ্রেণীর কর্মীদের জন্য আবাসন ইত্যাদির জন্য মোট ১৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। যে সমস্ত নির্মাণের কাজ মঞ্জুর করা হয়েছে তা প্রায় শেষ হতে চলেছে। এই কর্মসূচির অধীনে যে ২১টি ব্লককে আনা হয়েছে তার প্রত্যেকটির সঙ্গে একটি করে যুক্ত করে মোট ২১টি ভ্রাম্যমাণ ক্লিনিকের অনুমোদন দেওয়া

হয়েছে। মেডিক্যাল কাউন্সিল অফ ইণ্ডিয়ার প্রনিয়মাবলী অনুযায়ী মেডিক্যাল কলেজগুলি পরিচালন ব্যবস্থার উন্নতি এবং সেখানকার কর্মিসংখ্যা বাড়ানোর ব্যবস্থা করা হয়েছে। সংশ্লিষ্ট রাজ্য চিকিৎসাবিদ্যা শিক্ষণ সংস্থাগুলিতে যে প্রচুর সংখ্যক পদ বেশ কিছুদিন ধরে খালি রয়েছে তা সরকারের উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। চিকিৎসাবিদ্যা শিক্ষণের স্বার্থে পশ্চিমবঙ্গে যাতে পাবলিক সার্ভিস কমিশন সরাসরি বিজ্ঞাপনের মাধ্যমে বিশেষ নিয়োগ দ্বারা এইসব খালি পদ পুরণ করতে পারেন সেজন্যে ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৮০-৮১ থেকে যে শিক্ষাবর্ষ শুরু হয়েছে তাতে যেসব ছাত্র (যাঁরা পশ্চিমবঙ্গ হেল্‌থ সার্ভিসভুক্ত এবং যাঁরা ঐ সার্ভিসভুক্ত নন) এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, ফরেনসিক এবং স্টেট মেডিসিন, প্রিভেনটিভ এবং সোশাল মেডিসিন, মাইক্রো-বায়োলজি, প্যাথলজি ও ব্যাকটিরিওলজি, বায়োকেমিস্ট্রি এবং অ্যানেসথেসিওলজির মতো কঠিন বিষয় নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পোস্ট-গ্রাজুয়েট ও ডিপ্লোমা শিক্ষাক্রমে ভর্তি হয়েছেন, তাঁদের প্রত্যেককে ৫০০ টাকা করে বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, এইসব বিষয় ছাড়া যাঁরা অপেক্ষাকৃত জনপ্রিয় শিক্ষাক্রম অর্থাৎ মেডিসিন, সার্জারি, অব্‌স্ট্যাট্রিক্স এবং গায়নাকোলজি বিষয়ে ভর্তি হয়েছেন তাঁদের প্রত্যেকের জন্য প্রতি মাসে ৪০০ টাকা করে বৃত্তি মঞ্জুর কর হয়েছে।

**কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স ঃ** কমিউনিটি মেডিক্যাল সার্ভিস শিক্ষাক্রমে প্রশিক্ষণ দেওয়ার জন্য দার্জিলিং, বালুরঘাট, জলপাইগুড়ি, পুরুলিয়া, মেদিনীপুর এবং বহরমপুরে ছয়টি বিদ্যালয় স্থাপনের কাজ চালিয়ে যাওয়া হবে।

**পরিষেবা প্রশিক্ষণ ঃ** জনস্বাস্থ্য বিভাগের পরিষেবিকা / সিস্টার টিউটরদের প্রশিক্ষণের জন্য সিঙ্গুর-এ ১৯৮১-৮২ সালে একটি আঞ্চলিক প্রশিক্ষণ বিদ্যালয় খোলা হয়েছে। এই বিদ্যালয়ে প্রত্যেক শিক্ষাবর্ষে ৩০ জন করে শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হবে। এ. এন. এম.-দের উচ্চতর শিক্ষা দেবার জন্য সিঙ্গুরে ডঃ এইচ. সি. মুখার্জী মেমোরিয়াল হেল্‌থ স্কুলে একটি প্রমোটিদের প্রশিক্ষণ বিদ্যালয় অনুমোদন করা হয়েছে; এই বিদ্যালয়ে প্রত্যেক শিক্ষাবর্ষে ৩০ জন করে শিক্ষার্থী নেওয়া হবে।

১৯৮২-৮৩ সালের যোজনায় জি. এন. এম. পাঠক্রমের জন্য পাঁচটি পরিষেবিকা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার ব্যবস্থা নেওয়া হয়েছে। পাঁচটি জি. এন. এম. প্রশিক্ষণ কেন্দ্রকে বর্ধিত করা, পুরোন পরিষেবিকা প্রশিক্ষণ কেন্দ্রের উন্নতিসাধন করা, পরিষেবা মহাবিদ্যালয়ের প্রশিক্ষণ সংক্রান্ত প্রশাসনিক বিষয়ে পোস্ট-সার্টিফিকেট শিক্ষাক্রম চালু করা, ২৪ পরগণা জেলার হাবড়া এবং হুগলী জেলার সিঙ্গুরের রাধানগর ফীল্ড প্র্যাকটিস এলাকার উন্নয়ন, সম্প্রসারিত প্রশিক্ষণ কর্মসূচিকে পরিচালিত করার জন্য পরিষেবা অধিকারের কর্মিসংখ্যা বাড়ানোর ব্যবস্থাও এই যোজনায় করা হয়েছে। পরিষেবা মহাবিদ্যালয়কে আরও উন্নত করা হবে। খুব শীঘ্রই একটি সংক্ষিপ্ত বি. এস. সি (পরিষেবা) প্রশিক্ষণ শিক্ষাক্রমের প্রবর্তন করা হবে।

**অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচী ঃ** স্বাস্থ্য এবং প্যারা মেডিক্যাল কর্মীদের জন্য যে পুরোন প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে তাকে সম্প্রসারিত করার জন্য ১৯৮২-৮৩ সালের বার্ষিক যোজনায় ব্যবস্থা রাখা হয়েছে।

**চিকিৎসা কর্মীদের জন্য সুযোগ-সুবিধা ঃ** উচ্চতর পদের সংখ্যা বাড়িয়ে চিকিৎসা আধিকারিকদের পদোন্নতির সুযোগ আরো বেশী বৃদ্ধি করা হয়েছে। এজন্য ১.৪.৮১ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে সিলেকশান গ্রেডের সংখ্যা প্রায় তিনগুণ এবং বিশেষ সিলেকশন গ্রেডের সংখ্যা চারগুণ বাড়িয়ে দেওয়া হয়েছে।

চিকিৎসা আধিকারিকদের জন্য নন্-প্র্যাকটিসিং ভাতা মঞ্জুর করার জন্য 'চাকরির মেয়াদ অনুযায়ী নির্দিষ্ট হার'-এর বদলে 'বেতন-ভিত্তিক স্ল্যাব-হার' দেওয়ার সংশোধিত প্রকল্প চালু করা হয়েছে।

স্নাতকোত্তর পর্যায়ের যোগ্যতাবলী অর্জন করেছেন এরূপ সমস্ত চিকিৎসা-আধিকারিকদের জন্য উচ্চতর হারে বিশেষজ্ঞ ভাতা মঞ্জুর করা হয়েছে।

চিকিৎসকদের বদলি এবং নিয়োগের জন্য একটি যুক্তিসংগত নীতি-নির্ধারণ ঘোষণা করা হয়েছে।

শিক্ষকগণ যাতে তাঁদের সম্পূর্ণ সময় চিকিৎসাবিদ্যা শিক্ষণ ও গবেষণার কাজে নিয়োজিত করতে পারেন সেজন্য বহু আলোচিত 'নন্প্র্যাকটিসিং টীচিং স্ট্রীম' চিকিৎসা-বিদ্যা শিক্ষকদের জন্য চালু করা হয়েছে। কোন চিকিৎসাবিদ্যা শিক্ষক যদি তাঁর প্রাইভেট প্র্যাকটিস ছেড়ে দিয়ে শিক্ষণ শিক্ষাক্রমে যোগ দেন তবে তিনি ৯০০ টাকা থেকে ১৩০০ টাকা পর্যন্ত অতিরিক্ত আর্থিক সুবিধা যোগ্যতানুসারে পাবেন।

**আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি ঃ** এই চিকিৎসা পদ্ধতির যেসব সুযোগ-সুবিধা রয়েছে তার উন্নতিসাধন ও বিকাশের জন্য রাজ্যের স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগ ক্রমাগত চেষ্টা চালাচ্ছেন।

**আয়ুর্বেদিক শিক্ষা ঃ** সেণ্ট্রাল কাউন্সিল অব ইণ্ডিয়ান মেডিসিন যে বি. এ. এম. এস. ডিগ্রি শিক্ষাক্রমটি নির্দিষ্ট করেছেন তা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন জে. বি. রায় আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজে চালু করা হয়েছে।

নতুন দিল্লীতে অবস্থিত সেণ্ট্রাল কাউন্সিল অব্ ইণ্ডিয়ান মেডিসিন যে শিক্ষাক্রমটি নির্দিষ্ট করেছেন সেই শিক্ষাক্রমের জন্য জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদিক চিকিৎসা মহাবিদ্যালয়ে যে যে ধরনের কর্মী আছেন সেইসব কর্মীদের সম্প্রতি কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছেন।

আয়ুর্বেদ বিষয়ে আণ্ডার-গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্রাজুয়েট স্তরে শিক্ষাদানের জন্য আয়ুর্বেদ গ্রন্থাদির তীব্র অভাব দূর করার জন্য আয়ুর্বেদ-গ্রন্থ রচনার জন্য জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদিক চিকিৎসা মহাবিদ্যালয়ে তিনটি অবৈতনিক শিক্ষকের পদ অনুমোদন করা হয়েছে। সেই সঙ্গে আয়ুর্বেদশাস্ত্রের পাঠ্যপুস্তকের জন্য একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠ এবং জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদিক চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালে বি. এ. এম. এস-এর প্রাক্-আয়ুর্বেদিক শিক্ষাক্রমের জন্য যে যে ধরনের কর্মী দরকার তাও সরকার অনুমোদন করেছেন।

**আয়ুর্বেদ বিষয়ে ফার্মাসি শিক্ষাক্রম ঃ** বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়ে আয়ুর্বেদিক ফার্মাসি প্রশিক্ষণ কেন্দ্র থেকে পাঁচটি শিক্ষার্থী-ব্যাচ ইতিমধ্যেই সফলতার সঙ্গে শিক্ষাক্রম শেষ করেছেন এবং তাদের অধিকাংশই ইতিমধ্যে রাজ্য আয়ুর্বেদিক

ডিসপেনসারি / এস. এইচ. সি ও রাজ্য আয়ুর্বেদিক হাসপাতালগুলিতে যোগ্যতানুযায়ী নিযুক্ত হয়েছেন।

**আয়ুর্বেদ বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট শিক্ষা ঃ** শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠে আয়ুর্বেদীয় পোস্ট গ্রাজুয়েট প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্রে গবেষকদের তিনটি ব্যাচ কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের এম. ডি. ( আয়ুর্বেদ ) ডিগ্রি লাভ করে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছেন।

পোস্ট-গ্র্যাজুয়েট স্কলারদের বৃত্তি ১ম বর্ষের স্কলারদের জন্য ৪০০ টাকা থেকে বাড়িয়ে ৬০০ টাকা করা হয়েছে এবং ২য় ও ৩য় বর্ষের স্কলারদের জন্য ৭০০ টাকা করা হয়েছে।

**চিকিৎসা ঃ** এ ছাড়াও বিভিন্ন জেলায় গ্রামাঞ্চলে ৪২টি রাজ্য আয়ুর্বেদিক ডিসপেনসারি / এস. এইচ. সি-র কাজ ইতিমধ্যেই চালু করা হয়েছে। এই সময়ের মধ্যে আরও ১২৪টি রাজ্য আয়ুর্বেদিক ডিসপেনসারি অনুমোদন করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের জন-কৃত্যক কমিশন ইতিমধ্যেই ১২৪টি সিনিয়র আয়ুর্বেদিক চিকিৎসা আধিকারিকের পদে প্রার্থী নির্বাচনের জন্য বিজ্ঞাপন দিয়েছেন। আশা করা যায় ঐসব ডিসপেনসারির কাজ খুব শীঘ্রই চালু করা যাবে।

**অন্যান্য ঃ** আয়ুর্বেদের জন্য একটি পৃথক অধিকার ( ডাইরেক্টরেট ) গঠন করা হয়েছে এবং আয়ুর্বেদ অধিকর্তাও নিয়োগ করা হয়েছে।

আয়ুর্বেদ চিকিৎসা বা তৎসংক্রান্ত কাজে যেসব কর্মী নিযুক্ত আছেন তাঁদের জন্য একটি পৃথক ক্যাডার সৃষ্টি করার বিষয় বিবেচনা করা হচ্ছে। একটি রাজ্য আয়ুর্বেদ ফার্মাসি স্থাপন করা হয়েছে এবং আয়ুর্বেদ চিকিৎসার ঔষধ তৈরীর জন্য গাছ-গাছালি লাগানোর উদ্দেশ্যে নদীয়ার কল্যাণীতে একটি বাগানও তৈরী করা হয়েছে। আয়ুর্বেদ ও হোমিওপ্যাথির উন্নয়নের জন্য একটি সুবিন্যস্ত কর্মপ্রকল্পও অনুমোদন করা হয়েছে।

শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠে হাসপাতালের শয্যা-সংখ্যা বাড়ানোর জন্য এবং প্রাক্-আয়ুর্বেদিক শিক্ষাক্রমের জন্য স্থান সংকুলানের উদ্দেশ্যে পুরোণ দোতলা বাড়ীর উপরে আরও একতলা নির্মাণ করা হয়েছে।

**বেসরকারী সংস্থা ঃ** আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতির মাধ্যমে চিকিৎসার ভালো ব্যবস্থা করার জন্য সরকার রাজ্যের বিভিন্ন স্থানে বেসরকারী আয়ুর্বেদিক ডিসপেনসারি-গুলির জন্য অনুদান মঞ্জুর করেছেন।

**১৯৮২-৮৩ সালের জন্য পরিকল্পনা ও কর্মসূচি ঃ**

(১) বিভিন্ন জেলায় ব্লক পর্যায়ে আরও আয়ুর্বেদিক হাসপাতাল স্থাপন করা।

(২) জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদিক চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালকে উন্নত করে হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধি করা এবং নতুন দিল্লীর সি. সি. আই. এম. যেরূপ বিনির্দিষ্ট করেছেন সেরূপ শিক্ষন ব্যবস্থার প্রবর্তন করা।

(৩) মেদিনীপুর জেলার কাঁথিতে যে আয়ুর্বেদ সেবক সংঘ আছে তাকে সরকারের নিয়ন্ত্রণাধীনে নিয়ে এসে তাকে ২০-শয্যাবিশিষ্ট মহকুমা আয়ুর্বেদিক হাসপাতালে রূপান্তরিত করা।

(৪) জেলা ও মহকুমা আয়ুর্বেদিক হাসপাতাল স্থাপন।

(৫) আয়ুর্বেদ অধিকর্তার অধীনে নতুন করণিক ও অন্যান্য পদ সৃষ্টি করা।

**হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতি ঃ** পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ১৮৫টি হোমিওপ্যাথি ঔষধালয় স্থাপিত হয়েছে। এর মধ্যে ৩৫টি রাজ্য হোমিওপ্যাথি ঔষধালয়। ১৫০টি হোমিওপ্যাথি ঔষধালয় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র প্রভৃতির সঙ্গে যুক্ত রয়েছে। এছাড়া ১২০টি হোমিওপ্যাথি ঔষধালয়ের কাজ শীঘ্রই শুরু হবে। ১৯৮২-৮৩ সালের যোজনায় আরও এইরকম ৫০টি ঔষধালয় স্থাপনের ব্যবস্থা করা হয়েছে।

হোমিওপ্যাথি শিক্ষার প্রসারকল্পে হাওড়ার মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথিক কলেজে একটি হাসপাতাল কমপ্লেক্স নির্মাণের জন্য প্রাধিকার অর্পণ করেছেন। তাছাড়া মেদিনীপুর হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটির প্রসার ও উন্নয়নকল্পে প্রয়োজনীয় অতিরিক্ত স্থান সংকুলানের ব্যবস্থা করার জন্য এই সরকারের শিক্ষা বিভাগ থেকে মেদিনীপুরে জুনিয়র টেকনিক্যাল স্কুল ও তৎসংলগ্ন একশ জন ছাত্রের থাকার মত একটি ছাত্রাবাস নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

এই রাজ্যে ১৯০টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক ঔষধালয় চালু আছে। আরও ৩৪৯টি ঐ ধরনের ঔষধালয় স্থাপনের একটি প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। এর মধ্যে অনগ্রসর ও অনুসূচীত জাতি ও অনুসূচীত জনজাতি এলাকায় অগ্রাধিকারের ভিত্তিতে ১৮৫টি নির্বাচিত ঔষধালয়ের কাজ চালু করার অনুমতি দেওয়া হবে। ১৯৮২-৮৩ সালে এই ৩৪৯টি ঔষধালয় ছাড়া অধিকন্তু আরও ১০০টি ঐরূপ ঔষধালয় স্থাপনের কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৪টি বি. এম. এস ও ২টি ডি. এম. এস কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতনবাবদ ও হোমিওপ্যাথিক হাসপাতালগুলির ২৫৭টি শয্যায় রক্ষণাবেক্ষণের জন্য এবং অন্যান্য বেসরকারী সংস্থা কর্তৃক পরিচালিত ঔষধালয় সমেত গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক ঔষধালয়গুলির রক্ষণাবেক্ষণের জন্য অনুদান দেওয়া হচ্ছে।

হোমিওপ্যাথি সম্পর্কে গবেষণার ব্যবস্থা করার জন্য একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। হোমিওপ্যাথি অধিকার অধিকতর শক্তিশালী করা এবং জেলায় জেলায় প্রশাসনিক মৌল কাঠামো গড়ে তোলার বিষয়টিও সরকার বিবেচনা করছেন।

সল্ট লেকে প্রস্তাবিত রাজ্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ কমপ্লেক্স নির্মাণ করা ছাড়াও পোস্ট-গ্র্যাজুয়েট শিক্ষা এবং গবেষণার সুযোগ-সুবিধাসহ একটি ন্যাশনাল ইনস্টিটিউট অব হোমিওপ্যাথি এবং ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল গড়ে তোলার জন্য ভারত সরকারকে অতিরিক্ত ২০ একর জমি দেওয়া হয়েছে।

**ইউনানী ও অন্যবিধ চিকিৎসা পদ্ধতি ঃ** ইউনানী ঔষধালয় স্থাপনের জন্য এবং অনুদান মঞ্জুরীর জন্য এই বাজেটে ব্যবস্থা রাখা হয়েছে।

**পরিবার-কল্যাণ কর্মসূচী ঃ** পরিবার-কল্যাণ কর্মসূচী একটি কেন্দ্রীয় উদ্যোগ। শুরু থেকে এটি রূপায়ণের দায়িত্ব নিয়েছেন রাজ্যসরকার। এই কর্মসূচির জনসংখ্যা-নিয়ন্ত্রণ লক্ষ্য হচ্ছে বর্তমানে জন্মহার প্রতি হাজারে ৩৩ থেকে কমিয়ে ১৯৮২-৮৩ সালে প্রতি হাজারে ৩০-এ নামিয়ে আনা। এই উদ্দেশ্যে বিবাহিত দম্পতিদের ছোট পরিবারের আদর্শে উদবুদ্ধ করবার জন্যে বিভিন্ন গণমাধ্যম ও বহির্বিভাগীয় কর্মচারীদের ব্যক্তিগত

যোগাযোগের মাধ্যমে প্রচার চালানো হচ্ছে। একই সঙ্গে গ্রহণেচ্ছু দম্পতিদের কাছে গ্রাম ও শহরের বিভিন্ন পরিবার-কল্যাণ কেন্দ্রের মাধ্যমে নানা ধরনের সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। এই কর্মসূচিটি মাতৃমঙ্গল ও শিশু-কল্যাণ কর্মসূচির সঙ্গে যুক্ত করা হয়েছে। জনগণের কল্যাণে যেসব স্বাস্থ্যসংক্রান্ত সুযোগ-সুবিধা চালু রয়েছে এটি তার অন্যতম।

১৯৮০-৮১ সালের কর্মসূচির অধীনে পরিবার-কল্যাণ সংক্রান্ত যে কাজ হয়েছে এবং সেই সঙ্গে ১৯৮২-৮৩ সালের লক্ষ্য সম্পর্কে বিশদ বিবরণ এখানে দেওয়া হল ঃ

| পদ্ধতি | ১৯৮০-৮১ | | ১৯৮১-৮২ | | ১৯৮২-৮৩ |
|---|---|---|---|---|---|
| | লক্ষ্য | অগ্রগতি | লক্ষ্য | অগ্রগতি | লক্ষ্য |
| নির্বীজকরণ | | | | | |
| ( স্টেরিলাইজেশন ) | | | | | |
| ভ্যাসেকটমি | — | ৮১২৫৫ | — | ৬৬০৫৩ | — |
| টিউবেকটমি | — | ১২৮৬৮৫ | — | ১৫০৯৮৭ | — |
| মোট ( নির্বীজকরণ ) | ২৩০০০০ | ২০৯৯৪০ | ২৩০০০০ | ২১৭০৪০ | ৩৫৭০০০ |
| আই. ইউ. ডি. | ৩৫০০০ | ৩১০৩৩ | ৩৫০০০ | ৩১৮২৪ | ৬৫০০০ |
| সি. সি. ব্যবহারকারী | ১৮৯০০০ | ৯১২৪৭ | ১৮৯৬০০ | ১০৭৮৪০ | ২০৯০০০ |

রাজ্য পরিবার-কল্যাণ কর্মসূচির কাজকর্ম সম্পর্কে সকলকে অবহিত করার জন্য এবং ১৯৮২-৮৩ সালের এই লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্য সরকার যেসব গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছেন তা হল ঃ

(ক) পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা সম্পর্কে প্রচার করার জন্য সম্ভাব্য সমস্ত রকমের গণমাধ্যমগুলি ব্যবহার করা।

(খ) পরিবার-কল্যাণ কর্মসূচি রূপায়ণের জন্য পঞ্চায়েত, স্বেচ্ছাসেবী সংস্থা, ট্রেড ইউনিয়ন, চা-বাগানের পরিচালকমণ্ডলী এবং অন্যান্য সংস্থা ও সমাজ-কল্যাণ এজেন্সী-গুলিকে সক্রিয়ভাবে কাজে লাগানো।

(গ) নানার্থসাধক স্বাস্থ্যকর্মী এবং গ্রামের স্বাস্থ্য-নির্দেশক ( গাইড ) ও গ্রাম্য ধাত্রীদের কাজে লাগানো। শুধু তাই নয় সেই সঙ্গে যোগ্য দম্পতিদের সঙ্গে ব্যক্তিগত-ভাবে যোগাযোগ করাকে সুনিশ্চিত করার জন্য পরিবার-কল্যাণ কর্মীদের কাজে লাগানো।

(ঘ) যতদূর সম্ভব সাধারণ মানুষের দরজায় পরিবার-কল্যাণের সম্ভাব্য কাজ-কর্ম যাতে পেঁছে দেওয়া যায় সেজন্য কনট্রাসেপটিভ ও আই. ইউ. ডি. করার উদ্যেশ্যে মিনি-ক্যাম্প বসানোর জন্য বিশেষ পদক্ষেপ নেওয়া।

(ঙ) রাজ্যের মেডিক্যাল কলেজগুলির উপর তত্ত্বাবধান, প্রশিক্ষণ এবং জেলা-সমূহে কাজকর্ম চালানোর দায়িত্ব অর্পণ করা। এই উদ্দেশ্যে এক একটি মেডিক্যাল কলেজের উপর অনেকগুলি জেলার ভার ন্যস্ত করা হয়েছে।

(চ) আগের মত এবারেও এই প্রকল্পের উদ্দেশ্য পূরণে যাঁরা সম্মত আছেন তাঁদের ক্ষেত্রে যে টাকা ক্ষতিপূরণস্বরূপ দেওয়া হয় সেই টাকার হার এবং একই উদ্দেশ্যে উদ্বুদ্ধ করেন যাঁরা, তাঁদের উৎসাহদানের জন্য যে টাকা দেওয়া হয় সেই টাকার হার, চিকিৎসা ও প্যারা-মেডিক্যাল কর্মীদের দেয় টাকার হার বাড়ানোর জন্য রাজ্য সরকার তাঁর ব্যয়-বরাদ্দ বাড়ানোর চেষ্টা চালিয়ে যাবেন।

১৯৮২ সালের মার্চ মাসে এই রাজ্যে শতকরা ২৪ জন যোগ্য দম্পতি এই পরিবার-কল্যাণ পদ্ধতি প্রয়োগ করেছেন। সমগ্র ভারতে এইরূপ গড় হার মাত্র ২৩.৫ শতাংশ।

আশা করা যাচ্ছে যে, রাজ্যের জনগণের সহযোগিতায় এই রাজ্য এফ. ডব্লু, ও এম. সি. এইচ. লক্ষ্যপূরণে অনেকখানি এগিয়ে যেতে পারবে এবং এইরূপ একটি অপরিহার্য রাষ্ট্রীয় কর্মসূচি রূপায়ণে উল্লেখ্য অগ্রগতি দেখাতে পারবে।

## উপসংহার

মাননীয় মহাশয়, আমি আমার বক্তব্য আপনার সামনে উপস্থাপিত করলাম। আমরা সচেতন যে আমাদের বর্তমান চিকিৎসা কাঠামোর মধ্যে নিহিত অসুবিধা, পশ্চাদ্‌পদতা ও স্বল্পতার কথা স্মরণ রেখেই আমাদের বিপুল সংখ্যক জনগণের জন্য চিকিৎসার দ্বার উন্মুক্ত করতে হবে এবং এই সচেতনতা থেকেই বামফ্রণ্ট সরকার স্বাস্থ্যরক্ষা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থাদির সম্পর্কে এক বাস্তব মূল্যায়ণ করার চেষ্টা করেছেন এবং এই বিভাগের পুনর্গঠন করেছেন। এখন স্বাস্থ্য দপ্তরকে অনেকগুলি বিভাগ ও উপবিভাগে ভাগ করা হয়েছে এবং পাঁচজন মন্ত্রী পারস্পরিক সহযোগিতার সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করে যাচ্ছেন।

যদি অনুমতি হয় বলতে পারি যে আমরা মন্দা ও গভীর অর্থনৈতিক সঙ্কটে নিমগ্ন, জিনিসপত্রের দাম আকাশ-ছোঁয়া, তার উপর রয়েছে বেকার সমস্যা। নিত্য প্রয়োজনীয় দ্রব্য দিন দিন দুষ্প্রাপ্য হয়ে উঠেছে। যোজনাখাতে বা অন্যান্যভাবে কেন্দ্রীয় সহায়তা ন্যূনতম সীমায় এসে পৌঁছেছে। এর উপর প্রকৃতি আমাদের প্রতি তেমন সদয় বা অকৃপণ নন। এ বছর যে খরা হল তা স্মরণাতীত কালের মধ্যে অভূতপূর্ব। ফলে সাধারণ সময়ে বছরে যা উৎপাদন হয় এ বছর তার মোট পরিমাণের ৩০ থেকে ৫০ শতাংশের বেশী হবে বলে মনে হয় না। ফলে ক্ষতির পরিমাণ টাকার অঙ্কে ৪০০ কোটি টাকা ছাড়িয়ে যাবে। ক্ষেতমজুররাও ২০০ কোটি টাকার মতো তাঁদের প্রাপ্য মজুরি থেকে বঞ্চিত হয়েছেন। এর ফলে স্বাস্থ্য-বিভাগে কিছু কিছু বিশেষ সমস্যা দেখা যাচ্ছে। যেমন—অপুষ্টি ও রক্তাল্পতা, প্রোটিনের অভাব, তার ফলে অধিকাংশ মানুষকে অপুষ্টিজনিত রোগের কবলে পড়তে হচ্ছে। দারিদ্র্যসীমার নীচে আছেন এরূপ শতকরা ৫০ বা তার বেশী সংখ্যক লোকের রোগ সংক্রমণের শিকার হবার আশঙ্কা আছে।

অর্থাভাবের সঙ্গে খাপ খাইয়েই এই বাজেট করতে হয়েছে—কাজে কাজেই এই বাজেটকে একটি সংবদ্ধ বাজেট বলা যেতে পারে এবং স্বাভাবিকভাবেই যেসব ক্ষেত্রে স্থাপিত সংস্থাগুলি বা যেগুলি গড়ে তোলার কাজ হচ্ছে সেগুলি কতোটা উন্নত করা যায়

সেদিকেই জোর দিতে হচ্ছে বেশী এবং প্রতিষেধমূলক কাজকর্মও খুব অল্প হলেও নতুন কিছু সংযোজন করার ব্যাপারে আমরা যতদূর সম্ভব উন্নতি বিধানের চেষ্টা করছি।

আমরা আমাদের পদক্ষেপ সম্পর্কে একটি কর্মসূচি গ্রহণ করেছি ঃ

পরিচ্ছন্নতা অভিযানকেই আমরা সবচাইতে বেশী অগ্রাধিকার দিয়েছি। হাসপাতাল চত্বরগুলিকে পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। পরিচ্ছন্নতা কেবল যে দেখতেই ভাল তাই নয়, কাজের একটি পরিবেশও সৃষ্টি করে এবং সংক্রমণের সম্ভাবনাকে অনেকখানি কম করে দেয়।

আমরা যদি প্রতিবন্ধকতাগুলিকে দূর করতে পারি এবং বিচ্ছিন্ন কর্মধারাকে এক সূত্রে গ্রথিত করতে পারি, আমরা এই ধারণা পোষণ করি যে আরও সামান্য কিছু অর্থ বিনিয়োগের মাধ্যমে সুযোগ-সুবিধা বহুলাংশে বাড়িয়ে তুলতে পারি। সমস্ত চিকিৎসা ব্যবস্থার মধ্যে এই দিকে আমরা সমধিক গুরুত্ব দিয়েছি। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে অনুসন্ধানের কার্যাদি যা রোগ নির্ণয়ের সহায়ক—যদি পরিকল্পিত দ্রুততার সঙ্গে সম্পন্ন হয়, যদি নির্ধারিত সময়সূচি অনুযায়ী অস্ত্রোপচার হয়, যদি প্রয়োজনের অতিরিক্ত সময়ের জন্য রোগীরা হাসপাতালের শয্যাগুলি দখল করে না রাখেন, তাহলে সংস্থাপিত হাসপাতালগুলি গাণিতিক হারে অধিক সংখ্যক রোগীদের জন্য শয্যার ব্যবস্থা করতে পারে।

স্বাস্থ্য বিভাগের বিভিন্ন শ্রেণীর কর্মী, হাসপাতালের চিকিৎসক, প্যারা-মেডিক্যাল এবং নন-টেকনিক্যাল কর্মীবৃন্দ, আধিকারিক ও কর্মচারীদের মধ্যে মতপার্থক্য যাই থাক না কেন তা দূর করা যায়। আমরা বিষয়টি অবগত আছি। আমরা বিশ্বাস করি, এই সমস্যার অনেকটা সমাধান করতে পারব। বরফ ইতিমধ্যেই গলতে শুরু করেছে।

আদালতে মামলা-মোকদ্দমার জন্য আমাদের চিন্তা বহুলাংশে নিবদ্ধ থাকছে। আমরা বিশ্বাস করি যে পারস্পরিক আলাপ-আলোচনার ভেতর দিয়ে এ ব্যাপারে আমরা অনেকখানি এগোতে পারি। অনেক বিরোধ আমরা আপোষে নিষ্পন্ন করতে পারি। আমরা আপ্রাণ সেই প্রয়াস চালিয়ে যাচ্ছি।

সর্বশেষে বলা হলেও এটা তুচ্ছ নয় যে আমরা সংবাদপত্র ও জনগণের সঙ্গে নিরন্তর সংযোগ রক্ষা করে চলবো। তাঁদের সমালোচনা ও উপদেশ গুরুত্ব সহকারে বিবেচিত হবে।

স্বাস্থ্যকর্মসূচীতে স্বাস্থ্য বিষয়ক প্রচার কম গুরুত্বপূর্ণ নয় এবং গ্রহীতার গ্রহণেচ্ছার উপর এর সাফল্য নির্ভরশীল।

২000 খৃষ্টাব্দে সকলের জন্য সুস্বাস্থ্য এখনও সুদূর ব্যাপার। স্বাস্থ্য সম্পর্কে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যত্ন নেওয়ার কথাটি এখনও একটা শ্লোগান মাত্র। জীবনের জন্য ন্যূনতম মৌল প্রয়োজন সম্পর্কে কোনরকম নিশ্চয়তা আজও কথার কথা।

বর্তমান আর্থ-সামাজিক কাঠামোর মধ্যে গ্রাম-শহরের খেটে-খাওয়া মানুষের অধিকাংশই এমন একটি নিম্নমানের জীবনযাত্রার মধ্যে বাস করতে বাধ্য হন যেখানে তাদের অপুষ্টিজনিত কারণে রোগের আক্রমণ ও যে-কোন রোগের সংক্রমণ যে

কোন সময়েই ঘটতে পারে। কাজটি নিঃসন্দেহে জটিল, কিন্তু সীমাবদ্ধতার মধ্যেও আমরা সর্বপ্রকার ও সর্বতোভাবে আমাদের ঐকান্তিক প্রয়াস চালিয়ে যাবো।

মাননীয় মহাশয়, আমি বিনয়ের সঙ্গে নিবেদন করছি যে, 'স্বাস্থ্যের অধিকার মৌল অধিকার'—এই দাবীতে গতিবেগ সঞ্চারিত হচ্ছে এবং এর সঙ্গে সঙ্গতি রেখে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অধিকতর আর্থিক ও অন্যান্য সহযোগিতা আকাঙ্খা করবো যাতে আমরা আগামী দিনে অধিকতর সংখ্যায় মানুষের জন্য বেশী বেশী করে চিকিৎসা ব্যবস্থার সুযোগ করে দিতে পারি।

মহাশয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ একটি পরিবারের মত জনগণের কল্যাণের জন্য জনগণের সঙ্গে স্বাস্থ্যরক্ষায় ও স্বাস্থ্যহীনতায় নিত্য সাথী হয়েই থাকবে।

মহাশয়, এই কথা বলে আমি ৩৬ নং দাবির অধীনে মুখ্যখাতঃ "২৮০-চিকিৎসা" এবং "৪৮০-চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ", ৩৭ নং দাবির অধীনে মুখ্যখাতঃ "২৮১-পরিবার কল্যাণ" এবং "৪৮১-পরিবার-কল্যাণ সম্পর্কে মূলধন বিনিয়োগ" ও ৩৮ নং দাবির অধীনে মুখ্যখাতঃ "২৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ" এবং "৬৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহের জন ঋণ" প্রভৃতি খাতে ব্যয়-বরাদ্দ সংক্রান্ত আমার এই প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

**শ্রীশিশির কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে স্বাস্থ্য বিভাগের উপর ব্যয় বরাদ্দের দাবী আমাদের সামনে আনা হয়েছে তার বিরোধিতা করতে উঠে আমি কোন সাধারণ কথায় যাবো না। কারণ স্বাস্থ্যমন্ত্রী এবং আমি ব্রাদার্স ইন প্রফেসান। আমাদের মধ্যে ভুল বোঝাবুঝির অবকাশ নেই। তবে তাঁর মাধ্যমে যে বিবৃতি পেলাম সেটা পড়ে আমি তাঁর জন্য সহানুভূতি প্রকাশ না করে পারছি না। এ বিষয়ে আমি বিশেষ করে একটা প্যারা আপনার সামনে তুলে ধরতে ইচ্ছা করছি—২ হাজার খৃষ্টাব্দে সকলের জন্য সুস্বাস্থ্য এখনও সুদূর ব্যাপার। স্বাস্থ্য সম্পর্কে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যত্ন নেওয়ার কথাটি এখনও একটা স্লোগান মাত্র। জীবনের জন্য ন্যূনতম মৌল প্রয়োজন সম্পর্কে কোন রকম নিশ্চয়তা আজও কথার কথা। "আমার বক্তব্য হচ্ছে যেটা "কথার কথা" সেটা তাঁর জন্য বিবরণীর মধ্যে থেকে পাওয়া যাচ্ছে। যেমন ধরুন একটা জিনিষ উল্লেখ করছি শিশু স্বাস্থ্য সম্পর্কে। শিশু প্রতিষেধক টিকা দেবার সম্পর্কে কতকগুলি সংখ্যা এর মধ্যে আছে — নানা রকম আছে, তবে আমি একটা মাত্র উল্লেখ করছি। যে কোন প্রতিষেধক টিকা দেবার সম্পর্কে কোন স্বাস্থ্য বিজ্ঞানী যদি দেখেন তাহলে তাঁর হাসি পাবে কিম্বা মনে হবে কেউ তাঁকে পরিহাস করছে। বিজ্ঞান সম্মত কতগুলি নিয়ম আছে। একটা সংখ্যায় আমাদের পৌঁছাতে হবে। প্রতিরোধ শক্তি শিশুদের মধ্যে আনবার জন্য যে সংখ্যা দিয়েছেন তার ধারে কাছে নয়, পরিহাস লাগছে। আপনি নিশ্চয় জানেন ৭০ দশকে প্রথম সারা বিশ্বে বিশেষ করে উন্নয়নশীল দেশে স্বাস্থ্য বিজ্ঞানীদের মধ্যে একটা আলোড়ন আসে।

[6-20—6- 30 p.m. ]

এই ভারতবর্ষে এবং অনেক উন্নয়নশীল দেশেও আমরা কোটি কোটি টাকা এই ২৫ বছরে খরচ করেছি। আমাদের ভারতবর্ষের যে সংখ্যাটা সেটা এত বড় যে আমার

অঙ্কের বুদ্ধিতে ঠিক আসে না, কিন্তু যেটা হল জনগণের মৌলিক স্বাস্থ্য সমস্যার কথা তার ধারে কাছে আমরা এত টাকা খরচ করেও পৌঁছতে পারিনি। সেজন্য সব দেশে বিশেষ করে উন্নয়নশীল দেশে এইসব বিজ্ঞানীদের মধ্যে অনেক আলাপ-আলোচনা সভা-সম্মেলন হয়। শেষ পর্যন্ত ১৯৭৮ সালে সোভিয়েত ইউনিয়নের আলমামাটাতে একটা আন্তর্জাতিক সম্মেলন হয় সেটাকে পর্যালোচনা করে দেখা যায় স্বাস্থ্য ব্যবস্থা সম্বন্ধে এবং স্বাস্থ্য শিক্ষা যেটাকে ডাক্তারী শিক্ষা বলি সেই শিক্ষা সম্বন্ধে ধ্যান-ধারনার একটা মৌলিক পরিবর্তন হয়েছে। আমরা খুব বিনীত কথা হচ্ছে স্বাস্থ্য বিজ্ঞানের এ্যাপ্লিকেশানের যেসব ধারণা এইসব উন্নয়নশীল দেশে যে বদলে গেল তার কোন প্রতিফলন স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের বিবৃতিতে দেখতে পাচ্ছি না। তিনি সেটা শ্লোগান এবং কথার কথা বলে উড়িয়ে দিচ্ছেন। স্বাস্থ্য, অসুখ-বিসুখ, রোগ সম্বন্ধে এর একটা সামগ্রিক রূপ আছে। এটা আমার কথা নয়, আলমামাটা সম্মেলনের ভাবনা থেকে যেটা পেয়েছি সেটা হচ্ছে এই যে সমাজ তাদের অসুখ-বিসুখ, স্বাস্থ্য, রোগের ব্যাপারে ১০০ জনের মধ্যে ৭০ জন এমন সব অসুখ-বিসুখে ভোগেন যেগুলি নজরে পড়ে না, হয় নিজেরাই নিজে চিকিৎসা করেন, না হয় আপনা আপনি সেরে যায় অথবা আমাদের দেশী ওষুধ দিয়ে রোগ সেরে যায়। আর এই ১০০ জনের মধ্যে ২০ জনের কম বেশী ডাক্তারকে প্রয়োজন হয় এবং ৯ জনকে প্রায় হাসপাতালে আনতে হয় চিকিৎসার জন্য এবং ১ পার্সেন্ট কেবল খুবই উচ্চ স্তরের, যাকে বলে হাইলি স্পেশালাইজড—সেটা মেডিসিনে হয় না, সার্জারিতে হয় না, অন্য কোন বিভাগেও হয় না, তারজন্য ব্যবস্থা রাখতে হয়। এই যে ৪টি ভাগে ভাগ করলাম এর মধ্যে ক্রমাগত আদান-প্রদান চলছে, এক ভাগ থেকে আর এক ভাগে বাড়ছে কমছে এইভাবে চলছে। এই ছবিটা যদি আমাদের সামনে মনে রাখি তাহলে এই যে আমাদের ডাক্তারী শিক্ষা পদ্ধতি তার আমূল পরিবর্তন দরকার। যে ৭০ ভাগ এবং যে ২০ ভাগ মোট ৯০ ভাগ সমাজের দূরে গ্রামে গঞ্জে পড়ে আছে যাদের দৈনন্দিন জীবনের কথা, স্বাস্থ্যের কথা, শিক্ষা-দীক্ষার কথা আমাদের গোচরে আসে না তাদেব যাতে স্বাস্থ্যের দিকে নিয়ে যেতে পারি সেটার দিকে আমাদের নজর দিতে হবে বেশী।

সেটা যদি করতে হয় তাহলে ডাক্তার হোক, নার্স হোক, কমপাউণ্ডার হোক, ড্রেসার হোক বা কমিউনিটি হেল্‌থ ওয়ার্ক যাকে বলি তাঁদের সকলকে একসঙ্গে করে শিক্ষার একটা ব্যবস্থা করা দরকার। আমাদের একটা কথা ভুলে যেতে হবে এবং আমিও বিশ্বাস করি যে শুধু ডাক্তারদের দিয়ে কোন দেশের স্বাস্থ্য সমস্যার সমাধান করা যায় না। আমি একথটা আরও পরিস্কার করে বলছি। আমরা যেন একথা মনে রাখি যে, একটা অসুখের দুটি রূপ আছে এবং তার একটা রূপ আমরা দেখতে পাই যাকে বলে ওভার্ট অর্থাৎ যার উপসর্গ দেখা যায়। যদি কোথাও একজনের এই উপসর্গ দেখা দেয় তাহলে আরও ১০০ জনের এই অসুখ হতে পারে এবং যাকে বলে সাব—ক্লিনিক্যাল। যেমন ধরুন, কোথাও্ যদি একজনের ম্যালেরিয়া ধরা পড়ে তাহলে আরও ১০০ জনের ম্যালেরিয়া হয়েছে এটা মনে করা যায়, হয়ত সেটা আমরা দেখতে পাই না। পলিও একজনের হলে ধরে নিতে হবে এই রোগ হয়ত আরও ১০০ জনের হয়েছে। আমরা ডাক্তারদের বিচার করব তাঁরা সমাজবিজ্ঞানী কিনা। তাঁরা যাতে

সমাজ বিজ্ঞানী হন তারজন্য আমাদের ব্যবস্থা করতে হবে। আমাদের ডাক্তাররা অশিক্ষা পদ্ধতিতে ডাক্তার হয়েছেন যেটা ইংরেজ আমাদের দেশে প্রচলন করেছেন। আমরা যাঁরা ডাক্তার হয়েছি তাতে আমরা যদি নিজেদের সমাজ বিজ্ঞানী হিসেবে রূপান্তরিত করতে না পারি তাহলে ডাক্তার হওয়া যাবে না। আমি একবার "বিপ্লব" এই কথাটা বলেছিলাম, যেটা মুখ্যমন্ত্রীর পছন্দ হয় নি। আমি "বিপ্লব" বলতে মারামারি, হানাহানি বলিনি —মানসিকতার বিপ্লব এই কথাটা আমি বলবার চেষ্টা করেছিলাম। আমাদের এখন স্বাস্থ্যের ক্ষেত্রে এবং ডাক্তারি শিক্ষার ক্ষেত্রে একটু চিন্তা করবার সময় এসেছে। এটা ঠিক আমরা হয়ত অনেক জিনিস করেছি। স্বাস্থ্য বলতে আমরা বুঝি না যে কারুর শরীরে রোগ নেই। স্বাস্থ্য বলতে আমরা বুঝি শারীরিক, মানসিক. মনস্তাত্বিক একটা স্বাচ্ছন্দ্য, সমাজের সব দিকের সঙ্গে তার সামঞ্জস্য এবং সমাজ জীবনে তার যে অবদান আছে সেটা যেন সে দিতে পারে। এই হল স্বাস্থ্য এবং এটা করতে হলে আমাদের যে আলমা — মাটার ডিকলারেসন তাতে ফিরে যেতে হবে। এর মধ্যে প্রধান হচ্ছে প্রাইমারি হেল্‌থ কেয়ার এবং সেটাই হবে টপ প্রাইওরিটি। এই জিনিস করতে হলে আমাদের কিন্তু মনে রাখতে হবে স্বাস্থ্য একটা উপহারের মত কোন ব্যক্তিকে বা সমাজকে দেওয়া যায় না। ডেলিভারি অব হেল্‌থ কেয়ার এটা কিন্তু আসতে আসতে উঠে যাচ্ছে। আমাদের মনে রাখতে হবে, হেল্‌থ হ্যাজ টু বি এ্যাকোয়ার্ড জাস্ট এ্যাজ ইনডিপেনডেন্স এ্যাণ্ড ফ্রিডম হ্যাজ টু বি এ্যাকোয়ার্ড, দ্যাট ক্যাণ্ট বি গিভেন টু এনিবডি। আমাদের সমাজকে সেইদিকে নিয়ে যেতে হবে এবং প্রাইমারী হেল্‌থ কেয়ারের প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে তাই।

[6-30—6-40 p.m.]

এই কথা মনে রেখে আমি বলতে চেয়েছিলাম যে কথা সেটা হচ্ছে আমি একটা নক্সা তৈরী করেছিলাম, যদিও আমি ভাল আঁকতে পারি না, আপনার মাধ্যমে আমি এটা ওনাকে দেবো, যাতে উনি আলোচনা করতে পারেন। ভুলত্রুটি থাকতে পারে। এই মধ্যে দিয়ে আমি দেখতে চেষ্টা করেছি কিভাবে ব্যবস্থা গড়ে তুলবেন। আর এক পাশে দেখিয়েছি তার সঙ্গে সামঞ্জস্য রেখে ডাক্তার ট্রেনিং কিভাবে হবে। মূল কথা হোল এই যে সমাজ বিজ্ঞানের যে দিক সেটা অগ্রাধিকার পাচ্ছে। একটা ডাক্তার শিক্ষিত হবেন—তিনি প্রাথমিক শিক্ষা যাকে বলে কমিউনিটি ট্রেনিং, তার পর হবে তার গ্রাজুয়েট ট্রেনিং, তার পর টিচার এণ্ড স্পেশ্যালিষ্ট ট্রেনিং। এটাকে আমি পাশাপাশি রাখছি। সমাজ ভিত্তিক সব কটি হেল্‌থ সেণ্টারে ডিস্ট্রিক্ট হাসপাতাল, referral research and specialised areas.

কমিউনিটি হেল্‌থ ভিত্তিক তৈরী করে দেবে। তবে ডাক্তারদের কাজে লাগবে। আমাদের মত ডাক্তারদের কাজে লাগবে না। আমি এটা বলতে চাই যে আমাদের যতটুকু সাধ্য আমাদের একটা প্রতিষ্ঠান আছে। সেখানে কাজ করতে গিয়ে,—১২টি গ্রাম নিয়ে এই কাজ সুরু হয়, আমার যে অভিজ্ঞতা হয়েছে তাই বলছি। আমরা দেখেছি এই সমাজ জীবনের কি প্যাটার্ন—যেটা কমপ্লিট লাইফ ষ্টাইল—সেটাকে স্বাস্থ্য বলে ধরে নিতে হবে। একটা লোক কি ধরণের ঘরে থাকে, তার কটা দরজা কটা

জানালা, কিভাবে কাপড় পড়ে, কতগুলো কাপড় আছে তার দৈনন্দিন জীবন কি রকম, কতটা পরিশ্রম করে, এই রকম অনেক তথ্য জোগাড় করার চেষ্টা আমরা করেছি। সেই তথ্য থেকে বেরিয়ে এসেছে একটা জিনিস। এটা করতে গিয়ে একটা জিনিস শিখেছি। আমি জানি না সকলের ভাল লাগছে কিনা। সেই তথ্য হচ্ছে একটা স্বাস্থ্য পরিকল্পনা করতে গেলে গ্রামের যারা অধিবাসী তাদের নেতৃত্ব নিন। সেইভাবে যদি না চলেন তাহলে কোন প্রাইমারী হেল্‌থ কেয়ার কখনও চলতে পারে না। স্বাস্থ্য ব্যবস্থা বলতে রাইটার্স বিল্ডিংস-এর একটা কনটিনিউয়েসন, একটা আমলাতান্ত্রিক ব্যবস্থা হয় তাহলে সেই প্রাইমারী হেল্‌থ কেয়ার কখনও সাফল্যমণ্ডিত হতে পারে না। আমার সেন্ট্রাল পয়েণ্ট হচ্ছে এই প্রাইমারী হেল্‌থ কেয়ার-এর আসল কথা হচ্ছে মা আর শিশুর কমপ্লেক্স। এটা হচ্ছে যে কোন প্রাইমারী হেল্‌থ কেয়ারের প্রথম সূত্র।

ডাঃ শিশির বোস ঃ আমরা যে কাজ করি তার তিনটি স্তর আছে, একটা হচ্ছে ফ্যামিলি লেভেল ভলানটিয়ার, সকলের তাঁরা মা, তারপর আছে ভিলেজ লেভেল ভলানটিয়ার, তারা বেশীর ভাগই মা বোন, তার মধ্যে অনেক পুরুষও আছেন, তারপর আছে কোঅর্ডিনেটার্স এবং সেই গ্রামের সমস্ত যাঁরা নেতৃস্থানীয়, যাঁরা এই কাজের জন্য উপযুক্ত, তাঁরাই নেতৃস্থানীয়, তাঁদের মধ্যে কোন রাজনৈতিক কনসিডারেশন নেই, এটা করে আমরা দেখেছি, আমরা খুব অভূতপূর্ব ফল পেয়েছি। ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ মেডিকেল রিসার্চের সমর্থনে আমরা এই কাজটা করেছি এবং এই তিন বছরের যে অভিজ্ঞতা, তার থেকে আমি বলতে পারি যে, এই যে কথার কথা বা শ্লোগানের কথা বললেন, এই কথা ঠিক নয়। আমাদের যতটুকু সাধ্য আছে, ক্ষমতা আছে, আমরা যদি গ্রামবাসীকে, আমাদের মায়েদের এর মধ্যে আনি — তা যদি হয় তাহলে আমাদের সাফল্য অনিবার্য্য। আমরা একটা জলের প্রকল্প নিয়েছিলাম। আমরা যখন শুরু করেছিলাম, জল যে শুদ্ধ হওয়া চাই স্বাস্থ্যের জন্য, এই কথাটা কিন্তু কেউ কোনওদিন মায়েদের বলেনি। কিন্তু এই জলের প্রকল্প আমরা এটা দিয়েছিলাম, সেটা সাফল্যমণ্ডিত হয়েছে। কারণ প্রত্যেকটি কলসীতে ওষুধ দেওয়া হচ্ছে কি না এই ১২টি গ্রামে মেয়েরা নিজেরা তা তত্বাবধান করেছেন, আমরা করিনি। যারা আমাদের এই পরামর্শ গ্রহণ করেছেন এবং যার নেতৃত্ব দিয়েছেন আমাদের মায়েরা, সেই সব পরিবারে পেটের অসুখ ৮০ ভাগ কমে গেছে। এটা প্রমাণিত হয়েছে। এই রিপোর্ট আই. সি. এম. আর. গ্রহণ করেছেন। আমার বক্তব্য হচ্ছে, আমাদের ধ্যান ধারণা সমস্ত বদলে যায় এই বিবৃতির মধ্যে থেকে। আমরা যেটা পাচ্ছি, এটা রাখলেই কিন্তু চলবে না, আমরা প্রায়ই বলি, এটা হলো প্রাইভেট সেকটার, এটা হলো পাবলিক সেকটার, এটা হলো সেমি পাবলিক সেকটার, এটা সেমি প্রাইভেট সেকটার। আমরা এটা সকলে মিলে করতে পারি, রাজনৈতিক মতবাদ নির্বিশেষে, দলমত নির্বিশেষে, যেটাকে আমরা আজ চালু করতে পারি সেটা হলো পিপল্‌স সেকটার অব ন্যাশানাল ডেভলপমেণ্ট। এই যে আমি স্বাস্থ্যের কথা বললাম, আমি আগে বলেছি, স্বাস্থ্য একটা সামগ্রিক জিনিস। আমাদের জীবনের পরিপূর্ণতা এনে দেয় স্বাস্থ্য। আমরা আমাদের জনগণকে এই জিনিসটার প্রতি উদ্বুদ্ধ করতে পারি, সেটা সম্ভব। এই ধরণের কোন ভাবনা বা চিন্তা আমরা কিন্তু এই বাজেটের মধ্যে পাইনি। কালকে আমার বলার ইচ্ছা হচ্ছিল যে

আমরা যদি সব কাজই একটা বিশেষ রাজনৈতিক দলের কাঠামোর মধ্যে দিয়ে করতে চাই তাহলে কিন্তু আমাদের জীবনের কোন বিভাগেই সাফল্য লাভ করা সম্ভব নয়। এই একটা কাজ, যেটা আমরা কাঁধে কাঁধ মিলিয়ে করতে পারি, সেটা করা সম্ভব এবং এমন অনেকে আছেন, যাঁরা সরকারের বাইরে আছেন, সরকারের ভিতরেও আছেন, যাঁরা এই বিষয়ে একমত পোষণ করেন।

[6-40—6-50 p.m.]

একত্র হতে পারেন, এক সঙ্গে এগোতে পারেন। আমি যা দেখলাম তা হচ্ছে এই, কালকে পাওয়ার বিভাগের কাজে আমি বলেছিলাম এটা একটা ম্যান মেড প্রবলেম। মানুষ এটাকে তৈরী করেছে। আমরা মানুষই তার জন্য দায়ী। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে কোনদিনও এই অন্ধকার ঘুচবে না। অন্ধকার ঘুচবে না, তা নয়, এই ভাবে যদি চলতে থাকে, এই সরকার যদি মারাত্মক পথ নিয়ে চলতে থাকেন তাহলে রাত্রির অন্ধকার দুপুরের অন্ধকারে পরিণত হবে। আমরা যদি স্বাস্থ্য ক্ষেত্রে ঐ ধরণের সেকটারিয়ান মনোভাব ত্যাগ না করি, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে একমত যে, এই সেকটারিয়ান ন্যারো পলিটিক্যাল গ্রিড যা আমাদের শেখায় সেটা যদি ত্যাগ না করি তাহলে হেল্‌থ ফর অল তো দূরের কথা — অনেকে বললেন হেল্‌থ ফর অল নাহলেও অন্ততঃ হেল্‌থ ফর সাম — এই হেল্‌থ ফর সাম দু হাজার দশকেও হবে না। আমরা শেষ পর্যন্ত দু হাজার দশকে যখন পৌঁছাব তখন আমরা পাব হেল্‌থ ফর নান। এই ক'টি কথা বলে আমি এই ব্যয় বরাদ্দের দাবীর বিরোধিতা করছি।

**ডাঃ হরমোহন সিংহ** :--মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ডাঃ অম্বরীশ মুখার্জি ১৯৮২-৮৩ সালের জন্য যে বাজেট ভাষণ দিয়েছেন আমি তাকে সমর্থন করি। আমি প্রথমেই আনন্দের কথাটা প্রকাশ করছি। আমার পূর্ববর্তী বক্তা শ্রদ্ধেয় ডাঃ শিশির বসু যে কথাগুলি বলে গেলেন সেগুলি অত্যন্ত মূল্যবান কথা। তিনি রাজনীতিতে অত্যন্ত অল্প দিন এসেছেন। অতীতে সমাজ সেবার দিকে তিনি ছিলেন। আমার যতটুকু স্মৃতি শক্তি আছে তাতে এটুকু বলতে পারি ১৯৪৪/৪৫ সালে যখন ইণ্ডিয়ান ন্যাশানাল এ্যাম্বুলেন্স কোর তৈরী হল তখন থেকে ডাঃ বসু আমাদের সঙ্গে ছিলেন। তারপর রাজনৈতিক না হলেও কোন কারণে সেটা ভেঙ্গে গিয়ে রিলিফ ওয়েলফেয়ার এ্যাম্বুলেন্স কোর—এই ভাবে ভাগ হয়ে যায়, সংস্থাটি উঠে যায়। যাই হোক, সেই সংস্থার মধ্যে আমি ওঁর সঙ্গে একত্রে কাজ করেছি। আমি জানি ওঁর মধ্যে মানবিকতা আছে, মানুষের প্রতি ভালবাসা আছে। সেই ভালবাসার ছাপ তিনি তাঁর কাজের মধ্যে রেখে গিয়েছিলেন। তিনি বলেছিলেন এইভাবে কাজ করলে আমরা মানুষের সুস্বাস্থ্যের ব্যবস্থা করতে পারি। কিন্তু একটি জায়গায় বাধা পড়ে গেছে। কোন উপায় নেই। তিনি সবকিছু বলা সত্বেও শেষের দিকে বললেন এটার বিরোধিতা করি। কিন্তু কেন বিরোধিতা করছেন, এই কথা তিনি বলতে পারলেন না। কারণ, বিরোধিতা না করলে তিনি যে জায়গায় আছেন, ঐ বিরোধী দলের সঙ্গে আছেন, সেই দলে তার হয়ত স্থান হবে না। সেই জন্যই তিনি বিরোধিতা করেছেন। তাঁর জ্ঞান, বিদ্যা সমস্ত কিছুই তিনি স্বাস্থ্য

ব্যবস্থার সঙ্গে কাজে লাগাবার চেণ্টা করেছেন। উনি যখন এই স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে জ্ঞান গর্ভ বক্তৃতা দিচ্ছিলেন তখন সাত্তার সাহেবের কানে তা ভাল লাগছিল না। কতক্ষণে ডাঃ বসু রুলিং পার্টির বিরোধিতা করেন—এটা শোনার জন্যই তিনি অধীর আগ্রহে বসেছিলেন। আমি সাত্তার সাহেবের কথা জবাব দিতে উঠিনি। ডাঃ বসু দেশের মানুষের স্বাস্থ্যের কথা বলেছেন। তিনি কমিউনিটি হেল্‌থের কথা বলেছেন। পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পরে আমরা এই কমিউনিটি হেল্‌থ সার্ভিস সেণ্টার খুলেছি।

সাত্তার সাহেব, আপনি অনবরত চটবেন আমরা জানি কারণ আমরা চাই এই সমাজ ব্যবস্থার পরিবর্তন হোক। আজকে আমাদের সমাজের শতকরা ৭০/৮০ ভাগ লোক দারিদ্র সীমার নীচে বাস করে এবং তারা রোগে ভোগে, আমরা তাদের জন্য চিন্তা করি এবং তা করি বলেই আমরা জানি আপনি আমাদের উপর চটবেন। আমরা সমাজের সেই দুর্বল শ্রেনীর মানুষদের কথা চিন্তা করি বলেই ডাঃ শিশির বসুর মতন লোক— তিনি আপনাদের দলে থাকা সত্বেও বলতে বাধ্য হয়েছেন যে শিশির বোসের চিকিৎসা গ্রামের মানুষের কাছে পেঁীছাবে না, সেজন্য কমিউনিটি ভলেনটিয়ার্সের প্রয়োজন আছে, তাদের তৈরী করতে হবে। সেই কাজে মায়েদের ইনভলভ করতে হবে এবং কমিউনিটিকে ইনভলভ করতে হবে। তা করবার জন্যই আমরা পঞ্চায়েত ব্যবস্থাকে চিকিৎসা ব্যবস্থার সঙ্গে যুক্ত করতে চাইছি। আমরা চাই গ্রামের ছেলেরা এই কমিউনিটি হেলথ এডুকেশানে আসুক। আমার সবচেয়ে ভাল লেগেছে, তিনি বলেছেন, এই চিকিৎসা শিক্ষা ব্যবস্থার একটা আমুল পরিবর্তন দরকার। এই পরিবর্তন আমরাও চেয়েছি। যারা এই সমাজকে ভালবাসেন, যারা সুখী সমৃদ্ধশালী সমাজব্যবস্থা গড়ে তুলতে চান আমরা জানি তারা সকলেই একটা বাস্তবমুখী স্বাস্থ্য ব্যবস্থা চান এবং তারজন্য যে চিকিৎসা শিক্ষা ব্যবস্থার প্রয়োজন তা তৈরী করার দিকে নজর দিতে চান। আমরা গর্বকরে বলতে পারি পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার সেই ব্যবস্থা আজকে গ্রহণ করেছেন। গত দুবছর ধরে এই পশ্চিমবাংলায় সেটা করার চেণ্টা করা হচ্ছে। দুর্বলতা হয়ত থাকতে পারে, তা স্বাভাবিক, কারণ কোন জিনিষই প্রথম দিন থেকে একেবারে সমস্ত কিছু সঠিকভাবে হয়ত হয়না কিন্তু সেখানে যে পদক্ষেপ নেওয়া হয়েছে তারমধ্যে আমরা অন্ততঃ এটুকু বলতে পারি একটা ভবিষ্যত লুকিয়ে আছে যাকে ভবিষ্যতে স্বাগত জানানোর জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। স্বাস্থ্য ব্যবস্থা বলতে খালি কয়েকটি রোগ ও তার চিকিৎসা নয়, সেখানে যাতে রোগ না হয় সে দিকেও নজর রাখতে হবে। কাজেই স্বাস্থ্য ব্যবস্থার আমুল পরিবর্তন করার দিকে লক্ষ্য রেখে কাজ করতে হবে। আমরা বলেছি, ২০০০ সালে 'সকলের জন্য স্বাস্থ্য'। এই স্বাস্থ্য মানে পজিটিভ হেল্‌থ। একে দুটি ভাগ করা যায়—পজিটিভ হেল্‌থ এবং নেগেটিভ হেল্‌থ। আপনারা এটা মনে রাখবেন সকল মানুষই অসুস্থ হয়না, শতকরা ৪ ভাগ মাত্র মানুষ অসুস্থ হন এবং তারমধ্যে একভাগ লোক যেটা উনিও বলেছেন যে তাদের কোন চিকিৎসা দরকার হয়না। যিনি রোগী তিনিই প্রথম চিকিৎসক কারণ তিনি নিজে বোঝেন তার শরীরের মধ্যে অস্বাভাবিক কিছু হচ্ছে বা উল্টোভাবে বলা যায় স্বাভাবিক অবস্থা থেকে বিচ্যুতি ঘটেছ। তিনি নিজে বোঝেন বলেই তিনি প্রথম চিকিৎসক।

এখন চিকিৎসা ব্যবস্থা তার জানা না থাকার জন্য তাঁকে এ সম্পর্কে কোন অভিজ্ঞতা-সম্পন্ন ব্যক্তির পরামর্শ নিতে হয় কিন্তু প্রথম চিকিৎসক তিনি নিজেই। আমাদের প্রথম যেটা কর্তব্য সেটা হচ্ছে, রোগ যাতে না হয় সেটা দেখা। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, আপনী সে দিকে বেশী করে নজর দেবার চেষ্টা করুন। যদি দেশের মধ্যে প্রিভেনটিভ সাইডটা আমরা বাড়াতে পারি, রোগ যাতে বেশী না হয় সেটা দেখি তাহলে অনেক কাজ আমরা করতে পারবো। এ ক্ষেত্রে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের দিকে আমাদের বিশেষভাবে নজর দিতে হবে। আমরা দেখেছি, পানীয় জল সরবরাহের জন্য ১৯৭২ সাল থেকে যে সমস্ত স্কীমগুলি পড়ে আছে—কোটি কোটি টাকার স্কীম — সেগুলি অবাস্তব সব স্কীম যার জন্য টাকা খরচ করা যাচ্ছে না এবং সেগুলি আটকে রয়েছে। এরপর আমি আর একটি কথা বলব। ইনটারন্যাশনাল ম্যানিটারি ফাণ্ড থেকে যে ৫ হাজার কোটি টাকা ঋণ নেওয়া হয়েছে সেই ঋণের টাকা থেকে আমাদের দেশের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের জন্য এক পয়সাও খরচ করা হচ্ছে না। ওঁরা বলছেন, যেহেতু হেল্থ হচ্ছে অ-উৎপাদনমুখী, শিক্ষা হচ্ছে অ-উৎপাদনমুখী অতএব এই টাকা এইসব ক্ষেত্রে খরচ করা যাবে না। স্যার, আমরা জানি কোন দেশের উৎপাদনকে অব্যাহত রাখতে গেলে সে দেশের মানুষের স্বাস্থ্যের দিকে প্রথমেই নজর দিতে হয়। কাজেই এই যেখানে অবস্থা সেখানে স্বাস্থ্য কোনদিন অ-উৎপাদনমুখী হতে পারে না। উৎপাদনকে অব্যাহত রাখার স্বার্থেই স্বাস্থ্যের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া প্রয়োজন। ওঁরা স্যার, একদিকে এই কথা বলছেন অন্য দিকে সেই টাকা নিয়ে এশিয়াড করা হচ্ছে এবং খেলার নাম করে কোটি কোটি টাকা তছরূপ করা হচ্ছে এবং মানুষকে তার প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। পরিশেষে আমি বলব, এই বাজেটের একদম সমালোচনা করা যাবে না তা নয় কিন্তু তা সত্বেও বলব, এই বাজেটটাই শেষ বাজেট নয়। বিরোধীদল থেকে শিশির বসু মহাশয় যেসব কথা বলেছেন সেটাই যদি বিরোধীপক্ষের বক্তব্য হয় তাহলে এই দলের কাছে আমি আহ্বান জানাবো, আসুন, সকলে মিলে আমাদের দেশের স্বাস্থ্যব্যবস্থাকে আমরা একসঙ্গে গড়ে তুলি। এই কথা বলে আপনাদের সকলকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-50—7-00 p.m.]

**ডঃ হৈমী বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় যে অস্বাস্থ্যকর স্বাস্থ্য দপ্তরের আরো বেশী অস্বাস্থ্যকর বাজেট পেশ করা হয়েছে তার তীব্র বিরোধিতা করছি। ওরা কমিউনিটি হেলথের কথা বলছেন। হরমোহনবাবুর সঙ্গে আমার অনেক দিনের পরিচয় আছে, এটা কি সেই কমিউনিটি হেলথের কথা যে কমিউনিটি হেলথের কথা হরমোহনবাবু ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসনে বলতেন? আজকে এখানে কমিউনিটি হেলথের নাম করে তাকে ধ্বংস করতে যাচ্ছেন আপনারা। আপনারা একদিকে ভাল চিকিৎসক তৈরী করার কথা বলছেন, আর একদিকে কোয়াক তৈরী করছেন, ডিপ্লোমা কোর্সে কোয়াক তৈরী করছেন। ভোর কমিটির রিপোর্টে দ্ব্যর্থহীন ভাষায় বলা হয়েছিল There will be no dual system of medicines or doctors in the Country. কিন্তু সেই ভোর কমিটির যে সাজেসান, যে

বক্তব্য তাকে হরমোহনবাবু একদিন স্বীকার করেছিলেন, আজকে তিনি অস্বীকার করছেন। এডুকেশানের কথা বলি। জয়েণ্ট এণ্ট্রান্সের নামে কয়েকটা ছেলেমেয়ে আত্মহত্যা করেছে এটা সকলেই জানেন, আমি তারমধ্যে যাচ্ছি না। কিন্তু সবচেয়ে দুঃখের বিষয় যে শিক্ষাব্যবস্থা বর্তমানে রয়েছে তাকে সাব-ষ্ট্যাণ্ডার্ড করে দিচ্ছেন, আপনারা আবার ষ্ট্যাণ্ডার্ডে তুলবেন কি করে? আপনাদের লজ্জা করে না, ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল বার বার বলেছে যে আপনারা স্যব-ষ্ট্যাণ্ডার্ড এডুকেশান করছেন, মাথাগোজার অধিকার নেই এই সমস্ত কলেজগুলিকে রান করাতে চাচ্ছেন, এটা অস্বীকার করতে পারেন? শুধু তাই নয়, আপনাদের রাজত্বে প্রিভেনটিভ মেডিসিন আমরা কি পেলাম, ফিল্টার ওয়াটার কি পেলাম, সিউয়েরেজ ক্লিয়ারেন্স কি পেলাম, ডেজেন কি পেলাম? মশা, মাছি, কলেরা ইত্যাদি কি অবস্থায় এসেছে? এখানে অম্বরিশদা বসে আছেন, আমার মনে হয় তিনি স্বীকার করবেন যে অল্পদিনের মধ্যে ম্যালেরিয়া, কলেরা, এনকেফেলাইটিস কি ভাবে বেড়ে গেছে—মশা যে ভাবে বেড়েছে এটাতো কোন রাজনৈতিক ব্যাপার নয়, মশা আপনাদেরও কামড়ায়, আমাদেরও কামড়ায়। সুতরাং অসত্য ভাষণ দিয়ে লাভ কি? আর একটা কথা হচ্ছে, চিকিৎসক যারা আছেন তাদের কি অবস্থার সৃষ্টি করেছেন? আমাদের যে সমস্ত শিক্ষক আছেন তাদের মধ্যে একটা নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। জুনিয়রদের সুপারসিড করে সিনিয়র করে দিচ্ছেন এবং যার ফলে কয়েক শত ডাক্তার যারা বিজ্ঞানী, যারা সমাজ বিজ্ঞানী, যারা শিক্ষা দেন তারা আজকে মুমূর্ষু অবস্থা পড়ে আছে। এই যদি অবস্থা হয় তাহলে কোথা থেকে মেডিকেল শিক্ষা ছেলেরা পাবে? ৪১ বছর, ৪৫ বছর হয়ে গেছে এখনও তারা রীডার হয়ে পড়ে আছে। আজকে একথা অস্বীকার করার কোন উপায় নেই এবং এটাই বাস্তব ঘটনা। আপনাদের মনমত লোক যে হবে তাকে Emeristus Professor করে হাসপাতালে রেখে দেবেন এবং পি, জি. হাসপাতালে এটা হচ্ছে। যেখানে Private practice is not allowed. সেখানে প্রাইভেট প্রাকটিস করাচ্ছেন এবং কোয়টারে থাকতে দিয়েছেন। এই হচ্ছে আপনাদের গণতন্ত্র, এই হচ্ছে আপনাদের কমিউনিটি মেডিকেল। শুধু তাই নয়, ভিজিলেন্স কমিশন দ্ব্যর্থহীন ভাষায় যে ডাক্তার সম্বন্ধে বলে দিল যে লোকটা অসত কাজ করছে, নন-প্রাকটিসিং এ্যালাউয়েন্স নিয়ে প্রাকটিস করে গরীব মানুষের কাছ থেকে টাকা নিচ্ছে, কি যাদু খেলে গেল আপনাদের মাথায় যে তাকে নিয়ে নাচ্ছেন এবং তিনি এখনও সেখানেই রয়েছেন। আর সিনিয়র ডাক্তার যাদের আপনাদের সঙ্গে কোন সম্পর্ক নেই, তাদের আপনারা নাকে দড়ি দিয়ে বাঁকুড়া, মেদিনীপুর, ঘাটাল ইত্যাদি জায়গায় ঘোরাচ্ছেন। ডঃ দেব, সার্জন-সুপারিনটেনডেণ্ট, তিনি আপনি করেছিলেন তাকে চক্রান্ত করে এস. এস. কে. এম. হসপিটাল থেকে সরিয়ে নিয়ে যাওয়া হল। আমি জানি, ননীবাবু আপনার কোন কোন দোষ নেই, আপনি হেলপলেস, আপনার দ্বারা এই কাজ হতে পারে না।

এখানে আবার শুনছি চক্রান্ত হচ্ছে, ডিরেক্টর অফ হেল্থ সার্ভিসেসকে ধরে সেখানে একজন দলের লোককে বসিয়ে দেওয়া হয়েছে। চমৎকার গণতন্ত্র! চমৎকার কমিউনিটি হেল্থ সার্ভিস! আজকে এখানে কোন সিকিউরিটি আছে? চিকিৎসক, নার্স, ক্লাস ফোর স্টাফ, যারা নিজেদের জীবন বিপন্ন করে কাজ করতে

চাইছে, তাদের কোন সিকিউরিটি নেই। একটা মাত্র বর্ণালী দত্তের ঘটনা আপনারা জানতে পেরেছেন, কিন্তু আরো বহু ঘটনা ঘটে যাচ্ছে। এই তো গত ২১ তারিখে যুগান্তর পত্রিকায় লিখেছে, আসানসোলের সালানপুর থানার দাবর স্বাস্থ্য কেন্দ্রে একজন কর্মীর অবিবাহিতা বোনকে দুর্বৃত্তরা বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করেছে।

তারপরে আমরা দেখছি সৎ চিকিৎসক ডাঃ শীল বহরমপুরে চিকিৎসা করছিলেন। তার মত লোকের পিছনে মিথ্যা অভিযোগ দিয়ে লোক লাগিয়ে দিলেন, আপনাদের লোকেরা তাঁকে উলঙ্গ করে, তাঁর ওপর শারীরিক নির্যাতন করে, তাঁর কোমরে দড়ি বেঁধে তাকে রাস্তায় ঘোরাল। এই তো আপনাদের কমিউনিটি হেল্থের চেহারা।

আজকে আমরা কলকাতা শহরের হাসপাতাল গুলিতে দেখছি যে, মুমূর্ষু রোগী টাকা না দিলে বেড্ প্যান পায় না। একজন রোগীকে আজকে ইউরিনাল পেতে হলে টাকা দিতে হয়। এই তো কমিউনিটি হেল্থ-এর চিত্র।

গ্রামাঞ্চলের অবস্থা কোথায় নিয়ে গেছেন দেখুন, গ্রামাঞ্চলের বেশীরভাগ হেল্থ সেণ্টারে ওষুধ নেই। মানুষ সেখানে যায়, কিন্তু ওষুধ পায় না। আপনারা ডাক্তার পাঠাচ্ছেন, জনসাধারণকে বলছেন, হাসপাতাল রয়েছে ওখানে যাও সব কিছু হবে। অসুস্থ মানুষ, যে মানুষ ভুগছে, যার কষ্ট হচ্ছে, সে হাসপাতালে যাচ্ছে ব্যথা বেদনার উপশমের জন্য, সেখানে ডাক্তার ওষুধ লিখে দিচ্ছে, কিন্তু আপনারা 'ভাঁড়ে মা ভবানী' করে রেখেছেন হাসপাতালকে, যার ফলে ওষুধ নেই। সেখানে রুগী আরো অসুস্থ হতে বাধ্য। এর ফলে রুগীর রাগ গিয়ে পড়ছে ডাক্তার, নার্স এবং জি. ডি. এ-দের ওপরে।

অম্বরীশদা খবরের কাগজে বলেছেন, আমরা দেখেছি, বহু হাসপাতালে মুমূর্ষু রুগীর মাংস শেয়াল কুকুরে কামড়ে খুবলে নিয়ে গেছে। তাহলে এই তো অবস্থা। স্পীকার স্যার, আর একটা বিষয়ে আমি বিশেষ করে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব।

ইংরেজ আমল থেকে আমরা শুনে আসছি এবং পরবর্তীকালে দেখেছি যে, আননোন্ বাইট বা স্নেক বাইট হলে হাসপাতালে জায়গা থাক আর না থাক সে রুগীকে ভর্তি করা হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে বলছি যে, গত ২০ তারিখে এই কলকাতা শহরের বুকে একটা ঘটনা ঘটেগেছে, ঘটনাটা হচ্ছে, গত ২০শে আগষ্ট রাত্রিবেলা এক ভদ্রমহিলাকে সাপে কামড়েছিল, তাঁর স্বামী তাঁকে নিয়ে সেই অবস্থায় শহরের চার চারটে হাসপাতালে ঘুরেছে, পরের দিন ২১শে আগষ্টও ঘুরেছে, তাঁকে কোথাও ভর্তি করতে পারেন নি। এবিষয়ে আমার কাছে ডকুমেণ্ট আছে, আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রয়োজন হলে দিতে পারি। ভর্তি করতে না পারার কারণ হচ্ছে, হাসপাতালে লেখা আছে, 'স্নেক বাইট—রিগার্ট—নো বেড'। এই তো হচ্ছে সরকারের অবস্থা। এক্ষেত্রে নিয়ম হচ্ছে, কোন বেড্ না থাকলেও এ্যাডমিসন করে নেওয়া। অথচ আজকে সেই সাপে কামড়ান রুগী সংগে রাস্তার কুকুরের মত ব্যবহার করা হচ্ছে। এই তো হচ্ছে কমিউনিটি প্রজেক্ট। এই তো আপনাদের কমিউনিটি হেল্থের চরিত্র।

অম্বরীশদা শুনুন, সব চেয়ে বড় দুঃখের কথা, ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েসন এর সদস্য ছিলেন আপনি দীর্ঘ দিন ধরে এবং হরমোহন-দা-ও ছিলেন, আপনারা সেখানে কি দাবী করেছিলেন, আপনারা দাবী করেছিলেন, টোটাল হেল্থ কেয়ার ফর দি পিপল যদি করতে হয় তাহলে সেবিষয়ে ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েসনের পজিটিভ বক্তব্যকে মেনে নিতে হবে। তাদের একটা পজিটিভ বক্তব্য ছিল, তারা হেল্থ কেয়ার সম্বন্ধে একটা প্ল্যান করে দিয়েছিলেন। কিন্তু আজকে তো সে সম্বন্ধে হরমোহনদা, অম্বরীশদা বলতে পারছেন না যে, হ্যাঁ, সেই সাইনটিফিক্ প্রোগ্রাম আমরা গ্রহণ করেছি।

[7-00—7-10 p.m.]

আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলছি, শ্রীপতিত পাবন পাঠক, শ্রীননী ভট্টাচার্য্য, শ্রীযতীন চক্রবর্তী এবং শ্রীপ্রশান্ত শূর মহাশয় কিছুদিন আগে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানের যে গোল্ডেন জুবিলী সেলিব্রেসান হয়েছিল তাতে অংশ গ্রহণ করেছিলেন। আমি সৌভাগ্যবশতঃ সেখানে উপস্থিত ছিলাম। আমি যে কথাগুলি বলছি সেগুলি যদি ভুল হয় তাহলে চ্যালেঞ্জ করবেন। তারা সেখানে মুক্তকণ্ঠে বলেছিলেন, কি করে আপনারা এই সব সেবা করেন এত অল্প অর্থ দিয়ে। আমাদের ধ্যান-ধারণা পাল্টে গেছে। সম্ভব তখনই যখন সিনসিয়ারিটি অফ পারপাস থাকবে, হৃদয়ের সততা থাকবে, বিবেকের অনুশাসন মেনে চলবেন। কিন্তু সম্ভব তখনই নয় যখন স্বাস্থ্যের নামে চুরি করবেন, ডাকাতি করবেন। তাই আপনার কাছে একটা সাজেশান রাখছি, ভেবে দেখবেন, রামকৃষ্ণ মিশন সম্পর্কে ৪ জন মন্ত্রী যে বক্তব্য রেখেছেন সেই পরিপ্রেক্ষিতে এই বক্তব্য রাখছি। এক কাজ করুন, ৫ বছরের জন্য গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল হেল্থ্ ডিপার্টমেণ্টকে বন্ধ রাখুন এবং বন্ধ রেখে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানের স্বামী গহনানন্দ এবং স্বামী লোকেশ্বরানন্দ প্রভৃতি মহারাজের হাতে তুলে দিন। আমি গ্যারাণ্টি দিচ্ছি টোটাল হেলথ্ কেয়ার হবে। পশ্চিমবাংলার মানুষ বাঁচবে। মুমূর্ষ শিশুরা বাঁচবে এবং যে সন্তান মৃত্যু মুখে পতিত হয়েছে তার মায়ের মুখে হাসি ফুটে উঠবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। গোটা পশ্চিম বাংলার যেসব মানুষ ছিল জর্জরিত, হাড় জিরজিরে, হাত-পা সরু-সরু, প্লীহাযুক্ত, হলুদ রঙ, অপুষ্টিজনিত চেহারা হয়তো সেইসব মানুষের দেহে একটু মাংস লেগেছে, একটু সুস্থ হয়ে উঠেছে। কিন্তু সেইসব মানুষগুলিকে স্বাস্থ্যযুক্ত, সবল জোয়ান মানুষ বলবার অবকাশ এখনও আসেনি। কিছুটা আমরা এগিয়েছি, কিছুটা উন্নতি হয়েছে কিন্তু বহু কাজ বাকী আছে। সেই সব বাকী কাজগুলি করতে গিয়ে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট নিয়ে এসেছেন তা যুক্তিসঙ্গত এবং একটা নতুন পদক্ষেপ বলে আমি মনে করছি। আমরা জানি, জাতি সংঘের সনদে ছিল যে, বিশ্বের প্রতিটি দেশের প্রতিটি মানুষের স্বাস্থ্য রক্ষার অধিকার থাকার একটা নীতি বলে গ্রহণ করা হয়েছিল। ভারতবর্ষ বহুদিন আগে স্বাধীন হয়েছে কিন্তু সেই নীতিকে কার্যকরী আজ পর্যন্ত করা

হয়নি। আমার মনে হয় এই স্বাস্থ্য সম্পর্কে যে সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যাটা অত্যন্ত কঠিন এবং একটা জাতীয় সমস্যা বলে ধরে নেওয়া উচিত। আমরা প্রত্যেকেই জানি বহুদিন ধরে কেন্দ্রীয় সরকার এই স্বাস্থ্য সম্বন্ধে কয়েকটি কমিটি তৈরী করেছিলেন। যেমন, ভরে কমিটি, মুদালিয়ার কমিটি, কর্তা সিং কমিটি এবং শ্রীবাস্তব কমিটি। এই কমিটিগুলি একটা সুপারিশ পেশ করেছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে। কিন্তু আজকে যারা বিবেকের দংশন অনুভব করছেন সেই বিবেকমান মাননীয় সদস্যদের কাছে আবেদন সেই সুপারিশ কি ২০ শতাংশের বেশী কার্যকরী করা হয়েছিল? যদি সেই সুপারিশ অনুযায়ী কাজ করা হতো তাহলে আজকে হার জিরজিরে কঙ্কাল মানুষের পরিবর্তে মাংষের প্রলেপ লাগানো স্বাস্থ্য সবল মানুষে পরিণত হতে পারতো — এই বিশ্বাস আমার আছে। যাই হোক, আমরা শ্রেণী বৈষম্য সমাজে বাস করি। সর্বস্তরে শ্রেণীহীন সমাজ চাইলেও আমরা আনতে পারছি না।

চিকিৎসার ক্ষেত্রে বহু বৈষম্য তখন আমাদের চোখে পড়েছে। সহরে যে ধরণের বৈজ্ঞানিক পদ্ধতিতে চিকিৎসার ব্যবস্থা আছে গ্রামের ভাই বোনেরা, কৃষকেরা কেন সেই ধরণের চিকিৎসা থেকে বঞ্চিত হবে? জেলা সহরে যতটুকু আছে, মহকুমা শহরে যতটুকু আছে সেটুকুও যথেষ্ট নয়। কাজেই গ্রাম থেকে যখন তারা এই কলকাতায় আধুনিক বিজ্ঞান সম্মত হাসপাতালে চিকিৎসার জন্য আসে তখন তারা ঠিকমত চিকিৎসা পায় না। কারণ, আমরা দেখি কলকাতার রোগীতেই সমস্ত হাসপাতাল ভর্তি হয়ে আছে। দেখে বড় দুঃখ হয়, মনে হয় আমরা কোন সমাজব্যবস্থার মধ্যে বাস করছি। কাজেই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, শুধু কলকাতা সহরে নয়, গ্রামের দিকে যাতে স্বাস্থ্যের একটু উন্নতি, একটু সুব্যবস্থা হয় সেই কাজটিকে একটু ত্বরান্বিত করতে হবে। আজকে আমি জানি প্রায় ৭টি মেডিকেল কলেজ আছে, এর মাধ্যমে প্রতি বছর ৭০০ থেকে ৯০০টি ছাত্র বেরিয়ে আসে। আজও গ্রামে গ্রামে বহু প্রাথমিক চিকিৎসালয়ে কোন ডাক্তার নেই। আমরা জানি রোগটা কোথায়। অজিতবাবু মন্ত্রী ছিলেন, তখন তিনি বলেছিলেন, যারা ৩ বছরের জন্য গ্রামে যাবে সেই সমস্ত ডাক্তারদের উচ্চশিক্ষার জন্য পাঠাবেন। আমরা দেখেছি ৩ বছর কেন, ৩ দিনও তারা গ্রামে যায়নি, কিন্তু তাদেরকে ট্রেণিংয়ে পাঠান হয়েছিল। ডাক্তাররা বুঝেছিলেন যে, গ্রামে না গেলেও তাদের চলবে, তাদের সেই ধরণের মানসিকতা গড়ে উঠেছে। ৩০ বছর ধরে যে মানসিকতা তাদের গড়ে উঠেছে এই ৬ বছরে তা কাটবে না বলেই আমার বিশ্বাস। মন্ত্রী মহাশয় খুবই সাধারণ জায়গা থেকে এসেছেন, খেটে খাওয়া, গরীব মানুষের কাছ থেকেই উনি এসেছেন তাতেই মনে হয় যে একটু সুষ্ঠু ব্যবস্থা হতে পারে। হসপিটাল-গুলিতে কিছু কিছু দুর্নীতি রয়েছে, মাথাভারী প্রশাসনের জন্যই এটা হচ্ছে। ফিল্ড ওয়ার্কার, ডাইরেক্টার, ডেপুটি ডাইরেক্টার, জয়েণ্ট ডেপুটি ডাইরেক্টার, কত রকম ডাইরেক্টার আছে, প্রশাসনিক যে সমস্ত কাঠামো আছে সেগুলির অর্থ ঠিকমত আমার মাথায় ঢোকে না। অথচ কোথাও কোথাও হাসপাতালে নার্স আছে তো সুইপার নেই, সুইপার আছে তো ওষুধ নেই, আবার কোথাও সব থাকা সত্বেও হাসপাতাল গড়ে ওঠে না। এই যে পরিস্থিতি এটা মাথাভারী প্রশাসন তার কাঠামো একে একটি স্তরে করা উচিত এবং আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবেদন জানাব আজকে স্বাস্থ্য বিভাগে যে

বৈষম্য, একদিকে বড় বড় সমস্ত নার্সিংহোম যেগুলি তৈরী হয়েছে সেগুলিকে জাতীয় করণ করা দরকার। টাটা, বিড়লার ঘরে যদি অসুখ হয় তারা বড় বড় নার্সিং হোমে যায়, আর গরীবরা মাটিতে শুয়ে মরবে, একটু ওষুধ পাবে না, এই ধরণের বৈষম্য কাটানো হোক। আমি তাঁর কাছে আবেদন রাখব, তিনি নতুন যে স্টেপ নিয়েছেন তার সম্বন্ধে। আমাদের বহরমপুরে মেডিকেল সার্ভিস কোর্স খোলা হয়েছে। কাজেই গভর্ণমেণ্ট স্টেপিং যেগুলি নিয়েছেন, বা আগামী দিনে যে স্টেপিং গুলি নিতে চেয়েছেন সেগুলিকে স্বাগত জানিয়ে মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেব প্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্পর্কে আমার প্রথম যেটা সংবাদ সেটা হচ্ছে এই যে, পশ্চিমবঙ্গের এই স্বাস্থ্য দপ্তরে আর্থিক ব্যয়বরাদ্দের অপ্রতুলতা দুর্নীতি, অব্যবস্থা দায়িত্ব জ্ঞানহীনতা এবং প্রশাসনিক ব্যর্থতা। কাজেই সমস্ত কিছু মিলে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যদপ্তরে এক কথাই বলা যায় বিপর্যস্ত অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি সর্বভারতীয় রেকর্ড দেখা যায় তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গে তার স্বাস্থ্য, জনস্বাস্থ্য কোন পর্যায়ে গেছে। সর্বভারতীয় ক্ষেত্রে স্বাস্থ্য সংক্রান্ত খরচ খরচার যে রেকর্ড পাওয়া যাচ্ছে তাতে পশ্চিমবঙ্গের হাসপাতালে রোগী ভর্তি হয় সবচেয়ে বেশী।

[7-10 – 7-20 p.m.]

তাদের রিপোর্টে পাওয়া যাচ্ছে যে পশ্চিমবাংলার হাসপাতালে যে রোগী ভর্তি হয় সারা ভারতবর্ষের তুলনায় এখানকার হাসপাতালগুলিতে সব চেয়ে বেশী রোগীর মৃত্যু হয়। সেই সংখ্যাটা হচ্ছে ১ লক্ষ ২৩ হাজার ৬ শো ৪৭ জন। পশ্চিমবাংলায় যক্ষ্মা রোগীর সংখ্যা সব চেয়ে বেশী সারা ভারতবর্ষের তুলনায়। সেই হিসাবটা হচ্ছে ১ লক্ষ ৫১ হাজার। এই হিসাবটা আজকেই স্বাস্থ্যমন্ত্রী বলেছেন। এ ছাড়া এই রাজ্যে ডাক্তারের অভাব, অথচ ডাক্তারদের কাজে লাগানো হচ্ছে না। এই রাজ্যে বেকার ডাক্তারের সংখ্যা সর্বাধিক ৩ হাজার ৬ শো ৩৪ জন। এই হচ্ছে পশ্চিমবাংলার জন স্বাস্থ্যের রেকর্ড। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার জন স্বাস্থ্য কিভাবে ভেঙ্গে পড়েছে। আজকে স্বাস্থ্য বিভাগের স্টাণ্ডার্ড কোন জায়গায় চলে গেছে, এটা গভীর আক্ষেপের সঙ্গে আমাদের লক্ষ্য করতে হয়। আজকে যে মেডিকেল কাউনসিল অফ ইণ্ডিয়া সেই মেডিকেল কাউনসিল অফ ইণ্ডিয়াকে ডি-রেকগনাইস করতে চাচ্ছেন। আজকে মেডিকেল কলেজ, আর. জি. কর মেডিকেল কলেজ, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ, বর্ধমান মেডিকেল কলেজ — তাদের স্বীকৃতি দিচ্ছে না। কেন? তাদের স্টাণ্ডার্ড এতো নিচে নেবে গেছে। ডাক্তারের অভাব, লেকচারারের অভাব, যন্ত্রপাতির অভাব, লাইব্রেরীর অভাব সমস্ত দিক এই রকম একটা সাব স্টাণ্ডার্ডের দিকে গেছে যার ফলে মেডিকেল কাউনসিল অফ ইণ্ডিয়া রেকগনেসন দিতে চায় না। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দিয়ে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আশ্চর্য হয়ে যাবেন কলিকাতা হাসপাতালের অবস্থা শুনলে। এখানে তার আমি একটা নিদর্শন দিচ্ছি। নাসা মেডিক্যাল কলেজ একটা রিনাউণ্ড হাসপাতাল। সেখানকার সুপারিন-

টেণ্ডেণ্ট ডাক্তার সুজিত মিত্র — তিনি যা বলেছেন তার একটা চিত্র আমি এখানে তুলে ধরছি। তিনি বলেছেন যে, আমাদের এখানে ছোট বড় মিলিয়ে ১৩টি এক্স-রে মেসিন আছে। এই ১৩টি এক্স-রে মেসিনের মধ্যে কোনটাই চলে না, মানে চালাতে পারে না। এর কারণটা কি? এর কারণ হচ্ছে ফ্লিম নেই, এক্স-রে মেসিনের ফ্লিম নেই। ৫ মাস ধরে প্রাকটিক্যালি এই কাজ বন্ধ। আগে এই হাসপাতালে দৈনিক ২২৫ থেকে ২৫০ জনের এক্স-রে হ'ত। এখন সেখানে ৫ থেকে ১০টার বেশী হয় না। কারণ ফ্লিম যেখান থেকে নিতে হবে—ভারতবর্ষে একটা সংস্থা আছে, যার নাম ইন্দু ফ্লিম সেখানে আগাম টাকা দিতে হবে। অথচ মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তরের নিয়ম আছে—সরকারী দপ্তরে যে নিয়ম আছে তা হ'ল আগাম টাকা দেওয়া যাবে না। ফলে নিয়ম না পাল্টালে হবে না। আগে ২০টি করে অক্সিজেন সিলিণ্ডার পাঠানো হ'ত অক্সিজেন ভর্ত্তি করে আনবার জন্য। ২০টির মধ্যে ১৫ থেকে ১৭টি করে দৈনিক অক্সিজেন ভর্ত্তি হয়ে আসতো। কিন্তু আজকাল ২টি থেকে ৩টির বেশী সিলিণ্ডারে অক্সিজেন ভর্ত্তি হয়ে আসে না। এর ফলে অত্যন্ত মারাত্মক অপারেশানগুলি অক্সিজেনের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে। সমস্ত রকম জটিল ইনভেসটিগেসান এক্স-রে মেসিনের জন্য বন্ধ হয়ে যাচ্ছে। এই হচ্ছে চিত্র পশ্চিমবাংলার সমস্ত স্বাস্থ্য দপ্তর গুলিতে। ফলে ডি-রেকগনিসন হবে না কেন? তারপর যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে আজকে ব্লাড ব্যাঙ্কের কি অবস্থা। এই ব্লাড ব্যাঙ্কের রক্তের জন্য — আমরা জানি কত মুমূর্ষু রোগীদের অপারেসন বন্ধ হয়ে গেছে। সেই রক্ত নিয়ে আজকে কি ভাবে দুর্নীতি চলেছে। আজকে সরকারের যে নামী ব্লাড ব্যাঙ্কগুলি আছে সেইগুলো ঠিক ম'ত অপারেট হচ্ছে না। সমস্ত প্রাইভেট কমার্সিয়াল ব্যাঙ্কগুলি ২৫ লক্ষ থেকে ৭৫ লক্ষ টাকা পুঁজি খাটিয়ে তারা ব্যবসা করছে। রিপোর্টে জানা গেছে যে বিগত পাঁচ বছরে বামফ্রণ্ট সরকারের আমলে এই কলিকাতা সহরে সরকারী ব্লাড ব্যাঙ্কগুলিতে কিছু হয় নি। কেন না ৮টি প্রাইভেট কমার্সিয়াল ব্যাঙ্ক সেখানে হয়েছে। অথচ এখানে সরকারী ব্লাড ব্যাঙ্ক যেগুলি আছে। সেইগুলিকে ইচ্ছা করে বসিয়ে দেওয়া হচ্ছে। এত দিন ছিল রক্ত দাতার অভাব, এখন দেখা যাচ্ছে রক্ত গ্রহীতার অভাব — ব্লাড ব্যাঙ্কগুলি রক্ত নেয় না। আজকে যে সব ভলেনটারী ব্লাড ডোনার্স এ্যাসোসিয়েসান আছে — মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে আমার সাজেসান গুলি নেবেন — তারা ব্লাড দিতে গিয়ে ফিরে আসছে। সরকারী ব্লাড ব্যাঙ্কে যে সমস্ত লোক নিযুক্ত, তারা প্রাইভেট যে সমস্ত ব্লাড ব্যাঙ্ক আছে ইনডিরেকটলি তাদের সাপোর্ট করে যাচ্ছে। এ ছাড়া ম্যালেরিয়ার মতো একটা জিনিস আছে। ম্যালেরিয়া সম্পূর্ণ ইর্যাডিকেইট হয়ে গেছে কি? আপনি শুধু কলকাতায় দেখুন — পাড়ায় পাড়ায়, বাড়িতে বাড়িতে, ঘরে ঘরে ম্যালেরিয়া হচ্ছে। অথচ সেখানে আপনাদের কোন রিলিফ এ্যারেঞ্জমেণ্ট নেই। তারপর আপনার ঐ মুখার্জী কমিসনের রিপোর্ট, তার কি হ'ল?

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** স্পীকার স্যার, আজকে স্বাস্থ্য দপ্তরের বাজেট সমর্থন করতে গিয়ে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে বলছি যে বিরাট এই দপ্তর যেখানে সরকারী কর্মচারীদের এক তৃতীয়াংশ কাজ করেন তাকে বামফ্রণ্ট সরকার দুভাগে ভাগ করে খুব ভাল কাজ করেছেন। এরফলে এই দপ্তরের কাজকর্ম খুব ভালভাবে চলবে বলে আমি আশা করতে পারি। সেই সঙ্গে গাঁয়ের মানুষ হিসাবে এই আশা করব এই বিভাজনের

ফলে পাড়াগাঁয়ের মানুষের চিকিৎসা পাবার যা কিছু অসুবিধা ছিল সেদিকে দৃষ্টি রাখবেন। আপনারা বলেছেন যে প্রাইমারী হেলথ সেণ্টারে ৮৩ এবং সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে ১৯৭টিতে কোন ডাক্তার নেই, আজকে প্রশ্নত্তোরের সময়ে এই কথা জানিয়েছেন। পাড়াগাঁয়ের মানুষ চিকিৎসার জন্য প্রাইমারী হেলথ সেণ্টারগুলিতে আসে অথচ সেখানে ডাক্তার থাকে না, কমপাউণ্ডারদের দিয়ে সেগুলি চলছে। কোথাও কোথাও হোমিওপ্যাথ ডাক্তার দিচ্ছেন। হোমিওপ্যাথ সম্বন্ধে আমার ধারণা খুব ভাল নেই — অম্বরীশবাবু ডাক্তার মানুষ, তিনি সে সম্বন্ধে ভাল বোঝেন। তবে হ্যানিম্যান বলেছিলেন, এক ফোঁটা ঔষুধে — বিন্দুতে সিন্ধু হবে। এখন দেখছি ঔষুধের বদলে ইনজেকশান দেওয়া হচ্ছে। এ্যালাপ্যাথিক চিকিৎসায় কম্পাউণ্ডার দিয়ে কাজ চালানো হচ্ছে। এ্যালাপ্যাথি চিকিৎসার সঙ্গে হোমিওপ্যাথি ডাক্তারের কখনও সামঞ্জস্য হতে পারে না। এই সমস্ত কেন্দ্রে ডাক্তার পাঠাবার জন্য আপনারা কমিউনিটি মেডিক্যাল সার্ভিস করেছেন। কিন্তু তার পেছনে ডাঃ হৈমী বসুর মত ডাক্তাররা লেগেছেন, যাঁরা দেখলেন এঁরা যদি ৩ বছরের মধ্যে ডাক্তার হয়ে আসেন তাহলে তাঁদের পসার নষ্ট হবে। সেজন্য এই শুভ প্রচেষ্টার পেছনে অনেকেই লেগে গেছেন, যারফলে ডাক্তার পাওয়া আমাদের কাছে দুরূহ হয়ে উঠেছে। ডাক্তারদের ডিউটি হচ্ছে শীতকালে সকাল ৯টা থেকে ৪টা এবং গ্রীষ্মকালে ৮টা থেকে ৩টা পর্যন্ত। কিন্তু ডাক্তারকে সর্বক্ষণের জন্য তাঁর চেম্বারে দেখা যায় নিজ প্রাকটিসে ব্যস্ত, সারাদিন ধরে বাইরের রুগীর জন্য তাকিয়ে থাকেন। ডিউটি ঠিকমত করেন বলে তো আমার মনে হয় না। বহরমপুরে আমি কোন দিন তো ডাক্তারকে ডিউটি ঠিকমত করতে দেখিনি। আপনি যদি এঁদের প্রাকটিস বন্ধ করে দেন তাহলে সমস্ত ডাক্তার আপনার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করবেন —আপনাকে হয়ত শেষ পর্যন্ত আপনার চাকুরী ছেড়ে দিতে হবে। চাকুরী ছেড়ে না দিলে আপনি এই সমস্ত ডাক্তারদের সঙ্গে কখনই পেরে উঠবেন না, ডাক্তাররা সকলে একজোট। ডাঃ শিশিরবাবু বললেন, আমরা ডাক্তারের কাছে আসি চিকিৎসার জন্য, ডাক্তার যদিও ফিল্যানথ্রোফিক নন, তবুও মেডিকেল সায়েন্স বলছে — ডাক্তারের প্রথম কাজ হচ্ছে সেবা তারপর হচ্ছে অর্থ উপায়। বর্তমানে সে রকম নেই। বর্তমানে প্রথম হচ্ছে অর্থ উপায়, তারপর সেবা। সেজন্য চাকুরী করার জন্য ডাক্তার কি করে পাওয়া যাবে। চাকুরী হচ্ছে তাঁদের কাছে উপলক্ষ্য, হাসপাতালে চাকুরী করলে আউট প্রাকটিসের জন্য রুগী পাওয়া যায়। তা না হলে বাড়ীতে প্রাকটিস করলে রুগী জুটবে না। বাড়ীতে প্রাকটিস করলে সারাদিন পান চিবিয়ে কাটাতে হতো। সেজন্য হাসপাতালের সুযোগ নিয়ে এঁরা পসার বৃদ্ধির চেষ্টা করেন। একটা কাজ করুন — ডাক্তারদের আমাদের মত ৪।। শত টাকা মাইনে করে দিন, সেই সংগে প্রাকটিসের সুযোগ বজায় রেখে দিন। দেখবেন, তবুও ওঁরা বাড়ীতে গিয়ে স্বাধীন ভাবে পেশায় নিযুক্ত হতে চাইবেন না। ডাক্তাররা এইভাবে আমাদের মত সাধারণ মানুষের ক্ষতি করছেন। আপনি সেদিকে একটু দৃষ্টি রাখবেন। সকালে প্রশ্নোত্তরের সময়ে বলেছেন টাউনে বেডের সংখ্যা হচ্ছে ৩৯,৩১৮ এবং পাড়াগাঁয়ে হচ্ছে ১৯,৩৬৩টি। আমার মনে হয় লোকসংখ্যা পাড়াগাঁয়েতেই বেশী। কিন্তু আপনি যেহেতু টাউনের লোক, টাউনকে বেশী ভালবাসেন, সেজন্য টাউনে বেডের সংখ্যা বেশী করেছেন। তাহলে আমি কোন রুগী

নিয়ে আসলে হাসপাতালে ভর্তি হবে কি করে? এম. এল. এ.-দের দেওয়া সার্টি-ফিকেট-এর ভিত্তিতে কখনও কখনও রোগী ভর্তি হয়, কিন্তু ভর্তি হওয়ার ব্যাপারে কোন মন্ত্রীর সার্টিফিকেট দেখলে ডাক্তাররা সঙ্গে সঙ্গে বলেন, মন্ত্রীদের গিয়ে বলুন — সিট হবে না। পাড়াগাঁয়ে আজকাল শুধু হেল্থ সেণ্টার আছে, বড় হাসপাতাল মহকুমায়, আমার ওখান থেকে মহকুমাতে যেতে গেলে এ্যাম্বুলেন্স ভাড়া ৭ মাইল দূরত্বের জন্য ৪২ টাকা, যে রুগী তা দিতে পারবে না তাকে রাস্তায় পড়ে থাকতে হবে। কাঁন্দি থেকে বহরমপুরের দূরত্ব ১৮ মাইল, ভাড়া ৯২ টাকা লাগে এ্যাম্বুলেন্সের বাবদ। এই অবস্থায় কোন গরীবের চিকিৎসা হয়ে ওঠে না। এত দাম, চিকিৎসার যা ব্যবস্থা, তাতে করে সাধারণ মানুষের পক্ষে প্রাইমারী হেল্থ সেণ্টার ছাড়া আর কোন উপায় থাকে না, তার উপরে মহকুমায় গিয়ে চিকিৎসা করবার চিন্তা তাদের কাছে বাতুলতা বলে মনে হয়। কংগ্রেস আমলে একটা জিনিষ তাঁরা করেছিলেন, সেটা আপনারা করতে পারেননি — তা হল, সাব-সেণ্টার। গ্রামের মধ্যে যেখানে মনুষ্যবসতি নেই, সেই রকম এক একটা জায়গায় এক একটা করে এরকম সেণ্টার করেছিলেন সেখানে গেলে ঔষধ পাওয়া যায় না, ঘর আছে কিন্তু রাত্রিতে সেখানে থাকার কোন উপায় নেই — জীবন যৌবন কিছু অবশিষ্ট থাকে না। সেখানে ডাক্তাররা বসে বোমা বাঁধে। সাধারণ মানুষের জন্য তৈরী সাব-সেণ্টারের এখন অবস্থা এই রকম। সাধারণ মানুষের কাছ থেকে জমি নিয়ে এগুলি তাঁরা তৈরী করেছিলেন — এই একটা জিনিষই করেছিলেন। শহরে ৯৩৮টা লোক পিছু ডাক্তারের রেশিও হচ্ছে ১ জন, বেডের গড় কিন্তু অন্য ভাবে করতে হবে — টাউনে কত বেড আছে, আর পাড়াগায়েই বা কত। পাড়াগাঁয়ে ২,০০০ লোক পিছু বেড আছে ১টা। পাড়াগাঁয়ের লোক সংখ্যা বেশী। তাদের মঙ্গলের দিকে একটু লক্ষ্য রাখুন।

[7-20—7-30 p.m.]

সবাই বললেন দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে বাজারের রেট থেকে ৫০ পার্সেণ্ট ডাউনে হাসপাতালে খাদ্য দ্রব্যের টেণ্ডার দেওয়া হচ্ছে। জিরের দাম যেখানে বাজারে ২৬ টাকা সেখানে ৫০ পার্সেণ্ট কমিয়ে টেণ্ডার দিয়ে ১০ টাকায় হাসপাতালে দেওয়া হচ্ছে। ফলে হাসপাতালে জিনিষ হাফ দামে পাচ্ছে ঠিকই কিন্তু অতি নিকৃষ্ট মানের দ্রব্য পাচ্ছে। মাংসের কথা যদি ধরি তাহলে দেখা যাবে মাংসে এত দুর্গন্ধ থাকে যে রোগীদের দেওয়া যায় না। হাসপাতালের লোকেরা বলেন মাংসে এত দুর্গন্ধ থাকে যে খাওয়ার অনুপযুক্ত। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো এর একটা ব্যবস্থা করবেন। আরেকটি কথা হচ্ছে পাড়াগাঁয়ের হাসপাতালে ম্যাটরেসের কোন ব্যবস্থা নেই এবং সন্তান হলে অয়েল ক্লথেও শোয়ানোর কোন বন্দোবস্ত নেই। প্রাইমারি হেল্থ সেণ্টারগুলিতে কোন চাদরের ব্যবস্থা নেই। সেখানে বাচ্চা হলে বাড়ী থেকে কাঁথা এনে বাচ্চাকে শোয়াতে হয়। হাসপাতালের যারা কর্মরত কর্মচারী এবং নার্সদের ফার্নিচার, ম্যাটরেস এবং মশারী আছে কিন্তু রুগীদের কোন মশারীর ব্যবস্থা নেই। কিছুদিন আগে মেডিকেল কলেজে হসপিটালে এক রোগিনীকে কেরোসিন ইনজেকশান দেওয়া হয়েছিল। স্যালাইনের বোতল খুলে তাতে কেরোসিন পুরে দেওয়া হয়েছিল বলে প্রকাশ কিন্তু তা

হয়নি। আমার মনে হয় ওষুধের মধ্যে কিছু গণ্ডগোল ছিল। হাসপাতালে সাব-স্ট্যানডার্ডর ওষুধ কেনা হয়ে থাকে, এই সাব-স্ট্যানডার্ড ওষুধ কেনা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করবেন। কিছু ভাল ওষুধ যাতে গ্রামে যেতে পারে তার ব্যবস্থা করবেন এবং ডাক্তাররা যাতে সজাগ হয় তার ব্যবস্থা করবেন। আপনাকে ওয়াটার সাপ্লাইয়ের কথা বলতাম কিন্তু আপনি তো ওয়াটার সাপ্লাই ডিপার্টমেণ্টে নেই সুতরাং সে প্রশ্ন উঠে না। আবার বলছি যে পাড়াগাঁয়ের ডাক্তাররা যাতে একটু সচেতন হয় সেদিকে আপনাকে সতর্ক দৃষ্টি দিতে হবে। ডাক্তারি শাস্ত্রে বলে ৫০ পার্সেণ্ট রোগ নেচার কিউর হয়, ২০ পার্সেণ্ট ওষুধের দ্বারা সারে এবং ২৫ পার্সেণ্ট মারা যায়। পাড়াগাঁয়ে কোয়াক ডাক্তার দিয়ে চিকিৎসা করাতে হয়। সেখানে কোন স্পেশালিষ্টের ব্যবস্থা নেই। আপনাদের চোখ খারাপ হলে আপনারা আই স্পেশালিষ্ট দেখাতে পারেন কিন্তু পাড়াগাঁয়ে চোখ খারাপই হোক বা যে কোন রোগ হোক এই কোয়াক ডাক্তাররাই দেখে থাকেন। ডাক্তারদের প্রাকটিস বন্ধ করে দিন এবং ৪৫০ টাকা পে স্কেল করে দিন। আমি সদর হাসপাতাল দেখেছি সেখানে ডাক্তারদের রোগীদের প্রতি কি অনীহা সেটা আমার চোখে পড়েছে। এই বামফ্রণ্ট সরকারের যদি দুর্নীতি হয়ে থাকে তবে আমি মনে করি এই ডাক্তারদের জন্যই বদনাম হয়েছে। সুতরাং আমি আবেদন করছি আপনারা ডাক্তারদের এই দুর্নীতি বন্ধ করুন। এই কথা বলে এই বাজেট বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রদ্ধেয় স্বাস্থ্যমন্ত্রী প্রফোসনে আমার সিনিয়র কলিগ, ডাঃ অম্বরীশ মুখার্জী বাজেট বরাদ্দ রেখেছেন আমি তার বিরোধিতা করছি। তিনি যে অর্থ বরাদ্দ করেছেন তার থেকে যদি আরো বেশী ৫১৩ কোটি টাকা পর্যন্ত ধরতেন তাহলে খুবই আনন্দিত হতাম। বহুদিন আগে পশ্চিমবঙ্গে একজন ডাক্তার স্বাস্থ্যদপ্তরের দায়িত্ব নিয়েছেন যিনি সি. পি. এমের একজন প্রথম সারির নেতা। তাঁরা অনেক সমাজতন্ত্রের কথা বলেন। কিন্তু আমি দুটি এ্যাঙ্গেলে থেকে বিচার করে এর নীতিগত বিরোধিতা করছি। আমি এডুকেশান বাজেটের সময়েও বলেছিলাম যে টারগেট ইউটিলাইজেশান হচ্ছে না। এবং সেইজন্য আমি নীতিগতভাবে এর বিরোধিতা করছি। আমি একজন ডাক্তার হিসাবে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে কতকগুলি সাজেশান রাখতে চাই। তিনি যদি সেগুলি গ্রহণ করেন তাহলে আমি বাধিত হব।

কারণ ডাক্তার যারা জাতীয়তাবাদে বিশ্বাস করে তারা পশ্চিম বাংলার মেডিক্যাল য়্যাসোসিয়েসানের সিটগুলিতে জিতেছে, আপনারা সেখানে পেয়েছেন ২টি, ক্যালকাটা ষ্টেটে আপনারা পেয়েছেন ৩টি, হেলথ য়্যাসোসিয়েসান আপনারা ক্যাপচার করতে পারেন নি। ননীবাবুকে শিখণ্ডী করে তাও লড়েছেন। সমস্ত রাজনৈতিক দল তাতে কি আমাদের দল, কি সি. পি. এম., সি. পি. আই, আর. এস, পি., ফরোয়ার্ড ব্লক স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে মেঠো বক্তৃতা করলে হবে না। স্বাস্থ্য দপ্তর রুগী, রুগীর আত্মীয় স্বজন, হাসপাতাল, হাসপাতালকর্তৃপক্ষ ইত্যাদিকে বিষময় করে তুলেছেন। তাঁরা মূল স্বাস্থ্য নীতির কথা না বলে রাজনৈতিক ঘটনাগুলি সামনে রেখে ডাক্তারদের দেখিয়ে দেন যে এরা হাসপাতালে আসে না। ঘটনা কিন্তু তা নয়। আমি একটা দৃষ্টান্ত তুলে ধরছি

৮৩টা ডাক্তারের পোষ্ট খালি আছে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে, ১৯৭টা খালি আছে বসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রে। দুমাস আগে পি. এস. সি. তে পরীক্ষা দিয়েছে যে ক্তাররা তারা ১৯৭৩ সালে বণ্ড দিয়ে ডাক্তারী পড়তে গিয়েছিল। তারা সব জেলা াকে এসেছে। সরকারের এমন কোন আইনগত বিধি নেই যে তারা গ্রামে যাবে। খানে ডাক্তাররা স্বতঃ প্রনোদিত হয়ে পি. এস. সি-র কাছে ছুটে গেছে চাকরীর জন্য ারা তা পায়নি। প্রতি বছরে ৪৭৫ জন ইয়ং মেডিকেল গ্রাজুয়েট বের হচ্ছে। তারা ও টাটা বিড়লার ছেলে নয়. আমাদের মত ঘরের ছেলে। অম্বরীশ বাবুর ছেলে, ক্তন শিক্ষা মন্ত্রীর ভাইপো, হরমোহনদার ছেলেরা সব ডাক্তারী পড়ছে। আপনারা ম্যুনিটি সাভিসের কথা বলেছেন ননী গুহ হেল্থ সেণ্টার ওপেন করতে গিয়ে প্রমোদ বু বললেন ডাক্তাররা সব বাইরে চলে যাচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি। গত ১০ বছরে ৫% বাইরে যেতে পারেনি ইণ্ডিয়া গভর্ণমেণ্টের পলিসির জন্য এবং ইরেরও কিছু বিধি নিষেধ আছে। মেদিনীপুর, বীরভূম, বর্ধমান ইত্যাদি গ্রাম থেকে লেরা সব পড়তে আসছে তাদের আপনারা ইউটিলাইজ করতে পারছেন না। ডাক্তার াচ্ছি না মানে ডাক্তারদের মধ্যে সি. পি. এম. ক্যাডার খুঁজে পাচ্ছেন না যে সি. পি. এম. াডারদের হাসপাতালে নিয়োগ করে ইনজেকসান ও ক্যাপসিউল খাইয়ে তাদের সি. . এম. তৈরী করবেন। আমি স্বাস্থ্য মন্ত্রীর জুনিয়র কলিগ হিসেবে আবেদন করবো াপনি প্রত্যক্ষ ভাবে সব জানেন এবং এ সম্বন্ধে সচেতন হবেন। ঔষধের কথায় বলবো াজকে এন. আর. এস-এ গিয়ে দেখলাম আমাদের য়্যাডভোকেট জেনারেলের জামাই-াবু, আমার শিক্ষক ছিলেন ডাঃ অনিরুদ্ধ গোস্বামী, দীর্ঘদিন ধরে ঔষধ না পেয়ে চকিনস ডিসিজের মত রোগের ঠিক মত চিকিৎসা পাচ্ছেন না কোলকাতার উপর াকেও যে কোলকাতায় ভারতবর্ষের মধ্যে প্রথম চিকিৎসা ব্যবস্থা সুরু হয়েছিল। আজ ন. আর. এস.-এর কণ্ডিশান কি? সেখানে হার্টের রুগী সরবিট্রেট পেনিটেট পায়না-নো ক। কোলকাতার দূষিত আবহাওয়ার জন্য ব্রেংকিয়াল শ্বাস কষ্ট হয় তার কোন ঔষধ াই। ডায়াবিটিজের রুগীর ডিভিটেড নেই। আমাদের দেশে শতকরা ৯০ ভাগ লোক নিমিয়ায় ভুগছে তারজন্য ফেরো সালফেট ৫ পয়সা দাম, নেই।

[7-30—7-40 p m.]

তাহলে মেদিনীপুরের সুদূর পল্লীর একটা হেল্থ সেণ্টার, গোপিবল্লভপুরের াকটা হেল্থ সেণ্টার কিংবা সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার কিংবা বীরভূমের এক. হেল্থ সেণ্টারের কি কণ্ডিসান সেটা আপনারা চিন্তা করে দেখুন। কমিউনিটি হেল্থ স'টারের কথা বলেছেন। লজ্জা করে না আপনাদের, আপনারা সি পি এম'র কেডার ণ্তি করার জন্য সি এইচ এস কোর্স চালু করে দিয়েছেন, অথচ আপনারা ডাক্তারদের উটিলাইজ করতে পারছেন না। আজকে আপনারা ফেরাস সালফেট দিতে পারছেন া। আজকে স্ট্রেপটোমাইসিনের মত এ্যাণ্টিবায়োটিক ড্রাগ দিতে পারছেন না। আজকে পেনিসিলিন নেই। আজকে হাসপাতালে চিকিৎসা করাতে গেলে মরবেন। াই স্বাস্থ্য মন্ত্রীর কাছে অনুরোধ অত্যন্ত বৈজ্ঞানিক ভিত্তিতে আজকে চিন্তা করতে হবে। ভাষ মুখোপাধ্যায়, একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বৈজ্ঞানিক, তাঁকে আপনাদের

যন্ত্রণায় নির্যাতনে আত্মহত্যা করতে হয়েছে। তাঁকে আপনারা সুযোগ পর্যন্ত দেননি বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রমাণ করে দেওয়ার। আপনাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যাওয়া উচিত ছিল। আগে যিনি স্বাস্থ্য মন্ত্রী ছিলেন তাঁকে সামনে রেখে আর কতকগুলি ডাক্তারকে ঠুঁটো জগন্নাথ বানিয়ে অফিসারের তকমা এঁটে দিয়ে তাদের দিয়ে স্বাক্ষর করিয়ে সমস্ত কিছু অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করেছেন আপনারা। আপনাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যাওয়া উচিত। আজকে সুভাষ মুখোপাধ্যায়ের আত্মার প্রতি শ্রদ্ধা জানাই এবং দাবি জানাই তার কোন বৈজ্ঞানিক চিকিৎসককে যেন এমন করে আর মরতে না হয়। ডাঃ অম্বরীশ মুখার্জী একজন ডাক্তার, আপনারা ৫ জনে দ্রৌপদির মত দপ্তরকে ভাগ করে নিয়েছেন—বড় ভাই যুধিষ্ঠির, মুখ্যমন্ত্রী মেজ ভাই, আপনি আর নকুল সহদেব পর পর ৪ জন আছে। এমনি করে হয় না। আজকে ১৯৮২ সালের ২৩শে সেপ্টেম্বর আপনারা একটা দপ্তরকে পাঁচ ভাগে ভাগ করে দিয়ে সমন্বয় সৃষ্টি করবেন? আপনারা দেখেছেন যে সুপারিনটেনডেন্ট এবং প্রিন্সিপ্যাল ভাগ করে দেওয়ার ফলে হাস-পাতাল চালাতে পারছে না। ননী বাবু যেটা কন্ট্রোল করতেন ৬৪ কোটি টাকা সেখানে স্টোরের মাল আর ওষুধ কেনা ভাগ বাটোয়ারা করার জন্য এবং বিভিন্ন জায়গায় যেসব চুরি হয় সেগুলি কণ্ট্রোল করার জন্য আপনারা ডিপার্টমেণ্ট ভাগ করেছেন। আজকে মেডিকেল কলেজের দিকে তাকিয়ে দেখুন, সেখানে অধ্যাপক নেই।

(এই সময় নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা তাঁর বক্তব্য অসমাপ্ত রাখিয়া আসন গ্রহণ করিলেন।)

**শ্রীসতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে দু'চারটি কথা বলছি। আজকে গাছের গোড়া কেটে আগায় জল দিলে কোন লাভ হয় না এবং উন্মাদের মত চিৎকার করলেও কোন লাভ হয় না। পশ্চিমবঙ্গের মত একটা রাজ্যের স্বাস্থ্য খাতে যে বাজেট উত্থাপিত হয়েছে এটা গোটা ভারতবর্ষের আর্থ, সামাজিক এবং রাজনৈতিক প্রেক্ষাপটে ভাবতে হবে। ডাঃ শিশির বোস বলেছেন যে স্বাস্থ্য একটা বিচ্ছিন্ন ঘটনা নয়, আমি তাই ওঁর সঙ্গে সহমত পোষণ করে বলব যে খাদ্য, বস্ত্র, শিক্ষা, বাসস্থান এবং চিকিৎসা এই পাঁচটি মৌলিক অভাব পূরণের ভেতর দিয়ে মানুষের পরিপূর্ণ প্রকাশ হতে পারে, গোটা সমাজের পরিপূর্ণ প্রকাশ হতে পারে। কিন্তু ৩৫ বছর কংগ্রেসী শাসনের মধ্য দিয়ে এই পাঁচটা সমস্যার কোন একটা সমস্যার সমাধান আমরা করতে পেরেছি কি? পারিনি। আমি আনন্দ-বাজার পত্রিকার ৯ই সেপ্টেম্বর তারিখের একটা তথ্য আপনাদের সামনে তুলে ধরছি। সেখানে বলছে একটা গ্রামাঞ্চল শহরে ২ লক্ষ ৬৩ হাজার ৭৪১ জন ছাত্র-ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করার ফলে ধরা পড়েছে এর মধ্যে ৫৬ হাজার ৫৫৮ জন ছাত্র-ছাত্রী অসুস্থ। এই রকম ভাবে যে তথ্য আছে তাতে দেখা গেছে গড়ে ৫ জনে ১ জন অসুস্থ। আমার কথা হচ্ছে আজকে যেখানে আমাদের দেশে শতকরা ৫০ জন দারিদ্র্য সীমার নিচে বাস করে, যেখানে নিরক্ষর লোকের সংখ্যা শতকরা ৭০ ভাগ, যেখানে লক্ষ লক্ষ বেকারিতে দেশ ভরে গেছে সেই জায়গায় দাড়িয়ে স্বাস্থ্যের কথা কল্পনা করা যায় না।

২০০০ সালেও সম্পূর্ণ স্বাস্থ্যের কথা কল্পনা করা যাবে না। এইভাবে যদি কংগ্রেসী রাজত্ব চলে, এইভাবে যদি গোটা দেশে পুঁজিবাদী ব্যবস্থা বজায় থাকে, কোটি

কোটি বেকার ভিখারী, দুর্ভিক্ষ, অসামাজিক, জোচ্চুরী-জালিয়াতী, ভেজাল ঔষধের কারবার যদি চলতে থাকে তাহলে গোটা দেশ একটা হাসপাতালে পরিণত হবে, রোগী ভর্তির সমস্যার সমাধান হতে পারে না। ৩৫ বছরের কংগ্রেসী রাজত্বে দেশকে এই জায়গায় নিয়ে আসা হয়েছে। ডঃ হৈমী বসু বললেন, তাকে নাকি ধর্ষণ করা হয়েছে। ৩৫ বছরের কংগ্রেসী রাজত্বে এই ধর্ষণকারীদের সংখ্যা বেড়েছে, সমাজবিরোধীদের সংখ্যা বেড়েছে, ওরা গোটা দেশকে দুর্ভিক্ষে পরিণত করেছে। স্যার, আজ ওকে তো ধর্ষণ করেছে, ওকে কিডন্যাপ করে নিয়ে গিয়ে সিগারেটের ছ্যাঁকা দিয়েছে। ও যদি মেয়ে হত তাহলে ওঁকে ধর্ষণ করতো। আমি একটা কাগজ খুলে দেখছিলাম আজকে গোটা বিশ্বে সাম্রাজ্যবাদী চক্রান্তে যুদ্ধের উন্মাদনা ছেয়ে গেছে। আজকে ২৩ তারিখে কলকাতার বুকে যে মহা মিছিল করতে হল সেই মহা মিছিলে পোস্টার আছে পুঁজি-বাদীদের মুনাফাখোরীদের লাভের জন্য দেশের কোটি কোটি মানুষকে ভিখারিতে পরিণত করে তারা যুদ্ধের উন্মাদনা জিইয়ে রাখছে। আমরা যেখানে ঔষধ কিনতে পারছি না, একটা বেড বাড়াতে পারছি না, একটা হাসপাতাল বাড়াতে পারছি ন্য, সেখানে আজকে গোটা বিশ্বে সেই যুদ্ধের দামামার মধ্যে দিয়ে যে কথাটা শুনতে পাচ্ছি সেটা এখানে তুলে ধরছি। যুদ্ধের একটা ট্যাঙ্কের জন্য যা খরচ হয় তা দিয়ে ৫২০টা ট্রাক্টর তৈরী হতে পারে এবং একটা জঙ্গী বিমানে যা খরচ হয় তা দিয়ে ৪০ হাজার গ্রামীন স্বাস্থ্যকেন্দ্র তৈরী করা যেতে পারে। তাই, আমি বলছি গোটা দেশটাকে আমরা কোথায় নিয়ে যাচ্ছি। বিচ্ছিন্ন ভাবে শুধু ঐ হাসপাতালে ডাক্তার নেই, বেড, মশারী, খাট নেই এই কথা তুললে হবে না, সমস্যাকে সামগ্রীক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। শিশিরবাবুকে দেখে দুঃখ হয়, উনি বসু পরিবারের ঝরা ফুল, দেখতে সুন্দর — হরমোহনবাবুকে বলবো উনি একটু ভুল করেছেন — উনি ঝরা ফুল, দুদিন পরে এখন যেটুকু ঘ্রাণ আছে তাও আর থাকবে না, শেষ হয়ে যাবে। উনি বলেছেন, আমরা নাকি রাজনৈতিক সঙ্কীর্ণতার মধ্যে দিয়ে চলছি তাই পরিবর্তন সম্ভব নয়। কিন্তু আমি বলি আজকে রাশিয়ার বলশেভিক পার্টির নেতৃত্বে একটা সমাজতান্ত্রিক দেশ, শুধু রাশিয়া নয়, গোটা সমাজতান্ত্রিক দুনিয়ায় খাদ্য, বস্ত্র, চিকিৎসা, স্বাস্থ্য এগুলির কোন সমস্যা নয়, সেখানে এই সমস্ত সমস্যার সমাধান করা গেছে। আজকের দিনে যদি পরিপূর্ণ ভাবে এই সমস্যার সমাধান করতে হয় তাহলে গোটা সাম্রাজ্যবাদী দুনিয়া থেকে গোটা পুঁজিবাদী ব্যবস্থাকে ভেঙ্গে গুড়িয়ে দিতে হবে, তার মধ্যে দিয়ে শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা কায়েম করলে তবেই পরিপূর্ণ স্বাস্থ্য সমৃদ্ধ সমাজ সম্ভব হবে। বিচ্ছিন্ন ভাবে দলকে বাদ দিয়ে কংগ্রেস (আই)-এর মধ্যে মাথা হাটু গেড়ে দিয়ে পরিপূর্ণ স্বাস্থ্য সমৃদ্ধ সমাজ-এর কল্পনা করা যায় না। শিশিরবাবুরা ঐ জায়গায় ভুল করেছেন। তাই বলছি যে স্বাস্থ্য আলাদা বিচ্ছিন্নভাবে দেখলে হবে না, গোটা সমাজের মৌলিক পরিবর্তনের সঙ্গে এটাকে মিলিয়ে দেখতে হবে, তা না হলে কানার হাতী দেখার মত হবে। কানা লেজ দেখে বলে হাতী লম্বা সাপের মত। তাই মানস ভুঁইয়াদের বলবো, ডঃ হৈমী বসু, শিশির বসুকে বলবো যে ঐ লেজ দেখা বলবেন না যে হাতী সাপের মত দেখতে। আপনারা একটু তলিয়ে দেখুন, আর একটু প্রায়শ্চিত্ত করার চেস্টা করুন, আর একটু ভাবতে চেস্টা করুন, তা না হলে দেশের মানুষ আপনাদের ক্ষমা করবে না, আজকে ৫০শে আছেন কালকে ৫ পেঁৗছে

দেবে। আমি এই বরাদ্দকে সমর্থন করে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-40—7-50 p.m.]

**শ্রীভবানী মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য দপ্তরের বাজেট যখন এখানে পেশ করা হয়েছিল তখন সেই স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী অম্বরিশবাবুর ছাপা বক্তৃতা তার সঙ্গে আমার অতি সংক্ষেপে একটি বিবৃতি পেশ করেছিলাম। সেটা হচ্ছে পরিবেশ সম্পর্কিত বিবৃতি। স্বাস্থ্য দপ্তরের সঙ্গে জড়িত বলে আমি এটা এই ভাবে রেখেছিলাম। এ সম্বন্ধে কেউ কোন কথা বলেননি। হয়তো স্বাস্থ্য দপ্তর অনেক বড় এবং অনেক অভিযোগ রয়েছে এবং সময়ও অল্প, তাই সেই সব সমস্যা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে এ সম্বন্ধে আলোচনা বাদ পড়ে গেছে। এই পরিবেশ দপ্তর সৃষ্টি হয়েছে দ্বিতীয় বামফ্রণ্ট সরকার সৃষ্টি হবার পর। এটা একটা নূতন দপ্তর এবং এটা যে খুব দৃষ্টি আকর্ষণ করেছে তা সংবাদপত্রের আলোচনা থেকে বোঝা যায় এবং এটা এই দপ্তরের প্রতি সকলের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই দপ্তর তৈরী হয়েছে বটে কিন্তু তার কোন গ্রাণ্ট বাজেট বইতে নেই। একটা দপ্তর করতে গেলে তার কতকগুলো ফাইন্যানসিয়াল রুলস আছে। তাই কোন হেড তৈরী হয়নি। এই টাকা বিভিন্ন দপ্তরে রয়েছে। এ্যানিম্যাল হাজব্যাণ্ডারী, পাবলিক হেল্‌থ স্যানিটেসন, শিক্ষা বিভাগ স্বাস্থ্য দপ্তর-এর ৩৮ নং যে ডিমাণ্ড তার মধ্যে রয়েছে। এই সমস্তগুলিকে একত্রিভূত করে পরে প্লেস করা হবে। যাহোক যদিও আজকে পরিবেশ সম্পর্কে আমার আগে কেউ আলোচনা করেননি তবুও আজকে এটা খুব গুরুত্বপূর্ণ আলোচনার বিষয়বস্তু হয়ে পড়েছে। এটা সম্পূর্ণ নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে বিজ্ঞান ভিত্তিক একটা ব্যবস্থা নেওয়া হয়েছে। এই পরিবেশ শুধু স্বাস্থ্য দপ্তরের সঙ্গে জড়িত নয়। যদিও এর ডিমাণ্ডের মাধ্যমে এটাকে আনা হয়েছে। আজকের দিনে এই যে আলোচনা হচ্ছে তা সারা বিশ্বে এই পরিবেশ আলোচনা সুরু হয়ে গেছে ১৯৭২ সালে যে আন্তর্জাতিক সম্মেলন হয়েছিল, সেখান থেকে সুরু হয়েছে। দ্রুত গতিতে বন সৃজন — নূতন করে গ্রাম সহর তৈরী করা। আমরা বিরাট বিরাট নদীতে বাঁধ দিয়েছি এবং জল বিদ্যুৎ সেচের ব্যবস্থা ইত্যাদি এই সব করেছি। অনেক বড় বড় পরিকল্পনা করা বড় বড় কলকারখানা আমরা সৃষ্টি করেছি। আজকে যেটা প্রয়োজন উৎপাদন — তা আমরা করছি।

আমরা সুরু করেছি, সেটা কি করে একটু সামলান যায়। সেদিক থেকে আমি বলতে চাইছি, এই পরিবেশ দপ্তরের সামগ্রিক পরিধিটা হচ্ছে সমস্ত উন্নতিমূলক কর্মসূচীর সঙ্গে এবং প্রত্যেকটি উন্নতিমূলক পরিকল্পনার এনভায়ারমেণ্ট এর এফেক্টটা কি হবে, এটাকে বিবেচনার মধ্যে রেখে ভবিষ্যতে পরিকল্পনাগুলো আমাদের করতে হবে। স্বাস্থ্য বিভাগের মধ্যে আমাদের ডিরেক্টলি যে পলিউসন, জলে যে দূষিত করণ, বায়ুর যে দূষিত করণ এবং সে সম্বন্ধে কার্য্যকলাপ এই বিভাগের প্রত্যক্ষ কাজের মধ্যে রয়েছে। আপনারা জানেন, ওয়াটার পলিউসন বোর্ড সেটা এত দিন যেভাবে কাজ করছিল, আজকে সেটাকে আরও সক্রিয় করার প্রয়োজন রয়েছে। কারণ এর ভিতর দিয়ে ওয়াটার এবং এয়ার দূষিত করণ রোধের কাজ আমাদের করতে হবে। সম্প্রতি আর একটা জিনিষ

চ্ছে, সেটা হচ্ছে নয়েজ পলিউসন। যদিও নয়েজ পলিউসন সম্পর্কে এখন পর্য্যন্ত র্বভারতীয় কোন আইন হয়নি, কিন্তু নয়েজ পলিউসনটা বর্তমানে একটা প্রবলেম হয়ে াঁড়িয়েছে। এই সম্পর্কেও আমরা রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের াছে দৃষ্টি আকর্ষণ করব। নয়েজ পলিউসন সম্পর্কে একটা সর্বভারতীয় ব্যবস্থা ওয়ার প্রয়োজন রয়েছে। মুস্কিল যেটা হচ্ছে, আজকে পরিবেশ দপ্তর সৃষ্টি হয়েছে মন সাধারণ মানুষের মধ্যে একটা উৎসাহের সৃষ্টি হয়েছে, এই উৎসাহ সৃষ্টি হওয়ার লে তারা ভাবতে আরম্ভ করেছে যেন সব বিভাগগুলো উঠে গেছে। আজকে সহরে দি আবর্জনা জমা হয় তাহলে তারা মনে করছে, এটা বোধহয় পরিবেশ দপ্তরের কর্তব্য। ামের মধ্যে যেখানে পুকুরে লোকে জল খাচ্ছে, সেখানে টিউবওয়েল দিতে না পারলে ারা ভাবছে এটা পরিবেশ দপ্তরের কাজ। ব্যাপারটা কিন্তু তা নয়। বিভিন্ন দপ্তরগুলোব রিবেশমূলক কাজগুলোকে সামগ্রিকভাবে দেখাশোনা করার দায়িত্ব এই দপ্তরের। অন্যান্য ভাগগুলোকে সক্রিয় করার ভিতর দিয়ে পরিবেশের যে সামগ্রিক দৃষ্টিভঙ্গী, এই বিভাগ । watch dog হিসেবে কাজ করবে, এটাই হচ্ছে কেন্দ্রীয় দৃষ্টিভঙ্গী এবং আমরাও ই দৃষ্টিভঙ্গী রেখেছি। এই কথা বলে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

**শ্রীফণীভূষণ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ অম্বরীশ মুখার্জী, মাননীয় মন্ত্রী হাশয় স্বাস্থ্য দপ্তরের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমি দু-একটি থা বলছি। আমি প্র্যাকটিস করিনা, তবু আমার কথা অনেক ডাক্তারের ভাল লাগবে ।, কিন্তু আমি স্বাস্থ্য দপ্তরের খরিদ্দার, যেহেতু আমি স্বাস্থ্য ভাল রাখতে চাই, এই াবীতে আমি বক্তব্য রাখছি। আমি প্রথমতঃ মন্ত্রী মহাশয়ের একটি বাজেটের ব্যাপারে লতে চাই, এখানে দেখতে পাচ্ছি যে তিনি তিন দফায় বাজেট পেশ করেছেন। িকিৎসার ২৮০ এবং ৪৪৮, চিকিৎসা সম্পর্কে মূলধন নিয়োগ। বাজেটে রাখা হয়েছে ৩ কোটি ৫৮ লক্ষ ১৩ হাজার টাকা আর দেখতে পাচ্ছি পরিবার কল্যাণ খাতে রাখা য়েছে ১৩ কোটি ৯১ হাজার ৯৪ টাকা। আর একটা দেখতে পাচ্ছি জনস্বাস্থ্য, জল-রবরাহ ইত্যাদি ৫১৮০'৬ টাকা। আমি বুঝতে পারছি না এই বাজেটের মধ্যে মোট ব্যয়, ৩টে মিলিয়ে যে ব্যয় তা উল্লেখ করে তিনি যা বলছেন তাতে দাঁড়াচ্ছে ১৮৪ কাটি ১ লক্ষ ৮৭ হাজার টাকা। কিন্তু আমি হিসেব করে দেখতে পাচ্ছি ১৭৯ কোটি ৯ লক্ষ এবং ৭১ হাজার টাকা। কোনটা পাশ হবে আজকের বাজেটে? সামগ্রিক াবে বলা হল যে দপ্তর ওয়াইজ এটা বলা হচ্ছে, আমি ভুল করছি কিনা জানি না, মন্ত্রী হাশয় এটা একটু দেখবেন, কোন অঙ্কটা আজকের বাজেটে পাশ হবে। এই একটা িনিষ আপনার কাছে রাখলাম। আর একটা দেখা যাচ্ছে একবার আপনি বলছেন ৮২ নম্বর, তারপর দেখছি ওটাকে বলা হচ্ছে ৬৮২ নম্বর। কোন দফাটা আসল? খানেও দেখতে পাচ্ছি ভুল। এটা দেখবেন, দেখে, এই বাজেট যখন পাশ করবেন খন সিদ্ধান্ত সেইভাবে নেবেন।

[7 50—8-00 p.m.]

স্বাস্থ্যকেন্দ্রগুলির কি অবস্থা হয়েছে সেটা একটু দেখুন। আমি কলকাতা শহরের থা বলছি না। কারণ, কলকাতা শহরে অনেক বড় বড় ডাক্তার আছেন এবং এই

সম্পর্কে অনেক কথা বলেছেন। আমি গ্রামের লোক, তাই গ্রাম বাংলার কথাই তুলে ধরতে চাই। মালদহ সদর হাসপাতালের কথা এখানে উল্লেখ করছি। আমার মনে হয় সমস্ত ডিস্ট্রিক্ট হাসপাতালগুলিতে এই রকম একই অবস্থা হয়েছে। ওখানে চিকিৎসার নামে কি দুরবস্থা যে হয়েছে, চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। রোগীদের দেখার ডাক্তার নেই। রোগী নিয়ে এলে ডাক্তাররা ঠিকমত এ্যাটেণ্ড করেন না। রোগীরা মুমূর্ষু অবস্থায় পৌঁছে গেলে ডাক্তার কল করার ৩/৪ ঘণ্টা পরে তারা দেখতে আসেন। একই চিকিৎসায় ২।৩ জন ডাক্তার আছেন। কিন্তু দুঃখের কথা হল যার বেডে রোগী ভর্তি করা হয়েছে তিনি ছাড়া অন্য কেউ দেখবেন না। তিনি হয়ত অন্য কোন রোগী দেখতে গেছেন, তাকে সাহায্য করতে অন্য কোন ডাক্তার এগিয়ে আসবেন না। অর্থাৎ মেডিসিনের ব্যাপার হলে, সারজারি তাকে সাহায্য করবেন না, মানুষের সেবা করার জন্যই তো ডাক্তারী শিক্ষা নিয়েছেন। এই রকম হলে মানুষের সেবা কি করে করবেন? তারা যে ভ্যানিটি নিয়ে চলেন সেটা দূর না করতে পারলে মানুষের সেবা করা সম্ভব হবে না। তাই আমার অনুরোধ আপনি একজনকে হেড করুন, তারই ইনসট্রাকসনে সব কিছু চলবে। নার্সদের অবস্থা সম্বন্ধে শিশিরবাবু তো একটু আগে ভাল করে বলে গেলেন। মায়ের স্নেহ নিয়ে রোগীদের সেবায় এগিয়ে আসতে তিনি আহ্বান জানালেন। কিন্তু দুঃখের কথা হল, রোগীরা চিকিৎসার জন্য যায়, অথচ নার্সরা যেভাবে দাঁত খিঁচুনি দিয়ে পাশাপাশি উল বুনে চলে তাতে করে রোগীদের দিকে একবার ফিরে তাকাবারও সময় থাকে না। মায়েদের আমি প্রনাম জানাচ্ছি। কিন্তু এই বাস্তব অবস্থা আমরা হাসপাতালগুলিতে দেখতে পাচ্ছি। এই দিকে মন্ত্রী মহাশয়কে একটু দৃষ্টি দিতে অনুরোধ করছি। গ্রামে যে প্রাইমারী হেলথ সেণ্টার, সাবসিডিয়ারি হেলথ সেণ্টারগুলি করা হয়েছে, সেখানে বেড আছে বটে, শহরের বেডের মত গ্রামের বেডের চিকিৎসার ব্যবস্থা নেই। গ্রামের হাসপাতালগুলির বেডের সংখ্যা বেশী নয়। ডাক্তারের ব্যবস্থা নেই। জি. ডি. এ., নার্স, কম্পাউণ্ডাররা চিকিৎসা করছেন। এই ভাবে কত রোগী যে মারা যাচ্ছে তার কোন ঠিক নেই। এই কথা বলে আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাম নারায়ণ গোস্বামী ঃ** মাননীয় স্পীকার, স্যার, বছর দুই আগে মধ্যপ্রদেশের কংগ্রেস সরকারের একজন প্রতিমন্ত্রী হকি খেলা দেখতে গিয়ে তিনি খুব ভাবিত হয়ে পড়লেন। তিনি মাঠে গিয়ে দেখলেন ২২ জন প্লেয়ার একটি মাত্র বল নিয়ে ছোটাছুটি করছে। তাই তিনি বললেন আমি খুব দুঃখিত, আমাদের দেশ এতই গরীব যে একটি বলের পিছনে ২২ জন প্লেয়ার ছোটাছুটি করছে। ভবিষ্যতে আমি ২২টি প্লেয়ারকে ২২টি বল দিয়েই মাঠে নামাব। কংগ্রেসী বন্ধুরা যে দৃষ্টিভঙ্গী নিয়ে এটাকে দেখবার চেষ্টা করলেন, আমরা সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই সমস্যাটিকে দেখি না। স্বাস্থ্য দপ্তরের সমস্যাগুলি বলতে আমরা এটা বুঝি না যে ঐ ২২ জনের প্রত্যেকের জন্যই একটি করে গলায় ষ্টেথিসস্কোপ ঝুলিয়ে ডাক্তারবাবু থাকবেন। একজন ডাক্তারবাবু তিনি ঐ ২২ জন রোগীকেই পরীক্ষা করে দেখে যাবেন। আপনাদের মত এ সমস্ত ধারণা নিয়ে আমরা সমস্যাটিকে দেখি না। আমাদের দেশের রাষ্ট্র কাঠামো, সমাজ ব্যবস্থার মধ্য দিয়েই আমরা এই সমস্যাগুলি বিচার করে দেখতে চাই। স্যার, আপনি জানেন

আমাদের দেশ ৩৫ বছর স্বাধীন হবার পরেও এখনো শতকরা ৮০ ভাগ লোক দারিদ্র সীমার নীচে বাস করে। ৬৪ ভাগ মানুষ এখনো পর্যন্ত নিরক্ষর। এর ভিতর আবার শতকরা ৮০ ভাগ মানুষই গ্রামে বাস করে। শুধু এই কলকাতা শহরে প্রায় ১ হাজার ১৫টির মত বস্তি আছে, যেখানে ১০ লক্ষ মানুষ বাস করে। সেই বস্তিগুলির অবস্থা আমরা সকলেই জানি। সুতরাং এইদিকে চিন্তা করে আমাদের বিচার করতে হবে। অন্যদিকে আবার আমাদের এটাও চিন্তা করতে হবে এই ভেষজ শিল্প মুষ্টিমেয় কয়েকজন কোটিপতি, মহাজনের হাতে নিবদ্ধ হয়ে আছে। তারা এই ওষুধ শিল্পটিকে নিজেদের কব্জার মধ্যে আটকে রেখেছে। স্যার, এই কয়েক বছরে ওষুধের দাম কি ভাবে বেড়ে গেছে সেটা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। এ্যাড্রেনালিনা ইনজেকসান-এর দাম ১৯৭৬ সালে ছিল ১৪ টাকা, এখন তার দাম ২৫.২৫ টাকা, এ্যানাসথেটিক ইনজেকসনের দাম ছিল ৯ টাকা, এখন ২১ টাকা দাম হয়েছে।

পেথিডিন ইনজেকসানের দাম ছিল ৪০ টাকা, এখন হয়েছে ৫৫ টাকা। স্ট্রেপটোমাইসিন-১০০-র ফাইলের দাম ছিল ৬৭ টাকা, এখন হয়েছে ১৩৯ টাকা। প্যান সোডিয়াম যার ২০০ গ্রামের টিনের দাম ছিল ২৫ টাকা সেটা এখন হয়েছে ৩৮'০৭ টাকা। শুধু যে ঔষধের দামই তারা বাড়িয়ে যাচ্ছেন তাই নয়, সেখানে এক্স-রে মেসিনের দাম ১৯৭৬ সালে যেখানে ছিল — ১০০ এম. এম — ৬৫ হাজার ৯৪৪ টাকা এখন তার দাম হয়েছে — ১৯৮২ সালে ১ লক্ষ ৬০ হাজার টাকা ২০০ এম. এম-এর দাম ১৯৭৬ সাল ছিল ১ লক্ষ ৭৯৭ টাকা তার দাম এখন হয়েছে ২ লক্ষ ৩ হাজার টাকার মতন। এ্যাম্বুলেন্স, যেটা আমাদের খুব জরুরী জিনিষ তার দাম ১৯৭৬ সালে ছিল ৬০ হাজার টাকা, এখন তার দাম হয়েছে ১ লক্ষ ৪ হাজার টাকা এবং গত ৫ বছরে যা অবস্থা সেটা হচ্ছে হাসপাতালে এ্যাম্বুলেন্স সরবরাহ করার জন্য একবার টাকা স্যাংসান করা হল ৬০ হাজার টাকা, মাহিন্দ্র এ্যাণ্ড মাহিন্দ্র কম্পানী তার দাম বাড়িয়ে করলেন ৭৬ হাজার টাকা, আবার সেখানে ৭৬ হাজার টাকা স্যাংসান করা হল, তারা আবার দাম বাড়িয়ে দিলেন এবং তার দাম করলেন ৮৫ হাজার টাকা, ৮৫ হাজার টাকা স্যাংসান করা হল তখন তারা আবার তার দাম বাড়িয়ে করলেন ১ লক্ষ ৪ হাজার টাকা — এই হচ্ছে অবস্থা। এইভাবে দেখা যাচ্ছে চিকিৎসা জগতের একান্ত প্রয়োজনীয় এক্স-রে মেশিন, এ্যাম্বুলেন্স এবং আরো বড় জিনিষ ঔষধ এগুলি কব্জা করে আছে ভারতবর্ষের একচেটিয়া কোটিপতিরা এবং বহুজাতিক কর্পোরেশনগুলি। তারা দিনের পর দিন এইসব জিনিষ করছে। দ্বিতীয়তঃ আমরা ভুলতে পারবো না যে এই ৩৫ বছরের মধ্যে প্রায় ৩০ বছর কংগ্রেস রাজত্ব করেছে এবং পশ্চিম বাংলায় ১৯৭০/৭৭ সাল পর্য্যন্ত যা হয়েছে তার কথা। সেই সময় যে অন্ধকার যুগের তারা সৃষ্টি করেছিলেন তার থেকে হাসপাতালগুলিও বাদ যায়নি। এই সমাজ ও রাষ্ট্র কাঠামো এবং ৩৩ বছরের কংগ্রেসী রাজত্বের পটভূমিতে একটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে স্বাস্থ্য দপ্তরের সমস্যাগুলিকে দেখতে হবে। স্যার, ১৯৭৬/৭৭ সালে ওদের আমলে এই দপ্তরের জন্য বরাদ্দ ছিল ৭০ কোটি ৭৬ লক্ষ ৫২ হাজার টাকা আর আমাদের আমলে এখন আমরা এটা করেছি ১৮৪ কোটি ১ লক্ষ ৮৭ হাজার টাকা। ৬ বছরে এত টাকা বৃদ্ধি আমরা করেছি। তারপর আরো বলি, ১৯৭৬ সালে হাসপাতালের সংখ্যা ছিল

১২০টি, এখন তা বেড়ে হয়েছে ১৩১টি। হেল্‌থ সেণ্টার আগে ছিল ১ হাজার ৩৯টি, এখন সেটা বেড়ে হয়েছে ১১২৮টি। তা ছাড়া যে সমস্ত হাসপাতাল আমরা খুলতে যাচ্ছি — এখনও কনস্ট্রাকসান চলছে, শীঘ্র শেষ হয়ে যাবে — তার সংখ্যা হচ্ছে ২৮টি এবং হেল্‌থ সেণ্টার হচ্ছে ৫৬টি। তারপর যেগুলি আমরা স্যাংসান করেছি, যার কাজ শীঘ্রই আমরা হাতে নেব — কনস্ট্রাকসানের কাজ — সেরকম হসেপাতালের সংখ্যা হল তিন এবং হেল্‌থ সেণ্টার হল — এক। গত ৫ বছরে বেডের সংখ্যাও বেড়েছে। ১৯৭৬ সালে বেডের সংখ্যা ছিল ৫২ হাজার ৬২৪টি এখন তা বেড়ে হয়েছে ৫৮ হাজার ৪৮১টি। ডায়েট রেট ১৯৭৬ সালে ছিল ২৷৷ টাকা এখন তা হয়েছে ৪ টাকা এবং টি. বি. পেসেণ্টদের জন্য ৪৷৷ টাকা। এই কয় বছরে ইনফ্যাণ্ট মরটালিটি রেট — গোটা ভারতবর্ষে যেখানে হাজারে ১২৫ জনের মৃত্যু হয়েছে সেখানে পশ্চিম বাংলার সংখ্যা হচ্ছে প্রতি হাজারে ৮১˙২০।

[8-00—8-10 p.m.]

অন্যদিক থেকে কংগ্রেস আমলে ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪, ১৯৭৫ সালে গেস্ট্রো-এণ্টারাইটিস, কলেরা ইত্যাদি কি অবস্থায় ছিল সেটা দেখুন। ১৯৭৩ সালে আক্রান্ত হয়েছিল ৩২০৬ জন, মারা গেছে ৬২২ জন। ১৯৭৪ সালে আক্রান্ত হয়েছিল ৫৬৮৩ জন, মারা গেছে ১৩১৪ জন। ১৯৭৫ সালে আক্রান্ত হয়েছিল ১৭৬৯ জন, মারা গেছে ৩০১ জন। ১৯৭৬ সালে আক্রান্ত হয়েছিল ১৪৭২ জন, মারা গেছে ৩৪৮ জন। ১৯৮২ সালে আক্রান্ত হয়েছিল ২৫২৬ জন, মারা গেছে ২৪৭ জন। শুধু কলেরা, গ্যাস্ট্রো-এণ্টারাইটিস নয়, ওরা কয়েকদিন আগে ম্যালেরিয়া নিয়ে চিৎকার করেছিল, সেই ম্যালেরিয়াতে ১৯৭৬ সালে ৩১৪৫ জন মারা গেছে এবং ১৯৭৮ সালে মারা গেছে ১২৭৮ জন। ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত মারা গেছে ৬ জন। এনকেফেলাইটিসে ১৯৭৩ সালে মারা গেছে ৪১৯ জন। ১৯৮০ সালে মারা গেছে ২৭ জন। ১৯৮১ সালে মারা গেছে ৩৫ জন এবং ১৯৮২ সালে ১০ জন। সুতরাং কংগ্রেসীরা যে কথা চিৎকার করে বলছে যে এই ৫ বছরে কিছুই করা হয়নি এবং ওদের আমলে ওরা নাকি ভাল ব্যবস্থা করেছিল, এটা বাস্তবে সত্য নয়। এটাও আমরা উত্তরাধিকার সূত্রে ওদের কাছ থেকে পেয়েছি। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে আমরা বলেছি যে বিশেষ করে এই অবস্থার মধ্যেও স্বাস্থ্য দপ্তরের গুরুত্ব দিয়ে অগণিত মানুষকে আমাদের চিকিৎসা করতে হবে, আমাদের গোটা পশ্চিম বাংলায় যাতে আমরা প্রিভেনটিভ মেজার নিতে পারি, রোগ থেকে মানুষকে যাতে বাঁচাতে পারি তার জন্য বাজেটের ব্যয়-বরাদ্দে ওদের ডবলের থেকে বেশী করেছি। সেদিক থেকে আমি এই কথা বলতে চাই যে এর অর্থ এই নয় যে আমরা আত্মসন্তুষ্টিতে ভুগছি, নিজেদের কোন সমালোচনা করছি না, তা নয়। গত বছর আমরা যখন বাজেট রাখি সেই বাজেটে আমরা আমাদের সমালোচনা করেছি, আমরা বলেছি যে এত সত্বেও নানা সমস্য হাসপাতালে এখনও আছে — ধরুন অনেক হাসপাতালে আমরা ডাক্তার দিতে পারছি না, অনেক জায়গায় আরো স্টাফ দিতে পারছি না ইত্যাদি অনেক সমস্যা আছে। মাননীয় সদস্য ডঃ মানস ভুঁইয়া বললেন যে আমরা সি. পি. এম-এর ক্যাডার খুঁজে বেড়াচ্ছি এবং সি. পি. এম-এর লোক পাচ্ছি না বলে

তাদের চাকুরী দিচ্ছি না। কিন্তু ঘটনাটা কি? আমরা পি, এস. সি-র যে ফার্ষ্ট লিষ্ট পেয়েছি তাতে নাম ছিল ৬০৫ জনের, আমরা এ্যাপোয়েণ্টমেণ্ট লেটার দিয়েছি ৪০ পারসেণ্ট। সেকেণ্ড লিষ্টে ১৭৫ জনের নাম পেয়েছি এবং ৩০ পারসেন্ট জয়েন করেছে। থার্ড লিষ্টে ৬৬৫ এবং ৫৬ এইভাবে পেয়েছি এবং এ্যাপোয়েণ্টমেণ্ট ইস্যু করেছি। কাজেই এটা ঘটনা নয় যে আমরা সি. পি. এম-এর লোককে খুঁজে বেড়াচ্ছি। আমরা পি, এস. সি-র যে নাম পেয়েছি সেখানে আমরা চিঠি পাঠিয়েছি কিন্তু তারা জয়েন করেননি। কাজেই এই ভাবে সমালোচনা করে চিকিৎসা জগতের কোন সমাধান করা যাবে না। আমরা জানি যে আমাদের সমস্যা অনেক আছে। ধরুন এ্যাম্বুলেন্স হয়ত আমরা দিতে পারবো না, অন্ততঃপক্ষে যে এ্যাম্বুলেন্সগুলি আমাদের আছে সেগুলি কেন আমরা রিপেয়ার করতে পারবো না? এক্স-রে মেসিনগুলি — নূতন কিনতে একটু কষ্ট হবে কিন্তু যেগুলি আছে সেগুলি কেন আমরা সংস্কার করতে পারবো না? তারপর আরো যে মেসিনপত্র আছে সেগুলিকে কেন আমরা ব্যবহার করতে পারবো না এবং হসপিটালটা কেন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে পারবো না? কাজেই এগুলির উপর আমরা জোর দিয়েছি এবং আমরা যাতে এই সব জিনিষ কিছুটা করতে পারি সেটা চেষ্টা করছি। আপনারা জানেন যে এবারে প্লান বাজেটে আমাদের টাকার পরিমাণ কম এবং খুব বেশী হলে ২৫ কোটি টাকার বেশী নয়। তার মধ্যে পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং-এর জন্য অর্ধেকের বেশী টাকা চলে যাচ্ছে এবং বাকীটা এই পারপাসে থাকবে। স্বভাবতই পরের বাজেটে এগুলি আমরা ভালভাবে দেখবো। প্লান বাজেটে টাকা যদিওকম কিন্তু এসব সত্বেও আমাদের কনফিডেন্স আছে যে আমরা এগুলি সমাধান করতে পারবো।

সে ব্যাপারে আমাদের যে প্রশাসনিক দুর্বলত্য আছে এবং আরো যে সমস্ত বিষয়গুলি আছে, সেগুলি আমরা আলাপ আলোচনা করে দেখছি যে কিভাবে কি করা যায়। এ সম্পর্কে আমি বিরোধীদের বলব যে, আপনারা সমস্যার নামে কোন নৈরাজ্য সৃষ্টি করবেন না। মানুষকে হতাশ করে দিতে পারে এমন কোন প্রচেষ্টা করবেন না। কারণ সমস্যাকে সঠিকভাবে দেখতে হবে, ক্যারেক্ট এ্যাপ্রোচ টু দি প্রবলেমস, এই গোল নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। সমস্যা হচ্ছে — অগ্রগতির চালক শক্তি। ধরুন কয়েক বছর আগেও গোটা পশ্চিমবাংলা ম্যালেরিয়ায় উজার হয়ে গিয়েছিল — কিন্তু আমরা তখন ডাক্তারবাবুদের দোষারোপ করিনি, হসপিটালে হাঙ্গামা করিনি। আজও যদি কেউ ক্যান্সারে মারা যায় তাহলে ডাক্তারবাবুদের দোষারোপ করি না! স্বভাবতঃই আমরা বুঝতে পারছি যে, বিজ্ঞান আমাদের হাতে যে ক্ষমতা দিয়েছে তা নিয়ে এত সব করেও আমরা বুঝতে পারছি যে ক্যান্সারে মৃত্যু অনিবার্য। কিন্তু আজকে ম্যালেরিয়ায় মৃত্যু অনিবার্য্য নয়। তাকে প্রতিরোধ করার মত সেটুকু ক্ষমতা বিজ্ঞান আমাদের দিয়েছে। আজকে মানুষের চেতনা অনেক বেড়েছে। ভারতবর্ষের অনেক জায়গার তুলনায় পশ্চিমবাংলায় মানুষের চেতনা বেশী, স্বভাবতঃই মানুষে চায় অন্ততঃ এই সমস্ত মিনিমাম কাজগুলো হোক। সেদিক থেকে বিচার করে আমরা প্রিভেনটিভ মেজারের দিকগুলিকে প্রায়রিটি দিয়েছি। কার্য্যত এই প্রসঙ্গে বলতে গিয়ে ডাঃ শিশির কুমার বসু বললেন যে, আমরা আলমা-আতা বিরোধী করেছি। তিনি জেনে রাখুন, আমরা সেটা করছি না। সেই ডিক্লারেশন আছে, আমরা শুধু বলতে

চাইছি যে, স্বল্প সময়ের মধ্যে খানিকটা পথ এগিয়ে যাবার দিকে দৃষ্টি রেখেই আমরা ঐ কথা বলেছি। আমরা একাজে আপনাদের সাহায্য চেয়েছি। আপনারা বলেছেন, আপনারা সাহায্য করবেন। আমরা আপনাদের সহযোগিতা চাই, অগণিত মানুষকে আমরা হেল্‌থ মুভমেণ্টে ইনভল্‌ভড করতে চাই। সেইজন্য আপনারা যদি সহযোগিতা করেন, তা হলে আমরা সহযোগিতা নিশ্চয়ই গ্রহণ করব। আমাদের স্বাস্থ্য দপ্তরের কতগুলি অসুবিধা আছে, সেগুলি দূর করার জন্য আমরা মিউনিসিপ্যালিটি ইত্যাদি গণ সংগঠনগুলির সহযোগিতা গ্রহণ করব। আমাদের সীমার মধ্যে যতটুকু কাজ করার আছে ততটুকু কাজ করে আমরা আমাদের ক্ষমতার সীমাবদ্ধতাটুকু পরিষ্কার করে দেখিয়ে দিতে চাই। কারণ আমাদের কাজের সুপ্রিম কোর্ট হচ্ছে জনগণ, সেই সুপ্রিম কোর্ট বুঝবে কেমন করে সীমা অতিক্রম করা যায়।

বিরোধী সদস্যরা এখানে অনেক কথা বকলেন, আপনারা তো এখনও দিল্লীর তক্তে তাউসে আছেন, আপনারা কি বলতে পারেন স্বাধীনতার ৩৫ বছর পরেও ভারত সরকারের কোন্ ইণ্টিগ্রেটেড হেল্‌থ পলিসি নেই কেন? তার ড্রাফ্‌ট পলিসি পর্যন্ত নেই। হাতী কমিটির রিপোর্টে বার বার বলা হয়েছে— বহু জাতিক কোম্পানীগুলির হাতে যদি সমস্ত ওষুধ তৈরীর দায়িত্ব ছেড়ে দেওয়া থাকে তাহলে অসুবিধা থেকে যাচ্ছে। অথচ ইন্দিরা কংগ্রেস হাতী কমিটির রিপোর্ট বাতিল করে দিয়েছে।

সমস্যা আছে, কিন্তু সমস্যাকে একটু বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে এবং সমাধানের দিকে এগিয়ে যেতে হবে। সেদিক থেকে আমি বিরোধীদের বলব, আপনারা হস্পিটলে গুণ্ডা পাঠিয়ে দেবেন না। হসপিটালগুলিকে সমাজবিরোধীদের ঘাঁটিতে পরিণত করবেন না। আপনাদের একথা বলার কারণ হচ্ছে, আপনাদের সময়ে আপনারা বিগত কয়েক বছর এসব জিনিষ করেছেন এবং এসব জিনিষকে মদত দিয়েছেন, প্রশ্রয় দিয়েছেন।

তারপরে ডাঃ হৈমী বসু—বর্ণালী দত্তের খুনের কথা বললেন। হ্যাঁ তিনি সত্য কথাই বলেছেন, আমার ছোট বোন বর্ণালী দত্তর ইজ্জৎ থাকবে, আর ডাঃ হৈমী বসুরাও থাকবে, দুটো হতে পারে না। আমি তাঁকে জিজ্ঞাসা করি, তিনি তো আমাদের সঙ্গে ছিলেন, তাঁকে আমাদের পার্টি থেকে তাড়ালাম কেন? সেটা একটু বলুন।

[8-10—8 20 p.m.]

আমি আপনাদের বলছি হাসপাতালে যাতে সমাজ-বিরোধিদের আড্ডায় পরিণত না হয় তার ব্যবস্থা আমরা করবো এবং গুণ্ডাদের মোকাবিলা করবো। দেশের অগণিত মানুষের সাহায্য নিয়ে আমরা সেই কাজ করবো। অন্যদিকে আমি বলতে চাই, কিছু ডাক্তারের গাফিলতি আছে, কিছু ডাক্তার ঠিকমত কাজ করছে না। এই রকম কিছু আছে আমাদের মধ্যে কিন্তু ২।৫ জন কিম্বা ১০ জন দেখিয়ে দিয়ে সমস্ত ডাক্তারের বিরুদ্ধে অপরাধ দেওয়া চলতে পারে না এবং ডাক্তারদের অপবাদ দিয়ে কখনও চিকিৎসা জগতের উন্নতি সাধন হয় না।

**মিঃ স্পীকার ঃ** এটা ৮ বেজে ১৪ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু দেখছি, আরোও সময় লাগবে। সুতরাং সভার অনুমতি নিয়ে আরোও ৪৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম। আশা করি এতে কারোও আপত্তি নেই। এবার আপনি বলুন।

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় অল্প বলে আমি দীর্ঘ বক্তৃতার মধ্যে যাবো না। আমি শুধু একটি কথা বলছি, সমস্যাটা আমরা অস্বীকার করিনা কখনও। আসরা আত্ম-সন্তুষ্টিতে ভুগছি না। আমি এটাই বলি, নৈরাজ্য সৃষ্টির প্রচেষ্টা থেকে দূরে থাকুন। সত্যিই যদি চিকিৎসা জগতের অগ্রগতি ঘটাতে চান, অগণিত মানুষের স্বাস্থ্যের দিকে যদি লক্ষ্য রাখতে চান তাহলে যে বাস্তব দৃষ্টি-ভঙ্গী নিয়ে বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছে আপনাদের যদি সেইরকম কিছু থাকে তাহলে আপনাদের পরামর্শ দেবেন, আমরা সেই পরামর্শ আপনাদের কাছ থেকে নেবো। কিন্তু শুধু ওর উস্কে দিয়ে ডাক্তারদের বিরুদ্ধে অপবাদ ছড়িয়ে, আজে-বাজে খবর প্রচার করে চিকিৎসা জগতের কোন উন্নতি করতে পারবেন না। এখানে মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইঞা বললেন, স্বাস্থ্য দপ্তরকে সব ভাগ করা হয়েছে। ভাগ করলে কি করে চলবে। যে সমস্ত কলেজ হ্যসপাতাল আছে সেখানে প্রিন্সিপ্যাল এবং সুপারইনটেনডেন্ট কি করে চালাবে? আমি বলছি, আপনি দুটোকে মেলাবেন না। স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী স্বাস্থ্যের বিভিন্ন দিক বোঝেন। আর হাসপাতালের সুপারইনটেনডেন্ট এবং প্রিনসিপ্যাল এক করে ফেলবেন না। আপনারা জানেন, একজন শিক্ষক ডাক্তার তার ছাত্রকে বলেছেন ক্যাথিডার তো দিলেন, ওয়াস্ কি? সে বললো পটাসিয়াসিয়াম পারম্যাঙ্গানেট। তারপর ছাত্রকে জিজ্ঞাসা করলো লুব্রিকান্ট দিয়েছিলেন। সে বললো, ভেজলিন। তাহলে তা র্বাস্ট হয়ে যাবে এবং আপনারাও এই ভাবে বার্স্ট হয়ে যাবেন সুতরাং যেখানকার যেটা সেখানেই মেলান। দুটোকে এক করে মেলাবেন না। আমরা ভাবনা-চিন্তা করছি, আমরা কাউকে দোষারোপ করি না। আমরা যাতে ভালভাবে কাজ করতে পারি, বেটার মনিটারিং-এর জন্য এই ভাবে ভাগ করেছি। সেইদিক থেকে আমি অনুরোধ করবো এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যে বাজেটের দাবী উপস্থিত করেছি আপনারা সকলেই সেটাকে সমর্থন করবেন এবং আগামী দিনে আমাদের দেশের জনগনের স্বাস্থ্য রক্ষার ব্যাপারে যে সমস্ত কর্তব্যের কথা এখানে বলেছি সেই সমস্ত কর্তব্যগুলির সমাধান কল্পে আপনারা সাহায্য করবেন এবং ব্যাপকভাগে জনগনের সাহায্য নিয়ে হেল্থ মুভমেন্টকে এগিয়ে নিয়ে যেতে পারবো এবং আমার কনফিডেন্স আছে, এই সমস্যার সমাধান আমরা করবো। কারণ, আমাদের যে দৃষ্টি-ভঙ্গী আছে সেই দৃষ্টি-ভঙ্গীর সঙ্গে আপনাদের কখনও মিলবে না। আমরা অন্য দৃষ্টি-ভঙ্গী নিয়ে চলেছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ডিমাণ্ড ৩৮ ইত্যাদিতে যে ৫১ কোটি ৮০ লক্ষ ১৬ হাজার টাকা যে মুভ করেছিলাম চার্জড হেডে, সেখানে ৯ হাজার টাকা ইনক্লুডেড হয়ে গিয়েছিল। এইজন্য কারেকট করা হয়নি। কিন্তু কারেকসানটা তখন বলা হয়নি।

এটা হচ্ছে I stand corrected.

এটা হবে ৫১ কোটি ৮০ লক্ষ ৭ হাজার। আমি আজকে আমাদের বিরোধী দলের বন্ধু ডাক্তাররা যা আলোচনা করলেন তা গভীর মনোযোগের সঙ্গে শুনলাম। বস্তুতঃ আমি কোনদিন বলিনি যে স্বাস্থ্য যে জায়গায় গিয়ে পেঁৗচেছে তাতে আমাদের শোনার প্রয়োজন নেই, আমরা সব জেনেছি। কারণ এটা একটা ইকোয়েশনের মধ্যে দিয়ে চলেছে।

প্রবলেম হচ্ছে, সমাধান খুঁজে পাচ্ছি, আবার নূতন প্রবলেম হচ্ছে। একটা ভিসিয়াস সার্কেলেরমধ্যে দিয়ে আমরা চলেছি। ডাঃ শিশির বসু মহাশয়ের সঙ্গে আমার পরিচয় ছিল, মাঝখানে উনি অন্য পোলে থাকার জন্য আমরা পরস্পর দূরে সরে গিয়েছিলাম, এখন আবার বিধানসভায় মুখোমুখি বসেছি। আমার অসুবিধা হল এই যে তিনি আমার বাজেট বক্তৃতায় আউট অফ কনটেক্সট করলেন। তিনি বলবার এবং সাজেসান রাখার চেষ্টা করেছেন এবং সমালোচনা ধর্মীয় বক্তব্য তুলে ধরার কথা বলেছেন। তিনি বঞ্চিত গ্রামের মানুষের জন্য চোখের জল ফেলবার চেষ্টা করেছেন কিন্তু আমার স্পিরিটটা তিনি পুরোপুরি বোঝেননি। আউট অফ কনটেক্সট করে ভুল করেছেন। এটা হচ্ছে ডাঃ বসুর inherent contradiction একটা প্রতিফলন। কারণ তাঁরা মানুষের জন্য কাজ করতে চান, অথচ টিকি বাঁধা আছে অন্য জায়গায়, সুতরাং তিনি নিরুপায়। আমাকে ভাল কথা বলতে গিয়ে তিনি আউট অফ কনটেক্সট করেছেন। আমি কি বলেছি? আমি বলেছি যে হেল্থ ফর অল বাই ২০০০। অর্থাত আমি যে হেল্থ ফর অল বলেছি, তাতে এখন থেকে সুরু করতে হবে, সুরু করেছি। পলিটিক্যাল ডিসিপ্লিনের কথা উনি যা বলেছেন—পলিটিক্যাল ডিসিপ্লিন আছে—জানিনা ওনাদের ভেতরে ব্যাপারটা কি এবং তা পুরোপুরি জানা নেই। মিঃ নেহেরুকে স্বীকার করে ওঁরা যে রাজনীতিতে এসেছেন, let me quote from Jawharlal Nehru—Good health depends primarily, I should say, on sufficiency of food. What is the good of your trying to treat a man who is starved or who is under nourished ? তা উনি আমাকে বললেন যে, আমি এটা ঠিক বাজেট ভাষণে বলিনি, পরের প্যারায় বলেছি In the present socio-economic set up, a large section of working people in the cities and villages are condemned to live a substandard life exposed to malnutrition and chances of infection. Task is indeed formidable but we shall do our best within the constraint. এখন আমি ওঁকে এটা দেখানোর জন্য একটা কোট করছি, উনি পড়াশোনা করেছেন। সেভাবে রিফ্লেকটেড। আমি এফ. আর. ও.র প্রোডাকসান থেকে কোট করছি, সেখানে ফুড সাপ্লাইয়ে বলা হয়েছে, The FAO Production Year Book, 1971 has given the details of food supply in 133 countries — In terms of per capita supply of calories, India is some where near the bottom, 121st to be exact. In terms of the consumption of meat, eggs, and fish, India occupies the bottom-most position.

There are 54 countries in the world, each with a population exceeding ten million. In terms of the total quantity of food consumed, India's consumption is the lowest among these 54. In terms of the per capita consumption of calories, India's position is the last but three. If we take into account the per capita consumption of protective foods, such as milk, fruit and vegetables, India's position is the last but six. If we take into account the per capita consumption of meat, eggs, and fish, India's position is the last. If we take into account the quantity of animal protein consumed, per capita, India's

position is the last but one. এটাই যদি আমাদের খাবার হয়, আমি আপনাকে বলব যে একটার পর একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়েছে তার অবস্থাটা কি? আমরা ধীরে ধীরে আমাদের পার ক্যাপিটা কমিয়ে দিচ্ছি। খাদ্যের মধ্যে nutrition is the last sentence ফুড হবে। তারপর আগে যেখানে ১৯৭৬ সালে ১৯২ পার এ্যানাম ছিল, সেখানে ১৯৮০ দাঁড়িয়েছে ১২২। This Consumption of principal food.

[8-20—8-30 p.m.]

সরকারী পক্ষ থেকে আমি এটা বলবার চেষ্টা করেছি। একটা কথা বলা ভাল যে, অমি বেনারসী শাড়ি পরে গরীবদের জন্য চোখের জল ফেলবো এটা হতে পারে না। তাতে আমার আত্মার তৃপ্তি হতে পারে কিন্তু গরীবদের দুঃখ তাতে দূর হতে পারে না, যন্ত্রনা দূর হতে পারে না। এখানে আমি কি বলবার চেষ্টা করেছি? বলার চেষ্টা করেছি যে, আমরা আমাদের কোন নিত্যপ্রয়োজনীয় জিনিষ পাচ্ছি না। এখনও আমাদের সকলের খাবার জোটে না, এখনও শতকরা ৫০ ভাগেরও বেশী লোক দে আর ফোর্সড টু লিভ আণ্ডার প্রভার্টি লাইন। তার উপর এই বছর নিদারুণ খরা হয়েছে। তারপর বললাম ২ কোটি টাকার মতো মজুরী চলে গেছে। এর পর স্লাম ডুয়েলার্স, পেভমেণ্ট ডুয়েলার্স আছে, গ্রামে ক্ষেত মজুর গরীব চাষী আছে যার বাল্ক পপুলেসান—ইনডিড দি টাস্ক ইজ ফরমিডেবল। যদি আমি বলি এটা একটা শুধু ব্যবস্থা, তার কিছু পরিবর্তন করেছিলেন। ক্ষমা করবেন এতে আমি এক মত হতে পারলাম না। কারণ এনটায়ার সোসিও-ইকনমিক সেট আপ এটার পরিবর্তন না করে সোসিও-ইকনমিক স্ট্রাকচার পরিবর্তন না করে শুধু স্বাস্থের কথা ভাববো, এটা হয় না। তাহলে কি করে করবো? শোষন বাড়বে, জিনিষের দাম বাড়বে, বঞ্চনা বাড়বে, বেকারী বাড়বে যেখানে, সেখানে আমি কি স্বাস্থ্যের কথা বলবো? এই সব তো স্টেট পেপারে পরিণত হবে। গ্রামে গ্রামে গিয়ে রিসার্চ পেপার তৈরী করছি, ডাটা তৈরী করছি। বাঙ্গালোর থেকে ভাল ভাল ছেলেদের ধরে এনে সি. আই. এ ফিনান্স করে দেখাচ্ছে। বিপ্লব নয়, ভুমিসংস্কার নয়, মৌল কাঠামোর পরিবর্তন নয় যে করা যাবে। ডাঃ বোস we belong to different poles and not in one. তিনি বললেন যে আমি তো উত্তরাধিকারী সুত্রে বহন করে আসছি। আমি এবং আমার আগে মিঃ ননী ভট্টাচার্য্য কতকগুলি অসুখ-বিসুখ বাড়ার কথা বললেন। সেই ব্যাপারে আমাদের মিঃ রাম নারায়ণ গোস্বামী যিনি আমার সঙ্গে যুক্ত দায়িত্বে নিয়েছেন তিনি তো তাঁর ফিগারে বলেছেন। আমি কতকগুলি ফিগার এখানে রাখতে চাই। একটা কথা আলোচনায় উঠলো যে কতকগুলি রোগ বাড়ছে। তা নিয়ে আমরা আলোচনা করেছি। এই ম্যালেরিয়ার কথা ধরুন। ম্যালেরিয়া ১৯৭০ সালে ৪১১ টি পজেটিভ কেস ছিল। হাইয়েষ্ট কখন হয়েছে? ১৯৭৫ সালে বেশী হয়েছে। এটা হয়েছে ৩৯ হাজার ৩৪০ জনের। আমরা ছিলাম না কারা ছিল এটা জানতে হবে। আমরা কি করেছি সেটা বলেছি। ১৯৭৬ সালে ওঁরা যখন ছিলেন তখন আমাদের ইনফ্যাণ্ট মডালিটি যেখানে ছিল ৮০.৪ সেখানে হয়েছে ৮১.২। পার-

ক্যাপিটা এক্সপেনডিচার অন হেল্থ ১৫ টাকা ছিল। আমরা ১৯৮১-৮২ সালে ৩৭.৪০ করেছি। আর এবার তো আমি বলেছি বাজেট কাট ডাউন টু দি মিনিমাম। কি করা যাবে? সেন্ট্রাল এ্যাসিস্টেন্স দিন দিন কমে আসছে। আপনারা প্রশ্ন করতে পারেন কেন সেন্ট্রালকে কথায় কথায় টানছেন। স্যাল আই কোট ফর্ম দি কন্সটিটিউসন? আমি একটা কথা বলবার চেষ্টা করেছি যে হেল্থ কেয়ার সুড বি ফাণ্ডামেণ্টাল রাইট—রাইট টু হেল্থ এজ ফাণ্ডামেণ্টাল রাইট। ফাণ্ডামেণ্টাল রাইট অনেক পরের কথা। আমি ইন কন্সোনেন্স বলছি।

May I submit that demand of 'Right to Health' as fundamental right is gaining momentum and in consonance, we will solicit more co-operation from the Central Government — financial and otherwise, to offer health care to the increasing number of people in the days to come. তা আছে কি? ডাইরেকটিভ্ প্রিনসিপিলের আর্টিকেল ৪৭ বলা আছে The State shall regard the raising of the level of nutrition and the standard of living of its people and the improvement of public health as among its primary duties and. in particular, the State shall endeavour to bring about prohibition of the consumption except for medicinal purposes of intoxicating drinks and of drugs which are injurious to health ' It is in this Article 47. In Part III, 'Unless the context otherwise requires, "the State" includes the Government and Parliament of India and the Government and the Legislature of each of the States and all local or other authorities within the territory of India or under the control of the Government of India'

আমি ওঁদের বলতে চাই যে রাইট টু হেল্থ হচ্ছে মৌলিক অধিকার, কিন্তু স্বাস্থ্য রক্ষার জন্য অতখানি ব্যবস্থা নেই। সেজন্য আমরা কেন্দ্রের সঙ্গে কথাবার্তা বলি। প্রশ্ন করতে পারেন, স্বার্থ কি — ডাইরেকটিভ্ প্রিনসিপিলস্‌কে রক্ষা করার জন্য? চা, পাট আমাদের এখানে বেশী হয়, কিন্তু অন্য রাজ্য থেকে আসা মোর দ্যান ৫০ পারসেণ্ট মানুষ শ্রমিক হিসাবে কাজ করে এই শিল্পে। তারা বিভিন্ন রোগ সঙ্গে বয়ে আনছে, ইনফেকশান ছড়াচ্ছে চারি দিকে, সেগুলোকে দেখতে হচ্ছে আমাদের। ভিন্ন রাজ্য থেকে আসা লোক কোল মাইনস' এ কাজ করেন, রাষ্ট্রীয় করণের জন্য মালিকদের কমপেনসেসানও দিলেন তাঁরা। তাঁরা বললেন না শ্রমিকদের স্বাস্থ্য রক্ষার ব্যাপারে কমপেনসেসান কোথা থেকে হবে। 'হাতী কমিটির' রিপোর্টে বলা হয়েছে ৭০ জন মানুষের ঔষুধের ব্যবস্থা করতে হবে। তারজন্য সেট-আপ কোথায়? সাহস বিস্তৃত উন্নত বক্ষপট হবে কোথা থেকে? খনির অন্ধকারের মধ্যে ফোর্সইবলি আপনারা মানুষকে ঢুকিয়ে দিচ্ছেন, আর সমস্ত দায়িত্ব এসে পড়ছে আমাদের উপর। I cannot haunt with hound as it runs. Either I should run in the air or let the hound run. I shall enter into a discussion তা হতে পারে না, দুটি একসঙ্গে হয় না। আপনারা এই রকম ব্যবস্থা করবেন আর সেই দায়িত্বের ভাগ চাপিয়ে দেবেন আমাদের উপর, এটা কখনও হতে পারে না। ডাঃ বসু কে ইনভাইট করি, আপনি আসুন In the context of the present social and economic con-

dition of the Country দেখুন আমরা কি করতে পারি। কমিউনিটি মেডিক্যাল সার্ভিসের কথা বলেছেন। আমরা দেখেছি, কিছুই হয়নি সেখানে। অসুস্থ মানুষকে সুস্থ না করে আপনি কি সুস্থ থাকতে পারেন? কি করলে তা হবে? হানাহানি করলে মানুষে মানুষে গণ্ডগোল করলে হবে কোন জমি নিয়ে। সুস্থ মানসিকতা গড়ার কথায় আপনি ঠিকই বলেছেন। কিন্তু আপনার নেতারা কি তা গ্রহণ করবেন? আপনি যে কথা বলেছেন, তা কোন বিচ্ছিন্ন আলোচনা নয়। ডাঃ হৈমী বসুকে আমি বেশী কিছু বলতে চাই না, শুধু বলব কয়েকদিন আগে তিনি কাগজে অসংলগ্ন বিবৃতি দিয়েছেন। আমাকে একাধিক কাগজ পড়তে হয়, পেটি বুর্জোয়া কাগজগুলিও পড়তে হয়। আপনাকে বলব, আপনি তো জানেন অবস্থা কেমন, হাসপাতালে শান্তি রক্ষা করা কত মুশকিল হয়ে পড়েছে। কয়েক দিন আগে মেডিক্যাল কলেজে কি ঘটেছিল সেখানে খবর নিলে আপনি দেখবেন সেখানে একদল আছেন কাজ না করার পক্ষে। সেজন্য আমাদের দেখতে হবে, খুঁজে বের করতে হবে এর পেছনে কারা আছে, কি উদ্দেশ্য নিয়ে তারা এরকম কাজ করে চলেছে। স্বাস্থ্যের ব্যাপারে আমরা একসঙ্গে কাজ করবো —এটাই তো হওয়া দরকার — এটাই আমরা চাই।

[8-30—8-46 p.m.]

এতে লাভ কি? আরো অন্যান্য জায়গা আছে সেখানে আক্রমণ করুন। হাসপাতালগুলির পরিবেশ নষ্ট করে কোন লাভ হবে না। এইগুলি রাজনৈতিক দল-গুলি করলে করুন, আপনি করবেন না। আপনি বললেন রামকৃষ্ণ মিশনের হাতে তুলে দিন। রামকৃষ্ণ মিশনের হাতে কি তুলে দেব? হাসপাতালগুলি? রামকৃষ্ণ মিশন সম্বন্ধে আলোচনা করার একটা সুবিধা আছে কারণ সেখানে সাফ্রন গার্ব পরে কাজ করেন সবাই সুতরাং তাদের প্রতি একটা শ্রদ্ধা মানুষের থাকবেই। কিন্তু সে এক্সপেক্ট করে লাভ কি? থাক না তাঁরা তাঁদের জায়গায়। সরকার যেখানে হাস-পাতাল চালাচ্ছে নিশ্চয় তার দায়-দায়িত্ব আছে। একটা কনস্টিটিউশান আছে। রামকৃষ্ণ মিশনের হাতে তুলে দিয়ে এই সমস্ত জিনিষ চালাবে? আমার মনে হয় এর মধ্যে মেটাবলিক সেনসেসান আছে। আপনারা চান কি গভর্ণমেণ্ট ওয়াইণ্ড আপ হয়ে যাক এবং সমস্ত হাসপাতাল এবং চিকিৎসা ব্যবস্থা রামকৃষ্ণ মিশনের হাতে তুলে দেব? I would request you to be more responsible for this schemes. তা না হলে করা যাবে না। আপনি রামকৃষ্ণ মিশনের প্রশস্তি করুন, সে অধিকার আপনাদের আছে কিন্তু আপনি যদি এ্যাডভাইস করেন তাহলে Government would not oppose put it is incumbent for this office. আপনারা বললেন যে রামকৃষ্ণ মিশনের হাতে তুলে দিলে সুন্দর একটা ব্যবস্থা হয়ে যাবে। আমার মনে হয় এখানে যাঁরা বসে আছেন তাঁরা সংবিধানের এবং আইনের বলে এখানে এসেছেন—একথা কি অস্বীকার করতে পারবেন? ইউ ক্যান নট ডিনাই যে যারা বিরোধীদলে আছেন, দায়িত্বপূর্ণ পদে আছেন, আপনারা সমালোচনা করতে পারবেন সেটা আমরা মেনে নেব। কিন্তু যদি ওয়াইণ্ড আপ করতে বলেন হেল্থ ডিপার্টমেন্টকে তাহলে ডাঃ বসু আপনার কথা মেনে নিতে পারছি না। এর জন্য আমি দুঃখিত। ডাঃ হৈম বসু যে জিনিষগুলি

নেই বলেছেন আমি সেটা মেনে নিয়েছি। আমি আগেই বলেছি যে কিছু কিছু জিনিষ নেই — এবং একথা আমি বাজেট বক্তৃতার মধ্যে বলে দিয়েছি, আমি গোপন কিছু করিনি। দেয়ার আর টু থিংকস্—আমি ২ নম্বর দায়িত্বের মধ্যে বলেছি যে বাজেট ক্যান নট বি স্লাশড্ এ্যনি মোর অর্থাৎ বাজেটে স্লাশ খুব বেশী করা যাবে না। আমি ইনস্টলড্ ক্যাপাসিটি সম্বন্ধে বলেছি। আমরা দেখছি যাতে optimise utilisations of the installed capacity করা যায় কিনা। বটলনেকটা কি? আমরা কাজ করতে গিয়ে যে বাধা আসছে সেই বাধাগুলি যাতে ভেঙ্গে দিতে পারি তার চেষ্টা করছি। আমরা সঙ্গে সঙ্গে দেখছি যেসব জায়গায় কোন লিংক নেই সেই সব জায়গায় ইলাসট্রেট করে লিংকগুলি জোড়া দিতে চাই। To illustrate may I state that if investigation is done in a planned haste.

সেখানে যা অসুবিধা আছে সেগুলি যাতে আমরা পরিকল্পিতভাবে এবং দ্রুততার সঙ্গে ইনভেষ্টিগেশান করতে পারি তার চেষ্টা করছি। যদি Operation is performed exactly on schedules.

কিন্তু যদি অক্সিজেন সিলেণ্ডার না থাকে এবং এক্সরে প্লেট না থাকে তাহলে ।ক করা যাবে? আমরা একটা প্ল্যান করে হেস্টলি কাজ করতে চাই। If the beds are not occupied beyond necessity পোস্ট অপরেটিভ ইনফেকশানের ভয় থাকে তাহলে Timely investigation as per schedule করা দরকার যাতে নাকি ইনফেকশান না হয়। অপারেশান হওয়ার পরে যাতে ইনফেকশান না হয় তার জন্য ব্যবস্থা নিতে হবে। The existing hospitals can offer accommodation in arithmetical progression. হাসপাতালের টার্ন ওভার ধরুন বাড়াতে পারলাম কিন্তু বেড বাড়ালাম না বা বেড বাড়াতে পারলাম না সেক্ষেত্রে ক্ষতি কি হচ্ছে? ধরুন কোন রোগী দেড় মাস ধরে যদি পড়ে থাকেন সেখানে যদি সহজে ১৫ দিনের মধ্যে বার করে নিয়ে আসতে না পারি Then what will be the planning and what will be about the finance. তারপরে আপনারা ডাক্তারদের সম্বন্ধে বললেন যে আমরা নাকি ডাক্তারদের ব্যাপারে কোন চিন্তা-ভাবনা করিনি। There should be little bit of coordination. এক্স-রে, সিলিণ্ডার ইত্যাদির ব্যাপারে আমরা কি ভাবিনি? এটা ভাবার প্রশ্নের উপরে। কিন্তু In a very precise way. আমি একথা বার বার বলার চেষ্টা করেছি যে If the investigation is done properly, if the operation is done as per schedule, if the turn over can be improved. তাহলে কি সেটা বেড বাড়ানোর চাইতে বেশী হল না? আপনারা এ্যাম্বুলেন্সের কথা বললেন এ্যাম্বুলেন্স আছে অথচ কেন চলবে না — সেই ব্যাপারে খোঁজ নিচ্ছি। আমরা এই ব্যাপারে বাজেটে বারে বারে ভোট অন এ্যাকাণ্টসে রেখেছি, আমরা হিবাব দিয়েছি এবং দেখছি কতগুলি গাড়ী আমরা এখুনি নামাতে পারি।

আজ ৫০টা গাড়ী নামাতে পারি যদি টায়ার, টিউব পাই, তবে এর ব্যবস্থা পাই। জাল, ভেজাল ঔষধের কথা বলা হয়েছে — এটা প্রুভ করতে হবে। নন-স্টাটুটারী প্রভিসান বাড়াবার চেষ্টা করছি। এইসব জিনিষ আমরা চিন্তা করছি। চিন্তা করে

দেখছি ফাইনান্স কনসট্রেণ্টের মধ্যে করবার চেষ্টা করছি। ডাক্তারদের সম্বন্ধে বলা ভাল। ডাক্তাররা অনেকে যেতে চাননি এ কথা সত্য। কিন্তু চাইবেন। আমরা সেই অ্যাটমসফিয়ার সৃষ্টি করার চেষ্টা করছি যাতে করে ডাক্তাররা যান এবং কাজ করেন। আমাদের লাজ নেই বলে গালাগালি করা হল। আমরা ৫ বছরে কিছুটা করেছি এবং আমরা আরোও কিছু করবো। ডাক্তারদের আমরা মোটিভেট করবো। শুধু এটুকু বলতে চাই আমরা যে জায়গায় পৌঁচেছি সেখান থেকে বের হতে হলে আমাদের সম্মিলিত প্রচেষ্টা করতে হবে। যে কোন কারণে হোক জনসাধারণ আমাদের সম্বন্ধে ভাল ধারণা পোষণ করেন। কতটা তাঁরা তৈরী করেছেন এবং কতটা তার অবশিষ্ট আমরা বহন করছি সেটা তারা জানেন। প্রতিদিন সংবাদপত্রে বিরোধী সমালোচনা যা হচ্ছে সেগুলি আমাদের দেখতে হবে। কারণ আমরা একটা কথা বলার চেষ্টা করছি সিস্টেম যাই হোক সেটা ইকোয়েসানের মধ্যে দিয়ে বেরিয়ে আসবে সেদিন হৈমী বসু, শিশিরবাবুরাও থাকবেন। কিন্তু একটা কথা বলছি বেসিপিয়েণ্ট উপর নির্ভর করে হেল্থ কেয়ার সিস্টেম। সেজন্য আমরা বলছি We, the Department of Health and Family Welfare as a family will be with the people in health and more so in lack of health. এতে নিষ্ঠার কোন অভাব হবে না, সততার অভাব হবে না। আমরা পাঁচজন আছি বলে ব্যঙ্গ করলেন। পাঁচ জন মানে ওদের দলের নয়, পাঁচ জন মানে যারা মার্কসিস্ট ডিসিপ্লিনে বিশ্বাস করে তাদের নিয়ে — not five of them. কাজেই তাঁদের পাঁচ জন, আর আমাদের পাঁচ জনের মধ্যে তফাত আছে। তাই আমি বলেছি we wiil work with hand in glove. আমরা হাতে হাত ধরে কাজ করছি। আমি সমস্ত কাটমোশানের বিরোধিতা করছি এবং আমার ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য আবেদন জানাচ্ছি।

**Mr. Speaker :** The Cut Motions under Demand No. 36 are not moved as the members are absent.

The Motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 1,13,58,55,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "280—Medical and 480—Capital Outlay on Medical" was then put and agreed to.

**Mr. Speaker :** The Cut Motions under Demand No. 37 are not moved as the member is absent.

The Motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs, 13,00,91,000 be granted for expenditure under Demand No. 37 Major Heads : "281—Family Welfare and 481—Capitel Outlay on Family Welfare", was then put and agreed to.

**Demand No. 38**

**Mr. Speaker :** All the cut motions are not moved and are not taken into consideration.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 51,80,07,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "282-Public Health, Sanitation and Water Supply and 682—Loans for Public Health, Sanitation and Water Supply", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 8.46 p.m. till 1 p.m. on Friday, the 24th September, 1982, at the 'Assembly House', Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 24th September 1982 at 1 p.m.

### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 15 Ministers of State and 173 Members.

### STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

[1-00—1-10 p.m.]

**বীরভূম জেলা কংগ্রেসের (ই) সাধারণ সম্পাদকের অপহরণ**

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮।) **শ্রীসুনীতি চট্টরাজ** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত রাজ্য বিধানসভা নির্বাচনের পর বীরভূম জেলা কংগ্রেসের (ই) সাধারণ সম্পাদক শ্রীমিহির মুখার্জীকে অপহরণের কোন সংবাদ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) উক্ত ঘটনায় অপহৃত ব্যক্তি পুলিসের নিকট কোন কেস দাখিল করেছেন কি ; এবং

(২) সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীজ্যোতি বসু** ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) উক্ত অপহৃত ব্যক্তি সিউড়ী থানায় তাহার অভিযোগ দায়ের করেছেন।

(২) সিউড়ি থানা এ বিষয়ে একটি কেস লিপিবদ্ধ করেছে। ঐ কেসটি বর্তমানে রাজ্য গোয়েন্দা বিভাগের তদন্তাধীন।

**শ্রীসুনীতি চট্টরাজ** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ঐ মিহির মুখার্জী যিনি এফ আই আর করেছেন, সেই এফ আই আর-এ জেলা পরিসদের সভাপতি রজ মুখার্জীর নাম আছে কি না ?

**শ্রীজ্যোতি বসু** ঃ সে রিপোর্ট আমার কাছে নাই।

**শ্রীসুনীতি চট্টরাজ** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ঐ কংগ্রেস-ই-র সাধারণ সম্পাদক কেস দায়ের করেছে—তাতে কোন আসামী এ্যারেষ্ট হয়েছে কি না ?

**শ্রীজ্যোতি বসু** ঃ এখনও যা খবর সেটা হয় নি। অপহরণ করবার পর তাকে মালদায় নিয়ে যাওয়া হয়েছিল বন্দুক রিভলবার ইত্যাদি দেখিয়ে। তারপর তারা বলে সুনীতিবাবু এখানে এলে ওকে ছেড়ে দেওয়া হবে। তারপর উনি গেলে একটা গলি

থেকে উনি বেরিয়ে আসেন। কে অপহরণ করেছিল পুলিশের কাছে তিনি বল রাজী হন নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন আমি পুলিশের সহযোগিতা সেখানে গিয়ে তাকে উদ্ধার করে নিয়ে আসি। আমার প্রশ্ন হচ্ছে তার পর কাউ এ্যারেস্ট করা হয়েছে কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি তো বললাম যে তিনি এখনও কারও নাম বলতে চ নি। একটি মামলা করেছেন। পরিষ্কারভাবে নাম বলছেন না। সুনীতিবাবুর য নাম জানা থাকে বলুন।

**শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বামফ্রণ্ট সরকারকে অপদস্ত করবার জন্য সুনীতিবাবু এই রকম সাজিয়েছেন, এটা কি সত্য ?

**শ্রীজোতি বসু ঃ** এই রকম কোন খবর আমার কাছে নেই।

**শ্রীজয়কেশ মুখার্জী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বলবেন কি, এই মিথ্যা কেস করার জন্য, পুলিশকে হ্যারাস করার জন্য, তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন করা হয়েছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এটা হ্যারাশমেণ্টের ব্যাপা র নয়, একজন অপহৃত হলেন, তিনি নাম, ধাম কিছু বললেন না, কারা তাকে অপহরণ করেছিল। পরে তিনি সিউড়িতে একটা ডায়েরী করেছেন। সুতরাং গ্রেপতার করবার কোন কারণ নেই।

## বিক্রয় কর

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত বিক্রয় কর বাবদ রাজ্য সরকারের অনাদায়ী অর্থের পরিমাণ কত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ১৯৮২ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত বিক্রয়কর বাবদ রাজ্য সরকারের অনাদায়ী অর্থের পরিমাণ আনুমানিক ১৬৩.২৭ কোটি টাকা।

অনাদায়ী অর্থের পরিমাণ হিসাব করা হয় ইংরাজী আর্থিক বর্ষ ধরিয়া, অর্থাৎ এপ্রিল হইতে মার্চ পর্যন্ত। তাই, ৩১শে জুলাই পর্য্যন্ত হিসাব দেওয়া সম্ভবপর হইল না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিক্রয় কর বাবদ রাজ্য সরকার এর এই যে বিপুল পরিমাণ অর্থ অনাদায়ী রয়েছে, এর কারণ কি ? এবং ঐ কর আদায়ের জন্য কি ব্যবস্থা সরকার থেকে গ্রহণ করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** বাজেট আলোচনার সময় সব কিছুই বলা হয়েছিল এবং এই প্রশ্নটা সেখানে উত্থাপিত হয়েছিল। তার উত্তরও আমি দিয়েছিলাম। এই যে অনাদায়ী করের অঙ্ক এখনও পর্য্যন্ত রয়েছে, এটা ১৯৪১ সাল থেকে একই জিনিস চলে আসছে, রাইট অফ করা হয়নি। সেটা আমরা বিচার বিবেচনা করছি। রাইট অফ যেগুলো করার, সেইগুলো করতে হবে। আর কিছু কোর্টে মামলা আছে, স্টে অর্ডার হয়ে আছে, কিছু কোম্পানীর লিকুইডেশন প্রসিডিংস আছে, তারপর কিছু আছে ডিলারদের রেজিস্ট্রেশন সার্টিফিকেট ক্যানসেল হয়ে গেছে, কিছু ব্যবসা বানিজ্য উঠে গেছে। অর্থাত নানা কারণে ঐ টাকাগুলো অনাদায়ী পড়ে রয়েছে এবং আমাদের যেগুলো আদায় করা যাবে বলে মনে হচ্ছে, সেইগুলো আদায় করবার আমরা চেষ্টা করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় জানাবেন কি, যে বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর বিগত পাঁচ বছরে নিয়ম ভঙ্গ করে যেসব সংস্থা এবং কোম্পানীগুলো, ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিক্রয় কর সময় মত দেন নি, এই রকম কতগুলো সংস্থার বিরুদ্ধে নোটিশ দিয়েছেন এবং কতগুলো সংস্থাকে শাস্তি দিয়েছেন।

**শ্রীজ্যোতি বসু ঃ** এটার জন্য নোটিশ লাগবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমরা সংবাদপত্রে দেখলাম সেল্স ট্যাক্স প্রসঙ্গে, যে কেন্দ্রীয় সরকার এই সেল্স ট্যাক্সকে যুগ্ম তালিকায় রাখতে চাইছেন, এই বিষয়ে সরকার থেকে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন এখানে ওঠে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৪১ সাল থেকে ১৯৮২ সাল পর্য্যন্ত কর অনাদায়ী আছে। যেটা বাকী আছে, এটা আদায় করার জন্য কি স্টেপ নিচ্ছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** কিছু মামলা হচ্ছে, কিছু ইনজাংশন ভ্যাকেট করার চেষ্টা হচ্ছে। যেগুলো এ্যাসেসমেণ্ট হয়েছে, তারা দেয়নি, তাদের বিরুদ্ধে মামলা করা হচ্ছে, এই রকম ভাবে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## সিউড়ি থানার গ্রামগুলিতে লুটতরাজ ও আগুন লাগার ঘটনা

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৯১।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলার অন্তর্গত সিউড়ি থানায় বাশশঙ্কা, দুরশঙ্কা, তাহালা প্রভৃতি গ্রামে বিগত ২৬এ জুলাই, ১৯৮২ তারিখে কোন আগুন লাগানোর এবং লুটের কোন ঘটনা ঘটেছে কিনা ; এবং

(খ) ঘটে থাকলে, উক্ত ঘটনাগুলিতে —

(১) কতগুলি বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে,

(২) কি পরিমাণ সম্পত্তি লুণ্ঠিত হয়েছে,

(৩) এ পর্যন্ত কতজন ব্যক্তিকে আসামী সন্দেহে গ্রেপ্তার করা হয়েছে, ও

(৪) কতগুলি মামলা দায়ের করা হয়েছে ?

[1-10—1-20 p.m.]

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) মোট ২৪টি বাড়ী।

(২) সঠিক পরিমাণ জানা যায়নি।

(৩) কোন গ্রেপ্তার হয়নি।

(৪) মোট তিনটি মামলা দায়ের করা হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আপনি স্বীকার করলেন ২৪টি বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে ! এই সত্য কথা বলার জন্য আমরা অত্যন্ত আনন্দিত। যারা বাড়ী পুড়িয়ে দিল তারা কোন্ পার্টির সমর্থক, মাননীয় মুখ্যমন্ত্রী এটা জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে যে নোট আছে তাতে দেখছি ওরা সি. পি. আই এম.-এর সমর্থক এবং ওরা এটা করেছে। কারণ সি. পি. আই. এম.-এর অঞ্চল প্রধা যখন বাড়ী আসছিল কংগ্রেসী লোকেরা তার উপর বোমা ছোঁড়ে। তারই প্রতিহিংসা জন্য এটা করেছে। যাই হোক, দু পক্ষেরই মামলা আছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এ পর্যন্ত এই কেসে জড়িত কতজন আসামীকে এ্যারেস্ট করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনো এই মামলার তদন্ত চলছে এবং কিছু লোকের নাম পাওয়া গেছে। কাউকে এখনো গ্রেপ্তার করা যায়নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন প্রধান বোমার আঘাতে মারা গেছে এবং তারই প্রতিহিংসায় এই বাড়ীগুলি নাকি পুড়িয়ে দেওয়া হয়েছে। প্রতিহিংসায় এই বাড়ীগুলি যে পুড়িয়ে দিচ্ছে, এটা কি মুখ্যমন্ত্রী সমর্থন করছেন ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হয় না।

## নদীয়া জেলায় খুন

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২ সালের ১লা মে হইতে ৩১এ জুলাই পর্যন্ত সময়ে নদীয়া জেলায় মোট কতজন ব্যক্তি খুন হয়েছে ;

(খ) তন্মধ্যে, কংগ্রেস (ই) সমর্থক রূপে বর্ণিত ব্যক্তির সংখ্যা কত ; এবং

(গ) উক্ত খুনের সহিত জড়িত কত জনকে গ্রেপ্তার করা এ পর্যন্ত সম্ভব হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) ৪১ জন।

(খ) ৭ জন।

(গ) ৯২ জন।

**শ্রীআবদুল মান্নান ঃ** এই যে ৭ জন কংগ্রেস কর্মী খুন হয়েছে — এদের কারা খুন করেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একটি রাজনৈতিক হত্যা হয়েছে। এদের মধ্যে সি. পি. আই. এম.-এর সঙ্গে আক্রমন প্রতি আক্রমনে খুন হয়েছে। আর বাকিগুলি ডাকাতদের হাতে মরেছে বা অন্য কোন কারণে মরেছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** সি. পি. আই, এম.-এর দ্বারা কংগ্রেীরা খুন হচ্ছে। সি. পি. আই. এম.-এর খুন, আগুন লাগানো ইত্যাদি কাজগুলি বন্ধ করবার জন্য কঠোর ভাবে চেষ্টা করবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** কংগ্রেস খুন করলেও ধরা পড়ছে, অন্য লোকেরা করলেও ধরা পড়ছে, যেটা কংগ্রেস আমলেকোনদিন হত না।

**শ্রীদেবসরণ ঘোষ ঃ** কংগ্রেসীদের দ্বারা কতজন কংগ্রেসী খুন হয়েছে, সেটা জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সেই রকম কোন রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রীনবকুমার রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন ৯২ জনকে এ্যারেস্ট করা হয়েছে। এর মধ্যে কত জন সি. পি. আই. এম.-এর সমর্থক রয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একটি খুন হয়েছে, আলাদাভাবে কোন হিসাব নেই। ৭ জন মরেছে। একজন রাজনৈতিক কারণে, অন্যগুলি অন্য কোন কারণে খুন হয়েছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** কংগ্রেসী সমর্থক যে মারা গেছে, তার মধ্যে ক'জন চিহ্নিত সমাজবিরোধী ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম খবর যদি চান পরে দিতে পারি, এখন আমার কাছে এই রকম খবর নেই।

## বিদেশে শিশু পাচার

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৬।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীদীনবন্ধু মাঝি ও শ্রীআতাহার রহমান ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ হইতে বিদেশে শিশু পাচারের কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে, উক্ত কাজের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসে নি।

(ক) প্রশ্ন উঠে না।

## স্বাধীনতাসংগ্রামীদের পেনসন

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকারের দীর্ঘসূত্রতার ফলে এই রাজ্যের বহু স্বাধীনতাসংগ্রামী পেনসন লাভে বঞ্চিত হচ্ছেন—এই মর্মে কোন সংবাদ বা অভিযোগ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) বর্তমানে এ রাজ্যের কতজন স্বাধীনতাসংগ্রামীর আবেদনপত্র সরকারের বিবেচনাধীন আছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) না।

(খ) প্রায় ৯০ হাজারের মত।

স্পীকার মহোদয়, আমাকে এটা একটু বুঝিয়ে বলতে হচ্ছে। এখানে প্রশ্নটা যেভাবে দেওয়া হয়েছে তাতে 'না' উত্তরটাই আমাকে দিতে হয়েছে, তার কারণ ঠিক ঐরকম নির্দিষ্ট ভাবে আসে নি। তবে এ রিপোর্টও আমার কাছে আছে যে কেন্দ্রে যখন পাঠানো হয় তখন ওরা প্রথমতঃ তিন মাস দেরি করেন এবং তারপর নানান রকমের প্রশ্ন করেন যেগুলি আমাদের কাছে নিরর্থক বলে মনে হয়। এই করে তারা দেরি করেন। এইভাবে হয়ত আরো তিন মাস কেটে গেল। সেই হিসাবে আমরা

ত্বরান্বিত করার জন্য এটা নজরে এনেছি। আমাদের এখানে এবং ওখানে কি করতে পারি দেখছি, চেষ্টা করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** পশ্চিমবাংলার ৯০ হাজার স্বাধীনতাসংগ্রামীর পেনসনের ব্যাপারটা বিবেচনাধীন আছে যারমধ্যে অধিকাংশ ক্ষেত্রেই দেখা যাচ্ছে জেল থেকে তারা পুরানো রেকর্ড পাচ্ছেন না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে প্রশ্ন, এ ব্যাপারে যাতে জেল কর্তৃপক্ষের কাছ থেকে সহযোগিতা পাওয়া যায় সেটা দেখবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সে রকম কেস আছে এটা ঠিক, আমাদের কাছে আসে যে তাদের নথিপত্র পাওয়া যাচ্ছে না। কারা সার্টিফিকেট দিয়েছেন, কি করেছেন, যারা জেলে ছিলেন তাদের সঙ্গে কি পরিচয় আছে সেগুলি আমরা আমাদের দৃষ্টির মধ্যে রেখেই করবার চেষ্টা করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** হোম ডিপার্টমেণ্ট থেকে স্বাধীনতাসংগ্রামীদের আবেদন-পত্রগুলির ব্যাপারে অধিকাংশ ক্ষেত্রে দেখছি উপযুক্ত তদন্ত করা হচ্ছে না, কেবল একটি গতানুগতিক চিঠি পাঠিয়ে দেওয়া হচ্ছে—এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তব্য কি জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** নির্দিষ্ট কেস দিলে দেখতে পারি, সাধারণভাবে বলতে পারবো না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বর্তমানে স্বাধীনতা সংগ্রামীরা যে পেনসন পান সেটা পাবার ব্যাপারে আমরা জানি তাদের নানান রকমের অসুবিধা ভোগ করতে হয়। আমার প্রশ্ন, কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের জন্য যে অটোমেটিক পেনসন স্কীম চালু হয়েছে ঐভাবে স্বাধীনতা সংগ্রামীদের পেনসন দেওয়া যায় কি না সেটা চিন্তা করে দেখবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই অতিরিক্ত প্রশ্ন এ প্রশ্ন থেকে আসে না। এটা পদ্ধতিগত ব্যাপার। কোথায় কার অসুবিধা হয়েছে সেটা জানালে আমরা দেখতে পারি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** ৯০ হাজার কেস পেনডিং আছে বললেন। আমার প্রশ্ন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, রাজ্যসরকারের যে ফাণ্ড আছে-ফাণ্ড ফর গিভিং পেনসন টু দি পলিটিক্যাল সাফারার্স — তার থেকে আপনি নিজে কত টাকার ব্যবস্থা করেছেন—নিজের ফাণ্ড থেকে জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** নোটিশ চাই।

## বিদ্যুতের অভাবে বন্ধ কারখানা

***৩১৬।** ( অনুমোদিত প্রশ্ন নং *৯৩। **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এ রাজ্যে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের অভাবে কোন কল-কারখানা বন্ধ আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) ঐরূপ বন্ধ কারখানার সংখ্যা কত ; ও

(২) উক্ত কারখানাগুলিতে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত :** (ক) সরকারের কাছে এই মর্মে কোন খবর নেই।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

## নকশাল অন্দোলন

*৩১৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫২। ) **শ্রীসুমন্তকুমার হীরা :** স্বরাষ্ট্র ( রাজনৈতিক ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিককালে উগ্রপন্থী নকশাল আন্দোলন পশ্চিমবঙ্গে পুনরায় মাথাচাড়া দিচ্ছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত আন্দোলনের সঙ্গে কোন রাজনৈতিক শক্তি বা বিশিষ্ট ব্যক্তিদের যোগসাজসের কোন খবর সরকারের নিকট আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ

(খ) নকশাল আন্দোলনের সঙ্গে অন্য কোন রাজনৈতিক শক্তি বা বিশিষ্ট ব্যক্তিদের যোগসাজসের খবর সরকারের নিকট এখনও পর্য্যন্ত নেই।

[1-20—1-30 p.m.]

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে নকশালদের সঙ্গে কংগ্রেস ( আই ) এর একটা অংশ আন্দোলন করছে ?

( নো রিপ্লাই )

**শ্রীঅশোক ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ঐ নকশালদের সঙ্গে সি. পি. আই ( এম ) এর একটা অংশ জড়িয়ে আছে কি না ?

( নো রিপ্লাই )

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়, সম্প্রতি নকশাল পন্থী বলে যারা আটক হয়েছেন, তাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দেওয়া হবে কি না এটা জানাবেন ?

**শ্রীজ্যোতি বসু :** এই রকম কোন সিদ্ধান্ত সরকারের নেই।

**শ্রীনবকুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি এ সম্পর্কে জানাবেন যে, পশ্চিম দিনাজপুরের নকশাল আন্দোলনের সঙ্গে প্রাক্তন এম. এল. এ অহীন মিশ্র জড়িত এবং সে জন্য তাকে বিধানসভায় নমিনেশন দেওয়া হয় নি ?

**শ্রীজ্যোতি বসু :** আপনার যদি কিছু জানাবার থাকে তাহলে সুনির্দ্দিষ্ট ভাবে প্রশ্ন করবেন, আমি জবাব দিয়ে দেব।

## বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে বণিকসভার স্মারকলিপি

*৩১৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৩০১। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বিদ্যুৎ সরবরাহে ত্রুটিবিচ্যুতির ব্যাপারে সাম্প্রতিকালে কোন বণিকসভা কোন হুমকি/সরকারের নিকট স্মারকলিপি দিয়েছেন কি ; এবং

(খ) দিয়ে থাকলে,

(১) উহার বিষয়বস্তু কি ; ও

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত :** (ক) কয়েকটি বণিকসভা সরকারের নিকট স্মারকলিপি দিয়েছেন। কোন হুমকির খবর সরকারের জানা নেই।

(খ) (১) বণিকসভাগুলি বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে বণিকসভার সাথে একত্রে বৈঠকের জন্য অনুরোধ জানিয়েছিলেন।

(২) গত ২০শে আগষ্ট ১৯৮২ সমস্ত বণিকসভার সাথে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বণিকসভা ও বিদ্যুৎ উৎপাদক সংস্থাগুলির মধ্যে পারস্পরিক মত ও তথ্য বিনিময়ের জন্য প্রতি মাসে একটি বৈঠক করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বললেন যে বণিকসভার কোন হুমকির খবর সরকারের জানা নেই। কিন্তু সম্প্রতি একটা বৃহৎ পত্রিকায় এই খবর বেরিয়েছে যে সরকারকে হুমকি দেওয়া হয়েছে। আপনি এই সংবাদের কোন প্রতিবাদ করেছেন কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত :** কারা দিয়েছে জানি না। আমাদের কাছে এই রকম কোন খবর নেই। কাজেই প্রতিবাদ করার কোন কারণ নেই !

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয়, বণিকসভার সঙ্গে যে আলোচনা হয়, সেখানে সরকারের কে কে ছিলেন জানাবেন কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত :** বিদ্যুৎ দপ্তরের সচীব, বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান এবং অন্যান্য অফিসাররা সাহায্য করেছিলেন।

## এসমা প্রয়োগ

*৩১৮। ( অনুমোদিত প্রশ্ন নং *২০৯। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** বিগত ১৩ই মার্চ, ১৯৮২ তারিখের প্রশ্ন নং ১৭ ( অনুমোদিত প্রশ্ন নং *১১১ )-এর উত্তর উল্লেখে স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১লা মার্চ, ১৯৮২ তারিখের পরবর্তী সময়ে পশ্চিমবঙ্গে এসেনসিয়াল সার্ভিস মেণ্টেন্যান্স আইনটি প্রয়োগ করা হয়েছে কি ; এবং

(খ) করা হলে,

(১) কোথায় কোথায় ; ও

(২) কতজনের বিরুদ্ধে উক্ত আইনটি প্রযুক্ত হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) না, (খ) প্রশ্ন উঠে না।

## গ্যাস টারবাইন

*৩১৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩০৮। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বিদ্যুৎ উৎপাদনে নিযুক্ত গ্যাস টারবাইনগুলি এই রাজ্যের কোথায় কোথায় বসানো হইয়াছে ;

(খ) উক্ত গ্যাস টারবাইনগুলি কেনার জন্য সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে ;

(গ) উৎপাদন শুরু হইবার পর হইতে ৩১এ আগষ্ট, ১৯৮২ পর্যন্ত কোন্ কোন্ গ্যাস টারবাইন কতদিন চালু ছিল ; এবং

(ঘ) প্রতিটি গ্যাস টারবাইনের জন্য মাসিক গড় ব্যয়ের পরিমাণ কিরূপ ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** (ক) বিদ্যুৎ উৎপাদনে নিযুক্ত গ্যাসটারবাইনগুলি এই রাজ্যের কসবা, হলদিয়া ও শিলিগুড়িতে স্থাপন করা হয়েছে।

(খ) উক্ত গ্যাসটারবাইনগুলি কেনা, বসানো ও সরঞ্জামাদি বাবদ জুন, ১৯৮২ ইং পর্য্যন্ত মোট খরচ হয়েছে ২৬ কোটি ৭১ লক্ষ ১৮ হাজার ৮২৭.৪১ টাকা। এর মধ্যে বিদেশী মুদ্রায় সরকারের ব্যয় হয়েছে ১১.৮২ মিলিয়ন ষ্টার্লিং পাউণ্ড যা ভারতীয় মুদ্রায় ২০ কোটি ১৯ লক্ষ ৩৫ হাজার ৩১১.২৮ টাকা।

(গ) উৎপাদন সুরু হবার পর থেকে ৩১শে আগষ্ট ১৯৮২ পর্য্যন্ত শিলিগুড়ি গ্যাসটারবাইন ১০৩৫ দিন, কসবা ১ নং গ্যাসটারবাইন ৮৩৩ দিন, কসবা ২ নং গ্যাসটারবাইন ১০৩৬ দিন, হলদিয়া ১নং গ্যাসটারবাইন ৬৯৭ দিন এবং হলদিয়া ২নং গ্যাসটারবাইন ৬২৭ দিন চালু ছিল।

(ঘ) প্রতিটি গ্যাসটারবাইনের জন্য মাসিক গড় ব্যয়ের পরিমাণ প্রায় ৫৮ লক্ষ টাকা।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, দয়া করে বলবেন কি এই গ্যাস-টারবাইনগুলি থেকে বর্তমানে কি পরিমান পাওয়ার জেনারেট করা হচ্ছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** প্রতিটি গ্যাস-টারবাইনের ২০ মেগা ওয়াট করে বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা আছে, তবে এক একটি থেকে এক এক দিন ১৬/১৭/১৮/১৯ মেগাওয়াট করে বিদ্যুৎ পাওয়া যায়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কসবায় গ্যাস-টারবাইন দুটি কি এখন চালু আছে ; যদি থাকে তাহলে সেখান থেকে এখন কত মেগা ওয়াট করে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** কসবায় দুটি ইউনিটই চালু আছে। আজকে সকালে দুটি ইউনিট থেকে যথাক্রমে ১৭ এবং ১৮ মেগা ওয়াট করে বিদ্যুৎ উৎপাদন হয়েছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** গ্যাস-টারবাইনের উৎপাদনকে পিক আওয়ারে ব্যবহার করা হয়, না জেনারেল সাপ্লাই-এর সঙ্গে যুক্ত করা হচ্ছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** গ্যাস-টারবাইনগুলি পিক আওয়ারেই চালাবার কথা, তবে ঘাটতি বেশী হলে বেশী সময় চালানো হয়।

**শ্রীসুভাষ বোস ঃ** আমরা জানি এই গ্যাস-টারবাইনগুলি বামফ্রন্ট সরকার বসিয়েছে, কিন্তু গ্যাস-টারবাইন বসানোর জন্য পূর্বেকার কংগ্রেস সরকারের কোন প্ল্যান প্রোগ্রাম ছিল কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** ওদের সেরকম কোন পরিকল্পনা ছিল বলে আমার জানা নেই।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি গ্যাস-টারবাইন থেকে উৎপাদিত বিদ্যুতের জন্য পার মেগা ওয়াট কত উৎপাদন খরচ ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** ঐভাবে বলতে গেলে একটু সময় লাগবে। তবে আমি একটা হিসেব দিতে পারি, সেটা হচ্ছে, একটি গ্যাস-টারবাইন এক ঘণ্টা চালাবার জন্য ২৩,৭০৭ টাকা খরচ পড়ে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি থার্মাল পাওয়ার ষ্টেশন থেকে যে বিদ্যুৎ উৎপাদন হয় তার উৎপাদন খরচ এবং গ্যাস-টারবাইন থেকে যে বিদ্যুৎ উৎপাদন হয় তার উৎপাদন খরচের মধ্যে তফাৎ কত ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এ বিষয়ে নির্দিষ্টভাবে বলতে গেলে নোটিশ লাগবে। তবে গ্যাস-টারবাইনের খরচ একটু বেশী।

## রাজস্ব খাতে আয়

*৩২০। ( অনুমোদিত প্রশ্ন নং *২৫৬। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৭ সময়কালের সঙ্গে তুলনায় ১৯৭৭-৮২ সময়কালে রাজ্যের রাজস্ব খাতে আয় বেড়েছে, না কমেছে ; এবং

(খ) এই পরিবর্তনের বাৎসরিক হার কিরূপ ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) ১৯৭২-৭৭ সময়কালের সঙ্গে তুলনায় ১৯৭৭-৮২ সময়কালে রাজ্যের রাজস্বখাতে আয় বেড়েছে ; নীচের তালিকায় তা দেখানো হোলো।

( কোটি টাকার হিসাব )

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯৭২-৭৩ ( প্রকৃত ) | — | ৩৫৩.৬৪ | ১৯৭৭-৭৮ ( প্রকৃত ) | — | ৬৯৯.২৭ |
| ১৯৭৩-৭৪ ( প্রকৃত ) | — | ৩৭৮.৯৩ | ১৯৭৮-৭৯ ( প্রকৃত ) | — | ৮২৮.১৮ |
| ১৯৭৪-৭৫ ( প্রকৃত ) | — | ৪৬০.১৯ | ১৯৭৯-৮০ ( প্রকৃত ) | — | ৯৬৩.১৫ |
| ১৯৭৫-৭৬ ( প্রকৃত ) | — | ৫৬২.৩৬ | ১৯৮০-৮১ ( প্রকৃত ) | — | ১০৯১.৭০ |
| ১৯৭৬-৭৭ ( প্রকৃত ) | — | ৬২১.১১ | ১৯৮১-৮২ (সংশোধিত) | — | ১২৯৩.৩৯ |
| মোট ঃ— | | ২৩৭৬.২৩ | | | ৪৮৭৫.৬৯ |

(খ) এই পরিবর্তনের ( বৃদ্ধির ) বাৎসরিক হার নীচের তালিকায় শতকরা হসাবে দেখানো হোলো।

| | | |
|---|---|---|
| ১৯৭৩-৭৪ | — | ৭.১৫ |
| ১৯৭৪-৭৫ | — | ২১.৪৪ |
| ১৯৭৫-৭৬ | — | ২২.২০ |
| ১৯৭৬-৭৭ | — | ১০.৪৪ |
| ১৯৭৭-৭৮ | — | ১২.৫৮ |
| ১৯৭৮-৭৯ | — | ১৮.৪৩ |
| ১৯৭৯-৮০ | — | ১৬.২৯ |
| ১৯৮০-৮১ | — | ১৩.৩৪ |
| ১৯৮১-৮২ | — | ১৬.৪৭ |

( সংশোধিত ) বাজেট অনুসারে

## বিদ্যুৎ উৎপাদন হ্রাস

*৩২১। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৫০। ) **শ্রীসরল দেব ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ দপ্তরের অধীনস্থ সাঁওতালডি সহ অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে অন্তর্ঘাতমূলক কার্যের ফলে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে—এই মর্মে কোন অভিযোগ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) আসলে, ঐ ধরনের কার্যকলাপ বন্ধ ক'রে বিদ্যুৎ উৎপাদন স্বাভাবিক করতে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** (ক) না,

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কিছুদিন আগে সংবাদপত্রে বেরিয়েছে সাঁওতালদিতে কিছু শ্রমিক অন্তর্ঘাতমূলক কার্য্যকলাপের সঙ্গে যুক্ত ছিল বলে তাদের ট্রান্সফার এবং সাসপেণ্ড করা হয়েছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এরকম কোন তথ্য আমার কাছে নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, সাঁওতালডিতে যে গণ্ডগোল হচ্ছে সেটা আর. এস. পি. এবং সিটুর ঝগড়ার জন্য হচ্ছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** ঐ গণ্ডগোল কবে হয়েছিল না বললে, বলতে পারব না।

## State Town and Country Planning Advisory Board

*322. (Admitted question No. *805.) **Shri Dinesh Chandra Dakua :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) when was the State Town and Country Planning Advisory Board constituted ;

(b) the number of sittings of the said Board so far held, and

(c) what are the main functions of this Board ?

**Jyoti Basu :** (a) The State Town and Country Planning Advisory Board has not yet been constituted. (b) Does not arise, (c) The function of the State Town and Country Planning Advisory Board is to advise the State Govt. in matters relating to planning, development, co-ordination and use of rural and urban land and such other connected function as the State Govt. may,from time to time, assign to it.

[1-30—1-40 p.m.]

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই টাউন এণ্ড কান্ট্রি প্ল্যানিং এ্যাডভাইসারি বোর্ডের মিটিং না হওয়ার কারণটি কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনও কনষ্টিটুউট হয়নি, তৈরী হয়নি। কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির নাম পাঠিয়েছে। আর এ ছাড়া এ্যাসেম্বলীর স্পীকারের প্রতিনিধি থাকবে এবং অন্যান্য অনেকেই থাকবে। এটা আমরা করবো।

## Power Genration

*323. (Admitted question No. *612.) **Shri Gayan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state that—

(a) the total number of power stations (thermal, hydel and diesel ) in the State at present,

(b) the installed capasity of each power station,

(c) the present generation of power from each unit, and

(d) how many of (a) and (b) have been set up by the L. F. Government.

**Shri Sankar Gupta :** (a) The total no. of power stations (Thermal, Hydel & Diesel) in this State at preaent is 41.

(b) & (c) The derated installed capacity & the present generation are as follows :

| Steam : | Installed Capasity (Derated) M. W. | Present avarage Generation. NKWH/Month. |
|---|---|---|
| W. B. S. E. B : | | |
| 1. Bandel | 320 | 141 |
| 2. Santaldih | 480 | 108 |
| 3. Gouripur | 14 | 3 |
| D. V. C : | | |
| 1. Durgapur | 250 (excluding 4th set) | 127 |
| D. P. L. | | |
| 1. Durgapur | 245 | 74 |
| C. E. S. C : | | |
| 1. Southern, Mulajore & Cossipure (New Cossipore) | 320 | 134 |

| Steam ; | Installed Capacity (Derated) M. W. | Present avarage Generation. NKWH/Month. |
|---|---|---|
| **Dishergarh Power Supply Co. Ltd.** | | |
| 1. Dishergarh | 14 | 4.6 |
| 2. Seebpur | 6 | 1.6 |
| **HYDEL : WBSEB :** | | |
| 1. Jaldhaka | 27 | 7 |
| 2. Massanjore | 4 | -(seasonal) |
| 3. Little Rangeet/ Bijanbari | 2 | 0.2 |
| 4. Rinchington | 2 | 0.5 |
| 5. Sidrapong | 1.8 | 0.2 |
| 6. Singtom | | |
| 7. Kurseong | 1.1 | 0.3 |
| **D. V. C :** | | |
| 1. Mython | 60 | 0.4 (seasonal) |
| **Gas Turbine : WBSEB :** | | |
| 1. Kanba | 40 | 14 |
| 2. Haldia | 40 | 10 |
| 3. Siliguri | 20 | 2 |
| **Diesel : WBSEB :** | | |
| 1. Siliguri (Old) | 2.3 | 0.1 |
| 2. Siliguri (New) | 7.0 | 0.2 |
| 3. Kalimpong | 0.3 | 0.01 |
| 4. Lebong | 0.7 | 0.03 |
| 5. Jalpaiguri | 1.2 | 0.05 |
| 6. Changrabandha | 0.1 | 0.03 |
| 7. Haldibari | 0.2 | — |
| 8. Birpara | 0.4 | — |
| 9. Coochbihar | 2.0 | 0.1 |
| 10. Balurghat | 0.7 | — |
| 11. Raigunj (Old) | 0.6 | — |
| 12. Raigunj (New) | 0.7 | — |
| 13. Islampur | 0.2 | — |
| 14. Patharpratima | | |
| 15. Bakhkhali | 0.5 | 0.01 |
| 16. Rudranagar | | |
| 17. Kalindri | 1.7 | 0.1 |
| 18. Digha | 0.05 | — |

d) During the period of L. F. Government in the State two units of 3.5 M. W. each Russian Diesel Set were set up at Siliguri and five gas turbi-

nes of 20 M. W. each were set up—two at Halda, two at Kasba and one a Siliguri.

During this period two units of 120 M. W. each have also been commissioned at Santaldih.

**Shri Gyan Singh Sohanpal** : Will the Minister-in-change of power be pleased to state what is the total installed capacity of all these power stations and total requirements of the State at present ?

**শ্রীশঙ্কর গুপ্ত** : আমাকে সময় দিলে বলতে পারবো প্রশ্নের উত্তরটা দিতে সময় লাগবে।

**Mr. Speaker** : Give him time. The Minister will add different figures relating to your question and inform you later on.

## রাজ্য লটারী

*৩২৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৯৮৭। **শ্রীবিশ্বনাথ চৌধুরী** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য লটারী হইতে আয়ের টাকা প্রধানতঃ কি কি বাবতে ব্যয় করা হয়;

(খ) সরকার অনুমোদিত লটারীর টিকিট বিক্রয় সংস্থার সংখ্যা কত এবং

(গ) বর্তমানে বাজ্য লটারীর টিকিট বিক্রয়ের সাথে যুক্ত ব্যক্তির আনুমানিক সংখ্যা কত ?

**শ্রীজ্যোতি বসু** : ক) বিক্রয়লব্ধ সমস্ত অর্থই রাজ্য লটারী অধিকার থেকে রিজার্ভ ব্যাঙ্কে সরকারের নির্দিষ্ট খাতে রাজ্য তহবিলে ( কনসলিডেটেড ফাণ্ডে ) জমা পড়ে এবং সেইমত রাজ্যের সামগ্রিক বাজেটভুক্ত হয়।

(খ) অদ্যাবধি ৬১৪০টি ব্যক্তি সংস্থাকে পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর এজেন্ট হিসাবে নিয়োগ করা হয়েছে।

(গ) ৬১৪০ জন ব্যক্তি/সংস্থা রাজ্য লটারীর এজেন্ট হিসাবে যুক্ত আছেন। এই সকল এজেন্টদের অধীনে আরও ব্যক্তি টিকিট বিক্রয়ের সাথে যুক্ত আছেন এবং এই সংখ্যা আনুমানিক দশ হাজার। এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বহু ব্যক্তি পরোক্ষভাবে রাজ্য লটারী টিকিট বিক্রয়ের সঙ্গে যুক্ত। তাঁদের সংখ্যা জানানো সম্ভব নয়।

**ডাঃ মানস ভুঁইঞা** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রাজ্য লটারীর সঙ্গে যুক্ত পশ্চিমবঙ্গের লিডিং এজেন্ট এস. পালের বিরুদ্ধে কতগুলি অভিযোগ এসেছিল এবং এখন বর্তমান অবস্থাটা কি ?

**শ্রীজ্যোতি বসু** : এই কমর কোন অভিযোগের কথা নেই, আলাদাভাবে জিজ্ঞাসা করলে জবাব দিতে পারবো।

**শ্রীপ্রবোধ পুরকায়েত** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর পুরস্কারের সংখ্যা কি বৃদ্ধি করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু** : নোটিশ না দিলে বলতে পারবো না।

**শ্রীআবদুল মান্নান ঃ** কালো টাকা যাদের আছে এই রকম কিছু লোক লিডিং এজেন্টদের কাছ থেকে যারা প্রাইজ পান সেই টিকিটগুলি কিনে নেন, এই রকম ধরনের কোন অভিযোগের কথা মাননীয় মন্ত্রীমহাশয়ের কি জানা আছে ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

## লোড শেডিং

*৩২৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬০। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে ভয়াবহ লোড শেডিং রুখতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এই রাজ্যে বিদ্যুৎ পরিস্থিতির উন্নতির জন্য সরকার কতকগুলি স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

স্বল্পমেয়াদী কার্যসূচী হিসাবে রাজ্যের বর্তমান বিদ্যুৎ কেন্দ্রগুলি হইতে সর্বোচ্চ উৎপাদনের এবং বিদ্যুৎ নিয়ন্ত্রণ আইনের ধারাগুলি কঠোরভাবে প্রয়োগের মাধ্যমে উৎপাদিত বিদ্যুতের যথাসম্ভব সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা করা হইয়াছে।

দীর্ঘমেয়াদী কার্য্যসূচী হিসাবে নতুন বিদ্যুৎ কেন্দ্রগুলি যথাশীঘ্র চালু করিবার ব্যবস্থাদি লওয়া হইয়াছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি — লোড শেডিং চলছে, কিন্তু বিলের টাকার পরিমাণ কমছে না, বরং বাড়ছে কেন ? এবং এ ব্যাপারের বিহিত করবার জন্য আপনি কিছু ঠিক করেছেন কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এই রকম সুনির্দিষ্ট অভিযোগ পেলে তদন্ত করা যাবে। একটা জিনিষ জেনে রাখা ভাল, ফুয়েল সার চার্জটা বেড়েছে। সেজন্য অনেক সময় বিলের টাকা বাড়ছে।

**শ্রীআবদুর রৌফ আনসারী ঃ** এই ধরণের কতগুলি কমপ্লেণ্ট আপনি রিসিভ করেছেন ? এর জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এ প্রশ্নের জবাব এইভাবে দেওয়া যায় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে উনি উন্নতির জন্য চেষ্টা করছেন, অবনতিটা তো ম্যান মেড, তাই আপনাকে জিজ্ঞাসা করছি আর. এস. পি. এবং সিটু, ডি. পি. এলের এই যে ইউনিয়ন তাদের রাইভ্যালরির জন্য যে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে তার ব্যবস্থা করার জন্য আপনি কি সিদ্ধান্ত নিচ্ছেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** আপনার সিদ্ধান্তের সঙ্গে আমি একমত হতে পারছি না। দ্বিতীয় প্রশ্নটি এতে আসে না, কারণ ডি. পি. এল. আমার দপ্তর নয়।

## Follow up of complaint by M.L.A.

*326. (Admitted question No. *1209.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state —

(a) whether any complaint was lodged by any M.L.A. in the Kaliachak Police-station of Malda district on 24th May, 1982 ; and

*(b) if so,*

*(i) the subject-matter of the complaint ;*

(ii) the number of persons arrested or interrogated by the police ;

(iii) the political affiliations, if any, of the persons arrested and/or interrogated ;

(iv) the number of persons arrested from among the persons named in the said F.I.R. ; and

(v) what other follow up actions have been taken in the matter ?

**Shri Jyoti Basu :** (a) Yes.

(b) (i) Complaint was made of an armed attack on Shri Humayun Chowdhury, MLA and his Security guard causing injuries to them by some armed rioters.

(ii) 36 persons were arrested in this connection.

(iii) Not known.

(iv) None.

(v) A specific case was started over the incident — the investigation of which has been taken over by the CID. Raids are continuing to apprehend the FIR — named accused persons.

**শ্রীআবদুল মান্নান ঃ** ৩৬ জনকে এ্যারেষ্ট করা হয়েছে বলছেন, পরে কতজনকে ছেড়ে দেওয়া হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ছেড়ে দেওয়ার খবর জানি না, তবে বেলে আছে, এই পর্যন্ত জানি।

## মুরারই কেন্দ্রে বৈদ্যুতিকরণ

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন *১১৪৯।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সালের ১লা জুন তারিখে বীরভূম জেলার মুরারই বিধানসভা কেন্দ্রের কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের জন্য মঞ্জুরীপ্রাপ্ত গ্রামের বৈদ্যুতিকরণের কাজ বাকী ছিল ; এবং

(খ) তন্মধ্যে, ৩১এ আগষ্ট ১৯৮২ পর্যন্ত কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কার্য সম্পন্ন হইয়াছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** (ক) বিধানসভা কেন্দ্র অনুযায়ী হিসাব দেওয়া সম্ভব নহে। গ্রাম বৈদ্যুতি করণের হিসাব থানা ওয়ারী রাখা হয়। বীরভূম জেলার মুরারই থানার ৮৬টি অনুমোদিত মৌজা ১৯৭৭ সালের ১লা জুন অবধি অবৈদ্যুতিকৃত অবস্থায় ছিল।

(খ) ১৯৮২ সালের আগষ্ট মাস পর্যন্ত উক্ত ৮৬টি মৌজার মধ্যে ৫৫টি মৌজার বৈদ্যুতি করণের কাজ সম্পূর্ণ হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এই ৫ বছরে উনি ৫৫টি মৌজায় বৈদ্যুতিকরণ করেছেন বলে জানালেন, যে যে মৌজাগুলি বাকী আছে সেগুলিতে করার কিছু চেষ্টা করবেন ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** এটার পরিকল্পনা রচনা করা হচ্ছে। রুরাল ইলেকট্রিক কর্পোরেশন থেকে পর্য্যাপ্ত পরিমাণে অর্থ সাহায্য পেলে নিশ্চয় করার চেষ্টা করব।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এটা কি অবগত আছেন যে ইলেকট্রিফিকেশান মানে কোন মৌজায় একটা পোষ্ট দিলেই ইলেকট্রিফিকেসন হল না, এটা জানেন কি ?

**মিঃ স্পীকার ঃ** এটা প্রশ্ন হয় না।

## Special Employment Programme

328. (Admitted question No. *1260.) **Shri Habibur Rahaman** : Will the Minister-in-Charge of the Finance Department be pleased to state—

(a) Whether the State Government has received any assistance from the Centre for Special Employment Programmes in West Bengal : and

(b) If so,

(i) the amount allocated as Central assistance for the financial years,

(a) 1980-81 : and

(b) 1981-82 and ;

(ii) the percentage of the Central assistance actually utilised during the said period ?

[1-40—1-50 p.m.]

**Shri Jyoti Basu** : (a) There is no such scheme as Spceial Employment Programme in West Bengal. As such, question of receiving any assistance from the Centre for this purpose does not arise.

(b) (i) and (ii) In view of the reply to question to (a) above, these questions not arise.

## রাণীনগর থানায় বৈদ্যুতিকরণ

*৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৯।) **শ্রীআতাহার রহমান, শ্রীবীরেন্দ্র-নারায়ণ রায় ও শ্রীদীনবন্ধু মাঝি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামীন বৈদ্যুতিক প্রকল্পে মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানায় অধিকাংশ গ্রামেই বৈদ্যুতিকরণের কাজ এখনও পর্যন্ত সম্ভব হয় নাই ; এবং

(খ) সত্য হইলে,

(১) ইহার কারণ কি, ও (২) উক্ত কাজ ত্বরান্বিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, এই মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানায় গ্রামীন বৈদ্যুতিককরণ কর্মসূচী শেষ করে দেওয়া হয়েছে ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** আগে যে স্কীম ছিল সেটা শেষ হয়ে যাওয়ার পর নূতন স্কীম করা হয়। পুরানো স্কীম শেষ হওয়া মানে এই নয় যে সেখানে আর কিছু হবে না।

## Upgradation of Mothabari Police Outpost

*330. (Admitted question No. *1304.) **Shri Humayoun Choudhury**: Will the Minister-in-Charge of the Home (Police Department be pleased to state—

(a) Whether the State Government has any proposal for upgradation of Mothabari police outpost in Kaliachak police-station of Malda district ; and

(b) If so, what is the present position in the matter ?

**Shri Jyoti Basu :** (a) No.

(b) Does not arise.

## Task Force for Power Projects

*331. (Admitted question No. *1277.) **Shri Anup Kumar Chandra :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) Whether there is any proposal to appoint a Task Force to monitor the progress of the Power Projects and/or to improve the power situation in the State ; and

(b) If so,

(i) when and how the task force is proposed to be constituted : and

(ii) What is the present position in the matter ?

**Shri Sankar Gupta :** (a) There is no specific proposal till now to appoint a Task Force to monitor the progress of the Power Projects and/or to improve the power situation in the State, A Task Force has very recently been set up to study the load management within the CESC system with an eye to improve the power availability within the area and also to reduce the incidence of loadshedding within the CESC area. The Progress of the on-going power projects is, however, being monitored at the State Govt. level and also by the perspective Power Planning Committee set up by the Govt. some time back.

(b) (i) The question does not arise.

(ii) The question does not arise.

**শ্রীমানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সেক্রেটারির পদে একজন ইঞ্জিনীয়ার-এর বদলে আই. এ. এস অফিসার আনার চেষ্টা করছেন কি ?

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** আপনি যে প্রশ্নটা করেছেন সেই প্রশ্নটা মূল প্রশ্ন অনুযায়ী আসে না।

## State Government's own bank

*332. (Admitted question No. *1319.) **Sri ? hirendra Nath Sarkar** : With reference to the reply to the Unstarred Question No. 16 (Admitted

question No. 155), dated the 10th September, 1981, will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has received any licence from the Reserve Bank of india to set up its own Bank ; and

(b) If so, the steps taken by the Government in the matter ?

**Shri Jyoti Basu :** (a) No.

(b) Does not arise in view of the reply to (a) above.

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি রাজ্য সরকার নিজস্ব ব্যাঙ্ক স্থাপন করার ব্যাপারে কোন সিদ্ধান্ত নিয়েছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় সদস্যরা জানেন যে গতবার এ্যাসেম্বিলিতে বলেছিলাম যে আমাদের রাজ্য সরকার থেকে একটা ব্যাঙ্ক করতে চাই। তার জন্য রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন নিতে হয়। এই অনুমোদন দেবার জন্য আমরা চিঠি-পত্র আদান প্রদান করেছি। ১৯৮১ সালে ২ বার চিঠি লেখা হয়েছে। ওরা জবাব চেয়েছে। আমরা সেই জবাব দিয়ে চিঠি দিয়েছি। ওদের জবাব আমরা এখনও জানতে পারি নি। এবারে চিঠি গেছে ২৪শে মার্চ ১৯৮২ সালে। ওরা জবাব চেয়েছে, আমরা জবাব দিয়েছি, এখনও পর্যন্ত ওদের জবাব আসে নি।

**শ্রীআবদুল রউফ আনসারী ঃ** Hon'ble Finance Minister knows that the bank has got to play a very important role in the economy of the State. আপনি কি মনে করেন শুধুমাত্র করেসপণ্ডেন্স করেই দায়িত্ব শেষ করা যাবে ? সেজন্য বলছি For the interest of the State he will/ personally approach the authority concerned.

**শ্রীজ্যোতি বসু ঃ** আমরা তো রিজার্ভ ব্যাঙ্ক অফ ইনডিয়ার সঙ্গে লাঠালাঠি করে তাদের বাধ্য করতে পারি না, আমরা তাঁদের চিঠি লিখে অনুরোধ করতে পারি। চিঠি আমরা লিখেছি, তাঁরা কি ব্যবস্থা গ্রহণ করেন, তা এখনই বলতে পারব না।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন যে রিজার্ভ ব্যাঙ্ক শর্তগুলি জানতে চেয়েছেন সেই শর্তগুলি কি কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি এখন বলতে পারবো না, আমার সঙ্গে এই ব্যাপারে করেসপনডেন্স চলছে।

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি অন্যান্য রাজ্যে এই ধরনের ব্যাঙ্ক আছে কি না।

**শ্রীজ্যোতি বসু ঃ** না, এই রকম ব্যাপার আমার জানা নাই।

## সীমান্ত এলাকায় চুরি ও ডাকাতি

*৩৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৩২। ) **শ্রীআবুল হাসনাত খাঁন ঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ থেকে আগত কিছু দুস্কৃতকারী পশ্চিমবাংলার সীমান্ত এলাকায় ডাকাতি, গরুচুরি ইত্যাদি কর্মে রত—এই মর্মে কোন অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কি ; এবং

*(খ) আসিয়া থাকিলে, ঐ ধরনের কার্যকলাপ রোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?*

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ।

(খ) এ ধরনের কার্যকলাপ রোধের জন্য সীমান্ত রক্ষী বাহিনী (বি. এস. এফ) ও পুলিশ বাহিনী সর্বদাই সচেষ্ট।

**শ্রীআবুল হাসনাত খান :** গত ১ বছরে কত ডাকাতি এবং গরু চুরির ঘটনা ঘটেছে ?

**মিঃ স্পীকার :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীআবুল হাসনাত খান :** সীমান্তে ডাকাতি ও চুরির ঘটনা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বি. এস. এফ. ক্যাম্প আরও বাড়াবার জন্য চিন্তা ভাবনা করেছেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** চুরি ডাকাতি সব সময়ে হয় না, যখন হয়, তখন আমরা প্রয়োজনে নিজেরা আলোচনা করি ও কেন্দ্রকেও লিখি। কিছু দিন আগে কেন্দ্রকে আমরা লিখেছিলাম, ঠিক কবে লিখেছিলাম তা আমার মনে নেই। তবে যদি খবর পাই, বর্ডারে ডাকাতি ইত্যাদি বেশী হচ্ছে, সেখানে বি. এস. এফ. কে আরও স্ট্রেনদেন করতে হবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** সীমান্ত জেলাগুলিতে ক্রমবর্ধমান ডাকাতির ফলে মানুষের ঘুম কেড়ে নিচ্ছে এবং বি. এস. এফ. তাদের দায়িত্ব পালন করতে পারছে না, সেজন্য সেখানে থানাপুলিশের সংখ্যা বাড়িয়ে স্ট্রেনদেন করার জন্য চেষ্টা করছেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** সীমান্তে ডাকাতির জন্য মানুষের ঘুম হচ্ছে না বলে কোন সংবাদ আমাদের কাছে নেই। তবে মাঝে মাঝে যখন এ রকম ঘটনা ঘটবার প্রবণতা দেখা দেয়, তখন আমরা বি. এস. এফ. এর সঙ্গে এবং নিজেদের মধ্যে আলাপ আলোচনা করে থাকি। এ ব্যাপারে আমাদের যে কর্তব্য আছে, সেটা করার চেষ্টা করি।

**শ্রীসুনীতি চট্টরাজ :** বাংলাদেশের দুষ্কৃতকারীর মোকাবিলা করার জন্য সি. পি. এম. এর লাল বাহিনীকে পাঠাবার কথা চিন্তা করছেন কি ?

**মিঃ স্পীকার :** এ প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া জেলায় নূতন মহকুমা

*৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৯।) **শ্রীসুভাষ গোস্বামী :** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় একটি নূতন মহকুমা স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে,

(১) উক্ত মহকুমার সদর দপ্তর কোথায় হইবে ; ও

(২) কোন্ কোন্ ব্লক উক্ত মহকুমার অন্তর্ভুক্ত করা হইবে ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ। বাঁকুড়া জেলার খাতড়ায় নূতন একটি মহকুমা সৃষ্টির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(খ) (১) খাতড়ায়।

(২) ইন্দপুর, সিমলাপাল, তালডাংরা, খাতড়া—১, খাতড়া—২, রায়পুর—১ রায়পুর—২ ও রানীবান্ধ বুক উক্ত মহকুমায় অন্তর্ভুক্ত হবে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** উক্ত সাব-ডিভিসনে কবে থেকে আনুষ্ঠানিক ভাবে কাজ শুরু হবে বলে মনে করেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এ ব্যাপারে অনুসন্ধানের জন্য যে সমস্ত রিপোর্ট ও তথ্য দরকার ছিল, তা আমরা পেয়ে গেছি। সেখানে রেকারিং এবং নন রেকারিং কত খরচ হবে, তার হিসেবও হয়ে গেছে। সেই ভিত্তিতে আমরা পি. ডবলু. ডি. কে মাষ্টার প্লান করার জন্যও নির্দেশ দিয়েছি। আশা করি, খুব তাড়াতাড়ি এটা আমরা শুরু করতে পারব।

## কৃষি আয়কর

*৩৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৮১। ) **শ্রীমনীন্দ্রনাথ বর্মা ও শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৮-৭৯ আর্থিক বৎসর হইতে ১৯৮১-৮২ আর্থিক বৎসর পর্যন্ত সময়ে রাজ্যে কৃষি আয়কর আদায়ের পরিমাণ কত ; এবং

(খ) তন্মধ্যে, চা বাবদ আয়কর প্রাপ্তির পরিমাণ কত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) মোট কৃষি আয়কর আদায়ের পরিমাণ ঃ

| ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ |
|---|---|---|---|
| ৮৮১ লক্ষ টাকা | ৭২৮ লক্ষ টাকা | ২২৫ লক্ষ টাকা | ১২০ লক্ষ টাকা |

(খ) চা বাবদ আয়কর প্রাপ্তির পরিমাণ ঃ

| ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ |
|---|---|---|---|
| ৮৪২ লক্ষ টাকা | ৬৭৭ লক্ষ টাকা | ১৮৪ লক্ষ টাকা | ৭১ লক্ষ টাকা (অসম্পূর্ণ) |

[1-50—2-00 p.m.]

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি চা বাবদ বকেয়া আয়করের পরিমান বর্তমানে রাজ্যে কত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** নোটিশ দিন উত্তর দেব।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি চা বাবদ বকেয়া আয়কর বর্তমান রাজ্যে কত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** উত্তর দেওয়া হয়েছে।

## পাঁচঘড়া থানার অফিসারের বিরুদ্ধে অভিযোগ

*৩৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৯১। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) উত্তর হাওড়ার মালীপাঁচঘড়া থানার ভারপ্রাপ্ত অফিসারের বিরুদ্ধে কর্তব্য-চ্যুতির, যেমন ডায়েরী না নেওয়া ইত্যাদির কোন অভিযোগ সরকার পেয়েছেন কি ; এবং

(খ) পেয়ে থাকলে, সরকার উক্ত অফিসারের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীজ্যোতি বসু** : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅশোক ঘোষ** : মাননীয় পুলিসমন্ত্রী জানাবেন কি, এই অফিসার যিনি ওই থানায় আছেন তার ব্যবহারে অতিষ্ট হয়ে স্থানীয় জনসাধারণ ২।৩ বার থানা ঘেরাও করেছিলেন ?

**শ্রীজ্যোতি বসু** : এ প্রশ্ন করেননি জবাব দিতে পারছি না।

**শ্রীঅশোক ঘোষ** : এই রকম ঘটনা ঘটার পরে আমি বিধান সভার সদস্য হিসাবে হাওড়া পুলিশ সুপারের কাছে মানুষদের নিয়ে গিয়েছিলাম............

**মিঃ স্পীকার** : এই রকম প্রশ্ন হয় না।

## বেলডাঙ্গা পৌরসভা এলাকায় ফাঁড়ি স্থাপন

*৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৩।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ও শ্রীশেখ ইমাজুদ্দিন** : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা পৌরসভা এলাকায় কোন টাউন আউট-পোস্ট আছে কিনা ; এবং

(খ) না থাকিলে, ঐ এলাকায় কোন টাউন আউট-পোস্ট স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীজ্যোতি বসু** : (ক) না।

(খ) ঐ এলাকায় একটি টাউন আউট-পোস্ট স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীসেখ ইমাজুদ্দিন** : কবে নাগাদ আউট-পোস্টগুলি হবে ?

**শ্রীজ্যোতি বসু** : বলা শক্ত।

## সূতি থানা এলাকায় হত্যাকাণ্ড

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৩।) **শ্রীশিশ মহম্মদ** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি মাস হইতে জুলাই মাস পর্যন্ত সময়ে মুর্শিদাবাদ জেলার সূতি থানা এলাকায় কতগুলি হত্যাকাণ্ড ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত সময়ে কাদোয়া গ্রামে জনৈক শঙ্কর ঘোষের হত্যার সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোন তথ্য আছে কি ?

**শ্রীজ্যোতি বসু** : (ক) পাঁচটি।

(খ) হ্যাঁ।

**শ্রীশিশ মহম্মদ** : মাননীয় মন্ত্রি মহাশয় জানাবেন কি, এই যে ৫টি হত্যাকাণ্ড হয়েছে তা কোন কোন যায়গায় হয়েছে এবং গ্রেপ্তার করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই সম্বন্ধে ডিটেল আমার কিছু নেই। কিন্তু প্রত্যেকটি কেস হচ্ছে, মামলা হচ্ছে এবং গ্রেপ্তার করা হয়েছে কিছু লোককে। তবে আমি যেটুকু বলতে পারি কিছু লোক আবার নিজে থেকে এসে সারেণ্ডার করেছে কোর্টে গিয়ে। এই গণ্ডগোলটি নিজেদের মধ্যে মারামারি এবং মদ চোলাইয়ের ব্যাপার নিয়ে ঘটনাটি হয়েছে।

**শ্রীশিশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কাদুয়া বীট হাউসের অফিসারের মিঃ হেমব্রম তাঁর স্ত্রী পিয়ারলেস করতেন। তিনি শঙ্কর ঘোষকে পিয়ারলেস করার জন্য বলেন কিন্তু তিনি না করাতে কংগ্রেসী প্ররোচনায় তাকে হত্যা করা হয়েছিল, এই খবর আপনার কাছে আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এইরকম কোন খবর আমার কাছে নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আর. এস. পি.-র সদস্য এ রকম মুখ্যমন্ত্রীকে হ্যারাস করার জন্য বামফ্রণ্ট মন্ত্রিসভার সভা করা হবে কি না ?

নো রিপ্লাই।

## ডাকাতির ব্যাপারে পুলিশ অফিসারের যোগসাজস

*৩৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৪। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) সম্প্রতি কয়েকজন পুলিস অফিসারের বিরুদ্ধে ডাকাতদের সঙ্গে যোগ-যাজসের কোন অভিযোগ সরকার পেয়েছেন কিনা ; এবং

(খ) পেয়ে থাকলে,

(১) উক্ত ব্যাপারে সরকার কোন তদন্ত করেছেন কিনা, ও

(২) অভিযুক্ত পুলিশ অফিসারদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) একজনের বিরুদ্ধে অনুরূপ একটি অভিযোগ পাওয়া গিয়েছে।

(খ) ( ১ + ২ ) বিষয়টি এখনও তদন্তাধীন আছে। তবে এইটা বলতে পারি আমি একটা রিপোর্ট পেয়েছি। সেটা আমি পরীক্ষা করে দেখছি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই পুলিশ অফিসারের নাম কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে এখন নাম নেই।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** এই রকম একজন অভিযুক্ত অফিসার যা পুলিশ কমিশনার নিজেই ঘোষনা করেছিলেন তাকেই আপনি পুলিশ পদক দিলেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** দিলাম এবং কেন দিলাম সেটা আপনি জানেন।

**শেখ ইমাজুদ্দিন ঃ** ডাকাতের সঙ্গে যোগাযোগ আছে এই রকম পুলিশ অফিসারের তদন্ত করবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ আপনার জানা থাকলে দেবেন। আমার কাছে এরকম কোন খবর নেই।

**Mr. Speaker :** *Additional replies to stared question 323 May now be given.*

**Shri Sankar Gupta :** The total installed capacity of the State's thermal and hydel projects excluding the installed capacity of the D. V. C. is around 1300 M. W. and the total power requirement of the State is around 1500 M.W.

**Shri Gyen Singh Sohanpal :** Will the hon'ble minister be pleased to state what was the genaration of power when the Left Frond Gevernment took over eharge in the year 1977 and what is the generation of power to-day ?

**Shri Sanker Gupta :** If such specific question is put as pupplementary question then it would be difficult for me to reply at the present moment.

**Shri Gyan Singh Sohanpal :** My specific question is about the generation of power from 1977 onwards.

**Mr. Speaker :** Mr. Sohanpal, please see the question. You have enquired about— (a) the total number of power stations (thermal, hydel and diesel) in the State at present ;

the installed capecity of each power station '

(c) the present generation of power from each unit ; and

(d) how many of (a) and (b) have been set up by the L. F. Govt. ? So, if you want to know in details about the power generation, please give a nojies for the same.

**Shri Gyan Singh Sohanpal :** Will the hon'ble Minister be pleased to state — when the generation of power is much below the installed capacity, may I know what are the factors for such shortfall ?

**Shri Sankar Gupta :** I think I have given specific reply last week. However, when the hon'ble member wants to know the reasons, I must co-operate with him. The reasons are — problem with the grade of coal ; low generation by other agencies not within the control of State Government. turbo-generator troubles in the C. E. S. C. and such other reasons.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বর্তমানে পশ্চিমবঙ্গে বিদ্যুতের চাহিদা কত সেটা মন্ত্রী মহাশয়ের জানা আছে কি ?

**শ্রীশংকর গুপ্ত ঃ** একটু আগেই বললাম যে মোটামুটি চাহিদা হচ্ছে ১৫ শো মেগা ওয়াটের মত।

[2-00—2-10 p m.]

**Mr. Speaker :** I have recoivvd one notice of adjournment motion to-day.

It comes from Shri Shaikh Imajuddin, which deals with, alleged disturances created by the workers of a major political party of the Left Front in ıe educational institution under Ramkrishna Mission.

The Education Minister made a statement in the house on 14.9.82, on ıe subject of disturbances at Ramkrishna Mission Bidyapith in Purulia. A :w references were also made by the members on subject in the House. esides the member can raise the matter in course of discussion on the ppropriation Bill to be held to-morrow.

I, therefore, withhold my consent to the above motion. Member may ›wever read the text of the motion as amended.

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ রুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত ির কাজ মুলতবী রাখছেন।

বামফ্রন্টের প্রধান শরিকদলের লোকেরা পরিকল্পিতভাবে রামকৃষ্ণ মিশন পরিলিত শিক্ষা প্রতিষ্ঠানগুলির উপর হামলা সৃষ্টি করে অশান্তি ঘটাচ্ছে। পরোক্ষভাবে মফ্রন্ট সরকার এই অশান্তি সৃষ্টিকারী লোকজনকে মদত দিচ্ছেন এবং শান্তি ফিরিয়ে নার চেষ্টা করছেন না।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker** : I have received 19 notices of Calling Allention the llowing subjects : namely—

| | |
|---|---|
| 1. Non-existence of T.B. indoor Beds in N.R.S. Medical College aud Hospital. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 2. De-recognition of the students' Union by the Principal of Midnapur College. | Dr. Manas Bhunia, M.L.A· |
| 3. Alleged assault on the Principal of Bankura Christian College. | Shri Sk. Imajuddin, M.L.A. |
| 4. Alleged death from burning of four persons suspected to be decoits at Chaglakuri in Mahammad Bazar P. S., Birbhum on 22.9.82. | Shri Sk. Imajuddin, M.L.A. |
| 5. Reported sanction of two and a half crores of rupees to some contractor for investigation into the sewerage system in Calcutta. | Shri Sk. Imajuddin, M.L.A. |
| 6. Decrease in number of Buses on Balichak, Dehati and sabong route. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 7. Alleged undue delay in opening of Bridge on Keleghai River in Sabong Constituency . | Dr. Manas Bhunia, M.L.A. |
| 8. Deplorable condition of the Roads from Balichak to Dehati and Balichak to Sabong. | Dr. Manas Bhunia, M.L.A. |

| | | |
|---|---|---|
| 9. | Non-availability of Ambulance in Sabong Primary Health Centre. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 10. | Non-availability of dead-body for dis-section in Anatomy Department in the different Medical College. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 11. | Non-continuation of academic session and teaching classes in D. N. De Homeopathic Medical College. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 12. | Non-availability of Life saving drugs in the Hospitals. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 13. | Non-availability of Oxygen and other gases in various Hospitals in the State. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 14. | Non-avilability of X-ray films in the Hospitals. | Dr. Manas Bhunia, M.L.A. |
| 15. | Request for introduction of new Bus route from Bamungachi to Esplanade. | Shri Asok Ghosh, M.L.A. |
| 16. | Request for repairing works of G.T. Road from Howrah Maidan to Bally Khal. | Shri Asok Ghosh, M.L.A. |
| 17. | Request for increase in number of buses on the 56A and 57A routes. | Shri Asok Ghosh, M.L.A. |
| 18. | Remedial measures against obstruction on G.T. Road (N) by Lorries. | Shri Asok Ghosh, M.L.A. |
| 19. | Alleged suspension of fifty seven teachers in Malda. | Shri Samir Mukherjee, M.L.A. |

I have selected the notice of Shri Shaikh Imajuddin on the subject of 'Alleged death from burning of four persons suspected to be dacoits at Chalagkuri in Mahammad Bazar P.S. Birbhum on 22.9.82'.

The Minister concerned may give a statement, if possible, to-day or give a date.

**শ্রীজ্যোতি বসু ঃ** ৪ঠা অক্টোবর।

**Mr. Speaker:** I now request the Minister-in-charge of Education (Higher) Department will please make a statement on the subject of serious situation in in Bankura Christian College over appointment of its Principal.

(Attention called by Shri Anil Mukherjee on the 16th September, 1982)

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** শ্রীঅনিল মুখার্জী কর্তৃক ১৬ই সেপ্টেম্বর, ১৯৮২ তারিখে আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রীমহোদয়ের বিবৃতি —

বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ ১৯০৩ সালে প্রতিষ্ঠিত হয়। পরবর্তী কালে রাজ্য সরকার কর্তৃক কলেজটি স্পনসর্ড কলেজ হিসাবে ঘোষিত হয়। স্পনসর্ড কলেজগুলির প্রশাসন রাজ্য সরকার কর্তৃক প্রণীত নিয়ম অনুযায়ী চলে এবং সেই সময়ের জন্য

কলেজগুলির প্রশাসনিক এবং আর্থিক ব্যাপারগুলি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত নিয়ম কানুনের আওতার বাইরে থাকে।

১৯৭৭ সালে অন্যান্য দুইটি কলেজের — স্কটিশ চার্চ কলেজ ( কলকাতা ) এবং লরেটো কলেজ ( দার্জিলিং ) — সঙ্গে বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজকেও স্পনসর্ড কলেজ সমূহের তালিকা হইতে বাদ দেওয়া হয়। দার্জিলিং এই লরেটো কলেজ সরকারী সিদ্ধান্ত পরিবর্তনের জন্য আবেদন করে এবং 'সংখ্যালঘু' কলেজ হিসাবে পরিচিত হইতে অনিচ্ছা প্রকাশ করে। পরে ১৯৮০ সালের সরকার কলেজটিকে পুনরায় স্পনসর্ড কলেজ হিসাবে ঘোষণা করেন।

১৯৭৯ সালে বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ কর্তৃপক্ষ ১৯৭৮ সালে গৃহীত পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষক ( বেতন প্রদান ) আইন অনুযায়ী উক্ত কলেজের শিক্ষক এবং শিক্ষা কর্মীদের বেতনাদি প্রদানের আর্থিক দায় দায়িত্ব গ্রহণ করিবার জন্যে আবেদন করে। অন্যান্য সর্তাদির সঙ্গে কলেজ কর্তৃপক্ষ অধ্যক্ষসহ সমস্ত অধ্যাপকের শূন্যপদ কলেজ সার্ভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থীদের দ্বারা পূরণ করিতে স্বতঃপ্রণোদিত ভাবে ৩.৫.৭৯ তারিখে অঙ্গীকারবদ্ধ হয়। সর্তসম্বলিত দলিলে কলেজটির পরিচালন সমিতির চেয়ারম্যান ( দূর্গাপুর অঞ্চলের ভারপ্রাপ্ত ডাইয়েসিস্ বিশপ মহোদয় ) এবং তদানীন্তন অধ্যক্ষ এবং পরিচালন সমিতির অন্যান্য দুইজন সদস্য স্বাক্ষর দান কেরন।

এই স্বেচ্ছাস্বীকৃত শর্তগুলির পরিপ্রেক্ষিতে সরকার কলেজটিকে অধিকতর সুযোগ সুবিধা প্রদানকল্পে শিক্ষক এবং শিক্ষা কর্মীদের বেতন প্রদানের আর্থিক দায়িত্ব গ্রহণ ব্যাতিরেকে কলেজটির সমুদয় পরিচালন ব্যয়ের ঘাটতি মিটাইতেও স্বীকৃত হন। ব্যাতীত অন্যান্য বেসরকারী কলেজগুলির ক্ষেত্রে প্রযোজ্য তাহাদের ছাত্রদের প্রদত্ত বেতনাদির শতকরা ৭৫ ভাগ সরকারের নিকট জমা দেওয়ার দায়িত্ব হইতেও অব্যাহতি দেন। বস্তুতঃ পক্ষে রাজ্য সরকার কর্তৃক অন্যান্য সমুদয় স্পনসর্ড কলেজের ক্ষেত্রে আর্থিক ব্যাপারে অনুসৃত নীতিই এই। ধর্মভিত্তিক সংখ্যালঘু সম্প্রদায় পরিচালিত কলেজগুলির অধ্যক্ষের শূণ্যপদ সাধারণতঃ চার্চ কর্তৃক পূরণ করা হয়। সরকার এই শ্রেনীর কলেজগুলির অধ্যক্ষের বেতন প্রদানের দায়িত্ব গ্রহণ করেন না। কিন্তু তৎসত্বেও বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ কর্তৃক স্বীকৃত শর্তাদির পরিপ্রেক্ষিতে সরকার বিশেষ ক্ষেত্র হিসাবে কলেজ-এর অধ্যক্ষের বেতন প্রদানের আর্থিক দায়িত্ব গ্রহণ করেন।

পূর্ববর্তী অধ্যক্ষ শ্রী এস. সিংহ গত ৬.৬.৮১ তারিখে পরলোক গমন করেছেন। কলেজটির পরিচালন সমিতির চেয়্যারম্যান ( যিনি দুর্গাপুর ডায়েসেস বিশপ ) গত ১৬.৬.৮১ তারিখে কলেজ সার্ভিস কমিশনে একটি পত্র লিখিয়া অধ্যক্ষ পদ পূরণের ব্যাপারে প্রার্থীর নাম চাহিয়া পাঠান। গত ২৯.৯.৮১ তারিখে কমিশনকে একটি তাগিদ পত্রও দেওয়া হয়। কলেজ সার্ভিস কমিশন একটি স্বয়ংশাসিত সংস্থা হওয়ায় সরকার ইহার কাজকর্মে কোনরূপ হস্তক্ষেপ করেন না। কমিশন এই ব্যাপারে স্বাভাবিক নিয়মে অগ্রসর হইতেছে বিধায় সরকার আশা করিয়াছিলেন যে কলেজ সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী অধ্যক্ষের পদ পূরণ করা হইবে। কিন্তু গত ২.৮.৮২ তারিখে সরকার জানিতে পারে যে চার্চ শ্রীঅমিয় কুমার কিসকু নামে এক ব্যক্তিকে অধ্যক্ষের

পদে নিয়োগ করেছেন এবং কলেজ সার্ভিস কমিশনের নিকট থেকে এ ব্যাপারে তাহাদের অনুরোধ প্রত্যাহার করে নিয়েছেন।

(গোলমাল)

**শ্রীসুনীতি চট্টরাজ:** এক ব্যক্তি মানে কি? অধ্যক্ষকে অধ্যক্ষ বলতে লজ্জা করছে?

(গোলমাল)

পরিচালন সমিতির চেয়ারম্যানের নিকট কলেজ কর্তৃক পূর্ব স্বীকৃত সর্ত ভঙ্গ করে অধ্যক্ষ নিয়োগের কারণ ব্যাখ্যা করতে বলা হয়। উত্তরে চেয়ারম্যান গত ৩১.৮.৮২ তারিখে সরকারকে জানান যে "কলেজের স্ট্যাটাস সংক্রান্ত বিষয়ে কিছু কিছু জটিলতা সম্বন্ধে আমি সজাগ হইতেছিলাম এবং তাহার পরিপ্রেক্ষিতে আমি গত ২১.১২.৮১ তারিখের পত্রে অধ্যক্ষের পদ পূরণের ব্যাপারটি মুলতুবী রাখিতে কলেজ সার্ভিস কমিশনকে অনুরোধ করিয়াছিলাম।...... পূর্ববর্তী অধ্যক্ষের মৃত্যুর অব্যবহিত পরেই আমি জানিতে পারিয়াছিলাম যে আমাকে কিছু শিক্ষক এবং তদানীন্তন অধ্যক্ষ ভুল বোঝাইয়াছেন। আমি ধর্মীয় ও আধ্যাত্মিক জীবনের নানা সমস্যায় সদা ব্যস্ত। কলেজ ইত্যাদি প্রতিষ্ঠানের পরিচালন ব্যাপারে আমাকে স্বভাবতঃ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপর নির্ভর করা ছাড়া গত্যন্তর নাই। তাঁহারা সাধারণতঃ সরকারী আদেশ, আইন কানুনের সহিত সমধিক পরিচিত। পরিচালন সমিতির চেয়ারম্যান হিসাবে প্রয়োজনীয় কাজকর্ম ঠিকমত নির্বাহের ব্যাপারে তাহাদের আমাকে সাহায্য করার কথা"।

অতএব দেখা যাইতেছে যে চার্চের প্রতিনিধি হিসাবে বিশপ এই কথাই স্বীকার করিয়াছেন যে তিনি, ইচ্ছাকৃত ভাবেই হোক অথবা অনিচ্ছাকৃত ভাবেই হোক সরকারের সহিত যে বোঝাপড়ায় আসিয়াছিলেন তাহা তিনি যথাযথ অনুধাবন করিতে পারেন নাই অথবা উহা মানিয়া চলিতে হইবে ইহা তিনি বোঝেন নাই। যাহা মৃত অধ্যক্ষের উপর সেসব দোষ চাপাইয়া দেওয়া সুরুচির পরিচায়ক নয়।

ইতিমধ্যেই সরকার বাঁকুড়ার জেলা শাসকের নিকট হইতে প্রাপ্ত বার্তায় জানিতে পারলেন যে শ্রীঅমিয় কুমার কিসকুকে অধ্যক্ষ পদের নিয়োগের পর থেকে কলেজ প্রশাসনে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। শিক্ষক, এবং শিক্ষাকর্মীরা তাহাদের বেতন পাচ্ছে না কারণ গভর্নিং বডি অথবা সরকার যেহেতু নতুন অধ্যক্ষ নিয়োগ অনুমোদন করেনি বলে শ্রীকিসকু স্বাক্ষরিত চেক সংশ্লিষ্ট ট্রেজারী গ্রাহ্য করছেন না।

অধ্যক্ষ রূপে শ্রীকিসকুর নিয়োগ বিশ্ববিদ্যালয় এখনও অনুমোদন করেন নি। এই সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে সরকার কর্তৃক বাঁকুড়ার মহকুমা শাসককে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের বেতন দেওয়ার জন্যে প্রয়োজনীয় অর্থ তোলা এবং খরচ করার জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে।

সংশ্লিষ্ট বিষয়গুলির নিষ্পত্তি সাপেক্ষে কলেজ চালানোর জন্যে এটা একটা সম্পূর্ণ অস্থায়ী ব্যবস্থা মাত্র।

আমাদের কাছে সরকারীভাবে যে রিপোর্ট এসেছে তাতে জানা যায়, ২০শে সেপ্টেম্বর সরকারের নির্দেশ অনুযায়ী এস. ডি. ও. কলেজের শিক্ষক ও শিক্ষাকর্মীদের

বেতন দেওয়ার ব্যবস্থা করেন। এবং সেই অর্থের নিরাপত্তার জন্য কলেজে পুলিশ মোতায়েন করা হয়। শ্রীঅমিয় কিসকুর পক্ষ থেকে এই ব্যবস্থার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করা হয়। সঙ্গে সঙ্গে পুলিশ প্রত্যাহার করা হয় এবং বেতন দানও স্থগিত থাকে। এতে শিক্ষক ও শিক্ষাকর্মীরা ক্ষুব্ধ হন। এবং কিছু অপ্রীতিকর ঘটনা ঘটে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে এখনও কোন রিপোর্ট পাওয়া যায় নি।

ব্যাপারটি সম্পর্কে নূতনভাবে তদন্তের প্রয়োজন হলে সরকারের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হবে।

সরকার আশা করেন যে সমুদয় বিরোধীরা বিষয়গুলি সন্তোষজনকভাবে নিষ্পত্তি হবে এবং কলেজে পূর্বের শান্তিপূর্ণ পঠন পাঠনের পরিবেশ অচিরেই ফিরে আসবে।

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** The Minister-in-charge of Public Works (Metropolitan Development) Department will make a statement on the subject of irregularities in payment to contractors for earth filling works of C. M. D. A. Attention called by Shri Abdul Mannan on the 22nd September, 1982.

**Shri Prasanta Kumar Sur** : Sir, it is not clear from the text of the notice to which particular project it refers. However, in recent times certain alleged irregularities were reported with regard to the earth filling work of the East Calcutta Area Development Project of the C. M. D. A. Immediately thereafter I ordered setting up of an Enquiry Committee. The Committee was asked to report basically about the unit rate escalation, increase in scope of project and correctness of the procedure followed. The report of the Committee was received in April, 1982.

On receipt of the report the Director General of Operations, C. M. D. A. was asked to give his comments on the findings of the Committee. The Director General of Operations raised certain vital issues which are at variance with the findings of the Committee.

The State Government is now carefully examining the findings of the Committee and the comments thereon by the Director General of Operations referred to above. After detailed examination of all aspects of the matter ( including payment made ) suitable action will be taken.

## MENTION CASES

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উলবেড়িয়ার দক্ষিণ কেন্দ্রের নবগ্রামে একটা হেল্‌থ সেণ্টার আছে। সেই হেল্‌থ সেণ্টারটি উলবেড়িয়া থেকে ২০ মাইল দূরে। ঐ হেল্‌থ সেণ্টারে আটটি বেড আছে এবং একজন ডাক্তার আছেন। সেই ডাক্তার বাবুও সব সময় থাকেন না। সেখানে প্রচুর রোগী হয়। ঐ হেল্‌থ সেণ্টার থেকে উলবেড়িয়া সাব ডিভিশন্যাল হাসপাতাল আসতে অনেক সময় লেগে যায়। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো, তিনি

যেন ঐ হেল্‌থ সেন্টারের বেডের সংখ্যা বৃদ্ধি করেন, যথেষ্ট পরিমানে ওষুধ পত্রের ব্যবস্থা করেন এবং ডাক্তারের সুব্যবস্থা করেন। ঐ হেল্‌থ সেন্টারে প্রচুর রোগী হয়, সেই রোগীরা ওষুধ পত্র না পাওয়ার জন্য, তাদের সাবডিভিশন্যাল হাসপাতালে যেতে হয়। তাছাড়া ঐ হেল্‌থ সেন্টারের ছাদ দিয়ে বর্ষাকালে জল পড়ে। সুতরাং হেল্‌থ সেন্টার রিপেয়ার, ওষুধপত্রের ব্যবস্থা, ডাক্তারের সুব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর থেকে আরামবাগ পর্য্যন্ত যে রাস্তাটি রয়েছে, সেই রাস্তার উপর তিনটি কাঠের ব্রীজ এখনও আছে, সেইগুলোর অবস্থা অত্যন্ত সংগীন। সেই কাঠের সেতুগুলির উপর দিয়ে প্রতিদিন অসংখ্য বাস এবং লরী যাতায়াত করে, এবং যে কোন সময়ে একটা বড় রকমের এ্যাক্সিডেণ্ট ঘটে যেতে পারে। সেই জন্য মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, তিনি যেন অবিলম্বে ঐ তিনটি কাঠের সেতুকে পাকা করার ব্যবস্থা করেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আইন শৃঙ্খলার কথা বলছি না, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার রামপুর হাট মিউনিসিপ্যালিটি ১৯৭০ সালের ৫ই মে একটা রেজলিউশন করে বীরভূমের প্রথম ছাত্র যে নকশালদের হাতে মারা যায়, তাঁর স্মৃতির উদ্দেশ্যে একটি রাস্তার নামকরণ করেন, রাস্তাটির নাম হয় অমল ব্যানার্জী রোড। ১৯৮১ সালের ২৬শে জুলাই ঐ মিউনিসিপ্যালিটি একটি আনঅথারাইজ্‌ড—কোন রিকুইজিশন মিটিং না ডেকে, চেয়ারম্যানের নেতৃত্বে একটি রেজলিউশন করে এবং রাস্তাটির নাম বদলের সিদ্ধান্ত নেয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফরওয়ার্ড ব্লকের শশাঙ্ক শেখর মণ্ডল এর বিরুদ্ধে তীব্র আপত্তি জানিয়েছেন। আদার দ্যান সি. পি. এম. সবাই এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। সমস্ত বীরভূমের সেণ্টিমেণ্ট এর সঙ্গে জড়িত। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাচ্ছি, টু ইণ্টারফিয়ার ইন দিস।

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শিয়ালদহ সেকশনে প্রায় তিন হাজারের বেশী হকার আছে, রেল ষ্টেশনে এবং অন্যান্য ষ্টেশনে। এই হকাররা আসলে বেকার শ্রমিক, তারা শ্রমিক হতে চায়, কিন্তু কোন উপায় না পেয়ে তারা হকার হয়েছে। ষ্টেশনে তাদের কোন স্বীকৃতি নেই বলে তারা ষ্টেশনে থাকতে পারে না। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো, এই সমস্ত হকারদের যাতে স্বীকৃতি দেওয়া হয় এবং তারা যাতে নিরুপদ্রপে হকারী করতে পারে তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রীসুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয় এই সভায় উপস্থিত করছি। শিয়ালদহ ডিভিসনে রেল ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। ১০০টি ট্রেন কোন সময়েই আসছে না। মানুষের মধ্যে বিক্ষোভ দেখা দিচ্ছে এবং সেই বিক্ষোভ রাজ্য সরকারকে থামাতে হবে। আমরা লক্ষ্য করছি দুধ

ট হয়ে যাচ্ছে, তরকারী নষ্ট হয়ে যাচ্ছে, জিনিষ আসতে পারছে না। একটা রুন অচল অবস্থা দেখা দিয়েছে, গনি খান সাহেব আসার পরে। আমরা দেখেছি কবারে থেমে যাবার জোগাড় হয়েছে। কংগ্রেসী বন্ধুদেরও ঐ ট্রেনে করে লকাতায় আসতে হয়। কখন এসে পৌঁছন সেটা তারা নিশ্চয় দেখতে পাচ্ছেন। ই ট্রেনে করে রোজ ২০ লক্ষ লোক যাতায়াত করেন। তারা এক দুর্বিষহ অবস্থার ধ্য জীবন যাপন করছে। এই রেল ব্যবস্থা সম্পর্কে আপনার মাধ্যমে রাজ্য সরকারের ক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ করছি।

**Shri Md. Shamsuzzaha :** जनाव स्पीकर साहब, मैं आपके जरिये जनाव फ मिनिस्टर की ववज्जुह अपने इलाके की ओर विलाना चाहता हूँ। हमारे इलाके में जाना के दलों में वम-वाजी होती है, मगर उस इलाके की पुलिस खामोश होकर बैठी ती है। कोई एक्शन नही ले के है। लि हाजा मेरे इलाके में ल एण्ड आर्डर नहीं है। तो इस हाउस में रौजाना ल एण्ड आर्डर की बातें शुनने को भि लती है। मगर हमारे लाके में पुलिस कुछ काम नहीं कर रही है।

मैं चीफ मिनिस्टर से गुजारिश कए ता कि जो सही माने में मुजरिम हैं उनको कड़वाने की कोशिश करें और उनको आरेस्ट कर वाकर सजा दिलवायें वाकि हमारे लाके में अमनचैन कायम हो सके।

**শ্রীদেবসরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা মেডিকেল কলেজ সহ জেলা সদর সপাতালগুলিতে বহুদিন ধরে এক্স-রে ফিল্ম পাওয়া যাচ্ছে না। গ্রামাঞ্চল থেকে সমস্ত রোগী কলকাতায় আসছে পয়সা খরচ করে, এক্স-রে না করার ফলে তাদের কিৎসা হচ্ছে না। হয়রানি হয়ে তাদের ফেরত যেতে হচ্ছে। কবে নাগাদ পাওয়া বে, আউট ডোর থেকে মাস, তারিখ ইত্যাদি কিছুই বলতে পারছে না। এই অবস্থা বসানের জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ২৪ পরগণা জেলার হাবড়া, গাইঘাটা, ামডাঙ্গা, দেগঙ্গা প্রভৃতি থানা এলাকায় মাত্র ৬০ ভাগ চাষ হয়েছে, ৪০ ভাগ চাষ য়নি। মানুষ খুব কষ্ট পাচ্ছে, তাদের ঘরে হাহাকার পড়ে গেছে। ক্ষেত মজুরদের কান কাজ নাই। তারা অনাহারে আছে। তাদের দাবী হচ্ছে সরকার থেকে নিয়মিত াজ দিতে হবে এবং খাওয়ার ব্যবস্থা করতে হবে। গ্রামাঞ্চলে ইমিডিয়েট টেষ্ট রিলিফের কাজ যাতে শুরু হয়, সেদিকে আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় ন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[-20—2-30 p.m.]

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, I am grateful to you for llowing me to make a mention in this House about the critical condition of national player. Sir, the House will be distressed to know that Mr. S. Anthony who was a reputed player of India and who had won many laurels

for the country was involved in an accident some two months ago in which he sustained leg injuries. Since then, he has been undergoing treatment in the Railway Hospital where his condition is stated to be critical. The financial position of his family is also not good.

He is now facing lot of difficulties. I am grateful to the Indian Football Association who have helped Mr. Anthony with a sum of Rs. 2,000.00 for his treatment. Will it be too much to expect a similar gesture from the State Government? I invite the attention of the Hon'ble Chief Minister to this unfortunate situation.

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, বিষ্ণুপুর রামানন্দ কলেজে কংগ্রেস (ই)-র ছাত্রপরিষদ কর্তৃক সেখানকার অধ্যক্ষ ঘেরাও হ'ন। সেখানে ছাত্র পরিষদ (ই)-র দাবী ছিল ফেল করা ছাত্রদের পাশ করিয়ে দিতে হবে অনার্স সহ এবং এ্যানুয়াল পরীক্ষায় প্রমোশান দিতে হবে। সেই অধ্যক্ষ কংগ্রেসের লোক। তারা সারারাত অধ্যক্ষকে ঘেরাও করে রাখে এবং পরে শিক্ষকরা সেখানে যান এবং গিয়ে সেই অধ্যক্ষকে ঘেরাও মুক্ত করেন। স্যার, সেখানে যে ছাত্রপরিষদ (ই) আছে তারা শিক্ষার ক্ষেত্রে একটা নৈরাজ্য পুনরায় ফিরিয়ে আনার চেষ্টা করছে। এ বিষয়ে স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি।

**Shri Abdur Rauf Ansari:** I want to draw the attention of the Chief Minister as well as the Health Minister to a matter which attracts the attention of the entire world. A few days ago thousands of youth wanted to donate their blood for the P.L.O. and wanted to send them to the Middle East where the repatriations are taking place. I approached the Director of the Blood Bank and told him that thousands of youth wanted to donate their blood which we wanted to send to Beirut. He told me that he could not send this blood in liquid form. He said that this should be converted into power but this could not be done as the X-ray machine was lying out of order since 1978. I was told that lot of correspondence had taken place between the PWD and Health Department. The machine has not yet been replaced. The youth who wanted to donate tneir blood were disappointed. I would request the Government to immediately replace the X-ray machine and punish those held responsible for not taking any action in this regard since 1978.

**শ্রীরাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পরিবহণ দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, ৬১-বি—আমতা--ফোর্টগ্লস্টার এই বাসরুটটি শিবপুর বাস এ্যাসোসিয়েশান চালায়। প্রথম যখন বাসরুটটি চালু হয় তখন দৈনিক ১০টি বাস চলার কথা ছিল কিন্তু বর্তমানে সেখানে দিনে ৩/৪ টির বেশি বাস চলছে না। এর ফলে স্যার, সেখানকার যাত্রী-সাধারণের দারুন অসুবিধা হচ্ছে। এই রুটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ ফোর্ট গ্লস্টারের ৪ টি কারখানা—দুটি জুট, একটি কটন, একটি ইঞ্জিনিয়ারিং—এই বাসরুটটির মধ্যে

পড়ে এবং প্রায় ২০ হাজার শ্রমিক এই বাসরুটটি ব্যবহার করেন। তাদের বিভিন্ন গ্রাম থেকে আসতে হয়। বাস কম চলার জন্য শ্রমিকরা নিয়মিতভাবে কাজে আসতে পারছে না, তাদের দেরি হয়ে যাচ্ছে, তাদের হাজিরা কেটে নেওয়া হচ্ছে, মালিকরা তাদের কাজ দিতে চাইছেন না। স্যার, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, অবিলম্বে সেখানে যাতে নিয়মিতভাবে ১০ টি বাস চলে তার ব্যবস্থা করুন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, সি. এম. ডি. এ.-এর মাটি ভরাটের প্রশ্নে যে ৩।। কোটি টাকা বাড়তি ব্যয় করার বিষয়টি উঠেছে সেটা নিয়ে গত কয়েকদিন ধরেই 'দি টেলিগ্রাফ' কাগজের মারফত ভয়ঙ্কর সব খবর জানতে পারছি। মাননীয় মন্ত্রী স্বয়ং এর সঙ্গে যে ভাবে ইনভলভ সে জিনিষ সংবাদপত্রে বেরিয়েছে। আজকে যে ভাবে স্টেটমেণ্ট করা হচ্ছে তাতে—যার গরু ধান খেয়েছে তার কাছেই বিচার—সমস্ত জিনিষটা চেপে দেবার পর্যায় চলে যাচ্ছে।

[2-30—2-40 p.m.]

যেখানে মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় নিজে ইনভলভড, তাঁর ইনকোয়ারী কমিটির রিপোর্ট তিনি বিচার করে দেখবেন, কাজেই আমরা দাবী করছি যে এই ইন-কোয়ারী কমিটির রিপোর্টের ফুল টেক্সট আমাদের কাছে দেওয়া হোক এবং এই ব্যাপারে একটা হাই পাওয়ার ইনকোয়ারী কমিটি, সর্বদলীয় কমিটি গঠন করা হোক এবং পেণ্ডিং দি রিপোর্ট এ্যাণ্ড পেণ্ডিং দি ডিসিশান সাময়িক ভাবে তিনি তাঁর দপ্তর থেকে রিজাইন করুন।

**শ্রীসুধাংশু শেখর মাঝী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার মানবাজার বান্দোয়ান P. S. সেখানে জমিতে শতকরা ৪০ ভাগ ধান রোঁয়া হয়েছিল। কিন্তু ৩/৪ সপ্তাহ ধরে দারুন রোদের ফলে সেগুলি মারা গেছে। এর ফলে ঐ এলাকার লোকেদের কাজ নেই, মানুষ হাহাকার করছে, তারা কাজের জন্য দুর্গাপুর ইত্যাদি জায়গায় চলে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে মন্ত্রীসভা তথা রিলিফ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে পুরুলিয়া জেলায় ব্যাপক ভাবে কাজ আরম্ভ করা হয়।

**শ্রীঅবন্তী মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিমবংগের রূপকার স্বর্গত ডঃ বিধানচন্দ্র রায়ের মা, শ্রদ্ধেয়া অঘোর কামিনী দেবীর স্মৃতি রক্ষার উদ্দেশ্যে দীঘা পর্য্যটন কেন্দ্রে দীঘা অঘোর কামিনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নামে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। বিশ্বস্তসূত্রে শোনা যাচ্ছে যে দীঘায় ৫০ শয্যা বিশিষ্ট দীঘা স্টেট জেনারেল হসপিটাল নামে একটা হসপিটাল আছে, সেই কারণে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ দীঘা অঘোর কামিনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি বন্ধ করে দিচ্ছেন। তাই যদি সত্য হয় তাহলে স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করবো

যে দীঘা স্টেট জেনারেল হসপিটালটির দীঘা অঘোর কামিনী State General হসপিটাল নামে নামকরণ করা হোক, এই দাবী আমি স্বাস্থ্য মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী-চুঁচড়ো শহরে কয়েক দিন যাবত বিভিন্ন রেশনের দোকানে যে চাল দিচ্ছে সেটা মানুষের খাওয়ার অযোগ্য। আজকে একটা ঘটনা ঘটেছে। ওখানে সরকারী কর্মচারীদের যে কো-অপারেটিভ রেশন শপ আছে, সেই রেশন শপে এই ধরণের চাল দেওয়া হয়েছে এবং এর ফলে সেখানকার সাধারণ মানুষ ক্ষোভে ফেটে পড়েছে। সেখান দিয়ে উচ্চ শিক্ষা মন্ত্রীর স্পেশাল এ্যাসিসট্যাণ্ট যাচ্ছিলেন, তার কাছে এবং আমার কাছে এই খারাপ চালের কথা জানায় এবং এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করতে বলে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন। আমি এই চালের নমুনাটা আপনার কাছে দিয়ে দিচ্ছি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বেশ কয়েক বছর ধরে লক্ষ্য করছি যে রামকৃষ্ণ মিশন পরিচালিত যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান আছে সেগুলিতে নানা ধরণের বিশৃংখলা চলছে। আজকের কাগজে দেখছি যে নরেন্দ্রপুরেও বিশৃংখল অবস্থা সংক্রামিত হতে চলেছে। এই রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে শ্রমিক কর্মচারীদের দাবী-দাওয়া থাকতে পারে, প্রশাসনিক অবস্থার জন্য অসুবিধার সৃষ্টি হতে পারে। কিন্তু একথা আমাদের ভুলে গেলে চলবে না যে, মিশনগুলি থেকে প্রতি বছর ভাল ছাত্র তৈরী হয়। সে জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে সমস্ত সমস্যাগুলি আছে, সেগুলি আদাদা ভাবে বিচার বিবেচনা করে ঐ সমস্ত প্রতিষ্ঠানগুলির শিক্ষার যে পরিবেশ তাকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীহারান হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ ররছি। হাওড়া সাঁকরাইল থানার আন্দুল মাড়োয়ারী বাগান প্রসূতি সদনের জন্য কয়েক বছর আগে পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেন। মাড়োয়ারী বাগানে ঘর বাড়ী আছে, চারিদিকে বাউনডারী আছে এবং বাউণ্ডারীর মধ্যে বড় পুকুর আছে, প্রসূতি সদনের জন্য সমস্ত উপযুক্ত ব্যবস্থা সেখানে রয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে সেখানে একজন কেয়ারটেকার নিযুক্ত করা হয়েছে। আন্দুল মাড়োয়ারী বাগানের প্রসূতি সদন যাতে তাড়াতাড়ি চালু করা যায় তার জন্যই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় পরিবহণ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর শহর দিয়ে যে সমস্ত দূরপাল্লার স্টেট বাসগুলি যাতায়াত করে, সেগুলি কৃষ্ণনগর সদর হাসপাতালের পাশে প্রতি দিন বেশ কিছুক্ষণ সময় অপেক্ষা করে। কিন্তু সে স্থানে মহিলা যাত্রীদের অন্য কোন বাথরুম বা প্রস্রাবাগার নেই। যার ফলে তাদের খুবই অসুবিধায় পড়তে হয়। দ্রুত এর প্রতিকারের জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ামারহাটি ই. এস. আই. হসপিটালে ১৭৫টি বেড আছে, অথচ সেখানে গত ৬ মাস রে কোন অপারেশন হচ্ছে না। এর প্রধান কারণ হচ্ছে দীর্ঘ দিন ধরে সেখানে কোন ্যানাসথেটিস্ট ছিল না। বর্তমানে যদিও বা তা এলো, তথাপি এখনো ডাক্তাররা ্পারেশন করতে ভয় পাচ্ছে। কারণ অপারেশন করার সময় যদি লোড শেডিং হয় াহলে তারা কিছু করতে পারবে না, কেন না, ওখানে কোন জেনারেটর নেই। তারা . এস. আই. বোর্ডকে ৩ বছর ধরে জানাচ্ছে, ই. এস, আই. বোর্ড মৌখিক-ভাবে তাদের াবী মেনে নিয়েছে, কিন্তু এখনো স্যাংসন দেয়নি। আমরা জানি ই. এস. আই. কর্পো-রশন লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা শ্রমিক কর্মচারীদের কাছ থেকে প্রফিট করে, অথচ কটা হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য জেনারেটরের দাম হিসাবে মাত্র ১ লক্ষ াকা স্যাংসন করছে না। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, তিনি বিষয়ে ই. এস. আই. বোর্ডের সঙ্গে যোগাযোগ করে ওখানে একটা জেনারেটর পাঠাবার ্যবস্থা করুন।

**ডাঃ মানস ভুঁইঞা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সংবিধানের ৩০(১) ধারা অনুযায়ী পশ্চিম বঙ্গের তিনটি কলেজ, বাঁকুড়া খ্রীশ্চান কলেজ, লরেটো কলেজ (দার্জিলিং) এবং স্কটিশচার্চ কলেজ সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃত এবং সেই অনুযায়ী তারা কতগুলি স্পেসাল ফেসিলিটিস পায়। কিন্তু বিগত ২১/১১/৭৭ তারিখ শিক্ষা বিভাগ থেকে "১৬৬১ এডুকেশন সি. এস. কলেজ সার্ভিস" সার্কুলারের দ্বারা বাঁকুড়া খ্রীশ্চান কলেজটিকে ডি-স্পনসরড্ করা হয়েছে। তার পরে আবার ১৬/১১/৭৯ তারিখ "২১40 এডুকেশন সি. এস." সার্কুলারের দ্বারা ওরা বললেন যে, এই কলেজটি স্পনসর্ড নয়, "দিস কলেজ উইল গেট দি ফেসিলিটিস লাইক এ স্পনসর্ড কলেজ বাট ইট ইস নট এ স্পনসর্ড কলেজ"। তারপরে আবার গত পরশু দিন, অর্থাৎ ২২/৯/৮২ তারিখে শিক্ষা মন্ত্রী মাননীয় সদস্য কাশীনাথ মিশ্রের একটি লিখিত জবাবে বলেছেন যে, দিস কলেজ ইজ নট এ স্পনসর্ড কলেজ।

এখানে আমার বক্তব্য হচ্ছে, মাননীয় মন্ত্রী সংবিধানের নামে শপথ নিয়ে মন্ত্রী হয়েছেন, ঐ স্পনসর্ড কলেজটির বিষয়ে ঐ অর্ডার পাশ করে তিনি সংবিধান লঙ্ঘন করেছেন। সুতরাং তাঁর আর এক মুহূর্তও মন্ত্রী থাকার অধিকার নেই, আমি তাঁর পদত্যাগ দাবী করছি। আজকে ওঁরা শান্তির জন্য পায়রা ওড়াচ্ছেন, আর ওদেরই প্রাক্তন শিক্ষা মন্ত্রী ঐ কলেজে অধ্যক্ষের ওপর অত্যাচার করছেন, আর বর্তমান শিক্ষা মন্ত্রী তাকে সমর্থন করছেন। শিক্ষা মন্ত্রী মহাশয় নিজে একজন অধ্যাপক হয়ে এই জিনিষ করছেন। এই অবস্থার চেয়ে জঘণ্য অবস্থা আর কিছু হয় না। তাই আমি শিক্ষা মন্ত্রীর পদত্যাগ দাবী করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার টেলিফোনটি গত ১ মাস যাবত বিকল হয়ে আছে। এবিষয়ে আমি হুগলী জেলার জেলাশাসক এবং টেলিফোন

কর্তৃপক্ষকে জানিয়েছি, কিন্তু এখনো পর্যন্ত কোন ব্যবস্থা গৃহীত হয়নি। সেইজন্য আমি আজকে আপনাকে জানাচ্ছি যাতে টেলিফোনের জেনারেল ম্যানেজারকে জানিয়ে আপনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন। আমার টেলিফোনের নম্বর হচ্ছে, চন্দননগর-৭৭৫।

**অধ্যক্ষ মহাশয় :** আমি কি করব? আমার টেলিফোনেরও ঐ একই অবস্থা।

**শ্রীশীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রী এবং শিক্ষা বিভাগের তিন জন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম শিক্ষকদের সেপ্টেম্বর, অক্টোবর মাসের বেতন পুজোর আগেই দেওয়া হবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে ঈদ-ও একটা পুজো। সে কারণে মুসলমান শিক্ষকরা যদি সেপ্টেম্বর মাসের বেতন না পায় তা হলে তাদের পক্ষে ঈদ উৎসব উদযাপন করা সম্ভব নয়। তাই আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রী-ত্রয়ের কাছে বলছি যে, এখনো সময় আছে, ২৮/২৯ তারিখের মধ্যে মুসলমান শিক্ষকদের সেপ্টেম্বর মাসের বেতন দেওয়ার ব্যবস্থা করা হোক।

[2-40—2-50 p.m.]

**শ্রী বিমলকান্তি বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুচবিহার জেলার ঘুঘুমারি এলাকায় তোর্ষা নদীর উপর যে রেলওয়ে ক্যাম রোড ব্রীজটি আছে সেই ব্রীজের স্পান হচ্ছে ৫৫০ ফিট। বর্ষার সময়ে জলের বেগ যখন আসে তখন ঐ স্পানটিকে এ্যাডিকোয়েট ওয়াটারওয়ে হিসাবে গ্রাহ্য করা যায় না। এই ব্যাপারে আমাদের পি. ডব্লু. ডি. এবং ইরিগেসান ডিপার্টমেণ্টের যারা ইঞ্জিনিয়ার আছেন তাঁরা নিজেরা স্বীকার করেছেন যে স্পানটিকে বাড়ানো দরকার। কিন্তু বহু বছর প্রায় ২০ বছর হয়ে গেল রেলওয়ে ব্রীজ কর্তৃপক্ষ স্পান বাড়াবার জন্য রাজি হচ্ছে না। আপ-স্ট্রীমে হাসিমারায় যে ব্রীজটি হয়েছে তার কিন্তু স্পান হচ্ছে ১৩৫০ ফিট। এটা স্যার, অত্যন্ত আন-সায়েনটিফিক। । অথচ ডাউন-স্ট্রীমে স্পান হচ্ছে ৫৫০ ফিট। বর্ষার সময়ে জলের গতি এবং জল বেশী হওয়ার ফলে এবং ডাউন-স্ট্রীমে স্পান ৫৫০ ফিট হওয়ার জন্য সমস্ত গ্রাম এলাকা জলে ডুবে যাচ্ছে এবং এরোসান হচ্ছে। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট কমিটি অফ ইঞ্জিনিয়ারদের লাষ্ট যে মিটিংটি হয়েছে তাতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে রেলওয়ে, পি. ডব্লু. ডি. এবং ইরিগেসান মিলে জয়েণ্টলি ইন্সপেকসান করা হবে। কিন্তু সেই ইন্সপেকসানটি এখনও হয়েছে বলে আমার জানা নেই। আমি পি. ডব্লু. ডি. এবং ইরিগেসান ডিপার্টমেণ্ট-এর যারা ভারপ্রাপ্ত মন্ত্রী রয়েছেন তাঁদেরকে রিকোয়েষ্ট করবো, এই সম্পর্কে যেন চেজ করা হয় এবং এন. এফ. রেলওয়েকে যেন বাধ্য করানো হয় এই স্পানটি বড় করবার জন্য এবং এই ব্যাপারে অন দি স্পট এনকোয়ারী করে তাঁরা যেন ব্যবস্থা নেন।

**শ্রীমহম্মদ বাচ্চা মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা হচ্ছে পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর সাব-ডিভিসান। ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে বিহার থেকে ৫টি থানা পশ্চিমবঙ্গে সংযুক্ত হওয়ার ফলে এখানকার মানুষের ভাষার

কোন ঠিক নেই। কিছু হিন্দী ভাষী, কিছু উর্দ্দু ভাষী কিছু বাংলা ভাষী এবং গ্রামীন ভাষায় কথা বলার লোক ওখানে বসবাস করেন। সুতরাং ওখানকার মানুষের লেখা-পড়া শেখা অনেক দেরী আছে। অনেক স্কুল তৈরী হয়েছে কিন্তু দেখা যাচ্ছে প্রত্যেকটি স্কুলে একটি করে মাষ্টার। আর বামফ্রণ্ট সরকার আসার পর থেকে মানুষের মনে একটা উৎসাহ এবং উদ্দীপনা দেখা দিয়েছে যে তাদের ছেলে-মেয়েদের লেখাপড়া শেখাবে। কিন্তু শিখবে কি করে? কোন স্কুলে দেখা যাচ্ছে একটি মাষ্টার। কিন্তু সেই স্কুলে হয়তো ছাত্রের সংখ্যা ১৫০ থেকে ২০০। সুতরাং একজন মাষ্টার এতজন ছাত্রকে সামলাবে কি করে? আমরা জনপ্রতিনিধি, আমাদের সমস্ত সমস্যা দেখাশুনা করতে হয়। তাই আমার আবেদন, প্রত্যেকটি স্কুলে একটি শিক্ষকের জায়গায় আরোও দুই-তিনটি শিক্ষক দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রীসমর মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি কথা বলতে চাই। গরীবের বামফ্রণ্ট সরকারের রাজত্বে ৬২ জন শিক্ষককে সাস্‌পেণ্ড করা হয়েছে। ৬ বছর মামলা চলার পর কোর্ট রায় দিয়েছে যে রিজেক্‌টেড। ৬২ জন শিক্ষকের মধ্যে ৫ জন কমিউনিষ্ট পার্টির শিক্ষক, সেজন্য তাদের কোন অসুবিধা হচ্ছে না, কিন্তু বাকী ৫৭ জন শিক্ষক এখন মাইনে পাচ্ছে না এবং একজন শিক্ষক শ্রীকাশী নাথ মণ্ডল এ অবস্থায় মারা গেল। ভূপতি ভূষণ মণ্ডল ইত্যাদি অনেকে এখনও কিছুই সুবিধা পাচ্ছেন না। ডিসট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুলস, মালদা, তিনি নথিপত্র দেখেছেন এবং জেলা স্কুলের সভাপতি শ্রীদেবতোষ দত্ত, তিনিও এই মামলার বিরুদ্ধে। মহামান্য কোর্ট রায় দিয়েছেন, তা সত্ত্বেও এই ৫৭ জন শিক্ষককে কেন সাসপেণ্ড করে রাখা হয়েছে, চাকরিতে জয়েন করতে দেওয়া হচ্ছে না আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে তার জবাব চাই। তাই আমি এ ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীত্রিলোচন মাল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ কথা বলতে চাই। বীরভূমি জেলার নলহাটি ২ নং বুকে ব্রাহ্মনী নদীর পূর্ব পাড় থেকে পশ্চিমপাড়ে যাতায়াতের খুবই অসুবিধা। অথচ ওখানেই হাট, বাজার, দোকান ইত্যাদি থাকায় স্থানীয় অধিবাসীদের সর্বদা যাতায়াত করতে হয়। বিশেষ করে বর্ষার সময়ে নদী পার হওয়া খুবই অসুবিধা হয়ে পড়ে। আগে ওখানে একটি তাল গাছের খোলা ছিল, কিন্তু সেটি ভেঙ্গেচুড়ে যাওয়ায় আরও অসুবিধা হয়েছে। সম্প্রতি বামফ্রণ্ট সরকারের চেষ্টায় ওখানে একটি স্কুল হয়েছে, সেই স্কুলের ছাত্রদেরও স্কুলে আসা অসম্ভব হয়ে পড়েছে। ওখানে প্রায় সকলেই তপশীলি জাতি, তারা পলুপোকার চাষ করে এবং শাকসব্জির চাষও করে। সেজন্য আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে ছাত্রদের যাতায়াতের জন্য নদীর উপর একটি নৌকার এবং চাষীদের সুবিধার জন্য একটি পাম্পসেটের ব্যবস্থা যেন করা হয়।

**শ্রীঅবিনাশ প্রামানিক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার বলাগড়ে এক নতুন ধরনের রোগ দেখা দিয়েছে। এই রোগটা এমনই যে, প্রচণ্ড কাঁপুনি দিয়ে জ্বর হচ্ছে এবং প্রায় সঙ্গে সঙ্গে নাক দিয়ে রক্ত পড়ছে। গ্রামের প্রায় ১০০ জন লোক, ক্ষেত মজুর, গরীব চাষী

তাদের মধ্যেই এই রোগটা দেখা দিচ্ছে। ওখানকার হেল্থ সেন্টারের ডাক্তাররা বলেছেন এই ধরণের রোগ তাঁরা ইতিপূর্বে দেখেন নি, তা ছাড়া আর একটি রোগ গ্যাসট্রিক এনট্রাইটিস, এতে শিশুরা আক্রান্ত হচ্ছে এবং ইতিমধ্যে দুজন শিশু মারাও গেছে। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যাতে অবিলম্বে এই রোগগুলির প্রতিকারের ব্যবস্থা হয় তার জন্য তিনি যেন চেষ্টা করেন।

**শ্রীসুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি তপশীলি উপজাতি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের আলীপুর মহকুমা জেলা শাষকের অফিস থেকে, এলাকার সমস্ত তপশীলি জাতি এবং উপজাতিদের সার্টিফিকেট প্রদান করা হয়। কিন্তু ঐ অফিসের অফিসারদের কাজকর্ম এত ঢিলে যে তাঁরা সব সময় সার্টিফিকেট ইস্যু করতে চাননা, ফলে সুন্দরবনের বহু এলাকার উপজাতি এবং তপশীলি জাতিদের অনেকবার করে ঐ অফিসে যাতায়াত করতে হয়। সেজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে বুক অফিস থেকে যাতে ঐ সার্টিফিকেটগুলো দেওয়া তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2-50—3-30 p.m.]

**শ্রীধীরেন্দ নাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই সি. পি. এম-এর গুণ্ডামী এবং দলবাজীর নক্কার জনক ঘটনা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। তার জলন্ত প্রমান হিসাবে আমি বলতে চাই পশ্চিমদিনাজপুর জেলার একটা ঘটনা উল্লেখ করে। সেখানে ৩ নং রাধিকাপুর অঞ্চলে গ্রামপঞ্চায়েতে সি. পি এম-এর লোক। তার বিরুদ্ধে ঐ গ্রামপঞ্চায়েত-এর সদস্যরা একটি অনাস্থা প্রস্তাব পাশ করে। আমি জানি সেই প্রস্তাবের কপি ১৬.৮.৮২ তে সংশ্লিষ্ট অফিসারের কাছে পাঠিয়ে দেওয়া হয়। কিন্তু সি. পি. এম-এর চাপে পড়ে আজ পর্যন্ত তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন রাখছি হুগলি জেলায় আরামবাগ খানাকুল থানা হাওড়া জেলায় উদয়নারায়ণপুর, আমতার কিয়দংশ প্রতি বছর উচ্চ ফলনশীল শীতকালীন ধান হয়ে থাকে। বর্তমান বছরে খরার জন্য বর্ষাকালীন জল এবং বন্যার জল না থাকার জন্য ব্যাপক অঞ্চলে চাষবাসে অসুবিধা দেখা দিয়েছে। কালিয়া সেকসান, মুণ্ডিচেরী সেকসানে বাঁধ হয়ে গেছে সেই বাঁধগুলি যদি পূজার আগে বাঁধা যায় তাহলে এই সমস্ত এলাকায় চাষ হতে পারে সেই সাথে সাথে নিম্ন এলাকা বিশেষ করে ভালডাঙ্গা এবং জগতপুর এলাকায় এই সমস্ত এলাকার জল নিষ্কাশন করলে হোজাপাড়া এলাকাগুলি উপযুক্ত চাষ হবে বলে আমি মনে করি।

**শ্রীগুনধর চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল সভায় কংগ্রেস (আই এর সদস্য শ্রীসুনীতি চট্টরাজ বাঁকুড়া জেলার জয়রামবাটী রামকৃষ্ণ মিশনের কর্তৃপক্ষের উপর হামলা, সম্পত্তি নষ্ট, ইত্যাদি বলে সভাকে বিভ্রান্ত করেছেন। গতকাল এ ধরনের অসত্য কথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। সত্য ঘটনা হচ্ছে, বাঁকুড়া জেলা

জয়রামবাটীতে একটি মিশন আছে। সেখানে একটা মায়ের দিঘী আছে। সেখানে সরকারী অর্থ দিয়ে একটা স্নানের ঘাট নির্মাণ করা হয় সাধারণের ব্যবহারের জন্য। এবং সেখানে মেয়েরা স্নান করে কাপড় ছাড়ে তার জন্য ঘর আছে। সেই ঘরগুলি মিশন কর্তৃপক্ষ পাউরুটি বিক্রি করার জন্য দোকান করেছে। সেখানে নদীর ধারে যে শ্মশান, গো-চরন ভূমি আছে সেইগুলোকে জোর করে মিশন কর্তৃপক্ষ দখল করে নিচ্ছেন। গরীব কৃষকদের যে জমি আছে সেই জমিগুলি জোর করে দখল করে নিচ্ছে। তারজন্য সেখানকার মানুষ এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করছে। এমন কি গ্রামের মধ্যে একটা পুকুর বুজিয়ে সরকারী অর্থ দিয়ে নিজেদের জন্য একটা বাস স্টাণ্ড করার চেষ্টা করছে। তার বিরুদ্ধে প্রতিবাদ করেছে এবং সরকারকে জানিয়েছে এবং একটা দরখাস্ত দিয়েছে। এইভাবে সাধারণ মানুষ অন্যায্য কাজের জন্য প্রতিবাদ করছে। সেই জন্য মিশন কর্তৃপক্ষ অসত্য মিথ্যা প্রচার পঞ্চায়েতের বিরুদ্ধে করছে। এবং সাধারণ মানুষ, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির বিরুদ্ধে মিথ্যা প্রচার করছে। এই কথা সংবাদপত্র এবং সেখানকার কংগ্রেস ( আই ) সদস্যরা এইভাবে প্রচার করছে। সত্য ঘটনা আমি আপনার মাধ্যমে সভায় বিবৃত করলাম।

## LAYING OF REPORT

**The Fifth Interim Report of the Basu Commission of Inquiry.**

**Shri Jyoti Basu :** I beg to lay before the House the Fifth Interim Report the Basu Co mmission set up to enquire into allegation of various malpractices and corruption during the period from 20th March, 1970 to the 31st May, 1975 together with a Memorandum of Action taken thereon.

(At this stage the House was adjourned till 3·30 P. M.)

( After ajournment )

[3-30—3-40 p.m.]

**Mr. Speaker :** Hon'ble Members, to day is the best day of voting on Demand for Grants. There are as many as 26 Heads of Demands for Grants for disposal. In conformity with the previous practice and in pursuance of of rule 209 (3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit today upto 7-30 p.m. and also fix that the Guillotine will fall at 7-30 p. m. Immediately after 7-30 p. m. I shall put all the outstanding questions of members to vote without any debate. I hope that all the members will try to be brief in their speeches.

## Voting of Demands for Grants

### Demand No 42

### Major Head : 287—Labour and Employment

**Shri Prabir Sen Gupta :** Sir, on the recommandtion of the Governor. beg to move that a sum of Rs. 6,53,10,000 be granted for expendi-

ture under Demand No. 42, Major Head "287 — Labour and Employment".

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় স্পীকার স্যার, প্রথমেই আমি আমার বাজেট বিবৃতির ইংরাজী ভাষণের দুজায়গায় যে ভুল আছে, তা সংশোধন করে দিতে চাই। বিবৃতির একদম শেষের দিকে তিন লাইনের পরে 'ডিন্‌ডিকটিভ্‌' আছে, এটা হবে 'বাইনডিং', এটা গুরুতর ভুল। আর একটা আছে গ্রামারের ভুল, সেটা হচ্ছে ৩ নম্বরে, ৯ এর লাইনে 'ওয়াজ' আছে, হবে 'ওয়ার'।

২। মহাশয়, 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৮১' পুস্তিকাটি মাননীয় সদস্যদের কাছে অবগতির জন্য দেওয়া হয়েছে। এতে শ্রম সংক্রান্ত বিষয়গুলি পরিচালনার ক্ষেত্রে ১৯৮১ সালে শ্রম দপ্তরের উল্লেখযোগ্য কাজকর্ম সম্পর্কে বলা হয়েছে। এই প্রসঙ্গে আমি আলোচ্য বছরে শ্রম দপ্তরের কার্যাবলীর কয়েকটি বিশেষ দিক সম্পর্কে আলোচনা করতে চাই। সাথে সাথে চলতি আর্থিক বছর এবং আগামী চার বছরের জন্য আমাদের প্রস্তাবিত কার্যক্রম ও নীতিসমূহের একটি রূপরেখাও মাননীয় সদস্যদের সামনে তুলে ধরতে চাই।

৩। বিগত পাঁচ বছরে এ রাজ্যে সুষম শিল্প সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে রাজ্য সরকার যা যা করতে পেরেছেন এবং সেগুলি অর্জন করার পথে যেসব সমস্যার সম্মুখীন হয়েছেন, সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা বোধহয় অপ্রাসঙ্গিক হবে না। ধারাবাহিক শোষণ এবং নিয়ত মুদ্রামূল্য হ্রাসের পটভূমিকায় দাঁড়িয়ে শ্রমিকশ্রেণী নিরন্তর যে ন্যায়-সঙ্গত সংগ্রাম চালিয়ে যাচ্ছেন, তাকে সমর্থন করা এবং বাঁচিয়ে রাখাই ছিল শিল্প সম্পর্কের ক্ষেত্রে আমাদের মূল লক্ষ্য ও নীতি। এই লক্ষ্য সামনে রেখে আলোচ্য সময়ে বড় ধরণের শিল্পবিরোধগুলির নিষ্পত্তি সম্ভব হয়েছে। এই সময়ে শিল্পভিত্তিক দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদনের মাধ্যমে বড় বড় শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য যথাসম্ভব বর্ধিত হারে মজুরী আদায় ও তাদের জীবনযাত্রার মান উন্নয়নের চেষ্টা আমরা করেছি। দুর্ভাগ্য-বশতঃ মজুরী বৃদ্ধিজনিত যেটুকু বাড়তি সুবিধা আদায় করা সম্ভবপর হয়েছিল, তার সবটাই নিরন্তর ক্রয়ক্ষমতা হ্রাসের ফলে নিরর্থক হয়ে দাঁড়িয়েছে। সঙ্গত কারণেই শ্রমিক-শ্রেণীর আন্দোলনও তাই অব্যাহত রয়েছে। যৌথ দরকষাকষির মাধ্যমে শ্রমিকদের জন্য যেটুকু সুযোগ-সুবিধা আদায় করা সম্ভবপর হচ্ছে—তার বাইরে আরো আইনগত সাহায্যের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে আমরা শ্রম আইনগুলির কিছু কিছু বিধির পরিবর্তন সাধন করেছি যাতে শ্রমিকশ্রেণীকে অধিকতর ও দ্রুত সুযোগ-সুবিধা দানের বিষয়টি সুনিশ্চিত করা যায়। মাননীয় সদস্যগণ এই সমস্ত বিষয় সম্পর্কে ইতিমধ্যেই অবগত আছেন।

৪। কিছু সংখ্যক শিল্পে সুনির্দিষ্ট আক্রমণ ও সমস্যাদি থাকা সত্ত্বেও সামগ্রিক-ভাবে ১৯৮১ সালে শিল্পে শান্তি ও সংহতি বজায় ছিল। এই ধরনের আক্রমণ ও নিয়ত প্রকৃত আয় হ্রাসের মুখে দাঁড়িয়ে শ্রমিকশ্রেণী যথেষ্ট সংযমের পরিচয় দিয়েছেন। শ্রমিকশ্রেণীর ঐক্য ও তার ইতিবাচক ভূমিকা সরকারের সর্বপ্রকার নীতির সার্থক রূপায়ণে এবং শিল্পে শান্তি ও সংহতি বজায় রাখার ব্যাপারে প্রধান অবলম্বন হিসাবে সর্বদাই কাজ করেছে।

৫। যে কথা আগেই বলেছি, যৌথ দরকষাকষির মাধ্যমে শ্রমিকশ্রেণীর জন্য আমরা যা কিছু প্রাথমিক অর্থনৈতিক সুবিধা আদায় করতে পেরেছি, তাও ক্রয়ক্ষমতার ক্রমাবনমনের ফলে অর্থহীন হয়ে পড়েছে। জাতীয় নীতি থেকে উদ্ভূত এই তীব্র অর্থ-নৈতিক সংকট বর্তমান অর্থনীতিতে অনিশ্চয়তার সৃষ্টি করেছে। একই সঙ্গে মালিক-পক্ষ গোষ্ঠীগতভাবে এই সংকটের এবং শিল্পের সমস্যাদির সমস্ত বোঝা—তাদের লাভের হার বজায় রাখার জন্য,—শ্রমিকশ্রেণীর কাঁধে চাপিয়ে দিতে চাইছে। এই রাজ্যে সমস্ত গুরুত্বপূর্ণ শিল্পে বিশেষ করে চা এবং পাট শিল্পে এই সংকট বিশেষভাবে প্রকাশ পেয়েছে।

৬। কোন কোন শিল্পে কাঁচামালের অভাবের মত আর একটি গুরুত্বপূর্ণ কারণে এই রাজ্যের মোটামুটি শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক কখন কখন ব্যাহত হয়েছে। ইনচেক্ টায়ার লিঃ, ন্যাশনাল রাবার ম্যাঃ লিঃ-এর মত কয়েকটি অধিগৃহীত শিল্প সংস্থায় প্রয়োজনের তুলনায় কাঁচামালের সরবরাহ কমে দাঁড়িয়েছে খুব জোর ২০ শতাংশ মাত্র, যদিও শ্রমিকরা কাঁচামালের পুরোপুরি সরবরাহের জন্য দাবি করে চলেছে। কারণ তারা পুরো উৎপাদনের জন্য প্রস্তুত। এই অবস্থা খুবই পরিতাপের বিষয় এবং এটা এই রাজ্যে বামফ্রন্ট সরকারের সার্বিক শিল্প-সম্পর্কের উন্নতি বিধানের প্রচেষ্টাকে গুরুতরভাবে ব্যাহত করছে।

৭। শিল্প সম্পর্কিত বিষয়ে বিভিন্ন প্রকার পরিসংখ্যানগত তথ্য নিয়ে যদিও আমি বিস্তৃত আলোচনা করতে চাই না, তবু আলোচ্য বছরে শিল্পে অশান্তির প্রকৃতি ও বিস্তৃতি সম্পর্কে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় এ বছরে মোট ৪৪টি ধর্মঘটে ১৬ হাজারের কিছু বেশী শ্রমিক জড়িত ছিলেন। তুলনামূলকভাবে ১৯৮০ সালে ৭৮টি ধর্মঘটে ৬৮ হাজারের কিছু বেশী শ্রমিক জড়িত ছিলেন। পাশাপাশি ১৯৮১ সালে মোট ১২২টি লক-আউটের ক্ষেত্রে জড়িত শ্রমিক-কর্মচারীর সংখ্যা ১ লক্ষ ৪৪ হাজার। ১৯৮০ সালের তুলনায় ১৯৮১ সালে লক-আউট ও ক্লোজারের সংখ্যা কম ছিল। বিভিন্ন স্তরে প্রচেষ্টার ফলে ১৭টি বন্ধ কারখানা ১৯৮১ সালে খোলা সম্ভব হয়েছে। এর ফলে উপকৃত কর্মচারীর সংখ্যা ১৩ শত। ধর্মঘট, লক-আউট, লে-অফ, ছাঁটাই এবং ক্লোজার—এই সমস্ত শিল্পবিরোধের ক্ষেত্রে আলাপ-আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করাই ছিল সরকারের লক্ষ্য। বিভিন্ন প্রকার বিরোধ নিষ্পত্তির ব্যাপারে আমরা দ্বি-পাক্ষিক ও ত্রি-পাক্ষিক আলোচনা, যৌথ দরকষাকষি এবং সুস্থ ট্রেড ইউনিয়ন আন্দোলনের বিকাশের উপরে জোর দিয়েছি। আমি আনন্দের সঙ্গে বলতে চাই যে, এই নীতি আমরা সফলভাবে অনুসরণ করতে পেরেছি। আলোচ্য বছরে সরকারী সালিশী ব্যবস্থার মাধ্যমে ৫ হাজার ৬৭টি বিরোধের মীমাংসা করা সম্ভব হয়েছে।

৮। শ্রম আদালত এবং শিল্প ট্রাইবুন্যালে প্রায় ২৭ শত মামলা বিচারাধীন রয়েছে। মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেওয়া যেতে পারে যে, ট্রাইবুন্যালে বিচার চলাকালীন শ্রমিকদের অন্তর্বর্তী সাহায্য দেবার জন্য শিল্প বিরোধ আইন ১৯৪৭-এর সংশোধন করা হয়েছে। শ্রমিকশ্রেণীর অধিকতর নিরাপত্তা এবং দ্রুত সুবিধা প্রদান, পদ্ধতিগত ব্যবস্থা সরলীকরণ ইত্যাদির জন্য গত বছর আমরা শিল্প বিরোধ আইনের

কিছু কিছু সংশোধন করেছি। এছাড়া অধিক সংখ্যক শ্রমিককে এই আইনের আওত নিয়ে আসা, শ্রম বিরোধগুলির সরাসরি ট্রাইবুন্যালে প্রেরণের ব্যবস্থা করা ইত্যাদির জ শিল্প বিরোধ আইনের আরও একটি সংশোধনী প্রস্তাব পাশ করা হয়েছে। সংশোধ এখনও রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় রয়েছে। আরো একটি বিধি এই রাজ্যের অস রক্ষিত শ্রমিকদের নিয়োগ নিয়ন্ত্রণ ও নিয়োগের নিরাপত্তা বিধান এবং তাদের জন্য বি কিছু কল্যাণমূলক ব্যবস্থা প্রবর্তনের জন্য বিধানসভায় অনুমোদন করা হয়েছিল—এট রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় রয়েছে। প্রসঙ্গত উল্লেখ করছি, ১৯৬৯ সালের ট্রে ইউনিয়ন সংশোধন বিলের ক্ষেত্রে রাষ্ট্রপতির সম্মতি এখনও রাজ্য সরকার পান নি। এ আইনে গোপন ব্যালটের মাধ্যমে শ্রমিকশ্রেণীর প্রতিনিধিত্ব নির্ধারণ করার ব্যব হয়েছিল। এই পদ্ধতি গণতান্ত্রিক এবং কোন কোন শিল্প সংস্থায় সফলভাবে এই পদ্ধ প্রয়োগ করা হয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব উল্লিখিত বিলটিতে রাষ্ট্রপতির সম্মতি প্রদানে ব্যবস্থা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি।

৯। শ্রমিক-কর্মচারীদের অধিকারগুলিকে খর্ব করা এবং সীমিত করার উদ্দে কেন্দ্রীয় সরকার কর্তৃক 'অত্যাবশ্যক কৃত্যক সংরক্ষণ আইন' ( এসমা ) বলবৎ করা স আরো কিছু শ্রম-আইন সংশোধন করার প্রয়াস সম্পর্কে শ্রমজীবী মানুষ অত্যন্ত ক্ষুব্ধ আমরা বিশ্বাস করি এমন কোন আইন বা বিধি প্রণয়ন করা উচিত নয় যা শ্রমিকশ্রেণী ন্যায়সঙ্গত অধিকারকে বাতিল বা খর্ব করে, কারণ এর ফলে শ্রমিক-স্বার্থ তো বটে শিল্পের বিকাশ ও সংহতিও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিগত বছরে বোনাসে সময়কাল মোটামুটি শান্তিপূর্ণ ভাবে অতিবাহিত হয়েছে। বোনাস আইনের প্রচলি ধারাগুলির পরিবর্তে বোনাস ইস্যুর মীমাংসার ক্ষেত্রে একটি নূতন সূত্র নির্ধারণ এব বোনাসের সর্বোচ্চ সীমা তুলে দেওয়ার জন্য বোনাসপ্রদান আইনের ( পেমেণ্ট অফ বোনাস অ্যাক্ট ) সংশোধন ও পরিমার্জনের উদ্দেশ্যে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থাসমূ দীর্ঘদিন ধরে যে দাবি জানিয়ে আসছেন ভারত সরকার কর্তৃক তা এখনও গৃহীত হয়নি

১০। এই সময়ের মধ্যে চট-শিল্পের শ্রমিকরা চরম দুর্ভোগের সম্মুখীন হয়েছেন এই শিল্পে বোনাস ইস্যুর সুষ্ঠু মীমাংসা হয়নি, অথচ বেশ কয়েকটি চটকল লক-আউট করে ঐ শিল্পে নিযুক্ত বিরাট সংখ্যক শ্রমিক-কর্মচারীকে বেকারত্বের পথে ঠেলে দেওয়া হয়েছে। আমরা মনে করি ঐসব লক-আউট মালিকদের একতরফা সিদ্ধান্তে অন্যায়ভাবে করা হয়েছে। লক-আউট প্রত্যাহার করে মালিকরা যাতে মিলগুলি পুনরায় খোলার ব্যবস্থা করেন, এ বিষয়ে রাজ্য সরকার ধারাবাহিক প্রচেষ্টা চালিয়ে আসছেন। চট শিল্পের পক্ষ থেকে ঐ শিল্পের আভ্যন্তরীণ বাজার সমস্যা ও বহির্বাণিজ্যের ক্ষেত্রে লোকসানজনিত কারণ দর্শিয়ে ঐ শিল্পের সংকটজনক পরিস্থিতির কথা ফলাওভাবে প্রচার করে বিভিন্ন স্তরে বহু আবেদন-নিবেদন করা হয়েছে। শিল্পের প্রকৃত সমস্যাবলী অনুধাবন করে তার সন্তোষজনক সমাধানের ব্যবস্থা করতে হবে। পাশাপাশি ঐ শিল্পে কর্মরত শ্রমিক-কর্মচারীদের স্বার্থ যাতে ক্ষুণ্ণ না হয়, সেদিকে লক্ষ্য রাখাটাও একান্ত প্রয়োজনীয়। পাট উৎপাদনকারীদের স্বার্থে ও পর্যাপ্ত সহায়তা করা প্রয়োজন। এই পরিপেক্ষিতে সরকারী ব্যবস্থাপনার মাধ্যমে কাঁচা পাটের একচেটিয়া ক্রয়ের কর্মসূচিকে আমরা সমর্থন করি। পরিশেষে চটশিল্প, চটকল শ্রমিক ও পাটচাষীদের স্বার্থ রক্ষার

জন্য চট-শিল্পের জাতীয়করণ ছাড়া এই সমস্যার অন্য কোন সন্তোষজনক সমাধান আমি দেখতে পাচ্ছি না।

১১। ২৭.২.১৯৭৯ তারিখে ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী নিযুক্ত কমিটিগুলির রিপোর্টের ভিত্তিতে (১) কাজের বোঝা বৃদ্ধির ও কাজের ধরণ পরিবর্তন (২) পশ্চিমবঙ্গের চট-শিল্পের বেতন কাঠামোতে গ্রেড ও স্কেল চালু করার জন্য ঐ চুক্তির যথাক্রমে ৫(৪) ও (৫) ধারা সম্বন্ধে শ্রমমন্ত্রীর সিদ্ধান্তসমূহ আই. জে. এম. এ. ও চটকল মালিকদের রূপায়ণ করা উচিত। ট্রেড ইউনিয়ন সংস্থা সমূহ সিদ্ধান্তগুলি মেনে নিয়েছেন। এক্ষেত্রে চট-শিল্পের সঙ্গে যুক্ত ট্রেড ইউনিয়নসমূহ ঐক্যবদ্ধ ভূমিকা পালন করছেন এটা খুবই উৎসাহব্যঞ্জক। বিগত ১০ই আগস্ট ১৯৮২ তারিখে পশ্চিমবঙ্গে চট-শিল্পে তাঁদের যুক্তভাবে ১ দিনের প্রতীক ধর্মঘটের মাধ্যমে সেই ভূমিকা আরো বলিষ্ঠভাবে প্রকাশ পেয়েছে।

১২। পশ্চিমবঙ্গের চা-বাগিচা ও ইঞ্জিনীয়ারিং শিল্পের ১৯৭৯ সালের ত্রিপাক্ষিক চুক্তির মেয়াদও শেষ হয়ে গেছে। বোনাস ইস্যুর মীমাংসার পর ঐসব চুক্তির পুনর্নবীকরণের ক্ষেত্রে শ্রমদপ্তর আলাপ-আলোচনা শুরু করার পদক্ষেপ গ্রহণ করছে। আমি আশা করি ইঞ্জিনীয়ারিং শিল্প ও চা-বাগান মালিকরা এবং তাদের এ্যাসো-সিয়েশনগুলি সুষ্ঠু মীমাংসায় পৌঁছানোর জন্য পশ্চিমবঙ্গের ধারাবাহিক ঐতিহ্যকে অনুসরণ করে যুক্তিসঙ্গত মনোভাবের পরিচয় দিয়ে সহায়তা করবেন।

১৩। সূতাকল শিল্পের গ্রেড ও স্কেল নির্ধারক কমিটির রিপোর্ট সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে আলোচনা করে বিবেচনা করা হয়েছে। এ সম্পর্কে আমাদের সিদ্ধান্তগুলি স্বাক্ষরকারী ইউনিয়নসমূহ ও মালিকপক্ষ উভয়কেই জানিয়ে দেওয়া হয়েছে।

১৪। পশ্চিমবঙ্গে বেশ কয়েক লক্ষ শ্রমিক-কর্মচারী কর্পোরেশন, পৌরসভা, বিদ্যুৎ ও দুগ্ধ প্রকল্প ইত্যাদি জনসেবামূলক সংস্থায় কর্মরত। বামফ্রণ্ট সরকার এদের অধিকাংশ অর্থনৈতিক ও ট্রেড ইউনিয়ন অধিকার সম্পর্কিত দাবীসমূহ যতদূর সম্ভব মেনে নিয়েছেন। বৃহত্তর জনস্বার্থে শ্রমিক-কর্মচারীদের তাঁদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আরো সচেতন করে তোলার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

১৫। বিভিন্ন শিল্পসংস্থায় ঠিকা শ্রমিক নিয়োগ প্রথা বিলোপের জন্য রাজ্য সরকার "রাজ্য ঠিকা শ্রমিক উপদেষ্টা বোর্ড" মারফৎ ব্যবস্থা গ্রহণ করেছেন। মাননীয় সদস্যগণ হয়তো অবহিত আছেন যে, ঠিকা প্রথা বিলোপ করে ঠিকা শ্রমিকদের চাকুরীতে সরাসরি অন্তর্ভুক্তির জন্য আইনগত কোন ব্যবস্থা নেই। এই ধরণের অন্তর্ভুক্তিকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইন সংশোধনের প্রশ্নটি আমরা বারবার ভারত সরকারের কাছে তুলে ধরেছি। কৃষি শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরির হার নির্ধারণ করা হয়েছে। এদের ন্যূনতম মজুরী প্রদানের বিষয়টি সুনিশ্চিত করার জন্য আমরা রাজ্যের প্রতিটি ব্লকে পরিদর্শক নিযুক্ত করেছি। কৃষি শ্রমিকদের নির্ধারিত মজুরী ও অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে প্রধান অন্তরায় উপযুক্ত সাংগঠনিক প্রস্তুতির অভাব। কৃষি শ্রমিকদের বিভিন্ন সংগঠনকে নিয়ে রাজ্যস্তরে একটি উপদেষ্টা কমিটি গঠনের কথা আমরা ভাবছি যা তাদের মজুরী ও কল্যানমূলক ব্যবস্থার ক্ষেত্রে সমস্যাবলী অনুধাবন করে আইনগত ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ করার ব্যাপারে সরকারকে পরামর্শ

দান করতে পারে। আমরা জেলান্তরেও অনুরূপ কমিটি গঠন করার কথা বিবে৷ করছি।

১৬। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, সামাজিক নিরাপত্তা বিধানের ক্ষে ১৯৮১ সালে আসানসোলের কন্যাপুরে এবং ব্যাণ্ডেলে দুটি ই. এস. আই. হাসপাত নির্মাণের কাজ সম্পূর্ণ করে চালু করা হয়েছে। হুগলী জেলায় পূর্ণ চিকিৎসা ব্যব চালু করা হয়েছে। শ্যামনগর এবং ঠাকুরপুকুরে দুটি হাসপাতাল তৈরীর কাজ হা নেওয়া হয়েছে। এছাড়া লবণহ্রদে নার্সদের জন্য হোস্টেল নির্মাণের একটি কর্মসূচ গ্রহণ করা হয়েছে। বর্তমান সুযোগ-সুবিধাগুলিকে সুসংহত করে তাদের উন্নতি বিধা করা এবং ধীরে ধীরে সেগুলি আরো সম্প্রসারিত করা আমাদের বর্তমান প্রচেষ্টার মূ লক্ষ্য। এ ব্যাপারে উপযুক্ত সংখ্যক বিশেষজ্ঞ চিকিৎসক ও শিক্ষণপ্রাপ্ত নার্সের অভা আমাদের সামনে বড় বাধা। বর্তমানে চালু হাসপাতাল ও সার্ভিস ডিস্পেনসারীগুলির কাজকর্মের উন্নতি বিধানের জন্য হাসপাতাল-পিছু একটি করে উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে।

১৭। কর্ম নিয়োগের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বর্তমান বছরে ৫ লক্ষ ৫৭ হাজার আবেদনকারী নিবন্ধীকৃত হয়েছেন, ২ লক্ষ ৩০ হাজারের নাম চাকুরীতে বিবেচনার জন্য পাঠান হয়েছিল এবং প্রায় ১২ হাজার জন চাকুরী পেয়েছেন। বছর শেষে লাইভ-রেজিস্ট্রারে নিবন্ধভুক্তির সংখ্যা ছিল ২৯ লক্ষের উপরে। ৩১.১২.৮১ তারিখ পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক ১.৪.৭৮ থেকে প্রবর্তিত বেকার-ভাতা প্রকল্পের আওতায় ২ লক্ষের উপর বেকারকে ভাতা প্রদান করা হয়েছে। সম্প্রতি এই বেকার-ভাতা প্রকল্পের সুযোগ ২৩ থেকে ৪০ বছর বয়সের লোকেদের মধ্যে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

১৮। ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটগুলির প্রশাসনের ব্যাপারে সরকার ইনস্টিটিউটগুলির সমস্যা ও কার্যবিধি পর্যালোচনার জন্য যে কমিটি নিয়োগ করে-ছিলেন তার রিপোর্ট পাওয়া গেছে। বিভিন্ন সুপারিশ কার্যকরী করার বিষয়টি এখন বিবেচনাধীন। বিভিন্ন আই. টি. আই.-তে প্রয়োজনভিত্তিক ট্রেড চালু করার কথা ভাবা হচ্ছে।

১৯। বর্তমান শ্রম পরিচালন ব্যবস্থার মধ্যে শিশু শ্রমের বিষয়টি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। এ সম্পর্কে ব্যবস্থাদি গ্রহণ করাও বেশ কঠিন ব্যাপার। শিশু শ্রমিকদের নিরাপত্তা ও কল্যাণমূলক ব্যবস্থাদি তদারকির উদ্দেশ্যে আইনের বিভিন্ন ধারাগুলি পর্যালোচনা করে প্রয়োজনী সংশোধনী প্রস্তাব বিবেচনা করবার জন্য রাজ্য শিশু শ্রম পর্ষদ একটি উপ-সমিতি গঠন করেছেন। অসংগঠিত শিল্পে সমস্যাটির তীব্রতা খুব বেশী, যদিও সংগঠিত শিল্প-বাণিজ্যের ক্ষেত্রে ফ্যাক্টরী এ্যাক্ট এবং শপ্‌স এ্যাণ্ড এস্টাবিশমেণ্টস এ্যাক্টের বিধি অনুযায়ী কিছু কিছু নির্দিষ্ট আইনগত ব্যবস্থা রয়েছে।

২০। মহাশয়, বক্তব্য শেষ করবার আগে আমি উল্লেখ করতে চাই যে, বামফ্রন্ট সরকার তার ৩৪ দফা কর্মসূচীতে শ্রমদপ্তরের জন্য নিম্নে বর্ণিত নীতি ও লক্ষ্য স্থির করেছেন ঃ

"শ্রমিকশ্রেণী

(৩২) শ্রমজীবী এবং মেহনতী জনগণের সমস্ত ধরণের ন্যায়সঙ্গত এবং গণতান্ত্রিক আন্দোলনকে সমর্থন করা, শিল্প-বিরোধগুলির দ্রুত মীমাংসা ও শ্রমিক-কর্মচারীদের স্বার্থ রক্ষার জন্য শিল্প-সম্পর্ক আইনগুলির আরও সংশোধন করা।

(৩৩) ন্যূনতম মজুরি আইনের পরিপূরক আইনগত এবং প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ এবং এর ধারাগুলিকে মালিকদের জন্য বাধ্যতামূলক করা, রাজ্য শ্রম উপদেষ্টা পর্ষদগুলিকে আরও কার্যকরী ভূমিকা পালনের সুযোগ করে দেওয়া, কর্মচারী রাজ্য বীমা প্রকল্পকে প্রসারিত করা ও তাদের কাজকর্মের ধারার উন্নয়ন ঘটানো।"

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভার কাছে পেশ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর বোধ হয় এখন আলোচনা করতে চলেছি। আমার মনে হয়, পশ্চিমবঙ্গ সরকারের শ্রম মন্ত্রকের দায়িত্ব ভূমিকা বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুঃখের বিষয় হলেও বোধ হয় আমার সঙ্গে শাসক দলের সদস্যেরাও একমত হবেন যে, গত বেশ কয়েক বছর ধরে এই দপ্তরের দায়িত্বে যিনি আছেন, তিনি অসুস্থ হয়ে পড়ে আছেন। অসুস্থ কেউ হতে পারেন, কিন্তু তাই বলে এই মন্ত্রকের দায়িত্বকে কেউ অস্বীকার করতে পারেন না। সেজন্য এই মন্ত্রকের দায়িত্বে অন্য কোন উপযুক্ত লোকের থাকা দরকার।

এখানে গুরুত্বপূর্ণ মন্ত্রকের দায়িত্বে তিনি আছেন। তিনি অসুস্থ আছেন, অসুস্থ তিনি হতে পারেন। কিন্তু এই দপ্তরের গুরুত্ব অস্বীকার না করে আরো উপযুক্ত লোককে এই পদে বোধহয় দেওয়া দরকার। আপনারা জানেন তাঁর মাথায় টিউমার, হার্টে ২টো একস্ট্রা কি বসানো আছে। তার ৪০০ ব্লাড সুগার। এই অবস্থায় যেমন চালাচ্ছেন তেমনি গোটা তাঁর মন্ত্রককেও চালাচ্ছেন। এবং টোটাল লেবার ডিপার্টমেণ্টটাই এখন ইনটেনসিভ কেয়ার ইউনিটে ধুঁকছে ধুঁক ধুঁক করে। ঠিক প্রকৃতভাবে রাজ্যের যা অবস্থা বিশেষ করে শ্রমিক, কর্মচারী এবং শ্রম মন্ত্রকের যে অবস্থা তার ভিত্তিতে আমি আলোচনা শুরু করতে চাই। সরকার এবং সরকারের সাথে যেসমস্ত দল যুক্ত আছেন এবং মুখ্যত সেণ্ট্রাল ট্রেড ইউনিয়নরা — আমি এই ২টি ক্ষেত্রে আলাদা দৃষ্টিভঙ্গী নিয়ে দেখাতে চাই। আমি তথ্যভিত্তিক ভাবে সরকারী ভূমিকা যেমন গত ৫।৬ বছরের তীব্র নিন্দা করতে চাই সেইরূপ সমস্ত যুক্ত ট্রেড ইউনিয়নকে ভুক্ত করতে চাই না। তার কারণ এই কথা অস্বীকার করে লাভ নেই যে স্বাধীনতার উত্তর যুগে এই সেণ্ট্রাল ট্রেড ইউনিয়নে যারা সচেতন ভাবে কাজ করেছেন তাদের কিছু ভুলত্রুটি ছিল এবং তারা কিছু কাজও করেছেন। এবং বিশেষ করে সংগঠিত শ্রমিক কর্মচারীদের ক্ষেত্রে আমি নিশ্চয় এই কথা বলবো। অপরদিকে বলবো তারা কিছু দায়িত্বজ্ঞানহীন কাজ করেছেন টোটাল ওয়ার্কিং ক্লাশকে সংযুক্ত করতে গিয়ে সেই চেষ্টা করতে গিয়ে একটা ইরেসপনসেবেল ট্রেড ইউনিয়ন মুভমেণ্টের মধ্যে ওয়ার্কিং ক্লাশের ক্যারাকটারকে ধ্বংস করে দিয়েছেন। এই

ওয়ার্কিং ক্লাশ যারা শোষনের বিরুদ্ধে লড়াই করবে, যারা বুর্জোয়া শ্রেণীর বিরুদ্ধে লড়া করবে, যারা একচেটিয়া পুঁজিবাদের বিরুদ্ধে লড়াই করবে বলে দাবী করে থাকেন তারা আজকে বেশী করে ওয়ার্কিং ক্লাসকে প্রিভিলেজ ক্লাশে পরিণত করে চলে গেছেন। সর্বনাশ বিচ্ছিন্নভাবে এবং অনেক রকমভাবে হয়। কিন্তু সামগ্রিকভাবে একটা শ্রেণীর মধ্যে যে সর্বনাশ করে দিয়ে গেছেন তার মাশুল আগামী দিনে পশ্চিমবঙ্গের শ্রমিক এবং কর্মচারী-কে বহুদিন ধরে দিতে হবে। যারা অজান্তে সেই কাজ করেছেন কিছু করার নেই তাই করেছেন। ·এটাই হচ্ছে ঘটনা। আমরা দেখেছি আগে যারা আপনাদের কথায় মিছিলে আসতো ১৯৭২ সালের পর থেকে তারা তো আর আপনাদের কথায় মিছিলে এলো না। আমরা দেখেছি যারা বোনাসের দাবীতে বহু মাইল হেঁটে আসতো, তারা এখন বোনাসের দাবী না থাকার জন্য আর আসেন না। তারপরে আমরা দেখেছি জ্যোতি বাবুকে লাঠি নিয়ে বেরুতে হচ্ছে এবং তাঁকে বলতে হচ্ছে—তোমরা ঠিকমত কাজ করো তা না হলে তোমাদের ছাঁটাই করে দেব। তাঁকে বোঝাতে হচ্ছে ডাণ্ডা নিয়ে যে তোমরা সরকারী কর্মচারীরা নির্দিষ্ট সময়ে অফিসে আসবে। নচেৎ তোমাদের উপর ব্যবস্থা অবলম্বন করা হবে। আজকে আর তাই কথায় হচ্ছে না বা বক্তৃতায় হচ্ছে না। আজকে তাই ব্যবস্থা অবলম্বন করতে হচ্ছে। পোলোরাইজড্ অন বেসিক ফিলোজফিকে কেন্দ্র করে যে শক্তি তৈরী হোত তারফলে আজকে চাবুক দিয়ে এইভাবে করতে হতো না। তারফলে আজকে উৎপাদন বাড়তো, আজকে শ্রমিক কর্মচারী এবং কর্মচারীগণ ঠিকমত কাজ করতো। এমনি করে দমন-পীড়ন ব্যবস্থা করতে হোত না। ইরেসপনসেবেল ট্রেড ইউনিয়নের ফলে আজকে আপনাদের ভুগতেই হবে। স্যার, আজকে কি অবস্থায় আমরা কাটাচ্ছি। আজকে পশ্চিমবঙ্গের শিল্পক্ষেত্রে মুমূর্ষ রোগীর অবস্থায় পরিণত হয়েছে। আজকে প্রতিনিয়ত কলকারখানা বন্ধ হচ্ছে। আপনি যদি খবর রাখেন তাহলে দেখবেন ২।৪টি কলকারখানা প্রতিনিয়ত বন্ধ হচ্ছে। শ্রমিকরা অনাহারে মারা যাচ্ছেন। নজরবিহীন বিদ্যুৎ সংকটের ফলে শিল্পের নাভিশ্বাস অবস্থা। শ্রমিক দরদী বামফ্রণ্ট সরকারের শাসনকালে ৪৩৫টি কারখানা বন্ধ হয়েছে। ৮৪,৪৪০ জন শ্রমিক আছে কর্মচ্যুত। ৭১৮টি কলকারখানা লক্-আউট চলছে। ৪,৩১,০০০ শ্রমিক আজ রাস্তায় ভোঁ ভোঁ করে ঘুরছেন। ৬০২টি কারখানায় লে-অফ হয়েছে। ৬০২টি কারখানায় চলছে ধর্মঘট। ৭,২৩,১৭১ জন শ্রমিক আজ প্রগতিশীল শ্রম মন্ত্রকের নিকট আশার বাণী ছাড়া কিছু পাচ্ছে না। বিদ্যুতের অভাবে রুগ্ন শিল্প মৃত্যুমুখী। ১৬টি চটকল বন্ধ। এখানেও ৬০ হাজার শ্রমিক বেকার। বিদ্যুৎ না থাকায় শ্রমিক লে-অফ হচ্ছে, মাইনে পাচ্ছে না। তার পরিমাণ দেড় কোটি টাকা। প্রতি বছর ১॥ কোটি টাকা। প্রতি বছর গড়ে ৭,০০০ কোটি টাকার শিল্প উৎপাদন ব্যাহত হচ্ছে। শ্রম দপ্তরের দীর্ঘসূত্রতা ও গাফিলতি সমগ্র শ্রমিক শ্রেণীকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে। স্যার; এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় এই কারণে এটা আমি বললাম। এই গুলি আমি তথ্য দিয়ে কিছু বুঝিয়েছিলাম। এবং এইগুলি শ্রমমন্ত্রকের কাছ থেকে পাওয়া। এইগুলি কোনটাই বানান নয়। কি অবস্থার মধ্যে দিয়ে আজকে চলছে—কোথায় কে বসবেন? ট্রাইবুনাল মিটিংয়েই বা কে বসবেন, কনসলেশানেই বা কে বসবেন, নিগোশিয়েশানেই বা লোক কোথায়? আমরা দেখেছি আমাদের সরকার

খুব দ্রুততার সঙ্গে এইগুলি ডিসপোসড্ করেছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যত রকম গণ্ডগোল হয়েছে আমরা তার কত কুইক ডিসপোসড অফ করেছি।

[3-40—3-50 p.m.]

আজ দেখুন, ১৯৭২ সালে যেখানে ডিসপিউট ছিল ১১ হাজার ৯২৯, সেখানে ডিসপিউট ডিসপোজড হয়েছিল ৮ হাজার ৭০টা। ১৯৮১ সালে ডিসপিউট লক আউট হবার জন্য কমেছে ৯ হাজার ৫১৫-তে, কিন্তু নাম্বার অফ ডিসপিউট ডিসপোজড হয়ে গেছে ৫ হাজারের মত। এর চেয়ে সাংঘাতিক আর কি? যদি উপরের দিকে যান ১৯৮০ সালে তাহলে দেখবেন ১০ হাজার ৫৮২ ডিসপিউট হয়েছিল, মাত্র ৬ হাজার ডিসপিউট ডিসপোজড হয়। তার মানে ডিসপোজড করার মত মন্ত্রক যদি কাজ না করে তা হলে ডিসপিউট থেকে যাচ্ছে। এই ডিসপিউট থাকার খেসারত জনসাধারণকে দিতে হবে এবং ইনডাইরেক্টলি শ্রমিক ও কর্মচারীকে দিতে হবে। রাজনৈতিক কারণে এর উপরে ভিত্তি করে এই সরকার করেছিল। শ্রমিক, কর্মচারীর মিছিল তাদের চাঁদার ভিত্তিতে সরকার হয়েছিল। তারপরে সরকারে আসার পরমালটি ন্যাশনাল মনোপলি হাউসের কাছে চলে গেল। মনোপলি হাউসের চাঁদা এবং গ্রামের যারা খেতে পায় না তাদের মাথার উপর ভিত্তি করে এরা সরকার করলেন। কমলবাবু খুব ভাল ট্রেড ইউনিস্ট। আমি তাঁর প্রশংসা করি। তিনি এই সরকারকে সমর্থন করেন। এম. এল. এ. হিসেবে বক্তৃতা করতে পারেন। কিন্তু তিনি কারখানার গেটে গিয়ে দেখেন ১৬টা জুট মিলে লক আউট। কোন রাজ্য সরকার যদি লক আউটের পেছনে না থাকে তাহলে লক আউট হতে পারে? ৭০ হাজার লোক আজ অর্ধাহারে, অনাহারে আছে। এই নীতিতে সরকারের মদত আছে। আজকে সরকারের ইনসেন্টিভ চলে গেছে এ ব্যাপারে। বাংলায় এ অবস্থা কোনদিন ছিল না, কোনদিন সম্ভব হোত না। আজ এ জিনিষ হচ্ছে। আমাদের সময় আইন ছিল — বামফ্রণ্ট করেননি, এর আগে যুক্তফ্রণ্ট করেননি — তাতে লক আউটকে ইললিগাল বলা হয়েছিল। জুট যেটা কি ইণ্ডাস্ট্রি, টোটাল অর্থনীতিকে কণ্ট্রোল করে সেই ইণ্ডাসট্রিতে লক আউট বেআইনী বলে ঘোষনা করা হয়। এই লক আউটের পর শ্রমিক যখন কারখানায় ঢোকে তখন কিছু সুবিধা হয় দ্বিতীয় পর্যায়ে লড়াই করার জন্য মানষিকতা অর্জন করতে পারে। আপনারা একটা লক আউটকে বেআইনী বললেন না। অনেক জায়গায় চাপ সৃষ্টি করা হল, রাতের অন্ধকারে গোপনে অ্যাডভোকেট জেনারেলকে দিয়ে সেই ৪টা জায়গায় লক আউট ঘোষনা করা হল। তারপর কিভাবে শনিবার যেখানে ৩ লক্ষ শ্রমিক কাজ করে সেখানে রাতের অন্ধকারে এক্সপার্টি ইনজাংশান ধরিয়ে দেওয়া হল। হাইকোর্টের একজন জজের বাড়ীতে এটা হল। উপর থেকেই ইনজাংসান দিয়ে দেওয়া হল সরকারের বিরুদ্ধে। সুতরাং ক্লিয়ার হয়ে গিয়ে লক আউটের বুলডোজার শ্রমিকের উপর চললো। কেন লক আউট হচ্ছে? শ্রমিকের জন্য যদি কারখানা বন্ধ হয় তাহলে লক আউট ইললিগ্যাল বলে ঘোষণা করা যায় না। কিন্তু মালিক যেখানে স্বেচ্ছাচারী সেখানে লক আউটগুলি বারবার করে ইললিগ্যাল বলে ঘোষনা করা হচ্ছে না। আমি আবেদন করছি এর মধ্যে কোন রাজনীতি নেই এবং শ্রমিক কর্মচারীর যে স্বার্থ তাতে কংগ্রেস কম্যুনিস্টদের স্বার্থ

নেই। আমরা বার বার প্রমাণ করেছি, বহু টেড ইউনিনিষ্ট জানেন শ্রমিক কর্মচারীর স্বার্থে লাল পতাকা তেরাংগা ক্রস করে আন্দোলন করেছে। শুধু সমালোচনার জন্য সমালোচনা নয়, স্বার্থক দৃষ্টিভঙ্গী দিয়ে বিচার করে সমস্যাব সমাধান করতে হবে। আমি এবারে কয়েকটি সমস্যা সম্বন্ধে নির্দিষ্ট অভিযোগ করছি, মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, হাফ মন্ত্রী কি সিকি মন্ত্রী জানি না, তিনি তার উত্তর দেবেন। আমি এর আগে বলেছিলাম মার্কসিস্ট কমিউনিষ্টদের সাধারণভাবে নীতি হয় ওয়াকিং ক্লাসের স্বার্থ দেখা, জেনারালাইজ করা নয়। কিরকমভাবে স্বার্থ দেখছেন গত ৬ বছর যাবত, না, শ্রমিক কর্মচারীদের সেখানে হাহাকার ছাড়া কিছু নেই, সেখানে প্রোটেকশানের কোন ব্যবস্থা নেই। আজকে কোন মনোপলি হাউস বের করে দিল, লেবার সেক্রেটেরিয়েট থেকে, ট্রাইব্যুনাল থেকে, সরকার পক্ষ থেকে কি তার প্রোটেকসানের কোন ব্যবস্থা করবে? কেউ ব্যবস্থা করবে না। আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি যেখানে আপনারা প্রোটেকশান দিতে পারেননি। আপনারা শ্রমিকদের জীবন-যাত্রার মান বাড়াতে পেরেছেন কি? পারেননি। আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি, বাড়াবেন কি করে — এই বইটা জ্যোতিবাবু ফরওয়ার্ড করেছিলেন, এই বইটার নাম Froud in compilation of consumer Price Index Numbers for working class in Calcutta Industrial Area. ডাঃ গোপালদাস নাগ যখন লেবার মিনিষ্টার তখন তিনি একটা কমিশন করেছিলেন একটা এ্যাওয়ার্ড দেবার জন্য। কনজিউমার প্রাইস ইনডেক্সের উপর তিনি সন্তোষ ভট্টাচার্য্যকে দিয়ে যিনি একজন অর্থনীতিবিদ, এটা ছিল ওয়ান ম্যান কমিশন, ১৯৩৯, ১৯৪৪ এবং ১৯৬০ এই তিন বছরকে একটা কমন বেস ইয়ার ধরে ৭০ টাকা করে মাগগীভাতা বাড়িয়ে একটা এ্যাওয়ার্ড দেবার ঘোষণা করেছিলেন। স্যার, তখন এই বইতে সই করেছিলেন এস. এস. বোস, Secretary, C.I.TU. COMMITTEE Shri Jatin Chakraborty, President, U.T.U.C.W.B. Committee, Shri Prasanta Das Gupta, General Secretary, Trade Union Co-ordination Centre. জ্যোতিবাবু সেটা ফরওয়ার্ড করেছিলেন, সেখানে কমিশনকে বলেছিলেন যে ফ্রড। আজকে আমরা যারা ট্রেড ইউনিয়ন করি আমাদের দাবি এই বইতে যা আছে তা বাস্তবে রূপায়ণ করা। যে দাবি তাঁরা করেছিলেন ১৯৩৯ সালকে বেস করে মাগগীভাতা বৃদ্ধি করার ব্যাপারে, সন্তোষ ভট্টাচার্য্য মহাশয় বলেছিলেন যে টোটাল রিপোর্টকে ইমপ্লিমেণ্ট করতে হবে, আজকে তাঁরা তা ইমপ্লিমেণ্ট করে আমাকে দেখিয়ে দিন। যদি এই দাবিকে ইমপ্লিমেণ্ট করে দেখিয়ে দেন তাহলে সাধুবাদ জানাব। কমলবাবু এখানে আছেন, তিনি এটা দেখবেন। ১৯৭৭ সালে যখন ওঁরা এসেছিলেন তখন ৩৬ দফা দাবি তোলা হয়েছিল। সেখানে আজ দুটো দাবি কেটে দেওয়া হয়েছে যে দুটো দাবি শ্রমিক কর্মচারীদের স্বার্থের সঙ্গে যুক্ত। আপনারা দফা নিয়ে বক্তৃতা করেছেন কিন্তু কোন দুটো দফা কাটা হয়েছে তা কি আপনারা জানেন না? নিডবেস মিনিমাম ওয়েজ ফর অল যেটা নির্বাচনের আগে বার বার ঘোষণা করা হয়েছিল সেই নিডবেস মিনিমাম ওয়েজ সম্বন্ধে মার্কস নিজে একটা জায়গায় বলেছেন — ক্রিটিক অফ দি প্রোগ্রাম, মে ২২ এবং ২৭, ১৮৭৫, অনেক দিন আগে মার্কসিস্টদের জন্য বলেছিলেন — 'একটা নির্দিষ্ট

সময়ে না যাওয়া পর্যন্ত নিডবেসড মিনিমাম ওয়েজের শ্লোগান দেওয়া উচিত নয়। কারণ, এক্সপেনডিচারের সাথে ইনকামের সামঞ্জস্য যদি না থাকে তবে স্টেট ইটসেল্‌ফ সিক হয়ে যাবে যেমন নন-প্ল্যান খরচ করে স্টেট ইকনমি সিক হয়ে যাচ্ছে।' সুতরাং নন-প্ল্যান ভাতা ইত্যাদিতে খরচ করে অলরেডি ইকনমিকে সিক করে দিয়েছে। যে দাবি তাঁরা করেছিলেন যেটা তাঁদের জীবনের এম, যেটা তাঁদের বক্তৃতার মধ্যে এবং বাইরে দেখান হচ্ছে আজকে সেই দাবি অবৈজ্ঞানিক বলে প্রমাণিত হয়েছে। এই ব্যাপারে সায়েণ্টিফিক এ্যাপ্রোচ কি করে করা যায় তা আলোচনার মধ্য দিয়ে ওঁরা ঠিক করবেন এবং আমার মনে হয় সেই চৈতন্য ওঁদের হবে। স্যার, আর একটা সিরিয়াস অভিযোগ আছে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকার ব্যাপারে। অনেকে হয়ত বলবেন এটা তো সেণ্ট্রাল স্কীম। কিন্তু আপনারা জানেন রিজিওন্যাল ক্ষেত্রে লেবার মিনিস্টার হচ্ছেন বাই ভার্চু প্রভিডেণ্ট ফাণ্ডের রিজিওন্যাল কমিটির চেয়ারম্যান, সেখানে ১৮ কোটি টাকা এরিয়ার দেয়নি সরকার, আধা সরকার এবং বেসরকারী প্রতিষ্ঠানগুলি। ১৮ কোটি টাকা আজকে প্রভিডেণ্ট ফাণ্ডে পড়ে আছে।

[3-50—4-00 p.m,]

এবং ইট ইজ এ ক্রিমিন্যাল অফেন্স। স্যার, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি আইনসংগতভাবে শ্রমিকদের উপার্জিত টাকা আজকে সরকার আদায় করে দেওয়াতে পারছেন না এবং তার ফলে শ্রমিকরা মরে যাচ্ছে। প্রভিডেণ্ড ফাণ্ডের টাকায় টেন টু টুয়েল্‌ভ পারসেণ্ট সুদ দেবার কথা। কিন্তু এই সমস্ত মনোপলি হাউস এই টাকা দিয়ে ফাটকা খেলছে এবং সেখানে সুদ নিচ্ছে ১৮ থেকে ২০ পারসেণ্ট। কোথায় আমাদের চেয়ারম্যান? তিনি নিজেই সিক হয়ে গেছেন। তামিলনাডু সরকার একটা আইন করেছেন যাতে পেনডিং কেস্‌-গুলো ইমিডিয়েটলী ডিসপোজ করা যায়। আপনারাও প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যাপারে সেই ব্যবস্থা কেন করতে পারছেন না? আমি খুব জোরের সঙ্গে বলছি এই প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যাপারে আইন করে ফাটকা বন্ধ করা দরকার। স্যার, আপনি জানেন কতগুলি স্ট্যাটুটরি রাইট দেওয়া হয়েছে এই প্রভিডেণ্ট ফাণ্ড আদায় করবার ব্যাপারে এবং একথাও বলা হয়েছে প্রভিডেণ্ট ফাণ্ড ফেরত দিতে বাধ্য। কিন্তু বাস্তবে দেখছি চরম অব্যবস্থা চলছে এবং যে অবস্থা চলছে তাকে বলা যায় ক্লিয়ার কেস্‌ অব ফোরজারি। আমার বক্তব্য হচ্ছে যারা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা পাবে এবং যেদিন পাবার কথা সেইদিনই যেন তারা সুদ সমেত সমস্ত টাকা ফেরত পায় এবং ওঁরাও ফেরত দিতে বাধ্য থাকে। এবারে আমি ই এস্‌ আই প্রসঙ্গে কিছু বলব। স্যার, কৃষ্ণপদবাবু নিজে চেয়ারম্যান। সেখানে একটা ট্রাই-পার্টাইট কমিটি হয়েছে কিন্তু শুনে আশ্চর্য হবেন সেই কমিটি কোন স্টেপ নিচ্ছেন না এবং রেভিনিউ এ্যাটাস্‌মেণ্ট আজ পর্যন্ত করা হয় নি। এই ই. এস. আই একটা বাস্তুঘুঘুর বাসা এবং দুর্নীতির আকড়া। সেখানে ৪ কোটি টাকা পেনডিং রয়েছে কিন্তু কোন ব্যবস্থা হচ্ছে না। তারপর, ইনডাসট্রিয়াল এগ্রিমেণ্ট প্রতি ৩ বছর অন্তর অন্তর হয়। জুট, টেক্সটাইল এবং ইঞ্জিনিয়ারিং—এ আমাদেরও ফেডারেসন আছে, কিন্তু আমরা দেখছি ইঞ্জিনিয়ারিং—এ টার্মস্‌ শেষ হয়ে যাওয়া সত্বেও সেখানে কোন এগ্রিমেণ্ট হচ্ছে না। ৩ বছর পরই ডিউ হয় অথচ

৫ বছর হয়ে যাওয়া সত্বেও কোন এগ্রিমেণ্ট হচ্ছে না এবং এটাই হচ্ছে শেষ বছর। আমি দাবী করছি এখনই মিটিং ডেকে আপনারা এই সমস্যার সমাধান করুন। তারপর, সরকারের এই যে ২০টি কমিটি আছে তাতে বলতে পারেন কয়টা মিটিং হয়েছে? এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর জন্য কমিটি আছে কিন্তু তাদের মিটিং পর্যন্ত হয় না। সেই কমিটিতে আমাদের দলের সদস্যও আছেন, কিন্তু একটা মিটিং—ও হচ্ছে না। আমি জানতে চাই এর ভেতরে কি আছে? তারপর, সমস্ত সিক ইনডাসট্রি-গুলোকে আবার ওই মনোপলি হাউসের দিকে ফিরিয়ে দেওয়া হচ্ছে। আমি মনে করি এটা একটা সাংঘাতিক ব্যাপার। প্রথম বামফ্রণ্টের আমলে এঁদের কাছে ছিল বিড়লা কিন্তু এবারে দেখছি টাটাকে ধরেছেন। টাটা কোম্পানীকে আলিপুর জু গার্ডেনের পাশে যে জায়গা দেওয়া হয়েছে তার টার্মস্ এ্যাণ্ড কনডিসনস-টা একবার দেখুন। এই মনোপলি হাউসের বিরুদ্ধে আপনাদেরও লড়াই, আমাদেরও লড়াই। কিন্তু যে যে টার্মস-এর ভিত্তিতে টাটাকে এটা দেওয়া হল সেটাই হচ্ছে দেখার বিষয়। এখানে জ্যোতি বসু বা ইন্দিরা গান্ধীর কোন প্রশ্ন নেই। এই টাটাকে দমদম এ্যালুমিনিয়াম কোম্পানী দেওয়া হয়েছে সিক বলে এবং এ্যালাইড ষ্টীল কোম্পানী তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে আমি সংবাদপত্রের একটি রিপোর্ট এখানে পড়ে শোনাচ্ছি। এতে বলছে, West Bengal Government has already initiated tax proposals with several big houses for taking over sick and closed industries of the State. Tatas have agreed to take over Allied Steel Products which has been closed for years because of labour trouble, আর একটা জায়গায় বলেছে, a senior member of the Left-Front Cabinet told the Telegraph today that the Front did not have soft corner for the monopoly houses. We know that sometimes these houses want to take over sick units in order to make adjustments in their income-tax.

এখানে তাদের সাথে একমত। এটা টেলিগ্রাফ কাগজে বেরিয়েছে যে ক্যাবিনেট সদস্যরা বলেছেন আমরা তাদের জানি। তারা ইনকামট্যাক্স ফাঁকি দিচ্ছে। আবার তারাই সিক ইণ্ডাষ্ট্রি নষ্ট করছে। আপনারা প্রতিবাদ করুন। আই আর সি এ থেকে টাকা অদায় করুন। আমি জানি বিভিন্ন সংস্থার মালিক এই কাজ করছেন। তাদের কাছ থেকে টাকা আদায় করুন। আমরা আছি আপনাদের সাথে। ইনচেকের জন্য যদি লড়াই করেন তাহলে আমরা কি রাজ্য সরকারের পাশে গিয়ে দাড়াবো না? আলবাত দাঁড়াবো হাজার হাজার শ্রমিক এবং কর্মচারীদের স্বার্থের জন্য। এর সঙ্গে একটা গুরুত্বপূর্ণ কথা জ্যোতিবাবু বলেছেন। অনেক কথা এখানে বলা যায় না। ইণ্ডিয়া পেপার পাল্প কোং-এর ব্যাপার নিয়ে—টেক ওভা হয়েছে—সেখানে সমস্ত কর্মচারী যুক্ত ছিল—জি. ও নং ২৭২-সি. এম. ডেট ১১ই ডিসেম্বর, ১৯৮১ সালে। শ্রীভেঙ্কট রহমন ফাইন্যান্স মিনিষ্টার একটা চিঠি দেন। তার পর যে টেক ওভার হোল এবং টেক ওভার হবার কি সর্বনাশ হয়ে গেল। ওয়েজ কর্মচারী সংখ্যা, ছাঁটাই হোল, টোট্যাল কনটিনিউইটি অব সার্ভিস নষ্ট হোল, প্রভিডেণ্ট ফাণ্ড ধ্বংস হোল, গ্রাচুইটি

ধ্বংস হোল। স্যালারী ওয়েজ, বোনাস, লাইফ ইনসিওরেন্স সব ধ্বংস হোল। জয়ন্ত রায়কে জানি না, এই জয়ন্ত রায়কে দিয়ে কেন টেক ওভার করা হোল এটা খুঁজে বের করবেন। আমি নাম বলে দিলাম। জয়ন্ত রায়কে টেক ওভার করার দায়িত্ব দেওয়া হোল। এতোগুলি শ্রমিক কর্মচারীর সর্বনাশ হোল। এর বিহিত করুন—আপনাদের জিন্দাবাদ জিন্দাবাদ করবো। আপত্তির কোন ব্যাপার নেই। গত কয়েক দিন আগে বিদ্যুৎ মন্ত্রী বক্তৃতা করেছিলেন বিদ্যুতে এই রকম হয়নি। বিদ্যুৎ মন্ত্রী একটা চিঠি দিচ্ছেন শ্রীগনিখান চৌধুরী মহাশয়কে ২২শে জুলাই মাসে ১৯৮২। Dear Ghanikhan Chowdhury, some union have complained that D. V. C. authorities have curtailed the democratic rights of the trade unions by cancelling the granted leave. ডেমোক্রাটিক রাইট নিয়ে চিঠি দিয়েছেন ডি ভি সি-র ব্যাপারে — লুথার সাহেবের বিরুদ্ধে। তিনি আবার নিজের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ব্যাপারে সিরিয়াস চার্জ আনেন তাঁর বিরুদ্ধে। তিনি পারেন না দেশের গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন রাইটকে খর্ব করতে। তিনি বলেছেন Absence from duty by any employee of the Board without permission during office hours for participation in any strike, demonstration, agitation, movement of case work/work-to/rule/Mass Casual Leave or on Union/Organisational activities or on similar other activities also constitutes a breach of discipline and an act of misconduct. তাঁর ডিপার্টমেণ্ট-এ তিনি ঘোষণা করেছেন। এটা দেখবেন খুব ইমপটেণ্ট। ওনারা বলেছেন ই এস এম এ, এন এস এ, এখনে হবে না। আবর বামফ্রণ্টের নির্বাচনী ইস্তাহারে বলেছে আমরা ই এস এম এ করি না—ই. এস. এম. এ, এন. এস. এ-এর মত অপ্রতাশিত আইন এখনে ব্যবহৃত হয় না। কিন্তু ঘেরাও করছেন কত কি করছেন। একবার ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টট খুলে দেখুন—এই আই ডি এ-র মধ্য দিয়ে ঐসব হোটেলগুলি পর্যন্ত আজকে স্ট্রাইক থেকে বাদ দিয়েছেন। It is the same ESMA আমরা আমাদের পার্টির থেকে বলেছিলাম ইন্দিরা গান্ধীর কখনই ই. এস. এম. এ করার দরকার হোত না, যদি ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে ঠিক ঠিক করে ইম্পলিমেণ্ট করা যেতো। ৮০% তাহলে ই এস. এম. এ-কে কভার করে যায়। আজকে ই এস. এম. এ-কে কেন্দ্র করে কত রকম কথাই আপনারা বলেছেন। পার্ক হোটেল বন্ধ হয়ে গেল। রিচ কনটিনেণ্ট্যাল হোটেল বন্ধ হয়ে গেল—স্ট্রাইক করতে পারে না নোটিশ দিয়েও—আই ডি এ্যাক্ট-এর ২০ নং ধারা চালু করে দেওয়া হয়েছে। আমি ডেট বলে দিতে পারি এটা হচ্ছে ৭ই জুলাই ১৯৮১। এর পর আপনার কাছে বলছি রাজনৈতিক কারণে কিভাবে অত্যাচার করা হয়েছে। তিন হাজার আই এন টি ইউ সি এবং নন-সিটু লোককে শাস্তিমূলকভাবে ছাঁটাই করা হয়েছে। বিনা কারণে সাসপেনসন এবং চার্জ-সিট করা হয়েছে। মিথ্যা মামলা পর্যন্ত করা হয়েছে। আমি তার একটি উদাহরণ দিচ্ছি। বৃটানিয়া কোম্পানীতে কৃষ্ণগোপাল বসু—আমাদের জেনারেল সেক্রেটারী—তাকে বিনা কারণে ছাঁটাই করে দেওয়া হয়েছে। শ্যামল ব্যানার্জী, বিভূতি সেনগুপ্ত

নারাণ বাবু তাঁদের প্রত্যেককে ছাঁটাই করে দেওয়া হয়েছে এবং এই ছাঁটাই করার পরে, আগে প্রোডাকসান যেখানে বেড়ে গিয়েছিল, ছাঁটাই করার পরে প্রোডাকসান ডেটরিয়েট করেছে। আমি এই কথা বলতে চাই, নূতন করে একটা ভাল পরিবেশ গড়ে তোলার চেণ্টা করুন। সেই পরিবেশ যদি গড়ে তুলতে চান তাহলে আমাদের কো-অপারেশান নিশ্চয় পাবেন। আমরা চাই দেশের মানুষ বাঁচুক। দেশের মানুষ বাঁচলে কংগ্রেস, কমিউনিণ্ট করা যাবে। দেশের মানুষ, শ্রমিক কর্মচারী যদি মারা যায় তাহলে কাকেনিয়ে কংগ্রেস, কাকে নিয়ে কমিউনিণ্ট হবে? এই প্রশ্নের জবাব আজকে ভাইটাল হয়ে দাঁড়িয়েছে। আমি আপনাদের কাছে আবেদন করছি যে লেবার মিনিণ্ট্রিতে আমারা একটু স্বতন্ত্র করতে চই। বামফ্রণ্টের যেসব ট্রেড ইউনিয়ন আছে, সেইগুলো সম্পর্কে আমার অভিযোগ নেই। তার ভাল করেছে কি খারাপ করেছে সে সম্পর্কে কোন অভিযোগ নেই কিন্তু মন্ত্রক যেভাবে কাজ করছে, এত হিউজ তার অপরাধ, এত নৈরাশ্য জনক, হতাশা ব্যঞ্জক কোন দপ্তর থাকেতে পারে বলে আমি মনে করি না। আগামী দিনে ১৯৪৩ এর মন্বন্তরের মত প্রতিধ্বনি যদি আমরা শুনতে পাই তার জন্য দায়ী থাকবে এই লেবার দপ্তর। সুতরাং আমি এর তীব্র নিন্দা করি। এই ব্যয় বরাদের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

माननीय अध्यक्ष महोदय म हाम्रो नेपाली भाषामा कतिपय कूराहरु विषय अनुरोध जनाउन चाहन्छु। मलाई थाहा छ, हाम्रो माननीय सदस्यहरुले बुझ्न सक्नु हुन्न यसकारण म अध्यक्ष महोदयलाई अनुरोध गर्छु मेरो वक्तस्य तर्जुमा गोर बुझाउने प्रयास गरियोस्। हाम्रो श्रममंत्री जरुले बजेत पेश गर्न भएको छ म त्यसलाई सम्पूर्णरुपले समर्थन गर्छु अनि मेरो वक्तस्य नेपाली भाषामा शुरु गर्छु। आज लेफ्टफ्रन्ट सरकारले पश्चिम बंगालको श्रमिक कर्मचारीहरुका निम्ति जुन सुयोग सुविधाहरु दिऐको छ, आज वेतन हाजिरा इत्यादि विषयमा जुन सुविधाहरु दिएको छ। ट्रेड युनियन अधिकार आज ट्रेड यूनियन आन्दोलनको निम्ति श्रमिक कर्मचारीहरुलाई जुन सुविधा दिइएको छ। त्यासरी आप पश्चिम बंगालको बिभिन्न इन्डस्ट्रीजहरुके हाम्रो जिला दार्जीलिंगका चिया बगानहरुमा आज यी सुविधाहरु प्राप्त भइरहेको छन्। त्यसकारण आज म वामपन्थी सरकारलाई मोचीबन्द गोर अभिनन्दन जनाउँछु।

माननीय विरोधी सदस्य श्री सुव्रत बाबू भनुहुन्छ—आज लेफटफ्रन्ट सरकारको समयमा, मंत्रीहरुका अधोगति हुँदै छ। आज, म पसकोसर सरी खण्डन गर्छु। अनि बिते को दिनको १९७५ सालको मंत्रीहरुले चिया बगानमा जुन तांडव गरेको थियो, कँग्रेसी राजमा चारैतिर तकआउट, चारैतिर क्लोजआप (Closeup), चारैतिर छँटाई। कँग्रसी गुण्डाहरुले हाम्रो मजदूरहरुलाई घरबाट निकालेर वेघर बनाएका घटनाहरु छन्। तर आज वामपन्थी सरकारको समयमा हामी इज्जत पाइरहेका छौं। शान्तिपूर्ण तरिकाले मजदूरहरु चिया बगानमा काम गरिरहेका छन्। आफ्नो दाबी अदाय गरिरहेका छन्। आज जुन सुयोग, सुविधाहरु पाइरहेका छन् त्यसलेगदी आज फेरि म, यो अभिनन्दन नटकाई सकिदन। माननीय अध्यक्ष महोदय,

आज तपाई मार्फत Industrial Dispute Act का कतिपय कानून सम्बन्धमा माननीय सदस्य सुब्रत बाबुले शख्न भयो। Industrial Dispute Act मा केन्द्रीय सरकारले जुन प्रकारको कानूनहरु बनाएको छ। प्रत्येक युगमा चिया बगानमा आज मजदूरहरुका दिनदिन अर्जित अधिकारहरु प्राप्त चइदहेको छ, ती खोसिएका थिए। आज चिया बगान, उत्तर बंगालको सम्पद। दोर्जीलिंगको चिया बगानहरुमा हजारौंको छँटाई भइरहेको छ। आज बेकारीहरु बढ़िरहेका छन्। Conciliation officer meeting मा आउँछ रर मालिकहरु आउदैन। क्षुन meeting मा मालिकहरु जाँदैनन ती मालिकहरुलाई। Conciliation office.हरुले शास्ति दिने प्रबन्ध गर्न दर्छ। त्यसैले माननीय speaker महोदय म तपाई मार्फत अपील गर्छु मालिकहरुले जुन तरिकाले मजदूरहरुमादि बदमाशी, छँटाई इत्यादिको प्रबन्ध गर्छ, सो अधिकार Conciliation office लाई दिनुपर्छ। Industrial Development Act मार्फत मालिकहरुलाई कठोर शास्ति दिने प्रबन्ध जोड़दार गर्ने म मांग गर्छु।

आज माननीय सदस्य सुब्रत बाबु भन्नुहुन्छ—आज लेफलफ्रन्ट सरकाग्को समयमा केही भएन। 23 तारिकको Statesman मा हामी निस्केको देख्छौं, Secret Guidelines to Public Sector. भनेर यसबार तपाई के बुझ्नु हुन्छ? केन्द्रीय सरकारले सिधासिधै मजदूर श्रमिक कर्मचारी विरोधी एक गुप्त Circular पठाएको छ। केको निम्ति पठाएको? माननीय अध्यक्ष महोदय म सत्यै केन्द्रीय सरकारको श्रमिक विरोधी जाड़ कालोकानून को घोर विरोध गर्छु। म लेफटफ्रन्ट सरकार मार्फत यसको आवाज दिल्लीको केन्त्रीय सरकार कहाँ पुरमाउँछु। आज दार्जीलिगमा चिया कमानहरुमा केन्द्रीय सरकार यस कानून द्वारा नै १३-१४ वटा चिया बगान बन्द गरेको छ। यसरी नै डुवर्स तराईमा चिया बगानहरु व्यवस्था दिन प्रतिदिन खराब तर्फ गइरहेको छ। तर केन्द्रीय सरकारले कुनै व्यवस्था गरेको छैन। आज विधान सभा मार्फत दिल्लीको कँग्रेस आई श्रममंत्री को मा मेरो वक्तव्य राख्छु। चिया बगानका प्राइभेट मालिकहरुका सम्पत्ति राज्य अन्तर्गत ल्याते मजदूरहरु मायि उपकार हुन्छे। कँग्रेसको यस व्यवस्थाले हजारौं श्रमिक कर्मचारीहरु बेकार भएका छन्। चिया बगान बन्द भइटहेका छन्। अनि बेकारहरुका संख्या दिरहेको छ। कँग्रेस भाईको ३४ पैसा श्रमनीतिको व्यर्थतामा आज जुन बन्द चिया बगानहरु छन् ती चिया बगानहरु स्वोभ्रने, माननीय अध्यक्ष महोदय अनि लेफटफ्रन्ट सरकारले यो बुरा बुझाएर, संभ्रतर आज कि पा, केन्द्रीय सरकारले समान अधिकार दिएर Cooperative पा W. P. Dev. Corporation माध्यम कुनै व्यवस्था दिएर चिया बगानहरु खोलेर श्रमिक कर्मचारीहरुलाई नौकरी दिने व्यवस्था गर्न पर्छ। यी वगानका मालिकहरुले आज पक्का घरहरु बनाउँदैनन्। यसकी निम्ति

म अध्यक्ष महोदय मार्फत सरकार कहाँ अपील गर्छु। मालिकहरुलाई कठोर ऐन तयार गरेर शास्ति दिने व्यवस्था गरियोस्। Tea Board सर खुन ऋण लिन्छन्, पैसा लिन्छन् यो पनि अर्को पहि dinert नगरेर श्रमिकहरुका लाभको निम्ति चिया बगानमा innest गर्न पर्छ। पुजा वजिकै आएको छ। तर चिया बगान को मालिकहरुले आफ Industries का मालिकहरुले भैं बोनस दिने प्रबन्ध गरेका छैनन्। यसकारण म अध्यक्ष महोदय मार्फत सरकारसित अनुरोध राख्छु भट्ट बोनाएको व्यवस्था गरिदिने। अन्तमा म फेरि एकपल्ट श्रममंत्रीको बजेटलाई समर्थन गर्द बक्तव्य शेष गर्छु।

[4-10—4-20 p.m.]

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মাননীয় শ্রীপ্রবীর সেনগুপ্ত মহাশয় যে বাজেট ভাষন রেখেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, পশ্চিমবঙ্গের শিল্প ও কৃষি উৎপাদনের ক্ষেত্রে আমরা দেখছি উৎপাদন কম, মানুষের গত ৫ বছরে মাথাপিছু আয়ও কম, শুধু ঐ বামফ্রণ্টের খ্যাঁচাকলের মধ্যে যে সমস্ত সি. পি. এম, আর. এস. পি. এবং ফরোয়ার্ড বুকের এম. এল. এরা আছেন তাদের ব্যক্তিগত সম্পদ কিছু বাড়ছে। সেখানে মানুষের মাথাপিছু আয় বিন্দুমাত্র বাড়েনি, বেড়েছে গত ৫ বছরে শুধু বেকার আর দরিদ্রের সংখ্যা। উৎপাদনে বিনিয়োগ না করলে স্যার, এই রাজ্যের সর্বনাশ হয়ে যাবে। স্যার, যাঁকে আজ বিদ্যুত দপ্তর থেকে অপদার্থতার জন্য প্রমোদবাবু সরিয়ে দিয়েছেন—প্রমোদবাবুকে ধন্যবাদ—সেই মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু পশ্চিমবঙ্গে শিল্পের অবনতির জন্য মূলতঃ দায়ী। আজ বিদ্যুতের অবস্থা দেখে বড় বড় শিল্পপতিরা এই রাজ্যে কোন কারখানা করে অর্থ বিনিয়োগ করতে সাহস করছেন না। ছোট ছোট শিল্পপতিদের অবস্থা তো আরো শোচনীয়। সেখানে যারা কোন রকমে ছোট পুঁজি নিয়ে কারখানা করতে চায় আজ লোড-শেডিং-এর থাকায় তারা চোখে সর্ষে ফুল দেখছেন। স্যার, আমরা দেখছি গরিব, মধ্যবিত্ত, বেকারদের অর্থনৈতিক দুরবস্থা, 'জনগণের খড়ের চালা আর ওদের পার্টি অফিসের তিন তলা।' মাত্র দুদিন আগে শিল্পমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য্য মহাশয় এখানে বক্তব্য রাখলেন বিদ্যুতের জন্য নাকি কোন কারখানা বন্ধ হয়নি। স্যার, তাঁর বাড়ী হাওড়ায়, আমিও হাওড়ায় থাকি, তিনি প্রতিদিন হাওড়া থেকে রাইটার্স বিল্ডিং থেকে আসেন, বিধানসভায় আসেন, তিনি চোখে ঠুলি বেঁধে আসেন কিনা জানি না কিন্তু স্যার, আমি বাড়ী থেকে আসবার সময় দেখি ছোট, বড় মিলিয়ে প্রায় ১২শো কারখানা বন্ধ হয়ে আছে এবং তাতে ১৬ হাজার শ্রমিক ক্ষতিগ্রস্ত হচ্ছেন। স্যার, গত ১০ই জুলাই গেস্টকিন উইলিয়াম বন্ধ হয়ে গেল। হাওড়াতে ভিক্টোরিয়া কটন মিল, নস্করপাড়া জুট মিল, ল্যাটলো জুট মিল বন্ধ। গত পরশুদিন পরিষদীয় মন্ত্রী পতিত পাবন পাঠক মহাশয় জানেন, তাঁর ওখানে ইস্ট ইণ্ডিয়া রবার ম্যানুফ্যাকচারিং বন্ধ হয়ে গিয়েছে। স্যার, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বই-তে দেখা যাচ্ছে ১৯৮০ সাল থেকে ১৯৮১ শ্রমদিবস বেশী নষ্ট হয়েছে। স্যার, এই যে লক-আউট, লে-অফ দিনের পর দিন বাড়ছে এরজন্য যে শ্রমদিবস নষ্ট হচ্ছে তারজন্য সাধারণ শ্রমিকরাই ক্ষতিগ্রস্ত হচ্ছে, তাদের ওয়েজেস কেটে নেওয়া হচ্ছে, এ ক্ষেত্রে

মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার অনুরোধ, শিল্প বিরোধ আইনের যে ১০নং ধারা আছে সেটা প্রয়োগ করুন টু প্রহিবিট কনটিনিউয়েন্স অব লক-আউট।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে শিল্প ভিত্তিক দীর্ঘমেয়াদী চুক্তি হয়েছিল, দীর্ঘদিন ধরে সেই মজুরী সংক্রান্ত চুক্তি বন্ধ হয়ে আছে। ইঞ্জিনিয়ারিং, জুট, কটন, টেক্সটাইল ইত্যাদিতে কাদের স্বার্থে পুনরায় চুক্তি হচ্ছে ? এটা কি মালিকদের স্বার্থে, না শ্রমিকদের স্বার্থে, শ্রমমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমি এটা জানতে চাই ? শিল্প বিরোধ নিষ্পত্তির জন্য যে কনসিলিয়েশান মেসিনারি আছে, আজকাল দেখা যায় যে এই সমস্ত কারখানা যখন বন্ধ হয়ে যায় সেই কনসিলিয়েশান মেসিনারীর কাছে মানুষের যাবার আগ্রহ কমে আসছে—মালিকরাও যাচ্ছে না এবং শ্রমিকরাও যাচ্ছে না। কাজেই এই কনসিলিয়েশান মেসিনারীকে আরো জোরদার করার জন্য আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। উনি বলেছেন যে এই আইন সংশোধন করার জন্য এবং শ্রমিকদের জন্য নূতন কিছু করতে চাচ্ছেন। আশা করি সেই বিষয়ে আমাদের অবগত করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের বক্তব্য শুনছিলাম। এটা বিরোধীরা নিশ্চয়ই জানেন যে, এই লেবার ল' এটা কেন্দ্রীয় আইন, এখানে রাজ্য সরকারের বিশেষ কিছু করার নেই। কোন মালিক যদি জুট মিল বন্ধ করে দেন, তাহলে রাজ্য সরকার সেগুলি খোলার চেষ্টা করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অদ্ভুত কথা বলা হয়েছে যে ১৬টি জুট মিল নাকি এখনও বন্ধ হয়ে আছে, ১৬টি নয় ১৭টি বন্ধ হয়ে ছিল। এই ব্যাপারে ইতিমধ্যে ৪টি খোলা হয়েছে এবং ৩টি খুলবে না। আমরা এই কথা বহুবার বলেছি যে এই চটকলগুলি প্রতি বছরে প্রায় ৩ শত কোটি টাকা মুনাফা লাভ করছে এবং এই চটকলগুলিকে মর্ডানাইজ করলে যেখানে ৩০০ পারসেণ্ট প্রফিট হত সেখানে সেটা না করে ঐ টাকা এখন থেকে নিয়ে গিয়ে তারা ভারতবর্ষের উপকূলে নূতন নূতন ইণ্ডাষ্ট্রি তৈরী করছে। এই ব্যাপারে তাদের কে চেক করতে পারে ? সুব্রতবাবুদের পশ্চিমবাংলার প্রতি দরদ থাকলে নিশ্চয়ই তারা এই বিষয়ে চিন্তা করতেন। আজকে সুতাশিল্প রুগ্ন হয়ে যাচ্ছে। আমরা বার বার চিৎকার করে বলেছি যে এর মূল কারণ equalisation of freight and price না হবার ফলে ; আমাদের টোটাল কষ্ট অফ প্রোডাকশানে ১.৭ পারসেণ্ট আমাদের ফ্রেইটের জন্য এক্সট্রা দিতে হয়, সেখানে পশ্চিম উপকূলে যে সুতাকল আছে তাদের কষ্ট অফ প্রাইসের সঙ্গে এ্যাডেড হয় মাত্র ৪০ পয়সা। প্রতি বছর পশ্চিমবাংলা থেকে ৩ শত কোটি টাকা বাইরের রাজ্যে চলে যায়। কাজেই আমাদের শ্রমমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপিত করেছেন, তাকে সমর্থন করে আমি এই কথা বলতে চাই যে আমাদের সীমিত ক্ষমতার মধ্যে যে ছোটখাট নূতন প্রকল্পগুলি তিনি করেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানান উচিত ছিল। আজকে এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের মধ্যে দিয়ে, কটেজ ইণ্ডাষ্ট্রির মধ্যে দিয়ে ইয়ুথ সার্ভিসের মধ্যে দিয়ে, এ্যাগ্রো-ইণ্ডাষ্ট্রিজের মধ্যে দিয়ে ৮৭'৫৫ ল্যাক্স ইনভেষ্ট করে আমরা আশা করছি যে প্রায় ৩,৫০২ জন মানুষ চাকুরী পেতে পারে। ১৯৮০ সালের ২রা অক্টোবর থেকে আই. আর. ডি. অর্থাৎ integrated rural development programme এর মাধ্যমে আমরা গ্রামে যারা

সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস, যারা অবহেলিত তাদের নূতন কর্মোদ্যোগ সৃষ্টি করবার চেষ্টা করেছি। ও'রা বক্তব্যে বললেন যে পশ্চিমবাংলা থেকে শিল্প অন্য রাজ্যে চলে যাচ্ছে এবং শিল্প অন্য রাজ্যে চলে যাচ্ছে তার মুল কারণ পশ্চিমবাংলায় শ্রম অশান্তি। আজকে ৮ মাস যাবৎ মহারাষ্ট্রে ৬৭টি সুতাকল বন্ধ হয়ে আছে। মহারাষ্ট্রের কংগ্রেস সরকার কি সেই আন্দোলনকে শ্রমিকদের সঙ্গে বসে মিমাংসা করেছেন ? আজকে সেখানে প্রায় ৩ লক্ষ সুতাকল শ্রমিক অনাহারের সম্মুখীন। সেই সব কথাতো একবারও ওরা বললেন না ? আমাদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমরা এগুলি মীমাংসা করার চেষ্টা করছি। ১৯৭৩ সালে যখন ওরা ক্ষমতায় ছিল তখন ক্লোজার হয়েছিল ৮৮টা এবং ১১ হাজার ১৫ জন শ্রমিক তাতে ইনভলভ হয়েছিল। ১৯৭৪ সালে ৭০টি ক্লোজার হয়েছে এবং ৬২০৪ জন সেখানে ইনভলভ হয়েছে এবং তার তুলনায় ১৯৮০ সালে ৫৬টি এবং ১৯৮১ সালে ৪৩টি ক্লোজার হয়েছে এবং ৩৪৬১টি শ্রমিক ইনভলভ হয়েছে। এই সব কথা কিন্তু ওরা বললেন না, ওরা খালি ডিসপিউট-এর কথাই বললেন। সুব্রতবাবু বললেন যে ১৯৭২ সালে ৮ হাজার ৭০টা ডিসপিউট রেজ করা হয়েছিল। আমি এই কথা বলতে পারি যে ১৯৭৪-৭৫ সালে যখন জরুরী অবস্থা জারী করেছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী, সেই সময়ে ১৯৭৫ সালে ৬৫৫২টি ডিসপিউট রেইজ করা হয়েছিল এবং সেখানে আমরা দেখছি যে ৬,৫০০টি ডিসপোজ অব করতে পেরেছি।

[4-20—4-30 p.m.]

আমি এখানে পরিসংখ্যান দিয়ে দেখাব যে, আমাদের আমলে পুর্বের চেয়ে লে' অফ অনেক কমেছে। যখন কংগ্রেসীরা পশ্চিম বাংলায় ক্ষমতায় ছিলেন সেই সময়ে ১৯৭৪ সালে ৩৯৬টি লে' অফ হয়েছে এবং এর ঘটনায় ৭ লক্ষ ১৩ হাজার ৮৬৩ জন শ্রমিক লে' অফ হয়েছে, ১৯৭৫ সালে ৭২৭টি ক্ষেত্রে ২ লক্ষ ২০ হাজার ৭৭ জন শ্রমিক লে' অফ হয়েছে, ১৯৭৬ সালে ৪১৮টি কেসে ৮৪, ৮১৩ জন শ্রমিক লে' অফ হয়েছে। আর আমাদের সময়ে, ১৯৮০ সালে ১০৬টি ঘটনায় ১১,৯৬৬ জন শ্রমিক লে' অফ হয়েছে, ১৯৮১ সালে ৬০টি ঘটনায় ৫৪৬১ জন লে অফ হয়েছে। এর পরেও ওরা বলছেন যে, পশ্চিম বাংলায় শিল্প ক্ষেত্রে প্রচণ্ড অশান্তি চলছে। এর ফলে নাকি শিল্প-পতিরা এখান থেকে অন্য রাজ্যে চলে যাচ্ছে, ভারতবর্ষের পশ্চিম উপকুলে চলে যাচ্ছে। ওর লিখিত তথ্য অন্য কথা বলে।

আমি সুব্রতবাবুকে বলব যে, আপনাদের সময়ে এখানে কতগুলি ঘেরাও-এর ঘটনা ঘটেছিল, আর এখন কতগুলি ঘটছে, সেটা একটু দেখুন। ১৯৭৩ সালে ( ও'দের সময়ে ) ২৮ জন ঘেরাও হয়েছিলেন, ১৯৭৪ সালে ১৪ জন ঘেরাও হয়েছিলেন। আর ১৯৮০ সালে ( আমাদের সময়ে ) ১২ জন ঘেরাও হয়েছেন। এর পরেও ও'রা বলবেন যে, আগর চেয়ে অবস্থা খারাপ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেসিক ইণ্ডাস্ট্রিগুলিতে শ্রমিকদের মজুরী পূর্বের চেয়ে কি-হারে বেড়েছে সেটা আমি এখানে একটু উল্লেখ করতে চাই। জুটে ১৯৪৭ সালে

মজুরী ছিল ৪৭ টাকা একজন শ্রমিকের, সেখানে ১৯৮০ সালে হয়েছে একজন চটকল শ্রমিকের মজুরী ৫২৩ টাকা ৪০ পয়সা এবং ১৯৮১ সালে সেটা বেড়ে হয়েছে ৫৫৭ টাকা ২০ পয়সা, অর্থাৎ ১,১১১% ইনক্রিস হয়েছে। কটন শিল্পের একজন শ্রমিক ১৯৪৭ সালে মজুরী পেত ৪০ টাকা ৫৬ পয়সা, আর ১৯৮১ সালে পেয়েছে ৫৪০ টাকা ৪৫ পয়সা, অর্থাৎ ১,২৩১% বৃদ্ধি হয়েছে। ইঞ্জিনিয়ারিং শিল্পের একজন শ্রমিক ১৯৪৭ সালে বেতন পেত ৫০ টাকা, ১৯৮১ সালে বেতন পেয়েছে ৫৫৩ টাকা ১০ পয়সা, অর্থাৎ ১০৬% বেতন ইনক্রিস হয়েছে। চা শিল্পের একজন শ্রমিক ১৯৪৭ সালে দৈনিক মজুরী পেত মাত্র ৮৭ পয়সা, আর ১৯৮১ সালে দৈনিক মজুরী পেয়েছে ৯'০০ টাকা, অর্থাৎ ৯৩৪% ইনক্রিমেণ্ট হয়েছে। আনএমপ্লয়মেণ্ট এ্যাসিস্টেন্সের ক্ষেত্রে আমরা একথা বলতে পারি যে, ১৯৮৯ সালে আমরা ৬৭,২০৭ জনকে দিয়েছিলাম, ১৯৮০-৮১ সালে ৫৯,৩১৬ জনকে দিয়েছিলাম, এবং ১৯৮১-৮২ সালে ৮০,১০০ জনকে দেওয়া হয়েছে। অর্থাৎ সংখ্যাটা ক্রমশঃ বেড়েছে, এর জন্য আমাদের খরচ হয়েছে, ১৯৭৮-৭৯ সালে ৮,৬৭,৬২,৯৫৫.০০ টাকা। ১৯৭৯-৮০ সালে ১১,৭৭,৮০,৩৫০'০০ টাকা এবং ১৯৮০-৮১ সালে ১৩,৮০,৬৬,১০০'০০ টাকা। এছাড়াও শ্রমিকদের মধ্যে যারা আনএমপ্লয়মেণ্ট এ্যাসিসটেন্স পাচ্ছে তাদের ১০০ দিনের কাজের ওপরে তাদের ২ টাকা করে এক্সট্রা দেওয়া হচ্ছে।

আমাদের পশ্চিম বাংলায় সপ এণ্ড এসটাবলিসমেণ্ট-এর ক্ষেত্রে প্রায় ৬ লক্ষের ওপরে দোকান আছে, তার জন্য সরকারী দপ্তরে কর্মচারীর সংখ্যা যথেষ্ট নয়। এখানে ১ জন চীফ ইন্সপেক্টর আছেন, একজন এ্যাডিসনাল চীফ ইন্সপেক্টর আছেন, ১ জন ডেপুটি চীফ ইন্সপেক্টর, সুপারভাইস ইন্সপেক্টর ১৩ জন এবং ৭১ জন ইন্সপেক্টর, আছেন। কাজের তুলনায় এদের সংখ্যা অত্যন্ত কম, এদের প্রচুর কাজ। সেই সঙ্গে গোটা পশ্চিম বাংলার সপ এণ্ড এসটাবলিসমেণ্টকে এর আওতায় আনতে হবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ইণ্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট-এর সেকসন ২৬ এবং সেকসন ৩৩(সি) এই দুটিকে সংশোধন করা দরকার, কারণ কনসিলিয়েসন অফিসারের যদি ডিসপোস অফ করার ক্ষমতা না থাকে তাহলে বহু কেস ট্রাইবুনালে বছরের পর বছর পড়ে থাকে, ফলে সাধারণ শ্রমিকদের ভীষণ অসুবিধা হয়।

আমরা জানি আমাদের দেশের বেকার সমস্যা একটা ভলক্যানিক ইরাপসনের মুখে এসে দাঁড়িয়েছে। একথা স্বীকার করতেই হবে যে, পুঁজিবাদী ব্যবস্থার এটাই হচ্ছে চরম পরিণতি। আজকে পশ্চিম বাংলায় বেকারের সংখ্যা বেড়ে প্রায় ৩২ লক্ষে দাঁড়িয়েছে, অপর পক্ষে ভারতবর্ষের সবচেয়ে বড় রাজ্য উত্তরপ্রদেশ, সেখানে ১৫ লক্ষের কিছু বেশী বেকার।

কেন্দ্রের যে দায়িত্ব নেই একথা কখনও অস্বীকার করতে পারবে ? যখন দেশ বিভাগ হয়েছিল তখন এই কথা বলা হয়েছিল ওপার থেকে যারা আসবেন কেন্দ্রীয় সরকার দায়িত্ব বহন করবেন। কিন্তু তাঁরা কি করেছেন ? তাই ডাঃ বিধানচন্দ্র রায় মারা যাবার পর বড় বড় ইনডাসট্রি কি পশ্চিমবাংলায় হয়েছে ? হয়নি। আজ পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার নতুন এমপ্লয়মেণ্ট খুলে দেবার জন্য হলদিয়ায় নতুন উপনগরী করতে চেয়েছে সল্ট লেকে ইলেকট্রনিক্স কারখানা স্থাপন করবার জন্য কোন অনুমোদন

দেওয়া হচ্ছে না? কার স্বার্থে? অথচ এই সময়ের মধ্যে পশ্চিম উপকূলের গুজরাটে ২টি পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স খোলা হয়েছে এবং কাজও শুরু হয়ে গেছে। পশ্চিমবাংলা কিন্তু পেল না। লেটার অফ ইনটেণ্ট পাওয়া আর ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স পাওয়া এক জিনিষ নয়। আর ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স আজও পাওয়া যায় নি। ১৯৭২ সালে কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় তখন বলেছিলেন ২ লক্ষ বেকার বেড়েছে। ১৯৭২ সাল থেকে এখন ১৯৮২ সাল চলছে, সুতরাং বেকার তো আরোও বাড়বে। তাই মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেটা সমাজতান্ত্রিক বাজেট নয় এবং সমাজতান্ত্রিক বলে আমি দাবীও করি না। এই বাজেটের মধ্য দিয়ে শ্রমজীবি মানুষের জীবনের মূল সমস্যার সমাধান করা যাবে না এবং আমি আশাও করি না যে এই বাজেটের মধ্য দিয়ে পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান করে দেবেন—একথা আমি ভাবছি না। কিন্তু এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে তিনি পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর সামনে সমস্যার কিছুটা সমাধান করবার যে বক্তব্য পেশ করেছেন তাকে সমর্থন করে আমি অনুরোধ জানাবো, বন্ধ মিলগুলি খোলার ব্যবস্থা করুন। ইতিমধ্যে গেষ্ট কিন উইলিয়াম বন্ধ হয়ে গেছে। ৮ হাজার শ্রমিক অনাহারের সম্মুখীন। ঐ কোম্পানীর মালিক মারোয়ারীর মতন বলছেন যেহেতু অর্ডার পাওয়া যাচ্ছে না সেহেতু কারখানা বন্ধ করে দিয়েছেন, লক-আউট করে দিয়েছেন। সমস্ত বন্ধ কারখানাগুলি অবিলম্বে খোলার চেষ্টা করুন তার দরকার। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই বলছি, পশ্চিমবাংলায় নাকি শ্রমিকদের সংগ্রামের হাতিয়ার বামফ্রণ্ট সরকার অথচ তাদের আমলে শ্রমিক কর্মচারীদের যে নির্মম ইতিহাস সৃষ্টি হয়েছে তা এটা নজির বিহীন দৃষ্টান্ত বলা চলে। কারণ একটা বামপন্থী সরকারের একটা আইডিয়াল লেবার পলিসি হওয়া দরকার। শ্রমমন্ত্রী মহাশয় বড় গলায় বলেছেন, শ্রমিকদের দরকষাকষি অর্থাৎ কালেকটিভ বারগেনিং-এর ক্যাপাসিটি বৃদ্ধি করা হয়েছে। আমি যেকথা বলছিলাম, একটা বামপন্থী সরকার তার শ্রম নীতির মাধ্যমে শ্রমিকদের এই কালেকটিভ বারগেনিং ক্যাপাসিটি কি করে বৃদ্ধি করা যায় সেইদিকে সাহায্য করবেন এবং তার পসিটিভ পলিসি হচ্ছে শ্রমিকদের উপর মালিকদের আক্রমণ বা অত্যাচারের বিরুদ্ধে যে ন্যায়-সঙ্গত শ্রমিকদের আন্দোলন সেগুলিকে সমর্থন করা এবং উৎসাহিত করে শক্তিশালী করতে সাহায্য করা। আর একটি কি? শ্রমিক মালিক বিরোধের ক্ষেত্রে যেটুকু শ্রমিক স্বার্থে আইন আছে সেটা বলিষ্ঠভাবে মালিকদের আক্রমণের বিরুদ্ধে সরকার প্রয়োগ করছে কিনা এগুলি একটি প্রো-লেফট্ গভর্ণমেণ্ট বা লেফট গভর্ণমেণ্টের লেবার পলিসি হওয়া উচিৎ। কিন্তু এই দৃষ্টিভঙ্গী থেকে বিচার করলে দেখা যাবে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার সম্পূর্ণভাবে শ্রমজীবি মানুষের সেই আশা-আকাঙ্খা পূরণ করতে ব্যর্থ হয়েছে।

[4-30—4-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ছাঁটাই, লক আউট, লে অফ করে পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের কি অবস্থা করা হয়েছে। একমাত্র জুট ইণ্ডাষ্ট্রিতেই ১৬টি কারখানা বন্ধ হয়ে আছে, যার ফলে ৭০ হাজার শ্রমিক গত ১৯৮১ সালের ১৬ই জানুয়ারী থেকে দুর্ভোগ ভুগছে। আর মালিকরা ক্রমবর্ধমানভাবে মন্দার অজুহাত দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এটা কত বড় মিথ্যা অজুহাত। ১৯৮১ সালের ১০ই জুলাই আই. জে. এম. এর চেয়ারম্যান তাঁর এ্যানুয়াল কনফারেন্সে বক্তৃতা দিতে গিয়ে বলেছেন যে, এ বছর ১৯৮১ সালে জুট শিল্পে উৎপাদন হয়েছে ১৩'৬৫ লক্ষ টন, বিক্রি হয়েছে ১৩'৭৪ লক্ষ টন, এতেই বোঝা যায় যে মন্দার ব্যাপারটা সম্পূর্ণ সৃষ্টি করা। অথচ আজকে মন্দার নামে একটার পর একটা শ্রমিকের উপর বাড়তি কাজের বোঝা চাপান হচ্ছে, তাদের লক আউট, লে অফ করে তাদের বেতন এবং অন্যান্য সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে এবং তাদের উপর নানাদিক থেকে আক্রমণ নেমে আসছে। এইরকমভাবে তাদের একটার পর একটা অর্জিত অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। আমি যেটা বলছিলাম, সরকারপক্ষ থেকে কতকগুলি পজিটিভ জিনিষ তাঁরা করতে পারতেন, যেমন বেতন সম্বন্ধে, আপনি দেখুন এখানে বলা হয়েছে এই বাজেট ভাষণে, "এই সময়ে শিল্পভিত্তিক দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদনের মাধ্যমে বড় বড় শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য যথা সম্ভব বর্ধিত হারে মজুরী আদায় তাদের জীবনযাত্রার মান উন্নয়নের চেষ্টা আমরা করেছি।" একেবারে সম্পূর্ণ অসত্য ভাষণ এই বাজেটে দেওয়া হয়েছে। আমি বলছি পশ্চিমবঙ্গে ৩টি মেজর ইণ্ডাষ্ট্রি, জুট ইণ্ডাষ্ট্রি, টেক্সটাইল ইণ্ডাষ্ট্রি, ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রি—দেখুন, ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রিতে আজকে সাড়ে চার লক্ষ শ্রমিক, ৩টি শিল্প মিলে ৮ লক্ষ শ্রমিক এই শিল্পগুলির সঙ্গে যুক্ত। ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রিতে ১.১.৮২ তারিখে নূতন বেতন চুক্তি করার জন্য, যা ডিউ হয়ে আছে—আজ পর্য্যন্ত শ্রমমন্ত্রী তার জন্য কোন ত্রিপাক্ষিক বৈঠক ডাকেন নি। জুট ইণ্ডাষ্ট্রিতে শ্রমিকদের বেতন নতুন চুক্তির ডেট ডিউ হয়ে আছে, টেক্সটাইল ইণ্ডাষ্ট্রিতেও অনুরূপ ব্যবস্থা। কিন্তু সেক্ষেত্রেও সরকারের পক্ষ থেকে কোন রকম বৈঠক ডাকা হয়নি। সে অবস্থায় এই যে তিনটি শিল্প আছে তাদের নির্দিষ্ট সময় থেকে ২ বছর কোথাও তিন বছর দেরীতে বেতন চুক্তি যেটা সম্পাদন করেছে এবং এর ফলে শ্রমিকরা বাড়তি যে ন্যায়সংগত বেতন ও ভাতা বৃদ্ধির যে সুযোগ পেত তার থেকে বঞ্চিত হয়েছে। মালিকরা সরকারের এই নিষ্ক্রিয়তার সুযোগ নিয়ে কোটি কোটি টাকা মুনাফা অর্জন করছে। হিসাব মত দেখলে কয়েকশো কোটি টাকা মালিকরা এইভাবে ফাঁকি দিয়ে শ্রমিকদের বঞ্চিত করছে এটা কি জিনিষ? তারপরে দেখুন, লক আউটের ব্যাপারে মালিক শ্রেণীর বিরুদ্ধে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট ব্যবহার করা অধিকার থাকলেও সরকার তা কাজে লাগাচ্ছেন না। করছে না। উনি কালকে বললেন মোট ৪টি কারখানার ব্যাপারে লক আউটের ক্ষেত্রে সরকারী ব্যবস্থা হয়েছে। অন্যদিকে বহু লক আউট, ক্লোজার, লে অফ হয়েছে সেদিকে কিছু হচ্ছে না, এই জিনিষ চলছে ফলে সরকারের হাতে যে সীমিত ক্ষমতাটুকু আছে তা মালিকদের বিরুদ্ধে ব্যবহার হচ্ছে না।

শুধু তাই নয়, মালিকরা প্রভিডেণ্ট ফাণ্ডের যে ২০ কোটি টাকা শ্রমিকদের ন্যায্য প্রাপ্য তার থেকেও তাদের বঞ্চিত করা হচ্ছে। তার মধ্যে সরকার বেসরকারী ১৫৬ থেকে ১৬০টি মত শিল্প সংস্থা এর মধ্যে জড়িত। তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নেওয়া হচ্ছে না। শুধু তাই নয়, মালিকদের পৃষ্ঠপোষকতা করে নির্লজ্জভাবে ২৫.৬.৮১ তারিখে শ্রম দপ্তর থেকে সার্কুলার দেওয়া হয়েছে, সেই সার্কুলারের নম্বর হচ্ছে ১৭৩৬, কি সারকুলার ? গোপন সারকুলার। ন্যূনতম বোনাস যাতে ৮.৩৩ পারসেণ্টের *বেশী না হয়, এই ভাবে আপনার দপ্তর থেকে এই সারকুলার নির্দেশ গেছে।* অদ্ভুত, *এই ভাবে কি শ্রমিকদের স্বার্থ রক্ষা করা হচ্ছে ? ফলে স্যার, এই ভাবে ওরা মালিকের পৃষ্ঠপোষকতা করে চলেছে শ্রমিক মালিক বিরোধীতার ক্ষেত্রে। অপর দিকে শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে সরকারী যে শ্রমিক সংগঠন আছে সেখানে একটা চূড়ান্ত* অনীহা প্রকাশ পেয়েছে সিটুর নেতা, সি. পি. এম-এর নেতা নীরেন ঘোষের বক্তব্যের মধ্যে দিয়ে। উনি বলেছেন, হ্যাঁ, চট শিল্পে মালিকরা শ্রমিকদের উপর অত্যাচার করছে, শ্রমিকরা অত্যাচারিত হচ্ছে এ কথা ঠিক। কিন্তু শিল্পে বড় মন্দা, লাগাতার আন্দোলন, ধর্মঘট এইগুলি করা ঠিক হবে না। অদ্ভুত কথা। এবার থেকে শ্রমিক আন্দোলন, মালিকের ভাল খারাপ সময় দেখে করতে হবে। তাই আমি বলতে চাই মাননীয় বামফ্রণ্ট নেতাদের কাছে, এই মালিকরা যখন অন্যায়ভাবে চুক্তি ভঙ্গ করে শ্রমিকদের ফাঁকি দেয়, লক-আউট, লে-অফ, ক্লোজার প্রভৃতি করে, এই ভাবে যখন তারা লক্ষ লক্ষ শ্রমজীবী পরিবারকে পথের ভিখিরি করে দেয়, তখন কি সেই মালিকরা শ্রমিকদের খারাপ সময়ের কথা বিবেচনা করে ? এই সবগুলি কি সিটুর নেতারা চিন্তা করেন না ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইগুলি খুবই দুঃখের কথা। আমার তৃতীয় কথা হচ্ছে ক্ষেত মজুরদের সম্পর্কে। এখানে এগ্রিকালচারাল লেবারদের কথা বলা হয়েছে। গ্রামবাংলার এগ্রিকালচারাল লেবাররা সব চেয়ে দুর্বলতর অংশ ওার্য়াণ্ট সাফারার, যাদের সংখ্যা হ'ল দেড় কোটি থেকে দু কোটির মতো। এই লেবারদের ন্যূনতম মজুরী পাওয়ার জন্য যে ন্যূনতম মজুরী আইন করে বেঁধে দেওয়া হয়েছিল—বর্তমান মূল্য বৃদ্ধির দিনে—কিন্তু তারা তাও পায় না। এমন কি সরকারের যে গ্রামীন প্রকল্প সেখানেও তারা সরকার নির্ধারিত ন্যূনতম মজুরী পায় না। আপনারা বলছেন শ্রমিক আন্দোলনে পুলিশ যায় না। তাহলে আমি জিজ্ঞাসা করতে চাই — সাঁওতালডিহির শ্রমিকদের উপর পুলিশের আক্রমণ, ঐ পোর্ট-এর শ্রমিকদের গুলি করে হত্যা, ভারত ইলেকট্রিক্যাল করপোরেসন, হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশন এই সব কারখানায় যে সমস্ত হাজার হাজার শ্রমিক আছে তাদের আন্দোলনকে স্তব্ধ করাবার জন্য পুলিশ পাঠিয়েছিলেন কে ? আপনাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের শ্রমনীতির পার্থক্য কোথায় ? আমরা দেখতে পাচ্ছি বামফ্রণ্ট সরকার মালটি-ন্যাশানাল কর্পোরেশান ও একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে হাত মিলিয়ে চলছেন। যার জন্য সরকারী সিক ইনডাসট্রিজ টাটার হাতে তুলে দেওয়া হচ্ছে। আজকে তারা একচেটিয়া পুঁজিপতিদের হাতে তুলে দেবার জন্য ঘোষণা করেছেন। বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর অন্তত: ২৫টি মালটি-ন্যাশানাল কর্পোরেসনকে এই পশ্চিমবাংলায় কারখানা করার সুযোগ দিয়েছেন। এই ভাবে তাঁরা তাঁদের ৩৬ দফা কর্মসূচী থেকে দূরে সরে যাচ্ছেন। বামফ্রণ্ট সর-

কারের শ্রমনীতির সঙ্গে কেন্দ্রের শ্রমনীতির তফাৎটা কোথায়, সেটা আমরা দেখতে পাচ্ছি না।

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী প্রবীর সেনগুপ্ত মহাশয় যে শ্রমদপ্তরের ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং পেশ করার ক্ষেত্রে যে বিবরণী এই সভার সামনে রেখেছেন, তা হচ্ছে পশ্চিমবাংলার বাস্তব তথ্য ভিত্তিক। আজকে পশ্চিমবাংলা যে অবস্থার মধ্যে দিয়ে চলেছে, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় সে কথা পরিষ্কার ভাবে উল্লেখ করেছেন। একটা ধনবাদী ব্যবস্থার মধ্যে, ধনবাদ যখন সংকটে পড়ে, আমরা জানি তারা শ্রমিকদের উপর সমস্ত কিছু চাপিয়ে ব্যবসা বাঁচাবায় জন্য মুনাফা অক্ষুন্ন রাখতে চায়। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় এই কথাটাই তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে উল্লেখ করেছেন। কিন্তু আমি যে কথাটা আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে রাখতে চাই, আমরা ৩৪ দফা কর্মসূচীর মধ্যে দিয়ে যে কথাটা পশ্চিমবাংলার মানুষের কাছে রেখেছি শ্রমিকদের স্বার্থ রক্ষা সম্বন্ধে, সেই বিষয়ে আমি কয়েকটা কথা উল্লেখ করব। প্রথম হচ্ছে, নিম্ন বেতন আইনের প্রশ্নে কংগ্রেস আমলে যে ব্যবস্থা ছিল, আমাদের আমলে আমরা সেই ব্যবস্থার পরিবর্তন করতে পেরেছি। বহু অসংগঠিত শিল্পকে ন্যূনতম বেতনের আওতায় এনেছি।

[4-40—4-50 p.m.]

ইতিমধ্যে ৩৩টি এমপ্লয়মেণ্ট সিডিউলের ক্ষেত্রে মিনিমাম ওয়েজ জারি হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, তার মধ্যে ১৫টি ক্ষেত্রে হাইকোর্টে পিটিশান জারি করা হয়েছে। হাইকোর্ট থেকে ইনজাংশন জারী হয়ে সেগুলি আটক আছে। এর মধ্যে ৪টি ক্ষেত্রে সরকারের পরাজয় হয়েছে। আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করব, হাই-কোর্টে যে মামলাগুলি আছে, সেগুলি যাতে দ্রুত নিষ্পত্তি হয়, সেজন্য প্রশাসনিক স্তরে যে ভাবে করা সম্ভব, তা যেন তিনি করেন। সুব্রতবাবুর জবাবে আমি বলব, কংগ্রেসী সদস্যরা এখানে শ্রমিকদের জন্য দরদ দেখিয়ে বক্তব্য রাখলেন, অথচ তাঁদেরই পৃষ্ঠ-পোষকতায়, ভোলা সেন, সিদ্ধার্থ শঙ্কর রায়, হাইকোর্টে গিয়ে শ্রমিকরা যাতে ন্যূনতম মজুরী না পায়, তার জন্য মালিকদের পক্ষে সওয়াল করছেন। পশ্চিমবাংলাতে সংগঠিত শিল্পের শ্রমিকরা যতখানি আইনের দিক দিয়ে অগ্রগতির জায়গায় গিয়ে পৌঁছুতে পেরেছে, অসংগঠিত শ্রমিকরা ততখানি সাহায্য পায় নি। সংগঠিত শিল্পের শ্রমিকরা মালিকদের কাছ থেকে নতুন করে তাদের অনিচ্ছা সত্বেও ন্যায্য পাওনা আদায় করে নিতে পারছে। কিন্তু যারা অসংগঠিত শ্রমিক, যাদের সংখ্যা লক্ষ লক্ষ, যারা গ্রাম বাংলার বুকে ছড়িয়ে আছে, তাদের কথা ভাবতে হবে। আমাদের ৩৪ দফা কর্মসূচীর মধ্যে তাদের কথা বলেছি। এরজন্য আমাদের অনেক দায়িত্ব আছে। সেজন্য বিড়ি শ্রমিক, তাঁত শ্রমিক, মিষ্টান্ন কর্মচারী প্রভৃতি পিছিয়ে পড়া শ্রমিক এবং হোটেল কর্মচারী, যারা তাদের ন্যূনতম মজুরী আইনের সুবিধা থেকে বঞ্চিত, তাদের জন্য সরকারের তরফ থেকে ন্যূনতম নির্দ্ধারিত মজুরী স্থির করে দেওয়ার ব্যবস্থা করতে হবে। এই সমস্ত শ্রমিকেরা প্রধানতঃ মুর্শীদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিমদিনাজপুর প্রভৃতি জেলাগুলিতে কাজ করে থাকে। এদের প্রতি সরকারের বিরাট দায়িত্ব আছে, এ ব্যাপারে সরকারের প্রশাসনিক

ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে এই সমস্ত কর্মচারীরা তাদের ন্যায্য পাওনা পেতে পারে। নদীয়া জেলাতে হাজার হাজার তাঁত শ্রমিক আছে, তারা বঞ্চিত, ন্যায্য পাওনা তারা পায় না, তাদের কথা আমাদের চিন্তা করতে হবে। সরকারকে দেখতে হবে, ন্যূনতম মজুরী আইনের যথোপযুক্ত প্রয়োগ হচ্ছে কিনা এবং না হলে, উপযুক্ত ব্যবস্থা নিতে হবে। কংগ্রেসী আমলে পেমেণ্ট অফ ওয়েজ অথরিটি কর্তৃত্বাধীনে মিনিমাম ওয়েজ অথরিটির নামে একটি কোর্ট তৈরী হয়েছিল, সারাদিনে সেখানে ২ ঘন্টা মাত্র কাজ হয়। একজন বিচারক সেখানে মাত্র ৪টি মামলার বিচার করেন। সেই কোর্টের সম্প্রসারণ করতে হবে। একজন সাব-জজকে বিচারপতি হিসাবে নিয়োগ করে এই আদালতের বিস্তার ঘটান দরকার যাতে শ্রমিকরা ন্যূনতম আইনের সুযোগ-সুবিধা দ্রুত পায়। উক্ত আদালতের চেহারা পাল্টে দেওয়ার দরকার আছে। মাননীয় শ্রমমন্ত্রী একটা সিদ্ধান্ত নিয়েছিলেন, প্রত্যেকটা জেলাতে একটা করে লেবার কোর্ট করা হবে।

আমাদের শ্রম দপ্তরের কয়েকজন আমলার ব্যর্থতার ফলে আমরা দিল্লী থেকে টাকা আদায় করতে পারিনি। আমাদের শ্রমমন্ত্রীর যে চিন্তাধারা ছিল সেই চিন্তাধারাকে আমরা বাস্তব রূপায়িত করতে পারিনি। আজকে প্রত্যেকটি জেলায় যাতে শ্রমিক কর্মচারীদের কোর্ট হয় তারজন্য তিনি চেষ্টা করেছেন। আমি আরেকটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা আজকে সেখানে যে অবস্থায় আছে, প্রশাসনিক দুর্বলতা আছে সেই দুর্বলতা কাটিয়ে উঠতে হবে। এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ব্যাপারে তথ্যমন্ত্রীমণ্ডলীর কাছে সরবরাহ করছি। আমরা দেখেছি পশ্চিমবাংলায় যারা বেকার যারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায় চাকুরীর আশায়। ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে সেখানে একই অবস্থা। আমরা দেখেছি অল ট্রেড কমবাইণ্ডে ১৯৮০ সালে পশ্চিমবঙ্গের সন্তানদের চাকুরীর সংখ্যা ছিল ৮০। ১৯৮১ সালে সেটা ৬০ ভাগে দাঁড়ালো। সেই অনুপাতে উত্তরপ্রদেশ এবং বিহারে যেখানে আগে ১৩ ভাগ ছিল সেটা বেড়ে ১৯ ভাগ হয়ে গেল। আমি আপনার মাধ্যমে দাবি রাখছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের যে ত্রুটিগুলি আছে সেগুলি দূর করতে হবে। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ হৈমী বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী ১২ তারিখে যে বিবৃতি দিয়েছেন সেটা পড়ছি — বেশ কয়েকটি বন্ধ কলকারখানায় কয়েক হাজার শ্রমিক কর্মচারী অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছেন। ইতিমধ্যে অন্ততঃ ৩০ জন মারা গিয়েছেন বলে শ্রম দপ্তরের কাছে খবর এসেছে। শ্রমমন্ত্রী কৃষ্ণপদ ঘোষ বলেন, আরও অনেক খবর আসছে না। এই কলকাতার বুকের উপর বেলেঘাটায় কোলে বিস্কুট কারখানায় ছয় জন কর্মী অনাহারে মারা গিয়েছেন। সব খবর তো আসবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই দিকে যাচ্ছি না। মাননীয় সদস্যরা সে বিষয়ে আলোচনা করেছেন। আমি আরেকটি বিষয় সম্পর্কে মাননীয় প্রবীরবাবুকে শুনতে অনুরোধ করছি। আপনারা জানেন পশ্চিমবাংলায় যে শ্রমিকদের স্বাস্থ্যরক্ষার জন্য একটি প্রকল্প আছে। ভারতবর্ষের আরো কয়েকটি জায়গাতেও এই প্রকল্প আছে। শ্রমিকদের কারখানায় সামান্য যে সমস্ত আঘাত লাগে বা বড় ধরণের মারাত্মক কিছু হলে ওষুধের দরকার হয়। যেমন সেই জীবন রক্ষাকারী ওষুধ ট্রিটেনাস টকসাইড। এই ট্রিটেনাস টকসাইড কিছু

দিন হল পাওয়া যাচ্ছে না ফলে শ্রমিকদের দরকার হলে সেটা ১ টাকা দিয়ে বাইরে থেকে কিনতে হচ্ছে। আর এই টাকা ফেরৎ পেতে হলে শ্রমিক কর্মচারীদের আরো ১৫ টাকা খরচ করতে হচ্ছে। এছাড়া ই. এস. আই. হাসপাতালে কোন ফ্রিজ নেই। যেগুলি আছে সেগুলি ব্যবহারের অনুপযুক্ত। শুধু তাই নয় সাব-স্টানডার্ডের ওষুধ দেওয়া হয়ে থাকে। খুবই নিকৃষ্টমানের ওষুধ সরবরাহ হয়ে থাকে। আমি আপনার মাধ্যমে সাব-স্টানডার্ড ওষুধের কথা বলছি। এই সব ওষুধপত্র নিয়ে কিরকম কারচুপি হয় সেটার সম্বন্ধে আপনাকে জানাতে চাই। স্যার এখানে একটা নিয়ম হচ্ছে যেটা আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন No drug shall be approved unless the firm had licence to produce that drug for at least two years and the drug, so marketted through trade channel for at least one year immediately proceeding the date of Tender. এই বইয়ের যেটা আপনাদের দেওয়া তার পাতা দেখুন — পেজ ৬, ২৬, ৬২, ১২২ দেখুন। এখানে লাইসেন্সের ব্যাপারে বলা হয়েছে। সেক্ষেত্রে এখানে আইনবহির্ভূতভাবে টেণ্ডার সরবরাহ হয়েছে। এখানে রাম না হতেই রামায়ন হয়ে গেছে। কুমায়ণ ড্রাগস্ টেণ্ডার দিলেন এবং সেটা একসেপটেড হয়ে গেল। তারা টেণ্ডার দিল ১৮.৮.৮০ তারিখে আর লাইসেন্স পাবার কথা ৬.১০.৮২ তে। কিন্তু লাইসেন্স পাবার আগেই টেণ্ডার এ্যাকসেপটেড হয়ে গেল। আমাদের দেশে যে ন্যাশানাল ফরমুলা আছে সেই ন্যাশানাল ফরমুলা অনুযায়ী আমাদের ওষুধপত্র নিতে হয়।

[4-50—5-00 p.m.]

আর একটা মারাত্মক জিনিষের দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আর. বি. ও.। সেখানে বছরের পর বছর কোন ইণ্টারনাল অডিট হয় না। কোটি কোটি টাকার ব্যাপার, অথচ অডিট হয় না! এমন কি এ. জি. বেঙ্গল তার প্রত্যেকটি অডিট রিপোর্টে য়্যাডভার্স রিপোর্ট দিয়েছে। শ্রমিকদের স্বাস্থ্য এভাবে আপনারা অবহেলা করছেন। রুগীদের জন্য ই. এস. আই. হাসপাতালে বরাদ্দ করা হয়েছে ২২ টাকা, সেখানে আপনি হাসপাতালে গিয়ে দেখবেন ৫।৬ টাকার বেশি রুগীরা পায় না এবং তাও অত্যন্ত নিম্ন মানের। মানিকতলা ই. এস. আই. হাসপাতালে শ্রমিকরা যান কিন্তু সেখানে ই. এন. টি., ডেনটিষ্ট স্পেসালিষ্ট ডাক্তার আসছেন, বসে থাকছেন, রুগীরা আসছেন দেখা হচ্ছে না সামান্য যন্ত্রের অভাবে। এই হচ্ছে আপনাদের শ্রমিকদের প্রতি দরদ।

**শ্রীবামাপদ মুখার্জি ঃ** স্যার, শ্রমমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। ওরা অনেক সমালোচনা করলেন, কিন্তু বামফ্রণ্ট সরকারের কার্যসূচী অনুযায়ী একটুখানি কর্তব্যচ্যুতি হয়নি। শ্রমিকদের মর্যাদা কলকারখানায় হোক, বা ক্ষেত মজুরের হোক তা যেভাবে পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত হয়েছে তা অন্য কোন কংগ্রেস শাষিত রাজ্যে হয়নি। কিছুদিন আগে লোকসভায় যখন ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, এসমা, নাসা, ইণ্ডিয়ান ট্রেড ইউনিয়ন অ্যাক্ট তখন তাঁরা তাকে সমর্থন জানান এবং সুপ্রীম কোর্ট থেকে যে অধিকার শ্রমিক কর্মচারী, হাসপাতাল

কর্মচারীদের দিয়েছিল সেগুলিকে কলমের খোচায় কেড়ে নেওয়া হল এবং সমস্ত প্রতিষ্ঠানগুলিকে একটা বদ্ধ কারাগারে পরিণত করলেন। অথচ আজ তাঁরা বামফ্রন্ট সরকারের শ্রম নীতির সমালোচনা করছেন। এটা উর্বর ছাড়া সুস্থ মাথার লোক করতে পারে না। তাঁরা অনেক স্টাটিসটিক্স দিলেন আমি আর তার মধ্যে যাব না। আমি বণ্ডেড লেবার সম্বন্ধে বলবো। ১৮ তারিখে সুপ্রীম কোর্ট প্রিজার-ভেসান অফ বণ্ডেড সম্বন্ধে একটা রায় দেন। দিল্লীতে কোটি কোটি টাকা খরচ করে দেশের সম্পদ আহরণ করে এশিয়ান গেমসের জন্য ষ্টেডিয়াম হচ্ছে। সেখানে শ্রমিকদের প্রতি দাস শ্রমিকের মত আচরণ করা হচ্ছে। এটা দিল্লীতে খোদ নেত্রীর নাকের ডগায় হচ্ছে। গর্ব করে আমরা এ জিনিষ বলতে পারি যে পশ্চিমবাংলায় এ জিনিষ হয় না। মহারাষ্ট্রের সূতাকলে শ্রমিকরা যে স্ট্রাইক করেছে সেখানে তাদের উপর এসমা, নাসা প্রয়োগ করা হচ্ছে। কিন্তু এখানে আমরা শ্রমিক শ্রেণীর সমর্থনে এগিয়ে যাচ্ছি এবং আমাদের সরকার তাদের সমর্থন করছে। আজকের কাগজে দেখবেন কোন নোটিশ নেই ৫ হাজার মাইনার্স কর্মচ্যুত হল। গত দুদিন ধরে বম্বের ১ লক্ষ পৌর কর্মচারী ধর্মঘট করে আছে। সেখানে তাদের দাবী দাওয়া করার অধিকার, গণতান্ত্রিক অধিকার, ট্রেড ইউনিয়ন অধিকার কেড়ে নেওয়া হয়েছে। আজ সাড়া ভারতবর্ষে যখন এ জিনিষ চলছে তখন আমাদের বামফ্রন্ট সরকার একটা আদর্শের প্রতি লক্ষ্য রেখে তাঁর শ্রম নীতি নিয়ে এগিয়ে চলেছেন। আজ সারা ভারতবর্ষে দুটা শ্রমনীতি চলছে — একটা প্রতিক্রিয়াশীল দেশী বিদেশী একচেটিয়া পুঁজিপতিদের দ্বারা পরিচালিত, আর একটা হচ্ছে আমাদের সরকার যারা শ্রমিকদের মিত্র এবং পূর্বে তাদের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা তারা পালন করছে। আজ ৫ হাজার ৫০০ কোটি টাকা আন্তর্জাতিক তহবিল থেকে দাহ মূলক সর্তে ঋণ নেওয়া হয়েছে। দিল্লীর সাউথ বুকে বসে আছেন আই. এম. এফ.-এর লোক যারা বলছেন ধর্মঘট করবেন না, ধর্মঘট না করার জন্য এই এই আইন করতে হবে।

সুব্রতবাবু টাটা বিড়লার কথা বললেন, টাটা বিড়লা যা সুপারিশ করেছে সেই সমস্ত সুপারিশ আজকে ইন্দিরা সরকার আইনে পরিণত করেছেন। ১৭ই সেপ্টেম্বর আমরা কি দেখলাম—বিজ্ঞান ভবনের মধ্যে একমাত্র আই. এন. টি. ইউ. সি. ছাড়া আর কোন শ্রমিক প্রতিনিধি গেলেন না যে আইন পাশ করেছে সেটা চালু করার প্রতিবাদে। শ্রমিকদের যাতে আত্মমর্যাদা নষ্ট হতে পারে, শ্রমিকরা যাতে ধর্মঘট না করতে পারে, বেতন না বাড়াতে পারে তার ব্যবস্থা করলেন। বাইরে থেকে অন্যান্য সমস্ত শ্রমিক নেতারা এই শ্রম বিরোধী মনোভাবের বিরুদ্ধে প্রতিবাদ জানালেন, তারজন্য ধর্মঘটের প্রস্তুতি হচ্ছে। অশোক ঘোষ মহাশয় বললেন হাওড়ার জুট মিল বন্ধ কেন। তিনি ভাল করে জানেন তাঁর সমর্থনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায় বলেছিলেন আমাদের প্রার্থী অশোক ঘোষ মহাশয়কে ভোট দিলে ৭ দিনের মধ্যে তিনি ঐ মিল খুলে দেবেন। কতদিন হল তার জবাব দেবেন কি? জবাব দিতে পারবেন না। মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবু বললেন যে বোনাসের সার্কুলার গোপন। গোপন কিছু নয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের শ্রম বিভাগ থেকে আবেদন জানিয়ে ছিলেন যে শ্রমিকদের ন্যায্য বোনাস দিতে হবে, অন্ততঃ গতবার যা দেওয়া হয়েছে তার থেকে

কোন অংশে কম যেন না হয়। তারপর কি হল কেন্দ্রীয় সরকারের নির্দেশ এল আমাদের এই বোনাস আইন বিরোধী। আমরা যে এ্যাপিল করেছি তার অর্ডার তাঁরা পাঠাননি। কাজেই সেই দিকে তাঁরা গেলেন না। আজকে যে সমস্ত স্ট্যাটিসটিক্স দিলেন আমি এই সমস্ত স্ট্যাটিসটিক্সের মধ্যে যাচ্ছি না, আমি শুধু বলতে চাই কয়লা, ইস্পাত, ইঞ্জিনিয়ারিং সমস্ত কেন্দ্রীয় সরকারের শিল্প ক্ষেত্রে কি প্রোডাকসান বাড়েনি? সুব্রত বাবু বলে গেলেন এইসব ক্ষেত্রে ১৫ ভাগ বেড়েছে। গতবার আগস্টে ই. সি. এল-এর যে উৎপাদন হয়েছিল এবারে তার থেকে ৮ ভাগ বেশী, হিন্দুস্থান কেবলস্-এ ৩০ ভাগ প্রোডাকসান বেশী হয়েছে। তাঁরা আমাদের শ্রম দপ্তরে যে চুক্তি করেছেন সেই চুক্তি অমান্য করছেন। দুর্গাপুর কনট্রাক্ট লেবার এ্যাডভাইজারী বোর্ড যেটা ঠিক করে দিলেন সেটা আজ পর্যন্ত তাঁরা মানলেন না। কয়লায় চাকরির ব্যাপারে যে সমস্ত চুক্তি হল আমাদের ইউনিয়নের সঙ্গে আমাদের মুখ্য মন্ত্রীর সামনে বসে সেই চুক্তিগুলি তাঁরা মানলেন না। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে তাঁরা একটা লোককেও ভর্তি করেন নি, কেন্দ্রীয় সরকারের মন্ত্রী গণি খাঁন চৌধুরী মালদহে যত লোক আছে সমস্ত লোককে বিহারে ভর্তি করে তারপর ট্রান্সফার করে নিয়ে আসেন। কি হবে এখানে? তারপর বললেন ১৯ লক্ষ আনএমপ্লয়েড আছে পশ্চিমবঙ্গে, সারা ভারতবর্ষে ১ কোটি ৩০/৩৫ লক্ষ আনএমপ্লয়েড আছে। আপনাদের যে শ্রম নীতি, শিল্প নীতি তাতে ক্লোজার হচ্ছে, আনএমপ্লয়েড হবে। আপনি যে জুটের কথা বলেছেন এটা খুব ভাল করেই জানেন যে ১৭ই আগস্ট আপনারাও ছিলেন, জুট মালিকদের ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট অনুযায়ী অসুবিধাগুলি যখন লাঘব করতে বলা হল তখন তাদের পক্ষ থেকে হাই কোর্টে কেস করা হল। আমাদের শ্রম মন্ত্রী ঠিক কথাই বলেন যে চক্রান্ত ছাড়া কোন উপায় নেই। আপনারা কাজের কোন মূল্য দেবেন না, আজকে চোখ চেয়ে দেখুন কি করে দুর্গাপুরে সমস্ত ছোট-খাট শিল্পগুলি চলছে। আজকে ই. সি. এল. স্টীল, ডি এস পি তারা বাইরের লোককে অর্ডার দেবে কিন্তু আমাদের যারা বেকার ছেলে যারা ব্যবসা করে খেতে পারে তার কোন ব্যবস্থা নেই।

[5-00—5-10 p.m.]

এখনও পর্যন্ত কোন কিছু নেই এরপরও আপনারা সমালোচনা করেন। দেবপ্রসাদ বাবু বললেন, ক্ষেতমজুরদের অবস্থা খুবই খারাপ। ১৯৭৫/৭৬ সালে যেখানে তাদের মজুরী ছিল ৫/৬ টাকা আজকে তাদের মজুরীর হার হয়েছে ৯ টাকা ৮২ পয়সা / ১০ টাকা এবং কোথাও কোথাও সাড়ে দশ টাকা পর্যন্ত হয়েছে এবং সেটা যাতে তারা পায় তার জন্য বুকে ইন্সপেক্টর দেওয়া হয়েছে। এই বামফ্রণ্ট সরকার আজকে শ্রমিক এবং কৃষকদের পেছনে যেভাবে দাঁড়িয়ে আছে তাতে বঙ্কিমবাবুর প্রবন্ধের সেই রামা কৈবর্ত এবং হাসিম শেখ আজ আর নেই। গ্রামের শ্রমিক, কৃষকদের আজ আর ওই অবস্থা নেই, তারা এখানে মেরুদণ্ড সোজা করে চলছে এবং বামফ্রণ্ট সরকারও তাদের মিত্র হিসেবে কাজ করছেন। এখানে যদি বামফ্রণ্ট সরকার না থাকতেন তাহলে আমাদের ইস্পাত শিল্পে, কয়লা শিল্পে কি এই চুক্তি হোত? বোম্বেতে কালা কানুনের দ্বারা শ্রমিক, কর্মচারীদের দমন করা হয়েছে পুলিশ এবং মিলিটারি দিয়ে। জামসেদ-

পুরে যখন ধর্মঘট হয় তখন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পুলিশ এবং মিলিটারি আনিয়ে সেই ধর্মঘট ভাঙ্গান হয়েছে। সাঁওতালদিহিতে যদি পিলার ভাঙ্গে, তার কাটে, স্যাবোটেজ করে তাহলে সেটা কি ট্রেড ইউনিয়নের মধ্যে পড়ে। তাই আপনাদের কাছে অনুরোধ রাখছি আপনারা সহযোগিতা না করুন। আপনারা যদি সহযোগিতা না করেন তাহলে কলকারখানা এবং শ্রমিক এলাকায় আপনাদের এখন যে অবস্থা হয়েছে সেই অবস্থাই থাকবে এবং এই সমস্ত বাজে কথা বলে পার পাবেন না। আপনাদের বলছি যে সমস্ত দানবীয় আইন হয়েছে সেগুলি বন্ধ করবার জন্য আপনারা চেষ্টা করুন। স্যার, আই এন টি ইউ সি বলছেন সালিশী হয় নি। কি করে হবে? আনন্দবাবুর আই এন টি ইউ সি একটা এগ্রিমেণ্টে সহি করলেন এবং নুরুল ইসলামের আই এন টি ইউ সি দেখলাম ডেপুটিলেবার কমিশনারের অফিসে গিয়ে চেয়ার, টেবিল ভাঙ্গলেন। এই তো আপনাদের অবস্থা। বামফ্রন্ট সরকার এগিয়ে যাবে এবং কেন্দ্রীয় সরকারের যতই অসহযোগিতা থাক না কেন বামফ্রন্ট সরকার শ্রমিকদের স্বার্থ নিয়ে এগিয়ে যাবে। আমরা জানি আপনাদের দহনজ্বালা উপস্থিত হবে কারণ আপনারা কোন দিন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলার সাহস পাবেন না। একথা বলে শ্রম মন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী মহাশয় হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় আমি দুঃখিত এবং কামনা করি অতি সত্বর তিনি আরোগ্য লাভ করুন। আমরা শুনতে পাচ্ছি এখন শ্রম দপ্তরের সমস্ত কাজকর্ম নাকি জ্যোতিবাবু দেখাশুনা করছেন। আমরা এই সংবাদে খুবই চিন্তিত কারণ গত ৫ বছর ধরে বিদ্যুৎ দপ্তরের ভার নিয়ে তিনি পশ্চিমবাংলার যে হাল করেছেন তারপর তিনি যদি আবার শ্রম দপ্তরের কাজকর্ম দেখাশুনা করেন তাহলে সেটা তো খুবই চিন্তার বিষয়।

পূর্ববর্তী বক্তা বলেছেন যে পশ্চিমবাংলায় বহু কলকারখানা বন্ধ হয়ে আছে। ১৬টি চটকল বন্ধ হয়ে আছে। এবং লক্ষ লক্ষ লোক তার জন্য অনাহারে দিন কাটাচ্ছে, লক্ষ লক্ষ শ্রমিক আজ বেকার। স্যার, আপনি জানেন যে রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের নিজের নির্বাচনী এলাকার বাঁশবেড়েতে একটি চটকল বন্ধ হয়ে বহু দিন ধরে পড়ে আছে। সেখানে ৮ হাজার কর্মী বেকার হয়ে বসে আছে। এর মধ্যে আবার ২২ জন শ্রমিক আত্মহত্যা করেছে। এটা স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় জানেন। লজ্জার কথা। ঐ এলাকার অর্থাৎ বাঁশবেড়ে জুট মিলের ৮ হাজার শ্রমিক কর্মচারীদের কিছু দিন আগে ২০ হাজার টাকা খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে। এই টাকা কতজনকে দেওয়া হোল, কিভাবে দেওয়া হোল তা আমরা কিছুই জানি না। এ একটা শ্রমিকদের উপর নির্মম পরিহাস। সেটা পার্টি ফাণ্ডে চলে গেল কিনা কে জানে? কেন চটকলের মালিকরা লক-আউট করছে তার কোন খোঁজ খবর কি আপনারা রাখেন? ১৯৬৯ সালে দ্বিতীয় যুক্তফ্রণ্টের আমলে বহু কারখানায় ক্লোজার হয়েছিল এবং তাতে লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়েছিল। সেই সময় যুক্তফ্রণ্ট সরকার মালিকদের কিছুই করতে পারে নি এবং তাদের কিছু বলেনও নি। ১৯৭১ সালে ৮৯ দিনের কংগ্রেস সরকার এসে ঐ ক্লোজারের উপর অর্ডিন্যান্স করেছিলেন এবং এর ফলে শ্রমিকরা ক্লোজারের আতঙ্ক থেকে মুক্তি লাভ

করেছিল এবং মালিকদের ক্লোজার করার ক্ষমতা খর্ব হয়েছিল। যদি আপনারা এই লক-আউট-এর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করতেন, তাহলে নিশ্চয় আমরা আপনাদের সমর্থন করতাম; কিন্তু কোন ব্যবস্থা করেন নি। এমন কি একটা মিটিং পর্যন্ত করেন নি। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন শিল্পে যে ত্রিপাক্ষিক চুক্তি ছিল তা অনেক দিন শেষ হয়ে গেছে। কিন্তু আজ পর্যন্ত তা রিভিউ করার জন্য একটা মিটিংও ডাকা হয় নি। পুরাতন ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী দুটি শিল্প যেমন জুট এবং টেক্সটাইলে গ্রেড এণ্ড স্কেল ঠিকমত করার জন্য সুপারিশ করা হয়েছিল। কিন্তু ঐ শিল্পের কোন মালিকই তা মানছে না। সরকারও এখানে নিরব। কংগ্রেস সরকারের আমলে একটি লেবার ওয়েলফেয়ার ফাণ্ড আইন সম্মতভাবে সৃষ্টি করা হয়েছিল। সেখানে তিন পক্ষ-শ্রমিক মালিক এবং সরকার মিলে ঠিক হয়েছিল যে ১ টাকা করে বৎসরে জমা দিয়ে যাবেন এবং সেই টাকা শ্রমজীবী মানুষের বৃহত্তম কল্যানে ব্যয় করা হবে। আমি জানি কয়েক লক্ষ টাকা এই তহবিলে জমা পড়েছে। কিন্তু আজকে এই সম্বন্ধে সঠিক কোন তথ্য সরকারী প্রচারে উপলব্ধি করা যায় নি। তাই বলছি যে এই দপ্তর সম্পূর্ণ গতি-হীন, তার মধ্যে কোন রকম কর্মচাঞ্চল্যের লক্ষণ দেখা যাচ্ছে না। এই দপ্তর অসুস্থ। আমার আশংকা ভূতপূর্ব বিদ্যুতমন্ত্রীর হাতে পড়ে আরও না খারাপ হয়ে যায়। মানুষকে আরও কর্মের সুযোগ দানের জন্য রাজ্যে নূতন পুঁজি বিনিয়োগের জন্য অনেক বেশী সক্রিয়ভাবে ইতিবাচক ভূমিকা নিতে হবে। তা আমরা কিছুই দেখতে পাচ্ছি না। তাই শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী কর্তৃক আনীত ব্যয় বরাদ্দের দাবীর তীব্র বিরোধিতা করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী কর্তৃক আনীত ব্যয়বরাদ্দের দাবীকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। আজকে সারা বিশ্বের ধনতান্ত্রিক দেশগুলিতে আজ পুঁজিবাদী সংকট—ভারতেও তার থেকে মুক্তি নেই। অন্য দিকে সমাজতান্ত্রিক দেশগুলিতে বেকার নেই, উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। সেখানে বৈজ্ঞানিক পদ্ধতিতে বড় বড় পরিকল্পনা মাফিক কাজগুলি হচ্ছে। আর ভারতের কেন্দ্রীয় সরকার পুঁজিপতি শ্রেণী জোতদার জমিদারদের স্বার্থ রক্ষা করে চলেছে—গরীব সাধারণ মানুষ দিন দিন গরীব থেকে গরীবতর হচ্ছে। ভারতবর্ষের এই রকম একটা সমাজ ব্যবস্থার মধ্যে পশ্চিমবঙ্গের মত একটা অঙ্গ রাজ্যে বামপন্থী সরকার তার সীমিত ক্ষমতায় গরীব সাধারণ মানুষের কিছু কিছু উন্নতিমূলক কাজ করছে। এই রকম একটা সমাজ কাঠামোয় বামফ্রণ্টের পক্ষে কোন মৌলিক সমস্যা সমাধান করা সম্ভব নয়।

[5-10—5-20 p.m.]

ভারত সরকার বিশ্বব্যাঙ্ক মারফত আই. এম. এফ. এর কাছ থেকে ৫০০০ কোটি টাকা লোন নিয়েছে। এর একাধিক ঘৃনিত সর্ত আছে। যাতে নূতন কোন শিল্পস্থাপন না হয়, দেশের গরীব মানুষ আরও গরীব হয়ে পড়ে, মুদ্রাস্ফীতি যাতে ঘটে, বেতন বৃদ্ধি যাতে না করা যায়। শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৭৫ সালে জরুরী অবস্থা ঘোষণা করে মানুষের সমস্ত অধিকার কেড়ে নিয়েছিলেন। পুনরায় ১৯৮০ সালে প্রধানমন্ত্রী হওয়ার পর একের পর এক কালা কানুন জারী করছেন। এস্‌মা আইন করা হয়েছে

যাতে শিল্পে কোন ধর্মঘট না করা যায়। ধর্মঘট করলে জেল হবে। প্রচার করলেও জেল ও জরিমানা হবে। ন্যাসা আইনজারি করা হয়েছে, এই আইনও মিসার নামান্তর মাত্র। সাংবাদিকদের সংবাদ প্রকাশের উপরও হস্তক্ষেপ করা হচ্ছে। বিহার প্রভৃতি রাজ্যে এই আইন পাশ করা হয়েছে এবং রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। *নির্বাচনের পূর্বে কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মুখার্জী বিভিন্ন অসত্য কথা বলে মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়িয়েছিলেন। যেমন, তারা বোনাস পাচ্ছেন না বা কম বোনাস পাচ্ছেন।* রাজ্য সরকার কিছু করছেন না। বামফ্রণ্ট জিতলে অবাংগালীদের দেশে চলে যেতে হবে। এই অপপ্রচারের বিরুদ্ধে আমরা সঠিক প্রচার করেছি। ফলে বামপন্থী সরকার পুনরায় প্রতিষ্ঠিত হয়েছে। পশ্চিমবঙ্গে চটকল, ইঞ্জিনিয়ারিং শিল্প, সুতাকল, কাগজ কল, রসায়নিক, রবার প্রভৃতি শিল্প আছে। এর মধ্যে সুতাকল শিল্প রুগ্ন, অসুস্থ এবং ধুঁকছে। এর কাঁচামাল ভারতের অন্য প্রদেশ থেকে বেশী দামে খরিদ করতে হয়। শ্রমমন্ত্রীর নির্দেশ তাঁরা মানছেন না। চটকলগুলোকেও রুগ্ন, অসুস্থ করার চক্রান্ত চলছে। ১৬/১৭টা চটকলের মালিক দীর্ঘদিন ধরে অন্যায় ভাবে লক আউট করে রেখেছে। পশ্চিমবঙ্গ সরকার এর বিরুদ্ধে আইনের সেকশন ১০(৩) প্রয়োগ করেছেন। কিন্তু তাও তারা চটকলগুলো খুলছেন না এই শিল্পে ত্রিপাক্ষিক চুক্তি অনুসারে শ্রমমন্ত্রী ওয়ার্ক লোড না বাড়ানোর জন্য এবং পে স্কেল মানার জন্য নির্দেশ দিয়েছেন। কিন্তু মালিকরা তা মানছেন না। হুগলী জেলায় দুটি বড় চটকল নর্থ ব্রুক এবং গ্যানজেস রোপ গত ১৪ মাস ধরে বন্ধ হয়ে রয়েছে। এছাড়াও আরও ১৪টি চটকল বন্ধ হয়ে পড়ে রয়েছে। এই বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী ব্যবস্থা গ্রহণ করে এই চটকলগুলো যাতে খুলতে পারেন তার ব্যবস্থা করবেন। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় শ্রম বিভাগের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি সেটাকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই। যে কথাটা কংগ্রেস আই এর মাননীয় সদস্য সুব্রত মুখোপাধ্যায় মহাশয় এখানে রেখেছেন, তাতে আমরা এটাই বুঝেছি, শ্রমিকদের জন্য যেন ওঁরাই শুধু ট্রেড ইউনিয়ন করেন, তাঁদের যে ট্রেড ইউনিয়ন আছে আই. এন. টি. ইউ. সি., তারাই সমস্ত কিছু করেন শ্রমিকদের কল্যাণের জন্য, আর বাকী যে সমস্ত ট্রেড ইউনিয়ন আছে যেমন সিটু এবং বামফ্রণ্টের অন্যান্য যে সমস্ত ট্রেড ইউনিয়ন, সেই সব ইউনিয়নগুলো শ্রমিকদের কল্যাণের জন্য কাজ করে না। আমি নিজে চটকলে কাজ করি, চটকলে ইউনিয়ন করি, চটকলের শ্রমিকদের সঙ্গে দিন রাত্রি থাকি, আমরা সেখানে দেখছি যে এই আই. এন. টি. ইউ. সি ইউনিয়ন—চটকলের শ্রমিকদের যেসমস্ত দাবী দাওয়া নিয়ে আমরা লড়াই করছি, সেখানে তাদের ইউনিয়ন বিরোধিতা করেন। যেমন আমি বলছি, যে ল্যাডলো জুটমিল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে, সেখানে আট দশ হাজার শ্রমিক কাজ করেন, ল্যাডলো জুটমিলের মালিক চটকল শ্রমিকদের মাইনে কেটে নেবার জন্য নোটিশ করে, সেই নোটিশের বিরোধিতা করে সেখানকার শ্রমিকরা আজকে লড়াই করছে। আমরা সেখানে প্রত্যক্ষ করছি যে সুব্রতবাবু এখানে এক কথা বলছেন এবং সেখানে

শ্রমিকদের কাছ থেকে সই সংগ্রহ করছেন, এবং সই সংগ্রহ করে এই আন্দোলনকে বানচাল করবার জন্য মালিকদের কাছে জমা দিচ্ছেন। এই তো তাঁর শ্রমিকদের প্রতি দরদের নমুনা দেখছি। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** মাননীয় স্পীকার মহাশয়, আমাকে ১০ মিনিট সময় দিলে হবে না, আরো একটু বেশী সময় লাগবে। মাননীয় বিরোধী দলের সদস্যারা যা বললেন, সমালোচনা করলেন সেটা আমি মন দিয়ে শুনলাম। তাদের সেই সব কথার জবাব দেবার আগে আমাদের বামফ্রণ্টের শ্রম নীতিটা আবার একটু স্মরণ করিয়ে দিতে চাই। আমরা শ্রমিক ও মেহনতী মানুষের সমস্ত ন্যায়সংগত আন্দোলনকে সমর্থন করি। শ্রমিকদের স্বার্থে যে সমস্ত আইন আছে, আমরা সেই আইনগুলির কিছু পরিবর্তন করেছি এবং কিছু পরিবর্তনের প্রস্তাব করেছি। ১৯৭৯ সালে আমরা এখান থেকে যে আইন পাশ করেছি সেই আইনে প্রেসিডেণ্টের এ্যাসেণ্ট দরকার। সেই এ্যাসেণ্ট আজ পর্যন্ত আসে নি। আমরা আগামী দিনে আরো কিছু আইন শ্রমিকদের স্বার্থে পাশ করব। আমি শুধু এইটুকু বলতে চাই, আমরা কোন নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীতে চলি না, আমাদের দৃষ্টিভঙ্গী অত্যন্ত পরিষ্কার। শ্রমিক শ্রেণীর মানুষের স্বার্থে আমাদের শ্রম নীতি আমরা ঠিক করি। কংগ্রেস দল পরিচালিত যে সমস্ত সরকার আছে তারা মানুষদের ধাপ্পা দেবার জন্য বলেন নিরপেক্ষ। কিন্তু এতদিনের রাজত্ব দেখলে দেখা যাবে তারা নিরপেক্ষ নয়, ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করে চলেছে। বিশেষ করে তারা একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থই রক্ষা করে চলেছে। আপনি জানেন, বাম ফ্রণ্ট সরকারের শিল্প নীতির ফলে শ্রমিক শ্রেণীর স্বার্থ আজকে ভালভাবে রক্ষিত হচ্ছে। আমরা দেখেছি চটকল মালিকরা শ্রমিকদের ন্যায্য দাবী মানতে রাজী হয়নি। তখন শ্রমিকরা বাধ্য হয়ে ৫০ দিন ধরে ধর্মঘট করেছিল। আমাদের বামফ্রণ্টের শ্রমমন্ত্রী তিনি শ্রমিকদের পাশে এসে দাঁড়িয়েছেন। তিনি মাঠে ময়দানে বক্তৃতা দিয়ে বেড়িয়েছেন। শেষ পর্যন্ত তাদের দাবী মানতে হয়েছে। পরবর্তীকালে ইঞ্জিনিয়ারিং শিল্প, চা বাগান ইত্যাদিতে আলাপ আলোচনার মাধ্যমে ফয়সালা হয়েছে। আপনি জানেন, বামফ্রণ্ট সরকারের এই নীতির ফলে আজকে পশ্চিমবঙ্গের শিল্প পরিস্থিতিতে একটা শান্তি বিরাজ করছে। অন্যান্য রাজ্যের দিকে তাকালে আমরা দেখতে পাব যেখানেই আন্দোলন হচ্ছে সেই আন্দোলনের বিরুদ্ধে পুলিশ পাঠিয়ে দিচ্ছে, শ্রমিকদের গ্রেফতার করছে, কিম্বা গুণ্ডা পাঠিয়ে দিচ্ছে। তারা শ্রমিকদের উপর হামলা চালাচ্ছে, গুলি করছে। সমস্ত ভারতবর্ষে আমরা এই অবস্থা দেখতে পাচ্ছি। আমাদের পশ্চিমবঙ্গে শক্ররা পর্যন্ত স্বীকার করবেন যে এখানে গণতান্ত্রিক শ্রমিক আন্দোলনের বিরুদ্ধে পুলিশ কখনই ব্যবহার করা হয়নি। আমাদের এস. ইউ. সি. আই. এর বন্ধু বলতে চাইলেন পশ্চিমবঙ্গে নাকি কোন ট্রেড ইউনিয়নে গনতন্ত্র নেই। এই ১৭ তারিখে দিল্লীতে যে ঘটনা ঘটে গেল সেই সম্পর্কে তিনি একটি কথাও বললেন না। দিল্লীতে কংগ্রেসী শিল্প ও শ্রমমন্ত্রীর নেতৃত্বে যে সভা অনুষ্ঠিত হয়ে গেল এবং সেখানে যে সব ব্যবস্থার কথা ঘোষণা করা হল সেই সম্পর্কে তিনি কিছুই বললেন না। আমাদের প্রাক্তন কংগ্রেসী প্রতিমন্ত্রী সুব্রত মুখার্জী তিনি টাটার কথা বললেন। টাটা একচেটিয়া পুঁজি-

পতিদের সাথে আমাদের একটি যোগাযোগের কথা বললেন। ১৭ তারিখের দিল্লী মিটিং-এ টাটা বক্তৃতা দিলেন, আর ঐ মন্ত্রী পাশে বসে শুনলেন। আলাপ আলোচনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য যে বোনাস এ্যাক্ট, এটা একটা জঙ্গলের আইন—এই মন্তব্য তিনি যখন করলেন তখন ঠিক তার পাশে বসে ঐ কেন্দ্রীয় মন্ত্রী মন দিয়ে শুনলেন। আর আই. এন. টি. ইউ. সি. নেতা রামানুজ যে বক্তৃতা দিলেন সেটা তো আমরা দেখলাম। টাটা যা বললেন উনি তার থেকে বেশী বলে গেলেন। ৭টি ট্রেড ইউনিয়ন শ্রমিক সংগঠন এই সম্মেলনে অংশ গ্রহণ করলেন না। ভারতবর্ষের শতকরা ৭৫ ভাগ শ্রমিকের নেতৃত্বে যারা করেন তাদের বাদ দিয়ে দিল্লীতে একটা প্রহসন হল, একটা মেলা হল। সেই মেলায় সর্বসম্মতিক্রমে কিছু সিদ্ধান্ত হল।

[5-20—5-30 p.m.]

এতদিন আন্দোলন করে, এমন কি বৃটিশ আমলে আন্দোলন করে যে অধিকার শ্রমিকরা অর্জন করেছিল সেই অধিকার হরণ করার জন্য কিছু কথা সেখানে বললেন। আমরা জানি, কংগ্রেস দল তারা মিসাই করুন, নাসাই করুন আর এসমাই করুন ভারতবর্ষের শ্রমিকশ্রেণী এই আক্রমণকে প্রতিরোধ করার জন্য প্রস্তুত হচ্ছে এবং সেই প্রস্তুতির ডাক ৭টি ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে দেওয়া হয়েছে। এখানে বেকার সমস্যা সম্পর্কে অনেক কথা বলা হয়, আমি এ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড তারা তাদের যে ওয়াগনের চাহিদা আছে তার অর্ডারের একের চার অংশও এই পশ্চিমবঙ্গের ওয়াগন শিল্পকে দেয়না। তারা যদি পশ্চিমবঙ্গের ওয়াগন শিল্পকে সেই অর্ডার দিতে পারেন বা দেন তাহলে এখানে অন্ততঃ দু লক্ষ শ্রমিকের কাজ হতে পারে। এই ওয়াগন শিল্পের সাথে আরো যে সমস্ত ক্ষুদ্র শিল্প যুক্ত আছে সেগুলিতে নিযুক্ত লোকদের ধরলে প্রায় দু লক্ষ শ্রমিকের কাজ হতে পারে। এঁরা অনেক সমালোচনা করছেন কিন্তু আমি বলব, এঁরা পশ্চিমবঙ্গের স্বার্থের কথা ভাবেন না। স্যার, আপনি জানেন, কয়লা এবং লোহার দর সারা ভারতবর্ষে এক কিন্তু তুলোর দর সারা ভারতবর্ষে এক নয়, আমাদের বেশী দামে তুলো কিনতে হয়। পশ্চিমবঙ্গে যদি সর্বভারতীয় দরে তুলো পাওয়া যেত তাহলে এখানে অনেক নতুন নতুন সুতাকল এবং কাপড়ের কল গড়ে উঠতে পারতো এবং তাতে কয়েক লক্ষ লোকের কর্মসংস্থান হতে পারতো। কিন্তু তা হয়নি এবং কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চলের মানুষদের স্বার্থ বিরোধী যে নীতি গ্রহণ করেছেন এই কংগ্রেসী নেতারা মুখে এখানে অনেক বড় বড় কথা বললেও তার বিরুদ্ধে একটি কথাও বলেন নি। স্যার, আপনি জানেন, মহারাষ্ট্রে বা বম্বেতে পেট্রোলের দাম কম, পেট্রোলজাত ডিজেলের দাম কম, পেট্রোলজাত জিনিষের দাম কম। পশ্চিমবাংলায় বা পূর্বাঞ্চলে এই জিনিষ আমাদের বেশী দামে কিনতে হয় এবং তার ফলে একটা অসম প্রতিযোগিতার সম্মুখীন আমাদের হতে হয়। তারপর ই. এস. আই. সম্পর্কে এখানে অনেক সমালোচনা করা হয়েছে। আমরা একথা বলি না যে এই ই. এস. আই-এর যে ভাবে চলা উচিত সেই ভাবে চলছে। আমরা এগুলি আরো ভালোভাবে চালানোর পক্ষে। সেখানে আমরা যতটা আশাকরি ঠিক সেইভাবে এগুলি চলছে না। তবে এর সঙ্গে সঙ্গে আমি

একথাটাও বলব, আমরা গত বছরে দুটো ই. এস, আই. হাসপাতাল তৈরী করেছি—একটি আসানসোলের কাছে এবং আর একটি ব্যাণ্ডেলে। আমরা আরো নতুন নতুন হাসপাতাল কারর সিদ্ধান্ত করেছি জোকা অঞ্চলে, ২৪ পরগণাতে। এই ই. এস. আই-এর কাজ যে ভাবে হচ্ছে তাতে একটা ঠিক আমরা তাতে সন্তুষ্ট নয় তবে ই. এস. আই-এর যে সুযোগগুলি আছে সেগুলিকে কার্যকরী করার মধ্যে যে সমস্ত অসংগতি আছে সেগুলিকে দূর করে একটা জায়গায় একে নিয়ে যাবার আমরা চেষ্টা করছি। মাননীয় সদস্য হৈমী বসু মহাশয় আমাকে একটা শিশি দিয়ে গেলেন, আমি তাঁকে বললাম, শুধু শিশি দিয়ে কি হবে, নির্দিষ্ট একটা অভিযোগ লিখে দিন, তিনি বলছেন, পরে লিখে দেবেন, সবাইকেই তাই বলব, নির্দিষ্ট অভিযোগ যদি থাকে তাহলে নিশ্চয় আমাকে দেবেন, সেটা আমরা দেখবো। তারপর এখানে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ সম্পর্কে অনেক কথা বলা হয়েছে, এ সম্পর্কে আমি কয়েকটি কথা বলি। আমরা এসে দেখলাম এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলি এক একটি মৃত সংস্থায় পরিণত হয়েছে। কংগ্রেস আমলে এই এমপ্রয়মেণ্ট এক্সচেঞ্জগুলি তারা অযথাই খুলে রেখেছিল, এগুলি তারা ব্যবহার করত না, অন্যভাবে টাকা নিয়ে, ঘুষ নিয়ে তারা চাকরির ব্যবস্থা করতো। আমরা এসে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলিতে প্রাণের সঞ্চার করেছি। পশ্চিমবাংলায় সরকারী এবং আধা সরকারী যে সমস্ত চাকরি তা এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয়।

সুব্রতবাবু চিন্তিত হয়ে পড়েছেন প্রভিডেণ্ট ফাণ্ড সম্পর্কে বলা হচ্ছে না বলে। তিনি একজন ট্রেড ইউনিয়ন নেতা। তিনি জানেন আমাদের দেশে যে পুঁজিপতিরা আছে তারা প্রচুর অন্যায় কাজ করেন, দায়িত্বজ্ঞানহীনের মত কাজ করেন। তারা প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা জমা দেন না, ই. এস. আই-এর টাকা জমা দেন না আমরা দেখেছি যে যারা শ্রমিকদের আন্দোলন সম্বন্ধে নানা কথা বলেন, নানা সমালোচনা করেন, মালিকদের যে সমস্ত সংগঠন আছে—চেম্বারস্ অব কমার্স ইত্যাদি যে সমস্ত মালিকদের সংগঠন আছে, যারা প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা জমা দেয়না, এ. এস. আই-এর টাকা জমা দেননা তাদের বিরুদ্ধে তারা কোন কথা বলেন না। মতীশবাবু এখানে বলেছেন আইনের কথা। নিম্নতম মজুরী আইন যেটা পাশ হয় সেই আইন যাতে কার্যকরী না করা যায় তার জন্য এই কংগ্রেসীরা হাই কোর্টে যাচ্ছেন এবং কংগ্রেসী নেতারা টাকার বিনিময়ে এই সমস্ত মালিকদের সেবা করছেন এবং হাই কোর্ট থেকে ইঞ্জাংশান জারী করা হচ্ছে। আর ওখানে ধর্মাবতাররা বসে আছেন, শুধু ইঞ্জাংশান করাই তাদের প্রধান কাজ হয়ে দাঁড়িয়েছে। মিনিমাম ওয়েজেস আইন যেটা পাশ করা যায় সেটাকে কার্যকরী করা যায় না এই ধর্মাবতাররা ইঞ্জাংশান জারী করে দেন। পশ্চিমবঙ্গে আমাদের যে ক্ষমতা সেই ক্ষমতাটাকে কার্যকরী করার দিক থেকে আমরা দেখেছি যে এই পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। সুব্রতবাবুরা আজকে এই কথা বলছেন। আমি তাকে জিজ্ঞাসা করি আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন কত টাকা প্রভিডেণ্ট ফাণ্ডের বাকী ছিল, সুতরাং তারাও কিছু করতে পারেন নি, আজকে তারা এই সব কথা বলে আক্রমণ করছেন। চটকল সম্পর্কে এখানে অনেক কথা বলা হয়েছে। এই চটকলে কি হয়েছিল ? চটকলের মালিকরা একদিকে এই কারখানা-গুলিকে বন্ধ করে দিচ্ছেন, লক আউট করে দিচ্ছেন এবং এর ফলে হাজার হাজার

শ্রমিককে তারা অনাহার, অর্ধাহারের মধ্যে ফেলে দিচ্ছেন, আর অন্য দিকে এই লক আউটের ভয় দেখিয়ে কারখানার শ্রমিকদের উপর কাজের চাপ বাড়িয়ে দিচ্ছেন এবং এইভাবে উৎপাদন বাড়াচ্ছেন। মালিকরা এই যে কাজ করছেন এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার একটা আইন করে এই লক আউটকে বেআইনী ঘোষণা করেছিলেন। এখানে বলেছেন যে ৪টি কেন করা হয়? শ্রমিকদের স্বার্থে করা হয়েছে। সুব্রতবাবু জানেন যে ঐ আইনে এমন ব্যবস্থা আছে যদি লক আউটের সময়ে কাউকে ছাঁটাই বা সাসপেন্ড করা হয়, বেআইনী করলে তাদের বাইরে থাকতে হয়। এই ৪টিতে কোন ছাঁটাই ছিলনা, কোন সাসপেনশান ছিল না সেজন্য এই ৪টিকে বেছে নেওয়া হয়েছে। তারা যখন হাইকোর্টে গেলেন তখন দেখা যে আমাদের হাত পা বেধে দিয়েছেন। আর এই ১০(৩) ধারা যেটা আমরা মালিকদের বিরুদ্ধে ব্যবহার করছি, ১৯৫৫ সালে সুব্রতবাবুদের সরকার এই ১০(৩) ধারা ব্যবহার করেছিলেন চা বাগানের শ্রমিকদের আন্দোলনকে দমন করার জন্য। চা বাগানের শ্রমিকরা তাদের মজুরীর জন্য আন্দোলন করেছিলেন তখন এই কংগ্রেস সরকার এই ১০(৩) ধারা ব্যবহার করেছিলেন। শ্রমিকদের আন্দোলনকে দমন করার জন্য এবং সেখানে ২জন মহিলাকে হত্যা করা হয়েছিল। সুতরাং যারা এই সব কাজ করেছেন তারা আজকে আমাদের বিরুদ্ধে এখানে অভিযোগ করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে বিরোধী সদস্যদের যে সমস্ত কাট মোশান ছিল আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**Mr. Speaker :** There are cut motions given by Dr. Zainal Abedin (cut motion No. 1 & 2), Shri Gyan Singh Sohanpal (cut motion No. 3 & 4), Dr. Hoimi Basu (cut motion No. 5) and Shri Abdul Mannan (cut motion No. 6 to 12). But as the members, except Dr. Hoimi Basu, are not present in the House, the cut motions are not moved.

So, now I put cut motion No. 5 given by Dr. Hoimi Basu to vote. The motion of Dr. Hoimi Basu that the amount of the demand be reduced by Rs. 100 — was then put and a division taken with the following result :

NOES—97

Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Debabrata
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bhattacharya, Shri Lal Behari
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil

Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Debsaran
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Majhi, Shri Dinabanndhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Ray, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Singha Roy, Shri Jogendra Nath
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay

AYES—11

Abdus Sattar, Shri
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Ghosh, Shri Asok
Mahata, Shri Subhas Chandra
Mandal, Shri Jokhilal
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Phani Bhusan
Sarkar, Shri Dhirendra Nath

ABSTENTIONS—2

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh Chandra

The Ayes being 11, Noes 97 the cut motion was lost.

The motion of Shri Prabir Sen Gupta that a sum of Rs. 6,53,10,000 b granted for expenditure under Demand No. 42, Major Head "287 — Labou and Employment" was then put agreed to.

**Demand No. 46**

Major Heads : 228—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 688—Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes).

**Shri Santi Ranjan Ghatak :** Sir, on the recommendation of the Governer, I beg to move that a sum of Rs. 59,79,40,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads: "288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes ahd Other Backward Classes), and 688—Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)". (This is inclusive of a total sum of Rs. 31,41,54,000 already voted on account in March and June, 1982.)

মাননীয় অধ্যক্ষ মশাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে ৪৬ নং ব্যয় দাবির মূলখাতে '২৮৮—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ ( অসামরিক সরবরাহ, উদ্বাস্তু ব্যক্তিদের ত্রাণ ও পুনর্বাসন এবং তফসিলী সম্প্রদায়ের কল্যাণ বাদে )' এবং '৬৮৮—সামাজিক নিরাপত্তা এবং কল্যাণ ( অসামরিক সরবরাহ, উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন এবং তফসিলী সম্প্রদায়, তফসিলী আদিবাসী এবং অন্যান্য অনুন্নত শ্রেণীর কল্যাণ বাদে )' খাতে ঋণ বাবদ উনষাট কোটি উনআশি লক্ষ চল্লিশ হাজার টাকার ( ৫৯,৭৯,৪০,০০০ ) ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছি। এই বরাদ্দের মধ্যে ১৯৮২ সালের মার্চ ও জুন মাসে ইতিমধ্যে মঞ্জুরীকৃত ৩১,৪১, ৫৪,০০০ ( একত্রিশ কোটি একচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার ) টাকাও ধরা হয়েছে।

২। '২৮৮—সামাজিক নিরাপত্তা এবং কল্যাণ'-এর মূল বরাদ্দ খাতে উন্নয়ণ ও পরিকল্পনা বিভাগের তাহলে দাঁড়াল মোট বাজেট বরাদ্দ মাত্র ২৪,৯০,৮৪,০০০ ( চব্বিশ কোটি নব্বুই লক্ষ চুরাশি হাজার ) টাকা ; পুরুলিয়া জেলার বান্দোয়ান বুকের জাতীয় পল্লী বিনিয়োগ কর্মসূচী এবং বিশেষ অঞ্চল উন্নয়ন কর্মসূচীও এর অন্তর্ভুক্ত। বাজেটের মোট নির্দিষ্ট বরাদ্দের মধ্যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচী (N. R. E. P.) কার্য সম্পাদনে বারো কোটি টাকার মতো কেন্দ্রীয় সহায়তা ( খাদ্যশস্যের মূল্য সমেত ) পাওয়া যাবে। স্থানীয় প্রয়োজন অনুযায়ী নির্বাহিত কর্মসূচী অনুসারে বিভিন্ন শ্রেণীর পরিকল্প রূপায়ণ ও নির্বাচনে রাজ্যসরকার পঞ্চায়েতী রাজ সংস্থাগুলির উপর জাতীয় পল্লী কর্মসংস্থান কর্মসূচীর দায়িত্ব অর্পণ করেছেন। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা

কর্মসূচীর অঙ্গস্বরূপ এই কর্মসূচী রূপায়িত হচ্ছে এবং এই কর্মসূচীর সম্পদ সমহারে (৫০ : ৫০) কেন্দ্রীয় ও রাজ্যসরকারের মধ্যে বণ্টিত হবে।

৩। পুরুলিয়া জেলার বান্দোয়ান উন্নয়ন সহায়তা প্রকল্পের ব্যয় নির্বাহে ডেনমার্কের আন্তর্জাতিক এজেন্সির জন্য ১৯৮২-৮৩ সালের রাজ্য বাজেটে উনিশ লক্ষ উনচল্লিশ হাজার (১৯'৩৯ লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে। এই কর্মসূচীর প্রধান উদ্দেশ্য হচ্ছে :

(ক) পল্লী অঞ্চলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং প্রয়োজনীয় ও স্থায়ী সমষ্টি সম্পদের সংস্থান।

(খ) পল্লী অঞ্চলে বেকার ও আধা-বেকারদের অতিরিক্ত অর্থকরী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

(গ) পল্লী অঞ্চলের জনগণের জীবনযাত্রার মান ও খাদ্যে পুষ্টির মান উন্নয়ন।

১৯৮২ সালের মার্চ মাসের শেষ পর্যন্ত স্থানীয় শ্রমিকদের কর্মসংস্থানের দ্বারা মোট ৫৩,৪৯৫ (তিপান্ন হাজার চারশ পচানব্বই) শ্রমদিবস সৃষ্টি করা গিয়েছে। ১৯৮২ সালের মার্চ মাসের শেষ পর্যন্ত প্রকল্প রূপায়ণে রাজ্যের সম্পদ থেকে মোট সাড়ে বার লক্ষ (১২'৫০ লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছে। এই টাকার মধ্যে আন্তর্জাতিক শ্রম সংস্থা এ পর্যন্ত আট লক্ষ বাহাত্তর হাজার ছ'শ এগার (৮,৭২,৬১১) টাকা প্রদান করেছেন। আশা করা যাচ্ছে যে, প্রকল্প রূপায়ণে প্রয়োজনীয় অঙ্কের বাকি টাকা আন্তর্জাতিক শ্রমসংস্থার সঙ্গে পূর্ব চুক্তি অনুযায়ী শীঘ্রই পাওয়া যাবে।

জেলান্তর থেকে ব্লকস্তর পর্যন্ত সমাজের দুর্বল শ্রেণীর জনগণের জন্য বিনাব্যয়ে আইনগত সহায়তা প্রদানের জন্য 'পশ্চিমবঙ্গ (সরকারী আইনগত সহায়তা ও পরামর্শ) প্রকল্প' নামে বিচার বিভাগ কর্তৃক গৃহীত নূতন প্রকল্পের জন্য তিন কোটি টাকা (৩,০০,০০,০০০ টাকা) নির্দিষ্ট করা হয়েছে।

প্রতি জেলা, প্রতি মহকুমা (সদর বাদে), প্রতি পৌর এলাকা ও প্রতি ব্লকের জন্য আইনগত সহায়তা প্রদান কমিটি গঠিত হবে।

আলিপুরের রাজনৈতিক পেন্সনের অধীক্ষকের অফিসের ব্যয় নির্বাহের জন্য উনপঞ্চাশ হাজার টাকা (৪৯,০০০) বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্প অনুসারে প্রধানত অযোধ্যা এবং মহীশূর রাজপরিবারের রাজনৈতিক পেন্সন প্রাপ্তদের কল্যাণ এবং স্বার্থের দিকে দৃষ্টি দেওয়া হয়েছে। তাঁদের ভাতাদি তৎকালীন ব্রিটিশ সরকারই সর্বপ্রথম মঞ্জুর করেছিলেন এবং ভারত সরকার তা চালিয়ে আসছিলেন।

উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগ কর্তৃক পরিচালিত কর্মসূচীর ব্যয়বরাদ্দ ব্যতীত এই সরকারের অন্যান্য বিভাগ, যথা ত্রাণ ও কল্যাণ, শিক্ষা, স্বরাষ্ট্র, অর্থ, ক্ষুদ্র ও কুটির শিল্প, বিচার বিভাগ প্রভৃতি বিভাগের দ্বারা রূপায়িত বিভিন্ন সমাজ কল্যাণ কর্মসূচীর জন্য ব্যয়বরাদ্দও এই বরাদ্দের অঙ্গীভূত।

এই কথা কয়টি বলে আমি সভাকে এই ব্যয়বরাদ্দ দাবি অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

**কাজী আবদুল গফ্‌ফর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী সামাজিক নিরাপত্তা এবং কল্যাণ ২৮৮ এবং সামাজিক নিরাপত্তা ৬৮৮ খাতে যে টাকা মঞ্জুরী

চেয়েছেন আমি তাঁর সঙ্গে একমত হতে পারছি না এবং বিরোধিতা করছি। বিরোধি করছি এই কারনে — আমার বিশ্বাস হয়েছে — মাননীয় মন্ত্রীর এই ডিমাণ্ড সম্প স-বিশেষ জানা নেই। দেশের দুর্বল শ্রেণীর মানুষ যারা অসহায়, যারা শোষিত বঞ্চি মানুষ তাদের সামাজিক মর্যাদাদান, সামাজিক স্বীকৃতি দান, দেশের অগনিত অপুষ্টি জনিত রোগে আক্রান্ত শিশু যারা দিনের পর দিন রুগ্ন অবস্থায় দিন কাটায়, দেশে অগনিত মা-বোনেরা যারা অর্থের অভাবে ভিন্ন পথ গ্রহন করতে বাধ্য হন, দেশের বৃ এবং বৃদ্ধা যারা অর্থের অভাবে না খেয়ে মরতে শুরু করেছে তাঁদের সম্পর্কে বিস্তারি ভাবে বলা নেই। বহু যুবক এবং যুবতী যাদের কর্মসংস্থানের ব্যবস্থা হওয়া দরকা আছে এবং শিক্ষা-দিক্ষার প্রয়োজন আছে তাঁদের সম্পর্কে বিস্তারিতভাবে এই বাজে বিবৃতির মধ্যে থাকা উচিৎ ছিল। ১৯৭৮, ১৯৭৯ সাল, ১৯৮০ এবং ১৯৮১ সালে এই বিধানসভায় ৪৬ নং দাবীতে বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা যে দৃষ্টি-ভঙ্গী নিয়ে সদস্যদের কাছে এই হাউসে তাদের দাবী মঞ্জুরীর জন্য বলেছিলেন মাননীয় মন্ত্রীমহাশয় সেগুলিকে সম্পূর্ণভাবে এড়িয়ে গিয়ে অন্য কায়দায় ভারত সরকারের এন. আর. ই. পি. স্কীমের দেওয়া টাকাটা যেটা অনুন্নত ও দুর্বল শ্রেণী, বৃদ্ধ ও বৃদ্ধা, যুবক ও যুবতী, অপুষ্টি-জনিত শিশুদের কাজে খরচ করার জন্য যে মঞ্জুরী চেয়েছেন তাতে বাহাদুরীর নেওয়ার কথা নয় এবং বাহাদুরী নেওয়ার যোগ্যতাও দেখাননি। আমি শুধু এইটুকু স্মরণ করিয়ে দিতে চাই, সমাজে যে সমস্ত মানুষগুলি আজকে অত্যন্ত অবহেলিত তাদের সোস্যাল আপলিফটমেণ্ট, ইকোনমিক আপলিফটমেণ্ট এ্যণ্ড এডুকেশন্যাল আপ-লিফট-মেণ্ট-এর জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে? এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বিশদ-ভাবে জানালে আমি খুশী হবো। স্যোসাল ওয়েলফেয়ার মিন্স মার্চ টুওয়ার্ডস গোল অফ এ ওয়েলফেয়ার স্টেট। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এবং মাননীয় সদস্যদের এইকথা বলতে চাই, স্যোসাল ওয়েলফেয়ার এ্যণ্ড সিকিউরিটি অফ সোস্যাল ওয়েলফেয়ার তাঁর মধ্যেই পড়ে—ওমেন ওয়েলফেয়ার বা নারী কল্যাণ, চাইল্ড ওয়েলফেয়ার বা শিশু কল্যাণ, সোস্যাল ডিফেন্স বা সামাজিক প্রতিরোধ ব্যবস্থা, রি-হ্যাবিলিটেশান অফ হ্যাণ্ডিক্যাপ্‌ড এ্যণ্ড ওল্ড এজেড্‌ ডিস-এ্যাবেণ্ড পারসন্স বা অক্ষম ব্যক্তিদের পুর্নবাসন, এদের জন্য টাকা বন্দোবস্ত করা আছে।

[5-40—5-50 p.m.]

এই গ্র্যাণ্ট দেওয়ার ক্ষেত্রে কতকগুলি ক্যাটাগরি আছে, যেমন, ওল্ড এজ পেনসন, শিক্ষা বৃত্তি বা স্টাইপেণ্ড, উইডো পেনসন এবং ডিসএ্যাবেল্ড পার্সেনদের বয়েজ এ্যাণ্ড গার্লস—শিক্ষা দেওয়ার ব্যবস্থা। আমরা জানি অন্ধ, খঞ্জ, পঙ্গুদের শিক্ষা দীক্ষার ব্যবস্থা হঠাৎ করা হয়নি, এই ব্যবস্থা আগে থেকেই আছে। দীর্ঘ দিন ধরে এটা হয়ে আসছে। অথচ আজকে এখানে তাদের শিক্ষা দেওয়ার পরে তাদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে, একথার কোন উল্লেখ নেই।

১৯৮০-৮১ সালে এবং ১৯৮১-৮২ সালে শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী তিনি হাউসে বলেছিলেন সরকারী দপ্তরে শতকরা ২ ভাগ পদ প্রতিবন্ধীদের জন্য নির্দিষ্ট আছে। প্রতিবন্ধীদের উচ্চতর শিক্ষার ক্ষেত্রে, যেমন ডাক্তারী ইঞ্জিনীয়ারিং পাঠক্রমে একজন

করে প্রতিবন্ধী ছাত্রের জন্য ব্যবস্থা করা হবে। আজকে মন্ত্রীর বক্তব্যের মধ্যে ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে তদানীন্তন ভারপ্রাপ্ত মন্ত্রী যে এ্যাসিওরেন্স দিয়েছিলেন সে সম্পর্কে কিছুই উল্লেখ করা নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি কথা জানাতে চাই যে কেন্দ্রীয় সরকারের ২০ দফা কর্মসূচী এণ্টাবলিষড করার জন্য সিক্সথ ফাইভ ইয়ারস প্ল্যানে যে টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছেন সেই টাকা, যে টাকা এন. আর. ই. পি. স্কীমের হেডের মাধ্যমে সমস্ত ষ্টেটগুলি পায় এবং সিকিউরিটি অফ দি সোস্যাল ওয়েলফেয়ার, এ সমস্ত দুর্বল শ্রেণীর মানুষ, এদের জন্য বিশেষ ভাবে বরাদ্দ করা আছে যে টাকা, সেই টাকা এবং রাজ্যসরকারের অর্থভাণ্ডার থেকে বরাদ্দ করা যে টাকা, সেই টাকা মিলিতভাবে এদের পক্ষে খরচা করার জন্য একটা বিস্তারিত ব্যবস্থা থাকা উচিত ছিল। আমরা জানি এন. আর. ই. পি. স্কীমে গ্রামাঞ্চলের মানুষের কাজ বিভিন্ন রকমের, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ পর্য্যন্ত কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্যের সঙ্গে এর কিছু কিছু ক্ষেত্রে গড় মিল আছে এবং কেন্দ্রীয় সরকার যে উদ্দেশ্যে এই স্কীমটা দেন রাজ্যসরকার শতকরা ৫০ ভাগ টাকা দিলে কেন্দ্রীয় সরকার পরিপূরকটা দিয়ে এই স্কীমকে সফল করেন। রাজ্যসরকারের অর্থভাণ্ডার থেকে টাকা কমিয়ে দিয়ে কেন্দ্রীয় সরকারের অর্থ কে নিয়ে টাকার অঙ্কটা ফাঁপিয়ে দিয়ে এইসভায় সদস্যদের কাছে একটা বিরাট অঙ্কের টাকা মঞ্জুরী চেয়েছেন। পশ্চিমবঙ্গের দুর্বল শ্রেণীর মানুষ, অবহেলিত মানুষ, শোষিত মানুষ যাদের কথা আপনারা বার বার বলেন তাদের সম্পর্কে এই কুমীরের কান্না এই ভড়ং করার কোন প্রয়োজন ছিল না। আপনারা কত দিচ্ছেন, কত সিক্সথ ইয়ার প্ল্যানে এ্যালোটেড আছে সে সম্বন্ধে নির্দিষ্টভাবে জানিয়ে দেওয়ার প্রয়োজন ছিল। তবু আমি আশা করব মন্ত্রী মহাশয় উভয় পক্ষের সদ্যসদের প্রশ্নগুলি জবাবী ভাষণের সময় বুঝিয়ে দেবেন। এ পক্ষের ওপক্ষের সমস্ত মেম্বারদের যাতে সমস্ত বৃত্তান্ত বোধগম্য হয় সেই ভাবে তিনি বিস্তারিত জানালে আমি খুশী হব।

একটা কথা আমি না বলে পারছি না। ১৯৭৭ সালের জুন মাসে জ্যোতি বাবু যখন মুখ্যমন্ত্রী হয়ে এলেন, মুখ্যমন্ত্রী হবার পর সোসাল ওয়েল ফেয়ার ডিপার্টমেণ্ট থেকে সমাজ কল্যান বিষয়ে ৩ দিন ব্যাপি আলোচনা হয়। আলোচনা করে ২৮শে জুন ১৯৭৮ সালে বাজেট বরাদ্দ হাউসের সামনে রাখার আগে তদানিন্তন এবং বর্তমান মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন, সেই সমন্ধে কয়েকটা কথা আমি এখানে উল্লেখ করতে চাই। আজকে আমরা দেখবো যে কলিকাতা শহরে ভিক্ষুকের অভাব নেই। স্যার, আজকে কলিকাতা শহরে দেখবেন ছোট ছোট শিশুদেরকে নিয়ে খঞ্জ পঙ্গু শিশুদেরকে নিয়ে ভিক্ষাবৃত্তির ব্যবস্থা করা হয়েছে। গ্রাম থেকে গ্রামান্তরের লোক অভাবের তাড়নায় ছুটে এসে আশ্রয় নেয় কলিকাতা শহরে। ভিক্ষাই তাদের একমাত্র অবলম্বন, ভিক্ষাই বেঁচে থাকার একমাত্র পথ এই বদ্ধমূল ধারনা করে তারা কলিকাতা শহরে আসে এবং ভিক্ষাবৃত্তি করে। এই কথা উল্লেখ করে শ্রীবসু বললেন, মানুষ কাজ চায়, কিন্তু সুযোগের অভাবে তারা কাজ পায় না। সেই কারণে অভাবের তাড়নায় তারা ভিক্ষাবৃত্তি ধরতে বাধ্য হয়। ফুটপাত থেকে অন্য একটা জায়গায় সরিয়ে দিলেন তাদের কোন সমস্যার সমাধান হবে না। ভিখারিদের মধ্যে যারা কর্মক্ষম তাদের কাজে লাগানোর ব্যবস্থা করতে হবে। তিনি বলেছেন, বর্তমান সামাজিক অর্থনৈতিক ব্যবস্থায়

এর সমস্যা সমাধান করা অসম্ভব। ভিক্ষাবৃত্তি বেড়েছে, খঞ্জ, ভঙ্গ বেড়েছে—বর্তম সামাজিক ব্যবস্থায় অর্থনৈতিক ব্যবস্থায় এই জিনিষের সমস্যার সমাধান করা যাবে ন জ্যোতিবাবু ১৯৭৮ সালে ২৮শে ফেব্রুয়ারী তারিখে বিবৃতি দিয়েছেন। ১৯৮০ স গেছে, ১৯৮১ সাল গেছে, ১৯৮২ সাল যেতে চললো, সেখানে আজকের এই বাজে জ্যোতিবাবুর সরকার-এর যে ব্যয় বরাদ্দ করা উচিত ছিল সেটা করেন নি। গরী মানুষদের জন্য যে অর্থ দেওয়া উচিৎ ছিল, তা দেওয়া হয় নি। এটা তাদে মানষিকতায় আসে নি। *এই সরকারের যে মানষিকতা থাকা উচিত, দুর্বল শ্রে মানুষদের জন্য—সেটা তাদের নেই বলে আমি এই মঞ্জুরীর বিরোধীতা করছি।*

**শ্রীভক্তি ভূষণ মণ্ডল:** মিঃ স্পীকার স্যার, ডেভলপমেণ্ট এণ্ড প্লানিং—সামাজিক নিরাপত্তা এবং কল্যাণ, এই বিষয়ে যে কথা বলা হয় তার মূল কথা হ'ল ডেভলপমেণ্ট এণ্ড প্লানিংয়ের রাজনৈতিক ক্ষমতা যে শ্রেণীর হাতে থাকে, ডেভলপমেণ্ট এণ্ড প্লানিং তাদের স্বার্থেই হয়। আমি অনেক বার বলেছি যে এই রাষ্ট্র হচ্ছে ধনতান্ত্রিক রাষ্ট্র এবং শিল্পপতি এবং বড় বড় জোরদার জমিদারদের দ্বারা পরিচালিত হয়েছে এই রাষ্ট্র। তার স্ট্রাকচার হিসাবে আমরা এখানে যা কিছু করতে চাচ্ছি, সমস্ত দিক থেকে আমরা বাধা প্রাপ্ত হচ্ছি মূল যে আইন, সেই আইনের জন্য। অর্থাৎ ভারতবর্ষ এমন একটা রাষ্ট্র, এই রাষ্ট্রের কর্ণধার যারা, যাদের স্বার্থের কথা বলেছি সেই স্বার্থপূর্ণ লোকরা হচ্ছে বড় বড় জোরদার-জমিদার, মালিক শ্রেণী এবং আদার্স। কাজেই আজকে যা কিছু ডেভলপমেণ্ট এ্যণ্ড প্লানিং করতে যাই না কেন, আমাদের এখানে যে আইনটা আছে তাকে বজায় রেখেই তা করতে হবে। কাজেই ডেভলপমেণ্ট এ্যণ্ড প্লানিং করবো বললেই করা সম্ভব নয়, করা যাচ্ছে না।

[5-50—6-00 p.m.]

যদিও আমরা এই সবের পক্ষে ব্যয়বরাদ্দ অনেক রেখেছি। কিন্তু সত্যিকারের ব্যবস্থা কি কিছু করা যাবে? যাবে না, তার কারণই হচ্ছে, রাজনৈতিক ক্ষমতা যতক্ষণ পর্যন্ত না নিচু স্তরের লোকের হাতে আসবে, ততক্ষণ পর্যন্ত ডেভোলাপমেণ্ট এ্যণ্ড প্লানিংয়ের কল্যাণমূলক কোন কাজ তাদের হাতে পৌঁছোবে না। সেজন্যই বলছি, কনস্টিটিউশান্যাল পজিশানের ভেতর দিয়ে কল্যাণমূলক কাজগুলির যতটুকু তাদের হাতে দেওয়া যাবে বলা হউক না কেন, তা কখনই যাবে না। এইজন্য বরাদ্দ করলাম বললেই হবে না, এটা যাতে প্রকৃত মানুষের হাতে পৌঁছায় তার চেস্টা করতে হবে। যেমন ধরুন, আপনি কর্মসংস্থান সৃষ্টি করতে চান। এক্ষেত্রে ভারতবর্ষে যে প্লান আছে, তাতে গরীব আরও গরীব এবং বড়লোক আরও বড়লোক হয়ে যাচ্ছে। অতএব, আপনি সেই প্লান অনুযায়ী কর্মস্থান করতে পারবেন না, বরং টাকা এতে কিছু খরচ হবে। কেননা, সেণ্ট্রালের যে প্লান আছে, তা যদি এগ্রিকালচারাল ওরিয়েনটেড প্লানিং না হয়, তাহলে রুরাল ওরিয়েনটেড প্লানিং কখনই করা যাবে না। ভারতবর্ষে প্লানিং কমিশনের যে মেম্বাররা ছিলেন, তাঁরা বুদ্ধিতে অনেক বড়, বড় বড় ইকনমিস্টস্ ছিলেন, তাঁরা ক্যাপিটালিস্ট ইকনমিস্টস্ ছিলেন। তাঁদের দেওয়া প্রস্তাব গ্রহণের ফলে ভারতবর্ষে গ্রামে গ্রামে যারা গরীব মানুষ আছেন, তাঁদের অবস্থা ক্রমম্বয়ে খারাপের দিকে চলে

যাচ্ছে। অথচ তাঁরা নিজেদের বড় ইকনমিস্ট বলে মনে করেন। তাঁরা ক্যাপিটালিস্ট ইকনমিস্ট হতে পারেন, তাঁরা ক্যাপিটালিস্ট ইকনমি নিয়ে পড়াশুনা করতে পারেন, কিন্তু বাস্তবে তা এ্যাপ্লাই করতে গিয়ে দেখা যাচ্ছে বড়লোক ক্রমান্বয়ে বড়লোক হচ্ছে এবং গরীব ক্রমশঃ গরীব হয়ে যাচ্ছে। সেজন্য পশ্চিমবঙ্গ সরকারকে লক্ষ্য দিতে হবে নিচু তলার মানুষদের তাঁরা কোন সুযোগ-সুবিধা করে দিতে পারেন কিনা তার দিকে। অবশ্য ৮০ শতাংশ করা সম্ভব হবে না, ২০ শতাংশ করা যাবে মাত্র। অতএব, যতক্ষণ পর্যন্ত না কেন্দ্রীয় সরকার তাঁদের চিন্তাধারাটা ক্যাপিটালিস্টিক আউটলুক হতে সরিয়ে না নিয়ে যাবেন এবং যতদিন পর্যন্ত তাঁরা বর্তমান দৃষ্টি ভঙ্গী নিয়ে ডমিনেট করবেন, ততদিন পর্যন্ত গরীব মানুষদের সুযোগ-সুবিধা দিতে পারা যাবে না। তার কারণ হচ্ছে, স্টেট গভর্ণমেন্ট ৮০ ভাগ কাজ তাঁদের উপর নির্ভর করে থাকেন, এবং মাত্র ২০ ভাগ কাজ নিজেরা করেন। অর্থাৎ মানি মার্কেটে যে ইনফ্লেশান আছে, যে আন-এমপ্লয়মেন্ট প্রবলেম আছে, যে প্রাইস ইনডেকস্ আছে, সেগুলিকে যতক্ষণ পর্যন্ত না কন্ট্রোল করা যাবে, ততক্ষণ পর্যন্ত নিচুতলার লোকেদের সমাজ ব্যবস্থার উন্নতি করা যাবে না, তাদের সুযোগ-সুবিধার কথা বললেও আমরা দিতে পারব না। আমাদের ক্ষমতা দিয়ে, টাকা দিয়ে, কিছু কিছু করতে পারব, কিন্তু তাও করতে পারা যাবে টেম্পোর্যারিলি। রিয়েল ওয়েজ বা অন্যান্য সুযোগ-সুবিধা কিছু বাড়ানো যাবে না শুধু মাত্র উপরের দিকে ত্রুটি থাকার জন্য। এই রকম অবস্থায় দাড়িয়েও সরকার হ্যাণ্ডিক্যাপদের জন্য যতটুকু করা সম্ভব, চেষ্টা করছেন। একজন্য আমি এই বাজেটকে সাপোর্ট করছি যে, সীমিত ক্ষমতার মধ্যে থেকে আপনি যা করার চেষ্টা করেছেন, এর বেশী কখনই সম্ভব নয়। আমি আপনার বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিভূতি ভূষণ দে :** মাননীয় স্পীকার স্যার, এখানে আপনার মাধ্যমে মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি জোরালো ভাষায় তা সমর্থন করছি। বিরোধীদলের সদস্যরা এখানে অনেক জ্ঞানভরা বুলী বলেছেন সোস্যাল এ্যাণ্ড এডুকেশানাল আপলিফট্মেন্ট সম্বন্ধে। আমি জানিনা তারা এইসব কথা কি করে বলেন? কারণ গত ৩০ বছর ধরে এই সোস্যাল এ্যাণ্ড এডুকেশানাল আপলিফটমেণ্ট তারা কতটা করতে পেরেছেন? শুধু তাই নয়, তারা শিক্ষাব্যবস্থাকে এবং সামাজিক পরিস্থিতিকে ধ্বংস করে দিয়েছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষক, অধ্যাপকদের তারা খুন করেছে এবং তাদেরই সমর্থিত ছাত্র পরিষদ কলেজে বেঞ্চের উপর ছুরি বসিয়ে অধ্যাপকদের ভয় দেখিয়ে গণ-টোকাটুকি করেছেন। শিক্ষা পরিস্থিতিকে পরিকল্পিত ভাবে এবং সুপরিকল্পিতভাবে ধ্বংস করে দিয়ে তারা কি করে এখানে বসে আছেন বুঝতে পারছি না। তারাই আবার বলছেন সোস্যাল এডুকেশানাল আপলিফমেণ্ট সম্বন্ধে। এইটা আমি তাদের ভেবে দেখতে বলছি। ওয়েলফেয়ার স্টেট এ্যাণ্ড সিকিউরিটি অফ সোস্যাল ওয়েলফেয়ার এ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ারে এই সমস্ত কথা এবং নীতির সঙ্গে আর কোন যোগাযোগ নেই। কারণ যেখানে কেন্দ্রে একটি বুর্জোয়া জমিদারি রাষ্ট্রের ব্যবস্থা করা হয়েছে এবং সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী স্বয়ং তা পরিচালনা করছেন, যেখানে আই. এম. এফ. থেকে লোন নেওয়া হয় গোপন

সর্তে লোকসভায় না জানিয়ে। সোস্যাল ওয়েলফেয়ারের টাকা কাটা হবে এবং সোস্য সার্ভিসের যে সমস্ত সেবামুলক কাজ তার টাকা কাটা পর্যন্ত হচ্ছে। সেখানে তারা করে বলেন সোস্যাল সার্ভিসের কথা। আমরা এই দুরকম নীতি ঠিক বুঝতে পার না। একদিকে তাঁরা বুর্জোয়া জমিদারি রাষ্ট্রব্যবস্থাকে সমর্থন করছে অপরদিকে তার আবার এখানে গরীবের বন্ধু দরদী সেজে এই সমস্ত কথা কেন বলছেন তা আমরা বুঝে পারছি না। এইটা অত্যন্ত জন স্বার্থবিরোধী কাজ। শুধু তাই নয় বামফ্রণ্ট সরকা সীমিত ক্ষমতার মধ্যে থেকে যা কাজ করেছেন তাকে তারা অপমানিত করেছেন এব অনুৎসাহিত করেছেন। তারা বলেছেন হ্যাণ্ডি ক্যাপড্ এ্যাণ্ড ডিসাবেলড্ পারসেন্সে-এ ক্ষেত্রে কি করা হয়েছে? আপনি জানেন ১৯৮১ সালে আমাদের প্রতিবন্ধী বর্ষ ছিল এখন তা অতিক্রান্ত হয়েছে। তারপরেও পশ্চিমবঙ্গ সরকার জোর দিয়ে এই কাজ চালিয়ে যাচ্ছেন। আমাদের এটা বুঝতে হবে কেন এই প্রতিবন্ধীর সৃষ্টি হয়েছে কেন এই অন্ধ, খঞ্জ সৃষ্টি হবে? এর মধ্যে বেশীর ভাগ অপুষ্টি রোগের ফলে এই অবস্থা। দীর্ঘ ৩০ বৎসর ধরে তারা পরিচালনা করছেন। আমাদের দেশের ৭০ শতাংশ এই দারিদ্র সীমার নীচে। তারা সুষম খাদ্য পায় না। শিশুরা এখন থেকে অপুষ্টি রোগে ভুগতে ভুগতে অথবা অল্প বয়েস থেকে ভারি কাজ করতে করতে তারা এই সমস্ত নানারকম ব্যধিগ্রস্ত হয়ে পড়ে। তাই জন্য বলবো আগে অর্থনীতিকে ঠিক করুন বুর্জোয়া জমিদারি ব্যবস্থা সেখানে কায়েম হবে সেখানে এই জিনিষ চলবেই। এই জিনিষকে আপনারা উৎসাহিত করেছেন দীর্ঘ ৩০ বছর ধরে। আজকে পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে যে কাজ করেছেন সেইগুলি তারা দেখলেন না। এইগুলি তাদের বোঝা উচিত ছিল। এখানে বিধবাদের ভাতার কথা বলা হয়েছে — আপনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকার গত বছর ৬ হাজারের মত বিধবাদের ভাতা দিয়েছেন প্রায় ৩০ টাকা করে। আবার এইবার ৭ হাজার ২০০ জনকে ভাতা দেবার পরিকল্পনা করেছেন। আমি এই পরিকল্পনাকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু দুঃখের সঙ্গে এই কথাও বলছি যে আমরা পশ্চিমবঙ্গের মানুষ ভেবে-ছিলাম যে ইন্দিরা গান্ধী নিজে বিধবা। সুতরাং তিনি বোধ হয় বিধবাদের কথা ভাববেন। পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার কিন্তু বিধবাদের কথা চিন্তা করেছেন। আজকে ৩০ টাকা করে দিয়ে ৭২ জন বিধবাদের ভাতা দেবার পরিকল্পনা করেছেন। আমি বলি এটা একটা অভিনব ব্যাপার। এই সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্যে থেকে এটা একটি অভিনব ব্যবস্থা। আরো অনেক কিছু করা যেত কিন্তু সীমিত ক্ষমতার ফলে সব কিছু করা যাচ্ছে না। এ ছাড়া ৩৪০০০ হাজার প্রতিবন্ধীদের মাসে ৩০ টাকা করে ভাতা দেওয়ার ব্যবস্থা হয়েছে। এবং ৫ম শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত প্রতিবন্ধীদের নানা রকম ভাতা দেওয়ার পরিকল্পনা নিয়েছি। এইসব ছাড়াও প্রতিবন্ধীর ভিত্তিতে চাকুরীর ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছি। এই ব্যাপারে মন্ত্রীমহাশয় বলেছেন। শিশু পুষ্টি প্রকল্প আছে, আপনি জানেন কেন এই শিশু পুষ্টি প্রকল্প করা হবে। এই ফিডিং সেণ্টার বামফ্রণ্ট সরকার করেছেন। আমাদের রাজ্যকে অন্য রাজ্য থেকে খাদ্য আনতে হয়। আমাদের এ বছরে উৎপাদন কমে গেছে। উপরন্তু কেন্দ্রীয় সরকার যে সাড়ে ৩ লক্ষ মেট্রিক টন খাদ্য দেওয়ার কথা বলেছিলেন তা কমিয়ে

দিয়ে আড়াই লক্ষ মেট্রিক টনে দাঁড় করিয়েছেন। তাতে কিছুই কুলোয় না। সুতরাং এই সমস্ত অপুষ্টি রোগ থেকেই যাচ্ছে। গ্রামে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে শিশু অপুষ্টি রোগকে রক্ষা করার জন্য এই সমস্ত নানা রকম ফিডিং সেণ্টার খোলা হয়েছে।

[6-00—6-10 p.m.]

শুধু তাই নয় গতবার ১৯ কোটি শ্রম দিবস সৃষ্টি করা হয়েছে। এই সরকার এন. আর. ই. পি.-র মাধ্যমে ১৯৮২ সালে আরোও শ্রম দিবস সৃষ্টি করার দায়িত্ব নিয়েছেন। বুঝতে হবে কোন অবস্থার মধ্যে এই সরকার কাজ করছেন। বামফ্রণ্টের কাজে প্রতিনিয়ত কেন্দ্রীয় সরকার বাঁধা দিচ্ছেন। আরোও বেশি কাজ করতে বামফ্রণ্ট সরকার কাজ করতে চায় জনসাধারণের জন্য, কিন্তু বাধা হচ্ছে কেন্দ্রীয় সরকার। তাঁরা ওভারড্রাফট নেয়া বন্ধ করেছেন। আজ আমাদের কাজের মূল্যায়ন নিশ্চয় করতে হবে। প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ ডাইরেকটোরেট গঠন করা দরকার তাদের স্বার্থ সংরক্ষিত করার জন্য। প্রতিবন্ধীদের রক্ষণাবেক্ষনের জন্য তাদের মা বাবারাও যাতে কিছু পায় তার ব্যবস্থা করা দরকার। এই সব ব্যবস্থা করার অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী :** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় উন্নয়ন পরিকল্পনা খাতে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। মন্ত্রী মশায়ের লিখিত ভাষণে লক্ষ্য করলাম যে বছরে ১৯ লক্ষ টাকার কিছু বেশি বরাদ্দ করা আছে। আমরা দেখছি ডেনমার্কের একটি আন্তর্জাতিক সংস্থার মাধ্যমে এই উন্নয়নের কাজ হয়ে থাকে। আমি জানতে চাই এ পর্যন্ত ঐ প্রকল্পে কত টাকা খরচ করা হয়েছে এবং সেখানে কি কি কাজ করা হয়েছে এবং তাতে আর্থিক অবস্থার কতটা পরিবর্তন হয়েছে ? এই সঙ্গে অন্যান্য যে সমস্ত জায়গা পিছিয়ে আছে সেখানে এই পরিকল্পনা অনুযায়ী কাজ করা যায় কিনা তা চিন্তা করতে বলছি ? সমাজ কল্যাণ দপ্তর সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। এই বিভাগের কাজ কর্ম বিরাট এবং বিশাল এর ভূমিকা। আমাদের মত দরিদ্র দেশে যেখানে অর্ধেকের বেশী লোকজনের জীবন ধারণের কিছু নেই, যেখানে বিপুল সংখ্যক ভিখারী, অনাথ, যার কোন পরিসংখ্যান নেই, সেখানে তাদের জন্য কিছু করা যায় কিনা চিন্তা করতে হবে। তবে এই কাজ সরকারের পক্ষে একা করা দুরুহ। এই সমস্ত কাজে যে সমস্ত সেবামূলক প্রতিষ্ঠান আছে, — যেমন লায়ন্স ক্লাব; রেডক্রস, রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম — তাদের ভূমিকা স্বীকার করে নিয়ে তাদের সাহায্য নিয়ে এই সমস্ত অসহায় মানুষের পাশে দাঁড়ান দরকার আছে। আমরা জানি এই বিভাগের অধীনে কিছু শিশু আবাস আছে এবং প্রত্যেকটা শিশুর জন্য বরাদ্দ আছে মাসে ৭০।৭৫ টাকা। বর্তমান দ্রব্যমূল্যের তুলনায় এই টাকা সামান্য। এই টাকা দিয়ে তাদের খাওয়া থাকা পোষাক-পরিচ্ছদ সম্ভব হয় না। এই টাকা বাড়াবার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই প্রকল্প একটা সীমাবদ্ধ জায়গায় চালু আছে, এটাকে আরো বিভিন্ন জায়গায় যেখানে শিশুরা অপুষ্টিতে ভোগে সেখানে যাতে চালু হয় তারজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিভাগের মহিলাদের জন্য কিছু আবাস আছে, ভিখারীদের জন্য কিছু আবাস আছে, এগুলি

বেসরকারী সংস্থার মাধ্যমে পরিচালিত হয়। কিন্তু এর রকম কিছু কিছু সংস্থার মধ্যে কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, দুর্নীতির কিছু অভিযোগও আছে পরিচালনার ক্ষেত্রে। এগুলি যাতে ঠিকমত পরিচালিত হয়, সরকারের দেয় সাহায্য যাতে ঠিকমত ব্যবহৃত হয় সেদিকে দৃষ্টি দিতে হবে। আর একটা আমার বিশেষ প্রস্তাব আছে — আমাদের যেটা উপলব্ধি সেটা হচ্ছে বিভিন্ন জেলা শহরে বা মহকুমা শহরে যেখানে উচ্চ শিক্ষালয় আছে, সেখানে বিভিন্ন গ্রাম গ্রামান্তর থেকে কিছু মহিলা শিক্ষার্থী আসে, তাদের মধ্যে আদিবাসী, উপজাতি, তফশিলী এই সমস্ত শ্রেণীর মহিলারা অধ্যয়ন করতে আসে, সেখানে সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে তাদের সেখানে কোন ছাত্রাবাস নেই। বড় বড় জেলা শহরে বা মহকুমা শহরে একটা করে মহিলা ছাত্রদের জন্য আবাস তৈরী করা যায় কিনা সেদিকে দৃষ্টি রাখবেন।

পরিশেষে যেটা বলতে চাই সেটা হচ্ছে একটা বার্ধক্য ভাতা বর্তমানে দেওয়া হয়, সেটা খুব কম, মাসে মাত্র ৩০ টাকা। সেজন্য আগামী যে দিন আসছে তাতে মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করব এই সাহায্যের পরিমান ৩০ টাকা বর্তমানে যেটা আছে সেটাকে বাড়িয়ে ৬০ টাকা করা যায় কিনা। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উন্নয়ন পরিকল্পনা দপ্তরের মন্ত্রী ৪৬ নং অনুদানের জন্য যে ব্যয়বরাদ্দ মঞ্জুরীর জন্য উপস্থাপিত করেছেন তার মধ্যে ত্রাণ ও কল্যাণ বিভাগের জন্য ১২ কোটি ৩১ লক্ষ ৮৯ হাজার টাকা বরাদ্দ চাওয়া হয়েছে। আমি যে কথাটা মাননীয় সদস্যদের সামনে প্রথমে একটু জোরের সংগে রাখতে চাই সেটা হচ্ছে এই যে দেশে ৬৫ থেকে ৭০ কোটি মানুষের মধ্যে শতকরা ৪৫ ভাগ মানুষকে সমাজ দারিদ্র্য সীমার নিচে ঠেলে দিয়েছে, এই ৭০ কোটি মানুষের মধ্যে এক পঞ্চমাংশ ২০ শতাংশ মানুষ উদ্বৃত্ত জনসংখ্যায় পরিণত হয়েছে, রিডানড্যাণ্ট পপুলেশান, আমার কথা নয় বা জ্যোতি বাবুর কথা নয়, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন চিকিৎসক ডাঃ প্রবীর কুমার সেন যেকথা বলেছেন যে পশ্চিমবঙ্গে যেখানে ১ কোটি ১০ লক্ষের মধ্যে ১০ থেকে ১২ লক্ষের মত মানুষ যক্ষ্মা রোগে আক্রান্ত, যে দেশে দারিদ্র্যের জন্য লক্ষ লক্ষ মানুষ হতমান অবস্থায় আছে, যে দেশে অর্থনৈতিক অনিশ্চয়তার জন্য নিরাপত্তার অভাব, সামাজিক নিষ্পেষণের জন্য ঘরের মেয়েরা বিপথগামী হয় সেই দেশের দুস্থ ছেলেদের দুস্থ মেয়েদের জন্য যে সোসিয়াল সিকিউরিটি সোসিয়াল ডিফেন্স সামাজিক নিরাপত্তা সামাজিক প্রতিরোধের ব্যবস্থা সহজে করা যায় না সেটা আমরা ধরে নিতে পারি। সাত্তার সাহেব যে কথা বলেছেন প্রথমে এ্যাকুইসেন্স না করে বললেও একথা বলতে পারি আজকে কার পাপে পশ্চিমবঙ্গের ১০/১২ লক্ষ মানুষ যক্ষ্মা রোগে জর্জরিত হয়ে গেছে? আজকে কার পাপে গোটা ভারতবর্ষে ১৩ কোটি মানুষের মধ্যে পশ্চিমবঙ্গে প্রায় ৬৫ লক্ষ মানুষ উদ্বৃত্ত জন সংখ্যায় পরিণত হয়েছে?

আজকে যে অবস্থা তাতে বলা যায় ধনবাদী শোষণের নিগড়ে আবদ্ধ রয়েছে, শোষণের জাঁতাকলে আবদ্ধ রয়েছে বলেই এই অবস্থা হয়েছে। তবে তার মধ্যেও আমরা গর্বের সঙ্গে বলতে পারি এবং এটা বামফ্রণ্ট সরকারের কৃতিত্ব যে, এই অল্প

সময়ের মধ্যে আমাদের শিশু পুষ্টি প্রকল্প, মায়েদের পুষ্টি প্রকল্প এই বিরাট কর্মকান্ড চলছে। মাননীয় সদস্য গফ্ফর সাহেব একটি ভাল প্রস্তাব দিয়েছেন এবং আমরা সেটা গ্রহণ করছি। আমি আপনাদের জানাচ্ছি, এই ৬ মাসের মধ্যে পশ্চিমবঙ্গ সরকার পুষ্টি সংক্রান্ত কাজের জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন সে সম্বন্ধে একটা পুস্তিকা প্রকাশের ব্যবস্থা করেছি এবং সেটা আপনাদের দেব। শিশু পুষ্টি প্রকল্প, সার্বিক শিশু উন্নয়ন প্রকল্প বর্তমানে ২৭টি ব্লকে চালু আছে এবং আরও ২৪ এবং ২৮টি ব্লকে এই মাদার এ্যাণ্ড চাইল্ড প্রোগ্রাম চালু হবে। সীমান্ত এলাকায় ১২টি ব্লকে কাজ চলছে। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু জানতে চেয়েছেন, আমরা কত শিশুকে এই প্রকল্পের আওতায় এনেছি? আমরা সার্বিক শিশু প্রকল্পে ৬ লক্ষ শিশু এনেছি এবং অন্যান্য সমস্ত প্রকল্প-সহ ২০ লক্ষ শিশুকে এই প্রকল্পের মধ্যে এনেছি। আমি আপনাদের বলতে পারি এর তুলনা সারা ভারতবর্ষে নেই। আমি মহারাষ্ট্র এবং গুজরাটে গিয়েছিলাম বিশেষকরে ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর মধ্যে কতগুলি চালু হয়েছে সেটা দেখতে। আমি সেসব দেখে নিঃসন্দেহে বলতে পারি এই ব্যাপারে পশ্চিমবাংলা অনেকটা এগিয়ে গেছে। তবে এই যে লক্ষ লক্ষ ভিক্ষুক, ভবঘুরে রয়েছে সমাজের চাপে, পাপে এবং নিস্পেষণে তার মধ্যে কতগুলি লোককে আমরা সাহায্য করতে পারব? আমরা ৯টি ভবঘুরে আবাস খুলে তাদের জন্য ব্যবস্থা করেছি এবং তারা যাতে বাইরে গিয়ে কোন রকমে বেঁচে পারে তারজন্য ভোকেসন্যাল ট্রেনিং—এর ব্যবস্থা করেছি। আপনারা শুনে আনন্দিত হবেন আমরা এবছর কৃষনগরের ১৭ লক্ষ টাকা ব্যয় করে দুঃস্থ মহিলাদের জন্য একটা আবাস উদ্‌বোধনের ব্যবস্থা করেছি। গড়িয়ায় বৃদ্ধা মহিলাদের আবাস তৈরী হয়ে গেলে সেখানে অনেক দুঃস্থ মহিলা থাকতে পারবেন। ছাত্রীদের আবাসের কথা যা বলেছেন তার উত্তরে জানাচ্ছি, আমরা এই মুহূর্তে কিছু করতে পারবনা। কর্মরত মহিলা যাঁরা আছেন তাঁদের জন্য অন্তত ৪টি আবাসের ব্যবস্থা সোস্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্ট করেছে। এটা ঠিক একা সরকারের পক্ষে সরকারী উদ্দোগে এই সীমিত আয়ের মধ্যে সমস্ত শিশু, সমস্ত দুঃস্ত লোক এবং সমস্তনারীদের জন্য ব্যবস্থা করা সম্ভব নয়। কাজেই যত বেশী ভলানটারি অর্গানাইজেসনকে এর মধ্যে জড়ান যায় বামফ্রণ্ট সরকার সেই ব্যবস্থা করেছেন। এখনও পর্যন্ত সোসিও—ইকনমিক প্রোগ্রামে গত বছরে আমরা ১১৫টি প্রতিষ্ঠানকে আমরা জড়াতে পেরেছি এবং এবছর আরও ২০০ অর্গানাইজেসনকে আমরা এর মধ্যে জড়িয়েছি। মাননীয় সদস্য সুভাষ গোস্বামী মহাশয় বলেছেন, বাজারে সেখানে ৪ টাকা কেজি চাল বিক্রি হচ্ছে সেখানে মাত্র ৭৬ টাকায় একটি শিশুর খাওয়া পরা এবং পরিচ্ছদের ব্যবস্থা হবে এটা সম্ভব নয়। বারাসতের আবাসটি বামফ্রন্ট সরকার চালু করেছেন এবং সেটি একটি গৌরবের জিনিস। এখানে খাওয়া-পরা এবং পরিচ্ছদের জন্য ১২৫ টাকা লাগে। সোস্যাল ওয়েলফেয়ার দপ্তর থেকে ১১ বিঘা জমি দিয়েছে সল্ট লেকে এবং সেখানে একটি আদর্শ শিশু নিবাস গড়ে উঠেছে। সেখানে একটি শিশুর জন্য ১৭৫ থেকে ২০০ ঠাকা খরচ হয়। আর আমাদের আবাসনগুলোতে বরাদ্দ হচ্ছে ৭৬ টাকা। কাজেই অব্যবস্থা থাকবে, পুষ্টির অভাব থাকবে এটা বলা বাহুল্য। তথাপি আমাদের সরকার চেষ্টা করছেন কিভাবে এটাকে বাড়ান যায়। আমাদের এই যে

কর্মকাণ্ড চললে সে সম্বন্ধে একটি বিস্তারিত পুস্তিকা আমি আপনাদের সামনে রাখব একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশান্তিরঞ্জন ঘটক :** মিঃ স্পীকার স্যার, সময় খুব অল্প, যে কারণে সংক্ষে সব কিছু বলতে হবে। আমার বক্তব্যের পিছনের দিকে দেখবেন যে যদিও বরাদ্দট উন্নয়ন পরিকল্পনা বিভাগের তবুও এর বিভিন্ন কাজ নানা দপ্তর করেন। আপনার কিছু কিছু বিবরণ চেয়েছেন। সব কিছু দেওয়া এখনই সম্ভব নয়। আগামী দিনে দেবো, যেটা দেবব্রতবাবু বলে গেলেন। আমি গফ্‌ফর সাহেবের বক্তৃতা শুনলাম—শুনে ভাল লাগলো যে তিনি সমাজে পিছিয়ে পড়া মানুষদের কথা বললেন। কিন্তু পরবর্তীকালে দেখলাম তাঁর বক্তৃতা অন্যরকম। উনি যেসব কথা বললেন তার কারণ বলতে গেলে গত ৩০ বছর ধরে এই জিনিস হয়েছে। দিল্লীতে চাপ দিলে ভাল হয়। আমরা জানি আমাদের দিক থেকে খবর দিতে পারি, উনি জানেন কিনা জানি না, যে বামফ্রণ্ট সরকার এর জন্য একটা কমিটি করেছে। উনি যাদের কথা বললেন তাদের রিলিফ দেবার তাদের উন্নতি করার জন্য আমরা চেষ্টা করছি। এখনও পর্যন্ত আমাদের এ সম্বন্ধে যে নিয়ম-কানুন আছে সেগুলি ইংরাজ আমলের। সেগুলি সংশোধন করা হচ্ছে। দেবব্রতবাবু তাঁর বক্তব্যের মারফত সে কথা বলে গেছেন। আমাদের অসুবিধা হবে। টাকার অভাবে অনেকগুলি কাজ যা আমরা করতে চাই, তা করতে পারছি না। দিল্লী থেকে কিছু টাকা পয়সা পাওয়া যায় কিনা সেটা দেখতে হবে। পুরুলিয়ায় যেটা হচ্ছে—সেটা হচ্ছে ড্যানিস স্কীম। স্কীমটি খুব ভাল—এতে আছে সাড়ে বার লক্ষ টাকা। এই স্কীম মঞ্জুর করেছি। এগুলি বন্ধ হয়ে আছে, তার কারণ সিমেণ্টের অভাব। এগুলির মধ্যে আছে স্মল ইরিগেসন করা। ব্যাকওয়ার্ড এরিয়ায় কিছু রাস্তা তৈরী করা, গ্রামের মানুষের উদ্যোগে কিছু কিছু কাজ কর্ম শিখানো হচ্ছে। কিন্তু কন্সট্রাকসনের কাজ সিমেণ্টের অভাবে পড়ে আছে। এই ব্যাপারে ৫৩ হাজার ম্যানডেজ তৈরী হয়েছে। আমরা চেষ্টা করবো সিমেণ্ট যাতে তাড়াতাড়ি পাওয়া যায়—আই এল ও টাকা দিচ্ছে এবং ওরা একথাও বলেছে এই স্কীম যদি আরও বেশী ভালভাবে করা যায় তাহলে আরও আর্থিক সাহায্য তারা দেবে। আমরা তার জন্য উদ্যোগ নিয়েছি। সিমেণ্টের ব্যাপারে এন আর ই পি সাহায্য মাধ্যমে চেষ্টা চলছে। আমরা ইতিমধ্যে ১৯৫ ম্যানডেজ ক্রিয়েটেড করতে পেয়েছি। বাকী পরে আমরা ২৭৩ ম্যানডেজ করতে পারবো। গতবারে এ খাতে বরাদ্দ ছিল ২৪ কোটি টাকা। এবারে আমরা বরাদ্দ বাড়াতে পারি নি।

[6-20—6-30 p.m.]

কারণটা আপনারা জানেন যে, আমাদের প্ল্যানের জন্য যে টাকা আমরা চেয়েছিলাম সেই টাকা আমরা পাই নি। ইতিমধ্যে খরা ইত্যাদি এইগুলোকে সামনে রেখে প্রায় ৯৫ লক্ষ ম্যানডেজের কাজ হয়েছে। এই টাকার অর্ধেকটা স্টেট গভর্ণমেণ্টের থেকে যায় আর বাকী অর্ধেকটা কেন্দ্রের থেকে যায়। এবং অন্য স্কীমের আরও দু-একটা জিনিস আছে, আমি তার ভিতর যেতে চাইছি না। আমি একটা জিনিষ বলছি যেটা হচ্ছে আনএমপ্লয়মেণ্ট এ্যালাওয়েন্স সেটা এই স্কীমের ভিতর আছে। এই পর্যন্ত

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে বেকারদের যে এ্যালাওয়েন্স দেওয়া হয়েছে তা হচ্ছে প্রায় ১২ হাজার লোকের কাজ, এটা গত বছর দেওয়া হয়েছে। আরেকটা আছে, যেটা দেখবেন যে লিগ্যালএডের ব্যাপার, সেখানেও খুব বেশী করা যায় নি, ৩ কোটি টাকা বরাদ্দ আছে, ১১ লক্ষ টাকা সেই স্কীমে খরচ হয়েছে। আমরা চেষ্টা করছি যাতে জেলা স্তর থেকে বিভিন্ন ব্লক স্তরে এই স্কীমের যে সমস্ত কাজ আছে তা যাতে নেওয়া যায়। আমাদের আর একটা বকেয়া ঘাড়ের উপর আছে যেমন ইংরেজ আমল থেকে অযোধ্যা বা বেগম নবাবের যে সমস্ত পরিবার আছে, সেইসব পরিবারের কলকাতায় নিয়ে আসা হয়েছিল, তাদের পেনসন বাবদ এবং মহীশূরের টিপুসুলতানেদর যাঁরা আত্মীয়, যাঁদের এখানে নিয়ে আসা হয়েছিল, তাঁদের পেনসন বাবদ ৪৯ হাজার টাকা আমাদের দিতে হচ্ছে। যদিও গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া পরে এই টাকাটা আমাদের দিয়ে দেয়। এখন আমি আর বাড়াতে চাইছি না, আমি শুধু এইটুকু বলব, আমাদের দু-একজন সদস্য কিছু সাজেসান দিয়েছেন, আমি সেই সাজেসান গুলো বিবেচনা করব। একটু অসুবিধে আছে, আরও হয়ত কিছু ভাল কাজ করা যেত বা ভাতা বাড়াবার কথা বলছেন, ছাত্র ছাত্রীদের আবাস করার কথা বলছেন, এইগুলো করা হয়ত যেত, বাধা হচ্ছে অন্য কিছু নয়, বাধা হচ্ছে টাকা, যে রিসোর্সেস আমাদের আছে সেটার অবস্থা আপনারা জানেন, সেটাই হচ্ছে বাধা। এবং সেদিক থেকে কেন্দ্রের কাছ থেকে যদি আরও কিছু টাকা পয়সা পাওয়া যায় তাহলে সেই কাজ গুলোকে আরো ভালভাবে করতে পারি। বিরোধিদলের সদস্যরা যে উদ্দেশ্য প্রকাশ করেছেন, আমি ধরে নিচ্ছি তাঁরা নিঃস্বার্থভাবে সেইসব ভাল কথা বলেছেন। আমি আশা করব সেদিক থেকে তাঁরা একটু চেষ্টা করবেন, কারণ তাঁদেরও একটা দায়িত্ব আছে, কেন্দ্রের কাছ থেকে পশ্চিমবাংলার যে ন্যায্য টাকা পাওয়া উচিত সেই টাকা যাতে পাওয়া যায় তার জন্য চেষ্টা করবেন। আমি এই কটি কথা বলে, এখানে যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছি, সেটা আপনারা মঞ্জুর করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Santi Ranjan Ghatak that a sum of Rs. 59,79,40,000 be granted for expenditure under Demand No. 46, Major Heds ; "288—Social Security and Welfare (Excluding Civil Supplies. Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, and 688—Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)", was then put and agreed to.

**Demand No. 45**

Major Heads : 288—Social Security and Welfare (Welfare of Schedaed Castes, Scheduled Tribcs and Other Baekward Classes), 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 688—Loans for Social Security aud Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes).

**Dr. Sambhunath Mandi :** Sir, on the recommendation of the Govern I beg to move that a sum of Rs. 30,76,38,000 be granted for expenditure und Demand No. 45, Major Heads : "288—Social Security and Welfare (Welfa of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes),"488- Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Caste Scheduled Tribes and Other Backward Classes)", and "688—Loans for Soci Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes an Other Backward Class.)"

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশ আমাদের সামনে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, বিগত ৫ বছর ধরে ঠিক এই ধর একই বাজেট পেশ করে আসছেন, এটা আমরা হাউসের সকলেই দেখে আসছি। তি বরাবরই এই একই ধরণের কথা বলতে শুরু করেছেন। তিনি বলছেন খুব সহানুভূতি সঙ্গে, সারা ভারতবর্ষের ন্যায় ওয়েষ্ট বেঙ্গলের আদিবাসী ও তপসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষরা অত্যন্ত অবহেলিত অবস্থায় দিন যাপন করছেন, তাদের উন্নতির জন্য চেষ্টা করছেন। গত ৫ বছরে তিনি কোন উন্নতি করতে পারেন নি। এবারে দেখছি তাদের উন্নয়ণ সাধন করার জন্য তার দপ্তরে একজন রাষ্ট্রমন্ত্রী বনমালীবাবুকে নিয়েছেন। তার সেই আশা পূর্ণ হোক। এটা অত্যন্ত ভাল কথা। তিনি যদি এটা করতে পারেন তাহলে আমরা খুব সুখী হব। কিন্তু স্যার, আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত সাধারণ তপসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোকজনদের নিয়ে তিনি ছিনি-মিনি খেলা শুরু করেছেন, রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত কার্যকলাপ সুরু করেছেন। এটা অত্যন্ত নিন্দনীয় এবং জঘন্য কাজ বলে আমি মনে করি। তিনি দুটি করপোরেশন গঠন করেছেন। একটি হচ্ছে আদিবাসী উন্নয়ণ সমবায় নিগম, আর অন্যটি হচ্ছে তপসিলী জাতি ও উপজাতি সমবায় উন্নয়ণ নিগম। তিনি জানেন, এই করপোরেশনে কি রকম দুর্নীতি চলেছে ? এই করপোরেশনের মাধ্যমে লক্ষ লক্ষ টাকা ব্যাঙ্ক থেকে বা অন্যান্য সরকারী আথিক সংস্থার মাধ্যমে সাধারণ তপসিলী জাতি ও উপজাতিদের ঋণ পাইয়ে দিয়ে তাদের জীবনের মান উন্নয়নের ব্যবস্থা করার কথা বলা হয়েছে। কিন্তু তা না হয়ে সেখানে কি ধরণের দলবাজী চলছে, সেটা কি তিনি জানেন ন ? আমি এই সমস্ত কাজগুলি দেখি। আমার পরিষ্কার ভাবে জানা আছে জেলায় জেলায় তাদের একটি করে শাখা আছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু প্রত্যেকটি জেলায় প্রশাসনের নামে এবং প্রশাসন উন্নয়ণের নামে যে কারচুপি ও দলবাজী চলছে, তা বলে শেষ করা যায় না। এই তপসিলী জাতি এবং আদিবাসীদের আথিক দুরবস্থা দূর করার জন্য সরকার যে ব্যবস্থা করেছেন — সেই ব্যবস্থার মাধ্যমে তারা ঋণের জন্য আবেদন জানান। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সেখানে কোন বিশেষ রাজনৈতিক দলের ষড়যন্ত্র চলছে কিনা, সেটা ঠিক বোঝা যাচ্ছে না। তবে এটা পরিষ্কার যে ঐ সমস্ত তপসিলী জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের লোকেরা করপোরেশনের মাধ্যমে আবেদন করেও টাকা কোন মতেইপাচ্ছেন না। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। তিনি ৫ বছরের সাফল্যের যে দাবী করেছেন, এর পরে সেই দাবী একেবারে নস্যাত হয়ে যাচ্ছে। বিভিন্ন ব্যাঙ্কের কাছ থেকে, আমাদের আথিক সংস্থার কাছ থেকে ঋণ

পাওয়ার ব্যাপারে তাদের কাবেদন মঞ্জুর করবার জন্য ঘুষ পর্যন্ত দিতে হয় এবং এই ঘুষ চলছে। করপোরেশনের ঐ জেলা শাখাগুলিতে নির্বিচারে এই ঘুষ চলছে। এই ভাবে চললে সাধারণ মানুষের কোন কাজে লাগবে না। তিনি কতকগুলি ভাল ভাল কথা বলেছেন। তিনি অস্পৃশ্য দূরীকরণের কথা বলেছেন। এরা সমাজে যাতে প্রতিষ্ঠিত হতে পারেন সেই জন্য অনেক আশা আকাঙ্খা নিয়ে তাঁর বক্তব্য রেখেছেন। কিন্তু আমরা কি লক্ষ্য করছি ? একদিকে তাদের উন্নয়ণের কথা বলছেন, অপর দিকে এই অস্পৃশ্যতাকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গে যা ছলছে তা বর্ণনাতীত।

[6-30—6-40 p.m,]

তাই দেখলাম ঐ বছরই বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পরেই মেদনীপুরে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসের মহিলারা ধর্ষিতা হ'ল। সবং থানার ছাতার-কোল অঞ্চলে যুমনা বলে সিডিউল কাস্ট এক মহিলা ধর্ষিতা হল, সে আবার গর্ভবতী ছিল এবং তাকে খুন করা হল। লক্ষ্মী বাউরি, সেও রেপড হ'ল। এইভাবে কত যে সিডিউল কাস্ট' সিডিউল ট্রাইবসের মহিলাদের উপর অত্যাচার করা হয়েছে তার সংখ্যা জানা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর পর যেটা বলতে চাই সেটা হচ্ছে, তুলনামূলকভাবে এই খাতে খুবই কম টাকা ধরা হয়েছে, এই টাকা আরো বাড়ানো উচিত ছিল। উনি সীমিত ক্ষমতার কথা বলেছেন কিন্তু বলেননি আম্যদের টাকা কম, আমি তাঁকে বলব, এই সীমিত ক্ষমতা, সীমিত ক্ষমতা বললেই কিন্তু সমস্যার সমাধান হবে না, যে উদ্দেশ্যে এই বিভাগ খোলা হয়েছে সেই উদ্দেশ্যকে যদি সফল করতে হয় তাহলে বাস্তবে যে সমস্ত দুর্নীতিগুলি আছে সেগুলি যাতে দূর করা যায় তারজন্য ব্যবস্থা করুন। স্যার, একটি কথা আমি পরিষ্কারভাবে বলতে চাই যে বছরের পর বছর ধরে আমরা দেখছি এই দপ্তর থেকে একটি কথা হচ্ছে যে কোলকাতায় মফঃস্বলের আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য একটি ছাত্রাবাস স্থাপন করা হবে। এ বছরও তিনি বলেছেন কোলকাতায় তাদের জন্য একটি ছাত্রাবাসের ব্যবস্থা হচ্ছে কিন্তু বাস্তবে আমরা দেখছি তা কার্যকরী হয়নি। কতদিন এই অবস্থা চলবে তাও আমরা জানি না। ওঁদের এই কাজ দেখে মনে হচ্ছে, ওঁরা মুখে যা বলেন কাজে সেটা করতে চাইছেন না। আরো কয়েকটি কথা এই প্রসঙ্গে আমি সাজেসান আকারে রাখতে চাই। বিভিন্ন জায়গায় যে বই বা পুস্তক দেবার ব্যবস্থা করেছেন সে ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, বিশ্ববিদ্যালয় স্তর বা কলেজ স্তর পর্য্যন্ত এই বই এবং অন্যান্য জিনিষ যা ছাত্রদের লাগে তা দেবার যদি ব্যবস্থা করা হয় তাহলে ভালো হয়। তারপর কলেজ এবং ইউনিভার্সিটি স্তরে এই তফসিলী এবং আদিবাসী ছাত্রদের জন্য যাতে কোচিং ক্লাশের ব্যবস্থা করা হয় তারজন্যও আমি কনুরোধ জানাচ্ছি। তিনি বলেছেন, তিনি সাবিকভাবে কাজ করতে আগ্রহী, কাজেই আমি আশা করবো এই দিকগুলি নিয়ে তিনি চিন্তা ভাবনা করবেন। পরিশেষ স্যার, আমি বলি, এই বাজেট অত্যন্ত বাগাড়ম্বরপুর্ণ বাজেট, এর মধ্যে কোথাও তিনি বলতে পারেন নি, আমরা সফল হয়েছি, কোথাও তিনি দাবী করতে পারেন নি যে সেখানে যে সমস্ত অর্থনৈতিক এবং শিক্ষা সংক্রান্ত পরিকল্পনা আছে সেগুলিতে অগ্রগতি হয়েছে। কাজেই স্যার, আমারে তরফ থেকে তাঁদের ধন্যবাদ দেবার দেবার

*অবকাশ নেই। এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।*

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় স্পীকার মহাশয়, তফসিলী জাতি এবং উপ-জাতিদের সমস্যা সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক সমস্যার সঙ্গে যুক্ত। ৩৫টি স্বাধীনতা দিবস উদ্‌যাপন করার পরও এই রকম একটা বর্ণভিত্তিক বিষয়ে আলাদা বাজেট পেশ করতে হচ্ছে , আলোচনা করতে হচ্ছে এটা খুবই দুর্ভাগ্যের বিষয়। স্যার, সমস্যাটি যেহেতু অনেক গভীরে সেইহেতু এ সম্বন্ধে গভীরভাবে চিন্তা-ভাবনা করতে হবে। স্যার, এই জাতপাতের বিচার বা বর্ণ বিভেদ শ্রেণী বিভক্ত সমাজের অনিবার্য ফলশ্রুতি। বিগত দিনে আদিম সাম্যবাদী সমাজের ধ্বংসের বীজ থেকে এই সমস্যার উদ্ভব। অনেক সমাজতান্ত্রিক পণ্ডিতও মনে করেন শ্রেণী ভিত্তিক সমাজ গঠিত হবার আগেই এই বর্ণবিভেদ ব্যবস্থা চালু হয়েছিল। স্যার, আজকে আমি এই প্রসঙ্গে বিস্তারিতভাবে কিছু বলব না, কেবল কয়েকটি কথা বলব। আজকে সমগ্র দুনিয়াতে আধুনিক সভ্যতার সে চোখ ধাঁধানো জেল্লা তাও আজকে এই সমস্ত অবহেলিত সমাজের দুঃখ দুর্দশাকে বিন্দুমাত্র নিষ্প্রভ করতে পারেনি। অরিজিন বা উৎস সম্পর্কে আমি অনেক উদ্ধৃতি দিতে পারি, অনেক ব্যাখ্যা আছে, নানান মুনির নানান মত আছে, ঋকবেদ আছে, মনুস্মৃতি আছে, হেরিটেজ অব ইণ্ডিয়া আছে, কৌটিল্যের অর্থশাস্ত্র আছে — অনেক কিছু আছে, কিন্তু এসবের মধ্যে না গিয়ে আমি শুধু একটি কথা বলতে পারি যে ভারতবর্ষে ৩।। হাজার বছর ধরে প্রায় দুহাজার জাতি অধিজাতি বসবাস করছে এবং তারা একটি ফেরের মধ্যে দিয়ে চলে আসছে। কোন ধর্মবিশ্বাসী মানুষের অন্তরের ন্যূনতম কোমলতম কুসুমাঘাত করার ইচ্ছা না থাকা সত্ত্বেও আমি এইটুকু বলতে চাই যে কোন রাজ্য কি বুকে হাত দিয়ে বলতে পারে যে তার ব্যবহারিক জীবনে তার বিন্দুমাত্রও প্রভাব বিস্তার করে না? আজকে আমার আলোচনা সেই জায়গায় করতে চাই না। আমাদের ভারতবর্ষ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম দেশ, যেখানে ২ হাজারেরও বেশী জাতি বাস করছে এবং তাদের জন্য সভ্যতার ক্ষীণ রশ্মিটুকু পর্যন্ত পেঁাছে দিতে পারিনি। আন্দামানবাসী সম্পর্কে, জারোয়া সেণ্টেনার্সদের সম্পর্কে আলোচনা করতে চাচ্ছি না। পশ্চিম ভারতের পাহাড়ের গুহায় যারা আজও সেখানে বেঁচে আছে, বাস করছে, তারা আজকে আমাদের সভ্যতাকে, গর্বোন্নত সভ্যতাকে ব্যাঙ্গ করে চলেছে, আমি তাদের সম্পর্কেও আলোচনা করতে চাচ্ছি না। আমি আলোচনা করতে চাচ্ছি হিন্দু সভ্যতার অর্থাৎ সনাতন হিন্দু সভ্যতার ছত্র ছায়ায় যে বিভিন্ন রকম সামাজিক ব্যাদি তাদের কর্মের জন্য, জন্মের জন্য এবং তারা যেভাবে শোষিত, অত্যাচারিত, নিপীড়িত হচ্ছে তাদের সম্পর্কে। আমি সেই সম্পর্কে কয়েকটি তথ্য এখানে পরিবেশন করতে চাই। আজকে স্বাধীনতার ৩৫ বছর পরেও এই তথ্য আমাকে হাজির করতে হচ্ছে। এই বিষয়ে অর্থনৈতিক যে সমীক্ষা করা হয়েছে আমি সেটা আপনার কাছে তুলে ধরছি। কর্মক্ষম মানুষের মধ্যে তপশিলী জাতির ৫২ শতাংশ ও তপশীলি উপজাতির ৩৪ শতাংশ ক্ষেতমজুর। ৩০ শতাংশ তপশীলি জাতি পরিবার ও ৫৬ শতাংশ তপশীলি উপজাতি পরিবার কৃষক। এই কৃষকের অর্ধেকের বেশী ২।। একরের কম জমির মালিক — সেনসাস '৭১। গত ২০ বৎসরের হিসাব — কৃষকের সংখ্যা কমছে, ক্ষেত মজুরের সংখ্যা বাড়ছে। গান্ধী পীস

ফাউণ্ডেসনের এক সাম্প্রতিক সমীক্ষায় প্রকাশ দেশে বর্তমানে ২৫ লক্ষ ১৭ হাজার বেগার শ্রমিক বা শ্রমদান আছে। অধিকাংশ তপশীলি জাতি ও উপজাতি। নির্যাতন — তপশীলিদের উপর যে সমস্ত অত্যাচার যথা — খুন, গৃহদাহ, নারী ধর্ষণ ইত্যাদি হয়েছে। যে ঘটনাগুলি সরকারের কাছে নথিভুক্ত আছে তার সংখ্যা হচ্ছে — ১৯৭৬ সালে তপশীল জাতি ৬১৯৭, তপশীলি জাতি ১,০৬৫। ১৯৭৭ সালে তপশীলি জাতি ১০৪৭৯, তপশীলি উপজাতি ১,১৩৮। ১৯৭৮ সালে তপশীলি জাতি ১৫,০৫৩, উপজাতি ১,৬৩২। ১৯৭৯ সালে ঘটনার পরিমাণ আরো বেড়েছে। (উৎস : তপশীলি জাতি উপজাতি কমিশনের ২৬তম পরিবেদন) ১৯৮০ সালে অতীতের সমস্ত রেকর্ড ছাড়িয়ে গেছে। ভাবতে আমাদের অবাক লাগে যে অস্পৃশ্যতা নামক ব্যধি এই বিচিত্র ভারতবর্ষে স্বমহিমায় বিরাজ করছে। নিখিল ভারত হরিজন সেবক সংঘ ১১৫৫টি গ্রামে সমীক্ষা চালাইয়া যে তথ্য প্রকাশ করেছে তা নিম্নরূপ। তপশীলিরা সর্বসাধারণের কুয়োর জল স্পর্শ করতে পারবে না ৬১৩টি গ্রামে। মন্দিরে প্রবেশ করতে পারবে না ৮২১টি গ্রামে। হোটেল বা চায়ের দোকানে যেতে পারে না ৪৯৬টি গ্রামে। সেলুনে যেতে পারে না ৪৭৩টি গ্রামে। সাধারণ ধোপাখানায় যেতে পারে না ৬০৩টি গ্রামে। প্রকাশ্যে অস্পৃশ্যতা:ক প্রয়োগ করার জন্য প্রটেকশান অব সিভিক রাইটস এ্যাক্ট অনুসারে যতগুলি মামলা দায়ের করা হয়েছে তার সংখ্যা হচ্ছে — ১৯৭৭ সালে ২,৭৪২টি, ১৯৭৮ সালে ৪,২৫৬টি, ১৯৭৯ সালে এবং ১৯৮০ সালে সংখ্যা আরো বাড়বে। শিক্ষাগত প্রশ্নে ১৯৭১ সালের হিসাবে যখন সারা দেশে গড়ে নিরক্ষর মানুষের সংখ্যা ৭০ শতাংশ তখন এই পশ্চাৎপদ মানুষের নিরক্ষরতার পরিমাণ আরো উদ্বেগজনক। তপশীলি জাতি বিহারে ৯৬'১৩ শতাংশ, রাজস্থানে ৯২'৭৭ শতাংশ তপশীলি উপজাতি ৯৩'৮৩। অন্ধ্রপ্রদেশে তপশীলি উপজাতি ৯৫'২২ শতাংশ। স্বাধীনতা লাভের পরে শিক্ষা বিস্তারের জন্য বিশেষ করে এই অংশের মানুষের সন্তান-সন্ততির জন্য অনেক ব্যবস্থা হয়েছে এবং তার ফল যতটুকু পাওয়া গেছে সেই বিষয়ে আরো অনেক তথ্য আছে, কিন্তু আমি তার মধ্যে যেতে চাই না। আমি শুধু এই কথা বলতে চাই যে কৃষি, ইঞ্জিনিয়ারিং, ডাক্তারী ইত্যাদি পেশাগত বিষয়ে ভর্তির হিসাব হচ্ছে মোট ছাত্রের ৪ শতাংশ তপশীলি জাতি এবং ১ শতাংশ উপজাতি। তপশীলি জাতি — উপজাতি কমিশনের ২৬ তম রিপোর্ট অনুযায়ী সরকারী চাকুরীতে প্রতিনিধিত্ব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রকের সংস্থা এন. সি. ই. আর. টি. বৎসরে ৫০০ স্কলারশীপ মঞ্জুর করেন। তার মধ্যে ১৯৭৯-৮০ সালে কোন তপশীলি জাতি — উপজাতি ছাত্র ছিল না। ১৯৮০-৮১ সালে মাত্র ২ জন সিডিউল্ড কাস্ট ছাত্র এই সুযোগ পেয়েছেন। সিডিউল্ড ট্রাইবস-এর কোন ছাত্র ছিল না (এর উত্তর হল লোকসভার প্রশ্নোত্তর ১৯৮১ সালের ৬ই এপ্রিল)। লজ্জায় মাথা হেট হয়ে যায় যে গান্ধীজীর জন্মভূমি গুজরাটে জনসংখ্যার শতকরা ৩৫ ভাগ হচ্ছে তপশীলি জাতি ও উপজাতি। সেখানে তা.দর জন্য মাত্র শতকরা ১২টি আসন আছে মেডিকেল কলেজে। সেই আসনকে রোধ করাব জন্য, বাতিল করার জন্য মাসাধিককাল ধরে সেখানে যেভাবে ঘর জ্বালান, নারী ধর্ষণ করা হয়েছে, গ্রামকে গ্রাম উজাড় করে দেওয়া হয়েছে সেটা ভাবতে আমাদের অবাক লাগে। তারই সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই যে কর্ণাটকে মেডিক্যাল

কলেজের একটা আসনের জন্য লক্ষ টাকা পর্যন্ত দেওয়া হয়। আমরা আশ্চর্য্য হয়ে যাই যে তার বিরুদ্ধে সেখানে কোন আন্দোলন হয় না। আমি এই প্রসঙ্গে চাকুরী সংক্রান্ত বিষয়ে কিছু বলতে চাই।

[6-40—6-50 p.m.]

১৯৩৪ সালের জুলাই মাসে বৃটিশ সরকার প্রথম নির্দেশ জারি করে যে, *"অবদমিত" শ্রেণীর লোকেরা খোলা বাজারে প্রতিযোগিতায় পরাজিত হলেই চাকুরীর সুযোগ থেকে যেন বঞ্চিত না হয় তা দেখতে হবে। পরে ১৯৪৩ সালে এদের জন্য ৮'৩০ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা হয়।* স্বাধীনতা লাভের পর সরকারী নির্দেশ বলে সংরক্ষনের ব্যবস্থা অব্যাহত থাকে। বর্তমানে কেন্দ্রীয় সরকারী চাকুরীতে তপশীলি জাতির জন্য ১৫ শতাংশ, উপজাতির জন্য ৭'৫ শতাংশ কাগজে কলমে সংরক্ষনের ব্যবস্থা আছে, কিন্তু তা পূরণ হয় না। ১৯৭৮ সালে চাকুরীতে কেন্দ্রীয় সরকারী দপ্তরে আসন সংরক্ষনের ব্যাপারে ঘোষিত সংরক্ষিত আসন তপশীলি জাতির জন্য ৬৪,০১৯টি, তপশীলি উপজাতির জন্য ২৯,৯২২টি ছিল, কিন্তু বাস্তবে পূরণ করা হয়েছে তপশীলি জাতির ক্ষেত্রে ৩২,৬৬৫টি, আর তপশীলি উপজাতির ক্ষেত্রে ৯,৪১৮টি। কেন্দ্রীয় সরকারী দপ্তর ও অপর অধীনস্থ সংস্থায় তপশীলি জাতি ও তপশীলি উপজাতির প্রতিনিধিত্ব প্রথম শ্রেণীর পদে—তপশীলি জাতি ৪'৭৫ শতাংশ, উপজাতি ০'৯৪ শতাংশ। দ্বিতীয় শ্রেণীর পদে তপশীলি জাতির ৭'৩৭ শতাংশ, উপজাতির ১'০৩ শতাংশ। তৃতীয় শ্রেণীর পদে তপশীলি জাতির জন্য ১২'৫৫ শতাংশ, উপজাতির জন্য ৩'১১ শতাংশ। চতুর্থ শ্রেণীর পদে তপশীলি জাতির জন্য ১৯'৩২ শতাংশ, উপজাতির জন্য ৫'০৭ শতাংশ। এই গড় হিসেবটা পৌর এলাকায় অপরিচ্ছন্ন কাজে নিযুক্ত কর্মীসহ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি কর্মসংস্থান সংক্রান্ত বিষয়ে তিন জন ব্যক্তির বক্তব্য আপনার কাছে তুলে ধরব। কর্মসংস্থান সংরক্ষণ ব্যবস্থা নিয়ে বিতর্ক থাকতে পারে। কিন্তু এর আবশ্যকতা বর্তমান অবস্থায় যে কোন সমাজ সচেতন মানুষই স্বীকার করবেন। ভারতের সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এই সম্বন্ধীয় একটি মোকদ্দমার রায়ে মন্তব্য করেছিলেন :

"অসমানদের জন্য সুযোগের সমতা অসমতাকে আরও বাড়িয়ে তোলে। সুযোগের সমতা সব সময় যুক্তিসংগত ভিন্ন ব্যবস্থাকে স্বীকার করে। যোগ্যতা ও সমতার অর্থ এই যে, মানুষ যদি অসমান অবস্থার মধ্যে থাকে তাহলে অভিন্ন ব্যবস্থার দ্বারা তাদের আমরা কখনই সমান করতে পারব না"।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জুরিস্ট এ্যান্টনি ল্যাস্টার "আইনের ত্রুটি কোথায়" শীর্ষক বি. বি. সি-র এক ধারাবাহিক আলোচনায় বলেছেন, "সিংহ ও ষাঁড়ের জন্য একই আইন নির্যাতনের নামান্তর। আমার মতে কার্য্যকরী গণতন্ত্র বিচারের কষ্টি-পাথর হচ্ছে সমস্ত অংশের মানুষের এতে অংশ গ্রহণ এবং প্রশাসনে এদের যথেষ্ট প্রতিনিধিত্বই সেই অংশ গ্রহণের পরিচয় বহণ করে"।

কেন্দ্রীয় শ্রমিক সংগঠন সি. আই. টি. ইউ-র সভাপতি এবং সি. পি. আই. (এম) এর পলিটবুর্যোর সদস্য বি. টি. রণদিভে "ইক্নমিক এণ্ড পলিটিক্যাল উইক্লি" তে একটি প্রবন্ধে বিশেষ গুরুত্ব আরোপ করে বলেছেন —

"বর্তমান অবস্থায় যখন সমাজে অস্পৃশ্য বলে কথিত এক অংশের বিরুদ্ধে অবিচার করা হচ্ছে তখন গণতান্ত্রিক ও শ্রমিক আন্দোলন তাদের জন্য চাকুরীতে আসন সংরক্ষণ ও অন্যান্য সুযোগ সুবিধার বিরোধিতা করতে পারেন না। শ্রমজীবী মানুষের একতাকে দৃঢ় করার জন্য শ্রমিক শ্রেণীকে এই সুযোগ সুবিধার দাবীর প্রতি সমর্থন উজ্জ্বল করতে হবে।" সি. পি. আই. (এম)-এর কর্মসূচীতে একথা সুস্পষ্টভাবে বলা হয়েছে।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিশেষে শুধু একটা কথাই বলতে চাই যে, এই অবস্থার মধ্যে বামফ্রন্ট সরকার তপশীলি জাতি এবং উপজাতিদের জন্য যে গ্রান্টগুলি আছে সেগুলিকে চালিয়ে যাচ্ছেন এবং এই অবস্থার মধ্যে তাদের যে সমস্ত সুযোগ সুবিধা করে দিয়েছেন তা ভারতবর্ষে নজীর-বিহীন। আজকেও বামফ্রন্ট সরকার তাঁর সেই দৃষ্টিভঙ্গী দিয়ে এই বাজেট রচনা করেছেন, সেই জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তপশীলি জাতি এবং উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয় ঐ দপ্তরের যে বাজেট বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি দু' একটি কথা বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি তপসিলী ও আদিবাসীদের সমস্যা শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষে বিরাট আকারে রয়েছে। অথচ আজকে আমরা এখানে খুবই দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, সেই বিরাট আকারের সমস্যাকে অত্যন্ত লাইট আকারে আলোচনা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ও যে বক্তব্য রেখেছেন তাও তিনি খুবই লাইট ভাবে রেখেছেন। সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব এবং আদার ব্যাকোয়ার্ড ক্লাশের মানুষ পশ্চিমবাংলায় বিরাট সংখ্যায় রয়েছে। কিন্তু এই সমস্ত সমাজের জন্য এখানে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করা হয়েছে তার পরিমাণ অত্যন্ত কম। ঐ তিন শ্রেণীর প্রতিনিধি হিসাবে এখানে অনেক মাননীয় সদস্য উপস্থিত আছেন এবং তাঁরা অনেকেই আজকে এই আলোচনায় অংশ গ্রহণ করছেন। কিন্তু আমরা লক্ষ্য করছি এই সরকার সারা পশ্চিমবাংলার এই তিন শ্রেণীর মানুষের সমস্যা গুলি নিয়ে গভীরভাবে কোন চিন্তা ভাবনা করছেন না। আজকে সরকার পক্ষের সদস্যরাও শুধুমাত্র আলোচনা করতে হয় বলেই আলোচনা করছেন, বিষয়টির গভীরতা অনুযায়ী আলোচনা করছেন না। এদের জন্য কঠোরভাবে চেষ্টা করতে হবে যাতে করে এই অনুন্নত শ্রেণীর জাতির উন্নতি হয়। স্বামী বিবেকানন্দ, রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী প্রভৃতি বড় বড় মনীষীরা যেকথাগুলি বলেছিলেন সেই কথাগুলি আমরা গ্রহণ করছি না। স্বামী বিবেকানন্দ বলেছিলেন, "যে ভারতবাসী, মুচি, মেথর, ডোম এরা আমাদের ভাই"। রবীন্দ্রনাথ বলেছিলেন, "পশ্চাতে ফেলিছো যারে, সে তোমারে পশ্চাতে টানিছে"। সুতরাং এদের উন্নতি করতে হবে। সারা ভারতবর্ষে তথা পশ্চিম-বাংলার মধ্যে বর্ণ হিন্দু এবং নিম্ন বর্ণ হিন্দুদের মধ্যে যে ভাগাভাগি চলছে সেটাকে যদি বিজ্ঞান সম্মতভাবে সমস্যার সমাধান না করি তাহলে সেই সমাজের প্রতি অবহেলা করবো-এ বিষয়ে কোন সন্দেহ নেই। বিজ্ঞানসম্মতভাবে এদের যাতে উন্নতি

করা যায় সেই চিন্তা আমাদের প্রত্যেককে করতে হবে। এদের উন্নতি মানে সারা ভারতবর্ষের উন্নতি। পশ্চিমবাংলায় এই ৩টি সমাজের মধ্যে যদি উন্নতি হয় তাহলে পশ্চিমবাংলা এগিয়ে যেতে পারে। সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু বলেছেন কিন্তু একটি ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি সেটা হচ্ছে আদার ব্যাকওয়ার্ড ক্লাস তাদের উন্নতির জন্য কিছু করা হয়নি। যদিও বহু দিন থেকে দেখছি ব্যাকওয়ার্ড ক্লাসের কথা বলা হচ্ছে কিন্তু এই ব্যাক-ওয়ার্ড শ্রেণী কারা? বিভিন্ন স্কুল-কলেজে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের জন্য যদিও কিছু করা হচ্ছে কিন্তু আদার ব্যাক-ওয়ার্ড ক্লাস আছে যেমন, ধানুব, শাঁখারী, তিলি, তেলি, গোয়ালা, স্বর্ণকার, ছুতার, চাঁই প্রভৃতি আরোও অনেক জাতি আছে তাদের জন্য বাজেটে বিষদ কিছু করার ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, এই আদার ব্যাকওয়ার্ড ক্লাসরা আর্থিক সাহায্য পায় না। এদেরজন্য কিছু দেবার কথা চিন্তা করবেন। বাস্তবে কিছু করার চেষ্টা করবেন। এ ছাড়া আরোও অনেকগুলি প্ল্যান আছে যেগুলি বাস্তবে পরিণত করা হয় না। স্কুল-কলেজে যে গ্রান্ট দিচ্ছেন সেটা কার্যে পরিণত হচ্ছে কিনা তা দেখবেন। যতটা গ্রান্ট দিচ্ছেন সত্যিই সেটা কাজে লাগছে কিনা দেখবেন। আমি একটি স্কুলে শিক্ষকতা করি। আপনি শুনে আশ্চর্য্য হয়ে যাবেন, ১২০০ লোকের একটা সিডিউল ট্রাইবস গ্রামে আজ ৮ থেকে ১২ বৎসরের মধ্যে একটি মাত্র ছেলেকে আমার ব্যক্তিগত চেষ্টায় স্কুল ফাইন্যাল পাশ করিয়েছি এবং আমি যখন আগে এম. এল. এ. ছিলাম তখন তার চাকরীর ব্যবস্থা করেছি। সারা গ্রামে একটা দৃষ্টান্ত স্থাপন হয়েছে। যদি এইভাবে ১২০০ সিডিউল ট্রাইবস লোকদের যে গ্রাম আছে, কিংবা ৫০০ সিডিউল কাষ্ট লোকেদের যে গ্রাম আছে কিংবা ৪০০ সিডিউল কাষ্ট এবং ট্রাইবস লোকেদের যে গ্রাম আছে, এই রকম প্রত্যেকটি গ্রাম নিয়ে এইভাবে দৃষ্টান্ত স্থাপন করার চেষ্টা করুন। সেইসব গ্রামে ২ জন ছেলে বা ৪জন মেয়েকে পাশ করিয়ে দৃষ্টান্ত স্থাপন করুন এবং সেখানকার অবস্থার উন্নতি ঘটিয়ে এই সমাজকে দেখিয়ে দিন যে এরাও উন্নতি করতে পারে এবং বর্ণ হিন্দুদের সমান হতে পারে। এই চেষ্টা আমাদের সকলকে করতে হবে। তারপর আপনি কলকাতার হোষ্টেলের কথা বলেছেন। শুধু কলকাতায় হোষ্টেল করলেই হবে না, প্রতিটি মফঃস্বলের প্রতিটি টাউনে এবং প্রতিটি ব্লকে সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবসদের জন্য হোষ্টেল করতে হবে। সেই দৃষ্টান্ত আপনি স্থাপন করুন এবং তারা যাতে সুযোগ-সুবিধা পায় সেই দিকে নজর রাখুন। সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবসদের মধ্যে অনেক ছেলে-মেয়ে আছে যারা স্কুলে যায় না। যদিও আপনি ২০ টাকা করে মান্থলি ষ্টাইপেণ্ড দিচ্ছেন, বইয়ের খরচ লাগছে না, বেতন লাগছে না তথাপি অনেক বাড়ীর ছেলে-মেয়ের খাবারের সংস্থান নেই যার জন্য সেই সমস্ত ছেলে-মেয়ের বাবা-মায়েরা অন্য কাজে লাগিয়ে দেয়। সেইজন্য লেখা-পড়ার সুযোগ হয় না। খাওয়ার অভাবের জন্য স্কুলে আসতে পারে না। সুতরাং তারা যাতে স্কুলে আসতে পারে এই সমস্ত বাধা অতিক্রম করে সেই ব্যবস্থা আপনাকে করতে হবে। আপনি এদের জন্য চিন্তা-ভাবনা করবেন। আমার সময় না থাকার জন্য আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[6-50—7-00 a.m.]

**শ্রীসমর মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শম্ভু মাণ্ডি মহাশয় আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, আমি মনে করি উনি অমঙ্গল মন্ত্রী। কেন একথা বলছি, প্রথম কথা যে আদিবাসী এবং তপশীলি জাতির জন্য আদিবাসীদের মধ্যে থেকেই মন্ত্রী নির্বাচিত করতে হবে একথা ভুল। কেন ভুল, আজ উনি মন্ত্রী হয়ে ও'র আগের কথা ভুলে গিয়ে নতুন জামা কাপড় পড়ে এই বিধানসভায় বসে আছেন। এই কি আদিবাসী মন্ত্রী। যে কথাটা বলার চেষ্টা করছি, আজকে ও'কে দেখে মনে হচ্ছে যেন মাননীয় মন্ত্রী মহাশয় এখান থেকে বিয়ে বাড়ী যাবেন। তাই জামাইয়ের মত বিধানসভায় এসে তিনি তাঁর বক্তব্য পেশ করেছেন। যে কথাটা বলতে চাই, আজকে তপশীলি জাতি এবং উপজাতিদের অবস্থাটা কি, উনি হয়ত জানেন, কিন্তু মন্ত্রী হয়ে বোধহয় সব ভুলে গেছেন। পশ্চিমবঙ্গে আমরা কি দেখতে পাচ্ছি ? আমরা দেখতে পাচ্ছি যে রিজার্ভ সিটস ফর সিডিউল কাষ্টস এ্যাণ্ড সিডিউল ট্রাইবস সেটা কোথায় ? সিডিউল কাষ্টস এ্যাণ্ড সিডিউল ট্রাইবসদের জন্য বিগত কংগ্রেস সরকারের সময়ে যে সুযোগগুলি হয়েছিল, তাঁরা যে অর্গানাইজড স্কুলগুলি তাঁদের জন্য করেছিলেন, মহামান্য শিক্ষামন্ত্রী সেই সমস্ত স্কুল থেকে আদিবাসী শিক্ষকদের সরিয়ে দিয়ে সে জায়গায় অন্যান্য সম্প্রদায়কে ঢুকিয়ে দিলেন। তপশীলি এবং আদিবাসীদের জন্য কোন চাকরীর ব্যবস্থা করলেন না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে মন্ত্রী হওয়ার জন্য মন্ত্রী নয়। আপনাদের যেটা দাবী সেটাকে দেখুন, আপনি যদি ভয় পেয়ে সে ব্যাপার না দেখেন তাহলে আপনার সমাজ আপনাকে ক্ষমা করবে না। মানুষ এবং 'কাল' আপনাকে ক্ষমা করবে না। আজকে যদি আদিবাষী গ্রামে যান তাহলে আপনাকে লজ্জায় মাথা হেঁট করতে হবে, কেন জানেন ? আজকে একটা তপশীলি জাতির বাড়ী গ্রামের শেষ দিকে, নগরের বাইরে, জঙ্গলের ধারে, যেখানে মানুষ যেতে পারে না। সেখানে আজকে কারা যাচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবং আমার স্ত্রী ফরসা, কিন্তু আমার স্ত্রীর গর্ভে যদি কাল একটা সন্তান হয় তাহলে কি হয় ? আজকে ঐ রকম আদিবাসীদের ক্ষুধার সুযোগ নিয়ে বামফ্রণ্ট সরকারের সি. পি. এম. গুণ্ডারা তাদের পেটে পয়দা করছে, সেই পয়দার দায়িত্ব নিতে হবে। মাণ্ডি মহাশয়, আপনি জানেন যে আদিবাসী সমাজ আজকে লালসার বস্তু নয়, তাদেরকে বাঁচাবার ব্যবস্থা করুন, তাদের বাঁচাবার জন্য মন্ত্রীসভার বিরুদ্ধে বিদ্রোহ করুন, আপনাদের দাবী আদায় করুন, না পারলে পদত্যাগ করুন। আজকে বামফ্রণ্ট মন্ত্রীসভার বাজেটে আমরা কি দেখতে পাচ্ছি ? তাতে আছে — সরকার কর্তৃক বিলিকরা জমির পাট্টাপ্রাপ্ত তফশীলি জাতি ও আদিবাসী ছোট চাষী ও প্রান্তিক চাষীদের মহাজনী শোষণের হাতে থেকে মুক্ত করে দারিদ্রসীমার ওপরে তোলার এক ব্যাপক পরিকল্পনা সরকার রূপায়ণ করে চলেছেন। তফশীলি জাতি ও আদিবাসী উন্নয়ন এবং বিওনিগম এই কর্মসূচী রূপায়ণে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। স্যার, লজ্জার কথা, ঘৃণার কথা আজকে তফশীলি জাতি ও আদিবাসী দের জমি তাদের সমস্ত পাট্টার সমস্ত দলিল পঞ্চায়েত সমিতির সদস্যদের হাতে আছে !

( নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা অধ্যক্ষ মহাশয়ের নির্দেশে তাঁহার আসন গ্রহণ করেন। )

**শ্রীসুভাষ নস্কর :** মিঃ স্পীকার স্যার, তফশীলি আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে ২/১টি কথা বলতে চাই। আজকে বিরোধীপক্ষের সদস্য শ্রীসমর মুখার্জী যে কথা বললেন, যে মাননীয় মন্ত্রী মহাশয়ের পোষাক দেখে তিনি তাজ্জব অবস্থায় দাঁড়িয়ে গেছেন। এই রকম অবস্থা। আদিবাসী, মেহনতী সমাজের মানুষদের কাজে কর্মে শিক্ষায় দীক্ষায় সর্বাঙ্গীন উন্নতি হোক এই কথাটা তাঁরা স্বপ্নেও কখন ভাবেননি, সেজন্যই মাননীয় মন্ত্রী মহাশয়ের পোষাক দেখে তিনি ঐ কথা বললেন। পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার আদিবাসীদের প্রত্যেককে খাস জমি দেবার চেষ্টা করছেন। যারা এতদিন ধরে আদিবাসীদের নির্যাতন করে এসেছেন, তারাই আজ বিরোধীপক্ষে বসে বড় বড় বুলি বলছেন।

আমি একটা কথা স্মরণ করিয়ে বলতে চাই বর্তমান চাষ মরসুমে, আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সেই বাসন্তী থানার বড়িয়া গ্রামে কংগ্রেসের সমর্থক চিত্ত নস্কর, ভোলা পাণ্ডে, কিনু কর এবং দুস্কৃতকারীরা গরীব আদিবাসী বর্গাদার চাষী নিতাই বৈরাগীর বাড়ী লুট করে। তারা বাড়ীর ভেতর ঢুকে ঘরের সমস্ত জিনিষ লুট করে নেয়। তা ছাড়া, তারা বাড়ী লুট করতে গিয়ে বন্দুক ব্যবহার করে এবং তাঁর স্ত্রী একাদশী বৈরাগীর উপর অত্যাচার করে এবং তাঁকে লাঞ্ছিত করে। শুধু তাই নয় স্যার, কংগ্রেসের পোষা গুণ্ডারা—যাদের বাড়িতে বন্দুক আছে—চড়বিদ্যা গ্রামে রেকর্ডেড আদিবাসী বর্গাদার তারুন সাউ-এর ২৪ বিঘা জমির ধান লুট করে এবং তাকে মারধোর করে রাস্তায় ফেলে দিয়ে যায়। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলবো ভেবেছিলাম তা আমি মাননীয় সমর মুখার্জীর বক্তব্যের প্রশ্নোত্তরে এই কথা বলতে বাধ্য হলাম। এখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটা কথা আমি বলতে চাই। পশ্চিমবাংলার যে সমস্ত অধিবাসী তফশীলি জাতি এবং উপজাতি বলি পরিচিত, এ ছাড়া আমরা দেখতে পাচ্ছি পেশাগত দিক দিয়ে, শিক্ষাগত দিক দিয়ে এই তফশীতি জাতি এবং উপজাতি বাদ দিয়ে এমন কিছু মানুষ বাস করেন তাঁদের যদি আমরা ব্যাকোয়ার্ড ক্লাসে অন্তর্ভুক্ত করি এবং তফশীলি জাতি এবং উপ-জাতির মত সুযোগ-সুবিধা দিতে পারি তাহলে সমাজের অবহেলিতের একটা বিরাট অংশ যে অবস্থার মধ্যে আছে তার থেকে তারা আরো মাথা তুলে দাঁড়াতে পারবে। সরকারীভাবে অনুন্নত শ্রেণীর জন্য কর্ম সংস্থানের ব্যাপারে যে সুযোগ আছে—১৫ যুক্ত ৫ অর্থাৎ ২০ শতাংশ রিজার্ভ করা আছে সেটা যাতে লঙ্ঘিত না হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সরকারী আমলাতান্ত্রিক কায়দায় কিছু কিছু ক্ষেত্রে তারা বঞ্চিত হচ্ছে। সর্বশেষে আর একটা কথা বলতে চাই, ১৯৫৩ সালে কাকা সাহেব কারলাল কারের চেয়ারম্যান সিপে ফাষ্ট ব্যাকোয়ার্ড ক্লাস কমিশন গঠিত হয় এবং সেটা ১৯৫৫ সালে রেকমেনডেসান পায়। ১৯৬২ সালে তদানিন্তন কংগ্রেস সরকার ১০টি রাজ্যে এই অনুন্নত শ্রেণীর সুযোগ-সুবিধা তুলে দেন এবং ১৯৬২ সালে পশ্চিমবঙ্গের অনুন্নত সম্প্রদায়কে এইভাবে সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হয়। পরবর্তী কালে সেকেণ্ড ব্যাকোয়ার্ড ক্লাস কমিশন ১৯৬৯ সালে ফাষ্ট জানুয়ারী বি. পি. মণ্ডলের চেয়ারম্যান সিপে গঠিত হয় এবং সেই অনুন্নতর সম্প্রদায়ে কথা

পারমানেণ্টে উল্লেখ করা হয় ৩০শে এপ্রিল ১৯৮২ সালে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে ভারতবর্ষের মত অনুন্নত রাজ্যে যদি এটা ঠিকভাবে পালিত না হয় তাহলে তাদের বঞ্চিত করা হবে। পশ্চিমবাংলার মত রাজ্যে যেখানে গরীব আদিবাসীর সংখ্যা বেশী, যেখানে অনুন্নত শ্রেণীর সংখ্যা বেশী, সেখানে তাদের উপর যাতে এই আইনটা জারী করা হয় এবং ১৯৬২ সালে তদানিন্তন কংগ্রেস সরকার যেটা বানচাল করেছিল, সে সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করেছিল সেই সুযোগ-সুবিধা পুনরায় ফিরিয়ে দেওয়া যায় তার জন্য আমি মাননীয় আদিবাসী মঙ্গল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটা কথা উল্লেখ করতে চাই। আদিবাসী ছাত্র-ছাত্রীরা যে হোস্টেলে পড়াশোনা করে, সেখানে হোস্টেল গ্রান্টগুলি এতো দেরীতে পৌঁছায় যে অনেক সময় তাদের স্কুল ছেড়ে চলে যেতে হয়। কারণ আর্থিক দিক থেকে তারা খুবই সংগতিহীন। বেশ কিছু পরে সেই ষ্টাইফেনগুলি আসে। অনেক স্কুল কর্তৃপক্ষ আগাম টাকা দাবী করেন বা স্কুলের মাইনে-পত্র আদায় করার চেষ্টা করেন। সময় মত যাতে সেই সিডিউইল কাষ্ট এবং সিডিউইল ট্রাইবদের হোস্টেল গ্রান্টগুলি এবং নন-হোস্টেলের ছেলেদের ভাতাগুলি সময়মত পৌঁছায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-00—7-10 p.m.]

**শ্রীত্রিলোচন মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তপসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। আমি কয়েকটি উপেক্ষিত ঘটনার কথা প্রথমে তাঁর কাছে তুলে ধরতে চাই, অন্ততঃপক্ষে কোথায় তারা বাধা পাচ্ছে সেগুলির কথা। আমার এলাকা অর্থাৎ রামপুরহাট বুক ২ বীরভূমের অন্তর্গত, সেখানে ১৯৭৭ সালে একটি রেশম বয়ন শিল্প প্রতিষ্ঠিত হয়েছিল। উক্ত প্রতিষ্ঠানকে স্টেট থেকে কিছু টাকা সিড মানি হিসাবে দেওয়া হয়েছিল, টাকার পরিমাণ ছিল ৫০ হাজার টাকা। বীরভূমের সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে এই টাকা দেওয়া হয়েছিল। ঐ কো-অপারেটিভ প্রতিষ্ঠানে মেম্বারের সংখ্যা ৫০। এক একটা রেশম বয়ন শিল্প অন্ততঃ পক্ষে ৫,০০০ হাজার টাকার কমে চলতে পারে না। উক্ত প্রতিষ্ঠানের মেম্বার সংখ্যা ৫০, সেইহেতু আমরা বারবার করে উক্ত দেয় টাকা বাড়াবার জন্য আবেদন করেছিলাম। কিন্তু কোন ফল হয় নি। শেষকালে রাইটার্স বিল্ডিংসে অবস্থিত সিডিউল্ড কাস্টদের সাহায্যকারী প্রতিষ্ঠান ফাইন্যান্স কর্পোরেশানের কাছে দরখাস্ত করেছিলাম। সেখান থেকে ১,০০,০০০ টাকা মঞ্জুর হয়েছিল। এজন্য আমরা উক্ত ফাইন্যান্স কর্পোরেশানের যে সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে, সেখানে ১৮ হাজার টাকা জমা দিই। দুর্ভাগ্যের কথা, দু'বছর অতিবাহিত হয়ে গেল, আমরা বলেছিলাম—টাকাটা দিন। উত্তরে তারা আজ না কাল হবে বলে নানা অছিলা চালিয়ে যাচ্ছিল। শেষকালে সেণ্ট্রাল ফিনান্স কর্পোরেশান কিছু টাকা দিয়েছিলেন। ওঁরা সমিতির কাছে ছুটে এসে বললেন, ভাই তোমরা তোমাদের এম, এল, এ, কে বল তিনি যেন টাকাটা উঠিয়ে নেন। এই তো

হচ্ছে অফিসারদের কৃতিত্ব। এটা কি করে হয়? গোটা পশ্চিমবাংলাতে তপসিল জাতি সংগঠিত কো-অপারেটিভ হচ্ছে একটি এবং তা হচ্ছে এটা। সেই একটাতেই এই অবস্থা। সুতরাং আরও কো-অপারেটিভ কি করে হবে? এরজন্য সরকার ও মাননীয় মন্ত্রীমহাশয় কি সে কথা চিন্তা করে দেখেছেন? কো-অপারেটিভের সিডিউল্ড কাস্ট সদস্যরা চাঁদার পয়সা যোগাড় করতে পারেন না এবং এ কারণে তাঁরা কো-অপারেটিভ নতুন করে তৈরী করতে পারছেন না। সরকার এবং মন্ত্রীমহাশয় কি তার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করছেন? এখানে আমার মনে হয় ব্যবস্থা হওয়া উচিত যে সিডিউল্ড কাস্ট ও ট্রাইবস্‌রা কোন কো-অপারেটিভ গঠন করলে, তাদের সত্যিকারের উন্নতি করতে হলে ফিনান্স কর্পোরেশন থেকে যেখানে যেমন প্রয়োজন সেইমত টাকা দেওয়ার ব্যবস্থা থাকা উচিত। বর্গাদার এবং পাট্টাহোল্ডারদের জন্য বলব তাঁদের জন্য সোস্যাল কম্পোনেণ্ট স্কীম তৈরী করা হয়েছে। এর ফলে যারা এতদিন পর্যন্ত চিন্তা করতে পারত না গরু, সার কেনার জন্য এবং চাষের কাজে টাকা তারা পাবে, তা পাচ্ছে। আমি এরজন্য ধন্যবাদ জানাই, এটা খুব সুন্দর হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কতকগুলি জোতদার হাইকোর্টে কেস দাখিল করেছে, কোন ইনজাংশন সেখান থেকে জারী হয় নি, তৎসত্ত্বেও যেহেতু কোর্টে কেস দাখিল হয়েছে, সেজন্য কো-অপারেটিভ তাদের কোন টাকা দিচ্ছে না। এই তো হচ্ছে বিভিন্ন ঘটনা। এছাড়া যারা কম জমির মালিক ১, ১৷৷, ৩ বিঘা জমির মালিক তারাও কো-অপারেটিভে যোগ দিচ্ছে না। এই সমস্ত কৃষকদের অবিলম্বে এর আওতায় আনা উচিত। আমি স্টেট সিডিউল্ড ট্রাইবস কো-অপারেটিভ ও ডিস্ট্রিক্ট এও আমি মেম্বার। সেখানে স্টেট থেকে ও সেণ্ট্রাল থেকে টাকা দেওয়া হয়। গতবারে আমি বিভিন্ন ব্লকে প্রায় ৩০,৪০,৫০ হাজার টাকা দিয়েছিলাম, সেই সঙ্গে একটা স্কীমও করে পাঠিয়েছিলাম যে উক্ত টাকার কিছু পরিমাণ যেন অন্ততঃ স্যালো উবওয়েল বসানোর কাজে ব্যবস্থা করা হয়। কারণ এতে কিছু কৃষকের উপকার হবে। এরফলে চাষের সময়ে অনেক চাষী জল পাবে। এটা কোন ব্লকে এখনও হয়েছে কিনা আমার জানা নেই। টাকাগুলো অন্য খাতে ব্যয় করা হয়েছে। আমার ব্লকের ব্যাপারে জানি, সেখানে জলনিকাশের জন্য খরচ করা হয়েছে। অথচ সেখানে জলনিকাশের বাস্তব কোন ব্যবস্থা আজও হয় নি। বিডিও কে আমি এই ব্যাপারে জিজ্ঞাসা করেছিলাম, ৩ বছর হয়ে গেছে, কি করেছেন আপনারা, ঐ স্কীম বাবদ কি ভাবে খরচা করেছেন? জিজ্ঞাসা করেছিলাম, আপনার দপ্তরের ইঞ্জিনিয়ারের স্কীমকে সাকসেস্‌ফুল করার জন্য কি ব্যবস্থা করেছেন? কোন উত্তর পাই নি। এইভাবে সর্বত্র কাজ চলছে। মন্ত্রীমহাশয়ের কাছে জিজ্ঞাসা, এর জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? গ্রামাঞ্চলে বাড়ী তৈরী হচ্ছে, এই পরিপ্রেক্ষিতে পঞ্চায়েতের একজন কর্মচারী আমাকে জানিয়েছিলেন আগেকার সেক্রেটারী চক্রান্ত করে এইসব করে গিয়েছেন। সিডিউল্ড কাস্ট বর্গাদার ও পাট্টা হোল্ডারদের জন্য যে সমস্ত ইঁদারা করার জন্য বরাদ্দ ছিল সে সম্বন্ধে বি. ডি. ও. কে জিজ্ঞাসা করেছিলাম কারা কারা এই ব্যাপারে টাকা পেয়েছেন লিস্টটা দিন তো। তিনি দেখাতে পারেন নি। আমি মনে করি মন্ত্রীমহাশয়ের উচিত এই বিষয় তদন্ত করে আশু বিহিত ব্যবস্থা গ্রহণ করা। শিক্ষার জন্য অনেক টাকা পয়সা ব্যয় করা

হচ্ছে। আমার একটা এলাকা আছে, ট্রাইবাল এলাকা যেটা আই. টি. ডি. পি.-র মধ্যে নেই, সেটা পশ্চিমবাংলা বিহার সংলগ্ন এলাকা।

নলহাটি থানার পশ্চিমাংশ বিহার সংলগ্ন ব্রহ্মা নদীর ধার থেকে একেবারে নলহাটি থানার সুলতানগঞ্জ পর্যন্ত ব্যাপক এলাকা সিডিউল কাস্টের। এই এলাকা আই. পি. ডি. পি. এলাকা নয়। এখনো পর্যন্ত এখানে কোন কাজ হয় নি। পঞ্চায়েত থেকে কোন রাস্তাঘাট তৈরীর ব্যবস্থা করা হয় নি। এই অবস্থায় আমাকে ডিস্ট্রিক্ট কমিটিতে ডেকে এর ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করেছিল। এখানে অনেকগুলি পুকুর আছে, নালা আছে, বিল আছে সেগুলি সংস্কার করার পরে চাষের ব্যবস্থা হতে পারতো কিন্তু তার কোন ব্যবস্থা নেওয়া হয় নি। অন্য কি একটা করছেন তারজন্য টাকা খরচ করা হচ্ছে কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। ১৯৭৭ সালে নোরো থানার ভোরপুর গ্রামে ১০ হাজার টাকার স্যাংসন হয়েছে কিন্তু এখনো পর্যন্ত সেই টাকা খরচ হল না। আমার আরো কিছু বলার ছিল। শিক্ষার ব্যাপারে আমার কিছু বলার আছে। এখানকার ইস্কুলগুলির বোর্ডিং তৈরী করার জন্য বরাদ্দ হয়েছে কিন্তু এখনো পর্যন্ত টাকা পাওয়া যায় নি। সেইজন্য ছেলেদের কাছ থেকে টাকা দাবী করা হয়। তাদের বলা হয় তোমরা যদি টাকা না দাও তাহলে পড়তে দেওয়া হবে না। সুতরাং সমস্ত ব্যাপারে টাকা যাতে ঠিক সময় মত যায় এবং ঠিকমত যাতে ছেলেমেয়েরা পড়াশুনো করতে পারে তার ব্যবস্থা করবেন। আমার আরো কিছু বলার ছিল কিন্তু সময়ের অভাবে বলতে পারলাম না। এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহিমাংশু কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তপশিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ শম্ভু মাণ্ডি যে বাজেট রেখেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। এটা খুবই দুঃখের কথা যে স্বাধীনতার পরেও ৩৫ বছর পার হয়ে গেছে কিন্তু তবু আমাদের একটি বিশেষ সম্প্রদায়ের উন্নতির জন্য আমাদের পৃথকভাবে চিন্তা করতে হচ্ছে। এটাই খুবই বাস্তব সম্মত কথা যে ধনবাদী ব্যবস্থাতে যে ধরনের ব্যবস্থা থাকে সেই ব্যবস্থা এখনো পর্যন্ত আছে। সারা ভারতবর্ষের মধ্যে বুর্জোয়া জমিদারী ব্যবস্থা রয়েছে। যারা ক্ষমতায় বসে আছেন তারা তাদের স্বার্থের উপযোগী করে মানুষ যাতে সংঘবদ্ধ না হতে পারে এবং জনগণ যাতে পরস্পর পরস্পরের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত থাকতে পারে সেই করণেই এই ধরনের কায়েমি ব্যবস্থা রেখেছেন। ভারত বিখ্যাত দার্শনিক তিনি একটি মন্তব্য করেছিলেন—রিলিজিয়ার ইজ দি অপিনিয়ন অফ দি মাসেস। কার্ল মার্কস এই মন্তব্য করেছিলেন। সমস্ত মানব জাতি যারা এই ধনবাদ ব্যবস্থার মধ্যে বাস করছে তারা যাতে সুন্দরভাবে বাস করতে না পারে এবং পরস্পর পরস্পরের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত থাকে তারজন্য এই ব্যবস্থা কায়েম করেছেন। আজকের দিনে তাই মনে হচ্ছে কেন এই ব্যবস্থা। আজকে মুখার্জী বাবু যে কথা বললেন যে আদিবাসী মন্ত্রী যে পোষাক পরিচ্ছদ পড়েছেন তা দৃষ্টিকটু ঠেকেছে সেটা ঠিকই বলেছেন। কারণ তার মধ্যে অত্যন্ত ব্যাঙ্গের কারণ আছে। এটাই খুবই সত্যি কথা যে চিরদিন ধরে বা যুগযুগ ধরে উচ্চ বর্ণের মানুষেরা সর্বদা নীচু শ্রেণীকে অবহেলার চোখে দেখেছেন। তাদের ছোঁয়া খেতেন না, ইত্যাদি। এখন তারাই

দেখছেন যে এই সমস্ত নীচু শ্রেণীর জীবন যাত্রার আজকে উন্নতি হচ্ছে, তারা প্রতিষ্ঠি হচ্ছে। তাদের এই শ্রীবৃদ্ধি দেখে তারা আতংকিত হয়ে পড়েছেন। তাই আজকে এ বিধানসভায় দাঁড়িয়ে তারা যে চরিত্রের বিকাশ ঘটিয়ে গেলেন তা খুব আনন্দদায়ক বলে মনে হয় না। এই বাজেটকে সমর্থন করে কতকগুলি কথা আমি বলতে চাই—আমি কতকগুলি উপাদান এতে লক্ষ্য করেছি। ১৯৭৬ সালে যে বাজেট রাখা হয়েছিল সেই বাজেটে প্রায় সাড়ে ৪ কোটি টাকা ধরা হয়েছিল। আমাদের দপ্তরের মন্ত্রী শম্ভু-বাবু যে বাজেট রেখেছেন তাতে প্রায় সাড়ে তিন শত কোটি টাকা ধরা হয়েছে। সমস্ত মানুষের কল্যাণের দিকে লক্ষ্য রেখে এই কাজ করা হয়েছে। আগে সিডিউল কাস্টদের জাতি অল্প ছেলেমেয়েদের স্টাইপেণ্ড দেওয়া হোত তাও আবার সবারক্ষেত্রে দেওয়া হোত না। এখন সেখানে এই স্টাইপেণ্ড ব্যাপকভাবে এবং মোটামুটিভাবে প্রয়োজন অনুযায়ী দেওয়া হচ্ছে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করে দু একটি কথা বলতে চাই। এই দীর্ঘ ৫ বছর ধরে পশ্চিম-বঙ্গের বামফ্রণ্ট সরকার তপশীলি জাতি এবং আদিবাসীদের উন্নতি করার ব্যবস্থা করেছেন। কিন্তু কংগ্রেসীরা দীর্ঘ ৩০ বছর ধরেও সেই কাজ করতে পারেন নি। আজকে এই দীর্ঘ ৩০ বছর ধরে তাঁরা গরীবকে আরো গরীব করেছেন এবং বড়লোককে আরো বড়লোক করেছেন।

[7-10—7-20 p.m.]

এই কাজ ওরা ৩০ বছর ধরে করেন নি। জমি বিলির পরিসংখ্যান থেকে এটা প্রমাণ হয় কোন সরকার কত জমি বিলি করেছেন গরিবের মধ্যে। সেজন্য যে বাজেট এসেছে তাকে সমর্থন করছি। তবে একটু লক্ষ্য রাখা দরকার যে সমস্ত নলকূপগুলি হয় সেগুলি গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে আদিবাসী ও তপশীলি এলাকার মধ্যে যাতে ব্যাপকভাবে হয়। এই কথা বলে মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়ে তাঁর এই বাজেটকে সমর্থন করছি।

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রত দাদাদের দল আদিবাসী এবং তপশীলি মানুষদের জন্য কিছু হয় তা তাঁরা চান না। রাজেশ খান্নার মত মুখার্জি-বাবু অনেক দুঃখ কষ্টের কথা বললেন। এর জন্য দায়ী কে? দায়ী আমি নই। বিগত ৩০ বছর আপনারাই রাজত্ব করেছেন এবং চিরদিনই ওদের অভ্যাস এই সব আদিবাসী, তপশীলি গরিব মানুষদের শোষন করে নিজেদের সম্পদ বাড়ানো। গরু, ছাগলের মত এদের দেখতেন। চিরদিন আদিবাসীদের উলঙ্গ দেখতে অভ্যস্ত এবং এখন তারা পাঞ্জাবী পরছে সেটা তাঁদের ভালো লাগছে না। বীরেনবাবু একই কথা বললেন। আমরা সেই হিসেবে সোসালি, এডুকেশনালি, একোনমিক্যালি, ইভিন পলিটিক্যালি কনসাস যাতে তারা হয় সে ব্যবস্থা করছি। বামফ্রণ্ট সরকার তাদের প্রতি কতটা গুরুত্ব দিয়েছেন সেটা আপনারা বুঝতে পারছেন। ১৯৭৭ সালে একজন স্টেট মিনিষ্টার হয়—তার আগে কোন গুরুত্ব দেওয়া হয়নি। এখন একটা ফুল-ফ্লেজেড

ডিপার্টমেণ্ট করেছি এবং এই বিভাগে আগে কোন সেক্রেটারী ছিলেন না যা আমরা করেছি। ১৯৭৭ সালে যেখানে বাজেটে ছিল ৩ কোটি টাকা, এখন বাজেট ৩১ কোটি টাকার মতন। বিগত বছরে যা হয়েছিল বা এখন আমরা কি কি করছি তার কয়েকটি তথ্য আপনাদের সামনে দিচ্ছি। এডুকেশানে এবার আমরা নূতন করে প্রোজেক্ট অফিসার নিয়োগ করেছি। ১২টা জেলায় যেখানে ইংসপেক্টার ছিল ৯৯ জন, এখন ৩৯১টা করেছি। সোসাল ওয়ার্কার আমরা ১৫৫ জন করেছি। এডুকেশানে ১লক্ষ ৮৪ হাজারের মত ছিল, এখন সেখানে প্রিম্যাট্রিকে ৩ লক্ষ ৩২ হাজার ৪৫০ জন আছে। বুক গ্রাণ্ট ৩ লক্ষ ৩২ হাজার ৪৫০ জন পেয়েছে—আগে ৫৮ জন পেত। হোস্টেলের চার্জ ছিল ১২ হাজারের মত তাতে ৪৫।৫০ টাকা মাত্র দেওয়া হোত, এখন সেখানে ৩৮ হাজার ২৫৬ জন ছেলে পাচ্ছে—অর্থাৎ মাসে ৭৫ টাকা করে ১২ মাস তারা পাচ্ছে। মাসে ৭৫ টাকা করে তারা ১২ মাসের হোস্টেল রেণ্ট পাচ্ছে। মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজে যেসব ছেলে-মেয়ে পড়ে সেইসব ছেলে-মেয়েদের বই এর জন্য বুক ব্যাঙ্কে ৭২ সেট বই আছে, সেখানে ৫৫৩ মত পোষ্ট গ্রাজুয়েট ছেলেমেয়ে পোষ্ট গ্র্যাজুয়েট মেডিকেল, পোষ্ট গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পাচ্ছে। আমরা ৫ বছরে ২১৮টির মত হোস্টেল তৈরী করে দিয়েছি। আশ্রম হোস্টেল আগে ৫৩টি ছিল, আমরা সেখানে ১১৯টা করে দিয়েছি। ইকনমিক উন্নতির জন্য আপনাদের সময়ে টি. সি. পি. সি. যেখানে ছিল ৪৮টা, সেখানে আমাদের সময়ে হয়েছে ৭৬টা; আগে যেখানে ৭৪০ জন ছেলে উপকৃত হত আজকে সেখানে ১৩শো উপকৃত হচ্ছে। টি ডি. সি. সি.-তে যেখানে করাপশান হচ্ছে বলছেন একটু নজর দিয়ে সেটা যাতে না হয় তারজন্য চেষ্টা করব। টি. ডি. সি. সি. যেটা ল্যাম্প আগে ছিল ৩৪, এখন ৬৬ হয়েছে। আগে যেখানে ২৫ হাজার ম্যানডেজ হত আজকে সেখানে ১০ লক্ষ ৫০ হাজার ম্যানডেজ হয়েছে। আগে যেখানে মাত্র ১ লক্ষ টাকা ইনভেস্ট করা হয়েছিল এখন সেখানে ৬৬ লক্ষ ১৯ হাজার টাকা ইনভেস্ট করা হচ্ছে। জমির ব্যাপারে একটা প্রবলেম আছে আপনারা সকলেই জানেন। আদিবাসীদের তফশিলী জাতি নিরক্ষরতার সুযোগ নিয়ে মহাজন জোতদাররা আপনাদের মত লোকেরা সব শেষ করে দিয়েছিল, এই সরকার আসার পর সেখানে ল্যাণ্ড রিফর্মের মাধ্যমে ৭ লক্ষ ৭৪ হাজার ২২১ জন ভূমিহীনকে পাট্টা দেওয়া হয়েছে। বর্গাদার রেকর্ডভুক্ত হয়েছে ৯ লক্ষ ৭৮ হাজার ৬২৯। যাদের কোন ঘর-বাড়ী করবার জমি নেই সেখানে তাদের হোমস্টেড ল্যান্ড দেওয়া হয়েছে ৮১ হাজার ৭৫৮ জনকে। যারা রেকর্ডেড বর্গাদার, পাট্টা হোল্ডার তাদের ৫০০ টাকা করে ফাইনান্স কর্পোরেশান থেকে সাহায্য দেওয়া হচ্ছে। আমরা ১ লক্ষ ৩২ হাজার ৮৭৬ জনকে ৫০০ টাকা করে সাহায্য দিয়েছি যারা সোসিয়্যালি, ইকনমিক্যালি, এডুকেশান্যালি এণ্ড ইভেন পলিটিক্যালি ব্যাকওয়ার্ড। সোসাল সাংস্কৃতিক অনুষ্ঠানে যাতে আমাদের ছেলেরা মা-বোনেরা আসতে পারে সেজন্য ৩৫০টি অর্গানাইজেসানকে আর্থিক সাহায্য আমরা দিয়েছি। ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টে বামফ্রণ্ট আসার পর বর্তমানে ঝাড়গ্রামে আমরা যে আদিবাসী কালচারাল সেণ্টার করেছি তারা সারা পশ্চিমবঙ্গে যাচ্ছে, আপনারা যদি নিমন্ত্রণ করেন তারা যাবে, আপনাদের খুব ভাল লাগবে। এছাড়া মানিটারি রিলিফ টু ইণ্টার-কাস্ট ম্যারেজ, যেখানে ইণ্টার-কাস্ট

ম্যারেজ হচ্ছে, সিডিউলড কাস্টের বিয়ে হচ্ছে, সেই রকম ১৬টি দম্পতিকে আর্থি সাহায্য দিয়েছি। অস্পৃশ্যতা দূরীকরণের জন্য পদক্ষেপ নিয়েছি। আমাদের একা কমিটি হয়েছে, তারজন্য গাড়ী কিনেছি, যাতে অস্পৃশ্যতা না হয় তারজন্য ব্যব নিয়েছি, কাজ হচ্ছে, সেসব খবর আপনারা নেবেন।

[ 7-20—7-30 p.m.]

তাছাড়া গত ৫ বছর ধরে প্রতিদিন সকালে কাগজ খুলেই দেখতে পাচ্ছি বিহার উড়িষ্যা থেকে সুরু করে অনেক কংগ্রেসী রাজত্বেই আদিবাসী মহিলারা ধর্ষিতা হচ্ছে খুন হচ্ছে। কিন্তু সুখের কথা আমাদের এখানে সেই জিনিষ হচ্ছে না। আমরা আদিবাসী এবং তপশীলদের অধিকার সম্বন্ধে সচেতন এবং আপনারা যদি আমাদে সাহায্য করেন তাহলে আমরা আরও এগিয়ে যেতে পারব। বিরোধীপক্ষের তরফ থেকে আপনারা যে বিরোধিতা করলেন এতে আমার খুব দুঃখ লাগল। আমি গ্রামে গিয়ে বলব সুব্রতবাবু আমাদের এই সমস্ত ভাল ভাল জিনিসের বিরোধিতা করেছেন আমি এই কয়টি কথা বলে কাটমোসনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**Demand No. 45**

The motion of Dr. Sambhu Nath Mandi that a sum of Rs. 30,76,38,00( be granted for expenditure under Demand No. 45, Major Heads : "288-Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), "488-Capital outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)" and "688-Loans for Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)", was then put and agreed to.

**শ্রীসুমন্ত হীরা:** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার। মাননীয় সদস্য সমরবাবু আমাদের মন্ত্রী শম্ভু মাণ্ডিকে উদ্দেশ্য করে বলেছেন, উনি যেরকম ধুতি এবং পাঞ্জাবী পরে এসেছেন তাতে উনি তপশীল জাতি এবং উপজাতিদের কথা ভুলে গেছেন। আমি মনে করি সমরবাবু একথা বলে মন্ত্রীমহাশয়কে অপমান করেছেন। আমার দাবী হচ্ছে তাঁকে একথা প্রত্যাহার করতে হবে এবং এই কথাগুলি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করতে হবে।

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় সদস্য একটা বোকা বোকা কথা বললেন। কোন রুলে আছে যে, পরিষ্কার জামা কাপড়ের কথা বললেই সেটা এক্সপাঞ্জ করতে হবে।

**শ্রীফনী ভূষণ রায়:** সমরবাবু বলেছেন উনি যে ধরণের জামা, কাপড় পরে এসেছেন তাঁর কমিউনিটির প্রতিটি লোক সেই ধরণের জামা, কাপড় পরতে পারে কি?

**শ্রীদেবী বসু:** এর পর সমরবাবু হয়ত বলবেন যেহেতু উনি দাঁত মেজে এসেছেন সেহেতু উনি আদিবাসী নন। নবদ্বীপের লোক একে বলে রসখ্যাপা বলে।

**শ্রীদীনেশ ডাকুয়া :** স্যার উনি বলতে চাচ্ছেন তপশীল এবং আদিবাসীরা যেন জামা, কাপড় পরে না, এখনও যেন তারা সেই রকম অবস্থায় রয়েছে — অর্থাৎ নগ্ন অবস্থায় রয়েছে। আমি মনে করি তিনি একথা বলে শুধু মন্ত্রীকেই নয়, গোটা তপশীল এবং আদিবাসী সম্প্রদায়কে অপমান করেছেন। বিধানসভায় এই ধরণের কথা ব্যবহার করা চলে না এবং আমি দাবী করছি, একটি বিশেষ সম্প্রদায় সম্বন্ধে এই যে অশালীন উক্তি করা হয়েছে এটা বিধানসভার কার্য বিবরণী থেকে বাদ দেওয়া হোক।

**শ্রীউপেন্দ্র কিসকু :** মিঃ স্পীকার স্যার, বিরোধী দলের মাননীয় সদস্য পোষাক নিয়ে যেভাবে কথা বললেন তাতে আমি তাঁকে এই কথা বলতে পারি যে তিনি যেভাবে দীর্ঘ দিন ধরে তপশীলি জাতি এবং উপজাতি শ্রেণীকে যে চোখে দেখে এসেছেন, আজকে এই রকম পোষাক দেখে তিনি আশ্চর্য হচ্ছেন। পুরানো উন্নত জাতের গর্ব এখনও তার আছে এবং সেই রক্ত এখনও তার ধমনীতে বইছে। আমি মনে করি এই কথা বলে তিনি সমগ্র তপশীলি জাতি এবং তপশীলি উপজাতীদের অপমান করা হয়েছে। এই কথা ওনাকে প্রত্যাহার করতে হবে।

**মিঃ স্পীকার :** আমি মাননীয় সদস্যদের আবার অনুরোধ করছি যে এই রকম বক্তব্য এখানে না রাখাই ভাল। মাননীয় সদস্যরা এখানে এসেছেন দেশের কাজ করার জন্য। এই রকম কথা অযথা বলে, অযথা অশান্তি সৃষ্টি করে লাভ কি।

**শ্রীসুব্রত মুখার্জী :** স্যার, ব্যাপারটা ঘুরিয়ে দেখা হচ্ছে। আমি পয়েণ্ট অব অর্ডারের উপর বলছি। স্যার আপনি আলোচনাটা শুনেছেন। এটা কাউকে বা কোন গোষ্ঠীকে কটাক্ষ করা হয়নি। উনি বলেছেন উনি সাদা পাঞ্জাবী পাজামা পরে এখানে এসে সেই গরীব মানুষদের কথা উনি ভুলে গেছেন। এই বক্তব্য যেটা উনি রেখেছেন তাতে তপশীলি জাতি এবং উপজাতিদের পক্ষেই রেখেছেন। অপোজিসন মাষ্ট অপোজ। উনি যেটা রিপ্রেজেণ্ট করছেন, সেটা ঠিক নয়। এই কটাক্ষ ঠিক নয়। হি সজ রিপ্রেজেন্টিং সাচ এ ক্লাস যারা দীর্ঘ দিন ধরে অবহেলিত হয়ে আছে। তাদের সম্বন্ধে সকলেরই সহানুভূতি আছে। ঐ কথা বলার জন্য তাদের প্রতি অবমাননা করা হয়নি। আলবাত সে এই রকম বলতে পারে এবং বলবে।

**শ্রীরাম চ্যাটার্জি :** মাননীয় সুব্রতবাবু যে এখানে এসেছেন, উনি পৈতা কানে দিয়ে উড়ুনি গায়ে দিয়ে কি এসেছেন ? উনি ধুতি পাঞ্জাবী পরে এসেছেন। আদিবাসীদের দেখে এত কেন কটাক্ষ। সেদিন আর নেই। এইভাবে ওঁদের বলাটা ঠিক হয়নি।

(At this stage Gullotive bell was rung)

**Demand No. 1**

Major Heads : 211—State Legislatures

**Shri Patit Paban Pathak :** Sir, on the recommendation of the Govornor, I beg to move that a sum of Rs. 1,10,26,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "211-State Legislatures".

The motion was then put and agreed to.

[7-30—7-40 p.m. ]

**Demand No. 5**

Major Head : 215—Elections

**Shri Santiranjan Ghatak :** Sir, with your permission, on the recom mendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,74,64,000 b granted for expenditure under Demand No. 5, Major Head : "215—Election".

(This is inclusive of a total sum of Rs, 4,74,03,000 already voted oı account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 6**

Major Head : 220—Collection of Taxes on Income and Expenditure

**Shri Shanti Ranjan Ghatak** : Sir, with your permission, on the re commendation of the Governor, I beg to move that a sum of Rs. 54,12,000 b granted for expenditure under Demand No. 6, Major Head : "220—Collectioı of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs. 26,50,000 already voted oı account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 9**

Major Head : 235—Collection of Other Taxes on Property and Capita Transactions.

**Shri Santi Ranjan Ghatak** : Sir, with your permission, on the re commendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,76,000 b granted for expenditure under Demand No. 9, Major Head : "235—Collectioı of Other Taxes of Property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 2,30,000 already voted oı account in March and June, 1282.)

The motion was then put and agreed to.

**Demand No. 11**

Major Head : 240—Sales Tax

**Shri Santi Ranjan Ghatak** : Sir, with your permission, on the re commendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,15,10,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240—Sales Tax".

(This is inclusive of a total sum of Rs. 2,10,00,000 already voted on account in March and June, 1982. )

The motion was then put and agreed to.

**Demand No. 13**

Major Head : 245—Other Taxes and Duties on Commodities and Services

**Shri Shanti Ranjan Ghatak** : Sir. with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,79,89,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "245—Other Taxes and Duties on Commodities and Services."

(This is inclusive of a total sum of Rs. 1,36,50,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 14**

Major Head : 247—Other Fiscal Services

**Shri Santi Ranjan Ghatak** : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,24,57,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "257—Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs. 62,20,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 16**

Major Head : 249—Interest Payments

**Shri Santi Ranjan Ghatak** : Sir, with your permission, on recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,02,000 be granted for expenditure under Demand No. 16, Major Head "249—Interest Payments."

(This is inclusive of a total sum of Rs, 50,02,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 20**

Major Head : 254—Treasury and Accounts Administration

**Shri Santi Ranjan Ghatak** : Sir, with recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,51,65,000 be granted for expenditure under Demand No. 20, Major Head "254—Treasury and Accounts Administration."

The motion was then put and agreed to.

**Demand No. 22**

Major Head : 256—Jails

Shri **Debabrata Bandyopadhyay** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,31,37,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "256—Jails"

The motion was then put and agreed to.

**Demand No. 27**

Major Head : 265—Other Administrative Services

**Shri Ram Chatterjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,25,99,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : "256—Other Administrative Services."

The motion was then put and agreed to.

**Demand No. 28**

Major Head : 266—Pensions aud other Retirement benefits

**Shri Santi Ranjan Ghatak :** With your permission on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,33,81,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "266—Pensions and other Retirement benefits".

The motion was then put and agreed to.

**Demand No. 30**

Major Head : 268—Miscellaneous General Services

**Shri Santi Ranjan Ghatak :** With your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,11,70,000 be granted for expenditure under Demand No. 30, Major Head : "268—Miscellaneous General Services".

The motion was then put and agreed to.

**Demand No. 32**

Major Head : 277—Education (Sports)

**Shri Santi Ranjan Ghatak :** Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,03,23,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "277—Education (Sports)".

(This is instead of a total sum of Rs. 2,55,18,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

[7-40—7-52 p.m.]

**Demand No. 33**

Major Head : 277—Education ( Youth Welfare)

**Shri Santi Ranjan Ghatak :** Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,48,04,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "277—Education (Youth Welfare.)".

(This is inclusive of a total sum of Rs. 2,56,22,00 already voted on account in March and June, 1982. )

The motion was then put and agreed to.

**Demand No. 44**

Major Heads : 288—Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates), 488—Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), and 688—Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons).

**Shri Amritendu Mukherjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,32,96,000 be granted for expenditure under Demand No. 44, Major Heads : "288—Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates), 488—Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), and 688—Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons)".

(This is inclusive of a total sum of Rs. 5,61,56,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 48**

Major Heads : 295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services.

**Shri Santi Ghatak :** Sir, with your permission on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,54,71,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads "295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services".

(This is inclusive of a total sum of Rs. 1,53,50,000 already voted on account in March and June, 1982)

The motiou was then put and agreed to.

**Demand No. 49**

Major Head : 296—Secretariat—Economic Services

**Sri Santi Ranjan Ghatak :** Sir, with your permission and on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,89,45,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : 296—Secretariat-Economic Services.

(This inclusive of a total sum of Rs. 2,10,82,000 already voted on account in March and June, 1982)

The motion was then put and agreed to.

**Demand No. 51**

Major Head : 304—Other General Economic Services

**Shri Santi Ranjan Ghatak :** Sir, with your permission and the recommendation of the Governor, of the I beg to move that a sum of Rs. 2,11,74,000 be granted for expenditure under Demand No. 51, Major Head : "304 Other General Economic Services."

(This is inclusive of a total sum of Rs. 1,10,54,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 57**

Major Heads : 312—Fisheries, 512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries

**Shri Kironmay Nanda :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,44,43,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "312—Fisheries, 512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries."

(This is inclusive of a total sum of Rs. 3,81,60,000 already voted on account in March and June, 1982 )

The motion was then put and agreed to.

**Demand No. 72**

Major Head : 339—Tourism

**Shri Santi Ranjan Ghatak :** With your permission, Sir and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 99,39,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "339—Tourism".

(This is inclusive of a total sum of Rs. 54,40,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 73**

Major Heads : 544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for other Transport and Communication Services

**Shri Santi Ranjan Ghatak :** With your permission, Sir and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,11,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads "544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for Other Transport and Communication Services".

(This is inclusive of a total sum of Rs. 2,56,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Demand No. 84**

Major Heads : 766—Loans to Government Servants, etc., and
767—Miscellaneous Loans

**Shri Santi Ranjan Ghatak** : With your permission, Sir and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,75,60,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "766—Loans to Government Servants, etc., and 767—Miscellaneous Loans".

(This is inclusive of a total sum of Rs. 7,37,80,000 already voted on account in March and June, 1982.)

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-52 p.m. till 11 a.m. on Saturday. the 25th September 1982, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 25th September 1982 at 11 a.m.

### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 13 Ministers of State and 140 Members.

[11-00—11-10 a.m.]

### Adjournment Motion

**Mr. Speaker :** I have received two notices of adjournment motion to-day.

The first is from Shri Shaikh Imajuddin, which deals with alleged forcible collection of Puja subscription from people and the second in from Shri Kashinath Misra, which deals with dead-lock in Bishnupur Municipality.

The subject matters of the motions are not such as to merit adjournment motion. The Members may seek information on the subjects from the Ministers concerned through calling attention, question etc. Besides, the Members will get opportunity to raise the matter during discussion on the Appropriation Bill to-day.

I, therefore, withhold my consent to the above motions.

One Member, may, however, read the text of the motion as amended.

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দ্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

"বামফ্রণ্টের শরিকদলের লোকেরা পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় জোর জুলুম করে সাধারণ মানুষদের নিকট হইতে চাঁদা আদায় করছেন। সম্পতি ২৪-পরগণা জেলার বারাসাতে যে সারা ভারত কৃষক সভার জেলা সম্মেলন হয়ে গেল সেই উপলক্ষে প্রায় ৮ লক্ষ টাকা চাঁদা আদায় করা হয়েছে। অনেকের নিকট হইতে ১০০০ টাকা ৫০০০ টাকা চাঁদা আদায় করা হয়েছে।

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 11 notices of Calling Attention on the following subjects, namely :—

| | | |
|---|---|---|
| 1. | Apprehended closer of K. G. Engineering Institution at Bishnupur due to Gherao of its Principal. | Shri Kashinath Misra |

| | | |
|---|---|---|
| 2. | Alleged malpractices in the matter of admission in Presidency College. | Shri Sk. Imajuddin |
| 3. | Alleged forcible occupation of land including the House of ex-Governor Harendra Kumar Mukherjee, dedicated to the Calcutta University. | Shri Sk. Imajuddin |
| 4. | Alleged Gherao of Dr. J. B. Mukherjee, Principal of Calcutta Medical College and Hospital. | Shri Sk. Imajuddin |
| 5. | Detention of one Shri Dipak Bhattacharya in the Police lock-up and torture on him by the Police Officials at Lalbagh on 11.9.82. | Smt. Chhaya Ghosh |
| 6. | Alleged death from starvation of one Methar Mal in Onde P. S., Bankura. | Shri Sk. Imajuddin |
| 7. | Damage of crops in drought affected areas of Hooghly, Bankura and Purulia. | Shri Kashinath Misra |
| 8. | Disruption of normal life in Bishnupur Town due to cease work resorted to by Sweepers of the Municipality. | Shri Kashinath Misra |
| 9. | Deplorable condition of the road from Madhupur to Lagda (via Dharmapur) | Shri Kashinath Misra |
| 10. | Starvation of about 1200 Bidi labours at Bankura due to closer of 3 Bidi factories. | Shri Kashinath Misra |
| 11. | Scarcity of water in rural and Municipal areas including Calcutta. | Shri Kashinath Misra |

I have selected the notice of Shri Shaikh Imajuddin on the subject of 'Alleged forcible occupation of land including the House of Ex-Governor, Harendra Kumar Mukherjee, dedicated to the Calcutta University'.

The Minister concerned may give a statement, if possible, to-day or give a date.

**Shri Benoy Krishna Chowdhury :** On the 8th.

### Laying of Report

The Seventh Interim Report of the Sarma Sarkar Commission of Inquiry.

**Shri Jyoti Basu :** Sir, I beg to lay before the House the Seventh Interim Report of the Sarma Sarkar Commission of Enquiry set up for an enquiry into complaints about the misuse of power by public servants during the period from March 20, 1970 to 31st May, 1975 together with a Memorandum of action taken thereon.

### Legislation

The West Bengal Appropriation (No. 2) Bill, 1982.

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1982.

**(Secretary then read the title of the Bill)**

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No 2) Bill, 1982, be taken into consideration.

স্পীকার মহাশয়, আমি প্রস্তাব করছি, পশ্চিমবঙ্গ উপযোজন ( ২নং ) বিধেয়ক, ১৯৮২ বিবেচনা করা হোক। ভারতীয় সংবিধানে ২৬৬ (৩) অনুচ্ছেদ অনুসারে সংবিধানে নির্ধারিত পদ্ধতি ও উদ্দেশ্য এবং আইনগত পদ্ধতি ছাড়া রাজ্যের একীকৃত তহবিল থেকে কোন অর্থ উপযোজন করা যায় না।

বর্তমান অধিবেশনে ভারতীয় সংবিধানের ২০৩ অনুচ্ছেদের ব্যবস্থা অনুসারে বিধানসভা ১৯৮২-৮৩ আর্থিক বছরের জন্য অনুমিত ব্যয়ের ক্ষেত্রে কয়েকটি অনুদান মঞ্জুর করেছেন। সংবিধানের ২০৪ অনুচ্ছেদ অনুসারে আনীত এই বিধেয়কের উদ্দেশ্য হল একীকৃত তহবিলে প্রস্তাবিত ব্যয় এবং ১৯৮২-৮৩ আর্থিক বছরের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অনুমিত ব্যয় প্রসঙ্গে বিধানসভা কর্তৃক প্রদত্ত অনুদানের প্রয়োজন মেটানোর জন্য পশ্চিমবঙ্গের একীকৃত তহবিল থেকে অর্থ উপযোজনের ব্যবস্থা করা। প্রস্তাবিত ব্যয় বাবদ এই বিধেয়কে অর্থের যে পরিমাণ প্রদর্শিত পরিমাণ অপেক্ষা বেশি নয়। সংবিধানে ব্যবস্থা আছে যে, এই অর্থের পরিমাণ কমবেশী হ'তে পারে কিংবা কোন মঞ্জুর করা অনুদানের লক্ষ্য পরিবর্তিত হতে পারে কিংবা রাজ্যের একীকৃত তহবিলের প্রভাবিত ব্যয়ের পরিমাণ কমবেশী হতে পারে, এই বিধেয়কের এরূপ কোন সংশোধনী প্রস্তাব আনা চলবে না।

প্রস্তাবিত উপযোজন বিধেয়কের বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট তফসিলে পাওয়া যাবে।

মহাশয়, এই কথাগুলি বলে আমি আমার এই প্রস্তাব সভায় গ্রহণের জন্য সুপারিশ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমার সরাসরি প্রশ্ন, কেন্দ্র থেকে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য ক্ষুদ্র সেচ খাতে আপনি কেন্দ্রের সমস্ত টাকা কেন খরচ করতে পারেন নি, কেন ফেরত গেছে ?

টেস্টিমণি হচ্ছে অনারেবল শ্রীকানাই ভৌমিক। আপনার কাছে দ্বিতীয় প্রশ্ন রুরাল ডেভালাপমেণ্টের জন্য যে টাকা দিয়েছিল সেই টাকা খরচ করতে পারেন নি কেন ? কেন ফেরত গেছে ? তৃতীয় প্রশ্ন আছে, সেটারও জবাব আপনি দেবেন। এই রাজ্যের দুর্বল ছাত্রদের জন্য যেসব স্কলারসিপের টাকা, Scholarship centrally sponsored scheme for tribes, scheduled castes and backward committees. শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের টাকা কেন খরচা করতে পারেন নি, তার সন্তোষজনক উত্তর দেবেন। আপনার চতুর্থ প্রশ্ন হচ্ছে যে, আপনি ক্ষমতায় এবারে প্রথম আসেন নি, প্রথম যুক্ত ফ্রন্ট, এবং দ্বিতীয় যুক্ত ফ্রণ্টের কথা বাদ দিলেও ১৯৭৭ সালে আপনার স্বনামে, বামফ্রণ্টের মুখ্যমন্ত্রী হিসাবে আপনি ৫টি কমিশন বসিয়েছেন। আপনার কাছে জানতে চাই ৫টি কমিশন বসিয়ে আমরা দেখলাম, কোন বিশেষ কারণে রিটায়ার্ড জজদের ৪টি কমিশনের সভাপতি নির্বাচিত করেছেন ?

[11-10—11-20 p.m.]

দুটি রিপোর্ট আমরা পেয়েছি। কিন্তু আমাদের দুঃখ এই যে আমাদের অভিযোগে আপনি কর্ণপাত করেন নি। আপনাদের এই চিরস্থায়ী বন্দোবস্ত কি চলবে? লর্ড কর্ণোওয়ালিস ১৮৯৩ সালে এই দেশে যে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেছিলেন, আপনাদের গত পাঁচ বছরের কার্যকালে সেই জিনিষ চালিয়ে গেছেন। আবার পাবলিক আপনাদের ভোট দিয়েছেন, আপনি মুখ্যমন্ত্রী হয়েছেন। কিন্তু এই কমিসন দেখছি পাঁচ বছর ধরে চলছে। এই কমিশনের মাননীয় জর্জ—যাঁরা বিচার করছেন, যাঁদের জন্য ওয়েস্ট অফ পাবলিক মানি হচ্ছে সেই কমিসনের সেভেন্থ ইনটারিম রিপোর্ট কি আপনি দেবেন? এই ব্যাপারে আপনি স্পষ্টভাবে বলুন। এই টাকা তো সি. পি. এম-এর ফান্ড থেকে যাচ্ছে না, পাবলিক ফান্ড থেকে যাচ্ছে—কনসলিডিয়েটেড ফাণ্ড অফ ওয়েস্ট বেঙ্গল থেকে যাচ্ছে। এই কমিশনের দুটি গুরুতর অভিযোগ এই হাউসে উত্থাপিত হয়েছে। এই জন্য প্রিভিলেজ যাঁরা উত্থাপন করেছেন তাঁরা আসবে কি না জানিনা—দুটি গুরুতর অভিযোগ আপনার বসু কমিসনের রেফারেন্সে আছে। কোরাপসান বাই দি মেম্বার—নট অনলি কোরাপ-সান বাই দি মেম্বার — আপনার এখানে অভিযোগ উত্থাপিত হয়েছে পৌরমন্ত্রীর বিরুদ্ধে। আমি ব্যক্তিগত ভাবে দেখেছি—সংবাদপত্রে এই ব্যাপারে কৌতূহল প্রকাশ করেছে। আপনি এটাকে টার্মস অফ রেফারেন্সে ইনক্লুড করবেন কি? আমার পঞ্চম কথা হচ্ছে সুগার ডেভলপমেন্ট কর্পোরেসনের ব্যাপারে অসত্য ভাষণ রাখা হয়েছে। অডিট রিপোর্ট প্রমাণ করে যে মাননীয় ভার প্রাপ্ত মন্ত্রী যে ভাষণ রেখেছেন তা অসত্য। আপনার কাছে আমার পঞ্চম কথা হচ্ছে—আমি নিজে এই হাউসে অভিযোগ করেছি ব্যাংক ডাকাতি বেড়ে যাচ্ছে। আপনি নিজেও স্বীকার করেছেন যে ব্যাংক ডাকাতি বেড়ে যাচ্ছে। অধুনা দেখছি ব্যাংক ডাকাতিগুলি শহরের ফ্রিঞ্জে হচ্ছে, এই মহানগরীর ফ্রিঞ্জে হচ্ছে, ইস্ট ক্যানেল রোড, এই জাতীয় জায়গায় হচ্ছে। আপনার কাছে আমি নির্দ্দিষ্ট ভাবে অভিযোগ করেছিলাম যে, আপনার ডাকাত নিবারণে গোয়েন্দা শাখার ভারপ্রাপ্ত অফিসার আশীষ মুখার্জী—খবরের কাগজে এই ব্যাপারে বেরিয়েছিল—তিনি এই ডাকাতির ব্যাপারে লিপ্ত, তিনি এই ডাকাতির বখরা নেন। আপনি এই ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, এই হাউসে আমাদের জানাবেন বলে আশ্বাস দিয়েছিলেন। এই ব্যাপারে আপনি কি তথ্য পেয়েছেন এবং তার কি প্রতিকার করতে পেরেছেন তা আমাদের কাছে জানান নি। আপনার কাছে আমার ষষ্ঠ প্রশ্ন হচ্ছে—সারা রাজ্যে পশ্চায়েতের দুর্নীতির কথা আমরা এখানে একাধিকবার বলেছি। আমি আপনার কাছে অভিযোগ করেছি এবং পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে অভিযান করতে গিয়ে ৫ হাজার লোক নিয়ে আমি ফিফ্‌থ এপ্রিল '৮২ প্রেপ্তার বরন করেছিলাম। দুর্নীতি প্রমাণ হয়েছে, পঞ্চায়েত প্রধান বিতাড়িত হয়েছে বাই ইয়োর এডমিনিস্ট্রেশন। আজকে সি. পি. এম.-এর লোক বলে ক্ষমতা আঁকড়ে থাকবে, এটা হতে পারে না। আপনার দলের বর্ষীয়ান মন্ত্রী আছেন, তাঁর কাছে আমার এলাকার ব্যাপার নিয়ে বলেছি এবং যে জন্য আমি গত কাল এই হাউসে উপস্থিত থাকতে পারিনি। মেজরিটি মেম্বার পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে নো

কনফিডেন্স এনে তাকে তাড়িয়ে দিয়েছে। কিন্তু সে আপনার পুলিশের সহযোগিতায় পঞ্চায়েত অফিসে তালা লাগিয়ে পালিয়ে গেছে। কোন সদস্যকে চার্জ বুঝিয়ে দেন নি। সেই মেজরিটি মেম্বার আপনার পুলিশের দ্বারা লাঞ্চিত হচ্ছে, নিগৃহিত হচ্ছে। বিচার এই রাজ্যে নেই। একটা তুলনা শুধু আমি এখানে দিলাম। আপনি যে মিস্ এ্যাপ্রো-পিয়েসন বিল এখানে এনেছেন তার অনুদান এই পঞ্চায়েতে আছে। এই মিস-এ্যাপ্রো-পিয়েসন বিল থেকে পঞ্চায়েতের টাকাটা আপনি কি ছেড়ে দেবেন ? আমি যে নির্দিষ্ট অভিযোগ ১, ২, ৩, ৪, ৫ করে রাখলাম যেমন মেজরিটি মেম্বার অপমানিত হয়েছে, পঞ্চায়েত প্রধান তালা লাগিয়ে পালিয়ে যেছে, পুলিশ এদের হয়রানী করছে—এর কারা ? আজকে পশ্চিমবাংলায় সর্বত্র এই জিনিষ চলছে। এ্যডুকেসনের ব্যাপারে একটার পর একটা অভিযোগ উত্থাপন করা হয়েছে। দুটি করে হেড মাষ্টার অফ এ্যডুকেসানাল ইনিসটিটিউট। ভাইস-চেনসেলারদের কাজ করতে দেওয়া হচ্ছে না। এই অভিযোগে ৭টি ইউনিভারসিটিতে তারা পদত্যাগ করেছেন। মেডিকেল বাজেট আলোচনার সময় আপনার দলের সদস্যরাই আপনার কাছে সরাসরি অভিযোগ করেছেন যে এখানে এত বেশী কোরাপসান যে জনসেবা মূলক কাজের কোন চিহ্ন নেই। পূর্ত দপ্তরের আলোচনা কালে আপনার কাছে অভিযোগ করা হয়েছিল যে এখন কোন মেরামতের কাজ হচ্ছে না। আপনার দলের জন্য কাউকে সিকিউলার বলে মানতে পারি না, আপনাকে আমরা সিকিউলার বলে মনে করি, আপনার কাছে জিজ্ঞাসা করি, যে বাসগৃহগুলি নির্মাণ করেছেন—মিডল ইনকাম গ্রুপ-এমআইজি, কিম্বা লোয়ার ইনকাম গ্রুপের জন্য এর মধ্যে Have you allowed to the Ministers at least 1% ? I deny, I charge, Mr. Chief Minister that your Minister has not allowed a single flat. এটা তো সরকারের টাকায় হয়েছে, সি. পি. এম.-এর টাকাতে হয় নি। আপনাকে আমি চার্জ করেছিলাম, ব্যাকওয়ার্ড এরিয়াতে আবাসনের কোন কাজ হয় নি বা পূর্ত দপ্তরের কোন কাজ সম্প্রসারিত হয় নি। জবাব দিতে পারেন ? বলেছেন, আরামবাগে নাকি এম. আই. জি. স্কীমে কিছু আবাসন নির্মাণ হয়েছে। Janata was a partner to you. Now Janata party has totally been eleminated সেজন্য একটা পথ বেছে নিতে হবে। আজকে সারা রাজ্যে জিনিষের দাম বেড়ে চলেছে, এরজন্য একাধিকবার অভিযোগ করেছিলাম। কি ব্যবস্থা নিয়েছেন ? খাদ্য এবং সরবরাহ দপ্তরের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি সিমেণ্ট নিয়ে কি করেছেন ? তিনি ক্যাবিনেটের একজন মন্ত্রী, তিনি তাঁর অধীনস্ত সার্বডিনেট অফিসারকে দিয়ে মাড়োয়ারীর কাছে তদ্বীর করতে যান সিমেণ্ট বিলির জন্য। এটাকে কি আপনি গৌরবের কাজ বলে মনে করেন বা ক্যাবিনেটের সম্মান বাড়ে বলে মনে করেন ? আপনি শুধু দলের প্রধান নন, সারা রাজ্যের মুখ্যমন্ত্রী, আপনাকে বারবার একথা স্মরন করিয়ে দিতে চাই যে, আপনি এই রাজ্যের নেতৃত্বে আছেন, আমাদের যে বড় সমস্যা প্রসেস প্রবলেম, সেটা হল আনএমপ্লয়মেণ্ট প্রবলেম ৩·৬ মিলিয়ান। ৩৬ লক্ষ বেকার আছে বলে আপনারা স্বীকার করেছেন। যেদিন দায়িত্ব নিয়েছিলেন সেদিন ছিল ১২ লক্ষ বেকার। আজ পর্যন্ত বছরে মোট ১৭ হাজারের বেশী চাকুরী আপনি দিতে পারেন নি। সেই হিসাবে সরকারী এবং বে-সরকারী

উদ্যোগে ৫ বছরের কার্যকালে ৮৫ হাজার লোকের কর্মসংস্থান করতে পেরেছেন বলে ইকনমিক রিভিউতে জানিয়েছেন। এইভাবে কি কখনও বেকার সমস্যার সমাধান হতে পারে? Other than agriculture and industry, your ancillary department fishery. সেখানে কি অবস্থা করেছেন? আপনার পাশে বর্ষীয়ান শ্রদ্ধেয় নেতা অমৃতেন্দু মুখোপাধ্যায় বসে আছেন, তাঁর হাতে দুগ্ধ ও পশুপালন দপ্তরের দায়িত্ব আছে। আমরা 'আমুল' খাই। আসে কোথা থেকে? গুজরাট থেকে আসে। এই ব্যাপারে তো সরকারী কোন উদ্যোগ নেই। ডানকুনীতে মাদার ডেয়ারী করেছেন। তার কোন পরিবর্তন হয়েছে কি? আপনার দলের পক্ষ থেকে বলা হয়েছিল যে প্রত্যেক দুঃস্থ পরিবার পিছু একটা করে শংকর জাতের গাভী দেওয়া হবে in the patern of artificial insamenation. আজ পর্যন্ত তা হয়েছে বলে কি লক্ষ করা যায়? উন্নত জাতের গো-প্রজনন ব্যবস্থা, পল্ট্রি, ডেয়ারী ফার্ম বাড়াতে পারেন কিনা চেষ্টা করে দেখেছেন কি? শ্রদ্ধেয় নেতা ক্ষোভের সঙ্গে বলেছেন, তাঁর বাজেট নেই, তাঁর দপ্তরে টাকা কমে গেছে। আপনার কাছে আমাদের সবচেয়ে বড় অভিযোগ হচ্ছে সিকস্থ প্লানের থার্ড ইয়ারে আপনার প্লান হচ্ছে ৩৬০০ কোটি টাকা, এবং তা যদি হয় তাহলে আপনার প্লান মিনিমাম ১,০০০ কোটি টাকা হওয়ার দরকার ছিল। কিন্তু আমরা দেখছি আপনি বরাদ্দ করতে পেরেছেন মাত্র ৪৯০ কোটি টাকা। ইফ নট ১২০০ ক্রোরস কিসের ভিত্তিতে না, As per experience gathered during the last year's performance. আপনার পূর্বতন অর্থমন্ত্রী মাননীয় অশোক মিত্র দাবী করেছিলেন ৬৫০ কোটি টাকা। Why can not you spend? Why didn't you expend the full amount of Rs. 650 crores? আমাদের এই প্লান ১,০০০ কোটি টাকায় বাড়াতে পরতো, কিন্তু তা হলন না। যেখানে সারা ভারতবর্ষ এগিয়ে যাচ্ছে, সেখানে আপনি পারছেন না। আপনি কেন্দ্রকে রিকোয়েস্ট করেছেন তাঁরা দিচ্ছেন না, আপনি সেজন্য বাজেট কমিয়ে দিচ্ছেন। তাহলে আপনার পারফরম্যান্স কোথায়? আপনি বলেছেন ৬৩২ কোটি টাকার রিসোর্স মবিলাইজ করেছেন, লাস্ট ফাইভ ইয়ার্সে। আপনাকে আমরা বলেছিলাম এখানে চায়ের উপর সেস বসাবেন না, চা আসামে চলে যাবে। আপনি আশা করেছিলেন, ১২ কোটি টাকা নীট পাবেন। কিন্তু পান নি। সেজন্য আপনি কমিয়ে এখন ১৷৷ টাকা এবং আর একটাতে ৩০ পয়সা করেছেন। আপনি কি এর ফলে আশা করেন এক্সপেকটেড রেভেনিউ আসবে? তা কখনই আসছে না। এখন কমপিটিসানের যুগ, ফলে আমাদের ম্যাকসিমাম বেনিফিট হবে না। বর্তমান ইকনমিক কমপিটিশনের দিনে সেকথা চিন্তা করে দেখেছেন কি?

[11-20—11-30 p.m.]

আপনারা টি. ভি. তে কর বসাতে যাচ্ছেন। আমি মনে করি এটা আপার স্ট্যাটাসে এ্যাফেক্ট করতেও পারে নাও করতে পারে। অবশ্য বীরেনবাবুর কাছে ৫০ টাকা এক বোতলের দামও নয়। আজকে আমরা এটাকে আপত্তি করি না। আজকে এগ্রিকালচার যদি স্যাচুরেটেড হয় তাহলে We must see it, Bay of Bengal

line is not far off from West Bengal. It is in the coastal আমরা ৪টি ট্রলার এনেছিলাম কিন্তু আপনারা সেগুলি উপংসযোগ করতে পারেন নি। আমরা যখন টাইওয়ান পৌঁছলাম তখন আপনারা ক্ষমতায় এলেন। ফিসারিজ করপোরেশান আপনারা ট্রলার পাঠালেন হাইজ্যাকে। ফিসারিজ করপোরেশান আজ টাইওয়ান থেকে যে ট্রলার পেয়েছিল তাতে ১২০ টন মাছ ছিল। সেই ১২০ টন মাছ বিক্রি হবার কথা কলকাতা বাজারে। কলকাতার মৎস্য রসিকরা এই মাছের অংশ পেত। আপনারা কি খোঁজ করে দেখেছেন যে এই ফিসারিজ ডেভোলাপমেণ্ট করপোরেশানে মাত্র ৫৫ মেট্রিক টন মাছ-এর দাম জমা হয়েছে। এই মাছগুলি বিদেশী ট্রলারের মাছ। এগুলি আপনারা পেট্রোল বাহিনী দিয়ে করডন করে রাখার ব্যবস্থা করেছেন। আজকে ১২০ টন মাছ বিক্রি হবার কথা। সুতরাং আপনাদের অনুরোধ করবো এই তুলনা দিয়ে আপনাদের কিছু হবে না। ফিসারিজের ব্যাপারে আপনাদের যা করার কথা ছিল তা আপনারা করেন নি। এরফলে এক্সপ্লয়টেশান অফ বে অফ বেঙ্গল হয়েছে। আজকে জাপানের মত একটা দেশে এক ফোঁটা তেল নেই, এক ফোঁটা কয়লা নেই এক টন আয়রনওর ও নেই। আজকে জাপান হচ্ছে বিশ্বের সর্বশ্রেষ্ঠ নগর। 'এটা হচ্ছে নেক্সট টু ওয়েস্ট জারমানি। আপনারা দায়িত্বে এসেছেন সেন্ট্রাল কি বারণ করেছিল আপনাদের বঙ্গোপ সাগরে মাছ ধরতে? সেন্ট্রাল কি বারণ করেছিল এই রাজ্যে ১১ লক্ষ যে পুষ্করিণী আছে স্মল এ্যাণ্ড মিডিয়াম এ্যাণ্ড লার্জ তাতে মাছ ধরতে? মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী এখানে আছেন—Why can't you excavate this wherever it is possible. It can serve the twin purpose—irrigation and drought removal. আপনারা ড্রটের পরে দিশেহার হয়ে গেলেন। আপনারা দাবি করলেন ৭২ কোটি টাকার। অথচ আপনারা পেলেন ২৪ কোটি টাকা। কিন্তু আজ পর্যন্ত ১২ কোটি টাকার উর্দ্ধে আপনারা খরচ করতে পারেন নি। এই হিসাব তো আপনারা দেন নি। Have you been able to spend Rs. 12 crores by now? It so, on what account and through whom? আজকে এই কথা বলার একটি ভিত্তি আছে। কারণ ন্যাচারাল ক্যালামিটিতে আমাদের রিজার্ভ যদি না হয়ে থাকে, আমাদের পোটেনটিয়্যালিটি ক্রিয়েট যদি না হয়ে থাকে তাহলে এই ধাক্কায় আমাদের দুর্ভিক্ষের মুখে দাঁড়াতে হবে। There are more than seventeen death in the State. কাজে কাজেই অনাহারে মৃত্যু অবধারিত। তবে আজকে মানুষ অনাহারে না থাকলেও ৪·৫০ টাকায় চাল কিনে খেতে হয়। অর্থাৎ তার মানেই হচ্ছে তো অর্ধাহারে থাকা। যাদের পারচেজিং পাওয়ার নেই তারা কি করে এই দামে চাল কিনবেন? What is the purchasing power? Ycu know the proverty line figure. যারা বাস করছেন তাদের পারচেজিং পাওয়ার থাকার কথা নয়। মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী এখানে আছেন—এই ল্যাণ্ড, প্যানাকসিয়া বলে আজকে যার মূল কথা আমরা যদি বুঝে থাকি তবে স্যোসাল এ্যাপ্রোপিয়েশান অফ দি প্রাইভেট ক্যাপিটাল সম্বন্ধে আপনি বলছেন—This private capital in lands, banks, cash and industry ইত্যাদির ক্ষেত্রে কতটুকু করতে পেরেছেন? আমরা সমাজতন্ত্রের কথা ছেড়ে দিন। এই ব্যাপারে অনেক কথা বলা হয়েছে। রাম জেট-

মালানাই এই ব্যাপারে একটি কথা বলেছেন—*It is your socialism which heard most in its struggle.* এই সমাজব্যবস্থায় দাঁড়িয়ে আপনারা How much private capital, private assets you have appropriated fo social purpose, please tell us. মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী এখানে আছেন আপনারা হাইকোর্টে ইনজাংশান করেছিলেন। তাতে ৬৩ হাজার একর জমির মামলা আছে। আপনার কৃষি উৎবৃত্ত বিতরণ যোগ্য জমি আছে মোর থ্রি ল্যাক্স। আপনার যা হিসাব দিয়েছেন তাতে আপনারা হোয়াই কেণ্ট ইউ কোপ উইৎ দ্যাট? আপনার বলছেন কমিটেড জুডিশিয়ারির কথা। We oppose in principle, why can't you face the Courts and bring the injunction land for distribution among the landless ?

আপনার প্রোপোজিশানে সাড়ে তিন লক্ষ যেগুলি মিলেছে বহির্ভূত সেগুলি বিতরণ করেন নি। ৮০ হাজারে আপনার হিসাব অনুযায়ী ইনজাংসান আছে। Have you got your large battalion of expert counsellors তাহলে কি বলবো ... আঁতাত আছে? আপনার ৫ বছরের কার্যকালের মধ্যে আপনি মাথাপিছু কর বসিয়েছেন ১০১ টাকা পশ্চিমবাংলায় ৫ বছরে যে কর করেছেন তাতে সাড়ে ৯ টাকা—পুরো বছরের জন্য যদি ৫০ টাকা হয় তাহলে ১০ টাকা হবে। We do not oppose tooth and nail all your rational proposals. কিন্তু আজকে দেশের মানুষের সে অবস্থা কোথায়? আমাদের পশ্চিমবাংলা এক ইঞ্চি কোন জায়গায় এগিয়েছে? বিদ্যুত মন্ত্রী সেদিন যা বক্তৃতা রাখলেন তাতে আমরা মনে করলাম মহারাষ্ট্র, গুজরাটের চেয়ে আমাদের অবস্থা ভাল। from our day to day experience আমি বিলগুলি এনেছি। আমি দেখাবো সাড়ে তিন টাকা মিটার বিল। কেন বলেছিলাম আড়াই মাস—তার কেটে নিয়েছিল। এর জন্য এফ. আই. আর থানায় লজ হয়েছিল? ৩৮ হাজার গ্রামের মধ্যে ১৭ হাজার গ্রামে বিদ্যুত দিয়েছেন আমাদের মিলে। Apart from domestic consumption, agricultural concerned things like deep tubewell R.L.I. হয়েছে? আমি রাজ্যপালের ভাষণে এমেণ্ডমেণ্ট দিয়েছিলাম বিদ্যুতের ব্যাপারে। ডিপ টিউবওয়েল. আর. এল. আই চলছে না। এর কোন উত্তর নেই। অনেকে বলেছেন মহারাষ্ট্র, গুজরাটের চেয়ে অবস্থা ভাল। কিন্তু এটা কি ভালোর লক্ষণ? শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য চলছে। জয়েণ্ট এণ্ট্রান্সে প্রশ্নে··· It has been injuncted সুপ্রীম কোর্ট আপনার কান মলে দিয়েছেন। জ্যোতিবাবুর কান মললে প্রতিটা বাঙালীর কান মলা হয়। সুপর্ণা সে জয়েণ্ট এন্ট্রেসের পরিক্ষার্থী বিষ খেয়ে মারা গেছে। জয়েণ্ট এন্ট্রেন্স-ইট ইজ এ ফার্স সেখানে মনোনয়ন হয়েছে in the name of competition and examination সেখানে সিলেকশান হয়েছে in the name of competition and examination you have done arbitrary selection at the whims of the party in power. সেখানে মেরিট ইগনোর হয়েছে। তাহলে ১০ বছরের কথা আপনি চিন্তা করুন। সেখানে ডাক্তার, ইঞ্জিনিয়ার যারা সমাজসেবার জন্য বের হচ্ছে Have you selected all the candidates on party consideration, that is.

the merited students ? মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি আপনি একাধিকবার ম্যাসিভ ম্যানডেট নিয়ে এসেছেন। ম্যাসিভ ম্যানডেট পেয়েছেন বলে বলছেন We controvert and contradict it to be a rigged election. We still reiterate and confirm that you are not elected representatives, the Government has not been formed by elected representatives, the majority has come through a rigged election. আপনার দুর্বলতা যদি না থাকে কল ফর ইলেকশান নেক্সট মার্চে করুন। পঞ্চায়েত ইলেকসান কেন পিছিয়ে দিলেন ? একটা টেস্ট হোক জনমত কোন দিকে মিউনিসিপ্যাল ইলেকশান, কর্পোরেশান ইলেকশান করে। কিছু কিছু মানুষকে আপনারা মবিলাইজ করেছেন, কিন্তু I challenge you, have you got the guts এখানে স্বাস্থ্য মন্ত্রী একজন আছেন বলে বলি আপনাদের ফ্যামিলি প্ল্যানিং আছে—Have you accepted the family welfare planning program উইথ অল আরনেস্টনেস যদি থাকে লেজিসলেটারদের একটা ফ্যামিলি প্ল্যানিং এর ব্যবস্থা করুন। এত আইন যে মানুষ ভাল রাখতে পারছে না এবং তার প্রয়োগ হয়নি।

এগ্রিকালচারাল ল্যাণ্ড হোল্ডিং বিল আপনাদের আইন, সেটা রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছেন, আপনারা ৩ বার পাল্টালেন, ৩০শে সেপ্টেম্বর মেয়াদ শেষ, আপনার রিটার্ণ বার্ডেন, নট ইভেন ১ পার্সেণ্ট রিটার্ণ অন এগ্রিকালচারাল ল্যাণ্ড হোল্ডিং ট্যাক্স। আপনারা যা আইন করেন পিপল ডু নট রেসপেক্ট ইট। ৪ একর জমি যারা রাখে তারা নিশ্চয়ই ভেসটেড ইণ্টারেস্ট নয়, সে খুব বড়লোক নয়, বিত্তশালী নয়, আপনারা যে আইন করেন পিপল হ্যাড নো রেসপেক্ট, ৪ একর জমির আইন মানুষ স্বীকার করে না। সেজন্য মুখ্যমন্ত্রীকে বলি এই রাজ্যে সমস্যা In the fields where we can co-operate we must co-operate and where we oppose we must oppose. কিন্তু একটা সতর্ক বাণী করে দিই ভারতবর্ষের ম্যাপে কোথাও পশ্চিমবঙ্গকে এক ইঞ্চি এগিয়ে নিয়ে যেতে পারেননি, কোন ক্ষেত্রে নয় — অর্থনীতিতে নয়, কৃষিনীতিতে নয়। You are going to Delhi with a begging bowl for 30 lakh metric tonnes of food to meet up your M. R. and statutory rationing. যেখানে প্রোডাকসান হয়েছিল ৮৮ লক্ষ টন সেটা নেমে গেছে, স্ট্যাটিসটিক্স বলছে ৬১ লক্ষ মেট্রিক টন। এই রিভার্স স্ট্যাটিসটিক্স এট্রা উন্নয়নের লক্ষণ নয়। তাই হুঁসিয়ার করে দিতে চাই সব কিছুতে ষড়যন্ত্র দেখবেন না, সহযোগিতার লক্ষণগুলি দেখবেন, এই সংকট থেকে উত্তীর্ণ হবার দায়িত্ব আপনার উপর, শুধু আপনার রিপ্রেজেনটেটিভ যারা রিগ্‌ড নির্বাচনের মাধ্যমে ইলেকটেড হয়ে এসেছে তাদের উপর নির্ভর করে নয় আজকে বাংলার সঙ্কটে ইউ এনলিস্ট দি কো-অপারেশান of all political parties for this food crisis, for the next famine that is threatening us in the next lean months. এজন্য আপনার কাছে অনুরোধ করব আপনার এক্সপার্ট যাঁরা তাঁদের নিয়ে এক সঙ্গে বসুন, পরামর্শ করুন কোন পথে গেলে আজকে এই সংকট থেকে মুক্তি পাওয়া যায়। আজকে দীর্ঘ অস্থায়ী যে প্রবলেমগুলি আছে সেগুলির কিভাবে মোকাবিলা করতে পারা যায় তারজন্য সর্বদলকে নিয়ে পরামর্শ করুন

এবং দলের বাইরে যাঁরা আছেন বিশিষ্ট অর্থনীতিবিদ তাঁদেরও ডাকুন, এক সঙ্গে বসে পরামর্শ করুন। কথা হচ্ছে যেগুলি গ্যারাণ্টি টু দি পিপল — মানুষকে পোভার্টি লাইনের এক ইঞ্চি উর্ধে তুলতে পারিনি, ইল্লিট্রেসি যেখানে ৩৪ পার্সেণ্ট দূর হয়েছিল সেখানে ১ পার্সেণ্টের বেশী দূর করতে পারেননি এই ৫ বছরে। আজকে অশিক্ষা, দারিদ্র্য, আনএমপ্লয়মেণ্ট একটাস্ট্যাগন্যাণ্ট অবস্থায় রয়ে গেছে। নেকস্ট, দুর্ভিক্ষে, অনাহারে মৃত্যু, এই খরাজনিত মৃত্যু — আজকে যে দুর্ভিক্ষের করাল ছায়া নেমেছে তার জন্য সবাইকে নিয়ে বসুন, সমন্বয় সাধন করুন দিল্লীর সঙ্গে কথা বলে রাজ্যের সঙ্গে কথা বলুন, আবার বাংলার নতুন রূপ ফিরিয়ে আনার চেষ্টা করুন এই আশা করে আপনি যে উপযোজন বিল নিয়ে এসেছেন এটাকে মিসএ্যাপ্রোপ্রিয়েশান বিল বলে আই অপোজ ইট, আই ডু নট সাপোর্ট দি বিল। থ্যাঙ্ক ইউ, স্যার।

[11-30—11-40 p.m.]

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রো-প্রিয়েশান বিল ২ এখানে উপস্থাপিত করেছেন এই বছরের ব্যয়-বরাদ্দের জন্য সেই বিলকে সমর্থন করে দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। স্যার, আপনি আমাদের বিরোধী পক্ষের অন্যতম নেতা জয়নাল আবেদিন সাহেবের বক্তব্য শুনলেন, জয়নাল সাহেবের বক্তব্য শুনে যেটা মনে হল সেটা হচ্ছে ভদ্রলোক সব জানেন, সব বোঝেন, কিন্তু জেনে-শুনে ঘুমানো সেই ঘুমিয়ে তিনি আছেন, তিনি সব জেনে না জানার চেষ্টা করছেন এবং সভাকে বিভ্রান্ত করার কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বলেছেন সেখান থেকে আমি শুরু করি। উনি প্ল্যানিং এর কথা বলেছেন, ভারতবর্ষে সিক্স্থ ফাইভ ইয়ার প্ল্যানিং চলছে এবং তৃতীয় বর্ষে পদার্পণ করেছে সেকথা উনি বলেছেন। এই প্ল্যানিং-এর যে পদ্ধতি, আমাদের সংবিধানে যে ব্যবস্থা আছে তাতে ভারতবর্ষের জনসাধারণের সেই প্ল্যানিং-এর সঙ্গে কোন সম্পর্ক নেই সেটা উনি জানেন। উনি জানেন যে ভারতবর্ষের কিছু আমলা এবং ভারতবর্ষের রুলিং পার্টির যারা কেন্দ্রে শাসন করেন তাদের কিছু মুরুব্বী ইন্দিরা গান্ধীর কিছু কিছু পার্শ্বচর তারা এই প্ল্যানিংয়ের রূপ দেন, প্ল্যানিংয়ের চেহারা, আকার সব কিছু ঠিক করেন এবং ডাইরেকটিভ প্রিন্সিপল এর যে নীতি, সেই নীতিগুলিও তারা ঠিক করেন, এমন কি পার্লামেণ্টের মাননীয় সদস্যদেরও প্ল্যানিংয়ের ভূমিকায় হাত থাকে না। এই কথা আমাদের মাননীয় বিরোধী দলের সদস্য জয়নাল আবেদিন সাহেবের জানার কথা নয়, এটা ঠিক নয়, তিনি জানেন আপনি জানেন যে ষষ্ঠ ফিনান্স কমিশন যে ফাইণ্ডিং করেছিল, সেই ফাইণ্ডিংসে পরিষ্কার বলা আছে যে ভারতবর্ষের যে প্ল্যানিং এবং ফিনান্স কমিশনের যা পদ্ধতি কাজকর্মে তাতে ভারতবর্ষের দারিদ্রতা দূর হওয়ার কথা নয়। কারণ আমরা এই পর্যন্ত যা দেখি তাতে ভারতবর্ষে যত দরিদ্র রাষ্ট্র আছে তাদের সব চেয়ে কম টাকা দেওয়া হয়, ক ট্রান্সফার করা হয়। গোটা ভারতবর্ষ থেকে যে ট্যাক্স কালেকশান করা হয় সে ট্যাক্সের যা শেয়ার, সেই শেয়ার ষ্টেটের যা পাবার কথা তার ট্রান্সফার হয় কম ভারতবর্ষের যে সব রাজ্য আছে, সেই রাজ্যগুলির মধ্যে সবচেয়ে গরীব রাজ্যের যে লিস্ট আছে তার মধ্যে আপনি পশ্চিম বঙ্গের নাম পাবেন। পশ্চিমবঙ্গে দারিদ্রের যে সংখ

তার পারসেণ্টেজ আমি তুলে ধরছি এবং তাহলে বুঝতে পারবেন। পশ্চিমবঙ্গের দারিদ্রের সংখ্যা, পোভার্টির পপুলেশানের রেশিও হচ্ছে ৬২'২৮। আর আমাদের জন্য টাকা যেটা ট্রান্সফার হয় তার ট্যাক্সের শেয়ার হচ্ছে ৩৬০ টাকা পার ক্যাপিটা, আমাদের সারপ্লাস হচ্ছে ১৫৭ টাকা। অথচ ভারতবর্ষের সব চেয়ে ধনী রাজ্য যার পার ক্যাপিটা ইনকাম সবচেয়ে বেশী সেই পাঞ্জাবকে শেয়ার দেওয়া হল, ট্রান্সফার অব শেয়ার ৩১০ টাকা। তাদের পার ক্যাপিটা সারপ্লাস দেওয়া হল ৫৯৭ টাকা, আর আমাদের দেওয়া হল ১৫৭ টাকা। আমরা ৬২'২৮ পোভার্টি নিয়ে আছি তা সত্বেও ট্রান্সফার অব শেয়ার কম হল। এই ভাবে ষ্ট্যাটিসটিক দিলে দেখা যাবে যে আমাদের প্রতি কি দারুণ বৈষম্য কেন্দ্রীয় সরকার করছেন, ফিনান্স কমিশন করছেন, প্ল্যানিং কমিশন করছেন। এই বৈষম্য আজ পর্যন্ত দূর করার কোন প্রচেষ্টা কেন্দ্রীয় সরকার করছেন না। আমাদের অর্থমন্ত্রী, আমাদের মুখ্যমন্ত্রী দিল্লীর সরকারের কাছে বার বার বলা সত্বেও আজ পর্যন্ত তারা কিছুই করেননি। আপনি আরো অবাক হয়ে যাবেন, জয়নাল আবেদিন সাহেব বড় বড় কথা বললেন, আজকে ভারতবর্ষের যা অবস্থা, ভারতবর্ষের কৃষিতে যারা কাজ করেন, কৃষির সঙ্গে যুক্ত ওয়ার্কিং ফোর্স যারা তাদের সংখ্যা ৬৮'২, আর আদারস ইণ্ডাষ্ট্রির সঙ্গে আছে ১৪.১। পারসেণ্টেজের দিক থেকে ওয়ার্কিং ফোর্সের রেশিও এই রকম দাঁড়িয়েছে। এগ্রিকালচারের উপর আমাদের জনসাধারণের সবচেয়ে বেশী প্রেসার এগ্রিকালচারের উপর। আর এগ্রিকালচারের সংগে যুক্ত যারা তারা ন্যাশানাল ইনকাম-এর কতটুকু পায় আপনি জানেন? তারা পায় '৭০। এই হচ্ছে আমাদের কেন্দ্রীয় প্ল্যানিংয়ের অবস্থা।

[11-40—11-50 p.m.]

এই হচ্ছে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের প্লানিং, কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা। আজকে ষষ্ঠ পরিকল্পনা চলছে। ছয় ছয়টি পরিকল্পনা হয়ে গেল, তার মধ্যে ভারতবর্ষের জনগণের দারিদ্র মোচনের কোন ব্যবস্থাই হয় নি, তাদেরকে ঠকানো হয়েছে। এর পরে আমি বলতে চাই ভারতবর্ষের মুষ্টিমেয় যে পুঁজিপতি পরিবারগুলি আছে, তারাই ভারতবর্ষের প্লানিং ঠিক করে। যাতে ঐ পুঁজিপতিদের স্বার্থ রক্ষিত হয়, সেইভাবেই তারা প্লানিং করেন। এ্যাকুমুলেসন অব এ্যাসেটস এণ্ড ওয়েল্থ আজকে সেইভাবেই চলেছে। এই বিড়লা পরিবার ভারতবর্ষে সবচেয়ে বেশী কনসেনট্রেসন অব এ্যাসেট এণ্ড ওয়েল্থ করেছে। আজকে যষ্ঠ পরিকল্পনা হওয়া সত্বেও এই কনসেনট্রেসন অব ওয়েল্থ এণ্ড এ্যাসেট ডাইভার্ট করার চেষ্টা কেন কেন্দ্রীয় সরকার করলেন না? মুখে সমাজতন্ত্রের কথা বলেন, মুখে অগ্রগতির কথা বলেন। আজকে দু একটি পরিবারের হাতে অর্থনৈতিক ক্ষমতা কেন্দ্রীয়ভূত আছে। এবং তার দৌরাত্ম্য থেকে দরিদ্র জনসাধারণ আজকে রেহাই পাচ্ছে না। কেন্দ্রীয় সরকার তার মোড় না ঘুরিয়ে দেন, ফাইন্যানসিয়াল পলেসি, ল্যাণ্ড পলেসি, ট্যাক্স পলেসি যদি পরিবর্তন না করেন তাহলে ভারতবর্ষের আজকে রেহাই নাই। এর পরে আমি বলতে চাই। আমাদের সদস্য বললেন যে আমাদের পশ্চিমবাংলায় যেসব কারখানা রয়েছে সেগুলি আজকে ধুঁকছে, বহু কারখানা রুগ্ন হয়ে গেছে। আই আর সি আই নামে একটা প্রতিষ্ঠান তাঁরা

করেছেন, যাকে কয়েক হাজার কোটি টাকা দিয়ে তাদের বললেন, ভারতবর্ষের রুগ্ন কারখানাগুলি সারিয়ে তোল। সেই আই আর সি আই এর অফিসার যারা আছে এবং কেন্দ্রীয় সরকারে যারা আছেন মন্ত্রী মহাশয়েরা প্রধানমন্ত্রী সহ, সেই টাকা নিয়ে মুষ্টিমেয় কিছু পুঁজিপতি গোষ্ঠি, তাদের রুগ্ন কারখানার নাম করে বিপুল পরিমাণ টাকা—প্রায় ২ হাজার কোটি টাকা তারা আত্মসাত করেছে। এই টাকা কোন রুগ্ন কারখানা, রুগ্ন শিল্প গড়ে তোলার জন্য ব্যয় হয়নি। ওঁরা বলেছেন যে দু একটি কারখানা নাকি স্বাবলম্বী করেছেন। অধিকাংশ কারখানা যে অবস্থায় ছিল তার চেয়ে আরও খারাপ অবস্থায় চলে গেছে। সব টাকা ড্রেনেজ হয়ে গেছে। কলকাতার আশে পাশে আই আর সি আই যেখানে ফাইন্যানসিং করেছেন, যেমন ন্যাশানাল রাবার, ইনচেক টায়ার, নর্থ ইণ্ডিয়ান জুট মিল। সেগুলি সব ড্রেনেজ হয়ে গেছে। এই সমস্ত কারখানাগুলি প্রতি বছর বেশ কয়েক কোটি টাকা অপচয় করছে, সেখানে বেশ ভালভাবেই চুরি হচ্ছে। আই আর সি আই-এর যেখানে এই চুরি ধরার চেষ্টা করা উচিত, সেখানে তারা আজকে তাদের মদত দিচ্ছে। আই আর সি আই-এর যিনি চেয়ারম্যান শ্রমিকরা তার সাথে দেখা করতে চাইলে বা আমরা দেখা করতে চাইলে তিনি বল্লেন আমি দেখা করবো না, যদি কিছু তাদের বলার থাকে তাহলে ম্যানেজমেণ্টের সঙ্গে কথা বলতে পারেন। কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে জানানো হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এই ন্যাশনাল রবার, ইনচেক টায়ার, নর্থ ইণ্ডিয়ান জুট মিল সম্পর্কে সঠিক কোন ব্যবস্থা আজ পর্যন্ত করেন নি। এই সব কারখানাগুলিকে স্বাবলম্বী ও শক্তিশালী করার ব্যাপারে শ্রমিকদের কোন পরামর্শ কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন নি। তাদের কোন সাজেসন গ্রহণ করা হয় নি। এই সমস্ত টাকা সেই ম্যানেজমেণ্ট এবং কেন্দ্রীয় সরকারের কিছু মন্ত্রী এবং তাদের কিছু পার্শ্বচর ভোগ করছে। এ জিনিস বন্ধ করার জন্য আমরা এবং আমাদের ভারতবর্ষের অন্যান্য যেভাবে লড়াই করছে, তাতে আমি আশা করি আমরা জয়ী হবো।

স্যার, এর পরে যে কথাটা আপনাকে জানাতে চাই, কেন্দ্রীয় সরকারের যে লোন পলিসী সেই লোন পলিসীর জন্য আপনি জানেন যে আমেরিকার কাছে আমরা আমাদের বাঁধা দিয়ে ফেলেছি। এতদিন পর্যন্ত আমরা জানতাম ভারতবর্ষে যে ইণ্ডাষ্ট্রি আছে, তার একটা সেক্টার হচ্ছে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি, কটেজ ইণ্ডাষ্ট্রি এবং মিডিয়াম ইণ্ডাষ্ট্রি। এই সব জায়গায় একটা রিজার্ভেষণ ছিল, রিজার্ভেষণ ফর নেটিভ ইণ্ডাষ্ট্রিজ। আমাদের দেশে ক্ষুদ্র, ছোট, মাঝারি শিল্পপতিদের জন্য একটা রক্ষা ব্যবস্থা ছিল। যে রক্ষা ব্যবস্থার জন্য ঐ ফেরা এবং এম.আর.ডি.পি. এ্যাক্ট কে ব্যবহার করে আমরা বিদেশী বহু জাতি কোম্পানীগুলোকে আটকাতে পেরেছিলাম, আমরা মনোপলি হাউসগুলোকে আটকাতে পেরেছিলাম। ক্ষুদ্র ক্ষুদ্র যে সব শিল্পপতি আছে, যারা ছোট ছোট কল কারখানা তৈরী করেছেন তাদের বাজারটাকে এ্যাসিওর আমরা করতে পেরেছিলাম। আর এই সব ছোট ছোট কারখানায় যে সব লোক কাজ করে তাদের সংখ্যা অনেক, সবচেয়ে বেশী লোক এইসব কারখানাগুলোতে কাজ করে, লক্ষ লক্ষ শ্রমিক কাজ করে, ওয়ার্কিং ফোর্স-এর সবচেয়ে বেশী অংশ—৭০ পারসেণ্ট এই সব কারখানাগুলোতে কাজ করে। সেই ইণ্ডাষ্ট্রিগুলোতে আমরা এতদিন পর্যন্ত বাঁচিয়ে রাখতে পেরেছিলাম দেশ স্বাধীন হবার পর থেকে। কিন্তু ইন্দিরা গান্ধী ১৯৮০ সালে ক্ষমতায় আসার পরে

এই নীতিকে বিসর্জন দিয়েছেন, তিনি আমেরিকার কাছ থেকে এবং পশ্চিম ইউরোপের দেশগুলোর কাছ থেকে আই.এন.এফ.এফ. লোন নেবার জন্য সেই নীতিকে বিসর্জন দিয়ে ফেরা এবং এম.আর.টি.পি এ্যাক্টকে পরিবর্তন করেছেন—দারুণ সমালোচনা হয়েছে। ভারতবর্ষের সংবাদপত্রগুলো এই নিয়ে সমালোচনা করেছে, কিন্তু শ্রীমতী ইন্দিরা গান্ধী সেই সমালোচনার দিকে কর্ণপাত করেন নি। বরং আরও বেশী বেশী করে বহু জাতি কোম্পানীগুলোকে কনসেসন দিচ্ছেন। এইসব রিজার্ভ যে সেক্টরগুলো আছে যেখানে এই শিল্পগুলোর বাজার খানিকটা নিরাপদ ছিল সেই বাজারগুলোতে আজকে বহু জাতি কোম্পানীগুলো ঢুকে পড়েছে। তাকে রক্ষা করবার এবং আটকাবার কোন ব্যবস্থা শ্রীমতী গান্ধী করছেন না। আজকে যদি ঐ বহু জাতি কোম্পানীগুলো—আমাদের সাইকেল ইণ্ডাষ্ট্রিকে, আমাদের বিসকিট ইণ্ডাষ্ট্রিতে, আমাদের ছোট ছোট ইণ্ডাষ্ট্রিগুলোতে যদি ঢুকে পড়ে—বল বেয়ারিং, স্প্রিং, এই সব ইণ্ডাষ্ট্রিগুলোতে যদি ঢুকে পড়ে—ব্যাটারী ইণ্ডাষ্ট্রিগুলোতে যদি ঢুকে পড়ে তাহলে আমাদের যে এই ছোট ছোট ইণ্ডাষ্ট্রিগুলো রয়েছে সেইগুলো আর চলবে না বন্ধ হয়ে যাবে। তার ফলে লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়ে যাবে, লক্ষ লক্ষ পরিবারকে অনাহারে অর্ধাহারে দিন কাটাতে হবে। এই অবস্থায় আমরা আজকে এসে পড়েছি তাই আমি এই কথা বলছি আজকে কেন্দ্রীয় সরকারের যে শিল্প নীতি, যে আর্থিক নীতি, সেই নীতিগুলোর যদি পরিবর্তন না হয় তাহলে ভারতবর্ষের কোন সুদিন আসার কোন সম্ভাবনা নেই। আজকে এই নীতির বিরুদ্ধে মাননীয় বিরোধী দলের সদস্যদের বলব যে আপনারা একটু সোচ্চার হন। শুধু ইন্দিরা গান্ধীর ভয়ে চুপ করে থাকলে চলবে না, আপনাদের সোচ্চার হতে হবে। কারণ আজকে যদি দেশের শিল্প ধ্বংস হয়ে যায়, আজকে যদি শ্রমিকদের কাজ না থাকে, আজকে যদি কৃষকদের একটু সুরাহা করা যায়, তার ব্যবস্থা যদি না হয় তাহলে কেউ বাঁচতে পারবে না। আপনারাও বাঁচতে পারবেন না, আমরাও বাঁচতে পারব না। শুধু পশ্চিমবঙ্গ কেন সারা ভারতবর্ষ ডুববে, এই অবস্থার কথা মনে রেখে আশা করব মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী যে বক্তব্য ন্যাশান্যাল কাউন্সিলে রেখেছিলেন, সেই বক্তব্যের পক্ষে তাঁরা দাঁড়াবেন। কেন্দ্রীয় সরকারকে প্ল্যানিংকে, ভারতবর্ষের পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে রূপায়িত করার ক্ষেত্রে জনসাধারণের সক্রিয় ভূমিকা গ্রহণ করার ব্যবস্থা করতে হবে, প্ল্যানিং হবার আগে সেই প্ল্যানিংয়ের ড্রাফটকে জনসাধারণের মধ্যে নিয়ে যেতে হবে। বিশেষ করে পিপলস্ রিপ্রেজেনটেটিভদের এ্যাপ্রুভ্যাল, তাদের পরামর্শ গ্রহণ করার পরে ফাইনাল ড্রাফট তৈরী হবে, তাছাড়া পঞ্চবার্ষিকী পরিকল্পনার কোন ড্রাফট যদি অফিসাররা করে তাহলে ঐ পুঁজিপতিদের, ঐ টাটা, বিড়লাদের স্বপক্ষেই তা হবে, জনসাধারণের সেবা হবে না, ভারতবর্ষের দারিদ্রতা দূর হবে না। কাজেই আমরা আশা করব যে বিরোধীপক্ষের সদস্যরা সেদিকে লক্ষ্য রাখবেন, তাঁদের নীতি, তাঁদের কার্যাকলাপকে সেইভাবে ঢেলে সাজাবেন। আমাদের মাননীয় সদস্য জয়নাল সাহেব বললেন প্রাইস রাইস হয়েছে। প্রাইস রাইস কার জন্য হয়, সেটা কি তিনি জানেন না? তিনি জানেন যে কেন্দ্রীয় সরকার ট্যাক্সেসন করেন এবং ট্যাক্সেসন করে—কোন কোন ক্ষেত্রে আজকে ভারতবর্ষে সবচেয়ে বেশী ট্যাকসেসন হয়েছে এসেনশিয়াল

কমোডিটিস এর উপর, যে জিনিষগুলো না হলে মানুষ বাঁচে না, সেইসব জিনিষের উপর বেশী বেশী করে আজকে ট্যাকসেসন হয়েছে। ইন্দিরা গান্ধী ট্যাকসেসন করছেন, কিন্তু ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে জয়নাল সাহেব একবারও তো প্রতিবাদ করছেন না? একবারও তো প্রতিবাদ করে বলছেন না যে যেসব জিনিষ মানুষের দৈনন্দিন প্রয়োজনে লাগে তার উপর থেকে ট্যাক্স তুলে নিন, ট্যাক্স বসাতে পারবেন না। দেশলাইয়ের উপর ট্যাক্স বসাতে পারবেন না, কেরোসিন, ডিজেল, পেট্রোল এইসব নিত্য প্রয়োজনীয় জিনিষের ওপর ট্যাক্স বসাতে পারবেন না, এই কথা তো একবারও ওঁরা বলছেন না।

[11-50—12-00 Noon]

কেন বলছেন না? জনসাধারণের পক্ষে এই কথা তো বলতে পারেন। কিন্তু ইন্দিরা গান্ধীর ভয়ে বলবেন না। মাননীয় জয়নাল আবেদিন সাহেব এখনো জেগে ঘুমাচ্ছেন। এই জেগে ঘুমানোটা বন্ধ করুন। আসল শত্রুকে, চিনে নিন, বুঝে নিন এবং আসল শত্রু কে, সেটা বুঝে নিয়ে সেই ভাবে চলার চেষ্টা করুন। অন্যথায় অরণ্যে রোদন ছাড়া আর কিছু ফল ফলবে না। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল (নং ২), ১৯৮২, এখানে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েসন (নং ২) বিল, ১৯৮২, যেটা হাউসে উপস্থাপিত করেছেন আমি অত্যন্ত বিনয়-চিত্ত হৃদয়ে তার বিরোধিতা করছি। স্যার, আমি সমস্ত বাজেট ডিসকাসনে যে কথাগুলি শুনেছিলাম, আজকে আবার মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয়ের কাছ থেকে সেই কথাগুলি শুনলাম। স্যার, ওরা তো বলে বেড়াচ্ছেন সীমিত ক্ষমতা, কেন্দ্রের বৈষম্য, কেন্দ্রের দোষ, কেন্দ্র অনুদান বাড়াচ্ছেন না ইত্যাদি এবং এই কেন্দ্র, কেন্দ্র, করতে করতে ওরা কিছুই করতে পারছেন না। সো মাই রিকোয়েষ্ট-- আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে রিকোয়েষ্ট করি, আপনি কেন্দ্রের জন্য যখন কিছু করতেই পারছেন না, তখন কেন্দ্রকেই ছেড়ে দিন, লেট কেন্দ্র সল্‌ভ্ ইট। স্যার, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, কোন উদাহরন দিচ্ছি না। আমি বলছি না যে, মাননীয় মুখ্য মন্ত্রী কোন একজামপেল তাঁর হৃদয়ের মধ্যে গেঁথে নেন। আমি একটি কথা তাঁকে বলছি, বর্তমান পরিস্থিতিতে উত্তর প্রদেশের চীফ মিনিষ্টার মিঃ বিশ্বনাথ প্রতাপ সিং যখন ডাকাত সমস্যার সমাধান করতে পারলেন না এবং যখন দেখলেন তাঁর পক্ষে এই সমস্যার সমাধান করা সম্ভব নয়, তখন তিনি রেজিনেসান দিলেন। তিনি একটি একজাম্পেল্ সেট আপ করলেন। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, আপনি তো বলছেন পারছি না, প্লিজ, আর একটি একজাম্পেল সেট আপ করুন। মাননীয় স্পীকার, স্যার, এই সীমিত ক্ষমতা ও কেন্দ্রীয় বৈষম্য নিয়ে স্বর্গতঃ ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিমবাংলার মানুষের জন্য অনেক কিছু করে গেছেন। তাঁর মৃত্যুর পর এতগুলি মুখ্যমন্ত্রী চলে গেলেন, কিন্তু কারো ওয়াল পোষ্টারিং দেখতে পাবেন না, বিধান রায় ছাড়া। পশ্চিমবাংলার মানুষ ডাঃ বিধানচন্দ্র রায়কে ভালবাসে, শ্রদ্ধা করে। তিনি পশ্চিমবাংলার মানুষের জন্য অনেক কিছু চিন্তা করে গেছেন। স্যার, যদি একটি

মানুষের আন্তরিকতা থাকে, সৎ চিন্তা, চেষ্টা থাকে তাহলে নিশ্চয় সে সমস্যার সমাধান করতে পারে। ডাঃ বিধান চন্দ্র রায়ের একজাম্পেল্ নয়, এই বামফ্রন্ট সরকারের ভার-প্রাপ্ত বিদ্যুৎ মন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিতে যিনি কিছুদিন বিদ্যুৎ দপ্তর চালিয়ে-ছিলেন, তাঁর সম্বন্ধে আমি একটি উদাহরণ এখানে তুলে ধরছি। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বিদ্যুৎ মন্ত্রী ছিলেন তখন তিনি কোন সমস্যার সমাধান করতে পারলেন না, জেনারেসন বৃদ্ধি করতে পারলেন না, ট্রানসমিসন লাইনের সার্ভিস চেঞ্জ করতে পারলেন না। পাওয়ারটা টেনে নিতে পারলেন না। স্যার, এই জ্যোতিবাবু যখন লণ্ডন চলে গেলেন তখন কৃষ্ণপদ ঘোষ মহাশয় এক মাসের জন্য এই বিদ্যুৎ দপ্তরের চার্জে ছিলেন। স্যার, আমার কাছে ষ্ট্যাটিসটিক্স আছে, সেগুলি উল্লেখ করে আর বক্তৃতা ভারাক্রান্ত করতে চাই না, কিন্তু ঐ এক মাসে পাওয়ার ডেভেলাপমেন্ট যা হয়েছিল তা বিগত কংগ্রেস জমানার ইতিহাসকে ছাপিয়ে গেছে। স্যার, তখন লোডসেডিং কমে গিয়েছিল, জেনারেসন বৃদ্ধি পেয়েছিল। কারণ, কৃষ্ণপদ ঘোষ মহাশয় অন্তর দিয়ে মানুষের দুঃখ বোঝবার চেষ্টা করেছিলেন। স্যার, এই সীমিত ক্ষমতা, এই বৈষম্যের মাধ্যমেও এদেরই মন্ত্রী কৃষ্ণ পদ ঘোষ মহাশয় কিন্তু দেখিয়ে দিয়ে গেছেন যে, আন্তরিকতার সঙ্গে কাজ করলে সমস্যা সমাধানের কিছু চেষ্টা করা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথায় আসছি সেটা হচ্ছে আজকে পশ্চিম-বাংলার মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল এনে অর্থ চাইছেন সে অর্থ নিয়ে হবে কি? কি জন্য তিনি অর্থ চাইছেন? দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য, না, আলিমুদ্দিন ষ্ট্রীটের উন্নয়নের জন্য সেকথা আমি জানতে চাই। বিগত ৫ বছরের যে স্টাটিসটিক্স এঁরা দিয়েছেন ইকনমিক রিভিউ বই-তে সেটা থেকে আমি কয়েকটি তথ্য দিতে চাই। স্যার, এই ইকনমিক রিভিউ ১৯৮০/৮১ এটা আমরা পাবলিশ করি নি, এটা বামফ্রন্ট সরকার পাবলিশ করেছেন, এই সরকারের অফিসাররা পাবলিশ করেছেন এবং সেটা আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে এ্যাপ্রুভ হয়ে এসেছে জ্যোতিবাবুও সেটা এ্যাপ্রুভ করেছেন, সেই বই থেকেই আমি কয়েকটি উদ্ধৃতি দিতে চাই। পাওয়ারের এগজাম্পল আমি আগেই দিয়েছি, সেটা আর রিপিট করছি না, আমি অন্য কথা বলছি। জেনারেল বাজেটের ডিস্কাসানের সময় আমরা কি দেখেছি? কোন ব্যাপারে কি কোন ডেভালপমেণ্ট হয়েছে? সেখানে আমরা দেখেছি প্রডাকটিভ অরিয়েনটেড ডিপার্টমেণ্টগুলি নিয়ে সরকার এগিয়ে যান নি, আনপ্রডাকটিভ ডিপার্টমেণ্ট যেমন পুলিশ ইত্যাদি সেগুলি নিয়ে সরকার এগিয়ে গিয়েছেন। গ্রামীন ইকনমির ডেভালপমেণ্টের জন্য এগ্রিকালচারাল সেক্টারে এগিয়ে গেলে পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হতে পারতো, দেশের ইকনমি দৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত হতে পারতো কিন্তু সেখানে আমরা এই বই থেকে দেখছি কোন ডেভালপমেণ্ট নেই। কেন? কি কারণে হয়নি? স্যার, আমি সেইসব পুরানো কথায় যাব না, ওঁরা যে দেশের উন্নতি চান না, মানুষকে অন্ধকারে রেখে তাদের মাথায় হাত বুলিয়ে রাজনীতি করতে চান সেকথাও আমি বলছি না, আমি এখন অন্য প্রসঙ্গে আসছি। স্যার, অর্থ নিয়ে এঁরা যে খুব কাঁচা কাজ করেছেন তা নয়। প্রশান্ত শূর মহাশয় বসে আছেন—কারেক্ট এগজাম্পল, জলন্ত উদাহরণ, পশ্চিমবাংলার বুকে এই রকম পটুতার সংগে তিন থেকে চার কোটি টাকা

পকেটস্থ করা এ। পশ্চিমবাংলার কোন মন্ত্রী পারেন নি। সুতরাং স্যার, এঁরা পারেন না, এঁরা ইচ্ছা করলে করতে পারেন না এমন কোন কাজ নেই। কিন্তু কোন জায়গায় এঁরা ইচ্ছা করেন, কোন জায়গায় করেন না। স্যার, যে সময় এবং যে ব্রেন দিয়ে এই তিন কোটি টাকার অপব্যবহার হ'ল সেই ব্রেনটা যদি গ্রামীণ ইকনমির উন্নতির জন্য দিতেন .

( ভয়েস ঃ—বাজে কথা বলবেন না। )

বাজে কথা? মিঃ বি. সেনগুপ্ত, এনকোয়ারী কমিটির মেম্বার সেক্রেটারী, তাঁর রিপোর্টের কপি আমাদের কাছে আছে। তিনি আমাদের লোক নন। সেই রিপোর্টে তিনি বলেছেন, The deal was not proper and Mr. Sur is totally responsible for this আমি সেসব কথায় যাচ্ছি না, আমি বলছি, আজকে গ্রামীন অর্থনীতি একেবারে ভেঙ্গে গিয়েছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, চলুন গ্রামের দিকে—শহরে যা হচ্ছে সে পরে দেখা যাবে কিন্তু গ্রামের অবস্থাটা কি সেখানে গিয়ে একবার দেখুন। গ্রামে আজকে যা অবস্থা সেটা হচ্ছে, ডিপ টিউবওয়েল, কংগ্রেস আমলে যেগুলি হয়েছিল সেগুলি ভেঙ্গে পড়ে আছে। রিভার লিফ্‌ট ইরিগেসান পাওয়ারের অভাবে ধুক ধুক করছে, চলছে না। গ্রামের চাষীরা যারজন্য দেশকে ট্যাক্স দিচ্ছে তার থেকে তারা বেনিফিট পাচ্ছে না। সেখানে ইজিনিয়ারের অফিস, বি. ডি. ও-র আফিস, এস. ডি. ও-র অফিস ঘেরাও হচ্ছে, ওঁরা বলছেন, আমরা অসহায়, পাওয়ার নেই তাই আমরা ডিপ টিউবওয়েল চালাতে পারবো না। আজ এগ্রিকালচারাল প্রোডাকসান এইভাবে হ্যামপার্ড হচ্ছে। স্টাটিসটিক্স নিয়ে ওঁরা বলছেন এগ্রিকালচারাল প্রোডাকসান বেড়েছে — ১৯৭৬/৭৭ সালের তুলনায় ১৯৭৯/৮০, ১৯৮০/৮১ তে বেড়েছে। আমি ইকনমিক্সের ষ্টুডেন্ট নয়, আমি সাদামাটা কথায় জিজ্ঞাসা করছি, যদি এগ্রিকালচারাল প্রডাকসান বেড়েই থাকে তাহলে দেওয়ালে ওঁরা যে লিখেছিলেন 'এক টাকা কে. জি. চাল খাওয়াবেন' সেই চাল আজ এক টাকা কে. জি. না হয়ে চার টাকা কে. জি. কেন? সুমন্তবাবু বলেছেন, কেন্দ্র রেসপনসিবল। আমি তাঁকে বলি, ঐ আনন্দেই থাকুন। অপরের বউকে লোকে বের করে নিয়ে গিয়েছে তাই আপনার বউকেও বার করে দিন। ঐ আনন্দেই থাকুন।

[12-00—12-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বিনয়ের সঙ্গে বলছি, আপনি একটু বুঝবার চেষ্টা করুন। আজকে এঁরা একটুও অন্তরের সঙ্গে চিন্তা করছেন না। সুমন্তবাবু একটা এক্সজাম্পল দিলেন। তিনি ইকনমিক্সের ষ্টুডেন্ট ছিলেন কিনা আমি জানি না। এই যে প্রাইস ইনডেকস্‌ট, এই যে মূল্য সূচক বৃদ্ধি, এর কি কেন্দ্র রেসপনসিবল? আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি যে আলুর দাম, পেঁয়াজের দাম, বেগুনের দাম, পটলের দাম, শাক-শব্জির দাম, যেগুলি আমরা খেয়ে বেঁচে থাকি, আমরা মুরগী বেশী দিন খেতে পারি না, গ্রামের লোক যেগুলি খেয়ে বেঁচে থাকে, এগুলির যে দাম বাড়ছে, এর জন্য কি কেন্দ্র রেসপনসিবল? you are living in a fool's paradise মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রাইস ইনডেক্স এগ্রিকালচারের দিকে যাব। ওঁরা

সেখানে যাবার চেষ্টা করছেন না, ওদের থিয়োরী তাই। এবারে আমি একটু অন্য কথায় যাব। পশ্চিমবাংলা বেকারত্বের যন্ত্রণায় ছটফট করছে। চাকুরী সম্বন্ধে একটা কথা বলি। এই বামফ্রণ্ট সরকার দু'মুখো নীতি নিয়েছে। সেই নীতি কি? আমার মনে আছে ১৯৭৭ সালে প্রথম যখন এই বিধানসভা বসে তখন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন এবং লেবার মিনিস্টার একটা সার্কুলার দিলেন যে পশ্চিমবাংলায় যে কোন এমপ্লয়মেণ্ট হবে সেটা থ্রু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ হবে। সেটা কি হয়েছে? এই বিষয়ে জ্বলন্ত এক্সজাম্পল দি, দি, দি গ্রেট প্রশান্ত শূর। স্যার, ১৯৭৭-৮২ সালে ৫ হাজার এ্যাপোয়েণ্টমেণ্ট হয়েছে, উনি স্বীকার করেছেন, উইদাউট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস অর্থাৎ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে নাম নেই এই ৫ হাজারের। প্রশান্ত শূর মহাশয় একটা এক্সজাম্পল দিয়েছিলেন, এটা একটা লেম এক্সকিউজ, এগুলি সব ফোর্থ ক্লাস স্টাফ। কিন্তু লেবার ডাইরেক্টোরেটের সার্কুলার আছে তাতে স্পেশালি বলা আছে যে থার্ড গ্রেড, ফোর্থ গ্রেড—ইন এভরি গ্রেডে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে নাম নিতে হবে আমার কাছে খবর আছে যে Without giving advertisement, without giving notice to the public এ্যাপোয়েন্টমেন্ট হয়েছে। হোয়াই দিস? আজকে ৪ মাসের মধ্যে আরো ৫ শত এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। আমি জানি না প্রশান্ত শূর মহাশয় কি বলবেন, তবে আমার কাছে খবর আছে। এটা কেন হচ্ছে? আজকে এর দ্বারা সাধারণ মানুষ ডিপ্রাইভ হচ্ছে। আজকে যদি সাধারণ মানুষ বেঁচে না থাকে, আমাদের সমর্থকরা যদি বেঁচে না থাকে তাহলে আমরা রাজনীতি কাদের নিয়ে করবো? আজকে গ্রামের বুকে কি দেখা যাচ্ছে? মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল হাউসে স্বীকার করেছেন যে সি. পি. এম-এর সমর্থকরা কংগ্রেসী সমর্থকদের ৩৬টি বাড়ী পুড়িয়েছে। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে কংগ্রেসী কর্মীদের সি. পি. এম কর্মীরা হত্যা করেছে। আমরা মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম যে এটা কি আপনি সমর্থন করেন? আপনি এ্যালাউ করলেন না প্রশ্নটা। আপনি এ্যালাউ করলেন না কারণ আপনি জানেন যে মুখ্যমন্ত্রীর যদি সমর্থন না থাকে তাহলে গ্রামে মানুষ এফ. আই. আর করতে গেলে ডিপ্রাইভ হচ্ছে কেন? গ্রামে জেনারেল ডায়েরী করতে গেলে থানা থেকে ফিরে আসে কেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে, তিনি এই অর্থ নিয়ে তছনছ করবেন, গ্রামের মানুষের কোন মঙ্গল করতে পারবেন না, পুলিশ খাতে ব্যয় করবেন পুলিশী-রাজ ভালভাবে কায়েম করবার জন্য। পুলিশ খাতে যে ব্যয় বৃদ্ধি করা হয়েছে, সেটা কাকে হেল্প করবে? এর দ্বারা ৩০ থেকে ৩৬% মানুষ যারা আপনাদের সমর্থন করে তাদের সাহায্য করবেন। বাকি যে জেনারেল মাস্‌, যারা আপনাদের সমর্থন করে এবং যারা নিরপেক্ষ তারা এই সরকারের কাছ থেকে কোন সাহায্য পাবে না। কি পুলিশ, কি প্রশাসন, সরকারের সমস্ত দরজা সাধারণ মানুষের কাছে বন্ধ। নিরপেক্ষ মানুষ জ্যোতিবাবুর আমলে বিচার পাবে না। শুধু মাত্র আলিমুদ্দিন স্ট্রীটের কতগুলি মানুষের স্বার্থে এই সরকার আজকে পশ্চিম বাংলার রাজনীতি এবং অর্থনীতিকে ভেঙ্গে খানখান করে দিয়েছেন। গতকাল আমরা দেখলাম ২৩টি খাতের ১১০ কোটি টাকা ও'রা গিলোটিনে পাশ করিয়ে নিলেন। ব্রুট মেজরিটির

জোরে সমস্ত কিছু পাশ করিয়ে নিচ্ছেন। আজকে ব্যয় মঞ্জুরী বিলের ওপরে আমরা বক্তব্য রাখার সুযোগ পেয়ে সমস্ত কিছুর তীব্র ভাষায় বিরোধিতা করছি। কারণ আমরা জানি এই সরকারকে অর্থ ব্যয় করবার ক্ষমতা দেওয়ার অর্থই হচ্ছে অর্থের অপব্যয়, সমস্ত মানি ওয়েস্টেজ হবে।

তবে আমরা স্বীকার করি যে, স্মল-স্কেল সেক্টরে কিছু কিছু কাজ হয়েছে, স্মল সেভিংস-এর কিছু কাজ হয়েছে। এগুলি আমরা অস্বীকার করতে পারি না। স্মল সেভিংস-এর পারফরমেন্স দেখেছি, তা খুব খারাপ নয়। ল্যাণ্ড রিফর্মস-এ বিনয় চৌধুরী মহাশয় কিছু কাজ করবার চেষ্টা করছেন। সীমিত ক্ষমতার ভিতরেও বিনয় চৌধুরী মহাশয় আন্তরিকভাবে কাজ করবার চেষ্টা করছেন। কানাইবাবুও চেষ্টা করছেন কিন্তু তিনি কিছু করতে পারছেন না পাওয়ার পাচ্ছেন না বলে। পাওয়ার আলিমুদ্দিন স্ট্রীট পেছন থেকে টেনে নিচ্ছে। এগ্রিকালচারাল ডিপার্টমেণ্টে কমলবাবু চেষ্টা করছেন তাঁর আন্তরিকতা আছে, কিন্তু তিনিও ঐ একই কারণে কিছু করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আপনাকে বলছি যে, এই টাকা যদি অপব্যয়ই হয়, মানুষের প্রয়োজনে যদি না লাগে, মানুষ যদি এই প্রশাসন থেকে সাহায্য না পায়, দেশের এগ্রিকালচারের ডেভলাপমেণ্ট না হয়, ইকনমির ডেভলপমেণ্ট না হয়, তাহলে আলু পটল থেকে আরম্ভ করে চাল ডালের পর্যন্ত দাম বেড়ে যাবে, কোন কিছুর দাম সরকার কমাতে পারবেন না। ফলে মানুষের দুঃখ-কষ্ট বেড়ে যাবে।

স্যার, প্রথম থেকেই ওঁরা একটা কথা বলে চলেছেন যে, কেন্দ্র কিছু দিচ্ছে না, ফলে সীমিত ক্ষমতার মধ্যে আমরা কিছু করতে পারছি না। তা আমি আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই যে, এই সীমিত ক্ষমতার মধ্যে দিয়েই ডাঃ বিধান চন্দ্র রায় কল্যাণী করে গেছেন, দুর্গাপুর করে গেছেন, ডি. পি. এল. করে গেছেন, সাঁওতালদির পত্তন করে গেছেন, ব্যাণ্ডেল পাওয়ার স্টেশন করে গেছেন, পশ্চিম বাংলার বেকারদের জন্য ব্লু প্রিণ্ট করে গেছেন, সল্ট লেক করে গেছেন। অথচ আজকে সেই সীমিত ক্ষমতা নিয়ে জ্যোতি বসু নোংরা রাজনীতি করছেন, পশ্চিম বাংলার মানুষের কথা চিন্তা করতে ভুলে গেছেন।

মাননীয় স্পীকার স্যার, আমি আপনার সামনে আর একটা জিনিষ উল্লেখ করছি। আমি সেদিন দিল্লী গিয়েছিলাম, দিল্লীতে গিয়ে একটা জিনিষ দেখলাম যে, পৃথিবীর বিভিন্ন প্রান্তের টুরিষ্টরা আজকে পশ্চিম বাংলায় আসতে অত্যন্ত আগ্রহী। তারা আজকে মহারাষ্ট্রে যেতে চাইছে না, তারা জয়পুরে যেতে চাইছে না, গুজরাটে যেতে চাইছে না, আগ্রায় যেতে চাইছে না, উত্তর প্রদেশে যেতে চাইছে না, কিন্তু পশ্চিম বাংলায় আসতে চাইছে। পশ্চিম বাংলায় টুরিষ্ট আসার সংখ্যা অনেক বেড়ে গেছে। এর জন্য আমি ধন্যবাদ দিচ্ছি, এর থেকে আমাদের আয় বেড়ে গেছে। কিন্তু হোয়াট ইজ দি রিজন্ বিহাইণ্ড দিস? কেন তারা পশ্চিম বাংলায় আসতে চাইছে? এর কারণ হচ্ছে, দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পর এত বেশী ব্ল্যাক-আউট দেখার সুযোগ পৃথিবীর আর কোথাও হচ্ছে না। ব্ল্যাক-আউট দেবার জন্য টুরিষ্টরা পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে পশ্চিম বাংলায় আসছে। মাননীয় মুখ্যমন্ত্রী টুরিষ্টদের ভিড় বাড়াবার জন্যই আজকে আমাদের

অন্ধকারে রেখেছেন। তবুও আমি তাঁকে বলব যে, আমাদের আর অন্ধকারে রাখবেন না, আমাদের আলোর সন্ধান দিন। এই কথা বলে আমি আপনার মাধ্যমে এ্যাপ্রো-প্রিয়েসন বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[12-10—12-20 p.m.]

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী ইনফরমেসান। এখানে প্রায়শঃই সুনীতিবাবু এবং সত্যরঞ্জন বাপুলী মহাশয় আলিমুদ্দিন স্ট্রীটের বাড়ী সম্পর্কে বলে যাচ্ছেন। আমি বুঝতে পারছি কেন বলে যাচ্ছেন। যে বাড়ীটা তৈরী করা হয়েছে তাতে সব ব্যবস্থাই আছে, কেয়ার টেকার আছে, সাংবাদিকদের রিসিভ করার ব্যবস্থা আছে। শুধু অপরিচ্ছন্ন কাপড়-চোপড় বয়ে নিয়ে যাওয়ার জন্য গাধার দরকার, সেটা আমাদের নেই।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে উপযোজন বিল এই সভায় উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় বিরোধীদলের সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় এই উপযোজন বিলের উপর এতক্ষণ ধরে বক্তব্য রাখলেন এবং তিনি এই উপযোজন বিলের বিপক্ষে। কেন? আগাগোড়া এই বাজেটে যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে সেটা তার মনোপূত হয়নি। উনি বার বার বলছেন, আপনারা গ্রামে যান, গ্রামের চেহারা দেখুন, কৃষিতে কিছু হয়নি এবং গ্রামে নাকি আজকে দারুন দুরবস্থা। ওদের সময়ে গ্রামে যে অবস্থা ছিল সেই অবস্থার চিত্র তুলে আমি আমার বক্তৃতা প্রথমেই সুরু করছি। পশ্চিমবঙ্গের একজন বয়স্ক নেতা শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয় যিনি বামফ্রণ্টের ঘোর বিরোধী এবং যিনি মনে-প্রাণে চেয়েছিলেন যে বামফ্রণ্টের বিরুদ্ধে একটি ফ্রণ্ট তৈরী করার চেষ্টা করেছিলেন কংগ্রেস-আইকে সঙ্গে নিয়ে। কিন্তু তার এই আশা ভঙ্গ হয়ে গিয়েছিল এবং তিনি বলেছিলেন কংগ্রেস-আইয়ের সঙ্গে কোন ভদ্রলোকের কথা বলা উচিত নয়। সেই প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় ১৯৭৪ সালে উপযোজন বিল সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন, ১৯৬১ সালের সেনসাসে যেখানে ভূমিবান ছিল ৪৫ লক্ষ পরিবার সেখানে ১৯৭১ সালের সেনসাসের পরিসংখ্যানে কমে হয়েছে ৪০ লক্ষ পরিবার। কি ভয়ঙ্কর ব্যাপার? অথচ মুখে আমরা সোসালিজিমের কথা বলি। আর একটি ছবি কি? ১৯৬১ সালে যেখানে প্রায় ১৮ লক্ষ ভূমিহীন, ক্ষেত-মজুর, কৃষক ছিল সেখানে ১৯৭১ সালে এই ভূমিহীন কৃষকের সংখ্যা বেড়ে হলো ৩২ লক্ষ। গত ৩০ বছর ধরে একটানা কংগ্রেস ক্ষমতায় থেকে গ্রামের অবস্থা কোন জায়গায় পৌঁছে দিয়েছিল। গ্রামে ওনারা কৃষিতে ধনবাদি ব্যবস্থার সম্প্রসারণ ঘটিয়েছেন। গ্রামে একশ্রেণীর বিত্তবান কৃষক তৈরী হয়েছে এবং তাদের হাতেই জমি কেন্দ্রীভূত হয়েছে। গ্রামের সাধারণ কৃষক যারা অল্প জমির মালিক তাদের জমিগুলিকে শোষন করে এই শ্রেণীর লোকেরা দিনের পর দিন বিত্তবান হয়েছে। সুতরাং এই ছিল কংগ্রেসের কৃষিনীতি, এই ছিল কংগ্রেসের ভূমিনীতি। আর আজ ওনারা আমাদের বলছেন গ্রামে ফিরে চলুন, গ্রামের অবস্থা দেখুন। আমরা গ্রামে ফিরে গেছি এবং গ্রামের অবস্থা আমরা দেখেছি। স্যার, বাজেট হচ্ছে একটা সরকারের শ্রেণী চরিত্রের প্রতিফলন। আমরা আজকে এইটুকু বলতে পারি, এই বাজেট পশ্চিমবঙ্গের গরীব

মানুষের জীবন-জীবিকার বাজেট। এই বাজেটের মধ্যে তাদেরই প্রতিফলন ঘটেছে। সুতরাং সেইদিক থেকে এই বাজেটকে আমাদের বিচার করতে হবে।

সেদিক থেকে আমরা আমাদের কৃষির ক্ষেত্রে এমন ব্যবস্থা অবলম্বন করেছি যা ইতিপূর্বে হয়নি। গত পাঁচ বছর ধরে এঁদের হিসেব মত এঁরা উৎপাদনের কথা বলছেন, বাজেট আলোচনার সময়েতেও এঁরা বলেন, এঁদের দৃষ্টিভঙ্গীতে উৎপাদনই হচ্ছে কৃষির সার্থক রূপ, কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গীতে অন্য একটা জিনিষ আছে, সেটা হচ্ছে এই যে, কৃষককে বাদ দিয়ে কৃষি নয়। আমরা সামগ্রিকভাবে গ্রামের কৃষকের উন্নতির প্রশ্নটিকে সামনে রেখে আমাদের কৃষি কর্মসূচীকে গত ৫ বছর ধরে সাফল্যের সঙ্গে পালন করে চলেছি এবং তাতে পশ্চিমবঙ্গের ক্ষেতখামারে আজকে গরীব কৃষকের আর্থিক স্বাচ্ছল্য এত দিচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। প্রকৃত ভূমিসংস্কার ছাড়া কোন দেশের কৃষি কর্মসূচী সার্থক হতে পারে না। স্যার, আমাদের দেশে কৃষিব্যবস্থায় ক্ষেতমজুর এবং বর্গাদাররাই হচ্ছে আসল স্তম্ভ, সুতরাং বর্গাদার, চাষীর নিরাপত্তার সৃষ্টি যতক্ষণ পর্য্যন্ত না করে দেওয়া হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত আমাদের দেশের কোন কৃষি কর্ম-সূচীই সাফল্যমণ্ডিত হতে পারে না। আমরা সেই রাস্তাই গ্রহণ করেছি। আমরা ২০ লক্ষ বর্গাদারের জায়গায় প্রায় ১২ লক্ষ বর্গাদারকে নথিভুক্ত করেছি, তাদের চাষের নিরাপত্তা দিয়েছি এবং তার সাথে সাথে তাদের আর্থিক দিকটাও সরকার বিচার বিবেচনা করে দেখছেন। স্বাধীনতার পর গরীব এবং ভূমিহীন কৃষকেরা, বর্গাদাররা তাদের একমাত্র মহাজনের কাছে ঋণ নেওয়া ছাড়া অর্থাগমের অন্য কোন পথ ছিল না, কিন্তু আমরা এই সমস্ত ভূমিহীন কৃষকের ঘাড়ে দীর্ঘদিন ধরে যে ঋণের বোঝা চাপান ছিল তাদের সেই ঋণের বোঝা মুক্ত করেছি। ২৫০ লক্ষ কৃষকের ঋণ মকুব করে দিয়ে সমস্ত পশ্চিমবঙ্গে একটা আলোড়ন সৃষ্টি করেছি। এতে মৌলিকভাবে কৃষি-ক্ষেত্রে একটা পরিবর্তন এসেছে। কারণ ওঁদের কৃষিনীতিতে কৃষিক্ষেত্রে ওঁরা ধনবাদী নীতি সম্প্রসারিত করেছিলেন, কিন্তু আমরা কৃষককে তাদের চাষের নিরাপত্তা দিচ্ছি, তাদের ঋণ মুক্তি ঘটেছে। দ্বিতীয়তঃ আমাদের দৃষ্টিভঙ্গীতে আমরা দেখছি এটা মৌলিক তথ্য, পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট সরকারের কৃষি কর্মসূচীর কথা বাজেটে যেটা আছে সেটাকে এঁরা সার্থক কর্মসূচী বলে স্বীকার করতে পারছেন না। তারপর ওঁরা শিল্পের কথা বলছেন ওঁরা বলেছেন যে বহু রুগ্ন শিল্প আছে এবং শিল্পের কোন রকম অগ্রগতি হয়নি। একথা ওঁদের জানা আছে যে একমাত্র আমাদের পশ্চিমবঙ্গ ছাড়া গোটা ভারতবর্ষে ২ লক্ষ ২৩ হাজার ৬৬১টি শিল্পের মধ্যে রুগ্ন হচ্ছে ২ লক্ষ ২৩ হাজার। সংখ্যাটার দিকে লক্ষ্য রাখবেন। এবং এতে এক হাজার কোটি টাকা আবদ্ধ হয়ে আছে। এটা একটা সাংঘাতিক অবস্থা। সেই ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থাটা বিচার করে দেখা উচিত। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য। শিল্পে পুঁজিবাদী ব্যবস্থায় যে একটা সঙ্কট দেখা দিয়েছে তাতে পুঁজিপতিরাই আজকে রুগ্ন হয়ে যাচ্ছে। কাজেই রুগ্ন শিল্প আছে, এটা নূতন কথা নয়।

[12-20—12-30 p.m.]

এই হচ্ছে বাস্তব অবস্থা, ওরা সেটা জানেন না। এর সাথে সাথে দেখা যায় কোন বড়লোক মালিকের শিল্প কিন্তু রুগ্ন হয় না। ছোট ছোট, মাঝারী শিল্পগুলি রুগ্ন

হয়ে যাচ্ছে, তাদের রুগ্নতা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। বড় বড় মালিকের শিল্প রুগ্ন হচ্ছে না। কারণ ওদের কাঁচা মালের উপর আধিপত্য আছে, ব্যাঙ্ক এবং সরকারী ঋণের উপর কর্তৃত্ব আছে। এবং এর সাথে সাথে সুদের কালো টাকা সাদা করে নিচ্ছে। কিন্তু আজকে সেখানে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার যে কার্যক্রম নিয়েছে, যে কর্মসূচী নিয়েছে, সেই কর্মসূচীর মূল লক্ষ্য হ'ল আমরা কিভাবে এগিয়ে যেতে পারি। আমরা জানি একটা পুঁজীবাদী রাষ্ট্রের অঙ্গ রাজ্য হিসাবে আমাদের ক্ষমতা সীমাবদ্ধ। কিন্তু সেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের লক্ষ্য হ'ল ভাল কাজ-কর্মের মধ্যে দিয়ে এগিয়ে যাওয়া। সেই ভাবেই আমাদের কর্মসূচী রচনা করা হচ্ছে। বিদ্যুতের কথা ওরা বলেছেন। বিদ্যুতের ব্যাপারে দীর্ঘদিন ধরেই সমস্যা রয়েছে। এই সমস্যা রাতারাতি এই রাজ্যে হয়নি। ওদের আমলে বিদ্যুতের অবস্থা কি ছিল? ১৯৭৪ সালে উপযোজনা বিলের উপর ওদের দলের সদস্য বক্তব্য রাখতে গিয়ে কি বলেছিলেন — বিদ্যুৎ সম্পর্কে — সেটা আমি এখানে বলি। সেই সদস্য বলেছেন সেচ এবং বিদ্যুৎ বিষয়ে আমরা অনেক বড় বড় কথা বলেছি এবং বলেছি, ১০ হাজার গ্রামে ইলেকট্রিফিকেসান করে দেব, কিন্তু আমার বলতে লজ্জা নেই যে এই সরকারের আমলে আমরা বলতে পারছি যে হাজার হাজার গ্রামে ইলেকট্রিফিকেশান করেছি সেটা একমাত্র ধাপ্পা ছাড়া আর কিছু নয়। গ্রামের মাঝখান দিয়ে মাইলের পর মাইল ইলেকট্রিকের তার চলে গিয়েছে, সেখানে ধোপার কাপড় মেলা ছাড়া আর কিছুই নয়। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের জিজ্ঞাস করতে চাই কতদিন এইভাবে পশ্চিম বাংলার মানুষকে ধাপ্পা দিয়ে বেপথে নিয়ে যাবে। গৌতম চক্রবর্তী ১৯৭৪ সালের এ্যাপ্রোপিয়েসান বিলের উপর বক্তব্য রাখতে গিয়ে এই কথা বলেছিলেন। আমার সময় কম, আমি এই উপযোজনা বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপিয়েশান বিল পেশ করেছেন সেই সম্পর্কে আলোচনার সময় তাঁর এখানে উপস্থিত থাকা বাঞ্ছনীয়। কিন্তু তিনি অনুপস্থিত। যাই হোক প্রথমে আমি যেটা বলতে চাই, আমাদের এই বাজেট অধিবেশন এতো অল্প দিনের এবং বাজেটের উপর আলোচনায় সময় এতো অল্প, এই ধরণের সংক্ষিপ্ত বাজেট অধিবেশন ইতিপূর্বে শেষ করা হয়েছে কিনা আমার জানা নেই। মাত্র ১৪ দিনের আলোচনায় এই বাজেট অধিবেশন আমাদের সমাপ্ত করতে হয়েছে। যার ফলে গত কাল ১১০ কোটি টাকার ব্যয়বরাদ্দ গিলোটিনের মাধ্যমে পাশ করাতে হ'ল।

এটা যে গণতান্ত্রিক রীতি সম্মত হয় নি, তা বামফ্রণ্টের নেতারা উপলব্ধি করবেন বলে আশা করি। বাজেট অধিবেশনকে যে ভাবে কার্টেল করা হয়েছে এবং বিনা কারণে অধিবেশনকে সংক্ষিপ্ত করার ফলে বাজেটের উপর বহু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে উত্থাপন করা থেকে এই সভার বহু সদস্যেরাই বঞ্চিত হয়েছেন। তাড়াহুড়ো করে বর্তমান বৎসরের যে বাজেট পাশ করিয়ে নেওয়া হয়েছে, তা জনস্বার্থ বিরোধী বলে আমি মনে করি। অথচ সময় থাকতে তাঁরা বাজেট অধিবেশন ডাকতে পারতেন। শরিকী কোন্দল ও দলাদলির ফলে তা সম্ভব হয় নি। জনস্বার্থ বিরোধী বলে আমি এর তীব্র প্রতিবাদ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী এখন যে এ্যাপ্রো-

প্রিয়েশান বিল এখানে পাশ করিয়ে নিতে চাইছেন, সে ব্যাপারে আমি তাঁকে প্রশ্ন করি, এই এ্যাপ্রোপ্রিয়েশান বিল করানোর আগে তিনি কি আমাদের প্রতিশ্রুতি দেবেন যে, অতঃপর এই টাকা রাজনৈতিক স্বার্থে অপচয় ও দুর্নীতির হাত থেকে রক্ষা করে জনসাধারণের স্বার্থে সদ্ব্যবহার করা হবে। মূলগত ভাবে তিনি এই প্রতিশ্রুতি হাউসের কাছে দিতে পারবেন কি ? এটা হাউসের জিজ্ঞাসা, সারা পশ্চিমবাংলার মানুষের জিজ্ঞাসা। এই প্রতিশ্রুতি দেবার যথেষ্ট যুক্তিসংগত কারণ আছে। প্রশাসনকে দুর্নীতি মুক্ত করার আশ্বাস আগে দিয়ে এসেছিলেন, কিন্তু বিগত বছরগুলিতে আমরা দেখে এসেছি কিছুই করা হয় নি। বরং তা চূড়ান্ত পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে। সাম্প্রতিক কালে পৌরমন্ত্রী প্রশান্ত শূরের সি. এম. ডি. এর মাটি কাটা থেকে শুরু করে কোটি কোটি টাকার ঘটনা আমরা জানি। আজকের সংবাদপত্রে চিনি উন্নয়ন শিল্প কর্পোরেশনে কিভাবে ইল্লিগ্যাল এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল, সে সম্পর্কে বেরিয়েছে। সে সম্পর্কে মন্ত্রীমহাশয় অসত্য ভাষণ এখানে দিয়েছিলেন। অথচ আজকের আনন্দবাজারে বেরিয়েছে, অডিট রিপোর্টে দেখা গিয়েছে যে, বিধানসভায় যাঁকে কনট্রাক্টর হিসাবে উল্লেখ করেছিলেন, তাঁকে এ্যাকচুয়ালি কনসালটিং ইঞ্জিনিয়ার হিসাবে নিযুক্ত করা হয়েছিল। বে-আইনীভাবে এই সমস্ত জিনিষ সেখানে ঘটেছিল, যা কাগজেও প্রকাশিত হয়েছে। সর্বক্ষেত্রেই আপনাদের এই ডুয়োলিজিম্। যেমন ধরুন, খাদ্য দপ্তরের ব্যাপার, খাদ্য মন্ত্রী অচিন্তবাবু আমাদের কাছে বলেছেন, পশ্চিমবাংলাতে ১ কোটি ভুয়া রেশন কার্ড আছে। এ ব্যাপারে রেসপনসিবিলিটি কার? ইকনমিক রিভিউতে যে ডেটা বেরিয়েছে, তাতে দেখা যায়, মডিফায়েড এবং স্ট্যাটুটরি রেশনিং এলাকা মিলিয়ে রেশন দ্রব্য দেওয়া হয়েছে ২ কোটি ১৪ লক্ষ মানুষকে। অর্থাৎ দুজায়গা থেকে রেশন অফটেক করেছেন ২৪ লক্ষ টনের মত। এর মধ্যে যদি ১ কোটি ভুয়া কার্ড হয়ে থাকে, তাহলে ১০ লক্ষ টন খাদ্য ড্রেনেজ হয়ে গেছে বলে ধরতে হয়।

[12-30—12-40 p.m.]

কাজে কাজেই কোরাপশান কোন যায়গায় চলে গেছে ভেবে দেখুন। আপনাদের সরকারের ব্যর্থতার ফলে এই কথাগুলি বলছি। এখানে যে পাবলিক মানি অর্থাৎ সরকারী অর্থ বরাদ্দ করা হয়েছে তাকে দুর্নীতির হাত থেকে মুক্ত করা যায় কিনা, অপচয়, অপব্যয়ের হাত থেকে মুক্ত করা সম্ভব কিনা সেটা আপনাদের ভেবে দেখতে হবে। এখানে মাননীয় মন্ত্রী তাঁর স্টেটমেণ্টে বলেছেন এখানে ৩০ পার্সেণ্ট ভুয়া বেকার আছেন যারা ভুয়া বেকার ভাতা পেয়ে যান। তাহলে আপনারা লক্ষ্য করুন কত ভুয়া বেকার এই ভাতা নিয়ে চলে যাচ্ছে অথচ তার কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এ যদি বন্ধ না হয় তাহলে পরিস্থিতি আরোও খারাপ হয়ে যাবে। আমি দ্বিতীয় কথা যেটা বলতে চাইছি—জ্যোতি বাবু সেদিন আমায় বললেন আপনি মাথাভারি প্রশাসন কাকে বলে জানেন না। আমি সেদিন বলেছিলেম মাথাভারি প্রশাসন ক্রমাগত তাদের মাথাভারি করছে এবং করে চলেছে। বর্তমান বছরই তার নিদর্শন দেখাচ্ছে। মন্ত্রী দপ্তরের যে ভাবে কলেবর বৃদ্ধি হচ্ছে, ৩০ থেকে ৪৩-এ দাঁড়িয়েছে তাতে কি মাথাভারি প্রশাসনের ব্যয় বৃদ্ধি হয়েছে, না সংকুচিত হয়েছে সেটা বুঝতে পারলাম না। আমি

প্রশ্ন করেছিলাম এই বিধান সভায় গত ২২.৯.৮২ তারিখে গত ৫ বছরে বামফ্রন্ট মন্ত্রীসভায় ৩১শে জুলাই পর্যন্ত মন্ত্রীদের গাড়ীর জন্য কত পেট্রোল খরচ হয়েছিল ? এবং আপনাদের ক্ষমতায় আসার আগে কংগ্রেসী আমলে বিগত ৫ বছরে মন্ত্রীদের গাড়ী চড়ার জন্য কত পেট্রোল খরচ হয়েছিল ? তাতে আমাকে মন্ত্রী লিখিত প্রশ্নের জবাব দিয়েছিলেন গত ৫ বছরে বামফ্রন্ট সরকারের আমলে মন্ত্রীদের জন্য পেট্রোল খরচ হয়েছিল ২০ লক্ষ ৮৪ হাজার ৪৬৭ টা ৮৮ পয়সা। আর বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে কংগ্রেসী আমলে মন্ত্রীদের গাড়ীর জন্য তেল খরচ হয়েছিল ১৩ লক্ষ ৯৩ হাজার ২৬০ টাকা ২২ পয়সা। মন্ত্রীর দেওয়া হিসাব থেকেই আমার জিজ্ঞাস্য যে আপনারা মাথাভারি প্রশাসনের ব্যয় সংকোচন করছেন, না সম্প্রসারণ করছেন ? শুধু তাই নয়, আজকে দলীয় স্বার্থে যেভাবে প্রশাসনে সরকারী অর্থ অপব্যয় হয়েছে আমি তার আরেকটি দৃষ্টান্ত তুলে ধরতে চাই। সরকারী বিজ্ঞাপন বাবদ খরচ কত বেড়েছে তার হিসাব আমি আপনাদের দেব। সরকারী বিজ্ঞাপন বাবদ খরচ কত বেড়েছে তার হিসাব আমি আপনাদের দেব। সরকারী বিজ্ঞাপন দলীয় স্বার্থে অর্থাৎ এ্যাবসোলিউটলি ফর রুলিং পার্টিস ইন্টারেষ্ট বাবদ খরচ হয়। আমি প্রশ্ন করেছিলাম বামফ্রন্ট সরকার বিগত ৫ বছরে সংবাদপত্র সরকারী বিজ্ঞাপন বাবদ কত টাকা খরচ করেছিলেন এবং তার সাথে সাথে এ প্রশ্নও করেছিলাম বিগত বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে কংগ্রেসী সরকার বিজ্ঞাপন বাবদ কত খরচা করেছিলেন ? আমার ২২.৯.৮২ তারিখের প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেছিলেন বামফ্রন্ট সরকারের সংবাদপত্রের কাছে সরকারী বিজ্ঞাপন বাবদ গড়ে খরচ হয়েছিল ১ কোটি টাকা অর্থাৎ ৫ বছরে সেটা দাঁড়াচ্ছে ৫ কোটি টাকায়। আর কংগ্রেসী সরকার বামফ্রন্ট সরকারের ক্ষমতায় আসার আগে ৫ বছরে খরচ হয়েছিল সরকারী বিজ্ঞাপন বাবদ ২ কোটি ৩৮ লক্ষ ২৩ হাজার ১৪৫ টাকা।

আপনারা ডবল করলেন এবং সম্পূর্ণ দলীয় স্বার্থে এই বিজ্ঞাপন খরচ। আমি এর একটা জলন্ত নিদর্শন দিচ্ছি। ২৩শে সেপ্টেম্বর যুদ্ধ বিরোধী মিছিল, সাম্রাজ্যবাদ বিরোধী মিছিল হল। এটা কি সরকারী মিছিল ছিল ? কিন্তু এই মিছিলের বিজ্ঞাপন দেওয়া হল সরকারী টাকা ব্যয় করে। বামফ্রন্টের মিছিল মানে কি সরকারী মিছিল ? আমেরিকার বিরুদ্ধে, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমরা এখানে যৌথভাবে প্রস্তাব নিয়েছি। এটা ভাল কথা। কিন্তু সেখানে একটা মান তো থাকবে ? সেই ২৩শে সেপ্টেম্বরের মিছিল ছিল বামফ্রন্টের মিছিল, দলীয় মিছিল, কিন্তু সেই মিছিলের ব্যয় সরকারী ব্যয়ে করা হল। এসব জিনিষ আপনারা করছেন। আপনারা শিক্ষার ক্ষেত্রে বিজ্ঞাপন খরচ এইভাবে করছেন। এ্যাডমিনিষ্ট্রেটিভ নিউট্রালিটি কি নেকেডলি করছেন। এ্যাডমিনিষ্ট্রেশান এবং পার্টি এক হয়ে গেছে। এমন কী চীফ সেক্রেটারীকে দিয়ে পার্টির ফেবারে ষ্টেটমেন্ট করান হচ্ছে। অর্থাৎ ২৩শের মিছিলের ফেবারে তাঁকে দিয়ে ষ্টেটমেণ্ট করান হল। হোম সেক্রেটারী, চীফ সেক্রেটারীকে দিয়ে ষ্টেটমেণ্ট করান হল কাগজে। এইভাবে এ্যাডমিনিষ্ট্রেশানকে পার্টির কাজে লাগান হচ্ছে। এটা অত্যন্ত নেকেডভাবে হচ্ছে। একটা মিনিমাম নিউট্রালিটি এ্যাডমিনিষ্ট্রেশানে ছিল সেটা আপনারা নষ্ট করেছেন। এটা কি ডেমোক্রেটিক নর্মস ? এগুলি সব মারাত্মক জিনিষ। আমি

৯৫৪ টাকা ওই ভাইস-চেয়ারম্যানকে দেওয়া হয়েছে মাঠে গিয়ে পেমেন্ট করতে এবং আসলে দেখা গেছে সেই টাকা তিনি পেমেন্ট না করে পকেটস্থ করেছেন। এবারে আমি আর একটা অভিযোগ আপনাদের সামনে রাখছি। "পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সমীপেষু" একথা বলে একটি চিঠি দিয়েছেন স্টেট ফিসারিজ ডেভলপমেন্ট কর্পোরেসন লিমিটেডের কর্মচারীবৃন্দ।

[12-50—1-00 p.m.]

তা'তে বলা হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য মৎস্য উন্নয়ন করর্পোরেসন লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টার শ্রী এ. এন. ঘোষের দুর্নীতি, সরকারী অর্থ আত্মসাত অসদাচার, দুশ্চরিত্রতা ইত্যাদির কিছু ঘটনার বিশেষ তদন্ত এবং প্রয়োজনীয় ব্যবস্থার জন্য আপনার নিকট উপস্থিত হইলাম। প্রার্থনা করিব সমাজের এই সব জঘন্যতম অপরাধীদের সর্ব সমক্ষে মুখোশ খুলিয়া দিয়া চরম শাস্তির ব্যবস্থা করিবেন। গত বৎসর ভারত সরকারের বিনা অনুমতিতে বঙ্গোপসাগরে মাছ ধরিবার সময় থাইল্যাণ্ডের চারখানা ট্রলার আমাদের নৌবাহিনীর হাতে ধরা পড়ে। ঐ ট্রলারগুলিতে মোট ১২১ টন বরফ ছাড়া মাছ ছিল। ঐ ১২১ টন মাছ পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য উন্নয়ন করপোরেসনের মারফৎ কলিকাতার বাজারে বিক্রয় হয়। শ্রীঘোষ নিজে ঐ মাছ বিক্রির তত্বাবধায়ক ছিলেন। মাছ বিক্রির পর দেখা যায় মাত্র ৬০ টন মাছের দাম সরকারী খাতে জমা পড়িয়াছে, অবশিষ্ট ৬১ টন মাছের মূল্যের কোন হদিশ নাই। এই হচ্ছে অবস্থা, আপনিই এটা বিচার করুন। আজকে বামফ্রণ্ট সরকারের সবচেয়ে কলঙ্কময় ইতিহাস তৈরী করেছেন প্রশান্ত সুর মহাশয়, তিনি চুরি করেছেন। ২১ তারিখে এটা কাগজে বেরিয়েছে, প্রশান্ত সুর মহাশয় যার রেট ৮ টাকা কত ছিল সেটাকে বাড়িয়ে ১৮ টাকা করে দিলেন নিজের ইচ্ছায়। Prasanta Sur has been charged with violating Government rules in passing orders for paying Rs. 3.50 crores to two private firms. The enquiry committee set up at the instance of the Chief Minister, Mr. Jyoti Basu, which enquired into the allegation of transaction of money between the Calcutta Metropolitan Development Authority and the two firms has supported that there are some irregularities in Rs. 3.50 crores. Mr. B. Sen Gupta, a member of that committee প্রশান্ত সুর মহাশয় Can doubtlessly be called irregular. স্যার, এখানে নিঃসন্দেহে তিনি বলেছেন যে ইররেগুলার। একথা কাগজে বেরিয়েছে। ২২।৯।৮২ তারিখে। প্রশান্ত সুর দেখলেন ধরা পড়ে গেছি। He tries to pass blame to offlcers. রিপোর্টে দেখা যাচ্ছে প্রশান্ত সুর মহাশয় যেখানে ৯ টাকা ছিল সেখানে ১৮ টাকা করে দিলেন—এস্ক্যালেসন করা হয়েছে। এই খবর টেলিগ্রাফ কাগজে বেরিয়েছে। সত্যিকারের সত্ যদি তিনি হন বলে মনে করেন, হি ইজ এ্যাবভ দিস—একটা তাহলে এনকোয়ারী কমিশন করে দিন। আমরা জানি তিনি তার বন্ধুকে সাড়ে ৩ কোটি টাকা পাইয়ে দিয়েছেন। আমি চীফ মিনিস্টারকে বলছি—তিনি বলুন যে আমি একটা এনকোয়ারী

কমিশন করবো—যে প্রশান্ত সুর নির্দোষ। এর পরে কানাই ভট্টাচার্য সেদিন বললেন স্যার. এস. গিল কনসালসেড ইঞ্জিনীয়ার ছিলেন না—তিনি একজন কন্ট্রাকটার ছিলেন, ঠিকাদার ছিলেন।

(শ্রীকমল কান্তি গুহ ঃ—কানাইবাবু বলেছেন যে কন্ট্রাক্ট সার্ভিসে ছিলেন)

কিন্তু অডিট রিপোর্ট যেটা এ্যাকাউণ্টেণ্ট জেনারেল অফিস থেকে বেরিয়েছে, তাতে দেখা গেল তিনি ছিলেন কনসালটিং ইঞ্জিনীয়ার ছিলেন। এ্যাকাউণ্টেণ্ট জেনারেল অফিসের মেমো নং হচ্ছে OA/COM/SIDC/TRANS/8-81/9 কিন্তু যেহেতু তার বয়স ৬৫ বৎসর, চাকুরীর প্রশ্ন উঠতে পারে না। তার শুরুতে লেখা আছে

The managing Director offered appointment to one R. S. Gill of Gorakhpur as a Consulting Engineer of the Corporation for about 6 months and renewed contract lease vide Memo No. SIDC/301/82/1733 dt. 1/2/82 wherefrom it was ascertained that consolidated fee of Rs. 2800 per month would be paid to the candidate besides other fringe benefits whose headquarter will at Beldanga unit of the Corpoeation. স্যার, শুধু তাই নয় এই ভদ্রলোক তিনি নিজে জাহির করেছেন যে তিনি ম্যাট্রিকুলেট অথচ তাঁকে যখন সার্টিফিকেট প্রোডিউস করতে বলা হোল, তিনি সেই সার্টিফিকেট প্রোডিউস করতে পারলেন না, — তিনি লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু এখন পর্য্যন্ত কিছু হয় নি। এই চাকরির দরখাস্তে শিক্ষাগত যোগ্যতা হিসাবে এই ভদ্রলোক জানিয়েছিলেন যে তিনি ম্যাট্রিক পাশ, কিন্তু তিনি ম্যাট্রিক কথাটার বানান যা লিখেছেন তা পড়ে দিচ্ছি, তাতে দাঁড়াচ্ছে ম্যাট্রিকুলেট নয়, ম্যাটারকুল্যাট, এই লোককে ২৮০০ টাকা মাইনের চাকরি দেওয়া হয়েছে, ৬৫ বছর বয়সে। তাকে যখন বলা হোল তুমি সার্টিফিকেট প্রোডিউস কর, তিনি ১০ই জানুয়ারী রেলপুলিসের একটা জেনারেল ডাইরীর কপি জমা দিলেন এবং বললেন যে তাঁর সার্টিফিকেটটা পুলিশ চুরি করে নিয়েছে। অর্থাৎ তিনি সার্টিফিকেট প্রোডিউস করতে পারেন নি। এই ধরণের একজন লোককে একজন দায়িত্বশীল মন্ত্রী তিনি নিজে বললেন যে তাঁকে কনসালট্যাণ্ট ইঞ্জিনীয়ার হিসেবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়নি, অথচ অডিটার জেনারেল বলছেন তিনি কনসালট্যাণ্ট ইঞ্জিনীয়ার হিসেবে এ্যাপয়েনটেড হয়েছেন। এখন পঞ্চায়েতের দুর্নীতির ব্যাপারে আসবেন। পঞ্চায়েতের দুর্নীতি নিয়ে অনেক কথা উঠেছে। আজকে এই দপ্তরের ভার নিয়েছেন বিনয় বাবু। কিন্তু আগে দেবব্রত বাবু ছিলেন, তিনি ৪০০টি গ্রাম পঞ্চায়েতকে র‍্যানডাম অডিট করেছেন, তার মধ্যে দেখতে পাচ্ছি ১৫০টির অডিট রিপোর্টে কারচুপি আছে। কি ধরণের কারচুপি? হিসাবের মাস্টার রোলে হাজার হাজার টিপ সই আছে, কিন্তু কোন নাম নেই। তারপর বহুক্ষেত্রে টাকা, চাল, গম, এইসব খরচের হিসাব আছে কিন্তু তার সমর্থনে প্রাপকের কোন টিপ ছাপ বা সই নেই। এই ভাবে কোটি কোটি টাকা চুরি হয়েছে। সুতরাং আজকে যে টাকা এ্যালটমেণ্ট হয়েছে সেই টাকা যদি চুরি হয় তাহলে সেই চোরদের দিয়ে কোন সমাজ ব্যবস্থার পরিবর্তন হতে পারে কি? আজকে চিৎকার

করছে ফরওয়ার্ড বুক, তারা নিজেরা বলছে বামফ্রণ্ট সরকারের দুর্নীতি নিয়ে ফরওয়ার্ড বুক চিন্তিত। ফরওয়াড বুকের নিম্ন স্তরের যে সমস্ত নেতা, তারা বলছেন এমন দুর্নীতিতে ভরা যে আর বলতে পারছি না, সকলেই দুর্নীতিগ্রস্ত। আর একটা অভিযোগ আমি দিচ্ছি, সি. এ. ডি. সি., এটা আমাদের আমলে হয়েছিল। গ্রামীন উন্নয়নের জন্য এর জন্ম। ১০,০০০ একর জমি নিয়ে একটা সার্বিক উন্নয়ন পরিকল্পনা নেওয়া হয়েছিল। সেখানে যখন অজিত বাবু ছিলেন, তার জায়গায় বিপ্লব দাসগুপ্তকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হল। এই এ্যাপয়েণ্টমেণ্ট দেবার পরে তিনি এই ভূমি সংস্কার এবং গ্রামীন উন্নয়নে লক্ষ লক্ষ টাকা খরচ করে একটা বই বার করেন। বইটার নাম ভূমি সংস্কার এবং গ্রামীন উন্নয়ন।

'ভূমি সংস্কার ও গ্রাম উন্নয়ন' বইতে বিপ্লব দাসগুপ্ত বলছেন — "বেশ কিছু রাজনীতিবিদ এবং দল ইন্দিরা গান্ধী থেকে ফজলুর রহমান, যাদের কাছে ভূমি সংস্কার একটা শ্লোগান মাত্র, 'গরিবী হঠাও' সমাজতান্ত্রিক ধাঁচের' নামান্তর গরীবদের বিভ্রান্ত করার একটা অস্ত্র।" এটা পার্টির প্রোপাগাণ্ডা। সরকারী টাকায় এই বই বের করে এটা করেছেন। এটা হচ্ছে দুর্নীতির আখড়া। কেবল ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কথা বলতে সোচ্চার হয়েছে তাই নয়, দেখা যাচ্ছে উন্নয়ন খাতে এই বই-এর জন্য প্রভূত অর্থ খরচ ধরা হয়েছে। এই ভূমি সংস্কার ও গ্রাম উন্নয়ন বই-এর জন্য সরস্বতী প্রেসকে ২৮ হাজার টাকা পাইয়ে দিয়েছেন। এই ধরণের জিনিষ চলেছে। এখানে দুর্নীতির আখড়া প্রশান্ত শূর মহাশয়, তার সঙ্গে আর একজন যুক্ত হলেন ফরোয়ার্ড বুকের মন্ত্রী কানাই ভট্টাচার্য্য মহাশয়।

( ভয়েস ফ্রম দি ফরোয়ার্ড বুক বেঞ্চেস : কোশ্চেন ? )

আমি আগেই বলেছি ১৯৮০/৮১ সালের পুলিশ বাজেট ছিল ৬৮ কোটি ৭৬ হাজার টাকার, ১৯৮১/৮২ সারের বাজেট ছিল ৭২ কোটি ৯১ লক্ষ টাকার, তার মানে ৭৩ কোটি টাকা। আর আজকে সেই জায়গায় ১০১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে ? একদিকে পুলিশ খাতে ব্যয় বেড়েছে, আর অন্য দিকে ডাকাতি, খুন, রাহাজানি, ধর্ষণ ইত্যাদি বেড়েছে। অর্থাৎ একদিকে পুলিশ খাতে প্রায় ৩০ কোটি টাকা এক বছরে বেড়ে গেল। যে হারে পুলিশ বাজেট বাড়ছে, সেই হারে রাজ্যে খুনও বাড়ছে, এটা দেখা যাচ্ছে। স্বয়ং মুখ্যমন্ত্রী ২০/২/৮২ তারিখে স্বীকার করেছেন খুন, ডাকাতি বেড়েছে। রাজ্যের আই. জি.-র ঐ তারিখের রিপোর্টে দেখা যাচ্ছে ১৯৬৭ সালে খুন হয়েছিল ৮৪০ জন, ১৯৭৮ সালে ৯৩২ জন, ১৯৭৯ সালে ১০৯০ জন, ১৯৮০ সালে ১২৯০ জন, ১৯৮১ সালে ১৪৩৫ জন। এই সময়ের মধ্যে ২০০ ডাকাতি বেড়েছে, দেখা যাচ্ছে। আর ব্যাঙ্ক ডাকাতি ১৯৭৮ সালে হয়েছিল ১টি, ১৯৮১ সালে হল ৪০টি। ১৯৮২ সালের ৮ই জুন থেকে ৩০শে জুন পর্যন্ত ২৩ দিনে ৭৯ জন খুন হয়েছে, ধর্ষণ হয়েছে ৯টি, ব্যাঙ্ক ডাকাতি হয়েছে ৩টি, পুলিশ গুলি চালিয়েছে ৮ বার। জুলাই মাসের ১৬ তারিখ থেকে ১৫ই আগষ্ট পর্যন্ত খুন হয়েছে ১০৪টি, ধর্ষণ ১৮টি, ব্যাঙ্ক ডাকাতি ১০টি, ২৪ বার পুলিশ গুলি চালিয়েছে, নিহত হয়েছে ১১ জন এবং ১৬ জন। ১৯৭৭ সালের জুন থেকে ১৯৮১ সালের জুন পর্যন্ত খুন হয়েছে ৫ হাজার ৫৮৮ জন, ধর্ষণ হচ্ছে ৩ হাজার ১১৮টি।

[1-00—1-10 p.m.]

এক দিকে পুলিশ বাড়ছে অন্য দিকে ধর্ষণ বাড়ছে, খুন বাড়ছে। সংঘর্ষ হয়েছে ৫১ হাজার ৪২৪টি। তা ছাড়া স্যার, আরো দেখুন, দায়রা জজ শ্রীরামবিলাস গোস্বামী বলেছেন, পুলিশের ইনভেস্টিগেসানের গাফিলতির জন্য আজকে এইভাবে ডাকাতি বাড়ছে। শুধু তাই নয়, কোলফিল্ড টাইমসে বেরিয়েছে মুখ্যমন্ত্রীর আত্মীয়রা পুলিশ প্রশাসনে হস্তক্ষেপ করছেন। এতে লেখা হচ্ছে, "মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর আত্মীয় এবং জনৈকা আত্মীয়া কলকাতার পুলিশ প্রশাসন নিয়ে বড় বেশী হস্তক্ষেপ করছেন বলে কলকাতার পুলিশ মহল থেকেই মারাত্মক অভিযোগ উঠেছে। আরও অভিযোগ, মুখ্য মন্ত্রীর আত্মীয় এই পরিচয় দিয়ে এক ডেপুটি কমিশনারের বিরুদ্ধে তদন্ত বানচাল করার চেষ্টা হচ্ছে। জনৈক পুলিশ অফিসার বলেন, সংবিধান বর্জিত ক্ষমতার চাপে কলকাতার পুলিশ প্রশাসন সম্পূর্ণ নয়ছয় হয়ে গেছে। পুলিশ কমিশনার নিরূপম সোম এই ক্ষমতার চরণে আত্মসমর্পণ করেছেন। গোটা পুলিশ মহল ক্ষোভে ফুঁসছে।' স্যার, এইভাবে পুলিশ প্রশাসন চলছে। তারপর আমি যে প্রসঙ্গে আসছি সেটা হচ্ছে, এই বাজেট যা পেশ করা হয়েছে এটা রুর‍্যাল অরিয়েনটেড বাজেট নয়। গ্রামকে উপেক্ষা করা হয়েছে, গ্রামের মানুষকে উপেক্ষা করা হয়েছে এবং গ্রামের কৃষি ও সেচ ব্যবস্থাকে এই বাজেটে উপেক্ষা করা হয়েছে। এক কথায় বলা যায় উৎপাদনমুখী খাতগুলির প্রতি গুরুত্ব দেওয়া হয়নি। আজকে এই বাজেটে পুলিশের খরচ বাড়ানো হয়েছে, কি করে প্রশাসনের খরচ বাড়ে সেটা দেখার চেষ্টা করা হয়েছে কিন্তু গ্রামের দিকে দৃষ্টি দেওয়া হয়নি। আজকে তাই বলি, এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে খরচ করা যে অধিকার চাওয়া হয়েছে সেই অধিকার ওঁদের দেওয়ার কোন যুক্তি নেই। আমরা জানি এই এ্যাপ্রো-প্রিয়েশান বিল পাশ হবে কারণ ওঁদের সংখ্যা গরিষ্ঠতা আছে কিন্তু তবুও বলব, যেহেতু এই সরকারের আমলে সর্বক্ষেত্রে দুর্নীতি সেইহেতু এই সরকারের এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে খরচ করার অধিকার চাওয়ার কোন নৈতিক অধিকার নেই। স্যার, শিক্ষা ক্ষেত্রে আজকে আমরা কি দেখছি? শিক্ষা ক্ষেত্রে আজ নৈরাজ্য চলছে। রামকৃষ্ণ মিশনের শিক্ষায়াতনগুলির উপর হামলা চলছে। পুরুলিয়ায় হামলা শেষ হতে না হতেই নরেন্দ্রপুরে হামলা। নরেন্দ্রপুরের হামলা শেষ হতে না হতেই বাঁকুড়ার ক্রিশ্চান কলেজে হামলা। সেখানকার অধ্যক্ষ, তিনি এফ. আই. আর. করছেন। আমাদের সদস্য শ্রীকাশী নাথ মিশ্র মহাশয়, সেখানে তিনি গিয়েছিলেন, তিনি যা রিপোর্ট নিয়ে এসেছেন তাতে দেখা যাচ্ছে ওঁরা সমস্ত কিছু কুক্ষিগত করার চেষ্টা করছেন। মিশনারী স্কুলগুলির উপরও হামলা চলছে এবং এগুলিও কুক্ষিগত করার চেষ্টা করা হচ্ছে। তারপর স্যার, আপনি জানেন, প্রাথমিক স্তরে ইংরাজী উঠিয়ে দিয়ে আজকে দুরকমের শ্রেণী সৃষ্টি করা হচ্ছে। শিক্ষাক্ষেত্রে এইভাবে নৈরাজ্যের সৃষ্টি করা হচ্ছে। স্যার, এইভাবে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, বিদ্যুৎ উৎপাদন, যানবাহন সমস্ত ক্ষেত্রেই এই সরকারের ব্যর্থতা স্পষ্ট হয়ে উঠছে। গমের উৎপাদন ১২ লক্ষ টন থেকে আজকে ৬ লক্ষ টনে নেমে এসেছে। স্যার, এই সরকারের আমলে ৫ বছরে পশ্চিমবাংলা ১৫ বছর পিছিয়ে গিয়েছে। স্বয়ং মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে তিনি গত বছর যে টাকার বাজেট করেছিলেন এবারে তারচেয়ে বেশী করতে পারেননি।

[1-10 –2-00 p.m. (including adjournment) ]

অর্থাৎ পশ্চিমবাংলা এগুচ্ছে না পেছুচ্ছে সেটা হচ্ছে প্রশ্ন ? কিন্তু এই বাজেট থেকে প্রমানিত হবে পশ্চিমবাংলা পেছুচ্ছে। আমাদের ২৪ লক্ষ মেট্রিক টন খাদ্য ঘাটতি অথচ কৃষিমন্ত্রী খাদ্যোৎপাদনের ক্ষেত্রে কৃষি বিপ্লব আনার চেষ্টা করেননি। স্যার, ১৯৭৭ সালে কংগ্রেস রাজত্বে সিরিয়ালস-এর উৎপাদন ছিল ৮৮ লক্ষ মেট্রিক টন, কিন্তু আজকে সেটা হয়েছে ৬৫ লক্ষ মেট্রিক টন। কাজেই আমি মনে করি এই এ্যাপ্রো-প্রিয়েসন বিল হচ্ছে জনবিরোধী বিল, এতে দেশের কোন স্বার্থ সিদ্ধ হবে না, শুধু এঁদের পার্টির স্বার্থ সিদ্ধ হতে পারে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** স্যার, অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্লানেসন। মাননীয় সদস্য সাত্তার সাহেব আমার সম্বন্ধে ২/৪টি উক্তি করেছেন। আনন্দবাজার পত্রিকা একটা বিভ্রান্তি সৃষ্টি করবার চেষ্টা করছে। ওখানে কোন পোস্ট নেই এবং কোন পোস্ট স্যাংসনও করা হয়নি। ব্যাপারটা হচ্ছে একটা নির্দিষ্ট কাজ করবার জন্য কন্ট্রাক্ট। তাকে আপনারা কন্ট্রাক্ট ইঞ্জিনিয়ার বলতে পারেন, কনসালট্যান্ট বলতে পারেন, কন্ট্রাক্টরও বলতে পারেন। সেখানে কোন একটি কাজ করবার জন্য কন্ট্রাক্ট করা হয়েছে। দেয়ার ওয়াজ নো পোস্ট এবং গভর্নমেণ্ট কোন পোস্ট ক্রিয়েট করেন নি। ২ হাজার ৮০০ টাকার কোন পার্মানেন্ট পোস্ট সেখানে থাকতে পারেনা। ইট ইজ কমপ্লিটলী এ টেম্পোর‍্যারি জব এবং সেই টেম্পোর‍্যারি জব করবার জন্য ম্যানেজিং ডিরেক্টর-এর ক্ষমতা আছে তিনি যে কোন লোককে একটি নির্দিষ্ট সময়ের জন্য একটি নির্দিষ্ট কাজ নির্দিষ্ট অর্থের বিনিময়ে করবার অর্ডার দিতে পারেন। তবে এক্ষেত্রে তিনি এই অর্ডার দেবার ব্যাপারে প্রথমে ঠিকভাবে দেখেননি যে সেই লোকটির ক্যাপাবিলিটি আছে কিনা ? এটা ম্যানেজিং ডিরেক্টরের দোষ, কানাই ভট্টাচার্য বা গভর্ণমেণ্টের এক্ষেত্রে কোন দোষ নেই। এটা যখন আমার কাছে প্রথমে পয়েণ্টেড আউট হয় তখন আমি সঙ্গে সঙ্গে চেয়ারম্যান মিঃ- সেনকে বলি যে, এ সম্বন্ধে কি হয়েছে আপনি খতিয়ে দেখুন। তিনি সঙ্গে সঙ্গে মিটিং ডাকেন এবং তাঁর কাছে প্রশ্ন করলে তিনি বলেন, সাব-কমিটির অর্ডারে আমরা করেছি। সাব-কমিটিকে এ সম্বন্ধে প্রশ্ন করা হয় এবং তাঁকে রিপ্রিম্যাণ্ড করা হয় এবং বলা হয় আপনি এই কাজ অন্যায়ভাবে করেছেন, আপনার খতিয়ে দেখা উচিত ছিল। তাঁকে বলা হয়েছে, ইউ হ্যাভ বিন চিটেড ইট ইজ এ বোনাফাইডি এরর অন দি পার্ট অব দি ম্যানেজিং ডিরেক্টর—নট অন দি পার্ট অব দি গভর্ণমেণ্ট, নট অন দি পার্ট অব দি মিনিস্টার। এই হচ্ছে ঘটনা এবং আমি মনে করি এই ব্যাপারে আমাকে জড়ান অন্যায় হয়েছে। মাননীয় সদস্য সাত্তার সাহেব অসত্য কথা বলে একটা বিভ্রান্তি সৃষ্টি করেছেন। আনন্দবাজার পত্রিকা এ সম্বন্ধে পরিষ্কারভাবে কিছু লেখেন নি। যে ঘটনা ঘটেছে তার সঙ্গে গভর্ণমেণ্ট বা মন্ত্রীর কোন যোগ নেই। এটা হচ্ছে একটা এরর অন দি পার্ট অব দি ম্যানেজিং ডিরেক্টর এবং ইট হ্যাজ বিন রিজেকটেড বাই মি। আমি এটা কারেক্ট করবার জন্য অর্ডার দিয়েছি।

[2-00—2-10 p. m.]

**শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী, হাওড়া এবং বর্ধমান জেলায় জলের অভাবে সমস্ত ধান গাছগুলি শুকিয়ে যাচ্ছে। এর প্রতিকারের জন্য অবিলম্বে ডি. ভি. সি. থেকে জল রিলিজ করা প্রয়োজন।

সেচ মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যে, যত তাড়াতাড়ি সম্ভব এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহোদয় যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল আজকে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি।

মাননীয় স্পীকার মহোদয়, আমরা দেখছি যে, রাজ্যের অর্থমন্ত্রী মহোদয় বিরাট এক সংকটের সামনে দাঁড়িয়ে ১৯৮২/৮৩ সালের বাজেট রচনা করেছেন। আমরা দেখছি নতুন কোন বড় রকমের প্রত্যাশা সংগত কারণেই এখানে তিনি রাখেননি। আমরা কেন্দ্রীয় বাজেটের ক্ষেত্রে দেখেছিলাম যে, সেখানে বিপুল পরিমান ঘাটতি ছিল, কিন্তু সেই ঘাটতি থেকে মুক্ত হবার অনেক পথও তাঁদের সামনে ছিল। যেমন তাঁরা নোট ছাপিয়ে বাজেটের ঘাটতি পূরণ করতে পারেন, তেমন আবার ইন্টারন্যাশনাল মনিটরি ফাণ্ডের কাছে দেশকে বিক্রি করে দিয়ে দেশের অর্থনীতিকে সাময়িক-ভাবে বাঁচাবার চেষ্টা করছেন। কিন্তু আমাদের রাজ্যের হাতে সেরকম কোন সুযোগ নেই। স্যার, আপনি জানেন বিগত ৪ বছর ওভার ড্রাফটের সুযোগ নিয়ে বাজেটের ঘাটতি পূরণ করা হয়েছিল, কিন্তু সে সুযোগও এবারে আমাদের সামনে ছিল না। এবারের বাজেটে আমরা লক্ষ্য করছি যে, বিগত পাঁচ বছর ধরে বামফ্রন্ট সরকার যে সমস্ত উন্নয়নমূলক কাজ এবং মানুষের মঙ্গলের দিকে লক্ষ্য রেখে যে সমস্ত কাজে হাত দিয়েছেন সে সমস্ত কাজগুলিকে অক্ষুন্ন রাখার দিকে লক্ষ্য রেখেই এবারের বাজেট রচিত হয়েছে।

সেদিকে থেকে বিচার করলে কংগ্রেস আমলের যে কোন ১০ বছরের কাজের সঙ্গে প্রতিটি দপ্তরের ভিত্তিতেই বামফ্রন্টের বিগত পাঁচ বছরের কাজের তুলনা করা চলে। রাজ্যের সমগ্র বাজেটের ৩৩ ভাগ আজকে শিক্ষা খাতে ব্যয় করা হচ্ছে। এরাজ্যে ১২ ক্লাশ পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা হয়েছে। প্রাথমিক শিক্ষার বিস্তারের জন্য বামফ্রন্ট সরকার বিরাট ভূমিকা গ্রহণ করেছেন। আমরা দেখেছি পশ্চিমবাংলায় ৬৮ হাজার গ্রাম আছে, কিন্তু কংগ্রেস আমলে ৪৩ হাজার স্কুল ছিল, অথচ ৬ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় ছিল না। বিগত ৫ বছরের বামফ্রন্ট রাজত্বকালে যেসমস্ত বিদ্যালয় বিহীন গ্রাম ছিল সেসমস্ত গ্রামে প্রাথমিক বিদ্যালয় হয়েছে, শিক্ষার বিস্তার ঘটেছে। আমরা দেখেছি বিগত পাঁচ বছরে বহু মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয় রিকগনিসন পেয়েছে। বিগত পাঁচ বছরের শিক্ষা বিভাগের কাজ-কর্মের দিকে যদি আমরা তাকিয়ে দেখি তাহলে দেখবো যে, ব্যাপকভাবে শিক্ষা বিস্তারের সুযোগ করে দেওয়া হয়েছে। এবারের বাজেটে ঐ সমস্ত ধারাকে অক্ষুন্ন রাখারই ব্যবস্থা করা হয়েছে। খুবই স্বাভাবিক কারণে এই বাজেটে নতুন সুযোগের সম্ভাবনা কমে গেছে, নতুন সুযোগের সম্ভাবনা নেই। অর্থনৈতিক কারণে এটা হয়েছে। গত বছরও যেসমস্ত

বিদ্যালয়গুলিকে ক্যাপিটাল গ্রান্ট দেওয়া হয়েছিল, এ-বছর সেসমস্ত বিদ্যালয়গুলিকে সেই গ্রান্ট দেবার সুযোগ থাকছে না। ঠিক সেইভাবে যদি আমরা স্বাস্থ্য দপ্তরের ব্যাপারে বিবেচনা করি তাহলে দেখবো বিগত ৫ বছরে পশ্চিমবাংলায় সাব-সিডিয়ারী হেল্‌থ সেন্টারের সংখ্যা বেড়েছে, রুরাল হেল্‌থ সেন্টারের সংখ্যা বেড়েছে, নার্সদের সংখ্যা বেড়েছে এবং শয্যা সংখ্যা বেড়েছে। যদিও একথা আমাদের মনে রাখতে হবে বাজেটের ৪ শতাংশ স্বাস্থ্য খাতে ব্যয়-বরাদ্দ করা হয় কিন্তু তাসত্বও এই কাজগুলি বিগত ৫ বছরের মধ্যে হয়েছে। স্বাস্থ্যের সুযোগ প্রসারিত করে দেওয়ার জন্য রাজ্যসরকার বিগত ৫ বছরে যে কাজগুলি করেছেন সেই ব্যবস্থাকে বলবৎ রাখার জন্য এই বাজেটের মধ্যে দৃষ্টিভঙ্গী ছিল। শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে নির্দিষ্ট দৃষ্টিভঙ্গী নিয়ে টাকা বরাদ্দ করা হয়েছে কিন্তু অন্যদিকে আমরা দেখছি সেচের ব্যাপারে অর্থনৈতিক সংকট থেকে গেছে। যেমন, বাজেটে ৭৫ কোটির জায়গায় ৫৪ কোটি টাকা ছাঁটাই হয়েছে, ক্ষুদ্র সেচে ছাঁটাই হয়েছে, কৃষিতে ছাঁটাই হয়েছে এবং এই ছাঁটাই অনিবার্য ছিল। কারণ আজকে পশ্চিমবাংলার যে রিসোর্স সেই রিসোর্সের দিকে তাকিয়ে এই বাজাট প্রণয়ন করা হয়েছে। কিন্তু এই কথা আমি জোরের সঙ্গে বলতে পারি, এই বাজেটের মধ্যে আমরা দেখছি, বিগত কাজগুলিকে রাক্ষা করার জন্য ব্যবস্থা করা হয়েছে। নতুন স্কুল, ক্ষুদ্র সেচ প্রকল্প, সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার, সেচ প্রকল্প প্রভৃতি এগুলিকে গ্রহণ করা যাচ্ছে না। এইসব কথা সুস্পষ্টভাবে বলা আছে। মাননীয় সদস্য জয়নাল সাহেব একটি কথা বলেছেন, যে সমস্ত ফ্ল্যাট বিতরন করা হয়েছে সেখানে মাইনোরিটি কমিউনিটির লোক কেউ নাকি পায়নি। কিন্তু কথাটা তা নয়। আমি তাঁকে বলবো যে সমস্ত আবাসন প্রকল্পগুলি আছে সেই সমস্ত আবাসন প্রকল্পগুলিতে যাবেন এবং গিয়ে দেখবেন তাঁর কথার সত্যতা নেই। এখানে আমরা একটা প্রবনতা দেখছি, কংগ্রেস তরফ থেকে পরিকল্পিতভাবে চরিত্রহননের প্রচেষ্টা চলছে। আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন কাগজগুলি থেকে ভিত্তি-হীন খবর যেমন কোল ফিল্ড টাইমস-এর মতন কাগজ নিয়ে এসে প্রতিদিন মন্ত্রীদের বিরুদ্ধে চরিত্র হননের চেষ্টা করছেন। তবে দেশের মানুষ তাঁদের জানেন। কংগ্রেসী-নেতাদের গুণের কথা দেশের মানুষ জানেন। এরা আজকে নির্বাচনে আবার বিপর্যস্ত হয়েছে এই কারণে, তাঁদের দুর্নীতির ইতিহাস, তাদের স্বজন-পোষনের ইতিহাস এবং তাদের অত্যাচারের ইতিহাস সাধারণ মানুষের কাছে অজানা কিছু নেই। তাই তারা আজকে উল্টো আক্রমণ করতে সুরু করেছে। এখানে সাত্তার সাহেব আর একটি অভিযোগ তুলেছেন। তিনি বলেছেন, ক্ষুদ্র সেচের টাকা ফেরৎ গেছে কেন? আমি এখানে বলতে চাই, ক্ষুদ্র সেচের টাকা কেন ফেরৎ গেল সে বিষয়ে জানা দরকার। তিনি তো মন্ত্রী ছিলেন। কমাণ্ড এলাকার কিছু টাকা ফেরৎ গেছে। সেণ্ট্রাল গভর্ণ-মেণ্টের কাছ থেকে যে ম্যাচিং গ্রান্ট পাওয়া যায় সেই ম্যাচিং গ্রাণ্টের টাকা ফেরৎ গেছে। এই ফেরৎ যাওয়ার মূল কারণ হচ্ছে, গ্রামাঞ্চলে যে সমস্ত জমি আছে সেই সমস্ত জমিগুলিতে ক্যানেল করতে গেলে বা ড্রেন করতে গেলে জমির বড় বড় মালিকেরা অনেক ক্ষেত্রে তারা হাইকোর্ট করেছে। যার ফরে কেন্দ্রীয় সরকারের দেওয়া ম্যাচিং গ্রাণ্টের কিছু টাকা রাজ্য থেকে ফেরৎ গেছে। একথা আমরা কেউ অস্বীকার করি না।

কিন্তু এই প্রসঙ্গে আমি একটি কথা বলবো, আমার যতদূর জানা আছে, পশ্চিমবাংলা ন্যাশনাল রুরাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের জন্য ৩৪ কোটি টাকা পায়নি।

[2-10—2-20 p.m.]

মাত্র ১২ কোটি টাকা খরচ হয়েছে। টাকাটা যে খরচ হতে পারে না, তার কারণ হচ্ছে খরচ করার ক্ষেত্রেও বিস্তর বাধা আছে। গ্রামাঞ্চলে পঞ্চায়েতগুলিকে স্পীডি বা গতিশীল করার জন্য যে পদ্ধতি বা যে স্ট্রাকচার দরকার তা এখনও গড়ে ওঠেনি। যার জন্য এন. আর. ই. পি. ধরণের একটা ব্যবস্থা তৈরী করা হয়েছে। আমি ওদের বলব যে টাকা ফেরত প্রসঙ্গে যখন কিছু বলবেন তখন আপনাদের মনে রাখতে হবে, কেন টাকাগুলো ফেরত যায়। যেমন আজকে খরার ব্যাপারে কেন্দ্র যে টাকা দেবার কথা বলেছেন, রাজ্যে ভয়াবহ খরা পরিস্থিতি, যে টাকা বরাদ্দ করা হয়েছিল ২৪ কোটি ৭৭ লক্ষ টাকা সেই টাকা রাজ্য সরকার কি এ পর্য্যন্ত পেয়েছেন? অথচ কেন্দ্রের নির্দেশ হচ্ছে এই টাকা ডিসেম্বরের মধ্যে খরচ করতে হবে। টাকা যদি নভেম্বরে এসে পৌঁছায় তাহলে ডিসেম্বর মাসে খরচ হওয়া অসম্ভব। কেন্দ্র মাসের শেষে টাকা পাঠিয়ে দিলে, বর্ষ শেষ হয়ে যায়, কাজ করার সুযোগ থাকে না। এই জন্য টাকা ফেরত যায়। খরার টাকা এখনও এসে পৌঁছায় নি, বলা হয়েছে ডিসেম্বরের মধ্যে খরচ সম্পূর্ণ করতে হবে। নভেম্বরের শেষে টাকা এলেই স্বাভাবিক ভাবেই তা ফেরত চলে যাবে। গ্রামের দুর্নীতির কথা, পঞ্চায়েতের দুর্নীতির কথা বলছেন, বিগত ৫ বছরের পঞ্চায়েতের ব্যবস্থাপনায় ত্রুটি বিচ্যুতি থাকতে পারে, কিন্তু গ্রামীন অর্থ-নীতিকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য পঞ্চায়েত বিশিষ্ট ভূমিকা গ্রহণ করেছে। দুর্নীতির জন্যই গ্রামের মানুষ কংগ্রেসকে যে পরিত্যাগ করেছেন নির্বাচনের মধ্যে দিয়েই তা প্রমাণ হয়ে গেছে। আমি এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন করার সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই যে টাকা বরাদ্দ হয়েছে সেই টাকা গুলোকে যদি আমরা বাস্তবে রূপ দিতে চাই তাহলে আমাদের দৃষ্টি রাখতে হবে এটা যেন মিসইউজ না হয়। শিক্ষা প্রসঙ্গে এই কথা বলতে চাই, মাতৃভাষায় শিক্ষার সঙ্গে সঙ্গে যার যা মাতৃভাষা তাকে সেই ভাষায় শিক্ষা দিতে হবে। এটা যদি বাধ্যতামূলক না করা হয় তাহলে মুসকিল হবে। আমি বলছি না যে ইংলিশ মিডিয়াম স্কুল থাকবে না, মাতৃভাষায় শিক্ষার ব্যবস্থা করতে হলে দরকার হলে আইন করতে হবে। এই রকম না হলে দুই ধরণের শিক্ষা ব্যবস্থায় দুই ধরণের নাগরিক গড়ে উঠবে। শিক্ষানীতি কার্য্যকরী করতে হলে এই ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে টাকা বরাদ্দের অনুমোদন আমরা চাইছি তাকে সঠিকভাবে কার্য্যকরী করার জন্য যে প্রশাসনিক দৃঢ়তা দরকার, সেটা প্রিভিলেজড করতে হবে, এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী কর ঃ** মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল আজ হাউসে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করার জন্য উঠেছি। আপনি জানেন যে, বাজেটে কিভাবে দেশটাকে চালান যাবে তারই প্রতিফলন ঘটে। এটা কেন্দ্রের ক্ষেত্রেও বটে, রাজ্যের ক্ষেত্রেও হটে। এই বাজেটটা সামন্ততান্ত্রিক বাজেট

নয়, জনগণতান্ত্রিক বাজেট নয়, এটা বর্তমান বুর্জোয়া কাঠামো বা তার মধ্যে দাঁড়িয়ে কিভাবে সৎ প্রশাসন, কিভাবে গরীব মানুষের জন্য কিছু করা যায় তারই বাজেট। এটা ওঁদের পছন্দ নয়। একটা কথা বলি। আমার ঠাকুরদাদা একটা গল্প বলতেন। আমি ভুতেরা কোন পথ সাদা চোখে দেখে না। তাদের নাকি মুখটা একদিকে, পা টা আর একদিকে। তারা সোজা হাঁটছে কি উল্টো হাঁটছে বোঝা যায় না। সেই রকম আমাদের বিরোধীদলের নেতা অগ্রগতির প্রশ্ন বুঝতে পারেন না। অগ্রগতি হলো কি হলো না সেটায় ওরা বুঝতে পারবেন না। কারণ ওরা সাদা চোখে দেখছেন কিনা তাই। ফলে ভূমিসংস্কার এই কাঠামোতে ঠিক মত হতে পারে না। কিন্তু আজকে গ্রামের ক্ষেতমজুরের মজুরি বৃদ্ধি, বর্গা রেকড, মধ্যবৃত্ত চাষীদের খাজনা মুকুব এই সব গ্রামাঞ্চলে শুরু হয়েছে। এটা তারা দেখতে পাচ্ছেন না। কি করে দেখতে পারবেন? কংগ্রেস আমলে বর্গা রেকড হয়েছিল ২ লক্ষ একর, আর গত কবছরে ১২ লক্ষ একর হয়েছে। এখানে জমি বিলি-বন্টনের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এখানে জমি বিলি হয়েছে ৭.৩৪ লক্ষ একর। যেখানে গোটা ভারতবর্ষে করা হয়েছে ১৮ লক্ষ একর। মোট জমির পরিমান পশ্চিমবাংলার তুলনায় গোটা ভারতবর্ষের ক্ষেত্রে শতকরা ৪ ভাগ। কিন্তু বন্টনের হিসাব দেখলে দেখা যাবে শতকরা ৪০ ভাগ জমি পশ্চিমবাংলায় বন্টন হয়েছে। বিরোধী পক্ষরা নিশ্চই এটা বুঝতে পারবেন। কারণ এটা ওরা জানেন। এখানে একটা আইন গৃহীত হয়েছে, সেই আইনের জোরে নূতন জমি গরীব চাষীদের মধ্যে বিলি করা যেত এবং নানা ভাবে জোর করে জমি চুরি করে ধরে রেখেছে তাদের থেকে জমি নিয়ে নেওয়া যেত। এই ধরণের একটা আইন করা হয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের মনমতো হয় নি বলে রাষ্ট্রপতি তাতে সই দিচ্ছে না। এই তো তাদের দৃষ্টিভঙ্গি। এই ব্যাপারটা আজকে বুঝতে হবে।

সাত্তার সাহেব—আমাদের বিরোধী দলের নেতা সাদা চোখে আছেন বোধ হয়। যার জন্য অগ্রগতি হলো কি হলো না, তা তিনি বুঝতে পারছেন না। কারণ তিনি সব জায়গায় ভুত দেখছেন, খোয়াব দেখছেন। আমি বলি যে এই কাঠামোতে আমূল ভূমি সংস্কার হবে না। কিন্তু আজকে গ্রামের ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধি, বর্গাদার রেকর্ড করা এবং দক্ষ চাষীদের সমস্ত খাজনা মুকুব করে দিয়ে গ্রামাঞ্চলে পরিবর্তন কিছুটা যে হয়েছে সেটা তিনি দেখতে পাচ্ছেন না। কি করে পারবেন? কংগ্রেস আমলে কি হয়েছে? তখন বর্গাদার রেকর্ড হয়েছিল আড়াই লক্ষের মতো। আর এই কয় বছরে বর্গাদার রেকর্ড হয়েছে ১২ লক্ষ। ওরা অনেক বড়াই করে বলে যে আমরা কিছু করিনি। এখন ধরুন জমি বন্টনের ক্ষেত্রে কি হয়েছে। জমি বিলি হয়েছে পশ্চিমবাংলায় ৭.৩০ লক্ষ একর, যেখানে গোটা ভাবতবর্ষে হয়েছে ১৮ লক্ষ একর। কিন্তু মোট জমির পরিমাণ গোটা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলায় মাত্র শতকরা চার ভাগ। আর বন্টনের হিসাব ধরলে দেখা যাবে বন্টন হয়েছে শতকরা ৪০ ভাগ। এটা আপনি নিশ্চয় জানেন এবং এই পার্থক্য দেখলে আপনি নিশ্চই বুঝতে পারবেন কি হয়েছে না হয়েছে। এই এ্যাসেমব্লিতে যে আইন পাস হয়েছে, যে আইন গৃহীত হলে পরে ৪০ লক্ষ একর জমি গরীব মানুষকে বন্টন করার জন্য পাওয়া যেত। যে জমি এই বাগিচার নাম করে, এটা করে ওটা করে চুরি করে

ধরে রেখেছে, সেই জমি গুলিকে বার করবার জন্য যে আইন এখানে পাশ হয়েছে, কেন্দ্রীয় সরকার-এর ইচ্ছা নয় বলে রাষ্ট্রপতি সেই আইনে সই করে দিতে পারছেন না। কাজেই এটা তো দৃষ্টিভঙ্গির ব্যাপার, এটা বুঝতে হবে। আমাদের ইন্দিরা দিদিমনির বর্তমান ২০ দফাকর্মসূচী এবং তার আগে তাঁর প্রয়াত পুত্র এবং তিনি নিজে ২৫ দফা কর্মসূচী রচনা করেছিলেন। তাঁর লক্ষ্য হ'ল ভূস্বামীদের উৎপাদন বৃদ্ধি করা আর জনগণের দফা রফা করা। কিন্তু এর উল্টোটা করেছে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার। পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার বিগত সময়ে যে ৩৬ দফা কর্মসূচী রচনা করেছিল এবং আজকে যে ৩৪ দফা কর্মসূচীর মধ্যে দিয়ে এগিয়ে চলেছে তাতে তাদের লক্ষ্য স্পষ্ট এবং পরিষ্কার। এটা গরীব মানুষ, নীচের তোলার কৃষক, তাদের উন্নতির জন্য করা হয়েছে বিশেষ করে। এটা বুঝতে পারবেন আমি যদি ষষ্ঠ প্লানের কথা বলি। সেখানে তো লক্ষ্য পরিষ্কার যে জমে কেন্দ্রীভবন যাতে ভেঙ্গে না যায়, তার জন্য আইন করা যায় না। কিন্তু আমাদের লক্ষ্য সম্পূর্ণ উল্টো। না, জমি যেখানে কেন্দ্রীভূত হচ্ছে, সেখানে কেন্দ্রীভবনকে ভেঙ্গে ফেলতে হবে যাতে করে জোরদাররা নূতন করে জমি চুরি করতে না পারে এবং এই কথা সর্বক্ষেত্রে। আজকে ভারতবর্ষে বাণিজ্যিক ঘাটতি হচ্ছে ২৩ হাজার কোটি টাকা। বিদেশ থেকে ঋণ নেওয়া হয়েছে ১৫ হাজার কোটি টাকা। জীবনযাত্রার মান অবনতি হচ্ছে আর শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন রপ্তানি বাড়াও। রপ্তানি বাড়াতে গিয়ে এখানে থেকে চলে যাচ্ছে খাদ্যদ্রব্য, চিনি। আমি শুধু সেই দিকে তাকিয়ে আছি কোন দিন পশ্চিমবাংলার শুধু নয়, গোটা ভারতবর্ষের লোক বলবে যে রপ্তানি এতো ছোট জিনিষ করে লাভ নেই। এখান থেকে ইন্দিরা গান্ধীকে সদলবলে প্যাক করে রপ্তানি করে দাও যাতে করে ভারতবর্ষটা বাঁচতে পারে। আমি আপনাদের এই কথা বলি যে কৃষকদের জমিতে অধিকার দেওয়া, কৃষকদের ফসলের ন্যায্য দাম পেতে দেওয়া, এই অবস্থার সৃষ্টি না করতে পারলে কখনও অভ্যন্তরীন বাজার সৃষ্টি হতে পারে না। এই দিকটা পশ্চিমবাংলার বামফ্রণ্ট লক্ষ্য রেখেছেন। শিল্প সম্বন্ধে আমি বেশী কথা বলতে চাই না। ওরা বলে নাকি শিল্পে বিনিয়োগ হচ্ছে না। ১৮৭৭ সালে থেকে ১৯৮১ সাল পর্যন্ত ৫২৯ কোটি টাকা বিনিয়োগ হয়েছে পশ্চিমবাংলায় এবং তার জন্য কিছু চাকুরীও হয়েছে এবং কিছু শিল্পোন্নয়ন হয়েছে। এই কথা ঠিক নয় যে এখান থেকে পুঁজি উধাও হয়ে চলে যাচ্ছে। এই কথা ঠিক যে পশ্চিমবাংলায় শ্রমিকদের আন্দোলনে শ্রমিকদের পক্ষে পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকার সব সময় দাঁড়িয়ে আছে। কি আলোচনার টেবিলে, অন্য জায়গায় কি ঘটনা ঘটলো, সব জায়গায় বামফ্রণ্ট সরকার সাহায্য করছে। এবার আমি আসছি শিক্ষা সম্বন্ধে। শিক্ষা ক্ষেত্রে আমি এই কথা বলতে চাই না যে, শুধু ১২ ক্লাস পর্যন্ত ফ্রি করেছি বলেই শিক্ষ্যার সব কিছু হয়ে গেল। আমি বলতে চাই যে সকলের জন্যই শিক্ষ্যা। এই ব্যবস্থা কার্যকরী করার জন্য — কি এডাল্ট এডুকেশন, কি লাইব্রেরী এডুকেশন এই সমস্ত ব্যাপারে বামফ্রণ্ট সরকার পরিকল্পনা করে সকলের জন্য শিক্ষা এই ব্যবস্থা কার্যকারী করবার চেষ্টা করছে। এই বাজেটে তার প্রতিফলন ঘটেছে। কিন্তু কেন্দ্রের বাজেট দেখলে তার উল্টোটা দেখা যায়।

[2-20—2-30 p.m.]

শিক্ষকদের এখন বেতন দেওয়া হচ্ছে ঠিক, কিন্তু এখনও মাস পয়লা দেওয়া যাচ্ছে না এরজন্য দায়ি হচ্ছে সমস্ত ব্যাঙ্ক এবং পোষ্ট অফিসগুলো, তারা ঠিকমত কাজ করে না। এদিকে শিক্ষা দপ্তরকে নজর দিতে হবে। এ. বি. টি. এ. প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎকারে আমাদের মুখ্যমন্ত্রী শিক্ষকদের ব্যাপারে যে সমস্ত এ্যানাম্যালিজ আছে, তা বিবেচনা করার কথা বলেছিলেন। আশাকরি সেগুলো বাস্তবে রূপ দেওয়া হবে। ওঁরা আপত্তি করা সত্ত্বেও পশ্চিমবাংলাতে পঞ্চায়েৎ, মিউনিসিপ্যালিটিগুলির নির্বচন হয়ে গেছে। কোর্টে গিয়েও ওঁরা সাধারণ নির্বাচনকে স্থগিত রাখতে পারেন নি। আজকে আপনারা জনগণের রায় দেখতে পাচ্ছেন। এর ফলে আপনারা দেখতে পাচ্ছেন, এখানে মিসা, ন্যাসা প্রয়োগ হয় না, স্বায়াত্বশাসনাধীন প্রতিষ্ঠানগুলোকে নানা ভাবে ক্ষমতা ও সুযোগ দেওয়া হচ্ছে। এটাই হচ্ছে সবথেকে বড় পাওয়া। পশ্চিমবাংলার কলকাতা শহরেই বলুন, কিম্বা সি. এম. ডি. এ. এলাকার কথা বলুন, কিম্বা মিউনিসিপ্যালিটিগুলির কথা বলুন, সকল ক্ষেত্রেই আমরা দেখতে পাচ্ছি, গনতান্ত্রিক পদ্ধতিতে বাজেটের টাকা দেওয়া হচ্ছে। তাদের ব্যাপারে বাজেট পাশ করা হয়েছে এবং টাকা সাহায্য দিয়ে তাদের দিয়ে কাজ করানো হচ্ছে। কলকাতার উড়াল পুলের স্বপ্ন ওঁরা দেখতেন, আজকে বাস্তবে তা ঘটেছে। যে কথা সাধারণ মানুষের বলতে পারেন না, তা ওঁরা বলেছেন, কাগজকে দিয়ে বলাবার চেষ্টা পর্যন্ত করছেন। প্রশান্ত শূর মন্ত্রীদের মধ্যে একজন করিৎকর্মা ব্যক্তি বলে ওঁরা বাইরে বলে থাকেন। অথচ, এখানে রোজ একবার করে তাঁকে নিয়ে অভিযোগের কথা বলেন। আসলে ওঁরা রাম নাম ভুলে গেছেন। এটাই হচ্ছে দৃষ্টিভঙ্গীর ব্যাপার, সে কারণে আপনারা দেখতে পাচ্ছেন, ওঁদের সত্য কথা বলার অভ্যাস কতখানি আছে। কানাই ভট্টাচার্য দৃঢ় ভাষায় ওঁদের অভিযোগের বিরুদ্ধে প্রতিবাদ এখানে রেখেছিলেন। কোন এক কাগজের খবরের উদ্ধৃতি দিয়ে বিরোধী পক্ষের একজন সদস্য এখানে বক্তৃতা করে গেলেন। তাঁদেরই সামনে কানাইবাবু প্রতিবাদ করেছিলেন, অথচ, সেই একই কথা নিয়ে তিনি বলে গেলেন। বোধকরি, ওঁদের লজ্জা বলে কিছু নেই, সেজন্যই এমনভাবে বলতে পারেন। ওঁরা মিটিং করে একাধিকবার বলেছেন, সংবাদপত্রের স্বাধীনতার জন্য নাকি তাঁরা চিন্তা ভাবনা করেন। আমি বলি, আপনারা সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে একবারও তো বিধানসভার বুকে কথা বলেন না। সেদিন কালচারাল এ্যাফেয়ারর্সের উপরে ডিবেট চলাকালীন মাননীয় সদস্য সুব্রতবাবু বলেছিলেন, আগে সংবাদপত্রে সেন্সরশিপ করা ভুল হয়েছিল। অথচ, আনন্দবাজার পত্রিকাকে ওঁরাই সেদিন আক্রমণ করেছিলেন। উনি সেদিন একবারও বলেন নি, বিহারে সংবাদপত্রের স্বাধীনতার উপরে বে-আইনী ভাবে আইন তৈরী হয়েছে, তা অগনতান্ত্রিক। সেখানে শুধুমাত্র সংবাদপত্রের বিরুদ্ধে যে একট আইন পাশ করা হয়েছে, তা নয়, সংবাদিকদের সেখানে ধরে ধরে মারধোর পর্যন্ত করা হয়েছে। গত ২৩।৯ তারিখের স্টেটসম্যান পত্রিকাতে বেরিয়েছিল যে, সেখানে সাংসবাদিক ডি. পি. দাসগুপ্তকে কংগ্রেসী কর্মীরা মেরেছিলেন এবং একজন সর্বভারতীয় নেতা এ ব্যাপারে যুক্ত ছিলেন। এটাই হচ্ছে দৃষ্টিভঙ্গীর ব্যাপার, আমাদের সঙ্গে তাঁদের নীতির তফাৎ। এখানে ওঁরা কখনও অশালীন ভাবে, কখনও নাটকীয় ভাবে আমাদের বিরোধীতা

করেন। না করার অবশ্য কোন কারণও নেই। পুলিশের বাজেটকে কেন বাড়ান হয়েছে, তা নিয়ে বলেছেন। উত্তরে আমি বলি, পুলিশ কি দেশের মানুষ নয়, তারা কি অন্যান্য সরকারী কর্মচারীদের মত সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী হতে পারে না? ১৯৭২ সালে ওঁদের সরকার যখন ক্ষমতায় ছিলেন, তখন যাঁরা নানা কীর্তির স্বাক্ষর রেখেছিলেন, তাঁদের মধ্যে থেকে দু-চারজন এখানে এসেছেন এবং তাঁদেরই পুলিশের সম্পর্কে আতঙ্ক আছে। ওঁদের রোগ হয়েছে — তবে এ ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার, তিনি ভাল বলতে পারেন কি রোগ — তা হচ্ছে, লালাতঙ্ক রোগ। তাই আমরা দেখছি, লাল বাস দেখলে আগুন লাগাতে ছুটছেন। আমাদের হিন্দু ঘরের মহিলা স্ত্রীরা লাল সিঁদুর কপালে পরেন, তাঁরা হয়ত আশঙ্কা করছেন, তাঁদের কপালের লাল সিঁদুর মুছে দিতে ওঁরা এবারে উদ্দ্যোগী হবেন।

এইটা লালাতঙ্ক রোগ হচ্ছে এবং এইসব নন্দীভৃঙ্গীদের সামলাবার ব্যবস্থা করতে হবে। এই সমাজের যে সমস্ত লোক এই সমাজের পঙ্কিল যে অংশ সেই পঙ্কিল অংশের সঙ্গে বেশী করে দহরম-মহরম করতে চাইছে সেটা যাতে না করতে পারে তারজন্য আমাদের ব্যবস্থা নিতে হবে। সেই ব্যাপারে আমাদের দেখা উচিত সেই বিষয়ে কোন সন্দেহ নেই। স্যার, ওঁরা কি নিজে নিজেদের বিশ্বাস করে? ওঁরা কখনো নিজে নিজেদের বিশ্বাস করে না। আজ যদি কেন্দ্রীয় মন্ত্রিসভার দিকে তাকান তাহলে দেখতে পাবেন যে সেখানে রোজ মন্ত্রী পাল্টাচ্ছেন। একজন বাঙালী মন্ত্রী ৪ বার মন্ত্রী পাল্টানোর পর মন্ত্রী হয়েছেন। ২ বছরে ৪ বার মন্ত্রী পাল্টালো। মুখ্যমন্ত্রী ওদের মধ্যে কে কবে আছেন বা কে কবে নেই সেটা ওঁদের মা জননী ছাড়া কেউ বলতে পারবে না। কিন্তু পশ্চিমবঙ্গে এই জিনিস ঘটেনি বা ঘটবে না। আমি সেইজন্য বলছি স্যার, আমার কাছে সুব্রতবাবুর বক্তৃতা আছে—উনি ঘোড়া কাঁদিয়েছিলেন, হাতি কাঁদিয়েছিলেন একটি রাজকন্যা পাবার জন্যে। এখন দেখছি সব উল্টো। তাতে ঘোড়াও কাঁদেনি, হাতিও কাঁদেনি তবে রাজকন্যা জুটেছে কিনা সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই না। কিন্তু এখন দেখছি ওঁর দুঃখে ব্যাঙও কাঁদতে শুরু করেছে। হাতি ঘোড়া গেল তল ব্যাঙ বলে কত জল। আমি এইসব ব্যাপারে পড়িয়ে শোনাতে চাই না কারণ আমার সময় কম। আমি একটি কথা বলবো যে ১৯৬৭ সালে কংগ্রেস পশ্চিমবাংলায় পরাজিত হয়েছিল। কংগ্রেস পরাজিত হবার পর এখানে গভর্ণমেণ্ট তৈরী হয়েছিল তাতে অনেক পাঁচমিশালি ব্যাপার ছিল। কিন্তু ১৯৭৭ সালে যে গভর্ণমেণ্ট তৈরী হয়েছে সেই গভর্ণমেণ্ট বামপন্থী গভর্ণমেণ্টের নির্দিষ্ট নীতিকে কার্য্যকরী করার জন্য তৈরী হয়েছে এবং সেইভাবেই তারা কাজ করছেন। আমি বলতে পারি যেটা তৈরী হয়েছে সেটা হচ্ছে মহিরূহ। ওঁরা সেটা বুঝতে পারেনি। গত ৫ বছর ধরে তাতে জল সঞ্চিত হয়েছে। তারফলে ১৯৮২ সালে যে আশীর্বাদ পেয়েছে সেই আশীর্বাদের ফলে আজকে তারা আরো বড় হয়েছে। আজকে পশ্চিমবাংলার মেহনতি মানুষ, শ্রমিক, কৃষক, ছাত্র এবং যুবকরা যখন লড়াই করেন সেই লড়াইকে কেউ রক্ষা করে না। আজকে কেন্দ্রের যে চক্রান্ত এবং স্বৈরাতান্ত্রিক আক্রমণ সেই স্বৈরাতান্ত্রিক ধারাকে প্রতিহত করতে আমাদের সাহায্য করতে হবে। আমরা বিশ্বাস করি সেই দিন আর বেশী দেরী নেই। এরা দেওয়ালের লেখা পড়ে না এবং পড়তে চায়ও না। দেওয়ালের লেখা পড়লে

ও'রা দেখতে পাবে যে এই মহিরূহ গোটা ভারতবর্ষে জেগে উঠবে। সারা দেশের গরীব মানুষ আন্দোলনের নতুন পথ ধরে যাবে। ও'রা বিস্মিত হয়ে যাবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে এপ্রোপ্রিয়েশান বিল এনেছেন তার বিরোধিতা করতে উঠে আমি কয়েকটি কথা এবং কয়েকটি স্পেশিফিক কেসের পরিসংখ্যান রাখব। মাননীয় সদস্য নীহার বসু মহাশয় তার বক্তব্যের মধ্যে অনেক কিছু বললেন—কৃষির জন্য নাকি তার চোখের জল ঝরে যাচ্ছে। অথচ আমরা লক্ষ্য করেছি এই সর্বভারতীয় স্তরে কৃষিপণ্যের হোতা যারা এই সি. পি. এম. পার্টি তাদেরই নেতৃত্বে এই বামফ্রণ্ট সরকার বলেছিল যে এই ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা অগ্রহায়ণ-পৌষ মাসের মধ্যে ধান পাবে কিন্তু তারা ধান পায়নি। ফলে তাদের ঋণ মেটানোর জন্য মহাজনদের সুদ মেটানোর জন্য এবং ব্যাঙ্কের ঋণ মেটাবার জন্য তাদের ধান বিক্রি করতে হচ্ছে। এরফলে মূল্যবৃদ্ধি হচ্ছে সার, মজুরি, অন্যান্য সব জিনিষের। এই মূল্যবৃদ্ধির সঙ্গে সমান তালে তাল রেখে আপনারা বলেছিলেন। আমরা যদি সরকারে আসতে পারি তাহলে এর পরিপোষক মূল্য দেব। সর্বভারতীয় স্তরে আপনারা এইকথা বলেছিলেন। আজ কিন্তু ৫ বছর কেটে গেছে, ৬ বছরে পড়েছে। কিন্তু আজ পর্যন্ত আপনারা ধান তো দেনই নি উপরন্ত পরিপোষক মূল্য পর্যন্ত দেন নি। সুতরাং পশ্চিমবঙ্গের মানুষ পশ্চিমবঙ্গের চাষীরা সেই কথা ভুলে যায় নি। তারপরে আপনারা এগ্রিক্যালচারের কথা বলেছেন। আমি একটা সাজেশান রাখছি আপনাদের কাছে। সাড়ে ১৫ হাজার টাকা ইনকাম ট্যাক্স ফ্রি হয়ে গেল কিন্তু গ্রামে চাষীরা যারা চাষ করে খায় তাদের ১০ হাজারের উপর ৩ হাজার টাকা ইনকাম ট্যাক্স দিতে হয়। আবার আপনাদের অপারেশান বর্গার চোটে সমস্ত জমি অপারেশান বর্গা হয়ে গেল। অথচ কৃষি উৎপাদন কমে যাচ্ছে, জমি নেই তবুও ১০ হাজার টাকায় ৩ হাজার টাকা করে ইনকাম ট্যাক্স দিয়ে যেতে হচ্ছে। আমি এইজন্য কৃষিমন্ত্রিকে এবং মুখ্য মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এই ব্যাপারে একটু আলোকপাত করুন। তাঁদের দৃষ্টিভঙ্গী যদি একটু পাল্টে নেন তাহলে আমরা বাধিত হব।

[2-30—2-40 p.m.]

মাননীয় কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী যদি এ বিষয়ে তাঁদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করেন তাহলে ভালো হয়। ননীবাবু বললেন প্রধানমন্ত্রীকে প্যাক করে রপ্তানী করে দাও। কম্যুনিষ্ট পার্টির সদস্য হিসেবে যখন বিধান সভায় বক্তৃতা করছেন তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী রাশিয়া সফর করছেন। তাঁদের ঠাকুরদাদা ব্রেজনেভ এয়ার-পোর্টে দাঁড়িয়ে তাঁকে রিসিভ করে বলছেন ইনিই একমাত্র এশিয়ার প্রগতিশীল নেতা। আই. এম. এফ.—ইণ্টারন্যাশনাল মনিটারী ফাণ্ডের কথা তাঁরা বলেছেন। গ্রামে ২০জন সদস্য মিলে কোয়াপারেটিভ করে সেখান থেকে যেমন শিক্ষা, চাষ, স্বাস্থ্য প্রভৃতির জন্য লোন নেয় তেমনি আই. এম. এফ-এ বিভিন্ন দেশ টাকা দিয়ে যে ফাণ্ড তৈরী করেছে ভারতবর্ষ তার মধ্যে আছে এবং সেখানকার সেই ফাণ্ড থেকে ন্যায্য

অধিকার তার আছে বলে লোন নিয়েছে নিজেদের আর্থিক ঘাটতি পূরণ করার জন্য। আজকে আই, এম. এফ-থেকে লোন নিয়ে ভারত যে তার আর্থিক ঘাটতি পূরণ করছে তাতে রাশিয়া জ্বলছে এবং তাদের চেলারা এখানে বলছে আর্থিক ঘাটতি পূরণ করা যাবে না। অর্থাৎ ভারতবর্ষ এগিয়ে যাক এটা ওরা চায় না। শিক্ষামন্ত্রী সংবিধানের ৩০ (১) ধারা লঙ্ঘন করে ধর্মীয় প্রতিষ্ঠানের গায়ে হাত দিয়েছেন। প্রাক্তন একজন শিক্ষা মন্ত্রী প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর জামা ছিঁড়ে দিয়েছেন। এইভাবে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য স্থাপন করছেন আপনি যদি ৬০০ কোটি টাকা চাইতেন তাহলে আপত্তি ছিল না, কিন্তু টার্গেট ইউটিলাইজেশান কি ? স্বাস্থ্যমন্ত্রী আমার বক্তৃতার কোন উত্তর দেননি। কম্যুনিটি হেল্থ সেন্টারের কথা বলেন কিন্তু আপনাদের ছেলেদের ভর্তি করেন মেডিক্যাল কলেজে এবং সাধারণ মানুষের ছেলেদের নিয়ে ক্যাডার তৈরী করার জন্য তাদের সেখানে ভর্তি করছেন। সেখানে ১৬১ জন ছেলের মধ্যে ৬১ জন ছেলে পরীক্ষা দেয়নি তারা বিদ্রোহ করেছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো এই কোর্স তুলে দিয়ে ফার্মাসিস্ট কোর্স, রেডিওগ্রাফার কোর্স, কম্পাউণ্ডার কোর্স করুন। ৩ হাজার ডাক্তার পি, এস. সি-তে ইন্টার ভিউ দিয়েছে তাদের নেওয়া হচ্ছে না। অথচ তারা বণ্ড দিয়ে এসেছে যে গ্রামে যাবে চিকিৎসা করতে। হাসপাতালে গজ নেই, ব্যাণ্ডেজ নেই—শুধু চুরি আছে। এই যে বাজেট উপস্থিত হয়েছে এটা যদি ডবল হোত তাহলে খুশী হতাম কিন্তু এই বাজেটে টার্গেট ইউটিলাইজেশন এবং পলিসি ম্যাটার ঠিক হয়নি বলে আমি এর বিরোধিতা করছি।

**শ্রীভূপাল পাণ্ডা ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে পরিপূর্ণ সমর্থন করে দু'একটা কথা রাখছি। মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা ভারতবর্ষের কথা এনে রাশিয়ার কথা তুলেছেন। ওঁদের ধ্যান-ধারণা নেই যে ভারতবর্ষ বর্তমানে যেভাবে শত্রু পরিবেষ্টিত অবস্থায় রয়েছে তাতে বন্ধু রাষ্ট্র সোভিয়েত রাশিয়ার সঙ্গে একযোগে যদি না দাঁড়াতে পারে তাহলে ভারতবর্ষের অস্তিত্ব বিলুপ্ত হয়ে যাবে, এই সঙ্কটের মধ্যে এসে আমরা উপস্থিত হয়েছি। কাজেই সেসব কথা তুলে এখানে কোন লাভ নেই। একথা পরিষ্কার যে ওঁদের চিন্তাধারার সঙ্গে বামফ্রণ্টের চিন্তাধারা সম্পূর্ণ বিপরীত। ওঁদের চিন্তাধারা ধনীক তোষণ নীতি, আর আমাদের চিন্তাধারা এই ধনবাদী কাঠামোর মধ্যে যেটুকু সীমাবদ্ধ ক্ষমতা আমাদের আছে তা দিয়ে গরীব মেহনতী মানুষকে রক্ষা করার চেষ্টা করা, তাদের বিকাশের রাস্তা খুলে দেওয়া। যাই হোক, এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে দু'একটা কথা মন্ত্রীসভার কাছে রাখতে চাই যাতে তাঁরা এই বিষয়ে বিশেষ গুরুত্ব দেন। আমার ১ নং কথা হচ্ছে বর্গা রেকর্ড এবং ভেসটেড জমিতে পাট্টা পাওয়া কৃষকদের সঙ্গে নিয়ে একটা সার্ভিস কো-অপারেটিভ যাতে অর্গানাইজ করতে পারি সেদিকে আমাদের বিশেষ নজর দেওয়া দরকার। কারণ, এবারে ফসলের যা অবস্থা তাতে আমাদের নিজেদেরকে যদি কিছু খাদ্য সংগ্রহ করতে হয় তাহলে একমাত্র ঐ প্রসেসের ভেতর দিয়ে আমরা কিছু খাদ্য সংগ্রহ করতে পারি। এই কো-অপারেটিভের মাধ্যমে এই সমস্ত গরীব মানুষকে এমন ভাবে সাহায্যের ব্যবস্থা করা দরকার সরকারের দিক থেকে এবং ব্যাঙ্কের ঋণের দিক থেকে যাতে তারা সেটাকে নিয়ে স্বাবলম্বনের পথে ক্রমশঃ এগিয়ে যেতে পারে। আজকে গ্রামাঞ্চলে যে কো-অপারেটিভ আছে সেগুলি বৃহৎ ধনী ব্যবসায়ী, ধনী কৃষক যারা তাদের

কর্তৃত্বাধীনে রয়েছে, সেখানকার গরীব অংশ সমবায়ের কোন সুযোগ নিতে পারছে না। আর একটা জিনিষ হচ্ছে বাড়তি জমি যেটা ভেস্ট হয়েছিল সেই সমস্ত জমির মালিক হাইকোর্ট থেকে ইনজাংসান জারী করে এসেছে, সেই ইনজাংসান জারী করা জমির উপর এবারে যখন জরিপ হচ্ছিল বর্গা অপারেশান, বর্গা রেকর্ড করার জন্য তখন যারা রেকর্ড করাতে গেল তাদের অফিসার বললেন এটা ইনজাংসানের ব্যাপার, আপনাদের দখলকারী লেখান যাবে না। আমি মন্ত্রীসভাকে অনুরোধ করব যেদিন হাইকোর্টের ইনজাংসান উঠে যাবে সেদিন ঐ ভেস্টেড জমিদখলকারী কৃষকরা যাতে অগ্রাধিকার পায় সেই ব্যবস্থা রাখা দরকার। আর একটা কথা বলব মন্ত্রীসভা মিনিমাম ওয়েজেস এ্যাক্ট তৈরী করেছেন, শিল্পাঞ্চল থেকে বিচ্ছিন্ন যেসব গ্রামাঞ্চল শহরে শ্রমিক ভাইরা রয়েছেন তাঁরা এই মিনিমাম ওয়েজেস এ্যাক্টের সুযোগ সুবিধা পাচ্ছেন না, এই এ্যাক্টকে এমনভাবে সংশোধিত করা দরকার যাতে এই মিনিমাম ওয়েজেস এ্যাক্ট সর্বক্ষেত্রে এ্যাপ্লায়েড হবে। তারপর সেখানে মালিকরা যদি মনে করে যে তাদের প্রতি কোন অবিচার হচ্ছে তাহলে পরে তারা হাইকোর্টে কিংবা অন্যান্য বিচারের ক্ষেত্রে যেতে পারে। কিন্তু মিনিমাম ওয়েজেস এ্যাক্ট প্রয়োগ করার আগেই মালিক হাইকোর্টে চলে গেল, ফলে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট প্রয়োগ হল না। এইভাবে গ্রামাঞ্চলের শহরে বিড়ি শ্রমিক হোক, ছোট ছোট ইনডাষ্ট্রির ক্ষেত্রে হোক, প্লাসটিক কারখানার ক্ষেত্রে হোক, এই সমস্ত শ্রমিক ভাইরা ঠিক মত এই এ্যাক্টের সাহায্য পায় না। কাজেই সেইভাবে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট যাতে প্রয়োগ করা যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। আর একটা কথা হচ্ছে আমি সেদিন ইনডাষ্ট্রি সম্পর্কিত বাজেটের ক্ষেত্রে বলেছিলাম যে ভারতবর্ষে বৃহৎ ধনী গোষ্ঠি আজকে যে ধরণের কায়দা নিয়ে চলছে তাতে তারা লক আউটের মাধ্যমে অসংগঠিত শ্রমিক অংশকে ডিমোরালাইজ করে দেওয়ার তাদের একতাকে ভেঙ্গে দেওয়ার চেষ্টা করছে। তারা লক আউট করছে তাদের অধিকতর মুনাফার লোভকে চরিতার্থ করবার জন্য।

আমি দু-একটা উদাহরণ দিচ্ছি। পূর্বাঞ্চলে বস্ত্র শিল্পের সবচেয়ে বড় সংগঠন হচ্ছে কেশোরাম কটন মিলস্ এবং এটি হচ্ছে বিড়লা পরিবারের। ১৯৬৯ সালে যখন স্ট্রাইক হয়নি তখন তাদের মুনাফা হয়েছিল ১০ কোটি টাকা। কিন্তু ১৯৮০ সালে ৫ মাস লকআউট অবস্থায় থাকা সত্বেও তাদের মুনাফা দাঁড়িয়েছে ১৪ কোটি টাকা। ১৯৮১ সালে সেই লকআউট যখন তুলে নিল, শ্রমিকরা ঐক্যবদ্ধ হয়ে গেল, সেবারেও তাদের মুনাফা হয়েছে ১৮ কোটি টাকা। এইভাবে লকআউটের ভেতর দিয়ে উৎপাদন কমিয়ে অতিরিক্ত দামে বাজারে মাল ছেড়ে তারা যে মুনাফা লুটছে সেদিকে যেন বামফ্রণ্ট সরকার সজাগ হন। ১০(২) ধারা প্রয়োগ করে যখন সুবিধা হচ্ছে না তখন নূতন ধারা প্রয়োগ করার ব্যাপারে বামফ্রণ্ট সরকার যেন নূতন ব্যবস্থা নেন। একথা বলে এই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন্ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীফনিভূষণ সিংহ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল উত্থাপন করেছেন আমি তার বিরোধীতা করে কিছু বক্তব্য

রাখছি। আমার প্রথম বক্তব্য হচ্ছে, যদি ভালভাবে দেখা যায়, যদি পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা যায় তাহলে দেখব পুলিশকে সবচেয়ে বেশী নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। আজকে থানায় গিয়ে দেখুন পুলিশ নিষ্ক্রিয় হয়ে রয়েছে। কিন্তু মজার কথা অন্যান্য খাত থেকে এই খাতে বেশী করে টাকা বরাদ্দ করা হয়েছে। এবং আপনারা নিশ্চয়ই দেখেছেন ১০০ কোটি ৭৯ লক্ষ টাকা এই খাতে দেওয়া হয়েছে। পুলিশকে যে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে সেটা গ্রামে না গেলে বোঝা যায় না। আমি জান:তে চাই থানার ও. সি.-রা কোন কাজ করবার সুযোগ পান কি ? তাঁদের হাত বন্ধ করে রাখা হয়েছে। স্যার, এঁরা কংগ্রেস কর্মীদের খুন করছে, এঁরা খুনী। এঁরা মালদহ জেলায় কয়টা খুন করেছে জানেন কি ? আমাদের কংগ্রেসের সক্রিয় কর্মী দরবারী মণ্ডল, জটু মণ্ডলের ছেলে এবং পুত্রবধূ, মনোরঞ্জন বাবুই, সুধীর সাহা এবং নগেন বিশ্বাসকে এঁরা খুন করেছে। এরকম ঘটনা আরও বিভিন্ন অঞ্চলে রয়েছে কাজেই এঁদের খুনী ছাড়া আর কিছু বলা যায় না। এঁদেরই একজন পঞ্চায়েতের মেম্বার যার নাম হচ্ছে হরেন সরকার, তিনি ভাবুক অঞ্চলের একজন কৃষকের ১৪ বছরের মেয়েকে ধর্ষন করেছে। কিন্তু আশ্চ.র্যর বিষয় এই সমস্ত জিনিস দমন করবার জন্য যে পুলিশী ব্যবস্থা তাকে একেবারে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। তারপর, শিক্ষাক্ষেত্রে ৩৭৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু সেখানে দেখছি শুধু দলবাজী। এঁরা মনে করে এঁদের ক্যাডার ছাড়া পৃথিবীতে যেন আর কোন মানুষ নেই। এঁরা দেশে অশিক্ষা চালু করেছে এবং ইউনিয়নবাজী করে স্কুলগুলোকে নষ্ট করেছে। স্যার, গ্রামে কতগুলি স্কুল আছে যেগুলো গ্রামের গরীব মানুষরা অর্গানাইজ করে এসেছে দীর্ঘ দিন ধরে।

আমি সেই স্কুল সম্বন্ধে বলি। যেসব লোক জমি দিয়েছে কিংবা ফ্রিসার্ভিস দিয়েছে বা এক-টা স্কুল করার জন্য নানাভাবে নানা দিক থেকে সাহায্য দিয়ে বা সাহায্য নিয়ে একটা স্কুল করেছে এবং শিক্ষকতা করছে, তাদেরকে বাদ দিয়ে অন্য ভুতুড়ে, ওঁদের ক্যাডারের লোককে সেখানে বসিয়েছেন। এই হচ্ছে ওঁদের স্কুল অর্গানাইজের নমুনা। তারপর মেডিক্যাল চিকিৎসা সম্বন্ধে বলছি — যেমন মালদা সদর হাসপাতাল। এখানে কোন ব্যবস্থা হয় না, ঔষধপত্রের কোন ব্যবস্থাই নেই। উপরন্তু অখাদ্য খাবার দেওয়া হয়, যেটা রোগীরা খেতে পারে না। কুকুরে খেয়ে যায়। সেখানে কুকুর তাড়াবার লোক নাই। আমি জানি এই যে টাকা ওঁরা খরচ করবার জন্য চাইছেন, এই টাকা অপচয় হবে। তাই এই বিলের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমণীন্দ্র নাথ জানা :** মিঃ স্পীকার স্যার, এপ্রোপ্রিয়েসন বিলের উপর যে আলোচনা হচ্ছে সেই আলোচনা অংশ গ্রহণ করে কয়েকটি বক্তব্য এখানে রাখছি। আমি দেখছি যে কয়েক দিন ধরে দফাওয়ারী বাজেট আলোচনা হোল এবং তাতে বিরোধী পক্ষের বিভিন্ন বক্তা অনেক বক্তব্য রে:খ:ছেন এবং আজকে এ্যাপ্রোপ্রিয়েসন বিলের উপর বিরোধী পক্ষের সদস্যরা তাঁদের বক্তব্য রেখেছেন। তার মধ্য থেকে আমি যেটুকু দেখতে পাচ্ছি যে এদের বক্তব্যের মূল কথা হচ্ছে যে এই বাজেটের মধ্যে গ্রামের অর্থনীতিকে ভেঙ্গে দেওয়া হয়েছে গ্রামকে উপেক্ষা করা হয়েছে। আমি ওঁদের বলতে চাই যে আমি গ্রামেরই একজন সদস্য। গত ১৯৬৭ সাল থেকে আমি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি। গ্রামে যখন ভোট চাইতে যাওয়া হোত, তখন গ্রামের মানুষরা

বলতো ভোট চাইতে এসেছেন টিউবওয়েল এনেছেন ? এখানে খুব জলকষ্ট ? আমাদের রাস্তা ভেঙ্গে গেছে রাস্তার উপর দিয়ে জল গিয়ে, রাস্তার জন্য পাইপ এনেছেন ? আশ্চর্য হলাম আজকে ১৯৮২ সালে যে নির্বাচন হয়ে গেল, তার আগে গ্রামে গিয়ে দেখলাম গ্রামের মানুষের আর জলকষ্ট নেই। রাস্তাঘাটের জন্য পাইপ আনার একটি কথাও তাঁরা বলছেন না। এই যে পঞ্চায়েত এর মধ্যে দিয়ে সেই সব কাজগুলি হয়েছে। আপনারা যেমন একটা টিউবওয়েল বা একটা পাইপ দিয়ে গ্রামের মানুষের ভোট আদায় করতেন, আজকে আর সে দিন নেই। আজকে গ্রামের গরীব মানুষরা জেনে নিয়েছে যে সামান্য একট টিউবওয়েল করে দিয়ে, রাস্তায় সামান্য একটা পাইপ বসিয়ে, কিছু গম দিয়ে আমাদের ভোট ওঁরা আদায় করে নিতো। ওরা আজকে গ্রামের অর্থনীতি একেবারে ভেঙ্গে দিয়েছে, তাদেরকে উপেক্ষা করা হয়েছে। ওঁরা বলছেন দেশে শান্তি শৃঙ্খলা নেই। কিছুটা অবশ্য হতে পারে। কি করে থাকবে ? বাসে যদি একটা কুকুর চাপা পড়ে, তাহলে ওঁরা বাস বন্ধ করে দেয়। বাসের আরোহীরা আপত্তি করলেও তা ওঁরা শোনেন না। আমরা দেখেছি মজুররা যখন তাদের ন্যায় সঙ্গত মজুরীর জন্য আন্দোলন করে তখন ওঁদেরই বন্ধু জমিদার জোতদাররা তাদের মারধোর করে, পুলিশের সাহায্য নেয়। ন্যায্য মজুরীর দাবী করলে ওঁদেরই বন্ধুরা কোর্টের আশ্রয় নেয়। ভাগচাষ রেকর্ড করাতে গেলে জোতদাররা হাই কোর্টে যায়, পুলিশের কাছে যায় অশান্তি হবে, এই অজুহাতে।

[2-50—3-00 p.m.]

যাদের অধিকার থেকে এতদিন বঞ্চিত করে রেখেছিলেন, তাঁরা যদি তাদের অধিকারকে আজকে প্রতিষ্ঠিত করতে চায় তাহলে নিশ্চয়ই কিছু না কিছু অশান্তির সৃষ্টি হবেই। সেই অশান্তিটাকেই ওরা বড় করে দেখছেন। গ্রামের মানুষ-গুলো আজকে বুক ফুলিয়ে রাস্তায় চলতে পারছে। সেই কাল কুচকুচে মানুষগুলো যারা তাদের দাবী নিয়ে আন্দোলন করতে পারছে, এটা ওদের ভাল লাগছে না এবং আমাদের এই বামফ্রণ্ট সরকারের যে বাজেট সেই বাজেট প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে ওঁরা বলেছেন যে দেশে নাকি আইন শৃঙ্খলা নেই। ওঁদের যে মেরে খাবার ধান্ধা তা আর গ্রামের মানুষ বেশীদিন চলতে দেবে না। আমাদের যে কর্মসূচী তার মধ্যে আমরা বলেছি, তবে ওনারা অনেক বড় বড় কথা বলেছেন, চাকরি দেবার ক্ষেত্রে এবং বিভিন্ন সময়ে দুর্নীতির কথা বলেছেন, পঞ্চায়েতের কথা বলেছেন — অবশ্য, কিছু পঞ্চায়েত খারাপ আছে। ওনারাও তো কিছু গ্রাম পঞ্চায়েত পেয়েছেন। পশ্চিমবাংলায় যত গ্রাম পঞ্চায়েত আছে তার মধ্যে ওনাদেরও তো কিছু কিছু গ্রাম পঞ্চায়েত আছে— ঐ যে পেছনের একজন বসে আছেন, উনিওতো হুগলি জেলার লোক এবং একটি গ্রাম পঞ্চায়েতের প্রধান, ওনাকে জিজ্ঞাসা করে দেখুন। হ্যাঁ, কতকগুলো গ্রাম পঞ্চায়েতে দুর্নীতি আছে। দুনীতি কেন হয়, কিভাবে হয় তা সকলেই জানে। কিন্তু পঞ্চায়েতের দুর্নীতিটাই ওঁরা দেখলেন কিন্তু পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মানুষের যে উন্নতি হচ্ছে সেটা ওনারা দেখতে পেলেন না। কারণ ওনারা গ্রামের মানুষের কাছ থেকে ঘাড় ধাক্কা খেয়ে চলে এসেছেন এবং সেইজন্যই এই এয়ারকণ্ডিসন ঘরে বসে গ্রামের কোন উন্নতি

হয়নি, গ্রামের উন্নয়ন বন্ধ হয়ে গেছে, এইসব কথা বলেছেন, কৃষক দরদী সাজছেন। ডক্টর ভূঁইয়া বললেন পরিপূরক মূল্য নাকি পশ্চিমবঙ্গ সরকার করতে পারেন নি। আমাদের যা সীমিত ক্ষমতা তার মধ্যে আমরা করেছি। গত বছরের আগের বছর যখন আলুর দাম বেড়ে গিয়েছিল তখন এই বামফ্রন্ট সরকারের কৃষিবিভাগ আলুর দাম ৩০ থেকে ৩২ টাকা মন কেনার জন্য প্রস্তুত হয়েই ছিলেন। ধানের দাম যখন কমে গিয়েছিল এই সরকার ধানের দাম অন্ততঃ ন্যায্যমূল্যে না হলেও, কেন্দ্রীয় সরকারের যে ধার্য্য মূল্য, সেই ধার্য্যমূল্যে ধান কেনার জন্য সরকার প্রস্তুত হয়েছিল। আর ঐ কৃষিমূল্যের বা কৃষিপণ্যের দাম রাজ্যসরকার ঠিক করে না। আজকে পাটের দাম নিয়ে আমরা চীৎকার করছি যে পাটের দাম ৩০০ টাকা করা হোক, কেন্দ্রীয় সরকার পাটের মূল্য কতটাকা করেছেন তা পাটচাষীরাই জানে। আমরা জুট কর্পোরেশনকে প্রত্যেক থানায় তাদের গোডাউন নিতে বলেছি, কিন্তু তারা তা পারছে না। এই অবস্থার মধ্যে আমাদের আজকে এই যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল এখানে উপস্থিত হয়েছে, এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিখিলানন্দ সর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এ্যাপ্রোপ্রিয়েসন বিল মুখ্যমন্ত্রী মহাশয় যা এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে সংক্ষেপে আমি কিছু বক্তব্য রাখছি। বিরোধী দলের বন্ধুরা, শুধু আজকে নয় বাজেটের দফাওয়ারী আলোচনার সময়েও যে বক্তব্য রেখেছেন আজকেও তাঁর পুনরাবৃত্তি তাঁরা করছেন। কারণ তাঁরা বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন। এই পুঁজিবাদী কাঠামোর মধ্যে সাত্তার সাহেব, জয়নাল সাহেব, সুনীতি বাবু, সবাই চাইছেন ম্যাজিক দেখাতে—এই বামফ্রন্ট সরকার কিছু ম্যাজিক দেখান। শ্রদ্ধেয় নেতা দেবী বসু মহাশয়ের কাছ থেকে একটা গল্প শুনেছিলাম সেই গল্পটি এখানে আমি বলছি। একজন কুমোর সে একটা ছাঁচের মূর্তি তৈরী করে। সেই ছাঁচ দিয়ে, কেউ যদি সরস্বতীর মূর্তি চায় তাকে তাই করে দেওয়া হোতো, কেউ যদি লক্ষ্মীর মূর্তি চাইতো বা দুর্গার মূর্তি চাইলে ঐ একই ছাঁচ দিয়ে সে সেই রকম মূর্তি তৈরী করে দিত। সেই ছাঁচটার মধ্যে দিয়ে কিন্তু কোন দেব-দেবীর মূর্তি ফুটে উঠত না। যারাই এই ছাঁচের মূর্তি দেখেন, তাঁরাই দেখেন ঠিক একটা মর্কটের মূর্তি। তাই পুঁজিবাদী ছাঁচ যে দেশে চলবে, সেই ছাঁচের মধ্য দিয়ে ওরা আজকে ম্যাজিক দেখবার আশা করছেন এবং মানুষকে ধাপ্পা দেবার জন্য উল্টো পাল্টা কথা এখানেও বলতে সুরু করেছেন।

৩০/৩২ বছর ধরে ওরা তো ছিলেন। এখনো ভারতবর্ষের বিস্তীর্ণ এলাকায়, কেন্দ্রে তো বটেই, প্রায় সব রাজ্যেই তারা শাসন ক্ষমতায় রয়েছেন। ভাবখানা এমন, যেন ওখানে সব সমস্যার সমাধান হয়ে গেছে, একমাত্র পশ্চিমবাংলার মানুষগুলির জন্য তাদের ঘুম হচ্ছে না। ঘুম যে হচ্ছে না, তার কারণ অন্য, সেটা আমরা জানি। তারা বুঝেছেন পশ্চিমবাংলার মানুষ অন্য রাস্তা ধরেছেন—তারা বাঁচার রাস্তা ধরেছেন এবং আগামী দিনে গোটা ভারতবর্ষ ঠিক এই দিকেই এগিয়ে যাবে। সেই জন্যই তাদের ঘুম হচ্ছে না। আসলে পশ্চিমবাংলার মানুষের জন্য তারা খুব বেশী চিন্তিত নন। আমরা আজকে এখানে দেখলাম কিছু কিছু বিরোধী বন্ধু কতকগুলি বিশেষ বিশেষ জিনিষ নিয়ে আক্রমণ করতে চাইছেন। শিক্ষার বিষয়ে আক্রমণ করার চেষ্টা

করেছেন। শিক্ষা ক্ষেত্রে তাদের ভূমিকা কি ছিল? তারা কি করেছেন? কেন্দ্রীয় বাজেটে ভারতবর্ষের শিক্ষা খাতে কত খরচ হয়? শতকরা কত অংশ খরচ হয়? একটা রাজ্য সরকার তার সীমিত ক্ষমতার মধ্য দিয়ে বাজেটের এক তৃতীয়াংশ শিক্ষার জন্য খরচ করে। ওরা বললেন, আমরা খুশী হতাম, যদি এই টাকা কৃষি খাতে, মাইনর ইরিগেসান খাতে খরচ হত। এটা নাকি আনপ্রোডাকটিভ, সেটা ওরা বললেন। আমরা তো দেখেছি ওদের আমলে সার্বজনীন শিক্ষা ব্যবস্থা ছিল না। এই সব তো সংবিধানের পাতায় লেখা আছে। কিন্তু এই সরকারের আমলে প্রাইমারী শিক্ষা বিস্তারের প্রচেষ্টা চলেছে। ব্যাপকভাবে স্কুল তৈরী হয়েছে অবৈতনিক শিক্ষা প্রসারের জন্য, বই-এর ব্যবস্থা হয়েছে, কিছু টিফিনের ব্যবস্থা হয়েছে, পরীক্ষার ব্যবস্থা হয়েছে, সিলেবাস গণতন্ত্রীকরণ হয়েছে, বিদ্যালয় পরিচালনা ক্ষেত্রে গণতন্ত্রীকরণের ব্যবস্থা হয়েছে, তার সাথে শিক্ষকদের উপযুক্ত মর্যাদা দেওয়ার ব্যবস্থা হয়েছে। এইগুলি কি ওরা দেখতে পাচ্ছেন না? এটা পুরানো কুমোরের হাতের ছাঁচ নয়, এই জাতের কুমোর আলাদা। আজকাল আর মর্কটের আদল নেই, মানুষের আদল আসতে আসতে ফুটে উঠছে, তফাৎ এইখানে—কিন্তু ছাঁচটা পুরোপুরি আমরা পাল্টাতে পারছি না বটে, তবে এই ছাঁচটাকে গড়া পেটা করে মানুষের মূর্তি যতটুকু সৃষ্টি করা যায় ততটাই বামফ্রন্ট সরকার করে যাচ্ছেন। এতেই ওদের এত গায়ের জ্বালা ধরেছে। জানি না, এর পরে ভবিষ্যতে আরো কত জ্বালার জন্য তৈরী থাকতে হবে। কারণ, আমাদের যে কর্মসূচী আছে সেই কর্মসূচী অনুসারে এগিয়ে যেতে গেলে ভবিষ্যতে আরো অনেক জ্বালা যন্ত্রণা হৈ হল্লোড় এখানে শুনতে হবে। গ্রামের মানুষের জন্য ওদের বুক কেঁদে একেবারে জলে ভেসে যাচ্ছে! আপনারা তো জমিদারী প্রথা উচ্ছেদ করে ভূমি সংস্কার আইন পাশ করলেন। জমিদারী উচ্ছেদ কিসের জন্য? ডাঙ্গায় কিছু হাঙর থাকে। সুব্রতবাবুর শহরাঞ্চলে যান সেখানেও কিছু বড় বড় হাঙর দেখতে পাবেন। এই ডাঙ্গার হাঙরদের হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য এই সব ব্যবস্থা, জমিদারী প্রথা উচ্ছেদ করেছেন। কিন্তু কি লাভ হয়েছে? কিন্তু সেই জমি কে পেয়েছে? জমি থেকে মানুষের উচ্ছেদ হয়ে যাওয়া আটকাতে পেরেছেন? এইগুলি কি চিন্তা করেছেন? সেনসাস রিপোর্ট কি বলছে? প্রতি ১০ বছর অন্তর যে সংখ্যাটা বেরিয়ে আসছে তাতে দেখা যাচ্ছে অবস্থাটা ক্রমশঃ ভয়াবহ আকার ধারণ করে চলেছে। তার কারণ এই ছাঁচটিকে আমরা পাল্টাতে পারি নি, এই হচ্ছে অসুবিধা। তারা কৃষির উন্নতির কথা বলেছেন। কিন্তু তারা কি করেছেন? এতদিন ধরে কি ব্যবস্থা ছিল? ওদের আমলে পশ্চিমবাংলার কি অবস্থা ছিল? বীজের দাম, সারের দাম, ক্যানেল ট্যাক্স, কেরসিন, ডিজেলের দাম কিভাবে বেড়েছে সেটা একবার দেখুন। গ্রামের সুদ খোর, মহাজন প্রভৃতি এই সব হাঙরদের অবাধ লুঠের ব্যবস্থা ছিল। ফসলের ন্যায্য মূল্য থেকে মানুষকে বঞ্চিত করা হত, এই অবস্থা ওদের আমলে ছিল। এই অবস্থা হলে কি করে কৃষি অর্থনীতি সকল হবে? তার উল্টো রাস্তায় বাম ফ্রণ্ট সরকার এগিয়ে চলতে শুরু করল। বাম ফ্রণ্ট সরকারের প্রথম কাজ হল উদ্বৃত্ত জমি উদ্ধার, ভাগ চাষীদের অধিকার প্রতিষ্ঠা এবং তার সঙ্গে অন্যান্য সুযোগ সুবিধা সহ ঋণ মকুব।

3-00—3-10 p.m.]

জলকরের হার কমানো বলুন, কম সুদে বা বিনা সুদে মূলধন যোগানোর ব্যবস্থা লুন এগুলির কোনটাই ওঁরা দেখতে পান না। কৃষকদের ফসলের ক্ষেত্রে সাবসিডি দবার ব্যবস্থা করা, সরকার থেকে নায্য দরে মাল কেনবার ব্যবস্থা করা, ক্ষুদ্র ও ান্তিক চাষীদের বিভিন্ন ক্ষেত্রে সুবিধা দেওয়া—এগুলির কোন দাম ওঁরা দিতে চান া। পঞ্চায়েতের কথা ওঁরা বলেছেন। ওঁরা স্বীকার করুন আর নাই করুন আজ ামে গ্রামে এই পঞ্চায়েতের মাধ্যমে যে আলোড়নের সৃষ্টি হয়েছে তাতে কিছু কিছু ানুষ যে ভুত দেখছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা জানি কিছু মানুষ াছেন যাঁরা কুলীন বা কৌলীন্য প্রথায় বিশ্বাসী। তাঁরা চান গ্রামে চিরস্থায়ী বন্দোবস্ত াক এবং গ্রামের মোড়ল তারাই থাকুন। আজকে যখন তাঁরা দেখতে পাচ্ছেন একজন াতদারের বাড়ীর কৃষানের ছেলে পঞ্চায়েত সমিতির সদস্য হচ্ছেন বা প্রধান হচ্ছেন খন তাঁদের বুকে লাগছে। বামফ্রন্ট সরকারের যে নীতি—ক্ষমতার বিকেন্দ্রীকরণ, াজ গ্রামে গ্রামে যান সেই নীতি যে পালন করা হচ্ছে তার প্রমাণ পাবেন। গ্রামের ম্পদ সৃষ্টির কথা আমি বলছি না, সেকথা আমার বন্ধুরা বলেছেন, আমি অন্য সঙ্গে গিয়ে বলছি, এই যে পঞ্চায়েত সম্বন্ধে ওঁরা এত সোরগোল তুলছেন, এটা ওঁরা রছেন ওঁদের বুকে লাগছে বলেই। সাত্তার সাহেব, তিনি অনবরত পঞ্চায়েতে নীতি হচ্ছে বলছেন, লোকে কিন্তু ওঁদের কথায় কান দেয় না। আজ লোকে র দু'কান কাটাদের কথা শুনতে চাইছে না। এখানে এক ভদ্রলোক এই প্রসংগ য়ে দেখলাম খুব চিতকার করছেন, তাঁকে বলি, পশ্চিমবঙ্গের মানুষ জবাব দিয়েছে বং ভবিষ্যতে আরো দেবে। লুটেরার দল, ছিনতাইবাজের দল, খুনীর দল কারা টা পশ্চিমবঙ্গের মানুষের রায়ে প্রমাণিত হয়ে গিয়েছে। এতবড় পশ্চায়েত ব্যবস্থায় খানে ৫৫/৫৬ হাজার পঞ্চায়েত সদস্য যুক্ত তাতে ক্রটি নেই একথা আমরা বলছি । এই সমাজ ব্যবস্থায় পা হড়কাবার নানান রকমের সুযোগ আছে, ভুলক্রটি হতে রে কিন্তু তাই বলে গোটা পঞ্চায়েত ব্যবস্থাই খারাপ একথা আমরা মনে করি না। জিনিষ কি করে যে ওঁরা বলেন আমি বুঝতে পারি না। স্যার, এই প্রসঙ্গে একটি র বলি। কুমোর হাড়ি তৈরী করেছে, হাড়ির মুখে একটি সরা বসালো, সরাটা ক হাড়ির মুখে বসছে না তাই তারজন্য হাড়িটাই ভাঙতে হবে। সাত্তার সাহেবরাও ক সেই রকম হাড়িটাই ভাঙতে চান। কিন্তু এ করে কিছু হবে না সে কথাটা ওঁদের মি পরিষ্কার ভাবে বলে দিতে চাই। আমি ওঁদের আরো বলতে চাই, পশ্চিমবঙ্গের নুষ সঠিক রাস্তাই ধরেছে এবং আগামী দিনে গোটা ভারতবর্ষও সেই দিকে যাবে। মি স্যার, পরিশেষে বিরোধীপক্ষের বন্ধুদের একটি কথা বলব। কেন্দ্রে তাঁরা ক্ষমতায় য়েছেন, পশ্চিমবঙ্গের মানুষকে ধাপ্পা দিয়ে লাভ নেই, শ্রীমতী মার্কা সমাজতন্ত্রের প্পায় তারা ভুলবেন না, যদি সত্যিকারের পশ্চিমবঙ্গের উন্নতি চান, পশ্চিমবংগের নুষের উপকার করতে চান তাহলে আসুন, পশ্চিমবংগের প্রতি যে বৈষম্য হচ্ছে তার রুদ্ধে একসঙ্গে লড়াই করি। তা যদি না করেন তাহলে অবশ্য আপনাদের লজ্জার ছু নেই কারণ পৃথিবীর বহু দেশ দ্বিধাহীন ভাষায় ঘোষণা করেছে, তারা পুঁজিবাদী থ সমাজের উন্নতি করতে চান, আপনাদের শ্রীমতীকেও বলুন, ঘোমটাটা ফেলে দিয়ে

পুঁজিবাদী রাস্তা ধরতে। এই কথা বলে এই এ্যাপ্রোপ্রিয়েসান বিলকে সমর্থন ক আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীসমর মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে জ্যোতিবা এ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন, সেটা এ্যাপ্রোপ্রিয়েসন বিল নয়, এটা হচ্ছে মিক্সড এ্যাপ্রো প্রিয়েসন বিল। স্যার, আজকে বিদায়ের সুর বাজছে কারণ আজকে হচ্ছে বিধানসভা বাজেট অধিবেশনের শেষ দিন। তবে এই বিদায়ের সঙ্গে সঙ্গে দেখছি পশ্চিমবাংলার গরীব মানুষদেরও বিদায়। যারা ওখানে বসে রয়েছেন তারা দেখছি এই বাজেটের টাক নিয়ে কিভাবে মস্করা করা যায় সেই চিন্তা করছেন এবং তার ফলে এই বাজেটের পঞ্চ প্রাপ্তি ঘটবে। প্রশান্ত শূর মহাশয় দেখছি ৩ কোটি টাকা চুরির অপবাদে গাল থেকে আর হাত নামছে না। এই বাজেট এবং তাঁর গালে হাত এতে আমাদের বিসর্জনের বাজনার কথাই মনে পড়ছে। এবারে আমি বলব এই পঞ্চায়েতের পঞ্চু ভাইরা কিভাবে আজকে পঞ্চায়েতের টাকা আত্মস্যাৎ করছে। পঞ্চায়েতের টাকার মাধ্যমে গ্রাম বাংলায় পুজা মরশুমে গ্রাম পঞ্চায়েতের পঞ্চু ভাইদের চিহ্নিত করা যায়। কিন্তু আমি তাদের জানিয়ে রাখি পঞ্চায়েতের টাকা গ্রাম পঞ্চায়েতের লাল গুণ্ডাদের জন্য নয়, এই টাকা পশ্চিমবাংলার সমস্ত মানুষের জন্য। লাল গুণ্ডাদের কোন অধিকার নেই এই টাকা নেবার। আজকে পুলিশ খাতে এই যে ১০১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে এটা সুখের কথা। কিন্তু আমি জানতে চাই এই টাকা দেশের পুলিশের সন্তান সন্ততিদের শিক্ষার জন্য, তাদের চিকিৎসার জন্য ব্যয় হয় কি? না। এ টাকা ব্যয় হয় যে সমস্ত পুলিশ কর্মচারীরা সাধারণ মানুষের উপর জুলুম চালাচ্ছে তাদের সহায়তা করবার জন্য। আজকে গ্রাম বাংলায় খরা চলছে, বন্যা হচ্ছে অথচ ত্রাণ বিভাগের টাকা গ্রামের সেই নিপীড়িত লোকের হাতে পৌঁছায় না, এই টাকা পৌঁছচ্চে সি. পি. এমের গুণ্ডাদের হাতে এবং এই জিনিষই গ্রাম বাংলায় লক্ষ্য করছি। স্যার আমার কথায় ওদের গায়ে জ্বালা ধরছে কিন্তু আমি জানি এই বাজেটের টাকা খরচ করবার জন্য ওরা সকলেই লক লক করছে। ঐ দেখুন না কাকিমা সবচেয়ে বেশী করে লক লক করছে। কয়েকদিন আগে মন্ত্রী শঙ্কর গুপ্ত মার্কসবাদী কায়দায় হুইপ করলেন এবং বললেন এটা গণশক্তি নয়, এটা এটা স্টেটসম্যান পত্রিকা। তিনি বিদ্যুৎ মন্ত্রী হয়ে বসে আছেন অথচ চেয়ে দেখুন সারা পশ্চিমবাংলা আজকে বিদ্যুতের জন্য হাহাকার করছে। পশ্চিমবাংলার সমস্ত উৎপাদন-শীল জায়গা বিদ্যুতের প্রয়োজন তা সকলেই মানে। তারপর তথ্য এবং সংস্কৃতি দপ্তরের টাকা গণশক্তির মাধ্যমে তাদের প্রতিটি কাজ করবার জন্য ব্যয় করা হয়। সেচ দপ্তরের টাকার মাধ্যমে মার্কসবাদী বন্ধুদের এবং সেচ মন্ত্রীর পুজোর বাজার ভালভাবেই কেটে যাবে আশা করি। সেচের টাকার শতকরা ৮০ ভাগ পার্টি ক্যাডারদের পকেটে যাবে এটা বুঝতে পারছি। স্যার, আমি কালকে একবার নিউ মার্কেটে গিয়েছিলাম এবং সেখানে গিয়ে কিছু কিছু কনট্রাকটরকে দেখতে পেলাম। এই কনট্রাকটাররা লালভাইদের কথা বলেন বটে কিন্তু লাল জামা কেনেন না এটা লক্ষ্য করলাম। স্যার, একজন মাননীয় সদস্য বললেন মায়েরা কপালে লাল সিঁদুর পড়েন। তা পড়ে বটে, তাই বলে পশ্চিমবঙ্গ সরকারের কোন অধিকার নেই তারা সব জিনিষ লাল করে দেবেন। মার্কসবাদী মেয়েরা কপালে সিঁদুর দেন না, কিন্তু কংগ্রেসী মেয়েদের লাল সিঁদুর

ছিয়ে দিচ্ছে সি. পি. এমের লোকেরা, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ রছি।

[3-10—3-20 p.m.]

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রোপ্রিয়েসন বিল উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে দীর্ঘ সময় র কংগ্রেসী বন্ধুদের বক্তব্য শুনলাম এবং বিগত কয়েকদিন ধরে তাঁরা যে সমস্ত বক্তব্য খেছেন তাও শুনেছি। আমি লক্ষ্য করে দেখলাম যে, তাঁদের বক্তব্যের মূল বিষয়-বস্তু চ্ছে ব্যক্তিগত আক্রমন বা পার্টিগত আক্রমন। মূল সমস্যাগুলি সম্পর্কে তাঁরা বিশেষ ছু বললেন না। অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে বা আর্থিক প্রয়োজন এবং আর্থিক বণ্টন পর্কে তাঁরা ভাল করে কিছু বলতে পারলেন না। রাজ্যের সীমিত আর্থিক সামর্থ য়েও রাজ্যের উন্নয়নের গতিকে কিভাবে দ্রুততর করা যায় সে সম্বন্ধে তারা কোন কিছুই লোচনা করলেন না। তাঁরা শুধু মাত্র কিছু ব্যক্তিগত সমালোচনা করলেন, কাউকে লেন খুনী, কাউকে বললেন চোর, কাউকে বললেন গুণ্ডা। তাঁদের কাছে আমার ক্তব্য হচ্ছে, তাঁরা প্রকৃত বিরোধী পক্ষের ভূমিকা পালন করুন এবং সেই অনুযায়ী দায়-য়িত্ব নিয়ে কাজ করুন। যেখানে সরকারের ত্রুটি আছে সেখানে তাঁরা নিশ্চয়ই রকারকে দায়ী করে তার সমালোচনা করতে পারেন। কিন্তু তাঁরা তা করছেন না। জকে তাঁদের আত্ম সমালোচনা করারও প্রয়োজন আছে। তাঁরা যেখানে সরকারের ছেন — কেন্দ্রীয় সরকারে — সেখানে তাঁরা অনেক বেশী চুরি করছেন, অনেক টাকা আত্মসাৎ করছেন। এটা তাঁরা জানেন এবং জেনে শুনে তাকে চাকা দেবার জন্য খানে ঐ সমস্ত অসত্য অভিযোগ উত্থাপন করছেন।

ডাঃ মানস ভুঁইঞা মহাশয় ডাক্তারবাবুদের সমর্থন করে অনেক কথা বলে গেলেন বং তাঁদের সুবিধা, অসুবিধার কথা বললেন। আমার তাঁর কাছে বক্তব্য হচ্ছে, তিনি জে একজন ডাক্তার, অন্যান্য ডাক্তাররা যাতে একটু সেবামূলক মনোভাব গ্রহণ করেন র জন্য তাঁদের বোঝার একটা উদ্যোগ তিদি গ্রহণ করুন না। ডাক্তারদের বা নার্সদের ল ভূমিকা হচ্ছে সেবা করার, কিন্তু আমরা আজকে কি দেখছি? আমরা যখন সপাতালে যাই বা কোন ডাক্তারের কাছে যাই তখন তাকে সেবকের পরিবর্তে যমদূত লে মনে হয়। আমি নিজে কয়েক মাস ধরে হাসপাতালে ছিলাম, বর্তমানে ডাক্তারেরা গীদের প্রতি কি রকম ব্যবহার করে তা আমি জানি। যদি হাসপাতালে আমার রিচিত কোন ডাক্তার থাকে, তাহলে সে ভালভাবে আমার চিকিৎসার কোন ব্যবস্থা করে, ন্তু অপরিচিত ডাক্তার হলে সে আমাকে অবহেলার চোখে দেখে। আমি বিধান সভার দস্য হিসেবে দায়িত্ব নিয়ে বলতে পারি যে, আমার ওপরে ঐরকম আচরন করা হয়েছে। াজকে হাসপাতালে প্রতিটি রুগীর ওপর ঐরকম আচরণ করা হচ্ছে। আজকে এই বস্থার পরিবর্তন ঘটাবার জন্য ডাক্তার বাবুদেরই সবচেয়ে আগে এগিয়ে আসতে হবে। লকাতা শহরের বড় বড় ডাক্তার যাঁরা আছেন তাঁদের এই দায়িত্ব নিতে হবে, কিভাবে বা করতে হয় তা শেখাতে হবে। এই দায়িত্ব যদি তাঁরা আজকে নিতে পারেন হলেই দেশ উন্নয়নের পথে এগিয়ে যেতে পারবে। ভুঁইঞা বাবু যে অরাজক অবস্থার

কথা বললেন তা এর দ্বারা বন্ধ হবে। শুধু ডাক্তারবাবুদেরই আমি এ দায়িত্ব নি বলছি না, সেই সঙ্গে যে সমস্ত সমাজসেবা মূলক প্রতিষ্ঠানগুলি আছে এবং রাজনৈতি প্রতিষ্ঠানগুলি আছে তাদেরও এ বিষয়ে দায়িত্ব নিতে হবে এবং মানুষকে শিক্ষিত কা তুলতে হবে। দেশের মানুষের কাছে গিয়ে এবিষয়ে বক্তব্য রাখতে হবে, সবাইকে নি কাজ করতে হবে, তবেই এই সমস্ত সমস্যা দূর হবে। তা না হলে যদি আমরা যে য দলের কিছু লোককে লাগিয়ে দিই তাহলে গণ্ডগোল বাড়বেই।

তাই আমার কথা হচ্ছে, এই সমস্ত বক্তব্য রেখে লাভ নেই। সত্যিকারের যদি দেশে ভাল পথে পরিচালিত করতে হয় তাহলে সবাই মিলে অসৎ কাজ যারা করছে তাদের সমাজ-চ্যুত করে সৎ পরামর্শ যদি দিই তাহলে ভাল কাজ হবে। বেকার-সমস্যা সমাধানের জন্য আমরা নিশ্চয়ই কাজ করবো। তবে এই প্রসঙ্গে বিরোধী দলের সদস্য দের একটি কথা বলবো, বেকার সমস্যার সমাধান যদি হয়ে যায় তাহলে আজকে সমস্ত সমাজ-বিরোধী দেশে গড়ে উঠছে তারও সমাধান হয়ে যবে। এই কথা বলে- সময় না থাকার জন্য—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে এ্যাপ্রোপিয়েসান বিল এনে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীজ্যোতি বসু:** মিঃ স্পীকার স্যার, অনেকক্ষণ ধরে দুই পক্ষের বক্ত শুনলাম এবং শুনে এই সিদ্ধান্তে এসেছি, যেটুকু আজকে জবাব দেবার ছিল আমাদে এপক্ষ থেকে অনেক ক্ষেত্রেই তার জবাব দিয়ে দেওয়া হয়েছে। বিরোধী দলের তর থেকে যে সব কথা বলা হয়েছে সেটা নতুন কিছু নয়। এতদিন ধরে যে বাজে অধিবেশন চলছে এবং বিভিন্ন খাতে যে আলোচনা হয়েছে সেই সময় ওরা এই এক কথা বলেছেন এবং তার জবাব সেই সময়েতেই পেয়েছেন। তবে একটি কথা ম করিয়ে দিতে চাই, অসত্য অভিযোগ, অসত্য কথা বার বার জোর গলায় বললে সেটা সত্যে পরিণত হয় না। ঐ গোয়েবল, হিটলার যেমন করতেন, ওরাও সেটা মনে করছেন। তাঁরা অভিযোগ তুলছেন এবং দিনের পর দিন, একই জিনিষ বলে যাচ্ছেন অসত্য যেটা সেটা কি সত্য হয়ে যাবে? যদি কেউ বলেন, তদন্ত হচ্ছে, পরে আপনার জানতে পারবেন কি অবস্থা দাঁড়ালো, ওরা তবুও বলবে এইসব প্রমাণ হয়ে গেছে আর যেসব অসত্য ভাষা এখানে প্রয়োগ করছেন, চোর বলছেন, পোস্টার, প্ল্যাকার্ড ইত্যাদি নিয়ে আসছেন—এর উত্তর কি হবে জানি না এবং ওরা বোধ হয় উত্তর চান না। তবে এটা আমরা মনে করিয়ে দিই—ঐ বিরোধী দলে যারা বসে আছেন তাঁদের সঙ্গে আমাদের মূলগত পার্থক্য আছে। ওঁরা ধনতন্ত্র গড়ে তুলছেন, ওঁরা সামন্ততন্ত্রের সঙ্গে আপোষ করছেন। আমি ঐ কংগ্রেস-আই দলের কথা বলছি, এবং কেন্দ্রীয় সরকার ও কংগ্রেস-আই দ্বারা পরিচালিত অন্যান্য রাজ্যগুলি কথা বলছি। তাঁরা বলেন এক জিনিষ আর করেন আর এক জিনিষ। ওঁরা বলেন সমাজ-বাদ আনছি। ৩৪ বছর ধরে এই ধরনের পরিকল্পনায় সমাজ-বাদ হয় নাকি? দেশে বেকার বাড়ছে, জিনিষপত্রের দাম বাড়ছে, মুদ্রাস্ফীতি ঘটছে, গরীব আরোও গরীব হচ্ছে। মুষ্ঠিমেয় ধনী আরো ধনী হচ্ছে। এই জিনিষ সমাজবাদে কখনও হয় না। কিন্তু তবুও ওঁরা বলে যাচ্ছেন, রিপিট করে যাচ্ছে। এখানে একই কন্ঠস্বর শুনছি, ওঁরা কায়েমী স্বার্থের কথা বলছেন। আমরা কি বলেছি, সমস্ত গ্রামের লোকের জন্য আমরা ব্যবস্থা

রবো ? দেশের ৭০।১০০ ভাগ মানুষের জন্য ব্যবস্থা করে দেবো ? কখনও বলিনি। সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে যেটা আমরা করবো সেটা হচ্ছে, যারা নিচের তলার লোক, যারা নিপীড়িত, শোষিত তাদের দিকে লক্ষ্য রেখে এবং পিছিয়ে পড়া যারা মানুষ আছে, যারা সংখ্যালঘু তাদের দিকে নজর বিশেষভাবে দেবো। আর কায়েমী স্বার্থের দিকে ওনারা নিজেরাই নজর দিন, ওনারা নিজেরাই সেবা করুন। ওঁরা জোতদার, জমিদারের পক্ষে বলেন আর আমরা ক্ষেত-মজুর, কৃষকদের কথা বলবো। তবে আমি এইটুকু বলবো—সে জমিদার-জোতদার হতে পারে—আইনের মধ্যেই আমরা কাজ করবো। কারোও জমি জোর করে কেড়ে নেওয়া হচ্ছে না। আইনের মধ্যে যা আছে সেগুলি করার চেষ্টা করছি।

3-20—3-30 p.m.]

আমি সব সময় এটা মনে করিয়ে দিচ্ছি যে আমরা এটা না করলে এক ইঞ্চি জমি কারও হাতে থাকত না। আমরা যত রকম প্রগতিশীল আইন করতে যাব ওঁরা হাইকোর্টে গিয়ে তা ঠেকাবার চেষ্টা করবেন, সমস্ত জিনিষে এটা আমরা দেখছি। আবার শুনলাম, আর একটা জিনিষ বললেন যে পঞ্চায়েতে নির্বাচন হচ্ছে না কেন, আমি জিজ্ঞাসা করি আপনারা ১৪ বছর ধরে কেন করেন নি, এক বছর সবুর করতে পারছেন না, ১৪ বছর ধরে কেন করেন নি, ১৮ বছর ধরে পৌরসভার নির্বাচন কেন করেন নি ? আমি জিজ্ঞাসা করি যখন নির্বাচন করতে গিয়েছিলাম তখন কেন কোর্টে গিয়ে ঠেকিয়ে দিলেন, তখন কেন আপনারা বললেন, 'আমরা সেই নির্বাচন বয়কট করব ?' এর জবাব কিছু আছে ? জবাব কিছু নেই। কায়েমী স্বার্থের লোকেদের, দুনীতিগ্রস্ত লোকেদের যেসব প্রতিনিধি তাঁরা এইসব জিনিষই করবেন। সেটা আমরা জানি এবং এখানে সেই কণ্ঠস্বরই শুনতে পাচ্ছি। আমি আর একবার এটাই বলতে চাই যে পশ্চিমবঙ্গের বেশীরভাগ মানুষ সৌভাগ্যবশতঃ কে শত্রু, কে মিত্র তা চিনতে পেরেছেন। কিছু দিন আগেই তার প্রমাণ আপনারা পেয়ে গেছেন। এবার ঐসব রিগিং ফিগিং বেশী শুনছি না। পশ্চিমবঙ্গের মানুষ তাঁদের রায় দিয়েছেন, যদি আরো দেন তাহলে ভাল হয়। আমরা সংখ্যাগরিষ্ঠ ঠিকই, সাধারণ মানুষের মধ্যে এখন সমস্ত জায়গায় ওঁরা মুষ্টিমেয়। মানুষ থেকে বিচ্ছিন্ন, আমরা চাই ওরা আরও বিচ্ছিন্ন হোক, আমরা আরও বেশী করে গরীব মানুষের সহযোগিতা সমর্থন চাই এবং সেজন্য আমাদের এই লিমিটেশনের মধ্যে, এই সীমাবদ্ধতার মধ্যে আমরা কাজ করে যাব। খুব কঠিন আমাদের অবস্থা। কারণ এটা আমরা বুঝে নিয়েছি যে আই. এম. এফ. লোন নিন, যাই করুন, ইতিমধ্যে আমরা দেখছি জিনিষের দাম প্রতিনিয়ত বাড়তে আরম্ভ করেছে, ইনফ্লেশানরি প্রেসার হচ্ছে, তাও আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। আমরা আরও একটা জিনিষ দেখতে পাচ্ছি যে কতকগুলি শিল্পে রিসিসন দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকারের ঘাটতিটা আর কদিন পরেই আপনারা ভাল করে বুঝতে পারবেন এবং সেজন্যই বলছি যে আমরা খুব কঠিন অবস্থার মধ্যে যাচ্ছি। কারণ কেন্দ্রীয় সরকারের এই অবস্থা যখনই হবে, তখনই সাধারণ মানুষের উপর কর চাপবে। আমি এখানে বাস্তব ঘটনাটা বলছিলাম এবং তার মধ্যে দাঁড়িয়েই আমাদের চলতে হবে। আমাদের

বাজেটে টাকা আমরা কত খরচ করছি এবং এটাতে আমাদের কতকগুলি কর্তব্য আছে যা আমরা পালন করবার চেষ্টা করব। যাতে যেটুকু টাকা খরচ হবে, সেটুকু যেন ঠিকভাব এবং সময়মত খরচ হয়, যাতে মানুষের উপকার হয় এবং আমরা যেভাবে করতে চাইছি সেটুকুর মধ্যে একটা সীমারেখা টেনে দিয়ে কবে, কোনটা কিভাবে করব সেগুলি আমাদের দেখতে হবে এবং নজর রাখতে হবে। খুব কঠিন কথা। কেন্দ্র যেভাবে বিভিন্ন ব্যাপারের উপর বিধিনিষেধ দিয়েছেন তাতে আরও কঠিন হবে বলে আমি মনে করি। যাই হোক এই অবস্থার মধ্যেই আমরা কাজ করবার চেষ্টা করব। মানুষের সহযোগিতা, সমর্থন আমাদের প্রতি ছিল, আছে, থাকবে, এই ভরসা এই বিশ্বাস নিয়েই আমরা চলছি এবং এতেই আমাদের ৫/৬ বছর ধরে যাবতীয় রাজনৈতিক অগ্রগতি হয়েছে। পশ্চিমবঙ্গের মানুষকে দেখেই ভারতবর্ষের অন্যান্য জায়গার মানুষ, যাঁরা এখনও অনেক জায়গায় পিছিয়ে পড়ে আছেন তাঁরা শিক্ষা গ্রহণ করবেন এবং তার প্রতিফলন দেখবেন।

কংগ্রেস একটা দল, যেখানে আমরা কতকগুলি দল নিয়ে একটা রাজ্য চালাচ্ছি—কোন স্থায়ীত্ব, কোন স্থিতিশীলতা আছে? আজ যিনি মুখ্যমন্ত্রী কাল তাঁকে সিমেন্ট চোর বলে তাড়িয়ে তার জায়গায় আর একজনকে দেখা যাচ্ছে। দু বছরের মধ্যে কত যে রদবদল হয়ে গেল, এক জন বসতে না বসতেই এক একটা মন্ত্রীর দপ্তর হাত বদলাচ্ছে। এই রকম করে এ্যাডমিনিস্ট্রেশন চলে না। একটা কোন চালু সরকার থাকতে পারে না, এই সব দেখা দিচ্ছে এবং কংগ্রেসের মধ্যে আমরা তার প্রতিফলন দেখতে পাচ্ছি। রুলিং পার্টি—যেখানে ১০ বছর, ১২ বছর ১৫ বছর ধরে নিজেদের পার্টির মধ্যে নির্বাচন পর্য্যন্ত করে না, এই রকম ভীত সন্ত্রস্থ হয়ে কাজ করছেন। যাদের নিজেদের মধ্যে কোন গণতন্ত্র নেই, তাঁরা দেশের মানুষের গণতন্ত্র রক্ষা করবেন, কোন মুর্খ আছে যে এই সব কথা বিশ্বাস করবে? যাই হোক আমি আর বেশী সময় নিতে চাইছি না, আমি আবার বলছি যে খুব কঠিন অবস্থা এবং কংগ্রেসীরা আমাদের বাধা দেবে। দু-দুবার খরা হয়ে গেল, তার মধ্যেও —ওদের মধ্যে কিছু মানুষ আছেন তাঁরা পছন্দ করেন না যে কেন্দ্র আমাদের বেশী টাকা দেয় আমরা যদি তাদের কাছ থেকে চাই। আমি আজকে আনন্দিত যে সুব্রত বাবু—ওঁর একটা ক্লাব আছে আমাকে সেখানে নিয়ে গিয়েছিলেন, কোন প্রয়োজন ছিল না, আমি চিনিও না জানিও না, একটা উৎসব ওঁরা পালন করলেন, এবং প্রায় দশ হাজার টাকা তুলে দিয়েছেন, আমি গিয়েছিলাম, কিন্তু এ স্পিরিট কি থাকবে? আমি বলছি খরার জন্য অন্ততঃ এই স্পিরিট থাকার দরকার আছে। আমরা জানি যে বন্যা বর্ষার সময় মানুষকে কিভাবে আমরা বাঁচিয়েছিলাম, তখন দলমত নির্বিশেষে মানুষের সহযোগিতা ও সমর্থন আমরা পেয়েছিলাম এবং সে সময় বোম্বে থেকে অন্যান্য জায়গা থেকে মানুষ কত টাকা পাঠিয়েছিলেন, আমরা যখন এফোর্ট করছি, যখন ব্যবস্থা করছি, মানুষকে বাঁচাবার চেষ্টা করছি তখন পশ্চিমবাংলার বাইরের অনেক মানুষ আমাদের সঙ্গে সহযোগিতা করেছিলেন। অবশ্য খরা এমন একটা জিনিষ, বন্যা এমন একটা জিনিষ যেটার মানুষের দুঃখ দুর্দশা চোখে ততটা দেখা যায় না। সেই জন্য আমি আবেদন করবো অন্তত এই ব্যাপারে এক মত হবেন। যদিও অন্যান্য

রাজনৈতিক দলের মধ্যে মত-পার্থক্য আছে, এটা থাকবে আমরা জানি। তার কারণ একটা বেসিক ডিফারেন্স আছে। কিন্তু কতকগুলি বিষয় আছে সেই বিষয়গুলির জন্য সকলের এগিয়ে আসা উচিত। আমি আশা করি সেই বিষয়গুলি আমরা সকলে এক সঙ্গে করবো। সেই ব্যাপারে আমরা কেন্দ্রের কাছে যাওয়ার ব্যাপারে অন্য পক্ষের সমর্থন পাবো বলে আশা করতে পারি। আমি আশা করবো মানুষকে বাঁচাবার জন্য অন্য সকল পক্ষের সমর্থন পাবো। এই কথা বলে এই এ্যাপ্রোপিয়েশানকে যাঁরা সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation No. 2) Bill, 1982 be taken into consideration was then put and agreed o.

**Clauses 1, 2 & 3**

The question that clauses 1, 2 & 3 do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal Appropriaion (No. 2) Bill, 1982, as settled in the Assembly, be assed.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গর্ভমেণ্টের দাম্ভিক মুখ্যমন্ত্রীর কাছে আমরা যে সমস্ত অভিযোগ এখানে রেখেছিলাম তার একটার উত্তর পায় নি। আমি তাঁর কাছে এই কথা বলতে চাই যে, আপনারা তো সীমাবদ্ধ ক্ষমতার কথা বলেন। কিন্তু ১৯৫২ সালে একটা আইন হয়েছিল, সেই আইনে রাজ্যসরকারের কোন সীমাবদ্ধতা নেই। আমরা এখানে অনেক ডেফিনিট অভিযোগ করেছি। তার মধ্যে তিনটি হচ্ছে, পঞ্চায়েতে ব্যাপক আত্মসাৎ, চুরি, দুর্নীতি। আরবান ডেভলপমেণ্টে ব্যাপক আত্মসাৎ, চুরি, দুর্নীতি। কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিস্ ডেভলপমেন্ট-এর বেলডাঙ্গা সুগার মিলে ব্যপক আত্মসাৎ, চুরি, দুর্নীতি, স্বজনপোষণ। Commission of inquary act, 1952, Sec 3 (I) যদি দেখেন তাহলে দেখতে পাবেন সেখানে আছে।

The appropriate government may, if it is of opinion that it is necessary so to do, and shall, if a resolution in this behalf is passed by the House of the People or, as the case may be, the Legislative Assembly of the State, by notification in the Official Gazettee, appoint a Commission of Inquiry for the purpose of making an inquiry into any definite matter of public importance and performing such functions and within such time as may be specified in the notification, and the Commission so appointed shall make the inquiry and perform the functions accordingly. তাহলে Sir, Appropriation Bill মানে হচ্ছে the authority to presume. We make definite allegation against this Govt. that they have misused and misappropriated huge fund and as such we demand an enquiry under Sec. 3 of the Commission of Inquiry Act, 1952. Let the Chief Minister, who is the howling captain of the Govt, face such an enquiry. Let him accept the challenge and institute a Commission of Inquiry under Sec. 3 of Commission of Inquiry Act, 1952. This is my submission.

[3-30—3-40 p.m.]

এখানে সীমাবদ্ধতা নেই। এখানে অসহযোগীতার কথা বলা হয়েছে, আজকেও অনেকে বলেছেন যে কেন্দ্র অসহযোগীতা করছে। কেন্দ্র রাজ্যকে কম দিক আমরা তা চাই না। এ ক্ষেত্রে কেন্দ্রের যেমন সহযোগীতার একটা দিক আছে, তেমনি রাজ্যেরও কেন্দ্রকে সহযোগীতা করার একটা দিক আছে। কেন্দ্রীয় অসহযোগীতার ক্ষেত্রে আই এ্যাম এনটাইটেল্ড টু কোন আন্দোলনে অংশীদার হতে, উই সাপোর্ট দিস মুভ। কেন্দ্রীয় রেলমন্ত্রী অফার দিয়েছিলেন বালুরঘাটে দক্ষিণ পশ্চিমদিনাজপুরে একটা নতুন রেল লাইন করবেন বলে। Are you ready to help the ruling party, which is the biggest understanding in point of acquisition কলকাতার বুকে সার্কুলার রেল হওয়ার স্বপ্ন ছিল ডাঃ বিধান চন্দ্র রায়ের। Is the "State" Govt. ready to help the centre to materialise and implement thise two reable announcements তাঁরা এ্যাকাউন্সমেন্ট করেছেন ইচ এ্যাণ্ড every village of North Bengal will be electrlfied ? Is the Govt ready to implement rural electrification according to the announcement and pronouncement made by the Central Govt. এখানে আমরা চাইব, কেন্দ্রের এই আহ্বানে আপনাদের সহযোগীতা। সেজন্য আপনাদের কাছে আমি অনুরোধ করব, পারলে এই ব্যাপারে আপনাদের উত্তর আজকেই দেবেন, এ আশা আমি খুব সঙ্গত ভাবেই করতে পারি।

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় অধ্যক্ষমহাশয়, গত কয়েকদিন ধরে বহু অভিযোগ বিভিন্নভাবে তথ্য ভিত্তিক আমরা করেছিলাম, যার কপি আপনার কাছে সাবমিট করেছি। অন্য কেউ তা না জানলেও আপনি তা জানেন। আজ সকালে আমার দলের নেতা ক্যাটাগোরিক্যালি পয়েণ্ট-ওয়াইজ কয়েকটা অভিযোগ করেছেন। আমি আশা করেছিলাম মুখ্যমন্ত্রী তাঁর উত্তর এখানে দেবেন। আমরা জানি, উত্তর দেবার ব্যাপারে তাঁর কয়েকটা রেকর্ড করা আছে—আগে থেকে যা তৈরী করা আছে—তাহল কেন্দ্রের বিরুদ্ধে কিছু বলা। পুজোর আগে তিনি সেই রেকর্ড বাজিয়ে গেলেন আমরা বসে বসে তা শুনলাম। কিন্তু আমার কথা হচ্ছে, আমরা যে অভিযোগ এখানে এনেছিলাম, তার উত্তর পেলাম না। এটা সংসদীয় গণতন্ত্রের রীতি বিরুদ্ধ। আমরা আশা করেছিলাম তিনি উত্তর দেবেন, He is not to take part in the debate. He is the man of reply. তিনি সেকথা কোনদিনও পালন করেন নি। ওঁর চাইতে বয়সে আমি জুনিয়র, একথা সত্য, কিন্তু হাউসের মেম্বার হিসাবে এ দাবী আমি নিশ্চয় করতে পারি। কিন্তু এখানে তাঁর সে ভূমিকা কোথায়? কোন জায়গায় কি সেই ভূমিকা আমরা দেখতে পেয়েছি? আর একটা বিষয়ের উপরে বলব, যেটা খুবই গুরুত্বপূর্ণ এবং হয়ত পুনরাবৃত্তি, তা হচ্ছে আপনার দেওয়া রুলিং। রুলিং আপনি দিয়েছেন, কিন্তু তা সংবিধান সম্মত হয় নি এবং This is the first time in the history of the House, in the History of the Legislatures. যেখানে সংবিধানকে মানা হয় নি। আপনার রুলিং দেবার ক্ষমতা আছে, আপনি তা দিয়েছেন। কিন্তু রুলিং মানে পার্টিকে বাঁচাবার জন্য মূল বিষয়কে বাই-পাস করে

যা ইচ্ছা তা করবার ক্ষমতা আপনার নেই, কারণ দেশে আইন আছে, সংবিধান আছে। আর একটা কথা আপনাকে বলি, এ ব্যাপারে সর্বশেষে হাইকোর্ট খোলা আছে, বিচার সেখান থেকে পাওয়া যায়। আর একটা কথা হচ্ছে আপনি মন্ত্রীদের শিক্ষা দিন, তাঁদের ট্রেনিং দেবার ব্যবস্থা করুন। তাঁরা ডিম্যাণ্ড পর্যন্ত পেশ করতে জানেন না— যেমন জ্যোতিবাবু গতকাল করেছিলেন। একজনকে দেখলাম জ্যোতিবাবুর জায়গায় গিয়ে বসে পড়লেন। এটা খুবই অশোভন, এরকম আচরণ বিধি আগে কখনও ছিল না। আমি বারবার করে অনুরোধ জানাচ্ছি সংবিধানকে মেনে চলার চেষ্টা করুন। আপনি দলীয় সদস্যদের প্রটেকশান দিতে পারেন এই হাউসে। কিন্তু মনে রাখবেন, বাইরে হাইকোর্টে সংবিধানকেও চ্যালেঞ্জ হতে পারে। আপনি এখানে প্রসিডিংস্‌কে ভায়োলেট করেছেন আমরা দেখলাম। আপনি দলের একজন মুখপাত্র হিসাবে কাজ করার চেষ্টা করেছেন। অপরদিকে, সমস্ত অভিযোগ তো এখানে ওঠেনি, শুধু তিনটে অভিযোগ করা হয়েছে। অভিযোগ তো আমাদের সম্পর্কেও আছে। অনেক কমিশনও গঠন করেছেন এবং আমাকে যুক্ত করেছেন। আর একটা কমিশন গঠন করা হোক যে, গত ৫ বৎসর ধরে চালু আছে, এই মুহূর্তে সেগুলোকে একত্রিত করে দেবার ব্যাপারে একটা উপায় স্থির করুন এবং ওগুলোর একটা পজিশান লিখে দেওয়া হোক। আপনি জানেন সল্ট লেকে জমি বিক্রি করা হয়েছে। শতকরা ৯০ ভাগ জমি বিক্রি হচ্ছে ইনডিভিজুয়্যাল ভিত্তিতে, লক্ষ লক্ষ টাকার লেনদেন হচ্ছে সেখানে। এ ব্যাপারে একটা কমিশন করে তদন্তের ব্যবস্থা করুন। We are the opposition, we must oppose আমরা এই সমস্ত দুর্নীতির বিরুদ্ধে, ক্যাটাগোরিক্যালি এ ব্যাপারে আমরা অভিযোগ পেশ করেছি। হাসপাতালগুলির দুরবস্থার কথা আপনি জানেন। সেখানে পার্টির লোককে চাকুরী দেওয়া হয়েছে মিনিমাম টাকা নিয়ে। এই সমস্ত অভিযোগের বিচার আপনার কাছ থেকে যদি না পাই, তবে কোথায় পাব সেই বিচার। বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে আজও। এ নিয়ে বিধানসভাতে যদি সোচ্চার না হতে পারি, আবেদন করে যদি বিচার না পাই তাহলে, বাংলার মানুষ কখনও ক্ষমা করবে না কাউকে। দরিদ্র মজদুর, কৃষকদের কথা এখানে বহু শুনেছি, সংবাদপত্রে এক এক করে বহু অভিযোগ উঠেছে। সংবাদপত্র আমাদের নয়। মাননীয় কানাই বাবু একটু আগে চীৎকার করে বিহার প্রেস বিল সম্বন্ধে বললেন—ঠিক হয়েছে, আপনারা ঠিক করেছেন এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে। স্যার, এটা একটা সিরিয়াস ব্যাপার, বিহার প্রেস বিলের ব্যাপারে আমরাও কোন কোন জায়গায় কুণ্ঠা প্রকাশ করেছি, অপরদিকে সাংবাদিকদের শুনিয়ে তিনি চীৎকার করে হাউসে বলেছেন, বিহার প্রেস বিল করে ঠিক করেছেন আপনারা। বিহার প্রেস বিল ঠিকই করেছেন। আপনারা যে বিহার প্রেস বিল তৈরী করেছেন আমরা কোন কোন জায়গায় তারজন্য কুণ্ঠিত। আপনাদের দিকের মন্ত্রী বলছেন যে বিহার প্রেস ঠিকই করেছেন। এই কি গণতন্ত্র? এই যদি গণতন্ত্র হয় তাহলে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে আমরা যদি চিৎকার করি তাহলে আমরা নিজেরা কোথায় যাচ্ছি দেখতে হবে। জ্যোতি বাবু একটা ভয়ঙ্কর কথা বলেছেন বিলের উত্তরে। তিনি দেখছেন আগামী দিনে আরো খারাপ দিন আসছে এবং তিনি তারজন্য তৈরী থাকতে বলেছেন। তিনি গণতন্ত্রের কথা বলছেন।

কিন্তু এইগুলি নিজেদের বুঝতে হবে। অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে এবং একটা ভয়ংকর দিন এগিয়ে আসছে। আপনারা পার্টি ডিকটেড করবেন ঠিক কথা কিন্তু আপনারা শাক দিয়ে মাছ ঢাকতে পারবেন না। যে ভয়ঙ্কর দিন আসছে সেই ভয়ঙ্কর দিনগুলি মোকাবিলা করে গণতন্ত্রের বিরুদ্ধে শ্লোগান দিয়ে তা রক্ষা করা যাবে না। সেই ভয়ংকর দিনগুলি মোকাবিলা করবার জন্য উনি আরো সহযোগিতার হাত বাড়ান, আরো উদার হোন, সঙ্কীর্ণতার উর্দ্ধে যান, গোঁড়ামির উর্দ্ধে যান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** বিহার প্রেস বিল সম্বন্ধে যদি কিছু বলার থাকে সেটা আমি বলবো এবং বলেওছি। আমি সুব্রতবাবুকে কোন অধিকার দ্রিই নি যে আমার হয়ে বক্তব্য রাখুন। ইট ইজ কমপ্লিটলি ফলস্।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় স্পীকার স্যার, আবার আমাকে সেই একই কথা বলতে হচ্ছে। আমরা যেহেতু অভিযোগ করেছি সেগুলি সত্য এবং সেগুলি আপনাদের মানতে হবে। আর আপনারা যা বিবৃতি দেবেন সেগুলি আমাদের পছন্দ হচ্ছে না বলে অসত্য — এটা তো কোন লজিক নয়। বিরোধী দলে যারা বসে আছেন তারা সবাই সত্য বলবেন এবং এখান থেকে বারে বারে যেটা বিবৃতি দেওয়া হচ্ছে সেটা অসত্য হবে — এইভাবে বিরোধীরা ভাববেন তা তো চলতে পারে না। আপনারা বলছেন কমিশন করুন। এখানে কমিশন করার মুস্কিল আছে কিছু। ডাঃ জয়নাল আবেদিন তো কমিশনের কথায় চটে উঠলেন। উনি বললেন এইসব কমিশন করে সময় নষ্ট করা হচ্ছে আর টাকা-পয়সা নষ্ট করা হচ্ছে। এটাই ওনার প্রথম সেনটেন্স। কিন্তু সেই বিষয়ে ছেড়ে দিয়েই আমি বলছি আমি আমাদের সবচেয়ে বড় যে কমিশন তার কাছে কিছুদিন আগে গিয়েছিলাম অর্থাৎ ২।৪ মাস আগে। তারা তো বলেছেন। এখানে প্রত্যেকটি অভিযোগই আপনারা করবেন দুর্নীতির বিষয়ে বা অন্য কোন বিষয়ে এবং এ বিষয়ে আপনাদের পছন্দ কিছু না হলেই একটা কমিশন করতে বলছেন, এটা কখনো হতে পারে না। আপনাদের মুখ্যমন্ত্রীরা চুরি করছেন, এখানে ওখানে বিভিন্ন জায়গায় কংগ্রেসীরা চুরি করছেন সেটার সবই কি কমিশন হয়ে যাচ্ছে ? যারা দুর্নীতিতে নিমজ্জিত থেকেছেন গত ৩৪ বছর ধরে তাদের আরো একটু শুনতে হবে। কারণ তারা দুর্নীতির কথা বলেন অথচ এই বিষয়ে কেন শুনবেন না তাদের কান দিয়ে একটু শুনতে হবে। তবে আমরা দুর্নীতির ব্যাপারে ভালো করে জানি না এবং ওঁদের কাছে আমাদের শিখতে হবে কারণ শত্রুর কাছেও তো শিখতে হয়। এইটা আমরা শিখেছি। আমাদের রাজনীতির জীবন। আপনারা যা অভিযোগ করেছেন আমি তার উত্তর দিয়েছি। একটা কমিটি হয়েছিল তার রিপোর্ট পাওয়া গেছে। তাতে কি হয়েছে না হয়েছে সবই তো বলে দেওয়া হয়েছে। তার পরে আবার কমিশনের প্রশ্ন আসে কি করে ? এখানে তো সিদ্ধান্ত নেওয়া হয়নি। কানাইবাবু যেটা বলেছেন সেটা কমিশনের ব্যাপার নয়। সেটা একটা সামান্য ব্যাপার — একটা টেকনিক্যাল এ্যাপয়েণ্ট করা হয়েছিল। অথচ এই একই কথা দুবার তিনবার করে বলতে হচ্ছে। আপনারা বলছেন কমিশন হবে না কেন ? আমরা যদি আপনাদের বিরুদ্ধে অর্থাৎ কংগ্রেসের বিরূদ্ধে কমিশন করি তাহলে সেই কমিশন অনন্তকাল ধরে চলবে বলে আমার মনে হয়। তখন

কজনই বা বেঁচে থাকবেন সেটা আমার জানা নেই। সুতরাং সেই সব কথা বলে লাভ নেই। আপনারা যে দুর্নীতিগ্রস্ত এটা শুধু পশ্চিমবঙ্গের মানুষই না সারা ভারতবর্ষের মানুষও জানে। এটা নতুন কিছু নয়। যাইহোক এই ব্যাপারে বাক-বিতণ্ডা করছি না। কিন্তু আরেকবার আমি বলছি যে এইভাবে কখনো হতে পারে না। আপনাদের অভিযোগ থাকলে আপনারা জনগণের কাছে যাবেন। জনগণ আমাদের বক্তব্য শুনবে, তারা দেখবে। আমাদের বক্তব্য যদি না বুঝতে পারে আমরা জনগণকে চেষ্টা করবো বোঝাতে। কিন্তু আপনারা তা কখনো করেননি। আমি বাজেটের সময়ে বলেছি পঞ্চায়েতের ব্যাপারে আমরা ব্যবস্থা নিয়েছি। সেখানে ২৫, ৩০, ৫০টার মধ্যে যে দুর্নীতি হয়ে থাকে আমরা সেইসব লোকদের তাড়াবার ব্যবস্থা নিয়েছি এবং তাদের তাড়িয়েছি। কিন্তু আপনারা কংগ্রেসীরা যারা দুর্নীতিগ্রস্ত তাদের তো তাড়াননি তো বটেই উপরন্তু তারা কংগ্রেসের লিডার হয়েছেন। এবং দুর্ভাগ্যবশতঃ তারাই আবার নির্বাচিত হয়ে এসেছেন। এই জিনিষ আমরা দেখতে পাই। সুতরাং এই জিনিষ কখনোই চলতে পারে না। এই কথা বলে ও'রা যা বলেছেন আমি তাঁর বিরোধিতা করছি।

[3-40—3-48 p.m.] ,

The motion ofShri Jyoti Basu that the West Bengal Appropriation (No. 2) Bill, 1982, as settled in the Assembly, be passed, was then put and a Division taken with the following result :

AYES—108

Abdur Razzak Molla, Shri
Abul Hasnat Khan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bauri, Shri Madan
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjce, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhuri, Shri Biswanath
Chowdhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Debsaran
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan

Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sankar
Hazra, Shri Haran
Hira, Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Maity, Shri Bankim Behari
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhal
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Nath, Shri Monoranjan
Nezamuddin Md., Shri
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Sudhir
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinhg, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Uraon, Shri Punai

NOES—19

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Ghosh, Shri Asok
Mahata, Shri Subhas Chandra
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata

| | |
|---|---|
| Ray, Shri Phani Bhusan | Shaikh Imajuddin, Shri |
| Ray, Shri Sukumar | ABSTENTIONS—1 |
| Sha, Shri Ganga Prosad | Sarkar, Shri Debaprasad |

the Ayes being 108, and the Noes 19, the motion was carried.

**Tenth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker:** I beg to present the Tenth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the following programme of business and allocation of Time Order for 4th October and 5th October, 1982 :

Monday, 4-10-82—(i) (a) The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1982 (Introduction) ;

(b) Discussion on the Statutory Resolution, notice of which was given by Shri Kashinath Misra ;

(c) The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and posts) (Amendment) Bill, 1982 (Consideration and Passing) 1½ hours.

(ii) The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing) 1 hour.

Tuesday, 5-10-82— (a) The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution, notice of which was given by Shri Kashinath Misra ;

(c) The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 (Consideration and Passing)—1½ hours.

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** কার্য উপদেষ্টা সমিতির দশম অধিবেশনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য সদস্যদের অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** আশাকরি সকলেই এটা গ্রহণ করেছেন।

Now, I have got a ruling to read out.

Four Notices of motion under Rule 185 have been received from four different members. The first motion is from Shri Suniti Chattaraj, M.L.A. regarding disapproval of misappropriation of huge amount of money indirectly

by Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Local Self-Government and Urban Development and Metropolitan Development Department. The second is from Shri Atish Chandra Sinha, M.L.A., which disapproves of corruption practised by the same Minister in misappropriating a huge sum of money. The third is from is Shri Abdul Mannan, M.L.A. pressing for a commission to be appointed to enquire into and report about the alleged misappropriation of huge amount of money by the Minister and the fourth is from Shri Abdul Rauf Ansari, M.L.A., disapproving of corruption of Rs. 3 crores by the same Minister.

It appears from the language of the motion that it is a censure against an individual minister. In the Procedure Rules in this Legislature there is no provision for such a motion. Rule 199 provides for motion of no-confidence but it can be moved against the Council of Ministers but not against an individual Minister.

But in Lok Sabha a practice has grown to move censure motion against the Council of Ministers or an individual Minister. The Rules guiding such a motion are the same which guide the motion under rule 185. Following Lok Sabha, such censure motions had also been admitted in this legislature previously. So, there is no bar in admitting such motion if they conform to the relevant rules. But in the present case none of the motions which are more or less identical, mentions about the time when the misappropriation took place and it is therefore, not certain whether the matter is of recent occurrence. All the motions thus hit rule 187(iv). Besides, the word "indirectly" in the first notice and the word "alleged" in the third notice prove that the motions are not specific.

It may be pointed out here that the issue was raised in the House by Sri Satya Ranjan Bapuli, M.L.A., on 20.9.1982 and the minister made a personal explanation in this regard on the floor of the House on 21.9,1982. Though it can not be said that a full-fledged discussion was held on the subject, some light was thrown in course of such raising of charges and giving explanation. Though not directly, the motion, therefore hits Rule 187(vi).

All the motions may, therefore, be disallowed on the above grounds.

আমার একটা এ্যানাউন্সমেণ্ট আছে। আজকে হাউস এ্যাডজোর্ণড হয়ে যাচ্ছে, আবার ৪ তারিখে হাউস বসবে ১টার সময়। এর মধ্যে আমি কমনওয়েল্থ কনফারেন্সে আপনাদের প্রতিনিধি হয়ে যাচ্ছি, আমি সম্ভবতঃ ২ তারিখে এখান থেকে যাত্রা করব। সম্ভবতঃ হাউসে শেষ পর্যন্ত থাকতে পারছি না। আপনারা যে সাহায্য করেছেন এই হাউস পরিচালনা করার জন্য তারজন্য আন্তরিক ধন্যবাদ দিয়ে আপনাদের কাছ থেকে বিদায় নিচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কয়েকদিন থাকবেন না, তা সত্বেও আপনার যাত্রা শুভ হোক এই ইচ্ছা জানাচ্ছি। অনেক বিতর্ক হয়েছে,

অনেক ধৈর্য ধরে আপনি আমাদের বিতর্ক শুনেছেন, তারজন্য আমাদের দলের পক্ষ থেকে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার, স্যার, আপনার যাত্রা শুভ হোক আমাদের প্রতিনিধি হিসাবে আপনি যাচ্ছেন। এই রকম একটা সঙ্কটময় মুহূর্তে আপনার কাছে যে ইণ্ডালজেন্স পেয়েছি তারজন্য আমার দলের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার যাত্রা সফল হবে এবং ফিরে এসে আপনি হাউস কনক্লুড করবেন, আমরা অধিকতর উদারতা আপনার কাছে লাভ করব এটা আশা করি।

## Adjournment

The House was then adjourned at 3-48 p.m. till 1 p.m. on Monday, the 4th October, 1982, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 4th October 1982 at 1 p.m.

### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 9 Ministers, 9 Ministers of State and 123 Members.

### Starred Questions

( To which oral answers were given )

[1-00—1-10 p.m.]

**বহরমপুরে জেলা গ্রন্থাগার বন্ধ**

*৩৪৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৮। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ শিক্ষা ( সামাজিক অ-প্রথাগত এবং গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে অবস্থিত জেলা গ্রন্থাগারটি এক বৎসর যাবত বন্ধ হয়ে আছে ; এবং

(খ) সত্য হ'লে, উক্ত গ্রন্থাগারটি খোলার আশু সম্ভাবনা আছে কি ?

**শ্রীমতী ছায়া বেরা** ঃ না, সাময়িক ভাবে ১।৫।৮২ থেকে ৩১।৮।৮২ পর্যন্ত বই দেওয়া নেওয়া বন্ধ ছিল।

(খ) গত ১।৯।৮২ তারিখ হতে গ্রন্থাগারটি পুরোপুরি চালু হয়েছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ মাননীয় মহোদয়া জানাবেন কি যে ঐ গ্রন্থাগার সম্পর্কে আপনি যে রিপোর্ট পেয়েছেন, সেই রিপোর্ট সত্য নয় ?

**শ্রীমতী ছায়া বেরা** ঃ আমি যা জানি সেটা হচ্ছে, ১।৯।৮২ তারিখ হতে গ্রন্থাগারটি পুরোপুরি ভাবে চালু হয়েছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া জানেন কি যে, যেখানে লাইব্রেরীটি আছে, সেখান থেকে লাইব্রেরীটা অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাবার পরিকল্পনা আছে ?

**শ্রীমতী ছায়া বেরা** ঃ গ্রন্থাগারটি যেহেতু জীর্ণদশা হয়েছে এবং পি. ডবলিউ. ডি যে রিপোর্ট দিয়েছে তাতে ওখানে বিপদজনক বলা হয়েছে। সে জন্য চেষ্টা করা হচ্ছে, হয় বাড়ীভাড়া করে, না হয় অন্য কোন জায়গা গ্রন্থাগারটি নির্মাণ করার জন্য খোঁজা হচ্ছে।

## আবগারী বিভাগের কর্মচারীর সংখ্যা

*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩১।) **শ্রীকৃপাসিন্ধু সাহা :** আবগারী বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলায় আবগারী বিভাগের বিভিন্ন অফিসে মোট কতজন কর্মচারী বর্তমানে কাজ করছেন ?

**শ্রীবিমলানন্দ মুখার্জি :** ২৭৮৭ (দুই হাজার সাতশত সাতাশি) জন।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কর্মচারী সংখ্যা ২৭৮৭। এই সংখ্যা বহু দিন ধরে চলে আসছে। কিন্তু বর্তমানে যে পরিমাণ কাজ বেড়েছে, তার পরিপ্রেক্ষিতে কোন নতুন লোক নেবার চেষ্টা করছেন কিনা এবং কোন পদ খালি আছে কিনা, আর তার সংখ্যা কত ?

**শ্রীবিমলানন্দ মুখার্জি :** 'ক' শ্রেণীর অনুমোদিত সংখ্যা ১৯৩, প্রকৃত সংখ্যা ১৭৫, শূণ্য পদ সংখ্যা ১৮। খ ও গ শ্রেণীর অনুমোদিত সংখ্যা ২৯৪৭ প্রকৃত সংখ্যা ২৫৬৭ শূণ্য পদ সংখ্যা ৩৮০, ঘ শ্রেণী ও নৈমিত্তিক অনুমোদিত কর্মচারী সংখ্যা ৪৯ প্রকৃত সংখ্যা ৪৫ শূণ্য পদ সংখ্যা ৪। এগুলি পূরণের জন্য পি. এস. সি. পরীক্ষা গ্রহণ করেছে। শীঘ্রই এই পদগুলি পূরণ করা হবে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** এই শূণ্য পদগুলি কবে নাগাদ পূরণ করা হবে ?

**শ্রীবিমলানন্দ মুখার্জি :** যতশীঘ্র সম্ভব পূরণ করা হবে। আশা করছি তিন মাসের মধ্যেই পূরণ করা হবে।

**ডঃ জয়নাল আবেদিন :** এই শূণ্য পদগুলি পি. এস. সি. থেকে পূরণ করা হবে কিম্বা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে পূরণ করা হবে ? আমি জানি অন্য রেজিমে অনেকের মেডিক্যাল ভেরিফিকেসন, পুলিশ ভেরিফিকেসন হওয়া সত্ত্বেও আবগারী লোক নিয়োগ বন্ধ করে দিয়েছে ?

**শ্রীবিমলানন্দ মুখার্জি :** বন্ধ করা হয় যাদের ভেরিফিকেসন হয়ে গেছে তাদের মধ্যে থেকে এই কয়েকদিন আগেই প্রথমে ৫ পরে আরও দু জনকে নিয়োগ করা হয়েছে।

**ডঃ জয়নাল আবেদিন :** আপনি কি জানেন ২৬ এ্যাপয়েমণ্টমেণ্ট 26 appointments look held up by the left front Govt. in the past five years.

**শ্রীবিমলানন্দ মুখার্জি :** এই যে সংখ্যাটা বলছেন এটা হায়ার সার্ভিসের ব্যাপারে।

**ডঃ জয়নাল আবেদিন :** নীচের সার্ভিসের কথা বলবেন কি ?

**শ্রীবিমলানন্দ মুখার্জী :** সেটা এখন বলতে পারবো না, নোটিশ চাই।

## "এনিমি প্রপারটি" সংক্রান্ত স্কীমের রূপায়ণ

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২০০৬।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) কেন্দ্রীয় সরকারের "এনিমি প্রপারটি" সংক্রান্ত স্কীমের রূপায়ণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কোন ভূমিকা আছে কি না;

(খ) থাকলে--

(১) এ বিষয়ে কত দরখাস্ত জমা পড়েছে, ও

(২) কতজন ক্ষতিপূরণ পেয়েছেন; এবং

(গ) বর্তমানে দরখাস্ত করার কোন সুযোগ আছে কি না ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** ক) কেন্দ্রীয় সরকারের "এনিমি প্রপারটি" সংক্রান্ত স্কীমের রূপায়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কোন ভূমিকা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্তমানে দরখাস্ত করার কোন সুযোগ আছে কি না তা জানা নেই।

**শ্রীনীহার বোস ঃ** পশ্চিমবঙ্গ সরকার এনিমী প্রর্পাটিজ এ্যাক্ট-এর একটা দপ্তর খোলবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যোগাযোগ করেছিলেন। এখন কি অবস্থায় আছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছুই জানতে পারি নি।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই এনিমি প্রর্পারটি নিয়ে অনেক সমস্যা আছে। পশ্চিমবাংলায় এই সমস্যা আছে কিনা ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আমি তো আগেই বলেছি যে এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ার, তারাই এটা পরিচালনা করেন। পশ্চিমবঙ্গ সরকারের এখানে কোন ভূমিকা নেই। আমরা এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছি। কিন্তু এর কোন মীমাংসাই এখনও পর্যন্ত ওঁরা করেন নি।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** রাজ্য সরকারের মাধ্যমে কোন দরখাস্ত কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছে কি না ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** কে কোথা থেকে কেন্দ্রীয় সরকারের কাছে দরখাস্ত করেছে তা আমার জানা নেই। তবে আমাদের কাছে কোন দরখাস্ত এলে আমরা সেটা কেন্দ্রীয় সরকারের কাছে ফরোয়ার্ড করে দিই।

## ইংরাজীর মাধ্যমে শিক্ষাদানরত প্রতিষ্ঠান সম্পর্কে সরকারী সিদ্ধান্ত

*৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯২।) **শ্রীমহবুবুল হক্ ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থশ্রেণী পর্যন্ত পর্যায়ে ইংরাজী ভাষা পঠনপাঠন তুলে দেওয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বর্তমানে প্রচলিত ইংরাজীর মাধ্যমে শিক্ষাদানরত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির বিষয়ে সরকারের সিদ্ধান্ত কি ; এবং

(খ) বেসরকারী মিশনারী ইংরাজী-মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানগুলির সম্বন্ধে সরকারের মতামত কি?

[1-10—1-20 p.m.]

**শ্রীমহম্মদ আব্দুল বারি ঃ** (ক) ও (খ) সরকার গৃহীত নীতি ও সিদ্ধান্ত সমূহ সরকার অনুমোদিত ও সাহায্যপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু অননুমোদিত ইংরাজী মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠান বা বেসরকারী ইংরাজী মাধ্যম মিশনারী স্কুলগুলিতে উপরোক্ত নীতি ও সিদ্ধান্ত সমূহ চালু করিবার কোন সিদ্ধান্ত সরকার এখনও গ্রহণ করেন নাই বা অনুরূপ কোন প্রশ্ন সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** এটা কি জানেন সরকারী নির্দেশ থাকা সত্বেও বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ইংরাজী পড়ানো হচ্ছে ?

**শ্রীমহম্মদ আব্দুল বারি :** আমার যতদূর জানা আছে তাতে কোথাও এই ধরণের ইংরাজী পড়ানো হয় না। কেন না, নতুন ভাবে যে পাঠ্যক্রম চালু করা হয়েছে তাতে সেই রকম কোন সময় নির্ধারিত নেই।

## নেপাল ও ভুটান থেকে বে-আইনী মাদকদ্রব্য আমদানী

*৩৫৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১১৯৬। ) **শ্রীমনোহর তিরকি :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮১-৮২ সালে ভুটান ও নেপাল থেকে মদ, গাঁজা, আফিম, চরস ইত্যাদি দ্রব্যের বে-আইনী আমদানীর অভিযোগে কতগুলো মামলা দায়ের করা হয়েছে ; এবং

(খ) ঐ সকল মামলা সংশ্লিষ্ট (১) আটক করা দ্রব্যাদির মূল্য কত টাকা, এবং (২) কতজনের সাজা হয়েছে ?

**শ্রীবিমলানন্দ মুখার্জী :** (ক) ২৭৪টি।

(খ) ৯,২১,১০০ টাকা।

(১)

(২) ২২ জন।

( নো সাপ্লিমেণ্টারি )

## ২৪-পরগণায় সরকার অনুমোদিত গ্রন্থাগার

*৩৫৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩২৩। ) **শ্রীসরল দেব :** শিক্ষা ( সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ২৪-পরগণা জেলায় সরকারী অনুমোদনপ্রাপ্ত গ্রন্থাগারের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত গ্রন্থাগার অনুমোদনের ক্ষেত্রে বিধানসভার সদস্যদের সুপারিশ করার কোন অধিকার আছে কি না ?

**শ্রীমতী ছায়া বেরা :** (ক) ৩৫৬টি।

(খ) জেলা অ্যাডভাইসারী কাউন্সিল অফ সোস্যাল এডুকেশনের মধ্যে ৬ জন বিধানসভা সদস্য আছেন। সকল বিধানসভা সদস্য গ্রন্থাগার অনুমোদনের সুপারিশ করতে পারেন তবে সেটা জেলা অ্যাডভাইসারী কাউন্সিল অফ সোস্যাল এডুকেশন উক্ত সুপারিশ বিবেচনা করে যথারীতি ব্যবস্থা নেবার অধিকারী।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** আমরা একটি সরকারী নির্দেশ অর্ডার পেয়েছিলাম যে বিধানসভার সদস্যরা সুপারিশ করতে পারবেন অনুমোদনের ব্যাপারে। কিন্তু অত্যন্ত নগ্নভাবে সেই সব সুপারিশ নস্যাৎ করা হয়েছে, এটা কি আপনি জানেন ?

**শ্রীমতী ছায়া বেরা :** না, সেই রকম কোন খবর আমার কাছে নেই।

**শ্রীসুব্রত মুখার্জী :** আপনি যে সংখ্যাটি উল্লেখ করলেন তার মধ্যে সুকান্ত গ্রন্থাগারটি কি যুক্ত আছে ?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** এই প্রশ্নের উত্তর জানতে হলে আপনাকে নোটিশ দিতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিধানসভার সদস্যদের কাউন্সিলে যে নিয়েছেন তার ক্রাইটেরিয়া কি, — সব সি. পি. এম. হতে হবে, না বিরোধী দলের সদস্য হলেও, হবে ?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** এর সঙ্গে এই প্রশ্নের কোন সঙ্গতি নেই।

## প্রাথমিক স্কুলে বৎসরে তিনটি পরীক্ষা না হওয়া

*৩৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পূর্বে প্রাথমিক স্কুলে বৎসরে তিনটি পরীক্ষা নেবার প্রথা চালু ছিল ;

(খ) সত্য হ'লে, এই প্রথা তুলে দেবার সিদ্ধান্তটি সরকারীভাবে নেওয়া হয়েছে কি ; এবং

(গ) নেওয়া হয়ে থাকলে, উক্ত সিদ্ধান্তের নির্দেশনামা বিভিন্ন স্কুলবোর্ড ও ডি. আই. অফিসে পাঠানো হয়েছে কি ?

**শ্রীমহম্মদ আব্দুল বারি ঃ** (ক) এক বা একাধিক পরীক্ষা নেবার প্রথা চালু ছিল।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাঝখানে আপনারা ঘোষণা করেছিলেন কন্টিনিউয়াস এ্যাসেসমেন্ট পদ্ধতি প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে চালু করবেন। এই নির্দেশ কি দেওয়া হয়েছে ?

**শ্রীমহম্মদ আব্দুল বারি ঃ** হ্যাঁ, নির্দেশ দেওয়া হয়েছে।

## Non-utilisation of Central Grant meant for helping brilliant students.

*358. ( Admitted question No. *677. ) **Shri Subrata Mukherjee** : Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) if it is a fact that during the year 1981-82 the State Government could not utilise an amount of rupees seventeen crores granted by the Central Government for the purpose of helping the under privileged brilliant students ;

(b) if so, the reasons thereof, and

(c) whether the amount returned to the Central Government ?

**Shri Kanti Chandra Biswas** : (a) Not known to us.

(b) Does not arise.

(c) Does not arise.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তাহলে মন্ত্রী মহাশয় কি বলতে চান যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা এসেছিল সবটাই অনুন্নত সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ, স্টাইপেণ্ড, বাবদ ব্যয় হয়েছে ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** সুব্রতবাবু যে প্রশ্ন করেছিলেন, তা হচ্ছে।

Will the Minister-in-charge of the Education ( Primary & Secondary ) Deptt. be pleased to state (a) if it is a fact that during the year 1981-82 the State Government could not utilise an amount of Rupees seventeen crores granted by the Central Government for the purpose of helping the under privileged brilliant students ;

১৭ কোটি টাকা আণ্ডার প্রিভিলেজড্ ব্রিলিয়েণ্ট ছাত্র ছাত্রীদের ষ্টাইপেণ্ড, স্কলারশিপের জন্য টাকা দেওয়া হয়েছে কি ? আমি বলেছি এই বাবদে কোন টাকা দেওয়া হয় নি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** উনি প্রশ্নটা বাইপাশ করে গেছেন। আমার কোশ্চেনের যে সাব কোশ্চেন, সেটাকে উনি ব্যাখ্যা করে বলেছেন। যদি আমি প্রশ্ন করি, উনি ক্যাটিগরীক্যালী আণ্ডার প্রিভিলেজড বলতে কি অনুন্নত সম্প্রদায়কে মিন করেন না? যদি তাই হয় তাহলে তিনি সেইভাবে উত্তর দিন।

**মিঃ স্পীকার ঃ** দ্যাট ডাজ নট বি এ্যালাউড।

## ২৪-পরগণা জেলায় নূতন ফ্রি প্রাইমারী স্কুল

*৩৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *৮৬৩। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে ২৪-পরগণা জেলায় কতগুলি নূতন ফ্রি প্রাইমারী স্কুল স্যাংশান করিবার পরিকল্পনা সরকারের আছে ;

(খ) অর্গানাইজিং টীচারদের নূতন স্কুল-এ শিক্ষক হিসাবে নিয়োগ করার পরিকল্পনা আছে কি ; এবং

(গ) থাকিলে, তাহা কি ভিত্তিতে হইবে ?

**শ্রী মহঃ আব্দুল বারি ঃ** এটার জন্য টাইমের প্রয়োজন। কোয়েশ্চেনের উত্তর এখন আসেনি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমার প্রশ্নটা অত্যন্ত ছোট প্রশ্ন। তারপর আপনি তো বলেন হেল্ড ওভার, আপনার কাছে ইনফরমেশন দেওয়া হয়নি। মিনিষ্টার নিজে এই কথা বলছেন—টাইম চাইছেন। মিনিষ্টার নিজে কি টাইম চাইতে পারেন ? ইজ দিস দি প্রসিডিওর অফ দি হাউস ?

**মিঃ স্পীকার ঃ** করসপনডেনস্ ঠিকমত হয়নি। নেগোসিয়েসনে কিছু অসুবিধা হয়েছে সেজন্য খবর পাই নি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** কতগুলো চিরাচরিত রীতি আছে। সেইগুলো বর্তমানে মানা হচ্ছে না। প্রথম যখন আপনি এলেন, এসে খুব লাইট ওয়েতে হাউসে মেনসেন করলেন যে আপনার বিদেশে যাওয়ার যে প্রোগ্রাম তা আপনি ক্যানসেল করেছেন। তাহলে আপনার দায়িত্ব হচ্ছে সেটা আগে হাউস কে জানানো যে আপনি এই কারণে

বর্তমানে বিদেশে যেতে পারলেন না। কারণ আপনি হাউসকে জানিয়েছিলেন যে আপনি বিদেশে যাচ্ছেন। ফর্মালি আমরাও আপনাকে কনগ্রাচুলেট করেছিলাম।

**মিঃ স্পীকার ঃ** আমি অসুস্থ হয়ে পড়লাম, সেজন্য বর্তমানে যাওয়া বন্ধ করতে হোল।

## প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষকদের তিন কিস্তি মহার্ঘ ভাতা

*৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭১।) **শ্রীশশাঙ্ক শেখর মণ্ডলঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকারী আদেশ বাহির না হওয়ার জন্য সরকার ঘোষিত মহার্ঘ্য ভাতার ত কিস্তি হইতে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীরা বঞ্চিত হইতেছেন ;

(খ) সত্য হইলে, উক্ত আদেশ বাহির না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ উক্ত আদেশ বাহির হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না। (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীশশাংক শেখর মণ্ডল ঃ** তাহলে মন্ত্রী মহাশয় কি উত্তর দেবেন দয়া করে যে এই মহার্ঘভাতা অন্যান্য সরকারী কর্মচারীরা সব পেয়ে গেছে কিন্তু প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের যেসব অশিক্ষক কর্মচারী আছেন, তাঁরা আজ পর্য্যন্ত কোন ভাতা পাননি, ইহা কি ঠিক নয় ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আপনি যে প্রশ্ন করেছিলেন, এই বাবদে সরকার পক্ষ কি করেছেন ? আমরা ইতিমধ্যে সরকারী নির্দেশ জারী করেছি তিন কিস্তি মহার্ঘভাতা দেবার জন্য।

[1-20—1-30 p.m.]

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** তিন কিস্তি মহার্ঘভাতা দেবার জন্য! হয়ত কোন কোন জেলায় এই টাকা পৌঁছাতে বিলম্ব হতে পারে কিন্তু আমাদের পক্ষ থেকে যে কাজ প্রাথমিকভাবে করা দরকার সেটা আমরা করছি। যদি বিলম্ব হয়েও থাকে অবিলম্বে তারা পেয়ে যাবেন এটা স্বাভাবিকভাবে আশা করা যেতে পারে।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** পূজার আগে এই গরিব শিক্ষক কর্মচারীরা টাকা পেয়ে যাবেন এই আশ্বাস মাননীয় মন্ত্রীমহাশয় দিতে পারেন কি ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** শিক্ষকরা গরিব কি বড়লোক আমি জানি না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** তারা বড়লোক নয় এটা তো জানেন ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** সব শিক্ষক গরীব কি বড়লোক আমি জানি না, তবে শিক্ষকরা যাতে পান সেটা দেখার চেষ্টা করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এটা কোন দলের ব্যাপার নয়। মাননীয় মন্ত্রীমহাশয় ক্যাটাগরিক্যালি বলতে পারেন কি পূজার আগে তাদের দেওয়া হবেই ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** টাকা আমরা স্যাংসান করেছি, পাবেন কি পাবেন না এখনই আমি বলতে পারছি না।

**শ্রীদেবশরণ ঘোষ :** যে সমস্ত জেলায় এখনও দেওয়া হয়নি সেই জেলাগুলির নাম মাননীয় মন্ত্রীমহাশয় জানাতে পারেন কি ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** টাকার অনুমোদন দেওয়া হয়েছে। আপনাদের প্রশ্ন শুনে বুঝতে পারছি সব জেলায় এটা ঠিকভাবে পৌঁছায় নি। আমি আজকেই খোঁজ নেবার চেষ্টা করছি কোথায় অসুবিধা হয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** নদীয়া জেলার শিক্ষকদের ব্যাপারে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছিল। তারা পাবেন কিনা মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** আমি দেখছি।

**ডাঃ সুকুমার রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রথম কিস্তিতে কত টাকা দ্বিতীয় এবং তৃতীয় কিস্তিতে কত করে টাকা দেওয়া হবে ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** নোটিশ চাই।

## Research degree holder teachers in Schools

*362. (Admitted question No. *1150.) **Dr. Kiran Choudhury** : Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) whether the Government is aware that a number of school teachers after acquiring research degree like Ph.D. has been still continuing to serve the schools ; and

(b) if so, whether the Government considers the desirability of paying such teachers an incentive allowance or some additional increments within the scale of pay ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** (ক) হ্যাঁ। এরকম কয়েকজন শিক্ষক আছেন শুনেছি।

(খ) আপাততঃ নেই।

## উর্দু এ্যাকাডেমি

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৭।) **শ্রীঅনিল মুখার্জী :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার কোন্ সময়ে 'উর্দু অ্যাকাডেমি' স্থাপন করেছেন;

(খ) উর্দু ভাষা ও সাহিত্য উন্নয়নের জন্য সরকার কি কোন পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণের জন্য আর্থিক সাহায্যের পরিমাণ কত ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** (ক) ১৯৭৮ সালের এপ্রিল মাসে,

(খ) উর্দু এ্যাকাডেমী এ বিষয়ে পরিকল্পনা করছেন;

(গ) ১৯৮২-৮৩ সালের বাজেটে ৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

## পর পর দুই বৎসর অকৃতকার্য ছাত্রছাত্রীদের স্কুল পরিত্যাগের নির্দেশ

*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮১।) শ্রীনীহারকুমার বসু : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শিক্ষা বিভাগ থেকে নির্দেশ জারি করা হয়েছে যে মাধ্যমিক স্তরে একই শ্রেণীতে পর পর ২ বৎসর অকৃতকার্য হলে ছাত্রছাত্রীদের বিদ্যালয় পরিত্যাগ করতে হবে; এবং

(খ) সত্য হলে, এই নির্দেশের কারণ কি ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## বিদ্যালয়ে উন্নয়ন ফি আদায়

*৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৭।) শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যালয় উন্নয়ন ফি (ডেভেলপমেণ্ট ফি) গ্রহণ করা কি সরকারী নীতিবিরুদ্ধ ?

(খ) 'ক'-এর উত্তর হ্যাঁ হলে, উক্ত উন্নয়ন ফি (ডেভেলপমেণ্ট ফি) আদায়ের জন্য জলপাইগুড়ি জেলার ম্যাকউইলিয়াম হায়ার সেকেণ্ডারী বিদ্যালয়ের কর্তৃপক্ষের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইতেছে ?

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(No supplementary)

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন এই মন্ত্রীমহাশয়ের আজ কতগুলি প্রশ্ন হেল্ড ওভার হল। আমার বিশেষ অনুরোধ আপনি এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করুন।

**মিঃ স্পীকার :** আমি যা বুঝেছি তাতে দেখছি গত সপ্তাহে কিছু ছুটি গেছে এবং গত ২৮ তারিখ অর্থাৎ ছুটির আগের দিন ২৮টি প্রশ্ন তাঁর কাছে গেছে এবং যার ফলে তিনি ঠিকমত সাজাতে পারেননি। তবে মন্ত্রীমহাশয়কে আমি একটা কথা স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমি দেখছি কতগুলি প্রশ্ন এ্যাসেম্বলীতে এসেছে অথচ আপনার কাছে কোন ফাইল নেই। আমি মনে করি এটা খুবই খারাপ জিনিস। যাহোক, আপনাকে অনুরোধ করছি আজকে যেগুলি হেল্ড ওভার করলেন এর উত্তর যত তাড়াতাড়ি সম্ভব আপনি দেবার চেষ্টা করবেন। আমি জানি সব প্রশ্নের উত্তর হয়ত নির্ধারিত দিনে সবসময় দেওয়া যায়না, কিন্তু আমাকে যদি ৩ দিন আগে জানিয়ে দেন তাহলে আমরা সেগুলো আর ছাপাবনা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় স্পীকার মহাশয়, এই হেল্ড ওভারের ব্যাপার নিয়ে আমি আপনাকে ইতিপূর্বে দুবার অনুরোধ করেছি এবং আপনিও মন্ত্রীদের দুবার অনুরোধ করেছেন। কিন্তু মন্ত্রীরা যখন আপনার কথা শুনছেননা তখন আপনি তাঁদের

বরখাস্ত করতে পারেন না, তাড়িয়ে দিতে পারেন না ? যাঁরা আপনার কথা শুনছেন না তাঁদের রাখছেন কেন ?

**মিঃ স্পীকার ঃ** সেই ক্ষমতা আমার নেই। এই ব্যাপারে আপনারা নো কনফিডেন্স মোসন আনতে পারেন।

## পুরুলিয়া জেলায় হায়ার সেকেণ্ডারী স্কুল

*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১২।) **শ্রীনটবর বাগদী ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পুরুলিয়া জেলার নেতুড়িয়া থানা এলাকায় হায়ার সেকেণ্ডারী স্কুলের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় কোন বালিকা হায়ার সেকেণ্ডারী স্কুল আছে কি না; এবং

(গ) উক্ত স্থানে নুতন কোন স্কুল করার পরিকল্পনা আছে কিনা ?

[1-30—1-40 p.m.]

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** (ক) ১ (এক) একটি।

(খ) আছে। ৪ (চার) টি।

(গ) আপাততঃ নেই।

**ডাঃ সুকুমার রায় ঃ** এটা কোন জায়গায় হয়েছে বলবেন কি ?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ** কোন্ জায়গায় হয়েছে, তা এখনই বলতে পারছি না।

**ডাঃ সুকুমার রায় ঃ** মন্ত্রী মহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বললেন যে, নেতুড়িয়া থানায় চারটি স্কুল আছে, তা ঐ চারটি স্কুল কোন্ কোন্ জায়গায় আছে ?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ** জায়গার নাম জানতে হলে আলাদা নোটিশ দিতে হবে।

## ছাত্র-ছাত্রী বৃদ্ধিহেতু অতিরিক্ত বিদ্যালয় গৃহ নির্মাণের পরিকল্পনা

*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৭।) **শ্রীনিতাই চরণ আদক ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকারের বর্তমান শিক্ষানীতির ফলে প্রতি স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়ে যাওয়ায় অতিরিক্ত ঘর তৈয়ারী করার জন্য প্রতি স্কুলকে সরকারী অনুদান দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে,

(১) উক্ত টাকার পরিমাণ কি হইবে ; এবং

(২) কতদিনের মধ্যে ঐ টাকা দেওয়া যাইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বিত্তালয় পরিচালনা কমিটিতে পঞ্চায়েত প্রতিনিধি ও পৌর প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা

*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪০।) **শ্রীগৌর চন্দ্র কুণ্ডু :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গ্রামাঞ্চল ও শহরাঞ্চলে বিদ্যালয় পরিচালনা কমিটিতে যথাক্রমে পঞ্চায়েত প্রতিনিধি ও পৌর প্রতিনিধি নেওয়ার নিয়ম চালু আছে কি?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস :** মাধ্যমিক বিদ্যালয় পরিচালন সংক্রান্ত বর্তমান আইন অনুযায়ী গ্রামাঞ্চলের পঞ্চায়েত এলাকায় অবস্থিত বিদ্যালয়ে পরিচালন সমিতিতে একজন স্থানীয় পঞ্চায়েত সমিতির মনোনীত সদস্য থাকবেন।

শহরাঞ্চলে বিদ্যালয় পরিচালন সমিতিতে পৃথকভাবে স্থানীয় পৌর প্রতিনিধি নেওয়ার কোন সুযোগ নেই।

**শ্রীদেবশরণ ঘোষ :** পঞ্চায়েত সমিতির মনোনীত সদস্য থাকিবে, না পঞ্চায়েত সমিতির প্রধানের মনোনীত সদস্য থাকবে?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস :** যাকে মনোনীত করা হবে তাকে পঞ্চায়েত সমিতির সদস্য হতে হবে এরকম কিছু নেই, পঞ্চায়েত সমিতির এলাকার মধ্যে বসবাস করে এরকম যে কোন লোককেই পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে মনোনীত করা যেতে পারে।

**শ্রীদেবশরণ ঘোষ :** সে পঞ্চায়েত সমিতির সকল সদস্যর দ্বারা মনোনীত হবে, না শুধুমাত্র চেয়ারম্যানের দ্বারা মনোনীত হবে?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস :** পঞ্চায়েত সমিতির দ্বারা মনোনীত হতে হবে।

**ডাঃ মোতাহার হোসেন :** আপনি বলছেন যে, পঞ্চায়েত সমিতির সভার মাধ্যমে মনোনয়ন দেওয়া হবে, কিন্তু আমরা দেখছি সেভাবে কোথাও কাউকে মনোনীত করা হচ্ছে না। আপনি এ সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীকান্তি বিশ্বাস :** মাননীয় সদস্য যা বলছেন সেরকম কোন খবর আমার কাছে নেই। তবে মাননীয় সদস্যরা যদি জানান তাহলে আমি অনুসন্ধান করে দেখব।

## Collection of funds for cultural purposes in Islampur Girls' High School

*379. (Admitted question No. *2113.) **Shri Chowdhury Md. Abdul Karim :** Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Department be pleased to state —

(a) whether the Government have any information about the collection of funds for cultural purposes from the students of Islampur Girls' High School of West Dinajpur in spite of objections raised by the guardians ; and

(b) if so, the steps taken by the Government in this regard ?

**Shri Kanti Chandra Biswas :** (a) No.

(b) Does not arise.

### আদিবাসী ভাষার ( অল চিকি ) স্বীকৃতি

*৩৮২। ( অনুমোদিত প্রশ্ন নং *২১৯১। ) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার আদিবাসী ভাষার ( অল চিকি ) স্বীকৃতি দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, আদিবাসী ভাষা প্রাথমিক স্তরে চালু করার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক স্তরে সাঁওতালী ভাষায় অলচিকি হরফে শিক্ষাদানে, শিক্ষকদের অভ্যস্ত করার জন্য একটি "টিচার্স গাইড বুক" প্রকাশ করা হয়েছে এবং কিছু সংখ্যক শিক্ষককে ওরিয়েণ্টেশন ট্রেনিং" দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া "অলচিকি" হরফে একটি প্রাথমিক শিক্ষার পুস্তক প্রকাশ করবার কাজ হাতে নেওয়া হয়েছে।

### Revision of Code of Regulations for European (now Anglo-Indian) Schools

*384. (Admitted question No, *2271.) **Shri Neil Aloysius O' Brien :** Will the Minister-in-charge of thc Education (Primary and Secondary) Department be pleased to state —

(a) whether the Government plans to revise the Code of Rcgulations for European (now Anglo-Indian) Schools in Bengal (now West Bengal) 1929-1935 ; and

(b) if so, when the revised code is expected to be ready ?

**Shri Kanti Chandra Biswas :** (a) Yes.

(b) Steps are being taken to revise the Regulations as early as possible keeping in view the provisions of the Indian Constitution and the opinion of various founder bodies.

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রকোপ

৪৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের সর্বত্র ম্যালেরিয়া ও কোথাও কোথাও কালাজ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে ; এবং

(খ) সত্য হইলে, ম্যালেরিয়া ও কালাজ্বরে জানুয়ারী, ১৯৮১ হইতে জুলাই, ১৯৮২ পর্যন্ত মৃত্যুর সংখ্যা ও আক্রান্তের সংখ্যা কত ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। রাজ্যে ম্যালেরিয়ার এবং কোন কোন জেলায় কালাজ্বর রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে, তবে কোন কোন জেলায় কালাজ্বর রোগের প্রকোপ অপেক্ষাকৃত ভাবে কমেছে।

**(খ) (১)** ম্যালেরিয়ায় মৃত্যুর সংখ্যা ঃ জানুয়ারী, ১৯৮১ হইতে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট ১০ জন। ( যতদূর সম্ভব প্রাপ্ত রিপোর্ট ভিত্তিক সংখ্যা )

ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ঃ জানুয়ারী, ১৯৮১ হইতে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট ৪১,৮৪৬ জন। ( যতদূর সম্ভব প্রাপ্ত রিপোর্টভিত্তিক সংখ্যা )

(২) কালাজ্বরে মৃত্যুর সংখ্যা ঃ জানুয়ারী, ১৯৮১ হইতে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট ৫ জন।

কালাজ্বরে আক্রান্তের সংখ্যা ঃ জানুয়ারী, ১৯৮১ হইতে জুলাই, ১৯৮২ পর্যন্ত মোট ১,৫৫০ জন।

## মেডিকেল কাউন্সিল অব ইণ্ডিয়া কর্তৃক মেডিকেল কলেজের স্বীকৃতি প্রত্যাহার

৪৪। ( অনুমোদিত প্রশ্ন নং ২৪। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদশ অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেডিকেল কাউন্সিল অব ইণ্ডিয়া রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজের স্বীকৃতি প্রত্যাহার করে নিয়ে পত্র দিয়েছেন ; এবং

(খ) সত্য হলে, কলকাতা মেডিকেল কলেজ ও আর জি কর মেডিকেল কলেজের স্বীকৃতিও কি প্রত্যাহৃত হচ্ছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) ও (খ) না।

## শস্যবীমা প্রকল্প

৪৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৭। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে 'শস্যবীমা প্রকল্প' কোন্ কোন্ জেলায় ও কয়টি ব্লকে চালু হয়েছে ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** পশ্চিমবঙ্গে 'শস্যবীমা প্রকল্প' সব জেলাতেই চালু হইয়াছে। তবে ইহা ব্লক ভিত্তিক চালু হয় নাই। আমন, আউশ ও বোরো ধানের শস্যবীমা থানা ভিত্তিক এবং আলুর শস্যবীমা মহকুমাভিত্তিক চালু হইয়াছে। জেলা ভিত্তিক কোন্ কোন্ থানা এবং মহকুমায় এই চারিটি শস্যবীমা চালু করা হইয়াছে তাহার বিবরণ দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. 45 (Admitted question No. 47)

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| দার্জিলিং | শিলিগুড়ি, ফাঁসিদেওয়া, খরিবাড়ি। | খরিবাড়ি | ... | ... |

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| জলপাইগুড়ি... | জলপাইগুড়ি,<br>মাল,<br>মেটিয়ালি,<br>ময়নাগুড়ি,<br>ধুপগুড়ি,<br>আলিপুরদুয়ার<br>কালচিনি। | রায়গঞ্জ,<br>জলপাইগুড়ি,<br>মেটিয়ালি,<br>ময়নাগুড়ি,<br>ফালাকাটা,<br>আলিপুরদুয়ার,<br>কুমারগ্রাম। | | সদর |
| কুচবিহার... | হলদিবাড়ি,<br>মেখলিগঞ্জ,<br>মাথাভাঙ্গা,<br>কুচবিহার,<br>তুফানগঞ্জ,<br>দিনহাটা। | হলদিবাড়ি,<br>কুচবিহার,<br>তুফানগঞ্জ | | মেখলিগঞ্জ,<br>সদর,<br>তুফানগঞ্জ। |
| পশ্চিম দিনাজপুর | করণদিঘী,<br>হেমতাবাদ,<br>বংশীহারি,<br>গঙ্গারামপুর,<br>কুমারগঞ্জ<br>তপন,<br>বালুরঘাট। | ইসলামপুর,<br>করণদিঘী,<br>রায়গঞ্জ,<br>হেমতাবাদ,<br>কালীগঞ্জ,<br>কুশমুণ্ডি,<br>ইটাহার,<br>বংশীহারি,<br>গঙ্গারামপুর,<br>তপন,<br>বালুরঘাট। | | ইসলামপুর,<br>রায়গঞ্জ,<br>সদর। |
| মালদহ ... | হরিশ্চন্দ্রপুর,<br>খারবা,<br>রতুয়া,<br>বামনগোলা,<br>হবিবপুর,<br>মালদহ। | খারবা,<br>গাজোল,<br>বামনগোলা<br>হবিবপুর<br>মালদহ,<br>ইংরেজবাজার। | হরিশ্চন্দ্রপুর,<br>রতুয়া,<br>হবিবপুর<br>মালদহ,<br>গাজোল,<br>চাঁচোল। | ... |
| মুর্শিদাবাদ ... | রঘুনাথগঞ্জ,<br>সাগরদিঘী,<br>নওগ্রাম,<br>খারগ্রাম,<br>বারওয়ান,<br>কান্দি,<br>ভরতপুর। | সাগরদিঘী,<br>লালগোলা,<br>ভগবানগোলা<br>মর্শিদাবাদ,<br>বেলডাঙ্গা,<br>নওদা। | ... | জঙ্গীপুর,<br>লালবাগ,<br>কান্দি,<br>সদর। |

| জেলার নাম | আমন ধান | আউস ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| নদীয়া ... | নাকাশিপাড়া, ছাপড়া, রাণাঘাট, চাকদহ। | করিমপুর, নাকাশিপাড়া, রাণাঘাট, চাকদহ, হরিণঘাটা। | কৃষ্ণনগর, শান্তিপুর, হাঁসখালি, রাণাঘাট, চাকদহ, হরিণঘাটা। | ... |
| চব্বিশ-পরগণা | গাইঘাটা, হাবড়া, দেগঙ্গা, ক্যানিং, কাকদ্বীপ, স্বরূপনগর, বাদুড়িয়া, বসিরহাট, হারোয়া, হাসনাবাদ, সন্দেশখালি। | বনগাঁ, গাইঘাটা, হাবড়া, বারাসাত, আমডাঙ্গা বসিরহাট হারোয়া। | বনগাঁ, গাইঘাটা, হাবড়া, দেগঙ্গা, স্বরূপনগর। | ... |
| হাওড়া ... | জগৎবল্লভপুর আমতা, বরিষা, শ্যামপুর। | ... | ... | উলুবেড়িয়া। |
| হুগলী ... | গোঘাট, আরামবাগ, ধনিয়াখালি, পাণ্ডুয়া, বলাগড়, চুঁচুড়া, পোলবা, সিঙ্গুর, ভদ্রেশ্বর, জঙ্গীপুর। | গোখাট, পাণ্ডুয়া। | গোঘাট, আরামবাগ, খানাকুল। | আরামবাগ, সদর, চন্দননগর, শ্রীরামপুর। |
| বর্ধমান ... | রাঁকসা, আউশগ্রাম, গলসী, খণ্ডঘোষ, রায়না, মেমারী, ভাতার, মঙ্গলকোট, কাটোয়া, মন্তেশ্বর, কালনা। | মেমারী, কালনা। | কাটোয়া, মন্তেশ্বর। | সদর, কাটোয়া, কালনা। |

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| বীরভূম ... | মুরারাই, নলহাটি, রামপুরহাট ময়ূরেশ্বর, রাজনগর, খয়রাসোল, দুবরাজপুর, সাঁইথিয়া, বোলপুর, লাভপুর। | ... | লাভপুর। | রামপুরহাট, সদর। |
| বাঁকুড়া ... | সালতোড়া, গঙ্গাজলঘাটি, ছাতনা, বাঁকুড়া, ওন্দা, ইঁদপুর, সোনামুখী, পাত্রসায়র, জয়পুর, ইন্দা। | ... | ... | সদর, বিষ্ণুপুর। |
| মেদিনীপুর ... | ঝাড়গ্রাম, গোপীবল্লভপুর সাঁকরাইল, নয়াগ্রাম, সাবং, পিংলা, ডেবরা, শালবনি, ঘাটাল, দাসপুর, পাশকুড়া মহিষাদল, সুতাহাটা, পটাশপুর, খেজুরি। | ... | সাবং, পিংলা, ডেবরা, ঘাটাল, দাসপুর, পাঁশকুড়া, ময়না, তমলুক, পটাশপুর। | সদর, ঘাটাল, তমলুক, কাঁথি। |
| পুরুলিয়া ... | ঝালদা, জয়পুর, আরশা, বাগমুণ্ডি, সাঁওতালডি, হুড়া, পুঞ্চা, মানবাজার, বানডুয়ানি, গোরাহাড়ি। | | | |

## গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯। **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্নীতির অভিযোগে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার মহকুমা শাসকরা বহু গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে থানায় এজাহার দিয়েছেন; এবং

(খ) সত্য হলে, এইরূপ কতগুলি গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে থানায় এজাহার দেওয়া হয়েছে ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) হ্যাঁ, বিভিন্ন জেলার মহকুমা শাসকরা মোট বারটি গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে থানায় এজাহার দিয়েছেন।

## সিনেমা হল বৃদ্ধির পরিকল্পনা

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য এবং পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে সিনেমা হল বৃদ্ধির কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা;

(খ) কতগুলি সিনেমা হল জুলাই, ১৯৮২ পর্যন্ত লাইসেন্স পাওয়া সত্বেও চালু হয় নাই (জেলাওয়ারী হিসাব);

(গ) বন্ধ সিনেমা হলগুলি খোলার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(ঘ) সিনেমা হলগুলি থেকে বছরে কি পরিমাণ রাজস্ব আদায় হয়ে থাকে;

(ঙ) ১৯৭৭ জুলাই মাস থেকে ১৯৮২ জুলাই মাস পর্যন্ত বাংলা ফিল্ম তৈরীর জন্য কতজন প্রোডিউসার কি পরিমাণ অর্থ সাবসিডি (ভরতুকি) অনুদান এবং ঋণ হিসাবে দেওয়া হয়েছে; এবং

(চ) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২ সালের জুলাই পর্যন্ত সময়ে রাজ্য সরকার কতগুলি চলচ্চিত্র নির্মাণ (প্রোডিউস) করেছেন ?

**তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) জুলাই, ১৯৮২ পর্যন্ত পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় মোট নয়টি (৯) সিনেমা হল লাইসেন্স পাওয়া সত্বেও চালু হয় নাই। এ ব্যাপারে জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল।

(গ) সংশ্লিষ্ট জেলাশাসক আলাপ-আলোচনার মাধ্যমে বন্ধ সিনেমা হল খোলার চেষ্টা চালাচ্ছেন।

(ঘ) গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ আর্থিক বছরে সিনেমা হলগুলি থেকে সরকারের যথাক্রমে ১৭.১২ কোটি ও ১৯.০০ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে। বর্তমান আর্থিক বছরে অর্থাৎ ১৯৮২-৮৩তে এ বাবদ আনুমানিক ২২ কোটি টাকা রাজস্ব আদায় হবে বলে আশা করা হচ্ছে।

(ঙ) গত ৫ বছরে বাংলা ফিল্ম তৈরীর জন্য ৪৪ জন প্রযোজককে মোট ৩৪ লক্ষ টাকা (প্রায়) দেওয়া হয়েছে এবং ২৪ জন প্রযোজককে ৩৩'৩০ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে।

(চ) গত ৫ বছরে সরকার কর্তৃক প্রযোজিত চলচ্চিত্রের সংখ্যা হল ঃ

তথ্যচিত্র—৬৩

সংবাদচিত্র—৪৬

কাহিনীচিত্র ও শিশুচিত্র—১৮

Statement referred in reply to clause 'kha' of unstarred Question No. 47

(Admitted Question No. 193)

| Name of the district | Number of Cinema Halls permanent/ temporary | | Cinema Licence issued but no-operation | Number of closed Cinema Halls permanent/ temporary | |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | | 3 | 4 | |
| | (a) | (b) | | (a) | (b) |
| (1) Cooch Behar ... | | 10 | ... | ... | ... |
| (2) Jalpaiguri ... | | 25 | ... | 2 | |
| (3) Nadia ... | | 34 | ... | 7 | |
| (4) Murshidabad ... | 12 | ... | ... | 1 | |
| (5) Hooghly ... | 43 | 7 | ... | ... | 9 |
| (6) Malda ... | 5 | 8 | ... | ... | ... |
| (7) Howrah ... | 43 | 6 | ... | 4 | |
| (8) Purulia ... | 8 | 6 | ... | 1 | |
| (9) Birbhum ... | 7 | 23 | ... | 1 | |
| (10) Burdwan ... | | 50 | ... | 3 | |
| (11) West Dinajpur | | 20 | ... | 1 | |
| (12) Bankura ... | | 25 | 3 | 4 | |
| (13) Darjeeling ... | 9 | 7 | 2 | ... | . |
| (14) 24-Parganas ... | 114 | ... | . . | 2 | ... |
| (15) Calcutta | 79 | ... | ... | 3 | ... |
| (16) Midnapore | 19 | 68 | 4 | 3 | . . |
| | 339 | 285 | 9 | 32 | 9 |

## পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭-৮২ সময়কালের মধ্যে পাবলিক সার্ভিস কমিশন কতজন ডাক্তারকে চাকরী দেবার জন্য রাজ্য সরকারের কাছে নাম দিয়েছেন ;

(খ) তন্মধ্যে কতজনকে সরকার নিয়োগ করেছেন ; এবং

(গ) নিয়োগের পর কতজন কাজে যোগদান করেন নি অথবা যোগদানের পর কাজ ছেড়ে দিয়েছেন ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এখন পর্যন্ত ২,৮৮০ জন।

(খ) ইতিমধ্যেই ২,৪৪২ জনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে এবং বাকীদের শীঘ্র দেওয়া হচ্ছে।

(গ) যথাক্রমে ১,১৯৩ এবং ৬০ জন।

## কুমারী নার্সদের নিরাপত্তার ব্যবস্থা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৯।) **শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের সমস্ত সরকারী হাসপাতালের কুমারী নার্সদের জন্য রাজ্য সরকার পৃথক বাসস্থান ও নিরাপত্তার ব্যবস্থার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কোন্ কোন্ জেলায় ?

**স্বাস্থ্য ওপরিবার কল্যাণবিভাগের মন্ত্রিমহোদয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) সকল জেলায়।

## বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে দেয় সরকারী অর্থের পরিমাণ

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** স্থানীয় প্রশাসন ও নগরউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি অনুষ্ঠিত মিউনিসিপ্যাল নির্বাচনের পর থেকে রাজ্যের মিউনিসিপ্যালিটিগুলোকে এ যাবৎ কি কি বাবদে কত টাকা সরকার থেকে দেওয়া হয়েছে (মিউনিসিপ্যালিটিগুলোর নাম, কোন খাতে কত টাকা ইত্যাদি সহ) ;

(খ) যে কয়টি মিউনিসিপ্যালিটির নির্বাচন এখনও অনুষ্ঠিত হয়নি সেগুলোর নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) নতুনভাবে অন্য কোথাও মিউনিসিপ্যালিটি গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) গত পৌর নির্বাচনের পর হইতে গত আগস্ট, ১৯৮২ পর্যন্ত পৌরসভাগুলিকে বিভিন্ন খাতে সরকার যে আর্থিক সাহায্য করেছেন তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) সঠিক তারিখ এখনও নির্ধারণ করা হয়নি, তবে যত শীঘ্র সম্ভব নির্বাচন করার জন্য প্রস্তুতি চলছে।

(গ) হ্যাঁ। নিম্নলিখিত স্থানে পৌরসভা গঠন করবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে —

| প্রস্তাবিত পৌরসভার নাম | | জেলা |
|---|---|---|
| ১। ভাবগ্রাম | ... | জলপাইগুড়ি |
| ২। মাল | ... | জলপাইগুড়ি |
| ৩। কালিয়াগঞ্জ | ... | পশ্চিম দিনাজপুর |
| ৪। মারনাই | ... | পশ্চিম দিনাজপুর |
| ৫। গুসকরা | ... | বর্ধমান |
| ৬। মেমারি | ... | বর্ধমান |
| ৭। ক্যানিং | ... | ২৪-পরগণা |
| ৮। জামুরিয়া | ... | বর্ধমান |
| ৯। পাঁশকুড়া | .. | মেদিনীপুর |
| ১০। রানাঘাট কুপার্স ক্যাম্প | ... | নদীয়া |

## মুখ্যমন্ত্রীর জন্য বিভিন্ন খাতে অর্থ ব্যয়

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৪২০।) **শ্রীসত্য রঞ্জন বাপুলী:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুখ্যমন্ত্রীর জন্য ১৯৮১ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে —

(১) বিমান ভাড়া;

(২) গাড়ীর জন্য ব্যবহৃত পেট্রোলের দাম;

(৩) অতিথি আপ্যায়ন; এবং

(৪) সিকিউরিটির বাবদ ব্যয়ের পরিমাণ কত ছিল?

**অর্থ বিভাগের মন্ত্রীমহাশয়:** (১) ৩২১ ১ টাকা।

(২) ১২,৫৮৩ টাকা ৬০ পয়সা।

(৩) ২,২০,২০৮ টাকা ১০ পয়সা।

(৪) তথ্য সংগ্রহ করা হইতেছে।

## দুর্গাপুরে বন্ধ ছোট কারখানা

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২১।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি:** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৮ হইতে ১৯৮২ মার্চ পর্যন্ত দুর্গাপুরে কতগুলি ছোট কারখানা বন্ধ হয়েছে;

(খ) উক্ত কারখানাগুলিতে কত লোক কাজে নিযুক্ত ছিল; এবং

(গ) (১) বিদ্যুতের জন্য কতগুলি কারখানা বন্ধ হয়েছে; ও

(২) শ্রমিক বিরোধের জন্য কতগুলি বন্ধ হয়েছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৭টি। ( এদের মধ্যে ৩টি কারখানা পুনরায় খুলেছে, কিন্তু ৪টি চিরস্থায়ীভাবে বন্ধ হয়েছে। )

(খ) ৪৩৩ জন। ( ৩টি কারখানা পুনরায় খোলার জন্য ২৫৯ জন শ্রমিক কাজ ফিরে পেয়েছেন। )

(গ) (১) একটিও না।

(২) ৩টি। ( এর জন্য ৯৯ জন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন। )

## কাঁথি ২নং ব্লকের অধিবাসীর গৃহে অগ্নিসংযোগ ও লুঠতরাজের ঘটনা

৫৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৫০২। ) **শ্রীশিশির অধিকারী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সাম্প্রতিককালে মেদিনীপুরের কাঁথি ২নং ব্লকের দক্ষিণ আমতলিয়ার দুই জন অধিবাসী শ্রীকিশোরী দিণ্ডা ও শ্রীশ্রীমন্ত পালের বাড়ীতে অগ্নিসংযোগ ও লুটতরাজের কোন সংবাদ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত ঘটনাদ্বয়ের প্রতিটিতে —

(১) গ্রেপ্তারের সংখ্যা কত ; ও

(২) কতজন ব্যক্তির বিরুদ্ধে কেস দায়ের করা হইয়াছে ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) প্রথম ঘটনাতে ৪ জনকে এবং দ্বিতীয় ঘটনাতে ৯ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(২) প্রথমটিতে ৩৪ জন এবং দ্বিতীয়টিতে ৫০ জনের বিরুদ্ধে কেস দায়ের করা হইয়াছে।

## কাঁথির ২নং ব্লকের জনৈক শ্রীনিখিল দাসের বাড়ীতে লুঠতরাজের ঘটনা

৫৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৫০৫। ) **শ্রীশিশির অধিকারী ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সাম্প্রতিককালে কাঁথি ২নং ব্লকের অধীন পূর্বমহম্মদপুরের জনৈক শ্রীনিখিল দাসের বাড়ীতে প্রকাশ্য দিবালোকে লুঠতরাজ করার কোন সংবাদ সরকারের নিকট আছে কি ;

(খ) থাকিলে, এ ব্যাপারে কোন মামলা দায়ের করা হয়েছে কিনা ;

(গ) উক্ত ঘটনায় কতজন জড়িত আছে বলে সন্দেহ করা হয়েছে ; এবং

(ঘ) তন্মধ্যে কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮০ সালের মে মাসে অনুরূপ একটি ঘটনার সংবাদ সরকারের নিকট আছে।

(খ) মামলা দায়ের করা হইয়াছে।

(গ) ৪০ জন।

(ঘ) ৮ জনকে।

## প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীর সংখ্যা

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৫।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** শিক্ষ (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যের প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র ছাত্রীর সংখ্যা কত ছিল ; এবং

(খ) ঐ সময়ের মধ্যে কতজন ছাত্রছাত্রীকে পুস্তক ও পোশাক সরবরাহ কর হইয়াছে ?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) ১৯৮২ সালে মার্চ পর্যন্ত রাজ্যের প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীর সংখ্যা এখনই জানানো সম্ভব নয়। তবে ৩১শে অক্টোবর ১৯৮১ তারিখ পর্যন্ত ছাত্রছাত্রীর সংখ্যা ছিল মোট ৬৬,৮৩,০০০।

(খ) ১৯৮১-৮২ সালে বরাদ্দ টাকায় মোট ১০,৭৭,০০০ জন ছাত্রছাত্রীর পোশাক পাওয়ার কথা এবং মোট ১,৮৭,০৭,১৪১ খানি পুস্তক জুলাই মাস পর্যন্ত বিলি করা হয়েছে।

## কমিউনিটি হেলথ ভলান্টিয়ারে নিযুক্ত কর্মচারীদের স্থায়ীকরণ

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৬।) **শ্রীসরল দেবঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কমিউনিটি হেল্থ ভলান্টিয়ার হিসাবে নিযুক্ত কর্মচারীদের স্থায়ীকরণের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে কিভাবে তা কার্য্যকরী হবে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) গ্রামীণ জনস্বাস্থ্য রক্ষা স্বেচ্ছাসেবী (কমিউনিটি হেল্থ ভলান্টিয়ার) হিসাবে কর্মরত স্বেচ্ছাসেবীদের স্থায়ী ভাবে নিযুক্ত করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের নাই। প্রকল্পটি কেন্দ্রীয় অর্থে পুষ্ট ও কেন্দ্রীয় আইন অনুযায়ী কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত। কেন্দ্রীয় কর্মসূচী অনুসারেই এইসব স্বেচ্ছাসেবীদের মনোনীত করে নিজ নিজ গ্রামে জনস্বাস্থ্য রক্ষা ও পরিবারকল্যাণের কাজ করতে বলা হয়েছে। রাজ্য সরকারের এই বিষয়ে বিশেষ কিছু করার নাই। ভবিষ্যতে এই সব স্বেচ্ছাসেবীদের কখনও কোনভাবে স্থায়ী করা হবে কিনা এ সম্পর্কে সদুত্তর শুধু কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। কেন্দ্রীয় সরকারের বর্তমান ঘোষিত নীতি অনুযায়ী এইসব সেচ্ছাসেবীদের নিজ নিজ কাজের পাশাপাশি দিনে ২।৩ ঘণ্টা স্বেচ্ছাসেবী হিসাবেই গ্রামের মানুষের স্বাস্থ্যরক্ষার কাজ করবেন। তাদের সরকারী কর্মচারী হিসাবে নিযুক্ত করার কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্নই ওঠে না।

## সরকারী পদপ্রাপ্ত প্রাক্তন মন্ত্রী

৫৭। (অনুমোদিতপ্রশ্ন নং ৬২০) **শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বামফ্রন্ট সরকারের প্রাক্তন মন্ত্রিদ্বয়, শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য ও ডঃ অশোক মিত্র মহাশয়, বর্তমানে কোন সরকারী/আধা-সরকারী পদে আসীন আছেন কি ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে —

(১) কে কোন পদে, ও

(২) কবে হইতে উক্ত পদগুলিতে নিযুক্ত আছেন ?

**স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয়** (ক) হ্যাঁ। তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের ১১ই আগস্ট ১৯৮২ তারিখের নোটিফিকেশন নং ১৮১২২-আই সি এ ( ফিল্ম ) বলে শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য ওয়েস্ট বেঙ্গল কলার ফিল্ম অ্যান্ড সাউন্ড ল্যাবরেটরী করপোরেশন লিমিটেড-এর চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন। স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের ২০ই সেপ্টেম্বর, ১৯৮২ তারিখের রেজলিউশন নং ৭৯৭ পি এ আর এ আর )-এর বলে ডঃ অশোক মিত্রকে চেয়ারম্যান করে একটি প্রশাসনিক সংস্কার কমিটি গঠন করা হয়েছে।

(খ) (১) শ্রীভট্টাচার্য ১৯৮২ সালের ১৮ই আগস্ট উক্ত পদে যোগ দিয়েছেন।

(২) ডঃ মিত্র উপরোক্ত ২০ই সেপ্টেম্বর, ১৯৮২ তারিখের রেজলিউশন বলে নবগঠিত প্রশাসনিক সংস্কার কমিটির চেয়ারম্যান পদে নিযুক্ত আছেন।

### Vacant posts of Judicial Officers

58. (Admitted Question No. 636.) **Shri Samar Mukherjee**: Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) The number of vacant posts of Judicial Cfficers (Munsif/Judicial Magistrates) in the State as on 1st September 1982 ;

(b) Whether any effective steps are being taken by the Government to fill up such vacancies from among the leadings lawyers ;

(c) Whether the Government has any information about the appointment of a Bangladeshi as a Munsif in the Malda District Court ; and

(d) If the answer to (c) be in affirmative, what action has been taken by the Government in this regard ?

**Minister-in-charge of Judicial Department**: (a) 49.

(b) Yes. (c) No.

(d) Does not arise.

### বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগে অধ্যাপক নিয়োগ

৫৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮১। ) **শ্রীকাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে মেডিসিন, গায়নেকোলজি ও অবস্টেট্রিক্স, প্যাথোলজি, ফোরেনসিক ও স্টেট মেডিসিন, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি এবং ফিজিওলজি বিভাগের কোন অধ্যাপক নাই ;

(খ) সত্য হইলে, কতদিন যাবত উক্ত বিভাগগুলিতে অধ্যাপক নাই ;

*(গ) (১) উক্ত বিভাগগুলিতে অধ্যাপক নিয়োগ করার ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত নিয়েছেন কি ; ও*

*(২) কত দিনের মধ্যে নিয়োগ করা সম্ভব হবে ?*

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আংশিক সত্য। গায়নেকোলজি ও অবস্টেট্রিক্‌স্‌, প্যাথোলজি ও বায়োকেমিস্ট্রি বিভাগে অধ্যাপক আছে। বাকী বিভাগগুলির অধ্যাপক নাই।

(খ) (১) মেডিসিন বিভাগ—প্রায় তিন মাস

(২) ফরেনসিক ও স্টেট মেডিসিন বিভাগ—প্রায় তিন বৎসর

(৩) অ্যানাটমি—প্রায় ছয় বৎসর

(৪) ফিজিওলজি—প্রায় তিন বৎসর।

(গ) (১) মেডিসিন এবং ফরেনসিক ও স্টেট মেডিসিন বিভাগে অধ্যাপকের শূন্য পদ পূরণ করার জন্য পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। অ্যানাটমি ও ফিজিওলজি বিভাগের বর্তমান সহযোগী অধ্যাপকগণ ( অ্যাসোসিয়েট প্রফেসর ) ইতিপূর্বেই অধ্যাপক পদে উন্নীত হওয়ার যোগ্যতা অর্জন করায় এই পদ পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে বিজ্ঞাপন দেওয়া হয় নাই।

(২) পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন মনোনীত প্রার্থী পাওয়া গেলেই মেডিসিন এবং ফরেনসিক ও স্টেট মেডিসিন বিভাগে অধ্যাপক নিয়োগ করা সম্ভব হবে।

অ্যাকাডেমিক প্যানেল প্রকাশের ব্যাপারে কলকাতা হাইকোর্টের যে নিষেধাজ্ঞা এতকাল ছিল তা সম্প্রতি অপসারিত হওয়ায় অ্যানাটমি ও ফিজিওলজি বিভাগের উপরোক্ত সহযোগী অধ্যাপকদের উক্ত বিভাগগুলিতেই অধ্যাপক পদে অনতিবিলম্বে নিয়োগ করা সম্ভবপর হবে।

## রামকৃষ্ণ মিশন পরিচালিত সংস্থাগুলির ব্যয়ভার

৬০। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮২। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা সংস্থাগুলির প্রাপ্য টাকা আজ পর্যন্ত সম্পূর্ণভাবে মেটান হয় নাই ;

(খ) সত্য হইলে, উক্ত শিক্ষা সংস্থাগুলিকে আর্থিক সাহায্য যথাসময়ে না দেওয়ার কারণ কি ;

(গ) উক্ত মিশন পরিচালিত কতগুলি শিক্ষা সংস্থাকে সরকারের ব্যয়ভার বহন করিতে হয় ; এবং

(ঘ) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ ( আংশিক ) বাবদ উক্ত সংস্থাগুলিকে অনুদান বাবদ এবং অন্যান্য সাহায্য বাবদ কত টাকা দেওয়া হইয়াছে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে ছয়টি—

(১) রামকৃষ্ণ মিশন আবাসিক কলেজ, নরেন্দ্রপুর, ২৪-পরগণা;

(২) রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শতবার্ষিকী কলেজ, রহড়া, ২৪-পরগণা;

(৩) রামকৃষ্ণ মিশন শিক্ষণ মন্দির, বেলুড়, হাওড়া;

(৪) রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড়, হাওড়া;

(৫) ব্রহ্মানন্দ বেসিক ট্রেনিং কলেজ (পি জি বি টি কলেজ), রহড়া ২৪ পরগণা;

(৬) নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন পরিচালিত কমার্শিয়াল ইনস্টিটিউট, ২৪ পরগণা।

(ঘ) একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause 'gha' of unstarred question No. 60 (Admitted question No. 682).

রামকৃষ্ণ মিশন পরিচালিত কলেজগুলিকে পরিচালনা এবং কর্মচারীদের বেতন, ভাতা ইত্যাদি বাবদ নিম্নলিখিত অনুদান এবং অন্যান্য আর্থিক সাহায্য দেওয়া হয়েছে—

| | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ (আংশিক) |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| (১) রামকৃষ্ণ মিশন আবাসিক কলেজ, নরেন্দ্রপুর | ৯,৯৭,১৬৯<br>২০,০০০<br>(ক্যাপিটেল গ্র্যাণ্ট) | ১১,৫৬,৩৫৫ | ৪,৯৯,৬৫০<br>৭২,২৪২<br>(ক্যাপিটেল গ্র্যাণ্ট) |
| (২) রামকৃষ্ণ মিশন বিবেকান্দ শতবার্ষিকী কলেজ, রহড়া | ১০,৭৩,৬২৯ | ১১,৭৭,৬৫৮ | ৬,৩৪,৮৯৭ |
| (৩) রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড় | ৭,১৬,৯৯২ | ১১,০৯,৯১২ | ৩,৬৪,১৫০ |
| (৪) রামকৃষ্ণ মিশন শিক্ষণ মন্দির, বেলুড় | ৩,১০,৩০৬ | ৩,০২,৪৯৯ | ১,২৪,৩৩৬ |
| (৫) ব্রহ্মানন্দ বেসিক ট্রেনিং কলেজ (পি জি বি টি কলেজ), রহড়া | ৪,৩১,৮২৯ | ৩,৮৫,২৯৫ | ১,৮৩,৭২৬ |
| (৬) নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন পরিচালিত কমার্শিয়াল ইনস্টিটিউট | ২২,০০০ | ৩৫,০০০ | ১৭,০০০ |

## স্বাধীনতা সংগ্রামীদের জন্য পেনসন

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৪। শ্রীকাশীনাথ মিশ্র: অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে আগস্ট, ১৯৮২ কোন্ কোন্ জেলার কতজন স্বাধীনতা-সংগ্রামীর পেনসনের আবেদন বিবেচনাধীন আছে;

(খ) স্বাধীনতা-সংগ্রামীদের পেনসন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) ইহা কি সত্য যে, সমস্ত অনুসন্ধানকার্য শেষ হওয়া সত্ত্বেও বহু ক্ষেত্রে রাজনৈতিক পেনসন দেওয়া সম্ভব হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, কি কি কারণে, কতজনের ক্ষেত্রে এইরূপ ঘটনা ঘটিয়াছে?

(ঙ) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার স্বাধীনতা-সংগ্রামী জনৈক শ্রীকরালী দে সহ বহু পেনসনভোগীর পেনসন বন্ধ করিয়া দেওয়া হইয়াছে; এবং

(চ) সত্য হইলে, ইহার কারণ কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমানে পেনসনের আবেদনকারী স্বাধীনতা সংগ্রামীদের জেলাওয়ারী হিসাব রাখার কোন ব্যবস্থা নেই।

(খ) স্বাধীনতা-সংগ্রামীদের পেনসন প্রকল্প এখন মূলতঃ ভারত সরকারের। পূর্বের অনুমোদিত কিছু ক্ষেত্র ছাড়া কেন্দ্রীয় প্রকল্পাধীন পেনসনভোগীদের নূতন করে অতিরিক্ত কোন পেনসন রাজ্য সরকারের পক্ষ থেকে দেওয়া হয় না। এই মুহূর্তে পেনসনের পরিমাণ বৃদ্ধির কোন পরিকল্পনা নেই।

(গ) মোটামুটি অনুসন্ধানের পর আপাতদৃষ্টে অনুমোদনযোগ্য আবেদনগুলি রাষ্ট্রীয় পরামর্শদাতা কমিটিতে আদেশের জন্য পাঠানো হয়। তারপর উক্ত কমিটির অনুমোদিত আবেদনগুলি স্বরাষ্ট্র ( রাজনৈতিক ) বিভাগে তাদের মন্তব্যের জন্য প্রেরণ করা হয়। স্বরাষ্ট্র বিভাগ প্রয়োজনীয় অনুসন্ধানান্তে আবেদনকারীর পক্ষে তাদের অভিমত জানালে আবেদনটি রাজ্য সরকারের সুপারিশ সহ কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করা হয়। এর পরেও কেন্দ্রীয় সরকারের বিবেচনা করতে সময় লাগে — এতে রাজ্য সরকারের কিছু করার নাই।

(ঘ) সব ক্ষেত্রে একাজ সময়সাপেক্ষ হওয়ার দরুন শুধুমাত্র অনুসন্ধান কার্য শেষ হলেই পেনসন মঞ্জুর করা সম্ভব নহে।

(ঙ) শ্রীকরালীপদ দের পেনসন বন্ধ করা হয়েছে। অন্য কিছু কিছু ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এরূপ পেনসন বন্ধ করিয়া থাকিতে পারেন।

(চ) শ্রীকরালীপদ দে যে জেল সার্টিফিকেট বাঁকুড়া জেল কর্তৃক প্রদত্ত বলিয়া দাখিল করিয়াছিলেন পরবর্তীকালে অনুসন্ধানে জানা যায় যে, ঐ সার্টিফিকেট বাঁকুড়া জেল সুপার কর্তৃক আদৌ প্রদত্ত হয় নাই। এই কারণেই তার পেনসন বন্ধ হয়ে যায়। অন্যান্য ক্ষেত্রে নাম এবং অন্যান্য বিবরণ না জানিলে সুনির্দিষ্ট কিছু বলা সম্ভব নহে।

## সমুদ্রাঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদন

৬২। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮৫। ) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলার বিভিন্ন সমুদ্রাঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা লইয়া গবেষণা চলিতেছে; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ কোন্ অঞ্চলে ঐরূপ পরীক্ষা-নিরীক্ষা চলিতেছে,

(২) সর্বশেষ তথ্য অনুযায়ী মোট কত মেগাওয়াট জলবিদ্যুৎ ঐরূপ উৎপন্ন হইতে পারে বলিয়া আশা করা যায়, ও

(৩) ৩১এ আগষ্ট, ১৯৮২ পর্যন্ত উক্ত গবেষণার জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) সুন্দরবন অঞ্চলে তরঙ্গ-বিদ্যুৎ উৎপাদনের জন্য পরীক্ষা-নিরীক্ষা চলছে।

(২) এখনও নানা রকম সমীক্ষার কাজ চলছে, সুতরাং স্পষ্ট করে এখনই কিছু বলা সম্ভব নয়।

(৩) ৩১এ আগষ্ট পর্যন্ত উক্ত গবেষণার জন্য প্রায় ৪ লক্ষ টাকার মত খরচ হয়েছে, সম্প্রতি দুর্গাদয়ানি খাঁড়ি অঞ্চলে সমীক্ষার জন্য আই. আই. টি. ( খড়্গপুর )-কে ৩০ হাজার টাকা অগ্রিম দেওয়া হয়েছে।

## গঙ্গা, ভাগীরথী ও দামোদরের জল দূষণ

৬৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮৭। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গঙ্গা, ভাগীরথী ও দামোদর নদের জল দূষিত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে,

(১) জল দূষিত হইবার কারণ কি, ও

(২) বিজ্ঞানসম্মতভাবে দূষিত জলকে পরিশোধন করার কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সত্য।

(খ) (১) নদীর জল বিভিন্ন কারণে দূষিত হয়। যথা —

(অ) নরদমা ও পয়ঃপ্রণালীর দূষিত জল,

(আ) কলকারখানায় ব্যবহৃত জল দূষিত অবস্থায় নদীতে নিক্ষেপ করা, এবং

(ই) কৃষিক্ষেত্রের জল নদীর জলে মিশ্রিত হওয়া।

(২) নরদমা, পয়ঃপ্রণালী ও কলকারখানা দূষিত জল বিশোধন করিয়া নদীতে নিক্ষেপ করিলে জলদূষণ প্রতিরোধ করা যায়। কলকারখানা এবং পৌর প্রতিষ্ঠানগুলিকে উপরোক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হইয়াছে। বিশেষতঃ কলকারখানাগুলি এই নির্দেশ মান্য করিতেছে কিনা তাহার উপর সতর্ক দৃষ্টি রাখা হইতেছে।

## পরিবেশ দূষণের ফলে রোগের প্রকোপ

৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) ইহা কি সত্য, শিল্পাঞ্চলগুলি সহ কলকাতা শহরে দূষিত আবহাওয়া সৃষ্টি হইয়াছে, ফলে বহু রোগের উৎপত্তিস্থল হইতেছে ;

(খ) সত্য হইলে, উক্ত এলাকাগুলিতে দূষিত পরিবেশ দূর করিবাব জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ;

(গ) কলিকাতা সহ শিল্পাঞ্চলগুলিতে দূষিত আবহাওয়া সৃষ্টি হওয়ার কারণ কি ; এবং

(ঘ) দূষিত আবহাওয়ার জন্য কি কি দুরারোগ্য রোগের সৃষ্টি হইয়াছে ?

**পরিবেশ বিভাগের মন্ত্রীমহাশয় :** (ক) ইহা সত্য যে, শিল্পাঞ্চলগুলি সহ কলকাতা শহরের আবহাওয়া দূষিত হইতেছে। ইহা বিভিন্ন রোগের কারণ বলিয়া অনুমান হইতেছে।

(খ) জলদূষণ এবং বায়ুদূষণ প্রতিরোধ করিবার জন্য যে দুইটি আইন বিধিবদ্ধ করা হইয়াছে তাহা প্রয়োগ করা হইতেছে। পয়ঃপ্রণালী, নরদমা ও বস্তি এলাকা উন্নয়নের জন্য অর্থ বিনিয়োগ করা হইতেছে। ইহা ছাড়াও পরিবেশ দূষণ মুক্ত করিবার জন্য পর্যাপ্ত বৃক্ষ রোপণ করা হইতেছে।

(গ) কলকারখানার ধোঁয়া, মোটর গাড়ীর ধোঁয়া, বাড়ীর উনানের ধোঁয়া প্রভৃতি বাতাসে মিশ্রিত হওয়া। প্রয়ঃপ্রণালী, নরদমা এবং কলকারখানা দূষিত জল নদীতে নিক্ষেপ প্রভৃতি।

(ঘ) দূষিত আবহাওয়ার জন্য কলেরা, টাইফয়েড প্রভৃতি আন্ত্রিক রোগ এবং যক্ষ্মা, হাঁপানী এমন কি ক্যানসার প্রভৃতি দুরারোগ্য ব্যাধিও হইতে পারে তবে এই সকল রোগ যে কেবলমাত্র দূষিত আবহাওয়ার জন্য হইতেছে তাহা অনুমানসাপেক্ষ।

## পে-কমিশনের সুপারিশ

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৬।) **শ্রীকাশীনাথ মিশ্র :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকারী কর্মচারীদের জন্য নিযুক্ত সর্বশেষ পে-কমিশন কৃত অনেক সুপারিশ এখনও পর্যন্ত কার্যকর করা হয় নি ; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ সুপারিশ এযাবৎ কার্যকর করা হয় নি ;

(২) কি কি কারণে ওই সুপারিশগুলি কার্যকর করা যাচ্ছে না ; ও

(৩) উক্ত সুপারিশগুলি কার্যকর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সর্বশেষ পে-কমিশন কৃত কিছু কিছু সুপারিশ এখনও পর্যন্ত কার্যকর করা যায় নি।

*(খ) (১) ও (২) পে-কমিশন সরকারী ও বেসরকারী কর্মচারীদের ক্ষেত্রে বেতনক্রম পুনর্বিন্যাস ব্যতিরেকেও বহুবিধ অন্যান্য সুযোগসুবিধাদানের সুপারিশ করেছেন। যেসব সুপারিশ এখনও কার্যকর করা যায় নি তার পূর্ণ তালিকা এখনই দেওয়া সম্ভব নয়, কারণ বিষয়গুলি এখনও সরকারের বিবেচনাধীন।*

*(৩) বিষয়গুলি সামগ্রিকভাবে সরকারের সক্রিয় বিবেচনাধীন।*

## কলিকাতার মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি চিকিৎসা বিভাগ

৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৭১৯। ) ডাঃ মোতাহার হোসেন ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার ১৯৮০ সালের ৩রা মার্চ থেকে কলিকাতার চারটি মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি চিকিৎসা বিভাগ অবলুপ্ত করিয়া দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## খাসবাড় উপ-স্বাস্থ্যকেন্দ্র

৬৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৭৮৯। ) শ্রীগোপাল মণ্ডল ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঘাটাল থানার খাসবাড় উপ-স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্বিভাগ বন্ধ আছে ; এবং

(খ) সত্য হইলে এটি খুলিবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) যথাশীঘ্রসম্ভব গৃহ মেরামত করে অন্তর্বিভাগ চালু করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

## রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট

৬৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৮১১। ) শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালে ফার্মাসি আইন সংশোধনের পূর্বে পশ্চিমবঙ্গের রাজ্য ফার্মাসি কাউন্সিলে কত ফার্মাসিস্ট রেজিস্ট্রিকৃত ছিল ; এবং

(খ) ১৯৭৬ সালের ফার্মাসি আইন সংশোধনের পর ১৯৭৮ সালের ৩১এ মে-র মধ্যে এই রেজিস্ট্রিকৃত ফার্মাসিস্টদের সংখ্যা কত দাঁড়াইয়াছিল ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ২১,৭২১ ( একুশ হাজার সাতশ একুশ )।

(খ) ১৯৭৬ সালের ফার্মাসি আইন সংশোধনের পর ৩১এ মে, ১৯৭৮-এর মধ্যে ৮,৭১৪ ( আট হাজার সাতশ চোদ্দ ) রেজিস্ট্রিকৃত হইয়াছিল।

## নালিকুলে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৮১৫। ) শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার নালিকুলে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

## উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে জলসরবরাহ প্রকল্প

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৪।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭২ সালের জানুয়ারী থেকে ১৯৭৬ সালের জুন মাস পর্যন্ত উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে (জেলাওয়ারী হিসাব) মোট কতগুলি জলসরবরাহ প্রকল্প ছিল, এবং

(খ) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে (জেলাওয়ারী হিসাব) মোট কতকগুলি জল-সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উত্তরবঙ্গের জেলাগুলিতে ছিল মোট ১৭টি, যথা—

| | | |
|---|---|---|
| মালদায় | ... | ৩টি |
| পশ্চিম দিনাজপুরে | ... | ৫টি |
| জলপাইগুড়িতে | ... | ৭টি |
| কোচবিহারে | ... | ২টি |
| মোট | ... | ১৭টি |

এবং দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ছিল মোট ২৬টি, যথা—

| | | |
|---|---|---|
| ২৪-পরগনায় | ... | ৩টি |
| মুর্শিদাবাদে | ... | ৩টি |
| হাওড়ায় | ... | ১টি |
| হুগলিতে | ... | ৬টি |
| মেদিনীপুরে | .. | ৪টি |
| পুরুলিয়ায় | ... | ১টি |
| বর্ধমানে | ... | ৬টি |
| বাঁকুড়ায় | ... | ১টি |
| বীরভূমে | ... | ১টি |
| মোট | ... | ২৬টি |

(খ) উত্তরবঙ্গের জেলাগুলিতে মোট ২৮২টি, যথা—

| | | |
|---|---|---|
| মালদায় | ... | ১৩টি |
| পশ্চিমদিনাজপুরে | ... | ৭টি |
| জলপাইগুড়িতে | . | ২৫টি |
| কোচবিহারে | ... | ৭টি |
| দার্জিলিংয়ে | ... | ২৩০টি |
| মোট | ... | ২৮২টি |

এবং দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মোট ১৫৭টি, যথা—

| | | |
|---|---|---|
| ২৪-পরগণায় | ... | ৪৫টি |
| নদীয়ায় | ... | ১০টি |
| মুর্শিদাবাদ | ... | ১৪টি |
| হাওড়ায় | ... | ৮টি |
| হুগলিতে | ... | ১২টি |
| মেদিনীপুরে | ... | ২৫টি |
| পুরুলিয়ায় | ... | ৭টি |
| বর্ধমানে | ... | ১৭টি |
| বাঁকুড়ায় | ... | ৯টি |
| বীরভূমে | ... | ১০টি |
| মোট | ... | ১৫৭টি |

### কর্মসংস্থান কার্যালয় হইতে নিয়োগকারীদের নিকট বেকারদের নাম প্রেরণনীতি

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৩।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্মসংস্থান কার্যালয় হইতে নিয়োগকারীদের নিকট কর্মপ্রার্থী বেকারদের নাম প্রেরণ সম্পর্কে কি ধরণের নীতি অনুসরণ করা হয়;

(খ) কারিগরী বা বিশেষ যোগ্যতাসম্পন্ন বেকার ও সাধারণ বেকারদের ক্ষেত্রে নাম প্রেরণের নীতির কোন পার্থক্য আছে কি; এবং

(গ) নাম প্রেরণের ক্ষেত্রে নাম নিবন্ধীকরণের তারিখ বা বয়স কোন্‌টিকে অগ্রাধিকার দেওয়া হয়?

**শ্রমবিভাগের মন্ত্রীমহোদয় ঃ** (ক) নিয়োগকর্তার চাহিদামত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অন্যান্য যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স প্রভৃতির প্রতি লক্ষ্য রাখিয়াই প্রার্থী মনোনয়ন করা হয়। সরকারী, আধা সরকারী প্রতিষ্ঠানের চাকুরীর ক্ষেত্রে তপশিলী জাতি, উপজাতি, প্রাক্তন সৈনিক প্রভৃতির ক্ষেত্রে যে সংরক্ষণ প্রথা চালু আছে তাহাও মানিয়া চলা হয়।

নির্দিষ্ট যোগ্যতাবলী যাঁহাদের আছে তাঁহাদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিকে নাম নিবন্ধীকরণে অগ্রবর্তিতার ভিত্তিতে নিয়োগকর্তার নিকট পাঠান হয়। তবে কোন প্রার্থী ছয় মাসের মধ্যে কোন সুযোগ পাইয়া থাকিলে সাধারণতঃ তাঁহাকে বাদ দিয়া পরবর্তী প্রার্থীদিগকে সুযোগ দেওয়া হইয়া থাকে।

(খ) না, নাই।

(গ) নাম নিবন্ধীকরণের তারিখকেই অগ্রাধিকার দেওয়া হয়।

### রামপুরহাট হাসপাতালে ই এন টি বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৫।) **শ্রী [illegible] মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট মহকুমার হাসপাতালে ই এন টি বিভা কোন বিশেষজ্ঞ চিকিৎসক নাই, এবং

(খ) সত্য হইলে, উক্ত হাসপাতালে উক্ত রোগ বিশেষজ্ঞ কোন চিকিৎস নিয়োগ বিষয়ে সরকার চিন্তা করছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থী তালিকা থেকে চিকিৎসক নিয়োগের কথা চিন্তা করা হচ্ছে।

## পশ্চিম দিনাজপুরে গঙ্গারামপুর বাসষ্ট্যাণ্ড করার পরিকল্পনা

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৬।) **শ্রীমসলেহউদ্দিন আহমেদ ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় গঙ্গারামপুরে বাসষ্ট্যাণ্ড করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ

(খ) পরিকল্পনাটির রূপায়ণের জন্য উপযুক্ত জমির সন্ধান চলছে। এ ব্যাপারে জেলাশাসকের নিকট হইতে রিপোর্ট চাওয়া হয়েছে।

## ম্যালেরিয়া প্রতিরোধ

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৯।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকার ম্যালেরিয়া দমনে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১৯৭২ সাল থেকেই ম্যালেরিয়া রোগের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ভারত সরকারের বিশেষজ্ঞ কমিটি এর কারণ অনুসন্ধান করেন এবং তাঁদের সুপারিশ অনুযায়ী ১৯৭৭ সাল থেকে ম্যালেরিয়া প্রকল্পের মডিফাইড প্ল্যান অব অপারেশন চালু হয় — যার মূল লক্ষ্য হল এই রোগকে সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে আনা এবং ম্যালেরিয়া থেকে মৃত্যু রোধ করা।

এই পরিকল্পনা অনুযায়ী সারা রাজ্যে যে কাজ চলছে তা সংক্ষেপে নিম্নরূপ ঃ—

(১) পল্লী এলাকায় নিয়মিত বাড়ী বাড়ী ঘুরে ও হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র প্রভৃতি প্রতিষ্ঠান থেকে জ্বররোগীর রক্তের নমুনা সংগ্রহ করে এবং এই সংগৃহীত রক্তের নমুনা পরীক্ষাগারে পাঠান হয়।

(২) জ্বররোগীর রক্ত পরীক্ষা এবং ম্যালেরিয়া জীবাণু পাওয়া গেলে দ্রুত চিকিৎসার জন্য সমগ্র পরীক্ষাগারের (ল্যাবরেটরি) কাজ বিকেন্দ্রীকরণ করে প্রায় প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে স্থানান্তরিত করার ব্যবস্থা হয়েছে।

(৩) ম্যালেরিয়ারোগীকে পর পর ৫ দিন প্রাইমাকুইন ওষুধ প্রয়োগে সম্পূর্ণ নিরাময় ক'রে তোলা হয়।

(৪) ম্যালেরিয়ারোগীর বাড়ীর অন্যান্য বাসিন্দাদের এবং কাছাকাছি বাড়ীর বাসিন্দাদের রক্তের নমুনা সংগ্রহ ক'রে ল্যাবরেটরীতে পরীক্ষার জন্য পাঠান হয়।

(৫) রাজ্যের যেসব অঞ্চলে ম্যালেরিয়ার প্রকোপ ( এনডেমিসিটি প্রতি এক হাজার জনের মধ্যে দুই বা দুই-এর অধিক, সেইসব অঞ্চলে ব্রিডিং সিজন-এর ভিত্তিতে দুই বা তিনবার কীটনাশক ওষুধ প্রয়োগ করা হয় যাতে রোগ সংক্রমণের আশঙ্কা বিমুক্ত করা হয়। এছাড়া অন্যান্য অঞ্চলে ম্যালেরিয়ার প্রকোপ হঠাৎ দেখা দিলে 'ফোকাল স্প্রে'-র ব্যবস্থা করা হয়।

(৬) পল্লী অঞ্চলে বিশেষ করে দুর্গম ও আদিবাসী অধ্যুষিত এলাকায় প্রত্যেকটি জ্বররোগী যাতে বিনামূল্যে ওষুধ পেতে পারেন সেই উদ্দেশ্যে ওষুধ বিতরণ কেন্দ্র ও জ্বররোগীর চিকিৎসাকেন্দ্র খোলা হয়েছে এবং জনসাধারণের কার্যকর সহযোগিতা চাওয়া হয়েছে। এই কাজের দায়িত্ব গ্রাম পঞ্চায়েত, স্কুল শিক্ষক ও বেসরকারী সংস্থার উপর সম্পূর্ণভাবে ন্যস্ত আছে।

(৭) জ্বররোগীর রক্তপরীক্ষা ও চিকিৎসা, কীটনাশক ওষুধ ছড়ানো, রক্তের নমুনা পরীক্ষার কাজ দ্রুত নিষ্পন্ন করা, ম্যালেরিয়া সংক্রান্ত নিযুক্ত তিনটি এণ্টমোলজিক্যাল ইউনিট-এর মাধ্যমে ভেক্টর স্পেসিজ আইডেন্টিফিকেশান, সেনসিটিভিটি টেস্ট অব ইনসেক্টিসাইডস্ ইত্যাদির কাজ, কলিকাতাতে যে দুটি কেন্দ্রীয় ল্যাবরেটরী আছে সেখানে রক্তের নমুনা পাল্টা পরীক্ষার ( ক্রস চেকিং ) ব্যবস্থা প্রভৃতি কার্যাবলীর সুষ্ঠু পরিচালনা ও পর্যালোচনার জন্য তদারকির ব্যবস্থা জোরদার করা হচ্ছে।

(৮) মারাত্মক ম্যালেরিয়ার প্রতিরোধকল্পে পোফ্যালসিপেরাম কনটেনমেন্ট মেজার্স জোরদার করা হচ্ছে।

## ফার্মাসি ডিপ্লোমা প্রাপ্তদের রেজিস্ট্রেশন

৭৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪২৩। ) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হায়ার সেকেণ্ডারী শিক্ষাক্রমে ফার্মাসি বিষয় সহ প্যারামেডিকেল কোর্স পাশ করিয়া যাহারা ফার্মাসি ইনস্টিটিউটে সরাসরি দ্বিতীয় বর্ষে ভর্তি হইয়াছিল ও ডিপ্লোমা লাভ করিয়াছিল তাহারা রাজ্য ফার্মাসি কাউন্সিলে রেজিস্ট্রেশন পাইতেছেন না বলিয়া সরকারের নিকট কোন অভিযোগ আসিয়াছিল কি ;

(খ) অভিযোগ আসিয়া থাকিলে, এই রকম ডিপ্লোমাপ্রাপ্ত আনরেজিস্টার্ড ফার্মাসিস্টের সংখ্যা এ রাজ্যে কত ; এবং

(গ) ইহাদের ব্যাপারে সরকার কোন চিন্তাভাবনা করিতেছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমানে ইঁহারা সকলেই রেজিস্ট্রেশন পাইয়াছেন। (খ) ও (গ) প্রশ্ন উঠে না।

## মফঃস্বল শহরে মৎস্য সরবরাহ

৭৬। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৫। ) **শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

*(ক) কলিকাতার ন্যায় জেলার মফঃস্বল শহরগুলিতে মৎস্য সরবরাহ করিবা কোন পরিকল্পনা সরকারের আছে কি ;*

*(খ) থাকিলে, বীরভূম জেলায় কবে নাগাত কোন্ কোন্ শহরে এই পরিকল্পনা কার্যকরী করার প্রস্তাব আছে ?*

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) বীরভূম জেলায় এই পরিকল্পনার কাজ ইতিমধ্যেই চালু করা হইয়াছে।

পশ্চিমবঙ্গ রাজ্য মৎস উন্নয়ন পর্ষদ খয়রাশোল, সাগরভাঙ্গা ও দুবরাজপুরে জনসাধারণের নিকট নায্যমূল্যে মৎস্য বিপণনের কাজ শুরু করিয়াছেন।

এই প্রকল্পের মাধ্যমে বিভিন্ন মৎস্য উৎপাদক গোষ্ঠীদ্বারা জেলার ব্লকগুলোতে ( ১৯টি ব্লকের প্রত্যেকটিতে ) পর্যায়ক্রমে বিপণনকেন্দ্র চালু করার উদ্যোগ লওয়া হইবে।

## পুরুলিয়া জেলার রঘুনাথপুরে মহকুমা স্থাপনের পরিকল্পনা

৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭১৩। ) **শ্রীনটবর বাগদী :** স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর শহরকে কেন্দ্র করিয়া একটি মহকুমা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনার রূপায়ণ বর্তমানে কি পর্যায়ে আছে ?

**স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুরে একটি মহকুমা সদরের গোড়াপত্তনের কাজ এগিয়ে চলেছে।

(খ) জনসাধারণের জরুরী প্রয়োজন মেটাতে একটি সাব-ট্রেজারী, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত, মহকুমা-অফিস ভবন ও মহকুমা শাসকের বাসভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাছাড়া একজন অতিরিক্ত মহকুমা শাসকের পদ সৃষ্টির ব্যবস্থা নেওয়া হচ্ছে। এম সি এফ এস এবং এম এল আর ও-র পদও সৃষ্টি করা হয়েছে।

**শ্রীসুব্রত মুখার্জী :** পয়েণ্ট অফ অর্ডার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত ৭ই সেপ্টেম্বর এই হাউসে দি ওয়েস্ট বেঙ্গল এন্টার-টেনমেণ্ট-ক্যাম-এ্যামিউসমেণ্ট ট্যাক্স বিল, ১৯৮২ নামে একটি বিল পাশ করা হয়েছে। কিন্তু এই বিলটি আইন সম্মত হয় নি। আমি যতদূর জানি, এটা এখনও গেজেট হয়নি। গেজেট না হওয়ার আগে আমি আপনাকে কয়েকটি রেফারেন্স দিচ্ছি যাতে করে এই বিলটিকে উইথড্র করা যায় এবং যদি উইথড্র করেন তাহলে সকলের পক্ষে মঙ্গল হবে। আমি জানি, আপনি এই ব্যাপারে রুলিং দেবেন এবং বেশীর ভাগই আপনার রুলিং-এর মাজিক থাকে না, ফ্যালাসিতে ভর্তি হয়ে যায়। আপনার প্রতি আমাদের যথেষ্ট রেসপেক্ট থাকা সত্ত্বেও রুলিং-এর ব্যাপারে আমাদের প্রতি আপনার বিমাতৃসুলভ মনোভাব দেখতে পাই। মানুষ সম্পর্কে বলা হয়, এ ম্যান ইজ নোন্ বাই দি কোম্পানী হি কিপস, আর স্পীকার সম্পর্কে বলা হয় দি স্পীকার ইজ নোন্ বাই দি রুলিং হি গিভস। সুতরাং রুলিং খুব ভাল এবং সাচ্চা হওয়া দরকার। আপনি এর উপর

একটি রুলিং দেবেন আশা করি। আইনে বলছে, টি. ভি.-তে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের ৫০ টাকা করে লাইসেন্স থাকা সত্বেও অতিরিক্ত ৫০ টাকা করে দিতে হবে এবং না দিলে গুরুতর পেন্যাল্টির ব্যবস্থা করা হয়েছে। আপনি যদি কনস্টিটিউসান দেখেন তাহলে দেখবেন, কনস্টিটিসানের সেভেন্থ সিডিউল (১)-তে বলা আছে যে এটা য়্যাবসোলিউটলি সেন্ট্রাল গভর্ণমেণ্টের সাবজেক্ট। এখানে আরোও ৩টি ক্লজ আছে—একটা যৌথ দায়িত্ব। একটি য়্যাবসোলিউটলি ষ্টেট সাবজেক্ট আর একটা য়্যাবসোলিউটলি সেণ্ট্রাল সাবজেক্ট কনস্টিটিউসানের সেভেন্থ সিডিউল এর ৩১তে আছে, পোষ্ট এাণ্ড টেলিগ্রাফস্, টেলিফোনস্, ওয়ারলেস্ ব্রডকাসটিং এাণ্ড আদার লাইক ফরমস্ অফ কমিউনিকেশান। এখানে ক্যাটেগরিক্যালি বলা আছে, এর মধ্যে কোন সন্দেহ নেই, এ ছাড়া ডি. এন. বসুর ক্ল্যারিফিকেসানটাও দেখতে পারেন। সেখানে বলছে, কোন সুযোগ নেই এই ট্যাক্স ষ্টেট সাবজেক্টের মধ্যে ধরা যায়। রেডিও, ওয়ারলেস, ব্রডকাস্টিং এবং মাস কমিউনিকেসান প্রভৃতির ব্যাপারে ষ্টেট গভর্ণমেণ্ট কোনদিন ট্যাক্স ধার্য করতে পারে না। সেল্‌স ট্যাক্স ধার্য করা যায় কিন্তু তার উপর অতিরিক্ত সেস বা কর ধার্য করা যায় না। এই জিনিষ করলে কনস্টিটিউশান ব্রেক হয়ে যায়। এ্যামিউজমেণ্ট ট্যাক্স অন্যান্য জায়গায় করা যায় কিন্তু রেডিওতে বসাতে পারেন না এবং এর উপর কোন এ্যামিউজমেণ্ট ট্যাক্স বসানো যায় না। আমি উদাহরণ দিয়ে বলছি। ইণ্ডিয়া ৮১, ইণ্ডিয়া ৮২, ইণ্ডিয়া ৮৩ বলে এক একটি বই পাবলিকেশান হয় যেটা গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া থেকে বের করে এবং এটা কমপাইণ্ড এ্যাণ্ড এডিটেড বাই রিসার্চ এ্যাণ্ড রেফারেন্স ডিভিসান, মিনিস্ট্রী অফ ইনফরমেসান এ্যাণ্ড ব্রডকাস্টিং গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া।

[1-40—1-50 p.m.]

যেখানে ১৩৬ পাতায় আছে দেখুন স্যার, যেখানে প্রথম পাতায় লিখছে Television set up in India was delinked from All India Radio on April, 1,1976 and given the name Doordarshan. সেণ্ট্রাল সাবজেক্ট। অল ইণ্ডিয়া রেডিও যদি সেণ্ট্রাল সাবজেক্ট হয়, তাহলে এর থেকে একটা শাখা তৈরী করা হয়েছে, এটা অন্য কোন ব্যাপার নয়। আজকে আপনার অনুমতি নিয়ে জানাচ্ছি যত দূরদর্শনের স্টাফ আছে, দু-একজন বাদ দিয়ে অল ইণ্ডিয়া রেডিওর স্টাফ ওখানে গিয়ে যোগদান করে স্বভাবতই প্রমাণ হয়ে যায় এটা সেণ্ট্রাল সাবজেক্ট। এই ক্ষেত্রে আমি আর একটা জিনিষ মেনসান করছি যে এটা শুধু বড় লোকেদের জন্যই নয়, এটা শুধু সহরের লোকেদের জন্যই নয়, এটা গ্রামেতেও এ্যাফেক্ট করে। একটা টেবিল দেওয়া আছে, টেবিল নং ১১০-২, সেখানে যে একজিসটিং সেণ্টার আছে, যে ১১টি সেণ্টারের নাম দেওয়া আছে, সেই সেণ্টারে দেখছি যে পশ্চিমবাংলায় ভিলেজ কভার করছে ৭ হাজার ৫০০ টা এবং মুশৌরীতে কভার করছে ৯,৭০০ টা, আর কোন জায়গায় এত ভিলেজ কভার করে না। আর লোকসংখ্যা কভার করছে প্রায় ৪০ লক্ষের মত। যেখানে ৭,৫০০ গ্রামকে কভার করছে, তাকে এ ভাবে ইগনোর করা যায় না, আইন সঙ্গত ভাবেও এটা বিধিবদ্ধ নয়। আপনাকে অনুরোধ

করতে চাই, এটাকে উইথড্র করার সম্ভাবনা আছে, এ বিষয়ে একটু চিন্তা করে দেখুন বিধিসম্মত নয় বলে, এ ব্যাপারে বোম্বে হাইকোর্টে একটা কেস হয়েছিল। আপ খোঁজ নিয়ে দেখবেন যে, এ. আই. আর. এর ব্যাপারে ওখানকার গভর্ণমেণ্ট অনুর ভাবে প্রয়োগ করার চেষ্টা করার সময়ে বোম্বে হাইকোর্ট স্টে-অর্ডার জারী করেছিলেন সেজন্য এখানে এটি নোটিফিকেশান হবার আগে, এই সিডিউল মেনে নিয়ে অর্থ ইউনিয়ন লিস্টকে মেনে নিয়ে, যেহেতু এটা এ্যাবসলিউটলি ইউনিয়ন লিস্টের মধ্যে এটা বিধিসম্মত বা সংবিধান সম্মত নয়, এটিকে ভেবে দেখুন—এটাই আমি মূলত এখানে বলতে চাই। সেজন্য বোম্বে হাইকোর্টের নজীর, স্টে-অর্ডার-রেখে বললাম সেখানে স্থগিতাদেশ জারী হয়েছিল। সুতরাং আমার বক্তব্য যা সংবিধানকে উল্লে করে বললাম, তা মানা না হলে একটা ডেনজারাস সিচুয়েশান সৃষ্টি হবে। সেরক অবস্থা আসার আগে আপনি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করুন—এখনও হাউ খোলা আছে, উনি এটাকে উইথড্র করে নিতে পারেন, এটা এক লাইনের ব্যাপার আপনি জানেন, এটা রুলের মধ্যে পড়ে, মাননীয় অর্থমন্ত্রী সে হিসাবে উইথড্র করে নিতে পারেন, আপনি সেই মত তাঁকে অনুরোধ করুন। আপনার মাধ্যমে এই অনুরোধ তাঁকে করলাম।

**মিঃ স্পীকার :** আমি কালকে আমার রুলিং দেব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সুব্রত মুখার্জী যে পয়েণ্ট তুলেছেন সেটা কনসটিটিউসনাল পয়েণ্ট। আপনি স্পীকার হিসাবে নিশ্চই একটি ডিসিসান দিতে পারেন। এর আগে অপূর্বলাল মজুমদার সেই সময় সেম কোসচেন ক্রপড্ আপ। আমি সেই সময় মুভ করেছিলাম। সেই সময় স্পীকার সঙ্গে সঙ্গে মিনিস্টারকে বলেছিলেন উইথড্র করে নিতে। তিনি বলেছিলেন যে এটা রিকনসিডার করে আবার এটা প্লেস করুন। আমি আপনাকে বলবো যে, আপনি বলুন উইথড্র করে নিতে এবং রিকনসিডার করে আবার এটাকে প্লেস করতে। তাতে সকলের পক্ষে ভাল সবে।

**মিঃ স্পীকার :** পয়েণ্টটা কি আছে আমি আগে বুঝে নিই। আমি তার উপর রুলিং দেব। রিকনসিডার করতে হবে কি না সেটা পরে বলব।

### Adjournment Motion

**Mr. Speaker:** I have received two notices of adjournment motion—one from Shri Kashinath Misra which deals with the reduction of rice i statutory and modified rationing area, and the other from Shri Abdus Satta and seven others which deals with the alleded charges of corruption agains Shri Prasanta Kumar Sur, Minister.

The first one is not such which calls for adjournment of the House The member can raise the matter through Calling Attention, Mention Cas or Short Notice Questions.

The other one does not relate to a matter of recent occurrence. In this connection it may be pointed out that such matter against Shri Sur wa

raised in the House on 20.9.1982 and the Minister Shri Sur made a personal explanation on the floor of the House on 21 9.1982. He also made a statement in the House in answer to the notice of Calling Attention on the matter on 24.9.1982.

I, therefore, withhold my consent to both the motions. One member may, however, read the text of the motion as amended

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমার অরিজিনাল টেক্সট থেকে ইম্পর্টাণ্ট ওয়ার্ড ২-৩টি বাদ দিয়েছেন। হাউএভার আমি এটা পড়ছি।

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence viz., clear charges of corruption against Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of the Department of Local Self Government and Urban Development and Metropolitan Development Department and Urban Water Supply Department on grounds of irregular transaction of C.M.D.A. funds amountig to Rs. 3.50 crores call for his immediate resignation as Minister and setting up of a Judicial enquriy led by a sitting Judge of Calcutta High Court under the Commission of Inquiry Act.

**শ্রীসুব্রত মুখার্জী :** ইট ইজ এ ম্যাটার অফ পাবলিক ইণ্টারেণ্ট, এই ব্যাপারে আমাদের অন্ততঃ আধ ঘণ্টা আলোচনার সুযোগ দিন।

( গোলমাল )

( এই সময়ে এক সঙ্গে সমস্ত কংগ্রেস (ই) এবং কংগ্রেস (এস) দলের সদস্যরা উঠে দাঁড়িয়ে বলতে লাগলেন এবং কতিপয় সদস্য অধ্যক্ষ মহাশয়ের আসনের দিকে কিছু বলবার জন্য এগিয়ে গেলেন )

### Calling Attention to Matters to Urgent Public Importance

**Mr. Speaker :** Now I shall take up Calling Attention. I have received 13 notices of calling attention, namely :

1. Outbreak of Enchafalities in Bankura and Purulia — Shri Kashinath Misra.
2. Out-break of epidemic in Bankura and Purulia due to scarcity of drinking water — Shri Kashinath Misra.
3. Apprehended closure of Calcutta University due to non-holding of meeting of Senate and Syndicate — Shri Kashinath Misra.
4. Deplorable condition of the Bidi workers due to closure of Bidi factories in Bankura — Shri Kashinath Misra.
5. Public resentment in the urban areas due to out of rice in the Ration shops — Shri Kashinath Misra.
6. Dead-lock in Bankura Christian College and consequential disadvantages of the students — Shri Kashinath Misra.
7. Closure of saw-mills in Bankura — Shri Kashinath Misra.

8. Deplorable condition of farmers due to disruption in cultivation paddy — *Shri Kashinath Misra.*
9. *Alleged inadequate relief measures in drought and flood affected* Bankur *and Purulia — Shri Kashinath Misra.*
10. *Alleged incidents of looting rationing commodities by the daily* labourer *and farmers in Bankura — Shri Kashinath Misra.*
11. Alleged charges of corruption against Shri Prasanta Kumar Sur — Shri Abanti Misra, Dr. Hoimi Bose, Shri Manas Bhunia, Shri Dipendra Barman, Shri Abdul Mannan, Shri Dhirendra Nath Sarkar, Shri Jokhilal Mondal, Shri Sk. Imajuddin, Shri Mahabubul Haque, Shri Satya Ranjan Bapuli, Shri Subrata Mukhopadhyay, Dr. Sisir Kumar Bose, Dr. Motahar Hossain, Shri Suniti Chattaraj, Shri Humayan Chowdhury and Shri Subhas Mahata.
12. Misure of 24 tons of Cement issued to Junior High School, Gaighata — Shri Nirode Roy Chowdhury.
13. Deaths due to Encephalities in West Bengal — Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of Deaths due to Encephalitis in West Bengal. The Minister in charee may give a reply to-day, if possible or give a date.

( Noise and interruption )

**শ্রীপন্ডিতপাবন পাঠক ঃ** ৭ তারিখে উত্তর দেওয়া হবে।

**মিঃ স্পীকার ঃ** এখন আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে গত ২৪।৯।৮২ তারিখে শ্রী সেখ ইমাজুদ্দিন কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশ সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি। গত ২২।৯।৮২ তারিখে বীরভূম জেলার মহম্মদ বাজার থানার চাগলাকুড়ি গ্রামে ৪জন লোককে ডাকাত সন্দেহে পুড়িয়ে মারা সম্পর্কে বিধানসভা সদস্য সেখ ইমাজুদ্দিনের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি সম্পর্কে আমি নিম্নলিখিত বক্তব্য রাখতে চাই।

গত ২২।৯।৮২ তারিখে মহম্মদবাজার থানায় এই মর্মে খবর যায় যে চাগলাকুড়ি জঙ্গলে কয়েকজন দুস্কৃতকারীকে পিটিয়ে মারা হয়েছে। খবর পেয়ে সার্কেল ইনস্পেক্টারের নেতৃত্বে মহম্মদবাজার থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে ছুটে যায় এবং জঙ্গলে বসবাসকারীদের অনেক জিজ্ঞাসাবাদ করে জানতে পারে যে চারজন লোক সন্দেহজনক ভাবে স্থানীয় বাস স্ট্যাণ্ডে দাঁড়িয়ে ছিল। বাস যাত্রীরা চ্যালেঞ্জ করলে তারা ভয়ে গভীর জঙ্গলের দিকে পালাতে থাকে। চীৎকার চেচাঁমেচি শুনে পার্শ্ববর্তী গ্রামের বহু লোক দুস্কৃতকারীদের তাড়া করে ধরে এবং তাদের পিটিয়ে মেরে ফেলে। পুলিশবাহিনী প্রথমে জঙ্গলের একপ্রান্তে দুটি মৃতদেহ দেখতে পায় এবং অপর দুটির সন্ধানে জঙ্গলের অপরপ্রান্তে একটি গ্রামে যায়! সেখানে প্রচুর লোক জমায়েৎ হয়েছিল এবং তাদের অনেকের হাতে তীর, ধনুক, বর্শা ইত্যাদি ছিল। অনেক জিজ্ঞাসাবাদের পর পুলিশ জানতে পারে যে অপর দুটি মৃতদেহ নিকটস্থ দুটি নালাতে পৃথক পৃথক ভাবে কবর

দওয়া হয়েছে। জনতা পুলিশকে এগোতে দেয় না। ইতিমধ্যে খবর পেয়ে বীরভূমের পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ বাহিনী সহ ঘটনাস্থলে উপস্থিত হন, ততক্ষণে জনতা চলে যায়। পরে পুলিশ মৃতদেহগুলি উদ্ধার করে। এসম্পর্কে পুলিশ একটি মামলা রুজু করেছে এবং এ পর্যন্ত ৩৫ জনকে গ্রেপ্তার করেছে। পুলিশী তদন্তে জানা গিয়েছে য গত ২১।২২শে সেপ্টেম্বর, ১৯৮২ রাত্রে বিহারে রানীশ্বর থানার অধীন একটি গ্রামে ডাকাতি হলে গ্রামবাসীদের তাড়া খেয়ে উক্ত ডাকাতদল-এর ৩ জন ২২শে সেপ্টেম্বর ১৯৮২ ভোরবেলায় চাগলাকুড়ি বাসস্টপে উপস্থিত হয়েছিল। স্থানীয় জনসাধারণের প্রহারে তাদের মৃত্যু হয়। এ-বিষয়ে আরও তদন্ত চলছে।

[1-50—2-00 p.m.]

## Mention Cases

**শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ :** মাননীয় স্পীকার মহাশয়, আমি বজবজ মিউনিসিপ্যালিটির সম্পর্কে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বজবজ মিউনিসিপ্যালিটির বোর্ডের কমিশনারের সভায় পৌর সাব-কমিটির অনুমতি না নিয়ে খেয়াল-খুশিমত চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এবং সরকার পক্ষের কমিশনার লোক নিয়োগ করছেন। তারা বিনা অনুমতিতে লোক নিয়োগ করে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন। সরকারের প্রদত্ত লক্ষ লক্ষ টাকা এইভাবে খরচ হয়ে যাচ্ছে। কোন এস্টিমেট না করে টেণ্ডার বোর্ডের সভায় পেশ না করিয়ে সমস্ত কাজ নিজেরা খেয়াল-খুশিমত করছেন। এবং স্বজন-পোষণ নীতি প্রয়োগ করেছেন এবং বিনা কারণে ওভার টাইম দেওয়া হয়েছে। চেয়ারম্যান পাঁচ হাজার টাকা পর্যন্ত খরচ করতে পারেন। কিন্তু সেখানে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান নিজের ইচ্ছামত সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ করে যাচ্ছেন। এইভাবে মিউনিসিপ্যালিটিকে দেওলিয়ায় পরিণত করেছেন। বিরোধী কমিশনাররা আমার কাছে এই ব্যাপারে ৩৬টি অভিযোগ সম্বলিত একটি স্মারকলিপি দিয়েছেন সেটা আমি আপনাকে দিতে চাই। আমি বলতে চাই যে অবিলম্বে এই বোর্ড ভেঙ্গে দেওয়া হোক এবং এই বোর্ডের পরিবর্তে এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হোক এবং নির্বাচনের ব্যবস্থা করা হোক। এবং এর মধ্যে অন্তবর্তী-কালীন নমিনেটেড বোর্ড তৈরী করা হোক। এই বলে আমরা বক্তব্য শেষ করছি এবং আপনার কাছে এই স্মারকলিপি পেশ করছি।

**শ্রীরবীন ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতার পূর্বে যে সব লোকেরা আত্মগোপন করে স্বাধীনতা সংগ্রামীদের সাহায্য করেছিলেন তারা এখনো পর্যন্ত কোন পেনশন পান নি। স্বাধীনতা আন্দোলনকে ত্বরান্বিত করার জন্য সেই সব লোকেরা সকলের অলক্ষ্যে থেকে বনে-বাদাড়ে জঙ্গলে জীবন-যাপন করে স্বাধীনতা সংগ্রামীদের সাহায্য করেছিলেন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার একটি নোটিশ জারি করেন যে সমস্ত লোকেরা স্বাধীনতা আন্দোলনকে ত্বরান্বিত করতে সাহায্য করেছিলেন তাদের একটা পেনশন দেওয়া হবে। স্বাধীনতার পরে ৩৫ বছর কেটে গেল কিন্তু আজ পর্যন্ত তারা বঞ্চিত হয়ে রইল। তারা দিনের পর দিন আত্মগোপন করে কষ্ট স্বীকার করে বিপ্লবীদের সাহায্য করেছেন।

আজকে বিপ্লবীরা পেনশেন পেয়ে গেছেন অনেক দিন কিন্তু সেই সব লোকেদের এ পর্যন্ত সরকার থেকে কোন পেনশেন দেওয়ার ব্যবস্থা হয় নি। তাই হাজার হা মানুষ যাঁরা দরখাস্ত করেছিলেন তাঁরা যাতে পেনশেন পান সেই ব্যবস্থা পশ্চিম বা সরকার করবেন এই আশা রাখি।

ডাঃ জয়নাল আবেদীন ঃ স্যার, ৩৫০ ধারা অনুযায়ী আমি একটা পয়েন্ট অর্ডার তুলতে চাই। (গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** পরে শুনবো। এখন কাশীনাথ মিশ্র বলুন।

(গোলমাল)

(কংগ্রেস (আই) এবং কংগ্রেস (এস) সভ্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, গত ৭ দিন বিধানসভা বন্ধ থাকায় আ নদীয়া এবং মুশিদাবাদে ছিলাম। সেখানে দেখেছি খাদ্যমন্ত্রী ঘোষনা করে কোলকাতা রেশন এলাকায় রেশন কমান হবে। এতে আমরা খুব উদ্বিগ্ন। কা আমাদের ধারণা ছিল গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা অব্যাহত থাকবে। কিন্তু গত ৭ দি দেখলাম নদীয়া ও মুশিদাবাদ জেলায় রেশন ব্যবস্থা চালু নেই। মাঠে আমন ধ শুকিয়ে গেছে। একটা প্রায় প্রাক দুর্ভিক্ষের অবস্থা চলছে। গ্রামাঞ্চলে রেশন ব্যব ভেঙে পড়েছে। কেরোসিন পাওয়া যাচ্ছে না। এই ভয়াবহ পরিস্থিতিতে খাদ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষন করছি এবং অবিলম্বে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করছি

**শ্রীকমল সরকার ঃ** স্যার, পশ্চিমবাংলায় খরা এমন একটা জায়গা এসেছে গ্রামাঞ্চলে মাঠের পর মাঠ খরায় পুড়ে যাচ্ছে। সেখানে মাঠে জল যাচ্ছে না, জ দেবার কোন ব্যবস্থা নেই এবং ডিপ টিউবওয়েল দিয়ে কিছু করা যাচ্ছে না। খড়দা বিলকান্দা অঞ্চল যেটা পঞ্চায়েত এলাকায় পড়ে সেখানে যারা চাষ করে তারা কো জল পাচ্ছে না। পাম্প দিয়ে বা অন্য উপায়ে যাতে জল পেঁৗছাতে পারে সেদিকে কৃ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এদিকে নজর দেবার জন্য বলছি।

[2-00—2-10 p.m.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। বিষয়টি হচ্ছে সম্প্রতি রাজ্যসরকার একটা সিদ্ধান্ত ঘোষণা করেছেন যে এই মাসের প্রথম সপ্তাহ থেকে কলকাতায় রেশনে চালের বরাদ্দ মাথা পিছু ১ কে. জি. করে কমিয়ে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে। বর্তমানে প্রতিটি নিত্য প্রয়োজনীয় দ্রব্য যেখানে মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে সেখানে এই মহানগরীর লক্ষ লক্ষ শ্রমজীবী সাধারণ মানুষের জীবনে রেশনে বরাদ্দ কমানর সিদ্ধান্ত একটা বিরাট দুর্যোগ নামিয়ে নিয়ে আসবে। এক্ষেত্রে আমার বক্তব্য সংশোধিত রেশন এলাকায় এবং স্ট্যাটুটরী রেশন এলাকায় রেশন ব্যবস্থা অব্যাহত রাখতে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকারের এই দাবি রাখার সাথে সাথে রাজ্যসরকার তাঁর নিজস্ব ক্ষেত্রে খাদ্য সংগ্রহের ব্যবস্থা জোরদার করে ১ কোটি ভুয়া রেশন কার্ডের মাধ্যম যে রেশনের চাল কালো বাজারে চলে যাচ্ছে সেটা প্রতিরোধের ব্যবস্থা করুন। আজকে পাবলিক ডিস্ট্রিবিউসানে যে

বিরাট দুর্নীতি চলছে সেগুলি দূর করার চেষ্টা করুন। এছাড়া আগামী ফসল ওঠার মরশুমে জোতদারদের উপর লেভি ধার্য করার সাথে সাথে মিলমালিক, কালোবাজারী, মজুতদারদের উপর কঠোর ব্যবস্থা নিয়ে এবং খাদ্য সংগ্রহের ব্যবস্থা জোরদার করে যাতে রেশন ব্যবস্থা চালু রাখা যায় সেই অনুরোধ আমি করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলায় খরা পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। গত ৪০/৪৫ দিন যাবত সেখানে কোন বৃষ্টিপাত হয়নি। বর্ষায় যেটুকু চাষের কাজ হয়েছিল তা জলের অভাবে শুকিয়ে গেছে। জলাশয়গুলি দিনরাত পাম্প চালানোর ফলে শুকিয়ে গেছে। সেখানে পাণীয় জলের সংকট দেখা দিয়েছে, স্নানের জলেরও অভাব দেখা দিয়েছে। আরো উদ্বেগজনক বিষয় হল সেখানে কোন কাজ নেই, হাজার হাজার কৃষি মজুর এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে কাজের জন্য ঘুরে বেড়াচ্ছে। দুর্ভিক্ষের একটা আতঙ্ক ঐ এলাকার মানুষের মধ্যে বিরাজ করছে। এই অবস্থার সত্বর প্রতিবিধান কল্পে আমি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলায় সর্বত্র দ্বিতীয় দফায় প্রচণ্ড খরা চলছে। নদীয়া জেলা আউশ এবং পাট প্রধান জেলা। আউশ অনেকাংশে নষ্ট হয়ে গেছে এবং পাট যেটুকু হয়েছিল সেটুকু জলের অভাবে পচান যাচ্ছে না। রোয়া ধান যেটুকু আবাদ করা হয়েছিল সেগুলি শুকিয়ে যাচ্ছে। সর্বত্র ক্ষেত মজুর গরীব কৃষকদের চরম দুর্গতি চলছে, তারা বেকার হয়ে যাচ্ছে। তাই ত্রান মন্ত্রী এবং কৃষি মন্ত্রীর কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২ মাস ধরে বনগাঁ গাইঘাটা অঞ্চলে বৃষ্টি হচ্ছে না। বৃষ্টি না হওয়ার জন্য ঐ এলাকায় পাট পচানর ক্ষেত্রে খুব অসুবিধা হচ্ছে। শ্রমিক কৃষকের কোন কাজ নেই। যাতে ঐ এলাকায় শ্রমিক কৃষকদের বিভিন্ন কাজ দেওয়া যায় এবং তাদের কিছু আর্থিক সাহায্য আসে তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে অনুরোধ করছি।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বর্ষার প্রারম্ভ থেকে খরার প্রাদুর্ভাব চারিদিকে মানুষকে চেপে ধরেছে, বিশেষ করে আমি বীরভূমের কথা বলছি যেখানে ময়ূরাক্ষী ক্যানেল আছে সেখানে প্রথম থেকে কিছু কিছু জল দিয়ে আমাদের সেচ মন্ত্রী মহাশয় কোন রকমে বীজগুলি বাঁচিয়ে জমিতে বপন করবার ব্যবস্থা করেছিলেন। পরবর্তী সময়ে প্রায় দেড়মাস যাবত কোন বৃষ্টি না হওয়ার জন্য সেচ এলাকার ধানের অবস্থা খুবই খারাপ। তবে ৩ তারিখ থেকে জল দেবার ব্যবস্থা হওয়ায় কিছু ধান বাঁচছে। কিন্তু যে এলাকায় কোন রকম ক্যানেল ব্যবস্থা নেই সেখানকার অবস্থা খুবই খারাপ। এই প্রসঙ্গে আমি বিশেষ করে রামপুর হাটের নারায়নপুর এবং মাসরা এই দুটি অঞ্চলের কথা উল্লেখ করছি। এই দুটি অঞ্চলে প্রায় সেভেনটি ফাইভ পারসেণ্ট লোক ট্রাইব্যাল জাতি, এদের খাদ্যের কোন ব্যবস্থা নেই, ফুড ফর ওয়ার্কের ব্যবস্থা নেই। তাদের ধান শেষ হয়ে যাওয়ায় তারা অত্যন্ত সাংঘাতিক অবস্থায় পড়েছে। কাজেই আমি কৃষি মন্ত্রী এবং যাঁর হাতে মাইনর

ইরিগেসন আছে তাঁকে অনুরোধ করছি অবিলম্বে যদি এই দুটি অঞ্চলের জন্য স্পেশাল রিলিফের ব্যবস্থা না করেন তাহলে ওখানে মানুষের মৃত্যু ঘটবে।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হোম ট্রান্সপোর্ট সংক্রান্ত একটি বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা হচ্ছে কুলপী। ওখানে ঢোলা থেকে লক্ষ্মীকান্তপুর ৭ মাইলের একটা বাস রুট আছে এবং ডায়মণ্ডহারবারের ৮৯ নং বাস ওই রুটে ৪ টি যাওয়ার কথা। কিন্তু আমরা দেখছি সেখানে তারা মাত্র দুটি বাস চালায়। এই ব্যাপার নিয়ে আমি ইতিপূর্বে বিধানসভায় উল্লেখ করেছিলাম যে, একটি ছেলে ভীড়ের চাপে একেবারে বাস-এর চাকার তলায় চলে গেছে। ওঁরা ৪ টি বাস-এর পার্মিট নিয়ে দুটি বাস চালাচ্ছে। আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি তারা যেন ওই রুটে ৪ টি বাস চালায় এবং এরজন্য তিনি যেন ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রণ্ট সরকারের কৃষি এবং ত্রান দপ্তরের মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে অনেক মাননীয় সদস্যারা উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যে খরা দেখা দিয়েছে তাতে পাট চাষ নষ্ট হয়েছে এবং যেটুকু ধান চাষ হয়েছিল তাও শুকিয়ে যাচ্ছে। তুলনামূলকভাবে আমাদের ২৪ পরগণায় আগে ক্ষতি হয়নি, কিন্তু গত ১ মাস যাবত কোন বৃষ্টি না হওয়ায় সেখানে মাঠে কোন জল নেই এবং তার ফলে ধানের গাছগুলি শুকিয়ে যাচ্ছে এবং ঝাঝি ঘাস বলে একরকম ঘাস আছে যেগুলি ধানের গাছের ক্ষতি করছে। অবিলম্বে যদি জল না হয় তাহলে সুন্দরবনের ব্যাপক অঞ্চলে এরকম অবস্থা হবে এবং পশ্চিমবঙ্গে দুর্ভিক্ষের করাল ছায়া নেমে আসবে। এই ব্যাপারে জনসাধারণের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে, তাদের কোন কাজ নেই, চালের দাম হু হু করে বেড়ে যাচ্ছে, রেশনে চাল পাওয়া যাচ্ছে না। তবে রেশনের মাধ্যমে যেটুকু চাল যেটুকু চাল দেওয়া হচ্ছে তাও আবার ডিলাররা খোলাবাজারে বিক্রি করে দিচ্ছে। অবস্থা যা দাঁড়িয়েছে তাতে বলা যায় আমরা আগামী দিনে দুর্ভিক্ষের মুখোমুখী হচ্ছি। এই পরিস্থিতিতে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি একটা সর্বদলীয় কমিটি গঠন করে আগামীদিনে এই দুর্ভিক্ষের কিভাবে মোকাবিলা করা যায় এবং রবি মরশুমের চাষবাস যাতে করা যায় সেই বিষয় নিয়ে ওই সর্বদলীয় কমিটিতে সামগ্রিকভাবে আলোচনা করুন।

[2-10—2-20 p.m.]

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে শুনলাম এবং জানলাম যে যদিও গোটা পশ্চিমবাংলা খরায় আক্রান্ত হয়েছে, তবুও উত্তর বঙ্গে কিছু বৃষ্টি হয়েছিল এবং সেখানে কম খরা হয়েছে। একথা সত্য যে উত্তর বঙ্গে কিছু বৃষ্টি হয়েছিল এবং ধান আবাদ হয়েছে। কিন্তু গাছের নারিসিং পিরিয়ডে গোটা উত্তর বঙ্গে জলপাইগুড়ি, কুচবিহার এবং পশ্চিম দিনাজপুরে একেবারে কোন রকম জল নাই। যা যা রোয়া হয়েছিল তা একেবারে শুকিয়ে যাচ্ছে। মাননীয় সদস্যারা বিভিন্ন এলাকার কথা বলেছেন। আমি বলতে চাই গোটা পশ্চিমবঙ্গেই খরা চলছে এবং বামফ্রণ্ট সরকার সে ব্যাপারে সচেতন। তাঁরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করছেন।

আমার বিশেষ বক্তব্য হচ্ছে যেহেতু পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অংশ তাই এই পশ্চিম বঙ্গের এই খরা এবং প্রাকৃতিক বিপর্যয়কে ভারত সরকারের কাছে যাতে একটা জাতীয় বিপর্যয় হিসাবে তুলতে পারেন তার জন্য আমাদের সরকার যেন চেষ্টা করেন।

**Mr. Speaker :** এখানে একটা ঘোষণা আছে। I have to make an announcement in connection with the meeting of the All Party Delegation of the West Bengal Legislative Assembly with the Prime Minister of India, Minister for External Affairs and the Minister for Irrigation on the issue of distribution of the Ganga — Teesta waters. Shri Kamakhya Charan Ghosh, Shri Jayanta Biswas and Dr. Sukumar Roy have been included as members of the All Party Deligation to Delhi in place of Shri Kanai Bhowmik, Minister and Shri Amalenndra Roy and Dr. Zainal Abedin respectively.

**শ্রীদেবপ্রসাদ সরকার :** আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে আজকে এখানে এই রকম যে একটা ঘটনা ঘটেছে যেটা শুধু এখানেই নিবদ্ধ নেই বিশ্বব্যাঙ্কে পর্যন্ত চলে গেছে সেই সি. এম. ডি.এ-এর ব্যাপারে আমরা বিধান সভার সদস্যরা এখানে একটা আলোচনা করার সময় পাবো না ? কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে বিশ্বব্যাঙ্ক পশ্চিমবাংলায় এ নিয়ে একটা তোলপাড় চলছে ! সাড়ে তিন কোটি টাকার প্রশ্ন এবং যেখানে মন্ত্রী পর্যন্ত জড়িত এবং সে সম্বন্ধে চীফ মিনিষ্টারকে কাগজে ষ্টেটমেণ্ট করতে হচ্ছে। এনকোয়ারী প্রশ্ন উঠেছে, সেখানে এই বিধানসভার সদস্যরা আলোচনা করতে পারবে না ? এটা আমার পয়েণ্ট অব অর্ডার।

এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়, এখানে আলোচনা করার সুযোগ দিতে হবে।

**মিঃ স্পীকার :** চীফ মিনিষ্টারের ৮ তারিখে ষ্টেটমেণ্ট করার কথা ছিল। তিনি এই প্রশ্নের উত্তর আগামী ৬ তারিখে দেবেন।

## LEGISLATION

**The West Bengal Scheduled Casts and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1982.**

**Dr. Sambhu Nath Mandi :** Sir, I beg to introduce the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative assembly. Consequent upon the implementation of the West Bengal Services (Revision of Pay and Allowance) Rules, 1981 with effect from the 1st April, 1981, the benefit of reservation in promotion in services and posts under the State Government and certain other establishments, which was so long being enjoyed by the members of the Scheduled Castes and Scheduled Tribes, needed to be protected in full by commensurably enhancing the ceiling of the maximum of the pay scale for the purpose of such reservation.

*As the West Bengal Legislative Assembly was not in session, the West* **Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Third Ordinance, 1982 (West Ben. Ord. XIV of 1982) was promulgated to protect the extent and scope of the existing benefit of reservation in promotion for the members of the Scheduled Casts and Scheduled Tribes, who are not yet adequately represented in State Services.**

(Secretary then read the title of the Bill)

**Statutory Resolution**

**Mr. Speaker** : I have received a notice of a Statutory Resolution from Shri Kashinath Misra disapproving the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Third Ordinance, 1982 ( West Bengal Ordinance No. XIV of 1982 ). I now call upon Shri Kashinath Misra to move the Resolution.

( Pasue )

The Resolution is not moved.

Now I request the Hon'ble Minister to move his motion for consideration of the Bill.

**Dr. Sambu Nath Mandi** : Sir, I beg to move that the West Bengal Scheduled Castes and Seheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1982, be taken into consideration.

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ডাঃ শম্ভুনাথ মাণ্ডি, সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস রির্জাভেশণ সার্ভিসেস এ্যান্ড এ্যামেণ্ডমেণ্ট করে যে অর্ডিন্যান্স করেছিলেন, সেই অর্ডিন্যান্সের বিষয়বস্তু আমরা এই হাউসে ইতিপুর্বে একবার আলোচনা করেছি। আমরা সেখানে বলেছিলাম যে সিডিউল্ড কাস্টদের যেটুকু সীমিত সুযোগ সুবিধা আছে, সেই সুযোগ সুবিধাকে রক্ষা করার উদ্বেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। কাজেই এই বিলের বিরোধিতা করার কোন বিষয় থাকতে পারে না, বিলকে সমর্থন না করে কারোর উপায় নেই, এমন কি বিরোধীপক্ষের মাননীয় সদস্যদেরও বিরোধিতা করার কোন উপায় নেই। এই বিলের বিরোধিতা করার মানে হচ্ছে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের যে সীমিত সুযোগ সুবিধা আছে তার বিরোধিতা করা। আপনারা সকলেই জানেন পে-কমিশনের রিপোর্ট পাওয়ার পরে স্বভাবতঃই সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস, যাঁরা চাকরি বাকরি করেন তাদের সকলের যে বেতন কাঠামো ছিল তার পরিবর্তন ঘটে এবং উর্ধ্বমুখী হয়ে ওঠে। এটা অনেকেই দেখেছেন আমাদের আইনে যে পরিমাণ শিলিং ছিল, প্রমোশন এবং অন্যান্য যে সুযোগ সুবিধাগুলির যে শিলিং ছিল সেটা অনেকে ছাড়িয়ে যায় পে-কমিশনের রিপোর্ট বেরোবার ফলে। সেজন্য এই আইনের বর্তমানে প্রয়োজন আছে। স্বভাবতঃই হাউসে আমরা সেই বিষয় নিয়ে আলোচনা করছি যে ২০০০ টাকার উপর যাদের মাইনে হয়ে গেল পে-কমিশনের রিপোর্টের ফলে, এর জন্য এই সব সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস যাঁরা চাকরি রত আছেন তাঁদের

সেই সুযোগটা থেকে তাঁরা তো বঞ্চিত হতে পারেন না। তাঁদের সুযোগটা অব্যাতত রাখার জন্য এই আইনটি আনা হয়েছে। যারা আগে ২০০০ টাকার মত বেতন পেত, বর্তমানে পে-কমিশনের রিপোর্টের ফলে তাদের বেতন বেড়ে গেল শুধু এই বাড়তি বেতনটা পাওয়ার জন্য সেই সুযোগটা তারা পাবেন, এটাই করতে চাওয়া হয়েছে। সিডিউল্ড কাষ্টস্ এবং সিডিউল্ড ট্রাইবসের সমস্যা একটা জাতীয় সমস্যা। এই সমস্যা আজকেই শুধু নয়, আমাদের দেশ স্বাধীন হবার আগে থেকেই, বৃটিশ সাম্রাজ্যবাদ যখন এই দেশে ছিল সেই সময় থেকে এই প্রবলেম রয়ে গেছে এবং যার জন্য আমাদের দেশে এই সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবস—তাদের একটা লিষ্ট আমাদের করতে হয়েছিল।

[2-20—2-30 p.m.]

যারা সবচেয়ে সোসালি, ফিন্যানসিয়ালি ব্যাক ওয়ার্ড তাদের সামাজিক ভাবে কিছু সুযোগ সুবিধা দিয়ে সমাজের মধ্যে একটা সমতা ফিরিয়ে আনবার চেষ্টা করব, এই লক্ষ্য ছিল। যার জন্য ১৯৩০ সালে একটা এ্যাক্ট হয়। ১৯৩০ সালে এস. সি., এস. টি. দের নানা রকম সুযোগ সুবিধা নিয়ে একটা সার্ভে হয় এবং ১৯৩৫ সালে ইণ্ডিয়া এ্যাক্ট তৈরী হয়। সিডিউল্ড কাষ্টস, সিডিউল্ড ট্রাইবসদের সেই সব সুযোগ সুবিধাগুলি বজায় রাখার জন্য আবার একটা আইন হয়। দেশ স্বাধীন হবার পরেও আমরা সেই সব সুযোগ সুবিধাগুলি বাদ দিতে পারিনি। কারণ, আমাদের দেশে সামাজিক বৈষম্য এত বেশী, যার জন্য যুগ যুগ ধরে শুধুমাত্র সামাজিক কারণে একটা বিরাট অংশের মানুষকে তাদের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হত। সেই মানুষগুলির স্বার্থ রক্ষার জন্য, সামাজিক সুবিচারের জন্য স্বাধীনতার পরেও সংবিধানে সুনির্দিষ্টভাবে ব্যবস্থা গ্রহণ করার কথা বলা হল। এই সিডিউল্ড কাষ্টস এ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবসদের স্বার্থ রক্ষার জন্য সংবিধানে ব্যবস্থা গ্রহণ করা হল। এটা খুবই লজ্জার বিষয় যে দেশ ৩৫ বছর স্বাধীন হবার পরেও আমরা সেই সমস্যার সমাধান করতে পারি নি। উপরন্তু দেখা যাচ্ছে এই বৈষম্য আরো বেড়ে গেছে বৈষম্য প্রতিনিয়তই বাড়ছে। শহরাঞ্চলের বাইরে যে বিপুল মানুষ গ্রামাঞ্চলে থাকে তাদের অবস্থা স্বাধীনতার আগে যা ছিল তার থেকে এ্যাভারেজ কারো অবস্থা ভাল হয়নি, বরং আরো খারাপ হয়েছে। সিডিউল্ড কাষ্টস এ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবসরা যেসব সুযোগ সুবিধা পেয়ে থাকে তার থেকে তাদের বঞ্চিত করার জন্য শিক্ষিত সম্প্রদায়ের একটা অংশের মানুষ চেষ্টা করে আসছে। যার জন্য আমরা গুজরাটে মারাঠাওয়ারা আন্দোলন অর্গানাইজ করতে দেখেছি। যারা এটা করেছে তারা সবাই শিক্ষিত, সমাজ সচেতন। সমাজের সমস্যাটা তারা বোঝেন। কিন্তু তা সত্ত্বেও তারা এই সব সিডিউল্ড কাষ্টস, সিডিউল্ড ট্রাইবসদের স্বার্থের বিরুদ্ধে, তাদের সামাজিক সুযোগ সুবিধা কেড়ে নেবার জন্য আন্দোলন করেছেন। আমরা এর নিন্দা না করে পারি না। দলমত নির্বিশেষে সমস্ত মানুষেরই এর নিন্দা করা উচিত। সামগ্রিকভাবে তাদের অগ্রগতির জন্য গভীর ভাবে আমাদের চিন্তাভাবনা করতে হবে। আজকে কনভারসানের প্রশ্ন উঠতে পারে। আপনারা জানেন সিডিউল্ড কাষ্টদের একটা অংশ বিভিন্ন

ধর্মে কনভার্ট হয়ে যাচ্ছে। কিছু খ্রীশ্চান হচ্ছে, কিছু মুসলিম হচ্ছে, কিছু বুদ্ধি হচ্ছে। এই কনভারসানের ব্যাপারটা আমরা ইচ্ছা করলেই বন্ধ করতে পারি না কারণ, এর পিছনে সামাজিক, অর্থনৈতিক ইত্যাদি নানা কারণ জড়িত আছে। কাজে এইসব সামাজিক, অর্থনৈতিক কারণগুলি চিন্তা করে সিডিউল্ড কাস্টস, সিডিউল্ড ট্রাইবসদের মৌলিক সমস্যার দিকে নজর দিয়ে যদি বোঝার চেষ্টা করি তবেই এ সমস্যার সমাধান করা সম্ভব। বিগত ৩৫ বছরে কেন্দ্রীয় সরকার এদের জন্য খু সামান্য কাজ করেছেন। যতটুকু কাজ করার কথা ছিল তাতে তারা সফল হন নি এই কাজে তারা যাতে আগামী দিনে সফলতা অর্জন করতে পারেন সেদিকে আ দৃষ্টি দেবেন, তাদের জন্য আরো বেশী অর্থ দেবেন এবং নতুন নতুন পরিকল্পন প্রকল্পের মাধ্যমে তাদের সামগ্রিক উন্নয়নের চেষ্টা করবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী ডাঃ শম্ভু মান্ডি যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীশম্ভুনাথ মান্ডি মহাশয় যিনি তফসিলী সম্প্রদায় এবং আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী, তিনি আজ সভায় যে বিল পেশ করেছেন সেই বিল সম্পর্কে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, কংগ্রেসীরা অনেক অবান্তর কথা এখানে বলেন আমরা জানি কিন্তু আজ যে বিল মাননীয় মন্ত্রীমহাশয় সভায় পেশ করেছেন সেই বিল সম্পর্কে কংগ্রেসীরা আজ সভায় উপস্থিত থাকলে কোন বিরোধী কথা বলতে পারতেন কিনা সন্দেহ আছে। স্যার, ইংরাজরা এই দেশ যখন শাসন করতো তখন আমরা জানি এই ধর্মান্তকরণের ব্যাপারটা অত্যন্ত মারাত্মক করে তুলেছিল। সেখানে আদিবাসী সাঁওতাল ও তপশীলীদের খৃষ্টান ধর্মে ধর্মান্তকরণের জন্য যেখানে তারা বাস করতো সেখানে কোন জায়গায় হাসপাতাল, কোন জায়গায় স্কুল ইত্যাদি করতো এবং মানুষদের শিক্ষিত করার নামে ধর্মান্তকরণের প্রচেষ্টা চালাতো। আমাদের দেশের এইসমস্ত অবহেলিত, অচ্ছুৎ শ্রেণীর মানুষদের ধর্মান্তকরণের এই যে প্রচেষ্টা একে নিন্দা করার ভাষা আমার নেই। ইংরাজ এই দেশ থেকে চলে যাবার পর আমাদের দেশে কংগ্রেস শাসন ক্ষমতায় এলো। একথা বলব না যে কংগ্রেস এই তপশীলী এবং আদিবাসীদের সম্পর্কে কোন চিন্তা-ভাবনা করেন নি। সংবিধানে আমরা দেখেছি তাদের জন্য সিট সংরক্ষণ, তাদের সম্পর্কে অনেক কথাই বলা হয়েছে, কিন্তু তা বললেও আমরা দেখেছি যেহেতু কংগ্রেস দলের মানসিকতা নীচের তলার মানুষের দিকে ছিল না, তাদের দৃষ্টি ছিল ধনী, বড় ব্যবসায়ী, একচেটিয়া পুঁজিপতিদের উন্নতির দিকে সেইহেতু এই উপজাতি এবং তপশীলীদের সম্পর্কে তারা কিছু করার ফুরসত পান নি। স্যার, আজকে যে বিলটি মাননীয় মন্ত্রীমহাশয় এনেছেন এতে বলা হয়েছে ঐ উপজাতি সম্প্রদায়কে বামফ্রন্ট সরকার পে-কমিশনের মাধ্যমে যে সমস্ত সুযোগসুবিধা দিয়েছেন সেগুলি যেন ঠিকমত তারা পান এবং চাকরির ক্ষেত্রে তাদের জন্য যে পারসেনটেজ নির্দ্ধারিত আছে সেটা যেন অবহেলিত বা উপেক্ষিত না হয় সেদিকে দেখা হবে। স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় আজকে যে বিল এনেছেন তারজন্য আমি তাঁকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। আমাদের এই সরকার যে নীচের তলার মানুষদের উন্নয়নের জন্য সব সময়ই সচেষ্ট সেটা এই

বিল থেকেই বোঝা যাচ্ছে। আদিবাসী সাঁওতাল, তপশীলী সম্প্রদায়, তাদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য, তাদের চাকরি ও লেখাপড়ার উন্নয়নের জন্য মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন সেই বিলটিকে আমি আমার তরফ থেকে, আমার দলের তরফ থেকে এবং বামফ্রণ্ট সরকারের তরফ থেকে স্বাগত জানাচ্ছি। স্যার, গ্রামাঞ্চলের একজন কর্মী হিসাবে এই আদিবাসী সম্প্রদায়ের মানুষের মধ্যে থেকে আমি কাজ করি এবং তাদের প্রকৃত অবস্থার কথা আমি জানি। আমার রামপুরহাট কেন্দ্রের এক দশমাংশ সাঁওতাল। আমরা যখন তাদের কাছে যাই তারা বলেন আমাদের সম্বন্ধে তো অনেক কথাই বলা হয় কিন্তু আজ পর্যন্ত তো কিছুই করা হল না—একথা যখন শুনি তখন আমরা লজ্জিত হই। বামফ্রণ্টের এক বন্ধুও বলেছেন সেই লজ্জার কথা। আজ পর্যন্ত এই আদিবাসী এবং তপশীলীদের আমরা সমমর্যাদা দিতে পারি নি। শ্রীমতী গান্ধী বলেন, তিনি "গরিবী হটাবেন।" গরিবী হটানো তো দূরের কথা আজও আমরা দেখতে পাচ্ছি এই আদিবাসী, তপশীলীদের ধর্মান্তরিত করা হচ্ছে। তা ছাড়া আরো আমরা দেখছি "সাঁওতালিস্থান" ইত্যাদি নানা রকম "স্থানের" কথা শোনা যাচ্ছে। যদি শ্রীমতী গান্ধী সত্যিকারের গরিবী হটানোর জন্য কাজ করতেন তাহলে এটা ঘটতো না।

[2-30 –2-40 p.m ]

জাতিকে রক্ষা করার জন্য এবং অখণ্ডতাকে রক্ষা করার জন্য এই জিনিস আরো সাহায্য করবে। এই কথা বলে এই বিলকে সর্বান্তকরনে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীখরা সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তপশীলি জাতি এবং তপশীলি জন-জাতি সম্পর্ক এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করে দু' একটি কথা বলছি। দীর্ঘ ৩৫ বছর কংগ্রেস শাসনে ছিল কিন্তু তারা আদিবাসিদের উন্নয়নের জন্য তেমন কিছুই করেনি। আমরা দেখেছি যে আগে গ্রামে একটা কথা প্রচলিত ছিল যে আদিবাসী তপশীলি জাতি ও জনজাতির মধ্যে যদি কোয়ালিফায়েড থাকে তাহলে সে চাকুরী পাবার সুযোগ-সুবিধা পেত। আজকে গ্রামে-গঞ্জে প্রচুর আদিবাসী ছাত্র, তপশীলি উপজাতি ছাত্র বেকার হয়ে পড়েছে। আগের মত গ্রামে আর বলা যাচ্ছে না যে কোয়ালিফায়েড হতে পারলে তাদের চাকুরী দেওয়া যাবে। কারণ দীর্ঘ ৩৫ বছর ধরে আদিবাসী তপশীলি জাতিও জন-জাতিদের জন্য যে কোটা ছিল কেন্দ্র এবং রাজ্যে সেটা অনেক ক্ষেত্রে কংগ্রেসীরা কারচুপী করে রেখেছিল, তাদের দেয়নি। কোথাও হয়ত দু,একটা আদিবাসীদের দেওয়া হয়েছে, কিন্তু বেশীর ভাগ কোটা থেকে তাদের বঞ্চিত করা হয়েছে। বর্তমানে বামফ্রণ্ট সরকার ৫ বছরে আদিবাসীদের ক্ষেত্রে অনেক সুযোগ-সুবিধা এনে দিয়েছে—কি শিক্ষিত, কি ন্যাংটা, কি ক্ষেতমজুর, কি বর্গাচাষী, সকলের জন্য এই সুযোগ-সুবিধা এনে দিয়েছে এবং তার ফলে পশ্চিমবঙ্গের আদিবাসী সমাজ, তপশীলি জাতি এবং উপজাতি সম্প্রদায় বুঝতে পেরেছে যে এই সরকার তাদের জন্য ভাল কাজ করতে চাইছেন। যারা অশিক্ষিত আদিবাসী তাদের ক্ষেত্রে বিভিন্ন রকম লোনের সুযোগ-সুবিধা এবং শিক্ষিত আদিবাসীদের ক্ষেত্রে যে কোটা পশ্চিমবঙ্গ সরকার ঠিক করে দিয়েছেন সেটা তারা পূরণ

করার চেষ্টা করছেন। আমি এই কথা বলতে চাই যে দীর্ঘ ৩৫ বছর ধরে যে কোটাগু তারা পায়নি, বামফ্রণ্ট সরকারের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে সেই কোটাগুলি যা ধীরে ধীরে তাদের দেওয়া যায় তার জন্য লক্ষ্য রাখতে অনুরোধ করছি। বামফ্র সরকারকে আরো সতর্ক করে দিয়ে এই কথা বলতে চাই যে দীর্ঘ ৩৫ বছরে আদিবা তপশীতি জাতির মধ্যে কোন আন্দোলন গড়ে ওঠেনি, কিন্তু এই ৫ বছরে তাদের মা একটা আন্দোলন দেখা যাচ্ছে এবং এটা বিচ্ছিন্নতাবাদী চক্রান্তের মাধ্যমে তাদের উস্কা দেওয়া হচ্ছে। কাজেই এই দিক থেকে সতর্ক থাকতে হবে। বামফ্রণ্ট সরকারে আরো লক্ষ্য রাখা উচিত যে, আদিবাসীদের জন্য যে সুযোগ-সুবিধা নির্ধারণ করা হয়ে সেগুলি যাতে যথাযথ ভাবে পালন করা হয়। এগুলি যদি ঠিক ঠিক ভাবে লক্ষ্য রা হয় তাহলে এই সরকারের প্রতি তাদের আরো আস্থা বাড়বে। এই কথা বলে আম বক্তব্য শেষ করছি।

**শ্রীহিমাংশু কুনার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তফসিলী ও আদিবাসী উন্নয় বিভাগের মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন আমি সেই বিলকে সর্বান্তকর সমর্থন করছি। অদ্যাবধি পশ্চিমবাংলার মোট যে জনসংখ্যা তার শতকরা ২ জনেরও বেশী তফসিলী ও আদিবাসী শ্রেণীর মানুষ। কিন্তু চাকুরীর ক্ষেত্রে প সংরক্ষণের যে নীতি অবলম্বন করা হচ্ছে সেই নীতি অনুযায়ী শতকরা মাত্র ১৪ টি প সংরক্ষণের ব্যবস্থা আছে। এর ফলে দেখা যাচ্ছে সমাজের এই পিছিয়ে পড়া অংশ — সামাজিক কারণে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া অংশ — আজও সমাজে মাথা উঁচু করে দাঁড়াতে পারছে না। আজও এদের অবহেলিত করে রাখা হয়েছে। এত দিন যে ব্যবস্থাগুলি চলছিল সেই ব্যবস্থাগুলি ভবিষ্যতেও চলতে থাকলে তপসিলী ও আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের জন্য বামফ্রণ্ট সরকার যে সমস্ত পরিকল্পনা গুলি গ্রহণ করেছে সেগুলিও ব্যর্থ হয়ে যাবে। তা যাতে না যায় সেদিকে দৃষ্টি রেখে এবং সমস্ত পরিকল্পনা গুলিকে বাস্তবায়িত করার জন্যই আজকে এই বিল আনা হয়েছে। ১৯৮১ সালে সরকারী কর্মচারীদের বেতন পুনর্গঠনের ফলে দেখা গেছে যে, অতীতে ২০০০ টাকা এবং তার চেয়ে বেশী বেতন যে সংখ্যক কর্মীরা পেতেন তার চেয়ে অনেক বেশী সংখ্যক বর্তমানে পাচ্ছেন। ফলে এই আইনটা যদি ২০০০ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকে তাহলে পূর্বের চেয়ে অনেক কম সংখ্যক আদিবাসী ও তপসিলী সম্প্রদায়ের কর্মী তাদের জন্য সংরক্ষিত সুযোগ সুবিধাগুলি পায়। এর ফলে আদিবাসী ও তপসিলীদের উন্নয়ন করার পরিকল্পনা ব্যর্থ হয়ে যায়। তাই এটাকে বাড়িয়ে ২৩৭৫ টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং আজকে এটাকে বিল হিসাবে হাউসের সামনে রাখা হয়েছে। এটা গ্রহণ করা হলে জনসংখ্যা বৃদ্ধি এবং বেতন বৃদ্ধির সাথে সাথে চাকুরির সংরক্ষণের হার যেটা আছে সেটা সমহারেই থেকে যাবে। এর ফলে তপসিলী ও আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকবে।

আমরা লক্ষ্য করেছি তফসিলী জাতি ও তফসিলী জন-জাতি সম্প্রদায়ের উন্নয়নের জন্য ভারত সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন রকম প্রকল্প রচনা করেছে। ১৯৫০ সালে গভর্ণমেণ্ট অফ্ ইণ্ডিয়া, মিনিস্ট্রি অফ্ হোম এ্যাফেয়ার্স-এর একটা রিপোর্ট থেকে দেখা যে, সেখানে বলা হয়েছে, 'The State shall promote with special care

the educational and economic interest of the weaker section of the people, and in particular of the scheduled castes and scheduled tribes, and shall protect them from social injustice and all forms of exploitation'. তথাপি আমরা দেখেছি, রিপোর্টে ঐ কথা থাকা সত্বেও তফসিলী জাতি এবং তফসিলী জন-জাতির মানুষরা বিভিন্ন ভাবে বঞ্চিত হচ্ছে। কোথাও বা তাদের ঘর পর্যন্ত পুড়িয়ে দেওয়া হচ্ছে। পশ্চিম বাংলার বাইরে বিহারে, উত্তরপ্রদেশে এবং অন্যান্য রাজ্যে তফসিলী জাতি এবং উপজাতিদের রক্ষা নামে আরো বেশী করে আঘাত করা হচ্ছে। সামাজিক কারণে যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে আছে, স্বাভাবিক কারণেই তারা মাথা উঁচু করতে পারছে না। অর্থনৈতিক দিক থেকে তারা পিছিয়ে আছে বলেই বিভিন্ন শক্তি তাদের ওপর প্রভাব বিস্তার করবার চেষ্টা করছে। এমন কি তাদের ধর্মান্তরিত করা হচ্ছে। তাদের লোভ দেখাচ্ছে যে, ধর্মান্তরিত হয়ে যদি তারা তাদের দিক যায় তাহলে তারা খেয়ে পরে বেঁচে যেতে পারবে, তাদের জীবন যাত্রার মানের উন্নতি হবে। এই সমস্ত প্রলোভনের ফলে তারা বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিক্রিয়াশীল শক্তির খপ্পরে পড়েছে। এই অবস্থায় আজকে যদি পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার এই সমস্ত ব্যবস্থা অবলম্বন না করে তাহলে এখানেও তাদের বঞ্চিত করা হবে। বিগত পে-কমিশনের রিপোর্টে ভিত্তিতে কর্মচারীদের মাইনে বেড়েছে, সেই মাইনে বাড়ার ফলে তপসিলীদের এবং উপজাতিদের জন্য যে সংখ্যক পদগুলি সংরক্ষিত ছিল সেগুলি যাতে অক্ষুন্ন থাকে তার জন্যই এই ব্যবস্থা অবলম্বন করতে হচ্ছে। তাদের জন্য পদ সংরক্ষনের যে নীতি আছে তা যদি অক্ষত না রাখা যায়, তাহলে বামফ্রন্ট সরকার তফসিলী জাতি এবং আদিবাসীদের উন্নয়নের জন্য যে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে সেই পরিকল্পনা কার্যকরী হবে না। তাই এই বিলের মাধ্যমে তপসিলী এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের স্বার্থ রক্ষা করা হচ্ছে, সেই জন্য আমি এই বিলকে সমর্থন করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীরবীন্দ্র নাথ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গ তফসিলী জাতি ও তফসিলী জন-জাতি ( চাকরি ও পদে শূন্যতা সংরক্ষণ ) (সংশোধন) বিধেয়ক, ১৯৮২ নামে যে বিলটি এনেছেন তাকে আমি সমর্থন করছি। আমি কয়েক দিন আগে তফসিলী জাতি ও উপজাতিদের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছিল তাতে আমি কিছু কথা বলেছিলাম। এখানে আমি তার জের টেনে নিয়ে বলছি, এই সংরক্ষনের ব্যাপারটি আজ থেকে নয়, ১৯৩৪ সালে বৃটিশ শাসনের সময় তারা বলেছিল খোলাবাজারে কমপিটিশান মার্কেটে যদি এই তফসিলী জাতি ও উপজাতির প্রার্থীরা পরাজিত হয় তাহলে চাকরীর বাজারের সুযোগ-সুবিধা থেকে তারা যাতে বঞ্চিত না হয়, সেই ব্যবস্থা রাখা উচিৎ। পরবর্তীকালে ১৯৪০ সালে সেটা আরোও সংশোধিত হয়েছে। আমি কংগ্রেস সরকারের কথা বলতে চাই না, কারণ এটা সর্বজনবিদিত, আজকে ৩৫ বছর পার হয়ে গেল, ৩৫ জাতীয় দিবস পালন করলাম কিন্তু কেন্দ্রে

কংগ্রেসী এ্যাডমিনিস্ট্রেসান এক-নাগাড়ে এত বছর রাজত্ব করা সত্বেও তফসিলী জাতি এবং তফসিলী উপজাতিদের ব্যাপারে এমন কিছু করেনি। এদের সম্পর্কে বহু কথা বলেছেন, বহু অনুকম্পা দেখিয়েছেন কিন্তু তাদের যদি দরদ থাকতো, তাদের যদি ভৌম পদার্থ থাকতো তাহলে বঙ্গোপসাগরে আর একটি পূর্বাসা দ্বীপ হতে পারতো। আজও পর্যন্ত কেন্দ্রে সিডিউল কাস্টস এ্যাণ্ড সিডিউল ট্রাইবসদের জন্য আলাদা কোন দপ্তর নেই। একটিমাত্র শাখা আছে স্বরাষ্ট্র দপ্তরের অধীনে। তার ভিতর দিয়ে এদের প্রতি যে আনুগত্য, যে ভালবাসা দেখানো হয়, তার কোন সারবত্তা আছে বলে মনে হয় না। এটা আমরা বুঝতে পারছি। সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার গত ৫ বছরে তফসিলী জাতি ও তফসিলী উপজাতিদের জন্য অনেক কিছু করেছেন। অনেক অবজেকটিভ স্টেপ্স নেওয়া হয়েছে। কিন্তু কথা হলো, এই সংরক্ষণের ব্যাপারে যে স্টেপ গ্রহণ করা হয়েছে, যেভাবে গার্ড দেওয়া হয়েছে সেটা সঠিকভাবে কি পালিত হয়েছে? আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যদি রেট্রসপেকটিভ এ্যাফেক্টের দিকে তাকান তাহলে দেখবেন, তপসিলী জাতি ও উপজাতিদের সংরক্ষণের ব্যাপারে যেসব সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে সেগুলি ঠিকভাবে পালিত হয়নি। আমি কমিটি অন দি ওয়েলফেয়ার অফ সিডিউল্ড কাস্টস এ্যাণ্ড সিডিউল ট্রাইবস-এর সদস্য ছিলাম গত ৫ বছর ধরে। তখন বিভিন্ন দপ্তরের যে সমস্ত সরকারী অফিসাররা আছেন তাদের জিজ্ঞাসা করি এবং জানতে পারি সমস্ত জায়গায় সঠিকভাবে এই নিয়ম পালিত হয়নি বা মেনে চলা হয়নি। আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, গত ৫ বছরের ইতিহাস পোষ্ট-মর্টেম করুন, বিভিন্ন দপ্তরে পালন করা হয়েছে কিনা! তাদের প্রতি আমাদের ভালবাসা আছে। আমরা যেন যোগ্য হতে পারি এবং আমরা যে কর্মসূচী গ্রহণ করবো তা সঠিকভাবে পালনের ক্ষেত্রে কোন রকম অন্যায়ের সঙ্গে যাতে কম্প্রোমাইজ না করি, সে ব্যাপারে যেন দৃষ্টি থাকে এবং এ ব্যাপারে আরও কঠিন, আরও কঠোর হওয়া দরকার। ২ হাজার টাকার যে সিলিংটা ছিল সেটাকে বাড়িয়ে আরও যে ৩৭৫ টাকা যোগ করেছেন তাকে সমর্থন করছি। কারণ বামফ্রন্ট সরকারের আমলে পে-কমিশনের রায়ে সমস্ত সরকারী কর্মচারীরা কিছু টাকার সুযোগ-সুবিধা পেয়েছেন। সুতরাং সবদিক থেকে চিন্তা করে আমি মনে করি এটা সঠিক হয়েছে এবং এটাকে আমি সমর্থন করছি। আইনের যে অধিকার সেটা যাতে প্রয়োগ হয় তা দেখতে হবে। কারণ দীর্ঘ-সূত্রতা আছে, অনেক রকম বাধা চলতে থাকবে। এইসব মনে রেখে যাতে সঠিকভাবে এগুতে পারি তা দেখতে হবে। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বেতনের ব্যাপারে যে সীমারেখা ছিল, সেটা হচ্ছে ২ হাজার টাকা। সেই ২ হাজার টাকা পর্যন্ত বেতন হলে সিডিউইল কাস্ট, সিডিউইল্ ট্রাইবরা প্রোমোসান পাবে। তার অতিরিক্ত যদি বেতন হয় তাহলে তার প্রোমোসানের সুযোগ নেই। আমরা সকলেই জানি ১৯৮১ সালে যে পে রিভিসান হয়েছিল, তাতে সকলের বেতন কিছু কিছু বেড়েছে। এখানে ২ হাজার টাকার ক্ষেত্রে বেতনও বেড়েছে। কিন্তু বেতন বেড়ে গেলে সীমারেখা যদি ২ হাজার টাকা থেকে যায়, তাহলে সিডিউইল কাস্ট এবং সিডিউইল ট্রাইবরা প্রোমোসানের সুযোগ

হচ্ছে না। এইজন্য এই ব্যবস্থা ঠিক রাখার জন্য এবারে ২ হাজারের সঙ্গে আরো ৩৭৫ টাকা যোগ করা হচ্ছে। অর্থাৎ ৩৭৫ টাকা বাড়িয়ে সীমা রেখা ২৩৭৫ টাকায় করা হচ্ছে। ২৩৭৫ টাকা যেখানে বেতন সেখানে প্রোমোসানের সুযোগ পাবে, সেইভাবে বিলটাকে এখানে আনা হয়েছে। আমি আশা করবো সকলেই এই বিলকে সমর্থন করবেন। মাননীয় সদস্যারা নিশ্চয়ই জানেন যে আমাদের ভারতবর্ষ স্বাধীন হয়েছে তা ৩৫ বছর পার হয়ে গেল। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা রিজার্ভেসান আইন আছে। সেখানে ১৫ পারসেণ্ট সিডিউইল কাস্ট এবং সাড়ে সাত পারসেণ্ট সিডিউইল ট্রাইবদের জন্য। সেই ১৫ এবং সাড়ে সাত পারসেণ্ট কেন্দ্রীয় সরকার ঠিকমত পূরণ করতে পারছে না। সেখানে দেখা গেছে দু-এক পারসেণ্ট-এর বেশী সঠিক ভাবে পূরণ হচ্ছে না। আমাদের এই স্টেট গভর্ণমেণ্ট এই বামফ্রণ্ট সরকার আসার আগে দেখা গেছে যে ওদের চাকুরীর ক্ষেত্রে যে রিজার্ভেসান কোটা সেটা পূরণের জন্য কেউ গুরুত্ব দিয়ে দেখেনি। সেই সময় পূরণ হ'ত নিজেদের খেয়াল খুসী মতে। আমরা এখানে আসার পর চেষ্টা করেছি যাতে অন্ততঃ এই স্টেট গভর্ণমেণ্টের যে রিজার্ভেসান কোটা আছে — সিডিউইল কাস্টের জন্য ১৫ পারসেণ্ট এবং সিডিউইল ট্রাইবদের জন্য ৫ পারসেণ্ট সেটা পূরণ করতে পারি। এটা পূরণের জন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে আমরা যত কিছুই আইন করি না কেন, আর সিলিং বাড়াই না কেন আমাদের সরকারের যদি আন্তরিক প্রচেষ্টা না থাকে, সিলিং বাড়িয়ে, আইন করে বিশেষ কিছু পরিবর্তন আনতে পারবো না। আমাদের সরকারের যে বিভিন্ন দপ্তর আছে সেই দপ্তরে আমাদের যে রিজার্ভেসান কোটা আছে সেই কোটা তারা অন্ততঃ পূরণ করবেন এটা আমি আশা করবো। আমি নিজে মন্ত্রী হিসাবে এটা নিশ্চয়ই দেখবো। এবং আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো আপনারা এই ব্যাপারে সাহায্য করবেন এবং যাতে বিভিন্ন দপ্তরের বিভিন্ন ডিপার্টমেণ্টে যাতে এই কোটা পূরণ হয় সেটা দেখবেন। ইতিমধ্যে আমরা কিছু ব্যাপারে এগোতে পেরেছি। আমরা আসার আগে যেখানে মাত্র ৫-৬ পারসেণ্টের জায়গায় ১ থেকে দেড় পারসেণ্ট পূরণ হত, আমরা আসার পর গত ৫ বছরে তার দ্বিগুণ করেছি। প্রায় দ্বিগুনের মত কোটা আমরা পূরণ করতে পেরেছি। এখনও বাকি আমরা পূরণ করতে পারিনি। আমি আশা করি আপনারা যদি সহযোগিতা করেন তাহলে নিশ্চয়ই এই কোটা পূরণ করতে পারবো। তা হলেও আমরা এই সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে চেষ্টা চালিয়ে যাবো। এই তফশীলি জাতি এবং উপজাতি কেন্দ্রীয় সরকার নাম দিলে কেন, আমরা বলি কেন তফশীলি জাতি এবং উপজাতি বলে ?

[2-50—3-00 p.m.]

সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে সামাজিক, অর্থনৈতিক এবং শিক্ষাগত দিক থেকে যে সমস্ত মানুষ পিছিয়ে পড়ে আছেন, অর্থাৎ যাঁরা তপশীল জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ, তাঁদের উপর নানা রকম অত্যাচার চলছে। বিভিন্ন রাজ্যে জাতপাতের কুসংস্কার এবং শ্রেণীগত নানা অজুহাত দেখিয়ে অত্যাচার চলছে আমরা দেখতে পাচ্ছি। সে তুলনায় পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে আমরা গর্ববোধ করি এই জন্য যে, এখানে ঐ

রকম কিছু বিভেদ নেই। সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এখানে ঐ সমস্যা ততবেশী নেই। আমরা এখানে যে শ্রেণীগত বিভেদ দেখি তা'হল, ধনীকশ্রেণী এবং গরীব শ্রেণীর বিভেদ। এইজন্য আমরা গর্ববোধ করতে পারি। আমরা ক্ষমতায় আসার আগে এই শ্রেণীর মধ্যে লেখাপড়া বা অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের বিষয় অপ্রতুলতা দেখেছিলাম। তবুও বলতে হয়, এই সমাজ ব্যবস্থার মধ্যে থেকে যতখানি করা সম্ভব তা করেছি এবং করছি। তাদের জন্য হোস্টেল-এর ব্যবস্থা করেছি, কলেজের ব্যবস্থা করেছি এবং তাদের জন্য মাসিক ৭৫ টাকা হিসাবে দেওয়ার ব্যবস্থা করেছি। এছাড়া, গ্রামে গ্রামে প্রাইমারী স্কুল প্রতিষ্ঠা করেছি। আমরা চাই, যাতে তপশীল জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষ আছেন তাঁরা লেখাপড়ার সুযোগ পান। এর সঙ্গে এও চাই, তাদের নিজেদের যে সমস্ত সংগঠন আছে, সেইসব সংগঠন সরকারী নানারকম সাহায্য পায়। আমরা তাঁদের মধ্যে জমি বিলির বন্দোবস্ত করেছি, ভাগচাষীদের অধিকার প্রতিষ্ঠা ও ভূমিহীনদের মধ্যে জমির পাট্টা বিলির বন্দোবস্ত করেছি। আমরা সরকারী ভাবে এই সমস্ত করার চেষ্টা করেছি যাতে তপশীল জাতি ও উপজাতি মানুষেরা অন্ততঃ অন্যান্য স্তরের মানুষের কাছাকাছি আসতে পারেন। এজন্য প্রচেষ্টা যেমন আমরা আগে করেছি, তেমনি এখনও চলছে। তবুও বলতে হয়, আমরা এমন একটা সমাজ ব্যবস্থার মধ্যে বাস করছি যে, যতদিন পর্যন্ত না এই ধনতান্ত্রিক কাঠামোর পরিবর্তন করা সম্ভব হবে এবং যতদিন না বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে পরিবর্তিত সমাজ প্রতিষ্ঠা করা যাবে, ততদিন পর্যন্ত এই রকম লক্ষ লক্ষ অভাব ও দারিদ্র সমাজে থেকে যাবে। আমি এইজন্য মাননীয় সকল সদস্যদের কাছে আবেদন করব, আপনারা ঐ বৈজ্ঞানিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করার লক্ষ্যে সচেষ্ট হবেন। এই কয়েকটি কথা বলে ও আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নোটিফিকেশান অর্ডার অনুযায়ী পঞ্চায়েতের জব এ্যাসিসটেণ্টের নিয়োগের ব্যাপারে ইনডিভিজুয়াল এরিয়াতে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের নিয়োগের বিষয় নিয়ে কিছু অসুবিধা দেখা যায় — যেমন পঞ্চায়েত এলাকাতে কোন ভালো ক্যান্ডিডেট পাওয়া যাচ্ছে না। সেক্ষেত্রে দেখা যায় যতদিন পর্যন্ত ওই এলাকাতে উপযুক্ত ক্যান্ডিডেট না পাওয়া যাচ্ছে ততদিন ওই পোস্ট ভ্যাকেণ্ট থাকছে। আমার মনে হয় সেক্ষেত্রে যদি কোন জেলাভিত্তিতে যথাযোগ্য ক্যান্ডিডেট দেওয়া যায় তাহলে অনেক উপকার হবে। বিশেষ করে মধ্য পশ্চিমবঙ্গে সিডিউল ট্রাইবদের উপযুক্ত ক্যান্ডিডেট পাওয়া যায় না। সুতরাং সেক্ষেত্রে যদি বিভিন্ন প্রান্ত থেকে উপযুক্ত ক্যান্ডিডেট নেওয়ার ব্যবস্থা করেন তাহলে পোস্টগুলি ভ্যাকেণ্ট থাকে না।

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা রুল অনুযায়ী সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের সরকারী এবং বেসরকারী ক্ষেত্রে নিয়োগ করে থাকি। তবে আপনি যে পঞ্চায়েতের ব্যাপারে বললেন সেটা আমি আপনার সঙ্গে বসে আলোচনা করবো। সেই অনুযায়ী কি করা যায় পরে বিবেচনা করে দেখবো।

**Mr. Speaker :** As Shri Kashinath Misra is absent, his Statutory Resolution is not taken int) consideration.

The motion of Dr. Sambhunath Mandi that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of vacancies in services and posts) Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and greed to.

**Clause 1, 2 & 3 and the Preamble**

The question that the clases 1, 2 & 3 and the preamble do stand part f the bill was then put and agreed to.

**Dr. Sambhunath Mandi :** Sir, I beg to move that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services nd Posts) (Amendment) Bill 1982 as settled in the Assembly be passed.

The motion of Dr. Sambhunath Mandi that the West Bengal Scheduled Casts and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed, was then put greed to.

**The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982.**

**Shri Pralay Talukdar :** Sir, I beg to introduce the West Bengal Khadi nd Village Industries Board (Amendment) Bill, 1982.

( Secretary then read the title of the Bill )

**Shri Pralay Talukda :** Sir, I beg to move that the West Bengal Khadi nd Village Industries Board (Amendment) Bill, 1982, be taken into consideration.

এই খাদি ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ড তৈরী হয়েছিল ১৯৫৯ সালে। তখন যা রেগুলেশান ছিল তাতে খাদি ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ড ৩০০ টাকা অনারারিয়াম বা মাহিনা দিয়ে লোক নিয়োগ করতে পারতেন। কিন্তু সেকসান ৯:৩ সাব-ক্লজ ২-তে তাতে বলা হয়েছিল এই লোক নিয়োগের আগে খাদি ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ডকে একটা এ্যাপ্রুভ্যাল নিতে হবে স্টেট গভর্ণমেণ্টের কাজ থেকে। এই জন্য নিতে হবে যে তারা খরচ-খরচা বাবদ যে লোন খাদি কমিশন থেকে পান তার একটা হিসাব তাদের দিতে হবে।

3-00—3-30 p.m.]

**( Including Adjournment )**

কিন্তু স্টেট গভর্ণমেণ্ট সমস্ত এস্টাবলিসমেণ্ট কস্ট তাদের গ্রাণ্ট-ইন-এডের মাধ্যমে বহন করে। কিন্তু দেখা গেছে যে ১৯৫৯ সালের পর থেকে বহুবার খাদি বোর্ড লোক নিয়োগ করেছেন যার জন্য স্টেট গভর্ণমেণ্টের কাছ থেকে কোন এ্যাপ্রুভ্যাল নেন নি। এর ফলে অনেক অসুবিধা হচ্ছে। সেজন্য বিলে বলা হয়েছে খাদি বোর্ড নিজেরা লোক নিয়োগ করতে পারবেন না এবং স্টেট গভর্ণমেণ্টের কাছ থেকে প্রায়র এ্যাপ্রুভ্যাল নেবেন। আর ৩০০ টাকা মাইনে যেটা ১৯৫৯ সালে ঠিক হয়েছিল সেটা

বাজার দাম অনেক বাড়াতে সেখানে বলেছি ৬০০ টাকার জায়গায় ৭০০ টাকা কর হোক। এটাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য।

**Mr. Speaker** : There is a motion for circulation in the name of Shri Abdul Mannan. Shri Mannan may now move his motion.

( Pause )

The motion is not moved.

(At this stage the House was adjourned till 3.30 p.m.)

**(After adjournment)**

[3-30—3-40 p.m,]

**শ্রীআতাহার রহমান ঃ** মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী খাদি সম্পর্কে যে সংশোধনী বিল এনেছেন সেই বিলকে পূর্ণ সমর্থন করে আমি দু'একটা কথা বলতে চাই। ১৯৫৯ সালে খাদি বোর্ড সম্পর্কে যে বিল আনা হয়েছিল এবং তা থেকে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল সেটা অত্যন্ত বিপজ্জনক। আমরা গত ৫ বছরের অভিজ্ঞতায় দেখেছি ১৯৫৯ সালে খাদি বোর্ডের বাজেট ছিল ৬০ লক্ষ টাকা, আজকে সেই বাজেট বাড়তে বাড়তে ৩ কোটি টাকার উর্ধে এসে দাঁড়িয়েছে। কিন্তু সেই সময় যে কর্মচারীর সংখ্যা ছিল এবং সেটা যেভাবে নিয়োগ হত তাতে খাদি বোর্ডকে প্রসার করার ক্ষেত্রে কোন নিয়ম পদ্ধতি ছিল না। বর্তমান অবস্থায় প্রয়োজন মাফিক যে ব্যবস্থা মাননীয় মন্ত্রী গ্রহণ করার জন্য আমাদের সামনে রেখেছেন সেটা খুব ন্যায় সংগত এবং যুক্তি সংগত। আমরা দেখেছি যোগ্যতম ব্যক্তি না থাকার ফলে এই ইণ্ডাষ্ট্রিতে যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার বাজেট হয় সেই টাকা সঠিকভাবে ব্যবহার করা যায় নি যার ফলে এই খাদির যে ভাবে গ্রামে প্রসার ঘটা উচিত ছিল সেইভাবে প্রসার ঘটেনি। খাদি ২০ টা থেকে ২২টা স্কীম তৈরী করতে পারে এবং গ্রামে যারা বেকার যুবক যুবতী খাদি বোর্ডের সঙ্গে যুক্ত ছিল, দেশলাই, ইঁটের ভাটা, টালির ভাটা ইত্যাদি করে তাদের কর্ম সংস্থান করার যে সুযোগ ছিল সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হচ্ছিল। বর্তমান অবস্থায় যে জিনিস মাননীয় মন্ত্রী মহাশয় করতে চাইছেন সেটা খুব সঠিকভাবে করতে চাইছেন। আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গে অন্যতম কুটির শিল্প হচ্ছে খাদি শিল্প। এই খাদি শিল্পের একটা অংশ মুর্শিদাবাদ জেলায় এক সময় বিশেষ প্রশংসার জায়গাতে গিয়েছিল এবং বেশ প্রসার ঘটেছে। কিন্তু আজকে দেখছি সেই খাদি শিল্প মৃতপ্রায়। এর কারণ হচ্ছে, খাদি কমিশন যে টাকা দেন খাদি বোর্ড তার জামিনদার হন, কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে এই টাকা একবার নিলে আর দিতে হয় না, এগুলি লুটপাট করে খায়। দীর্ঘ ৩০ বছর ধরে এই জিনিস আমরা দেখেছি এবং এখনও তাই দেখছি। স্যার, আমাদের দেশের বেশ কিছু সংখ্যক লোক আছে যারা এই টাকা লুটপাট করে খায় এবং শুধু ভারতবর্ষেই নয়, ভারতবর্ষের বাইরেও এরা এই তাঁত শিল্প থেকে টাকা রোজগার করে। এই অবস্থার জন্য সাধারণ মানুষের ভেতরে যেভাবে এই খাদির প্রসার ঘটান উচিত ছিল সেইভাবে এর প্রসার ঘটছে না। এটা একটা সীমাবদ্ধ অবস্থায় রয়েছে। কাজেই মন্ত্রীমহাশয়ের দৃষ্টিভঙ্গীতে বর্তমান

সময় অনুযায়ী এবং মানুষের চাহিদা অনুসারে এটা তিনি সঠিকভাবেই রেখেছেন। একথা বলে এই সংশোধনী বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ ( সংশোধন ) বিধেয়ক, ১৯৮২ হাউসে উপস্থিত করেছেন। এই সংশোধনী বিলের উদ্দেশ্যের মধ্যে দেখছি যে বোর্ড গঠিত হয়েছিল সেই বোর্ডে কর্মচারী নিয়োগের ক্ষেত্রে—তাঁর বক্তব্য অনুসারে—বোর্ড সরকারের নিয়ম বহির্ভূতভাবে নিয়োগ করেন এবং সেটা নিয়ন্ত্রণ করবার জন্য তিনি এই বিল উত্থাপন করেছেন অর্থাৎ সংশোধনী এনেছেন। এই বোর্ড সাধারণতঃ যেভাবে পরিচালিত হয় তাতে দেখছি এর মধ্যে অনেক দুর্নীতি আছে এবং যে সমস্ত সাহায্য এবং ঋণ বোর্ডের মাধ্যমে যায় সেগুলি যথাযথভাবে বা সহজভাবে যারা গ্রামীন কুটির শিল্পের সঙ্গে এবং খাদি শিল্পের সঙ্গে যুক্ত তারা সেটা পায় না। অনেক সময় দেখা যায় একদল সুযোগ সন্ধানী ব্যক্তি যাঁরা এই বোর্ড পরিচালনায় রয়েছেন তাঁদের মাধ্যমে তারা নানা রকম সুযোগ গ্রহণ করেন। এই জিনিস পূর্বেও ছিল এবং এখনও সেটা চলছে। মন্ত্রী মহাশয় এটা নিয়ন্ত্রণ করতে গিয়ে যে সংশোধনী এনেছেন সেখানে বলেছেন, "রাজ্যসরকারের পূর্বানুমোদন ব্যতীত আধিকারিক বা কর্মচারীর কোন পদ সৃষ্টি করা যাবে না এবং যে পদের বেতন ক্রমের সর্বোচ্চ সীমা ৭০০ টাকার বেশী সেরূপ কোন পদ পূরণ করা যাবে না।" অর্থাৎ বলা হচ্ছে এই সমস্ত ক্ষেত্রে সরকারের অনুমোদন নিতে হবে। এতদিন ধরে বোর্ড যেভাবে চলত তার উপর সরকারী নিয়ন্ত্রণ তিনি রাখতে চাচ্ছেন। তবে আমরা কিন্তু বিভিন্ন ক্ষেত্রে দেখেছি যে সমস্ত বোর্ড ছিল সেগুলিকে সরকারী নিয়ন্ত্রণে এনে তাদের উপর কতগুলি বিধি নিষেধ আরোপ করে সেখানে দলীয় লোক বসাবার চেষ্টা করা হয়েছে।

[3-40—3-50 p.m,]

এই জিনিস অতীতের অভিজ্ঞতায় আমরা দেখেছি। তাই আশঙ্কা থেকে যাচ্ছে। মাননীয় মন্ত্রী এই বোর্ডের যে দুর্নীতি—তাদের খেয়াল খুশী তার যে কাজ করতো, সেটাকে নিয়ন্ত্রণ করবার সৎ উদ্দেশ্যের কথা বলছেন, তা কার্যত এই পথে যাবেন কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। পূর্ববর্তী কালে বিভিন্ন বোর্ডের ক্ষেত্রে এই সরকার সেই সব কাজ করেছেন। তাই মন্ত্রী মহাশয়কে বলবো বোর্ড নিয়ন্ত্রণ করবার, তারা খেয়াল খুশী মত যাতে না চলতে পারে তার ব্যবস্থা করা দরকার, বোর্ডকে দুর্নীতি মুক্ত করার দরকার আছে। গ্রামীন কুটির শিল্প, খাদি শিল্পকে গড়ে তোলবার ক্ষেত্রে সরকারের একটা বিরাট ভূমিকা আছে। আমরা জানি আমাদের এই পশ্চিম-বাংলায় কুটির শিল্প খাদি শিল্পের সঙ্গে অসংখ্য মানুষের রুজিরোজগার, তাদের জীবিকা নির্ভর করে। তাই বোর্ডকে নিয়ন্ত্রণ করবার দরকার আছে এবং বোর্ড যাতে নিয়ম মাফিক স্বাধীনভাবে কাজ করতে পারে সেদিকে সরকারের দেখা দরকার। সরকারের অধীনে এনে সেখানে দলীয় স্বার্থে ব্যবহার করা যাতে না হয় দলের লোককে সেখানে যাতে বসানো না হয় সে দিকে দৃষ্টিভঙ্গি থাকা দরকার। বোর্ড যাতে ভালভাবে চলে, এই কুটির শিল্প খাদি শিল্প যাতে উন্নত হয় মানুষের তার মাধ্যমে যাতে সাহায্য

হয়, মানুষ যাতে ঠিক ঠিক মত সাহায্য পায়, এই শিল্প যাতে পুনর্জিবিত সেদিকে আপনি পদক্ষেপ নেবেন। সরকারের অনুমতি সাপেক্ষে নিয়োগ করতে হবে। কিন্তু সেই লোক নিয়োগ যাতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে বা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমাদের অতীতের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে বিভিন্ন ক্ষেত্রে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নিয়োগ করা হচ্ছে না। নাম মাত্র সরকারের পক্ষ থেকে বলা হয়। কিন্তু কার্যত বাইরের থেকে ঐ সমস্ত লোক নিয়োগ করা হয়। বোর্ডকে নিয়ন্ত্রণ করে ডোবা কুটির শিল্প খাদি গ্রামীণ শিল্পকে পুনর্জিবিত করতে চাচ্ছেন, সেখানে এমপ্লয়মেণ্টের মাধ্যমে ঐ সমস্ত পদগুলি যাতে পূরণ করা হয়, সেখানে যেসব দুর্নীতি আছে সেই দুর্নীতি মুক্ত করে যাতে এই শিল্পের প্রসার ঘটে তার চেষ্টা আপনি করবেন বলে আশা করি। এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষচন্দ্র গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ক্ষুদ্র কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন আমি সেই বিলকে সমর্থন জানাচ্ছি। তিনি এই যে বিল এনেছেন, এর থেকে আমরা পরিষ্কার বুঝতে পারছি যে এই বিলটি আনার যথেষ্ট প্রয়োজন ছিল। এই বিলের উদ্দেশ্যে বর্ণনাতে তিনি যে কথা উল্লেখ করেছেন যে রাজ্য সরকারের নির্দেশের তোয়াক্কা না রেখে বোর্ড কর্তৃপক্ষ অবাধে তাদের ক্ষমতা প্রয়োগ করেছেন এবং তাদের ক্ষমতার বহির্ভূত কার্যকলাপ চালিয়েছেন। নিয়ম অনুযায়ী তাদের সীমাবদ্ধ ক্ষমতা যা আছে তা অতিক্রম করে ব্যতিরেকে বোর্ড তাদের কার্যকলাপ চালিয়েছেন। মন্ত্রী মহাশয় এই বিলের উদ্দেশ্য এবং হেতু বর্ণনা করতে গিয়ে তিনি বলেছেন। ইহা পরিলক্ষিত হইয়াছে যে কোন কোন ক্ষেত্রে পর্যদ নিয়ম অনুযায়ী কিছুটা অবাধেই পদসমূহ সৃষ্টি করেছিলেন এবং কোন কোন ক্ষেত্রে পর্ষদ রাজ্য সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকেই ক্ষমতাবহির্ভূতভাবে কতিপয় পদে নিয়োগকার্য সম্পাদন করেছেন।

রাজ্য সরকার পর্ষদকে বিশেষভাবে বিপরীত নির্দেশ দেওয়া সত্ত্বেও ঐরূপ অবস্থা অব্যাহত ছিল। এই কথা ভেবে অবাক হতে হয়, একটা সরকারের মধ্যে আরেকটা সরকার চলছে, এই রকম একটা অবস্থা সেখানে চলছে। এটা মন্ত্রী মহাশয় নিজেও স্বীকার করেছেন। বিপরীত নির্দেশ দেওয়া সত্ত্বেও সেটাকে উপেক্ষা করার স্পর্ধা এই পর্ষদের হল কি করে? এখন এই বিল বিধানসভায় গ্রহীত হবার পরও তারা যদি ইচ্ছাকৃতভাবে নির্দেশ লংঘন করেন, সেই ক্ষেত্রে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হবে, সরকারের কি করণীয় থাকবে সেটা এই বিলে উল্লেখ থাকলে ভাল হোতো। আশা করি মন্ত্রী মহাশয় জানাবেন, সরকারপক্ষ থেকে যে নির্দেশ দেওয়া হবে তা লংঘন করলে পর্ষদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হবে। গ্রামীণ শিল্প পর্ষদ যেভাবে তাদের কাজ কর্ম করছে, তাদের সামগ্রিক কোন চিন্তা ভাবনা নেই। গোটা রাজ্য জুড়ে যে শিল্প সম্ভাবনা রয়েছে, তার একটা পরিপূর্ণ সমীক্ষা এখন পর্য্যন্ত তাঁরা করেন নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন এই কর্তৃপক্ষের মাধ্যমে পশ্চিম-বাংলার যে সমস্ত পিছিয়ে পড়া এলাকা আছে শিল্পের দিক থেকে, সেই সমস্ত স্থানে যে ক্ষুদ্র শিল্প এবং হস্ত শিল্পের সম্ভাবনা রয়েছে, সেই সমস্ত সম্ভাবনাকে যাচাই করে তা

বাস্তবায়িত করার জন্য কর্তৃপক্ষ অগ্রণীর ভূমিকা নিয়ে এগিয়ে আসেন এবং যোগ্য ভূমিকা পালন। কারণ সেই জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। রাজ্য সরকারের তরফ থেকে পর্ষদকে কতটা সুযোগ সুবিধা দেওয়া যায় সেটা ভেবে দেখার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিলটা এখানে উপাপন করেছি, তার উদ্দেশ্য সম্বন্ধে মাননীয় সদস্য আতাহার রহমান অনেকটা বলেছেন। বিলটা এখানে পেশ করার উদ্দেশ্য হচ্ছে, খাদি বোর্ডের যে কাজকর্ম তা যদি আমরা ঠিকমত পরিচালনা করতে না পারি তাহলে পশ্চিমবাংলার গ্রামীণ শিল্পের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ভূমিকা নিতে পারবে না খাদি বোর্ড। কারণ খাদি বোর্ডের যে ১৮টি বিষয় আছে শিল্পের, সেইগুলোকে যদি ঠিকমত গ্রামাঞ্চলে কার্যকরী করা যায় তাহলে গ্রামে একটা শিল্প গড়ে উঠতে পারে এবং জমির ওপর থেকে কিছুটা চাপ কমান যেতে পারে। খাতি পর্ষদ যেটা গঠিত হয়েছে ১৯৫৯ সালে, সেই পর্ষদ যখন হয়েছিল তখন তার যে বাজেট ছিল সেই বাজেট অনুযায়ী তার কাজের যা পরিধি ছিল, সেই কাজের পরিধি অনুযায়ী খাদি বোর্ডের ইনফ্রাস্ট্রাকচার তৈরী হয়েছিল। সেই সময়ে যারা সেই আইন প্রণয়ন করেছিলেন তাঁরা উপলব্ধি করেছিলেন যে খাদি বোর্ডের কাজ এত দ্রুত বাড়বে, গ্রামের মানুষের সঙ্গে খাদি বোর্ডের যোগাযোগ হবে এবং খাদি কমিশন থেকে যে টাকা পাওয়া যাবে সেই টাকার মাধ্যমে এই আর্টিজন, যাঁরা গ্রামের আছেন তাঁরা সেই টাকার মাধ্যমে গ্রামে শিল্প গড়ে তুলতে পারবেন এবং ঐ আইনে এটাও ছিল ইনফ্রাস্ট্রাকচার করার জন্য যে লোকজন দরকার, গ্রাণ্টিং এড দরকার, তা পশ্চিমবঙ্গ সরকার খাদি বোর্ডেকে এস্টাবলিশড করার জন্য দেবেন। ঐ এ্যাকটের মধ্যে এটা ছিল, যেরকমভাবে খাদি বোর্ডে কাজ বাড়বে সেই রকম ভাবেই ইনফ্রাস্ট্রাকচার বাড়াতে হবে এবং লোকজন বাড়াতে হবে। সেইজন্য ৫ ধারাতে এই কথা বলা হয়েছিল ৩০০ টাকা পর্য্যন্ত অনারারিয়াম দিয়ে লোক খাদি বোর্ডে নিয়োগ করতে পারবেন প্রয়োজন অনুযায়ী।

[3-50—4-00 p.m.]

কারণ, ১৯৫৯ সালে যখন এই আইন আসে তখন আইন রচয়িতারা উপলব্ধি করেছিলেন যে ক্রমাগত খাদির কাজ বাড়বে। খাদির কাজ গ্রাম গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়বে এবং সেই অনুযায়ী তাদের লোকজন দরকার হবে। কিন্তু আইনের মধ্যে এই কথা ছিল যে, খাদির কাজ কর্মে যে লোক দরকার হবে সেই লোক নিয়োগের এ্যাপ্রুভাল রাজ্য সরকার দেবেন। কারণ রাজ্য সরকার তাদের মাইনে ইত্যাদি দেন। ১৯৬০ সাল থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন লোক নিয়োগ করা হয়েছে, কিন্তু রাজ্য সরকারের এ্যাপ্রুভাল নেওয়াটা তারা প্রয়োজন বোধ করেন নি। তার ফলে কি দেখা গেছে? তার ফলে দেখা গেছে এমন এমন পোস্টের জন্য লোক নিয়োগ হয়েছে —সেই পোস্টে লোক নিয়োগ করে খাদির কাজ পরিচালনা করা সম্ভব নয়। একটা বৈজ্ঞানিক ভিত্তিতে পোস্ট স্যাংশাণ্ড হওয়া দরকার যে, কোন্ কোন্ জেলায় কোন্ কোন্ শিল্পে খাদি তার কাজ কর্ম করবেন এবং তার জন্য যে লোক দরকার হবে সেই বিচার বিশ্লেষণ খাদি

বোর্ড আদৌ করতে পারেন নি। তার ফলে দেখা গেছে যে লোক নিয়োগ হয়েছে তাদের কিন্তু কাজে লাগাতে পারা যায় নি এবং অনেক রকম জটিলতা সৃষ্টি হয়েছে। আমি এই কথা পরিষ্কার করে বলতে চাই আমাদের যে খাদি বোর্ড আছে সেই বোর্ডকে যদি পুরোপুরি কাজে লাগাতে হয় তাহলে ভবিষ্যতে আরো ইনফ্রাস্ট্রাকচার বাড়াতে হবে। আর সেই ইনফ্রাস্ট্রাকচার যেন প্রয়োজন ভিত্তিক হয়, তা যেন একটা বৈজ্ঞানিক দৃষ্টি-কোণ থেকে হয় এবং শুধু লোক নিয়োগের জন্যই লোক নিয়োগ যেন না হয়, সেদিকে আমাদের দৃষ্টি দিতে হবে। কারণ, পরিচালকমণ্ডলীর খেয়াল খুশী মত লোক নেওয়া উচিত নয়। ১৯৭৭ সালের আগে বহু লোক এই ভাবে নিয়োগ করা হয়েছে। বাম-ফ্রণ্ট সরকার কোন লোককেই ছাঁটাই করতে পারে না, ছাঁটাই করা সম্ভবও নয়, উচিতও নয়। কাজেই খাদির সামগ্রিক পরিচালনা যাতে সুষ্ঠুভাবে হয় সেদিকে লক্ষ্য রেখেই এই বিলটি এনেছি। গ্রামের মানুষের মধ্যে শিল্প চেতনা আছে, গ্রামের মানুষ শিল্প গড়ে তুলতে চান। কাজেই গ্রামাঞ্চলে যাতে তারা শিল্প গড়ে তুলতে পারেন সেদিকে লক্ষ্য রেখে এই খাদি বোর্ডকে ব্যবহার করতে হবে। তার জন্য যে লোক দরকার হবে, সেই লোক ঠিক করে নিয়োগ করতে হবে এবং সেই নিয়োগ করার ক্ষেত্রে ৫নং অনুচ্ছেদ ছাড়া, অন্য সমস্ত লোক যাতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করা হয়, সেই কথাই এই বিলের মাধ্যমে বলতে চেয়েছি। আর বিলের মাধ্যমে এটাও বলা হয়েছে লোক নিয়োগ করে এ্যাপ্রুভ্যাল নয়, লোক নিয়োগের আগে কি কি পোস্টের জন্য কোন্ লোক দরকার তার একটা বিচার বিশ্লেষণ হওয়া দরকার এবং স্টেট গভর্ণমেণ্টের এ্যাপ্রুভ্যাল নিয়ে যাতে লোক নিয়োগ হয়, সেই কথাটা এই বিলের মাধ্যমে বলতে চেয়েছি। আমরা লোকগুলিকে কাজে লাগাতে চাই, তাদের আমরা সদব্যবহার করতে চাই। লোক দরকার, লোক নিতে হবে। সত্যিকারে প্রয়োজনে সুষ্ঠুভাবে যাতে লোক নিয়োগ হয় সেই জন্য এই বিলটি আনতে চেয়েছি।

সরকারী নিয়ন্ত্রন আরো বেশী জোরদার করার উদ্দেশ্য এই বিলের নয়। খাদিতে সরকারী নিয়ন্ত্রন আগে যা ছিল, এখনো তাই আছে। খাদি বোর্ড কমিশনের কাছ থেকে টাকা পাওয়া লোন, গ্রাণ্ট ইত্যাদি যা কিছু তারা নিজেরাই দেন, রাজ্য সরকার গ্যারেণ্টার হন এবং খাদি এসট্যাবলিসমেণ্ট কষ্ট ইত্যাদি যা হয় সেই এসট্যাবলিসমেণ্ট কষ্ট রাজ্য সরকার গ্র্যাণ্ট ইন এডের মাধ্যমে দেন। এই হচ্ছে খাদির সঙ্গে রাজ্য সরকারের সম্পর্ক। এই বিলে যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে সেই এ্যামেণ্ডমেণ্ট কিন্তু মূল উদ্দেশ্যের কোন রকম পরিবর্তন করা হয়নি। খাদিকে যাতে ঠিকমত কাজে লাগানো যায় সেই উদ্দেশ্যেই এই বিলটি এনেছি। প্রবোধবাবু দুর্নীতির কথা বলেছেন এবং আতাহর রহমানও বলেছেন একই কথা। এই সমস্ত যে হয়েছে সেটা আপনারা সকলেই জানেন। দুর্নীতি একদিনে দূর করা যাবে না, তবে আমরা দুর্নীতির বিরুদ্ধে লড়াই করছি। আপনি যদি কোন্ স্পেসিফিক দুর্নীতি দেখেন তাহলে আমার নজরে আনবেন, আমি নিশ্চয় সেই বিষয়ে খুব সতর্ক হয়ে কাজ করব। বিরোধী দলের সদস্যদের সকলের সহযোগিতা নিয়ে আমি এই খাদি বোর্ডের কাজ কর্ম করতে চাই। আর্টিজেনদের যেভাবে টাকা দেওয়া হয়, সিলেকসান যেভাবে হয় সেটা কিন্তু এই সরকারী যন্ত্রের মাধ্যমে হয় না। আর্টিজেন সিলেকসানের ব্যাপারে পঞ্চায়েত সমিতি থেকে

জেলা পরিষদের স্থায়ী কমিটিতে নামগুলি আসে। সেখান থেকে আবার ডি. আই. সি.র কাছে যায়। ডি. আই. সি. সেগুলি সঠিক না বেঠিক ভেরিফাই করে।

ভেরিফাই করার পর খাদি বোর্ডের লোন বা অন্য টাকা দেওয়া হয় আর্টিজেনকে পঞ্চায়েত সমিতি আইডেনটিফাই করার পর। যে কেউ এ্যাপ্লাই করলেন আর খেয়ালখুশী মতন দেওয়া হল ব্যাপারটা তা নয়। তিনটি স্তরে এটা চেক করা হয়। এবারে দেখবেন ৩১শে অক্টোবরের মধ্যে বলা হয়েছে, যে সমস্ত আর্টিজেন খাদির কাছ থেকে সাহায্য নেবেন তাদের এ্যাপ্লাই করতে হবে। সেই সমস্ত এ্যাপ্লিকেশান পাবার পর সর্টিং করা হবে এবং জেলা পরিষদের যে সমস্ত স্থায়ী কমিটি আছে বিভিন্ন জায়গায় সেগুলি তাদের কাছে পাঠিয়ে দেওয়া হবে। পঞ্চায়েত সমিতির মাধ্যমে সেগুলি এনকোয়ারী হবার পর তারা ডি. সি. আইকে জমা দেবেন। ডি. সি. আই তারপর সেগুলি চেক আপ করবেন এবং তারপর সেই টাকা আর্টিজেনকে দেওয়া হবে এবং পঞ্চায়েত সমিতি সেখানে আইডেনটিফাই করবেন। কাজেই আবার বলছি, খেয়ালখুশী মতন কাউকে টাকা দেওয়া হয় না। আমরা চেষ্টা করি গ্রামের যে সমস্ত জনপ্রতিনিধিরা আছেন তাঁদের মাধ্যমে আর্টিজেনদের ঠিক করতে যাতে সত্যিকারের খাদির টাকা সত্যিকারের প্রয়োজনে খরচ হয় এবং এই টাকার মাধ্যমে যেন গ্রামের শিল্প বিকাশ ঘটে। এইজন্যই আমরা খাদির ইনফ্রাস্ট্রাকচার নিয়ে আলোচনা করছি এবং এটাকে আরো ভালোভাবে ঠিক করে যাতে খুব ব্যাপক ভাবে গ্রামের প্রয়োজনে এটা লাগাতে পারা যায় সেটা দেখছি। এইজন্যই এই বিলটা এখানে আনা হয়েছে এবং এতে বলা হয়েছে ভবিষ্যতে যে লোক নিয়োগ করা হবে সেটা করার আগে রাজ্যসরকারের অনুমোদন নিতে হবে। লোক নিয়োগ করার পর অনুমোদন নিলে ব্যাপারটা অস্বস্তিকর হয়ে দাঁড়ায়, কাজেই অনুমোদন নিয়ে আমরা বলছি, লোক নিয়োগ করতে হবে। আর টাকার প্রশ্নে যেটা আমরা বলছি সেটা হচ্ছে ৩০০ টাকাটা ম্যাক্সিমাম ছিল যাদের নেওয়া হয় সেখানে আমরা বলেছি এটা ৭০০ টাকা করা হোক কারণ ৩০০ টাকাটা ১৯৬০ সালে করা হয়েছিল, সেই ৩০০ টাকাটা আর সেই জায়গায় দাঁড়িয়ে নেই। এই কথা বলে সকলের কাছে এই বিলের প্রতি সমর্থন চেয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

The motion of Shri Pralay Talukdar that the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1.**

The question that Clause I do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2.**

**Mr. Speaker:** There are amendments in the name of Shri Abdul Mannan, I now request Shri Mannan to move his amendments.

.....................(Pause).....................

Amendments are not moved.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Pralay Talukder** : Sir, I beg to move that the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

[4-00—4-10 p. m.]

**The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1982**

**Mr. Speaker** : I now request the Hon'ble Minister, Shri Rabin Mukherjee to introduce the Bill.

**Shri Rabin Mukherjee** : Sir, I beg to introduce the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1982.

( Secretary then read the title of the Bill)

**শ্রীরবীন মুখার্জী** ঃ Sir, I beg to move that the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1982 be taken into Consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমার বক্তব্য খুবই সামান্য। ১৯৭৯ সালের আইনের যে পরিবর্তন করতে হচ্ছে তার অন্যতম প্রধান কারণ হল, ব্যাংকার্সরা বা ফাইনানসর্সরা বর্তমানে লোন দেবার ক্ষেত্রে প্রায় তাঁদের হাত গুটিয়ে বসে আছেন এবং তাঁদের অভিযোগ হল যাঁরা লোন গ্রহণ করেছিলেন তাঁরা সেই লোন বা ইনস্টলমেণ্ট দিতে আগ্রহী হচ্ছেন না এবং এরকম অভিযোগ প্রচুর পরিমানে আছে। এক্ষেত্রে সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে আগামীদিনে আমরা যখন চাই আরও বেশী পরিমাণে নূতন বাস রাস্তায় নামুক, মিনি বাস রাস্তায় নামুক এবং পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য যাত্রীসাধারণের কাছ থেকে যখন দাবী আসছে মিনিবাস রাস্তায় নামুক তখন যদি ব্যাঙ্কার্সরা বা ফাইনানর্সরা ওই কারণে টাকা দিতে অগ্রসর না হন তাহলে যাঁদের জন্য এই বাস অর্থাৎ যাত্রীসাধারণ তাঁরা অসুবিধায় পড়বেন। আমাদের একটা পরিকল্পনা আছে এবং আমরা চাই আনএমপ্লয়মেণ্টের অভিশাপে যারা ভুগছে তারা যদি একটা কো-অপারেটিভ করে বা ড্রাইভার, কণ্ডাক্টাররা একত্র হয়ে যদি দরখাস্ত করে তাহলে প্রায়রিটির ভিত্তিতে অনেক সময় এগুলি দেওয়া হয়। একটা মিনি বাস নামালে ২ লক্ষ ২৫/৩০ হাজার টাকা লাগে। কাজেই এ ক্ষেত্রে যদি ব্যাঙ্কার্সরা এগিয়ে না আসেন তাহলে খুব কঠিন ব্যাপার। এদিকে আবার ব্যাঙ্কার্সদের তরফ থেকে অভিযোগ করা হয়েছে গত কয়েক বৎসর ধরে বিশেষ করে ১৯৭০-৭১ সালের পর থেকে যারা মিনি বাসের জন্য টাকা পেয়েছে তাঁরা তাঁদের ঋণ পরিশোধ করতে অগ্রসর হচ্ছেন না এবং তার ফলে ব্যাঙ্কার্সরা বা ফাইনান্সর্সারা বিপাকে পড়েছেন এবং তার জন্য এটা আনা হয়েছে। এখানে বলা হয়েছে মিনিবাসের মালিকরা যারা ব্যাঙ্কের কাছ থেকে লোন পেয়েছেন তাঁরা যখন ট্যাকসিং অথরিটির কাছে ট্যাক্স দিতে যাবেন তখন ঐ ফাইনান্সার্স

তা ব্যাঙ্কের কাছ থেকে একটা পত্র আনতে হবে যে তাদের কোন আপত্তি নেই। এই পত্র পাবার অর্থ হচ্ছে তারা যথারীতি ইনস্টলমেণ্ট বলুন, আর যাই বলুন সেটা পরিশোধ করেছে। যে সমস্ত ব্যাঙ্কার্সরা টাকা দিয়েছেন তাঁরা যাতে অসুবিধায় না পড়েন তার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। ব্যাঙ্কার্সদের কাছ থেকে ঋণ নেবার পর যদি নো অবজেকসন সার্টিফিকেট নিয়ে আসেন তখন ট্যাকসিং অথরিটি যথাবিহিত কাজ করতে অগ্রসর হবেন। অর্থাৎ একটা চেক আপ থাকছে এবং বর্তমানে ব্যাঙ্কার্সদের যে অসুবিধা হচ্ছে সেটা দূর করতে আমরা সমর্থ হব। এ কথা বলে মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি যে আপনারা এই বিল অনুমোদন করবেন।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয় "পশ্চিমবঙ্গ মোটর যান কর ( সংশোধন ) বিধেয়ক, ১৯৮২" আজকে এই সভায় উপস্থিত করেছেন। আমি এই বিধেয়কটিকে সমর্থন করছি এবং তিনি এই দপ্তরের ভার পাওয়ার সঙ্গে সঙ্গেই এরকম একটা সংশোধনী আনার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। গত পাঁচ বছর ধরে আর. টি. এ. এবং জেলা এ্যাডিসনাল এমপ্লয়মেণ্ট বোর্ডের সঙ্গে যুক্ত থাকার অভিজ্ঞতার ভিত্তিতে আমি বলতে পারি যে, আজকে এর প্রয়োজনীয়তা বিশেষভাবে দেখা দিয়েছে। আমরা যদি পেছনের দিকে তাকাই তা হলে দেখতে পাব যে, ১৯৭২ সালে নির্বাচনে রিগিং-এর ভেতর দিয়ে সিদ্ধার্থ রায়ের যে মন্ত্রীসভা গঠিত হয়েছিল সে মন্ত্রীসভা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় সম্পূর্ণ দলীয় দৃষ্টিভঙ্গী নিয়ে মিনিবাস, স্কুটার, ট্যাক্সি ইত্যাদির লাইসেন্স দিয়েছিল। কিন্তু সেগুলি করার জন্য ব্যাঙ্ক থেকে তখন যে সমস্ত টাকা পয়সা দেওয়া হয়েছিল সেসমস্ত টাকা পয়সা আজ পর্যন্ত ব্যাঙ্কগুলি ফেরত পায়নি। আমরা লক্ষ্য করছি বোর্ডগুলির কাছে ব্যাঙ্ক কর্তৃপক্ষ বার বার অভিযোগ করছে যে, তারা ঐ সময়ে ঐ ব্যাপারে যে টাকা দিয়েছে সে টাকা ফেরত পাচ্ছে না। অপর দিকে আজকে যারা সত্যিকারের আন্তরিকতার সঙ্গে নিজেদের পরিশ্রমের দ্বারা এই সমস্ত কাজের সঙ্গে যুক্ত হয়ে রোজগার করতে ইচ্ছুক তারা মনোনীত হয়ে সমস্ত রকমের অনুমোদন পাওয়া সত্ত্বেও ব্যাঙ্কের দরজায় ঘুরে বেড়াচ্ছে, কিন্তু অতীতের ঐ সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে তারা ব্যাঙ্কের কাছ থেকে টাকা পাচ্ছে না। আজকে একটা মিনিবাস রাস্তায় নামাতে গেলে কত টাকা লাগতে পারে, তা ইতি মধ্যেই মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন। সুতরাং এক্ষেত্রে আজকে সাধারণ মধ্যবিত্ত মানুষের পক্ষে নিজের টাকা লগ্নী করা সম্ভব নয়। অথচ এই অবস্থার ফলে অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ লুপ্ত হতে বসেছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যারা ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে গাড়ি চালাচ্ছে অথচ ব্যাঙ্কের টাকা ফেরত দেবার নাম পর্যন্ত করছে না, তারা এই সভায় আজকে যাঁরা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে দুর্নীতির কাল্পনিক অভিযোগ করছেন। তাঁদেরই সমর্থক। তারা বেশীরভাগ ক্ষেত্রেই ব্যাঙ্কের টাকা মেরে দিয়েছে। মেরে দিয়েছে, কথাটা আমি এই কারণে বলছি, তাদের এমন কিছু নেই যার মাধ্যমে ব্যাঙ্ক তার প্রাপ্য টাকা উদ্ধার করতে পারে। এই অবস্থায় এই সংশোধনী অত্যন্ত সময়োপযোগী। এই সংশোধনীর ভেতর দিয়ে আর একটা দিকের অভাব পূরণ হবে। যাঁরা এবিষয়ে আগ্রহী, ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে আন্তরিকতার সঙ্গে পরিবহন ব্যবসায় নিজেদের নিয়োজিত করতে

চান, তাঁদের সামনে আজকে যে বাধা সৃষ্টি হয়েছে তা উত্থাপিত সংশোধনীর দ্বারা দূর হবে বলে আমি মনে করি। তাঁদের সামনে সুযোগ আসবে, তাঁরা ব্যাঙ্কের কাছ থেকে টাকা পাবেন এবং রাস্তায় গাড়ি নামাতে পারবেন। এর ফলে যাত্রীসাধারণেরও সুবিধা হবে। অপর দিকে ব্যাঙ্কের টাকা সময় মত গাড়ির মালিকরা পরিশোধ করে দৃষ্টান্ত স্থাপন করবেন। সেই জন্য আমি পরিবহন মন্ত্রীমহাশয়ের সংশোধনী প্রস্তাবকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-24 p.m.]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণ মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল মোটর ভিহিকিল্‌স ট্যাক্স ( এ্যামেণ্ডমেণ্ট ) বিল উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, পরিবহন সমস্যা কলিকাতা শহরে এবং মফঃস্বল শহরে সর্বত্র থেকে গেছে। এই সমস্যা দূরীকরনের জন্য আমরা দেখেছি মিনিবাসগুলি একটা বড় ভূমিকা গ্রহণ করেছে। এই মিনিবাসগুলি কলকাতা এবং মফঃস্বল সর্বত্র ছড়িয়ে দেওয়ার ফলে জনসাধারণ যে প্রচণ্ড উপকৃত হয়েছে সে ব্যাপারে কোন সন্দেহ নেই। কারণ সাধারণ অবস্থায় দেখা যাচ্ছে, রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা দেশে এমনভাবে সম্প্রসারিত হয়নি যাতে করে মানুষের সমস্ত প্রয়োজন মেটাতে পারে। বেসরকারী বাসগুলি চলাচলের ক্ষেত্রে আমরা দেখেছি প্রচণ্ড রকমের বিশৃঙ্খল অবস্থা থেকে গেছে। গোটা রাজ্য জুড়ে বেসরকারী বাসগুলি বিশৃঙ্খল অবস্থায় চলেছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা দেখেছি কংগ্রেসের আশীর্বাদ-পুষ্ট ছেলেরা মিনিবাসের লাইসেন্স পেয়েছিল বা মিনিবাসের মালিকানা পেয়েছিল এবং এর দ্বারা কিছুটা পরিবহনের অভাব পূরণ করেছিল। কিন্তু সেইসব ছেলেরা ব্যাঙ্কের লোন পরিশোধের ক্ষেত্রে তারা যেভাব কথার খেলাপ করছে তার ফলে বিগত ৫ বছরে আমরা দেখেছি মিনিবাস সেইভাবে ছড়িয়ে দেওয়া সম্ভব হয়নি। পূর্বতন এবং বর্তমান মাননীয় মন্ত্রী মহাশয়রা বিভিন্ন সময়ে বলেছেন এইসব বাধার জন্য মিনিবাস বাড়ানো বাস্তবে সম্ভব হয়নি। এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় আইনের মাধ্যমে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু এই বিল প্রসঙ্গে আর একটি কথা বলবো, যে সমস্ত কেন্দ্রীয় প্রকল্পগুলি আছে যেমন, সেল্ফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম, এ্যাডিশোন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম এই সমস্ত কেন্দ্রীয় সরকারের প্রোগ্রামগুলিকে মিস-ইয়ুস করা হয়েছিল, অপ-প্রয়োগ করা হয়েছে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যদিও কিছু বেকার ছেলে উপকৃত হয়েছিল। কিন্তু বিগত ৫ বছরে বামফ্রণ্টের রাজত্বকালে সেই অপ-প্রয়োগ করার সুযোগ হয় নি। কিছু বাধা-বিপত্তি আছে সন্দেহ নেই কিন্তু আমরা দেখছি পরিবহন ব্যবস্থা সেইভাবে অগ্রণী ভুমিকা নিতে পারেনি। সেইজন্য আমি বলবো, মিনিবাস আরোও বাড়ানো হোক এবং যে সমস্ত বাধা আছে সেই সমস্ত বাধা দূর করে বেকার ছেলেদের দেওয়া হোক। কারণ ব্যাঙ্ক ফিনান্স ছাড়া কোন মধ্যবিত্ত বা নিম্ন মধ্যবিত্তের পক্ষে ব্যবসা-বাণিজ্যে নামা সম্ভব নয়। আমরা জানি, অনেক কর্মঠ যুবক মিনিবাসের কল্যাণে পারিবারিক শ্রী ফিরিয়ে আনছেন। সুতরাং এই সুযোগগুলি যদি বেকার ছেলেদের দেওয়া হয় তাহলে তারা সাবলম্বী হতে পারে। সেইদিক থেকে

আমি এই বিলটিকে অভিনন্দন জানাচ্ছি এবং যেসব বিষয়গুলি আলোচিত হলো সেইগুলি ভবিষ্যতে যাতে আরোও ভালভাবে কার্যকরী হতে পারে এই আশা নিয়ে এই বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ নীতিগতভাবে যে বক্তব্যগুলি উল্লেখ করেছেন তার সঙ্গে আমার কোন মত-বিরোধ নেই। এটা খুবই পরিষ্কার ব্যাপার বর্তমানে বামফ্রন্ট সরকার আরোও অনেক বাস বিশেষ করে মিনিবাস নামাতে চান। এখানে মিনিবাসের ক্ষেত্রে কতকগুলি নীতি-নির্দ্ধারনের ব্যাপার আছে। সবাই অবগত আছেন যে এটা এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট স্কীমের একটা অংশ। তবে এটা ঠিক কথা যেখানে এক সময়ে ৭০ থেকে ৭৫ হাজার টাকায় একটা মিনিবাস নামতো এখন সেখানে মিনিবাস নামাতে—আমি এর আগেও উল্লেখ করেছি—১ লক্ষ ২৫ হাজার থেকে ৩০ হাজার টাকা লাগছে। এটা এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট স্কীমের মধ্যে পড়লেও যারা ব্যাঙ্কার তারা যদি এই ব্যাপারে এগিয়ে না আসেন তাহলে কোন মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত বেকার যুবকের পক্ষে এই জাতীয় ব্যবসায় আত্ম-নিয়োগ করা সম্ভব নয়। বাধা আসছে অনেক দিক থেকে এবং একটা বাধা এই সংশোধনের মাধ্যমে অপসারণ করার চেষ্টা করাছি। এটা হচ্ছে বাস্তব ব্যাপার।

একটা সময় এমনভাবে মিনিবাস দেওয়া হলো, এমন সব ব্যক্তিদের দেওয়া হলো যারা মাসের পর মাস, বছরের পর বছর ব্যাঙ্কের দেনা শোধ করলেন না এবং তাদের কার্যের ফলে—বলা যায় তাদের পাপের ফল আজও ভোগ করতে হচ্ছে—অন্য যে সমস্ত বেকার যুবক এই পরিবহণের অংশীদার হতে চান এবং ব্যবসায় আত্ম নিয়োগ করতে চান তারা ব্যাংক থেকে ঋণ পাচ্ছে না। তার কারণ হচ্ছে যে ব্যাঙ্ক এই অজুহাতে এই খাতে টাকা লগ্নি করতে চাচ্ছে না। সুতরাং তাদের পক্ষে অসুবিধা আছে। ব্যাঙ্কের এই অভিযোগ যে সত্য এই কথা আমি আগেই উল্লেখ করেছিলাম। তাদের সত্যই বাধা আছে। তবে যাতে এই বাধা অপসারণ করা যায় সেই জন্য এই সংশোধনী আনা হয়েছে। অর্থাৎ ব্যাঙ্ক যদি তাদের নো অবজেকসান সার্টিফিকেট দিয়ে দেয় যে না তাঁরা এখানে টাকা জমা দিয়েছেন, তাদের কোন আপত্তি নেই, এটা তারা যদি দিয়ে দেয় তাহলে আমাদের ট্যাক্সিং অথরিটি যেখানে ট্যাক্স দিতে যাচ্ছে তখন সেখানে কোন বাধা থাকবে না। সময় মত তাঁরা পারমিট রিনিউ করে বা এই জাতীয় সমস্ত কাজগুলি করে এই হচ্ছে প্রধান লক্ষ্য। এছাড়া আর যে সমস্ত বাধা আছে সেইগুলি আলোচনা করলে আমার মনে হয় যে খুব বেশী অগ্রসর হবে না। আমি বহু মিনিবাসের পারমিট দিয়ে রেখেছি, আরো নূতন বাস, মিনিবাস আহ্বান করেছি। কিন্তু আপনারা জানেন যে অনেক গুলি বাধা আছে। একটা হচ্ছে ব্যাঙ্কার বাধা। এটা এর মধ্যে দিয়ে অপসারিত হবে কি জানি না। আমাদের আবার তদ্বীর করতে হবে বিশেষ করে যেখানে যুবক সম্প্রদায় যারা এই ব্যবসায় নাবতে যাচ্ছে। তারা যাতে কিছুটা সুযোগ পায় সেই দিকে লক্ষ্য দিতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে আমি একবার উল্লেখ করেছিলাম আমাদের বাজেটের সময় সেটা হচ্ছে যে নানা কায়দায় হাইকোর্টে ইঞ্জাংসান করা হয়েছে। বলা যায় কোন কোন জায়গায় ২ বছর পর্যন্ত পার হয়ে গেছে। ইঞ্জাংসানের ব্যাপার নিয়ে তদ্বীর করা সত্ত্বেও ইঞ্জাংসান

অপসারিত হচ্ছে না। কোন না কোন কারণে ইঞ্জাংসান দেওয়া হয়েছে। কোন জায়গায় দেখবেন বহু বাসের পিছনে ইঞ্জাংসান আছে মিনিবাসের পেছনে ইঞ্জাংসান আছে। কোন কোন জায়গায় দেখবেন সামান্য অজুহাতে ইঞ্জাংসান দেওয়া আছে। যাই হোক এটা খুব ক্ষতিকারক অবস্থা হয়ে গিয়েছে। কিন্তু এই ব্যাপারে আইনের কোন হাত নেই যেখানে ইঞ্জাংসান হাইকোর্ট থেকে জারী করা হয়েছে। আমরা চেষ্টা করছি কি করে ইঞ্জাংসানগুলি তুলে নেওয়া যায়, কিভাবে ভেকেট করা যায় সেই ব্যাপারে চেষ্টা করছি। যদি এই ব্যবস্থা ভাল হয়ে যায়—কিছু কিছু জায়গায় সফল হয়েছি যার ফলে সেখানে মিনিবাস কিছু বেড়েছে এবং অন্যান্য জায়গায় যেখানে পড়ে আছে সেখানে তদ্বীর করছি। আমাদের ল-ইয়ার সেখানে উপস্থিত হয়েছে এবং আমি আশা করছি যে সব ক্ষেত্রে বাধা আছে সেইগুলি অপসারিত হয়ে যাবে। যাইহোক এইগুলি হলে অনেক পরিমাণ মিনিবাস রাস্তায় নামতে পারে। কিছুকাল আগে আমি নূতন রুটের মিনিবাসের এ্যাপ্লিকেসান আহ্বান করেছি। কাজেই এইভাবে বিভিন্ন উপায়ে আমরা চেষ্টা করছি। আমরা জানি যে পরিবহন ব্যবস্থার মধ্যে পুরোনো যে রুট ছিল সেখানে যে পরিমাণ বাস চলা দরকার তার ফিফটি পারসেণ্ট সেখানে চলে না। তার নানা কারণ আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু নূতন নূতন যে মিনিবাস তার কিছুটা অভাব পূরণ করতে পারবে। এমন কি নূতন নূতন বাস বিভিন্ন রুটের ক্ষেত্রে যাতে কিছুটা লিবারেলি দেওয়া যায় এই ব্যাপারে আমরা চেষ্টা করছি। কিছু বাধা আছে, অনেক টাকা এখানে ইনভল্‌বড। কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে যে ব্যাংকাররা যদি আমাদের সাহায্য না করেন যে বাধা আছে—ক্রেডিট স্কুইজ অপারেট করছে, সারা ভারতবর্ষে করছে, পশ্চিমবাংলার ক্ষেত্রে তারা ভয়ানক ভাবে করছে। যার ফলে আমরা অগ্রসর হতে পারছি না। কাজে যাতে আমরা আরো অনেক জায়গায় বিভিন্ন রুটে মিনিবাস বা অন্যান্য বাস নাবাতে পারি তার জন্য আমরা সচেষ্ট এবং সেই দিক থেকে যদি মাননীয় সদস্যরা যদি কোন রকম সাজেসটিভলি কিছু বলেন সেই গুলি নিতে আমার কোন রকম আপত্তি নেই। আমি সেটাকে সাদরে গ্রহণ করবো। এই বলে আমি বলছি যে আমার এই সংশোধনী বিলটা গ্রহণ করা হোক।

The motion of Shri Rabin Mukherjee that The West Bengal Motor Vehicles Tax ( Amendment ) Bill, 1982, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2 and Preamble**

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Rabin Mukherjee:** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Motor Vehicles Tax (Amendment ) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Eleventh Report of the Business Advisory Committee**

**Mr. Speaker:** I beg to present the Eleventh Report of the Business Advisory Committee which met to-day in my Chamber and recommended revised programme of business for 5th October, 1982 and Programme of Business for 6th October, 1982 and allocation of time order.

Tuesday, 5-10-82 ... (i) (a) The Ramrikdas Haralalka Hospital Acquisition Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Kashinath Misra.

(c) The Ramrikdas Haralalka Hospital Acquisition Bill, 1982 (Consideration and Passing)

(ii) (a) The Niramoy Group of Institutions Acquisition Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Kashinath Misra.

(c) The Niramoy Group of Institutions Acquisition Bill, 1982 (Consideration and Passing)

(iii) (a) The Mayo Hospital Acquisiton Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Kashinath Misra.

(c) The Mayo Hospital Acquisition Bill, 1982 (Consideration and Passing)

(iv) (a) The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Kashinath Misra

(c) The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 (Consideration and Passing). 2 hours.

(v) The City Civil Court (Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing) ½ hour.

(vi) The West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982 (Introduction, Consideration and Passing). 1 hour.

(vii) (a) The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolutions notice of which was given by Shri Kashinath Misra

(c) The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 (Consideration and Passing). 1½ hours.

Wednesday, 6.10.82

(i) (a) The Bengal Municipal (Amendment) Bill, 198: (Introduction)

(b) Discussion on the Statutory Resolutions notice of which was given by Shri Kashinath Misra.

(c) The Bengal Municipal (Amendment) Bill, 198: (Consideration and Passing) 1 hour.

(ii) (a) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolutions notice of which was given by Shri Kashinath Misra

(c) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 (Consideration and Passing) 1 hour.

(iii) (a) The West Bengal Public Libraries (Amendmen) Bill, 1982 (Introduction)

(b) Discussion on the Statutory Resolutions notice of which was given by Shri Kashinath Misra

(c) The West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 (Consideration and Passing) 1 hour.

(iv) The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing). ½ hours.

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির একাদশতম সভায় যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি এবং প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পীকার ঃ** আশা করি এটার ব্যাপারে সকলের মতামত আছে, এটা গৃহীত হল।

I think the House agrees to the Programme of Business as recommended in the Eleventh Report of the Business Advisory Committee.

( Voice — Yes )

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 4-24 p.m. till 1 p.m. on Tuesday, the 5th October, 1982, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 5th October 1982 at 1 p. m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 9 Ministers, 6 Ministers of State and 145 Members.

## Heldover Questions
(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

### বারাসাত হইতে ( ভায়া ডালহৌসি ) হাওড়া পর্যন্ত বাস চালুর পরিকল্পনা

*৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬ )। **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত হইতে হাওড়া পর্যন্ত ভায়া ডালহৌসি কোন প্রাইভেট বা সরকারী বাস চালু করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** আপাততঃ কোন পরিকল্পনা নাই।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** এই রকম বাসরুটের কোন গুরুত্বের কথা আপনারা কি চিন্তা করছেন ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** এখনো কোন পরিকল্পনা নেই।

### Number of trams and buses plying in Calcutta

*41. (Admitted question No. *452.) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the number of trams and buses owned by Government and private organisation plying in Calcutta at present and before the formation of first Left Front Government : and

(b) The action taken by the Government for introduction of new trams and buses ?

(a) The number of Trams/Buses owned by Government and Private organisations are plying in Calcutta at present.

| | | | | |
|---|---|---|---|---|
| CTC | — | 438 | — | Tram Cars |
| CSTC | — | 596 | — | State buses |
| PVD | — | 1465 | — | Private buses |

(b) The number of Trams / Buses owned by Government and Private Organisations plying in Calcutta before the formation of 1st left front Government.

| | | | | |
|---|---|---|---|---|
| CTC | — | 438 | — | Tram Cars |
| CSTC | — | 491 | — | State Buses |
| PVD | — | 1529 | — | Private buses |

(b) The action as taken by the Government for introductions of New Trams & Buses are stated below.

CTC : Orders for acquisition of 75 new tram cars was placed last year out of which 31 new tram cars have already been supplied and put on, road. Additional 44 new tram cars are expected to be put on road within this financial year.

CSTC : Under the Calcutta Urban Transport Project 530 new buses are being purchased to replace the old vehicles of the existing Fleet. Of these 530, already 170 vehicles have been placed on service. The body construction of the remaining vehicles is fast progressing. CSTC expects to reach their scheduled quota of out shedding 757 buses in city services by the next year.

PVD : Efforts have been made to improve the transport services in private sector in Calcutta and outside Calcutta by granting offer letters / permits.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** প্রশ্নটা খুব গুরুত্বপূর্ণ হলেও সুনীতিবাবুর এলাকায় যে ঘটনা হয়েছে সেটা আগে বলতে দিলে ভালো হোতো। ৬০০ লোকের ঘর ভেঙে দেওয়া হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** সুনীতিবাবুর বক্তব্য যা আছে সেটা বলার একটা কায়দা আছে। কোশ্চেন অ্যানসারের সময় এসব হয় না। যখন যা ইচ্ছা করবো তা হয় না।

( গোলমাল )

## আরামবাগ হইতে ঘাটাল ২৯নং রুটে বাস বৃদ্ধি

*৪২। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫। ) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার আরামবাগ হইতে ঘাটাল ২৯ নং রুটে বাস বৃদ্ধির কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** আপাততঃ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

## কলিকাতায় অটো রিক্সা চালু

*৫০। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৩। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতায় অটো রিক্সা চালু করা হবে ;

(খ) সত্য হ'লে, কবে নাগাত চালু করা হবে ও প্রথম দফায় কতগুলি অটো রিক্সা ছাড়া হবে ;

(গ) অটো রিক্সা প্রদানের ক্ষেত্রে বেকার যুবকদের অগ্রাধিকার দেওয়া হবে কি ; এবং

(ঘ) মফঃস্বল জেলাগুলিতে অটো রিক্সা চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরবীনকুমার মুখার্জী :** (ক) হ্যাঁ। (খ) প্রথম দফায় ৩৩৯টি অনুমতিপত্র দেওয়া হয়েছে।

দ্বিতীয় দফায় ২০০০ অটো রিক্সাকে অনুমতি দেওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। মহামান্য হাইকোর্টের ইনজাংশান থাকায় তা কার্যাকরী হয়নি। অনুমতিপত্র দানের ক্ষেত্রে বেকারদের মর্য্যাদা দেওয়া হয়।

(ঘ) মফঃস্বলে কিছু কিছু আটো রিক্সা চালু আছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** অটো রিক্সা যেসব যুবকদের দেওয়া হয়েছে তার সবটাই কি ব্যাঙ্ক ফাইনান্স করেছে, অথবা নিজস্ব মূলধনে তাদের অটো রিক্সা কিনতে হয়েছে ?

( গোলগাল )

স্যার অতিরিক্ত প্রশ্নের কোন সুযোগ হচ্ছে না, কারণ, মন্ত্রীমহাশয় যে রিপ্লাই দিয়েছেন সেটা আমরা শুনতে পাইনি।

( তুমুল হৈচৈ )

## মাথাভাঙ্গা রেগুলেটেড মার্কেট কমিটিতে রেণ্ট বাবত জমা টাকা

*১৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৮০৯। ) **শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মাথাভাঙ্গা রেগুলেটেড মার্কেট কমিটি নিজ তত্বাবধানে হাটগুলির নিয়মিক রেণ্ট বাবদ এ যাবৎ কত টাকা জমা রাখিয়াছে ;

(খ) উক্ত কমিটির নিয়ন্ত্রণাধীন বাজারসমূহের উন্নয়নের দায়িত্ব কাহার ; এবং

(গ) মাথাভাঙ্গা রেগুলেটেড মার্কেট কমিটি বাজারের উন্নয়ন বাবত এ পর্যন্ত কত টাকা ব্যয় করিয়াছে ?

**শ্রীকমল কান্তি গুহ :** (ক) ৬৩,৩০৩ টাকা ৫৭ পয়সা সরকারের নিকট জমা দিয়াছে ও ৩,৪৩,৬৩৩ টাকা ৪২ পয়সা নিজ তহবিলে জমা রাখিয়াছে।

(খ) বাজারগুলির মালিকানা যেহেতু সরকারের, উন্নয়নের মূল দায়িত্বও সরকারের। অবশ্য ইজারাদার হিসাবে মার্কেট কমিটি কৃষক ও বাজার ব্যবহারকারীর স্বার্থে সাধ্যমত উন্নয়ন কার্য করিয়া থাকে।

(গ) ৮,৮৪৮ টাকা ৫০ পয়সা।

[1-10—1-20 p.m.]

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই হাটগুলির উন্নয়নের দায়িত্ব যদি রাজ্য সরকারের হয়ে থাকে তা হলে রাজ্য সরকারকে হাটগুলির উন্নতির জন্য কোন নির্দিষ্ট পরিকল্পনা এই মাথাভাঙ্গা মার্কেট কমিটি দিয়েছে কি ?

( তুমুল হট্টগোল )

**শ্রীকমল কান্তি গুহ ঃ** আপনি পরে আমার কাছ থেকে শুনে নেবেন, কিছুই শুনতে পাচ্ছি না।

## শহর উন্নয়ন বাবত কেন্দ্র থেকে অর্থ সাহায্য

*১৪৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৭১। **শ্রীসুব্রত মুখার্জী ঃ** পূর্ত ( মহানগর উন্নয়ন ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮১-৮২ সালে শহর উন্নয়ন বাবত কেন্দ্র থেকে কত টাকা সাহায্য অথবা ঋণ হিসাবে পাওয়া গিয়াছে ; এবং

(খ) ইহার কত অংশ খরচ করা হইয়াছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** (ক) কেন্দ্রীয় সাহায্যে ছোট ও মাঝারী ধরণের শহরের সার্বিক উন্নয়ন স্কীমে (Centrally assisted integrated development scheme) নিম্নলিখিত নয়টি পৌরসভার জন্য ১৯৮১-৮২ সালে ১ কোটি ২০ লক্ষ টাকা ঋণ কেন্দ্রীয় সরকারের কাছ হইতে পাওয়া গিয়াছে।

| | | | |
|---|---|---|---|
| ১। | মেদিনীপুর | — | ৬ লক্ষ টাকা |
| ২। | কালিম্পং | — | ২০ লক্ষ টাকা |
| ৩। | বাঁকুড়া | — | ৯ লক্ষ টাকা |
| ৪। | ইংলিশ বাজার | — | ১৩.৫০ লক্ষ টাকা |
| ৫। | কুচবিহার | — | ১৫.৫০ লক্ষ টাকা |
| ৬। | পুরুলিয়া | — | ১০ লক্ষ টাকা |
| ৭। | তারকেশ্বর | — | ১০ লক্ষ টাকা |
| ৮। | কৃষ্ণনগর | — | ১৮ লক্ষ টাকা |
| ৯। | সিউড়ী | — | ১৮ লক্ষ টাকা |
| | | মোট | ১ কোটি ২০ লক্ষ টাকা |

(খ) এই ১ কোটি ২০ লক্ষ টাকা পৌর সভাগুলির মধ্যে উপরোক্ত হারে ১৯৮২ সালের এপ্রিলের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হইয়াছে।

( তুমুল গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এই প্রশ্নে আমার একটা সাপ্লিমেণ্টারী আছে। আমি আপনার কাছে অনুরোধ করছি যে সিউড়ির ব্যাপারে আলোচনা করতে দিন, আলোচনা না করতে দিলে খুব অন্যায় হবে।

( তুমুল হট্টগোল )

## কলাইঘাটা ১নং নদীসেচ প্রকল্প হইতে অনিয়মিত জল সরবরাহ

*১৪৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৮০। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** কৃষি ( ক্ষুদ্র সেচ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, চুনী নদীতে প্রচুর জল থাকা সত্ত্বেও কলাইঘাটা ১নং নদীসেচ প্রকল্পটি থেকে ঠিকমত জল সরবরাহ না করার ফলে ওই অঞ্চলের পাট চাষ বিঘ্নিত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

( তুমুল হৈচৈ )

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## বনগাঁ অঞ্চলের কৃষকদের রেশন কার্ড প্রদান

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৩।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকার কি অবগত আছেন যে, বনগাঁ সাব-ডিভিশন্যাল কন্ট্রোলার অফিসে এম. এল. এ.-এর সুপারিশে দাখিলীকৃত রেশন কার্ডের দরখাস্ত দেওয়া সত্ত্বেও অদ্যাবধি উক্ত অঞ্চলের ক্ষতিগ্রস্ত কৃষকগণ রেশন কার্ড পাই নাই; এবং

(খ) অবগত থাকিলে, কবে নাগাত উক্ত অঞ্চলের কৃষকগণ রেশন কার্ড পাইবেন?

( তুমুল হট্টগোল )

**শ্রীঅচিন্ত কৃষ্ণ রায় ঃ** (ক) বনগাঁ মহাকুমায় ৬।৪।৮২ তারিখ হইতে এ পর্যন্ত মোট ২৫,৭০৩টি পারিবারিক রেশন কার্ড পৌরসভার চেয়ারম্যান, এম.এল.এ. এবং গ্রাম প্রধানদের সুপারিশ অনুসারে অস্থায়ীভাবে দেওয়া হইয়াছে। তবে এখনও ৬০০০ এর মত দরখাস্ত আছে। সেইগুলি অতি সত্বর নিষ্পত্তি হইবে।

(খ) প্রশ্ন ওঠে না।

## Increase in prices of paddy and rice

*229. (Admitted question No. *1296.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether there has been any increase in the prices of paddy and rice in the open market in West Bengal during the past few years; and

(b) if so—

(i) what were the prices of paddy and rice in the open markets as on 31st July, 1977 and 31st July, 1892; and

(ii) whether the increase in the prices of paddy and rice during this period was uniform in pattern?

**Shri Achintya Krishna Ray:** (a) Due to increase in Central taxes on fertiliser, pesticides, transport, diesel charges, increase in the procurement prices crop failures there has been a rise in the open market prices of paddy & rice in West Bengal during the last few years.

However, such rise in the prices of rice has been an all India phenomenon. The rise in all-India wholesale price index of rice from July, 1977 to Oct. '81 was 33% and during the period State average minimum wholesale price of rise rose by 10.88%.

(b) i) Open market State average minimum wholesale prices of paddy per quintal were as follows :-

| July, 1977. | July, 1982. |
|---|---|
| Rs. 127.68 | Rs. 186.42 |

Open market State average minimum retail prices of rice per k. g. were :

| July, 1977. | July 1982. |
|---|---|
| Rs. 2-23 | Rs. 3.04 |

(b) ii) Increase in the prices of paddy or rice during the period was not uniform.

( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ :** মুখ্যমন্ত্রী বলুন যারা আজকে উইদাউট নোটিশে উদ্বাস্তু হয়েছে, তাদের পুনর্বাসন দেওয়ার দায়িত্ব নেবেন কিনা। পুলিশ প্রশাসন লক্ষ লক্ষ টাকা চুরি করেছে।

## বারাসাত ও মধ্যমগ্রাম হইতে কলিকাতা পর্যন্ত মিনিবাস চালুর পরিকল্পনা

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭২।) **শ্রীসরল দেব :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত ও মধ্যমগ্রাম হইতে কলকাতা অবধি 'মিনি' বাস চালু করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ, হলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**শ্রীরবীন মুখার্জী :** (ক) হ্যাঁ। বারাসাত হইতে ব্যাণ্ড স্ট্যাণ্ড ভায়া ভি, আই. পি. রোড, উল্টাডাঙ্গা, প্রফুল্লচন্দ্র রোড, বিবেকানন্দ রোড, কলেজ স্ট্রীট, গণেশ এভিনিউ, চিত্তরঞ্জন এভিনিউ, এসপ্ল্যানেড।

(খ) বর্তমানে দরখাস্ত আহ্বান করা হইয়াছে মাত্র।

## কোচবিহার ও মাথাভাঙ্গা ডিপোতে নূতন বাস দিবার পরিকল্পনা

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬২।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের কোচবিহার ও মাথাভাঙ্গা ডিপোতে নূতন বাস দিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কোন্ কোন্ রুটে কতগুলি বাস দিবার পরিকল্পনা সরকারের আছে ?

**শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী :** (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** যে সমস্ত ডিপোতে বাস দেবার প্রয়োজনীয়তা বোধ করছেন, সেই সমস্ত ডিপোতে বাস দেবার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী :** আপাতত কোন পরিকল্পনা নেই।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মাথাভাঙ্গা ডিপো এবং নর্থ বেঙ্গল রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার অধীনে যে সমস্ত ডিপোতে ইতিমধ্যে বাস ক্ষতিগ্রস্ত হয়েছে, তা রিপেয়ার করবার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ** কিছু কিছু নূতন বাস কেনা হচ্ছে। এগুলি কেনার পর সমস্ত কিছু বিবেচনা করা হবে।

( গোলমাল )

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** স্যার, খর্জুর বৃক্ষজাত রসায়নের ক্রিয়া আজ এই হাউসে একটু অতিরিক্ত মাত্রায় হয়ে গেছে। তাই বোধ এই অবস্থা।

( গোলমাল )

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ওই ডিপোতে বাস দেবার প্রয়োজনীয়তা বোধ করছেন কি ?

**শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ** নূতন বাস যখন কেনা হবে তখন দেখা হবে।

## কলকাতা-ফারাক্কা ও কলকাতা-রঘুনাথগঞ্জ রুটে সরকারী বাস চলাচল

***২৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩২৫। ) শ্রীআবুল হাসানত খান ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা-ফারাক্কা এবং কলকাতা-রঘুনাথগঞ্জ রুটে 'কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার' দূরগামী বাস সার্ভিস চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

[1-20—1-30 p.m.]

**শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ** (ক) হ্যাঁ।

(খ) যথা শীঘ্র সম্ভব রুটগুলি চালু করা হইবে।

**শ্রীআবুল হাসনাত খাঁন ঃ** এই ব্যাপারে কোন রকম ফাইনানসিয়াল ইন্সপেকসন করেছেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** হ্যাঁ।

## মুর্শিদাবাদ জেলায় জিয়াগঞ্জ ও রানীনগর ১নং ব্লকে সচল গভীর নলকূপ এবং নদী সেচ প্রকল্পের সংখ্যা

***২৪২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৫। ) শ্রীমতী ছায়া ঘোষ ঃ** কৃষি ( ক্ষুদ্র সেচ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ ও রাণীনগর ১ নং ব্লকে বর্তমানে মোট কতগুলি গভীর নলকূপ এবং নদী সেচ প্রকল্প সচল আছে ;

(খ) ১৯৮২ সালের ১লা জানুয়ারী হ'তে উপরোক্ত ব্লক দুটিতে কোন্ কোন্ গভীর নলকূপ ও 'নদী সেচ প্রকল্প' অকেজো হয়ে আছে ;

(গ) উপরোক্ত ব্লক দু'টিতে পাইপ লাইন সম্প্রসারণ ও স্পাউট বৃদ্ধির কোনও প্রস্তাব সরকার গ্রহণ করেছেন কি ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, কবে নাগাত ঐ প্রস্তাব গৃহীত হয়েছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকে ১৫টি গভীর নলকূপ এবং ২৮টি নদী সেচ প্রকল্প সচল আছে। রাণীনগর ১নং ব্লকে ২০টি গভীর নলকূপ এবং ১৫টি নদী সেচ প্রকল্প সচল আছে।

(খ) মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকের নূতন গ্রাম বন্দের পাড়া গভীর নলকূপটি এবং খোসবাগ-২, রশ্মিগঞ্জ, চরমহিমপুর-১ ও ২ এবং সতীচূড়া এই ৫টি নদী সেচ প্রকল্প অচল অবস্থায় আছে। রাণীনগর ব্লকে কোন অচল ক্ষুদ্র সেচ প্রকল্প নাই।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions (to which oral answers were given)

### বীরভূম জেলায় ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট ইরিগেশন

*৩৮৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১১৩। ) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কৃষি ( ক্ষুদ্র সেচ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বর্তমান সরকারের আমলে এ পর্যন্ত (১৯৭৭-৮২) বীরভূম জেলার কোন্‌ কোন্‌ ব্লকে এবং মৌজায় কয়টি ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট ইরিগেশন স্থাপন করা হয়েছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** উক্ত সময়ে বীরভূম জেলায় ৭টি ডিপ টিউবয়েল এবং ১৫টি লিফ্‌ট ইরিগেশন স্থাপন করা হয়েছে। উহাদের ব্লক ও মৌজাওয়ারী তালিকা এতদসহ সংযোজিত হইল।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আমি এই চোর সরকারের কাছে কোন প্রশ্ন করব না।

**Statement referred to in reply to clause (kha) of starred question No. 386**

### তালিকা

(ক) গভীর নলকূপ ( ডিপ টিউব ওয়েল )

| | ব্লকের নাম | মৌজার নাম | গভীর নলকূপের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | দুবরাজপুর | খণ্ডগ্রাম | ১ |
| ২। | ইলামবাজার | সাহেব ডাঙ্গা | ১ |
| ৩। | ঐ | নাবানা | ১ |
| ৪। | ঐ | নীলাগড় | ১ |
| ৫। | ঐ | রামনগর | ১ |
| ৬। | রামপুরহাট | বেনিয়াগ্রম | ১ |
| ৭। | নলহাটি | পশ্চিম গোপালপুর | ১ |

(খ) নদীসেচ প্রকল্প ( রিভার লিফ্‌ট ইরিগেশন )

| | ব্লকের নাম | মৌজার নাম | নদী সেচ প্রকল্পের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | মহম্মদ বাজার | কবিলনগর | ১ |

| | | | |
|---|---|---|---|
| ২। | ঐ | নরসিংহপুর | ১ |
| ৩। | বোলপুর | বিষেরঘাটা | ১ |
| ৪। | ঐ | সাংরিমছুলা | ১ |
| ৫। | ঐ | মনোহরপুর | ১ |
| ৬। | ঐ | সরপালেহানা | ১ |
| ৭। | ময়ুরেশ্বর | পারকুটা | ১ |
| ৮। | নলহাটি | টাবেড্ডা | ১ |
| ৯। | রামপুরহাট ১নং | জমি ফাঁদ | ১ |
| ১০। | ঐ | দেকাওপুর | ১ |
| ১১। | ঐ | চাঁদনী | ১ |
| ১২। | মুরারই | কালীনগর ২নং | ১ |
| ১৩। | মহম্মদবাজার | মালাডাঙ্গা | ১ |
| ১৪। | ঐ | নিশ্চিন্তপুর | ১ |
| ১৫। | খয়রা সোল | ভবানীগঞ্জ | ১ |

## বিধবা ভাতা

*৩৮৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৪। ) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে কবে থেকে বিধবা ভাতা চালু করা হয়েছে ;

(খ) ৩০শে জুন, ১৯৮২ পর্যন্ত বিধবা ভাতা দেওয়ার জন্য রাজ্য সরকারের মোট কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে ; এবং

(গ) বর্তমানে এই রাজ্যে কত জন বিধবা ভাতা পাচ্ছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) ১৯৭৯ সালের ডিসেম্বর মাস হইতে।

(খ) ৩০শে জুন, ১৯৮২ পর্যন্ত মোট ৩৩,৫৬,২৩১ টাকা ব্যয় হয়েছে।

(গ) বর্তমানে এই রাজ্যে মোট ৬,৩৩৭ জন বিধবা ভাতা পাচ্ছেন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আপনি নিশ্চয়ই দেখছেন গোলমালের দরুণ বিধানসভার অতি মূল্যবান সময় নষ্ট হয়ে যাচ্ছে। বহু ইমপর্ট্যাণ্ট কোশ্চেন রয়েছে এবং তার উপরে আমাদের অনেক সাপ্লিমেণ্টারী কোশ্চেন রয়েছে। কিন্তু যেভাবে হাউস চলেছে তাতে কোন কিছুই হতে পারছে না। এরকম জিনিস দীর্ঘ সময় ধরে চলতে পারে না, আপনি এর একটা ফয়সালা করুন। আমরা প্রশ্ন করছি এবং তার উত্তরে মন্ত্রীমহাশয় কি বললেন কিছুই বুঝতে পারছি না। এটা কি ফার্স হচ্ছে ? আমি মনে করি এতে আমাদের রাইট কার্টেল করা হচ্ছে। কাজেই আপনাকে বলছি, প্লিজ জাস্ট মেক অ্যান এণ্ড অব দিস ম্যাটার। মন্ত্রীমহাশয় রিপ্লাই দিন এবং আমরাও যথারীতি সাপ্লিমেণ্টারী করি।

**মিঃ স্পীকার ঃ** হাউসের একটা নিয়ম আছে এবং এখানে সকলে মিলে কো-অপারেসন করলে তবেই কাজ হতে পারে। তবে কেউ যদি মনে করেন আমি রুল

মানব না তাহলে আমার কিছু করার নেই। আমি কোশ্চেন আওয়ারে কোশ্চেন ডাকব, কিন্তু আপনারা যদি এইভাবে গোলমাল করেন তাহলে হবে না।

## কলিকাতা-আসানসোল ষ্টেট বাস চালু

*৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলকাতা-আসানসোল ভায়া কৃষ্ণনগর, বহরমপুর, কান্দি, সিউড়ি স্টেট বাস চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীরবীন মুখার্জীঃ** না।

## কলিকাতায় ম্যানহোলের সংখ্যা

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২।) **শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনের অধীনস্থ রাস্তাগুলিতে মোট কতগুলি ম্যানহোল আছে;

(খ) ম্যানহোলগুলি দেখাশুনার জন্য কর্পোরেশনে বর্তমানে কতজন কর্মী আছেন এবং তাঁদের মাসিক বেতন বাবত বছরে কত টাকা খরচ হয়;

(গ) সরকার কি অবগত আছেন যে, ম্যানহোলগুলির বেশ কিছু সংখ্যক খোলা থাকার ফলে প্রায়ই মানুষের জীবনান্ত হওয়ার ঘটনা ঘটিয়া থাকে; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন বা করিয়াছেন?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** (ক) প্রায় ৩০,০০০ (তিরিশ) হাজার।

(খ) ভূ-গর্ভস্থ পয়ঃপ্রনালী পরিষ্কার করার কর্মীরাই এগুলি দেখাশুনা করে। এদের সংখ্যা প্রায় ২০০০ (দুই) হাজার। এদের জন্য বছরে প্রায় এক কোটি কুড়ি লক্ষ টাকা ব্যয় হয়।

(গ) কিছু সংখ্যক ম্যানহোলের ঢাকনা কখনও কখনও চুরি যায়। কিন্তু এর দরুণ জীবন হানির কোনও সংবাদ জানা নাই।

(ঘ) চুরি যাওয়া ম্যানহোলের লোহার ঢাকনার পরিবর্তে সম্প্রতি কংক্রিটের ঢাকনা বসানো হচ্ছে। এর ফলে চুরির হার হ্রাস পাবে।

## ডায়মণ্ডহারবারে জলসরবরাহ প্রকল্প

*৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮।) **শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবারের জলসরবরাহ প্রকল্পের কাজ কবে নাগাত শেষ হবে, এবং

(খ) কবে নাগাত জলসরবরাহ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** (ক) এবং (খ) —

প্রকল্পটি ১৯৮২ সালের মার্চ মাসে চালু করা হয়েছে। এই প্রকল্পের একটি নলকূপ ছাড়া আর দুটি নলকূপের সমস্ত কাজই শেষ হয়েছে। প্রকল্পটির অন্তর্গত বিভিন্ন অঞ্চলে জলসরবরাহ করার জন্য পাইপ পোঁতার কাজ তুলনামূলক ভাবে নলকূপ প্রোথনের কাজের পুর্বেই শেষ হয়েছিল বলে বর্তমানে ঐ পাইপলাইনের কিছু কিছু অংশ খারাপ হয়ে গিয়েছে, ফলে তা মেরামতি ও বদলের প্রয়োজন দেখা দিয়েছে। ঐ মেরামতির কাজও শুরু হয়ে গেছে এবং আশা করা যায় এই বছরের মধ্যে উক্ত কাজ শেষ হবে।

কারিগরী কারণবশতঃ তৃতীয় নলকূপটি পরিত্যক্ত হয়েছে এবং এর বদলে উক্ত মেরামতির কাজ শেষ হয়ে গেলে অপর নলকূপটির কাজ শুরু করা হবে।

( নয়েজ )

( এ্যাট দিস স্টেজ শ্রীসুনীতি চট্টরাজ রোজ টু স্পিক )

( নয়েজ )

**মিঃ স্পিকার ঃ** নাউ স্টার্ড কোশ্চেন নং ৩৯২।

( নয়েজ )

মাননীয় সদস্যগণ সব সময়েই মনে রাখতে হবে কথাটা যে উভয় পক্ষই এক খেলা খেলতে পারে, এই মেথড এ্যাডপ্ট করতে পারে। সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে মানুষ আপনাদের উভয় পক্ষকেই ভোট দিয়ে এখানে পাঠিয়েছেন আপনারা যে মেথড এ্যাডপ্ট করবেন, আদার সাইড মে এ্যাড্প্ট দিস। সুতরাং আই এগেন appeal to you not adopt such method. এই ভাবে হাউস চলতে পারে না।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার, সুনীতিবাবু তাঁর বক্তব্য রেখেছেন এবং আপনি মিঃ স্পিকার, আপনার রুলসের ভিত্তিতে অনেক রকম ব্যবস্থা অবলম্বন করতে পারেন। কিন্তু এই ভঙ্গিমায় প্রভোক করতে পারেন না, থ্রেট করতে পারেন না।

( এ্যাট দিস স্টেজ সেভারেল মেমবার্স রোজ টু স্পিক )

**মিঃ স্পিকার ঃ** আপনার সকলে বসুন, No question of provocation arises. I am only reminding the honourable members that both side can play the same game. এটা বুঝতে হবে। উভয় পক্ষই অসুবিধার সৃষ্টি করবেন, এতে লাভ কি হবে? You should consider that you have the full responsibility. You should know that your action will have reaction. উভয় পক্ষেরই উত্তর পাবার অধিকার আছে। বিরোধী পক্ষ থেকে আচরণ করবেন, রুলিং পার্টি থেকেও সেই আচরণ করতে পারে। বোথ সাইড ক্যান প্লে দি সেম গেম। You have questions, they have questions. এই ভাবে হাউস চলতে পারে না।

[1-30—1-40 p.m.]

( গোলমাল )

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমাদের এখান থেকে যদি কেউ প্রোভোকেসান দেয় আপনি তাকে নিষেধ করুন। কিন্তু আপনি অন্য পক্ষকে এই ভাবে প্রোভোকেসান দিতে পারেন না।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** নিষেধ করা সত্ত্বেও কেউ শুনছেন না। ইউ হ্যাজ বিন কন-টিনিউয়িং ফর সাম টাইম। এই ভাবে হাউস চলতে পারে না। এটা প্রোভোকেসনের ব্যাপার নয়।

**মিঃ আবদুস সাত্তার ঃ** বিরোধী দল থেকে কেউ যদি প্রোভোকেশন দেয় আপনি তাকে বলতে পারেন এই ভাবে প্রোভোকেসন দেবেন না। কিন্তু আপনি স্পীকার হয়ে এই ভাবে প্রোভোকেসন দিতে পারেন না।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** *৩৯২

**শ্রীদীপক সেন গুপ্ত ঃ** স্যার, আমার একটি পয়েণ্ট অব প্রিভিলেজ আছে। স্যার, বিভিন্ন গুরুত্বপূর্ণ কোশ্চেন এই হাউসের সামনে আনা হচ্ছে। এই কোশ্চেনগুলি আনবার অধিকার আমাদেরও আছে। এই কোশ্চেন জানার অধিকার কেবল ওদের একার নেই, আমাদেরও জানার অধিকার আছে। আমরা একটা অদ্ভুত জিনিষ লক্ষ্য করেছি আমাদের প্রশ্নের সময় ওপোজিসন বেঞ্চ থেকে চীৎকার করে প্রশ্ন নষ্ট করে দিচ্ছে। আর ওদের প্রশ্নের সময় ওরা চুপ করে বসে থাকছে। স্যার, এটা আমাদের সকলের প্রিভিলেজের প্রশ্ন, আপনার চেয়ারের প্রশ্ন নয়। ওদের চীৎকারে আমাদের প্রশ্নের উত্তর আমরা শুনতে পাচ্ছি না। স্যার, হাউসের কর্তা হিসাবে আপনি আমাদের প্রিভিলেজ রক্ষা করুন। You cannot allow these hooligans to run the house.

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** *৩৯২

**শ্রীকমলকান্তি গুহ ঃ** স্যার, কোশ্চেনের উত্তর দেবার দায়িত্ব আমাদের। স্যার, আমাদেরও একটা আত্ম সম্মানবোধ আছে, আপনি আমাকে মাপ করবেন—হাউস কনট্রোল করতে না পারলে আমার পক্ষে এই অবস্থায় উত্তর দেওয়া সম্ভব নয়।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যদের আমি বলছি, আপনারা এইভাবে চললে কোশ্চেন আওয়ার এ্যাবানডান করে দেব। এই ভাবে হাউস চলতে পারে না। আই উইল পাস ওভার অল দি কোশ্চেনস।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার একটা পয়েণ্ট অব অর্ডার আছে।

**মিঃ স্পীকার ঃ** নো পয়েণ্ট অব অর্ডার নাউ *৩৯২

**শ্রীকমলকান্তি গুহ ঃ** স্যার, আমি আবার বলছি আমাদেরও আত্মসম্মানবোধ আছে, এই অবস্থার মধ্যে উত্তর দিতে পারব না। আমি আপনার কাছে ক্ষমা চাইছি।

**শ্রীআবদুস সাত্তার :** এটা কি হল স্যার, আপনি প্রশ্ন ডাকলেন, মন্ত্রী কি বলছেন ?

**মিঃ স্পীকার :** আপনার লোকেরা না বসে হৈচৈ করলে কি করে উত্তর দেবেন ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্যার, আপনি আমাদের হেডমাষ্টার নন, আর আমরাও আপনার ছাত্র নই—আমাদের এই ভাবে ধমকে কিছু লাভ হবে না।

## Starred Questions
## (to which oral answers were laid on the table)

## সিমেণ্ট সরবরাহ

*৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩।) **শ্রীকাশীনাথ মিশ্র :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে কি পরিমাণ লেভি-ফ্রি ও নন-লেভি সিমেণ্ট প্রতি মাসে সরবরাহ করা হচ্ছে ; এবং ডিলাররা কি রেটে ঐ সিমেণ্ট পাচ্ছে ;

(খ) এটা কি সত্য যে, বাঁকুড়া জেলার ডিলাররা নন-লেভি সিমেণ্ট নিয়মিত-ভাবে পাচ্ছে না ;

(গ) সত্য হ'লে এর কারণ কি ;

(ঘ) বাঁকুড়া জেলাতে বুকওয়ারী কতজন ডিলার বর্তমানে লেভি-ফ্রি ও নন-লেভি সিমেণ্ট সরবরাহ করছে ; এবং কাদের মাধ্যমে ও কি পদ্ধতিতে সিমেণ্ট বিলি হচ্ছে ; এবং

(ঙ) বর্তমানে উক্ত জেলাতে লেভি-ফ্রি সিমেণ্টের জন্য কতগুলি দরখাস্ত সরকারের কাছে জমা আছে ?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) ভারত সরকারের ২৮।২।৮২ তারিখের এক আদেশ বলে ঐ তারিখের পর থেকে লেভি-ফ্রি বা নন্ লেভি সিমেণ্টের সরবরাহ ও দামের ওপর পশ্চিমবঙ্গ সরকারের কোন নিয়ন্ত্রণ নেই।

(খ) কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী লেভি ফ্রি বা নন্ লেভি সিমেণ্টের সরবরাহের উপর কোন নিয়ন্ত্রণ না থাকায় সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়। স্থানীয় বিভাগীয় দপ্তর থেকে সংগৃহীত তথ্যে জানা যায় যে গত ৩১।৭।৮২ তারিখ পর্যন্ত উক্ত জেলায় মোট ১১৩২'৮ মেট্রিক টন লেভি ফ্রি বা নন্ লেভি সিমেণ্ট পেঁছায়।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) জেলায় এ পর্যন্ত মোট ১৮ জন ডিলার লেভি ফ্রি বা নন্ লেভি সিমেণ্টের ব্যবসায় নিযুক্ত আছেন। বুকওয়ারী তথ্যের জন্য কিছু সময় প্রয়োজন। লেভি ফ্রি বা নন্ লেভি সিমেণ্টের বিলি ব্যবস্থার ওপর সরকারের কোন নিয়ন্ত্রণ নেই।

(ঙ) প্রশ্ন ওঠে না।

## কৃষি পেনশন

*৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে কতজন কৃষককে কৃষি পেনসন দেওয়া হয়েছে ; এবং

(খ) বর্তমান বৎসরে অর্থাৎ ১৯৮২-৮৩ সালে কতজন কৃষককে এই পেনসন দেওয়ার কথা চিন্তা করা হচ্ছে ?

**Minister-in-charge of Agriculture Department.**

(ক) ১৯৮০-৮১ সালে মোট ২১,৮৫০ এবং ১৯৮১-৮২ সালে মোট ২১,৯৪৮ জন কৃষককে কৃষি পেনসান দেওয়া হয়েছে।

(খ) অতিরিক্ত ৫৮২৭ জন কৃষককে ১৯৮২-৮৩ সালে পেনসান দেওয়ার লক্ষ্য মাত্রা স্থির করা হয়েছে।

### Financial assistance for Second Hooghly Bridge Project

*393. ( Admitted question No. *1282. ) **Shri Anup Kumar Chandra** : Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to State—

(a) whether the Government of India has made any commitment to the State Government with regard to grant of financial assistance for the Second Hooghly Bridge Project ; and

(b) if so,

(i) what is the commitment of the Government of India in the matter ;

(ii) the amount of financial assistance already released by the Centre ; and

(iii) what percentage of work on the bridge and its Calcutta and Howrah side approaches have been completed so far ?

**Minister-in-charge of the Public works (Metropolitan Development) Department :**

(a) Yes.

(b) (i) Uptil now Rs. 57.13 crores.

(ii) Upto July 1982, the amount released by the Centre is Rs. 48.99 crores.

(iii) The progress on 31.8.82 :
Main Bridge-31%
Calcutta side approach-48%
Howrah side approach-21.5%

### কলিকাতায় নূতন ট্রাম রুট

*৩৯৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪। ) **শ্রীতারকবন্ধু রায় :** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের ১লা জানুয়ারী থেকে ১৯৮২ সালের ৩০এ জুন পর্যন্ত কলিকাতায় কতগুলো নতুন ট্রাম রুট চালু হয়েছে ; এবং

(খ) ঐ সময়ের মধ্যে কতসংখ্যক নতুন ট্রাম গাড়ী রাস্তায় চালানো হয়েছে ?

**Minister-in-charge of Home (Transport) Department.**

(ক) ৫টি নতুন ট্রাম রুট চালু হয়েছে।

(খ) ১৪টি নতুন ট্রাম রাস্তায় চালানো হয়েছে।

## প্রতি ইউনিট পিছু রেশন কার্ড দেবার পরিকল্পনা

*৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৬।) শ্রীগোপাল মণ্ডল: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রতি ইউনিট পিছু রেশন কার্ড দেবার পরিকল্পনা প্রথম বামফ্রণ্ট সরকার গ্রহণ করেছিলেন ;

(খ) সত্য হলে উক্ত পরিকল্পনা এখনও বাস্তবায়িত না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) সংশোধিত রেশন এলাকায় ব্যক্তিগত রেশন কার্ড দিবার পরিকল্পনা প্রথম বামফ্রণ্ট সরকার ১৯৭৮ সালে গ্রহণ করিয়াছিলেন।

(খ) সম্পূর্ণভাবে বাস্তবায়িত না হওয়ার কারণ এই যে মহামান্য হাইকোর্টের ২৬।২।৮২ তারিখের স্থগিতাদেশের জন্য ব্যক্তিগত রেশনকার্ড দেওয়া বর্তমানে বন্ধ রাখিতে হইয়াছে।

(গ) মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ উঠিয়া গেলেই পরিকল্পনাটি বাস্তবায়িত হইবে। এইজন্য সরকার চেষ্টা চালাইয়া যাইতেছেন।

## ছাতনার ওয়ার্ডারস্ ট্রেনিং ইনষ্টিটিউট কারা বিভাগ হইতে কৃষি বিভাগে ফেরত

*৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৫।) শ্রীসুভাষ গোস্বামী: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ছাতনায় ওয়ার্ডারস্ ট্রেনিং ইনস্টিটিউটটি কি স্বরাষ্ট্র (কারা) বিভাগ হইতে কৃষি বিভাগ ফেরত পাইয়াছেন ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত স্থানে কৃষি বিভাগ কি করিবেন বলিয়া স্থির করিয়াছেন ?

**Minister-in-charge of Agriculture Department**

(ক) হ্যাঁ

(খ) পশ্চিমবঙ্গের পশ্চিমাঞ্চলের জেলাগুলির ফসল উৎপাদন, খামার পরিচালনার জল ও মাটি সংরক্ষণ এবং শুষ্ক চাষ সম্পর্কে প্রশিক্ষণের উদ্দেশ্যে একটি কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণের কর্ম ও কৃষি প্রকল্প সহায়ক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং বর্তমানে শুশুনিয়া কৃষি খামারে অবাদ শুষ্ক চাষের গবেষণা কেন্দ্রটি স্থানান্তরের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**হাওড়ার মাছের বাজারে সুপার মার্কেটে নতুন ষ্টল দান**

*৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯০।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া মাছের বাজারে যে সুপার মার্কেটের বাড়ি তৈরী হইয়াছে সেখানে দীর্ঘদিনের পুরানো ব্যবসায়ীদের বদলে নবাগতদের নতুন স্টল দেওয়া হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, কারণ কি ?

**Minister-in-charge of Local Government and Urban Development, Metropolitan Development.**

(ক) সত্য নয়। (খ) প্রশ্ন ওঠে না।

**চন্দ্রনাথ বসু অনাথ শিশু আশ্রম**

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৬।) **শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার তেহট্ট ১নং বুকের অন্তর্গত শ্যামনগর গ্রামে চন্দ্রনাথ বসু অনাথ শিশু আশ্রমের পরিচালকবর্গের নাম এবং ঠিকানা কি ;

(খ) এই অনাথ শিশু আশ্রমে বর্তমানে কতজন শিশু বসবাস করে ; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার গত ১৯৮০, ১৯৮১ ও ১৯৮২ সনে তাদের কত টাকা সাহায্য করিয়াছেন ?

**Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Departmeut**

(ক) পরিচালক-বর্গের নাম ও ঠিকানা

| | নাম | ঠিকানা | পদ |
|---|---|---|---|
| ১। | শ্রীহরিপদ চক্রবর্তী | ১৭-ডি। ১এ, রাণী ব্রাঞ্চ রোড কলিকাতা-২ | সভাপতি |
| ২। | শ্রীপ্রমথনাথ গাঙ্গুলী | ৭ এম, বি, রোড বিরাটী কলিকাতা-৫১ | কার্য্যকরী সভাপতি |
| ৩। | ক্যাপ্টেন ভাগ সিং | ১২৬ করনারি ম্যানশন পার্কষ্ট্রীট কলিকাতা-১৬ | সহ-সভাপতি |
| ৪। | শ্রীগুরুদাস বোস | সি।৩০।৬, কালিন্দী হাউসিং এস্টেট কলিকাতা-৫৫ | ঐ |
| ৫। | শ্রীচারুমিহির সরকার | ১, বি, টি রোড কামারহাটী কলিকাতা-৫৮ | সাধারণ সম্পাদক |
| ৬। | শ্রীশক্তিপদ দাস | ১৮, চন্দ্রনাথ সিমলাই লেন, কলিকাতা-২ | যুগ্ম-সম্পাদক |
| ৭। | শ্রীনিরঞ্জন ঘোষ | ফকিরতলা পোঃ সুরুপগঞ্জ জেলা নদীয়া | সহ-সম্পাদক |

| | | | |
|---|---|---|---|
| ৮। | শ্রীরঞ্জিৎ কুমার বোস | ২৬, আশুতোষ মুখার্জী রোড, কলিকাতা-২০ | সহ-সম্পাদক |
| ৯। | শ্রীসুশীল কুমার | ৩৩, ইউ, কে, দত্ত রোড কলিকাতা-২৮ | কোষাধ্যক্ষ |
| ১০। | শ্রীমঙ্গলচন্দ্র মৌলিক | ডাঃ বি, আর, আম্বেদকর কলেজ পোঃ বেতাই জেলা নদীয়া | সদস্য |
| ১১। | শ্রীহরেন চন্দ্র বিশ্বাস | বেতাই নূতন-পাড়া পোঃ বেতাই জেলা নদীয়া | ঐ |
| ১২। | শ্রীনিশী কান্ত রায় | রামচন্দ্রপুর পল্লীমঙ্গল বিদ্যাপীট পোঃ কলোনী রামচন্দ্রপুর জেলা ২৪-পরগণা | ঐ |

(খ) বর্তমানে ৩২ জন বসবাস করে।

(গ) মোট ৫০,০০০.০০ টাকা।

## লিলুয়া ষ্টেশনে লেবেল ক্রসিং-এর জন্য পারাপারের অসুবিধা

*৪০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৮।) শ্রীজয়কেশ মুখার্জী : পূর্ত (মহানগর-উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, যে ইস্টার্ন রেলের লিলুয়া স্টেশনের লেবেল ক্রসিং-এর জন্য জনসাধারণের পারাপারের খুবই অসুবিধা হয়; এবং

(খ) অবগত থাকিলে, এই পথে পারাপারের সুবিধার জন্য ফ্লাইওভার নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারে আছে কি?

**Minister-in-charge of Urban Development and Metropolitan Development Department**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ "রেলওয়ে সেফ্‌টি ওয়ার্ক ফাণ্ড প্রোগ্রাম" এর মাধ্যমে উহা নির্মাণ করার পরিকল্পনা আছে।

## পুরুলিয়ায় অগভীর নলকূপ

*৪০১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৩।) শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) খরা-কবলিত পুরুলিয়া জেলাতে অগভীর নলকূপ স্থাপনের জন্য সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থা নেওয়া হয়েছিল বা হয়েছে কি; এবং

(খ) উক্ত জেলাতে অগভীর নলকূপ স্থাপনের বিষয়ে বিশেষজ্ঞদের মতামত কি?

**Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Agriculture Department.**

(ক) না।

(খ) বিশেষজ্ঞদের মতে পুরুলিয়া জেলা অগভীর নলকূপ স্থাপনের উপযুক্ত নয় কারণ পুরুলিয়া জেলার সর্বত্র প্রাচীন ও কঠিন শিলাস্তর থাকায় ভূগর্ভস্থ জলাধার (Agrifer) যথেষ্ট পরিমান বৃষ্টির জল অনুপ্রবেশের অনুকূল নয়। এই শিলাস্তরের জলধারণের ক্ষমতাও অপেক্ষাকৃত কম।

## পশ্চিমবঙ্গে এম আর এবং এস আর রেশন ব্যবস্থা চালু রাখার জন্য খাদ্যশস্যের পরিমাণ

*৪০২। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৯।) শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গের এম আর এবং এস আর রেশন ব্যবস্থা চালু রাখার জন্য বার্ষিক কি পরিমাণ খাদ্যশস্যের প্রয়োজন;

(খ) কেন্দ্রীয় সরকার বার্ষিক কি পরিমাণ চাল, গম, চিনি ও ভোজ্য তেল সরবরাহ করার প্রতিশ্রুতি দিয়াছেন; এবং

(গ) কি পরিমাণ খাদ্যশস্য সরবরাহ এ পর্যন্ত করিয়াছেন?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত এই রাজ্যে রেশন ব্যবস্থার জন্য প্রতিমাসে ২,৭৫,০০০ মেঃ টন খাদ্যশস্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছেন পশ্চিমবঙ্গে ফসল উৎপাদনের হিসাব অনুমান করে এবং যে চাহিদা দেখা যাচ্ছে সেই অনুসারে অক্টোবর থেকে মাসিক চাহিদা হয়েছে ৩,২০,০০০ মেঃ টন। এই হিসাবে ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে খাদ্যশস্যের জন্য কেন্দ্রের কাছে মোট চাহিদা দাঁড়াবে ৩৫,৭০,০০০ মেঃ টন।

(খ) বরাদ্দ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের চাল, গম, চিনি এবং ভোজ্যতেল সরবরাহ করার কথা। এখনো কেন্দ্রীয় সরকার ভবিষ্যতে সরবরাহের কোন প্রতিশ্রুতি দেন নি।

(গ) ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে এপ্রিল থেকে আগষ্ট পর্যন্ত ৫ মাসে এফ. সি. আই. রেশন ব্যবস্থায় প্রায় ৭,৫৩,৮৪৮ মেঃ টন চাল এবং প্রায় ২,৯৮,৬২১ মেঃ টন গম কেন্দ্রীয় ভাণ্ডার হইতে সরবরাহ করিয়াছেন।

## হুগলী জেলায় বাসরুটে আদালতের নিষেধাজ্ঞা

*৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯০১।) শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় কতগুলি বাসরুটে আদালতের নিষেধাজ্ঞার আদেশ আছে; এবং

(খ) উক্ত নিষেধাজ্ঞার আদেশের বিরুদ্ধে সরকার কোন কর্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

**Minister-in-charge of Home (Transport) Department.**

(ক) একটি

(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

### কৃষ্ণনগর পৌর সভাকে স্যানিটারি পায়খানা নির্মাণ বাবত দেয় সিমেন্ট

*৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩২।) শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌরসভাকে স্যানিটারি পায়খানা নির্মাণ বাবত সরকার ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের ৩১এ আগস্ট পর্যন্ত কত বস্তা সিমেন্ট দিয়াছেন;

(খ) ইহা কি সত্য যে, উক্ত সিমেন্ট লইয়া ব্যাপক দুর্নীতির অভিযোগ "দি কৃষ্ণনগর মিউনিসিপ্যাল রেট পেয়ার্স অ্যাসোসিয়েশন" সরকারের নিকট উপস্থিত করিয়াছেন; এবং

(গ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**Minister-in-charge of Local self Government and urban Development, Metropolitan Development Department.**

(ক) কৃষ্ণনগর পৌরসভাকে ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের আগস্ট মাস পর্যন্ত সিমেণ্ট বরাদ্দের পরিমান নিম্নে বিস্তারিতভাবে দেওয়া হইলঃ

১৯৮১-৮২ সালের জানুয়ারী হইতে ডিসেম্বর, ১৯৮১ পর্যন্ত মোট সিমেণ্টের পরিমান— ৩১০ মেট্রিকটন।

১৯৮২ সালের জানুয়ারী হইতে আগস্ট পর্যন্ত দেওয়া সিমেণ্টের পরিমাণ—১২৮ মেট্রিকটন।

ইহার মধ্যে ৩৭১৫ বস্তা অর্থাৎ ১৮৫.৭৫ মেট্রিকটন স্যানিটারী পায়খানা বাবদ খরচ করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

### পশ্চিমবঙ্গে ক্ষেত মজুরের সংখ্যা

*৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬৬।) শ্রীবিমলকান্তি বসুঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষেত মজুরের আনুমানিক সংখ্যা কত? এবং

(খ) উক্ত মজুরের সংখ্যা কোচবিহার জেলায় কত?

**Minister-in-charge of Agriculture Department.**

(ক) পশ্চিমবঙ্গে ক্ষেত্র মজুরের আনুমানিক সংখ্যা (১৯৮১ সালের জনগণনা অনুসারে) ৩৮,৪৮,৮৫২ জন।

(খ) উক্ত মজুরের সংখ্যা কোচবিহার জেলায় ১,৩৮,০১৫ জন।

### মেদিনীপুর পূর্ব জেলার মহকুমা অফিসে এস এ ই-এর পদ সৃষ্টি

*৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৬।) শ্রীবঙ্কিমবিহারী মাইতিঃ কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর পূর্ব জেলার তিনটি মহকুমা অফিসে এস এ ই-এর পদ কবে সৃষ্টি হয়েছে; এবং

(খ) এই পদগুলি পূরণের কোন ব্যবস্থা লওয়া হইয়াছে কি?

**Minister-in-charge of Minor Irrigation Small Irrigation and Agriculture Department.**

(ক) ঘাটাল মহকুমা আফিসের জন্য দুই দফায় ১১.১২.৬২ ও ৮.৯.৭২ তারিখে, তমলুক মহকুমা আফিসের জন্য দুই দফায় যথাক্রমে ১১.১২.৬৪ তারিখে ও ১৯৭২ সালে এবং কাঁথি মহকুমা আফিসের জন্য ২৭.৫.৮২ তারিখে অবর সহ-বাস্তুকারের পদ সৃষ্টি হয়।

(খ) মোট ষোলটি পদের মধ্যে নয়টি পদে অবর সহবাস্তুকার নিযুক্ত আছেন। একটি পদ উক্ত পদে আসীন অবর সহবাস্তুকারের পদোন্নতির ফলে গত এপ্রিল মাসে খালি হয়। এই পদটি ও ২৭.৫.৮২ তারিখে সৃষ্ট ছয়টি পদ কলিকাতা হাইকোর্টের অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞার ফলে পূরণ করা যাইতেছে না।

## পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থায় ভরতুকি

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৬।) **শ্রীধারা সরেন ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থায় কোন ভরতুকি দেওয়া হয় কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে রেশনে ভরতুকি দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) বর্তমানে হয় না। তবে রাজ্য সরকার ১৯৮০-৮১ খারিফ বৎসরে সংগৃহীত বাংলার চালে কিছু ভরতুকী দিয়ে আসছেন। এ ছাড়া ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে ডালের ক্ষেত্রেও ভরতুকী দিয়েছিলেন।

(খ) এ সম্বন্ধে চিন্তা ভাবনা করা হচ্ছে।

## Loans for Transport Sector

*408. (Admitted question No. *1247,) **Shri Abdul Rauf Ansari** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has requested the Nationalised Banks to liberalise credit restrictions and other procedural formalities involved in the process of sanctioning loans for Transport Sector ; and

(b) if so,

(i) what are the main points of such request of the State Govenment in the matter, and

(ii) what is the response from the Banks in this respect ?

**Minister-in-charge of Home (Transport) Department.**

(a) Yes

(b) (i) & (ii)

In view of sad experience of the Banks regarding realisation of their instalments of loan from the transport operators, perticularly from the Mini-

bus operators who were granted permits during the period from 1972 to 1973, the State Level Bankers Committee requested the State Government to amend the relevant Act so that the Mini-bus operators would be subjected to obtain "No objection Certificate" from the Banks for renewal of tax token. The State Government proposes to amend suitably the West Bengal Motor Vehicles Tax Act-1979 in respect of Mini-bus and an amending Bill is proposed to be introduced in the current session of the Legislative Assembly. The State Government would examine the feasibility of extending this provision of securing/producing no objection certificate in respect of other categories of vehicles at a later stage. In a meeting held in the chamber of the Chief Minister, on 26th August, 1982, the State Level Bankers Committee agreed in principle to finance the operators of Mini-bus and Autorickshaw.

## পটাটো সীড ফার্মের সম্প্রসারণ

*৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭২।) **শ্রীহিমাংশু কুঙর :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ২১৯ কেশপুর বিধানসভা কেন্দ্রের অধীন আনন্দপুর গ্রামে "পটাটো সীড ফার্ম"-টির সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) ঐ ফার্মে কোন রিসার্চ সেণ্টার হইবে কি ?

**Minister-in-charge of Agriculture Department.**

(ক) হ্যাঁ। বর্তমান ১৯৩,৭৬ একরের সঙ্গে আরও ১২.৫৬ একর জমি সংযোজন করে ফার্মটির এলাকা সম্প্রসারিত করার পরিকল্পনা আছে ;

(খ) উপরিউক্ত অতিরিক্ত ১২,৫৬ একর জমি অধিগ্রহণ করে কৃষি বিভাগকে হস্তান্তর করা হলেই সম্প্রসারণের কাজ আরম্ভ করা যাবে আশা করা যায়। জমি অধিগ্রহণ এবং হস্তান্তরের জন্য যথাযথ প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিবেচনার জন্য পাঠান হয়েছে ;

(গ) বর্তমানে ঐ ফার্মে বীজ পরিবর্ধনের সঙ্গে সঙ্গে রিসার্চের কাজও হচ্ছে। পরবর্তীকালে ঐ সকল কাজ আরও সম্প্রসারিত করার পরিকল্পনা আছে।

## Import of Cement

*410. (Admitted question No. *1222.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state —

(a) if it is a fact that the Essential Commodities Supplies Corporation, a West Bengal Government undertaking, has finalised agreement with a Singapore agency for immediate import of cement from Taiwan to Calcutta ; and

(b) if so,

(i) the name of the agency and the reasons for selection of this particular agency by ECSC ;

(ii) the terms of the agreement and the Singapore Agent's commission in the deal ; and

(iii) whether the State Government has approved the terms of the agreement ?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(a) Yes.

(b) (i) The name of the agency is M/s. Joyce Investments Private Limited, Singapore through their Indian Agent M/s. Chandri & Co., Calcutta. This supplier was selected because the rate quoted by them was the lowest amongst those who quoted rates for supply of cement from foreign countries,

(ii) The terms of Agreement which was executed on 9.6.82 were on C and F liner terms for delivery at Calcutta Port. The price quatation is US $ 71.40 per M.T. There is no provision in the terms of Agreement for payment of commission to the supplier as above.

(iil) State Government has nominated West Bengal Essential Commodities Supply Corporation Ltd. as authorised agency for import of cement under open General Licence as per New Import Policy on of 1982-83 announsed by the Govt. of India. The contract has been finalised by West Bengal Essential Commodities Supply Corporation Ltd. on the basis of above authorisation.

**Permits for Public Carrier (Goods) Vehicles**

*411. (Admitted question No. *1257.) **Shri Mahbubul Haque :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state —

(a) if it is a fact that the State Transport Authority, West Bengal, has issued National, Zonal and Countersignature Permits for Public Carrier (Goods) Vehicles for movement on inter-State routes ;

(b) if so,

(i) the number of such permits issued by STA during 1980-81 and 1981-82 ;

(ii) the number of permits which could not be issued during the above period ;

(iii) the criteria/principles followed by STA in selecting the applicants ; and

(iv) whether the Government has received any allegation of corruption, nepotism and/or other irregularities in the matter ?

**Minister-in-charge of Home (Transport) Department.**

(a) Yes.

(b)

| | | | 1980-81 | 1981-82 |
|---|---|---|---|---|
| (i) | National Permit | — | Nil | 450 |
| | Eastern Zone Permit | — | Nil | 196 |
| | Central Zone Permit | — | Nil | 228 |
| | Northern Zone Permit | — | Nil | 105 |
| Counter-signature permit — | | | | |
| | Bihar | — | Nil | 214 |
| | Orrissa | — | Nil | 147 |
| | A.P. | — | Nil | 25 |
| | U.P. | — | Nil | 124 |
| | M.P. | — | Nil | 20 |
| | Maharastra | — | Nil | 61 |
| | Delhi | — | Nil | 4 |
| | Punjab | — | Nil | 2 |
| (ii) | National Permit — | | | |
| | R/Z Permit | — | | 54 |
| | C/Z Permit | — | | 22 |
| | N/Z Permit | — | | 145 |
| Counter-signature permit — | | | | |
| | Bihar | — | | 66 |
| | Orissa | — | | 7 |
| | A.P. | — | | X |
| | U,P. | — | | 81 |
| | M.P. | — | | 29 |
| | Maharastra | — | | 59 |
| | Delhi | — | | 46 |
| | Punjab | — | | 58 |

(iii) The following are the criteria since followed by STA, West Bengal in the matter of selection of applicants —

(1) The vehicles registered earlier shall have precedence over the vehicle registered later because vehicles registered earlier shall grow four years old and hence be ineligible for grant of permit.

(2) The earlier the model the greater the preference.

(3) Applicants who are ex-servicemen, persons holding H.M.V. driving licence, and in possession of vehicle under A.E.P. are treated on a preferential footing, other conditions being satisfactory.

(4) No.

## পশ্চিমবঙ্গে চাল ও গম প্রাপ্তির পরিমাণ

*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং *২০০৫।) শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ (আগস্ট পর্যন্ত) মোট কত চাল ও গম পশ্চিমবঙ্গ সরকার পেয়েছেন ; এবং

(খ) পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ কোটার চাল বা গম পেতে বাকী আছে কিনা ?

**Minister-in-charge of Food and Supplier Department.**

(ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ (আগস্ট পর্যন্ত) এফ. সি. আই পশ্চিমবঙ্গে চাল সরবরাহ করেছেন যথাক্রমে ১০,৫৪,০৫৬ মেঃ টন এবং ৭,০৩,৮৪৮ মেঃ টন এবং গম সরবরাহ করেছেন যথাক্রমে ১০,৭১,৮২৪ মেঃ টন এবং ৪,৭৮,১৪৩ মেঃ টন।

(খ) হ্যাঁ, ঐ সময়ে (১৯৮১ সালের এপ্রিল থেকে ১৯৮২ সালের আগস্ট পর্যন্ত) কেন্দ্রীয় বরাদ্দ হতে খাদ্য কর্পোরেশন কর্তৃক সরবরাহের ঘাটতি ছিল নিম্নরূপ :

চাল প্রায়—৮,৭২,০৯৬ মেঃ টন

গম প্রায়—১০,০৩৩ মেঃ টন

## কেন্দ্র কর্তৃক রেশনে সরবরাহের জন্য চাল ও গম বরাদ্দ

*৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০২২।) শ্রীউপেন কিস্কু : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার ১৯৮২ সালের ১লা জানুয়ারি থেকে ৩১এ আগস্ট পর্যন্ত রেশনে সরবরাহের জন্য প্রতি মাসে কি পরিমাণ চাল ও গম রাজ্য সরকারকে বরাদ্দ করেছেন ; এবং

(খ) প্রকৃতপক্ষে কি পরিমাণ সরবরাহ করেছেন ?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) ১৯৮২ সালের জানুয়ারী থেকে আগস্ট মাস পর্যন্ত রেশনে সরবরাহের জন্য চাল ও গমের কেন্দ্রীয় বরাদ্দ এই প্রকার ছিল :

| | চাল (মেঃ টন) | গম (মেঃ টন) |
|---|---|---|
| জানুয়ারী | ১,৩০,০০০ | ৫৫,০০০ |
| ফেব্রুয়ারী | ১,৩০,০০০ | ৫৫,০০০ |
| মার্চ | ১,৩০,০০০ | ৬০,০০০ |
| এপ্রিল | ১,৩০,০০০ | ৬০,০০০ |
| মে | ১,৫০,০০০ | ৬০,০০০ |
| জুন | ১,৪৫,০০০ | ৬০,০০০ |
| জুলাই | ১,৪০,০০০ | ৬০,০০০ |
| আগস্ট | ১,৫০,০০০ | ৬০,০০০ |
| | ১১,০০,০০০ | ৪,৭০,০০০ |

(খ) ঐ সময়ে কেন্দ্রীয় ভাণ্ডার থেকে প্রায় ১০,৪৩,৫১০ মেঃ টন চাল এবং প্রায় ৪,৫৮,৩১২ মেঃ টন গম সরবরাহ করা হয়। প্রকৃতপক্ষে ৫৬,৪৯০ মেঃ টন চাল কম ও ১১,৬৮৮ মেঃ টন গম কম সরবরাহ করা হয়েছে।

## বালী এবং দক্ষিণেশ্বর হইতে হাওড়া পর্যন্ত ষ্টীমার চলাচল

*৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৮।) **শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী নদী জল পরিবহন সমবায় সমিতি মারফত স্টীমার পথ বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, বালী এবং দক্ষিণেশ্বর হইতে হাওড়া পর্যন্ত স্টীমার চালানোর কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

**Minister-in-charge of Home (Transport) Department.**

(ক) হুগলী নদী জলপথ পরিবহণ সমবায় সমিতি মারফত আরও স্টীমার পথ বাড়ানোর পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## কেন্দ্র কর্তৃক সিমেণ্ট সরবরাহ

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৯।) **শ্রীসুভাষ বসু ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কত টন সিমেণ্ট চেয়েছিলেন এবং প্রকৃতপক্ষে কত টন সিমেণ্ট পেয়েছেন ; এবং

(খ) ১৯৭৯-৮০ সালে সিমেন্টের টন প্রতি সরকার নির্ধারিত মূল্য কত ছিল এবং বর্তমানে কত ?

**Minister-in-charge of Food Supplies Department.**

(ক) রাজ্যের বিভিন্ন খাতে সুষ্টু বণ্টনের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ত্রৈমাসিক ভিত্তিতে ন্যূনপক্ষে ৫ লক্ষ টন সিমেণ্ট বরাদ্দের জন্য অনুরোধ জানাইয়া থাকেন। কিন্তু তাহার বিনিময়ে ১৯৮১-৮২ সনে কেন্দ্রীয় বরাদ্দ ও প্রকৃত সরবরাহ এইরূপ ছিল ঃ-

| সময় | বরাদ্দ | প্রকৃত সরবরাহ |
|---|---|---|
| এপ্রিল-জুন, ১৯৮১ | ২,৫৬,৬৪০ মেঃ টন | ২,১৭,৩১৬ মেঃ টন |
| জুলাই-সেপ্টেম্বর '৮১ | ২,১৮,৯৭০ ,, | ২,১৩,০৬২ ,, |
| অক্টোবর-ডিসেম্বর '৮১ | ২,৬০,৪৭০ ,, | ২,৪৮,৭৭৫ ,, |
| জানুয়ারী-মার্চ, ১৯৮২ | ২,৫৮,২১৫ ,, | ২,০৬,৩২৮ ,, |
| ১৯৮১-৮২ সনে মোট | ৯,৯৪,২৯৫ মেঃ টন | ৮,৮৫,৪৮১ মেঃ টন |

(খ) সিমেন্টের এক্স-ফ্যাক্টরি মূল্য পরিবর্তনের জন্য ১৯৭৯-৮০ সালে একাধিকবার সরকার নির্দ্ধারিত মূল্য পরিবর্তন করা হয় এবং তা এই প্রকার ঃ—

৭.১.৭৯—টাকা ৫০২.৯১ পঃ প্রতি টন
১.৭.৭৯—টাকা ৫৫৫.৫৪ পঃ ,,
১.৪.৮০—টাকা ৫৬৪.২৬ পঃ ,,

এবং ২৭.২.৮২ তারিখের পর হইতে বর্তমান দর টাকা ৭৯৯.৩৯ পঃ প্রতি টন। কলিকাতার এই খুচরা টন প্রতি মূল্য জেলায় পরিবহন হারের তারতম্যের জন্য সামান্য পরিবর্তিত হয়।

### পশ্চিমবঙ্গে ময়দার বরাদ্দ

*৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৩।) **শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য ময়দার বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে কি ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে,

(১) ১৯৮১ সালে ময়দার বরাদ্দ ও প্রকৃত সরবরাহ প্রতি মাসে কত ছিল ; এবং

(২) ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত বরাদ্দ ও প্রকৃত সরবরাহ কত ?

**Minister-in-charge of Food and Supplies Department.**

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য কোন ময়দা বরাদ্দ করেন না। কিন্তু ময়দাকলগুলির জন্য প্রতিমাসে গম বরাদ্দ করেন। ১৯৮০ সালের আগস্ট হইতে ময়দাকলগুলির জন্য গমের বরাদ্দ বর্তমানে যথেষ্ট পরিমাণে কমিয়া গিয়াছে। মোটামুটিভাবে বলা যাইতে পারে যে বর্তমানে প্রদত্ত গমের প্রায় ৫২ পার্সেন্ট ময়দা উৎপন্ন হয়।

(১) ১৯৮১ সালে ময়দা কলের জন্য গমের বরাদ্দ ছিল নিম্নরূপ ঃ—

| | | বরাদ্দ |
|---|---|---|
| জানুয়ারী '৮১ | ... | ৩১,২৭০ মেঃ টন |
| ফেব্রুয়ারী | ... | ৩১,২৭০ „ |
| মার্চ | ... | ৩৫,০০০ „ |
| এপ্রিল | ... | ৩৫,০০০ „ |
| মে | ... | ৩৫,০০০ „ |
| জুন | ... | ৩৫,০০০ „ |
| জুলাই | ... | ৩৫,০০০ „ |
| আগস্ট | ... | ৩৫,০০০ „ |
| সেপ্টেম্বর | ... | ৪০,০০০ „ |
| অক্টোবর | ... | ৩৫,০০০ „ |
| নভেম্বর | ... | ৩৫,০০০ „ |
| ডিসেম্বর | ... | ৩৫,০০০ „ |

(২) ১৯৮২ সালের আগস্ট পর্যন্ত ময়দাকলের ও গমের বরাদ্দের পরিমাণ নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| জানুয়ারী '৮২ | ... | ৩৫,০০০ মেঃ টন |
| ফেব্রুয়ারী | ... | ৩৫,০০০ |

বরাদ্দ

| | | | |
|---|---|---|---|
| মার্চ | ... | ৩৫,০০০ | " |
| এপ্রিল | ... | ৩৫,০০০ | " |
| মে | ... | ৩৫,০০০ | " |
| জুন | ... | ৩৫,০০০ | " |
| জুলাই | ... | ৩৫,০০০ | " |
| আগস্ট | ... | ৩৫,০০০ | " |

এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কর্তৃক ময়দা সরবরাহে প্রশ্ন ওঠেনা। ময়দাকলের জন্য কেন্দ্রীয় বরাদ্দের গম ময়দাকলগুলিকে সরকার কর্তৃক নির্দিষ্ট পরিমাণে সরবরাহের জন্য এফ. সি. আইকে প্রতিমাসে নির্দ্দেশ দেওয়া হয়।

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

### সংস্কৃত টোল

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩।) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) বর্তমানে পশ্চিমবাংলায় জেলাওয়ারী কতগুলি সংস্কৃত টোল আছে, এবং

(২) ১৯৭৭ সালের জুনের পূর্বে জেলাওয়ারী উহার সংখ্যাই বা কত ছিল ;

(খ) বর্তমানে জেলাওয়ারী কতগুলি কেন্দ্রে আদ্য, মধ্য ও উপাধি পরীক্ষা অনুষ্ঠিত হয়

(গ) (১) বাঁকুড়া জেলাতে উপাধি পরীক্ষার কেন্দ্রটি চালু আছে কি ; এবং

(২) না থাকলে তার কারণ কি ;

(ঘ) বর্তমানে সংস্কৃত টোলগুলিকে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত কি কি বাবত কত টাকা দেওয়া হয়েছে (জেলাওয়ারী হিসাব) এবং

(ঙ) সংস্কৃত ভাষাকে অধিক গুরুত্ব দেওয়ার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়** ঃ (ক) (১) ও (২) বর্তমানে ১৯৮১-৮২ সালে পশ্চিমবাংলায় মোট সংস্কৃত টোলের সংখ্যা ৮৪৬টি এবং ১৯৭৭ সালের জুনের পূর্বে বা ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলায় মোট ৫৬৮টি সংস্কৃত টোল ছিল। পশ্চিমবাংলায় জেলাওয়ারী সংস্কৃত টোলের তালিকা নিম্নে দেওয়া হইল ঃ

(খ) পশ্চিমবঙ্গে একমাত্র পুরুলিয়া এবং পশ্চিম দিনাজপুর জেলা ব্যতীত সব জেলায় আদ্য এবং মধ্য পরীক্ষা গ্রহণের বন্দোবস্ত আছে। কিন্তু বর্তমানে একমাত্র কলিকাতা, ভাটপাড়া, আরামবাগ, নবদ্বীপ, কাঁথি, জলপাইগুড়ি এবং বীরভূমে উপাধি পরীক্ষা কেন্দ্র আছে ; জেলাভিত্তিক আদ্য ও মধ্য পরীক্ষা কেন্দ্রের সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ—

(১) কলিকাতা—২, (২) ২৪-পরগণা—৩, (৩) হুগলী—৩, (৪) হাওড়া—১, (৫) বর্ধমান—২, (৬) বীরভূম—২, (৭) বাঁকুড়া—১, (৮)

মুর্শিদাবাদ—১, (৯) মেদিনীপুর—৫, (১০) দার্জিলিং—১, (১১) কুচবিহার—১, (১২) জলপাইগুড়ি—১, (১৩) নদীয়া—২, (১৪) মালদহ—১।

(গ) (১) বাঁকুড়া জেলায় বর্তমানে উপাধি পরীক্ষার কোন কেন্দ্র নাই।

(২) পরীক্ষা কেন্দ্রে দুর্নীতির জন্য পশ্চিমবঙ্গ সংস্কৃত শিক্ষা পরিষদের কর্ম-সমিতির ৮-২-৭৪ তারিখের সিদ্ধান্ত অনুসারে বাঁকুড়া কেন্দ্রে উপাধি পরীক্ষা কেন্দ্রটি বাতিল করা হয়। তখন হইতে তথায় ঐ উপাধি কেন্দ্র পুনঃপ্রবর্তনের জন্য কোন তরফ হইতে আবেদন আসে নাই।

(ঘ) জেলাওয়ারী হিসাব দেওয়া সম্ভব নয়। ১৯৮২-৮৩ সালে বিভিন্ন অনুদান দেওয়া এখন পর্যন্ত শেষ হয় নাই। বকেয়া মহার্ঘ ভাতা দেওয়া চলিতেছে। সঠিক তথ্য এখনই দেওয়া সম্ভব নয়।

আর্থিক বৎসর ১৯৭৬-৭৭ সাল হইতে ১৯৮১-৮২ সাল পর্যন্ত সংস্কৃত টোলগুলিকে বিভিন্ন খাতে প্রদত্ত অর্থের হিসাব নিম্নে দেওয়া হইল ঃ—

| | | টাকা |
|---|---|---|
| মহার্ঘভাতা | ... | ১,২২,৩৩,৪৫৬.৭৬ |
| গ্রাণ্ট-ইন-এড | ... | ৩,৩৬,০৫৯ |
| এক্স-গ্রাসিয়া | ... | ১,৯৭,০০০ |
| বকেয়া গ্রাণ্ট ও বকেয়া লাম্প | ... | ১৪,৩৩৩ |
| হরিজন গ্রাণ্ট | ... | ৯০০ |
| রুরাল গ্রাণ্ট | ... | ৫,৪০০ |
| বিশেষ গ্রাণ্ট ( কুচবিহার ) | | ১,২০০ |
| চন্দননগর কালিদাস চতুষ্পাঠী ( মেণ্টেন্যান্স গ্রাণ্ট ) | | ১,০০০ |

(ঙ) সংস্কৃত বিষয়ক পাঠ্যসূচী, অধ্যাপকদের বেতনক্রম, সংস্কৃত পঠন-পাঠনের উন্নয়ন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পরামর্শদানের জন্য সরকার একটি কমিটি গঠন করিয়াছেন। এই কমিটিকে ছয় মাসের মধ্যে রিপোর্ট দাখিল করিতে হইবে। কমিটির কাজ চলিতেছে।

সংশ্লিষ্ট সরকারী আদেশের একটি অনুলিপি নিম্নে সংযুক্ত করিয়া দেওয়া হইল। [ শিক্ষা বিভাগের ১৯-৪-৮২ তারিখের ৭১৬-ই. ডি. এন. ( এম ) নং রেজলিউশন ]

**Statement referred to in reply to clause Ka of unstarred question No. 78 (Admitted question No. 163)**

**জেলাওয়ারী সংস্কৃত টোলের তালিকা**

| | | | টোলের সংখ্যা | |
|---|---|---|---|---|
| | | | ১৯৭৬-৭৭ | ১৯৮১-৮২ |
| ১। | মেদিনীপুর | ... | ২৪১ | ৩৮৯ |
| ২। | কলিকাতা | ... | ৬৮ | ৯১ |
| ৩। | ২৪-পরগণা | ... | ৬৩ | ৯৩ |
| ৪। | হাওড়া | ... | ২৭ | ৩৮ |

| | | | টোলের সংখ্যা | |
|---|---|---|---|---|
| | | | ১৯৭৬-৭৭ | ১৯৮১-৮২ |
| ৫। | হুগলী | ... | ৫৩ | ৮৪ |
| ৬। | বর্ধমান | ... | ৩৪ | ৪১ |
| ৭। | নদীয়া | ... | ২৫ | ৩৯ |
| ৮। | মুর্শিদাবাদ | ... | ৭ | ৬ |
| ৯। | বীরভূম | ... | ১৯ | ২৪ |
| ১০। | মালদহ | ... | ১ | ২ |
| ১১। | কুচবিহার | ... | ৪ | ২ |
| ১২। | জলপাইগুড়ি | ... | ৩ | ২ |
| ১৩। | পুরুলিয়া | ... | ২ | ২ |
| ১৪। | বাঁকুড়া | ... | ১৯ | ২৯ |
| ১৫। | পশ্চিম দিনাজপুর | ... | ১ | ১ |
| ১৬। | দার্জিলিং | ... | ১ | ৩ |
| | মোট সংখ্যা | ... | ৫৬৮ | ৮৪৬ |

## সেবা সংস্থার উপর নিষেধাজ্ঞা জারি

৭৯। ( অনুমোদিত প্রশ্ন নং ২০৭। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে রাজ্য সরকার কতকগুলি বিদেশী সাহায্য-পুষ্ট সেবা সংস্থা ও রামকৃষ্ণ মিশন, মারোয়ারী রিলিফ সমিতি, ভারত সেবাশ্রম সঙ্ঘ, কাশী বিশ্বনাথ সমিতি, রাম নারায়ণ, সাই সেবা সমিতি প্রভৃতির ন্যায় কিছু দেশীয় প্রতিষ্ঠানের সেবামূলক কাজকর্মের উপর নিষেধাজ্ঞা জারি করেছেন, এবং

(খ) সত্য হইলে—

(১) বর্তমানে কোন্ কোন্ প্রতিষ্ঠানের উপর নিষেধাজ্ঞা জারি আছে ; ও

(২) উক্ত প্রতিষ্ঠানগুলির উপর ঐরূপ নিষেধাজ্ঞার কারণ কি ?

**স্বরাষ্ট্র ( রাজনৈতিক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) রাজ্য সরকার বিদেশী সাহায্যপুষ্ট ৩২টি সেবামূলক সংস্থাকে রাজ্যে পাঁচটি জেলার আদিবাসী অধ্যুষিত অঞ্চলে তাদের কার্যসূচী পুনরাদেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখতে নির্দেশ জারি করেছেন। কোনও দেশীয় প্রতিষ্ঠানের কার্যসূচীর উপর সরকার কোনও প্রকার নিষেধাজ্ঞা জারি করেন নাই।

(খ) (১) যে সব প্রতিষ্ঠানের কাজকর্মের উপর সরকার নিষেধাজ্ঞা জারি করেছেন সেগুলো হল :

(1) C. A. R. E., (2) Church's Auxiliary for Social Action, (3) Seva Kendra, (4) Catholic Relief Services, (5) Little Sisters of the Poor, (6) Terre D s Homes (India) Society, (7) Bengal Service

Society, (8) OXFAM, (9) Society of St. Vincent de Paul, (10) The Assembly of God Church, (11) The Salvation Army, (12) The Society for Integral Development, (13) The Liberal Association for the Movement of People, (14) The Socio-Economic Development Project. (15) Lutheran World Service, (16) Tagore Society for Rural Development, (17) Rural Development Consortium, (18) Seva Sangha Samity, (19) Narayanpur Mission, (20) Cilimpur Catholic Mission, (21) William Carey Study and Research Centre, (22) Institute of Cultural Affairs, India (I.C.A.), (23) Christ Seva Ashram, (24) Indian Peoples' Welfare Society (I.P.W S.), (25) Harijan Seva Sangha, (26) Ecumenical Social and Industrial Institute, (27) Social Welfare Institute, (28) Christian Service Society, (29) Association for Voluntary Rural Agencies for Rural Development (AVARD), (30) Batore Adibasi Samaj, (31) West Bengal Rural and Urban Development Centres (RUDC), and (32) Institute for Motivating Self-Employment.

(২) জনস্বার্থের খাতিরে এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

## লেবার কো-অপারেটিভ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সমবায় বিভাগের ভার প্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) কোন্ জেলায় কয়টি লেবার কো-অপারেটিভ আছে ;

(খ) লেবার কো-অপারেটিভগুলোর কাজের এলাকা কিভাবে নির্ধারিত হয়ে থাকে ;

(গ) উক্ত কো-অপারেটিভগুলোতে ঠিকাদারদের কার্যকলাপ সম্পর্কে সরকারে কোন তথ্য আছে কি ;

(ঘ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে ঐ কার্যকলাপ কি ধরনের ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) জেলাওয়ারী হিসাব হল ঃ

| | | |
|---|---|---|
| (১) কলিকাতা | ... | ৩১ |
| (২) উত্তর ২৪-পরগণা | ... | ২৫ |
| (৩) দক্ষিণ ২৪-পরগণা | ... | ৪৮ |
| (৪) হাওড়া | ... | ১৪ |
| (৫) নদীয়া | ... | ৫ |
| (৬) মুর্শিদাবাদ | ... | ৭ |
| (৭) হুগলী | ... | ১৮ |
| (৮) বর্ধমান-১ | ... | ৪৬ |
| (৯) বর্ধমান-২ | ... | ২ |
| (১০) বাঁকুড়া | ... | ৩১ |

| | | |
|---|---|---|
| ১১) বীরভূম | ... | ৭৩ |
| ১২) পুরুলিয়া | ... | ৫৩ |
| ১৩) মেদিনীপুর-১ | ... | ৮৩ |
| ১৪) মেদিনীপুর-২ | ... | ৫৭ |
| ১৫) মেদিনীপুর-৩ | ... | ৭০ |
| ১৬) মালদা | ... | ৫ |
| ১৭) জলপাইগুড়ি | ... | ২২ |
| ১৮) পশ্চিম দিনাজপুর | ... | ১২ |
| ১৯) কোচবিহার | ... | ১৩ |
| ২০) দার্জিলিং | ... | ১০ |

এছাড়া উপজাতি লোকেদের দ্বারা গঠিত সমিতির সংখ্যা হল ঃ

| | | |
|---|---|---|
| (১) মেদিনীপুর-১ | ... | ১৮ |
| (২) বাঁকুড়া | ... | ২২ |
| (৩) বীরভূম | ... | ৬ |

(খ) কাজের এলাকা নির্ধারণের কোন স্বতন্ত্র পদ্ধতি নেই।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## কলিকাতা প্রথম বিভাগ ফুটবল লীগের ক্রীড়াস্থলে গণ্ডগোল

৮১। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৪৩। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে কলিকাতায় ফুটবল লীগের প্রথম বিভাগের খেলায় কতগুলি উল্লেখযোগ্য খণ্ডগোল হইয়াছে;

(খ) উক্ত গণ্ডগোলে কতজন আহত হইয়াছে; এবং

(গ) গণ্ডগোল বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে?

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) দুইটি উল্লেখযোগ্য গণ্ডগোল হইয়াছে।

(খ) সঠিক সংখ্যা জানা নাই।

(গ) প্রয়োজনীয় পুলিশী ব্যবস্থা ও সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়।

## কো-অপারেটিভ সোসাইটি

৮২। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৬১। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি কো-অপারেটিভ সোসাইটি আছে;

(খ) ঐ সমস্ত সমিতিগুলিতে সরকার আজ পর্যন্ত কত টাকা ঋণ দিয়াছেন;

(গ) উক্ত টাকার মধ্যে কত টাকা ১৯৮১-৮২ পর্যন্ত আদায় হইয়াছে?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৩০-৬-৮২ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা ২২,২৭০টি।

(খ) ৩০-৬-৮২ তারিখ পর্যন্ত প্রদত্ত ঋণের পরিমাণ টাকা ১৬,৭১,১৪,৬৮৬.০৩।

(গ) টাকা ৫৪,৯২,২৫৪.১৬।

## আলিপুর চিড়িয়াখানা অঞ্চলে হোটেল নির্মাণ পরিকল্পনা

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪০১।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার চিড়িয়াখানার জমির মধ্যে কোন হোটেল নির্মাণের পরিকল্পনা সরকার মঞ্জুর করিয়াছেন কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে—

(১) কোন সংস্থাকে উক্ত হোটেল নির্মাণের কাজ দেওয়া হইয়াছে,

(২) উক্ত হোটেল নির্মানের জন্য কি পরিমাণ জমি দেওয়া হইয়াছে;

(৩) উক্ত জমির আনুমানিক মূল্য কত;

(গ) উক্ত চিড়িয়াখানায় হোটেল না করার জন্য সরকারের নিকট কোন আবেদনপত্র আসিয়াছে কিনা; এবং

(ঘ) আসিয়া থাকিলে আবেদনকারির নাম কি ?

**পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) কলিকাতায় আলিপুর চিড়িয়াখানায় সরকারের যে জমি আছে সেই জমির খানিকটা অংশ সরকার হোটেল নির্মাণের জন্য দীর্ঘমেয়াদী লীজ দিয়াছেন। এই জমি মূল চিড়িয়াখানার বাইরে বেলভেডিয়ার রোডের অপর পারে অবস্থিত।

(খ) (১) ইণ্ডিয়া হোটেলস কোম্পানী লিমিটেডকে এই হোটেল নির্মাণের জন্য জমি লীজ দেওয়া হইয়াছে।

(২) কমবেশী ৪ একর।

(৩) আনুমানিক ৪ কোটি ৮০ লক্ষ টাকা।

(গ) ও (ঘ) এইরূপ কোন আবেদনপত্র পাওয়া যায় নি, তবে পশ্চিমবঙ্গ যুব কংগ্রেস (ই) সভাপতি শ্রীসুশোভন বসুর নেতৃত্বে উক্ত হোটেল নির্মণে না করার জন্য একটি স্মারকলিপি মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে প্রেরণ করা হইয়াছে।

## Bank Dacoities

84. (Admitted Question No. 438.) **Shri Gyan Singh Sohanpal, Shri Kashi Nath Mrsra, Shri Tarak Bandhu Roy, Shri Satya Ranjan Bapuli and Shri Deba Prosad Sarkar** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

**(a)** the number of bank dacoities/robberies committed in the State during the period from July, 1977 to July, 1982 ;

**(b)** when and where the incident(s) took place ;

(c) what was the amount in cash or kind involved in each case,

(d) the amount recovered so far with references to the cases involved ; and

(e) the number of person(s) arrested in each case ?

**Minister-in-charge of the Home (Police) Department ;** (a) 47 (forty-seven), (b) to (e) A statement containing the details is laid on the Library table.

## রসুলপুর ফেরীঘাটে সেতু নির্মাণ

৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৫০৮। ) **শ্রীশিশির অধিকারী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত রসুলপুর নদীতে রসুলপুর ফেরীঘাটের উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, ঐ সেতু তৈরীর জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এবং (খ) মাননীয় সদস্য বোধহয় কাঁথি -তমলুক সড়কের উপর নির্মিত সেতুর বেশ কয়েক কিলোমিটার নীচের দিকে রসুলপুর ঘাটে সেতু নির্মাণের কথা বলেছেন। অর্থকৃচ্ছ্রতার জন্য ঐ সেতু নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারের নেই।

## কাশীনাথ তা'র হত্যাপরাধে গ্রেপ্তার

৮৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৬১৭। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত ১১ই আগষ্ট, ১৯৮২ তারিখে বর্ধমানে প্রাক্তন বিধায়ক কাশীনাথ তা'র হত্যার অপরাধে এ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে কতজন কোন্ রাজনৈতিক দলের সহিত যুক্ত ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) দুই জন। এ ছাড়া এফ আই আর-এ উল্লেখিত আরও এগারজন আদালতে আত্মসমর্পণ করেছেন।

(খ) এখনও সঠিক জানা যায়নি।

## হোমিওপ্যাথি চিকিৎসা উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ

৮৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৫৪। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) (১) প্রথম বামফ্রণ্ট মন্ত্রিসভা প্রতিষ্ঠার পর হোমিওপ্যাথি চিকিৎসা উন্নয়নের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে, এবং

(২) কত টাকা খরচ করা হইয়াছে,

(খ) (১) ঐ বাবত কি পরিমাণ কেন্দ্রীয় সাহায্য পাওয়া গিয়াছে ; এবং

(২) তাহার কত অংশ খরচ করা হইয়াছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) প্রথম বামফ্রন্ট মন্ত্রিসভা প্রতিষ্ঠার পর আর্থিক বৎসর অনুযায়ী হোমিওপ্যাথি চিকিৎসা উন্নয়নের জন্য বরাদ্দের ( বাজেট ) পরিমাণ নিম্নরূপ —

| আর্থিক বৎসর | | বরাদের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ... | ১৬ |
| ১৯৭৮-৭৯ | ... | ১৫ |
| ১৯৭৯-৮০ | ... | ৫০ |
| ১৯৮০-৮১ | ... | ৭৫ |
| ১৯৮১-৮২ | ... | ৭০ |
| ১৯৮২-৮৩ | ... | ৬২ |

(২) ১৯৮২-৮৩ ছাড়া উক্ত বৎসরগুলিতে হোমিওপ্যাথি চিকিৎসা উন্নয়নের জন্য খরচের পরিমাণ নিম্নরূপ —

| | | |
|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ... | ১২.৮৯ |
| ১৯৭৮-৭৯ | ... | ১৭.৩৮ |
| ১৯৭৯-৮০ | ... | ১৭.৩৪ |
| ১৯৮০-৮১ | ... | ৩৮.৪১ |
| ১৯৮১-৮২ | ... | ৭৬.০০ (প্রভিশনাল) |

(খ) (১) ঐ বাবত কোনো কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায় নাই।

(২) প্রশ্ন ওঠে না।

## জঙ্গীপাড়া শাখায় রিক্সা পুলার সমবায় সমিতি

৮৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৬৭। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জঙ্গীপাড়া শাখায় রিক্সা পুলার সমবায় সমিতির নামে টাকা দাদন দেওয়া সম্পর্কে ( সহ সমবায় নিয়ামক, হুগলী ) তদন্ত করেছিলেন; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে উক্ত তদন্ত সম্পর্কে কোন রিপোর্ট প্রকাশিত হয়েছিল কি ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## কোচবিহার জেলার স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্স

৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৮১৭। ) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(১) কোচবিহার জেলার স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালগুলিতে মোট কয়টি অ্যাম্বুলেন্স আছে, ও তন্মধ্যে কয়টি চালু আছে,

(২) মাথাভাঙ্গা স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্সটি চালু আছে কি, এবং

(৩) মেখলিগঞ্জ ও হলদিবাড়ীর স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য অ্যাম্বুলেন্স ক্রয়ের বিষয়টি কোন্ পর্যায়ে আছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় :** (১) কোচবিহার জেলার জন্য বরাদ্দ মোট অ্যাম্বুলেন্সের সংখ্যা ১০ (দশ)। বর্তমানে চারটি সচল।

(২) না।

(৩) সরকারের বিবেচনাধীন আছে।

## হুগলী জেলার চাঁপসরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৮২০।) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার হরিপাল থানার অন্তর্গত চন্দনপুর গ্রাম পঞ্চায়েতের অধীন চাঁপসরা গ্রামে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করিবার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## বাঁকুড়া জেলার মৎসজীবী

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৭।) **শ্রীকাশীনাথ মিশ্র :** মৎস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত বাঁকুড়া জেলার মৎস্যজীবীদের বিশেষতঃ বাঁকুড়া ১ নং ব্লক, ২নং ব্লক ও বাঁকুড়া পৌর এলাকার দুঃস্থ মৎস্যজীবীদের মৎস চাষের জন্য ব্লকওয়ারী কি পরিমাণ অর্থ সাহায্য দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত এলাকায় মৎস্যজীবীদের সংখ্যা কত ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) বাঁকুড়া ১নং ব্লকে (পৌর এলাকা সমেত) অর্থ সাহায্যের পরিমাণ ১,০৮,০৪৫ টাকা এবং বাঁকুড়া ২নং ব্লকে অর্থ সাহায্যের পরিমাণ মোট ৯৬,০২৫ টাকা।

(খ) বাঁকুড়া ১ নং ব্লকে (পৌর এলাকার ৭৫০ জন সমেত) মৎস্যজীবী আনুমানিক সংখ্যা ৩,২৫০ জন এবং বাঁকুড়া ২নং ব্লকে মৎস্যজীবী আনুমানিক সংখ্যা ৬,৫০০ জন।

## বারাসাত হাসপাতালে জেনারেটর এবং ই সি জি মেসিন

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪১।) **শ্রীসরল দেব :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) বারাসাত হাসপাতালে জেনারেটর এবং ই সি জি মেসিন স্থাপন করার কোন পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি, এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা স্থাপন করা হবে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে।

(খ) বারাসাত হাসপাতালে ই সি জি মেসিন স্থাপন করা হয়েছে। অদূর ভবিষ্যতে এটি চালু করার ব্যবস্থা করা হচ্ছে।

এ হাসপাতালে কবে নাগাদ জেনারেটর স্থাপন করা হবে, তা এখনই বলা সম্ভব নয়।

**Bankim Award Committee**

93. ( Admitted Question No. 1124. ) **Dr. Sisir Bose** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state if it is a fact that the Award Committee for the Bankim Prize for 1981 expressed their opinion that no literary work of desired standard had been written in Bengali during the previous ten years ?

**Minister-in-charge of the Education (Higher) Department :** ইহা সত্য নহে।

**Bankim Award Committee**

94. (Admitted Question No. 1126.) **Dr. Sisir Bose** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state whether it is a fact that two members of the Award Committee for 1981 (to award Bankim Prize ) had publicly and highly praised a particular literary work (by Shri Monoj Bose) which they subsequently rejected as unworthy of the award ?

**Minister-in-charge ot the Education (Higher) Department :**

সরকারের জানা নাই। তবে শ্রীমনোজ বসুর উপন্যাস 'সেই গ্রাম সেই সব মানুষ'কে বিচারকমণ্ডলী পুরস্কারের যোগ্য বলিয়া বিবেচনা করেন নাই।

**জলপাইগুড়ি জেলায় অসামরিক প্রতিরক্ষা কার্যে নিযুক্ত কর্মী**

৯৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৭৪। ) **শ্রীতারকবন্ধু রায় :** স্বরাষ্ট্র ( অসামরিক প্রতিরক্ষা ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা সেপ্টেম্বর ১৯৮১ তারিখে জলপাইগুড়ি জেলায় অসামরিক প্রতিরক্ষা কার্যে মোট কতজন কর্মী নিযুক্ত আছেন ; এবং

(খ) তন্মধ্যে (১) সিডিউলডকাস্ট, (২) সিডিউল্ডট্রাইব শ্রেণীভুক্ত কর্মীর সংখ্যা কত ?

**স্বরাষ্ট্র ( অসামরিক প্রতিরক্ষা ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১০ জন।

(খ) (১) ১, (২) শূন্য।

**Syllabus of History for classes VI, VII and VIII**

96. (Admitted Question No. 1215.) **Shri Somendra Nath Mitra** : Will the Minister-in-charge of Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) if it is a fact the History syllabus for students in classes VI, VII and VIII have recently been revised ; and

(b) if so—

(i) what are the salient features of the revised syllabus as compared to the syllabus which has been replaced, and

(ii) why such revision of the History syllabus was considered necessary ?

**The Minister-in-charge of Education (Primary and Secondary) Department**—(a)

হ্যাঁ।

(b) (i) সারা বিশ্বের মানব ইতিহাসের সাথে সুসামঞ্জস্য বিধান করে ভারতীয় মানবসমাজের ক্রমবিকাশ যাতে সঠিকভাবে ইতিহাস পাঠ্যপুস্তকে কিশোর মনের উপযুক্ত করে তৈরী হতে পারে সেদিক যথোচিত দৃষ্টি দিয়েই ইতিহাসের পাঠ্যসূচী নির্ধারিত হয়েছে।

(ii) কারণ উপরোক্ত বিষয়টি পুরানো ইতিহাস পাঠ্যপুস্তকে যথোপযুক্তভাবে উপস্থাপিত করা ছিল না।

## Syllabus for Senior Madrasahs

97. (Admitted Question No. 1258) **Shri Mahbubul Haque** ; Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) whether the State Government has examined the interim report of the Committee on Senior Madrasah Education System on the reorientation of the syllabus for Senior Madrasahs ; and

(b) if so—

(i) the salient features of the interim report and/or the recommendations of the Committee, and

(ii) the steps if any taken by the State Governmenr in the matter ?

**Minister-in-charge of the Education (Primary and Secondary) Department** : (a) Yes.

(b) (i) The second report of the Commitee on Senior Madrasah Education System contains recommendations of the Committee on the re-oriented curriculam and syllabus for Junior I to Junior VIII classes in Senior Madrasah within the Alim stage.

The salient features of the second interim report are—

(1) to accommodate essential general subjects in order to institute afinity between Alim stage of Senior Madrasah education and Madhyamik stage of general education course ;

(2) to maintain a curriculum of studies of essential religious subjects and Arabic literature and language for preserving the basic spirit of Senior Madrasah education ; and

(3) to provide opportunities to the new entrants to begin with Arabic alphabates.

For this purpose, the Committee also recommends a system of 10 years schooling (Junior I to Junior VIII and Alim First year and Alim Second year) to replace the existing system of 8 years up to Alim in Senior Madrasahs. The duration of the course of studies in terms of academic years in an Alim Madrasah will therefore be for 10 years.

(ii) The Government have approved the re-oriented curriculum and syllabus for Junior I to Junior VIII classes of Senior Madrasahs in West Bengal with effect from the academic session commencing from the 1st January 1981.

## বনগাঁ এস ডি ও-র বাংলো সংস্কার

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১২।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সম্প্রতি বনগাঁ এস ডি ও-র বাংলো সংস্কার করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, ঐ সংস্কার কার্যে কি কি বাবত কত টাকা খরচ করা হয়েছে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) জরুরী মেরামত করা হয়েছে।

(খ) (১) ছাদের মেরামতী—৯০৯ টাকা।

(২) ছাদে ব্যবহৃত বিটুমেনের দাম—৮৮৮ টাকা

(৩) নলকূপে সংস্থাপিত ভালবের দাম—৩ টাকা

মোট—১,৮০০ টাকা।

## রাস্তার পার্শ্বে সরকারী জমিতে দোকান নির্মাণ

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৬।) **শ্রীমনীন্দ্র নাথ বর্মা ও শ্রীদিনেশচন্দ্র ডাকুয়া ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) শহর ও গ্রামাঞ্চলে রাস্তার পাশে সরকারী জমির উপর দোকান নির্মাণের কোনও নিয়মকানুন আছে কি না, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, প্রথম বামফ্রণ্ট সরকারের আমলে কতগুলি ক্ষেত্রে নিয়মানুসারে এইরূপ দোকান নির্মিত হইয়াছে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলার মহকুমা পশু হাসপাতাল নির্মাণ

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭১। **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) মুর্শিদাবাদ জেলার মহকুমা পশু হাসপাতাল ও প্রাথমিক পশু হাসপাতাল নির্মাণের জন্য ১৯৭৭ সালের পর কোন্ কোন্ জায়গায় জমি অধিগ্রহণ করা হয়েছিল;

(২) তন্মধ্যে কোথায় কোথায় হাসপাতাল নির্মাণের কাজ শুরু হয়েছে বা অবিলম্বে শুরু করার প্রস্তাব আছে ;

(খ) ১৯৭৭ সালের পূর্বে ঐ জেলার কোন্ কোন্ জায়গায়-পশু হাসপাতাল নির্মাণের প্রস্তাব অনুযায়ী সরকার জমি অধিগ্রহণ করেন এবং সেই সব জায়গায় উক্ত হাসপাতাল নির্মাণের কাজ কোন পর্যায়ে ;

(গ) লালবাগ মহকুমা শহরে কোন জমি পশু হাসপাতাল তৈরী করার জন্য অধিগ্রহণ করা হয়েছে কি ; এবং

(ঘ) হয়ে থাকলে কবে নাগাদ ঐ সব হাসপাতালের কাজ আরম্ভ হবে ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) মুর্শিদাবাদ জেলায় লালবাগ মহকুমা শহরে মহকুমা পশু হাসপাতাল স্থাপনের জন্য ১৯৭৮ সালে জমি অধিগ্রহণ করা হয়েছিল।

(২) লালবাগ মহকুমা পশু হাসপাতাল নির্মাণ সংক্রান্ত সরকারী আদেশনাম শীঘ্রই জারি করা হবে।

(খ) ঐ জেলার কান্দীতে মহকুমা পশু হাসপাতাল স্থাপনের জন্য ১৯৭৬ সালে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয় এবং হাসপাতাল ভবন নির্মাণের কাজ প্রায় সমাপ্তির পথে।

(গ) উত্তর ক (১) অংশে দেওয়া হয়েছে।

(ঘ) উত্তর ক (২) অংশে দেওয়া হয়েছে।

[1-30—1-40 p.m. ]

### Adjournment Motion

**Mr. Speaker** : I have received four notices of adjournment motion to-day. The first is from Shri Deba Prasad Sarkar which deals with the cut in ration and rise in prices of rationing commodities, the second is from Shri Kashinath Misra which deals with the outbreak of Encephalitis in West Bengal, the third is from Dr. Zainal Abedin and the last is from Shri Satya Ranjan Bapuli, Shri Shaikh Imajuddin and Dr. Manas Bhunia which deals with the alleged lease out of land in possession of Zoological Garden of Calcutta to the Tatas by the State Government.

The member giving notice of the first motion will get ample opportunity to raise the matter by means of Calling Attention and Mention case.

The reply to the Calling Attention on the subject of the second motion will be given by the Minister concerned on the 7th October, 1982.

The subject-matter of the third and the fourth is the same. This is not a recent occurrence. A number of times in the past this issue was raised in this House. The member, may also further call the attention of the Minister concerned on this subject through Calling Attention and Mention Cases.

I, therefore, withhold my consent to all the aforesaid motions.

The member may, however, read the text of the motion as amended.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমি যে এডজর্ণমেণ্ট মোশান দিয়েছিলাম সে সম্বন্ধে আপনার ঘরে গিয়েও আমি বলে এসেছিলাম কারণ আমি জানতে পেরেছিলাম যে আমার এডজর্ণমেণ্ট মোশানটি কাটছাঁট করে দেওয়া হয়েছে। যাই হোক, আমি সেটা পড়ে দিচ্ছি।

"জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল —বৃহৎ শিল্পপতি টাটাদের হোটেলের জন্য জমি দেওয়ার ব্যাপারে দুর্নীতির আশ্রয় নেওয়া হয়েছে এবং সরকার সমস্ত নিয়ম লঙ্ঘন করে ৩০ কোটি টাকা ক্ষতি করে জমি দেওয়ার ব্যাপারে যে চুক্তি করেছেন তা জনসাধারণের সম্পত্তি অপচয় ও অপ-ব্যবহার করা হয়েছে।"

স্যার, আমার কয়েকটি কোয়েশ্চেন আছে...

**মিঃ স্পীকার ঃ** কোন কোয়েশ্চেন নয়, আপনি বসুন, দেবপ্রসাদবাবু, আপনি পড়ুন। I call upon Shri Debaprasad Sarkar to read his adjournment motion as amended.

( নয়েজ )

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, "জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—রেশনের বরাদ্দ হ্রাস ও রেশন সামগ্রীর দরবৃদ্ধি জনিত সারা রাজ্য জুড়ে ভয়াবহ খাদ্য পরিস্থিতি এবং প্রতিটি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের আকাশছোঁয়া মূল্যবৃদ্ধির ফলে জনজীবন বিপর্যস্ত।" স্যার, আমি যা দিয়েছিলাম তারতো কিছুই নেই।

( নয়েজ )

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন, এখন ডাঃ জয়নাল আবেদিন পড়ুন।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business io discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely the State Government has leased out a large piece of land to the monopoly house of Tatas from out of the possession of the world famous Zoological Garden in Calcutta creating a very adverse effect on the environment of the inmates of the zoological garden specially the migratory birds on the one hand and causing great financial loss of the order of about Rs. 43 crores over a period of 99 years to the State Exchequer on the other hand.

[1-40—1-50 p.m.]

**শ্রীকমলকান্তি গুহ ঃ** স্যার, যে সমস্ত প্রশ্ন করা হয়েছে তার উত্তরের মধ্যে সরকারের বক্তব্য, সরকারের নীতি প্রতিফলিত হয় এবং সেই কথাগুলি এ্যাসেম্বলীর সদস্যরা শুনবেন এবং দেশের মানুষও সেটা শুনবেন। কিন্তু লক্ষ্য করছি এঁরা গোলমাল করে সেই সুযোগ থেকে সকলকে বঞ্চিত করছেন। ওঁরা এ্যাডজোর্ণমেন্ট মোসন এনে সরকারকে গালাগালি করছেন, গোলমাল করছেন, হাউসের কাজ হতে

দিচ্ছেন না। এটা চলতে পারে না। আমাদের বলার সুযোগ দিতে হবে, ও'দেরও বলার সুযোগ দিতে হবে। কিন্তু ওই রকম একতরফাভাবে গোলমাল করলে কোন কথা বলব না।

**শ্রীআব্দুস সাত্তার :** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। কিছুক্ষণ আগে আপনি মন্ত্রী কমল গুহকে উত্তর দেবার জন্য ডাকলেন কিন্তু মন্ত্রীমহাশয় আপনার নির্দেশ অমান্য করে বললেন, হাউসের মধ্যে এরকম করলে আমি আপনার নির্দেশ মানব না এবং একথা বলে তিনি বসে গেছেন, প্রশ্নের উত্তর দেননি। আমি এই ব্যাপারে আপনার রুলিং চাই।

**শ্রীদীপক সেনগুপ্ত :** স্যার, সরকার পক্ষের মেম্বাররা ভদ্র ব্যবহার করবেন এবং তার সুযোগ নিয়ে বিরোধী দল যা খুশী বলে যাবেন এটা হতে পারে না। আপনি বিরোধী দলের নেতার কাছ থেকে প্রতিশ্রুতি নিন যে, আমরা যখন বলব, আমাদের মন্ত্রীমহাশয়রা যখন বলবেন তখন তাঁরা চুপচাপ থাকবেন, আমরা যেরকম ব্যবহার করি ও'রাও সেই রকম ব্যবহার করবেন। অবস্থা যা হয়েছে তাতে আমরা কিছু বলতে পারছি না এবং মন্ত্রীর জবাবও শুনতে পাচ্ছি না। কাজেই আপনি ও'দের কাছ থেকে এ্যাসুরেন্স নিন, এই অবস্থা চলতে পারে না।

**মিঃ স্পীকার :** কমলবাবু উত্তর দেবার জন্য যখন দাঁড়ালেন তখন যে পরিস্থিতি ছিল তাতে বাস্তবে উত্তর দেওয়া সম্ভব ছিল না। উনি বলেছেন এত হৈ চৈ-এর মধ্যে আমি উত্তর দিতে পারব না। তখন যে অবস্থা চলছিল, যে রকম চেচামেচি চলছিল তার মধ্যে উত্তর দেওয়া যায় না।

**শ্রীআব্দুস সাত্তার :** স্যার, এই কমলবাবু, যখন বিরোধী দলে ছিলেন তখন উনি পচা ডিম ছুড়ে মেরেছিলেন।

**শ্রীকমলকান্তি গুহ :** আমি বিরোধীদলে থাকার সময় যে অন্যায় করেছিলাম সেটা আমি স্বীকার করেছিলাম। কিন্তু সেই সৎসাহস এ'দের নেই, অন্যায় করলে ও'রা সেটা স্বীকার করতে পারে না।

## Calling Attention to Matters of Public Importance

**Mr. Speaker** : I have received 22 notices of calling attention.

1. Alleged clash in Coler under Raipur P. S. in Bankura—Shri Upen Kisku.

2. Alleged arrest of 27 Prodhans in Malda District—Shri Nurul Islam Chowdhury and Shri Sk. Imajuddin.

3. Reported firing by Police at Siliguri on 3rd October, 1982—Shri Sk. Imajuddin.

4. Alleged illegal transfer of land of Alipore Zoo for 5 Star Hotel —Shri Nurul Islam Chowdhury and Shri Sk. Imajuddin.

5. Reported suicide of one Shri Jainal Abedin and his family members in Murshidabad—Shri Nurul Islam Chowdhury and Shri Sk. Imajuddin.

6. Setting up of a Free Trade Zone in West Bengal by Central Government—Shri Nurul Islam Chowdhury and Shri Satya Ranjan Bapuli.

7. Reported increase of Tram & Bus Fare—Shri Satya Ranjan Bapuli.

8. Increase in the price of Rice in Ration—Shri Satya Ranjan Bapuli.

9. Blockade of Railroad in Burdwan—Shri Satya Ranjan Bapuli.

10. Crisis of Kerosene—Shri Kashinath Misra.

11. Alleged damage of Aman crops due to failure of the Irrigation Department—Shri Kashinath Misra.

12. Dead lock in Bankura Christian College—Shri Kashinath Misra.

13. Transferable condition of the Bidi workers due to closure of Bidi factories in Bankura—Shri Kashinath Misra.

14. Out-break of famine in Bankura and Purulia—Shri Kashinath Misra.

15. Scarcity of drinking water in the villages and apprehensive out-break of epidemic—Shri Kashinath Misra.

16. Deplorable condition of daily-labourers and farmers drought and flood affected Bankura, Purulia and other areas—Shri Kashinath Misra.

17. Alleged prevailing of terror in the State due to unemployment —Shri Kashinath Misra.

18. Food crisis in drought and flood affected areas including Bankura, Purulia, Birbhum, Murshidabad and Midnapur—Shri Kashinath Misra.

19. Alleged lathi-charge on demonstration in front of the office of the Education Officer of Durgapur Steel Plant—Shri Debaprasad Sarkar.

20. Hardship of the working people due of reduction of rice ration quota—Shri Deba Prosad Sarkar.

21. Severe draught in the Districts of West Bengal—Shri Gyan Singh Sohanpal.

I have Selected the notice of Shri Kashinath Misra on the subject of 'Deadlock in Bankura Christian College.'

Minister-in-charge may give reply to-day, if possible, or give a date.

**Shri Prasanta Kumar Sur :** On the 11th.

**Mr. Speaker :** Now I request the Ministe-in-charge of the Relief and Welfare Department to make a statement on the subject of Starvation due to stoppage of relief in drought and flood affected areas in Purulia, Birbhum, Bankura, Murshidabad and Midnapore districts (attention Called by Shri Kashinath Mishra on the 21st September, 1982.)

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরা ও বন্যাকবলিত জেলাগুলিতে ত্রাণকার্য্য বিষয়ে মাননীয় বিধানসভা সদস্য শ্রীকাশীনাথ মিশ্র মহোদয়ের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে, রাজ্যের দুর্গত এলাকার দুঃস্থ জনসাধারণের দুর্দশা লাঘবের জন্য রাজ্য সরকার তার সীমিত সম্পদের মধ্যে যথাসম্ভব ত্রাণব্যবস্থা গ্রহণ করেছেন এবং কোন জেলায় ত্রাণকার্য্য বন্ধের ফলে জনসাধারণের অনাহারে আছেন এমন কোন সংবাদ বা তথ্য আমার কাছে নেই।

ক্ষতিগ্রস্ত জেলাগুলির শারীরিক পঙ্গুতা হেতু কর্মে অক্ষম দুঃস্থ জনসাধারণ যাতে অধিক সংখ্যায় খয়রাতি সাহায্য লাভে সক্ষম হন সেই উদ্দেশ্যে গত মে মাসের শেষ সপ্তাহ থেকে খরা পরিস্থিতির অবনতি ঘটার সঙ্গে সঙ্গে ত্রাণ বিভাগ এই খাতে অধিক অর্থ বরাদ্দ করেন। গত এপ্রিল, ৮২ থেকে আগষ্ট ৮২ অবধি প্রতিমাসে খয়রাতি সাহায্য বিতরণের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হলো ঃ—

| | | |
|---|---|---|
| (১) | এপ্রিল, ৮২ | ২০ লক্ষ ৪০ হাজার টাকা |
| (২) | মে, ৮২ | ২০ লক্ষ ৪০ হাজার টাকা |
| (৩) | জুন, ৮২ | ৭৮ লক্ষ ৭০ হাজার টাকা |
| (৪) | জুলাই, ৮২ | ৯৫ লক্ষ ৩৬ হাজার টাকা |
| (৫) | আগষ্ট, ৮২ | ৯৯ লক্ষ ৫৩ হাজার টাকা |

চলতি আর্থিক বৎসরে "খয়রাতি সাহায্য" খাতে মোট ২ কোটি ৭৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের মধ্যে কেবলমাত্র খরাকবলিত এলাকায় খয়রাতি সাহায্য বিতরণের জন্য এ পর্যান্ত যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হলো ৩ কোটি ৫৮ লক্ষ ৬০ হাজার টাকা ও বন্যা কবলিত এলাকার জন্য বরাদ্দের পরিমাণ ১৫ লক্ষ ৪১ হাজার টাকা। শুধুমাত্র একটি খাতেই এ পর্যান্ত ব্যয় বরাদ্দের অতিরিক্ত প্রায় ১ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

এ ছাড়া দুর্গত এলাকার দুঃস্থ কর্মক্ষম মানুষদের ত্রান সাহায্যের উদ্দেশ্যে ব্যাপকভাবে রিলিফ ওয়ার্কস প্রোগ্রাম চালু করার জন্য ত্রাণ বিভাগ এ পর্যান্ত যে অর্থ বিভিন্ন জেলায় মঞ্জুর করেছেন তার পরিমাণ হলো ৫ কোটি ৮৬ লক্ষ টাকা। এপ্রিল, ৮২ থেকে সেপ্টেম্বর, ৮২ অবধি প্রতি মাসে এই খাতে যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হলো ঃ—

| | | |
|---|---|---|
| এপ্রিল, ৮২ | ... | ৪৯ লক্ষ টাকা |
| মে, ৮২ | ... | ১৪ লক্ষ টাকা |
| জুন, ৮২ | ... | ৫৪ লক্ষ ৫০ হাজার টাকা |
| জুলাই, ৮২ | ... | ২ কোটি ৩৬ লক্ষ টাকা |
| আগষ্ট, ৮২ | ... | ৫৫ লক্ষ টাকা |
| সেপ্টেম্বর, ৮২ | ... | ১ কোটি ৭৮ লক্ষ টাকা |

এছাড়া বাঁকুড়া ও পুরুলিয়া জেলার দুঃস্থ মহিলাদের "ভাতা প্রকল্পের" মাধ্যমে ত্রাণ সাহায্যের উদ্দেশ্যে অতিরিক্ত ১২ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। ফলে এই খাতেও ব্যয় বরাদ্দের অতিরিক্ত ৩ কোটি ৪০ লক্ষ টাকা ইতিমধ্যে ব্যয়িত হয়েছে।

অধিক ক্ষতিগ্রস্ত বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বীরভূম, নদীয়া, মুর্শিদাবাদ, হুগলী ও বর্ধমান জেলার খরা কবলিত এলাকায় জাতীয় গ্রামীণ কর্মমুখী প্রকল্প ( এন, আর, ই, পি, ) রূপায়ণের উদ্দেশ্যে উন্নয়ণ ও পরিকল্পনা বিভাগ ৪ কোটি ৪৫ লক্ষ টাকা ও ৫,৬১৩ মেট্রিক টন চাল বরাদ্দ করেছেন।

আগামী ডিসেম্বর মাস অবধি কৃষিকার্য্যে মন্দার মরশুমে ত্রাণ বিভাগ সহ অন্যান্য বিভাগের বিবিধ গ্রামীণ কর্মমুখী প্রকল্প রূপায়ণের মাধ্যমে দুঃস্থ জনসাধারণের ত্রাণ

সাহায্যের উদ্দেশ্যে ৭ কোটির অধিক অর্থ বিভিন্ন জেলায় মঞ্জুরির ব্যবস্থা করা হচ্ছে। এর বিভাগ ওয়ারী হিসাব হলো ঃ—

| | |
|---|---|
| ত্রাণ বিভাগ — | ৩ কোটি ৫৬ লক্ষ টাকা |
| কৃষি বিভাগ— | ২ কোটি ১৮ লক্ষ টাকা |
| সেচ ও জলপথ বিভাগ— | ১ কোটি টাকা |
| মৎস্য বিভাগ — | ২০ লক্ষ টাকা |
| বন বিভাগ — | ১০ লক্ষ টাকা |

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদহ ও মুর্শিদাবাদ জিলার সাম্প্রতিক বন্যা পরিস্থিতি বিষয়ে ত্রাণ বিভাগ সম্পূর্ণ অবহিত আছেন ও বন্যাকবলিত এলাকার দুঃস্থ জনসাধারণের ত্রাণ সাহায্যার্থে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করেছেন। এই দুই জেলার বন্যাক্লিষ্ট দুঃস্থ মানুষদের খয়রাতি সাহায্য বিতরণের জন্য ইতিমধ্যে ৬০০ মেট্রিক টন চাল বরাদ্দ করা হয়েছে। এ ছাড়া নগদ ৩ লক্ষ ৩০ হাজার টাকা, ৪৫০০ ত্রিপল, ২০০ ধুতি, ২০১ শাড়ী, ৩০০ শিশুদের পোষাক ও ১২৫ কেজি গুঁড়ো দুধ দেওয়া হয়েছে। বন্যাউদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য অন্যান্য বন্যাপ্রবন জেলাগুলিতে অর্থ খাদ্যশস্য ও ত্রাণসামগ্রী আগাম ব্যবস্থা হিসাবে পাঠানো হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার এই বক্তব্য থেকে সহজেই অনুমেয় যে, রাজ্য সরকার খরা ও বন্যাপরিস্থিতি বিষয়ে সম্পূর্ণ অবহিত আছেন ও ত্রাণ কার্য্য অব্যাহত রাখার উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন ও ভবিষ্যতেও করবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রীমহাশয়ার বিবৃতিটি আমাদের মধ্যে প্রচার করলে ভাল হয়।

[1·50—2·00 p. m.]

**Mr. Speaker :** হ্যাঁ, প্রচার করা হবে। I now call upon the Minister-in-charge of Local Government and Urban Development Department will please make a statement on the subject of construction of unauthorised Goomties and buildings on Benaras Road and Sailendra Nath Bose Road in Howrah, (attention called by Shri Ashok Ghosh on the 23rd September, 1982.)

**Shri Prasanta Kumar Sur :** Mr. Speaker, Sir, in reply to the Calling Attention Notice by Shri Asok Ghosh, MLA, regarding construction of unauthorised Goomties at Belgachia More on Benaras Road, Howrah, and unauthorised construction of building at Sailen Bose Road, Salkia, Howrah, I would like to state as follows :

The Goomties at Belgachia More on Benaras Road were constructed long ago. Not only at this particular More, but such goomties exist at many other places in the Howrah Town since long. The question of removing the authorised goomties from the reads with Govt. and Police help is under actives consideration of the Howrah Municipal authorities. Under the present circumstances, piece-meal action cannot be taken.

At Sailendra Bose Road, Salkia, there is an unauthorised school building by the side of the Municipal Mazdoor Union Office. It Is difficult to remove on unauthorised structure keeping the other unauthorised structure undisturbed at the same place. Action will have to be taken against both the structures simultaneously. It may be worthwhile to point out in this connection that the local Congress (I) Office for Ward No. 17 at 320, G. T. Road (North) is an unauthorised structure which also requires to be removed alongwith the Majdoor Union Office.

Necessary instructions to the Municipal Authoiities for removal of unauthorised structures have been issued by the Government.

## MENTION CASES

**শ্রীরামপদ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করতে চাই। বাঁকুড়া জেলার রাণীবাঁধ ব্লক, পুরুলিয়া জেলার মানবাজার এবং মেদিনীপুর জেলার তিলপুর ব্লক-ঐ সব এলাকার মাটির নীচে কিছু খণিজ দ্রব্য রয়েছে, যেমন অভ্র, ম্যাঙ্গানীজ প্রভৃতি। এইগুলির যদি ব্যবস্থা করা যায় তাহলে স্থানীয় লোকের বা আদিবাসী যারা ১২ মাস কাজ পায়না, হুগলীতে আসে কাজ করতে ঐ এলাকার ঐ সমস্ত খণিজ দ্রব্য উত্তোলনের কাজ আরম্ভ করলে ঐ আদিবাসী ক্ষেত-মজুরেরা ১২ মাস কাজ পেতে পারে, এবং স্থানীয় বেকারদেরও কিছু কর্মসংস্থান করা যায়। ঐ এলাকায় যমুনা এবং কাঁসাই নদীর বালুচরে কিছু কিছু মানুষ ঐ বালি চালুনী দিয়ে চেলে কিছু কিছু সোনার গুড়া সংগ্রহ করে এবং তার থেকে কিছু রোজগারও করে। আমার মনে হয় ঐখানে কোথাও সোনার উৎস থাকতে পারে। তাই আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষিট আকর্ষণ করছি।

**শ্রীসত্যরঞ্জণ বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি মাননীয় মন্ত্রী প্রশান্ত শূরের আর একটি দুর্নীনির গুরুত্বপূর্ণ তথ্য আপনার কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রশান্ত শূরের পুত্রের নাম শ্রীরঞ্জিত শূর। আপনার জানা আছে যে ফিরপো হোটেল, যেটা রিজ কনটিনেন্টের জাস্ট অপোজিটে একটা হোটেল ছিল, সেটা একটা মার্কেট হয়েছে। ঐ মার্কেটটার মালিক হলেন রাজেন পোদ্দার এবং এই রাজেন পোদ্দার যিনি ইউ. বি আই. য়ের ডাইরেক্টার হয়েছিলেন তিনি এর মাধ্যমে প্রশান্তবাবুর পুত্রকে ৩৫ লক্ষ টাকা পাইয়ে দিয়েছেন। রঞ্জিত শূরের পিতা মন্ত্রী প্রশান্তবাবু একটা হোটেলকে মার্কেট করার জন্য সুযোগ দিয়েছেন উইদাউট মেনটেনিং রুলস এ্যাণ্ড রেগুলেসনস অফ ক্যালক্যাটা কর্পোরেশন। তার পরিব.র্ত তিনি ডাইরেক্টার হিসাবে ৩৫ লক্ষ টাকা পাইয়ে দিয়েছেন এবং তার সিডমানী ৩.৫ লাক্ষ। সেটাও পোদ্দার সাহেব নিজের এ্যাকাউণ্টস থেকে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই পোদ্দার সাহেব হচ্ছেন ইস্টার্ণ ইণ্ডিয়ার ফিয়েটেড ডিলার এবং সোল এজেণ্ট। উনি এর পরিব.র্ত একটি গাড়ীও প্রশান্তবাবুর ছেলেকে দিয়েছেন। প্রশান্তবাবু একটা বিরাট টাকার পরিবর্তে একটা হোটেলকে মার্কেট করে

দিলেন। আমরা আপনার কাছে জানতে চাই যে, এই দুর্নীতিগ্রস্থ মন্ত্রী এখনও এখানে বসে থাকবে ?

**শ্রীনবনী বাউরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী, পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বাঁকুড়া জেলার দুর্গাপুর হইতে সাঁওতালডিহী ভায়া গঙ্গাকরঘাটী এবং মেজিয়া হইতে শালতোড়া রাস্তাটি দীর্ঘ ৭/৮ বছর যাবৎ কোন মেরামত বা সংস্কার না হওয়ার জন্য ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। ঐ রাস্তাটি সাওতাল ডিহী হইতে দুর্গাপুরের যোগাযোগের একমাত্র রাস্তা ভারী ভারী ট্রাক এবং অন্যান্য যানবাহন চলাচল করার জন্য। ঐ রাস্তাটির অচলাবস্থার সৃষ্টি হয়েছে। তাই আমি ঐ রাস্তাটি যাতে অবিলম্বে মেরামত বা সংস্কার হয় তার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলী মহাশয় যে কথাগুলি বললেন তা সবৈধ অসত্য।

[2-00—2-10 p.m.]

**শ্রীদেনেশ চন্দ্র ডাকুয়া ঃ** আজকে আমি মাথাভাঙ্গা রেগুলেটেড মারকেট কমিটি সম্পর্কে প্রশ্ন করেছিলাম। তাতে অবশ্য সাপ্লিমেণ্টারী করবার সুযোগ পাওয়া যায় নি। বিরোধী পক্ষের গণ্ডোগলের জন্য একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আলোচনা করা সম্ভব হয় নি। আমি যে উত্তর পেয়েছি তার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটা সম্বন্ধে জানতে পারা গেল যে রেগুলেটার মার্কেট-এর মধ্যে যে সরকারী টাকা জমা আছে সেটা হ'ল ৪ লক্ষ ৬ হাজার টাকা। এই সরকারের হাত দিয়ে ডেভলপণ্টের টাকা খরচ হয়। ডেভলপমেণ্টের খরচ কিছু হয় নি। এই হাটের আসল মালিক ভূমিরাজস্ব বিভাগ। সেই ভূমি রাজস্ব বিভাগ টাকা জমা রেখে দিচ্ছে। রেগুলেটেড মার্কেট সম্পর্কে সম্ভবতঃ আলোচনা হয় নি। আমি শুধু দাবি রাখছি—আলোচনার সময় পাওয়া যাচ্ছে না—মন্ত্রী মহাশয়ের কাছে দাবি রাখছি যে যাতে এই রেগুলেটেড মারকেটগুলির জন্য সরকারের যে টাকা জমা আছে সেই টাকা দিয়ে তাড়াতাড়ি ডেভলপমেণ্টের ব্যবস্থা করা হয়। এই দাবি আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। আমাদের যে জাতীয় সড়ক আছে বা আমাদের রাজ্যে যে প্রধান প্রধান সড়ক আছে তার পাশে যে সমস্ত গাছ আছে সেই সব গাছ গুলোকে কেটে ফেলা হচ্ছে। সেই গাছগুলিকে কেটে নানা জায়গায় চালান দেওয়া হচ্ছে। স্যার, আমরা যেখানে বন-সৃজন করার চেষ্টা করছি সেখানে এইভাবে অসাধু ব্যবসায়ীরা এবং বন বিভাগের কর্মচারীরা গাছ কেটে বিক্রি করে দিচ্ছে। এইভাবে ভাল ভাল গাছ কেটে চেরাই করে রাতের অন্ধকারে ট্রাকে করে দূর-দূরান্তে নিয়ে চলে যাচ্ছে। এই কাট চেরাই করে অসাধু ব্যবসায়ীরা তাদের ব্যবসা চালিয়ে যাচ্ছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী থানায় এই সব জিনিষ হচ্ছে।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার পলাসী সুগার মিলে তেহট্ট, কালীগঞ্জ, নাকাশীপাড়ার আখ চাষীরা এই সুগার মিলে আখ সরবরাহ করে থাকে। তারা যে আখ সরবরাহ করে তার মুল্য তারা নগদ পায় না। এই সুগার মিলের কর্তৃপক্ষ চাষীদের টাকা কিস্তিতে দেয়। কিন্তু দেখা যাচ্ছে বছরের পর বছর তারা দিচ্ছে না। আরো দেখা যাচ্ছে যে, যে ভাবে চিনির দাম বাড়ছে সেই ভাবে চাষীরা আখের দাম পায় না। এই সময় নদীয়ায় ভীষণ খরা। টাকা না পেয়ে এখানকার কৃষকরা ভীষণ দুঃখ-দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই ব্যাপারে মিলের কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেন।

**শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪.৯.৮২ তারিখে মুর্শিদাবাদ জেলার চন্দ্রহাটপুর থানায় হাঁড়িভাঙ্গা গ্রামে ৫ জন লোক অনাহারে মরে গেছে। তারা ৫ দিন খেতে পায়নি। তাদের গৃহ কর্তার নাম হ'ল জয়নাল আবেদিন। তার তিন ছেলে মেয়ে এবং তার স্ত্রী মারা গেছে। তাদের লালবাগ হাসপাতালে পাঠানো হয়েছিল এবং সেখানে প্রমাণ হয়েছে যে তারা না খেতে পেয়ে মারা গেছে। এই জন্য আমি বামফ্রন্ট সরকারের পদত্যাগ দাবি করছি।

**শ্রীকমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম বাংলার বর্তমান সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সরকার পুর্বেও ছিলেন, কিন্তু সে সময়ে এবং এখনও পর্যন্ত যে কাজ তাঁরা করেননি, সে সম্বন্ধে বলছি। ডঃ ভুপেন্দ্র নাথ দত্ত শুধু মাত্র স্বামী বিবেকানন্দের ভাই বলে পরিচিত তা নয়, আমাদের দেশের মধ্যে যাঁরা প্রথমে সমাজতন্ত্রের কথা এনেছিলেন, তিনি ছিলেন আঁদের অন্যতম পথিকৃৎ। শুধু তাই নয়, তিনি এবং বঙ্কিম মুখার্জী সারা জীবন ধরে সমাজ-তান্ত্রিক আন্দোলনে ব্রতী ছিলেন। এঁদের জন্ম হয়েছিল এই কলকাতাতেই। কলকাতা পৌরসভার তাঁদের নামে একটা রাস্তার নামকরণ করার কাজ আগেই করা উচিত ছিল। এখানে মাননীয় পৌরমন্ত্রী আছেন, তাঁর মাধ্যমে বর্তমান সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যেন দুটি জনবহুল রাস্তার নাম তাঁদের নামে রাখার ব্যবস্থা করা হয়। এটি আমি দাবী আকারে সরকারের কাছে রাখছি।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত ২রা অক্টোবর, মহাত্মা গান্ধীর পুন্য জন্মদিনে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে কৃষাণ স্পেশালে যাবার জন্য হাওড়া স্টেশনে সি. পি. এম. পার্টির কিছু এম. এল. এ., এম. পি. ও মন্ত্রীরা উপস্থিত হয়েছিলেন। তাঁদের উদ্দেশ্য ছিল রাজধানীতে একটা শান্তি মিছিলে যোগ দেওয়া। কিন্তু বগী নিয়ে গণ্ডগোলের সুত্রপাত করেন কিছু কমিউনিষ্ট পার্টির মস্তান। ঐ মস্তানরা হাওড়া স্টেশনের ডি. এস. পি. মিঃ এ. কে. রায়ের ঘরে জোর করে ঢুকে তাঁকে অকথ্য ভাষায় গালিগালাজ করে, তাঁর কক্ষের চেয়ার-টেবিল ভাঙচুর করে। পশ্চিমবাংলার যাঁরা কর্ণধার, তাঁদেরই কিছু মস্তান শান্তি মিছিলের প্রারম্ভে হাওড়া স্টেশনে যে কীতিকলাপ রেখেছিলেন, তা জঘন্যতম। এতে পশ্চিমবাংলার মানুষ আতঙ্কিত।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্যের মুখ্যমন্ত্রী তথা মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। খনিজ তেল হচ্ছে একটি গুরুত্বপূর্ণ জিনিষ। কিন্তু ও. এন. জি. সি.-র কিছু স্বার্থান্বেষী অফিসার পশ্চিম বাংলাতে তেল অনুসন্ধানের কাজ যাতে না হয় তার চেষ্টা করে যাচ্ছেন। এ সম্বন্ধে খবরের কাগজে বিস্তারিত ভাবে বেরিয়েছিল। এর ফলে পশ্চিমবাংলাতে যে আর্থিক ক্ষতি হচ্ছে তাই নয়, এতে জাতীয় স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে। কেন্দ্রীয় সরকার স্বয়ম্ভরতার কথা বলেন, বিশেষ করে তাঁরা তেলের ব্যাপারে স্বয়ম্ভরতার কথা বলেন, এর ফলে সেই দিক থেকে পশ্চিমবাংলার বিশেষ ক্ষতি হচ্ছে। সেজন্য এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী ও মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি শ্রমদপ্তরের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে শ্রমদপ্তরের কোন মন্ত্রীমহাশয় উপস্থিত নেই, সেজন্য আপনাকে জানাচ্ছি যে, বাঁকুড়া জেলার সব থেকে বড় কুটীর শিল্প হচ্ছে বিড়ি শিল্প। সেই বিড়ি শিল্পে আজ প্রচণ্ড ভাবে আঘাত এসেছে। সেখানকার বিড়ি শ্রমিকরা যে খুবই বিপদগ্রস্ত, সে সম্বন্ধে সরকারপক্ষের অনেক সদস্যও এখানে বলেছেন। সরকারপক্ষের মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয় এ সম্বন্ধে অনেকবার বলেছেন। সেখানকার বিড়ি শ্রমিকের সংখ্যা প্রায় ১৬০০র মত। তাদের কারখানাগুলি বন্ধ হয়ে আছে, ফলে তারা সঙ্কটজনক অবস্থার মধ্যে রয়েছে। সেখানে কি জন্য এই ঘটনা ঘটেছে তা অনুসন্ধান করে দেখুন। সরকারী সিদ্ধান্ত আছে, শ্রমিকদের ৮.৩৩ শতাংশ হারে বোনাস দিতে হবে। এই বোনাস সেখানকার বিড়ি শ্রমিকরা পাচ্ছে কিনা তা দেখা দরকার। তাছাড়া, বাঁকুড়া জেলাতে প্রচণ্ড খরা চলছে। এমত অবস্থায় বিড়ি শ্রমিকরা কি ভাবে দিন কাটাচ্ছে তা সরকারের পক্ষ থেকে অবিলম্বে দেখা দরকার ও একটা ব্যবস্থা অবিলম্বে গৃহীত হওয়া উচিত।

[2-10—2-20 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আজকে যে বিষয় উত্থাপন করছি সেটা আজকের দিনের কিছু নয়, অনাগত দিনের। পশ্চিমবাংলার ইতিহাসে পশ্চিমবাংলার মানুষকে পশ্চিমবাংলার সংস্কৃতিতে ও ক্রীড়ায় অনাগত দিনে শতাব্দীর পর শতাব্দী শিকার করতে চলেছেন এই গভর্ণমেণ্ট। এই গভর্ণমেণ্ট সল্ট লেকে স্টেডিয়াম নির্মাণ করতে যাচ্ছেন। যাদের কালো টাকা বা ব্ল্যাক মানি আছে তারাই একমাত্র সদস্য হতে পারবেন, এই মর্মে একটি নির্দেশও সার্কুলেট করা হয়েছে। কারা এই স্টেডিয়ামের মেম্বার হতে পারবেন? খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, কে এই বাঙালী উৎসাহী যুবক এস. কে. বিড়লা, রঘু মোদী? কে এই উৎসাহী ক্রীড়ামোদী বাঙালী যুবক জি. পি. গোয়েঙ্কা? উৎসাহী বাঙালী যুবক কি সুধীর জানা? এই বাঙালী যুবকরা কি জে. এন. সাপ্রু, বি. এম. খৈতান এবং পি. সি. গোয়েঙ্কা? ক্রীড়ামোদী বাঙ্গালী যুবক কি আর. সি. মাহেশ্বরী? কে. সি. মেহেতা কি বাঙ্গালী সন্তান। আমি এই ব্যাপারে ঘোর আপত্তি জানাচ্ছি সরকারকে এবং তাদের হুঁসিয়ার করে বলতে চাই যে, বাঙালী ক্রীড়ামোদী

বীর সন্তানদের অনাগত ভবিষ্যৎ আপনারা নষ্ট করে দেবেন না। ঐ পুঁজিপতী কালো-টাকার অধিকারী মাল্টি ম্যাশানাল মোনোপলি হাউসের মালিকদের পদলেহন করে তাদের দেওয়া টাকায় এই স্টেডিয়াম করা চলবে না। আজকে আমি দাবী করছি, এই প্রস্তাব আপনারা প্রত্যাহার করুন, বাঙালী সন্তানদের বঞ্চিত করে কালো টাকার মালিকদের সহযোগিতা আর করবেন না। তাদের কাছ থেকে শতকরা ৮০ ভাগ সম্পত্তি নিয়ে অর্থাৎ যিনি ৭ হাজার টাকা দেবেন তিনি সল্ট লেকের মেম্বার হতে পারবেন, আর যিনি ১০ হাজার টাকা দেবেন তিনি সল্ট লেক এবং ইডেনের মেম্বার হতে পারবেন এই ব্যবস্থা আপনারা চালু করেছেন। আপনারা যদি এই ব্যবস্থা প্রত্যাহার না করেন তাহলে, আমরা সমস্ত বাঙালী যুবকদের সঙ্গে নিয়ে গিয়ে এই সব মেম্বারদের কার্ড ছিঁড়ে ফেলে দেব এবং তাদের হাত ভেঙ্গে দেব। সুতরাং এই পরিকল্পনা আপনারা বর্জন করুন। গরীব বাঙালী সন্তানদের বঞ্চিত করে, এই সব মাল্টি ন্যাশানাল মোনোপলি হাউসের মালিকদের পদলেহন করে এবং পুঁজিপতি দালালদের পদলেহন করে এই কাজ করবেন না। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি ছাড়া এইরকম বেসরকারী লিফলেট বিলি হতে পারে না। সুতরাং আপনাকে ডিসকাসানের সুযোগ দিতে হবে। এটা কমপ্লিটলি বেসরকারী। কিন্তু এটি নরম্যালি টেবিলে লেড হয়েছে। আপনার অনুমতি ছাড়া এটা সার্কুলেট হতে পারে না। এবং যেহেতু এটি সার্কুলেট হয়েছে সেইজন্য আপনাকে ডিসকাসানের সুযোগ আমাদের দিতে হবে। আমি একটা চিঠি আপনাকে দিচ্ছি, আপনি আমাদের হাফ এন আওয়ার ডিসকাসানের সুযোগ দিন।

আমার বিষয়বস্তু হচ্ছে কোলকাতার রেশন বরাদ্দ কমিয়ে দেয়া হয়েছে সে সম্বন্ধে। গণশক্তি প্রিন্টার্স থেকে প্রকাশিত একটি লিফলেট থেকে আমি পড়ে শোনাচ্ছি ঃ —"আমাদের প্রতি সপ্তাহে মাথাপিছু ৩ কিলোগ্রাম খাদ্য দিলে, মাসে প্রয়োজন ১৩ কিলোগ্রাম। ৪ কোটি লোকের মাসিক প্রয়োজন ১৩ X ৪ = ৫২ কোটি কে. জি.। বার্ষিক চাহিদা ৫২ কোটি কে. জি. X ১২ X মানে ৬২৪ কোটি কে. জি.। অর্থাৎ মোট ৬১ লক্ষ ৪১ হাজার টন খাদ্য। পশ্চিমবঙ্গ সরকারের হিসাব অনুযায়ী আমাদের আছে ৭০ লক্ষ ৫৫ হাজার টন। বীজ ধান ইত্যাদির জন্য প্রয়োজন ৫ লক্ষ টন।" এই লিফলেটটি প্রকাশিত হয়েছিল ভলুওস্তাগর লেন থেকে প্রকাশিত ও গণশক্তি প্রিন্টার্স লিঃ। এটা আমার কথা নয়। একথা মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির কথা এবং তাঁরা সেখানে খুব পরিষ্কারভাবে বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১ টন খাদ্য না নিয়েও পশ্চিমবঙ্গে উৎপন্ন খাদ্য পশ্চিমবঙ্গবাসী ৪ কোটি জনসাধারণের দাবী মিটিয়েও ১০ লক্ষ ৫৩ হাজার টন উদ্বৃত্ত থাকে। তাহলে সংকটটা কোথায়? এই লিফলেট মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির। আমার প্রশ্ন যাঁরা এই সরকারে আছেন তাঁরা কোন অধিকারে আমাদের মুখের গ্রাস নিয়ে নিচ্ছেন? বিশেষ করে কোলকাতার জল, খাদ্য সব কেড়ে নেওয়া হচ্ছে। কোলকাতা থেকে সব মানুষকে উচ্ছেদ করার একটা চেষ্টা হচ্ছে। এর যদি কোন ব্যবস্থা সরকার না করেন তাহলে আমরা এর বিরুদ্ধে ধিক্কার জানাব।

**শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ** স্যার, আমি আপনার দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আকর্ষণ করছি। আকাশবানী, দূরদর্শন সংবাদ পরিবেশনের বিষয়ে বামফ্রন্ট নেতৃবৃন্দের প্রতি যে বৈষম্য করছেন তা তাঁরা জানেন। পশ্চিমবাংলায় শতকরা ২৩ জন মানুষ মুসলমান সম্প্রদায়ের। তাদের পবিত্র ঈদ উৎসবের সংবাদ যেভাবে প্রকাশ করা হল তা দুঃখজনক। তাদের এই উৎসবের প্রতি বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়নি। আকাশবানী থেকে দেখলাম স্থানীয় সংবাদের শেষে ১/২ মিনিট এই উৎসব সম্বন্ধে বলা হল। আমি মনে করি উৎসবের গুরুত্ব তারা অনুভব করতে পারেনি। এর ফলে যেভাবে সংবাদ প্রচারের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়েছে তাতে আমার জেলা খুব মর্মাহত। তাই আপনাকে বলছি আপমি সরাসরি আপনি এ বিষয়ে আকাশবানী কর্তৃপক্ষের সংগে যোগাযোগ করুন।

[2-20—2-30 p.m.]

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker Sir, through you I want to draw the attention of the Health Minister. You see in West Bengal there are about ten thousand special attendants in different government hospitals and family planning centres. During the last Congress regime there was a practice that 20 per cent of them would be absorbed as Class IV employees. Since then Left Front Government came in power and the so called government for the working class and labourers have reduced it to 15%. It may also be mentioned here that now these special attendants are not being absorbed as class IV employees in the Health Department. This is very unfortunate that the so-called labour government and the friendly government of the poor is by passing them.

**শ্রীফনীভূষণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। ৫/৬ বছর হল বামফ্রন্টের এইসব প্রভুরা এসেছেন, এরা এত অপয়া যে এরা আসার পর দেশে হাহাকার দেখা দিল। দেশে বন্যা, খরা দেখা দেওয়ায় হাহাকার দেখা দিল। এই অপয়াদের জন্য আমাদের মালদহ জেলায় এখন খরা দেখা দিয়েছে যে গরীব মানুষ যে ফসল লাগিয়ে ছিল সেই ফসল সব শেষ। মাঠে ময়দানে আগে যে সমস্ত আর এল আই স্কীম করা হয়েছিল এইসব সাকরেদের দল সব চুরি করে নিয়েছে। এই চুরি করার ফলে খরার মোকাবিলা করা যাচ্ছে না। কাজেই দয়া করে দেখুন কি করে চোর ধরা যায় এবং গরীব মানুষদের জন্য সুব্যবস্থা করা যায়।

**শ্রীঅবন্তি মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে এই যে মেদিনীপুর জেলার রামনগর ১ নং ব্লকের অন্তর্গত গোবরা গ্রাম পঞ্চায়েতের আঁকনা মৌজার কাঁথি-আঁকনা বাঁধ রাস্তা থেকে চন্দনপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত যে রাস্তা রয়েছে সেই রাস্তায় হাজার হাজার মানুষ যাতায়াত করে। সেই রাস্তার একটা অংশ হচ্ছে আঁকনাবাঁধের পশ্চিম পার্শ্বে যে নয়ন জলি ওয়াটার ড্রেনেজ

আছে যেটা সরকারী রেকর্ডে রয়েছে সর্বজনের দখল বলে সেই নয়ন জলি ওয়াটার ড্রেনেজ স্থানীয় গ্রাম পঞ্চায়েতের সদস্য, কৃষক সমিতির সদস্যের আত্মীয় এবং সরকারী কর্মচারীরা পাট্টা নিয়েছেন এবং পাট্টা নিয়ে সাধারণ মানুষের স্বার্থকে ব্যাহত করেছেন। আমি এই বিষয়ের প্রতি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি রাখছি অবিলম্বে সেই পাট্টাগুলিকে বাতিল করা হোক।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রী শুধু নয় মাননীয় মুখ্যমন্ত্রী সহ সমগ্র ক্যাবিনেটের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশাকরি আপনি নিজেও বিষয়টির প্রতিক্রিয়ায় ভুগছেন। আজকে স্টেটসম্যান কাগজ আপনি দেখেছেন কিনা জানি না, আপনাকে রেশন সামগ্রী নিয়ে জীবনধারণ করতে হয় কিনা জানি না, আজকে স্টেটসম্যান কাগজে দেখলাম কলকাতায় যেখানে ৪ হাজার ৭৫০ গ্রাম রেশনে চাল এবং গম মিলিয়ে পাওয়া যেত সেখানে তাকে ড্রাস্টিক্যালি কেটে ৩ কে. জি. তে দাঁড় করান হয়েছে। এটা কলকাতাতে ঘোষণা করা হয়েছে এবং মডিফায়েড রেশন এলাকায় সরকার এতদিন যেটুকু রেশন দিচ্ছিলেন সেটা কার্যতঃ তুলে দিয়েছেন। অথচ বাস্তবে দেখছি কেন্দ্রীয় সরকারের অপ্রচুর সরবরাহ এই রকম একটা পরিস্থিতিতে এবং রাজ্য সরকারের আভ্যন্তরীণ ক্ষেত্রে সরবরাহে চরম ব্যর্থতা। দিনের পর দিন রেশনের চাল কালোবাজারে চলে যাচ্ছে যেখানে সরকারের প্রচ্ছন্ন পৃষ্ঠপোষকতা রয়েছে। এটাকে যদি রোধ না করা যায় তাহলে খাদ্য সঙ্কট দূর করা সম্ভব নয়। এই খাদ্য সঙ্কট সরকারী পৃষ্ঠপোষকতায় সৃষ্টি করা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আমার সৌভাগ্য যে সমবায় মন্ত্রীমহাশয় এখানে রয়েছেন। বহরমপুরের কনজিউমার্স ফেডারেশনে ১৯৮১ সালে বোথরা প্রতিষ্ঠানের তরফ থেকে সোডা এ্যাস কেনার জন্য ১ লক্ষ ২৪ হাজার টাকা জমা দেওয়া হয়েছিল এবং তারা ৫০ ব্যাগ সোডা এ্যাস সরবরাহ করে। হঠাৎ দেখা গেল সোডা এ্যাসের দাম প্রচুর কমে গেছে, ব্যবসা আর চলবে না—বিভাগীয় মন্ত্রীমহাশয় জানেন কিনা জানিনা—তবে তাঁর দলের লোক এবং বামফ্রন্ট-এর লোক মিলে গোপনে একটা চুক্তি করে ওই ১ লক্ষ ২৪ হাজার টাকা গত ৫.৮.৮২ তারিখে চেক নং ৯৯৭৯২১, কনজিউমার্স ফেডারেসন বোথরা প্রতিষ্ঠানকে ফেরত দিয়ে দিয়েছে। আমাদের সমবায় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন কাজেই আশা করছি তিনি এ সম্বন্ধে একটা জবাব দেবেন।

**শ্রীসুভাষচন্দ্র মাহাতো ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবহেলিত, পদদলিত আমাদের পুরুলিয়া জেলা খরা কবলিত। আজকে পুরুলিয়া জেলার প্রতিটি বুকে দুর্ভিক্ষ দেখা দিয়েছে এবং পানীয় জলের অবস্থা অত্যন্ত ভয়াবহ এবং তার ফলে অনেক রোগ সৃষ্টি হচ্ছে। এই খরা পরিস্থিতি মোকাবিলা করবার জন্য আমি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দেখাচ্ছি বিদ্যুৎ বিভাগে দুর্নীতির প্রশ্রয়

দেওয়া হচ্ছে। আপনি জানেন এবং খবরের কাগজেও দেখেছেন যে, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ একটা সেন্ট্রাল রিক্রুটমেন্ট কমিটি গঠন করেছিলেন এবং তাঁরাই বিদ্যুৎ পর্ষদে লোক নিয়োগ করতেন। জেলায় যে সিলেকসন কমিটি আছে তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক সিলেক্ট করে সেন্ট্রাল রিক্রুটমেন্ট কমিটির কাছে পাঠিয়েছে এবং তাদের তরফ থেকে সেই সমস্ত লোকদের নামও পাবলিস করা হয়েছে। কিন্তু এখন দেখছি তাদের মধ্য থেকে কিছু কিছু লোককে এ্যাপয়েণ্টমেন্ট দেওয়া হয়েছে এবং বেশীরভাগ লোক এখনও এ্যাপয়েন্টমেণ্ট পায় নি। কাজেই আমি মনে করি এই ব্যাপারে দুর্নীতির আশ্রয় নেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দুঃখের সঙ্গে বলছি এই ঘটনাটি ঘটেছে গত ২রা অক্টোবর, গান্ধীজীর জন্মদিনে। কতগুলি বেকার যুবক ব্যাঙ্ক থেকে লোন নিয়ে ছোট ছোট দোকান করেছিল প্রায় ১৪/১৫ বছর পূর্বে। স্যার, আপনি একজন লইয়ার, কাজেই আপনি জানেন ১২ বছর ধরে পজেসনে থাকলে সেখানে ইজমেণ্ট রাইট জন্মে। এদের ক্যাপিটাল খুবই কম, ৬/৭ হাজার লোক এর সঙ্গে ডাইরেক্টলী অর ইনডাইরেক্টলী যুক্ত এবং তাদের পরিবারের লোক নিয়ে এই সংখ্যা প্রচুর। দুঃখের সঙ্গে বলছি গত ২রা অক্টোবর পুলিশ এবং প্রশাসন একত্রিত হয়ে ভাড়া করা ট্রাক দিয়ে এই সমস্ত দোকানগুলিকে একেবারে গুঁড়িয়ে দিয়েছে। আজ সিউড়ি শহরে গেলে মনে হবে যেন বানের জল ঢুকেছে। এই সমস্ত দোকানে যে ধন সম্পদ ছিল তা চুরি গেছে। আপনি নিশ্চয়ই জানেন ৩৭৯ এবং ৩৯৫ ধারায় যারা এই ধন সম্পদ অপহরণ করেছে তাদের বিরুদ্ধে কেস করা যায়। এদের রিহ্যাবিলিটেট করবার জন্য আমি ইতিপূর্বে কোশ্চেন আওয়ারে বলেছি এবং আবারও সেই কথা বলছি। এদের রিহাবিলিটেট না করলে মহাপাপ হবে এবং বামফ্রণ্ট সরকারের শুভযাত্রায় ব্যাঘাত ঘটবে একথাটা অবশ্যই মনে রাখবেন।

[2-30—2-40 p.m.]

**Mr. Speaker :** Shri Subrata Mukherjee, MLA raised a point of order on 4.10.82 questioning the competence of the House to legislate on the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982. Shri Mnkherjee contened that the subject-matter of the Bill fell under entry 31 of the Union List of the Seventh Schedule of the Constitution of India as the Bill sought to levy a tax through the medium of television. Shri Mukherjee also submitted that as the Bill had not yet passed into the Statute Book and was awaiting notification in the official gazette, the Minister-in-charge of Finance could still withdraw the Bill.

I have carefully considered the arguments put forward by Shri Mukherjee. In the first place I may mention tha the principle that the question of vires of a Bill has to be decided by courts of law and not by the fiat of the Speaker, has been long established in British and Commonwealth Parliaments through

a series of precedents. Reference may be made to Hatsell, Vol II, P-227, Hansard's Parliamentary Debates, Vol. 150, P-2104(1888). Bourinot in his Parliamentary Procedure and practice (P-180) summed up these rulings in the following words : "The Speaker will not give a decision upon a Constitutional question nor decide a question of law though the same be raised on a point of order or privilege."

I may mention here the established practice in this regard in the Lok Sabha also. To quote Kaul & Shakdher, "It is the accepted practice in the Lok Sabha that the Speaker does not give any ruling on a point of order raised whether a Bill is constitutionally within legislative competence of the House or not. The House also does not take a decision on the specific question of vires of a Bill. It is open to members to express their views in the matter and to address arguments for and against the vires for the consideration of the House. The members take this aspect into account in voting on the motion for leave to introduce the Bill or on the subsequent motions on the Bill." (P. 463, Practice and Procedure of Parliament, Vol. II). Before Independence also in the Central Legislative Assembly it was ruled by the Speaker Abdur Rahim that a question relating to the legislative competence of the Assembly which may often involve much difficulty and complexity should not be summarily settled by the Chair on a point of order. (L. A. Deb. 17-2-1942, P. 280-83).

In this Assembly too similar rulings have been given in a number of cases. For instance, the Speaker Shri Saila Kumar Mukherjee while giving his ruling on a point of order whether introduction of the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955 militates against the provisions of the Constitution Observed inter alia ; "So far as the Chair is concerned he has only to see whether prima facie the Bill is introducible. If there are controversial questions of law such as affecting the fundamental rights, affecting the provisions of different legislative powers of the Union and the States and various other matters, that is a matter for the judiciary to consider. It is not function of the Chair to decide such questions of legal interpretation if he is satisfied that prima facie the Government has power to introduce such legislation". (Proceedings dt. 30th August, 1955, Vo. XII, No. 2, Pp. 29-31).

Now I may point out that in the present case the Bill seeks to levy tax on entertainment through the medium of television and prima facie the subject matter of the Bill comes under entry 62 of the State List of the Seventh Schedule. I, therefore, prima facie found nothing as might bar the introduction of the Bill in the House.

I may again point out that since the Bill has already been passed by the House and sent to Governor there is at present no scope for the members to express their views as regards the vires of the Bill for consideration of the House. This might well have been done at the stage when motions for

consideration or passing of the Bill were taken up in the House. Evidently, the question of withdrawal of the Bill by the Minister-in-charge does not arise at all at this stage.

Thus following the established parliamentary conventions and practices I hold that the point of order as raised by Shri Mukherjee is not substainably and accordingly the same is overruled.

**শ্রীআবদুস সাত্তার :** মিঃ স্পীকার স্যার, গতকাল আমাদের পক্ষের সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় একটা এ্যাডজর্ণমেণ্ট মোসন দিয়েছিলেন প্রশান্ত শূর মহাশয়ের বিরুদ্ধে এবং তিনি দাবী করেছিলেন একজন হাইকোর্টের জজকে এ্যাপয়েণ্ট-মেণ্ট দেওয়া হোক, একটা এনকোয়ারী করা হোক। প্রশান্ত শূর মহাশয়ের পক্ষে সেটা ভাল হবে। কিন্তু আপনি সেটা এ্যালাউ করেননি। তাই আমরা ঠিক করেছি যে এই দাবী এবং অভিযোগ নিয়ে, যেহেতু আপনি গতকাল এই কথা বলায় আপনি শোনেননি বলে আমরা কংগ্রেস পার্টির এম. এল. এ.-রা গভর্ণরের কাছে যাবো। আমরা চাই একটা এনকোয়ারী কমিশন করা হোক, একটা হাইকোর্টের জজকে নিয়ে। এতে প্রায় সাড়ে তিন কোটি টাকা জড়িত। পাবলিকের টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। তাই এখনই আমরা আপনার অনুমতি নিয়ে গভর্ণরের সঙ্গে দেখা করতে চললাম।

**মিঃ স্পীকার :** একটু শুনে যান, আমি কালকে বলেছিলাম যে ৮ তারিখে যে প্রশ্নের উত্তর দেবার চীফ মিনিষ্টারের কথা ছিল, সেটা তিনি ৬ তারিখে দেবেন। কিন্তু হঠাৎ দিল্লী থেকে খবর আসায়, তাঁকে দিল্লী চলে যেতে হচ্ছে এবং ৬ তারিখ থেকে চীফ মিনিষ্টারের যে প্রশ্নগুলি আছে সেগুলি হবে না।

## LEGISLATION

### The Ramrikdas Haralalka Hospital Aquisition Bill, 1982

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I beg to introduce the Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, 1982 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, The 130 bedded Ramrikdas Harlalka Hospital, Calcutta had been run under the auspices of the Ramrikdas Hospital Trust Board constituted by a Deed of Declaration of Trust. The management and control of the Hospital vested in a Managing Committee constituted under a Registered Society entrusted by the Trust Board with the power of managing and disposing the properties in accordance with the scheme mentioned in the Deed of Declaration.

Due to financial constraints the management found it difficult to run the Institution smoothly and efficiently. On the basis of resolution of the Trust Board and the Managing Committee of the Hospital a Govt. Administrator was appointed at the Institution from 14.2.79.

For better management and maintenance of the Institution in public interest it was considered necessary to take it over for being run as state Institution. Since the Legislative Assembly of the State was not in session

and the circumstances of the case called for immediate action, the Ramrikdas Harlalka Hospital Acquisition Ordinance, 1982 was promulgated by the Governor after obtaining instructions of the President under Article 213 of the Constitution of India.

(Secretary then read the title of the Bill)

**Mr. Speaker** : I now request Shri Kashinath Misra to move his Statutory Resolution.......(pause)......Since he is not present in the House his Statutory Resolution is not moved.

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I beg to move the Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, 1982, be taken into consideration.

**The Niramoy Group of Institutions Aquisition Bill, 1982**

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I beg to introduce the Niramoy Group of Institutions Acquisition Bill, 1982, and place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, the Niramoy Group of Institutions comprising the Head Office at 78/1, Rafi Ahmed Kidwai Road, Calcutta, the Niramoy T. B. Sanatorium (300-bedded T. B. Hospital) at Giridanga, Birbhum, the Niramoy Poly Clinic & Research Foundation at Gariahat Road, Calcutta and two Chest clinics at Ganesh Chandra Avenue and Asutosh Mukherjee Road, Calcutta had been run by 'Niramoy', a Society registered under the Societies Registration Act, 1860. These units had been functioning under the control and direction of the General Council of Niramay.

In April, 1980, the General Council of Niramay passed resolutions requesting the State Government to appoint an Administrator for the above units of Niramay and to take over the Niramay Group of Institutions. A government Administrator was appointed from 20.5.80.

For better management, maintenance of the Institutions in public interest and extension of proper medical facilities to a larger number of people, it was considered necessary to take them over for being run as State Institutions. Since the Legislative Assembly of the State was not in session and the circumstances of the case called for immediate action, the Niramay Group of Institutions Acquisition Ordinance, 1982 was promulgated by the Governor after obtaining instructions of the President under Article 213 of the Constitution of India.

( Secretary then read the title of the Bill )

**Mr. Speaker** : I now request Shri Kashinath Misra to move his Statutory Resolution . (pause)...Since he is not present in the House his Statutory Resolution is not moved

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I beg to move the Niramoy Group of Institutions Acquisition Bill 1982 be taken into consideration.

[2-40—2-50 p.m.]

**The Mayo Hospital Acquisition Bill, 1982**

**Dr. Ambarish Mukhopadhyay**: Sir, I beg to introduce the Mayo Hospital Acquisition Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, the Mayo Hospital at 67/1, Strand Road, Calcutta is a General Hospital with 185 indoor beds and arrangement for outdoor service. It has two attached outdoor dispensaries—one at Chitpur and another at Chandney Chowk. This is one of the oldest institutions in the city rendering useful service in the Central Calcutta area.

The institution had been functioning under the auspices of a Society registered under the Societies Registration Act and was managed by a Board of governors with financial assistance extended by the State Government from time to time.

Due to financial constraints in the face of sharp rise in the cost of maintenance as well as some other problems the Hospital authority had been in difficulty to run the institution smoothly and efficiently.

Ultimately in a meeting held on the 12th March, 1980 the Board of governors of the Mayo Hospital adopted unanimous resolution requesting the State Government to appoint an Administrator to take charge of the institution with full financial and administrative powers pending nationalisation of the Hospital. The matter was carefully considered by Government and an Administrator was appointed at the institution on and from the 24th March, 1980. Since then the institution has been functioning under the management and control of the Government Administrator.

The Hospital is situated in a thickly populated area where there is no State Hospital. The institution has all the potentialities of being developed into a first class General Hospital with 200 indoor beds. The Hospital with two attaehed dispensaries, if properly maintained and developed, can give extended medical coverage to the people.

For better management and maintenance in public interest, it was decided to take over the Mayo Hospital together with the two attached dispensaries with all their assets for being run ns State institution. The Mayo Hospital Acquisition Ordinance 1982 was promulgated accordingly on the 27th August, 1982. The Mayo Hospital Acquisition Bill, 1982 has been prepared to replace the said ordinance.

( Secretary then read the title of the Bill )

**Mr. Speaker**: I now request Shri Kashinath Misra to move his Statutory Resolution ...(Pause)—Since he is not present in the House, his Statutory Resolution is not moved.

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, I beg to move that the Mayo Hospital Acquisition Bill, 1982 be taken into consideration.

**The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982**

**Dr. Ambarish Mukkopadhyay :** Sir, I beg to introduce the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, the Upendra Nath Mukherjee Memorial Hospital at 24, Sura 3rd Lane, Beliaghata, Calcutta, is a General Hospital with 57 indoor beds. There is also arrangement for outdoor service.

The Hospital has been functioning under the auspices of the Medical Aids Society of Bengal, a society registered under the Societies Registration Act, 1860. Under the rules and regulations of the Society, the funds and properties, movable and immovable, are vested in the Trustees. The State Government has been paying regular financial assistance for meeting the running expenses of the Institution.

For a long time the authorities of the Hospital have been finding it difficult to run the Hospital properly and requesting the Government to take it over. There has also been public demand for taking over of the Institution by Government. Sometime ago a crisis occured in the management of the Hospital owing to resignation tendered by the Honorary Secretary of the Institution.

The Hospital is situated in a thickly populated area in the eastern part of the city. If properly maintained and developed, the Hospital can give extended medical coverage to the ailing people.

For better management and maintenance in publice interest, it was decided to take over the Upendra Nath Mukherjee Memorial Hospital, Beliaghata, with all its assets for being run as State Institution. The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Ordinance, 1982 was promulgated accordingly on the 27th August, 1982. The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill 1982 has been prepared to replace the said Ordinance.

( Secretary then read the title of the Bill )

**Mr. Speaker :** Shri Kashinath Misra is now to move his Statutory Resolution. ...(Pause)...Since he is not present in the House his Statutory Resolution is not moved.

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** Sir, I beg to move that the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে করি যে আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সীমিত ক্ষমতার মধ্যে সকলের জন্য চিকিৎসার ব্যবস্থা করতে পারে না এবং আমরা এও মনে করি এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অধিক দায়িত্ব নেবার

প্রয়োজন আছে বিশেষ করে যখন একটি লক্ষ্য হিসাবে কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য প্রাদেশিক সরকারগুলি ঘোষণা করেছেন দু হাজার সালে সকলের জন্য স্বাস্থ্য-এর ব্যবস্থা করতে হবে। স্যার, আপনি জানেন, আমাদের পশ্চিমবাংলা সহ বিভিন্ন রাজ্যে এই দাবী জোরদার হয়ে উঠেছে যে আজকে স্বাস্থ্যের অধিকার.কে মৌলিক অধিকারে রূপান্তরিত করতে হবে এবং সংবিধানে সেইভাবে স্বীকৃতি দিতে হবে, সংবিধানের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। স্যার, আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে যতটুকু পারি করবো কিন্তু সঙ্গে সঙ্গে কেন্দ্রেরও এ বিষয়ে অধিক দায়িত্ব নেবার প্রয়োজন আছে বলে আমরা মনে করি। স্বাস্থ্য রক্ষার ব্যাপারে—কি রোগ নিবারণ, কি নিরাময়—এই দুটি ব্যাপারেই কেন্দ্রকে অধিক দায়িত্ব গ্রহণ করতে হবে। আমাদের এই পশ্চিমবাংলায় বাইরে থেকে যারা এসেছেন--ভারতের বাইরে থেকে, সেই রিফিউজিদের সমস্যা এবং ভারতের মধ্যে আসাম সমস্যা---যখনই যা কিছু হয়েছে তার দায়দায়িত্ব আমাদের নিতে হয়েছে। তা ছাড়া আমাদের এখানে ইনণ্টারন্যাশানাল বর্ডার আছে, বাইরে থেকে রোগের বীজানু আমাদের এখানে আসে এবং তারজন্য ব্যবস্থা আমাদের করতে হয়। স্যার, আমাদের এই পশ্চিমবাংলায় যেহেতু বামফ্রণ্ট সরকার আছে এবং যেহেতু এখানে গণতান্ত্রিক পরিবেশ আছে সেই হেতু সারা ভারতবর্ষ থেকে মানুষরা এখানে আসেন জীবন এবং জীবিকার সন্ধানে এবং তাদের আমরা ভাইবোনের মতন গ্রহণ করি কাজেই সেখানেও আমাদের কিছু ব্যবস্থা করতে হয়। বিহার, উড়িষ্যা প্রভৃতি রাজ্য থেকে মানুষরা এখানে জীবন ও জীবিকার সন্ধানে আসেন, তাদের দায়িত্ব আমাদের নিতে হয়। আমাদের এখানে যে চা, পাট, কয়লা শিল্প আছে তার থেকে কেন্দ্রের এক্সচেকারে টাকা যায় এবং সেখানেও অনেক দায়িত্ব আমাদের নিতে হয়। সীমিত ক্ষমতার মধ্যে আমরা সব কিছু করতে পারি না এবং পারিনা বলেই আমরা কেন্দ্রের কাছে দাবী করেছি আরো টাকা পয়সা আমাদের দিন যাতে মানুষের জন্য আরো ভালো চিকিৎসা ব্যবস্থা আমরা করতে পারি। এইসব ব্যবস্থা আমরা যদি করতে পারি তাহলে দু হাজার সালে সকলের জন্য স্বাস্থ্য-এর যে লক্ষ্য আমরা নিয়েছি সেই প্রতিশ্রুতি আমরা পালন করতে পারবো। এ ছাড়া ভলেনটারি অর্গানাইজেসান যেগুলি আছে তাদেরও কাজ করতে দিতে হবে এবং তাদেরও ঠিক ঠিক ভাবে কাজ করতে হবে। একটা মিশ্র অর্থনীতির মধ্যে দাঁড়িয়ে সীমিত ক্ষমতা নিয়ে একটা রাজ্য সরকারের পক্ষে সব কিছু করা সম্ভব নয় কাজেই এ ব্যাপারে আমরা মনে করি সকলের সহযোগিতা প্রয়োজন। এই ভলেনটারি অর্গানাইজেসানগুলি দীর্ঘদিন ধরে কাজ করছেন এবং একটা নিউক্লিয়াস গড়ে উঠেছে চিকিৎসার ব্যাপারে, তারা যদি রুগ্ন হয়ে ওঠে, দুর্বল হয়ে ওঠে; তাদের ম্যানেজ-মেণ্টের যদি সামর্থ না থাকে তাহলে সংস্থাগুলি ভালোভাবে কাজ করতে পারে না। মানুষের প্রয়োজনে যদি ভলেনটারি অর্গানাইজেসানগুলি ও সংস্থাগুলি চালান, চলবে তারা ব্যবস্থা করবেন। কিন্তু সেখানে যদি এই ধরণের সিক হাসপাতাল থাকে তাহলে সেগুলি নেওয়া ছাড়া আমাদের আর কোন পথ থাকে না কারণ সেগুলি মানুষের সেবায় দীর্ঘদিন নিয়োজিত ছিল। তাদের উন্নতির দরকার এবং অন্যান্য হাসপাতালের মতন ব্যবস্থা করা দরকার। আমরা মনে করছি এই হাসপাতালগুলি অধিগ্রহণ করা দরকার। আপনারা আমার স্টেটমেণ্টে দেখলেন আমরা আগে এ্যাডমিনিস্ট্রেটার

বসিয়েছিলাম এবং তারপর আমরা অর্ডিন্যান্স করেছিলাম, এখন বিল এনেছি। সমস্ত বিষয়টা বিবেচনা করে আশা করি সকলে এগুলি অনুমোদন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[2-50—3-00 p.m.]

**শ্রীশশাংক শেখর মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের স্বাস্থ্য মন্ত্রী মহাশয় ৪টি হসপিটালকে সরকারের আওতায় আনার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। উনি বলেছেন যে আমাদের রাজ্য সরকারের সীমিত ক্ষমতার মধ্যে এই দায়-দায়িত্ব গ্রহণ করে সুষ্ঠুভাবে চালানোর অনেক প্রতিবন্ধকতা আছে কিন্তু তবুও বামফ্রণ্ট সরকার মনে করে যে এই প্রতিষ্ঠানগুলি সরকারী আওতায় আনার প্রয়োজন আছে। এই প্রতিষ্ঠানগুলি হচ্ছে—দি রামরিকদাস হরলালকা হসপিটাল এ্যাকুইজিশান বিল, দ্বিতীয় হচ্ছে, দি নিরাময় গ্রুপ অব ইনসটিটিউশানস এ্যাকুউজিশান বিল, ১৯৮২, তৃতীয় হচ্ছে, দি মেয়ো হসপিটাল এ্যাকুউজিশান বিল এবং চতুর্থ হচ্ছে, দি উপেন্দ্রনাথ মুখার্জী মেমোরিয়াল হসপিটাল এ্যাকুউজিশান বিল। আজকে পশ্চিমবঙ্গে আমাদের সরকারী পরিচালনাধীন হসপিটালগুলিতে যখন বহুবিধ অসুবিধা আছে এবং তা সত্বেও যেখানে মানুষের সেবায় আত্ম নিয়োগ করছে। এই রকম পরিস্থিতির মধ্যেও এই সমস্ত ম্যানেজমেণ্টের অধীনে যে ৪টি হসপিটাল গড়ে উঠেছিল, তার রুগ্ন অবস্থার জন্য আজকে তারা সেই হসপিটালগুলি পরিচালনা করতে পারছেন না এবং তা পারার জন্য তারা সরকারকে অনুরোধ করেছিলেন এবং সরকারের ক্ষমতা না থাকা সত্বেও এই দায় দায়িত্ব সরকার গ্রহণ করছেন। আমাদের স্বাস্থ্য মন্ত্রী এগুলিকে গ্রহণ করে পশ্চিমবঙ্গের জনজীবনে চিকিৎসাকে আরো ব্যাপক করবার জন্য যে ধরণের চেষ্টা করছেন, আমি সর্বান্তকরণে তাঁর এই বিলকে সমর্থন করছি। আমি মনে করি যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে প্রচেষ্টা নিয়েছেন, এই প্রচেষ্টার জন্য পশ্চিমবঙ্গের সমস্ত মানুষ দুই হাত তুলে তাকে আশীর্বাদ করবেন এবং আমরা যারা বিধানসভায় আছি, তারা নিশ্চয়ই তাঁকে সর্বান্তকরণে সাধুবাদ জানাচ্ছি। আজকে চিকিৎসাকে মানুষের কাজে লাগাবার জন্য যে প্রচেষ্টা করা হয়েছে তার জন্য দেশের মানুষ তাকে সাধুবাদ জানাবে। আমাদের সরকারের পরিচালনাধীন হসপিটালগুলির কি অবস্থা সেটা আপনারা জানেন। কিন্তু তবুও আজকে সীমিত ক্ষমতার মধ্যে এগুলি অধিগ্রহণ করার যে দায়-দায়িত্ব উনি নিয়েছেন, তার জন্য আমি অন্তরের অন্তরতম স্থল থেকে তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলক্ষ্মণচন্দ্র শ্রেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় The Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, The Niramoy Group of Institutions Acquisition Bill, The Mayo Hospital Acquisition Bill, The Upendra Nath Mukherjee Memorial Hospital Acuisition Bill. এই ৪টি বিল সভায় এনেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি। আজকে যেখানে রাজ্যসরকার নিদারুন সংকটের মধ্যে চলেছে, কেন্দ্রীয় সরকারের অর্থনীতির বৈসম্যের ফলে রাজ্য সরকারের পরিচালনা খাতে

ব্যয়-বরাদ্দ নির্বাহের জন্য ৪০ শতাংশ ছাঁটাই করতে হয়েছে, এই রকম পরিস্থিতিতে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছেন এবং স্বেচ্ছাসেবী মূলক এই ৪টি প্রতিষ্ঠানকে অধিগ্রহণ করে সরকারী আওতায় আনার যে পদক্ষেপ নিয়েছেন, তাকে আমি অভিনন্দন জানাচ্ছি।

এই হাসপাতালগুলিতে বিভিন্ন রকমের অব্যবস্থা ছিল, প্রশাসনিক অব্যবস্থা ছিল এবং প্রচণ্ড আর্থিক সংকটের মধ্যে ছিল। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দফতর এগুলিতে প্রশাসক নিয়োগ করে পরিচালনার ব্যবস্থা করেছে এবং আজকে মন্ত্রী মহাশয় যে পদক্ষেপ গ্রহণ করছেন এর দ্বারা এই চারটি হাসপাতালকে সরকারী পরিচালনাধীনে নিয়ে আসা হচ্ছে। আমি মনে করি মন্ত্রী মহাশয় সঠিক পদক্ষেপই গ্রহণ করছেন। বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দপ্তরের জন-স্বাস্থ্যের ক্ষেত্রে মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে জন-স্বাস্থ্যের বিস্তার ঘটিয়ে জনগণের মঙ্গল করা। কিন্তু অর্থনৈতিক সংকটের জন্য সেই দৃষ্টিভঙ্গীকে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয়ে উঠছে না। তথাপি বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দপ্তর সীমিত ক্ষমতার মধ্যেও জন-স্বাস্থ্যের বিভিন্ন কাজগুলিকে জনসাধারণের কাছে পৌঁছে দেবার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। রুরাল হাসপাতালগুলি এবং প্রাইমারী হেল্থ সেণ্টারগুলি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন ভিজিটিং কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির হাতে ক্ষমতা দেওয়া হয়েছে এই সমস্ত হাসপাতালগুলি সুষ্ঠু-ভাবে পরিচালিত হচ্ছে কিনা তা লক্ষ্য করার জন্য। তবে আমরা জানি শুধু রোগ নিরাময়ের ব্যবস্থা গ্রহণ করলেই জন-স্বাস্থ্যের সমস্ত চাহিদা মেটানো যায় না। রোগ যাতে না হয়, মানুষ যাতে রোগাক্রান্ত না হয় তার জন্য যেসমস্ত ব্যবস্থা আছে সেসমস্ত ব্যবস্থা যদি গ্রহণ করা না যায় তাহলে জন-স্বাস্থ্যের সঠিক মূল্যায়ন হয় না। কিন্তু দারিদ্র এবং অর্থনৈতিক সংকটের জন্য প্রিভেনটিভ মেজারগুলি সঠিক-ভাবে আমাদের পক্ষে নেওয়া সম্ভব হচ্ছে না। তথাপি বামফ্রন্ট সরকার যথাসাধ্য চেষ্টার সাহায্যে বিভিন্ন পদক্ষেপ এবিষয়ে গ্রহণ করে চলেছেন।

এই অবস্থায় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করছি বিশেষ করে মেদিনীপুর জেলায় এনকেফ্যালাইটিস রোগের প্রাদুর্ভাব ঘটছে। ঐ জেলার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে রোগাক্রান্ত মানুষ জেলা সদর হাসপাতালে যাচ্ছে, কিন্তু সেখানে এই রোগের কোন নিরাময়ের ব্যবস্থা নেই। এই রোগের প্রাদুর্ভাবে ইতিমধ্যেই বহু মানুষ মারা গেছে। এনকেফ্যালাইটিস রোগকে প্রতিরোধ করার জন্য অবিলম্বে যাতে সুষ্ঠু এবং সঠিক পদক্ষেপ গ্রহণ করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

চারটি হাসপাতালকে অধিগ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয় বিল এনেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং বিল গুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** স্পীকার স্যার, অতীতে কিছু শ্রদ্ধাবান, প্রভাব-প্রতিপত্তি-শালী এবং বিত্তশালী ব্যক্তি মানুষের সেবার জন্য এই হাসপাতালগুলি প্রতিষ্ঠা করেছিলেন। তাঁদের অনুপস্থিতিতে পরবর্তীকালে অন্য ট্রাষ্টিদের হাতে এগুলির পরিচালনার দায়িত্ব চলে যায় এবং তারও পরে সরকারী সাহায্যে এগুলি পরিচালিত হতে থাকে। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি, এই গুলিতে সরকারী সাহায্যের অপচয় হচ্ছিল। যেমন

আমি উদাহরণ হিসাবে এখানে উল্লেখ করছি, 'নিরাময়' হাসপাতালের বিল্ডিং করবার জন্য সরকার পরিচালকদের টাকা দিয়েছিল, কিন্তু সরকার যখন পরিচালনার দায়িত্ব গ্রহণ করতে গেল তখন দেখা গেল নিরাময় বিল্ডিং ইউনাইটেড্ ব্যাঙ্কের কাছে ১৫ লক্ষ টাকায় বন্ধক আছে।

আজকে হাসপাতালগুলি নেওয়ার সঙ্গে সঙ্গে এটাও দেখতে হবে যে, সরকার এত দিন যে টাকা দিয়েছে তা অপচয় হয়েছে কিনা এবং যদি অপচয় হয়ে থাকে তাহলে দেখতে হবে কারা সেটা করেছে। সুতরাং এসমস্ত সম্বন্ধে হাসপাতালগুলি অধিগ্রহণ করার সঙ্গে সঙ্গে অনুসন্ধানও করতে হবে। মানুষের সেবার নামে কত অর্থের অপচয় হয়েছে এবং তা দিয়ে কারা কি প্রকারের ব্যবসা করেছে, সেসমস্ত অনুসন্ধান করে দেখতে হবে।

আমরা জানি এই সমস্ত প্রতিষ্ঠানে যে সমস্ত কর্মচারীরা আছে, তারা ঠিক মত ট্রেনিং প্রাপ্ত নয়। তথাপি তারা যাতে যথাযোগ্য পদে বহাল থাকে, তাও দেখতে হবে।

এই দুটি জিনিষ ঠিকমত দেখলেই হাসপাতাল অধিগ্রহণ করা সার্থক হবে। আমরা জানি সেই সার্থকতার দিকে তাকিয়েই মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন, সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি এবং বিলকে সমর্থন করছি।

[3-00—3-10 p.m.]

**শ্রীদেবীপ্রসাদ বসু** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে একটি বিশেষ বিষয়ের উপর জোর দিতে বলছি। দেশে মানসিক রোগগ্রস্থ অর্থাৎ পাগলের সংখ্যা বাড়ছে। সুতরাং পাগলা গারদে পাগলদের চিকিৎসার ব্যবস্থা করা দরকার। পাগল আবার দুই ধরণের দেখছি, এক প্রকার হচ্ছে সত্যিই পাগল আর এক প্রকার পাগল হচ্ছে সেয়ানা পাগল। এই সেয়ানা পাগলেরা মাঝেমাঝে বিভিন্ন প্রতিষ্ঠানে নির্বাচিত হয়ে আসছেন এবং নির্বাচিত হয়ে এসে সেইসব জায়গায় যেসব কাণ্ডকারখানা করছেন তাতে আমাদের আশঙ্কা হচ্ছে তারজন্য আমাদের না এ্যন্টি-র‍্যাবিস ইঞ্জেকশান নিতে হয়। কারণ কামড়ে-টামড়ে দিলে অসুবিধার সৃষ্টি হবে। সেইজন্য সেয়ানা পাগলদের জন্য আলাদা পাগলা গারদের ব্যবস্থা করুন। সেখানে আয়ুর্বেদ মতে ঐ পা-দুটো উপরে ঝুলিয়ে দিয়ে মাথাটা নিচে রেখে মাথায় উত্তাপ আর পা-দুটোয় ঠাণ্ডা দিয়ে এই রকম চিকিৎসার ব্যবস্থা করুন। এ ছাড়া আর আমাদের আশঙ্কা হচ্ছে, কোন কোন সাংবাদিক বোধ হয় এই রকমের মানষিক রোগগ্রস্ত হয়েছেন। এই ধরনের পাগলের জন্য বিশেষ হাসপাতাল করুন। এই রকম হাসপাতাল করলে দেশের উপকার হবে। এই কথা বলে বিলগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অম্বরীশ মুখোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের কাছে সত্যিই উৎসাহের ব্যাপার যে আজকে মাননীয় সদস্যগণ এই বিলগুলিকে সমর্থন করে বক্তব্য রাখলেন। আমরা যে উদ্দেশ্যে এবং যে কারনে এগুলিকে নিয়েছি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করেছে। আমার শুধু এইটুকু বলার আছে, আমরা হাসপাতালগুলিকে গ্রহণ করেছিলাম জনস্বার্থের খাতিরে এবং যাতে ভালভাবে কাজ চালানো যায় সেইজন্য। যেখানে যেখানে বোর্ড অফ ম্যানেজমেণ্ট ছিল তারা নিজেরাই প্রস্তাব করে আমাদের

কাছে অনুরোধ করেছিলেন যে তাঁরা কিছু করেছেন, আর তাঁরা ঠিকমত চালাতে পারছেন না। কাজেই যদি পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেন তাহলে ভাল হয়। এর মধ্যে আমি রামরিকদাস হরলালকা হাসপাতালে গিয়েছিলাম। সেখানকার পাড়ার যে সমস্ত মানুষ আছেন তাঁরা সবাই এসেছিলেন। তাঁদের সঙ্গে আমি কথা বলেছিলাম এবং তাদের মধ্যে অনেক উৎসাহ আমি লক্ষ্য করেছি। তাঁরা কিছু আবেদন করেছেন। আমি বলেছি, হাসপাতালটিকে সুন্দর করতে গেলে সীমিত আর্থিক অবস্থার মধ্যে যতটুকু পারা যায় নিশ্চয়ই আমরা করবো। কিন্তু স্বাস্থ্যের ব্যাপারে আমরা মানুষকে জড়িয়ে ফেলতে চাই। আপনারা যদি কাজ করেন, এই পাড়ার যারা জ্ঞানী-গুণী, বিত্তজন, প্রভাবশালী ব্যক্তি, দেশপ্রেমী সবাই একসঙ্গে যদি কাজ করেন এবং ওখানকার যারা ডাক্তার, নার্স এবং প্যারা-মেডিক্যাল গ্রেড থ্রি গ্রেড ফোর এমপ্লইজ যারা আছেন-সবাই মিলে-মিশে যদি কাজ করেন তাহলে নিশ্চয়ই আমরা ভাল করতে পারবো। কাজটা যদিও জটিল, সহজ নয়, টাকা-পয়সার দরকার আছে। তবুও অপটিমাম ইউটিলাই-জেসান যাতে হয় সেইদিকে নজর দেবার জন্য আর্থিক সহায়তা দিতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের আর্থিক অবস্থা খুব একটা ভাল নয়। সুতরাং খুব বেশী কিছু করতে পারবো না। তবে এইটুকু বলা যায় ঠিক মতন কাজ করার জন্য এ বিট্ অফ ফিনান্স অর্থাৎ অল্প টাকার যা দরকার তার ব্যবস্থা আমরা করবো।

এই প্রসঙ্গে মাননীয় সদস্য এনকেফেলাইটিসের কথা বলেছেন। আমরা স্বাস্থ্য দপ্তর থেকে সে ব্যাপারে ওয়াকিবহাল আছি, এবং এটা যাতে ছড়িয়ে পড়তে না পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিচ্ছি। যেখানে যেখানে এই রোগ হয়েছে আমরা সেখানেই কণ্ট্রোল রুম খুলতে বলেছি, আমাদের স্বাস্থ্য কর্মী এবং চিকিৎসক যারা আছেন, ভলেনটিয়ারী অর্গানাইজেসনে যেসব চিকিৎসক আছেন, বেসরকারী চিকিৎসক যাঁরা আছেন এবং সমস্ত গণতান্ত্রিক মানুষের যেসব প্রতিষ্ঠান আছে তাদের সঙ্গে একসঙ্গে মিলে মিশে একটা পরিকল্পনা করা হয়েছিল যে তাঁরাই ব্যবস্থা করবেন যাতে করে এই রোগ ছড়িয়ে পড়তে না পারে। আমরা কণ্ট্রোল রুম থেকে খবর পাচ্ছি যে এনকেফেলাইটিস রোগ যাতে ছড়াতে না পারে তার ব্যবস্থা হচ্ছে। এটা রোধ করা খুব সহজ ব্যাপার নয়, এটা জটিল, সেজন্য আমাদের কাজটাও জটিল হয়েছে। এটুকু বলতে পারি যে আমাদের যতটুকু ক্ষমতা আছে ততটুকু দিয়েই আমরা এর মোকাবিলা করছি।

আর একজন মাননীয় সদস্য বললেন যে পাগলের সংখ্যা বাড়ছে। এটা আজ নতুন নয়। এ নিয়ে বিশ্বের দরবারে অনেক আগেই আলোচনা হয়েছে। আর্থিক অবস্থা, সমাজের দুর্নীতি, নানাধরণের অসুবিধা থাকার জন্য অস্থিরতা থাকার জন্য পাগলের সংখ্যা সত্যিই বাড়ছে এবং আমি একটা কাগজে পড়ছিলাম যে, ডাক্তার তুমি যখন আউটডোরে বা চেম্বারে বসবে তখন এই ধারণা নিয়েই বসবে যে যারা তোমার কাছে আসবে তাদের মধ্যে শতকরা ৫০ জন সুস্থ মস্তিষ্কের। অনেক পুঁজিবাদী দেশে — আমরা জানি — খুব বেশী করে ঘুমের ওষুধ খেয়ে, ট্র্যাঙ্কুইলিজার ইত্যাদি খেয়ে মানুষ ঘুমোয়, এবং কয়েকটি দেশে এমনও আছে যেখানে ৩ জনের মধ্যে এক জন হেভী ডোজে স্লিপিং বা ঘুমের ওষুধ খান। আমাদের দেশে যে ধরণের আর্থিক অবস্থা,

নিও-কলোনিয়াল ডেকাডেন্সে পাগলের সংখ্যা ধীরে ধীরে বাড়ছে, এতে আশ্চর্য্য হবার কিছু নেই। এদের ট্রিটমেণ্ট হোম করে যাতে শক থেরাপী দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। তবে সেটা খুব সহজ ব্যাপার নয়। ইলেকট্রিক শক থেরাপী, ইসুলিন থেরাপী না দিলে সুস্থ হবে না। শক থেরাপী দেবার ব্যবস্থাটা কতটা কি করা যায় সেটাও আমাদের হিসাবের মধ্যে রাখছি। তাদের মেণ্টাল হেল্থের যাতে উন্নতি হয় তার জন্য চিন্তা ভাবনা করছি। তাদের মেণ্টাল হেল্থের কথা আমাদের আলোচনার স্তরে আছে।

শেয়ানা পাগলের কথাও বলা হয়েছে, তাদের ব্যবস্থা জনগণ করবেন। পাগলদের জন্য আমারা স্বাস্থ্য দপ্তর থেকে গভীরভাবে বিবেচনা করব এবং কেমন করে খানিকটা শক থেরাপীর ব্যবস্থা করা যায় তাদের সুস্থ্য করবার জন্য তা দেখব। অবশ্য খুব একটা সহজ ব্যাপার নয়, গার্জেনরা খবর দিলে অনেক সময় পুলিশ অবধি পাঠাতে হয়, পাগলদের কথা নিয়ে আমরা চিন্তা ভাবনা করছি, কি করে এদের ঠিক করা যায়, এটা আমরা ভাবছি। এদের সম্বন্ধে আমরা পুরো ওয়াকিবহাল আছি, কি করা যায়, না যায় তার জন্য চিন্তা ভাবনা করছি। আমি এটুকু আপনাদের সামনে আমার বক্তব্য বললাম এবং এইটুকু বলে আমি আমার জবাবী ভাষণ শেষ করছি। এইটুকু বলছি যে আমরা যে হাসপাতালগুলি নিয়েছিলাম, সেগুলি যাতে মিনিংফুল ইনস্টিটিউসনে পরিণত হয় তার জন্য আমরা একযোগে চেষ্টা চালিয়ে যাব।

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 13 and Preamble**

The question that Clauses 1 to 13 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, I beg to move that the Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[3-10—3-45 p.m.]

( including adjournment )

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Niramoy Group of Institutions Acquisition Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 13 and Preamble**

The question that clauses 1 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ambarish Mukhopadhyay :** Mr. Speaker, Sir, I beg to move that the Niramoy Group of Institutions Acquisition Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Mayo Hospital Acquisition Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 13 and Preamble**

The question that clauses I to 13 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ambarish Mukhopadhyay** : Mr. Speaker, Sir, I beg to move that the Mayo Hospital Acquisition Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 13 and Preamble**

The question that clauses I to 13 do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I beg to move that the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The City Civil Court (Amendment) Bill, 1982.**

**Shri Syed Abul Mansur Habibullah** : I beg to introduce the city Civil Court (Amendment), 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, the City Civil Court ( Amendment ) Bill, 1980, was passed by the State Legisiature on 2.9.80 with a view to enhancing the pecuniary jurisdiction of and vesting the City Civil Court with Special Jurisdiction under certain Acts including the Presidency Towns Insolvency Act, 1909.

The President was pleased to give his assent to the Bill subject to the condition that an amendment should be made simultaneously with the coming into force of the amending Act so that the High Court, Calcutta, would continue to retain its Insolvency Jurisdiction.

The amending Act came into force on the 28th July, 1982, and as the Assembly was not in session at that time the City Civil Court (Amendment) Ordinance, 1982, was promulgated on the same date as advised by the Government of India.

( Secretary then read the title of the Bill )

**Shri Syed Abul Mansur Habibullah** : Sir, I beg to move that the City Civil Court (Amendment) Bill, 1982, be taken

into consideration. আমার এ ব্যাপারে বলার কিছু নেই। এর আগে আমি বলেছিলাম, একটা সংশোধনী আমরা রাষ্ট্রপতির অনুমোদনের জন্য বিল আকারে পাঠিয়েছিলাম। তখন তিনি ইনসলভেন্সি জুরিসডিকশান কলিকাতা হাইকোর্টের যাহাতে থাকে, তজ্জন্য একটি সংশোধন উক্ত সংশোধক আইন বলবৎ হইবার সঙ্গে সঙ্গেই সম্পাদনের জন্য বলিয়াছিলেন। সেই সময়ের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে, সেজন্য এটি পেশ করা হয়েছে।

The motion was then put and agreed to.

**Clauses 1 to 6 and the Preamble**

The question that the clauses 1 to 6 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Syed Abdl Mansur Habibullah** : Sir. I beg to move that the City Civil Court (Amendment) Bill, 1982 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Criminal Law Amendment ( Special Courts ) Amending Bill, 1982**

**Mr. Speaker** : I now request Shri Syed Abul Mansur Habibullah to introduce the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982.

**Seri Syed Abul Mansur Habibullah** : Sir, I beg, to introduce the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982.

( Secretary then read the title of the Bill )

**Shri Syed Abul Mansur Habibullah** : Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982 be taken into consideration. এই বিল কেন আমরা নিয়ে এসেছি সে সম্বন্ধে বিলের স্টেটমেণ্ট অফ অবজেকটস্ এ্যাণ্ড রিজিন্-এ বলা আছে। ভারত গভর্ণমেণ্ট যে স্পেশ্যাল এ্যামেণ্ডমেণ্ট বিল করেছেন, তার মধ্যে স্পেশ্যাল কোর্ট'স এ্যাক্ট যেটা করেছেন, সেটা আমরা যেন এখানে প্রয়োগ করি। আমরা বিবেচনা করে দেখতে পেয়েছিলাম, আমাদের এখানে ওয়েস্টবেঙ্গল স্পেশ্যাল কোর্ট'স এ্যাক্ট যা আছে, তার মধ্যে ত্রুটি বিচ্যুতি আছে। সেগুলির সংশোধন করে আমরা যাতে এখানে কাজ চালাতে পারি. সেইমত ঐ এ্যাক্টকে সংশোধন আকারে এখানে আমরা রেখেছি। যে এ্যাক্ট বর্তমানে আছে, এটার ফলে তার কোন বিরোধিতা হবে না, বরং বিলম্ব পরিহারে সাহায্য হবে।

The motion was then put and agreed to.

**Clauses 1 to 10 and the Preamble**

The question that the clauses 1 to 10 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment ( Special Courts ) Amending Bill, 1982 as settlзd in the Assembly be passed.

The motion was then put and agreed to.

( At this stage the House was adjourned till 3.45 p.m.)

]3-45—3-55 p.m. ]

(After Adjournment)

**The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982.**

**Shri Kamal Kanti Guha :** Sir, I beg to introduce the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানচন্দ্র কৃষি বিদ্যালয় ( সংশোধন ) বিধেয়ক ১৯৮২ পেশ করতে চাই। এই প্রসঙ্গে বিধানসভার কার্যক্রম ও কার্য্য করণের ৭২ বাই (১) ধারার মারফত মাননীয় সদস্যদের কাছে প্রচার করা হয়েছে। সেটা হচ্ছে এই যে — বিধানচন্দ্র কৃষি বিদ্যালয় ( সংশোধন ) আইন, ১৯৮১, বিধানসভা কর্তৃক ১৯৮১-র অক্টোবর গৃহীত হইয়া ছিল। পরবর্তীকালে, এই সংশোধিত আইনের কোন কোন বিধানে কিছু কিছু ফাঁক লক্ষ্য করা যায়, যাহা, পরবর্তী আইনের সংশ্লিষ্ট বিধানবলী, যথা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৪ এর ১০ ধারা, ১১ ধারা ও ৫২ ধারার সংশোধনের দ্বারা বিশ্ববিদ্যালয়ের যথাযথ কৃত্যকরণের জন্য অবিলম্বে শোধন করা আবশ্যক হইয়া পড়িয়াছিল। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় আইনের পূর্ববর্তী বিধান অনুযায়ী বঙ্গীয় পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের সকল সম্পত্তি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়েতে হস্তান্তরিত হইয়াছিল। কিন্তু পরবর্তীকালে সরকার সিদ্ধান্ত করিয়াছিলেন যে, বঙ্গীয় পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের কর্তৃক সদ্ব্যবহৃত হইবে। উহা বিশ্ববিদ্যালয়কে মোহনপুরে ইহার প্রধান প্রাঙ্গনে শিক্ষা এবং গবেষণা সংক্রান্ত কার্যকলাপ কেন্দ্রীভূত করিতেও সহায়তা করিবে। অতএব বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় আইনের ৪১ ধারা সংশোধিত হইয়াছে। যেহেতু অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হইয়া পড়িয়াছিল, সেই হেতু ২রা আগষ্ট ১৯৮২ তারিখে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ( সংশোধন ) অধ্যাদেশ, ১৯৮২ প্রখ্যাপিত হইয়াছিল এবং ৫ই আগষ্ট, ১৯৮২ তারিখে সরকারী গেজেটে প্রকাশিত হইয়াছিল। প্রস্তাবিত বিধেয়কটি অধ্যাদেশ স্থলাভিষিক্ত করিতে চাওয়া হইয়াছে।

( Secretary then read the title of the Bill )

**Mr. Speaker :** I now request Shri Kashinath Misra to move his Statutory Resolution .. (Pause)... Since he is not present in the House, his Statutory Resolution is not moved.

**Shri Kamal Kanti Guha ;** Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982, be taken into considera tion.

**শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত ঃ** স্যার, আমি এই বিলকে সমর্থন করে ২।১টি কথা স্মরণ করিয়ে দিতে চাই। শিক্ষকদের মাইনের কথা তিনি এই সংশোধনী বিলের মধ্যে দিয়ে রেখেছেন। কিন্তু তাঁদের একটা কাজ আছে সাধারণ কৃষকদের সঙ্গে যোগাযোগ রাখার। আমার একটি কৃষি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ আছে সেখানে কিন্তু কিছু হয়নি। অবশ্য কি হয় জানি না। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এক্সটেনসান ওয়ার্কারের দিকে একটু নজর দেন। কেননা দেখা যায় ছাত্ররা পাশ করে বের হবার পর টেকনিক্যাল কোন ফার্মে বা ব্যাঙ্ক বা কমার্শিয়াল ফার্মে চাকরী করতে যায়। অথচ তারা যে অর্থ ব্যয় করে যেটা শিখলো সেটা ভুলে যায়। সেজন্য বলবো এগ্রিকালচার ডিপার্টমেণ্টে আরোও বেশি করে এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসার রাখা দরকার। মিক্সড ফার্মিং না থাকার জন্য এবং ট্রাডিশানাল ফার্মিং-এর দিকে ঝোক থাকার জন্য আজ আমাদের এই অবস্থা। কিন্তু সেদিকে যদি ঝোক থাকতো তা হলে এই খরা পরিস্থিতির আমরা মোকাবিলা করতে পারতাম। দ্বিতীয়তঃ টিস্যু কালচার নিয়ে সুইডেনে খুব কাজ হচ্ছে। এখানে সায়েন্স কলেজে এ নিয়ে গবেষণা হচ্ছে। এই বিশ্ববিদ্যালয়ে ওয়ার্লড ব্যাঙ্ক থেকে কিছু টাকা আসার কথা হচ্ছে। সেই টাকা নিয়ে এসে টিসু কালচারের উপর কাজ করতে যদি অনুপ্রাণিত করেন তাহলে দেখা যাবে যে কৃষকের ১২ বিঘা জমি আছে সে তার মধ্যে ৩/৪ বিঘেতে টিসু কালচারের কাজ করে তা হলে অনেক বেশি ফলন পেতে পারে। আজ খরা পরিস্থিতি যে শিক্ষা দিল তাতে মিক্সড ফার্মিং না হলে কোন কিছু হবে না এবং কার্মারদের জন্য যদি ক্রেসার কোর্স চালু করেন তাহলে ভালো হয়। এই সমস্ত বিদ্যালয়গুলিতে টিচার অফ দি সয়েলের জন্য, তাদের উপকারের জন্য ক্রেসার কোর্স চালু করুন। এই কথা মনে রাখতে বলে এই সংশোধনীকে সমর্থন করে আমি শেষ করছি।

[3-55—4-05 p.m.]

**শশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক যেটা এসেছে সেটাকে পূর্ণ সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। আমাদের বীরভূম জেলা কৃষি প্রধান জেলা, কৃষি ছাড়া আমাদের অন্য কোন গত্যন্তর নেই। আমার বন্ধুবর সদস্য জ্যোৎস্নাবাবু কৃষকদের কৃষি বিদ্যা সম্পর্কে ব্যুৎপত্তি যাতে বাড়ে তারজন্য প্রশিক্ষণের জন্য তাদের ইনভলভ করার যেকথা বলেছেন সেটা সত্যই খুব দামী কথা। কারণ, কৃষকরা এই কৃষি বিদ্যা সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ। এই কৃষি বিশ্ব-বিদ্যালয় থেকে যে ছাত্ররা বেরোচ্ছে তারা যে কি কাজে লাগে সে সম্পর্কে তাদের কোন ধারণা নেই। অবশ্য এটা ঠিকই এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষকরা যে সমস্ত ছাত্র বের করে দেন তারা কৃষকদের যে কি কাজে লাগবে এটা ব্যাপকভাবে কৃষকদের জানান সম্পর্কে অনেক খরচ খরচ খরচার প্রশ্ন রয়েছে, আমাদের সীমিত টাকা-পয়সার মধ্যে কৃষকদের ব্যাপকভাবে এর মধ্যে ইনভলভ করান একটু কষ্টকর ব্যাপার আছে। তবুও আমি আশা করব এমন ব্যবস্থা করা দরকার যাতে আজকের দিনে কৃষকরা বুঝতে পারে কৃষি প্রশিক্ষণের দ্বারা বিকল্প ফসল তৈরী করা যায়। এব্যাপারে সত্য সত্যই কৃষির উপর যে

সর্বনাশ এসেছে এই সর্বনাশ থেকে রক্ষা করবার ক্ষমতা শুধু কৃষি মন্ত্রী মহাশয়ের কেন বামফ্রন্ট সরকারেরও নেই। কারণ, এই কৃষি জলের উপর সম্পূর্ণ নির্ভরশীল, এই জল তৈরী করবার ক্ষমতা কৃষি মন্ত্রীর নেই এবং বামফ্রন্ট সরকারেরও নেই। এই কৃষির সঙ্গে আরো যে জিনিসটা জড়িত আছে সেটা হচ্ছে পশু চিকিৎসা। এই পশু চিকিৎসা সম্পর্কে যে ব্যবস্থা নিয়েছেন এটাও সত্য সত্যই কৃষিকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাবার প্রশস্ত পথ। আমাদের দেশে পশু চিকিৎসা এত অবহেলিত যে সেকথা বলার নয়। মড়কের সময় গ্রামের দিকে পশু চিকিৎসার কোন ব্যবস্থা নেই। ডাক্তার নিয়ে যেতে গেলে তাঁকে আগাম টাকা দিতে হয়। গ্রামে কৃষি বলদ মারা গেলে তবে ডাক্তার যায়, তা না হলে গরুর রক্ত নিয়ে এসে ডাক্তারের কাছে দেখান হয়, অথবা মরা গরুকে তুলে নিয়ে এসে ডাক্তারের কাছে ফেলতে হবে। এই রকম চিকিৎসা ব্যবস্থা গ্রামে আছে। কাজেই পশু চিকিৎসার ব্যাপক উন্নতির জন্য যেসব ব্যবস্থা গ্রহণের ইংগিত আছে তাকে বিশেষভাবে সমর্থন জানাচ্ছি। এই সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই কৃষকদের মাঝে মাঝে এই কৃষি বিশ্ববিদ্যালয়ে নিয়ে এসে অল্প খরচের মধ্য দিয়ে ৭ দিনের প্রশিক্ষণের ব্যবস্থা করে যদি তাদের একটা এলিমেণ্টারী নলেজের ব্যবস্থা করা হয় তাহলে তারা এই বিষয়ে অনেকখানি জানতে পারবে, তাতে আমাদের দেশে কৃষি কর্মে অনেক সুবিধা হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল এখানে উত্থাপন করেছেন এই সম্পর্কে কয়েকটি কথা আমি আপনার মাধ্যমে রাখতে চাই। এই কৃষি বিশ্ববিদ্যালয় যে উদ্দেশ্যে তৈরী হয়েছে সেটা কিন্তু মূলতঃ হচ্ছে না। কারণ, আমরা যারা গ্রামের মানুষ কৃষি এলাকা থেকে এসেছি আমরা জানি যে বিভিন্ন ব্লক পর্যায়ে কৃষি আধিকারিক যাঁরা আছেন তাঁরা কৃষি সংক্রান্ত ব্যাপারে যাই-ই ট্রেনিং নিন না কেন কৃষক জীবনে তাঁদের সেই পরামর্শ হাতে-কলমে কাজ করে কোন উপকারে আসছে না। এটা গ্রামাঞ্চলের সদস্য যাঁরা এসেছেন তাঁদের অভিজ্ঞতা। অথচ এর মূল উদ্দেশ্য এবং প্রত্যাশা ছিল কৃষি বিশ্ববিদ্যালয় থেকে যাঁরা আসবেন তাঁরা গ্রামের কৃষকদের সঙ্গে মিশবেন এবং তাঁরা যে অভিজ্ঞতা হাতে কলমে শিখেছেন সেটা তাঁরা কৃষকদের হাতে কলমে শিখিয়ে বাস্তবে রূপ দেবেন। কিন্তু এখন দেখছি যে সমস্ত লোক সেখানে ভর্তি হতে যায় তাদের সঙ্গে কৃষির কোন সম্পর্ক নেই, তারা অন্য জীবন এবং রুজি রোজগারের সঙ্গে যুক্ত। তারা এখান থেকে ট্রেনিং নিয়ে যায় এবং মূলতঃ চাকুরীর জন্য প্রশিক্ষণ নেয় এবং বাস্তব জীবনে তারা ব্লকে গিয়ে কৃষকদের কোন উপকার করেনা। বামফ্রণ্ট সরকার এম বি বি এস্-এর ক্ষেত্রে এই যে ৩ বছরের সর্টটার্ম কোর্স করে গ্রামে ডাক্তার সৃষ্টি করতে চাচ্ছেন এ সম্পর্কে নানা রকম প্রশ্ন আছে। তবে এই এগ্রিকালচারের ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, কৃষকদের ঘরের ছেলে যাদের চাষবাসই হচ্ছে একমাত্র উপজীবিকা তাদের নিয়ে যদি ১/২ বছর বা ৬ মাসের ট্রেনিং দিয়ে দেন তাহলে মনে হয় তারা কৃষিক্ষেত্রে অনেক কিছু সাহায্য করতে পারবেন। আমি অনুরোধ করছি আপনারা এই ব্যাপারে একটু ভাবনা চিন্তা করুন। এই ব্যবস্থা হলে আমাদের কৃষির অগ্রগতি হবে, কৃষির

উৎপাদন বাড়বে। তারপর, আমাদের পশু চিকিৎসা ব্যবস্থা যেটা আছে সেটা কৃষির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। আজকে পশ্চিমবাংলায় গো সম্পদ প্রায় নির্মূল হতে যাচ্ছে। আপনারা গরুর চেহারা দেখলে বুঝতে পারবেন উন্নত ধরনের চাষ করা সেই গরুর দ্বারা সম্ভব নয়। পুঁজিবাদি অর্থনীতির জন্য আমরা কৃষিতে যন্ত্রের ব্যবহার করতে পারছি না। আমাদের এখানে গ্রামের সেই হাতুড়ে ডাক্তার দিয়ে গরুর চিকিৎসা করা হয়। ব্লকে একজন ডাক্তার থাকেন বটে, কিন্তু তাঁর পক্ষে ১০/১২টি অঞ্চলে গিয়ে গরুর চিকিৎসা করা সম্ভব নয়। এই অবস্থায় আমি মনে করি গো চিকিৎসার সুযোগ যাতে গ্রামে ছড়িয়ে দেওয়া যায় এবং গ্রামের ছেলেরা যাতে গো চিকিৎসার জন্য ট্রেনিং নিতে পারে তার ব্যবস্থা করা উচিত। আমি যে দুটি প্রশ্ন রাখলাম তার ১টি হচ্ছে কৃষকদের ঘরের ছেলেরা যাতে এই কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ট্রেনিং নিতে পারে তার ব্যবস্থা করুন নাহলে বাইরের লোক এসে এই যে ট্রেনিং নিয়ে যাচ্ছে এতে আমাদের কৃষিক্ষেত্রে কোন উপকার হচ্ছে না। আর দ্বিতীয় বক্তব্য হচ্ছে, গো চিকিৎসা সম্বন্ধে আমি যে কথাগুলি বললাম সেদিকে মন্ত্রীমহাশয় যেন দৃষ্টি দেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-05—4-12 p.m.]

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এমেণ্ডমেন্ট এখানে উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করছি। খুব বেশী কিছু এর মধ্যে নেই। আমাদের ভেটারেনারী সার্ভিসের ক্ষেত্রে বেলগাছিয়ায় যে অবস্থা ছিল, তার পরিবর্তনের জন্য সেটা মোহনপুরে নিয়ে যাবার জন্য এই এমেণ্ডমেণ্ট। এবং এটা সঠিক হয়েছে। পশুচিকিৎসা মহা-বিদ্যালয়ের সমস্ত সম্পত্তি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়েতে হস্তান্তরিত ছিল। একটা ক্যাম্পাসের মধ্যে যদি সব কিছু জড় করা যায় তাহলে শিক্ষক ও ছাত্রদের পক্ষে অসুবিধা হবে। সবচেয়ে বড় যেটা আমি মনে করি ভেটারেনারী সার্ভিসের উন্নতি করার জন্য আজকে জায়গার অভাব আছে। এই জায়গার অভাব খানিকটা দূর হতে পারে। মন্ত্রী মহাশয় আগের অবস্থাটাকে পালটাতে চাইছেন। কিন্তু তা হলেও আমি মন্ত্রী মহাশয়কে বলতে পারি যে আজকে কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রতি জনসাধারণের যতটা নজর দেওয়া দরকার ছিল সেই নজর পড়ছে না। সেদিকে আমাদের নজর দেওয়া দরকার। অতএব কৃষি বিদ্যালয়কে এর সঙ্গে এক জায়গায় নিয়ে এসে এর শক্তি বৃদ্ধি করার জন্য যে এমেণ্ডমেণ্ট, একে আমি পূর্ণ সমর্থন করি। আমি আশা করি সকলেই এটা মেনে নেবেন। বিরোধী পক্ষ এখানে নেই। ওঁরা কিছু বললে আমরা তার প্রতি উত্তর দিতাম। তাই আর আমার বলার কিছু নাই।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দু একটি কথা উঠেছে। এ সম্বন্ধে আমি এই সভায় বলতে চাই যে মাননীয় সদস্য প্রবোধবাবু যেটা বলেছেন সেটা ঠিক কথা। এটা আমরা নিশ্চয় অনুভব করি যে আজকে যার সাথে কৃষির কোন সম্পর্ক নাই, কোন ধ্যান-ধারণা নাই, তাদের ছেলেরা, তাদের মেধার সুযোগ নিয়ে কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি সুযোগ নিচ্ছে। ফলে কিছু ঘাটতি থেকে যাচ্ছে। এ নিয়ে আমরা চিন্তা-ভাবনা করছি, রাজ্য সরকার চিন্তা ভাবনা করছেন। সমস্ত স্কুলে কৃষি বিভাগ থাকবে। এবং যে সমস্ত ছেলেরা এই কৃষি বিভাগে পড়াশুনা করবে তাদের

এখানে ভর্তির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া যায় কিনা সেটা সরকার চিন্তা ভাবনা করছেন। এক্সটেনসনের কথা বলেছেন। একই কথা বলেছেন—ডাঃ গুপ্তও এই কথা বলেছেন যে কৃষকের সাথে তাদের কোন আত্মিক যোগাযোগ নেই। গ্রামাঞ্চলের ছেলেরা কোন চান্স পাচ্ছে না। এ সম্বন্ধেও আমরা চিন্তা করেছি যে গ্রামাঞ্চলের স্কুলে কৃষি সম্পর্কে শিক্ষা দেওয়া হবে এবং যে সমস্ত ছেলে সেখান থেকে শিক্ষা নিয়ে আসবে তাদের স্থান দেওয়া যায় কিনা। তবে প্রবোধবাবু তখন যেন বলবেন যে বিশ্ববিদ্যালয়ের স্বাধীকারে হস্তক্ষেপ করা হচ্ছে। কারণ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে এই ব্যাপারে খুব বাধা আসছে। ফলে কৃষকদের ছেলেদের আমরা আনতে পারছি না। আমরা বলেছি যে যদি ৫০% মার্ক হয় তাহলে কৃষকের ঘরের ছেলেদের আনা যায় কিনা। এ জিনিস আমরা ভাবছি—কিন্তু দারুন বাধা আসছে। তখন কিন্তু আপনি যেন ঐ স্প্ল্যানেড ইস্টে বিক্ষোভ সৃষ্টি করে বলবেন না বিশ্ববিদ্যালয়ের স্বাধীকার খর্ব করা হচ্ছে। তখন কিন্তু বাধা সৃষ্টি করবার চেষ্টা করবেন না। মোহনপুরে ভেটারেনারী ফ্যাকালটি যেটা হয়েছে, সেটা এশিয়ার মধ্যে সবচেয়ে বড় এবং উৎকৃষ্ট। এবং সেইজন্যই বেলগাছিয়া থেকে সরিয়ে নিয়ে যেতে চাইছি। এতে যোগাযোগের সুবিধা হবে। কিন্তু একটু সময় লাগবে। কারণ এখানে যে চতুর্থ তৃতীয় শ্রেণীর কর্মচারী আছেন তাদের যতক্ষণ পর্যন্ত পুরোপুরি বাসস্থানের ব্যবস্থা করতে না পারি ততক্ষণ পর্যন্ত টেনে নিয়ে যেতে পাচ্ছি না। কারণ এটা দরকার। সেজন্য আমাদের প্রধান লক্ষ্যই আছে মোহনপুরে আমরা ভেটেরেনারী ফ্যাকালটির কাজ সুরু করে দেব এবং আস্তে আস্তে সরিয়ে নিয়ে যাব। বর্তমানে যতদিন তা না হচ্ছে ততদিন সপ্তাহে দু-তিন দিন করে ক্লাশ এখানে হবে এবং ননীবাবুর সঙ্গে কথা বলেছি এখানে পূর্ণাঙ্গ পশু চিকিৎসা সম্বন্ধীয় যে লাইব্রেরী করা হয়েছে তা এশিয়ার মধ্যে বৃহত্তম পশু চিকিৎসা সম্বন্ধীয় লাইব্রেরী, এটা আমরা নিশ্চয়ই সচেষ্ট হব তাড়াতাড়ি সরিয়ে নিয়ে যেতে। আজকে যে বিলটা এসেছে এতে কিছু টেকনিক্যাল ঘাটতির ব্যাপার ছিল, মাননীয় সদস্যারা সামগ্রিকভাবে এ বিষয়ে আলোচনা করেছেন এবং আমি বিশেষভাবে পরে চিন্তা করব। এখন আমি আশা করব এই বিলটায় আপনারা সকলে অনুমতি দেবেন।

The motion of Shri Kamal Kanti Guha that the Bidhan Chandra Krishi Viswavidyalay (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 6 and Preamble**

The question that Clauses 1 to 6 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Kamal Kanti Guha :** Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 4.12 P.M. till 1 P.M. on Wednesday, the 6th October, 1982, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 6th October, 1982 at 1 p.m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 12 Ministers of State and 151 Members.

**Held Over Started Questions**
**(to which answers were given)**

**গ্রামপঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ**

*২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১২।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) ১৯৭৮ সালের জুন মাস হতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে বীরভূম জেলায় দুর্নীতি বা অন্য কোন অভিযোগের ভিত্তিতে কতজন গ্রামপঞ্চায়েত প্রধানকে গ্রেপ্তার করা হয়েছে ;

(খ) কতজন অভিযুক্ত প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ;

(গ) উক্ত অভিযুক্ত পঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে কি কি ধরণের অভিযোগ ছিল ; এবং

(ঘ) অভিযুক্ত পঞ্চায়েত প্রধানদের রাজনৈতিক পরিচয় কিরূপ ?

[1-00—1-10 p.m.]

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** (ক) দশজন প্রধানকে গ্রেপ্তার করা হয়েছে।

(খ) এদের সকলেরই বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ আদালতে বিচারাধীন থাকায় পৃথকভাবে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়নি।

(গ) তহবিল তছরূপ, সম্পত্তি আত্মসাৎ, অনধিকার প্রবেশ, চুরি, হত্যার চেষ্টা, অগ্নি-সংযোগ, রাহাজানি, অবৈধভাবে জমায়েত হওয়া, মারাত্মক অস্ত্র দিয়ে আঘাত করা ইত্যাদি।

(ঘ) অভিযুক্ত প্রধানদের রাজনৈতিক পরিচয় নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| সি. পি. আই. (এম) | — | ৭ জন |
| নির্দল | — | ২ জন |
| ফরওয়ার্ড ব্লক | — | ১ জন |
| মোট | — | ১০ জন |

**মিঃ স্পীকার :** আজকে চীফ মিনিস্টারের কোশ্চেনগুলি হেল্ড ওভার হবে, উনি দিল্লী গেছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ :** তহবিল তছরূপের টাকার পরিমাণ কত, এটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** এই ব্যাপারে আপনি আলাদা প্রশ্ন দেবেন, আমি বলে দেব।

**শ্রীসুনীতি চট্টরাজ :** সি. পি. এম. ফরোয়ার্ড ব্লকের প্রধানরা যে অপরাধগুলি করল, এগুলি সবই নন-বেলেবেল্ সেকসানের মধ্যে পড়ে। এ্যারেস্ট হবার দু ঘণ্টার মধ্যে কি করে তারা বেল পেল ?

**মিঃ স্পীকার :** এটা ওঁর ব্যাপার নয়, এটা থানারব্যাপার। এটা উনি কি করে বলবেন ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** প্রধান যারা এ্যারেস্ট হয়েছিল তারা সি. পি. এম.-এর লোক কিনা — এটা কি আপনি জানেন ?

**মিঃ স্পীকার :** উনি আগেই এটা বলেছেন, আপনি শোনেননি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** বেলেবেল্ কি ননবেলেবেল্ সেটা মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ উল্লেখ করলেন। আমার প্রশ্ন হচ্ছে সি. পি. এম. প্রধান বলে নন-বেলেবেল্ সেকসান হওয়া সত্বেও কোর্ট থেকে তদ্বির করে তাদের বেল দেওয়া হচ্ছে — এটা কি সত্য ?

**মিঃ স্পীকার :** সেটা ওঁর বলার ব্যাপার নয়।

## বন্ধ ও রুগ্ন কারখানা

*৪২৩। ( অনুমোদিত প্রশ্ন নং *২৮৮। ) **শ্রীঅমলেন্দ্র রায় :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে কোন্ শিল্প বন্ধ ও রুগ্ন কারখানা বলে চিহ্নিত করা হচ্ছে ;

(খ) উক্ত শিল্পগুলি কিভাবে চালান হচ্ছে ; এবং

(গ) উক্ত কোন্ কোন্ শিল্পে উন্নতি পরিলক্ষিত হচ্ছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** (ক) Factory আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী যে সব শিল্প প্রতিষ্ঠান বন্ধ বলিয়া ঘোষিত হয় সেগুলি সাধারণতঃ বন্ধ কারখানারূপে পরিগণিত হয়।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সংজ্ঞা অনুযায়ী যে সব শিল্প প্রতিষ্ঠান পর পর তিন বৎসর আর্থিক লোকসানের ফলে মুলধন ঘাটতির সম্মুখীন হয় সেইগুলি বন্ধ/রুগ্ন কারখানা বলে চিহ্নিত হয়।

(খ) বিভিন্ন উপায়ে রাজ্য সরকার বন্ধ/রুগ্ন শিল্পগুলি চালানোর চেষ্টা করে থাকেন যেমন — অধিগ্রহণ, প্রত্যক্ষ আর্থিক সাহায্য ইত্যাদি।

(গ) যে ১৩টি রুগ্ন সংস্থা অধিগ্রহণ করা হয়েছে তার মধ্যে ৭টি সংস্থায় উন্নতি পরিলক্ষিত হচ্ছে।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** রুগ্ন কারখানা বলে যেগুলি চিহ্নিত সেগুলির মালিকরা নিজেরা ইচ্ছাকৃতভাবে কারখানায় আর্থিক সঙ্কট সৃষ্টি করে কারখানাগুলি রুগ্ন করে দেবার চেষ্টা করছেন — এ রকম খবর মন্ত্রীমহাশয়ের জানা আছে কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** স্পেসিফিক কিছু বলা যায় না তবে অনেক ক্ষেত্রে দেখা গিয়েছে মালিকদের গাফিলতির জন্য কিংবা মালিকরা ঐ কারখানা থেকে বেআইনী ভাবে টাকা বের করে নেবার জন্য কারখানাগুলি রুগ্ন হয়ে গিয়েছে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যে ৭টি কারখানায় উন্নতি পরিলক্ষিত হচ্ছে বললেন সেগুলির নাম জানাবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আপনাদের কাছে যে পুস্তক সরবরাহ করা হয়েছে তাতেই নামগুলি আছে দেখে নেবেন, এখন আমার কাছে নেই।

**শ্রীক্ষিতি বর্মণ ঃ** এ্যালবিয়ান প্লাইউড এ্যাণ্ড অলোকদ্যোগ বনস্পতি লিমিটেড একটা রুগ্ন শিল্প। আপনার দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এটা জাতীয়করণের কোন দাবী করা হয়েছে কি এবং হলে তার ফল জনোবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** জাতীয় করণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং কেন্দ্রীয় সরকারও সেটা গ্রহণ করেছেন। জাতীয়করণের জন্য আগামী বাজেট অধিবেশনে একটি বিল আনবো।

## রবীন্দ্রভবন স্থাপন

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৯।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের পরিকল্পনা অনুসারে সমগ্র পশ্চিমবাংলায় কটি রবীন্দ্রভবন স্থাপন করার প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, এবং

(খ) তন্মধ্যে (১) কটি রবীন্দ্রভবন স্থাপনের কাজ এ পর্যন্ত শেষ হয়েছে; এবং

(২) বাকীগুলি কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায় ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** (ক) পশ্চিমবঙ্গের প্রতি জেলায় রবীন্দ্রভবন স্থাপনের পরিকল্পনা করা হয়েছিল।

(খ) (১) ১১টি রবীন্দ্রভবন নির্মাণের কাজ শেষ হয়েছে।

(২) এ সম্বন্ধে নিশ্চয় করে বলা সম্ভব নয়।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** কতগুলির কাজ শেষ হতে বাকি আছে মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** এখনও পর্য্যন্ত প্রায় ১৬টির কাজ অসম্পূর্ণ থেকে গিয়েছে।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** কোন কোন জেলাতে বাকি আছে জানাবেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** অসম্পূর্ণ রবীন্দ্রভবন যেগুলি থেকে গিয়েছে সেগুলির নাম আমি উল্লেখ করছি, জেলা হিসাবে সেগুলি ঠিক করে নেবেন—ডায়মণ্ডহারবার, বারাসাত, বসিরহাট, বাগ্নি, উলুবেড়িয়া, বর্ধমান, কাটোয়া, কালনা, পিংলা, পুরুলিয়া, রঘুনাথগঞ্জ, বালুরঘাট, শ্রীরামপুর, আরামবাগ, মালদা, রায়গঞ্জ।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** এই যে কাজ সম্পূর্ণ হতে পারে নি এর কারণ জানাবেন কি—সেখানে সিমেণ্টের অভাব না অন্য কোন কারণ আছে সেটা জানাবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকারঃ** প্রথম যখন পরিকল্পনা সুরু হয়েছিল তখন কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা, রাজ্যসরকারের আর্থিক সহায়তা এবং স্থানীয় লোকের অর্থ সহয়তায় এটা করা হয়েছিল। ১৯৬১ সালে রবীন্দ্র শতবর্ষের প্রাক্কালে এই পরিকল্পনা শুরু হয়েছিল। তারপর ১৯৭৭/৭৮ সাল পর্য্যন্ত কোন হল ঠিকভাবে সম্পূর্ণ হয় নি। ১৯৭৮ সালে আমরা আসার পর ১১টির কাজ সম্পূর্ণ হয়েছে।

## মেদিনীপুর জেলার সবং থানায় মাদুর শিল্প

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৯।) **ডাঃ মানস ভুঞা ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার সবং থানার মাদুর শিল্পের উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীপ্রলয় তালুকদারঃ** (ক) সবং অঞ্চলের মাদুর শিল্পের উন্নতির জন্য সরকার একটি "পাইলট প্রজেক্ট স্কীম" চালু করিয়াছেন। এই প্রকল্প অনুযায়ী মাদুর শিল্পীদের স্বল্পমূল্যে কাঁচামাল সরবরাহ এবং উৎপন্ন মাদুর ক্রয় করিবার ব্যবস্থা আছে।

(খ) ইহা ব্যতীত WBFC ও স্থানীয় ব্যাঙ্ক DRI ও IRD প্রকল্প অনুযায়ী মাদুর শিল্পীগণকে স্বল্প সুদে ঋণ দান করিয়া থাকেন।

(গ) এই শিল্পীদের উৎপন্ন মাদুর খোলা বাজার ছাড়াও বেলদা ও খড়্গপুরে অবস্থিত পঞ্চায়েৎ সমিতি পরিচালিত গ্রামীণ বিপনন কেন্দ্র হইতেও বিপননের ব্যবস্থা সরকার করিয়াছেন।

(No Supplementary)

## সজনেখালিতে পর্যটন নিবাস

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৫।) **শ্রীগনেশচন্দ্র মণ্ডলঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগণা জেলার গোসাবা থানার সজনেখালিতে পর্যটন আবাস নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীপরিমল মিত্রঃ** (ক) হ্যাঁ

(খ) এ বছরের শেষাশেষী শুরু হবে আশা করা যায়।

[1-10—1-20 p.m.]

**শ্রীগনেশচন্দ্র মণ্ডলঃ** এই বাবদ কত টাকা বরাদ্দ করেছেন জানাবেন কি?

**শ্রীপরিমল মিত্রঃ** ৬ লক্ষ ৬০ হাজার টাকার এস্টিমেট, পাওয়া গেছে। ৫৫ হাজার টাকায় গভীর নলকূপ খনন করা হবে এবং সবটাই দিয়ে দেওয়া হয়েছে। আর একটা কথা বলছি, পুরো ব্যয় হবে ১৬ লক্ষ ৫০ হাজার টাকা।

*427 Held over

### জয়রামবাটী সারদাশ্রমের জমির জবর দখল

*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার জয়রামবাটী সারদাশ্রমে একটি বিশেষ রাজনৈতিক দল বলপূর্বক প্রায় ২০ বিঘা জমি জবর দখল করার চেষ্টা করেছে এরূপ কোন সংবাদ সরকারের নিকট আসিয়াছে কি;

(খ) আসিয়া থাকিলে, উক্ত রাজনৈতিক দলের নাম কি; এবং

(গ) এ ব্যাপারে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** (ক) ও (খ) নিজেদের বর্গাদার হিসাবে দাবী করে কিছু ব্যক্তি গত জুলাই-আগস্ট মাসে জয়রামবাটীর মাতৃ মন্দিরের প্রায় সতের বিঘা জমি চাষ করবার চেষ্টা করেছিলেন। কোন রাজনৈতিক দল ঐরূপ চেষ্টা করেছেন বলে সংবাদ নেই।

(গ) মাতৃ মন্দির কর্তৃপক্ষের অনুকূলে ভারতীয় ফৌজদারী কার্য-বিধির ১৪৪ ধারা অনুযায়ী একটি আদেশ জারী করা হয়েছে।

( No Supplementary )

### লোক সংস্কৃতির দুঃস্থ শিল্পীদের সাহায্য

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোক সংস্কৃতির দুঃস্থ শিল্পীদের সাহায্য করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কি ধরণের সাহায্য তাঁদের দেওয়া হয়;

(গ) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে কতজন শিল্পীকে এ ধরনের সাহায্য দেওয়া হয়েছে; এবং

(ঘ) সাহায্যপ্রাপ্ত শিল্পীদের দিয়ে লোক সংস্কৃতির প্রচার ও রক্ষায় কি ধরনের কার্য করানো হয় ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** (ক) দুঃস্থ শিল্পীদের আর্থিক অনুদান দেবার প্রকল্প নেওয়া হয়েছে। অনুদানপ্রাপ্ত শিল্পীদের মধ্যে লোক শিল্পীরাও আছেন।

(খ) অনুদানপ্রাপ্ত শিল্পীদের সাধারণতঃ বছরে থোক আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকে।

(গ) ১৯৮০-৮১ সাল থেকে এ ধরণের সাহায্য দেওয়া শুরু হয়। ঐ বছরে লোকশিল্পী সহ মোট ৯২ জন শিল্পীকে অনুদান দেওয়া হয়। ১৯৮১।৮২ সালে অনুরূপ অনুদানপ্রাপ্ত শিল্পীর মোট সংখ্যা ১৮৭।

(ঘ) অনুদানপ্রাপ্ত শিল্পীদের কাছ থেকে কোনো প্রতিদানের প্রতিশ্রুতি নেওয়া হয় না। তাঁরা স্বস্বক্ষেত্রে সংস্কৃতি চর্চা অব্যাহত রাখছেন এই প্রত্যাশা নিয়েই তাঁদের অনুদান মঞ্জুর করা হয়।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, শিল্পীদের এই যে অনুদান দেওয়া হয় এটা কিভাবে দেওয়া হয় এবং এরজন্য কোন টাকা আছে কি না ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** সাধারনতঃ নির্দিষ্ট সময় বিজ্ঞাপনের মাধ্যমে আবেদন-পত্র আহ্বান করা হয় এবং প্রতিটি আবেদনপত্র পরামর্শদাতা কমিটির মাধ্যমে পরীক্ষা করিয়ে সাধ্যমত অনুদান দেওয়া হয়।

**শ্রীশেখ নিজামুদ্দীন ঃ** ১৯৮১/৮২ সালে এই বাবদ কত টাকা খরচ হয়েছে জানাবেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** নির্দিষ্ট প্রশ্ন নির্দিষ্ট ভাবে করলে নির্দিষ্ট জবাব পাওয়া যাবে।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে লোক সংস্কৃতি শিল্পীদের বাছাই করা হচ্ছে সেই পরামর্শদাতা কমিটি কোন পর্যায়ে আছে—রাজ্য পর্যায়ে, না জেলা পর্যায়ে ?

**শ্রীপ্রভাস ফদিকার ঃ** রাজ্য পর্যায়ে পরামর্শদাতা কমিটি রয়েছে। বিভিন্ন সময়ে তাঁদের পুর্ণগঠন হয় এবং তাঁদের সুপারিশ সরকার সাধ্যমত গ্রহণ করেন।

### Closure in the Hindusthan Pilkington Glass Factory

*430. (Admitted question No. *1204.) **Shri Somendra Nath Mitra**: Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) whether it is a fact that the Hindusthan Pilkington Glass Factory at Asansol has remained closed for the past two years ; and

(b) if so the steps, if any, taken by the Government for re-opening the factory ?

**Dr. Kanailal Bhattacharya** : (a) The unit was under lock-out since 25.8.80.

(b) The lock-out was lifted on the 1st September, 1982. Government has also declared the unit as relief undertaking from the said date.

( No Supplementary )

### গোবর গ্যাস প্ল্যাণ্ট

*৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬০।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে ক্ষুদ্রশিল্প বিভাগের মাধ্যমে পশ্চিমবঙ্গে কয়টি 'গোবর গ্যাস প্ল্যাণ্ট' নির্মিত হইয়াছে ; (জেলাওয়ারী ভাবে) এবং

(খ) উক্ত প্রকল্পে সরকার কি পরিমাণ অর্থ ভরতুকি (সাবসিডি) দিয়াছেন ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** (ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে ক্ষুদ্র শিল্প বিভাগের অধীন খাদি ও গ্রামীন শিল্প পর্ষদ কর্তৃক ১৯৮১-৮২ আর্থিক বৎসরে ১১২টি গোবর গ্যাস প্ল্যাণ্ট নির্মিত হইয়াছে।

জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল ঃ

| | |
|---|---|
| বীরভূম— | ৬৩ |
| বাঁকুড়া— | ৩৮ |
| জলপাইগুড়ি— | ৩ |
| মালদা— | ১ |
| নদীয়া— | ২ |
| পশ্চিমদিনাজপুর— | ১ |
| ২৪-পরগণা— | ৪ |
| মোট— | ১১২ |

(খ) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে এ বাবদ খাদি ও গ্রামীন শিল্প পর্ষদ কর্তৃক টা. ৩,৭৫,৪৫০ = ০০ ভরতুকী দেওয়া হইয়াছে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কয়েকটি মাত্র জেলার নাম বললেন, বাকি জেলা গুলিতেও কি এই প্রকল্প গ্রহণ করায় কোন অসুবিধা আছে ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আমরা অন্যান্য জেলা গুলিতেও এই প্রকল্প গ্রহণ করছি এবং সেগুলি আমি পরবর্তীকালে ঘোষণা করব।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কুচবিহার জেলায় এই প্রকল্প গ্রহণ করা হয়েছিল কিনা, যদি গ্রহণ করা হয়ে থাকে তাহলে তা কার্য্যকরী হয়নি কেন ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মাননীয় সদস্য এসম্বন্ধে আলাদা নোটিশ দিলে আমি জানিয়ে দেব।

## কার্শিয়াং ফরেষ্ট স্কুল

*৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৪।) **শ্রীনীহার বসু ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কার্শিয়াং ফরেস্ট স্কুলে একটি অধ্যাপনকালের (সেসন) সময়সীমা কত ; এবং

(খ) উক্ত স্কুলে কতজন শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের সুযোগ আছে ?

**শ্রীপরিমল মিত্র ঃ** (ক) ১০ হইতে ১২ মাস পর্যন্ত।

(খ) ৮০ জন। ৮০ জনের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গের ৬০ জনকে নেওয়া হয়, বাকি ২০ জন ভুটান, সিকিম, মিজরাম, মনিপুর, এবং মেঘালয় থেকে নেওয়া হয়।

*433—Held over.

**Recommendations regarding advertisements in Small and Medium newspapers**

*434. (Admitted question No. *1255.) **Shri Mahabubul Haque :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) what action has been taken by the Government to implement the recommendations of the Fact Finding Committee on Small and Medium newspapers relating to—

(i) the Advertising Policy of the State Government, and

(ii) fixation of the rate of Government advertisements ?

**Shri Provash Chandra Phodikar** : (1) On the basis of the recommendations of the Fact Finding Committee on Small and Medium Newspapers State Government has waived in favour of Small Newspapers the prerequisite condition of registration with the Registrar of Newspapers for India.

(2) The State Government has stipulated that there shall be at least continuous publication of 60 issues for dailies, 12 issues for weekly, 6 issues for fortnightlies and 6 issues for monthlies in order to be entitled to State Government advertisements.

(3) The State Government has increased the proportionate share of advertisements in favour of Small and Medium newspapers being 15% for district papers and 35% for medium newspapers.

(4) The State Government has accepted the recommendation of the committee with regard to earmarking of classified advertisements of works of different departments in the districts up to the amount of Rs. 5 lakhs for the district papers with provision for release of the same in Calcutta dailies also.

(5) Muffassil dailies will get advertisements from the Head Quarters also in addition to releases from the districts.

(6) Advertisement rates in the districts have been made uniform as follows :

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Rs. 4/- per | Col. | Cm. | for | 500-1000 | Circulation |
| Rs. 5/- per | ,, | ,, | for | 1001-2000 | Circulation |
| Rs. 6/- per | ,, | ,, | for | 2001-5000 | Circulation |
| Rs, 8/- per | ,, | ,, | for | 5001-8000 | Circulation |
| Rs. 12/- per | ,, | ,, | for | 8001- and above | Circulation |

( No Supplementary )

### Demand for Jute Products

*435. (Admitted question No. *1283.) **Shri Anup Kumar Chandra** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state, what was the demand for export sales and domestic sales of jute products of West Bengal during 1981-82 as compared to the demand in 1979-80 and 1980-81.

**Dr. Kanailal Bhattacharya** : We have no such information in the State Government as Jute is a Central subject.

[1-20—1-30 p.m.]

এই প্রসঙ্গে আমার একটি নিবেদন আছে আপনার কাছে, সেটা হচ্ছে, বহু প্রশ্ন আমার ডিপার্টমেণ্টে আসছে যেগুলি আমার ডিপার্টমেণ্টের খবর দেওয়ার কোন এক্তিয়ার

ঃ, কোন ইনফরমেসান নেই। সুতরাং এগুলি এ্যাডমিট করার আগে যদি একটু দেখে া তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার ঃ আমাদের পক্ষে দেখা সম্ভব নয়।

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ আপনি একটু চেষ্টা করলেই সম্ভব হতে পারে।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে কোন প্রয়োজন বোধ ছেন কি না এবং যদি প্রয়োজন বোধ করেন তাহলে এই ব্যাপারে কোন ব্যবস্থা য়ছেন কিনা ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পুস্তক াশ করা হয়। কাজেই ইনফরমেসানটা গভর্ণমেণ্টের নয়। এটা সকলকার পক্ষেই াজ্য। সুতরাং যখন প্রয়োজন হয় আমরা নিই।

## গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ

*৪৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২।) শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ পঞ্চায়েত ও ষ্ট উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিতে একজন য়া হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ১৯৮২ সালের ৩১শে আগষ্ট পর্যন্ত উক্ত ৎসক নিয়োগের সংখ্যা কত ; এবং

(গ) বীরভূম জেলার কতগুলি কতগুলি গ্রাম পঞ্চায়েতে উক্ত চিকিৎসক নিয়োগ হয়েছে ?

শ্রীসুনীল কুমার মজুমদার ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার াণ বিভাগ প্রতিটি অঞ্চল পঞ্চায়েত ( অধুনা গ্রাম পঞ্চায়েতে ) একটি করিয়া হোমিও-থিক ডিসপেনসারি স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। উক্ত প্রতিটি ডিসপেন-তে আংশিক সময়ের জন্য একজন হোমিওপ্যাথিক ডাক্তার এবং একজন হোমিও-থিক কম্পাউণ্ডার নিয়োগের সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(খ) উক্ত সময় পর্যন্ত রাজ্যে মোট ১৯০টি অনুমোদিত ডিসপেনসারিতে ১৪২ হোমিওপ্যাথিক ডাক্তার এবং ১৬২ জন হোমিওপ্যাথিক কম্পাউণ্ডার নিয়োগ করা াছে।

(গ) বীরভূম জেলায় ৬টি অনুমোদিত গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডিসপেন-তে ৪ জন হোমিওপ্যাথিক ডাক্তার এবং ৫ জন হোমিওপ্যাথিক কম্পাউণ্ডার নিয়োগ হইয়াছে।

শ্রীধীরেন্দ্র লেট ঃ বড়তুড়ি গ্রামে গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসা কেন্দ্র ার অনুমোদন দেওয়া হয়েছে কি ?

শ্রীসুনীল কুমার মজুমদার ঃ নোটিশ দিলে উত্তর দেবো।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ অনেক গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক ডাক্তার ষ্টড হয়েছে। কিন্তু জি. ডি. এ. নেই, ফার্মাসিষ্ট নেই, ওষুধ নেই, থাকবার া নেই, চেয়ার টেবিল নেই — এই রকম কোন খবর আপনার জানা আছে কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** না, এইসব আমার জানা নেই।

## মেদীনীপুর জেলায় শালবনী ব্লকে কাজুবাদাম চাষ

*৪৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং *২১৪৫। ) **শ্রীসুন্দর হাজরা ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার শালবনী বুকে "কাজুবাদাম" চাষের একটি পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাত সুরু হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীসুন্দর হাজরা ঃ (ক) হ্যাঁ। বিভাগীয় সংস্থা 'পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম' এই পরিকল্পনা রূপায়িত করিতেছে।

(খ) ১৯৮৩ সালে ২০০ হেক্টর জমিতে কাজু বাদামের চাষের জন্য বর্তমান বৎসরে নার্শারী ও জমি প্রস্তুতের কাজ হাতে লওয়া হইয়াছে।

## Funds for re-opening the Sick and Closed Industries

*439. (Admitted question No. *1320 ) **Shri Dhirendra Nath Sarkar :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) whether the Industrial Reconstruction Corporation of India (IRCI) has provided funds for nursing and/or re-opening of the sick and closed industries in West Bengal ; and

(b) if so,

(i) the amount of assistance received from IRCI during the period from July 1977 to July 1982,

(ii) the number of sick and closed units benefited by such assistance, and

(iii) the number of workers involved in these units ?

**Dr. Kanailal Bhattacharya :** (a) & (b) IRCI is a Central Government Financial Institution. The State Government does not keep up to date figures of that Organisation.

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** আমি যে প্রশ্নটা করেছিলাম উনি তার ঠিক উত্তর দেন নি, এড়িয়ে গেছেন। আমি স্পেসিফিক কোশ্চেন করেছি কিন্তু উনি উত্তর দিচ্ছেন হিসাব রাখেন নি।

**মিঃ স্পীকার ঃ** এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ওনার প্রশ্নটা ছিল যেসব বন্ধ এবং রুগ্ন কারখানাগুলি আছে তাদের জন্য আই. আর. সি. আই. কোন ফাণ্ড দিয়েছিলেন কিনা ? তা আমি কি করে জানবো। আমি সেই কথাই বলছি। আই. আর. সি. আই. কেন্দ্রীয় সরকারের একটা ফাইনান্সিয়াল ইনস্টিটিউসন। তার থেকে স্টেট গভর্ণমেণ্টকে কত টাকা তাঁরা দিয়েছেন সে সম্পর্কে কোন খবরা খবর আমাদের কাছে নেই। এটা অত্যন্ত পরিষ্কার।

## মুর্শিদাবাদ জেলার বর্গা সার্টিফিকেট প্রদান

*৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৯।) **শ্রীশীষ মহম্মদ ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কতজন ভাগচাষীকে বর্গা সার্টিফিকেট দেওয়া হয়েছে; এবং

(খ) মুর্শিদাবাদ জেলার সুতি ১নং ও ২নং ব্লকের ভাগচাষীর সংখ্যা কত?

**শ্রীসুনীল মজুমদার ঃ** (ক) ৪৬,৩৬৯ জন ভাগচাষীকে বর্গা সার্টিফিকেট দেয়া হয়েছে।

(খ) সুতি ১নং ও ২নং ব্লকে মোট ভাগচাষীর সংখ্যা বলা সম্ভব নয়। তবে এই দুটি ব্লকে ৬৭২ জন ভাগচাষী নথিভুক্ত হয়েছেন।

## আসানসোলে রবীন্দ্রভবন

*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৭।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আসানসোলে রবীন্দ্রভবন নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** আসানসোলে "তথ্যকেন্দ্র তথা রবীন্দ্রভবন" এর নির্মাণ-কার্য বর্তমানে ব্যয় সংকোচের নির্দেশানুযায়ী আপাততঃ স্থগিত আছে।

## তেহট্টে কাগজের পেষ্টবোর্ডে কারখানা নির্মাণ

*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪২।) **শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার তেহট্ট ১নং ব্লকের অন্তর্গত বেতাই-এ পাটকাঠির দ্বারা কাগজের পেস্টবোর্ড কারখানা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উক্ত কারখানা নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত কারখানা নির্মাণে আনুমানিক কত টাকা ব্যয় হইবে?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** (ক) না

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

## ওরিয়েন্টাল মেটাল কারখানা

*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৪।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪ পরগণা জেলার আগড়পাড়ায় অবস্থিত "ওরিয়েণ্টাল মেটাল" কারখানা বর্তমানে বন্ধ অবস্থায় আছে; এবং

(খ) থাকিলে, উক্ত কারখানাটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) হ্যাঁ।

(খ) উক্ত কারখানাটি কি উপায়ে শীঘ্র চালু করা যায় সে ব্যাপারে রাজ্য সরকার সংশ্লিষ্ট সকলের সঙ্গে কথাবার্তা চালাচ্ছেন।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কারখানাটি টেক ওভার করার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কিনা ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে অধিগ্রহণ করার জন্য বলা হয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার এ বিষয়ে কিছুই বিবেচনা করেন নি। তারপর আমরা আই. আর, সি. আই. কে নিতে বলেছিলাম, আই. আর. সি. আই. রাজী হলনা। তখন আমরা ডবলিউ, বি. এফ. সি. কে অধিগ্রহণ করতে বলি, ডবলিউ. বি. এফ. সি. অধিগ্রহণ করল না, তখন কারখানাটি বন্ধ হয়ে গেল। এখন উপস্থিত যেটা হয়েছে, আই. আর. সি. আই. এর সঙ্গে আমরা বসছি, আই. আর. সি. আই. এর সঙ্গে বসে একটা উপায় নির্ধারণ করার চেষ্টা করা হচ্ছে যাতে কারখানাটি ফের খোলা যায়। এখন বোধ হয় আমাদের কিছু লেবার ফোর্স কমিয়ে এটা খোলার চেষ্টা করতে হবে কারখানাটিকে ভায়াবেল করার জন্য।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** আই. আর. সি. আই. কে বলার পর কারখানাটির লিকুইডিসন রোধ করার জন্য হাইকোর্টে কোন স্কীম সাবমিট করা হয়েছিল কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আই. আর. সি. আই. এর সঙ্গে সে ব্যাপারে কিছু কথাবার্তা চলছে। যাতে একটা স্কীম হাইকোর্টে পেশ করা যায় এবং যাতে করে কারখানাটি চালু করা যায় তার জন্য লেবার ফোর্সের সঙ্গে কথাবার্তা বলে কিছু লেবার কম করে কারখানা চালু করা যায় কিনা সে ব্যাপারে আলাপ আলোচনা চলছে।

## খরাপীড়িত গ্রামাঞ্চলে সাহায্য

*৪৪৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫২১। ) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** উন্নয়ন পরিকল্পনা ( জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জুলাই ও আগস্ট মাসে পশ্চিমবঙ্গে খরাপীড়িত গ্রামাঞ্চলে মোট কত টাকা ও কি পরিমাণ খাদ্য এন. আর. ই, পি. স্কীমে দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত স্কীমে মোট কত শ্রম দিবস সৃষ্টি হয়েছে ; এবং

(গ) জেলাভিত্তিক খরা ত্রাণে ( জুলাই ও আগস্ট মাসে ) টাকা ও খাদ্যের বরাদ্দ কত ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** (ক) গত জুলাই ও আগস্ট মাসে খরা পীড়িত আটটি জেলায় এন. আর. ই. পি. বাবদ মোট ৪ কোটি ৪৫ লক্ষ টাকা এবং ৫৬১৩.৫১৭ মেট্রিক টন খাদ্যশস্য দেওয়া হয়েছে।

(খ) উক্ত স্কীমে ঐ আটটি জেলায় জুলাই মাসে মোট ২৩.৭৫ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। আগস্ট মাসের হিসাব এ পর্য্যন্ত তিনটি জেলা থেকে পাওয়া গেছে এবং তাতে ৮.৯৮ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে।

(গ) জেলা ভিত্তিক বরাদ্দ নিম্নরূপ ঃ

| | জেলা | বরাদ্দ অর্থ ( লক্ষ টাকায় ) | বরাদ্দ খাদ্যশস্য ( মেট্রিক টন ) |
|---|---|---|---|
| ১। | বর্ধমান | ৬৫.০০ | ৯০২.৬০৬ |
| ২। | বীরভূম | ৪২.২৫ | ৫৮৬.৬৯৪ |
| ৩। | বাঁকুড়া | ৭৬.০০ | ৬৫৯.৫৯৭ |
| ৪। | মেদিনীপুর | ৬১.০০ | ৮৪৭.০৬১ |
| ৫। | পুরুলিয়া | ৪২.২৫ | ৫৮৬.৬৯৪ |
| ৬। | হুগলী | ৫০.২৫ | ৬৯৭.৭৮৪ |
| ৭। | নদীয়া | ৪৫.৫০ | ৬৩১.৮২৫ |
| ৮। | মুর্শিদাবাদ | ৬২.৭৫ | ৭০১.২৫৬ |
| | | ৪৪৫.০০ | ৫,৬১৩,৫১৭ |

[1-30—1-40 p.m.]

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি যে গত সেপ্টেম্বর মাসে খরাপীড়িত জেলায় কি পরিমান খাদ্য বা অর্থ এন. আর. ই. পি. স্কীমের মাধ্যমে দেওয়া হয়েছে ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** জুলাই আগস্ট মাসে কি পরিমান খাদ্য খরা পীড়িত অঞ্চলে দেওয়া হয়েছে সেটা বলতে পারবো। কিন্তু সেপ্টেম্বর মাসে কি দেওয়া হয়েছে সেটা বলতে পারবো না।

## পত্রিকাগুলিতে বিজ্ঞাপন দানের নীতি

*৪৪৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৫। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রত্যেক জেলার ক্ষুদ্র ও দৈনিক পত্রিকাগুলিতে কি পদ্ধতিতে বিজ্ঞাপন দেওয়া হয় ; এবং

(খ) কোন্ জেলার কোন্ কোন্ দৈনিক পত্রিকা সরকারী বিজ্ঞাপন পেয়ে থাকে ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** (ক) কলকাতা বাদে অন্যান্য জেলায় একটি করে বিজ্ঞাপন সংক্রান্ত পরামর্শদাতা কমিটি রয়েছে। এই কমিটির পরামর্শ অনুসারে জেলা তথ্য আধিকারিক মারফৎ জেলার দৈনিক, সাপ্তাহিক ও অন্যান্য পত্র পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে।

(খ) বিভিন্ন জেলায় নিম্নলিখিত দৈনিক পত্রিকাগুলি বিজ্ঞাপন পেয়ে থাকে—

| | | |
|---|---|---|
| (ক) | দৈনিক চন্দ্রভাগা | বীরভূম |
| (খ) | দৈনিক তীরভূমি | মেদিনীপুর |
| (গ) | দৈনিক স্বীকৃতি | বর্ধমান |
| (ঘ) | দৈনিক দামোদর | বর্ধমান |

| | | |
|---|---|---|
| (ঙ) | দৈনিক লিপি | বর্ধমান |
| (চ) | দৈনিক বিবরণ | হাওড়া |
| (ছ) | উত্তরবঙ্গ সংবাদ | দার্জিলিং |

*447—Held over.

**নন-ট্রেডিং সোসাইটির অফিসে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন পত্র**

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪২।) **শ্রীমণীন্দ্রনাথ বর্মণ** এবং **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া** ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেজিষ্ট্রার অব নন-ট্রেডিং সোসাইটিস-এর অফিসে ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত রেজিষ্ট্রেশনের জন্য জমে থাকা আবেদন পত্রের সংখ্যা কত ;

(খ) উক্ত আবেদন পত্রের মধ্যে ৩ বৎসরাধিক কাল পড়ে থাকা আবেদন পত্রের সংখ্যা কত ;

(গ) উক্ত সংখ্যার মধ্যে কোচবিহার জেলায় আবেদন পত্রের সংখ্যা কত ; এবং

(ঘ) উত্তরবঙ্গে উক্ত অফিসের শাখা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য** ঃ (ক) তিনশত ( ৩০০ )

(খ) ত্রিশ ( ৩০ ) (গ) আঠার ( ১৮ )

(ঘ) আপাতত এরকম কোন পরিকল্পনা নেই।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া** ঃ এই রেজিষ্ট্রার অব নন-ট্রেনিং সোসাইটিস অফিসের কোন কাজ করতে গেলে বিভিন্ন জেলার অফিসারদের অনেক অসুবিধা আছে। তাদের কোন কাজ করতে গেলে অফিসারদের কলিকাতায় আসতে হয় এবং এখানে এসে তাদের ফর্ম জমা দিতে হয়। আমি বলতে চাই এই আইনকে সংশোধন করে যদি কোন অফিসারকে এই কাজের দায়িত্ব দেওয়া হয় তাহলে তারা এই কাজগুলি করতে পারে। আমার জিজ্ঞাস্য হ'ল এই ব্যাপারে আপনি কোন পরিকল্পনা নেবেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য** ঃ আমাদের সরকার পক্ষ থেকে এই ব্যাপারে ওয়াকিবহাল আছে। প্রতি জেলাতে রেজিষ্ট্রেশান অফিস বিশেষ করে নর্থ বেঙ্গলে হওয়া উচিত। কিন্তু এখন আর্থিক সংগতি না থাকায় জন্য এটা করতে পারা যাচ্ছে না। তবে রেজিষ্ট্রেশান অফিসগুলিকে পুনর্বিন্যাস করার একটা প্রস্তাব বিবেচনা করছি। সেটাকে পুনর্বিন্যাস করে রেজিস্ট্রেশান ফী যদি কিছু বাড়াতে পারি তাহলে আমাদের ইচ্ছা আছে উত্তরবঙ্গে এবং অন্যান্য জেলায় কয়েকটি শাখা খুলবো।

**শ্রীসুভাষ গোস্বামী** ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে এই রেজিষ্ট্রার অফ নন-ট্রেডিং সোসাইটি অফিসে রেজিস্ট্রেসান নিয়ে অনেক হয়রানী হতে হয় এবং অনেক দুর্নীতি হচ্ছে ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য** ঃ না, এই রকম কিছু জানা নেই। তবে স্পেসিফিক যদি কোন অভিযোগ থাকে তাকে তাহলে জানাবেন, আমরা নিশ্চই দেখবো।

*449—Held over.

## মানিকতলায় "শিশুতীর্থ" ভবন নির্মাণ

***৪৫০।** ( অনুমোদিত প্রশ্ন নং *২১৬২। ) **শ্রীশ্যামল চক্রবর্তী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, মানিকতলায় শিশুদের জন্য প্রস্তাবিত সাংস্কৃতিক কেন্দ্র "শিশুতীর্থ" ভবন তৈরির কাজ কবে থেকে শুরু হবে বলে আশা করা যায় ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার :** এবছর অর্থ সংস্থান করা গেল না। আগামী বছর এর জন্য অর্থ সংস্থান করা হবে এবং তখনই কাজ শুরু হবে। এর মধ্যে নক্সা ইত্যাদির কাজ অনেকখানি এগিয়েছে।

*451—Held over.

## রাজ্যে কৃষক পরিবার

***৪৫২।** ( অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৫। ) **শ্রীবিমলকান্তি বসু :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে মোট কৃষক পরিবারের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত কৃষক পরিবারের মধ্যে ভূমিহীন ক্ষেতমজুর, বর্গাদার, ক্ষুদ্র চাষী ও প্রান্তিক চাষী পরিবারের সংখ্যা কত ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** (ক) ১৯৮১ সালের জনগণনার আন্তঃ কালিক ( প্রভিশনাল ) প্রতিবেদন অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট কৃষকের সংখ্যা প্রায় সাড়ে সাতচল্লিশ লক্ষ। এর মধ্যে ক্ষেতমজুরগণ অন্তর্ভুক্ত নহেন।

(খ) জনগণনার প্রতিবেদন অনুযায়ী পশ্চিমবঙ্গে ক্ষেতমজুরের সংখ্যা প্রায় সাড়ে ৩৮ লক্ষ। ইহাদের অধিকাংশকে ভূমিহীন বলা যায়।

পশ্চিমবঙ্গে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের সংখ্যা যথাক্রমে প্রায় ৩৫ লক্ষ ও ১১ লক্ষ। নথিভুক্ত বর্গাদারের সংখ্যা ১১ লক্ষ ৭০ হাজার।

**শ্রীদীপক সেনগুপ্ত :** জনগণনার সঙ্গে ক্ষেত-মজুরের যেহেতু সম্পর্ক নেই, সেই হেতু অন্যান্য পর্যায়ে যে গগণার ব্যবস্থা আছে, তার ভিত্তিতে মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি ১৯৭৭-৭৮ সালের তুলনায় ১৯৮১-৮২ সালের হিসাবে ক্ষেত-মজুরের সংখ্যা উল্লেখযোগ্য হ্রাস বৃদ্ধি হয়েছে কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** প্রশ্নটা ছিল পশ্চিমবঙ্গে কৃষক পরিবারের সংখ্যা কত। ক্ষেত-মজুরের সঙ্গে কৃষকের কোন সম্পর্ক নেই। যারা অপরের জমিতে মজুরির বিনিময়ে চাষ করে, তাদের আমরা ক্ষেত-মজুর বলে থাকি, সেই হিসাবে ক্ষেত-মজুরের সংখ্যা নিরূপন করে থাকি। সেজন্য এখানে ঐ ভাবে উত্তর দেওয়া হয়েছে।

**শ্রীদীপক সেনগুপ্ত :** আমার প্রশ্ন হচ্ছে ক্ষেত-মজুরের সংখ্যার ক্ষেত্রে ১৯৭৭-৭৮ সালের তুলনায় ১৯৮১-৮২ সালে কোন উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি ঘটেছে কিনা বলতে পারবেন ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** নোটিশ দেবেন, বলব।

**Annual Plant Load factor of D. P. L.**

*453. (Admitted question No. *2382.) **Dr. Sishir Bose:** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) what is the annual plant load factor of D. P. L. for the years.

(i) 1979-80, (ii) 1980-81 and (iii) 1981-82;

(b) has the Government any idea about the annual plant load factor of

(i) DVC, (ii) power plant in India, on an average, for some years in recent past, and

(c) if so, what are the figures for the years (i) 1979-80 (ii) 1980-81 and

(ii) 1981-82?

(a) (i)) 65.2% (ii) 64.6% (iii) 60.9%

(b) Information in this regard is not readily available with this Department. (c) Does not arise.

**তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত বর্গাদার**

*৪৫৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২০১৫। ) **শ্রীশ্রীধর মালিক :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে রেকর্ডভুক্ত বর্গাদারদের কতজন তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত ; এবং

(খ) ভারতবর্ষের অন্যান্য রাজ্য সরকার বর্গা রেকর্ডের ক্ষেত্রে কি ভূমিকা নিয়েছেন এই মর্মে কোন সংবাদ সরকারের নিকট আছে কিনা ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** (ক) ১৯৮২ সালের ৩০শে জুন পর্য্যন্ত পশ্চিমবঙ্গে মোট নথিভুক্ত বর্গাদারের সংখ্যা ১১;৭০,০৫১। এদের মধ্যে ৪,৬৮,০২০ জন তপশীলি জাতিভুক্ত, ২,১০,৬০৯ জন তপশীলি উপজাতি ভুক্ত।

(খ) এ বিষয়ে কোন তথ্য এই বিভাগে নেই।

**শ্রীরাইচরণ মাঝি :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ১৯৭২ সালের পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কতজন তপশীল জাতি ও উপজাতি ভুক্ত বর্গাদার উচ্ছেদ হয়েছিল ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** নোটিশ দেবেন, উত্তর দেব।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** পশ্চিমবঙ্গে রেকর্ড বিহীন বর্গাদারের সংখ্যা কত আপনার জানা আছে কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** নোটিশ দিতে হবে।

**পঞ্চায়েত সমিতির অফিসগৃহ**

*৪৫৭। ( অনুমোদিত প্রশ্ন নং *২১১১। ) **শ্রীনিতাইচরণ আদক :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রত্যেক পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত অফিস গৃহগুলির কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** বুক অফিসগুলিকেই পঞ্চায়েত সমিতির অফিস হিসাবে গণ্য করা হইয়াছে। প্রত্যেক বুকে স্থায়ী অফিসগৃহ নির্মাণের পরিকল্পনা সরকারের আছে। এবং সেই পরিকল্পনা অনুসারে কিছু বুকে স্থায়ী অফিসগৃহ ইতিমধ্যেই নির্মিত হইয়াছে। কিছু অফিসগৃহ নির্মাণের কাজ চলিতেছে। এবং অবশিষ্ট বুকে অফিসগৃহ নির্মাণের কাজ পর্যায়ক্রমে আরম্ভ করা হইবে।

[1-40—1-50 p.m.]

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এখানে এস্টিমেট অনুযায়ী গৃহ নির্মানের জন্য যে টাকা ধরা হয়েছে সেই টাকা রিজাইজড করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না? এবং থাকলে তার কস্ট কত ধরা হয়েছে ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** আমরা এই ব্যাপারে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে চিঠি দিয়েছি এবং অফিসারদের কাছেও দিয়েছি।

**শ্রীনিতাইচরণ আদক ঃ** আপনাদের বুক অফিসগুলিতে পঞ্চায়েত অফিস করার কোন পরিকল্পনা আছে কিনা এবং বুক অফিসগুলি এ্যাক্সটেনশ্যান করার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** আমরা বুক অফিসগুলিতে পঞ্চায়েত সমিতির অফিস করার সিদ্ধান্ত নিয়েছি। আপনার প্রশ্ন ছিল বুক অফিসের কোন পরিকল্পনা আছে কিনা তার উত্তর আমি বলছি হ্যাঁ আছে।

*448—Held over.

## পঞ্চায়েতে বিভিন্নস্তরে শূন্য পদ

*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭০।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ও শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের পঞ্চায়েতের নির্বাচনের পর হইতে ১৯৮১ সালের ডিসেম্বর মাস পর্যন্ত জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের কতগুলি আসন শূন্য হইয়াছে ;

(খ) উক্ত শূন্য আসনগুলি পূরণের জন্য উপ-নির্বাচন হইয়াছে কিনা ; এবং

(গ) যদি "খ" প্রশ্নের উত্তর না হয়, তাহার কারণ কি ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** (ক) গ্রাম পঞ্চায়েতের ৯৩৮টি, পঞ্চায়েত সমিতির ১৪৬টি এবং জেলা পরিষদের ৯টি আসন শূন্য হইয়াছে।

(খ) গত ১১.৩.৭৯ ও ২০.৭.৮০ তারিখে দুইবার উপ-নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে। ১১.৩.৭৯ তারিখের উপ-নির্বাচনে গ্রাম পঞ্চায়েতের ৭৮টি, পঞ্চায়েত সমিতির ১১টি এবং জেলা পরিষদের ১টি শূন্য আসন পূরণ করা হয়। ২০.৭.৮০

তারিখের উপ-নির্বাচনে গ্রাম পঞ্চায়েতের ২৯৩টি, পঞ্চায়েত সমিতির ৪৩টি ও জেলা পরিষদের ৪টি শূন্য আসন পূরন করা হয়।

(গ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে ২০.৭.৮১ তারিখে পঞ্চায়েতের উপনির্বাচন করেছেন, তারপরে মে মাসে সরকারের বিধানসভার নির্বাচন হয়ে গেল কিন্তু প্রায় ২ বছর হতে চললো এখনো পর্যন্ত পঞ্চায়েতের নির্বাচন হল না কেন ?

**মিঃ স্পীকার ঃ** প্রশ্ন ওঠে না।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** আমরা দেখেছি পঞ্চায়েতের ৪৫৭টি আসন শূন্য আছে —তারমধ্যে গ্রাম পঞ্চায়েতের ৬৭টি, পঞ্চায়েত সমিতির ৯২টি এবং জেলা পরিষদের ৪টি আসন। এই শূন্য আসনগুলি পূর্ণ করার কোন প্রচেষ্টা হচ্ছে না কেন ?

**মিঃ স্পীকার ঃ** প্রশ্ন হয় না।

## কৃষ্ণনগর পৌর এলাকায় খাস ও ন্যস্ত জমি

*৪৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *২৩৯০।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর পৌর এলাকায় খাস ও ন্যস্ত জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমিগুলি দুষ্কৃতকারীরা জোরপূর্বক দখল করিয়াছে এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা ; এবং

(গ) থাকিলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** (ক) ২৬.০১ একর।

(খ) প্রায় ১২ ৫১ একর খাস জমি ... র দখল হয়েছে বলে মনে হয়।

(গ) সম্প্রতি এ ব্যাপারে একটা বিস্তারিত তদন্ত করা হয়েছে এবং কোন্ কোন্ জমি কাদের দখলে রয়েছে তার একটা তালিকা প্রস্তুত করা হয়েছে। সেটেলমেণ্ট রেকর্ডের সঙ্গে এই তালিকাটি মিলিয়ে দেখা হচ্ছে। এরপর যাঁরা সত্যিই জবরদখল করে আছেন দেখা যাবে তাদের সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*461-*471—Held over.

### Starred Questions
(to which written answers was laid on the Tables.)

## পঞ্চায়েতের অডিট রিপোর্ট সমীক্ষাকরণ

*৪২২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৮-৭৯ সালে রাজ্যের পঞ্চায়েতসমূহকে দেয় অর্থ যথাযথভাবে সদ্ব্যবহার হয়েছে কিনা তা যাচাই করার উদ্দেশ্যে রাজ্যের পঞ্চায়েত দপ্তর ১৯৮১ সালে গ্রাম পঞ্চায়েতগুলির ১৯৭৮-৭৯ সালের অডিট রিপোর্ট সমীক্ষা করার সিদ্ধান্ত নেয় ;

(খ) সত্য হলে, উক্ত সমীক্ষার কোন রিপোর্ট পাওয়া গেছে কিনা ; এবং

(গ) রিপোর্ট পাওয়া গেলে, উক্ত সমীক্ষা রিপোর্টে পঞ্চায়েতের হিসাবের কোন কারচুপির তথ্য পাওয়া গেছে কিনা ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) না। (খ) প্রশ্ন ওঠে না। (গ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions
## (to which written answers were laid on the table)

## দেশী ও বিলাতী মদের দোকান

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে দেশী ও বিলেতী মদের দোকানের সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) বর্তমানে উক্ত দোকানগুলি হইতে রাজ্য সরকারের রাজস্বের পরিমাণ কত ; এবং

(গ) বাঁকুড়া জেলা হইতে ১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮২ সালের জুলাই পর্যন্ত সময়ে দোকানগুলি হইতে কত টাকা রাজস্ব আদায় হইয়াছে ?

**আবগারী বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) দেশী ও বিলেতী মদের দোকানের সংখ্যা প্রয়োজনমত বাড়ানো হয়।

(খ) গত বৎসর (১৯৮১-৮২) দেশী ও বিলেতী মদের দোকান হইতে রাজ্য সরকারের আদায়ীকৃত রাজস্বের পরিমাণ ঃ ৪৩,২৩,০৪,৭৯৭ (তেতাল্লিশ কোটি তেইশ লক্ষ চার হাজার সাত শত সাতানব্বই) টাকা।

(গ) বাঁকুড়া জেলা থেকে ১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮২ সালের জুলাই পর্যন্ত আবগারী রাজস্ব হিসাবে মোট ১,৪২,৪৫,৭৯২ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাত শত বিরানব্বই) টাকা আদায় হইয়াছে।

## পুলিস কর্মচারীদের জন্য গৃহনির্মাণ প্রকল্প

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ২১২।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সপ্তম অর্থ কমিশন কর্তৃক বরাদ্দকৃত টাকায় ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে কলিকাতায় এবং অন্যান্য জেলায় মোট কতজন পুলিস কর্মচারীদের গৃহনির্মাণের প্রকল্প—

(১) গ্রহণ করা হইয়াছে, ও (২) সম্পূর্ণ করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে বাকুড়া জেলায় কতগুলি ;

(গ) অবশিষ্ট গৃহনির্মাণের কাজ কতদিনে শেষ হইবে বলিয়া আশা করা যায় ;

(ঘ) গৃহনির্মাণ ছাড়া পুলিশ কর্মচারীদের অন্য কোন প্রকল্পে উক্ত কমিশন কোন অর্থ মঞ্জুর করিয়াছেন কি ; এবং

(ঙ) করিয়া থাকিলে, ঐগুলি সম্পর্কে এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রীমহাশয় :** (ক) (১) কলিকাতায় ৬৬০ জন পুলিস কর্মচারীর জন্য অন্যান্য জেলায় ১,৬১০ জন পুলিস কর্মচারীর জন্য।

(২) কলিকাতায় ২০ জন পুলিস কর্মচারীর জন্য, অন্যান্য জেলায় ৪৭৯ জন পুলিস কর্মচারীর জন্য। (খ) ১১৬ জন পুলিস কর্মচারীর জন্য।

(গ) ৩১এ মার্চ ১৯৮৪-র মধ্যে। (ঘ) না। (ঙ) প্রশ্ন ওঠে না।

### নন্-প্ল্যান খাতে ব্যয়

১০৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২৫৮। ) **শ্রীঅমলেন্দ্র রায় :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের জন্য এ রাজ্যে নন্-প্ল্যান খাতে প্রত্যেক মন্ত্রক কি পরিমাণ খরচ কমাতে বাধ্য হয়েছেন; এবং

(খ) এরূপ খরচ কমানোর কারণ কি ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের জন্য ৪ঠা সেপ্টেম্বর, ১৯৮২ তারিখে বিধানসভায় যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে সেই বরাদ্দ অনুযায়ী প্রত্যেক মন্ত্রক নন্-প্ল্যান খাতে ব্যয় করবেন।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

### বারাসাত পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং অফিস স্থানান্তরকরণ

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৫।) **শ্রীসরল দেব :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বারাসাত পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর অফিসটি কল্যাণীতে স্থানান্তরিত করা হয়েছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত অফিস কি বারাসাতে পুনরায় স্থানান্তরিত করার প্রস্তাব রাজ্য সরকারের আছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

### Office of Registrar at Malda

105. (Admitted question No. 637.) **Shri Jokhilal Mondal:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that return of original registered documents of conveyance, etc., after observation of usual formalities for recording in the office of Registrar and Sub-Registrar at Malda have been held up since about 1977; and

(b) if so, (i) the reasons therefor;

(ii) the number of such documents (year-wise and office-wise break); and (iii) action taken or proposed to be taken by the Government in this regard ?

**Minister-in-charge of the Judicial Department:** (a) Yes, it is a fact.

(b) (i) Accumulation was due to non-availability of required Register Books from the Press and Forms Manager.

(ii) A statement is enclosed.

(iii) Required Registers have since been supplied and works taken up as urgent ones.

*Statement referred to in reply to clause (b)(ii) of unstarred question No. 105 (Admitted question No. 637).*

| Sl. No. | Name of office | Arrear | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | 1977 | 1978 | 1979 | 1980 | 1981 | 1982 (Up to 30.6.82) |
| 1. | Malda Sadar .. | 16,965 | 13,831 | 15,519 | 16,274 | 16,273 | 10,524 |
| 2. | Sadar Joint .. | 8,166 | 11,529 | 12,691 | 13,728 | 13,254 | 6,922 |
| 3. | Kaliachak .. | 14,390 | 14,959 | 15,994 | 15,580 | 15,597 | 9,743 |
| 4. | Ratur .. | .. | 9,933 | 11,601 | 11,101 | 11,938 | 7,425 |
| 5. | Chanchal .. | .. | .. | .. | .. | 9,!21 | 9,450 |
| 6. | Tulshihata .. | .. | .. | .. | 7,354 | 8,476 | 5,525 |

## পাণ্ডুয়া ইঞ্জিনিয়ার্স সমবায়

১০৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৬৬। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পাণ্ডুয়া ইঞ্জিনিয়ার্স সমবায়কে ১৯৮১-৮২ সালে ৭ লক্ষ টাকা পেমেণ্ট দেওয়া হইয়াছে, এবং

(খ) সত্য হইলে, কি বাবত এই পরিমাণ টাকা দেওয়া হইয়াছে ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

## কাঁথি মহকুমায় জলপ্লাবিত চর অঞ্চল

১০৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৯৬। ) **শ্রীশিশির অধিকারী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, কাঁথি মহকুমার অন্তর্গত রসুলপুর নদের ভাঁইটগড় থেকে পেটুয়াঘাট পর্যন্ত চর এলাকায় প্রতিবছর জলপ্লাবিত হইয়া চাষ ও ঘরবাড়ী নষ্ট হয় ;

(খ) অবগত থাকিলে, উক্ত জলপ্লাবন রোধে বাঁধ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ভাঁইটগড় হইতে পেটুয়াঘাট পর্যন্ত শিডিউল্ড এমব্যাঙ্কমেণ্ট বিস্তৃত। ঐ বাঁধ এই স্থানের বন্যাপ্রতিরোধক বাঁধ। ঐ বাঁধের বাহিরের দিকে বিস্তৃত চর এলাকা রসুলপুর নদীর স্পিল এরিয়া। ঐ অসংরক্ষিত চর এলাকা বর্ষাকালে নদীর প্লাবনে ও বন্যায় জলমগ্ন হয়।

(খ) নদীর স্পিল এলাকা কমানো বাঞ্ছনীয় নয় বলিয়া ঐ স্থানে কোন বাঁধের পরিকল্পনা বর্তমানে সরকারের নাই। (গ) এ প্রশ্ন উঠে না।

## বড়বাজার এলাকার পৌর অফিসারের বিরুদ্ধে অভিযোগ

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৩।) **শ্রীসুব্রত মুখার্জী :** স্থানীয় প্রশাসন ও নগরউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বড়বাজার এলাকা থেকে জঞ্জাল অপসারণ দপ্তরের ভারপ্রাপ্ত অফিসার ব্যবসায়ীদের নিকট থেকে অবৈধভাবে নিয়মিত অর্থ আদায় করেন এরূপ কোন অভিযোগ সরকারের কাছে আছে কি; এবং

(খ) থাকিলে, সরকার এ বিষয়ে কোন তদন্ত করিয়াছেন কি?

**স্থানীয় প্রশাসন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না। তবে কোন নির্দিষ্ট অভিযোগ পাইলে উপযুক্ত তদন্তের ব্যবস্থা করা যাইতে পারে।

## MIG and LIG flats

109. (Admitted question No. 1237.) **Shri Prafulla Kanti Ghosh:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) the number of each MIG/LIG flats constructed during the year 1978-82 within the State;

(b) the number of applicants allotted flats during above; period; and

(c) the procedure of allotment of the flats?

**Minister in-charge of the Housing Department:** (a) MIG—108 Nos. (Electric and Water supply connections not yet completed). LIG—706 Nos.

(b) MIG—19 applicants (against flats constructed prior to 1978). LIG—962 (The figure also includes allotment made against flats constructed prior to 1978).

(c) **Procedure for allotment of Government flats.**—All newly constructed MIG/LIG flats in and around Calcutta are distributed by Government on the recommendations of the Screening and Scrutiny Committee. When a New MIG/LIG Housing Estate is opened, advertisement is made in the newspapers inviting applications from the members of the general public in the prescribed form for allotment of flats in the new Housing Estates. All applications received in this connection within the prescribed date are then scrutinised and submitted to the Chairman of the Committee for screening of those applications. The Committee, constituted by the Government, consists of 8 members including some M.L.A.s. On the basis of recommendations of the Committee, allotments are made.

## Welfare Schemes

110. (Admitted question No. 1293.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the progress in West Bengal of the Welfare Schemes incorporated in the revised 20 Point Programmes of the Government of India, is monitored by the State Government ; and

(b) if so, what is the extent of—(i) implementation of schemes, and

(ii) utilisation of allotted funds for these schemes within the prescribed time-limit ?

**Minister-in-charge of the Development and Planning Department :**

(a) Yes. (b) (i) and (ii) A copy of the quarterly progress report for the period April to June, 1982 and a copy of the note prepared by the Planning Commission on the basis of the Report are placed on the Library table. The utilisation of funds, so far, is satisfactory.

## পশ্চিম দিনাজপুর জেলায় তন্তুজীবী সোসাইটি

১১১। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৫। ) **শ্রীমসলেহউদ্দিন আহাম্মদ :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় তন্তুজীবীদের জন্য কোন সোসাইটি চালু আছে কি ; (খ) উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত সোসাইটির অধীনে কতজন তন্তুজীবী আছেন ; এবং (গ) উক্ত জেলার তন্তুজীবীদের ব্লকওয়ারী সংখ্যা কত ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ। (খ) ৮৯৭ জন।

(গ) ব্লকওয়ারী সংখ্যা নিচে দেওয়া হইল :

| ব্লকের নাম | | ১৯৭৭-৭৮ সালে অনুষ্ঠিত সমীক্ষা অনুযায়ী তন্তুজীবী সংখ্যা |
|---|---|---|
| ১। বালুরঘাট | ... | ১১০ |
| ২। কুমারগঞ্জ | ... | ১৬ |
| ৩। হিলি | ... | ৫৩ |
| ৪। তপন | ... | ১১ |
| ৫। গঙ্গারামপুর | ... | ১,৭৯১ |
| ৬। বংশীহারি | .. | ২২ |
| ৭। হেমতাবাদ | ... | ২৩ |
| ৮। কুশমুণ্ডি | ... | ২১ |
| ৯। ইটাহার | ... | ১৬৫ |
| ১০। কালিয়াগঞ্জ | ... | ৫৫ |
| ১১। রায়গঞ্জ | ... | ৫৫০ |
| ১২। করণদীঘি | ... | ২২ |
| ১৩। গোলপুকুর-১ | ... | ১৭ |
| ১৪। গোলপুকুর-২ | ... | ১১ |
| ১৫। ইসলামপুর | ... | ৫৫ |
| ১৬। চোপড়া | ... | ৫৬ |

### জলপাইগুড়ি জেলায় দেওয়ানী ও ফৌজদারী মামলার সংখ্যা

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৯।) **শ্রীসুশীল কুজর ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১লা সেপ্টেম্বর, ১৯৮২ তারিখে জলপাইগুড়ি জেলার (১) সদর আদালতে, (২) আলিপুরদুয়ার জজ কোর্টে ও (৩) জলপাইগুড়ি জজ কোর্টে বিচারাধীন (১) দেওয়ানী ও (২) ফৌজদারী মামলার সংখ্যা কত ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১৯৮২ সালের ১লা সেপ্টেম্বর জলপাইগুড়ি জেলার আদালতগুলিতে বিচারাধীন মামলার সংখ্যা ছিল নিম্নরূপ ঃ

#### দেওয়ানী মামলা

(১) সদর আদালতে — ১,৫৩৩
(২) আলিপুরদুয়ার আদালতে — ৭২৬
(৩) জেলা জজের কোর্ট — ১৮৩

#### ফৌজদারী মামলা

(১) সদর আদালতে — ৪,০৫৭
(২) আলিপুরদুয়ার আদালতে — ৪,১১০
(৩) জেলা জজের কোর্ট — ১৫৯

### সরকারী আবাসন গৃহ

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩২)। **শ্রীঅনিল মুখার্জী ঃ** আবাসণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের আগস্ট পর্যন্ত কতগুলি ফ্ল্যাট বাড়ী কলকাতা ও কলকাতার বাইরে নির্মিত হইয়াছে ;

(খ) বর্তমানে গ্রামবাংলায় কতগুলি হাউসিং এস্টেট আছে ;

(গ) হাউসিং এস্টেটের অধীনে সারা পশ্চিমবাংলায় মোট কতগুলি এম আই জি ফ্ল্যাট আছে এবং তন্মধ্যে কলিকাতায় কতগুলি ; এবং

(ঘ) ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের আগস্ট পর্যন্ত কতগুলি এম আই জি ফ্ল্যাট বিলি করা হইয়াছে ও ক্যাজুয়েল ভ্যাকেন্সিতে উক্ত ফ্ল্যাট-এর কতগুলি ঐ সময়ে কিভাবে বিলি করা হইয়াছে ?

**আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কলকাতায় নির্মিত ফ্ল্যাটের সংখ্যা মোট ৫২৪টি। কলিকাতার বাইরে নির্মিত ফ্ল্যাটের সংখ্যা মোট ২,২৬২টি।

(খ) গ্রামবাংলায় কোন হাউসিং এস্টেট নাই (ভীলেজ হাউসিং স্কীম আবাসন বিভাগের আওতার বাইরে)।

(গ) সারা পশ্চিমবাংলায় মোট এম আই জি ফ্ল্যাটের সংখ্যা ৯৪০। তন্মধ্যে কলকাতায় এম আই জি ফ্ল্যাটের সংখ্যা ৭৯২।

(খ) ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের আগস্ট পর্যন্ত বিলিকৃত এম আই জি ফ্ল্যাটের সংখ্যা ১৯টি। ক্যাজুয়েল ভ্যাকেন্সির ১৯টি ফ্ল্যা.টর সবগুলিই ক্যাজুয়েল ভ্যাকেন্সিতে বিলি করা হয়েছে।

বকেয়া আবেদনপত্রগুলি যথাযথ বিবেচনা করে উপযুক্ত প্রার্থীদের ফ্ল্যাট বিলি করা হয়।

## শ্যামনগর খৃষ্টান হাসপাতাল

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৭।) **শ্রীনীহারকুমার বসু :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জগদ্দল বিধানসভা কেন্দ্রের অধীন শ্যামনগর খৃস্টান হাসপাতালটি অধিগ্রহণ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** হাসপাতালটি সরকারী প্রশাসকের অধীনে আছে। পূর্ণ অধিগ্রহণ যথাসময়ে বিবেচিত হবে।

## সিলিকেট এবং রিফ্র্যাক্টরীজ শিল্পে ন্যূনতম বেতন

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯২।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সিলিকেট এবং রিফ্রাক্টরীজ শিল্পে ন্যূনতম বেতন ধার্য করা হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে, উহার মাসিক হার কত ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না, হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## কৃষ্ণনগর পৌরসভাকে দেয় অর্থ

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১০। **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ এবং ১৮৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ সরকার কৃষ্ণনগর পৌরসভাকে কোন্ কোন্ খাতে কত টাকা দিয়াছেন ?

(খ) উক্ত টাকা নির্ধারিত খাতে ব্যয় হইয়াছে কি ; এবং

(খ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) উক্ত বৎসরগুলিতে বিভিন্ন খাতে কৃষ্ণনগর পৌরসভাকে যত টাকা দেওয়া হইয়াছে উহার তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) হ্যাঁ। কয়েকটি খাতে কিছু টাকা অবশিষ্ট আছে যাহা নির্দিষ্ট খাতেই ব্যয়ের জন্য ব্যবস্থা গৃহীত হইতেছে।

(গ) প্রশ্ন উঠে না।

*Statement referred to in reply to clause 'Kha' of unstarred question No. 116 (Admitted question No. 1910)*

| | | Octroi Grant | Surcharge on M U. Taxes | Grant regarding Development of Municipal Areas | Comprehensive Development of selected town | Conversion of service privies into sanitary latrines | Construction of community hall/commercial estates | Grantss for restoration of flood damaged roads |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) |
| | | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. |
| 1978-79 | .. | 3,73,034 | 80,455 | 2,86,842 | 96,000 | 70,480 | 2,00,000 | 2,88,000 |
| 1979-80 | .. | 5,88,993 | 1,50,000 | 2,90,000 | 1,30,000 | 1,10,000 | .. | .. |
| 1980-81 | .. | 6,54,000 | 2,00,000 | 2,90,000 | 1,27,000 | 90,000 | .. | .. |
| 1981-82 | .. | 8,25,000 | .. | 9,82,000 | .. | .. | .. | .. |

| | | Loans/Grants for restoration of water supply due to flood | Supply of drinking water to flood affected Local bodies | House building grant due to flood | Drought allocation | Short term development | Grants for sinking hand operated tubewells | Total of amount received by the Krishnanagar Municipality |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | (8) | (9) | (10) | (11) | (12) | (13) | (14) |
| | | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. |
| 1978-79 | .. | 70,000 | 1,72,200 | 4,52,275 | .. | .. | 14,000 | 21,03,286 |
| 1979-80 | .. | .. | .. | .. | 30,000 | 1,70,000 | .. | 14,68,993 |
| 1980-81 | .. | .. | .. | .. | .. | .. | .. | 13,61,000 |
| 1981-82 | | | | | | | | 18,07,000 |

## গো-প্রজনন কেন্দ্র

১১৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯১৪। ) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ও কোচবিহার জেলায় কয়টি গো-প্রজনন কেন্দ্র ও উপকেন্দ্র আছে;

(খ) উক্ত কেন্দ্রগুলি হইতে ১৯৭৭-৭৮ হইতে ১৯৮১-৮২ পর্যন্ত পশ্চিমবঙ্গে ও কোচবিহারে কতটি প্রজনন ঘটান হইয়াছে;

(গ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে বাছুর মারা গিয়াছে; এবং

(ঘ) গো-প্রজননের পর গাভীকে ও জন্মের পর বাছুরকে লালন করার কি ব্যবস্থা আছে ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) পশ্চিমবঙ্গে গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা ১৩১টি ও উপকেন্দ্রের সংখ্যা ১,২১২টি।

কোচবিহার জেলায় গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা ৬টি ও উপকেন্দ্রের সংখ্যা ৬০টি।

(খ) ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮১-৮২ পর্যন্ত প্রজননের বার্ষিক খতিয়ান ঃ—

| | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ |
|---|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ ... | ২,৩৭,৬২৪ | ২,৫২,৯৩৮ | ২,৮৯,৯৯০ | ২,৭৩,০১৪ | ২,৮০,০০৪ |
| কোচবিহার ... | ২,৪৭৪ | ১০,২৫৪ | ৯,৬২৪ | ৯,৬৫২ | ১১,৮৭৪ |

(গ) এ ধরণের কোন পরিসংখ্যান এখন দেওয়া সম্ভব হচ্ছে না। কারণ গৃহপালিত পশুপক্ষী গণনার প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) এ রাজ্যের মালদা, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, হুগলী, বর্ধমান, নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার পৌর এলাকা বহির্ভূত এলাকায় বিশেষ পশুপালন কর্মসূচীর মাধ্যমে প্রান্তিক চাষী, ক্ষুদ্রচাষী এবং ক্ষেত মজুর খামারীদের সংকর বাছুর প্রতিপালনে সাহায্য করা হয়। বিশেষ পশুপালন কর্মসূচীর ( স্পেশাল লাইভস্টক প্রোডাকসান প্রোগ্রাম ) এবং খরাপ্রবণ এলাকা কর্মসূচীর ভিত্তিতে উল্লিখিত শ্রেণীর পশুখামারীদের শংকর বকনা বাছুর পালনের জন্য ৪ মাস থেকে ২৮ মাস বয়স পর্যন্ত খাদ্য ভরতুকী বাবদ শতকরা ৫০ ভাগ অনুদান দেওয়া হয়। বাকী ৫০ ভাগ ব্যাঙ্ক ঋণ করে খামারীরা পেতে পারেন। এই দুই কর্মসূচীতে এ পর্যন্ত পশ্চিমবাংলায় মোট ৩,৩০০ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ৪১৫ জনের আবেদন বিভিন্ন ব্যাঙ্কে বিবেচনাধীন আছে। তা ছাড়া প্রতি জেলাতেই পশুখাদ্য উৎপাদনের এবং সবুজ ঘাসের চাষের কর্মসূচি আছে। এ ছাড়া গ্রামীণ কর্মসূচীর মাধ্যমে উন্নতমানের লালন-পালন শেখান হয়।

## আবগারী কর হইতে সরকারের আয়

১১৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯২৬। ) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১ সালে বিভিন্ন আবগারী কর হতে রাজ্য সরকারের মোট কত আয় হইয়াছিল;

(খ) তন্মধ্যে কত টাকা আবগারী বিভাগের ব্যবস্থাপনায় খরচ হইয়াছিল ?

**আবগারী বিভাগের মন্ত্রীমহাশয় :** আবগারী বিভাগের আয়ব্যয়ের হিসা আর্থিক বৎসর ( এপ্রিল থেকে মার্চ ) অনুযায়ী রাখা হয়, তদনুযায়ী উত্তর দেওয়া হইল।

(ক) ১৯৮১-৮২ সালে বিভিন্ন আবগারী কর হইতে রাজ্য সরকারের মো ৫৮,০৬,১৪,৩৮৩ ( আটান্ন কোটি ছয় লক্ষ চৌদ্দ হাজার তিনশত তিরাশি ) টাক আদায় হইয়াছিল।

(খ) ১৯৮১-৮২ সালে সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী আবগারী বিভাগে জন্য মোট ৪,০৭,৮৩,০০০ ( চার কোটি সাত লক্ষ তিরাশি হাজার ) টাকা ব্য হইয়াছিল।

আবগারী বিভাগ হইতে সরকারের যে রাজস্ব আদায় হয় তাহার কোন অংশ সরাসরি আবগারী বিভাগের ব্যবস্থাপনায় খরচ হয় না। আবগারী রাজস্ব যাহা আদা হয় তাহা কনসলিডেটেড ফাণ্ড অব দি স্টেট-এ জমা পড়ে এবং আবগারী বিভাগের জ যাহা ব্যয় হয় তাহা কনসলিডেটেড ফাণ্ড অব দি স্টেট হইতে ব্যয় হয়।

## কুলপী ও মন্দিরবাজার ব্লকে সমবায় কৃষি-উন্নয়ন সমিতি

১১৯। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯৪২। ) **শ্রীকৃষ্ণধন হালদার :** সমবা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় কুলপী ও মন্দিরবাজার ব্লকে মোট কয়টি সমবা কৃষি-উন্নয়ন সমিতি আছে, তাহাদের নাম ও ঠিকানা কি ;

(ক) উক্ত সমিতিগুলির মধ্যে কয়টি চালু অবস্থায় আছে ; এবং

(গ) কোন্ কোন্ সমিতির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) কুলপী ব্লকে ১৫টি এবং মন্দিরবাজা ব্লকে ১৯টি কৃষি-উন্নয়ন সমিতি আছে। ঐগুলির নাম, ঠিকানা নিম্নে দেওয়া হল।

(খ) ত্রিশটি।

(গ) মন্দিরবাজার ব্লকে দয়ারামপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ-এ প্রাক্তন সম্পাদকের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যা লিঃ-এর ডায়মণ্ডহারবার ইউনিট কোর্টে মামলা দায়ের করিয়াছে। বিবাদী জামি খালাস আছেন। কেস চলিতেছে।

Statement referred to in reply to Clause 'Ka' of Unstarred Q. No. 119 (Admitted Q. No. 1942)

### কুলপী ব্লক

১। অশ্বত্থতলা সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ নিশ্চিন্তপুর

২। চাকুন্দবেড়িয়া সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ বেলপুকুর

৩। দিঘিরপাড় সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ বেলপুকুর

৪। দক্ষিণ কাশীপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কেওড়াতলা

৫। কৃষ্ণরামপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ ধোলাহাট

৬। কুলপী দুর্গানগর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কুলপী

৭। কৈখালি সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম কৈখালি, পোঃ গাববেড়িয়া

৮। কোচফল সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম কোচফল, পোঃ ধোলাহাট

৯। কালিবেড়িয়া সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ এনায়েতপুর

১০। মিঠাকুণ্ডু সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কুলপী

১১। নাখালি সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কেওড়াতলা

১২। পশ্চিম গোপালনগর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কুলপী

১৩। রঙফলা সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ বেলপুকুর

১৪। পদ্মা পুকুরিয়া কাটাবেড়িয়া সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ করঞ্জলি

১৫। কেওড়াতলা ভৈরবীনগর ও ভৈরবীতলা সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ কেওড়াতলা।

### মন্দিরবাজার ব্লক

১। বৈদ্যপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম বৈদ্যপুর, পোঃ আটেশ্বর

২। বাগাড়িয়া সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম এবং পোঃ বাগাড়িয়া

৩। বনমসিদ সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম বনমসিদ, গোঃ গোমুখবেড়িয়া

৪। চকবৈদ্য সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম চকবৈদ্য, পোঃ .সিদ্ধেশ্বরপুর

৫। চৌখড়ি সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম চৌখড়ি, পোঃ পঞ্চানন

৬। চণ্ডীপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম চণ্ডীপুর, পোঃ গোপালপুর

৭। গোপালপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম গোপালপুর, পোঃ ঘাটেশ্বর

৮। গুমুখবেড়িয়া সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম গুমুখবেড়িয়া

৯। গোপালনগর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ রামবাটি গোপালনগর

১০। জামালপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম জামালপুর, পোঃ চণ্ডীপুর

১১। কৃষ্ণপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম কৃষ্ণপুর, পোঃ ধোপাহাট কৃষ্ণপুর

১২। কৃষিবান্ধব সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ নৈরণ্টপুর, কৃষ্ণপুর

১৩। মৌরালতলা সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম মৌরালতলা, পোঃ নৈরণ্টপুর কৃষ্ণপুর

১৪। মুকুন্দপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ রাধানগর

১৫। রাজারামপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম রাজারামপুর, পোঃ বাগাড়িয়া

১৬। রামনাথপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম রামনাথপুর, পোঃ মন্দির-বাজার

১৭। সিদ্ধেশ্বরপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, পোঃ সিদ্ধেশ্বরপুর

১৮। সিদ্ধিবেড়িয়া নারায়ণপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম নারায়ণপুর, পোঃ গাজীপুর

১৯। দয়ারামপুর সমবায় কৃষি-উন্নয়ন সমিতি লিঃ, গ্রাম দয়ারামপুর, পোঃ গাব-বেড়িয়া।

## সিউড়ী ও রামপুরহাট কর্মবিনিয়োগ কেন্দ্রের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৪।) **শ্রীবনমালী দাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সিউড়ী ও রামপুরহাট কর্মবিনিয়োগ কেন্দ্রের বিরুদ্ধে সম্প্রতি কোন দুর্নীতির অভিযোগ পাইয়াছেন কি ; এবং

(খ) পাইয়া থাকিলে, সে সম্পর্কে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) সিউড়ির অভিযোগ সম্পর্কে বিভাগীয় তদন্তসাপেক্ষে একজন অফিস কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। পূর্ণাঙ্গ তদন্তের জন্য জেলা ভিজিল্যান্স অফিসারের নিকট বিষয়টি পাঠানো হইয়াছে।

রাদপুরহাটের অভিযোগটির তদন্ত করা হইয়াছে। তদন্তকারীর রিপোর্টটি বিবেচনাধীন রহিয়াছে।

**মিঃ স্পীকার ঃ** বাকী সমস্ত প্রশ্নগুলি হেল্ডওভার। এগুলি খুব সম্ভবতঃ রিটিন হয়ে যাবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমি গতবার যে কয়েকটি প্রশ্ন দিয়েছিলাম তার মধ্যে আমার একটি প্রশ্ন ছিল মুখ্যমন্ত্রীর লায়াবিলিটিজ এবং য়্যাসেটস সিন্স ১৯৭৭। এবারও সেম কোয়েশ্চেন দিয়েছি। ১৯৭৭ থেকে ৬ বার দিয়েছি, আজ পর্যন্ত তার উত্তর পাইনি। আর একটা প্রশ্ন দিয়েছিলাম মুখ্যমন্ত্রীর দিল্লী যাবার ব্যাপারে বছরে টোটাল কত টাকা খরচ হয়। কিন্তু আজ পর্যন্ত তারও হিসাব পাইনি। আপনি দয়া করে প্রশ্নের ফাইলটা দেখবেন। একটা প্রশ্ন ছিল ১৯৭৭ থেকে আই ওয়াণ্ট টু নো the assets and liabilities of the Chief Minister.

**মিঃ স্পীকার ঃ** আমার যা ইনফরমেশান তাতে মুখ্যমন্ত্রীর দিল্লী যাবার যাতায়াতের ব্যাপারে খরচা কালকে টেবিলে লে করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনাকে ডেপুটি সেক্রেটারী মিসলিড করছেন। ১৯৭৭ থেকে য়্যাসেটস এবং লায়াবেলিটিজ কি তা পাইনি। গতবার স্পীকার ধমকে দিয়ে ছিলেন। ১৯৭৭ থেকে লায়বেলিটিজ এবং য়্যাসেটস কি সেটা বিধানসভায় আলোচনা করেছি। তাঁর কি ছিল সেটা আমরা জানি এবং এখন কি হয়েছে সেটাও জানি।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** স্যার, ২২শে সেপ্টেম্বর আমি যখন বিধানসভায় ছিলাম না তখন আমার ছোট ভাই অশোক ঘোষ আমার সম্পর্কে আমার নাম করে কতকগুলি কথা বলেছেন। তিনি মিউনিসিপ্যালিটি সম্পর্কে অভিজ্ঞ। তিনি বেশ কিছুদিন মিউনিসিপ্যালিটিতে কাজ করেছেন। তবে কাজ কিছু করেননি, অকাজ কিছু করেছেন। তিনি আমার বাড়ীর ট্যাক্স সম্পর্কে বলেছেন। আমি এ ব্যাপারে তাঁকে বলছি যে তিনি যখন মিউনিসিপ্যালিটিতে কাজ করেন তখন তাঁর জানা দরকার যে মিউনিসিপ্যাল ট্যাক্স কারা নির্ধারণ করেন ? কোন কমিশনার এবং চেয়ারম্যান এ কাজ করেন না। তিনি যে সময়ের কথা বলেছেন সে সময়ে ব-কলমে কংগ্রেস সরকার ছিল। সেখানে য়্যাড-মিনিস্ট্রেটার ছিল। এসব তথ্য তিনি জানেন। আপনার অবগতির জন্য বলছি মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির চেয়ারম্যান যেখানে যেখানে য়্যাসেসমেণ্ট হয়েছে তাঁরা তা

তা সরকারের কাছে লিখিতভাবে জানিয়েছেন অনেক বেশি অ্যাসেসমেণ্ট। সেকসন ১৩৮ অনুযায়ী দরকার হলে এনকোয়ারী করে যথাযোগ্য ট্যাক্স করুন। আমি ১৯৮০ সালের ২৮শে জুলায়ের এই চিঠি সরকারের কাছে জমা দিই। এনকোয়ারী হয় এবং দেখা গেছে ঠিক হয়েছে। অশোকবাবু যেটা করলেন সেটা হচ্ছে মিউনিসিপ্যালিটির খাতা সে যা হোক চুরি করিয়েছেন।

[1-50—2-00 p.m.]

কথা হচ্ছে তিনি এর সার্টিফায়েড কপি নিতে পারতেন, কিন্তু তা না করে অফিসিয়াল রেকর্ড বাইরে নিয়ে গিয়ে জেরক্স করা হয়েছে। উনি যা করলেন তাতে এই খাতা যারা রাখত তাদের চাকরির বারোটা বাজিয়ে দিলেন। ভবিষ্যতে এটা করবেন না, করলে যথাযোগ্যভাবে করবেন, সভ্য উপস্থিত না থাকলে এইসব করবেন না।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব ক্ষোভের কথা যে পরিষদীয় মন্ত্রী পতিত পাবন পাঠক মহাশয় মন্ত্রী হওয়ার পর থেকে বলার কোন সুযোগ পাচ্ছিলেন না, আমার একটা বক্তব্যকে কেন্দ্র করে উনি ৫ মিনিট ভাষণ দেবার সুযোগ পেলেন। ব্যাপারটা হচ্ছে হাওড়া পৌর সভায় আমি ২০ বছর চাকরি করেছি, অকাজ করেছি কি কুকাজ করেছি সেটা ভিন্ন কথা, কিন্তু উনি সি. পি. এম. হয়ে কি কাজ করেছেন সেটা বলেছি। ১৯৭৪ সালে ওঁনার বাড়ীর ট্যাক্সের যে এ্যাসেসমেণ্ট ছিল, তখন কংগ্রস আমল, এ্যাডমিনিস্ট্রেটর ছিলেন, ১৯৮১ সালে ৫ বছর বাদে উনি সেই বাড়ী তিন তলা করেছেন, মোজাইক করেছেন, কিন্তু বাড়ীর ট্যাক্স সেইভাবে বাড়েনি এই কথা বলেছি। উনি বালী পৌরসভার চেয়ারম্যান ছিলেন, তখন কংগ্রেস আমল নয়, এ্যাডমিনিস্ট্রেটর ছিলেন না, বাড়ীর ট্যাক্স কিন্তু সেই পরিমাণে বাড়েনি। আমি চ্যালেঞ্জ করছি, তার ফটোস্ট্যাট কপি দিয়ে দিতে পারি, এরজন্য উনি হাইকোর্ট, সুপ্রীম কোর্ট যেখানেই যান না কেন আমি ফেস করতে রাজী আছি।

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** মাননীয় স্পীকার, স্যার, গতকাল মেনসানের সময় মাননীয় সদস্য শ্রীঅশোক ঘোষ একটা বিষয়ে উল্লেখ করেছিলেন, আমরা সেই বিষয়ে কিছু তথ্য খোঁজ খবর করেছি এবং সেই বিষয়ে কিছু তথ্য মাননীয় সদস্যদের কাছে দিতে চাই। গত ৪ তারিখে দিল্লীতে যে যুদ্ধ বিরতি শান্তি মিছিল হয়েছে তাতে যোগ দেবার জন্য পশ্চিমবঙ্গ থেকে যাঁরা গিয়েছিলেন তাঁরা ২ তারিখে একটা স্পেশাল ট্রেনে রওনা হন এবং স্পেশাল ট্রেনে রওনার ব্যাপারে ২ তারিখে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত হাওড়া স্টেশনে কিছু সমস্যা হয়েছে। মাননীয় সদস্য অশোকবাবু কোন ভেরিফিকেশান না করে ঘটনা কি ঘটেছে কোন তথ্য না জেনে কালকে কিছু বিষোদ্গার করলেন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে যে ওখানে খুব হামলাবাজী করা হয়েছে, অসভ্যতা করা হয়েছে। আমরা খোঁজ খবর নিয়ে দেখলাম যে একটা স্পেশাল ট্রেন যাওয়ার জন্য যে টাকা জমা দেওয়া হয়েছিল, হিসাব করে দেখা গেছে যে ১ লক্ষ ৭৯ হাজার টাকা, সেই টাকা বাবদ ১০টা বগী স্লীপার বার্থ তাদের পাওয়ার কথা সেটা পাওয়া যায়নি এবং তারপরে স্লীপার বার্থের বদলে অন্য ব্যবস্থা দেওয়াতে তাঁরা প্রতিবাদ করেন। সেখানে সংসদ সদস্যরা ছিলেন, তাঁরা হাওড়া স্টেশন কর্তৃপক্ষের সঙ্গে দেখা সাক্ষাৎ করেন কিন্তু

তাতেও কোন সুরাহা হয়নি। তখন বলা হয় যে আমাদের রওনা হতে না দিলে আমরা গুরুত্বপূর্ণ কর্মসূচীতে যাচ্ছি আমরা অন্য কোন ট্রেনকে যেতে দেব না। অত্যন্ত সুশৃংখলভাবে শান্তিপূর্ণভাবে সেখানে বিক্ষোভ দেখান হয়েছে। আমাদের কাছে অভিযোগ আছে হাওড়া স্টেশন সুপারিনটেনডেণ্টের পক্ষ থেকে এম. পি.-দের উপর দুর্ব্যবহার করা হয়েছে, তারও প্রতিবাদ করা হয়েছে কিন্তু শেষ পর্যন্ত সকলের চাপে যেহেতু এটা স্টেশন কর্তৃপক্ষের ত্রুটি এবং গলদ সেজন্য তাঁরা সেই ত্রুটি এবং গলদ সংশোধন করতে বাধ্য হন, সন্ধ্যার পরে সেই স্পেশাল ট্রেন রওনা হয়। সেখানে শান্তিপূর্ণ বিক্ষোভের ফলে যে ২/৩টি ট্রেন আটকে গিয়েছিল সেই ট্রেনের যাত্রীদের সঙ্গে স্পেশাল ট্রেনের যাত্রীদের দীর্ঘক্ষণ আলাপ-আলোচনা হয়, অন্যান্য সমস্ত ট্রেনের যাত্রীরাও এই বিক্ষোভে অংশ গ্রহণ করেন।

কিন্তু সেটা অন্য কথা। প্রশ্ন উঠেছে কার দোষে এই ঘটনা ঘটেছে। আমাদের কেন্দ্রীয় রেলমন্ত্রীকে এই ঘটনার কথা জানানো হয়েছে এবং কেন্দ্রীয় রেলমন্ত্রী সংসদ সদস্য শ্রীসমর মুখার্জীকে একটি চিঠি দিয়েছেন এবং সেই চিঠি আমি হাউসের সামনে রাখতে চাচ্ছি। গতকাল এই সমস্ত কথাবার্তা এখানে হবার পর আমি খোঁজখবর করে এটি সংগ্রহ করেছি। সংসদ সদস্য সমর মুখার্জীকে লিখেছেন।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** হাউসে এটা মেনশান করা হয়েছিল, তাই উনি বিবৃতি দিচ্ছেন।

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** আমার গলায় যথেষ্ট জোর আছে, কাজেই ওরকম গোলমাল করে কিছু লাভ হবে না। কেন্দ্রীয় রেলমন্ত্রী সমর মুখার্জীকে যে চিঠি লিখেছেন সেটা আমি হাউসে রাখতে চাচ্ছি। রেলমন্ত্রী লিখেছেন, Dear Shri Mukherjee, I was on tour on 2.10.82 and 3.10.82. After coming back I came to know that there has been some confusion about providing sleeper births, etc. in the special train arranged by the Eastern Railway from Howrah for carrying Kisan Sabha members to Delhi on 2.10.82. I am told that there had been some mistakes at lower levels. অর্থাৎ নীচুতলার অফিসাররা কিছু ভুল করেছি বলে এই পরিস্থিতির উদ্ভব হয়েছিল একথা তিনি বলছেন। I am looking into the matter. Meanwhile I convey my regrets to you for the inconvenience caused to the passengers due to delayed departure of the train. রেলমন্ত্রী সংসদ সদস্যের কাছে রেল বিভাগের ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করে চিঠি দিয়েছেন এবং তাতে তিনি বলেছেন, I am looking into further details about it. I have already directed all concerned to be utmost careful about recurrence of such incidents in future. স্যার, আমি এটা সদস্যদের অবগতির জন্য হাউসে প্লেস করলাম, আমাদের পাবলিক বিহেভিয়ারের একটা স্ট্যানডার্ড আছে যেটা ওদের স্ট্যানডার্ডের সঙ্গে মেলেনা এ কথাটা যেন ওঁরা মনে রাখেন।

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker** : I have rceeived 8 notices of calling attention namely :

1. Damage of crop in Arambagh due to drought — Shri Abdul Mannan.
2. Alleged black-marketting of blood by Varuka Blood Bank — Shri Abdul Mannan.
3. Difficulties of common people due to reduction in Rationed rice — Shri Abdul Mannan.
4. Critical condition of the Patients in Burdwan Medical College and Hospital due to non-co-operation of the doctors — Shri Abdul Mannan.
5. Alleged charge of mal-practice against Shri Prasanta Kumar Sur, Minister in the construction of Uttarpara Community Hall — Shri Abdul Mannan.
6. Damage of Aman crop due to drought in Midnapur — Shri Sunil De.
7. Difficulties of poor farmers and agricultural labourers due to drought — Shri Himanshu Konar.
8. Critical food-situation in the State — Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of critical condition of the patients in Burdwan Medical College and Hospital due to non-cooperation of the doctors. Minister-in-Charge may give reply to-day, if possible, or give a date.

**শ্রীপতিত পাবন পাঠক** ঃ ১১ তারিখে রিপ্লাই দেব।

MENTION CASES

**শ্রীনীরদ রায় চৌধুরী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধানসভার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে গোটা উত্তর ২৪ পরগণায় খরা চলছে। ক্ষেত মজুররা কোন কাজ পাচ্ছে না। তারা অনাহারে দিন কাটাচ্ছে। গত ৬০-৬২ দিন ধরে কোন বৃষ্টি হচ্ছে না। সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে। গতকাল ৫।১০।৮২ তারিখে প্রায় ৫০০ ক্ষেত মজুর ও গরীব কৃষক আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ মন্ত্রীর কাছে একটি স্মারকলিপি পেশ করেছে। তারা আজকে বেকার হয়ে পড়েছে। ঐ স্মারকলিপিতে তারা আবেদন জানিয়েছে এক তাদের বেকার ভাতা দেওয়া হোক কিংবা তাদের কাজ দেওয়া হোক যাতে তারা জীবন ধারণ করতে পারে। এই দাবী অত্যন্ত ন্যায়সঙ্গত। এর একটা বিহিত করার জন্য আমি ত্রানমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীরামপদ মাণ্ডী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাণীবাঁধ, রায়পুর, বীনপুর, খাতড়া; মানবাজার থানা অঞ্চলের মানুষরা কঠিন পরিশ্রম করে। কিন্তু সেই পরিমাণে তারা খেতে পায় না। তার ফলে তাদের খাদ্যের অভাব পূরণ হয় না। এবং এই জ্বালা যন্ত্রণা ভোলার জন্য তারা মদ খায়। এই অবস্থায় সেখানে টি. বি. রোগের খুবই প্রাদুর্ভাব বেড়েছে। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি সেখানে একটা টি. বি. হাসপাতাল ও একটা স্যানিটোরিয়াম করার জন্য।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় বাঁকুড়া সংসদ নামে কলকাতার বুকে একটি প্রতিষ্ঠান আছে। প্রতিষ্ঠানটি মূলতঃ কৃষ্টি ও সাংস্কৃতিমূলক। এই সংস্থার সঙ্গে জড়িত আছেন হাইকোর্টের বিচারপতি, শিক্ষক অধ্যাপক এবং বিভিন্ন বিভাগের কর্মচারী। বাঁকুড়া জেলা থেকে যে সমস্ত বেকার যুবক এখানে চাকুরীর জন্য আসেন এই সংস্থা তাদের থাকার ব্যবস্থা করেন, রোগের চিকিৎসার জন্য যে সমস্ত রোগী আসেন তাদের যোগাযোগ করে দেন, গরীব ছেলেদের লেখাপড়ার জন্য সাহায্য করেন। কিছুদিন আগে জেলার বিধেয়কদের জন্য একটা সম্বর্ধনা সভা এরা করেছিলেন। এই সংস্থা একটি ভবন নির্মাণের উদ্দেশ্যে জেলা থেকে নির্বাচিত বিধেয়কদের মাধ্যমে সরকারের কাছে একটু জমির জন্য আবেদনও করেছিলেন। আমি পৌরমন্ত্রীকে বলবো তিনি যে এই বিষয়টি একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। এবং যাতে তারা বিনা পয়সায় কিংবা নাম মাত্র মূল্যে একটি জমি পান তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি বিষয়ের প্রতি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সিঙ্গুর ডি. ভি. সি. সেচ প্রকল্পের টেল এণ্ডে পড়ে। বৈজ্ঞানিক প্রথায় চাষ আবাদে সিঙ্গুরের চাষীরা অগ্রনী। অনেক কাঠ খড় পুড়িয়ে সি. পি. এম.-প্রধানদের রক্ত গঙ্গা বয়ানোর হুমকী জেলা পরিষদের সভায় দেওয়া সত্বেও অনেক চেষ্টায় সিঙ্গুরে জল আসে আগষ্টের মাঝখানে। ধান রোয়া নিড়ান সার দেওয়া সব কাজ শেষ। কিন্তু আজ প্রায় ১৮।২০ দিন জলের কোন পাত্তা নেই। অথচ ডি. ভি. সি.-র আপার ক্যাচমেণ্টে জল দেওয়া হচ্ছে। সিঙ্গুরের চাষীরা ধনে প্রাণে মরতে বসেছে। সিঙ্গুরের এই উচ্চ ফলনসীল ধান এখন গর্ভমুখী। এই ফসলকে বাঁচিয়ে চাষীদের মরার অবস্থা থেকে রক্ষা করে দেশের খাদ্যোৎপাদনে এগিয়ে আসুন — এটাই আমার অনুরোধ।

[2-00—2-10 p.m.]

**শ্রীঅনন্ত সরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রী এবং মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের দুটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নয়াগ্রাম থানার ৯টি বুকে এখন ভয়াবহ খরা চলছে। প্রায় ৬০ শতাংশ আমন ধানের গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই জন্য আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো অবিলম্বে সেখানে তিনি পাম্পসেট মেসিনের দ্বারা সেচের ব্যবস্থা করুন এবং সঙ্গে সঙ্গে মাননীয় ত্রানমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি; তিনি খরা ত্রানের ব্যবস্থা করুন।

**শ্রীঅবন্তি মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার রামনগর থানার জনৈক ভারপ্রাপ্ত পুলিশ অফিসার, রামনগর থানার কয়েকজন সি. পি. এম. ক্যাডারকে নিয়ে উত্তর শিলা গ্রামের জনৈক মহিলার প্রতি অশালীন ব্যবহার করেছেন। আমি এই সমস্ত বর্বরোচিত কাজের তীব্র প্রতিবাদ করছি এবং তীব্র নিন্দা করছি এবং ভবিষ্যতে যাতে এই মাতৃ জাতির অবমাননা না করা হয়, এই বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি

অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, স্থানীয় কংগ্রেস কর্মী প্রমথনাথ রথ, তিনি এই কুকাজের প্রতিবাদ জানালে সি. পি. এম. এর কর্মীরা তাকে হুমকি দিচ্ছে।

**শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস আমল থেকে আজ পর্য্যন্ত বহু আবেদন নিবেদন, দরখাস্ত, রাস্তা অবরোধ করেও বজবজ ট্রাঙ্ক রোডকে যানবাহন চলার উপযোগী এবং মানুষের চলাচলের উপযোগী করে তোলা গেল না। রাস্তায় বড় বড় গর্ত, রাস্তার দু ধারে বেআইনী ভাবে দোকানপাট এবং সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে পেট্রলের বড় বড় ট্যাঙ্কারগুলো রাস্তা জুড়ে দাঁড়িয়ে থাকে। গত কয়েক বছর ধরে চেষ্টা করেও কোন সুরাহা হয়নি। এর ফলে এ্যাকসিডেণ্টে মানুষ মারা যায়। এই অবস্থায় আমার প্রস্তাব হচ্ছে ঐ সব বেআইনী দোকানপাটগুলো অপসারণ করতে হবে, পি. ডবলিউ. ডি. থেকে রাস্তা যাতে মেরামত করা হয় তার ব্যবস্থা করতে হবে এবং ঐ যে পেট্রল ট্যাঙ্কারগুলো দাঁড়িয়ে থাকে, ঐগুলোকে পেট্রল ডিপোর ভিতরে ৩০ গজ যদি সরিয়ে নিয়ে যাওয়া যায় তাহলে কিছুটা সুরাহা হতে পারে। এই ব্যাপারে পেট্রল কোম্পানী, পোর্ট কমিশনার, এবং আমাদের সরকারের তরফ থেকে আলোচনা করে একটা ব্যবস্থা গ্রহণ করা হোক। কারণ বজবজ ট্রাংক রোডের অবস্থা অত্যন্ত কাহিল হয়ে পড়েছে। সেখানকার ১৬ শত লোক একটা দরখাস্ত এই সরকারের কাছে দিয়েছেন, আমি আপনার মাধ্যমে সেই দরখাস্তটি সরকারের কাছে দিচ্ছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রশান্ত শূর মহাশয়ের বিরুদ্ধে তৃতীয় কিস্তি অভিযোগ পেশ করছি, যদি ক্ষমতা থাকে তিনি এই ব্যাপারে অস্বীকার করবেন, কারণ তিনি এখানে বসে আছেন। আপনি জানেন যে সল্ট লেকে স্বর্গতঃ বিধানচন্দ্র রায়ের একটা কল্পনা ছিল, সেখানে বাঙালী মধ্যবিত্তরা বসবাস করবে। সেইজন্য তাঁর নামে এই সল্ট লোকর নাম হয়েছে বিধান নগর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোন প্রাদেশিকতার বা বিচ্ছিন্নতার কথা বলছি না, আমি যেটা বলছি বাঙ্গালী হিসাবে পশ্চিমবাংলার বিধানসভার এই কথা বলছি এবং এটা তোলার নিশ্চয়ই আমার অধিকার আছে। একটা লিষ্ট আমি আপনার মাধ্যমে দাখিল করতে চাই, Names of Persons allotted Lands in the Salt Lake as special case recommended by Shri Prasanta Kumar Sur. তাতে যে নামগুলো আছে, তার করেকটি নাম আমি পড়বো। জে. এম. আগরওয়ালা, বি. কে. আগরওয়ালা, এস. পি. আগরওয়ালা।

[2-10—2-20 p.m.]

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** শ্রী এ. কে. আগরওয়াল, শ্রী আর. এন. আগরওয়াল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলেছেন এটা অর্ডিনারি মেনসান নয়। আমি তাই বলছি এই যে প্লটগুলি দেওয়া হয়েছে, এর প্রত্যেকটিই খুব ইমপরট্যাণ্ট প্লট। রাস্তাগুলি যেখান থেকে বেরিয়ে গেছে তার পাশাপাশি প্লট এইগুলি এবং ভবিষ্যতে এগুলিতে একটা বিজনেস সেণ্টার হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩৮টি নাম আমার কাছে

আছে এবং প্রশান্তবাবুর স্পেশাল রেকমেণ্ডেসনে এগুলি দেওয়া হয়েছে। স্যার, আই হ্যাভ গট এভরি রিজন্ টু বিলিভ যে কিছু ডিজনেষ্টি নিশ্চয় আছে। এতগুলি নন-বেঙ্গলিকে এই রকম ইমপরট্যাণ্ট প্লট দিয়ে দেবার জুরিসড়িকসান ওঁর ছিল না। উনি এখুনি উঠে আপনার মাধ্যমে বলবেন সত্যবাবু যে নামগুলি বললেন এটা অসত্য — স্যার, আমি আপনার মাধ্যমে লিষ্টটি দিয়ে দিচ্ছি, আপনি ক্যালকাটা হাইকোর্টের সিটিং জাজকে দিয়ে বিচার করান যে এই মন্ত্রী সত্যিকারে দুর্নীতিগ্রস্ত কিনা —এটা করলে আপনি দেখতে পাবেন, আমার অভিযোগ সব সত্যি।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলীর বক্তব্যের উপর আমি এই কথা বলতে চাই — আমি যে জমি দিয়েছি তা সঠিক ভাবেই দিয়েছি, প্রয়োজন হলে আরো একশোবার দেব, আপনাদের জিজ্ঞাসা করে দেব না। এর মধ্যে কোন দুর্নীতি নেই, নিয়ম মাফিকই জমি দেওয়া হয়েছে। সুতরাং যারা দুর্নীতিগ্রস্ত তারা চিরদিন দুর্নীতির কথাই ভাবেন। দুর্নীতিগ্রস্তরাই এই সব কথা বলেন। আমি এই কথা বলতে চাই বাঙালী ছাড়া অন্য কাউকে জমি দেওয়া যাবে না — শুধু বাঙালীকে জমি দিতে হবে, অবাঙালীকে জমি দেওয়া অন্যায় — আমি মনে করি আমাদের ভারতবর্ষ একটা সেকুলার ষ্টেট। কাজেই সেখানে যদি নন-বেঙ্গলিদের জমি দেওয়া হয় তাহলে তাতে অন্যায়ের কিছু নেই।

( গোলমাল )

**শ্রীএম. আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২রা অক্টোবরের হাওড়া ষ্টেশনের ঘটনাকে কেন্দ্র করে গতকাল মেনসান আওয়ারে মাননীয় সদস্য অশোক ঘোষ মহাশয় যে অসত্য ভাষণ দিয়েছিলেন সেই ব্যাপারে বিস্তারিতভাবে আমাদের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী শংকর গুপ্ত তার উত্তর দিয়েছেন। তাছাড়া এই ব্যাপারে কেন্দ্রীয় রেলমন্ত্রী লোকসভার বিরোধী দলের নেতা সমর মুখার্জির কাছে ক্ষমা চেয়ে চিঠি দিয়েছেন। কাজেই এর পরে আমি আর এই বিষয়ে কোন বক্তব্য রাখতে চাই না।

**শ্রীসুভাষচন্দ্র মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলেই জানেন পুরুলিয়ায় একটি টুরিষ্ট সেণ্টার আছে, তার নাম হল অযোধ্যা পাহাড়। এই অযোধ্যা পাহাড়ের উপর সি. এ. ডি. পি. প্রকল্প চলেছে। সেখানে অনেক টুরিষ্ট যাতায়াত করেন। বিশেষ করে কলকাতার অধিকাংশ লোকই পূজার ছুটিতে ওখানে বেড়াতে যান। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও ওখানে ৭ দিন কাটিয়ে এসেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় শিকাবাদ থেকে অযোধ্যা পাহাড় ভায়া বাঘমুণ্ডি, এই ৩০ কিলোমিটার রাস্তাটি এখনো পর্যন্ত সংস্কার করা হয়নি। পি. ডবলিউ. ডি. রোডসের এটা টেক আপ করার কথা ছিল, কিন্তু তারা এখনো পর্যন্ত রাস্তার কাজে হাত দেননি। আমি অবিলম্বে এই রাস্তার কাজ শুরু করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরকার মুর্মু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মালদহের খরা পরিস্থিতি এখানে উল্লেখ করতে চাই। আপনি জানেন মালদহ জেলার হবিবপুর থানায় ব্যাপকভাবে খরা পরিস্থিতি চলেছে। হাজার হাজার মানুষ কোন কাজ কর্ম

পাচ্ছে না। তারা অনেক অসুবিধার মধ্যে পড়েছে। জমিতে ধান রোয়ার পরে জলের অভাবে সব শুকিয়ে যাচ্ছে। সেচের ব্যবস্থা এখুনি না করলে সব ধান শুকিয়ে নষ্ট হয়ে যাবে, ওখানকার মানুষদের বাঁচানো যাবে না। এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মহাশয় এখানে নেই, শুনলাম তিনি দিল্লী গিয়েছেন, আমার এলাকার একটি বিশেষ সমস্যার প্রতি সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকা আরামবাগ মহকুমা এবং বর্ধমানের একটা অংশ — রায়না থানা — এই এলাকায় প্রবল খরার ফলে সেখানকার সমস্ত জমিতে ফাটল ধরেছে এবং চাষ যা হয়েছিল সেই ফসল শুকিয়ে যাচ্ছে। এখানে জলের কোন ব্যবস্থা নেই। ১৬ নং গেট খুলে দিয়ে যদি ১৫ নং ক্যানেল-এ জল ভর্তি করা হ'ত তাহলে জলসেচ করা যেত। কালকে আমি নিজে যোগাযোগ করেছিলাম এবং সি. পি. এম.-এর এক এম. এল. এ. শ্রীধীরেন চ্যাটার্জী, তিনিও যোগাযোগ করেছিলেন ইরিগেসানের এস. ডি. ও. এবং একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে কিন্তু দেখা গেল যেখানে দু হাজার কিউসেক্স জল মিনিমাম দরকার সেখানে মাত্র ১১৭০ কিউসেক্স জল দেওয়া হচ্ছে সরকারী হিসাব মত। খবর নিয়ে জানা গেল সেই জলও দেওয়া হচ্ছে না, তার থেকে কম জল দেওয়া হচ্ছে। স্যার, এই অবস্থায় কয়েক হাজার একর জমির ফসল নষ্ট হতে বসেছে। সেচমন্ত্রী মহাশয় এখানে নেই কাজেই অন্য কোন মন্ত্রী যাতে এই ব্যাপারটির প্রতি দৃষ্টি দিয়ে অবিলম্বে সেখানে বিহিত ব্যবস্থা করেন তারজন্য স্যার, আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার তেহট্ট থানার পাশ দিয়ে জলঙ্গী নদী প্রবাহিত। এই নদীর উপর একটি সেতু নির্মাণের জন্য সেখানকার জনসাধারণ দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আসছেন। তেহট্ট এক নং পঞ্চায়েত সমিতি, দু নং পঞ্চায়েত সমিতি এবং নদীয়া জেলায় যে ডিস্ট্রিক্ট লেভেল কো-অর্ডিনেশান কমিটি আছে তারা সকলেই প্রস্তাব নিয়েছেন এই নদীর উপর একটি ব্রীজ হওয়া প্রয়োজন। স্যার, আমি এ সম্পর্কে মাননীয় পূর্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীযোখিলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পূজা এসে গেল কিন্তু এখনও বহু স্কুলে সেপ্টেম্বর মাসের বেতন হয়নি। সেপ্টেম্বরের সাথে সাথে যাতে অক্টোবর মাসের বেতন বিভিন্ন হাই স্কুলে পূজার বেশ কিছুদিন আগেই পাঠিয়ে দেওয়া হয় বা তারজন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। এখন যা অবস্থা তাতে মনে হয় বেতন পেতে খুবই দেরী হবে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি বিবেচনা করে এ সম্পর্কে নির্দেশ পাঠান। সেখানে ট্রেজারি বা লিঙ্ক ব্যাঙ্কের উপর দোষ না চাপিয়ে যাতে তাড়াতাড়ি এ সম্পর্কে আলাদা একটি নির্দেশ পাঠানো হয় সেজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, গত ১লা জুলাই থেকে কোলকাতা চিড়িয়াখানায় প্রদর্শনী ফি ডবল করে দেওয়া হয়েছে — ৫০ পয়সার জায়গায় এক টাকা করা হয়েছে। সেখানে দু বছরের উপরের শিশুদেরও এক টাকা করে পুরো টিকিট লাগছে। বাইরে থেকে যে সমস্ত বিদেশীরা এখানে আসেন বা গ্রামাঞ্চল থেকে যারা আসেন তাদের পক্ষে এটা খুবই অসুবিধাজনক হয়ে দাঁড়িয়েছে। এই প্রদর্শনী ফি কমিয়ে যাতে যথোপযুক্ত করা হয় তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি অনুরোধ করছি।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাইমারী সেকশানের একটি বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭০ সালের আইন অনুসারে পশ্চিম বাংলার সমস্ত প্রাইমারী স্কুলে যে সমস্ত ম্যানেজিং কমিটি নির্বাচন করা হচ্ছে তাতে President will be nominated by the District Megistrate.

[2-20—2-30 p.m.]

কিন্তু দেখা যাচ্ছে যে এস. ডি. ও. বনগাঁ ২৭টি স্কুলে পারসন ইনটারেস্টেড ইন এডুকেশান-এর যে সিলেকশান করেছেন, সেই সিলেকশানে একমাত্র পার্টি ক্যাডার এবং স্কুলে যারা ইলেভেন ক্লাশে বা টেন ক্লাশে পড়াচ্ছেন, সেই সমস্ত পার্টির একনিষ্ঠ কর্মী এবং সি. পি. এম. পার্টির যারা তাদের নির্বাচিত করা হয়েছে। বনগাঁর এক শত বছরের পুরাতন যে স্কুল, সেই স্কুলের যিনি হেড অব দি ইনস্টিটিউশান, তিনি একজন এম. এ, বি. এল. এবং বহুদিন ধরে একটা কনভেনসান আছে যে ঐ স্কুলের হেড অফ দি ইনস্টিটিউশান এই প্রাইমারী সেকশানের সেক্রেটারী হয়ে থাকবেন এবং ম্যানেজিং কমিটির মেম্বার হবেন। কিন্তু এবারে এই এস. ডি. ও.-এর হাতে পাওয়ার যাওয়ায় — তার যে পাওয়ার নেই, হি ইজ অনলি এমপাওয়ার্ড টু সিলেক্ট দি পারসন ইন এডুকেশান — কিন্তু তিনি গভর্নমেণ্টের নমিনি হিসাবে এই ম্যানেজিং কমিটিতে ২ জন পার্টির ক্যাডার এবং পার্টির একজন মহিলাকে নির্বাচিত করেছেন যারা স্কুলে পড়াশুনা করান। এইভাবে বনগাঁ মিউনিসিপ্যালিটির মধ্যে যে ২৭টি প্রাইমারী স্কুলে আছে, সেই ২৭টি প্রাইমারী স্কুলে ৫৪ জন পারসন ইণ্টারেস্টেড ইন এডুকেশানের নামে পার্টির ক্যাডার এবং সি. পি. এম.-এর একনিষ্ঠ কর্মীকে নিযুক্ত করেছেন এবং তার পাওয়ার মিস ইউস করেছেন।

**শ্রীবিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন সারা দেশে ভয়াবহ খরার জন্য সঙ্কট দেখা দিয়েছে তখন আসানসোলের ফুড কর্পোরেশান অব ইণ্ডিয়ার গুদামে হাজার হাজার টন খাদ্যদ্রব্য পচে নষ্ট হচ্ছে। আমি এই সম্পর্কে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এর সুব্যবস্থা করা হোক। সেখান থেকে খাদ্য বের করে যাতে সমস্ত ডিলারকে দেওয়া হোক। আসেপাশের গ্রামে মডিফায়েড রেশানে তারা রেশান পাচ্ছে না। অথচ গুদামে হাজার হাজার টন খাদ্য পচে যাবে এটা কখনও হতে পারে না। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহবুবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যে রক্ষক সেই ভক্ষক। পুলিশ চোর ধরার

জন্য আছে, কিন্তু জেলার চাঁচোয়া থানার ও. সি. নিজে ভগবতীপুর নিজে গিয়ে ভৈরবী দেবীর মূর্তি গভীর রাত্রে চুরি করে নিয়ে আসে। সেই গ্রামে পাশাপাশি হিন্দু ও মুসলমান লোকেরা বাস করে। যখন তারা এই খবর জানতে পারে তখন তারা পাগলের মত ছুটে আসে এবং তারা মনে করে যে ধর্মের উপর হস্তক্ষেপ করা হয়েছে এবং সেখানে একটা বিরাট বিক্ষোভ দেখা দেয়। এই দেবীর নামে জমি আছে, সেবায়েত আছে। প্রতি মঙ্গলবার এবং শনিবারে দেবীর পুজো হয় এবং অগ্রহায়ণ মাসে ধান কাটার আগে দেবীর ভোগ দেবার পরে ধান কাটা শুরু হয়। আজকে যে রক্ষক সেই ভক্ষক হিসাবে এই মূর্তি চুরী করে এনেছে এবং এতে সাধারণ মানুষ মনে করছে যে ধর্মের উপর আঘাত করা হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমানে বামফ্রণ্টের মন্ত্রী সভার একটা বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি, কিন্তু ওদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে না। আমি গতকালও বলেছি যে পুলিশ কি ভাবে উইদাউট নোটিশে ঘরবাড়ী ভেঙ্গে দিচ্ছে। আজকে আমি এ বিষয়ে একটা ঘটনা দেব। পশ্চিমবঙ্গে বর্তমানে বামফ্রণ্ট সরকারের লাল বাহিনীর লাল পুলিশ অর্থাৎ সি. পি. এম.-এর কর্মীরা এবং সি. পি. এম.-এর ক্যাডাররা যেভাবে লাল রুমাল বেঁধে দিনের বেলায়, সেটাকে রাতের অন্ধকারে কনভার্ট করে নিয়ে টালিগঞ্জের পল্লী উন্নয়ন সেবা সমিতি নামে একটা প্রতিষ্ঠান, যেটা মানুষের সেবা করে, ত্রাণের কাজ করে, সৎকারের কাজ করে, মানুষ বিপদে পড়লে তাদের পাশে গিয়ে দাঁড়ায়, সেই পল্লী উন্নয়ণ সমিতিকে ভেঙ্গে তছনছ করে দিল। এর প্রেসিডেণ্ট একজন ফ্রিডম ফাইটার। তিনি বিশেষভাবে এখানে এসেছেন। স্যার সব তছনছ — সাইনবোর্ডটা ভেঙ্গে নালায় ফেলে দিয়েছে। তারপরে সেবা প্রতিষ্ঠানের যে সমস্ত জিনিষপত্র ছিল, টাকা পয়সা সব কিছু লুট হয়েছে দিনের বেলায়।

ঘটনাটি থানায় জানানো হয়, থানায় কেস করা হয়, নাম দেওয়া হয় যে, সি. পি. এম.-এর এই এই লোক, প্রশান্ত শূরের কর্মীরা উন্নয়ন সমিতি ভেঙ্গে তছনছ করেছে। পুলিশ বলছে, আমরা নিরুপায়, এটা প্রশান্ত শূরের জমিদারি, সুতরাং ওঁর লোকেদের বিরুদ্ধে এফ. আই. আর. নেওয়া হবে না। বামফ্রণ্ট এক এক জায়গায় এক একটা জমিদারি চালাচ্ছে সেখানে সাধারণ মানুষরা বিচার পাচ্ছে না, পুলিশের হেল্প পাচ্ছে না। বিভিন্ন জায়গায় দিনের বেলায় ব্যাঙ্ক ডাকাতি হচ্ছে, মানুষের ঘর ভাঙ্গা হচ্ছে। এ সমস্ত বিষয়ে মন্ত্রী সভার কাছে উল্লেখ করে প্রতিকার পাওয়া যাচ্ছে না, সেই জন্য আমি আপনার কাছে প্রটেকশন চাইছি। আপনি যদি বলেন যে, কিছু হবে না, আমি কিছু করতে পারব না, তা হলে আমরা সেণ্ট্রালের কাছে গিয়ে প্রটেকশান চাইব। এখানে প্রতিকার না পেলে, হোয়াট ইজ দি রিজন্ ফর স্পিকিং হিয়ার ?

অধ্যক্ষ মহাশয় ঃ—মিঃ চট্টরাজ, আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এম. এল. এ. নয় এরকম কোন আউট-সাইডারের নাম এখানে উল্লেখ করা উচিত নয়। সুতরাং তা করবেন না। এটা ঠিক নয়। গ্যালারিতে যারা আছে তাদের নাম এখানে উল্লেখ করা যায় না।

**শ্রীমোসলেউদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয়া ত্রাণ মন্ত্রী মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলায় খরার জন্য ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। অবশ্য ভয়াবহ অবস্থা শুধু পশ্চিম দিনাজপুর জেলাতেই নয় সারা পশ্চিমবঙ্গেই দেখা দিয়েছে। বিগত বৈশাখ এবং জ্যৈষ্ঠ মাসে একদম বৃষ্টি না হওয়ার ফলে এ বছর পাট এবং আউস ধান হয়নি। এর ফলে কৃষকরা আজকে অত্যন্ত দুরবস্থার সম্মুখীন হয়েছে। কৃষকদের ঘরে চাল নেই, তাদের ক্রয় ক্ষমতা নেই, ক্ষেতমজুররা কাজ পাচ্ছে না। এই অবস্থায় কিছু কিছু ক্ষেতমজুর ভিক্ষাবৃত্তি অবলম্বন করছে এবং অধিকাংশ ক্ষেতমজুর সমাজ বিরোধী কাজে লিপ্ত হয়ে পড়ছে। এই অবস্থায় আমি ত্রাণ মন্ত্রী মহাশয়ার এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে এদের জন্য ব্যাপক ত্রাণের প্রয়োজন এবং সেচের জলের প্রয়োজন।

**ডাঃ মানস ভুঁইঞা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় প্রাথমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার স্কুল বোর্ডের সভাপতি ( এ্যাড-হক সভাপতি, কারণ নির্বাচন সরকার করছে না ) বিগত কয়েক মাস ধরে বে-আইনীভাবে এক হাজার শিক্ষক নিয়োগ করেছে এবং সরকারের পারমিসন না নিয়েই করেছে। সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে, প্রাথমিক স্কুলের শিক্ষকদের জন্য পে-কমিশন বর্ধিত হারে যে বেতন নির্ধারণ করেছে সেই বেতন এবং কনটিনজেন্সি গ্রান্ট, ডিয়ারনেস এ্যালাউন্স ইত্যাদি আজ পর্যন্ত নদীয়া জেলার বিভিন্ন গ্রামের ৮ হাজার প্রাথমিক শিক্ষক পাচ্ছে না। এ ব্যাপারে বার বার দরবার করা সত্বেও, মন্ত্রী মহাশয়েকে জানান সত্বেও, ঐ বেয়াদপ স্কুল বোর্ড সভাপতিকে বাধ্য করা যাচ্ছে না। ৮ হাজার শিক্ষকের বর্ধিত হারের টাকা তুলে নিয়ে গিয়ে সে ঐ বেআইনীভাবে নিয়োজিত ১ হাজার শিক্ষককে মেনটেন করছে। মাসের পর মাস ধরে এই জিনিষ চলছে। অত্যন্ত দুঃখের কথা গত ২/৮/৮২ তারিখে সে ৪৩ হাজার টাকা তুলে নিয়ে গিয়ে বে-আইনীভাবে নিয়োগ করা এক হাজার সি. পি. এম. ক্যাডারকে পুষছে। এ ব্যাপারে আমার কাছে জেরক্স কপি আছে, আমি সেটা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে দিচ্ছি। ( এই সময়ে লাল আলো জ্বলে ওঠে ) স্যার, প্রাথমিক শিক্ষা মন্ত্রী এখানে এখন উপস্থিত নেই, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে দাবী করছি যে, এ ব্যাপারে পূর্ণ তদন্ত করা হোক। আজকে প্রাথমিক শিক্ষকরা তাঁদের ন্যায্য বেতন পাচ্ছেন না, অপর দিকে তাদের বেতনের টাকা দিয়ে সি. পি. এম. ক্যাডারদের পোষা হচ্ছে। আমি আপনার কাছে জেরক্স কপিটি জমা দিচ্ছি।

**মিঃ স্পীকার ঃ** ডাঃ ভুঁইয়া, আমি আবার আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনি যদি এই ভাবে মেনশন করেন, সময়ের মধ্যে যদি শেষ না করেন, তাহলে আমি আপনাকে মেনসন করতে দেব না।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, through you I would like to draw the attention of the Hon'ble Chief Minister to a serious allegation against the Left-Front Government. Sir, you know that last Saturday, the 2nd October, was the birth day of Mahatma Gandhi—the Father of the Nation.

In Calcutta, we have got a statue of Mahatma Gandhi. You will be surprised to know that on that day the gate was closed upto ten past ten as a result of which Shri Sanker Prasad Mitra, ex-Chief Justice and M. P. had to wait for an hour along with many people. It is a lapse on the part of the organiser as well as the Marxist Govt. So I request the Hon'ble Chief Minister to investigate into the matter.

[2-30—2-40 p.m. ]

**শ্রীশিশির অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ পেনসন হোল্ডার সরকারী কর্মচারী যে দুরবস্থার মধ্যে পড়েছেন সেই ব্যাপারে আমি মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের জন্য ভাতা বাড়াচ্ছেন এবং ডি. এ, বাড়াচ্ছেন। তার সাথে সাথে কেন্দ্রীয় সরকারী পেনসনারদেরও বাড়াচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এখনও পর্যন্ত ৪ কিস্তি ডি, এ. চেপে রেখেছেন। কালকেই দেখলাম কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের জন্য আর এক দফা ডি, এ. এ্যানাউন্স করেছেন। অথচ পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ পেনসন হোল্ডার সরকারী কর্মচারীদের জন্য কিছুই বাড়াননি। ফলে তাদের এক দারুন দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে! তাঁরা এখন চালের খুদ কিনে খেতে বাধ্য হচ্ছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে পেনসন হোল্ডারদের জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক এবং এর প্রতিকার করা হোক।

**শ্রীসুখেন্দু খাঁ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের কে. জি. ইঞ্জিনিয়ারিং ইনষ্টিটিউসানের অধ্যক্ষকে গত ২৩-৯-৮২ তারিখে বৈকাল সাড়ে ৪টা হইতে পরদিন সকাল ৯টা পর্যন্ত প্রায় ১৫০ থেকে ২০০ জন ছাত্র পরীক্ষায় টোকাটুকি করে লিখতে দিতে হবে এই দাবীতে ঘেরাও করে রাখে। কিন্তু অধ্যক্ষ ও শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের সহযোগিতায় তাদের সেই চেষ্টা ব্যর্থ হয়। তারা বলতে থাকে বিগত কংগ্রেসী আমলের মত চুরি করে পাশ করতে দিতে হবে। তারা আগেকার অবস্থা ফিরিয়ে আনতে চায়। ঐদিন রাত্রিবেলায় অধ্যক্ষ ও শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের বাড়ীতে বাড়ীতে গিয়ে অকথ্য ভাষায় ঐসব ছাত্ররা গালাগালি করে এবং বলে কংগ্রেসী রাজত্বে যে পরীক্ষা ব্যবস্থা ছিল সেই রকম ব্যবস্থা বহাল করতে হবে। সুতরাং এর আশু প্রতিকারের জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅরুণকুমার গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই অবগত আছেন, গত ৪ তারিখে হুগলী জেলার পাণ্ডুয়াতে মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির পরিচালনায় কৃষক সমিতির সম্মেলন হয়ে গেছে। তারপর আজ সকাল ১১টার সময়ে মগরাতে ব্যাঙ্ক ডাকাতি হয়েছে। আমার আশঙ্কা হচ্ছে, ওনারা নিশ্চয়ই এমন একটি প্রেরণা যুগিয়েছেন যারজন্য ব্যাঙ্ক-ডাকাতি হচ্ছে এবং আইন-শৃঙ্খলার অবনতি দেখা দিচ্ছে এবং আগামী দিনে হয়তো আবার ব্যাঙ্ক-ডাকাতি হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করছি যাতে তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং আর যেন আইন-শৃঙ্খলার অবনতি এবং ব্যাঙ্ক-ডাকাতি না হয়।

**শ্রীহুমায়ুন চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকারের আমলে বিভিন্ন দপ্তরে যে টাকা-কারচুপি এবং টাকা তছরূপের প্রশ্ন উঠেছে সেই প্রসঙ্গে আমি একটি সুনির্দিষ্ট অভিযোগ তুলে ধরছি। পশ্চিমবঙ্গে খাদি বোর্ড রয়েছে। কেন্দ্রীয় খাদি কমিশনের ডায়েরেকসানকে অমান্য করে, বিভিন্ন ইনিষ্টিটিসানের মাধ্যমে টাকা খরচ না করে পশ্চিমবঙ্গের খাদি বোর্ড ৪৫ লক্ষ টাকা ডিসবার্সমেন্ট করেছেন। এই খাদি বোর্ডের সভাপতি হচ্ছেন সি, পি. এম পার্টির অন্যতম নেতা। অথচ প্রশাসনিক খাতে ব্যয় দেখানো হয়েছে প্রায় ৪৬ লক্ষ টাকা।

আমাদের প্রশ্ন হচ্ছে যে, ৪৫ লক্ষ টাকা ব্যয় করে বিতরণ করার জন্য যদি ৪৬ লক্ষ টাকা দেখানো হয় তাহলে আমরা কিভাবে দেখতে পারি এবং ভাবতে পারি যে এরা গ্রামবাংলার সাধারণ মানুষের জন্য উন্নয়ন মূলক কিছু কর্মসূচী, কিছু প্রকল্প গ্রহণ করবে? তাই আপনার কাছে আবেদন খাদির সম্বন্ধে বহু রকমের প্রশ্ন রয়েছে, এই বিষয়ে সুনিদিষ্ট অভিযোগ রাখলাম এবং এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সারা পশ্চিমবঙ্গে গ্রামবাংলায় যে কি ভয়াবহ অবস্থা, সেই প্রকৃত অবস্থার কথা আমাদের ভাবা দরকার। আমরা দেখছি, বিধানসভায় একের পর এক সদস্য এখানে বলেছেন, আমিও সেই একই কথার উল্লেখ করতে চাই। আজকে মফঃস্বলের এলাকাগুলিতে যে ফসল রয়েছে সেই ফসল খরায় জ্বলছে। আমাদের পশ্চিম দিনাজপুরের বিশেষ করে কুশমণ্ডি, কালিয়াগঞ্জ এলাকায় যে সমস্ত আমন ধান সহ অন্যান্য ফসল হচ্ছে সেই ফসল খরার জন্য প্রভুত পরিমাণে বিনষ্ট হচ্ছে। কৃষি ক্ষেত মজুরেরা কোন কাজ পাচ্ছে না, বাজারে জিনিষপত্রের দাম বাড়ছে, মজুরেরা সব কর্মহীন হয়ে পড়ছে। আমি আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি যে যুদ্ধকালীন জরুরী অবস্থার মত ঐ সমস্ত এলাকায় স্থানীয় যেসব জলসেচের ব্যবস্থা ও মাধ্যম রয়েছে সেইসব গুলির মাধ্যমে সেচের ব্যবস্থা করা হোক।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের নদীয়া জেলার রাণাঘাটের বিভিন্ন এলাকায় চুর্ণীনদী এবং গঙ্গানদীর ভাঙ্গন বহুদিন থেকেই হচ্ছে এবং তাকে রোধকরার কিছু কিছু চেষ্টাও হয়েছে। ২৪ পরগণা জেলাতেও হয়েছে। কিন্তু আমাদের রাণাঘাট এখন অবহেলিত হয়ে আছে। বার বার নিবেদন করা সত্ত্বেও ওঁরা দৃষ্টি দিচ্ছেন না। হাজার হাজার বিঘা ধান জমি গঙ্গার গর্ভে বিলীন হয়ে গেছে, বহু ঘরবাড়ী গঙ্গার গর্ভে বিলীন হয়েছে এবং গরীব মানুষদের সর্বনাশ হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যদি একটু দৃষ্টি দেন তাহলে বাধিত হব।

## GOVERNMENT BUSINESS

## LEGISLATION

### The Bengal Municipal (Amendment) Bill, 1982.

**Shri Prasanta Kumar Sur:** Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বঙ্গীয় পৌর ( সংশোধন ) বিধেয়ক, ১৯৮২ সভায় উত্থাপন করছি এবং পশ্চিমবঙ্গ বিধানসভা কার্য্য পরিচালন বিধির ৭২ (১) ধারা অনুযায়ী বিবৃতি সভায় উপস্থিত করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট ১৯৩২ সালে এর যে বিধান আছে, নূতন পৌরসভা করতে হলে বীচ অফ গ্রাণ্ট করে আমাদের নূতন পৌরসভার গঠন সাধারণ মানুষকে জানাতে হবে। কিন্তু ইদানীংকালে আমরা আদালতে দেখতে পাচ্ছি, যদি কোথাও এই ধরণের গ্রাণ্ট না বাঁচানো হয় তাহলে সেটাকে বাতিল করে দেওয়ার সিদ্ধান্ত বা নির্দেশ দেওয়া হচ্ছে। সুতরাং আমরা মনে করি আজকাল যেহেতু অন্য ধরণের প্রচারের সুযোগ রয়েছে, কাগজ, দৈনিক কাগজের মাধ্যমে আমরা প্রচার করতে পারি সেজন্য আমি এই বিল এই সভায় উপস্থিত করছি।

**(Secretary then read the title of the Bill)**

### Satutory Resolution

**Mr. Speaker:** I have received a notice of a Statutory Resolution from Shri Kashinath Misra under Art. 213(2) (a) of the constitution of India. I now call upon Shri Misra to move his Resolution.

**Shri Kashinath Misra:** Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the Bengal Municipal ( Amendment ) Third Ordinance, 1982 (West Bengal Ordinance No. XII of 1982).

**Shri Prasanta Kumar Sur:** Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1982 be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে যখন কোন কোর্ট কোন একটা পৌর সভাকে বাতিল করে দেয়, তখন সে যে সব কাজগুলি করেছে সেইগুলি যাতে ভ্যালিডিটি করতে পারে সেইজন্য ভ্যালিডিটির একটা ক্লজ আমরা এখানে রেখেছি। আমরা দেখেছি যে নূতন যদি কোন নির্বাচন হয়, নির্বাচনের আগে ভোটার লিস্ট রিভিসন করতে হয়। কিন্তু যদি কখনও সেই রিভিসানটা না হয় তাহলে নির্বাচনটা যাতে বাতিল হয়ে না যায় সেই ব্যবস্থা আমরা এখানে করেছি — ভ্যালিডিটি অফ দি ইলেকট্রোরাল রোল। আমরা নির্বাচনের সময় দেখেছি, আমাদের বিধান আছে নির্বাচনের জন্য মিউনিসিপ্যালিটি চেয়ারম্যানের কাছে টাকা জমা দিতে হয়। একটা নির্বাচনে আমরা দেখেছি বাধার সৃষ্টি হয়েছিল। সেইজন্য আমারা এখানে কতকগুলি সংশোধন করছি যে ডিসট্রিক্ট

ম্যাজিসট্রেট বা ম্যাজিসট্রেট ইন চার্জ অফিসে জমা দিলেই চলবে। আমরা দেখেছি যে, কোন মিউনিসিপ্যালিটি যদি বাতিল হয়ে যায় তাহলে তার স্থান ফাঁকা হয়ে যায়। সেখানে আমরা মনে একটা মিউনিসিপ্যালিটি যদি বাতিল হয়ে যায়ও তাহলে তাকে নোটিফায়েড এরিয়া অথরিটি হিসাবে যেখানে বিবেচনা করতে হবে। আমরা দেখেছি বঙ্গীয় পৌর আইন, যেখানে কোন পাবলিক ওয়ার্স বা পাবলিক বিউরাল গ্রাউণ্ডগুলিকে একজেম্পট দেওয়ার কথা, সেই প্রভিসানটা এখানে নেই। সেই প্রভিসানটা আমরা এখানে রাখতে চেষ্টা করেছি। এ্যানুয়াল রেণ্টার ভ্যালু — সেখানে শুধু এ্যানুয়াল রেণ্ট রাখা হয়েছে। আমরা সেখানে মনে করি সেখানে সারভিস চার্জ যোগ দেওয়া উচিৎ এবং যখন কোন নূতন ভ্যালুয়েসান হবে সেই ভ্যালুয়েসান হয়ে যাবার পর যে ট্যাক্স হবে সেই ট্যাক্স জমা দিতে হবে এবং সেই ট্যাক্স জমা দিলে তার যে অবজেকসান সেই অবজেকসান হবে। তা না হলে তার সেই রাইট থাকবে না। আমাদের কোন মিউনিসিপ্যালিটি যদি কোন কারণে সরকার বাতিল করে দেয় তাহলে কতদিন পর্যন্ত বাতিল থাকবে তার, কোন বিধান নেই। আমরা মনে করি সর্বত্র এক বছর পর্যন্ত বাতিল করে রাখা যায় এবং তার পরে ছয় মাস পর্যন্ত আবার বিবেচনা করা যায়। এই দেড় বছরের মধ্যে নির্বাচন করতে হবে। এই কয়টি প্রভিসান আমি এখানে রাখতে চেষ্টা করেছি।

[2-40—2-50 p.m.]

**Shri Abdur Rauf Ausari :** Mr. Speaker, Sir, I have gone through the Bill but I find that the interest of the rate-payers and persons residing in municipal areas will suffer by the provisions of this Bill. No proper justice for them has been done in the Bill. It is stated that even after the comprehensive amendments to the said Act in 1980, there are some loopholes and therefore, it has been necessary for the Government to amend some provisions and hence this Bill. But, Sir, I find thut still there are come loopholes in the prcsent Bill—I would repeat that there are full of loopholes. The Minister-in-charge has just now said something regarding election and judgements. I would say that by bringing this Bill he is going to make something as they have done in case of Panchayat areas. The Minister-in-charge has brought this Bill because he is apprehending that the Government may lose the election and so he is amending some provisions. The actual feeling of the Government is how to capture the entire municipalities and also to capture the powers of the municipalities. The Government is only planning how to prepare the electoral roll and then some Returning Officers will be appointed who will sit inside the election office and announce the date. They are only thinking about it and nothing else.

It is very unfortunate that Government is only taxing the people. The Government is levying tax. Already the Government has levied tax on the people. But the Governtment is not increasing the amenities and facilities. Sir, the Minister-in-charge is going to increase the surcharge, What for

Already he has levied surcharge on the citizens of Calcutta for which the Government is obliged and bound to give them regular quantity of water supply, make proper sanitary arrangements and improve the drainage condition. But Government has not done so. Sir, everyday we read in the newspaper that there is no supply of water in the morning and in the evening. Sir, if this be the condition in the city then, I am afraid, what will be the fate of those living in the municipal areas. There are only two corporations and more than ninety municipalities. During the Left Front regime, these municipalities instead of being developed and instead of the people getting more benefits are suffering for lack of proper amenities and the people living in the municipal areas are the worst sufferers. The Government is utilising these municipalities only for recruiting their own cadres, their own workers. Even technicians who have no knowledge and training about elevation and construction of buildings or about the lighting arrangements and other necessary things have been appointed in the municipalities and this has been done under instructions from Alimuddin Street to take maximum number of employees in the municipalities from out of their cadres. Sir, the Left-Front Government is now in power but they are not thinking about providing benefits to those persons who are residing in the municipal areas. Without increasing the supply of water Government is increasing the surcharge. Already the the people are burdened with imposition of several other taxes. Government is not doing anything to repair the damaged roads in the municipal areas which are lying in the same condition for years together. The people are feeling the very existence of the municipalities. Sir, even in Calcutta many roads are lying unrepaired. When most of the roads of Calcutta are in such a condition, you can easily realise what will be the condition of the roads in the municipal areas. Sir, through you, I would request the Hon'ble Minister for Municipal Affairs Department—after the judgement, after supersession and after holding the elections—just to make a thorough change, a complete change in this Bill otherwise, I am afraid, they will not be able to deliver any benefit to the people of the municipal areas. They may thing that they are in majority and so they can carry anything by vote but may I remind them that they are totally mistaken in this regard. Only the people, the general masses, are in majority and they know what to do, where to do, when to do and how to do. The entire Bill, I think, is not meant to serve the interest of the common man. The Minister has only tried to give some exemptions to the Foreign Consular Missions this way or that way. I would like to draw his attention that no exemption has been given for properties which do not earn any profit. There are properties which earn profit but there are also such properties where there is no profit. There is no exemption on non-profitable properties. I would request the Hon'ble Minister to consider this point. Sir, we are very much disappointed with this sort of a Bill.

সব মিউনিসিপ্যালিটিতেই চালু করা উচিত। তারপর, মিউনিসিপ্যালিটির আর্থিক অবস্থার উন্নতি করতে হলে ইণ্টারমিডিএটরি জমিনদারী যেগুলো আছে সেগুলোকে উঠিয়ে দিয়ে সেখানে যদি মিউনিসিপ্যালিটি বাজার তৈরী করতে পারে তাহলে সুবিধা হবে। শুধু তাই নয়, আরও যে সমস্ত জায়গা রয়েছে সেখানেও যদি পরিকল্পনামাফিক মার্কেট তৈরী করা যায় তাহলে মিউনিসিপ্যালিটির আর্থিক ক্ষমতা বলিয়ান হবে। একথা বলে মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তার পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনীরদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে এ সম্বন্ধে দু-একটি কথা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। যে বিল এনেছেন সে বিলের খুবই প্রয়োজন ছিল এবং এটা না আনলে কাজকর্ম চালাবার ব্যাপারে অনেক অসুবিধা হোতো। আমরা গ্রামাঞ্চলে যারা পৌরসভা পরিচালনা করি তারা অনুভব করছি যে এই জিনিষ না আনলে আমাদের কাজকর্ম করার পক্ষে কতখানি অসুবিধা হোতো। আমি লক্ষ্য করলাম শুধু কলকাতাতেই নয়, গ্রামাঞ্চল সম্বন্ধেও তাঁর সজাগ দৃষ্টি রয়েছে। যে সমস্ত এলাকা নিজেদের চেষ্টায় আর্বানাইজড হয়েছে, যে সমস্ত এলাকার উন্নতি হয়েছে সেখানে পৌরসভা প্রতিষ্ঠার জন্য মন্ত্রী মহাশয় যে চেষ্টা করেছেন এবং মিউনিসিপ্যালিটিগুলোকে জীবিত রাখবার জন্য যে অনুদান দিচ্ছেন এটা অভিনন্দন যোগ্য। আমরা দেখেছি কংগ্রেসী আমলে কতগুলো মিউনিসিপ্যালিটি একেবারে মৃতপ্রায় ছিল এবং বলা যেতে পারে তাদের কোন অস্তিত্বই ছিল না। আমার কনষ্টিটিউয়েনসির পাশে অশোকনগর পৌরসভা ১৬ বছর আগে প্রতিষ্ঠিত হয়েছিল এবং তাদের কর্মচারীর সংখ্যা ছিল মাত্র ৪ জন এবং দেখেছি অফিস খোলা পর্যন্ত হোতো না। কিন্তু ১৯৭৭ সালে বামফ্রন্ট ক্ষমতায় আসার পর পৌরসভাগুলিতে নতুন প্রাণের সঞ্চার হয়েছে। পশ্চিমবাংলায় যে সমস্ত পৌরসভা হয়েছে সেইগুলিকে কিভাবে সাহায্য করছেন, সরকারী অনুদান কি কি ভাবে আসছে তার হিসাবটা আপনারা একবার শুনুন।

[3-10—3-20 p.m.]

যানবাহনের জন্য, সর্বাত্মক উন্নয়ন, পাকা পায়খানা, পাকা রাস্তা, রোলার কেনার জন্য ক্রাস প্রোগ্রামের জন্য পেটর এলাকা উন্নয়নের জন্য, সরকারী ভবন এই সমস্ত ব্যাপারে গত ১৯৮০-৮১ সালে প্রায় ১৩ লক্ষ টাকা মিউনিসিপ্যালিটিগুলিকে সরকার দিয়েছে। ওরা চীৎকার করছে একটা কারণে। কান্না সুরু করে দিয়েছে একটি কারণে। ওরা দেখেছে সারা কলকাতা সহর এবং সারা পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটিগুলিতে একটা নূতন প্রাণের সঞ্চার হয়েছে। তারা নানা কাজ করছে। তারা রাস্তা করছে, টিউবওয়েল করছে। কলকাতা একটা নূতন চেহারা নিয়েছে। আগে যখন আমরা গ্রাম থেকে শিয়ালদা ষ্টেশন দিয়ে কলকাতায় আসতাম আমরা ভাবতাম যে কি করে যাবো। আজকে সেখানে উড়ন পুল হয়েছে। ফলে মানুষ ও গাড়ী স্বাভাবিক অবস্থায় চলেছে। এই অবস্থা দেখে ওদের মনে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। আজকে কলকাতা কলকাতা নূতনভাবে তৈরী হয়েছে। তাই এই মন্ত্রীর প্রতি ওঁদের এতো

বিষেদ্গার করছেন। ৩০ বছর ধরে ওরা শাসন করেছেন এবং কলকাতার সর্বনাশ করেছেন। মন্ত্রী মহাশয়ের কাছে একটা অনুরোধ যে বর্তমানে কলকাতায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হয়েছে। এই দিকে যেন একটু দৃষ্টি দেন। আর একটি কথা বলতে চাই যে সমস্ত এলাকা বিভিন্ন মিউনিসিপ্যালিটির মধ্যে আসতে চায়, সেই সব জায়গাগুলিকে তিনি যেন আনার চেষ্টা করেন।. আর একটি কথা বলে আমি শেষ করবো। ওরা একটা বড় গাছের তলায় জঞ্জাল তৈরী করে রেখে দিয়েছিলেন। আমরা সেই জঞ্জাল সরিয়ে পরিষ্কার করে সেই গাছে জল দিয়ে নূতন করে তাকে তৈরী করেছি। আজকে সেখানে ফুল হয়েছে, এখন সেখানে ফল হয়েছে। ওরা বলছে সেই ফল তিতো, আর সারা পশ্চিমবাংলার মানুষ বলছে সেই ফল মিষ্টি। আমি আবার মন্ত্রী মহাশয়ের আনীত প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পৌরমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, আমি স্ট্যাটুটারী রেজলিউসনের মাধ্যমে তার বিরোধীতা করেছি। উনি অর্ডান্যান্স করেছিলেন ২২শে জুলাই ১৯৮২। আর ১লা সেপ্টেম্বর হাউস খুলছে। এইটুকু সময়ের জন্য তিনি অর্ডন্যান্স করলেন ? এর প্রয়োজন কি ছিলো ? পুরোপুরি যখন হাউস হচ্ছে তখন এটা বিল আকারে আনতে পারতেন। এতো তাড়াতাড়ী এর কোন প্রয়োজন ছিল না। মন্ত্রী মহাশয় বলেছেন অসুবিধা হচ্ছিল। আমি দেখছি কোন অসুবিধা হয়নি। কোনই ব্যাঘাত আমি দেখছি না। সেকসন ৬-তে স্টেটমেণ্ট নোটিফিকেসন ব্যাপারে যা বলা হয়েছে সেটা অন্যভাবে স্টেট গভর্ণমেণ্ট করতে পারতেন। সেখানে তার একজিকিউটিভ ক্ষমতা অনুযায়ী করতে পারতেন। সেখানে অর্ডার ছিল। এগুলি সেই অর্ডারে করতে পারতেন। তার নোটিফিকেসনে যে কনস্টিটিউট করবে, একটা নূতন লোকাল এরিয়া — সেখানে এক্সক্লুড ইনক্লুড করা এই সব কথাগুলি মন্ত্রী মহাশয় তার বিলের মধ্যে দেখিয়েছেন। এবং কি করে ভাগ করা যায় অর্থাৎ ডিভিশন করা যায় সেটা নাম্বার সিকসের ভেতরে নিয়ে এসেছেন। এখন মন্ত্রী মহাশয় শুধু নোটিফিকেশন বলে তাঁর কাজ করতে পারবেন। অর্থাৎ Such other means. এই কথাটা তিনি তুলে দিচ্ছেন। আর বাংলায় ইংরেজীতে যে কপি অফিসে টাঙাবার ব্যবস্থা ছিল সেটা তিনি রাখছেন, ড্রাম পেটানো সেটা থাকবে না। নিউজপেপারে বিজ্ঞাপন দিতে হবে সংশোধনের ব্যাপারে, লোকাল নিউজ পেপারে — এই লোকাল নিউজপেপারটা পরিষ্কার ভাবে বলা নেই যে সেটা ডেলী না নিজস্ব কোনরকম লোকাল পত্রিকার মাধ্যমে দিচ্ছেন। ধরুন ইংরেজীর যে পত্রিকাগুলো আছে তাতে তিনি দিলেন আচ্ছা স্টেটসম্যান, হিন্দুস্থান স্ট্যানডার্ড বা দি টেলিগ্রাফে দিলেন, এইগুলোতে দেবার ফলে সাধারণ মানুষ কিন্তু তাঁরা বক্তব্য জানতে পারছেন না। এইগুলো ত্রুটি আছে, এই ত্রুটিগুলি অন্তত মন্ত্রী মহাশয়ের লক্ষ্য রাখা দরকার। আজকে ২১এফ যেটা কমিশনার সিলেকসন, বাই ইলেকসন, ইলেকটোরাল রোলের ব্যাপারে সংশোধন করতে চাইছেন যে সামারি ম্যানুয়েল নিয়ে কোন কোশ্চেন করা যাবে না। এটা আপনি কেন করছেন। যদি ভুল থাকে ইলেকটোরাল রোলে তাহলে সেই ভুলগুলো সংশোধন করার অধিকার কারোর থাকবে না ? এটা কেন মন্ত্রী মহাশয় তুলছেন সেটা বুঝতে পারছি না। টেকনিক্যাল ব্যাপারে কতকগুলো সংশোধন করছেন যে চেয়ারম্যানের কাছে

কমিশনার ইলেকসনে কনটেস্ট করার জন্য যে টাকা জমা দিতে হয় সেটা এখন এস. ডি. ও.-র কাছে জমা দিতে হবে। এটা একটা টেকনিক্যাল ব্যাপার। আর ১২৩/১ এ রুরাল প্লেশে, পাবলিক ওয়ার্কের ব্যাপারে কমিশনার মিটিংয়ে ঠিক করে সেটা একজেমপ্ট্ করতে পারবে — এখানে প্লে গ্রাউণ্ডের জন্য বা কারোর জমিতে যদি রাস্তা করা যায় বা কারো যদি প্রাইভেট প্রপার্টি নিয়ে কিছু করা যায়, সেটা কে কিভাবে নেওয়া হবে, সেটা বলতে হবে। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে পরিষ্কার ভাবে বলতে পারতেন সেকসান ১৩৭, সাব সেকসন ১এ, ভ্যালুয়েশন লিস্ট তৈরী করতে পারবে স্টেট গভর্ণমেণ্টের অর্ডার অনুযায়ী ৫ বছর অন্তর তৈরী হবে। আগে যেটা ছিল ৫ বছর পরে বাতিল হয়ে যাবে সেটা এখন বলা হচ্ছে, এটা যদি না হয় তাহলে কোন কোশ্চেন করা যাবে না। এটা কেন করছেন? এগুলো অন্য রকম ভাবে আনতে পারতেন। এইভাবে একটা অর্ডিন্যান্স করে নিয়ে আসাটা ঠিক হয়নি এবং এটা যদি জনস্বার্থে হোতো তাহলে আপনি এইভাবে নিয়ে আসতেন। আমি সেজন্য এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শে করছি।

[3-20—4-00 p.m. (including adjournment)]

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল রৌফ আনসারি যে বক্তব্য এখানে রাখলেন আমি সেটা ঠিক বুঝে উঠতে পারলাম না। কারণ দীর্ঘদিন তিনি ক্যালকাটা কর্পোরেশনে ছিলেন, তাঁর অভিজ্ঞতা আছে। কিন্তু আজকে তিনি এখানে বক্তব্য রাখতে গিয়ে স্পুটনিকের কথায় যা বললেন সেটা আমি ঠিক বুঝতে পারলাম না। স্পুটনিকের সাথে এখানে কি অসুবিধা হচ্ছে সেটা আমি ঠিক বুঝতে পারলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি বলতে চাইলেন বামফ্রণ্ট সরকারের আমলে সাধারণ নাগরিকরা কোন সুযোগ সুবিধা পায়নি। আমি তথ্য দিয়ে এটা বলতে পারি যে বামফ্রণ্ট সরকারের আমলে সাধারণ নাগরিকরা অনেক বেশী সুযোগ সুবিধা পেয়েছেন। বামফ্রণ্ট সরকার আসার আগে ১৯৭৬/৭৭ সালে কংগ্রেস সরকার ১০০টি পৌরসভার জন্য মাত্র ২০ লক্ষ টাকা উন্নয়ন খাতে ব্যয় করেছিলেন। আর বামফ্রণ্ট সরকার আসার পরে প্রতি বছর সেটা বাড়াতে বাড়াতে এখন আমরা ৭ কোটি ৬০ লক্ষ টাকা করেছি। এই টাকা আমরা পৌরসভাগুলিকে দিয়েছি। পশ্চিমবঙ্গের যে কোন পৌরসভায় গেলে দেখতে পাবেন তারা এখন কাজ করছে। আর আপনাদের সময় পৌরসভাগুলি কাজ করতে পারত না। আজকে কেউ সেখানে পার্ক করছে, কেউ খেলার মাঠ করছে, কেউ বাজার করছে, কেউ স্টেডিয়াম করছে, কেউ টাউনহল করছে। এই সমস্ত কাজ পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরসভায় আজকে হচ্ছে। আপনাদের সময়ে ১৫/২০টি পৌরসভাকে ডেকে নিয়ে তাদের মধ্যে এই ২০ লক্ষ টাকা বণ্টন করতেন। কারণ তাদের চেয়ারম্যানের সাথে আপনাদের হয়ত কোন সম্পর্ক থাকতে পারে, কিন্তু সাধারণ পৌরসভাগুলির জন্য আপনারা কোন ব্যবস্থা করেন নি। নতুন করে কোন উন্নয়ন বা সাধারণ মানুষের জীবনে যে সমস্যাগুলি আছে সেগুলি সমাধানের জন্য কিছুই করেন নি। মাননীয় সদস্য আনসারি সাহেব এই আইন কেন সংশোধন করা হচ্ছে সেই বিষয়ে অনেক কিছু বললেন। আপনাদের স্মরণে থাকা উচিত যে ওদের সময়ে

বঙ্গীয় পৌর আইনের ৬৭ (এ) ধারা সংযোজন করে বললেন নির্বাচিত পৌর প্রতিনিধিদের সরিয়ে দিয়ে আমলাদের তার জায়গায় বসানো হবে। কিন্তু আমরা ১৯৮০ সালে যে পৌর আইন তৈরী করেছি তাতে সেই ধারাটি বাতিল করেছি। অর্থাৎ গণতান্ত্রিক পদ্ধতিতে যাতে নির্বাচন হতে পারে সেই ব্যবস্থা করেছি এবং নির্বাচিত পৌর প্রতিষ্ঠান যাতে সাধারণ মানুষের সেবা করতে পারে তার ব্যবস্থা করেছি। আমরা অভিজ্ঞতায় দেখেছি পৌরসভা পরিচালনার ক্ষেত্রে কিছু কিছু জায়গায় অসুবিধা সৃষ্টি হতে পারে, সেই জন্যই এই সংশোধনীগুলি এনেছি। নির্বাচনের জন্য ইলেকটোরাল রোল করতে হবে। কিন্তু কোন কারণে জেনারেল রিভিসন যদি না হয় তাহলে আপনারা গিয়ে বলবেন নির্বাচন হল না, নির্বাচন বন্ধ করে দিন। আমরা বলছি নির্বাচন সেখানে চলবে, নির্বাচন হতে পারবে। কারণ গণতান্ত্রিক পদ্ধতি যদি বজায় রাখতে হয় তাহলে মাঝে মাঝে সময় মত, পদ্ধতি মত নির্বাচন আমাদের দরকার হয় এবং সেটা করা দরকার।

হাইকোর্টের বা কোন একটা বিচারালয়ের নির্দেশে যদি কোন একটা পৌরসভা বাতিল হয়ে যায় তাহলে সেই পৌরসভার কি অবস্থা হবে? আমরা এখানে বলেছি, যাতে অসুবিধার সৃষ্টি না হয়, সাধারণ মানুষকে যে সব সুযোগসুবিধা দেওয়া দরকার সেই সুযোগ সুবিধা যাতে দিতে পারা যায় সেইজন্য তাদের নোটিফায়েড এরিয়া হিসাবে বিবেচনা করতে হবে। আনসারি সাহেব বললেন, এগজেম্পসান বলতে এখানে কিছু নেই। আমি তাঁকে জানাই, আপনি যদি একটু খুঁটিয়ে দেখেন তাহলে দেখবেন, ১০০ টাকা পর্য্যন্ত যে ভ্যালুয়েশান তারজন্য কোন কর ধার্য করা হয়নি, সেগুলিতে এগজেম্পসান দেওয়া হয়েছে। আর আমরা এখানে যেটা দিতে চাইছি সেটা হল যেখানে বেরিয়াল গ্রাউণ্ড আছে, প্লেস অব ওয়ারশিপ আছে—মন্দির মসজিদ আছে সেইসব জায়গায় ট্যাক্স যাতে না বসাতে হয় সেজন্য আমরা এখানে ছাড় দিতে চেষ্টা করছি। আমি খুব ধন্যবাদ দেব মাননীয় সদস্য শিশির অধিকারী মহাশয়কে, তিনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের যে সম্পত্তি আছে সেই সম্পত্তির উপর তারা ট্যাক্স দেয় না। এটা সত্য কথা। এটা খুব অন্যায় কথা যে তারা দেয় না। আমি একথা বলতে পারি কোলকাতা কর্পোরেশন এবং অন্যান্য পৌরসভার কাছে প্রায় ২/২॥ কোটি টাকা পাওনা আছে কিন্তু কেন্দ্রীয় সরকার সেই অর্থ দিতে চাইছেন না, কিছুতেই তারা দিতে রাজী নয়। যখন মোরারজী দেশাই প্রধানমন্ত্রী ছিলেন তখন তাঁর সঙ্গে এ সম্পর্কে কথা বলেছিলাম এবং তারপর শ্রীমতী গান্ধীর সঙ্গেও এ ব্যাপারে পত্রালাপ হয়েছে, বারেবারে আমরা বলেছি কেন্দ্রীয় সরকারের যে সম্পত্তি আছে তার উপর যে কর সেটা দিতে হবে কিন্তু তারা কিছুতেই সেটা দিচ্ছেন না। একদিকে পৌরসভাগুলি অর্থের অভাবে কাজ করতে পারছেন না অন্য দিকে কেন্দ্রীয় সরকার কর দিচ্ছেন না, এটা খুব অন্যায় কথা। তারপর আমরা বলেছি, একবার যখন ভ্যালুয়েশান হবে সেই ভালুয়েশান হবার পরে নতুন করে যদি ভ্যালুয়েশান না হয় তাহলে সেই ভ্যালুয়েশানের উপর নির্ভর করেই তাকে কর দিয়ে যেতে হবে। যাতে আদালতে এই ধরণের প্রশ্ন না ওঠে যে যেহেতু নতুন করে ভ্যালুয়েশান হয়নি সুতরাং আমি এর পরে আর কর দেবনা সেইজন্য এইসব ব্যবস্থা করেছি। যাতে সুষ্ঠুভাবে পৌরসভাগুলি পরিচালিত

হতে পারে সেইজন্যই আমরা এইসব ব্যবস্থা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের কথা আমি শুনেছি কিন্তু তারমধ্যে এমন কোন জিনিষ পেলাম না যাতে সেই বক্তব্য গ্রহণ করা যায়। এখানে কাশীনাথবাবু বললেন, লোক্যাল নিউজ পেপারে দিলে কি করে হবে? এটা আমাদের আজকে বুঝতে হবে যে মান্ধাতা আমলের কবেকার কোন একটা প্রভিসান ছিল বিট অব ড্রামস করলেই হবে। কখন কখনও ডিসট্রিক্ট অথরিটি সে ব্যাপারে ভুল করেছে, মনে থাকে নি, যে কোন কারণেই হোক একটা নির্বাচন বাতিল হয়ে গেল কিন্তু আমরা জানি যে পত্রিকাগুলি রয়েছে সেগুলি সবাই পড়াশুনা করে সেই পত্রিকাতে যদি আমরা ছাপিয়ে দিই— বিট অব ড্রামসের জন্য আমাদের পৌরসভা বাতিল হতে পারে না। এখনও আমাদের এখানে হাইকোর্টে ২/৩টি কেস আছে যারজন্য বলা হচ্ছে যেহেতু বিট অব ড্রামস হয়নি সেইহেতু এই পৌরসভাগুলি বাতিল হয়ে যাবে। যদি পৌরসভা বাতিল হয়ে যায় তাহলে তার কাজ কি ভাবে চলবে? যে এলাকা দীর্ঘদিন ধরে পৌরসভার মধ্যে ছিল এর ফলে এখন আর সেটা থাকছে না, তার কাজ কে দেখাশুনা করবে? সেইজন্য আমার মনে হয় এই ধরনের ছোটখাট ত্রুটি হতে পারে সেগুলি এড়িয়ে চলাই ভাল। এইজন্যই আমি এই সংশোধন এনেছি, আশা করি সকলে এই অনুমোদন করবেন।

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disapproves the Bengal Municipal (Amendment) Third Ordinance, 1982 (West Bengal Ordinance No. XII of 1982), was then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that The Bengal Municipal (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 17 and Preamble**

The question that Clauses 1 to 17 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur** ; Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following results :

AYES—88

Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Kanti Chandra
Bora, Shri Badan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabortty, Shri Umapati
Chatterjee Shri Dhirendra Nath

Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Sunil
Dey, Shri Lashmi Kanta
Ghatak, Shri Santi
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sankar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Khan, Shri Sukhendu
Kolay, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Majhi, Shri Dinabandhu
Majhi. Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Suvendhu
Mandi, Shri Rampada
Mir Fakir Mohammad, Shri
Mitra, Shri Parimal
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandu
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Rathindra Nath
Roy, Shri Sada Kanta
Roy Barman, Sri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen Gupta, Shri Dipak
Seth, Shri Lakshmi Chandra
Singha Roy, Shri Jogendra Nath
Soren, Shri Khara
Sur, Shri Prasanta Kumar
Tudu, Shri Bikram
Uraon, Shri Subodh

NOES—21

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Adhikary, Shri Sisir
Bapuli, Shri Satya Ranjan
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattarji, Shri Suniti
Ghosh, Shri Ashok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Mahata, Shri Subas Chandra
Mahato, Shri Shantiram
Maity, Shri Mukul Bikash
Md. Shamsuzzoha, Shri

| | |
|---|---|
| Misra, Shri Kashinath | Roy, Shri Naba Kumar |
| Moslehuiddin Ahmed, Shri | Sah, Shri Ganga Prosad |
| Nurul Islam Chowdhury, Shri | Shaikh Imajuddin, Shri |

The Ayes being 88 and Noes 21 the Motion was carried.

(At this stage the House was adjourned till 4-00 p.m.)

[4-00—4-10 p.m.]

**The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982**

**Shri Kanti Chandra Biswas :** Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, under sub-clause (b) of clause (14) of section 4 of the West Bengal Board of Secondary Education Act, 1963, thirty two wholetime and permanent members of the teaching staff of recognised Secondary Schools are to be elected to the Board in accordance with the rules framed by State Government in this behalf. Pending framing of rules the State Government appointed thirty-two teacher members of Secondary Schools for period of two years as provided in sub-section (3) and sub-section (4) of section 52 of the said Act. There is no provision in the Act for extending the term of office of the members or for appointing a fresh batch of members to the Board. The State Government framed rules for the purpose of election of such teacher members to the Board but the rules were challenged in the Hon'ble Calcutta High Court. The Hon'ble Calcutta High Court issued an injunction restraining the Government from holding the election. Meanwhile, the term of office of such members expired. In order to remove the apparent deadlock in the functioning of the Board an amendment of section 52 of the Act was felt an immediate necessity.

There are certain anomalies in some sections, namely, sections 19A, 20, 22, 25, 26 and 27 which are required to be removed immediately. A few sections are also to be given retrospective effect for smooth functioning of the Board.

As the amendments mentioned above were urgent in nature and as the Assembly was not then in session, the amendments were effected by promulgation of an Ordinance, viz., the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1982.

( Secretary then read the title of the Bill )

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinane, 1982 (West Bengal Ordinance No. XIX of 1982).

**Shri Kanti Chandra Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982, be taken into consideration.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সভায় যে বিলটি উত্থাপন করেছেন, সে বিলটি উত্থাপন করার ব্যাপারে আমি আপত্তি জানাচ্ছি এবং আমি বিলটির বিরোধিতা করছি।

এবিষয়ে আপত্তি জানিয়ে আমি এখানে একটি স্ট্যাটিউটরি রেজলিউসন উত্থাপন করেছি। হাউস যখন আরম্ভ হতে চলেছে তখন—৫ই, আগষ্ট—মাননীয় মন্ত্রী মহাশয় অডিন্যান্স করেছেন। আমরা মনে করি এটা করার কোন প্রয়োজন ছিল না। এই আইনটি যদি একান্তই প্রয়োজনীয় বলে তিনি মনে করে থাকেন, তাহলে হাউস বসার পরেই তিনি সেটা হাউসের সামনে নিয়ে আসতে পারতেন, অডিন্যান্স করার প্রয়োজন ছিল না। বিধানসভা শুরু হতে চলেছে জেনেও মন্ত্রী মহাশয় অডিন্যান্স করে মাননীয় সদস্যদের এবিষয়ে পূর্ণ আলোচনা করার সুযোগ থেকে বঞ্চিত করেছেন। অডিন্যান্স করার ফলে মাননীয় সদস্যদের পূর্ণ আলোচনা করার অধিকার থাকে না, তার থেকে তাঁদের বঞ্চিত করা হয়। যাইহোক, এখানে বিলে দেখছি, হায়ার সেকেণ্ডারী কাউন-সিলের প্রেসিডেণ্টকে একজিকিউটিভ কমিটিতে আনা হয়েছে যেটা আগে ছিল না। ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে এ্যডমিনিস্ট্রেটর নিয়োগ করা যেটা আগে ছিল এখনও আপনারা সেই এ্যডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন এবং তার পাশে এ্যড-হক কমিটি করার জন্য আইনের সেকসান ৯ ( এ ) সাব-সেকসান ৪তে এনেছেন এবং এই আইনে যেটা এনেছেন ক্লজ ২ বলছেন। এই ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে এ্যডমিনি-স্ট্রেটর নিয়োগ করলে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হবে এবং এ্যড-হক কমিটি যদি করা হয় তাহলে মন্ত্রী মহাশয়ের নিজের দলের প্রতি আকর্ষণ থাকবে এবং সেখানে নিজেদের মনোমত দলের লোক থাকবে। দলের নির্দেশেই তাঁরা কাজ করবেন। সেই কারনেই এটার প্রয়োজন ছিল না। সাধারণভাবে যেটা হচ্ছে ম্যানেজিং কমিটিতে সেখানে বিভিন্ন ক্যাটেগরির নির্বাচিত প্রতিনিধিরা আসেন এবং তাদের ভিতর থেকেই ম্যানেজিং কমিটি তৈরী হয়। সুতরাং একে সুপারসিড করে এ্যড-হক কমিটি করার যে প্রস্তাব দিয়েছেন সেটা ঠিক হয়নি এবং করা উচিৎ নয়। সিলেবাস কমিটির রেকো-মেনডেসানের উপর রেগুলেসান করে সিলেবাস চালু করা হচ্ছে—এখন সেই রেগুলেসানের বিষয় তুলে দিয়ে বোর্ড এখন সরাসরি সিলেবাস চালু করবেন বলে বিলে এই সংশোধনী নিয়ে এসেছেন। এটাই যদি জনস্বার্থের জন্য হয় তাহলে আপনার ক্ষমতা অনুযায়ী করতে পারতেন। ১৯ ( এ ) সেকসান ৩ ক্লজ ( জি ) আর নতুন বিলের সেকসান ২তে এই কথা বলছেন সরাসরি এই বোর্ড তার নিজস্ব ক্ষমতা আর প্রয়োগ করবেন না। নিজস্বভাবে বোর্ডের চিন্তাধারাটাকে প্রয়োগ করার ক্ষমতাটাকে আর এই আইনের মধ্যে আনছেন না। যে সিলেবাস কমিটি হবে সেই সিলেবাস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী করতে পারতেন। কিন্তু সেক্ষেত্রে উপেক্ষা করা হচ্ছে। সেকসান ২০তে সেই সিলেবাস কমিটিতে প্রেসিডেণ্ট, ওয়েস্ট বেঙ্গল হায়ার সেকেণ্ডারী কাউনসিলকে যোগ করা হচ্ছে একস-অফিসিও হিসাবে। এটা দলীয় স্বার্থে আনছেন। ক্ষমতায় আসীন যে সরকার তার প্রতিনিধির দ্বারা বোর্ডগুলি চলছে। অতএব সেখানে তার নিজস্ব লোকের দ্বারা হচ্ছে। মধ্য শিক্ষা পর্ষদের নিজস্ব লোক আছে। সুতরাং হায়ার সেকেণ্ডারী কাউন-

সিল থেকে আনার কি প্রয়োজন ছিল ? এবং এরই জন্য আপনাকে অডিন্যান্স করতে হচ্ছে। এগুলি সামান্য ব্যাপার, কোন প্রয়োজন ছিল না। পরে বিল আকারে নিয়ে আসতে পারতেন। সেকসান ২২ ( এ ) এর সাব-সেকসান ৫ করা হচ্ছে নমিনেটেড মেম্বারের অনারারিয়াম ঠিক করে দেবে গভর্ণমেণ্ট। এক্ষেত্রেও ক্ষমতাটাকে হ্রাস করা হচ্ছে। এটা যেহেতু অটোনমাস বডি, তার নিজস্ব চিন্তা-ধারায় কাজ করতেন এবং সমস্ত জিনিষ পরিচালনা করতেন কিন্তু এখন দেখা যাচ্ছে সরকার তার উপর হস্তক্ষেপ করছেন এবং দলীয় লোককে বসাবার ব্যবস্থা করছেন।

[4-10—4-20 p m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবার দেখা যাচ্ছে যে সেকসান ২৫ নুতন করে প্রয়োগ করেছেন, রিজিওন্যাল কাউনসিল করা হচ্ছে, আর এই রিজিওন্যাল কাউনসিলের সমস্ত কিছু স্টেট গভর্ণমেণ্ট ঠিক করবেন। তাহলে বোর্ড রাখার প্রয়োজন কি? তাহলে একটা অটোনমাস সংস্থাকে রাখার প্রয়োজন কি ? তাঁরা তাঁদের নিজস্ব চিন্তা-ধারায় পরিচালিত হতেন, তাঁদের পর্ষদের সভাপতি আছেন, তাঁদের অন্যান্য সদস্যরা আছেন, কিন্তু তাঁদের ক্ষমতাকে কমিয়ে দিয়ে গভর্ণমেন্টের তার মধ্যে মাথা গলাবার কি প্রয়োজন ? তার চেয়ে গভর্ণমেণ্ট নিজেই পরিচালনা করুন। শিক্ষা ব্যবস্থা ঠিকমত পরিচালনা করার জন্য সরকারের টাকা বাঁচবে। বোর্ড অফ সেকেনডারী এডুকেশন করে টাকা খরচ করার দরকার কি ? স্টেট গভর্ণমেণ্ট নিজেই পরিচালনা করুন। তাদের যে ম্যানেজিং কমিটি আছে তার কোন প্রয়োজন নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলছি যে, এই বিলে যে শিক্ষা ব্যবস্থার কথা রয়েছে তাতে বিভিন্নভাবে ম্যানেজিং কমিটিতে দলের লোকেরা আছেন এবং স্ট্যাটুটারী রেজলিউসনের দ্বারা তাঁরা দলের প্রাধান্য বাড়াবার জন্য চেষ্টা করছেন। আজকে নতুন করে অডিন্যান্স করে সাথে সাথে একটা বোঝা বাড়াবার প্রয়োজন নাই। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করছি। এখানে অডিন্যান্স করার প্রয়োজনীয়তা নেই। মাননীয় মন্ত্রী মহাশয় পরে এটা বিলের আকারে আনতে পারতেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাইচরণ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়গণ এই বিধানসভায় যে মধ্যশিক্ষা পর্ষদ সংশোধন বিধেয়ক ১৯৮২ বিল উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলার বিশেষ প্রয়োজন আছে। এই বিলটির উদ্দেশ্য এবং গুরুত্ব সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, বোর্ড অফ সেকেনডারী এডুকেশনে সদস্যরা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হবেন। কিন্তু এখানে দেখা যাচ্ছে এই বিল যাতে কার্যকরী হতে না পারে তার জন্য মহামান্য কলিকাতা হাইকোর্ট থেকে এর বিরুদ্ধে একটা ইনজাংসান প্রয়োগ করা হয়েছে। আমার মনে হয় এই গণতান্ত্রিক পদ্ধতিকে ধুলিসাত করার জন্য হাইকোর্ট থেকে ইনজাংসান নেওয়া হচ্ছে। এর পিছনে কংগ্রেসীদের মদত আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন যে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা দিকে দিকে যখন প্রসারিত—কি মাধ্যমিক, কি প্রাথমিক শিক্ষা—হচ্ছে, যখন গণতন্ত্রীকরণের

দিকে প্রসারিত হচ্ছে তখন দেখা যাচ্ছে যে শিক্ষার আলোক পছন্দ করে না যে সমস্ত মানুষ, যারা সাধারণ মানুষকে রাতের অন্ধকারে রাখতে চায় তারা এই শিক্ষা ব্যবস্থাকে অন্য দিকে ঘোরাবার চেষ্টা করছে। এটা আমরা লক্ষ্য করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে শিশুর যখন প্রথম দাঁত ওঠে তখন তার কোনটা নরম, কোনটা শক্ত বোধ থাকে না, সেজন্য সে যেখানে সেখানে কামড় দেয়। এখানেও আমরা দেখছি এই বিলের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যটা না বুঝেই বিরোধী সদস্যরা অবোধ শিশুর মত বিরোধিতা করলেন। মাননীয় বিরোধী সদস্য না বুঝেই বিরোধিতা করলেন। শিশুর মত তিনিও যেখানে সেখানে কামড় দিয়েছেন। পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট সরকারের শিক্ষার উদ্দেশ্য যে গণতন্ত্রী করণের উদ্দেশ্য এবং তার জন্য সরকার যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তাকে বানচাল করার জন্য ওঁরা তৎপর হয়েছেন। আমি এ ব্যাপারে আর কিছু বলতে চাইনা, আমি এই বিলকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় স্পীকার স্যার, আজকে এই যে এ্যামেণ্ডমেণ্ট বিল এসেছে আমি এর বিরোধীতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে গত পাঁচ বছর ধরে বামফ্রণ্ট সরকারের আমলে যে শিক্ষা ব্যবস্থা দেখেছি এবং এখন যা দেখছি এর সঙ্গে সরকার দলের সদস্যরা যা বলছেন তার সঙ্গে আকাশ পাতাল তফাৎ। আজকে বামফ্রণ্ট সরকার দাবী করেন যে শিক্ষায়তন গুলিতে গণতন্ত্রের অনুপ্রবেশ ঘটেছে। শিক্ষায়াতনে সব কিছু নৈরাজ্য দূর করেছেন। এটা একেবারেই অসত্য কথা। আমি নিজে শিক্ষায়াতনের মধ্যে থাকি এবং আমি একটা স্কুলের শিক্ষকতা করি। আমি দেখেছি শিক্ষায়াতনে কি ভাবে নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। আমি এই ব্যাপারে কয়েকটা উদাহরণ তুলে ধরতে চাই। ওরা যখন গণতন্ত্রের কথা বলেন — ভদ্রকালী স্কুলে কি হয়েছে সেই সম্পর্কে একটা ঘটনা আমি এখানে শোনাচ্ছি। সেখানে গণতন্ত্রের বিরুদ্ধে কি ভাবে কাজ করা হচ্ছে সেটা আমি তুলে ধরবো। সেই স্কুলে আনন্দবাজার এবং যুগান্তর পত্রিকা নেওয়া হত। সেই স্কুলে দেখলে দেখা যাবে যে চিরকাল ধরে তারা আনন্দবাজার পত্রিকা এবং যুগান্তর পত্রিকা নিত। যেহেতু আনন্দবাজার এবং যুগান্তর পত্রিকা কিছু কিছু সরকার বিরোধী বক্তব্য ছাপে সেইজন্য সেখানকার ম্যানেজিং কমিটি সেই আনন্দবাজার, যুগান্তর পত্রিকা নেওয়া বন্ধ করে দিলেন। তার জায়গায় বসুমতী পত্রিকা নেওয়া হচ্ছে। যেহেতু তারা সরকারের পক্ষে বলে। এইভাবে আজকে মাষ্টারদের গণতান্ত্রিক অধিকার ভেঙ্গে দেওয়া হচ্ছে। আজকে ওরা অরাজকতা দূর করবার কথা বলেন। ভারতবর্ষের কোন ষ্টেটের কোন জায়গায় এই ধরণের আইন আছে? উত্তরপাড়া সরকারী বিদ্যালয় যেটা মানুষের গর্বের বিষয় ছিল, সেখানে আজ কি হয়েছে দেখুন। সেই স্কুলের একজন সহকারী প্রধান শিক্ষকের রিটেয়ার হয়ে যাবার পর মাহেশের একটি বেসরকারী স্কুলে পাঠিয়ে দেওয়া হ'ল। তাঁর ৫৮ বৎসর বয়েস হয়ে গিয়েছিল বলে তিনি রিটেয়ার হয়ে গিয়েছিলেন। তাঁকে একটা বেসরকারী স্কুলে চাকুরী দেওয়া হলো কারণ বেসরকারী স্কুলে ৬৫ বৎসর বয়েস পর্যন্ত চাকুরী করতে পারবে বলে। সেই শিক্ষক মাহেশ স্কুলে যোগ দেবার ৬ মাস পরে তাঁকে আবার ফিরিয়ে আনা হ'ল। সে সি. পি. এম.-র ক্যাডার বলে এম. এল. এর

মারফত তদানিন্তন মন্ত্রী পার্থ দেকে তদ্বির করে আবার তাঁকে সেই স্কুলে ফিরিয়ে আনা হলো। সেখানে তাঁকে ৭ বছর এ্যাট এ টাইম এক্সটেনসন দেওয়া হলো। ৭ বছর এ্যাট এ টাইম এক্সটেনসন সরকারী কোন আইনে আছে আমার জানা নেই। এইভাবে উত্তরপাড়া গভর্ণমেণ্ট স্কুলে একজন শিক্ষককে ৭ বছর এক্সটেনসন দেওয়া হয়েছে। স্যার, ১ বছর এক্সটেনসন দেওয়া যায় মেডিকেল সার্টিফিকেট প্রোডিউস করে। তারপর দেখা গেল তাঁকে আবার সহকারী প্রধান শিক্ষক থেকে প্রধান শিক্ষক করে দেওয়া হ'ল। আমার মনে হয় এই ধরণের কোন আইন নেই। স্যার, আপনি আগে আইন মন্ত্রী ছিলেন, আপনি নিশ্চয়ই জানেন যে সুপারয়্যানিউয়েটেড পারসন সরকারী স্কুলে প্রোমোসন পেতে পারে না। কিন্তু সেই সুপারয়্যানিউয়েটেড পারসনকে প্রোমোসান দেওয়া হ'ল। আজকে শিক্ষার ক্ষেত্রে এইভাবে নৈরাজ্য চলেছে। আমি ১৯৭৩ সালে বি. টি. পাশ করেছিলাম এবং সেই পরীক্ষায় আমি ফার্ষ্ট ক্লাস পেয়েছিলাম। কিন্তু অনিলা দেবী, যাকে উচ্চ শিক্ষা সংসদের চেয়ারম্যান করা হয়েছে, সে এই বি. টি. পরীক্ষায় তিন বার ফেল করেছে। তিন বার ফেল করা সত্ত্বেও তাকে চেয়ারম্যান করা হয়েছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কথা এখানে বলা যাবে না, কারণ এই ব্যাপারটা এখানে সংযুক্ত নয়। স্যার, আজকে দেখবেন যে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে সি. পি. এম. প্রার্থী পরাজিত হলে সেই ম্যানেজিং কমিটিতে ওরা এ্যাডমিনিসট্রেটর হিসাবে দলের লোককে নিয়োগ করবে। এই ভাবে প্রতিটি শিক্ষায়তনে চরম দলবাজী চলছে। সেই জন্য আমি এই বিলকে সমর্থন করতে পারছি না, এই বিলের বিরোধীতা করছি।

[4.20—4.30 p. m.]

**শ্রীসেখ ইমাজুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ১৯৮২ সালের যে বিলটি এনেছেন সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। তিনি যে যুক্তি দেখিয়ে বিলটি এখানে এনেছেন সেটি দেখে আপাতদৃষ্টিতে খুব ভাল বলে মনে হবে। এর কারণ হচ্ছে হাইকোর্টে যে ইনজাংশন হচ্ছে তা প্রতিরোধ করবার কোন উপায় নেই, হাত-পা বাঁধা হয়ে যাচ্ছে। সেকারণে আইনটির সংশোধন করা ছাড়া কোন উপায় তাঁর কাছে নেই। বিলটি পাশ করাতে না পারলে অচল হয়ে যাবে, এই যুক্তি দেখিয়ে তিনি এটি এখানে এনেছেন। তাঁর পক্ষে অবশ্য এ যুক্তি থাকতে পারে। কিন্তু বিলটির মাধ্যমে বিভিন্ন ধারার যে পরিবর্তন তিনি করতে চেয়েছেন সেটা খুব মারাত্মক, এর ফল সুদূর প্রসারী। আপনারা সকলেই জানেন যে মন্ত্রীমহাশয়ের রুলস্ চেঞ্জ করা সম্পর্কে বিরাট এলার্জী আছে। কেননা ওঁর পূর্বসূরী, প্রাক্তন মন্ত্রী শ্রীপার্থ দে মহাশয় আইন তৈরী করতে গিয়ে — ম্যানেজিং কমিটির রুলস্ তৈরী করতে গিয়ে অনেক ভুলভ্রান্তি করে ফেলেছিলেন। আজও অনেক স্কুলে ম্যানেজিং কমিটির নির্বাচন হয়নি। কারণ আপনাদের সকলেরই জানা আছে, মারাত্মক মারাত্মক ভুল থাকার জন্য নির্বাচন সম্ভব হয়ে ওঠেনি। আমার নিজের স্কুলে এখনও নির্বাচন করতে পারিনি। এভাবে বহুস্থানে নির্বাচন প্রত্যাখ্যাত হচ্ছে। ভুলত্রুটি থাকার জন্য স্কুল কর্তৃপক্ষ ম্যানেজিং কমিটি নির্বাচন করতে ভয় পাচ্ছেন। মধ্যশিক্ষা পর্ষদের যে আইন, যে রুলস্ এ্যাণ্ড রেগুলেশানস্ আছে তাকে বাদ দিয়ে 'অমিটেড' করে ছেড়ে

দিয়েছেন। আর একটা মারাত্মক কথা বলছি, মধ্যশিক্ষা পর্ষদের যে অটনমি ছিল সেটা সম্পূর্ণভাবে নষ্ট করে দিয়ে একটা কথা জুড়ে দিয়েছেন — উইথ এ্যাপ্রোভাল অফ দি স্টেট গভর্ণমেন্ট'। অর্থাৎ আইনটা পাশ হয়ে যাবার পর থেকে মধ্যশিক্ষা পর্ষদ যে কাজগুলি করবে সেগুলি স্টেট গভর্ণমেণ্টের প্রিভিয়াস এ্যাপ্রোভাল ছাড়া করতে পারবে না, করার সাধ্যই আর তাদের হাতে থাকবে না। এটা একটা পোস্ট অফিসের মত হয়ে গেল, কেননা সরকারের অনুমতি ব্যাতিরেকে মধ্যশিক্ষা পর্ষদের কোন কাজ করার ক্ষমতা আর থাকবে না। বিলটি যদি শীঘ্র এখানে পাশ হয়ে যায় তাহলে এর ভবিষ্যৎ অন্ধকার। সেজন্য আমি বলব, বিলটি আবার ভাল করে দেখার দরকার আছে, আগের থেকে পাশ করাটা কখনও ঠিক হবে না। এবারে দু চারটে পয়েণ্ট নিয়ে বলব। আগে ম্যানেজিং কমিটির কাছে আইন ছিল বিশেষ প্রয়োজনে -- ম্যানেজিং কমিটির কোন গণ্ডগোলে, টাকা-পয়সা তছরূপ ঘটলে — টার্ম শেষ হয়ে যাবার আগে বা পরে মধ্যশিক্ষা পর্ষদ এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে পারতো। বর্তমানে মন্ত্রিমহাশয় সেখানে 'অর' দিয়ে একটা কথা জুড়ে দিয়েছেন — 'অর এ্যাড-হক কমিটি'। এটা একটা মারাত্মক ব্যাপার। কেননা এ্যাড-হক কমিটির কথা যখন আপনি বলছেন সেখানে নিশ্চয় দু-চার জন লোককে নিয়ে গঠিত লোকের কথা বলা হচ্ছে বুঝতে হবে। এ্যাডমিনিস্ট্রেটর হিসাবে অনেক দলের লোককে আপনি নিয়োগ করেছেন। কোন কোন ক্ষেত্রে শিক্ষা দপ্তরে দেখা গিয়েছে সরকারী কর্মচারী এ্যাডমিনিস্ট্রেটর পদে নিয়োজিত হয়েছেন এবং দেখা গেছে তাঁরা অনেক ক্ষেত্রে নিরপেক্ষভাবে কাজকর্ম করেছেন। কিন্তু 'অর' দিয়ে যে এ্যাড-হক কমিটি গঠণের কথা বলা হয়েছে তা একটা মারাত্মক ব্যাপার। অনেক স্কুলে এ্যাড-হক কমিটিতে সব মাস্টারমহাশয়রা বা হেডমাস্টার মহাশয়রা আসতে পারবেন না, কেননা তাঁরা হয়ত ভিন্ন দলের লোক, সরকারের পক্ষভুক্ত বা বামফ্রণ্টের সমর্থক নন। এই সমস্ত স্কুলে দেখা যাবে যে অনেক ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে মনোমত পার্টি ক্যাডার দিয়ে ম্যানেজিং কমিটি গঠিত হবে। অর্থাৎ এইভাবে কাজ করার জন্য আইন তৈরী করে নিতে চাইছেন। এটা একটা মারাত্মক ব্যাপার। সেজন্য আমি বলছি, এ আইন আপনি করবেন না। এ্যাডমিনিস্ট্রেটরের যে ক্ষমতা ছিল, বর্তমানে এ্যাড-হক কমিটি করে আপনি সেটা কেড়ে নিতে চাইছেন। আর একটা কথা হচ্ছে পরীক্ষার ফি, খাতা দেখার জন্য ফি এবং অন্যান্য যে সমস্ত ফি যেগুলি আগে বোর্ড কর্তৃক ধার্য করা হতো সেগুলির ব্যাপারে আইন করে আপনি বলতে চাইছেন যে, স্টেট গভর্ণমেণ্টের কাছ থেকে উইথ প্রিভিয়াস এ্যাপ্রোভ্যাল এটা করতে হবে। অর্থাৎ স্টেট গভর্ণমেণ্ট ফি ইত্যাদির রেট ঠিক করে দেবেন। এটা এই মারাত্মক ব্যাপার। আমি বল যে, ম্যানেজিং কমিটি সম্পর্কে যে রুলস্ আছে, সেই রুলস্-এ যে ভুল ছিল—৩টা ভুল ছিল—সেগুলির উল্লেখ করে তদানিন্তন শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানিয়েছিলাম তিনি যেন সেগুলির সংশোধন করে দেন। দুঃখের বিষয়, তিনি তার মধ্যে মাত্র একটা সংশোধন করেছেন, বাকী দুটোর সংশোধন আজও হয়নি। বর্তমান মন্ত্রীমহাশয়ের কাছে সে বিষয়ে ভেবে দেখার জন্য অনুরোধ করছি। এই ভুল সম্পর্কে আমি প্রথমে তদানিন্তন প্রেসিডেণ্টকেও বলেছিলাম। এবারে ডোনার ক্যাটাগোরি সম্পর্কে বলি। এটিকে মন্ত্রীমহাশয় উঠিয়ে

দিয়েছেন। যাঁরা প্রথম বারে ৫০০ টাকা দিয়ে আগের কমিটিতে সদস্য হয়েছিলেন সেক্ষেত্রে নিয়ম ছিল একবার ৫০০ টাকা দিয়ে ম্যানেজিং কমিটির সদস্য হলে পরবর্তী পর্যায়ে তিনি আবার কনটেষ্ট করতে পারবেন। কিন্তু ডোনর ক্যাটাগোরি উঠিয়ে দেবার ফলে পরবর্তী পর্যায়ে তিনি আবার কনটেষ্ট করতে পারবেন। কিন্তু ডোনর ক্যাটাগোরি উঠিয়ে দেবার ফলে পরবর্তী ম্যানেজিং কমিটির ইলেকশানে ঐ ব্যক্তি আর কনটেষ্ট করতে পারবেন না বা সেই ভাবে সুযোগ পাবেন না, তাঁর অধিকার ভঙ্গ করা হচ্ছে। আর একটা কথা হচ্ছে, ম্যানেজিং কমিটির ইলেকশানে তিনি আর সিম্বল ব্যবহারের সুযোগও পাবেন না। পাড়াগাঁয়ে যাঁরা ভোটার, যাঁদের ছেলেমেয়েরা স্কুলে পড়াশুনা করে, তাঁরা অনেকেই নিরক্ষর। এই অবস্থায় ভোট গ্রহণের সময়ে কোন প্রতীক যদি না থাকে তাহলে তাঁরা তাঁদের ভোট প্রয়োগ করবেন কি করে? এই কথা বলে এই বিধায়কটির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলকে আমি সমর্থন করছি। আমি বিরোধীপক্ষের কিছু কিছু বক্তৃতা শুনলাম। তারা এ্যাডমিনিষ্ট্রেটর বাতিল করে এ্যাড-হক কমিটি করার সম্পর্কে আপত্তি জানিয়েছেন। কিন্তু এটা নতুন কোন ব্যাপার নয়। বোর্ড যখন তৈরী হয়েছিল তখন এ্যাডমিনিষ্ট্রেটর বা এ্যাড-হক কমিটি ছিল। ওদের সময়েই ওনার হামেশা এটা প্রয়োগ করেছেন বিভিন্ন ইস্কুলে। আমার নিজের ইস্কুলের ক্ষেত্রে আমি দেখেছি ১৯৭৫ সালে ওঁরা ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে এ্যাড-হক কমিটি করেছিলেন। সুতরাং আজকে তাঁরা যে সমস্ত কথা বলছেন সেগুলি অমূলক বলে আমি মনে করি। এই সমস্ত বিষয়ে আলোচনা না করে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আমার প্রথম কথা হচ্ছে—মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক এই দুই স্তরের যে সিলেবাস আছে সেই সিলেবাসের মধ্যে সামঞ্জস্য না থাকার জন্য আমরা দেখতে পাচ্ছি বহু ভালো ছাত্র-ছাত্রী যারা মাধ্যমিক পরীক্ষায় ভালো ফল করেছেন কিন্তু উচ্চ মাধ্যমিকে আশানুরূপ ফল করতে পারেন নি। এর মূল কারণ হচ্ছে শিক্ষাক্ষেত্রে একটা বিরাট গ্যাপ থেকে যাচ্ছে। এই সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। উচ্চ মাধ্যমিক কাউন্সিলের সে সভাপতি আপনি নির্বাচন করেছেন সেটা সমর্থন করছি। এরফলে বিভিন্ন সাধারণ স্তরে ইউনির্ভাসিটিই হোক বা সেকেণ্ডারি এডুকেশান বোর্ডই হোক বা উচ্চমাধ্যমিক কাউন্সিলেই হোক এরা যদি একসঙ্গে মিলে সিলেবাস করেন যাতে করে তাতে এই ধরণের গ্যাপ না থাকে সেদিকে লক্ষ্য রাখবেন। এই ব্যাপারে আমি আপনাকে অনুরোধ করছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে যে স্কুল ফ্যাইনাল মাধ্যমিক স্তরের মিনিমাম পাশ মার্ক ২০ করা হয়েছে। এরফলে সাধারণ মেরিটের যে সমস্ত ছেলে-মেয়ে আছে তারা এই ব্যাপারে খুব বেশী গুরুত্ব দেয় না। এই ২০ নম্বর পাবার জন্য যতটুকু পড়া দরকার তার বেশী কেউ পড়তে চায় না। আর্টস হোক বা সাইন্সই হোক যে যে বিষয়ে দুর্বল সে সেই বিষয়ে ওভার লুক করতে চায় বা তাতে কম জোর দেবার চেষ্টা করে। এরফলে কেউ আর্টসে বা কেউ সাইন্সে দুর্বল থেকেই যাচ্ছে। এই জন্য গড়ে পাশ মার্ক ২০ না করে আগের মত গড়ে ৩৪ করলে আমার মনে হয় ভালো হবে। এই দিকে মাননীয় মন্ত্রীকে একটু

দৃষ্টি দিতে অনুরোধ করছি। আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে পাঠ্য পুস্তক সরবরাহের ক্ষেত্রে অন্যান্য ডিপার্টমেণ্টের ন্যায় এই বোর্ডের ক্ষেত্রে চূড়ান্ত অনিশ্চয়তা দেখা গেছে। বোর্ড থেকে যে সমস্ত বই পাওয়া যায় সেগুলি ঠিকমত পাওয়া যাচ্ছে না। বোর্ড বলে দিচ্ছে এজেন্সির সঙ্গে যোগাযোগ করতে। সে সমস্ত এজেন্সির কথা বলা হয়েছে সেখানে গিয়ে দেখা যাচ্ছে নোটিশ টাঙ্গান আছে যে বই নেই। এইভাবে বছর শেষ হতে যাচ্ছে কিন্তু ইস্কুলগুলি পাঠ্যপুস্তক ঠিকমত পাচ্ছে না। শিক্ষার ক্ষেত্রে একদিকে যেমন নিয়মিত পরীক্ষা এবং নিয়মিত ফলপ্রকাশ হচ্ছে, অন্যদিকে আবার এই ত্রুটিগুলি কিছু থেকে গেছে। আমি এই ত্রুটিগুলির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-300—4-40 p.m.]

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন সে বিষয়ে ২।১টি কথা বলতে চাই। সামান্যকয়েকটা কথা যোগ করার জন্য এই সংশোধনী আনা হয়েছে। এর কি দরকার ছিল। উচ্চ মাধ্যমিক শিক্ষার সভাপতি আসবেন, কি জুডিসিয়াল ডিপার্টমেণ্টের একজন আসবেন, তিনি কি বেতন পাবেন, কিম্বা এ্যাড-হক কমিটি ইত্যাদি কতকগুলি কথা যোগ করা হয়েছে। তার কি প্রয়োজন ছিল? পশ্চিমবঙ্গে শিক্ষা একটা পরীক্ষা নিরিক্ষার মাধ্যমে চলছে। বোর্ডের অনেকবার সংশোধন হল, কিন্তু আসল কাজ হচ্ছে না। বোর্ডের আসল ফাংশান কি? বেশিরভাগ কাজই সরকার করেছেন। বোর্ড যে বই প্রকাশ করে তা সময়ে পাওয়া যায় না। আবার এই সব বইয়ের সঙ্গে নোট না কিনলে বই পাওয়া যায় না। এর ফলে গ্রামে বই যোগাড় করা অসম্ভব হচ্ছে। সিলেবাস কমিটি অনেক গুরুত্বপূর্ণ পরিবর্তন করেছেন। হাই স্কুলের সিলেবাস দেখলে দেখবেন তার মধ্যে অনেক অসংগতি আছে। এখন অতি অল্প বয়স থেকে ছেলেরা পড়াশুনা করছে। বর্তমান সিলেবাস তাদের পক্ষে একটা বোঝা স্বরূপ। ট্রান্সলেশান যা দেয়া হচ্ছে তা একটা গ্রাজুয়েট ছেলে করতে পারে না, ক্লাস নাইন, টেন তো দুরের কথা। যেমন ধরুন—"আজ হতে ২৫০ বৎসর পূর্বে মাঘ মাসে রাত্রি শেষে একখানি যাত্রী বোঝাই নৌকা অন্যান্য যাত্রী সহ গঙ্গা সাগর হইতে প্রত্যাবর্তন করিতেছিল।" এই রকম ধরণের কঠিন ট্রান্সলেশান করা নাইন, টেনের ছাত্রদের পক্ষে সম্ভব নয়। একটা গ্রাজুয়েট ছেলে ১০ লাইন ইংরাজীতে দরখাস্ত করতে পারেন না যে সমস্ত শিক্ষিত লোক সিলেবাস কমিটির মধ্যে আছেন তাঁরা এসব জিনিষ লক্ষ্য করেন না। সায়েন্সের বেলায় লাইফ সায়েন্স বলুন আর যাই বলুন যা কোর্স তা এই সমস্ত কচি ছেলেদের পড়ান খুব শক্ত। সেজন্য বলছি বারবার এমেণ্ডমেণ্ট না এনে একটা কম্প্রিহেনসিভ বিল আনা দরকার বোর্ড একটা স্বয়ং শাষিত সংস্থা তার পরিবর্তন কিভাবে করতে পারি তা চিন্তা করতে হবে। বোর্ডের হয়ে প্রায় সব কাজ সরকারই করেন। এ্যাডমিনিস্ট্রেটার, এ্যাড হক কমিটির নিশ্চয় দরকার আছে। কিন্তু কোন কেন জায়গায় এ্যাডমিস্ট্রিটার দীর্ঘকাল ধরে আছে। যেসব জায়গায় এ্যাডমিনিস্ট্রেটার হয়েছে সেসব জায়গায় ম্যানেজিং কমিটি তাদের বিরুদ্ধে কোর্টে কেস করেছে এবং সেই সব কেস ১০।১৫ বছর ধরে চলছে।

আবার যেসব স্কুলে এ্যাডমিনিস্ট্রেটার নেই, ম্যানেজিং কমিটি নেই সেখানে ড্রইং অফিসার কাজ করছেন। বোর্ডের উকিলরা যথা সময়ে এই সব কেসে উপস্থিত হননা, ফি পেয়েই সন্তুষ্ট থাকেন যার ফলে বোর্ড বেশিরভাগ কেসে হেরে যায়। এতে স্কুলের ক্ষতি হচ্ছে। আপনারা পঞ্চায়েত সমিতি, চতুর্থ শ্রেণী থেকে সদস্য নিলেন ভালো কথা, কিন্তু চতুর্থ শ্রেণী থেকে সদস্য নেওয়ার ফলে একটা অচল অবস্থা সৃষ্টি হচ্ছে।

যে সমস্ত চতুর্থ শ্রেণী কর্মচারী ম্যানেজিং কমিটিতে যায় তারা নিজের যে ডে টু ডে ওয়ার্ক সেটা করতে চায় না। তারা বলে যেহেতু আমরা ম্যানেজিং কমিটির সদস্য সেইহেতু আমরা চতুর্থ শ্রেণীর কর্মচারী হলেও আমরা এই কাজ করতে পারব না। অন্য কর্মচারীদের কথা হল মেম্বারেরা যদি তাঁদের কাজ না করেন তাহলে তাঁদের কাজ আমরা করব কেন? কাজেই চতুর্থ শ্রেণী কর্মচারীদের রাখুন আমাদের আপত্তি নেই কিন্তু সঙ্গে সঙ্গে এই নির্দেশ দিন যে ম্যানেজিং কমিটির মিটিং-এর দিন ছাড়া অন্য দিন যেন তাঁদের যা কাজ সেই কাজ করেন। হাইস্কুলে গ্রাম পঞ্চায়েত থেকে মেম্বার আসেন। অনেক সময় দেখা যায় সেখানে তাঁরা পার্টি পলিটিক্স চালিয়ে যাচ্ছেন। তাঁরা সেখানে পার্টির কথা নিয়ে আসেন সেক্রেটারী হওয়ার জন্য। পঞ্চায়েত থেকে মেম্বার নিয়ে আসার কি সত্যই দরকার আছে? আগে ডোনার যাঁরা ছিলেন, চিকিৎসাবিদ যাঁরা ছিলেন, শিক্ষানুরাগী যাঁরা ছিলেন তাঁদের সম্পূর্ণ বাদ দিয়ে যেভাবে ম্যানেজিং কমিটির রূপ পরিবর্তন করেছেন এটার সত্যই কি দরকার ছিল? আগে ডোনার কিছু টাকা দিয়ে স্কুলে আসতেন, চিকিৎসাবিদরা মেম্বার হওয়ার জন্য তাঁদের কাছ থেকে কিছু সাহায্য পাওয়া যেত, শিক্ষানুরাগীদের কাছ থেকে কিছু এ্যাডভাইস পাওয়া যেত, তাঁদের সেখানে বঞ্চিত করা হয়েছে। এঁদের রাখলে ভাল হত। আগে রিজিওন্যাল কাউন্সিল প্রত্যেকটা ডিস্ট্রিক্টে থাকত, আপনারা সেটা উঠিয়ে দিয়েছেন। ফলে নর্থ বেঙ্গলে সুদূর যেসব জায়গা রয়েছে সেখান থেকে কলকাতার সঙ্গে যোগাযোগ স্থাপন করা কঠিন হয়ে পড়েছে। সেজন্য প্রত্যেকটা ডিস্ট্রিক্টে এর একটা করে ইউনিট করা যায় কিনা সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি।

পরিশেষে সিলেবাস যেভাবে এনেছেন সেটা পুনর্বিবেচনা করার অবকাশ রয়েছে। এই সিলেবাসকে কিভাবে হাল্কা করে সঠিকভাবে কাজকর্ম চালাতে পারা যায় এবং বোর্ডের কাজ যাতে ভালভাবে চলে তারজন্য চেষ্টা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকান্তি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিল এখানে উত্থাপন করেছি বিরোধী পক্ষের মাননীয় সদস্যারা সেই বিধেয়কের আলোচনা করতে গিয়ে যেসমস্ত বিষয় বলেছেন তাতে আমার মনে হয়েছে আমার দুর্ভাগ্য যে বিলের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে যে বিষয়গুলি উল্লেখ করেছি সেগুলি তাঁরা পড়েননি। যদি বিষয়গুলি পড়তেন তাহলে এই ধরণের সমালোচনা করতে পারতেন না। প্রথমে আমি একটি বিষয় উল্লেখ করতে চাই যে কেন এই অর্ডিন্যান্স জারি করেছি। আমরা ভেবে ছিলাম ২ বছরের মধ্যে নির্বাচন করব মধ্য শিক্ষা পর্ষদে। কিন্তু হাইকোর্টে একটা কেস থাকার ফলে আমরা ২ বছরের মধ্যে সেখানে নির্বাচন করতে পারলাম না। তারজন্য যে সংস্থায় সংকট সৃষ্টি হল সেই সংস্থাকে পরিপূর্ণ করার জন্য এই অর্ডিন্যান্স জারী

করা ছাড়া আমাদের কোন গত্যন্তর ছিল না। একথা উদ্দেশ্য এবং হেতুর মধ্যে বলে দিয়েছি। যদি একথা পড়তেন তাহলে নিশ্চয়ই বুঝতে পারতেন কেন এই অধ্যাদেশ জারী করেছিলাম। উচ্চতর যে মধ্যশিক্ষা সংসদ সেই সংসদের যিনি সভাপতি তাঁকে এখানে আনা হয়েছে। এটারও কি আপনারা বিরোধিতা করবেন? আজকে মধ্যশিক্ষা এবং উচ্চতর মধ্যশিক্ষা তাদের মধ্যে সামঞ্জস্য রক্ষার জন্য আমাদের উচ্চতর মধ্য শিক্ষা সংসদের যিনি সভাপতি তাঁকে রাখা দরকার। আপনারা যাঁরা প্রতিনিধি আছেন তারা অন্তত এই বিষয়ে বিরোধিতা করেন নি।

[4-40—4-50 p.m.]

স্যার, মাননীয় সদস্য ইমাজুদ্দীন সাহেব একজন প্রধান শিক্ষক হয়ে কি করে এর বিরোধিতা করলেন আমি সেটা বুঝতে পারছি না। মাননীয় সদস্য কাশীবাবু এ্যাড-হক কমিটির কথা বলেছেন এবং গনেশবাবু যেকথাগুলো বললেন তাতে দেখলাম তিনি সঠিক কথাই বলেছেন। এটা আপনাদের সময় ছিল না যখন আপনারা মধ্যশিক্ষা পর্ষদ সৃষ্টি করেছিলেন। আমরা সংশোধরের সময় এটা এ্যাড করলাম। অর্থাৎ এ্যাড-হক কমিটি যেটা ছিলনা সেটা যোগ করতে চাইছি। কেন তাহলে আপনারা আপত্তি করছেন? সিলেবাস সম্বন্ধে বলেছেন, বোর্ড সমস্ত ক্ষমতা কেড়ে নিচ্ছে। এটা কখনও নয়। যাঁরা সিলেবাস করেন তাঁদের উপরেই দায়িত্ব থাকবে। কোন রকম ক্ষমতা তাদের হাত থেকে কেড়ে নেবার কথা এই বিধেয়কে নেই। এ্যাপিল কমিটিতে কেন টাকা পয়সা দেওয়া হবে একথা বলেছেন। জুডিসিয়াল সার্ভিসে ছিলেন বা এখনও আছেন এমন একজন লোককে আমরা এ্যাপিল কমিটিতে নেবার কথা বলেছি। যাতে সুবিচার পায়। তাঁদের টাকা পয়সা কিছু দিতে হবে সেই প্রসঙ্গে বলা হয়েছে পার্টির লোককে দেওয়া হবে। তাহলে কি আপনারা বলতে চান জুডিসিয়াল সার্ভিসে যাঁরা আছেন বা এক সময়ে ছিলেন ঐ সার্ভিসে তাঁরা সবই পার্টির লোক? একজন শিক্ষক হয়ে যদি কেউ একথা বলেন তাহলে সেটা বড়ই দুঃখের কথা। আর একজন মাননীয় সদস্য অবসর গ্রহণের কথা বলেছেন। আমরা যে বিল এনেছি সেখানে যদি কোন দোষ ত্রুটি থাকে সে সম্পর্কে বললে আমরা বুঝতে পারি। কিন্তু আনন্দবাজার যুগান্তর পত্রিকায় অবসর গ্রহনের বয়স সম্পর্কে এসব কথা লিখেছেন এরকম কথা কেন বললেন? তারপর ইমাজুদ্দীন সাহেব বললেন বর্তমানে স্কুলে নির্বাচন কর যাচ্ছে না। আমি জানি পশ্চিমবাংলায় নাইনটি সিক্স পারসেণ্ট বিদ্যালয় নির্বাচন করা যাবে না এরকম কোন অবস্থা নেই এবং আইনেও কিছু বাধা নেই। পশ্চিমবাংলার নাইনটি সিক্স পারসেণ্ট বিদ্যালয়ে নির্বাচিত পরিচালক মণ্ডলী রয়েছে। তারপর উচ্চ মাধ্যমিকের সঙ্গে একটা সামঞ্জস্য করা দরকার একথা ঠিক। এখন প্রশ্ন হচ্ছে টার্মিনাল স্টেজ কোথায় হবে? ক্লাস এইটে কি? এ সম্বন্ধে শিক্ষাবিদদের মধ্যে একটা বিতর্ক আছে। আজকাল দেখা যাচ্ছে মাধ্যমিক পরিক্ষার পর ছাত্রদের মধ্যে একটা ভাল অংশ উচ্চ মাধ্যমিকে গিয়ে ভর্তি হতে পারছে না। কাজেই প্রশ্ন উঠেছে টার্মিনাল স্টেজ কোথায় হবে—সেকেণ্ডারী এডুকেশান হবে, না হায়ার সেকেণ্ডারী স্টেজে হবে? এ ব্যাপারে আমরা সিলেবাস কমিটির সুপারিশ নিচ্ছি এবং যদি কিছু করার থাকে সেটা করব।

কোন কিছুই চূড়ান্ত হয়ে গেছে এ কথা কেউ বলতে পারবে না। আপনারা যে সুপারিশগুলি করেছেন সেগুলি নিয়ে নিশ্চয় চিন্তা এবং যদি পরিবর্তন করবার প্রয়োজন হয় তাহলে সেটা করব। অসংলগ্নতা দূর করবার কথা বলেছেন, আমরা সেটা বিবেচনা করব। মাননীয় সদস্য জখীলাল বাবু বলেছেন জটীলতা দূর করবার জন্য একটা কম্প্রিহেনসিভ বিল আনা দরকার। আমি আপনাকে বলছি সিলেবাসের সঙ্গে এই বিধেয়কের কোন সম্পর্ক নেই। সিলেবাস তৈরী করবার জন্য ভিন্ন সংস্থা রয়েছে, তাঁরা এটা যাচাই করে দেখেন, তাঁরা এটা বিচার বিবেচনা করেন এবং তাঁরাই এটা চূড়ান্ত করেন। কাজেই এর সঙ্গে বিধেয়কের কোন সম্পর্ক নেই তারপর চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কথা বলা হয়েছে। আমরা পরিচালক মণ্ডলীতে তাদের আমরা রেখেছি। অশিক্ষ কর্মচারী বা শিক্ষাকর্মী যাঁরা আছেন তাঁদের কথা বলার অধিকার থাকা উচিত যদি এটাকে গণতন্ত্রীকরণ করতে হয়, এই যে কথাগুলো বলা হয়েছে এটা আমি সংগত বলে মনে করি পঞ্চায়েত থেকে লোক নেবার ব্যাপারে বিরোধিতা করেছেন। কেন করলেন জানি না। পঞ্চায়েত সমিতিতে জনসাধারণের প্রতিনিধি থাকেন। এবং জনগণই বিদ্যালয় স্থাপন করেছেন, জনগণের শিক্ষা বিস্তারের স্বার্থে। এই পঞ্চায়েৎ তাদের রায়ে গঠিত। তাদের কোন প্রতিনিধি থাকবে না, এ কখনও হতে পারে না। সেইজন্য আমি এই প্রস্তাবের বিরোধিত করছি। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী আমি গ্রহণ করতে পারছি না। আমি মাননীয় সদস্যগণকে আবেদন জানাচ্ছি মধ্য শিক্ষা পরিষদকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং সেখানে যে শূণ্যতা আছে সেই শূন্যতা দূর করার জন্য আমি যে সংশোধনী এনেছি তাঁরা সেটা গ্রহণ করুন।

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disappreves the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIX of 1982), was then put and lost.

The motion of Shri Kanti Biswas that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 9 and Preamble

The question that Clauses 1 to 9 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Kanti Biswas**: Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Twelfth Report of the Business Advisory Committee

**Mr. Speaker**: I present the Twelfth Report of the Business Advisory Committee which at its meeting held today in my chamber recommended the

programme of Business and Allocation of Time for 7th and 8th October, 1982.

Thursday, 7-10-82

(i) The West Bengal Co-operative Society Bill, 1982 (Introduction and reference to a Select Committee). ... 1 hour.

(ii) The West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill. 1982 (Introduction, Consideration and Passing). ... ½ hour.

(iii) (a) The West Bengal Panchayat (Amendment) Bill, 1982 (Introduction).

(b) Discussion on Statutory Resolutions — Notice given by Dr. Zainal Abedin and Shri Kashinath Misra.

(c) The West Bengal Panchayat (Amendment) Bill, 1982 (Consideration and and Passing).

(iv) (a) The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 (Introduction).

(b) Discussion on Statutory Resolutions — Notice given by Dr. Zainal Abedin and Shri Kashinath Misra.

(c) The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 (Consideration and Passing) ... 1 hour.

(v) The West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing). ... ½ hour.

(vi) The West Bengal Estates Acquisiton (Amendment) Bill, 1982 (Introduction, Consideration and Passing). ... ½ hour.

Friday, 8-10-82

(i) Motion under rule 185 regarding proposal for improving the train services between Bankura and Raina — Notice given by Shri Kashinath Misra. ... 1 hour.

(ii) Motion under rule 185 regarding proposal for installation of a Thermal Power Station of 600 Megawatt in Mezia — Notice given by Shri Kashinath Misra. ... 1 hour.

(iii) Motion under rule 185 regarding the decision of the Government to cut the quota of rice in ration — Notice given by Shri Debaprasad Sarkar and Shri Probodh Purkait. ... 1 hour.

(iv) Motion under rule 185 regarding Nationalisation of Jute Industry — Notice given by Shri Kamal Sarkar and Shri Suniti Chattaraj. 1 hour.

(v) Motion under rule 185 regarding Relief in Draught affected areas — Notice given by Shri Sumanta Kumar Hira. ... 1 hour.

There will be no questions for Oral Answer, Calling Attention and Mention Cases on Friday, the 8th October, 1982.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মিঃ স্পীকার স্যার, শেষদিনে মেনসানটা রাখুন।

**মিঃ স্পীকার ঃ** না হতে পারে না। এটা বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে গ্রহণ হয়ে গেছে। আর ঐদিন নন্ অফিসিয়াল ডে।

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Twelfth Report of the Business Advisory Committee be adopted by the House.

The motion was then put and agreed to.

**মিঃ স্পীকার ঃ** তাহলে এটা গৃহীত হোল।

**The West Bengal Public Libraries (Amendment) Bill, 1982**

**Smt. Chhaya Bera :** Sir, I beg to introduce the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

[4-50—5-00 p.m.]

**শ্রীমতী ছায়া রায় ঃ** স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতিক্রমে আমি বেসরকারী গ্রন্থাগার সংশোধন ১৯৮২ বিধেয়কটি উত্থাপন করছি। এই বিধেয়কটি উত্থাপন করে এই বিধেয়কের প্রেক্ষাপট মাননীয় সদস্যদের সামনে বলতে গিয়ে জানাচ্ছি যে, আপনারা সকলেই জানেন এই রাজ্যের সরকারী গ্রন্থাগার সমূহ স্থাপনের জন্য এবং গ্রন্থাগার সমূহ পরিচালনার সুষ্ঠু নিয়ন্ত্রনের জন্য এবং বিদ্যমান গ্রন্থাগারগুলিকে স্বীকৃতি দেবার জন্য, সর্বোপরি এই রাজ্যের গ্রন্থাগারের আইন যেটা ১৯৭৯ সালে পশ্চিমবঙ্গে যে আইনবিধি হয়েছিল, এই আইনের বিধানাবলী কার্যকর করতে গিয়ে দেখা যায় যে কিছু বাস্তব অসুবিধার সৃষ্টি হয় এবং সেই বাস্তব অসুবিধা সৃষ্টি হওয়ার জন্য এই আইনের সংশোধনের প্রয়োজন দেখা দেয়। ১৯৮২ সালের ৫ই এপ্রিল তারিখে পশ্চিম বঙ্গ সরকারী গ্রন্থাগার সংশোধন অধ্যাদেশ চালু হয়। যেহেতু তখন বিধানসভার অধিবেশন চলছিল না, পরবর্তীকালে আপনারা জানেন এই অধ্যাদেশ যেটা জারী হয়েছিল, সেই বিধানাবলীর স্থায়ীত্বের প্রয়োজন অনুভূত হওয়ায়, গত স্বল্প সময়ের জন্য যে বিধান সভার অধিবেশন চলেছিল সেই সময় এই বিধায়ককে উত্থাপন করা যায়নি। তাই ২২শে জুলাই ১৯৮২ তারিখে পশ্চিমবঙ্গ গ্রন্থাগার, এই সংশোধনের দ্বিতীয় অধ্যাদেশটি জারী হয়। এই বলে আমার বক্তব্য আপাতত শেষ করছি।

(Secretary then read the title of the Bill)

**Shri Kashinath Misra** : Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Public Libraries (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIII of 1982).

**Smt. Chhaya Bera** : Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 be taken into consideration.

**শ্রীআব্দুল মান্নান** : মাননীয় স্পীকার স্যার, মন্ত্রী মহাশয়া পশ্চিমবঙ্গ সরকারী গ্রন্থাগার বিধেয়ক ১৯৮২ যে বিলটি পেশ করেছেন, আমি এর তীব্র বিরোধিতা করছি। গ্রন্থাগার বিষয়ে উনি নতুন এলেও, এই দপ্তরের ভার পরে নিলেও, বিগত ৫ বছর ধরে এই লাইব্রেরী যখন অন্য মন্ত্রী দেখাশুনা করতেন তখন আমরা দেখতে পেয়েছি যে লাইব্রেরী গ্রান্ট থেকে শুরু করে সবকিছুতে চলেছে চরম দলবাজী। বিভিন্ন জায়গায় যেভাবে দলবাজী চলেছে, লাইব্রেরীগুলো তার থেকে রেহাই পায় নি।

নিরুপমা চ্যাটার্জির আমলে ১০ হাজার লোক নিয়োগ করা হয়েছে। লাইব্রেরীর জন্য যে টাকা দেওয়া হয়েছিল সেই টাকায় এই ১০ হাজার লোক নিয়োগ করা হয়েছিল। এই টাকা ইউনিসেফ দিয়েছিল। বিভিন্ন লাইব্রেরীর জন্য বই কেনার টাকা ইউনিসেফ দিয়েছিল, অথচ সেই টাকা কিভাবে তছরূপ করা হয়েছে সেটা আমরা দেখলাম। মনীষা গ্রন্থালয় এবং ন্যাশন্যাল বুক এজেন্সি থেকে বই কিনে নেওয়া হল, যে বইগুলি সম্পূর্ণ মার্কসীয় দর্শন এবং সাহিত্য ছাড়া আর কিছু নয়। আজকে এই বিলের পক্ষে যারা এত সোচ্চার হচ্ছেন তাদের কাছে আমি জিজ্ঞাসা করি, মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে জিজ্ঞাসা করি আপনারা কি উত্তর দিতে পারবেন, আপনাদের আমলে ক'টা লাইব্রেরীতে ডিসকভারি অব ইণ্ডিয়া কেনা হয়েছে? কত সংখ্যা, কেনা হয়েছে, আপনি কি বলতে পারবেন? ভারতবর্ষের বীরপুরুষ খ্যাত নেতাজী সুভাষ চন্দ্রের তরুণের স্বপ্ন ক'টা লাইব্রেরীকে দিয়েছেন, বলতে পারবেন? ক'টা লাইব্রেরীতে গান্ধীজীর আত্মজীবনী কেনা হয়েছে? প্রত্যেকটি জায়গায় উত্তর হবে না, একটিতেও কেনা হয়নি। দেখা যায় প্রত্যেকটি লাইব্রেরীতে লাল কাগজে মোড়া মার্কসীয় দর্শন কেনা হয়েছে। এমন কি পাড়ায় পাড়ায় কালীপূজা, দুর্গা পূজার সময় মার্কসবাদী কমুনিষ্ট পার্টির কমরেডরা পুস্তক বেচার যে স্টল করেন, সেই স্টল থেকে পর্যন্ত লাইব্রেরীর বই কেনা হয়েছে। লাইব্রেরী গ্রান্ট দেবার সময় কিভাবে দলবাজী করা হয়, সেটা একটু শুনুন। আমার এলাকার একটি ছোট্ট উদাহরণ এখানে তুলে ধরছি। আমার এলাকা আরামবাগ মহকুমায় মানিক চন্দ্র সাধারণ পাঠাগার নামে একটি পাঠাগার আছে। ২৫ বছর ধরে সেই লাইব্রেরী চলছে। সেখানকার মানুষ কংগ্রেস আমলে লাইব্রেরী গ্রান্ট নিয়ে এই লাইব্রেরীটি গ্রান্ট প্রতিষ্ঠা করেছিল। দেখা গেল রাতারাতি তার পাশে আর একটি লাইব্রেরী খাড়া করে দেওয়া হল। ঐ লাইব্রেরীটির বাড়ী নেই। লাইব্রেরী বিল্ডিং নেই, পূজা মণ্ডপে বসে। লাইব্রেরী আছে বলে রিপোর্ট দেওয়া হল, স্যাংসাণ্ডও হয়ে গেল। আমি ডিস্ট্রিক্ট লাইব্রেরী কমিটির মেম্বারের কাছে বলেছিলাম। তিনি ব্যাপারটি এড়িয়ে গেলেন। সেইখানে লাইব্রেরী গ্রান্ট দেওয়া হল, অথচ সত্যিকার লাইব্রেরী যেটা আছে সেখানে কিন্তু এই লাইব্রেরী গ্রান্ট দেওয়া হল না। কংগ্রেসী সব কিছুতেই ওরা দোষ চাপিয়ে বেড়ান। এটা ওদের মজ্জাগত দোষ, তা আমরা জানি।

আমরা জানি উত্তরপাড়া জয়কৃষ্ণ লাইব্রেরী ভারতবর্ষের মধ্যে একটা বিখ্যাত লাইব্রেরী। কংগ্রেস আমলে এই লাইব্রেরীটিকে ন্যাশন্যাল লাইব্রেরীর এ্যানেক্সচার লাইব্রেরী করার জন্য চেষ্টা করা হয়েছিল। উত্তরপাড়া আকর্ষণ লাইব্রেরীটিকে ডিস্ট্রিক্ট লাইব্রেরী করে দেওয়া হয়েছে। সেখানে পর্যন্ত সরকারী দলবাজী করা হচ্ছে। এই জয়কৃষ্ণ লাইব্রেরী সম্বন্ধে আপনাদের কোন অভিজ্ঞতা আছে কিনা জানি না, কিন্তু বহু মনিষী এই লাইব্রেরীতে গিয়েছিলেন। মাইকেল মধুসূদন, বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম পর্যন্ত এই লাইব্রেরীতে গিয়েছিলেন। এই লাইব্রেরীর নাম সারা ভারতবর্ষে ছড়িয়ে রয়েছে। এই লাইব্রেরীতে দলবাজী কিভাবে চলেছে সেটা একটু দেখুন। কংগ্রেস আমলে এই লাইব্রেরী বছরে ৩৬৫ দিন চলত। সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকতো। আর এই আমলে বছরে ২৩০ দিনও খোলা থাকে না। সকাল ৮টা থেকে বেলা ১১টা পর্যন্ত, আর বৈকাল ৫টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকে। এই লাইব্রেরীতে বহু ছাত্র, অধ্যাপক পড়াশুনা করতে আসেন। লাইব্রেরী জ্ঞান আহরণের একটা ক্ষেত্র। তার অবস্থা আজকে কি হয়েছে সেটা লক্ষ করে দেখুন। কংগ্রেস আমলে একবার প্রস্তাব করা হয়েছিল লাইব্রেরী আইন পাল্টে দিয়ে এই লাইব্রেরী কমিটিতে লোকাল এম. এল. এ. কে ঢোকানো হোক। কিন্তু কংগ্রেসী মন্ত্রীরা বললেন যেহেতু এম. এল. এ. রাজনৈতিক ব্যক্তি সেহেতু রাজনৈতিক লোককে লাইব্রেরীর মধ্যে ঢোকানো হলে লাইব্রেরীর ভবিষ্যৎ অন্ধকার হয়ে যেতে পারে। তাই এম. এল. এ. দের এর মধ্যে ঢোকানো হয়নি। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম এই লাইব্রেরীর মধ্যে সি. পি. এম.-এর লোকাল এম. এল. এ.-কে ঢুকিয়ে দেওয়া হয়েছে, মিউনিসিপ্যালিটির কমিশনারকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। আর একজন মিউনিসিপ্যালিটির কমিশনার, কমরেডকে ঢুকিয়ে দেওয়া হবে বলে শুনছি। লাইব্রেরীর মধ্যে এই অবস্থা চলেছে। মাননীয় মন্ত্রী মহোদয়া ব্রুট মেজরিটির জোরে বিল পাশ করিয়ে নেবেন, এটা ঠিক। কিন্তু এটা বাস্তব সত্য যে পশ্চিমবাংলার সমস্ত লাইব্রেরী আজকে ধুঁকছে, গ্রামাঞ্চলের লাইব্রেরীগুলি আজকে ধুঁকছে। লাইব্রেরীগুলিতে গণশক্তি, দেশহিতৈষী কাগজ পাওয়া যায়, মার্কস, লেনিন, মাওসেতুং-এর জীবনী পাওয়া যায়, কিন্তু জাতীয় ইতিহাস পাওয়া যায় না। জাতীয় ইতিহাস, ইতিহাসের উপর কোন পাঠ্য পুস্তক পাওয়া যায় না, এই অবস্থা চলেছে। এটা কি আমি জিজ্ঞাসা করতে পারি, কংগ্রেস লাইব্রেরী তৈরী করেছিল বলে আমার এলাকার লাইব্রেরীটিকে লাইব্রেরী গ্রাণ্ট দেওয়া হল না? সত্যিকারের মাননীয়া মন্ত্রী মহোদয়া যদি লাইব্রেরীগুলির উন্নতি সাধন করতে সচেষ্ট হন তাহলে এত দলবাজী করছেন কেন?

[5-00—5-10 p.m.]

বিভিন্ন জায়গায় আপনারা দলবাজী করছেন দলের বই বিক্রি করার জন্য। যে বইগুলি বাজারে বিক্রি হয়না এমন কি সের দরেও বিক্রি হয়না ভালো কাগজ না হলে সেই বইগুলি লাইব্রেরীতে দেওয়া হচ্ছে সরকারী টাকা তছরুপ করার জন্য। এই জিনিষ বিভিন্ন জায়গায় চলছে। আমরা জানি, এই বিল সম্পর্কে জবাব দিতে গিয়ে মাননীয়া মন্ত্রীমহোদয়া অনেক তথ্যের অবতারণা করবেন কিন্তু আমরা আনি

আজকে ডিসট্রিক্ট লাইব্রেরী থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় লাইব্রেরীগুলি যা চলছে তাতে লাইব্রেরীগুলি সুপারসিড করে যে কমিটিগুলি বসানো হয়েছে সেখানে যদি কংগ্রেসের কোন লোক থাকেন তাহলে তাকে তাড়িয়ে দিয়ে সি. পি. এম.-এর কমরেডদের ঢোকানো হচ্ছে। এমনও আছে কোথাও কোথাও হয়ত সেই কমরেডদের লাইব্রেরী সম্পর্কে কোন অভিজ্ঞতাই নেই।

( ভয়েস ঃ—আপনারা কোন অভিজ্ঞতা নেই লাইব্রেরী সম্পর্কে। )

মাননীয় সদস্য যাঁরা বলছেন, লাইব্রেরীর ব্যাপারে আমি কিছু জানি না তাঁদের বলি, আমি এখানে নতুন সদস্য তাই হয়ত জানেন না কিন্তু লাইব্রেরী সম্পর্কে আমার যা অভিজ্ঞতা আছে সেটা আপনারা যে সমস্ত লোকদের সেখানে বসাচ্ছেন তাদের থেকে কম নয়। এমন আছে তাদের মধ্যে অনেক লাইব্রেরী বানানটা পর্য্যন্ত বলতে পারবেন না, লাইব্রেরী শব্দটা উচ্চারণ করতে পারবেন না। আমি কিন্তু লাইব্রেরী শব্দটা উচ্চারণ করতে পারছি, সে প্রমাণ আমি রেখেছি কিন্তু আপনারা যে লোকদের বসিয়েছেন তাদের অনেকেই আমার মনে হয় তা পারবেন না। লাইব্রেরী সম্পর্কে আমি যা কাজ করেছি সে সম্পর্কে যদি জানতে চান তাও আমি আপনাদের জানাতে পারি। সেখানে কিন্তু লাইব্রেরী করতে গিয়ে আমি কোন দলবাজী করি নি। পাড়ায় যারা সত্যিকারের লাইব্রেরী সম্পর্কে উৎসাহী তাদের নিয়েই আমি লাইব্রেরী করতে গিয়েছি, সেখানে শুধু কংগ্রেসের লোকদের নিয়ে লাইব্রেরী করতে যাইনি। আপনাদের আমলে ৫ বছর ধরে আমি দেখেছি যেহেতু আমার গায়ে কংগ্রেসের ছাপ আছে সেইহেতু আমাকে লাইব্রেরী সম্পর্কে কোন কাজ করতে দেওয়া হয়নি। আজকে যে এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন এতে তো কোথাও লেখা নেই যে সি. পি. এম-এর লোকরাই শুধু লাইব্রেরীর সদস্য হতে পারবে কিন্তু কার্যক্ষেত্রে সেটাই আপনারা করছেন। আপনারা যা করছেন তাতে দেখা যাচ্ছে সি. পি. এম-এর লোকরা ছাড়া লাইব্রেরীর ব্যাপারে আর কেউ কিছু করতে পারবে না। আপনারা যে ব্যবস্থা করেছেন তাতে দেখা যাচ্ছে সি. পি. এম-এর আদর্শে উদ্বুদ্ধ বই ছাড়া লাইব্রেরীতে আর কোন বই কেনা হবে না। কেন এটা করছেন? আজকে যদি মাননীয়া মন্ত্রীমহোদয়া একটু খোঁজ নিয়ে দেখেন তাহলে দেখবেন, আপনার ডিপার্টমেণ্ট থেকে লাইব্রেরীর জন্য যত বই কেনা হয়েছে তারমধ্যে একটা মোটা অঙ্কের টাকা চলে গিয়েছে মনীষা গ্রন্থালয়ে এবং ন্যাশানাল বুক এজেন্সীতে। শুধু পশ্চিমবঙ্গ নয় সারা ভারতবর্ষের লোকই জানেন এই মনীষা এবং ন্যাশানাল বুক এজেন্সীর বইগুলি ভারতবর্ষের মানুষদের জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করে না, এই বইগুলি পড়ে যে শিক্ষা পাওয়া যায় সেটা হচ্ছে মার্কসবাদ এবং লেনিনবাদের শিক্ষা। তাহলে কি লাইব্রেরী বিল পাশ করা হচ্ছে মার্কসবাদ লেনিনবাদ শিক্ষা দেবার জন? তারপর স্যার, আজকে পশ্চিমবঙ্গের মেহনতী মানুষের টাকা নিয়ে যে লাইব্রেরী করা হচ্ছে সেখানে দেখা যাচ্ছে যে সমস্ত লাইব্রেরীয়ানদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে সেখানে ট্রেণ্ড লাইব্রেরীয়ানদের নেওয়া হচ্ছে না, ডিপ্লোমা হোল্ডাররা সেখানে চাকরি পাচ্ছেন না। লাইব্রেরী সায়েন্সে যে সমস্ত ডিপ্লোমা হোল্ডাররা আছে—বি. লিব. তাদের সেখানে চাকরি দেওয়া হচ্ছে না, সেখানে কোন পঞ্চায়েত প্রধান বলে দিচ্ছেন উনি লাইব্রেরী

চালাতে পারবেন, তাকেই সেখানে নেওয়া হচ্ছে। তারা যেগুলি রেকগনাইজড লাইব্রেরী নয় সেখান থেকে একটা ৫ বছরের এক্সপিরিয়েন্সের সার্টিফিকেট নিয়ে আসছেন এবং নিয়ে এসে বলছেন, লাইব্রেরীর কাজে ৫ বছরের অভিজ্ঞতা অর্জন করেছি কাজেই আমাকে এ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হোক। অথচ আমরা জানি সেখানে নিয়ম আছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দেওয়া হবে কিন্তু ঐভাবে দেখা যাচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে না গিয়ে ডিপ্লোমা এবং ডিগ্রি হোল্ডারদের বাদ দিয়ে, লাইব্রেরী সম্পর্কে যারা ওয়াকিবহাল নন তাদের এইভাবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে এবং জনসাধারণের টাকা নিয়ে তছরূপ হচ্ছে। আমি জানি আজকে আপনি এই লাইব্রেরীর এ্যামেণ্ডমেণ্ট বিল নিয়ে এসে আলোচনার সময় যে তথ্যের কথা বলবেন সেটা কিন্তু আপনার মনের কথা নয়, সেটা আপনার বাইরের কথা।

উনি যা বললেন তার সংগে বিল আনার উদ্দেশ্য এবং হেতুর সম্পর্কে যা বলেছেন তাতে দেখছি আকাশ পাতাল তফাৎ রয়েছে। এঁরা মুখে যা বলেন তা করেন না এটা সব জায়গায় দেখছি। আপনারা যদি সত্যিই লাইব্রেরী আইনকে এ্যামেণ্ড করতে চান তাহলে বলুন যে দলবাজী করব না। আপনারা কি একথা বলতে পারবেন এই যে দলবাজী হয়েছে, সি. পি. এম. দলবাজী করেছে, টাকা, পয়সা তচনচ করেছে এ ব্যাপারে হস্তক্ষেপ করবেন? আমি জানি আপনারা তা করতে পারবেন না। সেজন্যই বলছিলাম যা বলছেন তার সঙ্গে বাস্তবের আকাশ পাতাল তফাৎ রয়েছে এবং সেজন্যই আমি এই বিলের বিরোধিতা করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় সভাপতি মহাশয়, পাঠাগার সংক্রান্ত বিল সমর্থন করে আমি কিছু বলতে চাই। বিরোধীদলের মাননীয় সদস্য আবদুল মান্নান যেভাবে বিতর্কে অংশ গ্রহণ করলেন তা থেকেই বোঝা যায় তাঁদের এত জ্বালা এবং দুঃখ কেন। ব্যর্থ প্রেমিক যখন সফল প্রেমিককে দেখে তখন তার অন্তরের জ্বালা মুখে ফুটে ওঠে। আমরা দেখেছি দীর্ঘ ৩০ বছর ধরে তাঁরা এ ব্যাপারে কোন আইন করতে পারেন নি এবং পাঠাগারগুলো অত্যন্ত অবহেলিত অবস্থায় ছিল এবং ধুলো জমে থাকত। যে সমস্ত বই যেত সেগুলো সেলাই পর্যন্ত করা হোতো না এ জিনিষ আমি নিজে দেখেছি। কিন্তু এখন দেখছি পাঠাগার সংক্রান্ত আইন প্রণয়ন করে বামফ্রন্ট সরকার পাঠাগার কর্মীদের একটা মর্যাদা দিলেন এবং তাদের ভূমিকা সমাজে প্রতিষ্ঠিত হোলো। স্যার, আমরা জানি গ্রন্থাগার, সমাজ শিক্ষা, বয়স্ক শিক্ষা এবং ননফর্মাল, গ্রামীন ব্যবহারিক স্বাক্ষরতা এই সমস্ত প্রকল্পগুলো একে অপরের সঙ্গে যুক্ত এবং লোক সংস্কৃতি ও বিনোদনমূলক কর্মসূচী একে অপরের অবিচ্ছেদ্য অংগ। আমরা দেখেছি এতদিনধরে গ্রামের মানুষগুলোকে গোলামের ফাঁস পরিয়ে রাখা হয়েছিল। কিন্তু আজকে তার পরিবর্তন হয়েছে, সমাজব্যবস্থার পরিবর্তন হয়েছে এবং তারজন্য আতঙ্কগ্রস্ত হয়েছে এই হায়নার দল। আজকে বিচারের মালিক গ্রামের ওই জমিদার—জোতদার নয়, আজকে বিচারের মালিক গ্রামের ভাগচাষী, ক্ষেতমজুর এবং সেইজন্যই দেখা যাচ্ছে কায়েমী স্বার্থ আর থাকছে না। স্যার, এঁরা পাঠাগারকে পাঠাগার করেনি, এঁরা করেছিল পাঁঠাগার। আজকে ওঁদের রাগ হচ্ছে মার্কসবাদ এবং লেনিনবাদের উপর এবং সেইজন্যই ওরা চাচ্ছে এই সমস্ত বই যেন গ্রামের মানুষের কাছে না যায়,

গ্রামের দুঃখী এবং অভাবী লোক এই বইগুলো যেন পড়তে না পারে। উৎসবে এবং আত্মীয় বাড়ী যাবার জন্য পোষাকী কাপড়ের মত কংগ্রেসী রাজত্বে পাঠাগারগুলি ব্যবহৃত হোত। সাধারণ মানুষের শিক্ষার কোন ব্যবস্থা সেখানে থাকতনা এবং সেইজন্যই বামফ্রন্ট সরকারের নীতির উপর এঁদের এত রাগ। ওঁদের আমলে পশ্চিমবাংলায় কতগুলো পাঠাগার ছিল তা আমরা জানি। আমরা পশ্চিমবাংলায় ২ হাজার ৫০০ পাঠাগার করেছি এবং আমাদের উদ্দেশ্য হচ্ছে বামফ্রণ্ট সরকার যা করেছেন তাকে আরও এগিয়ে নিতে হবে। বর্তমানে লাইব্রেরী এ্যাসিসট্যাণ্টদের ট্রেনিং মাত্র দার্জিলিং, রহড়া রামকৃষ্ণ মিশন এবং কোলকাতায় দেওয়া হয়। আমার বক্তব্য হচ্ছে এই ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আরও ব্যাপক করতে হবে।

[5-10—5-20 p.m.]

আজকে জেলায় জেলায় এ্যাডভাইসারি কাউনসিল করা হয়েছে, তার মাধ্যমে যাতে লাইব্রেরীগুলির আরো উন্নতি করা যায়, সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় তার চেষ্টা করা হচ্ছে। লাইব্রেরিয়ানরা এবং লাইব্রেরী এ্যাসিসটেণ্টরা যাতে সুযোগ্য হয়ে উঠতে পারে তারজন্য তাঁদেরও শিক্ষা দেওয়ার প্রয়োজন আছে। আমরা হুগলী জেলায় পাঠাগার কর্মীদের শিক্ষিত করে তোলার জন্য সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব গ্রহণ করেছি। যাঁরা দীর্ঘ দিন ধরে লাইব্রেরীগুলির কাজ চালিয়ে আসছেন তাঁদের সেই কাজ করতে যাতে আরো সুবিধা হয় তার জন্য তাঁদেরও শিক্ষা দেওয়ার প্রয়োজন আছে। তাঁদের জন্য বিদ্যালয় গৃহ এবং বাসস্থান গড়ে তোলার প্রয়োজন আছে। আমাদের জেলায় আমরা এই সব ব্যবস্থাগুলি করতে চলেছি। আমি সাজেসন হিসাবে এখানে উল্লেখ করছি যে, এই ব্যবস্থা অন্যান্য জেলাতেও গ্রহণ করা হোক। বামফ্রণ্ট সরকার লোক শিক্ষা, গণ-শিক্ষা এবং সংস্কৃতির বিকাশের জন্য যে উদ্যোগ গ্রহণ করেছেন তার সঙ্গে এই পাঠাগারগুলিকেও যুক্ত করা হোক। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ :** মাননীয় চেয়ারম্যান মহাশয়ের অনুমতি নিয়ে আমি পাবলিক লাইব্রেরীস বিল, যা মাননীয়া মন্ত্রী মহাশয়া ইনট্রোডিউস করেছেন তার বিরুদ্ধে আমার বক্তব্য রাখছি।

এই মাত্র সরকার পক্ষের মাননীয় সদস্য দেব নারায়ণ-বাবু এই বিলের সমর্থনে ২/৪টে কথা বলতে গিয়ে বললেন যে, আগের যুগে গ্রামের পাঠাগারগুলিকে পাঁঠাগার করে রাখা হয়েছিল। আমি তাঁর কাছে জানতে চাইছি যে, তিনি কাদের পাঁঠা বলে উল্লেখ করলেন? যাঁরা আর্থিক সঙ্গতি না থাকা সত্বেও শিক্ষাকে ভালবেসে অত্যন্ত কষ্টের মধ্যে দিয়েও কিছু কিছু লাইব্রেরী প্রতিষ্ঠা করে গিয়েছিলেন, তাঁদের কি তিনি পাঁঠা বলছেন? আজকে এই মহিলা মন্ত্রীর কাছে আমি আবেদন করব যে, আপনি বামফ্রণ্টের চাপে বা বিভিন্ন মন্ত্রীর চাপে আগেকার দিনের সেই সমস্ত লাইব্রেরীগুলিকে অমর্য্যাদা করবেন না। সেগুলি মানুষের ভালবাসার দ্বারা তৈরী হয়েছিল, যাঁরা সেগুলি করেছিলেন তাঁদের অমর্য্যাদা করবেন না। আমরা জানি কিছু কিছু ক্ষেত্রে গ্রামের অর্থবান ব্যক্তিরা টাকা দিয়ে যশের জন্য লাইব্রেরী বা স্কুল ইত্যাদি করতেন, কিন্তু সবগুলিই সেভাবে তৈরী

হয়নি। অনেক সাধারণ মানুষ বেশী লেখাপড়া শেখবার সুযোগ না পেয়েও লেখাপড়াকে ভালবেসেছিলেন এবং সেই ভালবাসার দ্বারাই তারা একটা দুটো করে বই সংগ্রহ করে লাইব্রেরী প্রতিষ্ঠা করেছিলেন। আজকে তাঁদেরই মাননীয় সদস্য পাঁঠা বলে উল্লেখ করলেন। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার। আজকে আমার মন্ত্রী মহোদয়ার কাছে আবেদন যে, আপনি গ্রাম বাংলায় এই জাতীয় যে লাইব্রেরীগুলি আছে সেগুলির অমর্য্যাদা করবেন না। তবে হ্যাঁ, একথা সত্য যে আর্থিক সঙ্গতির অভাবে আজকে ঐ সমস্ত লাইব্রেরীগুলির বই-এ ধুলো জমে আছে, বই বাঁধাবার পয়সা নেই। এসমস্ত আমরা স্বীকার করি এবং এর জন্য সরকারী সাহায্যের প্রয়োজন আছে। আমাদের সিঙ্গুরে শচীন্দ্র স্মৃতি পাঠাগারের বিল্ডিং তৈরী করবার জন্য যখন একটা সভা ডাকা হয়েছিল তখন আমি সেখানে একটা প্রশ্ন রেখেছিলাম, মানুষ কেন লাইব্রেরী করে? এব্যাপারে আমি সেখানে বলেছিলাম যে, লাইব্রেরী সাধারণত তিনটি উদ্দেশ্য নিয়ে করা হয়। তার মধ্যে একটা উদ্দেশ্য হচ্ছে, কিছু লেখাপড়া জানা লোক সেখানে বসে পড়াশুনা এবং সাহিত্য চর্চা করতে চান। দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে কিছু লোক এক জায়গায় এক সাথে জড়ো হয়ে যখন দেখছে যে তাদের সামনে কিছু করার মত নেই তখন কি করবে, একটা লাইব্রেরী করে ফেলে। আর তৃতীয় কারণ হচ্ছে, রাজনীতি করতে গেলে একটা মুখোশের দরকার হয়, লাইব্রেরী নামক মুখোশের মাধ্যমে জনসংযোগের সুযোগ নেওয়া হয়। অর্থাৎ লাইব্রেরী নামক অস্ত্রটিকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়। এই ৩টি প্রসেসের উপর লাইব্রেরী সৃষ্টি হয়েছে। কিন্তু যেখানে সত্যিকারের ভালবাসা আছে, শ্রদ্ধা আছে, যারা তিল তিল করে লাইব্রেরী তৈরী করেছে তাদের মর্যাদা দিতে হবে। তাই আমি মাননীয় মন্ত্রী মহদয়ার কাছে কায়-মনোবাক্যে প্রার্থনা করবো, লাইব্রেরী নিয়ে যেন রাজনীতি করবেন না। যারা সত্যিকারের ভালোবাসা দিয়ে পুস্তক সরবরাহ করে লাইব্রেরীর বিস্তার লাভ করাতে চেয়েছিল সেইসব জনসাধারণকে মর্যাদা দেবেন এবং গ্রামে-গঞ্জে লাইব্রেরী প্রতিষ্ঠা করবেন। এই কথা বলে এই বিলের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী :** মাননীয় সভাপাল মহাশয়, আজকে গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়া যে সংশোধনী বিল উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। এই সংশোধনীতে অনেক খুটি-নাটি ব্যাপার আছে। সুতরাং এ ব্যাপারে কিছু বলার থাকতে পারে বলে আমি মনে করি না। তবে এই ব্যাপারে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য মান্নান সাহেব যে কয়েকটি কথা বলে গেলেন তাতে মনে হয় লাইব্রেরী সম্বন্ধে ওনার কিছু উৎসাহ এবং আগ্রহ আছে কিন্তু তাঁর বক্তব্যের মধ্যে কোন সারবস্তু নেই। তিনি বললেন গ্রামাঞ্চলের লাইব্রেরীগুলি নাকি ধুকছে এবং সংখ্যায় কম। কিন্তু এটা কি সত্যি কথা? বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর যত-সংখ্যক লাইব্রেরী গ্রামাঞ্চলে হয়েছিল সরকারী উদ্যোগে--আমি হয়তো সঠিক সংখ্যাটা বলতে না পারলেও একথা জানি---ওনাদের আমলের চেয়ে দ্বিগুণের বেশী লাইব্রেরী গত ৫ বছরে প্রতিষ্ঠিত হয়েছে। শুধু তাই নয়, গ্রন্থাগারের গৃহ নির্মাণ করার জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। সেই সমস্ত লাইব্রেরীতে নিয়মিত পুস্তক সরবরাহ করার জন্য অর্থ বরাদ্দ করা হচ্ছে। বইয়ের ব্যাপারে উনি বললেন, সব মার্কসবাদ-লেনিনবাদ সংক্রান্ত বই দেওয়া হচ্ছে।

কিন্তু আমি বলবো তিনি হয়তো ভালভাবে জানেন না। লাইব্রেরীতে পুস্তক ক্রয়ের জন্য মোট যে অর্থ দেওয়া হয় তার নির্দ্দিষ্ট পরিমান অংশ লাইব্রেরীকে স্বাধীনভাবে বই নির্বাচনের জন্য ছেড়ে দেওয়া হয়। তাঁরা খুশী মত বই কিনে নিতে পারেন। আর একটি অংশ নির্বাচিত তালিকার মধ্যে বই বেছে নিতে হয়। রামায়ণ, মহাভারত থেকে আরম্ভ করে নানা রকমের বই আছে। তার মধ্য থেকে বেছে নিতে পারেন। সুতরাং এই বক্তব্য তাঁর সঠিক নয়। তারপর তিনি বললেন গ্রন্থাগারিকদের নিয়োগের ব্যাপারে দলবাজির কথা। কিন্তু গ্রামাঞ্চলে অন্য চিত্র দেখতে পাচ্ছি। যত সংখ্যক লাইব্রেরী গ্রামাঞ্চলে প্রতিষ্ঠিত হয়েছে তার অর্ধেক সংখ্যক লাইব্রেরীতে কোন লাইব্রেরীয়ান নেই। এটাই হচ্ছে বাস্তব অবস্থা। আমি বাঁকুড়া জেলার কথা জানি, ৩৮ থেকে ৩৯ টা লাইব্রেরীর মধ্যে অর্ধেক সংখ্যক লাইব্রেরীতে কোন লাইব্রেরীয়ান নেই। এটা শুধু আমাদের জেলা নয়—খবর নিয়ে জেনেছি বিভিন্ন জেলায় ঐ একই অবস্থা। ডিপ্লোমা বা ডিগ্রী-প্রাপ্ত লাইব্রেরীয়ানের অভাব বিভিন্ন জেলায় আছে এবং আমরা জানি, এখানে যে প্রশিক্ষন-দানের ব্যবস্থা আছে তার মাধ্যমে প্রশিক্ষণ-প্রাপ্ত লাইব্রেরীয়ানদের যদি ঐ সমস্ত লাইব্রেরীতে নিয়োগ করা হয় তাহলে অনেক সময় লেগে যাবে। হয়তো আগামী ১০ বছরেও ঐ সমস্ত লাইব্রেরীতে গ্রন্থাগারিক নিয়োগ করতে পারবেন না। অতএব এখানে দলবাজির কোন প্রশ্ন নেই। কোন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে ট্রেণ্ড লাইব্রেরীয়ান নেই, একজনও নেই। যাদের নাম এক্সচেঞ্জে নথিভূক্ত আছে তারা কোথাও না কোথাও কাজ করছেন। সুতরাং অবস্থাটা সম্পূর্ণ ভিন্ন। আমি জানি, বাঁকুড়া জেলার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকেও কোন নাম পাওয়া যায়নি। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখার জন্য অনুরোধ করছি, আপনি কি এই সমস্ত লাইব্রেরীগুলির জন্য লাইব্রেরীয়ান নিয়োগ করার ক্ষেত্রে আগামী ১০ বছর কিম্বা আরোও বেশী দিন অপেক্ষা করবেন নাকি বিকল্প ব্যবস্থার কথা চিন্তা-ভাবনা করছেন ? আমি অনুরোধ করছি, সাময়িক ভাবে কাজ চালানোর জন্য এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক নিয়োগ করার অনুমতি দেওয়া হোক এবং ইন-সার্ভিস ট্রেনিং কোর্স চালু করা হোক।

আমার মনে হয়, আপনি একথা জানেন যে শুধু পাবলিক লাইব্রেরীতেই যে ট্রেণ্ড লাইব্রেরীয়ানের দরকার তা নয়, উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিতেও ট্রেণ্ড লাইব্রেরীয়ান নিয়োগের কথা বলা হয়েছে। এখন পর্য্যন্ত প্রশিক্ষনের যে ব্যবস্থা আছে তাতে মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বা গ্রামের গ্রন্থাগারগুলির জন্য ট্রেণ্ড লাইব্রেরীয়ান পাওয়া যায়নি। তাই আমি এ বিষয়ে বিকল্প ব্যবস্থা ভেবে দেখার জন্য অনুরোধ করছি। আর একটা অনুরোধ রাখছি, আমরা লক্ষ্য করছি গ্রামে রুরাল লাইব্রেরী হচ্ছে, কিন্তু তার স্থান নির্বাচনের জন্য গাইড লাইন কিছু দেওয়া হয়নি, তা থাকা দরকার। এমন অনেক লাইব্রেরী আমাদের চোখে পড়ছে, সেখানে সারাদিনে হয়ত মাত্র ৩/৪ খানা বই ইস্যু হচ্ছে। এই অবস্থায় এ সমস্ত জায়গায় লাইব্রেরী কতখানি যুক্তিযুক্ত সেটা একটু ভেবে দেখবেন। স্থান নির্বাচনের জন্য কিছু গাইডলাইন দরকার। গ্রন্থাগারের বিষয়ে বিভিন্ন জেলায় যে কমিটি আছে সেই কমিটিগুলিকে এমন নির্দেশ দেওয়া হোক যাতে সাধারণ মানুষের নিত্য নৈমিত্তিক যোগাযোগ আছে এমন স্থানে গ্রন্থাগারগুলি গড়ে ওঠে। লাইব্রেরীগুলি প্রকৃত অর্থে যাতে বেশীর ভাগ মানুষের কাছে হেল্পফুল হতে পারে,

বাস্তবানুগ হতে পারে, সেগুলি সমাজের উপকারে যাতে লাগতে পারে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে স্থান নির্বাচনের গাইডলাইন দেবার জন্য মাননীয়া মন্ত্রী মহোদয়াকে অনুরোধ জানিয়ে, বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রীজখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গ্রামাঞ্চলে যে সমস্ত লাইব্রেরী আছে, সেই লাইব্রেরীগুলি বিভিন্ন সদাশয় ব্যক্তি যাঁরা বই ভালবাসতেন, লাইব্রেরীর মর্য্যাদা বুঝতেন, তাঁদেরই দানে এককালে গড়ে উঠেছিল। আজকাল গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় বহু লাইব্রেরী অর্গানাইজ হচ্ছে, সে সমস্ত লাইব্রেরীকে মাননীয়া মন্ত্রী মহোদয়া যখন অনুমোদন দেবেন তখন যেন সে সমস্ত লাইব্রেরীকে অগ্রাধিকার দেন। নিজের চেষ্টায় যে সমস্ত লাইব্রেরী গড়ে উঠেছে তাদের কথাও যেন মনে রাখেন। সেজন্য আমি এ বিষয়গুলির দিকে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি নতুন নতুন পাবলিক লাইব্রেরী করছেন, অন্যান্য লাইব্রেরী করছেন, সেই সঙ্গে আমি মাননীয়া মন্ত্রী মহোদয়াকে অনুরোধ করছি যে, হাইস্কুলে লাইব্রেরী করার কথা এখানে আছে, কিন্তু হাইস্কুলের লাইব্রেরীতে যে পরিমাণ বই থাকার কথা সেই পরিমাণ বই রাখার সাথে সাথে একজন করে লাইব্রেরীয়ান যদি হাইস্কুলে রাখতে পারেন তাহলে ছেলেদের লেখাপড়ারও একটু সুবিধা হয়। স্কুলে পাঠ্যপুস্তকগুলি যদি সরকার থেকে গ্রামাঞ্চলের গরীব ছাত্রদের সরবরাহ করা হয় তাহলে তাদের লেখাপড়া শিখতে সাহায্য করা যাবে। আজকাল বইয়ের যা দাম তাতে গরীব ছাত্রদের সব বই কিনে পড়াশুনা করা সম্ভব নয়। অন্তত যদি সব পাঠ্যপুস্তকগুলি স্কুলের লাইব্রেরীতে থাকে তাহলেও লাইব্রেরী থেকে বই ধার নিয়ে পড়াশোনা করতে পারে। তা না হলে তাদের পক্ষে পড়াশোনা অনেক সময় মুসকিল হয়ে পড়ে। যে সমস্ত লাইব্রেরী প্রতিষ্ঠিত হচ্ছে, রুরাল লাইব্রেরী, তাতে বিভিন্ন ধরণের বই রাখার ব্যবস্থা করতে হবে। খবরের কাগজ রাখার ব্যবস্থা করতে হবে, গ্রামাঞ্চলের সাধারণ মানুষে খবরের কাগজ কিনতে পারে না, তারা লাইব্রেরীতে গিয়ে খবরের কাগজ পড়তে পারবে, বইয়ের অসুবিধা থাকলে বইও পড়তে পারবে। তাছাড়া প্রত্যেক লাইব্রেরীতে রেডিও রাখার ব্যবস্থা করা দরকার। অনেকে রেডিও কিনতে পারে না। কাজেই লাইব্রেরীতে ঐ ব্যবস্থা করার জন্য অনুরোধ করব। আর একটি কথা, লাইব্রেরীগুলিকে রাজনৈতিক আওতা থেকে মুক্ত করা দরকার। লাইব্রেরীতে রাজনীতির আলোচনা যাতে না হয়, সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। প্রত্যেক গ্রামপঞ্চায়েতে যেখানে ৫ হাজার, ১০ হাজার লোকসংখ্যা আছে সে সমস্ত গ্রামে যেসব লাইব্রেরী আগে থেকে চলছে সেগুলিকে অনুমোদন দিয়ে সরকারী উদ্যোগে পরিচালিত করতে হবে। আপনারা শিক্ষা বিভাগকে তিন ভাগ করে একজনের জায়গায় দুজন মন্ত্রী করলেন সেই সঙ্গে আবার নুতন লাইব্রেরী মন্ত্রী হলেন, সুতরাং লাইব্রেরী মন্ত্রী মহোদয়ার অফুরন্ত সময় আছে লাইব্রেরী পরিচালনা এবং লাইব্রেরী উন্নয়নের দিকে নজর দেবার।

পশ্চিমবাংলার লাইব্রেরীর জন্য যদি উন্নতি করা যায়, লাইব্রেরীকে যদি আমরা মাস রিডিং হিসাবে ব্যবহার করতে পারি, বিভিন্ন জায়গায় লাইব্রেরী মাধ্যমে প্রচার করতে

পারা যায়, জনসাধারণের উপকার যদি আমরা লাইব্রেরীর মাধ্যমে করতে পারি, জনসাধারণকে শিক্ষিত করতে পারি, এই বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়া যদি সজাগ দৃষ্টি রাখেন, লাইব্রেরীকে যদি তিনি যথোপযুক্ত ভাবে ব্যবহার করতে পারেন তাহলে এর মাধ্যমে আমরা অনেক কিছু লাভ করতে পারবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয়া মন্ত্রী মহাশয়া তাঁর ফিনিষড চ্যাপ্টারে যে কথা বলেছেন — তার চেঞ্জ করতে চেয়েছেন। কিন্তু পলিসি গত পরিবর্তন চাননি। মেনলি সেটা হচ্ছে তার উদ্দেশ্য এবং হেতু হিসাবে তিনি যেটা বলেছেন সংগঠিত এবং নিয়মানুগ পদ্ধতি গ্রন্থাগারের সুষ্ঠ ক্রমোন্নতির জন্য তিনি বিল এনেছেন। অতএব কিছু ত্রুটি আছে এবং আমি আশা করবো সেই ত্রুটি তিনি দূর করবেন। তাঁর এই ডেফিনেসান চ্যাপ্টারে তিনি যেগুলি বলেছেন আমার সেই বিষয়ে কিছু বলার নেই।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিধেয়ক আলোচনার জন্য এবং গ্রহণ করার জন্য সভায় পেশ করেছিলাম তার জবাব আপনার মাধ্যমে দিতে গিয়ে এইটুকু বলতে চাই যে ঠিক বিধেয়কের উপর এখানে আলোচনা হয়নি, বিধায়কের উপর আলোচনা করে সংশোধন বা সংযোজন হিসাবে ভেবেছিলাম যে সমস্ত প্রস্তাব আসবে সেই আলোচনার উপরেই আমার জবাব তার উপরেই নির্ভর করবে। কিন্তু দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে আমার এই বিধেয়কটির উপর আলোচনা অন্ততঃ বিরোধী দলের সদস্যরা কেউই করেননি। তাদের আলোচনা গ্রন্থাগার সম্পর্কে ছিল — জেনারেলি একটা ব্যাপারে আলোচনা করেছে। যাই হোক, তার উপর আলোচনা করতে গিয়ে আমি এইটুকু বলবো যে, সমাজে একটা প্রথা প্রায় সামাজিক হিসাবে দাঁড়িয়ে গেছে, কাজ যাঁরা করে না তাঁরাই কাজের সমালোচনা করেন। কাজেই অসুবিধা কোথায় তাঁরা তা বোঝেন না। সেইজন্যই তাঁরা সমালোচনা করেন। স্বভাবতই সেই সমালোচনা গঠনমূলক হতে পারে না। এখানে আমি সেই মাননীয় বিরোধী দলের সদস্যদের বলবো তাঁরা যে ধরণের সমালোচনা করেছেন গ্রন্থাগার সম্পর্কে বিশেষ করে মাননীয় সদস্য আবদুল মান্নান যে কথা এই গ্রন্থাগার সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বললেন যে, দলবাজী হচ্ছে। আমি জানি না কোথায় কি ভাবে দলবাজী হচ্ছে। আমি মাননীয় সদস্যকে এইটুকু কথা বলতে চাই যে যদি মনে করেন কোথাও কোন জনপ্রতিনিধিকে লাইব্রেরী কমিটিতে যুক্ত করে দেওয়াতে দল বাজী হয়ে গেছে তাহলে আমি সেই ভাবনা আপনার মন থেকে দূর করতে অপারক। কারণ আমার যেটুকু ধারণা সেই ধারণাতে আমি এইটুকু জানি। গণতান্ত্রিক রাষ্ট্রের জনগণ জানেন যে তারা বিভিন্ন দল দ্বারা পরিচালিত হন এবং বহু দল এক-একটা রাজ্যে থাকে, সেই দলের বিভিন্ন নীতি থাকে। আগেই বলেছি যখন বিধানসভাতে আমাদের দলের কম সংখ্যক এম. এল. এ. হিসাবে আসতে পেরেছে। পশ্চিমবাংলার জনগণ তখন আমাদের চায়নি, আমাদের নীতিটাকে জনগন সেই ভাবে বুঝতে পারেননি সেই ভাবে গ্রহণ করতে পারেননি। স্বভাবতঃই বিভিন্ন জায়গায় আমাদের যে দল সেই দল থেকে প্রতিনিধিত্ব করতে পারেনি; কিন্তু নানা অভিজ্ঞতার মধ্যে দিয়ে পরিবর্তন আসে। সেই পরিবর্তনের মধ্যে দিয়ে যদি

দেখা যায় যে তারা বিগত দিনে যে দলের নীতির উপর বিশ্বাস করে এসেছিল তারা সেই দলের উপর আস্থা হারিয়েছে। আর একটা বৈপ্লবিক দল হিসাবে বামপন্থী দলের উপর আস্থা জন্মেছে। তখন বিভিন্ন সংগঠনে, বিভিন্ন সংস্থার মধ্যে সেই সমস্ত দলের প্রতিনিধিত্ব প্রাধান্য লাভ করে এটাই স্বাভাবিক। সেই অধিকাংশ জনগণের রায়ে নির্বাচিত যে প্রতিনিধি যারা বিভিন্ন সংস্থার সঙ্গে যুক্ত তাদের আমি মনে করি সকলের তরফ থেকে জনগনের রায়কে শ্রদ্ধা জানানো উচিত।

[5-30—5-40 p.m.]

এই প্রতিনিধি মনোনয়নকে সেটিকে আপনারা যদি দলবাজী বলেন তাহলে আমার কিছুই বলার নেই। কোথাও দলবাজী হচ্ছে যদি বলা হয় তাহলে আমি তা মানতে পারছি না। বই কেনার ব্যাপারে মাননীয় সদস্য আবদুল মান্নান বলেছেন যে, শুধু মার্কসীয় তত্ব হচ্ছে। মাননীয় সদস্যকে বলব, আপনাদের আমলে গ্রন্থাগারের জন্য যা কিনতেন না, সরকারী উদ্যোগে আমরা তা কিনেছি। গ্রন্থাগার সম্পর্কে একজন বিরোধী সদস্য স্বীকার করেছেন, 'অনেক করেছেন আপনারা।' কিন্তু অন্যরা কেউ সে কথা স্বীকার ক:রননি, আমরা অনেক কিছু করতে পেরেছি, অনেক ভাল কাজ করেছি। এত দিনের আলোচনার মধ্যে সেই স্বীকারোক্তি কিছুই প্রকাশ পেতে শুনলাম না। আপনাদের আমলে গ্রন্থাগারের জন্য অনুদানের টাকা দিয়েই খালাস হতেন, অনুদান দেওয়ার ব্যাপারে কোন নিয়ম বা ভিত্তি ছিল না। সে সময়ে শিক্ষা বিভাগের যিনি মন্ত্রী ছিলেন, তাঁকে যাঁরা মন জোগাতে পারতেন, তাঁরাই সব টাকা পয়সা নিয়ে গিয়েছিলেন। আমরা সরকারের পক্ষ থেকে নীতি নির্দ্ধারণ করে দিয়েছি, সীমাবদ্ধতার মধ্যে দিয়েও কত বেশী করে এই গ্রন্থাগারের আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারি, তার উপর দাঁড়িয়ে আমরা অনেক এগিয়ে নিয়ে যেতে পেরেছি। আগে আমরা দেখেছি গ্রন্থাগারে ভাল বই থাকত ঠিকই কিন্তু তা ছিল সস্তা রুচিসম্মত। এই সস্তা রুচিসম্মত বই দিয়েই তখন গ্রন্থাগারকে ভরিয়ে রাখা হতো। সরকারী টাকা নিয়ে, অনুদান নিয়ে তখন গ্রন্থাগারকে এই পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছিল। এর দ্বারা জনগণের চেতনার বিকাশ কি ভাবে হতো তা আমার অন্তত জানা নেই। আমার জানা নেই মার্কসীয় নীতি বলতে আপনারা কি বোঝেন। রাজনীতি নিয়ে আমরা আলোচনা করি, আমরা জানি রাজনীতি এখন আমাদের জীবন-নীতি হয়ে গেছে। যা বাস্তব জ্ঞান সম্মত পুস্তক তাকেই যদি অন্তর্ভুক্ত করা হয়ে থাকে এবং তাকেই আপনারা যদি বলেন মার্কসীয় পুস্তক, তাহলে আমার বলার কিছু নেই। একেই যদি বলেন মার্কসীয় বইয়ে ছেয়ে ফেলা হয়েছে তাহলেও আমার কিছু বলার নেই। আমি অন্তত তা মানতে পারছি না। আপনাদের কাছে আমার অনুরোধ, আমরা বইয়ের যে তালিকা করেছি, সেটাতে একবার ভাল করে দেখে নেবেন যে সেই গ্রন্থপঞ্জীতে আমরা মার্কসীয় বই শুধু রেখেছি, না চিরায়িত সাহিত্য বিজ্ঞান-সম্মত সাহিত্য রেখেছি। আপনাদের উপরই যে দায়িত্ব ছেড়ে দিলাম। ভাল করে দেখে তারপর এখানে সমালোচনা করুন। বিধানসভা কক্ষে এসেছেন, এখানে বিভিন্ন পত্র পত্রিকার সাংবাদিকরাও এসেছেন। আপনারা ভালভাবেই জানেন, সকাল হলে যে সব পত্রিকা লাখে লাখে দৈনিক প্রকাশ হয়ে থাকে সেখানে আমাদের বাণী

কখনও প্রচার হবে না, আপনাদের বাণী শুধুমাত্র প্রকাশ করবে বলেই আপনারা যদি এখানে এভাবে সোচ্চার হন এবং সমালোচনা করেন তাহলে বলার কিছু নেই। তবে তা অত্যন্ত দুঃখের। সেজন্য আমি অনুরোধ করব এই বিধেয়ককে আপনারা বিবেচনা করুন। এই বিধেয়ককে কেউ বিরোধিতা করে কেউ বক্তব্য রাখেন নি, আপনারাও একে সমর্থক করবেন এই আশা করব। বক্তব্য রাখতে উঠে প্রথমেই বলেছেন, এই বিধেয়কের বিরোধিতা করছি—এই একটা মাত্র বিরোধী বাক্য সর্বক্ষেত্রেই ব্যবহার করেছেন। কিন্তু এই বিধেয়কের উপর আপনাদের আলোচনার ক্ষেত্রে এর কোন রকম সংযোগ নেই। আমার বক্তব্যকে আর বেশী দীর্ঘায়িত করতে চাই না, যতটুকু উত্তর দেবার ছিল তা দিয়েছি। জয়কৃষ্ণ লাইব্রেরী সম্পর্কে অনেকে বক্তব্য রেখেছেন, সেখানে আমি নিজে গিয়েছি। জয়কৃষ্ণ লাইব্রেরী সম্পর্কে দলবাজীর যে কথা বলেছেন সে ব্যাপারে উত্তর আমি আগেই দিয়েছি। কোন জনপ্রতিনিধিকে থাকা নিয়ে যদি আপনারা দলবাজীর কথা বলেন, তাহলে তা আলাদা কথা। মাননীয় সদস্য তারাপদ সাধুখাঁ দলবাজীর কথা বলেছেন, সেই একই কথা। সুতরাং উত্তর দেওয়ার আর কিছু নেই। দেবনারায়ণ বাবুর কথার পরিপ্রেক্ষিতে তিনি বক্তব্য রেখেছিলেন, তাঁকেই বিরোধিতা করে গেছেন, কাজেই উত্তর দেবার মত কিছু নেই। আমাদের মাননীয় সরকারপক্ষের সদস্যেরা অনেক গঠন মূলক বক্তব্য রেখেছেন, তাঁরা কিছু কিছু অসুবিধার কথা বলেছেন, যদিও সেগুলি এই বিধেয়কের মধ্যে আসে না। তাঁরা ভবিষ্যৎ নীতি নির্দ্ধারনের ব্যাপারে গঠন মূলক সমালোচনা করেছেন, তা ভবিষ্যৎকালে আমার অনেক সহায়ক হবে এবং সেদিকে আমি নিশ্চয়ই লক্ষ্য রাখব। এই বলে সকল সদস্যদের এই বিধেয়কটিকে সর্বসম্মত ভাবে গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Public Libraries (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIII of 1982) was then put and lost.

**Shrimati Chhaya Bera** : Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982, be taken into consideration.

The motion was then put and agreed to.

**Clauses 1 to 6 and Preamble**

The question that Clauses 1 to 6 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shrimati Chhaya Bera** : Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982**

**Shri Sankar Gupta** : Sir, I beg to introduce the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982.

**( Secretary then read the title of the Bill )**

**Shri Sankar Gupta** : Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982, be taken into consideration. আমার বক্তব্য আমি উত্তর দেবার সময় বলব।

**ডাঃ মানস ভূঁইয়া** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী তথা নতুন মন্ত্রী শংকর গুপ্ত যে বিল এনেছেন সেই বিলের বিরোধীতা করতে উঠে কতকগুলি বক্তব্য রাখতে চাই। মাননীয় শংকরবাবু সভা থেকে চলে গেলেন। আমি তাঁর উপস্থিতিতে কতকগুলি গঠনমূলক সমালোচনা করবো ভেবেছিবাম কিন্তু তিনি যখন নেই তাঁর অনুপস্থিতিতেই আমাকে বক্তব্য রাখতে হচ্ছে। আশাকরি এই বক্তব্যগুলি তাঁর কাছে পেঁৗছবে।

( শ্রীশংকর গুপ্তের হাউসের মধ্যে প্রবেশ )

তিনি এসে গেছেন। এরজন্য তাঁকে ধন্যবাদ। শংকরবাবু নতুন মন্ত্রী হয়েছেন। কিন্তু মুখ্যমন্ত্রীর সহচর হিসাবে বিশেষ করে বিদ্যুৎ তদারকির ক্ষেত্রে অভিজ্ঞতার দিক থেকে তাঁর প্রতিফলন পরিলক্ষিত হবে আশা করা যায়। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে বামফ্রণ্ট সরকারের বিশেষ করে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি দ্বারা পরিচালিত তিনি একজন প্রথম সারির নেতা। তিনি মুখ্যমন্ত্রীর পার্শ্বে সহকারী হিসাবে সর্বভারতীয় ক্ষেত্রে শ্রমিক ইউনিয়নের কথা বলেছিলেন। পশ্চিমবঙ্গে বহুদিন থেকেই তাঁরা শ্রমিক ইউনিয়নের কথা বলে আসছেন। আমি মূলত যেটা দেখতে পাচ্ছি যে বিদ্যুৎ পর্ষদের ক্ষেত্রে এবং বিদ্যুৎ দপ্তরের পরিচালনার ক্ষেত্রে ঠিকমত কাজ হচ্ছে না। বিদ্যুৎ পর্ষদের কর্মচারী এবং সরকারী অফিসারদের মধ্যে সমন্বয় আমরা খুব একটা লক্ষ্য করতে পারছি না। একদিকে সমস্ত স্তরের মানুষের মধ্যে ক্ষোভ জমছে অন্যদিকে বিদ্যুৎ পরিস্থিতির অবনতি এই দুটি মিলিয়ে বিদ্যুৎকে আরো ভয়াবহ অবস্থায় পরিণত করেছে। আপনারা শ্রমিকদের স্বার্থের দিকে লক্ষ্য না করে এই দপ্তরের অফিসারদের দিয়ে যে ফতোয়া জারি করছেন তা সাংঘাতিকভাবে শ্রমিক স্বার্থ বিরোধী হয়ে যাচ্ছে। এখানে ইউনিয়ন এনারজি মিনিষ্টার যে চিঠি ডি. ভি. সি.-র ব্যাপার নিয়ে দিয়েছেন সেটা পড়ছি।

[5-40—5-50 p.m.]

বরকত সাহেব যখন এনার্জি মিনিষ্টার ছিলেন তখন বলেছিলেন I am drawing your personal attention to certain affairs of DVC which are both urgent and important. ৩নং পয়েন্টে বলেছেন Some union have complained that DVC authorities have curtailed the democratic rights of the trade unions by cancelling the grant of leave on 27.8.80 and 28.8.80. They have also made downward revision and variable dearness allowance rates for their employees. It seems DVC is also not observing the statutory obligation in the matter of payment and settlement of minimum wages. DVC

may be advised to follow a policy which can promote better industrial relations instead of adopting an anti-labour policy এর পাশাপাশি আমরা কি দেখছি? তিনি কি মূর্তিতে শিব সংহার এর ভূমিকায় এসে গেছেন? কি সেই সংহার মূর্তি? ১৯৮২ সালের ২৪শে জুলাই তিনি তাঁর পর্ষদের অফিসারদের একটা চিঠিতে জানালেন—অর্ডার নং পি ৪-৫৭ ডেটেড ২৪.৭.৮০ তার ভাষা হচ্ছে The absence from duty by any employee of the Board without permission during office hours for participation in any strike, demonstration, agitation, movement of cease work, work to rule, mass casual leave or on Union/Organisational activities or on similar other activities also constitutes a breach of discipline and an act of misconduct on the part of the employees concerned. এরপর তিনি আর একটা সার্কুলার দিলেন—কর্মচারীদের জন্য—সেখানে বলা হচ্ছে আই ওয়াণ্ট to take leave on unavoidable circumstances. এইভাবে তিনি সেখানে ফতোয়া জারী করলেন। এই ভাষা যদি থাকে তাহলে ছুটি নেয়া যাবে না। সিটু থেকে বলা হয় শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য একটা সংগঠন থাকা দরকার। তা যদি হয় তাহলে বলবো যে বিদ্যুৎ পর্ষদে সবচেয়ে বড় সংগঠন হচ্ছে আই. এন. টি. ইউ. সি.। ব্যালট পেপারের মাধ্যমে এটা দেখে নিতে পারেন সেখানকার কর্মচারীরা কোন ইউনিয়নের মধ্যে আছে। আমরা দেখলাম একটা মাইক্রোস্কোপিক স্ট্রাকচার এর মত সিটু সেখানকার চেয়ারম্যান এবং সেক্রেটারীর মদতে গড়ে উঠেছে। শঙ্করবাবু মিটিং করতে গেলে সেখানে লোডশেডিং হয় এবং এটা বোধ হয় প্রথম নজির যে পশ্চিমবাংলা বিধানসভায় আলো নিভে গেল। আমি তাঁর কাছে অনুরোধ করবো শ্রমিক স্বার্থ বিরোধী সংগঠন যা আছে আপনারা তার বিরোধিতা করুন। এসব কথা সর্ব ভারতীয় ক্ষেত্রে, পার্লামেণ্টে এম. পি. দের দিয়ে বলুন। শ্রমিকদের সমস্যা বুঝে যদি ইউনাইটেড এফোর্ট না দেন তাহলে জ্যোতি-বাবুর মত আপনাকে কনডেণ্ড হবে। আমি একজন তরুন সদস্য হিসেবে বলছি I have full sympathy and support for him and I will extend my whole hearted co-operation because বিদ্যুৎ নিয়ে আমরা দলবাজী করছি না। বিদ্যুৎ নিয়ে দলবাজী হয় না এটা তাঁর জেনে রাখা উচিত।

তাই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে গঠনমূলক কোন নীতির জন্য আমরা আমাদের তরফ থেকে সর্ব রকমের প্রতিশ্রুতি রাখছি। তাই আমার অনুরোধ পশ্চিমবঙ্গের শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে তাঁর চিঠির মধ্যে ইউনিয়ন এনারজি মিনিস্টারকে লিখিত যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি যেন প্রতিফলিত হয়। তিনি বলেছেন শ্রমিকরা কাজ করছে না, শ্রমিকদের মধ্যে যারা আই এন টি ইউ সি ইউনিয়ন ভুক্ত তারা নাকি স্যাবোটেজ করছে। এটা খুব দুঃখের ব্যাপার। স্যার, গতবার বাজেটের সময় আমাদের মাননীয় সদস্য আবদুল মান্নানের একটা প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন মান্নান সাহেব, হোম টাস্ক করে আসেন নি কেন? স্যার, ১৯৮১ সালে দীপক দেবের এ্যাপিলের ক্ষেত্রে যে তদন্ত কমিশন হয়েছিল সেটা হচ্ছে বর্মণ তদন্ত কমিশন। সেই

কমিশন বোর্ডের বড় বড় অফিসারের বিরুদ্ধে কি কথা বলেছিলেন আমি তার থেকে দু'একটা কথা পড়ে শোনাতে চাই—"বোর্ডের সদস্যরা কমিশনের বিভিন্ন প্রশ্নের জবাব দিতে গিয়ে যে কি পরিমান নাস্তানাবুদ হয়েছিলেন তা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। কমিশন এমন কাণ্ড দেখে সেই বিখ্যাত উক্তিটি করেছিলেন—কমিশনে আসার আগে একটু হোমওয়ার্ক করে আসতে পারেন না?" কেন একথা বলেছিলেন, না, এফিডেভিট করে অফিসাররা যে বক্তব্য লিখে জানিয়েছেন যখন কমিশনের সামনে বর্মণ সাহেব সেই তথাকথিত বড় বড় অফিসারদের যাঁরা বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের পর্যবেক্ষক এবং এস ই বি-র কর্তা বলে পরিচিত তাঁরা তার উল্টো-পাল্টা বক্তব্য রেখেছিলেন। সেজন্য বর্মণ সাহেব বলেছিলেন এফিডেভিটে কি বলেছেন আর এখানে এ্যাপিয়ার হয়ে কি সব বলছেন, একটু হোম ওয়ার্ক করে আসতে পারেন না? যাইহোক, আজকে বিদ্যুৎ একটা জাতীয় সমস্যা হয়ে দাঁড়িয়েছে, পশ্চিমবঙ্গ তার থেকে বাদ যাচ্ছে না। তাই অনুরোধ করব তাঁর সমস্ত প্রচেষ্টা নিয়ে এগিয়ে আসুন, কোন দলবাজী হবে না. যদি কোন রকম উৎপাদনমুখী প্রকল্প তৈরী না হয় তাহলে সমস্ত পশ্চিমবঙ্গ অন্ধকারে ডুবে যাবে। তাই অনুরোধ রাখছি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীতে যে টিটাগড়ে প্রোজেক্ট করার দায়িত্ব দিয়েছেন আমার মনে হয় তাদের আরো বেশী প্রোজেক্ট করার দায়িত্ব দিন এবং এস ই বি'র কর্মক্ষমতাকে বাড়াবার জন্য দুর্নীতিগ্রস্ত অফিসারদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণ করুন। শুধুমাত্র শ্রমিক কর্মচারীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করলে চলবে না, দুর্নীতিগ্রস্ত অফিসার যারা লক্ষ লক্ষ টাকার টেণ্ডার চুরি করছে আর আপনাকে দিয়ে এ্যাসেম্বলীতে বলাচ্ছে যে তার চুরি হচ্ছে, কেবল ফল্ট পি-৪/৫৭ ইত্যাদি এই সমস্ত দুর্নীতিগ্রস্ত অফিসারের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণ করুন। শুধু সার্কুলার জারী করে শ্রমিকদের সমস্ত অধিকার আন্দোলনের অজুহাতে কেড়ে নিলে চলবে না। যে সমস্ত দুর্নীতিগ্রস্ত অফিসার পশ্চিমবঙ্গকে অন্ধকারে রাখার জন্য দায়ী তাদের সম্বন্ধে সজাগ থাকতে হবে এবং ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশানকে আরো বেশী জোরদার করে তাদের আরো বেশী মদত দিয়ে যাতে আরো বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গড়ে তুলতে পারি তারজন্য সচেষ্ট হতে হবে, সমস্ত ইউনিয়নের মধ্যে সমতা রেখে শ্রমিক কর্মচারীদের নিয়ে সরাসরি বৈঠকে বসে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্যা সমাধানে এগিয়ে আসতে হবে। আপনি যে এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছেন তাতে সামগ্রিক দৃষ্টি-ভঙ্গী নেই, সেজন্য এর বিরোধিতা করা ছাড়া উপায় নেই। তাই বাধ্য হয়ে এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—5-56 p.m.]

**শ্রীঅজিত চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলব। আমি এতক্ষণ ধরে বিরোধীদলের যে বক্তব্য শুনলাম তাতে দেখছি অত্যন্ত অদ্ভুত ভাবে তাঁরা এই বিলের মূল বিষয়বস্তুকে এড়িয়ে গিয়ে কিভাবে ভাঙ্গা রেকর্ড বাজিয়ে গেলেন। এর সমস্ত বিদ্যুৎ ব্যবস্থা বানচাল করবার চেষ্টা করছেন যাতে করে শ্রমিকরা আন্দোলন করতে বাধ্য হয় এবং সেই সুরই তাদের বক্তব্যের মধ্যে ফুটে উঠেছে। আজকে যে বিল আনা

হয়েছে তাতে বলা হচ্ছে যারা বিদ্যুৎ চুরি করে নিচ্ছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা যেটা আছে তাকে এক্সটেণ্ড করে যাতে ইনপ্রিজনমেণ্টের ব্যবস্থা করা যায়। দুঃখের সঙ্গে বলছি তারা তাদের বক্তব্যের মধ্যে এ সম্বন্ধে কিছুই বললেন না বরং দেখলাম চোরদের সমর্থন করে গেলেন। এটা একটা আশ্চর্য্যের ব্যাপার। একথা বলে বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শঙ্কর গুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের একমাত্র বক্তা আমার এই বিলের একটি ধারা বা শব্দের কোন বিরোধিতা করেন নি। কিন্তু অন্যান্য কতকগুলি বিষয়ে মন্তব্য করেছেন বলেই আমার জবাবী ভাষণ দেবার দরকার হবেনা অবশ্য এটা তিনি করতে পারেন কিন্তু এ বিলের প্রসঙ্গে ঐ কথাগুলো অপ্রাসঙ্গিক। কাজেই এদিক থেকে বলা যায় জবাব দেবার দরকার নেই। বিরোধী পক্ষের থেকে এ কথাও বলা হয় নি যে বিলের বিরোধিতা আমরা করেছি। আনুষ্ঠানিক ভাবে হয়ত বলতে পারেন কিন্তু জবাব দেবার কোন পয়েণ্ট নেই। ডি. ভি. সি.র ইউনিয়ন সম্বন্ধে কেন্দ্রীয় মন্ত্রী কি বলেছেন, এস. ই. বি. এমপ্লয়িজদের ব্যাপারে কি অর্ডার পাশ হয়েছে, আরো বিদ্যুৎ বৃদ্ধি হবে কিনা বর্মণ কমিশন এ সম্বন্ধে কি বলেছেন এসব কথা অপ্রাসঙ্গিক। যাই হোক এ বিলের ব্যাপারে সকলেই বোধহয় একমত হবেন। বিরোধীপক্ষ তাঁদের বক্তব্য রেখেছেন এবং গঠনমূলক সহযোগিতা করবেন এ কথা বলেছেন। আপনারা জানেন আমাদের বিদ্যুতের ঘাটতি আছে এবং যতদিন এটা থাকবে ততদিন চাহিদা এবং যোগানের মধ্যে যে ঘাটতি আছে সেটা-কে নিয়ন্ত্রণে রাখার জন্য একটা নিয়ন্ত্রাদেশ চালু আছে। কিন্তু আমরা দেখছি যারা হাইটেনসন কনজিউমার তারা অনেক সময় এই নিয়ন্ত্রাদেশ ইচ্ছা মত লংঘন করেন। কণ্ট্রোল রুমে বসে পাল্টা ব্যবস্থা গ্রহণ করা যান্ত্রিক কারণেই সম্ভব হয় না। নিয়ন্ত্রাদেশ যেটা আছে সেটা দেখছি ব্যবহারকারীদের ইচ্ছার উপর নির্ভর করে এবং তারা এটা লংঘন করেই চলেছেন। ৩৮টি ক্ষেত্রে তারা এটা লংঘন করেছেন এবং সেগুলো আমরা ধরেছি এবং তাদের শাস্তি দেবার চেষ্টা হচ্ছে। বর্তমান আইনে শাস্তির ব্যবস্থা যেটা আছে সেটা যথেষ্ট নয়—অর্থাৎ ১০০০ টাকা জরিমানা এবং আরও লংঘন করলে দৈনিক ১০০ টাকা। আমরা মনে করি হাইনেটসন বিদ্যুৎ যাঁরা ব্যবহার করেন তাঁদের ক্ষেত্রে এই শাস্তি যথেষ্ট নয়, আমরা এক্ষেত্রে বলেছি যারা নিয়মিত ভাবে বিদ্যুৎ চুরি করবে তাদের জেলে পাঠানো হোক এবং প্রথম অপরাধের জন্য ৬ মাস জেল এবং নিয়মিতভাবে অপরাধ করলে এক বছর জেল। আমরা এই যে কারাবাসের ব্যবস্থা করেছি এতে রাজনৈতিক বিরোধিতার কোন প্রশ্ন নেই, আমি আশা করি সর্ব সম্মতিক্রমে আপনারা আমার এই বিল সমর্থন করবেন।

**Shri Sankar Gupta :** Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Abjournment**

The House was then adjourned at 5.56 P. M. till 1 P. M. on Thursday, the 7th October, 1982, at the Assembly House, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 7th October, 1982 at 1 p.m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 13 Ministers of State and 131 Members.

**Starred Questions**
**(to which oral answers were given)**

[1-00—1-10 p.m.]

## সমবায় সমিতির প্রতিনিধি

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নির্দিষ্ট সমস্ত সমবায় সমিতির পরিচালন সমিতিতে নিয়ম-মাফিক সরকারী বা সরকার-মনোনীত প্রতিনিধি অবশ্যই দেওয়া হয় কি ; এবং

(খ) ঐ সকল প্রতিনিধির উপযোগিতা বা ভূমিকা কি ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** (ক) সব সমবায় সমিতিতে সরকার বা সরকার মনোনীত প্রতিনিধি দেওয়া হয় না। তবে, যে সব সমিতিতে সরকারের পক্ষ থেকে মূলধন, ঋণ বা অনুদান বাবদ অর্থ দেওয়া হয় সেই সকল সমিতিতে এইরূপ প্রতিনিধি দেওয়া হয়।

(খ) সমবায় সমিতি সমবায় সক্রান্ত আইন ও বিধি ঠিক মত মানছে কি না এবং সরকারের অনুমত সমবায় নীতি অনুসরণ করছে কিনা তা দেখাই এই প্রতিনিধিদের কাজ।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মন্ত্রী মহাশয় জানালেন যে, যে সমস্ত সমবায় সমিতিকে সরকারের পক্ষ থেকে ঋণ, অনুদান, মূলধন প্রভৃতি দেওয়া হয় সেই সমস্ত সমবায় সমিতিকে সরকারী মনোনীত প্রতিনিধি রাখার ব্যবস্থা আছে। কিন্তু এখনও অনেক সমবায় সমিতি আছে যেগুলোতে সরকারের প্রতিনিধি নেই। এই রকম কোন খবর মন্ত্রীমহাশয় জানেন কি ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** মাননীয় সদস্যের যদি জানা থাকে তাহলে আমাকে সেই সমবায় সমিতির নাম দিয়ে দেবেন, সেখানে যাতে সরকারী মনোনীত প্রতিনিধি দেওয়া হয় তার ব্যবস্থা করব।

## জলপাইগুড়িতে "অদ্ভুত" রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৬।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) জলপাইগুড়ি জেলার অন্তর্গত ধূপগুড়ি, নাগরা কাটা, ফলাকাটা ও মাদারহাটী চারটি ব্লকে সম্প্রতি "অদ্ভুত" রোগে কতজন আক্রান্ত হইয়াছিল ; এবং

(খ) উক্ত রোগে কতজন মারা গিয়াছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) অদ্ভুত রোগের আক্রান্তের সত্যতা সম্বন্ধে জানা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** অদ্ভুত রোগটা কি ধরণের রোগ ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** জলপাইগুড়ি থেকে যে সংবাদ পেয়েছি, জুলাই মাসে হঠাৎ ১৭৫ জন স্ত্রী, পুরুষ রোগী জলপাইগুড়ি হাসপাতালে চিকিৎসার জন্য আসে। যারা পুরুষ তাদের নাকি পুরুষাঙ্গ শুকিয়ে যাচ্ছে এবং যারা স্ত্রীলোক তাদের নাকি স্তন শুকিয়ে যাচ্ছে। চিকিৎসকরা পরীক্ষার পর এর সত্যতা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করেন।

## তফসিলী জাতি ও উপজাতিদের সাংস্কৃতিক উন্নয়ন ব্যবস্থা

*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৩।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও উপজাতিদের সাংস্কৃতিক উন্নতি বিধানের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোন সাহায্য পাওয়া গিয়েছে কি ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** (ক) উপজাতিদের সাংস্কৃতিক উন্নতি বিধানের জন্য সরকার সর্বদা সচেষ্ট। আদিবাসীদের সাংস্কৃতিক উন্নতি বিধানের জনা বীরভূম জেলায় সিধু-কানু সাংস্কৃতিক চর্চা কেন্দ্র ও ঝাড়গ্রামে সাংস্কৃতিক চর্চা কেন্দ্র নামে দুটি কেন্দ্র খোলা হয়েছে। উত্তর বঙ্গেও তৃতীয় অনুরূপ একটি কেন্দ্র খোলার বিষয়ে সরকার বিবেচনা করছেন। তফসিলী জনগণ সাংস্কৃতিক দিক দিয়ে রাজ্যের আপামর জনগণের সংস্কৃতির সহিত জড়িত রাজ্যের জনগণের মূল সাংস্কৃতিক ধারা থেকে ভিন্ন কোন সংস্কৃতি তফসিলী জনগণের নাই। রাজ্যের তথ্য সাংস্কৃতিক বিভাগ রাজ্যের সাংস্কৃতিক উন্নতির জন্য যে সমস্ত কর্মসূচী রূপায়িত করছেন তফসিলী জনগণ তার থেকে উপকৃত হচ্ছেন। এই বিভাগের পরিচালনাধীন সাংস্কৃতিক গবেষণাগারের সহিত যুক্ত সমাজকর্মী শিক্ষণ কেন্দ্র তফসিলী জাতি ও আদিবাসীদের সংস্কৃতি ও সামাজিক বিষয়ে শিক্ষা দেওয়া হয়ে থাকে। এ বিভাগের একটি কর্মসূচীর মাধ্যমে বিভিন্ন সেচ্ছাসেবী সংস্থা ও সাংস্কৃতিক সংস্থাকে তফসিলী ও আদিবাসীদের খেলাধূলা অন্যান্য আমোদ প্রমোদের জন্য আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকে।

(খ) কেবলমাত্র সাংস্কৃতিক গবেষণার পরিচালনার ক্ষেত্রে মোট ব্যয়ের একাংশ কেন্দ্রীয় সরকার বহণ করেন।

**শ্রীগোপাল মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় সাংস্কৃতিক উন্নতি বিধানের জন্য অনেক কিছু উল্লেখ করলেন, কিন্তু পশ্চিমবঙ্গের বিভিন্ন তপসিলী জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকায় এই সব বার্তা পৌঁছে দেবার ব্যবস্থা করেছেন কি ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আমাদের ঝাড়গ্রামে একটা কেন্দ্র আছে। থ্রু আউট ওয়েস্ট বেঙ্গলে আমরা যে সব অনুষ্ঠান করে থাকি এই কেন্দ্রের শিল্পীরা তাতে অংশ গ্রহণ করে থাকেন। তাছাড়া বীরভূমেও আমাদের একটা কেন্দ্র আছে। সেখানেও কিছু প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। ওখানে যারা যান তারা সেটা দেখে আসেন। এছাড়াও রেডিও এবং বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হয়।

**শ্রীসুধাংশু শেখর মণ্ডল ঃ** বীরভূমে সাংস্কৃতিক তথ্য কেন্দ্র খোলা হয়েছে, আপনি বললেন। এছাড়া আদিবাসী অধ্যুষিত এলাকায় নতুন সাংস্কৃতিক তথ্য কেন্দ্র খোলার কোন চিন্তা ভাবনা আপনি করছেন কি ?

**ডাঃশম্ভুনাথ মাণ্ডি ঃ** হ্যাঁ, আমাদের চিন্তা ভাবনা আছে, কিন্তু সামর্থ নেই। আমাদের সামর্থ অনুযায়ী আমরা পদক্ষেপ নিয়েছি। উত্তরবঙ্গের জন্য আমাদের চিন্তা ভাবনা আছে। পুরুলিয়া, বাঁকুড়াতেও করার চিন্তা আমাদের আছে। তবে আমাদের সামর্থ অনুযায়ী আমরা একটু একটু করার চেষ্টা করছি।

## অবৈধভাবে বেকারভাতা গ্রহণের অভিযোগ

*৪৭৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১০০৫। ) **শ্রীধারা সরেন ঃ** শ্রম বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বেকার ভাতা প্রাপকদের মধ্যে অনেকে বেকার নন বলিয়া সরকারের নিকট সম্প্রতি কিছু তথ্য আসিয়াছে ;

(খ) উত্তর যদি 'হ্যাঁ' হয় তবে কতজন অন্যায়ভাবে ঐ ভাতা লইয়াছে বলিয়া সরকারের দপ্তরে খবর আসিয়াছে ; এবং

(গ) ঐ সকল ব্যক্তি সম্পর্কে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) না, সম্প্রতি এমন কোন তথ্য আসে নাই ; কেবল অভিযোগ আসিয়াছে।

(খ) এ প্রশ্ন ওঠে না। প্রাপ্ত অভিযোগ যথাযথ বলে না জানা পর্যন্ত কোন নির্দিষ্ট সংখ্যা বলা সম্ভব নয়।

(গ) যদি কেউ অন্যায়ভাবে ভাতা লইয়াছে বলিয়া প্রমানিত হয়, তবে আইন অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য আদালতের সাহায্য লওয়া হইবে।

**শ্রীদেবসরণ ঘোষ ঃ** বর্তমান বেকারভাতা প্রাপকদের ক্ষেত্রে একটি সরকারী নির্দেশনামা জারী করা হয়েছে যে ৫০০ টাকার বেশী পারিবারিক ইনকাম হলে বেকার ভাতা পাবে না। আজকালকার দিনে ৫০০ টাকা পর্যন্ত পরিবারের ইনকাম যদি হয় এবং তার যদি ৩/৪টি বেকার ছেলে থাকে তাহলে তারা কেউই বেকার ভাতা পাবে না, এটা কি সঠিক মনে করেন ? এটা কি আপনি পরিবর্তন করবেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এখন পরিবর্তনের কোন চিন্তা নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** আপনি বললেন বেকার ভাতা সম্বন্ধে অভিযোগ এসেছে। এখন পর্যন্ত এই অভিযোগের কোন তদন্ত করা হয়েছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** যে সমস্ত অভিযোগ করা হয়েছে সেগুলি তদন্ত করা হচ্ছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** যে অভিযোগগুলি পেয়েছেন তার মধ্যে কোন পুলিশ কেস হয়েছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এখনো কোন পুলিশ কেস হয়নি ।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** অবেকাররা এই বেকার ভাতা যাতে না নেন তার জন্য সরকারী ভিজিলেন্সের কোন ব্যবস্থা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় সদস্যরা এটা সকলেই জানেন যে এম. এল. এ. পঞ্চায়েত প্রধানদের এমন সার্টিফিকেট দিতে হবে । এফিডেভিট ছাড়াই এটার ভিত্তিতে যেটা হচ্ছিল তাতে গণ্ডগোল হওয়ায় সেটাকে দূর করার চেষ্টা করা হচ্ছে ।

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** নতুন কিছু শর্ত আরোপ করে যে নির্দেশনামা জারী করা হয়েছে তাতে বেকার ভাতা প্রাপকের সংখ্যা বাড়বে, না কমবে — আপনি কি মনে করেন ?

**মিঃ স্পীকার ঃ** মনে করা নিয়ে কোন প্রশ্ন হয় না, আপনি বসুন ।

[1-10—1-20 p.m.]

## মাছ ধরার ট্রলার

*৪৭৬ । ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৮০ । ) **শ্রীসুবোধ ওরান্ ঃ** মৎস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে গভীর সমুদ্রে মাছ ধরার কাজে কয়টি ট্রলার নিয়োজিত আছে ;

(খ) দৈনিক গড়ে কি পরিমাণ মাছ উক্ত ট্রলার দ্বারা ধরা সম্ভব হয় ; এবং

(গ) কোন্ কোন্ স্থানে উক্ত মৎস্য সরবরাহ করা হয় ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) বর্তমানে ছয়টি ট্রলার রাজ্যে সমুদ্রে মাছ ধরার কাজে নিয়োজিত আছে ।

(খ) গত ২৬শে সেপ্টেম্বর '৮২ হইতে ৫ই অক্টোবর পর্য্যন্ত ৬৫২১ কেজি মাছ আনিয়াছে ।

(গ) উক্ত মৎস্য রাজ্য মৎস্য উন্নয়ন নিগম বিভিন্ন সরকারী আবাসনের বিক্রয়-কেন্দ্র মারফৎ বিক্রয় করিতেছে ।

## ডায়মণ্ডহারবার মহকুমায় নূতন স্বাস্থ্য কেন্দ্র

*৪৭৭ । ( অনুমোদিত প্রশ্ন নং *৪২৪ । ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বাস্থ্য ও রবিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮২ সালের জুন পর্যন্ত ডায়মণ্ডহারবার মহকুমায় কোন নূতন স্বাস্থ্য কেন্দ্র খোলা হইয়াছে কি , এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে,

(১) কোন্ কোন্ স্থানে খোলা হইয়াছে, ও

(২) কোন্ কোন্ তারিখে স্বাস্থ্যকেন্দ্রগুলি স্যাংশন হইয়াছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) হ্যাঁ ।

(খ) (১) ও (২)—গঙ্গাসাগর, পশ্চিম ভবানীপুর, বানেশ্বরপুর এবং নয়ারহাটে স্বাস্থ্যকেন্দ্র খোলা হইয়াছে ।

গঙ্গাসাগর উপস্বাস্থ্য কেন্দ্র জুলাই, ১৯৭৯, পশ্চিম ভবানীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র মে, ১৯৭৯, বানেশ্বরপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আগস্ট, ১৯৮০ এবং নয়ারহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র মার্চ, ১৯৮১ সালে মঞ্জুর করা হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বাস্থ্যকেন্দ্র খোলার ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কতকগুলি তারিখের কথা বললেন। আমি তারমধ্যে যাচ্ছি না, আমার প্রশ্ন, এই স্বাস্থ্যকেন্দ্রের জায়গাগুলি কবে সিলেকসান করা হয়েছিল জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি বললেন এখন বলা সম্ভব নয়। আপনি ফাইলটা দেখেছেন তো ? আমি যদি বলি এই জায়গাগুলি আমাদের সময় সিলেকসান করা হয়েছিল এবং তারপর বামফ্রণ্টের আমলে একটাও স্বাস্থ্যকেন্দ্র হয়নি তাহলে তার উত্তর কি মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

## হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের অনাদায়ী টাকা

*৪৭৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ৭৭ লক্ষ টাকা গত চার বৎসর যাবৎ অনাদায়ী পড়িয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** (ক) হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ৪৬.৯১ লক্ষ টাকা ৩ বৎসরাধিক যাবৎ অনাদায়ী পড়িয়া আছে।

(খ) উক্ত ব্যাঙ্ক প্রাথমিক কৃষি-আদান সমিতির ইচ্ছাকৃত খেলাপকারী সদস্যদের বিরুদ্ধে ইতিমধ্যে ১২০৯টি মামলা রুজু করিয়াছে। ইহার সহিত ২৫.৪১ লক্ষ টাকার আদায় জড়িত। অন্য অর্থ ও আদায়ের জন্য চেষ্টা করা হইতেছে।

## জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে নিবন্ধীভূক্ত কর্মপ্রার্থী

*৪৭৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১১৯৮। ) **শ্রীমনোহর তিড়কী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার শহরে ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত নিবন্ধীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় বেকার ভাতা প্রাপকের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত নিবন্ধীভূক্ত বেকারদের মধ্যে যাহাদের বয়স ইতিমধ্যেই ৩৫ বৎসর অতিক্রান্ত হয়েছে তাদের সম্পর্কে চাকুরীর বয়সসীমা শিথিল করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) জলপাইগুড়ি — ৪১,১৪৭ জন

আলিপুরদুয়ার — ৩৩,৫৬১ জন

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** যে অভিযোগগুলি পেয়েছেন তার মধ্যে কোন পুলিশ কেস হয়েছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এখনো কোন পুলিশ কেস হয়নি।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** অবেকাররা এই বেকার ভাতা যাতে না নেন তার জন্য সরকারী ভিজিলেন্সের কোন ব্যবস্থা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় সদস্যরা এটা সকলেই জানেন যে এম. এল. এ. পঞ্চায়েত প্রধানদের এমন সার্টিফিকেট দিতে হবে। এফিডেভিট ছাড়াই এটার ভিত্তিতে যেটা হচ্ছিল তাতে গণ্ডগোল হওয়ায় সেটাকে দূর করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** নতুন কিছু শর্ত আরোপ করে যে নির্দেশনামা জারী করা হয়েছে তাতে বেকার ভাতা প্রাপকের সংখ্যা বাড়বে, না কমবে — আপনি কি মনে করেন ?

**মিঃ স্পীকার ঃ** মনে করা নিয়ে কোন প্রশ্ন হয় না, আপনি বসুন।

[1-10—1-20 p.m.]

## মাছ ধরার ট্রলার

*৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮০।) **শ্রীসুবোধ ওরান্ ঃ** মৎস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে গভীর সমুদ্রে মাছ ধরার কাজে কয়টি ট্রলার নিয়োজিত আছে;

(খ) দৈনিক গড়ে কি পরিমাণ মাছ উক্ত ট্রলার দ্বারা ধরা সম্ভব হয়; এবং

(গ) কোন্ কোন্ স্থানে উক্ত মৎস্য সরবরাহ করা হয় ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) বর্তমানে ছয়টি ট্রলার রাজ্যে সমুদ্রে মাছ ধরার কাজে নিয়োজিত আছে।

(খ) গত ২৬শে সেপ্টেম্বর '৮২ হইতে ৫ই অক্টোবর পর্য্যন্ত ৬৫২১ কেজি মাছ আনিয়াছে।

(গ) উক্ত মৎস্য রাজ্য মৎস্য উন্নয়ন নিগম বিভিন্ন সরকারী আবাসনের বিক্রয়-কেন্দ্র মারফৎ বিক্রয় করিতেছে।

## ডায়মণ্ডহারবার মহকুমায় নূতন স্বাস্থ্য কেন্দ্র

*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৪।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বাস্থ্য ও রবিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮২ সালের জুন পর্যন্ত ডায়মণ্ডহারবার মহকুমায় কোন নূতন স্বাস্থ্য কেন্দ্র খোলা হইয়াছে কি, এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে,

(১) কোন্ কোন্ স্থানে খোলা হইয়াছে, ও

(২) কোন্ কোন্ তারিখে স্বাস্থ্যকেন্দ্রগুলি স্যাংশন হইয়াছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২)—গঙ্গাসাগর, পশ্চিম ভবানীপুর, বানেশ্বরপুর এবং নয়ারহাটে স্বাস্থ্যকেন্দ্র খোলা হইয়াছে।

গঙ্গাসাগর উপস্বাস্থ্য কেন্দ্র জুলাই, ১৯৭৯, পশ্চিম ভবানীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র মে, ১৯৭৯, বানেশ্বরপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আগস্ট, ১৯৮০ এবং নয়ারহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র মার্চ, ১৯৮১ সালে মঞ্জুর করা হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বাস্থ্যকেন্দ্র খোলার ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কতকগুলি তারিখের কথা বললেন। আমি তারমধ্যে যাচ্ছি না, আমার প্রশ্ন, এই স্বাস্থ্যকেন্দ্রের জায়গাগুলি কবে সিলেকসান করা হয়েছিল জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি বললেন এখন বলা সম্ভব নয়। আপনি ফাইলটা দেখেছেন তো ? আমি যদি বলি এই জায়গাগুলি আমাদের সময় সিলেকসান করা হয়েছিল এবং তারপর বামফ্রণ্টের আমলে একটাও স্বাস্থ্যকেন্দ্র হয়নি তাহলে তার উত্তর কি মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

## হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের অনাদায়ী টাকা

*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫।) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ৭৭ লক্ষ টাকা গত চার বৎসর যাবৎ অনাদায়ী পড়িয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** (ক) হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ৪৬.৯১ লক্ষ টাকা ৩ বৎসরাধিক যাবৎ অনাদায়ী পড়িয়া আছে।

(খ) উক্ত ব্যাঙ্ক প্রাথমিক কৃষি-আদান সমিতির ইচ্ছাকৃত খেলাপকারী সদস্যদের বিরুদ্ধে ইতিমধ্যে ১২০৯টি মামলা রুজু করিয়াছে। ইহার সহিত ২৫.৪১ লক্ষ টাকার আদায় জড়িত। অন্য অর্থ ও আদায়ের জন্য চেষ্টা করা হইতেছে।

## জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে নিবন্ধীভূক্ত কর্মপ্রার্থী

*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৮।) **শ্রীমনোহর তিড়কী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার শহরে ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত নিবন্ধীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় বেকার ভাতা প্রাপকের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত নিবন্ধীভূক্ত বেকারদের মধ্যে যাহাদের বয়স ইতিমধ্যেই ৩৫ বৎসর অতিক্রান্ত হয়েছে তাদের সম্পর্কে চাকুরীর বয়সসীমা শিথিল করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) জলপাইগুড়ি — ৪১.১৪৭ জন
আলিপুরদুয়ার — ৩৩,৫৬১ জন

(খ) ১৯৮০-৮১ — ৮৯৯ জন
১৯৮১-৮২ ১৭২০ জন

(গ) না।

## পুরুলিয়ায় 'ল্যাম্প' সোসাইটি

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৩।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝি ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি আদিবাসী (ল্যাম্প) সোসাইটি আছে;

(খ) ল্যাম্প সোসাইটিগুলির অফিস ও গুদাম ঘর তৈরী করার জন্য টাকা বরাদ্দ করা হয়েছে কি;

(গ) কোন্ কোন্ সোসাইটিকে দেওয়া হবে; এবং

(ঘ) ঐ সোসাইটিগুলিকে কেন্দ্রীয় সরকার কি পরিমান অর্থ বরাদ্দ করিয়া থাকেন?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** (ক) ১৪টি।

(খ) হ্যাঁ। যে সব ল্যাম্পসের গুদামঘর প্রয়োজন ও নিজস্ব জমি আছে তাদেরই এবাবদ অর্থ সাহায্য করা হয়।

(গ) বানেদায়ান ল্যাম্পস, বলরামপুর ল্যাম্পস্, আরশা ল্যাম্পস্, বড়বাজার ল্যাম্পস্ ও ইউ. এফ., এস্ ল্যাম্পস্।

(ঘ) সমিতিগুলিকে যে সব সাহায্য দেওয়া হয় সবই কেন্দ্রীয় সরকারের বিশেষ অনুদান থেকে মঞ্জুর করা হয়।

**শ্রীসুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই কয়টা বাদ দিয়ে যে সব ল্যাম্পের জমি আছে তাদের টাকা দেবার জন্য চিন্তা-ভাবনা করছেন কি না?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** যাদের জমি আছে তাদের দেওয়া হচ্ছে।

**শ্রীসুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, মানবাজার ২ নম্বর ব্লকের ল্যাম্পের জমি আছে, তাদের টাকা দেবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করছেন কি?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** এটা বিবেচনা করে দেখবো।

## হলদিয়ায় মৎস্য উৎপাদন প্রকল্প

*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩৬।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়াতে নতুন মৎস্য উৎপাদন প্রকল্পের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কতদিনে উক্ত প্রকল্পের কাজ আরম্ভ হইতে পারে?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) রাজ্য সরকার-এর পরিচালনাধীন স্টেট ফিসারিজ ডেভলপমেণ্ট করপোরেশন লিমিটেড-এর মাধ্যমে হলদিয়াতে কয়েকটি জলাশয়ে মৎস্য উৎপাদনের একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবটি কারিগরি ও অর্থনৈতিক দিক হইতে স্বনির্ভর বিবেচিত হইলে এবং হলদিয়াস্থিত বিভিন্ন সংস্কার জলাশয়গুলি মৎস্য বিভাগে হস্তান্তরিত হইলে মৎস্য উৎপাদনের কাজ শুরু করা হইবে।

( No Supplementary )

### সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্স গাড়ী

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৮) ডাঃ মানস ভুঞা: স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্স গাড়িটি প্রায় দুই বৎসর আগে সারানোর জন্য জেলায় প্রেরিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত অ্যাম্বুলেন্সটি বর্তমানে কি অবস্থায় আছে?

ডাঃ অম্বরিশ মুখোপাধ্যায়: (ক) সবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ইউনিসেফ—প্রদত্ত একটি গাড়ি ( যা এ্যাম্বুলেন্স নয় ) আনুমানিক দুই বৎসর আগে সারানর জন্য জেলায় প্রেরিত হয়েছিল।

(খ) গাড়ীটির মেরামতির কাজ সম্পুর্ণ করা হয়েছে। কেবলমাত্র টায়ারের অভাবে গাড়ীটি চালু করা যাচ্ছে না। টায়ারের ব্যবস্থা করা হচ্ছে।

ডাঃ মানস ভুঁইয়া: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে দুটি টায়ারের অভাবে যদি এ্যাম্বুলেন্স গাড়ী বন্ধ হয়ে থাকে তাহলে কি করে রোগীদের ঐ সবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে জেলা হাসপাতালে স্থানান্তরিত করা যাবে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে টায়ারের ব্যবস্থা করা হয়েছে এবং অবিলম্বে পাঠান হবে।

### শ্যাম কমিশনে উল্লিখিত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা

*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৩।) শ্রীসরল দেব: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শ্যাম কমিশনের রিপোর্ট উল্লিখিত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীনির্মলকুমার বোস: সরকারকে পরামর্শ দেওয়া হয়েছে যে কমিশনের রিপোর্টে উল্লিখিত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নয়। সরকার সে পরামর্শ গ্রহণ করেছেন।

( No Supplementary )

### Duty hours of Jute Mill Workers

*484. ( Admitted question No. *1225. ) **Shri Somen Mitra** : Will the Minister-in-charge of Labour Department be pleased in state that—

(a) whether the Government is aware that some Jute Mills in West Bengal have stopped the entry of "B" shift workers from the 2nd Spell i.e., from 5 p.m. 10 p.m. ; and

(b) if so, whether the Government has taken steps to prevent such lay off of workers by the Jute Mills and/or to ensure that the workers get the lay off benefits ?

**Shri Prabir Sengupta :** (a) Yes.

(b) The management of some jute mills stopped working of their mills for the second spell of 'B' shift on the plea that drawal of power was restricted for four hours from 6 p.m to 10 p.m. Hitherto they were running their mills during this period with the help of their captive powder plant.

The workers have been paid full wages for 5 p.m. to 6 p.m. and 50 per cent wages for 6 p.m. to 10 p m.

It has been reported that from the beginning of August, 1982 there has been no stoppage of work during 'B' shift.

( No Supplementary )

## তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগে বিভিন্ন শ্রেণীর কর্মচারী নিয়োগ

*৪৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২১০৪। ) **শ্রীউপেন কিস্কু :** তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ ও ১৯৮১ সালে তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের বিভিন্ন শাখায় কনজনকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে নিয়োগ পত্র দেওয়া হয়েছে ; এবং

(খ) (১) তন্মধ্যে কতজন তফশিলী জাতি, (২) কতজন আদিবাসী ও উপজাতি সম্প্রদায়ভুক্ত ?

[1·20—1-30 p.m.]

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি :** (ক) এই বিভাগের বিভিন্ন শাখায় প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে ১৯৮০ ও ১৯৮১ সালে নতুন কোন কর্মপ্রার্থীকে নিয়োগপত্র দেওয়া হয় নাই। তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে ১৮৫ জন নূতন কর্মপ্রার্থীকে এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী হিসাবে ৭৬ জন নূতন কর্মপ্রার্থীকে নিয়োগপত্র দেওয়া হয়েছে।

(খ) (১) ৫৫ জন ; তন্মধ্যে তৃতীয় শ্রেণীর ৩৭জন ও ৪র্থ শ্রেণীর ১৮ জন ;

(২) ৩৭ জন ; তন্মধ্যে তৃতীয় শ্রেণীর ২৫ জন ও চতুর্থ শ্রেণীর ১২ জন।

**শ্রীউপেন্দ্রনাথ কিস্কু :** জেলাগুলিতে আদিবাসী কল্যাণ বিভাগের দপ্তরে থার্ড গ্রেড এবং ফোর্থ গ্রেড-এর শূণ্য পদগুলি পূরণ করবার জন্য আপনার কি কোন টার্গেট আছে ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি :** পদগুলি পূরণ করবার জন্য ইণ্টারভিউ চলছে, ইণ্টারভিউ হয়ে গেলেই কর্মী নিয়োগ করা হবে।

**নিজস্ব পুকুরহীন মৎস্যজীবীদের জন্য ঋণ বা অনুদান**

***৪৮৬।** ( অনুমোদিত প্রশ্ন নং ***২১০৮।** ) **শ্রীনিতাইচরণ আদক ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় যে সব মৎস্যজীবীদের নিজস্ব পুকুর নেই তাহারা মৎস্য চাষের জন্য সরকারী ঋণ বা অনুদান পেয়ে থাকেন কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত অর্থের পরিমাণ কিরূপ ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) মেয়াদী লিজ্ নেওয়া পুকুরেও সরকারী অনুদান পেয়ে থাকেন।

খ) কোন আর্থিক বৎসর সম্পর্কে এই প্রশ্ন প্রযোজ্য তাহা জানা গেলে উত্তর দেওয়া যাইতে পারে।

**শ্রীনিতাই চরণ আদক ঃ** এই পরিকল্পনা গ্রহণ করার ফলে মৎস্য চাষীরা কতটা উপকৃত হচ্ছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** ঐ পরিকল্পনার মাধ্যমে মৎস্যজীবীদের দুভাবে সাহায্য করা হয়। এক হচ্ছে, যাদের পুকুর নেই তারা দীর্ঘ মেয়াদী লিজ্ নেয়, ইনল্যাণ্ড ফিসারিস প্রজেক্ট থেকে ঋণ দেওয়া হয় এবং আমাদের দপ্তর থেকে অনুদান দেওয়া হয়। এই অনুদানের পরিমান ২১২ টাকা ৫০ পয়সা। যে কোন লোক যদি মৎস্য চাষ করতে চায় তাহলে এটা পেতে পারে। আর কোস্টাল ফিসারিস প্রোজেক্টের মাধ্যমে কেবল মাত্র মৎস্যজীবীরা সাহায্য পায়। যারা সমুদ্রে অথবা নদীতে মাছ ধরছে তাদের এই প্রজেক্টের মাধ্যমে এবং এগ্রিকালচারাল ডেভলপমেন্ট রিফাইনান্স কর্পোরেশন-এর সিডিউল্ড কাস্ট কমপোনেণ্টস' স্কীমে সাহায্য দেওয়া হচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** যারা পুকুর লিজ্ নেয় তারা এক মাত্র মর্টগেজ্ ব্যাঙ্কের কাছ থেকে আপনার দফ্তরের অনুদান পায়, এর ফলে অনেক অসুবিধা দেখা দিচ্ছে। সুতরাং আপনি বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমেও এটা দেবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীকিরনময় নন্দ ঃ** দীর্ঘ মেয়াদি লিজের জন্য যে টাকা দেওয়া হয় সেটা দেওয়ার দায়িত্ব নিতে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি রাজি নয়, কিন্তু রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি এই কাজে যুক্ত থেকেও তারা তাদের সামান্যতম দায়িত্বও পালন করছে না বলেই তাদেরও দেওয়া যাচ্ছে না।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি এব্যাপারে তাদের দায়িত্ব পালন করছে না, তা এসম্বন্ধে কি কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** বিভিন্ন জেলার ব্যাঙ্কের প্রতিনিধিদের সঙ্গে ইতি মধ্যেই আলোচনা হয়েছে। এখন এখানে যেসমস্ত রাষ্ট্রয়ত্ব ব্যাঙ্ক আছে তাদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা হচ্ছে। তাদের তাড়াতাড়ি এই সমস্ত প্রকল্পগুলি অনুমোদন করার জন্য বলা হচ্ছে।

## মাথাভাঙ্গা স্বাস্থ্যকেন্দ্র

*৪৮৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৮১২। ) শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মাথাভাঙ্গা স্বাস্থ্যকেন্দ্রটিকে মহকুমা স্বাস্থ্যকেন্দ্রের মর্যাদা দেওয়া হইয়াছে কি ;

(খ) (১) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কতগুলি ডাক্তার ও নার্সের পদ আছে,

(২) তন্মধ্যে কতগুলি পদ খালি আছে ;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সংখ্যা কত ; এবং

(ঘ) গত জুলাই মাস পর্যন্ত উক্ত স্বাস্থ্যকেন্দ্রে রোগীর দৈনিক গড় সংখ্যা কত ?

শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ৮টি ডাক্তারের পদ ও ১১টি নার্সের পদ আছে।

(২) ৪টি ডাক্তারের পদ খালি আছে।

(গ) শয্যা সংখ্যা ২৫টি।

(ঘ) রোগীর দৈনিক গড় সংখ্যা ঃ অন্তর বিভাগে ৮১ জন বহির্বিভাগে ৫১৭ জন।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ এটি আগে প্রাইমারী হেল্থ সেণ্টার ছিল, বর্তমানে বলা হচ্ছে এটি মহকুমা হাসপাতালের মর্যাদা পেয়েছে। এই পরিবর্তনের ফলে কি কি নতুন সুযোগ সুবিধা এবং নতুন পদের সৃষ্টি হয়েছে সেটা কি মন্ত্রী মহাশয় একটু বলবেন ?

শ্রীরাম নারায়ণ গোস্বামী ঃ আগে এটি ২০টি শয্যা বিশিষ্ট স্বাস্থ্য কেন্দ্র ছিল, বর্তমানে ১২০টি শয্যা বিশিষ্ট মহকুমা হাসপাতালে এটিকে রূপান্তরিত করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। প্রয়োজনীয় নির্মাণ কার্য্য সম্পূর্ণ হলে এটি পূর্ণ মহকুমা হাসপাতালের মর্যাদা পাবে। অর্থাৎ একটি রুরাল হসপিটলের জন্য যতগুলি পোস্ট স্যাংসন থাকে ততগুলিই এখানেও থাকবে। ডাক্তার, নার্স এবং অন্যান্য স্টাফ্ প্রয়োজন মতই দেওয়া হবে।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ আমার প্রশ্ন হচ্ছে আগে এটি প্রাইমারী হেল্থ সেণ্টার ছিল, বর্তমানে এটিকে সাবডিভিসনাল হসপিটল করা হয়েছে। এটা যেদিন থেকে করা হয়েছে—ফ্রম দি ডেট অফ্ কনভারসন—সেদিন থেকে এখানে কি কি সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে, এ্যাডিসনাল ফেসিলিটিস এবং পোস্ট কি এখানে দেওয়া হচ্ছে ?

শ্রীরাম নারায়ণ গোস্বামী ঃ আমি আগেই বলেছি, হাসপাতালের গৃহ নির্মানের কাজ শেষ হলেই যেগুলি এ্যাডিশন্যাল ফেসিলিটি সেগুলি দেবো।

## Industrial dispute in Messrs Eastern Biscuits at Dargapur

*488. (Admitted question No. *1312.) Shri Humayoun Chowdhury: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there is any industrial dispute awaiting settlement in the Messrs Eastern Biscuits at Durgapur ; and

(b) if so—

(i) what are disputes ; and

(ii) why the disputes have not been settled so far ?

**Prabir Sen Gupta :** (a) & (b) (i) There is no industrial dispute betwee the Management and the regular workman of M/s. Eastern Biscuits Company Pvt. Ltd., Durgapur awaiting settlement at present.

Durgapur Contractor Mazdoor Union, however, rained a demand for taking the contractor's workmen engaged during contruction of the company into regular roll of the company ;

(b) (ii) The matter was taken up by the Labour Directorate with the management and the union in February, 1981. During separate discussion with Conciliation Officer at Calcutta, the management's representative expressed the view that union might discuss the issue at bipartite level. This was communicated to the union's representatives when the met the Conciliation Officer at Calcutta and the agreed to take up the theissue at bipartite level. There-after the matter was not pursued by the union with the labour Directorate.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইষ্টার্ণ বিসকুটস কোম্পানীর কনট্রাকসানের ব্যাপারে ইউনিয়নের সঙ্গে ম্যানেজমেণ্টের যে গণ্ডগোল বা মতদ্বৈত হয় সেই ব্যাপারে শ্রম দপ্তর থেকে প্রত্যক্ষভাবে কোন উদ্যোগ নেওয়া হয়েছিল কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এর উত্তর তো আমি আগেই দিলাম।

## হাওড়া সমবায়িকা

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৪।) **শ্রীঅশোক ঘোষ ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া 'সমবায়িকা' দীর্ঘদিন যাবত বন্ধ রহিয়াছে ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত সমবায়িকাটি খোলার জন্য সরকার চিন্তা করিতেছেন কি ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) হাওড়া 'সমবায়িকা' হাওড়া হোলসেল কনজুমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ কর্তৃক পরিচালিত।

পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইনানুযায়ী গত ৯.৪.১৯৭১ তারিখে সমিতিটিকে লিকুইডেশনে দেওয়া হয়। অদ্যাবধি সমবায়িকা বন্ধ রহিয়াছে।

(গ) এই সমবায়িকাটিকে কিভাবে পুনরায় খোলা সম্ভব তাহা বিবেচনা করিয়া দেখা হইতেছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, সমবায়টি খোলার ব্যাপারে বিবেচনা করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় নিজে দেখছেন, না কোন কমিটি বা কার উপর দায়িত্ব দিয়েছেন ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যেসব কারণে এই সমবায়িকাটি লিকুইডেশনে দিতে হয়েছিল সেই পরিস্থিতি বিবেচনা করে—এটা

আবার খুললে চলবে কিনা বা কিভাবে চালানো যায়—এই সম্পর্কে হাওড়ার যিনি এ. আর. সি. এস তাঁকে খোঁজ-খবর করে দেখে রিপোর্ট দিতে বলা হয়েছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** যাকে আপনি খোঁজ-খবর করার জন্য দায়িত্ব দিয়েছেন তাঁকে কি আপনি টাইম মিনিট করে দিয়েছেন ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** আমি বলেছি যত তাড়াতাড়ি সম্ভব রিপোর্ট দিতে আমাদের ইচ্ছা এটা শীঘ্রই চালু করা হোক।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** আপনি এই সমবায়িকাটি লিকুইডেশনে গেছে বলেছেন আমার প্রশ্ন হচ্ছে বর্তমানে এর এ্যাসেটস এবং ল্যায়াবিলিটিস কত ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** নোটিশ দিতে হবে।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই প্রতিষ্ঠানের শেষ ম্যানেজিং কমিটি কবে তৈরী হয়েছিল ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** নোটিশ দিতে হবে। ৯ই এপ্রিল ১৯৭৯ এটাকে লিকুইডেশনে দেওয়া হয়েছে। এই তথ্য আমি দিতে পারি তবে কত তারিখে হয়েছিল নোটিশ না দিলে জানতে পারবো না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** এটা যে লিকুইডেশনে গেছে তারজন্য এই প্রতিষ্ঠানের সেক্রেটারী এবং যারা কর্তৃত্ব করেছেন তাদের বিরুদ্ধে টাকা আদায় করার জন্য কি কেস করার কথা চিন্তা করছেন ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** এ বিষয়ে এখনও কিছু ভাবা হয়নি।

## বিজয়নগর আদর্শ বিদ্যাপীঠের তফশিলী ছাত্রীদের জন্য ছাত্রীনিবাস

*৪৯০। ( অনুমোদিত প্রশ্ন নং ২১২৯। ) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল ঃ** তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিজয়নগর আদর্শ বিদ্যাপীঠের তফশিলী ছাত্রীদের নিবাস নির্মাণের জন্য সরকার টাকা দেন ; এবং

(খ) সত্য হইলে উক্ত ছাত্রীনিবাস নির্মাণের জন্য কত টাকা ব্যয় হয়েছে ?

[1-30—1-40 p.m.]

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** (ক) হ্যাঁ।

(খ) ব্যয়ের পরিমাণ সঠিক জানা নাই।

( No Supplementary )

## গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ

*৪৯১। ( অনুমোদিত প্রশ্ন নং *৮১৭। ) **শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথিক ডাক্তার নিযুক্ত করা হইয়াছে ;

(খ) ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে আরও কতগুলি পঞ্চায়েতে হোমিওপ্যাথিক ডাক্তার নিযুক্ত করার পরিকল্পনা আছে ; এবং

(গ) উক্ত হোমিওপ্যাথিক ডাক্তারগণ মাসিক কত টাকা পারিশ্রমিক পাইয়া থাকেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ১৯০টি গ্রাম পঞ্চায়েতের জন্য হোমিওপ্যাথিক চিকিৎসালয় (পার্টটাইম) অনুমোদন করা হইয়াছে। এরমধ্যে ১৩৯টি চিকিৎসালয়ে চিকিৎসক নিযুক্ত করা হইয়াছে।

(খ) ১৮৫টি। (গ) উক্ত হোমিওপ্যাথিক ডাক্তারগণ প্রত্যেকে মাসিক ২৫০ টাকা পারিশ্রমিক পাইয়া থাকেন।

**শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই যে ২৫০ টাকা মাসিক পারিশ্রমিক দেওয়া হয় এটা কোন পদ্ধতির মধ্যে দিয়ে দেওয়া হয় ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এটা তো আমি আগেই বলেছি, গ্রাম পঞ্চায়েতে আমাদের পরিকল্পনা আছে, প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের সঙ্গে আমরা আলোচনা করে সিদ্ধান্ত নিয়েছি যে প্রত্যেক পঞ্চায়েতে এই ধরণের চিকিৎসালয় আমরা খুলব এবং চিকিৎসালয়ে চিকিৎসক এবং কমপাউণ্ডারের মাইনেটা আমরা স্বাস্থ্য দপ্তর থেকে দেব আর ওষুধের খরচটা পঞ্চায়েত থেকে দেবে। ডাক্তারদের মাইনে ২৫০ টাকা আর কমপাউণ্ডারদের মাইনে ১৫০ টাকা।

**শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** ডাক্তার এবং কমপাউণ্ডাররা নিয়মিত ভাবে বেতন পান কি না মন্ত্রী মহাশয় একটু জানাবেন।

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** আমাদের যতদূর জানা আছে তাতে নিয়মিতভাবেই পান। তবে মাঝে মাঝে অসুবিধা থাকতে পারে। ব্যাপারটা দেখব।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি হাসপাতালে আরও ডাক্তার নিযুক্ত করা হবে বলছেন, বনগাঁ অঞ্চল পঞ্চায়েতে ডাক্তার নিযুক্ত করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** ১৩৯ জন ডাক্তার আমরা দিচ্ছি। এ বছর ১৮৫ টা হাসপাতাল খুলব। বনগাঁর ব্যাপারটা স্পেশিফিক কেস। সুতরাং এ ব্যাপারে আলাদা প্রশ্ন করবেন, পরে বলব।

**শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** ডাক্তারদের মাইনেটা কার মাধ্যমে দেওয়া হবে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** আগেই বলেছি। ডাক্তারদের মাইনে স্বাস্থ্য দপ্তর থেকে দেওয়া হবে।

*492—Held over

## রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেডের সাথে অপর তিনটি ব্যাঙ্কের সংযুক্তিকরণ

*৪৯৩। (অনুদিত প্রশ্ন নং *১৭৩৫।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১-৭-৭৩ তারিখে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেডের সাথে দি ২৪-পরগণা নর্দার্ন সেণ্ট্রাল কোঃ ব্যাঙ্ক লিঃ, দি ২৪-পরগণা সাদার্ন সেণ্ট্রাল

কোঃ ব্যাঙ্ক লিঃ ও কুচবিহার সেণ্ট্রাল কোঃ ব্যাঙ্ক লিঃ-এর সংযুক্তিকরণ হয়েছে কি, এবং

(খ) হয়ে থাকিলে উক্ত ব্যাঙ্ক কর্মচারীরা পে-স্কেল অনুযায়ী বেতন ও পি-এফ-এর টাকা পাচেছ কি ?

**শ্রীনির্মলকুমার বোস :** (ক) হ্যাঁ।

(খ) না, রাজ্য সমবায় ব্যাংকের স্কেল অনুযায়ী পাচেছন না। তবে সংযুক্তি-করণের সর্ত অনুযায়ী পাচেছন।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** এই এ্যামেলগ্যামেসন স্কীমের ১০ ধারায় লেখা আছে, ১০ বছরের অধিক হলে পরে সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্কের কর্মচারীরা স্টেট কো-অপারেটিভ ব্যাংকের কর্মচারীদের মত পে-স্কেল, প্রভিডেণ্ট ফাণ্ড বেনিফিট পাবে কি ?

**শ্রীনির্মলকুমার বোস :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে সংযুক্তিকরণ পরিকল্পনা অনুযায়ী এবং রিজার্ভব্যাঙ্ক-এর নির্দেশ অনুযায়ী এটা হয়েছে। তাতে ৩ বছর পর পর ব্যবস্থাটা বাড়ানো হয়েছে। ৩১শে ডিসেম্বর ১৯৮২ তারিখে ৩ বছর পুরো হবে। ১৯৭৩ সালে এই সংযুক্তিকরণ ব্যবস্থাটা চালু হয়েছে। সুতরাং ১০ বছর শেষ হয়নি। এই বিষয় ১০ বছর শেষ হবার আগে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করব।

## মৎস্যজীবীদের মধ্যে খাস জলকর বণ্টনের ব্যবস্থা

*৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২৬।) **শ্রীঅবিনাশ প্রামাণিক :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকারী খাস জলকরগুলি প্রকৃত মৎস্যজীবীদের বণ্টন করার কোন ব্যবস্থা আছে কি ; এবং

(খ) মৎস্যজীবীদের পুরানো বকেয়া ঋণ মুকুব করার কোন পরিকল্পনা আছে কি ?

**কিরণ্ময় নন্দ :** (ক) হ্যাঁ, আছে।

(খ) বিষয়টি বিবেচনা করার জন্য তথ্য সংগ্রহ করা হচ্ছে।

( No Supplementary )

## সিউড়ি সদর হাসপাতালের কর্মরত দিনমজুর

*৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৮।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯ সালের জানুয়ারী থেকে ১৯৮২ সালের জুলাই মাস অবধি বীরভূম জেলার সিউড়ী সদর হাসপাতালে কতজন দৈনিক মজুরীর ভিত্তিতে কাজ করে আসছেন ;

(খ) তাঁহারা বর্তমানে কত করে দৈনিক মজুরী পাচ্ছেন ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত মজুরদের মধ্যে ৩১ জনের উপর ছাঁটাই আদেশ হয়েছে ; এবং

(ঘ) সত্য হলে কারণ কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** সিউড়ী সদর হাসপাতালে ১৯৭১ সালে দৈনিক মজুরীর ভিত্তিতে কোন লোক নিয়োগ হয়নি। ১৯৮০ সালের ২৬শে অক্টোবর হইতে ১৯৮২ সালের ১৪ই আগষ্ট পর্যন্ত দৈনিক মজুরীর ভিত্তিতে মোট ৪২ জনের মধ্য হতে দৈনিক ৬ হইতে ১৪ জন পর্য্যন্ত লোক বিভিন্ন সময়ে কাজে লাগানো হয়।

(খ) তাঁহারা ১৯৮২ সালের ১৪ই আগষ্ট পর্য্যন্ত দৈনিক ৬.০০ টাকা হারে মজুরী পেয়েছেন।

(গ) ও (ঘ) সরকারের ঘোষিত নীতি অনুযায়ী উক্ত ৪২ জনের মধ্যে ৩১ জনের নাম এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে না আসায় এঁদের দৈনিক মজুরীর ভিত্তিতে রাখা সম্ভব হয়নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই ৪২ জন ক্যাজুয়াল ওয়ার্কারদের যে ছাঁটাই করলেন তাদের পুনর্নিয়োগ করার ব্যাপারে কিছু চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এই ব্যাপারে আমি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে লিখে-ছিলাম। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে তাদের নাম এলে নিশ্চয়ই কনসিডার করতে বাধ্য হব যেহেতু তারা ২ বছর ধরে কাজ করেছে।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** হাসপাতালে যে লোক নিয়োগ করা হয়, সেই লোক নিয়োগের ব্যাপারে তাদের আত্মীয়-স্বজন হাইকোর্টে মামলা করেন এই ব্যাপারে আপনার কাছে কোন খবর আছে কি?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** না, এই রকম কোন খবর নাই।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই যে ২ বছর ধরে ক্যাজুয়েলে যারা কাজ করছিলেন তাদের ব্যাপারে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে আলাদা করে বলা হয়েছে না তারা এলো এলো না এলো না এলো এই ভাবে ছেড়ে দেওয়া হয়েছে?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** আমাদের ভ্যাকেণ্ট পোষ্ট যা হয় তার জন্য আমরা এমপ্লয়মেণ্টকে এক্সচেঞ্জ জানাই লোক দেবার জন্য। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ যদি তাদের নাম পাঠায় তাহলে নিশ্চয়ই কনসিডার করবো।

### Extension of I. T. I. at Haldia

*496. (Admitted question No. *1489.) **Shri Lakshman Chandra Seth :** Will be Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government has any proposal for extension of of I.T.I. at Haldia ; (b) if so, when it was proposed ; and

(c) which trades were proposed for 2nd phase ?

**Shri Kabir Sengupta :** (a) No. (b) & (c) Does not arise.

### উত্তর বাংলার সমবায় প্রশিক্ষণ কেন্দ্র

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৭।) **শ্রীবিমলকান্তি বসু ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঠিকা শ্রমিকদের চাকুরীর নিরাপত্তা ও সরকার

(ক) উত্তর বাংলার সমবায় প্রশিক্ষণ কেন্দ্র কোথায় কোথায় রহিয়াছে ;

(খ) কোচবিহার জেলায় বা উত্তর বাংলার সমতল এলাকায় অন্য কোথাও উক্ত প্রকার কেন্দ্র স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(গ) এই জাতীয় প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে কাহারা শিক্ষা গ্রহণ করিতে পারেন ?

**শ্রীনির্মল কুমার বসু :** (ক) উত্তর বাংলার দার্জিলিং জেলার কালিম্পং এবং জলপাইগুড়ি জেলার জলপাইগুড়িতে সমবায় প্রশিক্ষণ কেন্দ্র রহিয়াছে।

(খ) না।

(গ) সমবায় সহ অন্যান দপ্তরের ও সকল স্তরের সমবায় সমিতির নিম্ন পর্যায়ের কর্মচারীগণ এই জাতীয় প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে শিক্ষা গ্রহণ করিতে পারেন।

**শ্রীদীপক সেনগুপ্ত :** এই যে দুটি কেন্দ্রের কথা বললেন, এই ২টি কেন্দ্রে ১৯৮১-৮২ সালে সমবায় প্রশিক্ষন কেন্দ্রে থেকে যে কর্মী শিক্ষা পেয়েছে তার সংখ্যা কত ?

**শ্রীনির্মলকুমার বোস :** নোটিশ চাই।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া :** এখানে শিক্ষা কারা পায় ? যারা এই সমবায়ে চাকুরী করে না অন্য কোন জায়গার লোক ?

**শ্রীনির্মলকুমার বোস :** যে সমবায় প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে তাতে পঞ্চায়েত অফিসের কর্মচারী যারা রয়েছে তারা এবং সরকারী কর্মচারীর একটা স্তর রয়েছে তারা শিক্ষা গ্রহণ করেন। তাছাড়া বিভিন্ন সমিতির কর্মচারী যারা রয়েছে তাদের নেওয়া হয়। তবে এটা সম্প্রসারনের জন্য রাজ্য সমবায় ইউনিয়ান, তাদের নেওয়া হয় সমবায় উন্নতির জন্য। এই জন্য একটা প্রশিক্ষণ কর্মসূচী নেওয়া হয়েছে। এই প্রশিক্ষণ কেন্দ্রে অন্যান্য বিভিন্ন সদস্যরা অংশ গ্রহণ করে থাকে। কিন্তু এটা নিয়মত প্রশিক্ষন কর্মসূচীর মধ্যে পড়ে না।

## রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট

*৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২-র আগষ্ট মাস পর্যন্ত রেজিস্ট্রিকৃত ফার্মাসিস্টের মোট সংখ্যা কত ?

[1-40—1-50 p.m.]

**ডাঃ অম্বরীশ মুখার্জী :** ৪৬,৫৮৬ জন।

**শ্রীসুভাষ গোস্বামী :** আপনি মোট রেজিস্টার্ড ফার্মাসিস্টের কথা বললেন এদের সবার কি লাইসেন্স আছে ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী :** নোটিশ চাই

**শ্রীসুভাষ গোস্বামী :** যে সংখ্যক ফার্মাসিস্ট আছে এবং প্রয়োজন যা আছে, উভয়ের মধ্যে ব্যবধান কত ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী :** এরজন্য মাননীয় সদস্যকে বিজ্ঞপ্তি দিতে হবে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** ৪৬,০০০ হাজার ফার্মাসিস্ট আছে বলে বললেন, বর্তমান সময়ের মধ্যে তাদের কতজনকে চাকুরী দিয়েছেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** আমি দুঃখিত, এ ব্যাপারেও নোটিশ দিতে হবে।

## দুর্গাপুর শ্রম আধিকারিক কার্যালয়

*৪৯৯। অনুমোদিত প্রশ্ন নং *১৬৯০।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুরে শ্রম অধিকারিকের কার্যালয়টি চালু আছে কিনা ;

(খ) না থাকিলে, কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, সম্প্রতি একটি ট্রেড ইউনিয়ন ঐ দপ্তর আক্রমণ করেছিল।

(ঘ) সত্য হইলে ঐ দপ্তরের কর্মীদের রক্ষার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) চালু আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ হয়েছে।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** 'গ' প্রশ্নের উত্তরে বললেন, একটা ট্রেড ইউনিয়ন একটা দপ্তর আক্রমণ করেছিল, ঐ ট্রেড ইউনিয়নটি কোন দল দ্বারা পরিচালিত ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমি রাজনৈতিক দল বলে কিছু জানি না, তবে ওটি আই. এন. টি. ইউ. সি. এর দ্বারা পরিচালিত।

## কৃষি সমবায় সমিতি

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৫।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কৃষি সমবায় সমিতির মোট সংখ্যা কত;

(খ) তন্মধ্যে কতগুলি চালু আছে ও কতগুলি বন্ধ আছে; এবং

(গ) ২৪ পরগণার বলিদাপুকুর থানায় বলিদা কৃষি ঋণদান সমবায় সমিতিটি চালু আছে কি ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** (ক) ৭৫৩৭টি।

(খ) চালু আছে ৭০৫৪টি বন্ধ আছে ৪৮৩টি।

(গ) বাগদা থানার অন্তর্গত বালিদাপুকুর কৃষি উন্নয়ন সমিতি চালু নাই।

**শ্রীনীহার কুমার বসু ঃ** এই সমিতিগুলি বন্ধ হয়ে যাওয়ার কারণ কি ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** সমিতিগুলি বন্ধ হয়ে যাওয়ার কারণ অনেক আছে— সমিতি যে ঋণ করেছে, সেগুলি অনাদায়ী থাকলে সমিতি বন্ধ হয়ে যেতে পারে, কিছু আছে পরিচালনগত অসুবিধা।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** বালিদাপুকুরে বা অন্যান্য এলাকায় যে সমস্ত সমিতি বন্ধ হয়ে গেছে, সেই সমস্ত এলাকায় সাপ্লিমেণ্টারী সমিতি খুলে কৃষকদের উপকার করার কোন ব্যবস্থা হচ্ছে কি ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, আমাদের ভায়াবিলিটি স্কীম বলে একটা স্কীম আছে, সেই অনুযায়ী দুর্বল সমিতিগুলির পাশে যে সমিতিগুলি চালু আছে, তার সঙ্গে যুক্ত করা হয় এবং ঐ সমস্ত সমিতিগুলি থেকে পূর্বোক্ত সমিতিগুলি ঋণ সংগ্রহ করতে পারে। সুতরাং কোন জায়গায় কোন সমিতি বন্ধ হয়ে গেলে সেখানকার কৃষকরা ক্ষতিগ্রস্থ হন না।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** যে সমিতিগুলি বন্ধ হয়ে গেছে, তার মধ্যে যেগুলি লিকুইডিশানে চলে গেছে, সেগুলিকে কি ধরা আছে ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** বন্ধ সমিতিগুলির সবগুলি লিকুইডিশানে চলে গেছে বলা চলে না, তবে বন্ধ থাকা কোন কোন সমিতিতে যাকে বলা হয় লিকুইডিশান প্রসেস, তা চলছে।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ৭,৫৩৭টির মধ্যে ৭,০৫৪টি চালু আছে, এগুলির মধ্যে কি এখন ক্রেডিট ট্রানজাকশান চলছে, না বন্ধ হয়ে আছে ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** যেগুলি চালু আছে, সেগুলির মধ্যে সমবায় কৃষি ক্রেডিট লিমিট বলে একটা নীতি আছে, সেটি চালু আছে। যেসব সমিতি তাদের গৃহীত ঋণ শোধ দিয়েছে সেই সমস্ত সমিতির বর্গাদার এবং পাট্টা হোল্ডাররা ঋণ নিতে পারছেন। সুতরাং এগুলিকে একেবারে বন্ধ বলা যায় না।

## রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধির প্রস্তাব

*৫০১। ( অনুমোদিত প্রশ্ন নং *১০৮৬। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রামপুরহাট মহকুমা হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধির কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি; এবং (খ) করা হইয়া থাকিলে কবে নাগাত উহা কার্যকরী হইবে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) হ্যাঁ।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

( No Supplementary )

## মন্দিরবাজার ব্লকে গ্রামীণ শিল্প শিক্ষা সংস্থা স্থাপন

*৫০২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৯৩২। ) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগণা মন্দিরবাজার ব্লকে একটি গ্রামীণ শিল্প শিক্ষা সংস্থা ( আই টি আই ) স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত সংস্থাটি কবে নাগাত স্থাপিত হবে বলে আশা করা যায় ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ১৯৮১ সালে সেখানে এনকোয়ারি হয়েছিল এবং ডাইরেক্টর গিয়েছিলেন এবং কথা দিয়েছিলেন যে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে কিন্তু আজ পর্যন্ত কিছু হল না। এই ব্যাপারে কিছু চিন্তা করেছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এনকোয়ারি করে জানা গেছে যে ওই জায়গাটি রেলওয়ে স্টেশান থেকে অনেক দূরে। এবং গৌরহাটি থেকে কলকাতায় অধিকাংশ ছেলে-মেয়ে পড়তে আসে। গ্রামে আই. টি. আই. করার পরিকল্পনা আছে ঠিকই এবং বড় বড় আই. টি. আইগুলি ভেঙ্গে গ্রামাঞ্চলে করার ইচ্ছা আছে আমাদের। কিন্তু অর্থের সংস্থান করতে না পারলে এই ব্যাপারে কিছু করা যাবে না।

## হাটপাড়া মার্কেটিং সোসাইটি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

*৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৪।) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীধীরেন্দ্র নারায়ণ রায়, শ্রীআতাহার রহমান** এবং **শ্রীআবুল হাসনাৎ খান ঃ** সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার কীর্তিপুর অঞ্চলের হাটপাড়ায় অবস্থিত মার্কেটিং সোসাইটি লিমিটেডের বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ সম্প্রতি পাইয়াছেন কি ; এবং

(খ) পাইয়া থাকিলে, উক্ত অভিযোগটি কি এবং সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

( No Supplementary )

### Emoluments of full time Lecturers and Readers in West Bengal Health Service

*504. (Admitted question No. *1122.) **Dr. Sisir Bose :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

whether the emoluments and other benefits, viz., non-Practising allowance, provision of living quarters, etc., of full time Lecturers and Readers in West Bengal Health Service compare with those in other States which have introduced full time teaching cadres in Medical Colleges ?

**Dr. Ambarish Mukhopadhyay** : Prior to sanction of the non-practising teaching stream of medical teachers no separate pay scale was sanctioned for different teaching posts and the incumbents of such posts used to dray pay and allowances as admissible to them as members of the particular grade of the West Bengal Health Service to which they belonged at any material time.

In the non-practising teaching stream the teaching ranks of Lecturer and Reader have not been sanctioned. Hence the question of comparing the benefits of Lecturer and Reader of the non-practising teaching stream

within the West Bengal Health Service, with those of other States cannot arise.

**Dr. Manas Bhunia :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি টিচার্সদের যে নন-প্যাকটিসিং চালু করার কথা ঘোষণা করেছেন সেই বিষয়ে কি কিছু চিন্তা-ভাবনা করেছেন ?

**Dr. Ambarish Mukhopadhyay :** For the information of the honourable Member, the whole thing is under injunction by the honourable High Court.

## ঠিকা শ্রমিক

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৬।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঠিকা শ্রমিকদের চাকুরী নিরাপত্তা ও সরকার নির্ধারিত মজুরী ও বোনাস প্রসাদের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** ১৯৭০ সালে বিধিবদ্ধ কণ্ট্রাক্ট লেবার (রেগুলেশন এ্যাণ্ড এ্যাবোলিশন) আইন দ্বারা ঠিকা শ্রমিকদের নিয়োগ নিয়ন্ত্রণ ও তাদের জন্য বিভিন্ন সুযোগ সুবিধার ব্যবস্থা করা হয়। ঠিকা শ্রমিকদের চাকুরীর মেয়াদ সাধারণতঃ কাজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে শেষ হয়ে যায় যদি না ঠিকাদার পুনরায় নূতন কাজ পান। ঠিকা শ্রমিকদের স্থায়ীভাবে নিযুক্তির জন্য আইনে কোন ব্যবস্থা নাই। ঠিকা শ্রমিক থাকা কালীন চাকুরীর নিরাপত্তা বিষয়ে কোন বিরোধ দেখা দিলে তাহা শিল্প বিরোধ আইন অনুযায়ী সালিশী ও বিচার বব্যাস্থার মাধ্যমে নিষ্পত্তির চেষ্টা করা হয়। যেসব ক্ষেত্রে দেখা যায় যে ঠিকা শ্রমিকেরা দীর্ঘদিন কোনো স্থায়ী ধরনের কাজে নিযুক্ত আছেন, সেসব ক্ষেত্রে আলাপ আলোচনার মাধ্যমে তাঁদের নিয়মিত নিয়োগের চেষ্টা করা হয় এবং সেইসব ক্ষেত্রে ওই ধরনের কাজে ঠিকা শ্রমিকদের নিযুক্ত করা নিষিদ্ধ করা হয়।

ঠিকা শ্রমিকরা যদি ন্যূণতম মজুরী আইনের তপশীলভুক্ত কোন কর্মে নিযুক্ত থাকেন এবং ঐ কর্মে নিযুক্ত শ্রমিকদের জন্য যদি ন্যূণতম মজুরী আইন অনুযায়ী ন্যূণতম মজুরী নির্ধারিত থাকে তবে ঐ ঠিকা শ্রমিকরা ন্যূণতম মজুরী পাবেন। যদি না পান তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অভিযোগ করলে ন্যূণতম মজুরী পরিদর্শক এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

যেসব ক্ষেত্রে ঠিকা শ্রমিকরা পেমেণ্ট অব্ বোনাস এ্যাক্টের আওতায় পড়েন সেসব ক্ষেত্রে তাঁরা বোনাস পেয়ে থাকেন। এ ব্যাপারে কোন অভিযোগ থাকলে শ্রম অধিকারের মাধ্যমে সালিশী ও সালিশী বিফল হলে বিচারের ব্যবস্থা করা হয়ে থাকে।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনারা বললেন যে কোন বিরোধ উপস্থিত হলে আপনারা সেটা মিমাংসার মধ্যে দিয়ে ঠিক করে কি করা যাবে—আমার প্রশ্ন হচ্ছে এইরকম কোন বিরোধ বর্তমানে আছে কিনা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** অনেক জায়গায় এইরকম বিরোধ আছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কতগুলি জায়গায় এইরকম বিরোধ আছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** নোটিশ দিতে হবে ।

1-50—2-00 p.m.]

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** কণ্ট্রাকটার যারা ঠিকা শ্রমিক দিয়ে কাজ করান তাঁদের কি কম্পালসারি লাইসেন্স নিতে হয়, বিনা লাইসেন্সে কি পারেন না ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** সাধারণভাবে পারেন না ।

## জাজিগ্রামে উপ-স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর

*৫০৬ । ( অনুমোদিত প্রশ্ন নং *১১৪১ । ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার জাজিগ্রামে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর করা হয়েছিল ;

(খ) সত্য হইলে,

(১) কোন তারিখে উহা মঞ্জুর হইয়াছে ;

(২) কখন নির্মাণ কার্য আরম্ভ হইয়াছে ; এবং

(৩) কবে নাগাত শেষ হইবে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) হ্যাঁ ।

(খ) (১) ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় ১৭।৯।৭৫ তারিখে উক্ত উপ-স্বাস্থ্য কেন্দ্রটির পুনঃনির্মাণ মঞ্জুর করা হয়েছে । ১৯৮১ সালের মাঝামাঝি সংশোধিত মঞ্জুরী দেওয়া হয় ।

(২) ১৯৮২ সালের মে মাসে ।

(৩) সঠিক বলা সম্ভব নয় ।

( No Supplementaries )

## ব্যারাকপুর শিল্পাঞ্চলে বন্ধ কারখানা

৫০৭ । ( অনুমোদিত প্রশ্ন নং ২০০৪ । ) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর শিল্পাঞ্চলের মধ্যে অবস্থিত কয়টি কারখানা ধর্মঘট ও অন্যান্য কারণে বর্তমানে লক-আউট বা বন্ধ হয়ে আছে ; এবং

(খ) উক্ত লক-আউট ও বন্ধ কারখানাগুলির শ্রমিক সংখ্যা কত ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) ধর্মঘটের জন্য কোন কারখানা বন্ধ নাই । লক-আউট ও অন্যান্য কারণে বন্ধ কারখানার সংখ্যা ১৬টি ।

(খ) মোট ২৬,০৯৭ জন ।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** লক-আউট খোলার জন্য এখন পর্যন্ত কনসিলিয়েসান মেসিনের মধ্যে কটা কারখানা আছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** নোটিশ চাই।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** ১৬টি যে লক-আউট হয়ে আছে তার মধ্যে কে কারখানা খোলার সম্ভাবনা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আলোচনা হচ্ছে, সম্ভাবনা আছে।

**Demonstration in the Office Chamber of Principal, R. G. Kar Medical College**

*508. (Admitted question No. 1291*.) **Shri Abdul Mannan** : Will Minister of Health and Familly Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the Secretary of the R. G. Kar Medical Coll was gheraoed by the College students on Saturday July 10, 1992 ; and

(b) if so—

(i) what were the demands of the students ;

(ii) the steps if any, taken by the State Government in the matt

**Dr. Ambarish Mukhopadhyay** : (a) No.

(b) (i) & (ii) Does not arise.

( No Supplementaries )

**মোমিনপুর ও মাঝেরহাটের স্টীল এণ্ড এ্যালায়েড প্রোডাক্টস লিঃ কারখানা**

*৫০৯। ( অনুমোদিত প্রশ্ন নং *২২৫০ )। **শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ** শ্রম বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮০ সালের এপ্রিল হইতে কলকাতার মোমিনপুর মাঝের হাটে অবস্থিত স্টীল এণ্ড এ্যালায়েড প্রোডাক্টস লিঃ কারখানাদ্বয় বন্ধ অবস্থায় পড়িয়া আছে ;

(খ) সত্য হলে, উক্ত কারখানার শ্রমিক কর্মচারীর মোট সংখ্যা ক ছিল ;

(গ) কারখানাগুলি বন্ধ হবার কারণ কি ; এবং

(ঘ) কারখানাগুলি খোলার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে বা হচ্ছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) হ্যাঁ। ২রা এপ্রিল, ১৯৮০ হইতে লক-আউট ঘোষি হইয়াছিল। ১লা আগস্ট, ১৯৮০ হইতে কারখানা দুইটির অংশ বিশেষ বন্ধ ঘোষি হইয়াছে।

(খ) প্রায় ১৬০০ জন ;

(গ) কারখানা কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি অনুযায়ী শ্রমিকদের বিশৃঙ্খলা আচরণ বছরের পর বছর আর্থিক ক্ষতি ইত্যাদি।

(ঘ) শ্রম অধিকারে বহুবার যুগ্ম ও পৃথক পৃথক আলোচনা হয়েছে কিন্তু কারখানা খোলার ব্যাপারে কোন মীমাংসায় পৌঁছান যায়নি। কারখানাটি পুনরায় চালু করা যায় কিনা সে ব্যাপারে শিল্প পুনর্গঠন বিভাগকে বিবেচনার জন্য অনুরোধ করা হইয়াছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** ঐ কারখানায় কোন কোন অনুমোদিত শ্রমিক সংস্থা আছে?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** মালিকদের অভিযোগ হচ্ছে উচ্ছৃঙ্খল আচরণের জন্য বন্ধ।

**ডাঃ মানস ভুঁইয়া :** আপনার দপ্তর থেকে এনকোয়ারী করার পর কি কোন রিপোর্ট পাননি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এ রকম এনকোয়ারী করার প্রশ্ন হয়নি। তবে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় আলোচনা হচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** শ্রমিকদের উচ্ছৃঙ্খল আচরণ সম্বন্ধে কি অভিযোগ ছিল?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এর কোন উত্তর হয় না।

## প্রিন্টিং শিল্পের ন্যূনতম বেতন কাঠামো পরিবর্তন

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৯।) **শ্রীলক্ষ্মীকান্ত দে :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রিন্টিং শিল্পের ন্যূনতম বেতন কাঠামোর পরিবর্তন গত পাঁচ বৎসরের মধ্যে হয়েছে কি; এবং (খ) হয়ে থাকলে, কোন সময় হয়েছে?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** (ক) আদালতের অন্তবর্তী আদেশের জন্য গত পাঁচ বৎসরের মধ্যে প্রিন্টিং শিল্পে ন্যূনতম বেতন কাঠামো পরিবর্তন করা সম্ভব হয়নি। এই অন্তবর্তী আদেশের পরিবর্তনের জন্য সরকারের তরফ থেকে চেষ্টা করা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

( No Supplementaries )

## লালবাগ মহকুমা হাসপাতাল ও ইসলামপুর হাসপাতালে ঔষধ সরবরাহ

*৫১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৭।) **শ্রীমতী ছায়া ঘোষ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমা হাসপাতাল ও ইসলামপুর গ্রামীণ হাসপাতালে আউট-ডোর এবং ইন্-ডোর রোগীদের জন্য বিগত ১৯৮১-৮২ আর্থিক বছরে মোট কত টাকা মূল্যের সাধারণ ও জীবনদায়ী ঔষধ সরবরাহ করা হয়েছে; এবং

(খ) উক্ত সময়ে কত টাকার ঔষধ হাসপাতাল কর্তৃপক্ষ সরাসরি বাজার থেকে ক্রয় করেছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমা হাসপাতাল এবং ইসলামপুর গ্রামীণ হাসপাতালে ১৯৮১-৮২ আর্থিক বছরে যথাক্রমে এক লক্ষ সত্তর হাজার তিনশত সাতাশ টাকা পঁচাত্তর পয়সা এবং তিন লক্ষ চুয়ান্ন হাজার নয়শত বিরানব্বুই টাকা পঞ্চাশ পয়সার সাধারণ ও জীবনদায়ী ওষুধ সরবরাহ করা হয়েছে।

(খ) উক্ত সময়ে লালবাগ হাসপাতাল কর্তৃপক্ষ সরাসরি বাজার থেকে মোট উনচল্লিশ হাজার একশত উনত্রিশ টাকা বাহাত্তর পয়সার ওষুধ কিনেছেন।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি এই হাসপাতাল কর্তৃপক্ষের স্থানীয়ভাবে মাসে কত টাকার ওষুধ কেনার অধিকার আছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এটা নির্ভর করে প্রয়োজন অনুসারে এবং আমরা মাঝে মাঝে এই ব্যাপারে স্যাংকসান দিয়ে থাকি।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন কত টাকার বাইরে থেকে জীবনদায়ী ওষুধ কেনা হয়েছে এই ওষুধের সীমা বাড়ানর কোন কথা সরকার চিন্তা করছেন কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এই প্রশ্নটার উত্তর সরাসরি দেওয়া যায় না, এটা নির্ভর করে কিরকম ওষুধ দরকার, টাকা-পয়সা কিরকম আছে তার উপর। তবে ওষুধের জরুরী প্রয়োজন হলে পাঠানর জন্য সর্বরকম প্রচেষ্টা হয়ে থাকে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সমস্ত হাসপাতালগুলির সামনে ব্যাঙের ছাতার মত ওষুধের দোকানগুলি যে গজিয়ে উঠেছে সেখানে সি এম এস, সেণ্ট্রাল মেডিকেল স্টোরের ছাপ মারা লক্ষ লক্ষ টাকার ওষুধ পাওয়া যায়, সেই ব্যাপারে পরীক্ষা-নিরীক্ষা করে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এই ধরণের দোকান ইচ্ছা করলেও বন্ধ করতে পারি না। তবে এই ব্যাপারে মাননীয় সদস্য নির্দিষ্ট কোন অভিযোগ দিলে যথাযোগ্য ব্যবস্থা নেবার প্রতিশ্রুতি দিচ্ছি।

**শ্রীবনমালী দাস ঃ** স্থানীয়ভাবে ওষুধ কেনার যে পদ্ধতি এই পদ্ধতি সম্পর্কে আপনি কি কোন বিবেচনা করবেন কেনা যায় কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এগুলি এক্সিজেন্সির উপর নির্ভর করে। আমরা সেণ্ট্রাল মেডিকেল স্টোর থেকে দিচ্ছি, না দিলে স্থানীয়ভাবে কেনে। সমস্ত ব্যাপারটা বিবেচনা করে দেখা হচ্ছে।

*513—Held over.

## Equipments allotted to the North Bengal Medical College and Hospital under the scheme for Prevention of Blindness

*514. (Admitted question No. *1419.) **Dr. Hoimi Basu :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it is a fact that equipments worth Rs. 3.5 lakhs (approximately) allotted to North Bengal Medical College and Hospital under the scheme for

Prevention of Blindness by the Central Government about two years ago are still lying with the Central Government Stores, Bombay ; and

(b) if so, the reasons thereof ?

**Dr. Ambarish Mukhopadhyay** : (a) It is not a fact.

(b) Does not arise.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** আমি এক মাস আগে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে গিয়েছি, সেখানকার মাস্টার মহাশয়রা এই অভিযোগ করেছেন। এটা আপনি একটু ভাল করে খোঁজ খবর নিয়ে বলবেন। আপনার অফিসার আপনাকে মিসলিড করছেন।

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ইট ইজ নট এ ফ্যাক্ট। তাহলে বলুন হোয়াট ইজ দি ফ্যাক্ট ?

**ডাঃঅম্বরীশ মুখোপাধ্যায় ঃ** The question was, 'if it is a fact.' Natually the answer comes out 'it is not a fact.

**Sri Suniti Chattaraj** : Then what is the fact.

**মি স্পীকার ঃ** এ কোশ্চেন হয় না।

[-200—2-10 p.m.]

### সুতি থানার স্বাস্থ্যকেন্দ্রে নির্বীজকরণ ও বন্ধ্যাকরণ

*৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৫।) **শ্রীশীশ মহম্মদ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি হইতে ৩১এ আগস্ট পর্যন্ত মুর্শিদাবাদ জেলার সুতি থানার আহিরন মাইশাইল স্বাস্থ্যকেন্দ্রে কতজনকে নির্বীজকরণ করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে সুতি থানার হিলোড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র হইতে কোন বন্ধ্যাকরণের কাজ হইয়াছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) ১৯৮২ সালের জানুয়ারী হইতে ৩১ আগস্ট পর্য্যন্ত সুতি থানার আহিরণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৪২ জনকে ও মাইশাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৫ জনকে নির্বীজকরণ করা হইয়াছে।

(খ) উক্ত সময়ের মধ্যে উক্ত থানার হিলোড়া উপ-স্বাস্থ্যে কোন বন্ধ্যা করণের কাজ হয় নাই।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ইমারজেনসীর ঠিক পরেই আপনারা যখন ক্ষমতায় এলেন তখন ওই যে ঘোষণা করেছিলেন জোর করে যাদের বন্ধ্যাকরণ করা হয়েছে তাদের ৫ হাজার টাকা করে দেওয়া হবে সেকরম কয়টা কেস-এ টাকা দিয়েছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এরকম প্রতিশ্রুতির খবর আমি জানিনা।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয় নির্বীজকরণের কথা বললেন তাতে আমার প্রশ্ন হচ্ছে বামফ্রন্টের কয়জন এম. এল. এ-কে এটা করেছেন ?

(নো রিপ্লাই)

**Starred Question**

(to which answers were laid on the table)

**Case of Misbehaviour with the Staff Nurses by the public in the State Hospital and Public Health Centres**

*510. (Admitted question No. *1321.) **Shri Dhirendranath Sarkar**: Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has any figure as to the cases of misbehaviour by the public with the staff nurses in the State Hospitals and Public Health Centres during the past two years ;

(b) if so—

(i) the number of such cases during the year ending on July 1981 and July 1982 ; and

(ii) the steps, if any, taken by the Government to ensure safety and security of staff nurses in Hospitals and Health Centres ?

**Minister-in-charge of the Health and family Welfare Department :**

The following steps have been taken :—

(i) Whenever necessary the open verandahs and windows in hospitals/ Health Centres are covered with grill/wire nets ;

(ii) escorts are provided if the nurses commute from residence to the place of duty on foot ;

(iii) vehicles are also provided wherever available ;

(iv) gates of in-patients wards of hospitals are closed in hours other than visiting hours and gates are manned by Durwans ;

(v) the local police authorities are alerted/reported when occasion demands.

(vi) In case of report of annoance to any particular individual occaslonally. She is transferred to another Station.

**এস. বি. দে. যক্ষা হাসপাতালে পথ্য সরবরাহ**

*৫১৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৬১। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এস. বি. দে. যক্ষা হাসপাতালে রোগীদের জন্য বরাদ্দকৃত খাদ্য ঠিকমত সরবরাহ করা হয় না বলিয়া যে অভিযোগ আছে সে সম্পর্কে সরকার অবহিত আছেন কি ?

(খ) উক্ত রোগীদের আহারের জন্য কি ব্যবস্থা আছে ; এবং

(গ) উক্ত হাসপাতালে প্রতিটি রোগীর জন্য দৈনিক খাদ্য তালিকা কিরূপ ?

**Minister-in-charge of the Health and family Welfare Department.**

(ক) না।

(খ) অনুমোদিত সরবরাহকারী মারফৎ নির্দিষ্ট খাদ্য তালিকা অনুযায়ী
াহারের ব্যবস্থা আছে।

(গ) একটি তালিকা সংযুক্ত করা হইল।

**Statement referred to in reply to Clause (Kha) of starred question No 516**

DIET SCHEDULE FOR *1982—1983

| Commodities | Quantity | Secepted average rates. | cost per day | calorified value | Remarks |
|---|---|---|---|---|---|
| Rice | 200 gms | Rs. 2.30 | .46 p. | 800 | controlled rate plus 5% |
| Atta (Rice) | 180 ,, | Rs. 2.04 | .38 p. | 450 | —do— |
| Dal | 30 ,, | Rs. 4.42 | .15 p. | 120 | |
| Fish (7 days) | 50 ,, | Rs. 16.80 | .84 p. | 111 | |
| Meat 3 days<br>Egg 2 ,, 1 No. | 50 ,, | Rs. 19.61<br>.54 | .58 p. | 119 | |
| Milk | 200 cc | 2.60 | .53 p. | 160 | |
| Egg 1 no. for Breakfast | | .54 | .54 p. | 70 | |
| M. Oil 20 gm | | Rs. 16.00 | .32 p. | 160 | |
| Onion 20 gm | | Rs. 1.37 | .02 p. | 14 | |
| Vegetables 200 gm | | | .31 p. | 100 | |
| Vegetables or chutney 2 days (dinner) | 100 gm | .12 | .12 p. | 15 | |
| Bread 100 gm | | 2.50 | .25 p. | 400 | |
| Sugar 25 gm | | 3.83 | .10 p. | 18 | |
| Spices 5 gm | | 9.51 | .05 p. | | |
| Garlic 1 gm | | 2.36 | | | |
| Ginger 2 gm | | 4.82 | .01 p. | | |
| Salt 20 gm | | | .01 p. | | |
| Tea 5 gm | | 17.00 | .08 p. | | |
| Steam coal 700 gm | | | .32 p. | | |
| Fire wood 1 kg daily | | | .02 p. | | |
| K. Oil 1 ltr. daily | | 2.00 | .01 p. | | |
| Biscuit 2 nos. | | 17.73 (aver) | .20 p. | | |
| | | | 5.30 p. | 2537 | |

## ময়নাগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৬।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** স্বাস্থ্য ও
রিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়নাগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে উন্নত মানের স্বাস্থ্যকেন্দ্রে পরিণত
রার কোন প্রস্তাব আছে কি;

(খ) থাকিলে, (১) উহার শয্যা সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা আছে কি ; এবং

(২) কত দিনে তাহা সম্ভব হইবে ?

**Minister-in-charge of Health and family Welfare Department.**

(ক) বর্তমানে এইরূপ কোন প্রস্তাব নাই।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

## কেশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৪।) **শ্রীহিমাংশু কুঙর :** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুরের কেশপুরে ১৫টি শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে শয্যা-সংখ্যা বাড়িয়ে ৫০টি করার কোন পরিকল্পনা আছে কিনা ;

(খ) কেশপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১ জন স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাক্তার দেওয়ার ব্যবস্থা করিয়াছেন কি ; এবং

(গ) কেশপুর থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ও সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার-গুলিতে নির্ধারিত সংখ্যক ডাক্তার নিয়োগ করার ব্যবস্থা নেওয়া হইয়াছে কি ?

**Minister-in-charge of Health and family Welfare Department.**

(ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর জেলায় মোট ৭১টি গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথিক ডাক্তারখানা অনুমোদিত হইয়াছে,

পঞ্চায়েত সমিতিগুলির নাম সংশ্লিষ্ট বিবরনীতে দেওয়া হোলো।

(গ) রাজ্যের সমস্ত গ্রাম পঞ্চায়েতে পর্যায়ক্রমে হোমিওপ্যাথিক ডাক্তারখানা খোলার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## Statement referred to in reply to clause (Kha) of starred question No. 518

### পঞ্চায়েত ডিস্‌পেনসারী তালিকা
### মেদিনীপুর জেলা

| ক্রমিক নং | পঞ্চায়েতের নাম | ব্লকের নাম |
|---|---|---|
| ১। | পাঁচবেড়িয়া | দাসপুর-১ |
| ২। | আগারী | সাঁকরাইন |
| ৩। | পিপুলবেড়িয়া | তমলুক-১ |
| ৪। | দাঁদরা | সবং |
| ৫। | বিভীষনপুর | ভগবানপুর-১ |
| ৬। | সাতবাঁকুড়া | গড়বেতা-৩ |
| ৭। | পিংবনী | গড়বেতা-২ |
| ৮। | সারদা | কাঁথি-২ |

| ক্রমিক নং | পঞ্চায়েতের নাম | ব্লকের নাম |
|---|---|---|
| ৯। | লালজেরিয়া | শালবনী |
| ১০। | শীতলপুর পশ্চিম | মহিষাদল-১ |
| ১১। | শিমুলিয়া | ভগবানপুর-১ |
| ১২। | কাজলাগড় | ভগবানপুর-১ |
| ১৩। | কোটবার | ভগবানপুর-১ |
| ১৪। | পদমপুর | তমলুক-১ |
| ১৫। | আমদাবাদ | নন্দীগ্রাম-২ |
| ১৬। | মহম্মদপুর | ভগবানপুর-১ |
| ১৭। | হাউর | পাঁশকুড়া-১ |
| ১৮। | বিবেকানন্দ | এগরা-২ |
| ১৯। | দেশবন্ধু | এগরা-২ |
| ২০। | বন্দীপুর | চন্দ্রকোনা-২ |
| ২১। | কুঁদপুর | চন্দ্রকোনা-২ |
| ২২। | হরিপুর | দাঁতন-২ |
| ২৩। | হলুদবাড়ী | খেজুরী |
| ২৪। | বরগোদা গোদার | মহিষাদল-১ |
| ২৫। | কুন্দলপাল | সবং |
| ২৬। | সাউরী খোটবার | দাঁতন-২ |
| ২৭। | কেসপাট | পাঁশকুড়া-১ |
| ২৮। | নলদা | মোহনপুর |
| ২৯। | আসুয়া | দাতন-১ |
| ৩০। | দলপতিপুর | ডেবরা |
| ৩১। | সোদামবাড়ী | নন্দীগ্রাম-২ |
| ৩২। | বলপাই | নন্দীগ্রাম-২ |
| ৩৩। | গোকুলপুর | পটাশপুর |
| ৩৪। | খন্যাদিহী | পাঁশকুড়া-২ |
| ৩৫। | আলিকোশা | দাঁতন—১ |
| ৩৬। | মনোহরপুর | দাঁতন-১ |
| ৩৭। | ভেড়িয়া | খড়গপুর-১ |
| ৩৮। | রাধামোহনপুর | ডেবরা |
| ৩৯। | ব্রজলালপুর | পটাশপুর |
| ৪০। | শিলসাই | মোহনপুর |
| ৪১। | বৃন্দাবনপুর | নন্দীগ্রাম-৩ |
| ৪২। | দক্ষিণ নারিকেলদা | মহিষাদল-১ |
| ৪৩। | জুনিয়া | ভগবানপুর-২ |

| ক্রমিক নং | পঞ্চায়েতের নাম | ব্লকের নাম |
|---|---|---|
| ৪৪। | শ্রীকণ্ঠ | ময়না |
| ৪৫। | রামচক | ,, |
| ৪৬। | এনায়েতপুর | কেশপুর |
| ৪৭। | ডুবদা | এগরা-২ |
| ৪৮। | হরিপুর | নন্দীগ্রাম-১ |
| ৪৯। | শঙ্করহাটা | গরবেতা-৩ |
| ৫০। | তিলখোজা | ময়না |
| ৫১। | বকেহা | ময়না |
| ৫২; | দইয়াপুর | কাঁথি |
| ৫৩। | চিন্তীপুর | পটাশপুর |
| ৫৪। | নিজকোবা | খেজুরী |
| ৫৫। | রাজনগর | দাশপুর—১ |
| ৫৬। | ভোগপুর | পাঁশকুড়া-২ |
| ৫৭। | কাঁকরদা | তমলুক-২ |
| ৫৮। | কল্যাণপুর | মহিষাদল-১ |
| ৫৯। | বরহাট | পটাশপুর |
| ৬০। | দেবং | সবং |
| ৬১। | ভগবন্তপুর | চন্দ্রকোনা-২ |
| ৬২। | খেজুরী | খেজুরী |
| ৬৩। | হাড়িয়া | ,, |
| ৬৪। | টিকাসাই | ,, |
| ৬৫। | বীরবন্দর | ,, |
| ৬৬। | নাইপুর | পটাশপুর |
| ৬৭। | ময়না | ময়না |
| ৬৮। | মথুরা | পটাশপুর |
| ৬৯। | অমরশী | ,, |
| ৭০। | সুতাহাটা | সুতাহাটা-১ |
| ৭১। | বাসুদেবপুর | সুতাহাটা-১ |

## রঘুদেববাটী উপ-স্বাস্থ্যকেন্দ্র

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১১।) **শ্রীহারান হাজরা :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁকরাইল থানার অন্তর্গত রঘুদেববাটী অঞ্চলের উপ-স্বাস্থ্যকেন্দ্রটির কাজ সম্পূর্ণ হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি কবে নাগাত খোলা হইবে বলিয়া াশা করা যায় ?

**finister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) হ্যাঁ।

(খ) যত শীঘ্র সম্ভব উহা খোলা হইবে।

## পুরুলিয়া জেলার প্রাথমিক ও সহায়ক চিকিৎসালয়

*৫২০ অনুমোদিত প্রশ্ন নং *১৭১৬।) **শ্রীগোবিন্দ বাউরী :** স্বাস্থ্য ও ারিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি প্রাথমিক ও সহায়ক চিকিৎসালয় আছে ; এবং

(খ) উহাদের মধ্যে কতগুলি চিকিৎসালয়ে ডাক্তার আছে ?

**finister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ২০টি ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র ৪৩টি আছে।

(খ) ১০টি প্রাথমিক ও ৩০টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে।

## আকুপাংচার চিকিৎসা

*৫২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৮।) **শ্রীআবুল হাসানাৎ খাঁন, ীবীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রীদীনবন্ধু মাঝি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আকুপাংচার চিকিৎসার প্রসারের বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কোন পদক্ষেপ াহণ করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে, কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**finister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## হাঁসখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ

*৫২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০০।) **শ্রীসতীশ চন্দ্র বিশ্বাস :** স্বাস্থ্য ও ারিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার বগুলা থানার হাঁসখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ াসপাতালে রূপান্তরিত করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে বর্তমানে উহা কি পর্যায়ে আছে এবং উক্ত পরিকল্পনা কতদিনে াস্তবে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

**finister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটি এখন বিবেচনাধীন আছে, সঠিক বলা সম্ভব নয়।

## কুষ্ঠ রোগী

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৩।) **শ্রীনটবর বাগদী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কুষ্ঠ রোগীর মোট সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) কুষ্ঠ রোগীদের চিকিৎসার জন্য কোথায় কোথায় হাসপাতাল আছে এবং আরও নতুন হাসপাতাল স্থাপনের পরিকল্পনা আছে কি?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) আনুমানিক ৩.৮ লক্ষ।

(খ) কুষ্ঠরোগীদের চিকিৎসার জন্য নিম্নলিখিত স্থানে হাসপাতাল আছে:—

সরকারী ব্যবস্থাপনায়

(১) গৌরীপুর কুষ্ঠ হাসপাতাল, গৌরীপুর, জেলা বাঁকুড়া।

(২) কালিম্পঙ কুষ্ঠ ওয়ার্ড, (কালিম্পং মহকুমা হাসপাতালের মধ্যে) জেলা-দার্জিলিং।

এছাড়া নিম্নলিখিত হাসপাতালের সঙ্গে যুক্ত ২০ শয্যা বিশিষ্ট টেম্পোরারী হসপিটালাইজেসন ওয়ার্ড আছে:—

(১) বিষ্ণুপুর মহকুমা হাসপাতাল, জেলা বাঁকুড়া।

(২) গৌরীপুর কুষ্ঠ হাসপাতাল, গৌরীপুর, জেলা-বাঁকুড়া।

(৩) ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতাল, জেলা-২৪ পরগণা।

(৪) হাওড়া জেনারেল হাসপাতাল, জেলা-হাওড়া।

বেসরকারী পরিচালনায়

(১) লেপ্রসি হোম এণ্ড হসপিটাল, পুরুলিয়া, জেলা-পুরুলিয়া।

(২) হোম এণ্ড হসপিটাল, বাঁকুড়া, জেলা-বাঁকুড়া।

(৩) নবকুষ্ঠ নিবাস (হোম এণ্ড হসপিটাল) পুরুলিয়া, জেলা-পুরুলিয়া।

(৪) আসানসোল মাইনস্ বোর্ড অব হেল্থ, বর্ধমান, জেলা-বর্ধমান।

(৫) গান্ধীজী প্রেম নিবাস, টিটাগড়, জেলা ২৪-পরগণা।

ষষ্ঠ পরিকল্পনার মধ্যে আরও কিছু টেম্পোরারী হসপিটালাইজেসন ওয়ার্ড খোলার পরিকল্পনা আছে।

## কুমারগঞ্জ থানা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪৪।) **শ্রীদ্বিজেন্দ্রনাথ রায়:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, করিমপুর গ্রামীণ হাসপাতালের জন্য যথাক্রমে অ্যাম্বুলেন্স, বিদ্যুৎ সরবরাহ চালু না হওয়ার ফলে চিকিৎসা কার্য বিঘ্নিত হইতেছে;

(খ) সত্য হইলে, কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ হইবে;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা কত;

(ঘ) শয্যা সংখ্যা বাড়াইবার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঙ) প্রয়োজনীয় ঔষধ সরবরাহ হয় কিনা ?

Minister-in-charge of Health and family Welfare Deparment :

(ক) হ্যাঁ, । (খ) সঠিক বলা যাচ্ছে না । (গ) পনেরো ।

(ঘ) আপাততঃ নাই । (ঙ) হ্যাঁ, হয় ।

## উপেন্দ্র মুখার্জী মেমোরিয়াল হাসপাতাল

*৫২৬। ( অনুমোদিত প্রশ্ন নং *২১৬০। ) **শ্রীশ্যামল চক্রবর্তী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেলেঘাটায় সরকার অধিগৃহীত উপেন্দ্র মেমোরিয়াল হাসপাতালে রোগী ভর্তির কাজ কবে থেকে শুরু হতে পারে ?

Minister-in-charge of Health and family Welfare Deparment :

দীর্ঘদিন রোগী ভর্তি বন্ধ থাকার পর হাসপাতালটি সরকার সম্প্রতি অধিগ্রহণ করেছে ; রোগী ভর্তির ব্যাপারটি প্রাথমিক পরিকল্পনার পর্য্যায়ে আছে ।

## বান্দোয়ান থানায় আদিবাসীদের জন্য টি. বি. হাসপাতাল নির্মাণ

*৫২৭। ( অনুমোদিত প্রশ্ন নং *২১৯৮। ) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার ছিপিডি গ্রামে আদিবাসীদের জন্য টি. বি. হাসপাতাল নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে, কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত করা সম্ভব হবে ?

Minister-in-charge of Health and family Welfare Deparment :

(ক) হ্যাঁ। (খ) এখনই সঠিক বলা সম্ভব নয় ।

## শ্রীরামপুর মহকুমা হাসপাতাল

*৫২৯। ( অনুমোদিত প্রশ্ন নং *২২৮৯। ) **শ্রীঅরুণকুমার গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) শ্রীরামপুর মহকুমা হাসপাতালে ( ওয়ালস হসপিট্যাল ) ই. সি. জি. করার মেসিনটি অচল হইয়া পড়িয়া আছে ;

(২) ব্লাড সুগার পরীক্ষা করার কোন ব্যবস্থা নাই ;

(৩) উক্ত হাসপাতালের একমাত্র অ্যাম্বুলেন্সটি অচলাবস্থায় পড়িয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত বিষয়গুলি সম্পর্কে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ?

*Minister-in-charge of Health and Family Welfare Department* :

(ক) (১) হ্যাঁ। (২) ব্যবস্থা নেই। (৩) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

### মালিয়াড়া স্বাস্থ্যকেন্দ্র

*৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯১।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়া থানায় অন্তর্গত মালিয়াড়া গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, উহার অগ্রগতি কতদূর হইয়াছে?

Minister-in-charge of Health and Family Welfare Department :

(ক) নাই। (খ) প্রশ্ন ওঠে না।

### বর্ধমান জেলায় সেহারা বাজারে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ

*৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫৫।) **শ্রীপূর্ণচন্দ্র মালিক** : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না ও খণ্ডঘোষ থানার মাঝখানে সেহারা বাজারে একটি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করার কোন প্রস্তাব সরকারের আছে কি;

(খ) কবে নাগাত তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge of Health and Family Welfare Department :

(ক) আছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

### পৌরসভা পরিচালিত হাসপাতাল ও প্রসূতিসদন

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬৫।) **শ্রী নিরঞ্জন মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন পৌরসভা পরিচালিত হাসপাতাল এবং প্রসূতিসদনগুলি সরকারী পরিচালনায় আনার কোন প্রস্তাব সরকার বিবেচনা করছেন কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কতদিনে উক্ত প্রস্তাব কার্যকরী হবে?

Minister-in-charge of Health and Family Welfare Department :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### বক্সীরহাটে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬৫।) **শ্রীমণিন্দ্রনাথ বর্মা** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার বক্সীরহাটে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে কবে নাগাত উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

Ministe-in-charge of Health and Family Welfare Department :

(ক) হ্যাঁ, আছে। (খ) সঠিক বলা সম্ভব নয়।

## পশ্চিম দিনাজপুর জেলার মহকুমা ও সদর হাসপাতাল

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৪।) **শ্রীদীপেন্দ্র বর্মণ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার মহকুমা ও সদর হাসপাতালগুলির মোট শয্যা-সংখ্যা কত এবং রায়গঞ্জ মহকুমা হাসপাতালের শয্যাসংখ্যা কত;

(খ) উক্ত হাসপাতালের মধ্যে কোন নূতন বিভাগ খোলা হয়েছে কি;

(গ) রায়গঞ্জ মহকুমা হাসপাতালটির এক্সটেনশানের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; থাকলে, তাহা কি পর্যায়ে আছে; এবং

(ঘ) ঐ হাসপাতালের ড্রেনেজ ও স্যানিটেশন সিস্টেম উন্নত করার সম্পর্কে সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

Minister-in-charge of Health and Family Welfare Department :

(ক) মোট শয্যা সংখ্যা ৫৩২ রায়গঞ্জ মহকুমা হাসপাতালের শয্যাসংখ্যা ১৫৮।

(খ) না। (গ) কয়েকটি পরিকল্পনা আছে। এদের মধ্যে নূতন তাপনিয়ন্ত্রিত মর্গ নির্মাণের পরিকল্পনাটি প্রশাসনিক অনুমোদন লাভ করেছে। অন্য পরিকল্পনাগুলি প্রাথমিক পর্যায়ে খতিয়ে দেখা হচ্ছে।

(ঘ) এরূপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

### Unstarred Questions
(to which written answers were laid on the table)

## জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ৮।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ বর্ষে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে কেন্দ্রীয় সরকার এ রাজ্যকে কত টাকা বরাদ্দ করেছেন; এবং

(খ) ১৯৮১-৮২ বর্ষে উক্ত প্রকল্পে এ রাজ্যের জন্য কত টাকা বরাদ্দ ছিল?

**উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয়:**

(ক) ১৯৮২-৮৩ বর্ষের প্রথম ছয় মাসের জন্যে কেন্দ্রীয় সরকার এ রাজ্যকে ৬৭৪ লক্ষ টাকা দেবেন বলে জানিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত কোন টাকা রাজ্য সরকারের হাতে আসে নি।

(খ) ১৯৮১-৮২ বর্ষে এ রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকার ১৩৪৮ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন।

## জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে শ্রমদিবস

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৮৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত সময়ের মধ্যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে কত শ্রমদিবস তৈরী হয়েছে ; এবং

(খ) ঐ প্রকল্পে উক্ত সময়ের মধ্যে—

(১) কত টাকা বরাদ্দ,

(২) কত টাকা খরচ হয়েছে,

(৩) কত টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ হয়েছে, ও

(৪) কত টাকার ইউটিলিজেশন সার্টিফিকেট পাওয়া গিয়েছে ?

**উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) জেলাগুলি থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী ১৯৮২ সালের প্রথম সাত মাসে অর্থাৎ ৩১শে জুলাই পর্যন্ত ১৯৭.০৬ লক্ষ শ্রমদিবস তৈরী হয়েছে।

(খ) ঐ প্রকল্পে উক্ত সময়ের মধ্যে (১) মোট ১৬৬০.৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে গ্রাম পঞ্চায়েতগুলিকে দেওয়া হয়েছে ১৫১৬.১৪ লক্ষ টাকা এবং খাদ্যশস্য ক্রয়, বেতন ইত্যাদির জন্যে বরাদ্দ করা হয়েছে ১৪৪,৭৬ লক্ষ টাকা।

(২) এখন পর্যন্ত ১৬০৪.৯৩ লক্ষ টাকা খরচের রিপোর্ট পাওয়া গেছে।

(৩) ও (৪) এ পর্যন্ত যা রিপোর্ট পাওয়া গিয়েছে তাতে উক্ত সময়ে গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমে খরচ হয়েছে ১৫১৩.৯৩ লক্ষ টাকা এবং ঐ টাকার ইউটিলিজেশন রিপোর্ট পাওয়া গিয়েছে।

## নতুন টুরিষ্ট লজ

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭-৭৮ হইতে ১৯৮১-৮২ (১০ই আগস্ট, ১৯৮২) পর্যন্ত সময়ে এ রাজ্যে কতগুলি নতুন ট্যুরিস্ট লজ স্থাপন করা হয়েছে ; এবং

(খ) ১৯৭২-৭৩ হইতে ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত সময়ে এ রাজ্যে কতগুলি ট্যুরিস্ট লজ খোলা হয়েছিল ?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১০টি। (খ) ৫টি

## রাজ্য সরকার নির্মিত টেলিভিশন সেট

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্য সরকার নির্মিত টেলিভিশন সেট কবে নাগাত বাজারে ছাড়া হবে বলে আশা করা যায় ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশন যৌথ উদ্যোগে টেলিভিশন নির্মাণের জন্য টেলেরামা ( ইণ্ডিয়া ) লিমিটেড নামে একটি কোম্পানী সংগঠিত করেন। এই কোম্পানী তারাতলায় ১৯৭৪ সালে এপ্রিল মাস থেকে টেলিভিশন সেটের বাণিজ্যিক উৎপাদন শুরু করে। পশ্চিমবঙ্গ সরকারের আর একটি কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইণ্ডাস্ট্রি ডেভেলপমেণ্ট কর্পোরেশন শতকরা এক শত ভাগ কর্তৃত্বাধীনে ওয়েবেল টেলিভিশন লিমিটেড নামে একটি সাবসিডিয়ারী কোম্পানী গঠন করেন। এই কোম্পানী নির্মিত টেলিভিশন সেটও ১৯৮২ সালের জানুয়ারী মাস থেকে বাজারে চালু হয়েছে।

## জাতীয় নাট্যশালা

১২৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৪২। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলকাতায় 'জাতীয় নাট্যশালা নির্মাণের প্রস্তাব বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** কলকাতায় 'জাতীয় নাট্যশালা' নির্মাণের বিষয়ে স্থিরীকৃত কমিটির ( পূর্ত বিভাগের অধীন ) মাটি পরীক্ষা শেষ হয়েছে।

## অবসরপ্রাপ্ত পেনসনভোগী কর্মচারী

১২৬। ( অনুমোদিত প্রশ্ন নং ২১৮। ) **কাশীনাথ মিশ্র ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী বর্তমানে এ রাজ্যের অবসরপ্রাপ্ত পেনসনভোগীর সংখ্যা কোন্ জেলায় কত ;

(খ) কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং রাজ্য সরকারী কর্মচারীদের অবসরকালীন পেনসনের পরিমাণে কোন বৈষম্য আছে কিনা ;

(গ) থাকিলে, ঐ বৈষম্য দূর করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(ঘ) বর্তমানে বাজার দরের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারী কর্মচারীদের অবসরকালীন পেনসনের অন্তর্বর্তী ভাতার পরিমাণ বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) অর্থ বিভাগে এই ধরণের তথ্য রাখার কোন ব্যবস্থা নেই। মহাগাণনিক, পশ্চিমবঙ্গ-এর দপ্তরের সূত্রে জানা যায় যে, বর্তমানে ৯,২২৮ জন পেনসনভোগী রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মাধ্যমে কলকাতায় পেনসন পাচ্ছেন এবং ২,৬০০ জন মহাগাণনিক, পশ্চিমবঙ্গ-এর দপ্তর থেকে পেনসন নিচ্ছেন, জেলাভিত্তিক পেনসনভোগীদের সংখ্যা জানার জন্য জেলা কর্তৃপক্ষের নিকট লেখা হচ্ছে।

(খ) বর্তমানে কেন্দ্রীয় সরকারী কর্মচারী ও রাজ্য সরকারী কর্মচারীদের অবসরকালীন পেনসনের হারে কোনরূপ বৈষম্য নেই। কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের পেনসন নির্ধারণের ক্ষেত্রে অতিরিক্ত মহার্ঘভাতার একটি অংশ মাহিনা হিসাবে ধরা হয়। কিন্তু রাজ্য সরকারী কর্মচারীদের ক্ষেত্রে উহা এখনও ধরা হয় না।

(গ) উপরোক্ত বৈষম্য দূর করার প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন।

(ঋ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

## দূরদর্শনে বাংলাভাষার অনুষ্ঠান

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১।) **শ্রীঅমলেন্দ্র রায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা দূরদর্শনে বাংলাভাষার অনুষ্ঠানের সময় কমিয়ে দেওয়ার প্রস্তাব সম্পর্কে রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কোন আলোচনা হয়েছিল কিনা; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত ব্যাপারে আলোচনার ফলাফল কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) গত জুলাই মাসে দিল্লীতে, তথ্যমন্ত্রী সম্মেলনে 'জাতীয় অনুষ্ঠান সূচীর' বিষয়টি উল্লেখ করা হয় এবং এ বিষয়ে রাজ্য সরকারের মতামত ব্যক্ত করা হয়। জাতীয় অনুষ্ঠানসূচী প্রবর্তনের পর যাতে আঞ্চলিক অনুষ্ঠানের সময় কমানো না হয় সে বিষয়ে সুপারিশ করা হয়েছিল। দূরদর্শন অনুষ্ঠানের মোট সময় বাড়িয়ে এটা করা হয়।

(খ) জাতীয় অনুষ্ঠান এখন আটটার পরিবর্তে সাড়ে আটটায় আরম্ভ হয়। ফলে একদিকে যেমন আঞ্চলিক অনুষ্ঠানের জন্য কিছু বাড়তি সময় পাওয়া যাচ্ছে, অন্যদিকে দূরদর্শনের অনুষ্ঠানের মোট সময় আধঘণ্টার মতো বেড়েছে।

## বঙ্কিম বিশ্ববিদ্যালয়

১২৮। অনুমোদিত প্রশ্ন নং ৩৪২।) **শ্রীকৃপাসিন্ধু সাহা :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বঙ্কিমচন্দ্রের পৈতৃক বসতবাটী অধিগ্রহণ করিয়া ওখানে "বঙ্কিম বিশ্ব-বিদ্যালয়" স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে উহা কার্যকরী হইবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এরূপ কোন পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## নরঘাট সেতু

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৪।) **শ্রীশিশির অধিকারী :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নরঘাট সেতু চালু হওয়ার ফলে কাঁথি শহরের জ্যাম এড়াইবার জন্য শহরের বাহির দিয়া কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, আছে।

(খ) জমি পাওয়ার উপর এবং প্রয়োজনীয় অর্থ সঙ্কুলানের উপর প্রকল্পটি কত-দিনে কার্যকরী করা যাবে তা নির্ভর করছে।

## কাঁথি-খেজুরী সড়ক হইতে দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত সড়ক

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৭।) **শ্রীশিশির অধিকারী ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাঁথি ২ নং বুকের অন্তর্গত মির্জাপুর থেকে দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** মাননীয় সদস্য বোধহয় কাঁথি-খেজুরী সড়ক হইতে দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত সড়কটির কথা বলছেন।

সড়কটির প্রথম ২ কিমি অংশের নির্মাণকাজ শেষ হয়েছে। ৩য় থেকে ৫ম কিমি-তে কিছু কিছু অংশের জমি এখন পর্যন্ত পাওয়া যায়নি। জমি পাওয়া গেলে এবং প্রয়োজনীয় অর্থ সঙ্কুলান করা গেলে সড়কটির নির্মাণকাজ যথাশীঘ্র সম্ভব শেষ করার চেষ্টা করা হবে।

## কলিকাতায় ষ্টেডিয়াম নির্মাণ

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলকাতার স্টেডিয়াম নির্মাণ প্রকল্প বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** কলিকাতায় কোন স্টেডিয়াম নির্মাণের প্রকল্প বর্তমানে সরকারের নেই।

## শিক্ষকদের প্রমোশন সম্পর্কে পে-কমিশনের সুপারিশ

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পে-কমিশনের সুপারিশ অনুযায়ী ১৮ বৎসরের উর্ধ্বে শিক্ষকগণের প্রমোশন দেওয়ার কোন সিদ্ধান্ত গৃহীত হয়েছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এই মর্মে কোন সরকারী বিজ্ঞপ্তি বেরিয়েছে কিনা; এবং

(গ) যদি বেরিয়ে থাকে, উক্ত বিজ্ঞপ্তির সংখ্যা ও তারিখ কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

## বাঘের আক্রমণে নিহত

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬১০।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি ১৯৭৯ সালের জুলাই হতে ১৯৮২ সালের জুন পর্যন্ত সময়ে কতজন ব্যক্তি রাজ্যে বাঘের আক্রমণে আহত বা নিহত হয়েছেন?

**বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** আহত ১৪ এবং নিহত ১৮৫।

## মন্ত্রীদের ঘর সাজানোর খরচ

১৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৬১৮। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পূর্ত বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, নুতন মন্ত্রীদের জন্য ঘর সাজানো রি-অ্যারেঞ্জমেণ্ট এবং মডিফিকেশনের জন্য সরকারের ২৪এ মে ১৯৮২ হতে ২৪ আগষ্ট ১৯৮২ পর্যন্ত মোট কত খরচ হয়েছে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** আনুমানিক মোট খরচ ২,৯১,০০০.০০ ( দু লক্ষ একানব্বই হাজার ) টাকা।

## হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসার

১৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বৈজ্ঞানিক ভিত্তিতে হোমিওপ্যাথিক চিকিৎসাকে প্রসারের জন্য কি কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** রাজ্যে হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসারের জন্য সরকার এ পর্যন্ত নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করিয়াছেন ঃ—

(১) রাজ্যের বিভিন্ন অঞ্চলে এ পর্যন্ত ৩৫টি সরকারী হোমিওপ্যাথিক চিকিৎসালয় স্থাপন করা হইয়াছে।

(২) রাজ্যের ১৩৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র ডাক্তারবিহীন অবস্থায় ছিল, সেগুলিতে হোমিওপ্যাথিক চিকিৎসক ও কম্পাউণ্ডার নিয়োগ করা হইয়াছে।

(৩) রাজ্যের ১০৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তৃতীয় চিকিৎসক হিসাবে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ করা হইয়াছে।

(৪) পঞ্চায়েতগুলির মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসা প্রসারের জন্য ১৯০টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক চিকিৎসা কেন্দ্র অনুমোদন করা হইয়াছে।

(৫) উচ্চতর শিক্ষা ও গবেষণার জন্য ন্যাশান্যাল ইনষ্টিটিউট অফ হোমিওপ্যাথি স্থাপনের জন্য সল্টলেকে সরকারী হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালের জন্য নির্মীয়মাণ ভবনাদি সহ ১৬ একর জমি ছাড়াও ২০ একর জমি কেন্দ্রীয় সরকারকে হস্তান্তরের প্রস্তাব করা হইয়াছে।

(৬) রাজ্যের ছয়টি বেসরকারী হোমিওপ্যাথিক হাসপাতালে শয্যা রক্ষণাবেক্ষণের জন্য প্রতিটি শয্যা বাবত বাৎসরিক ৪,০০০ টাকা হিসাবে অনুদান দেওয়া হইতেছে।

(৭) বেসরকারী পরিচালনায় পরিচালিত বহু হোমিওপ্যাথিক ডিসপেন্সারির রক্ষণাবেক্ষণের ব্যয় বাবত সরকারী অনুদান দেওয়া হইতেছে।

(৮) রাজ্যে হোমিওপ্যাথি শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য সরকার সর্বতোভাবে চেষ্টা চালাইতেছেন।

(৯) কল্যাণীতে একটি হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকেন্দ্র, গবেষনাগার ও আরবারিয়াম স্থাপনের জন্য প্রয়োজনীয় সরকারী অনুমোদন দেওয়া হইয়াছে।

## গ্রামাঞ্চলে হাসপাতালের ডাক্তার

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৫।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে হাসপাতালগুলিতে ডাক্তারের প্রয়োজনীয় সংখ্যা কত ;

(খ) সারা পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে কাজ করতে ইচ্ছুক বেকার ডাক্তারের সংখ্যা কত ; এবং

(গ) ডাক্তারদের খালি পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১,৭০০ (এক হাজার সাতশ)।

(খ) সরকার অবগত নন।

(গ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থীদের দ্বারা ডাক্তারের শূন্য পদগুলি পূরণ করা হচ্ছে।

## ঘোকসারডাঙ্গা মিনি সুগার মিল

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৪।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহার জেলার ঘোকসার-ডাঙ্গা এলাকায় মিনি সুগার মিল সংস্থাপনের জন্য ওয়েস্ট বেঙ্গল সুগার ইণ্ডাস্ট্রিজ ডেভলপ্‌মেণ্ট কর্পোরেশনের কোন অনুকূল রিপোর্ট পশ্চিমবঙ্গ সরকারের কাছে বিবেচনাধীন আছে কি ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** হ্যাঁ, রিপোর্টটি পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের বিবেচনাধীন আছে।

## হুগলী জেলার আলিপুর হইতে চন্দনপুর পর্যন্ত রেলষ্টেশনের রাস্তা

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৯।) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় :** পূর্ত বিভাগের বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার হরিপাল, ধনেখালি থানার আলিপুর হইতে চন্দনপুর রেলস্টেশন পর্যন্ত চতুর্থ পরিকল্পনায় গৃহীত রাস্তাটি নির্মাণের কাজ শুরু হইয়াছে কি ; এবং

(খ) শুরু হইয়া থাকিলে,

(১) উক্ত রাস্তাটির কাজ কত অংশ সম্পূর্ণ হইয়াছে ; এবং

(২) বাকী অংশের কাজ কত দিনে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এই দপ্তরের কার্যক্রমে (১) জেজুর-চন্দনপুর রাস্তা ও (২) জেজুর-চন্দনপুর রাস্তার ২য় মাইল থেকে আলিপুর পর্যন্ত সংযোগ-কারী সড়ক দুটি অন্তর্ভুক্ত হয়েছে। তবে তন্মধ্যে শেষোক্ত লিঙ্ক রাস্তাটিই কেবল প্রশাসনিক অনুমোদন লাভ করেছে। এর ১.৯৭ কিমি পর্যন্ত ঝামা-খোয়ার কাজ শেষ

হয়েছে। আলিপুর থেকে চন্দনপুর রেলস্টেশন পর্যন্ত সড়ক যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ করার বিষয়টি নির্ভর করছে। জেজুর-চন্দনপুর রাস্তার নির্মাণকার্য শেষ হওয়ার ওপর।

(২) নিয়মিত অর্থের যোগানসাপেক্ষ উক্ত ২ নং সংযোগকারী রাস্তাটির কাজ ১৯৮৪ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

## আলিপুর সাবডিভিসনে জমির পাট্টা

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৪।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে আলিপুর সাবডিভিসনে কি পরিমাণ জমির পাট্টা বণ্টন করা হইয়াছে ;

(খ) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত সময়ে আলিপুর সাবডিভিসনে কি পরিমাণ জমির পাট্টা বণ্টন করা হইয়াছিল ;

(গ) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে কি পরিমাণ জমির পুরাতন পাট্টা বাতিল করা হইয়াছে ; এবং

(ঘ) উক্ত বাতিলের কারণ কি ?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে আলিপুর সাবডিভিসনে মোট ২,৩০৫.৮০ একর জমির জন্য পাট্টা বণ্টন করা হয়েছে।

(খ) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত সময়ে ঐ সাবডিভিসনে ১৩,৯১২.৬৫ একর জমির পাট্টা বণ্টন করা হয়েছিল।

(গ) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে ঐ সাবডিভিসনে ৩০.৪২ একর জমির জন্য পুরাতন পাট্টা বাতিল করা হয়েছে।

(ঘ) ৬০টি ক্ষেত্রে আইনানুযায়ী অযোগ্য ব্যক্তিদের পাট্টা দেওয়া হয়েছিল বলে দেখা গেছে। তাই তাঁদের পাট্টা বাতিল করা হয়েছে।

## সাবসেণ্টারের জন্য হেল্‌থ অ্যাসিসটেণ্ট

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৪।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগাঁ মহকুমার বনগাঁ থানার সাতানি, খড়য়া, রাজাপুর, দীঘাড়ি এবং গাইঘাটা থানা এলাকার-পুরন্দরপুর ও দীরামানিক প্রসূতি সদন সাবসেণ্টারগুলিতে কোন ডাক্তার বা স্টাফ আছে কি ; এবং

(খ) উক্ত সেণ্টারগুলিতে এবং বনগাঁ থানার নবফুল সাবসেণ্টার-এ নিয়মিত ওষুধপত্র দেওয়া হয় কি ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) কোন সাবসেণ্টারের জন্যই ডাক্তারের মঞ্জুরীকৃত পদ নাই। ঐসকল সাবসেণ্টারগুলির প্রত্যেকটির জন্য একজন হেল্‌থ অ্যাসিস্টেণ্ট এবং একজন এ এন এম আছেন।

(খ) রোগাক্রমণ প্রতিরোধ এবং মাতা ও শিশুর স্বাস্থ্যরক্ষার জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে ওষুধপত্র দেওয়া হয়।

## হাসপাতালসমূহে ডাক্তারের শূন্য পদ

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৯১০।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কতগুলি হাসপাতালে ডাক্তারের পদ শূন্য অবস্থায় পড়িয়া আছে ;

(খ) উক্ত শূন্য পদগুলির জন্য আবেদনকারী চিকিৎসকের মোট সংখ্যা কত ; এবং

(গ) উক্ত আবেদনকারী চিকিৎসকগণের মধ্যে পাঁচ বৎসরের অধিক অপেক্ষাকারী চিকিৎসকের সংখ্যা কত ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৪০১টি (প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৮৩টি, উপস্বাস্থ্যকেন্দ্রে ২১৭টি এবং অন্যান্য স্থানে ১০৪টি)।

(খ) ও (গ) বলা সম্ভব নয়।

## ২৪-পরগণা জেলার ডি আই সি অফিস

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৪।) **শ্রীসরল দেব :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলা দুইটি ভাগে বিভক্ত হওয়া সত্ত্বেও দুইটি জেলার জন্য দুইটি ডি আই সি অফিস হইতেছে না কেন ; এবং

(খ) উক্ত জেলায় বর্তমানে ডি আই সি অফিস কলিকাতায় থাকার জন্য মাসিক কত ভাড়া দিতে হয় ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ২৪-পরগনা জেলা এখনও পর্যন্ত একটি জেলাই আছে। সুতরাং উক্ত জেলায় দুইটি ডি আই সি অফিস স্থাপনের কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন নাই।

(খ) ২৪-পরগনা জেলা শিল্পকেন্দ্রের কলিকাতা অফিসের জন্য মাসে ২১,১২৫ টাকা ভাড়া হিসাবে দেওয়া হয়।

## বসিরহাট ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে তহবিল তছরূপ

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৫।) **শ্রীসরল দেব :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) বসিরহাট শাখার স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কচুয়া ও উত্তরদেবীপুরে সমবায় ঋণদান সম্পর্কে সম্প্রতি কোন কারচুপির অভিযোগ পাইয়াছেন কি ; এবং

(খ) পাইয়া থাকিলে, উক্ত বিষয়ে কোন তদন্ত হইয়াছে কিনা ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। তহবিল তছরূপের ঘটনা সম্পর্কে ব্যাংক থানায় রিপোর্ট করেছেন এবং বর্তমানে তদন্তসাপেক্ষে বিচারাধীন।

**Principle of recruitment of non-teaching staff**

144. (Admitted question No. 1055.) **Shri Dinesh Chandra Dakua**: Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state whether the principle of recruitment only through the Employment Exchange has been followed in the case of recruitment of non-teaching staff in the non-Government Colleges.

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয়**ঃ বেসরকারী কলেজগুলিতে শিক্ষাকর্মী পদে নিয়োগ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্টেটিউটে বর্ণিত নিয়মানুযায়ী পূরণ করা হয়। এঁদের ক্ষেত্রে যেসব পদগুলিতে সরাসরি নিয়োগ করা হয় সেসব পদগুলিও এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের আওতায় পড়ে কিনা তা সরকারের বিবেচনাধীন।

**শাল বীজ**

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৪।) **শ্রীমনোহর তিরকী**ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) এই রাজ্যের বনবিভাগ কর্তৃক শাল বীজ বিক্রীর কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ সালের কি পরিমাণ শাল বীজ বিক্রয় হয়েছে (বৎসরওয়ারীর হিসাব); এবং

(গ) উক্ত শাল বীজের কুইণ্টাল প্রতি দাম কত?

**বন বিভাগের মন্ত্রীমহাশয়**ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭৮ঃ ৯৬০ মেট্রিক টন।

(২) ১৯৭৯ঃ ৩,৭৫১ মেট্রিক টন।

(৩) ১৯৮০ঃ ৩০ মেট্রিক টন।

(৪) ১৯৮১ঃ ৫,৩৮০ মেট্রিক টন।

(গ) সরকারী নীতির ভিত্তিতে ল্যাম্পকে সারা পশ্চিমবঙ্গে শালবীজ সংগ্রহ করিবার অধিকার দেওয়া হইয়াছে। মূল্য হিসাবে গড়ে প্রতি হেক্টরে ৮০ পয়সা হিসাবে ধার্য করা হইয়াছে।

**College Service Commission**

146. (Admitted question No. 1153.) **Dr. Kiran Choudhury**: Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) whether the College Service Commission is a recommending body; and

(b) if so, whether it recommends only one name for one post of principal or teacher of a College when falling vacant?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ। কিন্তু শিক্ষক নিয়োগের ব্যাপারে কলেজ সার্ভিস কমিশনের সুপারিশ অবশ্যগ্রাহ্য। (পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন আইন, ১৯৭৮) আইনের ৯ ধারা দ্রষ্টব্য।

(খ) হ্যাঁ।

### Per capita availability of fluid milk

147. (Admitted question No. 1207.) **Shri Somendra Nath Mitra:** Will the Minister-in-charge of the Dairy Development Department be pleased to state—

(a) whether the State Government has any information with regards to the capita availability of milk as compared to the standard untritional prescription for milk in West Bengal ; and

(b) if so—

(i) the position in the matter as on 31st July, 1977 and 31st July, 1982 ; and

(ii) the steps taken by the Government to improve the situation ?

**Minister-in-charge of the Dairy Development:** (a) Yes. The State Government has a report regarding the per capita availability of milk in West Bengal from the Nutrition Expert Group of Indian Council of Medical Research.

(b) (i) It is not possible to estimate the per capita availability of milk as stood on 31st July, 1977. But during the year 1977, the per capita availability of fluid milk on the basis of home production was 61 gm. The additional availability was approximately 7 gm. from outside sources.

During July, 1982 the availability from home production of milk was around 89.5 gm. and from outside source was above 7 gm. of fluid milk per head per day. The slight drop may be accounted for cyclone and drought condition which will be compensated when condition improves.

(ii) During last five year 4 Intensive Cattle Development Projects were set up in the districts of Midnapore, Burdwan, Birbhum, Jalpaiguri-Siliguri and Howrah bringing 4 lakh additional breedable cattle under cross-breeding programme.

At present there are eight Intensive Cattle Development Projects with about one million breedable cattle.

Under Operation Flood through Co-operative movement cross-breeding, and in-put programme and milk marketing have been taken to increase milk production.

Cattle Development Programme has also been taken under Drought Prone Area Development, special animal husbandry programme and other special programmes and by way of such programmes it is hoped that the availability of milk will improve during the years to come.

**Finansial assistance by World Bank for development of transport system**

148. (Admitted question No. 1239.) **Shri Prafulla Kanti Ghosh**: Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the amount given by the World Bank Authority for development of transport system during 1977-82 ;

(b) the number of 'single decker' and 'double decker' buses ordered by the State Government during this period ; and

(c) the number of them actually put in service ?

**Minister-in-charge of the Home (Transport) Department**: (a) Out of a total of $ 56 million given as credit by the World Bank for the Calcutta Urban Transport Project, a sum of Rs. 1321.30 lakhs has so far been claimed by the State Government from the World Bank. The agreement with the World Bank Authority was executed only in October, 1980, and so the period as mentioned in the question is not correct.

(b) Out of total 239 single decker buses and 291 double decker buses scheduled to be procured under this Project for CSTC, order has been placed for all those single decker and double decker buses.

(c) 146 single decker and 55 double decker buses have been actually put on service up till now.

**Procedure of selling of Plots at Salt Lake**

148. (Admitted question No. 1241). **Shri Prafulla Kanti Ghosh**: Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to state—

(a) the procedure of selling the plots of Salt Lake Complex ;

(b) is there any committee formed by the Government for the said purpose ; and

(c) if the answer to 'b' is in the affirmative, the name of members of the said committee ?

**Minister-in-charge of the public Works (Metropolitan Development) Department.** (a) The plots have not bee sold. Those have been allotted on lease basis.

Different procedures have been followed in making allotment of different categories of plots. Most of the residential plots in Sector—II & III at Salt Lake have been allotted on the basis of public lottery held from time to time after inviting applications through press advertisement. Some plots have been allotted outside the lotteries to persons belonging to specific categories like Government servents, freedom fighters, social and political workers, judges, lawyers, chartered accountants, defence personnel, Indian nationals staying abroad, physically handicapped persons, persons evicted due to developmental activities of CMDA, CIT, Salt Lake Project etc. Besides, small plots of land

measuring 2 cottahs or less have been earmarked for construction of house under EWS Schemes to rehabilitate people belonging to EWS, many of whom were evicted at the time of development of Salt Lake.

Large plots of different sizes earmarked for industrial purpose, commercial purpose (mainly in Sector-V) and office complexes have been alloted on the basis of individual applications. Each such case was examined separately before issue of offer.

Plots of land measuring 5 cottahs to 15 cottahs have been allotted to small-scale industries on the basis of applications which were initially scrutinisen by a sub-committee.

(b) There was a screening committee foimed in 1978 to screen applications for 4, 5 and 6 cottahs residential plots. At the material time, almost all who submitted applications in response to advertisement for above category of plots could be offered allotment. Their eligibility was examined by the screening committee. Besides, sub committees were formed from time to time for allotment of land for specific purposes like setting up of small scale industries, co-operative housing scheme, setting up of petrol pumps, etc.

(c) The abovenoted screening committee formed with the Municipal Service Minister, local M.L.A. Secretary, P.W.(MD) Department, Chief Engineering Advisor, P.W.(MD) Department, and Dy. Secretary, P.W.(MD) Department.

Allotment of land in Sector-I, at Salt Lake, was virtually completed by midseventies and as such the same has not been dealt in the abovenoted replies.

## গ্রামপঞ্চায়েতের মাষ্টার রোল দাখিল

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৪।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বর্ষে এন আর ই পি (ন্যাশানাল রুরাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম)-এর কাজের জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে দেয় টাকা, গম ইত্যাদির হিসাব (মাস্টার রোল) যথাসময়ে পাওয়া গিয়াছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, মোট কতজন গ্রাম পঞ্চায়েত প্রধান যথাসময়ে উক্ত হিসাব (মাস্টার রোল) রাজ্য সরকারের নিকট দাখিল করেন নি; এবং

(গ) উক্ত বছরে উক্ত কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ হয়েছিল?

**উন্নয়ণ ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) 'মাস্টার রোল' রাজ্য সরকারের সদর দপ্তরে আসে না। ঐগুলি অডিটের সময় উপস্থাপনের জন্য গ্রাম পঞ্চায়েতের অফিসেই রক্ষিত থাকে।

গ্রাম পঞ্চায়েতগুলি পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের মাধ্যমে মাসিক খরচের রিপোর্ট দাখিল করেন। ১৯৮১-৮২ আর্থিক বর্ষের জেলাভিত্তিক খরচের হিসাব সব জেলা থেকেই পাওয়া গেছে।

(গ) উক্ত বছরে ( ১৯৮১-৮২ ) ঐ প্রকল্পের জন্য মোট ১,৫৯৬.৪৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। এর মধ্যে প্রকল্পের অধীন কাজগুলির মজুরী বাবত গ্রাম পঞ্চায়েতগুলিকে ১,২৮৩.৯২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল এবং খাদ্যশস্য ক্রয় ও অন্যান্য খাতে দেওয়া হয়েছিল ৩১২,৫২ লক্ষ টাকা।

### Adjournment Motion

**Mr. Speaker :** I have received one notice of Adjournment Motion from Shri Kashinath Misra. It deals with agitation by the temporary employees appointed in the Unemployment Assistance Beneficiaries Scheme.

The subject matter of the motion is not such which calls for adjournment of the House. The member can call the attention of the Minister concerned through Calling Attention Notice, Mention Cases etc.

I, therefore, withhold my consent to the above motion.

The member may, however read the text of the motion as amended.

**শ্রীকাশীনাথ মিশ্র :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল : ১৯৭৮ সালের এপ্রিল হতে ১৯৮১ সালের মার্চ পর্যন্ত সারা পশ্চিমবাংলায় বেকারভাতা প্রকল্পে নিযুক্ত অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণ হচ্ছে না ফলে উক্ত প্রকল্পে নিযুক্ত অস্থায়ী কর্মচারীরা ব্যাপক আন্দোলনসহ অনশন সুরু করেছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন কোলকাতায় কারমাইকেল ছাত্রাবাসটি বিশেষ করে মুসলিমদের জন্য সংরক্ষিত ছিল অর্থাৎ মুসলিম গরীব ছাত্র যারা লেখাপড়া করতে আসবে তাদের এটি মাথা গোজার স্থান। কিন্তু ওই গ্রাজুয়েট হোসটেলের যে রুলস্ আছে তার ১ নং ধারার ৬ উপধারায় যেটা মেনসন করা ছিল সেটা এবারে তুলে দেওয়া হয়েছে এবং তার ফলে গ্রাম বাংলার ছেলেরা এখানে এসে আর থাকতে পারছে না, তাদের বঞ্চিত করা হচ্ছে। আপনি দয়া করে শিক্ষা মন্ত্রীকে বলুন তিনি যেন এই ব্যাপারে একটা স্টেটমেণ্ট দেন।

**মিঃ স্পীকার :** আমি শিক্ষা মন্ত্রীকে এ সম্বন্ধে বক্তব্য রাখতে অনুরোধ করছি।

**শ্রীশম্ভু চরণ ঘোষ :** স্পীকার মহোদয়, বিষয়টির প্রতি শিক্ষা দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বলছি যে বিষয়টি নিয়ে আমি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করছি। এই সমস্যা যাতে যথাযথভাবে সমাধান করা যায় তার চেষ্টা আমি করবো।

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 16 notices of Calling Attention namely :

1. Delay in opening fifty beds in tuberculosis ward of N. R. S. Medical College and Hospital—Dr. Sishir Kumer Bose.

2. Difficulties of poor farmers and agricultural labourers due to drought —Shri Hmansu Kunar.

১৯৭৩ সালে এই রোগে মোট আক্রান্তের সংখ্যা ছিল ৯৬০ আর মৃতের সংখ্যা ছিল ৪১৯। ১৯৭৬-৭৭ সালে শুধু বর্ধমান জেলায় আক্রান্তের সংখ্যা ৩০৬ আর মৃতের সংখ্যা হয় ১২৫। ১৯৭৮-৭৯ সালে মোট আক্রান্তের সংখ্যা ছিল ১৩৩৭ আর মৃতের সংখ্যা ছিল ৬১৪। ১৯৭৯-৮০ সালে মোট আক্রান্তের সংখ্যা ১২৪৫ আর মৃতের সংখ্যা ছিল ৪৭৯। ১৯৮০ সালে শুধু বর্ধমানে আক্রান্তের সংখ্যা ছিল ৬২ আর মৃতের সংখ্যা ছিল ২৭। ১৯৮১ সালে মোট আক্রান্তের সংখ্যা ৭১ ও মৃতের সংখ্যা ছিল ৩৫।

বর্তমান বছরে এই রোগ বর্ধমান জেলাতে প্রথম দেখা দেয় ৬.৮.৮২ তারিখে এবং বীরভূম, বাঁকুড়া ও মেদিনীপুর জেলায় তা ছড়িয়ে পড়ে। বর্ধমান জেলার ১৪টি ব্লকে এই রোগ ছড়িয়ে পড়ে। ৬ই অক্টোবর পর্যন্ত এই ১৪টি ব্লকে মোট আক্রান্তের সংখ্যা হল ১২৩ ও মৃতের সংখ্যা ৫৮।

বীরভূম জেলাতে এই রোগ প্রথম দেখা দেয় ২৭.৮.৮২ তারিখে এবং তা ১৭টি ব্লকে ছড়িয়ে পড়ে। ৫ই অক্টোবর পর্য্যন্ত এই জেলায় মোট আক্রান্তের সংখ্যা ৪৩ এবং মৃতের সংখ্যা ১৪।

বাঁকুড়া জেলায় এই রোগ প্রথম দেখা দেয় ১লা সেপ্টেম্বর '৮২ আর তা ঐ জেলার ১৩টি ব্লকে ছড়িয়ে পড়ে। ৪ঠা অক্টোবর পর্য্যন্ত এই জেলায় মোট আক্রান্তের সংখ্যা ৫৭ ও মৃতের সংখ্যা ৪২।

মেদিনীপুর জেলার ৫টি ব্লক এই রোগের প্রকোপে পড়ে। ৫ই অক্টোবর পর্যন্ত এই জেলায় মোট আক্রান্তের সংখ্যা ৪৩ আর মৃতের সংখ্যা ১৪।

এই রোগ নিরাময় ও প্রতিরোধের জন্য নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করা হয় এবং হচ্ছে :—

(১) রোগীকে খুঁজে বের করা ও তাকে হাসপাতালে পাঠানো ও চিকিৎসা করা,

(২) আক্রান্ত এলাকায় ডি. ডি. টি. স্প্রে করা,

(৩) স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে রোগীর রক্ত ও সেরিব্রো স্পাইনাল ফ্লুইড পরীক্ষা করা,

(৪) মশা পরীক্ষা করা,

(৫) স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন্ থেকে আক্রান্ত এলাকায় বিশেষজ্ঞ দল পাঠানো প্রভৃতি।

এর মধ্যে বিশেষ করে ডি. ডি. টি. স্প্রের ব্যাপারে বলা যায় যে বর্ধমান জেলায় ৪৪০টি গৃহে, বীরভূম জেলায় ৭৮টি গৃহে, মেদিনীপুর জেলায় ৫৮২টি গৃহে এবং বাঁকুড়া জেলায় ৭৯২টি গৃহে এই স্প্রে ইতিমধ্যে করা হয়েছে।

[2-10—2-20 p.m.]

**শ্রীদীপক সেনগুপ্ত :** অন এ পয়েণ্ট প্রিভিলেজ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দিল্লীতে বাংলাদেশের মুখ্য সামরিক প্রশাসক-এর সংঙ্গে আমাদের প্রধানমন্ত্রীর আলোচনা হচ্ছে এবং আমাদের মুখ্যমন্ত্রীকে জরুরী ভাবে ডেকে নিয়ে যাওয়া হয়েছে। এই আলোচনার ক্ষেত্রে মুখ্যমন্ত্রীকে দিল্লীতে ডেকে নিয়ে যাওয়া

হয়েছে। আজকের খবরের কাগজে দেখা যাচ্ছে যে মুখ্যমন্ত্রী একটা বক্তব্যের মধ্যে দিয়ে বলেছেন যে তিন বিঘার ব্যাপারে একটা সিদ্ধান্ত হয়ে গেছে। তিনি নিজেই বলেছেন এটা অত্যন্ত সেণ্টিমেণ্টাল জিনিস এবং আমরা জানি এই বিধানসভাতে আলোচনা হয়েছে তিন বিঘার ব্যাপারে একটা কনসেনসাস করে আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছিলাম, পশ্চিমবাংলার একটা ভূখণ্ড স্থায়ীভাবে বাংলাদেশকে করিডোর হিসাবে ব্যবহার করবার জন্য দেওয়া হচ্ছে মৈত্রী স্থাপনের জন্য। যাই হোক না কেন, যখন বিধানসভা চলছে, মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে একটা জায়গায় বলেছেন যে হ্যাঁ, আমরা এলাকার লোকজনকে তা বোঝাবার চেণ্টা করবো। মাত্র গত বছর সেখানে পুলিশের গুলিতে সুধীর রায় মারা গেছেন, অত্যন্ত সেণ্টিমেণ্টাল ইশ্যু, দেশের একটা অংশ তুলে দেওয়া হচ্ছে, যাঁরা যে ভাবে দিয়েছেন, ইন্দিরা গান্ধী মুজীব চুক্তির মধ্যে দিয়ে এটা করা হয়েছে, তা নিয়ে শুধু সেণ্টিমেণ্ট নয়, অত্যন্ত ল্ট্রং সেণ্টিমেণ্ট রয়েছে। আমাদের মুখ্যমন্ত্রীকে এর পার্টি করে দেওয়া হয়েছে, কিন্তু এ্যাসেম্বলি ইন সেশন, যখন এটাকে বোঝানোর দায়িত্ব নিতে হবে, এই যে কাজটা করা হয়েছে, বিধানসভার অধিবেশন যখন চলছে, সেটাকে কমপ্লিটলি ডার্কনেসে না রেখে আগামীকাল যা বিজিনেস এ্যাডভাইসারী কমিটি রেখেছেন, তার মধ্যে এই ব্যাপারটা রেখে একটা আলোচনার ব্যবস্থা করুন, মুখ্যমন্ত্রী এই তিন বিঘা সম্পর্কে দিল্লীতে কি হোল না হলো এই সম্পর্কে একটা বিবৃতি দিন এবং আলোচনা হোক। এটাই আমার প্রিভিলেজ। যখন গোটা হাউস এই ব্যাপারে ইনভলভ হয়ে গেছে, সেটাকে বাই পাশ করে কিছু করা ঠিক নয়।

**মিঃ স্পীকার ঃ** লিখিতভাবে প্রিভিলেজটা দেবেন।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** আগামীকাল সেশন যখন আছে, সেখানে অন্ততঃ মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা স্টেটমেণ্ট দেওয়া হোক।

**মিঃ স্পীকার ঃ** লিখিতভাবে যদি ব্যাপারটা দেন, তাহলে দেখবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিধানসভা চলছে, আমাদের মুখ্যমন্ত্রী, তিনি দিল্লী গেছেন এবং দিল্লীতে যখন গেছেন, মাননীয় সদস্য যিনি এই কথাটা বলছেন, মুখ্যমন্ত্রীর উপর তাঁর নিশ্চয়ই কনফিডেন্স আছে, কেন না, তিনি লিডার অব দি হাউস। তিনি গেছেন, ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁকে ডেকে নিয়ে গেছেন, আলোচনা হচ্ছে, সেখানে আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যদি কথা দিয়ে আসেন কিছু, কোন আলোচনায় অংশ গ্রহণ করেন বা যদি কিছু স্বীকৃতি দেন তাহলে আমার মনে হয় — উনি বামফ্রণ্টের সমর্থক কিনা জানি না, সরকারে যখন তাঁরা আছেন, মুখ্যমন্ত্রী যেটা বলবেন, সেটাকে সর্বসম্মত ভাবে স্বীকার করা উচিৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় ছোট খোকা নন, তিনি বহুদিন বিরোধী দলে ছিলেন, তিনি বর্তমানে মুখ্যমন্ত্রী, সুতরাং তিন বিঘা জায়গা নিয়ে আমরা জানি দি ম্যাটার ইজ ভেরি ট্যচি — সেখানে আমরা স্বীকার করি, কোন প্রশ্ন ভারতের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্ব রাখবার জন্য কি করা দরকার এবং পশ্চিমবাংলার সঙ্গে বাংলাদেশের সম্বন্ধ কি হওয়া দরকার, তার জন্য পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সেখানে আছেন, আমার মনে হয় এই রকম কথা বলে বাংলাদেশের সঙ্গে — ঠিক এর্শাদ যখন এসে

ইন্দিরা গান্ধীর সঙ্গে আলোচনা করছেন ঠিক সেই সময় এই রকম ধরণের বিধানসভায় কোন আলোচনা হওয়া নিশ্চয়ই উচিৎ নয়, আমি তার তীব্র প্রতিবাদ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ১১ তারিখ হাউসে কিছু কলিং এ্যাটেনসনের এ্যানসার দেবার জন্য লিখেছেন। ইফ আই এ্যাম কারেক্ট, কালকেই হাউস বন্ধ হয়ে যাচ্ছে। আপনি মিনিস্টারকে রিকোয়েস্ট করেছেন, মিনিস্টার বলেছেন ১১ তারিখে রিপ্লাই দেবেন। আমাদের অনেক ইমপর্ট্যান্ট ইসু আছে। কাজেই ঐ ১১ তারিখের রিপোর্টটা কালকেই দেবার ব্যবস্থা করুন। স্যার, আমরা যা খবর পেয়েছি তাতে দেখছি প্রশান্ত শূরকে প্রোটেকসান দেবার জন্য আপনি কালকেই হাউস বন্ধ করে দিচ্ছেন। ইফ আই এ্যাম রং ইউ প্লিজ কারেক্ট মি — গতকাল আমরা শুনেছি বার বার চাপ আসছে, প্রশান্ত শূরের ব্যাপার নিয়ে আলোচনা যেন না হয়, হাউস যেন বন্ধ করে দেওয়া হয়। আপনি হাউস বন্ধ করে দিতে পারেন, ইট ইজ ইওর পাওয়ার, আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। কিন্তু স্যার, আমাদের প্রিভিলেজ কার্টেল করবেন না, ৮ তারিখের মধ্যেই যাতে আমরা রিপ্লাই পাই তার ব্যবস্থা করবেন।

**মিঃ স্পীকার ঃ** I shall give my ruling on the point.

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাতে টাচি হবার কিছু নেই। কিন্তু অতীতে আমাদের ভূখণ্ড বেরুবাড়ি নিয়ে আমরা কিছু খেসারত দিয়েছি, ভুল করে দিয়ে দেবার নামে। তা নিয়ে আন্দোলন হয়েছে। তিন বিঘার ব্যাপারে ইন্দিরা গান্ধী তখনও পোক্ত হননি। উনি তো আমাদের খোকা বললেন, সেই সময় কিন্তু ইন্দিরা গান্ধী খুকী ছিলেন। সেই কারণে তিনি হয়ত কিছু ভুল করেছেন। এখন বাংলাদেশের সঙ্গে সৌহার্দ্য স্থাপন করার জন্য আলোচনা করা হচ্ছে। পশ্চিমবঙ্গের একটা অংশ এই তিন বিঘা দিয়ে দেওয়ার ব্যাপারে এই বিধানসভায় আলোচনা হয়েছে। এখানে যারা বলছেন ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী হিসাবে আলোচনা করছেন, অতএব আলোচনা করার সেই সুযোগ এখানে নেই, আমি তাদের এইটুকু বলতে চাই জনতা পার্টির আমলে মোরারজী দেশাই যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন এই কংগ্রেসীরা এখানে চীৎকার করেছিলেন তিন বিঘা কেন দিয়ে দেওয়া হচ্ছে প্রধানমন্ত্রী জবাব দাও। ইন্দিরা মুজিব চুক্তি হয়েছে বহু ব্যাপারে, বলবার কিছু নেই। আমি শুধু এইটুকুই বলতে চেয়েছি, বিধানসভা যখন চলছে তখন সেই বিধানসভাকে অন্ধকারে রেখে দিল্লীতে কি আলোচনা হল সেটা বোঝবার দায়িত্ব আমাদের নেই? মুখ্যমন্ত্রী আগামীকাল ফিরে আসছেন। সেখানে তিনি যে আলোচনা করছেন সেই সম্পর্কে আলোচনার সুযোগ না হোক, অন্ততঃ তাঁর একটা বিবৃতির ব্যবস্থা যেন না করা হয় — এটাই আমার বক্তব্য।

**মিঃ স্পীকার ঃ** ঠিক আছে, আপনার এই প্রিভিলেজ-এর ব্যাপারটি আমি দেখব। আই উইল কনসিডার ইট।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার উল্লেখের বিষয় হল সল্ট লেকের জমি বণ্টন। স্যার, গতকাল আমি হাউসে ছিলাম না, তাই এই বিষয়ে আজকে কিছু বলতে চাই। আমি সল্ট লেক এ্যাডভাইসারি বোর্ডে গত ৫ বছর ধরে

আছি। আমি এই বিষয়টি জানি বলেই একজন দায়িত্বশীল সদস্য হিসাবে এই সভায় সঠিক তথ্য জানানো আমার একটি নৈতিক দায়িত্ব আছে বলে মনে করি। আমি জানি সল্ট লেকে যেসমস্ত জমি বণ্টন হয় তার একটা নিয়ম নীতি আছে এবং সেই নীতির মধ্য দিয়ে সমস্ত জমি—বেশীর ভাগ জমিই লটারীর মাধ্যমে বিলি বণ্টন হয়েছে। বেশ কিছুটা জমি লটারী ছাড়া হয়েছে। আর যে জমিটা লটারী ছাড়া হয়েছে তার কতকগুলি ক্যাটিগোরি ঠিক করা হয়েছিল। একটি ক্যাটিগোরি হল গভর্ণমেণ্ট অফিসার আই. এ. এস., ডবলিউ. বি. সি. এস., গভর্ণমেণ্ট কেরানী এবং আই. পি. এস., এদের ৫০০টি প্লট দেওয়া হয়েছে। অন্য দিকে পলিটিক্যাল সাফারার এ্যাণ্ড সোসাল ওয়ার্কার যারা, তাদের একটি ক্যাটিগোরি আছে। এই ক্যাটিগোরি ঠিক করেছিলেন বিধানচন্দ্র রায়, মুজাফ্‌ফর আহমেদ, হেমন্ত বসু এবং পলিটিক্যাল সাফারার এ্যাণ্ড সোসাল ওয়ার্কার কারা, সেটা এঁরাই ঠিক করেছিলেন। তাদের জন্য ২০০টি প্লট দেওয়া হয়েছে। অন্যদিকে যারা বিদেশে থাকেন, ডাক্তার, ইঞ্জিনিয়ার, জাজ ইত্যাদিদের এম. এল. এ., এম. পি. অতীশ সিংহ, রজনী দোলই, রেনু লীনা সুব্বা, কিরণময় নন্দ, প্রবোধ সিংহ, প্রধুল্লবাবু, প্রফুল্ল ঘোষ, সুব্রত মুখার্জি তাদের রেকমেনডেসানে জমি দেওয়া হয়েছে। তার সমস্ত নজীর আমার কাছে আছে, আমি সেই নজীর তুলে ধরতে পারি। কাজেই এই ভাবে জমি বিলি বণ্টন করা হয়েছে। অন্যদিকে সি. এম. ডি. এ., মেট্রোরেল উন্নয়নে জমি নেওয়া হয়েছিল, তাদের জমি বণ্টন করা হয়েছে। সাংবাদিকদের ৫০টি প্লট দেওয়া হয়েছে। এই সমস্ত প্লটগুলি এই ভাবে বণ্টন করা হয়েছে এবং স্ক্রিনিং কমিটির কাছে এইগুলি পাঠানো হয়েছে, যার একজন সদস্য মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর। সুতরাং জমি বণ্টনের ব্যাপারে নিয়ম নীতি বহির্ভূত কিছু করা হয়নি। অন্যদিকে ভোলা সেন, রামকৃষ্ণ সারাওগী যখন মন্ত্রী ছিলেন তখন তারা ৫০টি প্লট বড়বাজারের ব্যবসায়ীদের দিয়ে গেছেন। কিন্তু আমরা কোন অন্যায় কিছু করিনি। সুতরাং গতকাল এই সভায় মিথ্যা কথার অবতারণা করা হয়েছে।

**শ্রীঅশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি উত্তর হাওড়া থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমার এলাকায় বাবুডাঙ্গা একটি বাঙালী অধ্যুষিত অঞ্চল। ৪৯ বছর ধরে ওখানে সার্বজনীন বারোয়ারী পূজা হচ্ছে। প্রশান্তবাবুর নমিনেণ্টেড বডি, হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আলোকদূত দাস, ৪৯ বছরের এই পুজো বন্ধ করে দিয়েছেন।

[2-20—2-30 p. m.]

গতকাল অর্ডার দিয়ে উত্তর হাওড়ার জটাধারী পার্কের ৪৯ বছরের পূজা উনি বন্ধ করে দিয়েছেন। এরজন্য স্যার, ঐ এলাকায় অশান্তি বিরাজ করছে। আমি এ ব্যাপারে প্রশান্তবাবুর হস্তক্ষেপ প্রার্থনা করছি। ঐ এলাকায় মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির প্রার্থী তৎকালীন মন্ত্রী চিত্তব্রত মজুমদার মহাশয় ভোট পান নি বলে বাবুডাঙ্গা এলাকায় এবারে পূজা বন্ধ করে দেওয়া হচ্ছে যে পূজা দীর্ঘ ৪৯ বছর ধরে হয়ে আসছে। আমি এ ব্যাপারে স্যার, অবিলম্বে প্রশান্তবাবুর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রীমতী অপারাজিতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কুচবিহার শহরের কিছু কিছু ঔষধের দোকানে ভেজাল ঔষধ ধরা পড়েছে। বছর তিনেক আগেও একবার এই ভেজাল ঔষধের ব্যাপার নিয়ে কুচবিহার শহরে অত্যন্ত চাঞ্চল্যের সৃষ্টি হয়েছিল। গত ২৩শে সেপ্টেম্বর উত্তরবঙ্গ সংবাদে' এই ভেজাল ঔষধ সম্পর্কে একটি সংবাদ প্রকাশিত হয়েছে, এতে আমরা উদ্বিগ্ন। স্যার, আপনি জানেন, আমাদের দেশের অধিকাংশ মানুষ অত্যন্ত গরিব, এই অবস্থায় জীবনদায়ী ঔষধগুলি যদি ভেজাল হয় তাহলে অবস্থা অত্যন্ত ঘোরালো হয়ে যায়। স্যার, দেখা যাচ্ছে কুচবিহার শহরের বড় বড় কিছু দোকানে টেডভ্যাক এ. টি. এস. এ্যান্টিবায়োটিক ট্যাবলেটস, ক্যাপসুলস এগুলিতে ভেজাল ধরা পড়েছে। আমার অনুরোধ, এই ধরণের দোকানগুলি সম্পর্কে অবিলম্বে তদন্ত করা হোক এবং যারা এই ভেজাল ঔষধ বিক্রি করছে তাদের কঠোর শাস্তি দেওয়া হোক। স্যার, বছর তিনেক আগে এই নিয়ে যখন কুচবিহার শহরে বিক্ষোভ দানা বেঁধে উঠেছিল তখন শিলিগুড়ির ড্রাগ কনট্রোলারের দপ্তর থেকে একজন ইনসপেকটারকে সেখানে পাঠানো হয়েছিল ইনসপেকসান করার জন্য। স্যার, আমরা জানি, এতদূর থেকে ইনসপেকসান করতে গেলে ভেজাল কখনই ধরা পড়ে না, ফলে এসম্পর্কে কোন ব্যবস্থাও গ্রহণ করা হয় না। সেইজন্য স্যার, সরকারের কাছে আমার অনুরোধ, অবিলম্বে এই কুচবিহার শহরে ড্রাগ কনট্রোলারের একটি দপ্তর খোলা হোক এবং এই ধরণের ভেজাল ঔষধ বন্ধ করার প্রচেষ্টা গ্রহণ করা হোক।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** অন এ পয়েণ্ট অব পারসোনেল এক্সপ্লানেসান, স্যার, একটু আগে কথা প্রসঙ্গে মাননীয় সদস্য শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল আমার নামটা আনলেন সল্ট লেকে জমি চাওয়া কোন অপরাধ নয়, কেউ যদি চান নিশ্চয় চাইতে পারেন, কিন্তু আমি আজ পর্যন্ত কোন এ্যাপ্লাই করি নি, কারণ ওঁদের মতন সঙ্গতি আজও আমার হয়নি যাতে আমি একটা জমি চাইতে পারি।

**শ্রী অতীশ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে আমি জানাতে চাই যে আমার কোন রেকমেণ্ডেশানে কাউকে সল্ট লেকে জমি দেওয়া হয়নি। সুতরাং উনি আমার নাম করে যা বলেছেন সেটা ভ্রান্তিমূলক, এটা প্রত্যাহার করে নিলে আমি আনন্দিত হব।

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাজগতে যে কারচুপী চলছে তার একটা নমুনা আপনার সামনে তুলে ধরছি। আন্দুলিয়া এস. এস. হাই স্কুলে রাজকুমার ঘোষ নামে এক ভদ্রলোককে এ্যাপোয়েণ্টমেণ্ট দেওয়া হয় ২৫।১।৮০ তারিখে শ্রী এস. সি. পাল এর জায়গায় যিনি রিটায়ার করেছেন। প্রথম দিকে যখন এ্যাপোয়েণ্টমেণ্ট দেওয়া হয় তখন ওখানে কোন ম্যানেজিং কমিটি ছিল না এবং কোন এ্যাডমিনিস্ট্রেটর ছিল না। কিন্তু মুর্শিদাবাদ জেলার তদানিন্তন ডি. আই, আর ব্যানার্জী যার ঘুষখোর হিসাবে নাম আছে। তিনি চাকরী দিলেন ২৫।১।৮০ তারিখে, আর তার এ্যাপ্রুভাল দিলেন ২৪।১২।৭৯ তারিখে, মেমো নং হচ্ছে ৫০১৩—জি ডেটেড ১৪.১২.৭৯ উইথ ইফেক্ট ফ্রম ১৪।১২।৭৯। এ্যাপ্রুভাল দেওয়া হল ১৪।১২।৭৯, আর এ্যাপোয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে ২৫।১।৮০। সুতরাং এটা আর কিছু নয়, এটা এক মহা

পেমেণ্টের ব্যাপার। এখানে কি কোরাপশান চলছে সেটা এই একটা চিঠিতেই হদিশ পাওয়া যাবে।

**শ্রীনীহার বোস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য উল্লেখ করছি। কল্যাণী এক্সপ্রেস রোড, ব্যারাকপুর থেকে কল্যাণী পর্যন্ত সি. এম. ডি. এ থেকে একটা নূতন রাস্তা করা হয়েছে। অল্প দিন হল এই রাস্তাটি সাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে যে এই রাস্তার দুই ধারে পাইকারী হারে জবরদখল করে দোকান এবং অন্যান্য ঘর তৈরী করা হয়েছে। এই ঘর এবং দোকানের মধ্যে থেকে সাট্টা, জুয়া এবং চোলাই মদের চালাও ব্যবসা চলছে। তার মধ্যে দেখা যাচ্ছে যে ইন্দিরা কংগ্রেসের একটা অফিস, তেরঙ্গা ঝাণ্ডা টাঙিয়ে সেই অফিস চালাচ্ছে। যদি পাইকারী হারে এইভাবে জবরদখল করা হয় তাহলে অচিরে রাস্তার পাশে সমস্ত জায়গা দখল হয়ে যাবে। আমি সেজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই সমস্ত জবরদখলকারীদের এখনই তুলে দেবার জন্য, কারণ যত দেরী হবে তত সংকট বাড়বে। এই আবেদন আপনার মাধ্যমে করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকষণ করছি। গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২, এই ২ বছরে জাতিয় স্তরে পাম্পসেট এনারজাইসোন অর্থাৎ পাম্পসেট বৈদ্যুতিকরণের যে টার্গেট ছিল—সারা ভারতবর্ষে ৮০ পারসেণ্ট, কিন্তু পশ্চিমবাংলায় তার টার্গেট হচ্ছে ৯৬.৬ পারসেণ্ট। গত ৯।৯।৮২ তারিখে অমৃতবাজার পত্রিকায় সেণ্টার থেকে যে তদন্ত করা হয়েছে তার একটা রিপোর্ট বেরিয়েছে।

[2-30 - 2-40 p.m. ]

এখন প্রশ্ন হচ্ছে আমরা সাধারণভাবে মনে করতে পারি যে, মূলত বিদ্যুৎ ঘাটতির জন্য বা নিয়মিত বিদ্যুৎ সরবরাহ না থাকার জনাই বোধ হয় এসব লাইনগুলিতে বৈদ্যুতিকরণ করা হচ্ছে না। কিন্তু অনেকেই শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ চালিত পাম্প-সেটগুলিতে বৈদ্যুতিকরণ না হওয়ার কারণ হিসাবে কেন্দ্রীয় তদন্ত রিপোর্টে লেখা হয়েছে যে, পশ্চিমবঙ্গে একটা ডিজেল পাম্পসেট লবি আছে, তারা প্রভাব বিস্তার করে এই জিনিষ করছে। ইলেকট্রিক কানেকসন যাতে পাম্পসেটগুলিতে না দেওয়া হয় তার জন্য তারা চেষ্টা করছে এবং ইলেকট্রিক পাম্পসেটগুলি যাতে ব্যাঙ্ক থেকে লোন না পায় তারজন্য তারা ল্যাণ্ড ডেভলপমেণ্ট ব্যাঙ্কের উপর প্রভাব বিস্তার করছে। ল্যাণ্ড ডেভলপমেণ্ট ব্যাঙ্ক থেকে ইলেকট্রিক পাম্পসেট কেনার জন্য লোনের সংখ্যা সীমিত করে দেওয়া হচ্ছে কিন্তু ডিজেল পাম্পসেট কেনার জন্য তা করা হচ্ছে না। আজকে ডিজেল পাম্পসেট লবি ইলেকট্রিক পাম্পসেটগুলিকে বৈদ্যুতিকরণ করার পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে, তাই আমি বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভিন্ন বিষয়ের প্রতি এই কালা-সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি, কিন্তু ওরা কোন কিছুই চোখ দিয়ে দেখছে না এবং কান দিয়ে শুনছে না। সেই জন্য আমার ওদের কাছে কিছু বলতে ইচ্ছে করছে না।

স্যার, তথাপি আমি আজকে হেল্থ ডিপার্টমেণ্টের একটা করুণ কাহিনীর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ডাঃ পুষ্পিতা রায় হেল্থ ডিপার্টমেণ্টের 'ইন্দিরা শিশু মাতৃ-সদন' হসপিটলের সুপারিনটেনডেণ্ট ৮ থেকে ৯ মাস ফর এ। রিজন — রিজনটা আমি পরে বলছি — মাইনে পাচ্ছেন না। নিম্ন মধ্যবিত্ত ঘরের এ সকল ভদ্র-মহিলা অনেক কষ্টে ডাক্তারি পাশ করে ডাক্তার হয়েছেন এবং কোয়ালিফিকেসন নিয়েই সরকারের অধীনে ডাক্তারি করছেন, কিন্তু মাইনে পাচ্ছেন না। যোগ্য মানুষকে যোগ্যতার মুল্য দেওয়া হচ্ছে না। ইনি ১৯৭৫-৭৬ সালে টিউবেকলমির সেরা চিকিৎসক হিসাবে সরকারী পদক পেয়েছিলেন। অবশ্য আমরা জানি যিনি সেরা চিকিৎসক হিসাবে মেডেল পেয়েছেন তাঁর এই সরকারের আমলে কদর হবে না। এরা দুর্নীতি-পরায়ণ চোরদের কদর দেয়। গত ২৯শে সেপ্টেম্বরের 'পরিবর্তনে' ডাঃ পুষ্পিতা রায়ের কাহিনী প্রকাশিত হয়েছে। ১১ ক্লাশের একজন ছাত্রী, সে রাজনীতি করে না সে লিখছে, 'কী অপরাধ করেছেন আমার মা ? আমি আর ঐ লেখাটি পড়ছি না, তবে আমার এটা পড়ে মনে হচ্ছে একটা চরম অন্যায় অবিচার এই মহিলা ভদ্রলোকের ওপর করা হচ্ছে। আমি এব্যাপারে একটা কোশ্চেন হাউসে দিয়েছিলাম, কিন্তু এনি রিজন আমি রিপ্লাই পাইনি। তবে আমি জানি আলিমুদ্দিন স্ট্রীটের চক্রান্তের ফলই ঐ মহিলার ওপর এই অবিচার করা হচ্ছে। তবুও আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে নিবেদন করব যে, অবিলম্বে ওঁকে মাইনে দেওয়ার ব্যবস্থা করা হোক। বিনা অপরাধে হেল্থ ডাইরেক্টরেট এই ফ্যাসিলিটির ওপরে অত্যাচার করছে। এরকম যদি চলতে থাকে তাহলে হেল্থ ডাইরেক্টরেট আর কোন উপযুক্ত ডাক্তারকে পাবে না।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১লা সেপ্টেম্বর যখন পশ্চিমবঙ্গ বিধানসভার এই অধিবেশন শুরু হয় তখন সারা পশ্চিমবাংলায় প্রচণ্ড খরা চলছিল এবং আমরা জানতে পারলাম যে, আগামী কাল এই অধিবেশন শেষ হবে কিন্তু এই এক মাসের মধ্যে খরা পরিস্থিতি আরো জটিল আকার ধারণ করেছে। ইতি-মধ্যেই বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ থেকে বিভিন্ন সদস্যরা সারা পশ্চিমবাংলার খরা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁরা নিজেদের জেলা এবং বিভিন্ন এলাকা সম্পর্কে তাঁদের বক্তব্য রেখেছেন। সরকার এই খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য যুদ্ধকালীন পরিস্থিতি ঘোষনা করেছেন কিন্তু বাস্তবে যা দেখা যাচ্ছে তাতে আদৌ যুদ্ধকালীন মোকাবিলার জন্য সরকারী প্রচেষ্টা সাফল্য-মণ্ডিত হচ্ছে না। আমন ধান নষ্ট হয়েছে। পাট চাষ, পাট কাটা বন্ধ। এমন অবস্থা দেখা দিয়েছে, আগামী রবি শস্যের অবস্থা সঙ্কট-জনক জায়গায় এসে দাঁড়িয়েছে ? এই ব্যাপারে ইতিমধ্যে ফরাক্কার জলের ব্যাপারে সর্বদলীয় কমিটি দিল্লী গিয়েছেন ভাল কথা কিন্তু গ্রামের একজন নির্বাচিত সদস্য হিসাবে আমার মনে হয় আজকের দিনের সবচেয়ে বড় এবং কঠিন সমস্যা

হচ্ছে খরা। সুতরাং এই ব্যাপারে শুধু সর্বদলীয় কমিটি নয়, আমার প্রস্তাব হচ্ছে— সমস্ত মন্ত্রী মণ্ডলী এবং বিধানসভার সমস্ত সদস্যসহ দিল্লীর কাছে পশ্চিমবাংলার খরার জন্য যাতে দরবার করা হয় তারজন্য ব্যবস্থা করা উচিৎ।

**শ্রীঅতীশচন্দ্র সিন্হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ে মেনসান করবো সেটা তার আগেই দেবশরণবাবু বলেছেন। আমারও ঐ খরার ব্যাপারে মেনসান আছে। উনি মোটামুটি বক্তব্যটা ঠিকই রেখেছেন। খরার অবস্থা দিনের পর দিন যেভাবে খারাপ হচ্ছে তাতে আগামী দিনে যে দুর্ভিক্ষ সৃষ্টি হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। অত্যন্ত দুঃখের কথা, বামফ্রণ্ট সরকার ঘোষণা করেছিলেন যুদ্ধকালীন পরিস্থিতির মত তৎপরতার সঙ্গে এই খরা পরিস্থির মোকাবিলা করবেন। কিন্তু সেই রকম কোন জিনিষ আমরা দেখতে পাচ্ছি না। আমি একটা জিনিষ মন্ত্রীসভার কাছে রাখতে চাই, এখনও বিভিন্ন নদীতে জল আছে। যদি পারমানেণ্ট রিভার লিফটের ব্যবস্থা না করতে পারেন তাহলে অন্তত টেম্পোরারী রিভার লিফটের মাধ্যমে জল তুলে নদীর দুই ধারে যে হাজার হাজার একর জমি আছে তাতে জল দেবার ব্যবস্থা করুন। এটা করলে জমির ফসল বাঁচতে পারে। এই ব্যাপারে তৎপরতার সঙ্গে এগিয়ে আসতে হবে। খালি কেন্দ্রীয় সরকারের কাছে টাকা দাও বললেই এই সমস্যার সমাধান হবে না। এই ক্ষমতা সরকারের হাতেই আছে অথচ সেই ক্ষমতাটাকে প্রয়োগ করা হচ্ছে না। সুতরাং এই সরকারের হাতে যে ক্ষমতা আছে সেই ক্ষমতাটাকে প্রয়োগ করে পশ্চিমবাংলার যে খরা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে তার মোকাবিলা করা হোক।

**শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্গাপূজা আগতপ্রায়। সেইজন্য প্রায় সকল শ্রেণীর কর্মচারী কিছু না কিছু বাড়তি সাহায্য পাচ্ছেন বা পাবেন। কিন্তু রাজ্যের পৌর কর্মচারীরা এ পর্যন্ত কোন সাহায্য পায়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি, অন্তত ১ মাসের এক্স-গ্রাসিয়া দেওয়া যায় কি না সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করবেন এবং অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিধানসভায় বারবার মাননীয় মন্ত্রীদের মুখে শুনেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন যে, বামফ্রণ্ট সরকারের চাকরী দেওয়ার ব্যাপারে একটা নিয়ম নীতি আছে। সেটা হচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরী দেওয়া। আমি আমার চতুর্থ কিস্তি হিসাবে মাননীয় মন্ত্রী প্রশান্ত শূরের বিরুদ্ধে দূর্নীতির গুরুতর অভিযোগ আপনার কাছে রাখছি। আজকে আমার কাছে যে লিষ্টটা আছে সেই লিস্টে চাকরী দেওয়ার ব্যাপার আছে। ১৫০ জনকে চাকরী দেওয়ার একটা লিষ্ট আমার কাছে আছে। এতে কোথায় তাদের বাড়ী, কোথায় পোষ্টিং সমস্ত কিছু আছে। প্রত্যেকের এরিয়া দেখা যাচ্ছে কলিকাতা ৪০ এবং কলিকাতা ৩২। মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়ের বাড়ীর পাশেই। দুর্ভাগ্যজনক ব্যাপার হলো, তাঁর যিনি সি. এ. ছিলেন শ্রীতপন চ্যাটার্জী তাঁর ভাই স্বপন চ্যাটার্জী এবং তাঁর বোন সীমা চ্যাটার্জী-এরা চাকরী পেয়েছেন এবং এদের ঠিকানা হচ্ছে, ৪।২।সি, বিজয়গড়, কলিকাতা-৩২। আর একজন তাঁর পি. এ. ছিলেন শ্রীপ্রফুল্ল বোস, ঠিকানা — নেতাজী নগর, তার ভাই কল্যাণ বোস এবং তার ভাই বাবলু বোস, এদের ঠিকানা হচ্ছে, ২।৪।৪৭, নেতাজী নগর — এঁরা চাকরী পেয়েছেন। আমি আপনার কাছে

বলছি, বিধানসভার সকল সদস্যেরা সকল জায়গা থেকে যদি কিছু কিছু ছেলেকে এইভাবে চাকরী দিতেন তাহলে আলাদা কথা কিন্তু পৌরমন্ত্রী তিনি কেবলমাত্র নিজে এইসব জিনিষ করেছেন।

[2-40—2-50 p.m.]

ফেভারেটিজম্, নেপোটিজম এ্যাণ্ড কোরাপসান এই তিনটি সবচেয়ে বড় গুণ মন্ত্রী মহাশয়ের আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লিস্টটা আপনাকে দেখিয়েছি, আপনাকে দিতেও পারি। যারা চাকরি করে তারা হচ্ছে বুক সরকার এবং পাম্প অপারেটর। আমি আপনার মাধ্যমে বক্তব্য রাখতে চাই যে ১৫০ জনের চাকরি হল বামফ্রণ্ট সরকারের নীতি, নিয়ম বহির্ভূত ভাবে। একই বাড়ী থেকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নিশ্চয় ৫টা নাম যায়নি বা ক্যালকাটা-৩২ এবং ক্যালকাটা-৪০, থেকে সব নাম যায়নি? আমি আপনাকে দেখিয়ে দিচ্ছি বামফ্রণ্ট সরকারের নীতি, নিয়ম যা আছে তাকে লঙ্ঘন করে মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় ফেভারেটিজম, নেপোটিজম এর মাধ্যমে এটা করেছেন। আমি এটা বলছি, একটু শুনুন এতে আপনার পক্ষে এবং হাউসের পক্ষে ভাল হবে। কালকে আমি সল্ট লেকে জমি বণ্টনের ব্যাপারে বলেছিলাম, আজকে এই ব্যাপারটা আপনাকে জানালাম।

**শ্রীবিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় নিবেদন করতে চাই। আপনি জানেন যে আমাদের লেফ্ট ফ্রণ্ট গভর্ণমেণ্ট পশ্চিমবঙ্গে মনিষী এবং পেট্রিয়টস এঁদের জন্য বিভিন্ন জায়গায় স্ট্যাচু করা হচ্ছে তাঁদের স্মৃতি রক্ষার জন্য। আমি এমন একটি নাম আপনার কাছে রাখছি, সেটা হচ্ছে উনবিংশ শতাব্দীতে যিনি ছিলেন নবজাগরণের পুরোধা। ডিরোজিও। আজকে যখন দেশে অপসংস্কৃতির বন্যা বয়ে চলেছে তখন ডিরোজিওকে স্মরণ করার একান্ত দরকার। তাই আমি আপনার মাধ্যমে সরকারের কাছে একটি কথা রাখতে চাই যে ডিরোজিও এমন একটা নাম, সেই নামে একটা থিয়েটার বা ইনসটিটিউসন কিছু একটা গড়ে তোলা হোক, যাতে করে আজকের বিপথগামী যুবকদের কাছে, যারা মার্কিন সভ্যতার প্রতি আকৃষ্ট হয়ে পড়ছে তারা নতুনভাবে শিক্ষা গ্রহণ করতে পারবে। উনবিংশ শতাব্দীতে যে বিরাট নবজাগর এনেছিলেন তাঁর শিক্ষায় শিক্ষিত হতে পারবে। আমি এই সঙ্গে আরও একটি কথা বলছি, সাঁওতাল বিদ্রোহের কথা সকলেই জানেন, সেই সাঁওতাল বিদ্রোহের অন্যতম দুইজন নেতা সিদু, কানু তাদের নামেও কোন রাস্তা, কি থিয়েটার বা তাদের স্ট্যাচু করে আদিবাসী শিক্ষা সংস্কৃতির বিস্তার করা হোক। আমি এই দুটি ব্যাপারে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় এবার দুর্নীতি নিয়ে অনেক আলোচনা হচ্ছে। আমি আর একটি দুর্নীতির উজ্বল দৃষ্টান্তের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পুরুলিয়া জেলার পিগুরা গ্রাম পঞ্চায়েতের প্রধান, সি. পি. এম. দলের তাঁর নাম ভরত নাপিত। তিনি প্রায় দেড় লক্ষের বেশী টাকা তছরূপের অভিযোগে অভিযুক্ত। অথচ তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। কাউকে এ্যারেস্ট করা হয়নি। গ্রাম পঞ্চায়েতের কাজ বন্ধ হয়ে রয়েছে। এর বিরুদ্ধে

যদি কোন ব্যবস্থা না নেওয়া হয় প্রতিকার না হয় তাহলে সমস্ত জায়গায়, সমস্ত গ্রাম পঞ্চায়েতের দুর্নীতি দেখা দেবে। তাই আমি আপনার মাধ্যমে এই অবস্থার প্রতিকারের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমাধুবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তেহাট্ট থানায় স্বাস্থ্য বিভাগের অসুবিধা সম্পর্কে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তেহাট্ট থানায় ২টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং ৪টি উপস্বাস্থ্য কেন্দ্র আছে। তার মধ্যে ২টি উপস্বাস্থ্য কেন্দ্রে দীর্ঘ দিন ধরে ডাক্তার নেই। দীর্ঘ দিন ধরে সেই সব স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজন মত ঔষধ সরবরাহ হয় না। ইনডোর রোগীদের ম্যাট্রেস নেই, বেড সিট নেই। সাব সেণ্টার যেগুলি আছে সেই গুলি খোলা হয় নাই। ১০০টি এম. সি. সি. সেণ্টার আছে। এর সাথে যুক্ত আছে শিশু কল্যাণী এবং কিছু নার্স। কমিউনিটি হেলথ গাইড ২০০ শিশু কল্যাণী ও সি. এইচ. জি-দের কাজ হলো স্বেচ্ছাসেবা মূলক। গত পাঁচ বছরে বামফ্রণ্ট সরকারের আমলে প্রিভেনণ্টিভ মেডিকেলের উন্নতি করার জন্য চেষ্টা করা হয়েছে। তবে আমরা দেখছি যে কিছু অব্যবস্থার ফলে প্রশাসনিক অবনতি ঘটেছে। এই অব্যবস্থা দূর করার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলার প্রাক্তন এম. এল. এ শ্রীশঙ্কর পাল এর বাড়ি পয়লা অক্টোবার রাত্রি দেড়টার সময় সমাজ বিরোধীরা বোমা নিয়ে আক্রমণ করে। সমাজবিরোধীরা তার বাড়ি চড়াও হয়ে তার সদর দরজা দিয়ে ঢুকে পড়ে। সেই দুষ্কৃতকারীরা বাড়ি ঢুকে পড়ে বাড়িতে বোমা ছুঁড়তে আরম্ভ করে। আমরা গিয়ে দেখে এসেছি সেই বোমা ছোঁড়ার দাগ। এই ভাবে সেখানে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। সেখানে প্রাক্তন এম. এল. এ-এর এবং বর্তমান এম. এল. এ -এর নিরাপত্তা নেই তাহলে কি করে সাধারণ মানুষের নিরাপত্তা থাকবে? এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করার জন্য একটা তদন্ত কমিটি গঠন করা হোক, এই দাবী আমি করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশু দিন ছাতনা থানায় শুশনীয়া অঞ্চলে ঝাড়খন্দ মুক্তি মোর্চা এবং কংগ্রেস (আই) সমর্থকদের যৌথ আক্রমণে আর. এস. পি দলের পঞ্চায়েত সদস্য সরোজ সিংহ কে গুরুতর আহত অবস্থায় বাঁকুড়া মেডিকেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে সেখানে যে খরা এবং দুর্ভিক্ষ্য পরিস্থিতি চলেছে তার সুযোগ নিয়ে বিচ্ছিন্নতাবাদী প্রতিক্রিয়াশীল শক্তি সাধারণ মানুষকে নানা ভাবে বিভ্রান্ত করছে, প্ররোচিত করছে এবং বিশৃঙ্খলা সৃষ্টি করে আইন-শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে। এর আগে ৪ তারিখে ঝাড়খন্দ মুক্তি মোর্চার কিছু লোক সশস্ত্র মিছিল করে। সেই মিছিলের আওয়াজ ছিল—খাদ্য চাই, কাজ চাই, নইলে রক্ত চাই। তবে এই কথা বলে আমি বাস্তব অবস্থাকে ছোট বা হালকা করতে চাই না। সেখানে যে অবস্থা চলেছে, সেটা অত্যন্ত ভয়াবহ। এই অবস্থার সুযোগ যাতে এই সমস্ত সমাজ-বিরোধীরা না নিতে পারে সেই ব্যাপারে রাজ্য সরকারের একটা ভূমিকা আছে এবং দায়িত্ব আছে। যেহেতু আগামীকাল বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাবে, সেজন্য

হাজার হাজার মানুষ যারা আমাদের মুখ চেয়ে আছে তাদের স্বার্থ। আমি বলছি, মুখ্যমন্ত্রী যেন এই ব্যাপারে আগামী কাল সভায় বক্তব্য রাখেন এবং এই দুঃসহ অবস্থার মোকাবিলার ব্যবস্থা ঘোষণা করে যেন সাধারণ মানুষকে আস্বস্ত করেন।

**শ্রীশিশির অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বন্ধ্যা সরকার অর্থাৎ যারা জেগে ঘুমোয় তাদের প্রতি কিছু বলতে চাচ্ছি। যেখানে ভারত সরকার ঠিকা প্রথা তুলে দিয়েছেন, সেখানে পশ্চিমবাংলার সরকার সেটাকে চালিয়ে যাচ্ছে। যেমন কিছু কর্মচারী—মেদিনীপুর, বাঁকুড়া, বীরভুম, পুরুলিয়া এবং ২৪-পরগণা জেলাতে পাংখা পুলার পদে ২০,২৫,৩০ বছর ধরে কাজ করে যাচ্ছে। অথচ এখনও পর্যন্ত তাদের ক্যাজুয়াল লেবার হিসাবে গণ্য করা হচ্ছে। মেদিনীপুরের একটা লিস্ট আপনাকে দিচ্ছি। ১৯৭৯ সালে তদানিন্তন চিফ সেক্রেটারী কর্তৃক ঐ সমস্ত কর্মীদের পূর্ণ নিয়োগ করা হোক, এই মর্মে একটা অর্ডার লেবার ডিপার্টমেণ্টে পাঠিয়েছিলেন। কিন্তু ঐ সকল পাংখ্যা পুলারদের লেবার দপ্তর এখনও এ্যাবজর্ব করেন নি। অবশ্য কোন কোন অফিস তা করেছে। পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে মোট ৮ হাজার এ রকম কর্মচারীদের জল বওয়া থেকে আরম্ভ করে চা আনার কাজও করতে হয়। তারা যেন কুকুর শিয়ালের মত বাস করছে। যাদের ইতিমধ্যে আর্থিক ফেসিলিটি দেওয়া দরকার ছিল, আজ পর্যন্ত তা দেওয়া হয় নি। আমি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে ঠিকা প্রথা উঠিয়ে দিয়ে এই পাংখা-পুলারদের তিনি যেন রেগুলার শ্রমিক হিসাবে নিয়োগের আদেশ দেন।

[2-50—3-00 p.m.]

**শ্রীবিকাশ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, গত মাসের ২৭ তারিখে ইস্টার্ণ কোল ফিল্ডের অফিসের কতিপয় অফিসার ট্রেড ইউনিয়ন কর্মীদের উপর হামলা শুরু করেছেন। এতদিন যাবৎ সেখানে অফিসারদের দলীয় যে ইউনিয়ন ছিল, তাদের দিয়ে এখন যেহেতু ওখানে এখন হামলা করতে পারছেন না, সেইহেতু তাঁরা এখন মরিয়া হয়ে উঠেছেন। দেবাশীষ সরকারের নেতৃত্বে কতিপয় লোক সি. আই. টি. ইউ. এর ভাইস প্রেসিডেণ্ট রাজেশ্বর চ্যাটার্জীর উপর হামলা করে তাঁকে হত্যার পরিকল্পনা করেছিল। ঐদিন হল্লা করবার সময় সেখানে কিছু কর্মী উপস্থিত ছিলেন, তাঁরা তাঁকে রক্ষা করেন। কিন্তু দুঃখের বিষয়, আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। ঐ সমস্ত অফিসারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। সেজন্য আমি স্বরাষ্ট্র দপ্তরের কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যাতে ঐ সমস্ত অফিসারদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় স্পীকার স্যার, বাইরে যখন বিভিন্ন জায়গায় রক্ত পাওয়া যাচ্ছে না, বহু রুগী তাঁদের অপারেশান করাতে পারছেন না রক্ত নেই বলে, তখন দেখা যাচ্ছে, সেণ্ট্রাল ব্লাড ব্যাঙ্ক ভলেনটিয়ার ডোনরদের রক্ত কালোবাজারে বিক্রি করছে। শুধু তাই নয়, আমরা যতটুকু জানি, তাতে কোন বে-সরকারী সংস্থা ভলেনটিয়ার ডোনরের কাছ থেকে রক্ত নিতে পারে না। কিন্তু ভারুকা ব্লাড ব্যাঙ্ক এবং

সেবায়তন—এই দুটি সংস্থা—ক্যালকাটা হসপিট্যালের গত ২রা এবং ৩রা হরিয়ানা ভবনে সেণ্ট্রাল ব্লাড ব্যাঙ্ক কর্তৃপক্ষের সহযোগীতায় কয়েকশ বোতল রক্ত নিয়েছিল। ভারুকা ব্লাড ব্যাঙ্ক এবং সেবায়তনের রেকর্ডে কোথাও দেখা যায় না যে, তারা বিনা পয়সায় কোন হাসপাতালকে রক্ত সরবরাহ করেছে। ভলেনটিয়ার ডোনরদের রক্ত কালোবাজারে তারা বিক্রি করছে। সেণ্ট্রাল ব্লাড ব্যাঙ্ক এ ব্যাপারে তাদের মদত দিয়ে যাচ্ছে—তারা ভলেনটিয়ার ডোনররা যাতে তাঁদের রক্ত দিতে না পারেন তারজন্য নিরুৎসাহিত করে চলেছেন। এ ব্যাপারে একটা উদাহরণ রাখছি। গত বছরের ২২শে ডিসেম্বর আমি এবং যুব কংগ্রেসের ৭০ জন যুবক স্বেচ্ছায় রক্ত দান করেছিলাম। সেই ২২শে ডিসেম্বর মাস পার হয়ে গিয়ে আর একটি ২২শে ডিসেম্বর মাস প্রায় আসতে চলল, কিন্তু আজ পর্যন্ত রক্ত দান করলে ডোনররা যে কার্ড পেয়ে থাকেন, তা দেওয়া হল না। আমি কয়েকদিন আগে এ ব্যাপারে কর্তৃপক্ষের কাছে চিঠি লিখি। তাঁরা জবাবে বলেন যে, কার্ড পাঠানো হয়েছে। প্রকৃতপক্ষে কিন্তু আমি বা আমরা কোন কার্ড এখনও পাই নি। সেণ্ট্রালে ব্লাড ব্যাঙ্ক এই ভাবে রক্ত না দেওয়ার জন্য ডোনরদের নিরুৎসাহিত করে যাচ্ছেন এবং বাজারে একটা আবহাওয়া সৃষ্টি করে চলেছেন। এই ব্যাপারে বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরাইচরণ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, বর্ধমান জেলার কেতুগ্রাম থানার ময়ূরাক্ষী ক্যানাল থেকে চাষের জন্য জল সরবরাহ করা হয়ে থাকে। কিছুদিন আগে বর্ষার সময়ে জল দেওয়া হয়েছিল, তারপর থেকে আর জল দেওয়া হয় নি। এখন প্রচণ্ড খরা চলছে, সমস্ত গাছ—ধান গাছ—শুকিয়ে যাচ্ছে। সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে কেতুগ্রাম থানা এলাকায় ময়ূরাক্ষী ক্যানাল থেকে অবিলম্বে জল ছাড়ার ব্যবস্থা করা হয়, সে ব্যাপারে তিনি যেন নির্দেশ দেন।

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড আছে সেখানে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আইন মানা হচ্ছে না এবং আইনের বাইরে কিছু কিছু নিয়োগ হচ্ছে। আপনি জানেন স্যার ১৯৭৭ সালের আগেই অনেকে পাশ করে বসে আছে তারা কোন সুযোগ পাচ্ছে না। অথচ ১৯৮০-৮১ সালে যারা পাশ করেছে তারা সুযোগ পেয়ে যাচ্ছে। দীর্ঘদিন ধরে তারা কোন চান্স পাচ্ছে না। অনেকে বেসিক ট্রেনিং পাশ করেও কোন চাকুরীর চান্স পাচ্ছে না। বিহার থেকে সাসপেনডেড বা ছাটাই হয়েছিল এবং তারা কোর্টে কেস করে জিতেছেও কিন্তু তারাও কোন চাকুরী সুযোগ পাচ্ছে না। আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী এম. আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনা উল্লেখ করছি এবং সাথে সাথে তদন্তের দাবীও করছি। আমার কয়েকদিন আগে মাননীয় বিরোধীদলের সদস্য শ্রীসত্য রঞ্জন বাপুলি মহাশয়ের বাড়ী নির্বাচন কেন্দ্রে যাবার সুযোগ হয়েছিল। সেখানে গিয়ে দেখেছিলাম মথুরাপুরের মানুষেরা সত্য বাপুলীর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন। তাদের প্রথম অভিযোগ হচ্ছে—১৯৭৭ সালে জাল বিধানসভার সদস্য হিসাবে তিনি নির্বাচিত হয়েছিলেন।

বাপুলীবাবু ওর্য়াল্ড ফুড সংস্থার হিসাবে বহু গম বিক্রি করে টাকা আত্মসাৎ করেছেন। সেখানকার মানুষের ধারনা বহু টাকা তিনি আত্মসাৎ করে তাঁর নামে একটি বাপুলি রোড তৈরী করেছেন এবং নিজের নামে ইঁট তৈরী করে তিনি টাকা আত্মসাৎ করেছেন। মথুরাপুরের জনসাধারণের আরো অভিযোগ যে তিনি ডায়মণ্ডহারবারে নতুন বাড়ী তৈরী করেছেন এবং তাদের ধারণা যে তিনি দার্জিলিঙয়েও একটি বাড়ী করেছেন। তিনি নাকি বহু বিধবার সম্পত্তি গ্রাস করেছেন এবং নানারকম অসামাজিক কাজকর্মের সঙ্গে তিনি জড়িত। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে মাননীয় সত্য রঞ্জন বাপুলী মহাশয়ের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ এনেছে সেগুলির তদন্তের ব্যবস্থা করুন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের বাড়ী কোথায় আমার জানা নেই। আনি আপনার সামনে খুব পরিষ্কারভাবে কয়েকটি কথা বলতে চাই। আপনি জানেন যে ১৯৭২ সালে, ১৯৭৭ সালে এবং ১৯৮২ সালে আমি নির্বাচিত হয়ে এসেছি। আপনি জানেন আমি কয়েকদিন যাবৎ শ্রীপ্রশান্ত শূরের বিরুদ্ধে অভিযোগ এনেছি। এবং তারই প্রত্যুত্তরে তিনি এই ধরনের উক্তি করছেন বলে আমার মনে হয়। আমার মনে হয় ওনার জানা নেই যে ডায়মণ্ডহারবারের বাড়ীটি ১৯৬৭ সালে আমি করেছি এবং ওই জমিটি কিনেছিলাম ১৯৫৪ সালে। আমার দ্বিতীয় কথা হচ্ছে—আমি খুব দরিদ্র পরিবারের সন্তান নই। আমি বিত্তশালী পরিবারের সন্তান। আমাদের একটা বাজার আছে। শুধু তাই নয় দক্ষিণ অঞ্চলের জমিদার বলে আমরা পরিচিত। আমাদের ১০৮টি পুকুর আমরা দান করেছি এবং এই পুকুরগুলি ১২ বিঘা করে। এক একটি পুকুর দান করা হয়েছে শুধু জনসাধারণের জল সরবরাহের জন্য। এইগুলি ওনার বোধহয় জানা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী যখন আমাদের ওখানে বক্তৃতা দিতে গিয়েছিলেন তখন তিনি ডি. আই. জি. এবং সি. আই. ডি. কে জিজ্ঞাসা করেছিলেন আমার বিরুদ্ধে কোন অভিযোগ আছে কিনা ?

[3-00—3-10 p.m.]

আমাদের বাজারের কাছে বক্তৃতা দিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় তিনি সেই বক্তৃতার মাধ্যমে আমার বিষয়ে একটি কথাও বলেন নি। এখানে ২১ জন সি. পি. এম নেতা আছেন যাঁরা আমাকে চেনেন, জানেন। আমার জেলার মন্ত্রী শ্রীপ্রভাস রায় আছেন। সত্য বাপুলীর বিরুদ্ধে অভিযোগ বোধ হয় একটি যে আমি স্পষ্ট কথা, সত্য কথা, নির্ভীক ভাবে বলতে পারি। তিনি যে বলেছেন মিথ্যা নয়, কল্পনায় একটা কাউণ্টার ফ্ল্যাস দেবার চেষ্টা হচ্ছে। এতে কিছু হবে না। আপনি আমার ব্যাপারে হাইকোর্টের জজকে দিয়ে একটা কমিশন বসান এবং মন্ত্রী প্রশান্ত শূরের বিরুদ্ধেও।

**শ্রীমহবুবুল হক ঃ** স্যার, বামফ্রণ্ট সরকার যেখানে দাবী করেন পশ্চিমবাংলায় সাম্প্রদায়ীক সম্প্রীতি অক্ষুন্ন আছে সেখানে মালদহ জেলার চাঁচোল থানার ও. সি. যে অশালীন মন্তব্য করেছেন এবং তাঁর কার্যকলাপ দেখে আমার আশংকা হচ্ছে হয়ত আগামী মহরমে এবং দুর্গাপূজার সময় সেখানে কোন গোলমাল না হয়। যে সমস্ত

মন্তব্য তিনি করেছেন সেসব মন্তব্য শুনে আমার মাথা নীচু হয়ে যাচ্ছে। তবুও আমাকে সেই উক্তিগুলি করতে হচ্ছে। কতকগুলি ঘটনা যে ঘটে গেছে সেগুলি পরে বলবো। ৫ তারিখ রাত্রি ১০ টার সময়ে তিনি মন্তব্য করলেন বিধানসভার সদস্যকে কুকুরের মত গুলি করে হত্যা করবো এবং বলেন যে আমি ওপার বাংলা থেকে এসেছি। আমি তাঁকে চিফ সেক্রেটারীর সার্কুলারের কথা স্মরণ করিয়ে দিই এবং তাতেও তিনি আমাকে চোখ রাঙান। ২৫ তারিখ থেকে ২৯ তারিখ পর্যন্ত আমার কেন্দ্রে যে ঘটনা ঘটলো তার কথা আমি তাঁকে ১লা তারিখে ঘুরে এসে ফোনে জানাতে তিনি বলেন আমার সময় নেই এবং তারপর অভদ্রের মত টেলিফোন রেখে দিলেন। আমি পুনরায় তাঁকে চীফ সেক্রেটারীর সার্কুলারের কথা স্মরণ করিয়ে দিয়ে বলি যে বিধানসভার সদস্যদের প্রতি কি রকম ব্যবহার করা দরকার। আমি মনে করি সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য তাঁর কার্যকলাপ যা হচ্ছে তা ঠিক নয়। এ-কথাও তাঁকে বলার পর তিনি বলেন তাঁর সময় নেই। ৩ তারিখে একটি ঘটনাকে কেন্দ্র করে আমি আবার থানায় গেলে তিনি তাঁর মন্তব্যগুলি আবার রাখলেন। আবার আমাকে শাসানো হচ্ছে যে আমাকে যেখানে পাবেন তিনি সেখানে আমাকে কুকুরের মত গুলি করে হত্যা করবেন এবং আমার স্ত্রীকে বিধবা করবেন। এরজন্য তিনি আমাকে তাঁর পা ধরে ক্ষমা চাইতে বলেন। যিনি আইন শৃঙ্খলার দায়িত্বে আছেন তাঁর মুখ দিয়ে যদি এরকম অশালীন মন্তব্য বের হয় তাহলে আমরা কোথায় আছি। এ বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ করছি।

( গোলমাল )

( তুমুল হট্টগোল )

**মিঃ স্পীকার :** চাঁচোল থানার ও. সি. মাননীয় সদস্যকে ভয় দেখিয়েছে খুন করবে বলে। আমি পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করব আপনি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন যাতে এই রকম ঘটনা ভবিষ্যতে আর না হয়।

**শ্রীপতিত পাবন পাঠক :** আমি সঙ্গে সঙ্গে জানিয়ে দিচ্ছি।

( তুমুল গোলমাল )

( কংগ্রেস বেঞ্চে থেকে কতিপয় মেম্বার বলবার জন্য উঠে দাঁড়ালেন )

**মিঃ স্পিকার :** আমি হাউসকে বলতে চাই একজন মাননীয় সদস্য একটা সিরিয়াস এ্যালিগেশান এগেনেষ্ট এ পুলিশ অফিসার এনেছেন। এটা যদি সত্য হয়ে থাকে তাহলে খুব খারাপ, এটা হওয়া উচিত নয়। আমরা হাউসে সাধারণতঃ মেম্বারের কথা বিশ্বাস করি, সদস্যরা ভুল তথ্য দেন না। আমি পরিষদীয় মন্ত্রীকে বলেছি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে এই ব্যাপার নিয়ে একটা তদন্ত করতে। যদি ঘটনা সত্য হয়ে থাকে তাহলে তার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। যদি ঘটনা সত্য না হয় তা হলে আবার আমরা যখন বসব তখন জানাব যে উনি ঠিক কথা বলেননি। এই নিয়ে উত্তেজিত হওয়ার কোন কারণ নেই।

**শ্রীদীপক সেনগুপ্ত :** Sir, on a point of order. There is every possibility of the position being misunderstood. So I am explaining the position. একজন মাননীয় সদস্য যদি একথা বলেন যে কোন একটা

থানার দারোগা তাঁকে কুকুরের মত গুলি করে হত্যা করবে বলেছে তাহলে বিধান সভার সদস্যকে রক্ষা করার যে দায়িত্ব এই সম্পর্কে আমার কোন দ্বিমত নেই। এটা যদি সত্য হয়ে থাকে তাহলে সেই দারোগার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা অবলম্বন করা উচিত, এই সম্পর্কে কোন দ্বিমত নেই। কিন্তু পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়ে যাবে এই জায়গা থেকে মাননীয় সদস্য শুরু করেছেন, এই কথা বলতে গিয়ে তিনি বলেছেন একজন দারোগা একজন বিধান সভার সদস্যকে গুলি করে কুকুরের মত হত্যা করার ভয় দেখিয়েছে। এতে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয় না, পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গের জনগণ আছে, দু'একজন পুলিশ অফিসার এই সম্পর্কে কিছু করতে পারে না।

[3-10—3-20 p.m.]

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে বলতে দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, একটা কথা আছে, "ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে," কিন্তু পশ্চিমবাংলায় দেখছি বামফ্রন্ট সরকার মাথা হেঁট করে রবে। ব্যাপারটা হচ্ছে, ওর্য়াল্ড ব্যাঙ্কের চিফ যিনি বর্তমানে কোলকাতায় এসেছেন তিনি ইস্ট ক্যালকাটায় মাটি ভরাটের ব্যাপারে সি. এম. ডি. এ.-এর পারফরম্যান্স সম্বন্ধে স্পেশিফিক মন্তব্য করেছেন যে, সি. এম. ডি. এ. ডিভি এট ক্লাম টার্মস্। তাঁর এই কথা খবরের কাগজে বেরিয়েছে। এটা নিয়ে ওর্য়াল্ড ব্যাঙ্কে আলোচনা হবে এবং তাঁরা হয়ত আমাদের লোন দেওয়া বন্ধ করে দেবেন। আমি এ সম্বন্ধে ইনফরমেসন চাই।

**মিঃ স্পীকার ঃ** এতে পয়েন্ট অব ইনফরমেসন হয়না, আই উড নট এল্যাউ ইট।

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, Sir, I wish to draw the attention of the Hon'ble Minister-in-charge of Education to a matter as to how far corruption and nepotism have penetrated into the working of this Department. This is with regard to the Indian College of Art and Draftsmanship which is one of the oldest institutions founded in 1893. Now I cite one example. One Bejoy Choudhury is acting as Principal of the evening department. He has got no qualification. Neither he is a Matriculate nor has he got any draftsmanship qualification. Then, there is another gentleman named Chitta Das Gupta who is acting as Principal of the same college. This gentleman was suspended previously. The affairs of the college are being mismanaged, and in this way this has hampered the progress of education.

## GOVERNMENT BUSINESS

### Legislation

### The West Bengal Co-operative Societies Bill, 1982

**Shri Nirmal Kumar Bose** : Mr, Speaker, Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies Bill, 1982.

( Secretary then read the Title of the Bill )

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the West Bengal Co-operative Societies Bill, 1982, be referred to a Select Committee of the House consisting of the following members :

1) Shri Pannalal Maji,
2) Shri Dhirendra Nath Chatterjee,
3) Shri Prabhanjan Kumar Mandal,
4) Shri Habib Mustafa,
5) Shri Bimal Kanti Basu,
6) Shrimati Chhaya Ghosh,
7) Shri Kripa Sindhu Saha,
8) Shri Satya Pada Bhattacharyya,
9) Shri Debsaran Ghosh,
10) Shri Trilochan Mal,
11) Shri Suvendu Mandal,
12) Shri Sunil Santra,
13) Dr. Omar Ali
14) Shri Subrata Mukhopadhyay
15) Shri Bankim Behari Maity,
16) Shri Atish Chandra Sinha,
17) Shri Gour Chandra Kundu,
18) Shri Manindra Nath Jana,
19) Dr Zainal Abedin,
20) Shri Probodh Chandra Sinha,
21) Shrimati Renu Leena Subba,
22) Shri Balai Bandyopadhyay
23) Shri Sumanta Kumar Hira,
24) Shri Debaprosad Sarkar, and
25) Shri Nirmal Kumar Bose,

Minister-in-charge of Co-operation Department and that the Committee shall make a report to this House by the end of the next Session

## পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিল, ১৯৮২ সম্পর্কে বিবৃতি

**শ্রীনির্মলকুমার বোস ঃ** পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৭৩ কার্যকর হবার পর থেকেই এই আইনের নানা ত্রুটিবিচ্যুতি সম্পর্কে সমবায় আন্দোলনে ও সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে সমালোচনা সুরু হয় এবং এই আইনের সংশোধন দাবী করা হয়। ইতিমধ্যে সমবায়ের যে সম্প্রসারণ হয়েছে এবং সমবায়ের মাধ্যমে ব্যাপক অর্থনৈতিক উন্নয়ন সাধনের যে সম্ভাবনা দেখা দিয়েছে তার জন্যও আইনের প্রয়োজনীয় সংশোধন সাধন একান্ত আবশ্যক বলে বিবেচিত হয়। এই পরিপ্রেক্ষিতে প্রথম বামফ্রণ্ট সরকার কলকাতা হাইকোর্টের অবসর প্রাপ্ত বিচারপতি শ্রী এ. কে. দে-কে সভাপতি করে একটি সমিতি গঠন করেন। ১৯৭৩-এর সমবায় আইনের প্রয়োজনীয় সংশোধন সম্পর্কে এই সমিতিকে সুপারিশ পেশ করতে বলা হয়।

ল কমিটি সমবায় আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট বহু ব্যক্তির মতামত সংগ্রহ করে সংবাদপত্রের মাধ্যমে বিজ্ঞাপন দিয়ে সকলের অভিমত জানতে চেয়ে অনেকগুলি সমবায় সংস্থার কাজকর্ম দেখে এবং ভারতের অন্যান্য রাজ্যের সমবায় আইন ও বিধি পর্যালোচনা করে তাঁদের সুপারিশ সরকারের কাছে পেশ করেন। এই সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিল, ১৯৮১ প্রণয়ন করেন এবং বিগত বিধানসভায় তা পেশ করা হয়। বিলটি বিধানসভার একটি সর্বদলীয় সিলেক্ট কমিটিতে প্রেরণ করা হয়। সিলেক্ট কমিটিতে বিস্তৃতভাবে আলোচনা হয় এবং বিলের অনেকগুলি পরিবর্তন সুপারিশ করা হয়। ইতিমধ্যে বিধানসভা ভেঙ্গে দেয়া হয় এবং আইনানুসারে এই বিলটিও আর অস্তিত্ব থাকে না।

এবারের বিধানসভা নির্বাচনের পর, নতুন সরকার গঠনের পর, পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিল, ১৯৮১-টি মোটামুটি সিলেক্ট কমিটির আলোচনার পরিপ্রেক্ষিতে কমিটির সদস্যদের বিভিন্ন সুপারিশ বিবেচনা করে, তার ওপর সামান্য দু' একটি নতুন বিষয় সংযোজন করে, আবার বর্তমান বিলটি অর্থাৎ পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিল, ১৯৮২ বিধানসভায় পেশ করা হচ্ছে। আসলে এটি পুরানো বিল।

(৪) একজন পরিচালক নির্বাচিত হতে পারলে একটানা কতদিন থাকতে পারবেন এ সম্পর্কে এতদিন যে সময়-বাধা ছিল তা তুলে দিয়ে বলা হয়েছে নির্বাচিত হতে পারলে তিনি বরাবরই থাকতে পারবেন ;

(৫) পরিচালক সমিতির কর্মকর্তাদের ( চেয়ারম্যান, ইত্যাদি ) সম্পর্কেও বলা হয়েছে, নির্বাচিত হতে পারলে তাঁরা একটানা ছয় বৎসর পর্যন্ত থাকতে পারবেন (এতদিন এই সময়-সীমা ছিল ৬ বৎসর ) ;

(৬) সমিতির পরিচালক সমিতিতে বেতনভুক্ত কর্মচারীদেরও প্রতিনিধিত্ব দেওয়া হয়েছে ;

(৭) প্রাথমিক কৃষি সমবায় সমিতির পরিচালক সমিতিতে সংশ্লিষ্ট এলাকার গ্রাম পঞ্চায়েতের একজন মনোনীত সদস্য নেবার ব্যবস্থা করা হয়েছে ;

(৮) বিভিন্ন স্তরের সমবায় সমিতির নির্বাচন পরিচালনার জন্য একটি পৃথক ও স্বাধীন নির্বাচন কর্তৃপক্ষ গঠনের ব্যবস্থা রাখা হয়েছে ;

(৯) বিভিন্ন স্তরের সমবায় সমিতির একটা বিশেষ অংকের উর্ধ্বের বেতনভোগী কর্মচারীদের নিয়োগ করার জন্য পৃথক ও স্বাধীন সার্ভিস কমিশন গঠনের প্রস্তাব করা হয়েছে ;

(১০) বিভিন্ন ধরনের সমবায় সমিতির কর্মচারীদের বেতন, চাকরির সর্ত, ইত্যাদি সুবিধার জন্য ক্যাডার অথরিটি গঠনের ব্যবস্থা রয়েছে ;

(১১) কলকাতা ও বৃহত্তর কলকাতা এলাকায় সমবায় সমিতিসমূহের বিরোধ নিষ্পত্তির জন্য পৃথক সালিশ আদালত স্থাপনের ব্যবস্থা রয়েছে ; এবং

(১২) আবাসন সমবায় সম্পর্কে একটি নতুন অধ্যায় সংযোজন করা হয়েছে।

বিলের বিভিন্ন ধারায় সমবায় সংক্রান্ত আইনকে সহজ করার দিকে লক্ষ্য রাখা হয়েছে, নিম্নবিত্ত মানুষকে সমবায়ে বেশী করে আনার ও তাদের সুযোগ সুবিধা

সম্প্রসারণের ব্যবস্থা করা হয়েছে, এবং সমবায়ের ওপর সরকারের নিয়ন্ত্রণ হ্রাস করার জন্য চেষ্টা করা হয়েছে।

আমি অত্যন্ত খোলা মন নিয়ে এই বিলটিকে বিধানসভার একটি সবদলীয় সিলেক্ট কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করার প্রস্তাব আনছি। সমবায় আন্দোলনের অগ্রগতির স্বার্থে কমিটির মাননীয় সদস্যগণ যে পরিবর্তন সুপারিশ করবেন তা অবশ্যই বিবেচনা করব, এবং আমার দৃঢ় বিশ্বাস আছে, সকলের সহযোগিতা আমরা একটি আদর্শ সমবায় আইন প্রণয়ন করতে সক্ষম হব।

**Shri Abdur Rauf Ansari**: Mr. Speaker Sir,--The Bidi workers from different parts of West Bengal have gathered in the Esplanade East in support of their demands. Through you, I would request the Labour Minister to go there and meet them.

[3-20—3-30 p.m.]

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী যে বিল আমাদের সামনে পেশ করেছেন, সেই বিলটা এর আগের বিধানসভায় এসেছিল এবং আমরা সেটা মোটামুটি পড়বার সময় পেয়েছি, কিন্তু বর্তমানে সেই বিলটারই কিছু পরিবর্তন হচ্ছে। আমরা সেই বিলের সিলেক্ট কমিটিতে ছিলাম এবং অংশ গ্রহণ করবার সুযোগ সুবিধা হয়েছিল। কিন্তু শেষকালে এই বিলটা নেওয়ার ফলে বিধান সভার মেয়াদ ফুরিয়ে যায়, সেইজন্য এখন আবার নূতন করে বিলটা এসেছে। এটা একটা বিরাট আইন, আজকে মানতে হবে সমবায় আন্দোলন বর্তমানে যে পরিস্থিতির মধ্যে এসে পৌঁছেছে সেই পরিস্থিতিতে সত্যিকারের যদি সমবায় আন্দোলনকে জোরদার করতে হয় তাহলে নূতন করে শুধু আইন প্রণয়ন করলেই হবে না সেই আইন যাতে সুষ্ঠুভাবে কার্যকরী হয় সেদিকে বিশেষভাবে নজর দিতে হবে। সেটা সবচেয়ে বেশী দরকার, সমবায় দপ্তরের যখন ব্যয় বরাদ্দের দাবী এসেছিল তখন আমি যে কথাটা তুলেছিলাম সেটা হচ্ছে এই যে, সত্যিকার আমাদের যে অর্থনৈতিক সমস্যা, সমাজের বিভিন্ন যে সব সমস্যা রয়েছে সেইসব সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে সমবায়ের উপর বিশেষভাবে জোর দিতে হবে। কিন্তু আমরা দেখছি বামফ্রণ্ট সরকারের যেসব শরিকদল আছেন তাঁরা যদি সেই মতাদর্শে বিশ্বাসী হন তবেই কেবলমাত্র এই সমবায় আন্দোলন পশ্চিমবাংলায় এগিয়ে যেতে পারে। আমার মনে হয় না গত ৫ বছরে বামফ্রণ্ট সরকারের কার্যকলাপ দেখে যে তারা সত্যিকারের সমবায় আন্দোলনে বিশ্বাসী। তার কারণ আমরা দেখছি সমবায় আন্দোলনের মধ্যে বিভিন্ন যে স্তর আছে, প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে শীর্ষ সমবায় সমিতিগুলোর মধ্যে বামফ্রণ্টের রিপ্রেজেন্টেসন সেই রকম নেই। গত ৫ বছরে কিছু গায়ের জোরে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দিয়ে বা ঐরকমভাবে কিছু কিছু বামফ্রণ্টের নেতাদের বা এম. এল. এ. দের বসিয়ে দেবার চেষ্টা হয়েছে। কিন্তু সত্যিকারের সমবায় আন্দোলন — যেমন এখানে অনেক এম. এল. এ. আছেন যাঁরা দীর্ঘদিন ধরে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন। কিন্তু এমন কোন নাম নেই বা আমরা জানি না, বামফ্রণ্টের, যারা শরিক বা এম. এল. এ. আছেন তাঁরা বহুদিন থেকে সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত, এই রকম নজির খুব

কম আছে। তাই আমাদের ধারণা হচ্ছে যে সমবায় দপ্তর পশ্চিমবাংলায় আছে এবং এবং সেই দপ্তরের জন্য একজনকে মন্ত্রী করতেই হবে, সেই হিসাবে একটা নাম-কা-ওয়াস্তে রাখা হয়েছে। সেই দপ্তরের কার্যকলাপ গত ৫ বছরে আমরা সেইভাবেই দেখেছি। এইভাবে সমবায়ের আন্দোলনের প্রসার লাভ পশ্চিমবাংলায় হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য্য হবেন, অত্যন্ত দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে শর্ট-টার্ম এগ্রিকালচারাল লোন যেটা সমবায় আন্দোলনের একটা বিরাট বড় মাপমাটি তা আগের তুলনায় কত কমে গেছে। চাষীদের মধ্যে যেটা ঠিকভাবে বিতরণ করলে—আজকে মহাজনদের কবলে যারা পড়ে আছে, যেসব বর্গাদার বা ভূমিহীন কৃষকদের অল্প জমি যাদের আছে সেই রকম কৃষকদের বিভিন্নভাবে সাহায্য করা যেত। আজকে সমবায় অন্দোলনকে যদি জোরদার করা যায় তাহলে তদের যে সমস্যা আছে, সেই সমস্যাটা অনেকাংশে কমান যেত। কিন্তু আমরা দেখছি তা হয়নি। ১৯৭২ সালে যখন আমরা এসেছিলাম, ক্ষমতায় এসেছিলাম তখন দেখলাম প্রায় শতকরা ৯০ ভাগ টাকা অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে। এমন অবস্থা তখন হয়েছিল রিজার্ভ ব্যাঙ্ক বলল, যে আমরা আর পশ্চিমবাংলায় ঋণ দোব না। শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন যেটা দেওয়া হয় সেটা রিজার্ভ ব্যাঙ্ক থেকে আসে। তখন আমরা রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে কথা বলি এবং ধরাধরি করি। তারা রাজী হল। তার পরবর্তীকালে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যতদিন আমরা ছিলাম ততদিন সমবায় ঋণ যাতে ভালভাবে আদায় হয় তারজন্য কার্য্যকরী ব্যবস্থা নেওয়া হয়েছিল। তার ফলে সমবায়ের ঋণ আদায়ের পরিমাণ শতকরা ৮০ ভাগের ওপর চলে গিয়েছিল। যার ফলে সেই ৪ কোটি টাকা যেটা শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন দেওয়া হোত সেটা ৪ কোটি থেকে বেড়ে প্রায় ৩৬ কোটি টাকাতে গিয়ে পৌঁছাল। আজকে সেটার প্রোজেকসান যদি করা হয় এবং এটা আপনারা করেছেন, তাতে আপনারা বলেছিলেন ১৯৮১-৮২ সালের বছরে ১০০ কোটি টাকায় চলে যাবে। বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি সেই ১০০ কোটি টাকায় মোটেই যায় নি, বরং কমতে কমতে আমরা যেখানে ছেড়ে দিয়েছিলাম ৩৬ কোটি টাকা, সেই টাকাতেই সীমাবদ্ধ রয়ে গেছে। সমগ্র পশ্চিমবাংলার চাষীদের প্রয়োজন বলেন তাহলে আমি বলব আমাদের সময়ে সেটা একটু কষে দেখা হয়েছিল, তখনকার দ্রব্যমূল্য অনুযায়ী চাষীদের শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন প্রায় ৩০০ কোটি টাকার প্রয়োজন ছিল। আজকে বিভিন্ন জিনিষের দাম বেড়েছে, সেটা যদি ধরেন তাহলে দেখবেন প্রায় ৫০০/৬০০ কোটি টাকার আজকে প্রয়োজন।

আজকে এখানে আমরা মাত্র পশ্চিমবঙ্গের চাষীদের ৩৬ কোটি টাকা দিতে পারছি। এটা একটা সম্পূর্ণ অপদার্থতার পরিচায়ক, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই গত ৫ বছরে পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন একটু এগিয়ে গেছে বলে আমরা মনে করতে পারছি না। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, সকল সদস্যদের কাছে আবেদন করব যে, আপনারা এটাকে সিরিয়াসলি গ্রহণ করুন, তা নাহলে এই আন্দোলন কিছুতেই এগিয়ে যাবে না। এটা আজকে বিশেষভাবে প্রয়োজন আছে বলে আমরা মনে করছি। আপনারা সমাজতান্ত্রিক সমাজ গঠনের দিকে নিশ্চয় আগ্রহী, আমরাও সকলে আগ্রহী এবং সেটা করতে গেলে এই সমবায়

আন্দোলনকে জোরদার করা ছাড়া কোন উপায় নেই। এই সমবায় আন্দোলনকে জোরদার করা ছাড়া মিশ্র অর্থনীতিতে অন্যতম সহজ আর কোন পথ আছে কিনা এই সমাজতান্ত্রিক সমাজ গঠনে, সেটা আমার জানা নেই। আপনারা বলেন সীমিত ক্ষমতা, ধনতান্ত্রিক কাঠামো ইত্যাদি ইত্যাদি। কাজেই এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে থেকে, সীমিত ক্ষমতার মধ্যে থেকেও এই আন্দোলনকে যদি আপনারা আরো জোরদার করতে পারতেন তাহলে নিশ্চয় আমরা অনেকখানি এগোতে পারতাম, সে বিষয়ে কোন সন্দেহ নেই। আপনানা গণতান্ত্রিক সমাজবাদের কথা বলেন, বামপন্থী কমিউনিজমে সেটা হবে না, কিন্তু আমরা এই সমবায় ব্যবস্থার মাধ্যমে সেই পথে খানিকটা এগোতে পারতাম। সেদিকে জোরদার পদক্ষেপ আমরা দেখতে পাচ্ছি না। সামনের সেসানে এটাকে পাশ করতে হবে, আইন করতে হবে। শুনছি অল্প সময়ের মধ্যে আবার একটা উইনটার সেসান হবে। এত বড় একটা আইন—আগে আমি মোটামুটি একটু পড়েছিলাম। আগে এটা প্রায় সিলেক্ট কমিটিতে পাশ হয়ে গিয়েছিল, সময় ছিল না বলে হাউসে এটা পাশ হয়নি। এক মাসের মধ্যে আর একটা দুটো সিটিং হলে রেডি হয়ে যেত। কিন্তু অল্প সময়ের জন্য করতে চাননি। যাইহোক, এটাকে আরো ভাল করার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইনটি যখন আমার কাছে আসে আমি অনেকগুলি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। তখন ভক্তিবাবু মন্ত্রী ছিলেন। নির্মলবাবুরও এই বিলের প্রতি বেশ ইংটারেণ্ট আছে এবং তিনি খুব ইংটারেণ্ট নিয়ে এটা গ্রহণ করেছিলেন। আমার অনেকগুলি এ্যামেণ্ডমেণ্ট তিনি এ্যাকসেপ্ট করে নিয়েছিলেন, তারজন্য ধন্যবাদ দিচ্ছে। মোটামুটি যেটুকু পড়বার সময় পেয়েছিলাম তাতে এই সংশোধনীগুলি দিয়েছিলাম। তবে এখনও কিছু সংশোধন প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি দু একটি উদাহরণ এখানে রাখছি। যেমন সেকসান ২৭— এখানে বলেছেন ৬ বছরের বেশী কোন ডিরেক্টর থাকতে পারবে না। ৬ বছর পরে তাকে ৩ বছর গ্যাপ দিতে হয়। এটা কেন হবে, সেটা আমি ঠিক বুঝতে পারছি না। আমি স্বীকার করছি, আমাদের সময়ে সমবায় আন্দোলন এমন একটা স্তরে পৌঁছে গিয়েছিল, তখন একটা কিছু কঠিন দাওয়াই দেওয়ার প্রয়োজন ছিল। আজকে আপনারা যদি মনে করেন সমবায় আন্দোলন অনেকটা এগিয়েছে, এখানে গণতান্ত্রিক ধারা বজায় রাখতে হবে তাহলে আমি আপনার মধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই যে ৬ বছরের বেশী কেউ থাকতে পারবে না, আবার হতে গেলে ৩ বছর গ্যাপ দিতে হবে, এটা উঠিয়ে দিন। এই সেকসান ২৭ নিয়ে এক সময় সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছিল, আমি তখন জোরালো ভাবে বক্তব্য রেখেছিলাম। এখন আইন করেছেন একজন যে কোন ব্যক্তি ৪টি প্রাইমারী সোসাইটির মেম্বার থাকতে পারবেন না, অথবা একটির বেশী সেংট্রাল সোসাইটির মেম্বার থাকতে পারবেন না, অথবা একটির বেশী এ্যাপেক্স সোসাইটির মেম্বার থাকতে পারবেন না। এটা তুলে দেওয়া বিশেষ প্রয়োজন। কেন না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সমবায় বিভিন্ন দিকে আছে। যেমন কৃষি সমবায়, সমবায় ঋণ, আবাসন সমবায়, বিপনন সমবায় ইত্যাদি আছে। আপনি সমবায়ের বিভিন্ন দিকগুলি চিন্তা করুন। আপনি কি মনে করেন একজন মানুষকে কেবল ক্রেতা সমবায়ের দিকেই থাকতে হবে, কৃষি সমবায়,

পুনর্বাসন সমবায়, আবাসন সমবায়ের দিকে যেতে পারবেন না? শুধু সেন্ট্রাল সোসাইটির মেম্বার একজন একটা নিয়ে হতে পারবে, কিংবা এ্যাপেক্স সোসাইটির মেম্বার হতে পারবে, আমার মনে হয় এটা ঠিক গণতান্ত্রিক বিচার ব্যবস্থা হচ্ছে না। আপনারা যদি চিন্তা করে থাকেন যে একজন লোক বিভিন্ন ভাবে ম্যানিপুলেট করে কো-অপারেটিভ সোসাইটির সঙ্গে যুক্ত থেকে অনেক কিছু সুযোগ সুবিধা দেবার চেষ্টা করছে তাহলে আপনারা সেটাকে রোধ করবার চেষ্টা করুন, বাধা দিন। আপনারা যদি মনে করেন একজন লোক অন্যায়ভাবে নিজের স্বার্থ সিদ্ধির জন্য চেষ্টা করছেন বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটির সঙ্গে যুক্ত থেকে তাহলে তাকে রিমুভ করবার, শায়েস্তা করবার পদ্ধতি, সমস্ত, মানুষের যে রাইট, অধিকার সেটাকে খর্ব করে সেই মানুষকে শাস্তি দেওয়া, এটা কিন্তু ন্যায়সঙ্গত হতে পারে বলে আমি মনে করি না। তাই এটাকে তুলে তুলে দেবার জন্য অনুরোধ করছি।

[3-30—3-40 p.m.]

তাই এটা তুলে দেবার জন্য আমি অনুরোধ করবো। যে কোন লোক যত কো সোসাইটিতে তার ইচ্ছা সে মেম্বার থাকতে পারে এইরকম ধারা এই আইনে থাকা বাঞ্ছনীয় বলে আমি মনে করি। এরপর আরো কতকগুলি বক্তব্য আছে সেগুলি আমি বলছি। সেকশান ৩০-এ যেটা আছে, বাজেটের আলোচনার সময় আমি বলেছিলাম এটা আমার মনে হয় খুব গর্হিত কাজ হবে। আপনি জানেন একটা ইলেকটেড ম্যানেজিং কমিটি — সোসাইটির কোন ম্যানেজিং কমিটি তারা যদি ১৫ মাসের মধ্যে ইলেকসানের ব্যবস্থা করে তার পরবর্তী ম্যানেজিং কমিটি গঠন না করে তাহলে আইন করা হয়েছে তারা অটোমেটিক্যালি ডিসলভ হয়ে যাবে। আবার এই আইনেই আছে যে কোন সোসাইটির যদি কোন গলদ ধরা পড়ে তাহলে রেজিস্টার সেই ইলেকটেড ম্যানেজিং কমিটিকে সরিয়ে এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করতে পারবেন। হ্যাঁ, হয়ত অনেক সময় প্রয়োজন হয় এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করার, তাতে আমাদের আপত্তি নেই কিন্তু আপত্তি হচ্ছে এইখানে, যে এক বছর এক বছর করে সেই এ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত থাকতে পারবেন সেই সোসাইটিতে এবং তার সময় সীমা করেছেন তিন বছর। যেখানে ইলেকটেড বোর্ড অব ডিরেকটরসকে আপনি বলছেন তারা যদি ১৫ মাসের মধ্যে ইলেকসানের ব্যবস্থা না করে তা হলে তারা অটোমেটিক্যালি বরখাস্ত হয়ে যাবে সেখানে কি অজুহাতে বা কি দৃষ্টিভঙ্গীতে আপনি এ্যাডমিনিস্ট্রেটারকে তিন বছর রাখার স্বাধীনতা দিচ্ছেন সেটা বুঝতে পারছি না। তাই আমার বক্তব্য, এই যে বোর্ড অব এ্যাডমিনিস্ট্রেটার অনেক সময় করতে হয় সেটাও যাতে ১৫ মাসের বেশী থাকার ব্যবস্থা না হয় তার জন্য যথাযথ ব্যবস্থা করবেন এই অনুরোধ রাখছি। তারপর আরো কতকগুলি গুরুতর অভিযোগের কথা এই প্রসঙ্গে তুলছি। কি ভাবে সমবায় সমিতিতে দলবাজি হচ্ছে সেকথা আগেও বলেছিলাম আবার আমাকে দুঃখের সঙ্গে এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন, কয়েকদিন আগে 'কনফেডের' ইলেকসান হয়ে গেল — ৩২/৩৩টা যে হোলসেল সোসাইটি আছে, কয়েকদিন আগে তার ইলেকসান হয়ে গেল। কিন্তু স্যার, যেভাবে ইলেকসান হল সেই ইলেকসানের বিবরণ যদি আপনার

কাছে পেশ করি তাহলে দেখবেন সেই ইলেকসান আদৌ লিগ্যালি হয়নি। ৩৩টি সোসাইটি, তারা এই কনভেডের মেম্বার। এরমধ্যে একটি সোসাইটি — হাওড়া হোলসেল কো-অপারেটিভ সোসাইটি অন লিক্যুইডেসান, তারা রিপ্রেজেনটেটিভ পাঠাতে পারেন না কিন্তু তা সত্বেও আমরা দেখলাম সেই হাওড়া হোলসেল কো-অপারেটিভ সোসাইটি, তারা লিক্যুইডেটারকে পাঠালেন এবং তিনি ভোট দিলেন। আইনে আছে, যে সোসাইটি থেকে যিনি অথোরাইজেসান নিয়ে আসবেন তিনি সেই সোসাইটিকে রিপ্রেজেণ্ট করবেন। তাদের এই ইন্সট্রুমেণ্ট অব অথোরাইজেসান এই কনফেডের অফিসে অন্ততপক্ষে ইলেকসানের ৪৮ ঘণ্টা আগে জমা দিতে হবে। নির্বাচন হল বোধহয় ২৬শে সেপ্টেম্বর কিন্তু দেখা গেল বহু সোসাইটি ৪৮ ঘণ্টা দূরে থাক ১০ ঘণ্টা আগেও সেই ইন্সট্রুমেণ্ট অব অথোরাইজেসান জমা দেয়নি অথচ তারা ভোটে অংশ গ্রহণ করলেন। এইভাবে আমরা দেখছি যেভাবে ইলেকসান হওয়া উচিত সেই ভাবে হচ্ছে না। আমরা সেদিন আশ্বস্ত হয়েছিলাম যেদিন মন্ত্রী মহাশয়ের কাছে শুনলাম বিভিন্ন যে শীর্ষ সমবায়সমিতিগুলি আছে, যেগুলির নির্বাচন বহুদিন ধরে হয়নি সেগুলিতে ইলেকসান করতে তিনি প্রস্তুত আছেন এবং সেইভাবে তিনি ব্যবস্থা করছেন। কিন্তু স্যার, যদি সত্যিকারের গণতান্ত্রিক পদ্ধতিতে যেভাবে নির্বাচন হওয়া উচিত সেইভাবে না হয় তাহলে নাম কি ওয়াস্তে নির্বাচন করে কি লাভ? কোন লাভ নেই। এছাড়া আরো অনেক ব্যাপার আছে সেগুলি না হয় নাই বললাম — যারা সরকারে আছেন সরকারী গাড়ী, ঘোড়া তারা অপব্যবহার করবেন এসব কথা আমি আর বলছি না, সেটা হবে, সেটাই আমরা মেনে নিয়েছি। কিন্তু আইন যেগুলি আছে তাকে পদদলিত করে যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে সেগুলি যাতে না হয় তা দেখার দায়িত্ব মন্ত্রিমহাশয়ের নিশ্চয় আছে। তা ছাড়া গণতান্ত্রিক পদ্ধতিতে যদি নির্বাচন না হয় তাহলে আমি আগেও বলেছি, আবার বলছি, এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে হলে দলবাজীর মনোভাব সম্পূর্ণভাবে পরিত্যাগ করতে হবে। তাতে কংগ্রেসের যদি কেউ শীর্ষে বসেন — চেয়ারম্যান হন তাতেও আপত্তি করলে চলবে না। আমার বক্তব্য হচ্ছে সমবায় আন্দোলনের ক্ষতি না করে তাকে এগিয়ে নিতে হবে এবং এই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি সমবায় দপ্তর কাজ করে তবেই এই বিলের উদ্দেশ্য সার্থকভাবে রূপায়িত হবে। আমরা পরবর্তীকালে এই আইন নিয়ে বিশদভাবে আলোচনা করার সুযোগ পাবো। ইতিপূর্বে নির্মলবাবু আমার অনেকগুলি এ্যামেণ্ডমেণ্ট সাগ্রহে এবং আনন্দ সহকারে গ্রহণ করেছিলেন। আমি আশা করি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এবারেও তিনি আমার এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করবেন যদি সংগত বলে মনে করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনির্মল কুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমার মনে হচ্ছিল সংক্ষিপ্ত আকারে যে ভাবে আমরা আলোচনা করছি তাতে বোধ হয় আর জবাব দিতে হবেনা, সিলেক্ট কমিটিতে বিস্তারিত ভাবে আলোচনা করবো এবং যখন এটা বিধানসভায় পুনরায় আসবে সিলেক্ট কমিটির রিপোর্টসহ তখন বিস্তারিত বক্তব্য রাখবো। কিন্তু মাননীয় সদস্য অতীশবাবু যেসব কথা বলেছেন তার উত্তর দেওয়া প্রয়োজন, নাহলে অন্যায় হবে।

অতীশবাবু এই সভার একজন সম্মানিত সদস্য এবং তিনি সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত এবং পূর্ব সরকারের সমবায় দপ্তরের মন্ত্রীও ছিলেন। কাজেই তিনি যখন কতকগুলি কথা বলেছেন সেই সম্পর্কে নিশ্চয়ই আমার বক্তব্য রাখা উচিত। তিনি কয়েকটা নীতিগত প্রশ্ন তুলেছেন যার সঙ্গে বিলের সঙ্গে কোন সম্পর্ক নেই। সরকারের সমবায় নামে একটা দপ্তর আছে এবং সেটা চলছে। ইউরোপে যখন প্রথম সমবায় আন্দোলন শুরু হয় তার অল্পদিনের মধ্যে কার্লমার্কস এবং এঙ্গেলস এ সম্বন্ধে বক্তব্য রাখেন। কার্ল মার্কস বলেন সমবায়ই হচ্ছে সমাজতন্ত্রের যে রূপ তার ভিত্তি। মার্কস-এর পর এঙ্গেলস এটা নিয়ে আলোচনা করেছেন এবং জার্মানীতে এই ব্যাপারে কাজ করেছেন। ১৯১৭ সালে রাশিয়ায় যখন প্রথম মহান অক্টোবর বিপ্লব হয় লেনিন তখন সমবায় আন্দোলন করেছেন এবং বলেছিলেন সমবায় ছাড়া সমাজতন্ত্র হয় না এবং সোসালিস্ট দেশ সমবায়ের ভিত্তিতে গঠিত। ভারতবর্ষে যারা সমাজতন্ত্রে বিশ্বাসী, যারা কমিউনিস্ট, যারা ট্রেড ইউনিয়ন আন্দোলন, কৃষক আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন, তারা সকলেই সমবায় আন্দোলনে বিশ্বাসী। মাননীয় অতীশবাবু বিল সম্বন্ধে যে কথা বলেছেন, এই কথা তিনি বাজেট বরাদ্দের আলোচনরে সময়েও বলেছিলেন। তখন তিনি বলেছিলেন কিছু দলবাজি হয়েছে। তারপর আজকে অবশ্য তিনি তাদের নাম বলেন নি, তবে এখন বলেছেন যে কয়েকজনকে প্রশাসক করে রাখা হয়েছে। স্যার, আমরা সর্বত্র নির্বাচন করতে চাই, প্রশাসক রাখতে চাইনা এবং সমস্ত জায়গায় নির্বাচনের আদেশ দেওয়া হয়েছে। গত ২৪শে সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের নির্বাচন হয়েছে এবং ২৬শে সেপ্টেম্বর নির্বাচন হয়ে গেছে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রেতা মহাসংঘের অবশ্য তাদের একটা মামলা রয়েছে এবং এই ব্যাপারে আমি মিঃ সাহকে বলেছি যে মামলা ছেড়ে দিয়ে নির্বাচন করুন। আমরা প্রশাসক বা কোন রকম সরকারী লোক ওখানে রাখতে চাই না। কিন্তু আদালতে গিয়ে আটকে থাকবে এটাও সম্ভব নয়। পশ্চিমবাংলায় পাইকারী ক্রেতা মহাসংঘের কথা তিনি বলেছেন। ওখানে যে ৩৩ জন আছেন তার মধ্যে একজন লোক—যার নাম আমি করতে চাই না—তিনি কিন্তু ভোট না দিয়ে চলে গেলেন। আমি আশা করি অতীশবাবু এই খবরটি নেবেন।

[3-40—4-15 p.m. including adjournment]

তিনি তো ছিলেন না, তিনি তথ্য পেয়েছেন এবং যদি না পেয়ে থাকেন তাহলে খোঁজ নেবেন যে, বর্ধমান জেলায় একজন সদস্য ভোট দিতে গিয়ে ভোট না দিয়ে কেন পালিয়েগিয়েছিলেন এবং তিনি কোন্ দলের লোক। এটা খোঁজ নিয়ে তার পরে তিনি দুর্নীতির কথা বলবেন। এখানে হাওড়া হোলসেলের কথা বলা হয়েছে। সেখানে লিকুইডেসন প্রোসেওটা হয়নি, কিন্তু কর্মচারী মামলা করেছে, সেখানে লিকুইডেসন হয়নি, সমিতি আছে। এ ছাড়াও অন্যান্য যেসমস্ত অভিযোগগুলি করা হয়েছে সেগুলি ঠিক নয়, নির্বাচন স্বাধীন ভাবেই হয়েছে, আমি সেসম্বন্ধে আর বিস্তারিতভাবে বলব না। এখানে সমবায় আন্দোলনের প্রসার ঘটাবার পথে কতগুলি অসুবিধা আছে, রাজনৈতিক পরিস্থিতির জন্যও কতগুলি অসুবিধা আছে। তথাপি আমরা বর বর চেষ্টা করছি, কিন্তু বাধা আসছে, বড় চাষীদের কাছ থেকে বাধা আসছে। সে বাধা আমরা

দূর করতে চাই এবং আমরা সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে চাই, সে জন্য আমরা চেষ্টা করছি। অন্যান্য ব্যাপারে যে কথা বলা হয়েছে, যেমন ৬ বছরের ব্যাপারটা হচ্ছে, সাধারণ পরিচালক বা ডাইরেক্টরের ক্ষেত্রে আমরা কোন সময় সীমা রাখছি না, নির্বাচিত হলেই তিনি থাকতে পারবেন, কিন্তু যারা কর্মকর্তা বা ডেজিগনেটেড অফিসার, তাদের ক্ষেত্রে তিন বছর, তিন বছর করে ৬ বছরের দুটো টার্ম করা হয়েছে। এটা সব জায়গার জন্যই করা হয়েছে। অবশ্য এই নিয়ে আলোচনা হচ্ছে, মাঝে মাঝেই আমরা আলোচনা করি এবং আরো আলোচনা করব।

আমার শেষ কথা হচ্ছে আমাদের সমবায় আন্দোলনের ওপর আমাদের দেশের অর্থনীতি অনেকটা নির্ভর করছে, সুতরাং এর জন্য ভাল গণতান্ত্রিক আইন দরকার। সেই আইন তৈরী করেছি, তা নিয়ে অনেক আলোচনা করেছি এবং আবার আলোচনা করতে হলে তা করব। এবিষয়ে আমরা সকলের কথা শুনতে রাজি আছি। বিরোধী পক্ষের সদস্যরাও যেটা ন্যায়-সংগতভাবে বলবেন সেটা আমরা নিশ্চয়ই গ্রহণ করব। আমাদের অর্থনীতিকে যাতে আমরা সমবায়ের মাধ্যমে এগিয়ে নিয়ে যেতে পারি তার জন্য আমরা সকলের সহযোগিতা প্রার্থনা করি। আমি সকল সদস্যকে সিলেক্ট কমিটির এই প্রস্তাবটি সমর্থন করবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of **Shri Nirmal Kumar Bose** that the West Bengal Co-operative Societies Bill, 1982, be referred to a Select Committee of the House consisting of the following members :

(1) Shri Pannalal Maji
(2) Shri Dhirendra Nath Chatterjee
(3) Shri Prabhanjan Kumar Mandal
(4) Shri Habib Mustafa
(5) Shri Bimal Kanti Basu
(6) Shrimati Chhaya Ghosh
(7) Shri Kripa Sindhu Saha
(8) Shri Satya Pada Bhattacharyya
(9) Shri Debsaran Ghosh
(10) Shri Trilochan Mal
(11) Shri Suvendu Mandal
(12) Shri Sunil Santra
(13) Dr. Omar Ali
(14) Shri Subrata Mukhopadhayay
(15) Shri Bankim Behari Maity
(16) Shri Ashit Chandra Sinha
(17) Shri Gour Chandra Kundu
(18) Shri Manindra Nath Jana
(19) Dr. Zainal Abedin
(20) Snri Probodh Chandra Sinha
(21) Shrimati Renu Leena Subba
(22) Shri Balai Bondyopadhayay

(23) Shri Sumanta Kumar Hira
(24) Shri Debaprosad Sarkar, and
(25) Shri Nirmal Kumar Bose, Minister-in-charge of Co-operation Department, and

thal the Committee shall make a report to this House by the end of the next Seassion, was then put and agreed to.

( At this stage the House was adjourned till 4-15 p.m. )

[4-15—4-25 p.m.]

( After adjournment )

**The West Bengal Colleges ( Payment of Salaries ) ( Amendment ) Bill, 1982**

**Shri Sambhu Charan Ghosh:** Mr. Speaker, Sir, I beg to introduce The West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982.

( Secretary then read the Title of the Bill )

**Shri Sambhu Charan Ghosh:** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Collages (Payment of Salaries) (Amendment) Bill, 1982, be taken in consideration.

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উচ্চতর বিভাগের মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। কেননা—আপনার হয়তো মনে আছে, এই বিধানসভায় প্রথম যে স্বল্পকালীন অধিবেশন হয়েছিল সেই সময়ে আমাদের চীফ হুইপ শ্রীসুব্রত মুখার্জী এর উপর বক্তব্য রেখেছিলেন। কলেজ টিচারদের পেমেণ্টের ব্যাপারে সরকারের যে দৃষ্টি-ভঙ্গীর কথা ঘোষনা করা হয়েছিল তার সঙ্গে দ্বিমত হয়ে তিনি বক্তব্য রেখেছিলেন এবং আমাদের সেই বক্তব্য সেদিন গৃহীত হয়নি এবং সেদিনকার অবস্থার পরিবর্তন আজও হয়নি। আজও সেই একই অবস্থা রয়েছে। সরকার বাহাদুর দাবী করেন কলেজ টিচারদের পেমেণ্ট মাসের ১লা তারিখে দিচ্ছেন কিন্তু আজকে কলেজগুলির আর্থিক অবস্থা এমন এক পর্যায়ে এসে দাঁড়িয়েছে এবং অমন অনেক কলেজ আছে যেখানে কলেজের মাষ্টারমহাশয়দের বেতন হয়তো সরকার দিচ্ছেন কিন্তু দুঃখের বিষয় সেই কলেজের চক-ডাষ্টার কেনার মতন পয়সা নেই, ল্যাবোরেটরী ইকুইপমেণ্ট কেনার মতন পয়সা নেই। সেই সমস্ত কলেজের শিক্ষকদের মাহিনা দিলেই যদি শিক্ষাক্ষেত্রের উন্নতি হতো তাহলে আমার বলার কিছু ছিল না।

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, নিজে অধ্যাপনার সঙ্গে যুক্ত। তিনি বহুদিন কলেজে শিক্ষকতা করেছেন, তাঁর অভিজ্ঞতা আমার থেকে অনেক বেশী। কিন্তু সেই অভিজ্ঞতা সঞ্চয় করে এই সংশোধনী বিল আনেন নি, এনেছেন দলীয় দৃষ্টিভঙ্গীর উপর নির্ভর করে, এনেছেন দলীয় স্বার্থ রক্ষার জন্য, সেজন্য আমি এই বিলের বিরোধিতা করছি। প্রত্যেক কলেজের শিক্ষকদের মাস পয়লা বেতন দেওয়া হোক এই আমাদেরও দাবী, শিক্ষকদের যে ইউ. জি. সি. স্কেলে মাইনে দেওয়া হয় সেটাতে কেন্দ্রীয় সরকারেরও

অবদান রয়েছে। আজকে পশ্চিমবঙ্গের কলেজের শিক্ষকদের বেতনের কথা চিন্তা করা দরকার। বিভিন্ন কলেজের মধ্যে বিভিন্ন রকম সমস্যা রয়েছে। কলেজগুলি সমস্যায় জর্জরিত, সে কথাও চিন্তা করতে হবে। আজকে কলেজের মধ্যে এমন অবস্থা রয়েছে যে শুধু মাধ্যমিক পাশ করেই নয় হায়ার সেকেণ্ডারী পাশ করেও কলেজে চান্স পাওয়া যায় না। অন্যান্য কলেজে তো দূরের কথা এমন কি ভোকেসন্যাল ইনস্টিটিউসন থেকে পাশ করে এসে কলেজে ভর্তি হবে এমন কলেজ নেই। ভোকেসন্যাল হায়ার সেকেণ্ডারী কোর্স পাশ করার পরে কলেজে পড়ার কোন সুযোগ নাই। তারপর আগে যে সমস্ত কলেজে হোস্টেল ছিল এখন সেগুলো সব বন্ধ হতে চলেছে। পুরুলিয়া জেলাতে যে কয়টি কলেজ আছে, তাতে একটারও হোস্টেল নেই। আমরা হুগলীতেও দেখেছি, সেখানে ১৬/১৭টি কলেজ আছে, তার মধ্যে মাত্র ৩টিতে হোস্টেল আছে। হোস্টেল না থাকার জন্য সাধারণ ছাত্ররা কলেজে ভর্তি হতে পারে না বা পড়াশোনার সুযোগ পায় না। এই রকম অবস্থা চলছে। সেজন্য আজকে মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি তার বিরোধিতা করছি।

**শ্রীবিভূতিভূষণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উচ্চতর শিক্ষামন্ত্রী মহাশয় মহাবিদ্যালয় সম্বন্ধে যে বিল এখানে এনেছেন আমি সেই বিলকে সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে ২/৪টি কথা বলছি। মাননীয় বিরোধী পক্ষের সদস্য বলেছেন কলেজের আর্থিক অবস্থা সংকটের কথা। সে অবস্থা আছে, চক, ডাস্টার কেনার পয়সা নেই, একথা খুবই সত্য এবং সেজন্যই এই বিলটা এনেছেন। আজকে কনটিনজেন্সী বাবদ ২৫ শতাংশ খরচ হচ্ছে, জিনিষ পত্রের দর ইত্যাদির কথা সব এই বইতে উল্লেখ করা আছে, বিরোধী সদস্য সেটা ভাল করে পড়ে দেখেন নি। ১৯৬৫ সালে যে সমস্ত জিনিষপত্র কেনার জন্য বলা ছিল যে সমস্ত জিনিষপত্রের দাম অধিক পরিমাণে বেড়েছে তাছাড়া যেহেতু ইলেভেন এবং টুয়েল্ভ ক্লাসের ছাত্রদের ক্ষেত্রেও অবৈতনিক করা হয়েছে সেহেতু সেখানে ফি বাবদ টাকাটা কনটেনজেসী বাবদ খরচা হচ্ছে নানাদিকে, সে সব কারণেই এই বিল আনা হয়েছে। চক, ডাস্টার কেনবার কথাও আছে। দলীয় স্বার্থের কথা বলা হয়েছে, তা কলেজের অধ্যাপক যাঁরা আছেন, তাঁদের মধ্যে সমস্ত রাজনৈতিক দলের লোকই আছেন। প্রত্যেক কলেজের অধ্যাপক, অভিভাবক, ছাত্র এবং সমস্ত রাজনৈতিক দলের লোক যাঁরা আছেন, তাঁদের প্রত্যেককে জানিয়েই এই বিল আনা হয়েছে। ১৯৭৮ সালে যে বিল আনা হয়েছিল পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় সমূহের বেতন সংক্রান্ত যে বিল—সেই বিল আনার উদ্দেশ্য ছিল আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার আসার আগে পর্য্যন্ত কলেজে নিয়মিত রিজার্ভ ফাণ্ড ছিল। কিন্তু তখন শিক্ষক, অশিক্ষক কর্মচারীরা ঠিকমত বেতন পেতেন না। অনেক ক্ষেত্রে সেইসব রিজার্ভ ফাণ্ডের ইন্টারেণ্ট থেকে বেতন দেওয়া হয়েছে। তা উনি একবারও সেকথা বললেন না। এজন্য তাঁদের বামফ্রণ্ট সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত। শিক্ষক, অশিক্ষক কর্মচারীদের তরফ থেকে বামফ্রণ্টের কৃতিত্ব দাবী করা উচিত। তা ছাড়া আরও অনেক সংশোধনী মন্ত্রী মহাশয় রেখেছেন, আমি সেগুলিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 p.m.]

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী যে বিল এনেছেন—দি ওয়েস্ট বেঙ্গল কলেজ ( পেমেন্ট অফ স্যালারিজ ) ( এ্যামেন্ট-মেন্ট ) বিল, ১৯৮২-এর বিরোধীতা করার কিছু নেই। কেননা তিনি এই বিলের উদ্দেশ্যে যে কথা বলেছেন সেটা যদি কার্যকরী করা যায় তাহলে কলেজগুলির ভালই হবে। এই গুলিকে কার্যকরী করার জন্য কলেজ কর্তৃপক্ষের যে দাবী আছে তা আমরা জানি। এই ব্যাপারে এই হাউসে শ্রদ্ধেয় সদস্য লেট হরিপদ ভারতী অনেক কথা বলেছেন। তিনি বলেছিলেন শতকরা ৭৫ ভাগ টাকা বেতনের জন্য সরকারকে জমা দিতে হয় এবং ২৫ ভাগ টাকা কলেজের খরচার জন্য ব্যয় করে। এই টাকায় সমস্ত খরচ চলতে পারে না। এই দাবী অনেক দিনের। ১৯৭৮ সালের বিলে এই কথা উল্লেখ ছিল। এই বিলে কিন্তু সেই কথা বলা নেই, এখানে বলা আছে যে কলেজের প্রয়োজনে তারা টাকা খরচা করতে পারবে। এই বিলের উদ্দেশ্য ভাল, এটা সমর্থন না করার কিছু থাকতে পারে না, সেই জন্য আমি এই বিলকে সমর্থন করছি। এ ছাড়াও কলেজগুলিতে কিছু কিছু অসুবিধা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগুলো ঠিকমতো রেগুলেট করা দরকার। ক্যালকাটা কারমাইকেল কলেজ হোস্টেলের কি অবস্থা—সেখানে আমি ছাত্রজীবনে এরকম অবস্থা দেখিনি—কারমাইকেল কলেজ হোস্টেলে সিট পাওয়া যাচ্ছে না। সেখানে সিট পেতে গেলে সি. পি. এম.-এর এম. এল. এ.-দের চিঠি লাগে অথবা জেলা পরিষদের সদস্যদের চিঠি লাগে। মন্ত্রীমহাশয় যদি এই অসাম্য অবস্থা নিরসনের জন্য সচেষ্ট হন, তাহলে আমি নিশ্চয় তাকে স্বাগত জানাব। কলেজের প্রয়োজনীয় সমস্ত জিনিষপত্রের দাম বহুগুন বেড়েছে, ৫ টাকার জিনিষ—যেমন রসায়ন দ্রব্য, ২৫ টাকা হয়েছে। এরফলে কলেজ কর্তৃপক্ষের আর্থিক দিক থেকে বহুতর অসুবিধার সম্মুখীন হতে হয়। এইজন্য মন্ত্রীমহাশয়ের আনীত বিলের উদ্দেশ্য ভাল এবং একে আমি সমর্থন করছি। কলেজের ক্ষেত্রে কিছু কিছু সমস্যা অবশ্য আছে, আমি আশা করব, মন্ত্রীমহাশয় সেগুলির প্রতি দৃষ্টি দেবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং এই প্রসঙ্গে দু একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী সদস্যদের মধ্যে কিছু সদস্য এর প্রতি সমর্থন জ্ঞাপন করেছেন, কিন্তু আবদুল মান্নান সাহেব এর বিরোধিতা করেছেন দেখলাম। কিন্তু বিরোধীতার ভঙ্গীতে প্রকারান্তরে তিনি এর প্রতি তাঁর সমর্থন করেছেন বলে মনে হল। আগে নিয়ম ছিল কলেজগুলিকে তাদের আদায়ীকৃত অর্থের শতকরা ৭৫ ভাগ সরকারের কাজে জমা দিতে হবে এবং অবশিষ্ট ২৫ ভাগ নিজ নিজ প্রয়োজনে খরচা করতে পারবে। বর্তমানে অত্যধিক মূল্যবৃদ্ধির বনিয়াদে ঐ পরিমাণ অর্থে ব্যয় নির্বাহ করা সম্ভব হয়ে ওঠে না। এই বিলের উদ্দেশ্য হচ্ছে কলেজগুলি তাদের প্রয়োজন মোতাবেক খরচাদি সরকারের অনুমোদনক্রমে করতে সক্ষম হবে, এর মধ্যে বাধ্যকতা মূলকভাবে কম খরচ করার কোন সর্ত আরোপিত হয় নি। এর সঙ্গে তাদের নিজ নিজ প্রয়োজনে পরিবর্তন করার প্রয়োজন বোধ করলে তা করতে পারবে। আমি মনে করি এতে

করে কলেজগুলির পক্ষে ভালই হবে। কাজেই, এই বিলের প্রতি আমি পূর্ণ সমর্থন জ্ঞাপন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, কলেজ শিক্ষকদের নিয়মিত বেতন দেবার উদ্দেশ্য নিয়ে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয় যে বিল এখানে এনেছেন, তাকে সমর্থনের জন্য বেশী কথা বলার প্রয়োজন আমি দেখি না। কারণ এটি অনিবার্য ভাবে প্রয়োজন হয়ে পড়েছিল। একদিকে আমরা যখন দেখছি শিক্ষার উন্নতি বা প্রসার যেমন প্রয়োজন, তেমনি এর সঙ্গে জড়িত আছে শিক্ষকদের নিয়মিত বেতন পাবার বিষয়। এরসঙ্গে অন্যান্য বিষয়ও জড়িত আছে, যেমন—পাঠাগার গ্রন্থগার বীক্ষনাগারের সুযোগ—এগুলি এর সঙ্গে ওতোপ্রতোভাবে জড়িত। শিক্ষার স্বার্থে এগুলি করা প্রয়োজন। এদিকে দৃষ্টি রেখে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় এখানে বিলটি উৎত্থাপন করেছেন। এর আগে কলেজগুলির আয়ের ২৫ শতাংশ মাত্র রেখে ৭৫ শতাংশ সরকারকে জমা দিতে হত। এখন এটিকে শিথিল করা হয়েছে। শিক্ষা উপকরণের দাম যেমন এক দিকে বেড়েছে, তেমনি অন্যদিকে, একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বেতন যা আদায় হত, তা বর্তমানে উঠে গিয়েছে। সেই সঙ্গে তাদের কাছ থেকে বিভিন্ন রকম ফি আদায়ের যে সুযোগ ছিল, তা বর্তমানে নেই বললেই চলে। সেদিক থেকে দেখলে, এটি আনার প্রয়োজন অপরিহার্য হয়ে পড়েছিল। মাননীয় মন্ত্রীমহাশয়কে একটি বিষয়ের প্রতি দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি, সেটি হল, সমস্ত কলেজগুলিকে আপনি যদি একই হারে টাকা জমা দেবার ব্যবস্থা চালু রাখেন, তাহলে ছোট ছোট যে সমস্ত কলেজ আছে, যেখানে ছাত্র সংখ্যা তুলনামূলক-ভাবে কম, সেই সমস্ত শিক্ষা-প্রতিষ্ঠানের অসুবিধা দেখা যাবে। তাদের সকলকে যদি একটা নির্দ্দিষ্ট অনুপাতে টাকা জমা দিতে বলা হয়, তাহলে যাদের প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংখ্যা বেশী তাদের বেশী অসুবিধা হবে না। সেজন্য সরকার থেকে যখন টাকা জমা দেবার জন্য ঘোষণা করা হবে, সেই সময়ে এই দিকটির প্রতি দৃষ্টি রাখার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি। ছোট ছোট কলেজগুলির ক্ষেত্রে তাদের প্রয়োজন মত অর্থ যাতে তাঁরা রাখতে পারেন, সেই মত ব্যবস্থা রাখার নির্দ্দেশ যেন তিনি দেন। এই প্রসঙ্গে আমি মাননীয় বিরোধীদলের যে বক্তব্য শুনলাম, তাতে আমি আশ্চর্য হয়ে গেলাম। আমরা জানি ভদ্রলোকের এক কথা। ইন্দিরা কংগ্রেসের যে দুজন বক্তব্য রাখলেন তাঁরা ভদ্রলোক কি না, তবে দেখলাম তাঁদের একজন এই বিলকে সমর্থন করলেন, আর একজন বিরোধিতা করে গেলেন। আমি তাঁদের সমর্থন ও বিরোধিতার অর্থ বুঝলাম না। এই বলে, এই বিলের প্রতি আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি যে সংশোধনী বিল হাউসের সামনে উপস্থাপিত করেছি, তাতে লক্ষ্য করলাম যে বিরোধীদের পক্ষ থেকে একজন মাননীয় সদস্য এর প্রতি আন্তরিক ভাবে সমর্থন জানালেন, কিন্তু অপরজন বিরোধিতা করলেন। আমার মনে হয়, উনি বোধ হয় ভালভাবে বিলটি পড়েননি বা পড়লেও ভালভাবে অনুধাবন করতে পারেননি। আমি এর মধ্যে দিয়ে যেটা বলতে চেয়েছি তাহল, প্রথমে এ সম্পর্কে যে আইন এই বিধানসভায় ১৯৭৮ সালের ২৮শে মার্চ

করা হয়েছিল, তার মধ্যে দিয়ে শিক্ষককর্মীগণ নিয়মিতভাবে তাঁদের বেতন পেতেন না। এমন বহু কলেজ ছিল, যেখানে ১৫।১৬ মাস পর্যন্ত নিয়মিত ভাবে বেতন পেতেন না। বামফ্রন্ট সরকার আসার পর আমরা চেষ্টা করেছি যাতে সেই সমস্ত কলেজ-এর শিক্ষক এবং অশিক্ষক কর্মীরা নিয়মিত ভাবে বেতন পান। সেজন্য একটা শর্ত আরোপ করা হয়েছিল যে, ছাত্রদের কাছ থেকে যে বেতন আদায় হবে তার শতকরা ৭৫ ভাগ সরকারের কাছে জমা দিতে হবে এবং ২৫ ভাগ খরচ করবার জন্য নিজেদের প্রতিষ্ঠানে রাখতে পারবেন। ১৯৭৮ সালের পর থেকে আজ পর্যন্ত যে টাকা তাঁরা জমা দিয়েছেন তার হিসাব হচ্ছে, ১৯৭৮ সালে ১ কোটি ৯০ লক্ষ টাকা এবং বেতন বাবদ সরকার দিয়েছেন ৪ কোটি টাকা, ১৯৭৯ সালে জমা দিয়েছেন ১ কোটি ২০ লক্ষ টাকা, প্রায় ৪ কোটি টাকা আমরা খরচ করেছি, ১৯৮০-৮১ সালে জমা দিয়েছেন ১ কোটি ৫১ লক্ষ টাকা, সরকার পক্ষ থেকে দেওয়া হয়েছে প্রায় ৪ কোটি টাকা, ১৯৮১-৮২ সালে তাঁরা দিয়েছেন ৯৯ লক্ষ টাকা এবং সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছে ৪ কোটী টাকা অতিরিক্ত টাকা হিসাবে। অতিরিক্ত এই জন্য বলছি যে, মেতন দেওয়া ছাড়া ইউ. জি. সি.-র হিসাব মত অতিরিক্ত যে টাকা দেওয়া হয়েছে সরকার পক্ষ থেকে, সে টাকা আলাদা ভাবে পাঠানো হয়ে থাকে। আমি সংশোধনী এনেছি এই জন্য যে, গত বছর থেকে একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে আমরা অবৈতনিক করে দেওয়ার ফলে, কলেকগুলির আদায়ীকৃত অর্থের পরিমাণ কমে গিয়েছিল। তার ফলে তাঁদের পক্ষে ৭৫ ভাগ অর্থ জমা দেওয়া এবং ২৫ ভাগ বিভাগীয় ব্যয় নির্বাহের জন্য রাখলে চলে না। বিশেষ করে এক্সপেনডিচার সিডিউল যা ১৯৬৪ সালে রচিত হয়েছিল, তার উপর ভিত্তি করে বিজ্ঞান বিভাগের পরিচালনা করা তাদের পক্ষে খুব অসুবিধা। কেমিকেলস্, ফার্নিচারের দাম ১৯৬৪ সালের তুলনায় যা অনেক বেড়ে গিয়েছে, তা কেনা সম্ভব নয় ঐ ২৫ ভাগ অর্থ দিয়ে। বর্তমানে জিনিষপত্রের দাম অনেকগুণ বেড়ে গিয়েছে। আমরা সেজন্য দেখলাম, এই অর্থ বাড়াবার একান্ত প্রয়োজন আছে।

[4-35—4-45 p.m.]

এর দুটি কারণ আছে — প্রথমত একাদশ এবং দ্বাদশ শ্রেণীকে অবৈতনিক করে দেওয়া হল। ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আর টাকা-পয়সা নেওয়া হল না। তাছাড়া জিনিষপত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এই অবস্থায় যদি কলেজগুলি শতকরা ২৫ ভাগ রাখে দৈনন্দিন খরচ চালাবার জন্য এবং ৭৫ ভাগ জমা দেয় সরকারকে তাহলে কলেজ চালানো অত্যন্ত অসুবিধা হয়ে পড়ে। সেইজন্য প্রস্তাব রাখছি এই সমস্ত মূল আইনের ৪, ৫, ৬ ধারাগুলি সরকার সময়মত এবং প্রয়োজন মনে করলে তার সংশোধন করতে পারবেন। আমরা আরেকটি ধারা ৭নং ধারাটি একেবারেই উঠিয়ে দিচ্ছি। আমরা স্থির করেছি কলেজগুলি ৭৫ ভাগ নিয়মিতভাবে সরকারকে জমা দেবে। আমার মনে হয় কলেজগুলির কাছে আরো বেশী টাকা রাখার প্রয়োজন। সেইজন্য আমি মনে করি কলেজগুলি শুধুমাত্র ২৫ ভাগ না রেখে ওই টাকার অঙ্কটা যদি একটু বাড়িয়ে শতকরা ৫০ ভাগ করেন তাহলে ভালো হয়। তবে আমার মনে হয় কলেজগুলি এই মতে সম্মতি দেবেন না। এবং এই ব্যাপারে আশংকার কোন কারণ নেই যে কলেজগুলিকে যে টাকা

সরকারকে দিতে হচ্ছে তার চেয়ে আরো বেশী টাকা দিতে হবে। সুতরাং এই ২৫ ভাগ তুলে দিয়ে কলেজগুলি যাতে ৫০ ভাগ রাখতে পারে তারজন্য সরকার চেষ্টা করছে। আশা করি বিরোধীপক্ষের সদস্যরা এই সংশোধনীর যথার্থ উপলব্ধি করে এই বিলটিকে সমর্থন করবেন।

The motion of Shri Sambhu Charan Ghosh that the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982, be taken into consideration, was taken put and agread to.

**Clauses 1, 2, 3, 4, 5 and Preamble**

The question that the Clauses 1 to 5 and Preamble to stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to move that the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

**শ্রীননী কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিকে আমি সমর্থন করছি। কিন্তু এর যে সমস্যা ছিল সেটা থেকেই যাচ্ছে। এর থেকে কভার্ড করার জন্য কতকগুলি কলেজ স্পনসর্ড কলেজ হিসাবে করা হয়েছে। সেই সব স্পনসর্ড কলেজগুলিতে অতীতে যেমন দেখেছিলাম যে ২৫ ভাগ এবং ৭৫ ভাগ ঠিকমত কার্যকরী হয়নি। এখনো ঠিক সেই রকম কার্যকরী হবে বলে আমার মনে হয় না। আজকে যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটা গ্রহণ করার পরেও কার্য্যকরী হবে না। আমি মন্ত্রীমহাশয়ের এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটা নির্দিষ্ট কলেজ সম্পর্কে বলছি — হাওড়ার শ্রীচৈতন্য কলেজ। এই কলেজটি স্পনসর্ড কলেজ। অতীতে সেই কলেজের গভর্নিং বডি ১৯৭৭ সালের আগে আমাদের যুক্ত কংগ্রেস প্রভাবিত তারা কয়েক লক্ষ টাকা মেরে দিয়েছিল সরকারের। সুতরাং স্পনসর্ড হয়ে যাওয়া সত্বেও কলেজগুলিকে সমস্ত টাকা দিয়ে দিতে হবে গভর্ণমেণ্টকে। অন্যান্য খরচের জন্য যে টাকা ধরা হয়েছে কলেজগুলিতে সমস্ত স্পনসর্ড কলেজের ক্ষেত্রে একই রকন ভিত্তি হওয়া দরকার। কংগ্রেসীরা জল ঘোলা করার চেষ্টা করেছে। বাঁকুড়া কলেজের মত সমস্ত স্পনসর্ড কলেজে তারা জল ঘোলা করার চেষ্টা যাতে না করতে পারে তার জন্য সমস্ত স্পনসর্ড কলেজগুলিতে একই সিস্টেম চালু রাখা উচিত। তাহলে তাঁদের পক্ষের একজন পক্ষে বলবেন আর আরেকজন বিপক্ষে বলবেন এই ব্যাপার ঘটবে না। এবং গণ্ডগোল হবার কোন সম্ভাবনা থাকবে না। সেইজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি উনি যাতে সমস্ত কলেজগুলিতে ইনকুডিং স্পনসর্ড কলেজগুলিতে এই একই নিয়ম চালু হয় তারজন্য অনুরোধ করছি।

**সেখ ইমাজুদ্দিন** : স্যার, এই বিল সম্পর্কে আমি একটা কথা বলবো। বেতন ১২ ক্লাস পর্যন্ত ফ্রি আছে, কিন্তু বেতন বহির্ভুত যেসব আদায় করার নিয়ম আছে সেগুলি আদায় করতে অসুবিধা সৃষ্টি হচ্ছে। কারণ অভিবাবকরা জানেন যে স্কুল কলেজে বেতন লাগেনা তার পরেও লাইব্রেরী ফি, গেম ফি, ম্যাগাজিন ফি নেওয়া হয়। সুতরাং বাড়ীর লোকেরা বলে যে বেতন যেখানে ফ্রি সেখানে কেন এসব দিতে হবে? স্কুলে

আমরা দেখেছি এই সব অসুবিধা হচ্ছে। বেতন যেখানে ফ্রি হয়ে গেছে সেখানে কেন এসব জিনিষ থাকবে? এর ফলেই ৭৫।২৫ ভাগের প্রশ্ন আসছে এবং এতে ছাত্র ও অভিভাবকদের অসুবিধা হচ্ছে।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্যার, থার্ড রিডিং-এর সময়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের দিকে। আইনটা যেভাবে সংশোধিত হল তাতে স্বাভাবিকভাবে একটা প্রশ্ন আসছে। প্রাইভেট ও স্পনসর্ড কলেজগুলির ক্ষেত্রে খরচের পরিমান বেড়েছে। আগে ২৫ ভাগ টাকা তারা রাখতে পারতো, কিন্তু এখন মন্ত্রীমহাশয় চিন্তা করছেন টাকার পরিমান বাড়ান যায় কিনা। এরজন্য আইন সংশোধন করে টাকার পরিমাণ বাড়ানো হচ্ছে। আবার প্রয়োজন হলে ৫০।৫০ হতে পারে কিন্তু যেভাবে আইন পাশ হল তাতে গোটা টাকাটাই সরকারের কাছে থেকে গেল এবং এ থেকে কলেজ কর্তৃপক্ষ কোন অবস্থাতে টাকা খরচ করতে পারছেন না। সরকারী দপ্তরের কোন উর্ধতন কর্তৃপক্ষের সঙ্গে কলেজ কর্তৃপক্ষের বিরোধ লেগে যায় তাহলে ২৫ ভাগের এক ভাগ টাকাও দেয়া হল না। এ বিষয়ে মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলছি।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** স্যার, আমার মনে হয় আমার বক্তব্য স্পষ্টভাবে ষ্টেটমেণ্ট অফ অবজেক্ট এণ্ড রিজিনসের মধ্যে দেয়া আছে। জিনিষপত্রের দাম বাড়াতে এবং ১১।১২ ক্লাস অবৈতনিক হবার ফলে রিভিসানের প্রয়োজন দেখা গেছে। রিভিসান বলতে আপওয়ার্ড রিভিসানের কথা বলা হচ্ছে—ডাউনওয়ার্ড নয়। কাজেই দীপকবাবু যে আশঙ্কা প্রকাশ করেছেন সেটা খুব যুক্তিযুক্ত নয়। ননীবাবু খুব গুরুত্বপূর্ণ একটা প্রশ্ন করেছেন। আমি আপনার মাধ্যমে জানাতে চাই সরকার এ বিষয়ে খুব গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন। স্পনসর্ড কলেজ যেগুলি পে প্যাকেটের মধ্যে আসেনি সেগুলিকে কিভাবে এর আওতার মধ্যে আনতে পারি সে বিষয়ে বিবেচনা করে একটা তাড়াতাড়ি সিদ্ধান্ত আমরা গ্রহণ করতে পারবো বলে আশা করি।

The motion of Shri Sambhu Charan Ghosh that the West Bengal Colleges ( Payment of Salaries ) ( Amendment ) Bill, 1982, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[4-45—4-55 p.m.]

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব ইনফর্মেশান। গত ৪ঠা অক্টোবর বীরভূম জেলার নানুর থানার রুইপুর গ্রামে জোতদার কমলাকান্ত কর তার পরোক্ষভাবে একটা গুণ্ডা বাহিনী রয়েছে, তার নিযুক্ত গুণ্ডা ধরম ঘোষ আমাদের কৃষক আন্দোলনের কর্মী রাধাপদ দাসকে বল্লমের আঘাতে নিহত করে। ঘটনাটা হচ্ছে ঐ কৃষক কর্মী রাধাপদ দাস ওরফে নাড়ু পদ দাস সেই গ্রামে একটা বিরোধ হয়েছিল জোতদারের সঙ্গে গ্রামের কৃষক কর্মীদের সঙ্গে তার মীমাংসা করবার জন্য যখন গিয়েছিল তখন ধরম ঘোষ অতর্কিতে একটি বল্লম দিয়ে খুব কাছ থেকে তাকে আঘাত করে এবং সেই আঘাতে নাড়ু দাস সঙ্গে সঙ্গে মাটিতে লুটিয়ে পড়ে। এই অবস্থা ওখানে চলছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই নৃশংস হত্যা

কাণ্ডের যেন যথাবিহিত তদন্ত এবং বিহিত ব্যবস্থা করা হয়। কেননা, এই গুণ্ডারা এই হত্যাকাণ্ড করে কৃষক আন্দোলনের ক্ষতি করছে এবং কৃষক কর্মীদের ভীত সন্ত্রস্ত করছে। আমি এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**The West Bengal Panchayat (Amendment) Bill, 1982**

**Shri Sunil Kumar Majumdar :** Sir, with your permission, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and to place a statement us required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of business in the West Bengal Legislative Assembly.

Under sub-section (1) of Section 214 of the West Bengal Panchayat Act 1973, a Panchayat body is required to be reconstituted through election within a period of six months from the date of its supersession. Under the provisions of the West Bengal Panchayat Act, 1973, Assembly Electoral rolls are to be used for election to Panchayat bodies. Previously such Rolls used to give a clear indication of Gram Panchayat constituencies and so there was no difficulty in using the Assembly Electoral Rolls for Panchayat elections. But now the Assembly Electoral Rolls are prepared on the basis of polling stations without reference to Gram Panchayat Constituencies. It would therefore not be possible to use the Revised Assembly Electoral Rolls for the Panchayat Elections. In view of the position stated above, reconstitution to some superseded Gram Panchayats through election could not be held within the period of six months from thd date of their supersession. In view of the position explained above and as the Assembly was not in session, sub-section (1) of section 214 of the West Bengal Panchayat Act 1973, was amended by the West Bengal Panchayat (Amendment) Ordinance 1982 promulgated on 17 12.81 empowering the State Government to hold the elections to a superseded Panchayat body within a period of two years instead of six months from the date of its supersession. As the said ordinance could not be replaced by a Bill during the short session of Assembly which commenced on 6th March, 1982, the ordinance was re-promulgated on 16.4 82 under the nomenclature the West Bengal Panchayat (Amendment) ordinance, 1982. As, again, the ordinance could not be replaced by a Bill during the short session of the Assembly which commenceed on 14th June, 1982, the Ordinance was re-validated by the present one i.e. the West Bengal Panchayat (Amendment) Second Ordinance, 1982 promulgated on 19th July, 1982.

( Secretary then read the Title of the Bill )

**The West Bengal Panchayat ( Second Amendment ) Bill 1982**

**Shri Sunil Kumar Majumdar :** Sir, Under the provisions of the West Bengal Panchayat Act, 1973 the term of office of the members of the Panchyat bodies, i.e , Gram Panchayats, Panchayat Samitis and Zilla Parishads is four years from the date of the first meeting at which a quorum is present.

The Panchayat bodies started functioning on different dates and many of them completed their term of 4 years around the 5th August, 1982. It was not possible to hold the Panchayat Elections due to a variety of reasons. The main reason is that under the provisions of the Act, Assembly Electoral Rolls are to be used for election to Panchayat bodies. Previously the Assembly Electoral Rolls were prepared Gram Panchayat constituency-wise and separate serial numbers and separate part numbers were allotted for each such roll. The Assembly Electoral Rolls which are now in force have been prepared polling station-wise which give no indication of a Gram Panchayat constituency. It would, therefore, not be possible to use the revised Assembly Electorall Rolls for the Panchayat Elections unless the same are re-arranged according to the Gram Panchayat constituencies after house to house visit This exercise is a time consuming one. Moreover, the General Elections to the Legislative Assembly intervened on 19.5.82 for wich the preparatory work for the Panchayat Elections could not be taken up. In view of the circumstances, it was decided that the term of office of the members of the three tier Panchayat bodies be extended from four years to five years by amending the relevant sections of the West Bengal Panchayat Act, 1973.

As the matter was urgent and the Assembly was not in session, the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1982 was promulgated on the 4th August, 1982, extending the term of office of the members of the Panchayat bodies, i.e. Gram Panchayats, Panchayat Samitis and Zilla Parishads from four years to five years.

( Secretary then read the Title of the Bill )

**Mr. Speaker** : I have received two Statutory Resolutions from Dr. Zainal Abedin and Shri Kashinath Misra in respect of both the Bills under Article 213(2A) of the Constitution of India. I call upon Shri Kashinath Misra to move both the Resolutions.

**Shri Kashinath Misra** : Mr. Speaker, Sir, I beg to move that this Assembly disapproves the West Bengal Panchayat ( Amendment ) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XI of 1982).

Sir, I also move that this Assembly disapproves the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XVII of 1982).

**Shri Sunil Kumar Majumdar** : Mr. Speaker, Sir, with your permission. I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1982, be taken into consideration.

Sir, I also move that The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982, be taken into consideration.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে রাষ্ট্রমন্ত্রী যে দুটি বিল এনেছেন তার একটার নম্বর হচ্ছে ৮ এবং আর একটার নম্বর হচ্ছে ১১ এবং এটা এনে তিনি ২১৪ ধারার সংশোধন চেয়েছেন। আমরা জানি কোন একটা পঞ্চায়েত

সুপারসিডেড হলে সেখানে ৬ মাসের মধ্যে নির্বাচন করার কথা। কিন্তু মন্ত্রীমহাশয় সেখানে আরও দুবছর সময় বাড়িয়ে দিতে চাচ্ছেন। একই সঙ্গে প্রত্যেকটা পঞ্চায়েত সুপারসিডেড হয়না, তার একটা পারসেনটেজ আছে এবং সেটা তিন পারসেন্ট হতে পারে টোট্যাল পঞ্চায়েতের। কাজেই ৬ মাস সময় যেটা ছিল তার চেয়ে বেশী সময়ের কেন প্রয়োজন হল সেটা আমি বুঝতে পারছি না এবং মন্ত্রীমহাশয়ও সেটা আমাদের বোঝাতে পারেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুপারসিড-করা পঞ্চায়েতগুলোতে ১৯৭৮ সালে নির্বাচন হয়েছে এবং তারপর এই ১৯৮২ সালে কত পারসেণ্ট পঞ্চায়েত সুপারসিডেড হয়েছে সেই প্রকৃত তথ্য পঞ্চায়েত দপ্তর আমাদের দিতে পারেনি।

[4-55—5-05 p.m.]

সেই নির্বাচন করতে পারলেন না। আপনারা সময় পেয়েছিলেন, তবুও নির্বাচন করলেন না। আজকে সময় বাড়ালেন আপনাদের কার্য সিদ্ধি করার জন্য, নিজেদের দলকে প্রতিষ্ঠা করার জন্য. নিজেদেরকে প্রতিষ্ঠা করার জন্য আপনারা এই সব কাজ করছেন। এটা কিন্তু আজকে সবাই বুঝছে। বিভিন্নভাবে পঞ্চায়েতের যে দুরবস্থা তার প্রকৃত তথ্য তিনি স্বীকার করছেন না। আপনারা আজকে সময় বাড়াচ্ছেন, ঐ সময়ের মধ্যে কোন কাজ করতে পারবেন কিনা বলতে পারেন? সময় তো বাড়িয়ে দিলেন যেহেতু এই সময়ের মধ্যে করতে পারছেন না। আজকে পঞ্চায়েতের মাধ্যমে জনসাধারণের কল্যানার্থে যে কাজ করার কথা ছিল সেটা কতটা কার্যকরী হয়েছে সেটা কিন্তু আপনারা বলতে পারছেন না। আপনি ১১নং অর্ডিনান্সের জন্য একটা বিল এনেছেন এবং সেখানে ৭ ধারা, ৯, ৫১, ৯৬, ৯৮, ১২৪, ১৪১, ১৪৩ ইত্যাদি সংশোধন করতে চেয়েছেন। আপনারা চার বছরের জায়গায় পাঁচ বছর করতে চেয়েছেন। স্যার, আপনার মনে আছে যখন ১৯৭৬ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী পার্লামেন্টের এবং বিধান সভার মেয়াদ ৫ বছরের জায়গায় ৬ বছর করতে চেয়েছিলেন, তখন আপনারা চীৎকার করেছিলেন গণতন্ত্র হত্যা হোল, গণতন্ত্র ধ্বংস হোল। আজকে আপনারা সেই পদ্ধতি নিয়েছেন। সেদিন আপনারা ইন্দিরা গান্ধীকে দোষারোপ করেছিলেন। আজকে আপনারা সেই দোষে দুষ্ট। চার বছরের জায়গায় পাঁচ বছর করছেন। আর ইন্দিরা গান্ধী ৫ বছরের জায়গায় ছয় বছর করেছিলেন। এতে কি তাহলে গণতন্ত্রকে ধ্বংস করা হচ্ছে না? আপনাদের ক্ষমতা আছে আপনারা সংখ্যাগরিষ্ঠ, আপনাদের প্রতিষ্ঠা করার জন্য এটা করতে পারেন। বলছেন ভোটার লিষ্ট সংশোধন করতে হবে। বিধানসভার ভোটার লিষ্টে কি কাজ হবে না? পঞ্চায়েতের জন্য নির্দিষ্টভাবে ভোটার লিষ্ট করতে হবে বলছেন। সেইজন্য সময় লাগবে এই আপনাদের অজুহাত। পঞ্চায়েত দপ্তর একটা স্থায়ী দপ্তর। আপনাদের যদি সত্যিকারের পঞ্চায়েতের মাধ্যমে কাজ করার ইচ্ছা থাকতো তাহলে নির্বাচনের জন্য সময় বাড়াবার দরকার হোত না। কিন্তু আপনাদের উদ্দেশ্য তা নয়। আগেই বলেছি ১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধন হয়েছিল। আবার মোরারজী দেশাই ৪৩ তম সংবিধান সংশোধন করে ৬ বছরের জায়গায় ৫ বছর করেছিলেন। অনুরূপভাবে আপনারা এখানে সেটা ঘটাচ্ছেন, আমি সেটা আগেই বলেছি। এইগুলোর কোন প্রয়োজন নেই।

গ্রামাঞ্চলে পঞ্চায়েতের সাধারণ মানুষের কাজের জায়গায় অকাজগুলোই হচ্ছে। বিভিন্ন জায়গায় যদি দেখেন, পঞ্চায়েতগুলোর যে জীর্ণ চেহারা, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের উন্নতি করার জন্য পঞ্চায়েতের টাকার পরিমাণ বেড়েছে, পঞ্চায়েতের হাতে অনেক টাকা দিয়েছেন, সেই টাকা কিন্তু ঠিকভাবে ব্যহার হচ্ছে না, সেটা উপলব্ধি করছেন সকলেই। বহু কেসগুলো হয়েছে, যে কেসগুলো আজকে পঞ্চায়েতের উপর বর্তেছে। কয়েকদিন আগে এই বিধানসভায় স্টেটমেণ্ট দিয়েছেন যে অনেক প্রধানদের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা দিয়েছেন। তাহলে এর থেকে বোঝা যায় যে পঞ্চায়েতগুলো তাদের নিজস্ব চিন্তাধারায় গ্রামের মঙ্গলের জায়গায়, গ্রামের মানুষের কিছু অমঙ্গল ঘটাচ্ছেন। সেইগুলোর জন্য পঞ্চায়েতের যে ৬ মাসকে ২ বছর বাড়াবার, আবার যেটা চার বছর ছিল, সেটাকে পাঁচ বছর করার কোন প্রয়োজন থাকেনি। যদি প্রয়োজন থাকতো তাহলে আপনারা সেটাকে অন্য ভাবে নিয়ে আসতেন। সেখানে দপ্তরকে ঠিকমত ভাবে কাজ করাবার চেষ্টা করতেন, দপ্তরকে সেইভাবে নির্দেশ দিতেন। কিন্তু সেইভাবে দপ্তরকে নির্দেশ দেননি। সেই নির্দেশটার প্রয়োজন ছিল। ধারাগুলোকে যেভাবে সংশোধন করছেন, এইগুলোর প্রয়োজন ছিল না। আজকেও কিন্তু এই কারণে মাননীয় মন্ত্রী মহাশয় যে ৮ নং এবং ১১ নং বিল এনেছেন, সেখানে আমি স্ট্যাচুটারী রেজলিউশন দিয়েছি, আপত্তি দিয়েছি এবং সেই কারণেই আমি এই বিলকে সমর্থন যোগ্য বলে মনে করছি না।

**শ্রীপ্রশান্তকুমার প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন, তাকে পূর্ণ সমর্থন করে পঞ্চায়েত সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। কাশীবাবু বললেন যে পঞ্চায়েতে দুর্নীতি আছে, নির্বাচন এ্যাভয়েড করতে চাওয়া হয়েছে, এই জন্য এই সব সময় বাড়ানো হচ্ছে, ৬ মাসের জায়গায় দু'বছর, চার বছরের জায়গায় পাঁচ বছর, এই সব বলছেন। বলতে গিয়ে বলেছেন ৪২ তম সংবিধান সংশোধন, সেটাকে আমরা নিন্দা করেছি, এইসব বলছেন। সেই ঘটনা আর এই ঘটনা এক নয়। পরিস্থিতিটাও বিচার করতে হবে। কোনটা বাস্তব পরিস্থিতি? আজ নির্বাচনের মুখে ৪২ তম সংবিধান সংশোধন করাটা কি পরিস্থিতি ছিল? জরুরী অবস্থার মধ্যে এটা করা হয়েছিল, সেটা বোঝা উচিত আর এখন বাস্তব অবস্থা কি? সুপারসিড করা হয়েছে, যে পঞ্চায়েতগুলোকে, সেই পঞ্চায়েতগুলো বাই ইলেকসন না করে সময় বাড়িয়ে একটা পদ্ধতিতে নির্বাচন করা হবে। বাই ইলেকসন হয়ে গেছে, ১৯৮০ সালে বাই ইলেকশন হয়ে গেছে, ১৯৮১ সালে আবার বাই ইলেকশন হয়েছে, তারপর ১৯৮২ সালে যে নির্বাচন হলো, বিধানসভার নির্বাচন, তার যে ভোটার লিষ্ট তৈরী হলো, সেই ভোটার লিষ্টে পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে থাকে না। সেই পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্র না থাকার ফলে, নির্বাচন যদি করতে হয়, ভোটার লিষ্ট তৈরী করতে হয়, পুরাণ ভোটার লিষ্ট অনুযায়ী নির্বাচন করা যায় না, সময় লাগবে, প্রশাসনিক ব্যাপার আছে। বাড়ি বাড়ি যেতে হবে পঞ্চায়েতের ভোটার লিষ্ট তৈরী করবার জন্য, লোকজন নিয়োগ করতে হবে, সেটা সহজ প্রথা নয়। সেই জন্য একটা সময় এর দরকার। পদ্ধতি করে এমন ভাবে নির্বাচনটাকে নিয়ে যেতে হবে, এরজন্য কোন দুর্নীতি নিয়ে আলোচনা করার বিষয় হতে পারে না। যারা পঞ্চায়েত

নির্বাচন ১৪ বছর করেন নি, ১৬ বছর করেন নি, কোথাও কোথাও ১৮ বছর পর্যন্ত পঞ্চায়েত নির্বাচন করেন নি, তাঁরা যদি আজকে পঞ্চায়েত নির্বাচনের কথা বলেন তাহলে সেটা হাসির কথা বলতে হবে। তাছাড়া আর কি বলার আছে ?

[5-05—5-15 p.m.]

ওরা পঞ্চায়েতের কথা বলছেন। ওখানে অনেক টাকা দেওয়া হয়েছে, টাকা তছরূপও হয়েছে, এই কথা বলছেন। ওরা এটা ভুলে গেছেন, দীর্ঘদিন পঞ্চায়েতের নির্বাচন না করে বেআইনীভাবে পঞ্চায়েত রেখে দিয়েছিলেন। তখন গ্রাম প্রধানের হাতে ৫ হাজার টাকা দেওয়া হত। তার ভিতর ৪ হাজার ৯৯৯ টাকা প্রধান নিজে মেরে নিতেন। বাকি যে টাকা থাকতো সেটা দিয়ে নিজের মামার বাড়ীর আশপাশে বিশেষ বিশেষ জায়গায় কাজ করতেন। ওরা ভাবছেন সেই সব দিনগুলি আবার বোধ হয় ফিরে আসবে। সেই সব দিন ফিরে আসার কোন প্রশ্নই ওঠে না। কারণ, আমরা যে পঞ্চায়েত পরিচালনা করছি সেটা হচ্ছে সাধারণ মানুষের পঞ্চায়েত। সর্বস্তরের মানুষ নিয়ে এই পঞ্চায়েত কমিটি গঠিত হয়েছে। তাতে আপনারাও আছেন। কাজেই বিচলিত হবার কোন কারণ নেই। যেসব বেনিফিসিয়্যারি কমিটি আছে, তাতে সমস্ত দলের লোকজনদের রাখা হয়েছে। আমরা সৎসাহসেই রেখেছি। আমরা সেই সব পঞ্চায়েতকে সুপারসিড করেছি, যারা দুর্নীতিগ্রস্ত বলে প্রমানিত হয়েছে। দলমত নির্বিশেষে সেই পঞ্চায়েতগুলি বাতিল করা হয়েছে। যেসব পঞ্চায়েত বাতিল করা হয়েছে তার মধ্যে আমাদের পার্টির পঞ্চায়েতও আছে। এখনো খোঁজ খবর নেওয়া হচ্ছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় হল যেসব পঞ্চায়েত বাতিল করা হয়েছে তারা কংগ্রেস (ই) তে আশ্রয় চাইছে। আমরা খোঁজ নিয়ে দেখছি আপনারা তাদের আশ্রয় দিচ্ছেন। আমরা চুরির দায়ে যাদেরই বাদ দেব, তখনই তারা কংগ্রেসে গিয়ে ঢুকবে, এটা প্রমানিত হয়ে গেছে। সেই জন্য সকল স্তরের পঞ্চায়েত কমিটি গঠনের যে বিল এখানে আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে ভয়াবহ বন্যা হয়ে গেছে। সেই বন্যার মোকাবিলা করা একমাত্র এই পঞ্চায়েতের দ্বারাই সম্ভব হয়েছে। গনমুখী পঞ্চায়েত ছিল বলেই এটা সম্ভবপর হয়েছে। এই বছর ভয়াবহ খরা চলেছে। এই খরার মোকাবিলা করতে হলে এই গণমুখী পঞ্চায়েত ছাড়া অন্য কোন পঞ্চায়েত দ্বারা সম্ভব নয়। তাই মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিশির অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রীর অনুপস্থিতিতে মন্ত্রীসভার তরফ থেকে দুটি এ্যামেণ্ডমেণ্ট বিল হাউসে আনা হয়েছে। এই নিয়ে তর্ক বিতর্ক অনেক কিছুই হচ্ছে। আমরা অতীতেও বলেছি, আবার বলছি, এই গণমুখী পঞ্চায়েত যারা বলছেন, জনগণের পঞ্চায়েত যারা বলছেন তাদের মুখে এই বাহবা নেওয়াটা সাজে না। তার কারণ, ১৯৭৩ সালে এই পঞ্চায়েত বিল আমাদেরই সরকার এনেছিলেন এবং তারপর আপনারা একটু এদিক ওদিকে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। আমরা সকলেই জানি, মাননীয় মুখ্যমন্ত্রী এই সভায় দাঁড়িয়ে বলেছেন হ্যাঁ, পঞ্চায়েতে চুরি হচ্ছে, কি করব বলুন—আমি তাই ওদের কাছে এই কথা বলতে চাই, আজকে পঞ্চায়েতে

নির্বাচন না করে সময় সীমা বাড়াতে চাচ্ছেন অথচ একদিন আপনারাই কয়েকটা বিধানসভা এবং লোকসভায় বাই-ইলেকসন হয়নি বলে বন্ধ ডেকেছিলেন। আজকে ১৯২টি পঞ্চায়েত সমিতিতে পদ খালি, জেলা পরিষদে ১৫টি পদ খালি এবং সেখানে কোন নির্বাচন হয়নি। আপনারা নির্বাচনে হেরে যাবেন সেইজন্যই নির্বাচন হচ্ছে না। উত্তরপাড়া-কোন্নগর স্টেশনের পাশে জেলা পরিষদের একটা এলাকা আছে যেখানে ৩ বছর আগে সি. পি. এম.-এর আর একটা গোষ্ঠির দ্বারা সেই সদস্য নিহত হলেন। কিন্তু সেই সিটে আর নির্বাচন হল না কারণ নির্বাচন করতে গিয়ে হয়ত আরও ১০টি খুন হবে। সরকারপক্ষের সদস্য এসব কথা জানেন কিন্তু লজ্জায় এ সম্বন্ধে কিছু বলেননি। বাঁকুড়া জেলায় আমরা কংগ্রেস গ্রুপ থেকে একটা মিটিং করেছিলাম এবং সেখানে একজন বুড়ী এসে বললেন, আমার ছেলেকে আশীর্বাদ কর সে যেন পঞ্চায়েতের মেম্বার হতে পারে। জজ, ব্যারিস্টার করে কি হবে, কত টাকা মাইনে পাবে? ছেলে যদি পঞ্চায়েতে মেম্বার হয় তাহলে ৫ বছরে সে যা আয় করবে তাতে তার সারা জীবন চলে যাবে। দেবব্রতবাবু বলেছেন শতকরা ৭০ ভাগ পঞ্চায়েত সমিতি কোন হিসেব দেয়নি এবং তাদের বিরুদ্ধে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মালদহতে মাত্র ২৭টি গ্রামপঞ্চায়েত মেম্বারকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা কাগজে দেখেছি পশ্চিম বাংলায় পঞ্চায়েত প্রধানদের মধ্যে যারা সৎ লোক তাঁর সব অ সি পি এম এবং সি পি এম যত আছেন তাঁরা সব চুরিতে প্রধান হয়েছেন।

আমার দুটো কাট্ মোশান আছে, সেই কাট মোশান দুটি আমি মুভ করছি। সেই সঙ্গে আমি বলছি, পঞ্চায়েত সমিতিগুলি এবং গ্রাম পঞ্চায়েতগুলি যেভাবে দুর্নীতি করছে, তা শুধু সি. পি. এম.-এর লোকেরা করছে বলেই আমরা বিরোধীতা করছি না, কংগ্রেসী লোকেরা করলেও আমরা বিরোধীতা করতে রাজী আছি। আজকে মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর দুনীতি করেছেন বলেই আমরা তাঁর বিরোধীতা করছি তা নয়, কংগ্রেসী আমলেও আমাদের সন্দেহ হয়েছিল বলেই আমরা ওয়াংচু কমিশন বসিয়েছিলাম। আমাদের সে সাহস আছে, আমাদের গাট্স্ আছে, কিন্তু আপনাদের তা নেই বলেই আপনারা চিৎকার করছেন এবং ঐ সব কথা বলছেন। আজকে আপনারা পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীন অর্থনীতিকে ভেঙে ফেলছেন, গ্রাম উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা দিচ্ছেন, অথচ সেই টাকার হিসাব কেন্দ্রীয় সরকারের কাছে যাচ্ছে না। আজকে কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিম বাংলার মান ইজ্জত ধুলোয় লুণ্ঠিত হচ্ছে, সেই জন্য আমি এই বিলের বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**অধ্যক্ষ মহাশয়ঃ** আমি মাননীয় সদস্য আবদুল মান্নানকে জানিয়ে দিতে চাই যে, সংবিধানের নিয়ম অনুযায়ী এখানে ইংরাজী ভারসন পাশ হয়, এখানে বাংলা ভারসন পাশ হয় না। সংবিধান অনুযায়ী যদি কোন বিল রাজ্যের ভাষায়, অর্থাৎ বাংলা, উর্দু বা অন্য কোন রাজ্য ভাষায় পাশ করাতে হয় তাহলে হিন্দী অনুবাদ দিতে হয়। কিন্তু এখানে ইংরাজীতে বিল দেওয়া হয় এবং ইংরাজীতেই পাশ হয়, বাংলায় শুধু অনুবাদ দেওয়া হয় সদস্যদের বোঝবার সুবিধার জন্য। বাংলা অনুবাদে কোন ভুল থাকলেও বিল পাশ করাতে কোন অসুবিধা হয় না। আমাদের দেশের আইনে বা কনস্টিটিউসনে এটাই আছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** স্যার, আপনি ভুলটাকে সমর্থন করছেন!

**অধ্যক্ষ মহাশয় ঃ** আমি ভুলটাকে সমর্থন করছি না, যদি ভুল হয়ে থাকে তাহলে সেটাকে স্বীকার করে নিয়েই বলছি যে, ওটাকে প্রিনটিং মিসটেক হিসাবে ধরে নিতে হবে, কিন্তু এখানে অফিসিয়াল ভারসন হচ্ছে ইংরাজী এবং ইংরাজীতেই বিল পাশ হবে। বাংলাতে বিল পাশ হয় না, হবে না। এটাই আমাদের সংবিধানের নিয়ম।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, সরকার ইংরাজী তুলে দিচ্ছে, আর বিল পাশ করাচ্ছে ইংরাজীতে, এটা কি রকম হচ্ছে!

**অধ্যক্ষ মহাশয় ঃ** আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই, গত বিধান সভায় এরকম একটা বিষয় নিয়ে আলোচনা হয়েছিল। তথাপি আমি মিঃ বাপুলীকে বলছি যে, আপনারা এটা নিয়ে কেন্দ্রীয় সরকারকে বলতে পারেন সংবিধান সংশোধন করবার জন্য।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** স্যার, এখানে পঞ্চায়েত শব্দটি ইংরাজীতে যেভাবে আছে তাতে তা বাংলা অনুবাদে পঞ্চায়েত হয় না, পঞ্চায়ত-ই হয়।

**শ্রীধীরেন্দ্র নাথ চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় পঞ্চায়েত আইনের দুটি সংশোধনী বিল হাউসে উপস্থিত করেছেন, আমি সেদুটিকে পূর্ণ সমর্থন করে ২/৪টি কথা আপনার সামনে রাখছি।

স্যার, এই বিলের ওপর আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী সদস্যরা অনেক কথাই বললেন। ওঁরা ঠিকই বলেছেন, ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন হয়েছিল, সেই আইনের মাধ্যমে নির্বাচন হয়েছিল এবং আজকের এই পঞ্চায়েত গঠিত হয়েছিল। কিন্তু আমি কি ওঁদের জিজ্ঞাসা করতে পারি, ওরা ঐ আইন করার পরেও চার বছর ক্ষমতায় থাকা সত্ত্বেও কেন পঞ্চায়েতের নির্বাচন করেননি ?

[5-25—5-35 p.m.]

আমি কি এই কথা বলতে পারি না তারা আগে যে অঞ্চল পঞ্চায়েত গড়েছিলেন, দীর্ঘ ১৪ বছরের মধ্যে একবারও নির্বাচন করলেন না — তখন গণতন্ত্রের কোন ক্ষতি হলো না ? আর এখন গণতন্ত্রের ক্ষতি হয়ে গেল। এখন আপনারা গণতন্ত্রের চরম ক্ষতি দেখতে সুরু করেছেন। আমি বুঝতে পারছি, যেহেতু আজকে জনসাধারণের চেতনা সৃষ্টি করেছে, জনসাধারণের কাছে একটা নতুন অবস্থার সৃষ্টি করেছে এবং তারই জন্য তাদের দীর্ঘদিনের যে কায়েমী স্বার্থ সেই কায়েমী স্বার্থ বিপন্ন হয়ে পড়ছে তাই ওরা চিৎকার সুরু করেছে, তাই সহ্য করতে পারছে না। আমি একটু পিছিয়ে যাই, যখন ওদের আমলে পঞ্চায়েত ছিল তখন গ্রামের ৫টি লোকের কাছে গেলে পঞ্চায়েতের হিসাব পাওয়া যেত। আমি গ্রামে বাস করি, আমরা দেখেছি, অতীতে অঞ্চল প্রধান, উপ-প্রধান, অধ্যক্ষ আর কণ্ট্রাকটর এবং কিছু সম্পাদকের কাছে গেলে পঞ্চায়েতের হিসাব পাওয়া যেত। তাই আজকে ওনাদের বলছি, দয়া করে গ্রামে গিয়ে সাধারণ মানুষকে জিজ্ঞাসা করুন, গ্রাম পঞ্চায়েত আজকে কিভাবে চলছে ? আপনাদের সময়ে কি গণতন্ত্র ছিল ? ঐ প্রধান, উপপ্রধান আর কণ্ট্রাকটরদের নিয়ে যে পঞ্চায়েত চলতো তার দ্বারা কি গণতন্ত্র রক্ষিত হতো ? নিজেদের স্বার্থ রক্ষিত হয়েছে।

আজকে গ্রামের সাধারণ মানুষ পঞ্চায়েতে এসে দাঁড়িয়েছে তাদের জায়গায়, সেইজন্য ওনাদের কাছে বিষময় হয়ে উঠছে। জনগণের যে পঞ্চায়েত তা কাজের মধ্য দিয়ে প্রমাণিত হয়েছে। বন্যার সময়ে অনেক কাজ হয়েছে। আজকে তাই ওরা সহ্য করতে পারছে না। আগেকার দিনে যখন চিড়ার বস্তা যেততখন ওনাদের ১ তলা বাড়ীর জায়গায় ২ তলা বাড়ী উঠতো। আজকে সেই চিড়ার বস্তা না থাকার জন্য বাড়ী তৈরী করতে পারছে না,সেইজন্য সহ্য করতে পারছি না। এখন মানুষ অনেক বেশী পঞ্চায়েত সম্পর্কে সচেতন হয়েছে। তাই আজকে গ্রাম-উন্নয়ন অনেক বেশী হচ্ছে। অতীতে যেখানে খাবার জলের জন্য হাহাকার উঠতো আজকে দেখা যাবে সেই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের অধিকাংশ পাড়ায় টিউবওয়েল হয়েছে। সেখান থেকে গ্রামের লোকেরা জল পাচ্ছে। অতীতে একটু জলের জন্য যাদের বাড়ীতে যেত তাঁরা দূর দূর করে বাড়ী থেকে তাড়িয়ে দিতেন। আর আজকে এরা বলছেন পঞ্চায়েতে কোন কাজ হচ্ছে না। অতীতে তাঁরা যেভাবে পঞ্চায়েত পরিচালনা করতেন তার একটা নমুনা হচ্ছে, সাধারণ ভাবে একটা মানুষ জি. আরের জন্য পঞ্চায়েতের কাছে গেলে তারা সেখানে জি. আর. দিয়ে বেকারের সমীক্ষা করে কিছু দিয়ে নিজেদের পকেটে ভরতো। আজকে অনেকেই সমালোচনা করলেন কিন্তু আমি এইটুকু বলতে চাই, গ্রামাঞ্চলে এমন কিছু প্রতিবেশী থাকে যারা অন্যের ভাল দেখতে পারে না। যদি একটা ভাল গাই ভাল দুধ দেয় তাহলে সেই ভাল গাইকে তারা সহ্য করতে পারে না। তার ল্যাজটা তুলে দু-একটা যদি এঁটুলি পায় তাহলে সেই এঁটুলি বের করে দেখাতে চায়। আপনাদের অবস্থাও ঠিক তাই। সেইজন্য বলছি, পঞ্চায়েত যেভাবে কাজ করছে তাকে সহযোগিতা করে আরো অগ্রগতির পথে নিয়ে যাবেন — এই আশা-ভরসা রাখছি এবং মাননীয় মন্ত্রীমহাশয় যে বিলগুলি এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েতের যে দুটো এ্যামেণ্ডমেণ্ট বিল আমাদের এই হাউসে রাখা হয়েছে সেই এ্যামেণ্ডমেণ্ট বিলের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি এবং বিরোধিতা করে ২/৪টি কথা বলতে চাইছি। আজকে পঞ্চায়েতের যে এ্যামেণ্ডমেণ্ট বিল এখানে পঞ্চায়েৎ মন্ত্রী এনেছেন সেই বিলে বলেছেন যে, পঞ্চায়েতকে সুপারসিড করা হবে। কিন্তু আইনে আছে যে, সুপারসেসনের ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে এবং এটাই নিয়ম। কিন্তু নানাবিধ কারণে পঞ্চায়েতের নির্বাচন করা হয়নি। ৬ মাসে যেটার নির্বাচনের কথা ছিল সেটাকে ২ বছর পেছিয়ে দেওয়া হচ্ছে। ঠিকমত ভেটে হচ্ছে না এবং তাতে কারণ দেখান হয়েছে যে আমাদের যে ভোটার লিস্ট দেখে পঞ্চায়েত নির্বাচন হোতো সেই ভোটার লিস্ট বিধানসভার নির্বাচনের সময় দেখান হোতো, কিন্তু তাতে দু-চারটি ক্ষেত্রে একটু মুসকিল হয়। আর একটি যে এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তাতেও ঐ কারণ দেখান হয়েছে। বিধানসভা নির্বাচনে যে ভোটার লিস্ট সেই ভোটার লিস্টেই পঞ্চায়েত নির্বাচন হয়ে থাকে, এটাই আইন। কাজেই এখন দেখা যাচ্ছে বিধানসভার নির্বাচনের ক্ষেত্রে ভোটারলিস্টের একটু হেরফের হয়েছে, অর্থাৎ বিধানসভার নির্বাচনের ক্ষেত্রে ভোটার লিস্ট যেটা হয়েছিল সেটা পোলিং ষ্টেশন ওয়াইজ ভোটার লিস্ট হয়েছে, সেজন্যই পঞ্চায়েত নির্বাচন করতে আমাদের অসুবিধা হচ্ছে। কিন্তু আজকে আমাদের সরকারের কাছে একটা

প্রশ্ন এই যে, ভোটার লিস্টের কারণ দেখিয়ে আজকে পঞ্চায়েতের মেয়াদ যেখানে ৪ বছর ছিল সেখানে এক বছর বাড়িয়ে ৫ বছর কেন করা হোল যেটা ৬ মাস ছিল সেটা ২ বছর কেন করা হলো ? আজকে সব রাজ্যের সরকারের কাছেই একটা প্রশ্ন এই যে পোলিং স্টেশন ওয়াইজ ভোটারলিস্ট করায় ডিভিসনটা ইলেকসন কমিশন কেন নিলেন ? ইলেকসন কমিশন ডিসিসন দিয়েছিলেন ১৯৮১ সালের গোড়ার দিকে যে, পোলিং স্টেশন ওয়াইজ ভোটার লিস্ট হবে, বিধানসভা নির্বাচনের পোলিং স্টেশন ওয়াইজ ভোটার লিস্ট হবে, ১৯৮১ সালের গোড়ার দিকে ডিসিসন দিয়েছিলেন। ১৯৮১ সালের জুনে নির্বাচন হবার কথা। আপনারা জানেন ১৯৮২ সালে পঞ্চায়েত নির্বাচন করতে হবে। তার মধ্যে কি আপনারা ভোটার লিস্টের ভুল ক্রটি বার করতে পারতেন না ? পঞ্চায়েত নির্বাচন ১৯৮১ সালের গোড়ার দিকে হবার কথা, ১৯৮২ সালের জুনের মধ্যে নিশ্চয় সংশোধন করা যেত, কিন্তু আমার মনে হয় এতে রাজনৈতিক উদ্দেশ্য আছে এবং এই যে পঞ্চায়েত এ্যাক্ট এটাতে পঞ্চায়েতকে ক্ষমতা দেবার কথা ভাবছেন, পঞ্চায়েতকে ক্ষমতা দিয়েছেন এবং পঞ্চায়েতকে আজকে ব্যাপক হারে ক্ষমতা দিয়ে সেগুলোকে দুর্নীতিগ্রস্থ করে তুলছেন। আজকে সমস্ত গ্রাম পঞ্চায়েত গুলিরই এই অবস্থা হয়েছে। আজকে আমি মেনশনের সময় বলেছি একজন প্রধানের কথা, যিনি প্রায় দেড়-দু লক্ষ টাকা তছরূপের অভিযোগে অভিযুক্ত, আজও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না এবং ব্যবস্থা গ্রহণ করা তো দূরের কথা তাকে যে ক্ষমতা দিয়েছেন তা থেকে সরাতে পারছেন না। দেবব্রতবাবু যখন পঞ্চায়েত মন্ত্রী ছিলেন তখন তিনি আর. এস. পি.-র পক্ষ থেকেই স্বীকার করে গিয়েছেন যে পঞ্চায়েতে দুর্নীতি হচ্ছে। এইসব কারণে আমি পঞ্চায়েতের দুর্নীতির প্রতিবাদ করে এই পঞ্চায়েত বিলের বিরোধিতা করছি। এবং আরও বলছি যে ইমিডিয়েটলি ভোটার লিস্ট সংশোধন করে, দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতদের বাতিল করে নির্বাচনের ব্যবস্থা করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব সংক্ষেপে উত্তর দিচ্ছি। প্রথমেই বলছি, আপনি নিজে যেটা বলেছেন যে এই সব লেখা হয় ইংরেজীতে। আইনটা থাকবে ইংরেজীতে, প্রয়োজনে বাংলা বা হিন্দী পরিভাষা ব্যবহার করা হবে। ইংরেজীতে পঞ্চায়েত হয়, পঞ্চায়ত হয় না। পঞ্চায়েত নির্বাচন দু-বছর কেন পিছিয়ে গেল সেকথায় আমি পরে আসছি, তার আগে মাননীয় সদস্য কাশীবাবু যে কথা বলেছেন আমি সেই প্রসঙ্গে বলতে চাইছি, কাশীবাবু নিশ্চয় জানেন পঞ্চায়েতের ব্যাপারে—১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন হয়েছে, তখন সে নির্বাচন ১৯৭৩ সালের আইন অনুসারেই করা হয়েছিল।

[5-35—5-45 p.m.]

কিন্তু তখন একটা কথা ছিল পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে বিধানসভার যে ভোটার তালিকা, সেই ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন হবে। ফলে আমরা ১৯৭৮-৭৯-৮০ সালে যে সব পঞ্চায়েতে উপনির্বাচনের প্রয়োজন ছিল সেইগুলি আমরা করেছি। গতকাল প্রশ্ন-উত্তরের সময় আপনারা নিশ্চয়ই শুনেছেন যে আমরা কয়েকটা উপ-

নির্বাচন করেছি এবং কয়েকটা উপনির্বাচন করতে পারিনি। মাননীয় সদস্য ইমাজুদ্দিন সাহেব বললেন যে কেন করতে পারিনি। সেই সময় যেহেতু প্রশ্নটি সেই প্রশ্নের সঙ্গে সামঞ্জস্য ছিল না বলে আমি উত্তর দিয় নি। এইকথা বলে রাখা ভাল যে আমি বলেছিলাম যে আগামীকাল আমি এই প্রশ্নের উত্তরটি দেব। সেটা হলো যে গ্রাম-পঞ্চায়েতগুলি পরবর্তীকালে উপনির্বাচন করার প্রয়োজন হয়ে পড়েছিল। আমরা এসে দেখলাম যে ১৯৮০ সালের যে পঞ্চায়েতের ভোটার লিস্ট তৈরী হলো, সেই ভোটার লিস্ট তৈরী গ্রাম ভিত্তিক হয় নি, বুথ ভিত্তিক নির্বাচনের ভোটার তালিকা তৈরী হয়েছিল। এখানে বলা হয়েছে যে আমরা কি হয়েছে। আমরা ইতিপূর্বে নির্বাচন কমিশনের কাছে চিঠি লিখেছিলাম, মুখ্য নির্বাচন অফিসে আমরা জানিয়েছিলাম যে আমরা ঐভাবে করতে পারবো না। আমার কাছে সেই চিঠির কপি আছে। তারা বলেছিলেন যে এইভাবে ভাগ বা গ্রামপঞ্চায়েতকে একটা এরিয়ার মধ্যে রেখে করতে হবে। তাতে দেখা গেছে, তাদের কথামত এক একটা গ্রামপঞ্চায়েতকে সামনে রেখে নির্বাচনের তালিকা হলেও এমন কতকগুলি গ্রামপঞ্চায়েত আছে যে গুলি অন্য গ্রাম-পঞ্চায়েতের সঙ্গে জড়িয়ে গিয়েছে। এইগুলিকে ভাগ করার প্রশ্ন আছে। আজকে প্রশ্ন হলো, নির্বাচনের জন্য যে গ্রামীণ সভা ভিত্তিক বা কনসটিটিউএনসি ভিত্তিক ভোটার লিস্ট তৈরী হয়ে গিয়েছিল যার ফলে সেই নিয়ম অনুযায়ী নির্বাচন হতে পারছে না। ফলে আমাদের কিছু অপেক্ষা করতে হলো, আমরা এটা বলেছি, এই সমস্ত অবস্থা আছে। এরজন্য এটাকে ২ বছর বলেছেন। আর দ্বিতীয় জিনিষ হচ্ছে যে আমরা যে নির্বাচনটা চাচ্ছি ৪ বছরের জায়গায় ৫ বছর, ওরা বললেন ইন্দিরা গান্ধী ৫ বছরকে কি করে ৬ বছর করলেন। কিন্তু আমরা সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে পঞ্চায়েত সিস-টেম চালু হয়েছে সেখান থেকে একটা অভিজ্ঞতা নিয়ে আসতে চেয়েছি যে তারা কোথায় কতদিন করেছে। সেই সম্বন্ধে আমাদের কাছে যা রিপোর্ট আছে তাতে আসাম, কর্ণাটক, বিহার ছাড়া আর সবাই পাঁচ বছর করেছে। এমন কি কয়েকদিন আগে সিকিমের রেডিওতে শুনলাম যে গ্রামপঞ্চায়েত-এর ভু-স্তরের নির্বাচন ৫ বছরের মধ্যে করা। সুতরাং আমি বলি যে সেই ভিত্তিতেই আমরা কাজ করছি। তৃতীয় প্রশ্ন হলো—দুর্নীতির কথা আপনারা বলেছেন। দুনীতির জন্য যে গোটা পঞ্চায়েত সিসটেম খারাপ হয়ে গেছে এই কথা বলা ঠিক নয়। কারণ এর একটা পজেটিভ সাইড আছে, এটা মনে রাখা উচিত। কিছু ত্রুটিতো থাকবেই এবং কিছু ত্রুটি মুক্ত করতে হবে। কিন্তু অপর পক্ষ থেকে এমন ভাবে চিৎকার করা হয় যেন এই সরকার পক্ষই সব কিছু চুরি করছেন। আমি শুধু এইটুকুই বলতে চাই যে আমি রিপোর্ট জানাচ্ছি বিভিন্ন জেলা থেকে। কালকে আমি বলেছিলাম যে ১০ জন গ্রামপঞ্চায়েতকে ধরা হয়েছে এবং তাদের তাড়িয়ে দেওয়া হয়েছে। তাদের মধ্যে কারা কারা ছিল সেটা আমি বলেছি, আজকে আর বলতে চাই না। এমন কি খবরের কাগজে সংবাদ পড়ে আমরা মালদাহ থেকে রিপোর্ট জানিয়েছি। তাতে দেখলাম অনেকে আছে। আমি বলতে চাই এই কথাটাই প্রধান নয়। এইকথা যদি বলেন তাহলে দেখা যাবে কংগ্রেস ( আই ) আছে, অন্যান্য দলের লোকও আছে। আমি শুধু এইকথা বলতে চাই না যে কংগ্রেস (আই) কি সি. পি. এম. কি ফরোয়াড ব্লক—এটা প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে যে, যে উদ্দেশ্যে

পঞ্চায়েত গঠিত হয়েছিল, সেই উদ্দেশ্য সফল হতে চলেছে। তবে অনেক বাধা আছে, অনেক বিপত্তি আছে। এই যে সমাজ ব্যবস্থা, এই সমাজ ব্যবস্থায় কিছু কিছু ত্রুটি থাকবে। ত্রুটি মুক্ত করে আমাদের এগোতে হবে। কাজেই এই প্রসঙ্গে যদি বলেন আমি নিশ্চই বলতে পারি কাশী বাবুকে যে, আপনি কোন সময় গ্রামাঞ্চলে গিয়ে দেখতে পারেন গ্রামপঞ্চায়েত যে সব কাজগুলি করেছেন, ইতিপূর্বে তার কোন অসুবিধার সৃষ্টি হয় নি। আমি গতবার গুজরাটে গিয়েছিলাম পাবলিক এ্যাকাউণ্ট কমিটির সদস্য হিসাবে এবং অন্য একটা সংগঠনের মাধ্যমে। সেখানে আমি গিয়ে দেখেছি তাদের গ্রামপঞ্চায়েত কি করেছে এবং তাদের কি অবস্থা। আমি আর তাদের প্রশ্ন তুলতে চাই না। কিন্তু আমাদের এখানে যে গ্রামপঞ্চায়েত—তাদের কাজের একটা পদ্ধতি আছে। সেটা হচ্ছে গ্রামের মানুষদের কিছু কাজ দেওয়া। সেইজন্য আমি বলতে চাই, এ সমস্ত কাজগুলি আমরা করেছি। কিছু কিছু কাজ ভাল হয়েছে --হ্যাঁ, ত্রুটি কিছু আছে, সেই ত্রুটি মুক্ত করতে হবে। তাহলে পঞ্চায়েতের যে অবস্থা আছে, সেই অবস্থা ভাল ভাবে চলবে। এইকথা বলে আপনাদের কাছে অনুরোধ করবো যে, যে সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন করতে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kashinath Misra that the Assembly disapproves the West Bengal Panchayat (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XI of 1982), was then put and lost.

The motion of Shri Abdul Mannan that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result :

NOES—53

Abdur Razzak Molla, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Basu, Shri Ajit
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bhattacharyya, Shri Satya Pada
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Maity, Shri Gunadhar
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Mandal, Shri Gopal
Mohanta, Shri Madhabendu
Majumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal

Naskar, Shri Subhas
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Tarak Bandhu
Roy Chowdhury, Shri Nirode
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Uraon, Shri Subodh

AYES—9

Abdul Mannan, Shri
Bapuli, Shri Satya Ranjan
Goswami, Shri Arun Kumar
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Shaikh, Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

The Ayes being 9 and the Noes 53, the motion was lost.

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Panchayat (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

[5-45—5-55 p.m.]

**Clause 1**

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that for clause 1, the following clause be substituted :

"Short title : 1. This Act may be called the West Bengal Panchayat (Amendment) Act, 1982".

**Shri Sunil Kumar Mazumdar :** Sir, I accept it.

The motion was then put and agreed to.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that clause 1 (2) be omitted,

The motion was then put and lost.

The question that Clause 1, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker :** Amendment No. 4 is out of order.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 2, line 3, for the words "two years" the words "one year" be substituted.

The motion was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that clause 3 (2) be omitted.

The motion was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar** : Sir, with your permission, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion of Shri Sunil Kumar Mazumdar that the West Bengal Panchayat (Amendment) Bill, 1982, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result :

AYES—56

Abdur Razzak Molla, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bhattacharyya, Shri Satya Pada
Chattopadhyay, Shri Dhrubeswar
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
De, Shri Bhibhuti Bhusan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mandal, Shri Gopal
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjec, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Chowdhury, Shri Nirode
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Uraon, Shri Subodh

NOES—9

Abdul Mannan, Shri

Bapuli, Shri Satya Ranjan
Goswami, Shri Arun Kumar
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Shaikh, Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

The Ayes being 56 and the Noes 9, the motion was carried.

The motion of Shri Kashinath Misra that this Assembly disapproves the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XVII of 1982) was then put and lost.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The Motion of Shri Sunil Kumar Mazumdar that the West Bengal Panchayat ( Second Amendment ) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clause—1**

**Shri Abdul Mannan** : I beg to move that clause 1(2) be omitted.

The motion was then put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

[5-55—6-05 p. m.]

**Clause 2**

**Mr. Speaker** : There is an amendment (No.3) given by Shri Abdul Mannan. But the amendment is out of order under Rule 81 (VIII) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

There is another amendment (No.4) given by Shri Abdul Mannan. He may move his amendment.

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that in clause 2, sub-clause (a), line 2 for the words "five years" the words "three years" be substituted.

**Shri Sunil Kumar Majumdar** : I do not accept it.

The motion of Shri Abdul Mannan that in clause 2 sub-clause (a), line 2, for the words "five years" the words "three years" be sub-stituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Mr. Speaker** : There is an amendment (No. 5) given by Shri Abdul Mannan. He may move his amendment.

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that in clause 3, line 2, for the words "five years" the words "three years" be substituted.

**Shri Sunil Kumar Majumdar** : I do not accept it.

The motion of Shri Abdul Mannan that in clause 3, line 2, for the words "five years" the words "three years" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 to 13 and Premable**

The question that clause 4 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar** : Sir, with your permission, I beg to move that the West Bengal Panchayat ( Second Amendment ) Bill, 1982, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Statement under Rule 346**

**Shri Prasanta Kumar Sur** : Sir, With your permission, I want to make a Statement.

Shri Satya Ranjan Bapuli, MLA, brought an allegation against me on the 5th October, 1982 in the Legislative Assemble to the effect that I helped Shri Rajen Poddar to convert the Firpo Hotel into a market and obtained thereby some illegal gratification. At the very outset I would like to state that the allegation is not only false but it is malicious also. The reason for such an wild allegation would not have arisen at all had the Hon'ble Member been a bit respectful to the facts of the case which are as follows .-

( noise )

( At this state the members of Cong ( I ) and Cong ( S ) bencher walked out of the chamber ).

The construction work of the premises No. 18/2, Jawaharlal Nehru Road, commonly known as Firpo Building, for converting in into a market was started some time in the first part of 1976 when the Congress Party was in power in the State and Shri Subrata Mukherjee was in-charge of the affairs of the Calcutta Corporation. The landlord started the work without any plan sanctioned by the Calcutta Corporation. On receipt of a complaint from one Shri P. C, Shaw, the then MLA's nominee of Ward No. 54, the Corporation came to know of the unauthorised construction and served a Notice u/s 416 of the C M Act on 21.8.76 asking the landlord to stop any further construction. Guards were also posted by the Corporation to watch the situation.

On furnishing and undertaking by the party that there would be no further construction, the posting of the Guard was lifted on 23.8.76 and the party paid Rs. 600/- as the charge for Guard posting. As soon as the posting was lifted the party started construction. On 31. 8. 76 the Guard were posted again. On 15.9.76 the party again furnished and undertaking and the Guard was lifted. The posting of Guards, furnishing of undertaking and lifting of

Guards went on for some time. At a time when the inspecting officers remarked that as the party had furnished undertakings on several occasions and violated the same as usual and that as the construction had been going on in full swing, some action should be taken against the landlord. On this submission by the District Building Surveyor, the Deputy Commissioner ( Building ) passed a rather curious order on 28.9.76—"Discussed with Hon'ble Minister. In view of the undertaking of the party the Guard watch may be withdrawn and departmental watch be kept." A fact stranger than this happened. The District Building Surveyor who had all along been trying to stop the construction had suddenly been transfered by the them Hon'ble Minister and a new offices brought in.

The incoming officer kept silent for about 3 ( three ) months and the construction of building went on full swing. It was in the last part of December, 1976, that on receipt of certain complaint regarding construction of the unauthorised work that the officers of the Corporation became attentive. Another strange thing happened in the meanwhile. The Deputy Commissioner (Building) was transferred and a new officer was appointed to the said post without the approval of the Government purely on "administrative reasons". It is crystal clear that the two new officers were promoted to the said posts regardless of any rules and regulations, i. e. the District Building Surveyor and the Deputy Commissioner (Building), only with a view to safeguard the interest of the landlord of the Hotel in his bid to complete the construction.

Even on violation of the undertaking on innumerable occasions, the Deputy Commissioner (Buiding) again passed an order on 10.1.77 that In view of the undertaking of the party in their letter dated 6.1.77 a last chance is given to them. The Guard was lifted and the landlord was allowed complete his construction.

After the construction of the market was complete in February, 1977 proceedings were started against the landlord and he was given a hearing on the 2nd March, 1977. On hearing the appeal of the landlord the Deputy Commissioner (Building) ordered that only a small portion of the 1st floor of the building should be demolished. The rest of the construction of the building was regularised by him.

Again the said order of the Deputy Commissioner (Building) regarding demolition of a portion, the party made an appeal to the Building Tribunal of the Calcutta Corporation where he failed. He then moved the High Court. After several hearings the appeal of the landlord was disposed off on penalty to the extent of about Rs. 3 lakhs.

A copy of the Terms of Settlement is enclosed.

These are the whole facts of the case. The party started construction and get an order of regularisation during the period when the State was under the Congress regime. The present Minister-in-charge of Civic Affair had

nothing to do with this case. The allegation brought against him is thus not only bascless but also malafide and/or with some ulterior motive.

Matter No. 822 of 1978

IN THE MATTER OF ;
AUTO DISTRIBUTORS LTD-
-VS-
Lokesh Chandra Banerjee & Ors.

**TERMS OF SETTLEMENT**

1. That upon receipt by Corporation of Calcutta Cheque No. 208634 dated 1.6.1979 on United Bank of India for Rs. 2,83,412 (Rupees two lacs Eightythree thousand four hundred and twelve) only as penalty charges and Cheque No. 208622 dated 1.6.1979 on United Bank of India for Rs. 23,100 (Rupees twenty three thousand one hundred) only by way of Guard Watch Charges, the order of Deputy Commissioner (Buildings) dated 2nd March, 1977, relating to the permises Nos. 18/A, 18/B and 18/C, Jawaharlal Nehru Road, formerly Chowringhee Road, Calcutta stand set aside :-

2. The unauthorised construction was covered by this matter stands regularised.

3. The Corporation of Calcutta will not refuse to grant necessary TRADE LICENCE to the shop-keepers, tenants and any other occupants of the said promises, who has or will make the application on the ground of the order dated 2nd March, 1977 PROVIDED HOWEVER that such applications are in accordance with law and qualify for the Trade License.

4. That the application is disposed off on the aforesaid terms and each party will pay and bear their respective costs.

Sd. Sri Tapas Roy
Advocate for the Corporation. Sd. R. L. Gaggar.

Sd. A. K. Basu,
Advocate on record for the
respondants Nos. 4 to 6

(At this stage the Members of Cong (I) and Cong (S) benches again entered the Chamber)

( A voice—স্যার, আমরা আবার এসেছি । )

( Noise )

( Shri Satya Ranjan Bapuli rose to speak )

( Noise )

**Mr. Speaker** ; Please take your seat, You have made certain allegations against the Minister concerned and he has every right to defend himself.

**( Noise )**

**The West Bengal Land Holding Revenue ( Amendment ) Bill, 1982.**

**Shri Sunil Kumar Majumdar :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Land Holding Revenue ( Amendment ) Bill, 1982.

(Secretary then read the Title of the Bill)

**Shri Sunil Kumar Majumdar :** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Land Holding Revenue (Amendment) Bill 1982, be taken into consideration.

**শ্রীসুভাষ নস্কর ঃ** মাননীয়, অধ্যক্ষ মহাশয়, আজকের সভাতে যে বিল উত্থাপন করা হলো ভূমি সংস্কারের মন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে, আমি তাকে সমর্থন জানিয়ে দু একটি কথা বলছি। আজকে সভায় মাননীয় বিরোধী পক্ষের সদস্য মাননীয় অতীশ সিংহ মহাশয় বললেন যে ৫০ হাজার টাকার সম্পত্তি যাদের আছে, তাদের সম্পত্তির মূল্য হিসাবে ট্যাক্স দিতে অসুবিধা হবে বা গ্রামাঞ্চলের মানুষের ক্ষেত্রে যেখানে দু লক্ষ, আড়াই লক্ষ, তিন লক্ষ টাকার যাদের সম্পত্তি আছে, সেই ক্ষেত্রে নাকি, তাদের ট্যাক্স দিতে গেলে, মানুষ ভূমিহীনের দিকে চলে যাবে। মাননীয় সদস্যের কথাটা যুক্তি সঙ্গত কিনা, সেটা উনি আর একটু চিন্তা করে দেখতে পারতেন। আমরা যা দেখছি, গ্রামের মানুষ, যারা ভূমিহীন হচ্ছে, সেই ভূমিহীন হওয়ার কারণ কোথায় ? যারা আজকে ৩/৪ লক্ষ টাকার সম্পত্তির মালিক, তাদের কাছে যাচ্ছে সেই ভূমিহীনের সম্পত্তিগুলো এবং গ্রামের আরও যাদের সম্পত্তি আছে, তাদের ক্ষেত্রে দেখছি, তারা সেই সম্পত্তিগুলো অবৈধভাবে কৃষি জমিগুলো ফিশারীতে পরিণত করছে, অপেক্ষাকৃত ভাবে ফসলের চেয়ে ফিশারী করলে লাভজনক হয়। সেইজন্য তারা লাভজনক ব্যবসার দিকে যাচ্ছে।

[6-05—6-15 p.m.]

**শ্রীসুনীল মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ ( সংশোধন ) বিধেয়ক, ১৯৮২ — এই বিধেয়কটি আমি আপনার অনুমতিক্রমে এই বিধানসভায় পেশ করছি। স্যার, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব উত্থাপন করছি যে, পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ ( সংশোধন ) বিধেয়ক ১৯৮২ — এই বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হোক। স্যার, ১৯৭১ সালের পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইনটি ১৩৭৮ সালের ১লা বৈশাখ, ইংরাজী ১৯৮১ সালের ১৪ই এপ্রিল থেকে বলবত হয়েছে। ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের চতুর্থ অধ্যায় এবং ১৯৪৯ সালের ওয়েস্ট বেঙ্গল নন-এগ্রিকালচারাল টেনান্সি আইনে ভূমি রাজস্ব সংক্রান্ত যে সব বিধান ছিল, সেগুলিও ঐ তারিখ থেকে আর চালু নেই। তবে, অপেক্ষাধীন প্রসিডিংসগুলি চালু আছে। এখন শুধু মাত্র ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন অনুযায়ী রাজস্ব আদায় করতে হবে। নূতন আইন অনুযায়ী রাজস্ব নির্ধারণের ব্যাপারে প্রাথমিক কাজকর্ম শুরু করা হয়েছে। বহুবিধ কারণে প্রতিটি রায়তের ক্ষেত্রে রাজস্ব নির্ধারণ সম্পূর্ণ করতে বেশ কিছু সময় লাগবে। যেহেতু ১৩৮৮ সালের ১লা বৈশাখ থেকে ভূমি সংস্কার আইন এবং নন-এগ্রিকালচারাল টেনান্সি আইনের রাজস্ব সংক্রান্ত বিধানাদি আর চালু নেই, সেই হেতু ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন অনুযায়ী রাজস্ব ধার্য না হওয়া পর্যন্ত সরকার ১৩৮৮ সাল থেকে আইনতঃ রাজস্ব আদায় করতে পারছেন

না। ফলে, বকেয়া রাজস্বের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে এবং ভবিষ্যতে এই বকেয়া রাজস্ব আদায় করা খুবই কঠিন হয়ে পড়বে। তাছাড়া, আইন সংক্রান্ত নানা জটিলতাও সৃষ্টি হতে পারে। এই কারণে যতদিন পর্যন্ত ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন অনুসারে রাজস্ব নির্ধারণ সম্পূর্ণ করা না হচ্ছে, ততদিন পর্যন্ত যাতে রায়তের পুরাতন হারে রাজস্ব প্রদানের দায়িত্ব বজায় থাকে এবং সরকার এই রাজস্ব আদায় করতে পারেন, সেইহেতু ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইনে উপযুক্ত বিধান সংযোজন করা দরকার। ঠিক এইভাবে ১৯৪৯ সালের পশ্চিমবঙ্গ নন-এগ্রিকালচারাল টেনান্সি আইন অনুযায়ী অকৃষি জমির ক্ষেত্রে নন-এগ্রিকালচারাল টেন্যাণ্টদের খাজনা দেবার দায় দায়িত্বও বজায় থাকা দরকার। পুরাতন হারে যে রাজস্ব আদায় করা হবে, তার সঙ্গে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন অনুযায়ী স্থিরীকৃত রাজস্বের সামঞ্জস্য বিধান করা হবে এবং এরূপ সামঞ্জস্য বিধানের পর আবশ্যক হলে অতিরিক্ত অর্থ আদায় হয়ে থাকলে তাও ফেরৎ দেওয়া হবে। এই উদ্দেশ্যেই বর্তমান বিধেয়কটি উপস্থাপিত করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ আমার উত্থাপিত প্রস্তাবটি সমর্থন করবেন এবং ১৯৮২ সালের পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ ( সংশোধন বিধেয়কটি অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রীঅতিশচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল The West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 এনেছেন আমি তার বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন এই উর্ধ সীমা নির্ধারণের ব্যাপারে কিছু কিছু সংস্থা হাইকোর্টে গিয়েছে এবং তারা হাইকোর্ট থেকে ইনজাংসন পেয়েছে। প্রথম কথা হচ্ছে এই আইন পাশ হয়েছিল যখন তাতে কিছু শূন্যতা থেকে গিয়েছিল। আমার মনে হয় না এর দ্বারা পশ্চিমবাংলায় খুব একটা ভাল কিছু হবে। আপনি যে ভ্যালুয়েসন ঠিক করেছেন বাড়ী পুকুর বাগান যাবতীয় কিছু মিলে ৫০ হাজার টাকার উপরে হলে স্লাব সিস্টেমে রেভিনিউ ধার্য করা হবে, আমার মনে হয় না এর দ্বারা কিছু সুফল হবে। এই জিনিস ধার্য করার জন্য একটা বোর্ড করেছিলেন। কিন্তু কোনখানে কত ভ্যালুয়েসন আছে, এটা ঠিক করা খুবই কঠিন। কোন জায়গায় কোন অবস্থায় কত দর — তারপর সরকারী দলের অনুকম্পা থাকবে। অবশ্য আইন ভালভাবে সংশোধন করার প্রয়োজনীয়তা আছে। আইন যেটা উত্থাপিত হয়েছে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ এ্যাক্ট, সেখানে যেভাবে কর ধার্য করা হয়েছে, ২ লক্ষ টাকার উর্ধে হলে সেস দিতে হবে। এটা কি ঠিক হচ্ছে? আজকাল জনসাধারণের যে অবস্থা, চাষের যে খরচ সেই খরচ মেলাতে গিয়ে অধিকাংশ চাষীর বিশেষ লাভ থাকে না। ২ লক্ষ টাকার সম্পত্তি, ২০/৩০ বিঘা সম্পত্তি থাকলেই তার দাম ২ লক্ষ টাকা হয়ে যাবে। সুতরাং সেই রকম একটা জমির মালিকের ক্ষেত্রে এত টাকা ট্যাক্স দেওয়া সরকারের কাছে অসম্ভব হয়ে পড়বে। সেই জন্য এর আগে যখন ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিল, যেটা এখনও রাষ্ট্রপতির সম্মতি পায়নি, সেই বিলটার যে সিলেক্ট কমিটি হয়েছিল, তখন আমার তাতে থাকবার সুযোগ হয়েছিল। সেই সিলেক্ট কমিটিতে আমি মাননীয় বিনয়বাবুকে বলেছিলাম যে আপনি পশ্চিমবঙ্গের সমস্ত জমিকে করায়ত্ব করে নিন, তারপর আপনার যাকে যে রকম মনে হবে, সেই ভাবে ভাগ করে

দিন এবং তাতে বর্তমান জমি নিয়ে যে রাজনীতি চলছে গ্রাম বাংলায়, তার অনেক সমস্যার সমাধান হবে। কিন্তু সেই রকম কোন ব্যবস্থা বামফ্রন্ট সরকার এর তরফ থেকে আমরা দেখতে পাইনি। সুতরাং জমি নিয়ে বিভিন্ন ধরণের এ্যাক্ট আসছে এবং পাশ হচ্ছে এবং যে সমস্ত ব্যবস্থা বামফ্রন্ট সরকার গ্রহণ করছেন তাতে আমার মনে হয় না পশ্চিমবঙ্গে সত্যিকারের জমির উন্নতি হবে এবং পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী যেটা দরকার, সেটা হচ্ছে উৎপাদন, সেই উৎপাদনটা বাড়বে। আপনি জানেন, জমি নিয়ে এই ধরণের রাজনীতি বা এই ধরণের বিভিন্ন আইন পাশ করার ফলে আজকে গ্রামবাংলার মানুষের মনে বিশেষ ভাবে অশান্তির সৃষ্টি হয়েছে এবং আশঙ্কার সৃষ্টি হয়েছে, যে তারা আদৌ জমি রাখতে পারবেন কি না। তার ফলে তার একটা অবশ্যম্ভাবী ফল পশ্চিম বাংলায় ঘটছে, কৃষি উৎপাদন কমে যাচ্ছে, যে উৎপাদন ১৯৭৬ সালে ৮৮ লক্ষ টন ছিল, এই গত পাঁচ বছরে বামফ্রন্ট সরকার থাকার ফলে উৎপাদন প্রায় ৬৮ লক্ষ টনে এসেছে। এই বছরে খরা চলছে, এটা আরও কোথায় গিয়ে পৌঁছবে সেটা আমরা চিন্তা করতে পারছি না। তাই আপনার মাধ্যমে এই বিলের বিরোধিতা করছি। আশা করবো, তাঁরা এমন সমস্ত আইন আনবেন যাতে সত্যিকারের গ্রাম বাংলার মানুষের সুবিধা হয়। আজকে আমরা জানি, আগেকার যে ল্যাণ্ড রেভিনিউ সিসটেম ছিল, সেটা ঠিক ছিল না। সেখানে কোন জায়গায় এক রকম, আর এক জায়গায় আর এক রকম। আগেকার আমলে জমিদাররা যে রকম ব্যবস্থা করে গিয়েছিলেন, সেই ভাবে রেভিনিউ ঠিক হয়েছে। সেটা ঠিক নয়। কিন্তু তার পরিবর্তে এঁরা যে ল্যাণ্ড রেভিনিউ এ্যাক্ট আনলেন, তাতে যে ভাবে কর ধার্য্য করবার ব্যবস্থা করলেন, সেটা সাধারণ গ্রামবাংলার মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত চাষীদের পক্ষে দেওয়া সম্ভব বলে আমরা মনে করি না। এই কারণেই সাধারণ মানুষ হাইকোর্টে ইনজাংশন দিয়েছেন, পশ্চিবঙ্গ ভূমিজীবী সংস্থা বলে একটা সংস্থা হয়েছে, তারা হাইকোর্টে এসেছে এবং তার ইনজাংশন পেয়েছে এবং আমরা আশা করবো, বামফ্রন্ট সরকার এই জিনিসগুলো নিয়ে বিবেচনা করে যাতে গ্রামবাংলার মানুষ শান্তিতে এবং শৃঙ্খলার সঙ্গে জীবন যাপন করতে পারে, ভূমির উপর নির্ভর করে যারা আছেন, তাদের যেন ভূমিহীনে পরিণত না করেন, সেটা দেখবার জন্য আমি অনুরোধ জানিয়ে, এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভাতে যে বিল উত্থাপন করা হলো ভূমি সংস্কারের মন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে, আমি তাকে সমর্থন জানিয়ে দু'একটি কথা বলছি। আজকে সভায় মাননীয় বিরোধী পক্ষের সদস্য মাননীয় অতীশ সিংহ মহাশয় বললেন যে ৫০ হাজার টাকার সম্পত্তি যাদের আছে, তাদের সম্পত্তির মূল্য হিসাবে ট্যাক্স দিতে অসুবিধা হবে বা গ্রামাঞ্চলের মানুষের ক্ষেত্রে যেখানে দু'লক্ষ, আড়াই লক্ষ, তিন লক্ষ টাকার যাদের সম্পত্তি আছে, সেই ক্ষেত্রে নাকি, তাদের ট্যাক্স দিতে গেলে, মানুষ ভূমিহীনের দিকে চলে যাবে। মাননীয় সদস্যের কথাটা যুক্তি সঙ্গত কিনা, সেটা উনি আর একটু চিন্তা করে দেখতে পারতেন। আমরা যা দেখছি, গ্রামের মানুষ, যারা ভূমিহীন হচ্ছে, সেই ভূমিহীন হওয়ার কারণ কোথায়? যারা আজকে ৩/৪ লক্ষ টাকার সম্পত্তির মালিক, তাদের কাছে যাচ্ছে সেই ভূমিহীনদের

সম্পত্তিগুলো এবং গ্রামের আরও যাদের সম্পত্তি আছে, তাদের ক্ষেত্রে দেখছি, তারা সেই সম্পত্তিগুলো অবৈধভাবে কৃষিজমিগুলো ফিশারীতে পরিণত করছে, অপেক্ষাকৃত ভাবে ফসলের চেয়ে ফিশারী করলে লাভ জনক হয়। সেইজন্য তারা লাভ জনক ব্যবসার দিকে যাচ্ছে।

[6-15—6-25 p.m.]

মাননীয় মন্ত্রী মহোদয় যে বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। কারণ, এই ক্ষেত্রে আরো কিছু বলার আছে। আমরা দেখেছি গ্রামের সম্পদশালী ব্যক্তিরাই কিন্তু বছরের পর বছর এই কর ফাঁকি দিয়ে যাচ্ছে। তাদের করই অনাদায়ী থেকে যাচ্ছে, আর অন্য দিকে যারা দিন আনে দিন খায় তারা যথারীতি কর প্রদান করে যাচ্ছে। এদের কিন্তু এই কর ফাঁকি দেওয়ার দিকে বেশী ঝোঁক নেই। কাজেই যাদের দেওয়ার সামর্থ আছে, বিত্তশালী মানুষ তারাই কিন্তু বছরের পর বছর কর বাকি ফেলে রাখছে। এই বকেয়া ঋণগুলি কঠোর ভাবে যাতে আদায় করা যায় সেইদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পরিশেষে এই বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশেষ কিছু বলার নেই। তবে কয়েকটি কথা আমাকে বলতে হবে। অতীশবাবু এইমাত্র একটি কথা বলেই চলে গেলেন। তিনি হাই কোর্টের কথা বললেন। হাই কোর্টে যারা ইনজাংসান জারী করতে গিয়েছিলেন, সেই কজনেরই পড়ে আছে, বাকি একজনেরও নেই। এই ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ' বিল যখন সিলেক্ট কমিটিতে যায় তখন অতীশবাবু নানা কথা বলেছিলেন। এই ল্যান্ড হোল্ডিং রেভিনিউ বিল পাশ হয়ে গেছে, রাষ্ট্রপতির সম্মতি লাভ করেছে। ১৩৮৮ সালের ১লা বৈশাখ থেকে কার্যকরী হবে। এরপর থেকে আমরা আর পুরানো অবস্থায় খাজনা আদায় করতে পারছি না বলে এটা শেষ হতে নানা কারণে আমাদের একটু সময় নিয়ে নেবে। আমাদের গ্রামাঞ্চলে যেতে হবে, ভ্যালুয়েসন ঠিক করতে হবে। দীর্ঘ ৪ বছরে প্রায় প্রত্যেক বছরে ৩ থেকে ৩।। কোটি টাকার রাজস্ব আটকে যাচ্ছে। তার ফলে যখন শেষ বছরে যাবে তখন দেখা যাবে এই রাজস্ব আদায় হচ্ছে না। তখন আমাদের নানারকম অবস্থার মধ্যে পড়তে হবে। ৪ একর এবং নন-ইরিগেটেড এরিয়ায় ৬ একর পর্যন্ত জমির খাজনা ছাড়ের ব্যাপার আছে। এই খাজনা ছাড়টা বাদ দিয়ে আমরা আদায় করব। তারপর সমস্ত কাজ শেষ হয়ে গেলে আমরা এ্যাডজাষ্ট করব। অতীশবাবু বলে গেলেন ৫০ হাজার টাকার জমি মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, মাঝারি কৃষকদের আছে। কিন্তু আমি গ্রামাঞ্চলে কৃষক আন্দোলন করি, এইসব লোকের ৫০ হাজার টাকার মূল্যের জমি আছে কিনা আমার অন্ততঃ জানা নেই। গ্রামাঞ্চলে খুব কম করে ১০/১২ একর জমির খাজনা মকুব হয়ে যাবে নন-ইরিগেটেড এরিয়ায় এবং সেই চাপটা পড়বে বলেই এই আইন এনেছি যাতে ভালভাবে খাজনা আদায় করতে পারি। পরে এ্যাডজাষ্ট করে দেওয়া যাবে। যারা পাবে তাদের পরে ফিরিয়ে দেওয়ার উদ্দেশ্য নিয়ে এটাকরা হয়েছে। আশাকরি এই সংশোধনী গ্রহণ করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, ১৯৫৩ সালের পশ্চিমবঙ্গ জমিদারী অর্জন আইনের ৪৪(২ক) ধারা অনুযায়ী বিশেষ ক্ষমতাসম্পন্ন আধিকারিকগণ চূড়ান্ত প্রকাশিত রেকর্ড সংশোধন করতে পারেন। এই সংশোধনের জন্য একটি নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া আছে। চূড়ান্তভাবে রেকর্ড প্রকাশিত হওয়ার দিন থেকে ৯ মাসের মধ্যে জনসাধারণ ঐ বিশেষ আধিকারিকের নিকট দরখাস্ত করলে বিশেষ আধিকারিক প্রয়োজনীয় সংশোধন করতে পারবেন। এছাড়া যেসব ক্ষেত্রে উক্ত বিশেষ আধিকারিক নিজেই কোনরূপ সংশোধনের প্রয়োজন মনে করবেন সেসব ক্ষেত্রে অন্য একটি সময়সীমা নির্দিষ্ট করা আছে। রেকর্ড চূড়ান্তভাবে প্রকাশের তারিখ অথবা ১৯৫৭ সালের পশ্চিমবঙ্গ জমিদারি অর্জন (২য় সংশোধন) অর্ডিন্যান্স কার্যকর হবার তারিখ এই দুই তারিখের মধ্যে পরবর্তী যে তারিখ সেই তারিখ থেকে ২৫ বছর সময়সীমার মধ্যে উক্ত বিশেষ আধিকারিক নিজে থেকে চূড়ান্তভাবে প্রকাশিত খতিয়ান সংশোধন করতে পারবেন। উক্ত অর্ডিন্যান্স বলবত হয়েছিল ১৯৫৭ সালের ৪ঠা নভেম্বর তারিখে। সুতরাং ১৯৮২ সালের ৩রা নভেম্বর তারিখে ২৫ বছরের সময়সীমা শেষ হয়ে যাবে, অর্থাৎ আগামী ৩রা নভেম্বরের পর থেকে বিশেষ আধিকারিকগণ ৪৪ (২ক) ধারায় ক্ষমতা প্রয়োগ করতে পারবেন না। যেসব জমির মালিক উর্ধ্বসীমার অধিক জমি বিবিধ প্রকারে নিজেদের দখলে রেখেছেন তাঁদের মোকাবিলা করার ক্ষেত্রে জমিদারী অর্জন আইনের ৪৪(২ক) ধারাটি বিশেষ গুরুত্বপূর্ণ। জমির মালিকেরা যে সমস্ত জমি গোপন করে রেখেছেন সেসব বেনামী জমি উদ্ধার করার কাজ এখনও চলছে। এই কারণে আমাদের বিশেষ আধিকারিকের পক্ষে ৪৪(২ক) ধারায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করা আরও বেশ কিছুদিন ধরে প্রয়োজন হবে। এখনও বহু কমপেনসেসান এ্যাসেসমেণ্ট রোল তৈরী করা এবং চূড়ান্তভাবে প্রকাশ করা বাকি আছে। যতদিন পর্য্যন্ত সমস্ত কমপেনসেসন এ্যাসেসমেণ্ট রোল চূড়ান্তভাবে প্রকাশ করা না হচ্ছে, ততদিন পর্য্যন্ত স্বতঃপ্রণোদিত হয়ে খতিয়ান সংশোধন করার ক্ষমতা বজায় থাকা প্রয়োজন। তা ছাড়া, যে সব ক্ষেত্রে বিভিন্ন আদালত পুণর্বিবেচনার জন্য মামলা ফেরত পাঠাবার বা নতুনভাবে প্রসিডিংস রুজু করার আদেশ দিয়েছেন, সেইসব ক্ষেত্রেও ঐ আদেশ কার্যকর করার জন্য ঐ ধারাটির প্রয়োজন রয়েছে। এইসব কারণে বর্তমান সংশোধন বিধেয়কটিতে আমি প্রস্তাব করছি যে উক্ত সময়সীমা ২৫ বছর থেকে বাড়িয়ে ৩০ বছর করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করবো, মাননীয় সদস্যগণ সকলেই আমার এই প্রস্তাব সমর্থন করবেন এবং আমার উপস্থাপিত ১৯৮২ সালের পশ্চিমবঙ্গ জমিদারি অর্জন (সংশোধন) বিধেয়কটি অনুমোদনের জন্য গৃহীত হবে।

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 & 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to move that the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982.**

**Shri Sunil Kumar Mujumdar** : Sir, I beg to introduce the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982.

( Secretary then read the title of the Bill )

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to move that the West Bengal Estates Acquisition ( Amendment ) Bill, 1982, be taken into consideration.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিলটা নিয়ে এসেছেন সেটাতে দেখছি ৫ বছরের মধ্যে তিনি আবার সংশোধন করলেন। আজকে যে অসুবিধাটা হচ্ছে সেটা উপলব্ধি করে তখনই যদি সময়টা বাড়িয়ে নিতে পারতেন তাহলে এই অসুবিধাটা হ'ত না। বর্তমানে তাঁর কেন অসুবিধা হচ্ছে তার প্রকৃত মর্মটা তিনি কেন উপলব্ধি করতে পারলেন না তা বুঝতে পারছি না। এখানে টি গার্ডেনের কথা বলেছেন, ফিশারী এবং ট্যাংকের কথা বলেছেন, এগুলি যা আছে সেগুলি স্টেট এ্যাকুইজিসানের মধ্যে এবং সেখানে বলেছেন, The Power of the Revenue office to correct recordof-rights s*ue moto* under section 44(2a) of the West Bengal Estates Acquisition Act, 1953, will expire on the 3rd November, 1982.

[6-25—6-32 p.m.]

তাহলে দেখা যাচ্ছে এখনও পর্যন্ত তার সময় আছে। সময় যদি থাকে তাহলে কেন আবার সময় বৃদ্ধি করতে চাইছেন এবং এই সময় কেনই বা লাগবে সেকথা কিন্তু মন্ত্রীমহাশয় পরিষ্কার করে কিছু বলেন নি। আমি মনে করি মাননীয় সদস্যদের কাছে মন্ত্রীমহাশয়ের এ কথাগুলি পরিষ্কার করে জানানো উচিত ছিল। এই সময়ের মধ্যে এস্টেট এ্যাকুইজিশানের যে কাজ সেটা পুরোদমে হবে বা বাকী কাজগুলো তিনি সমাপ্ত করতে পারবেন একথা কিন্তু তিনি হলপ করে বলতে পারলেন না। শুধু তাই নয়, বিভিন্ন ভাবে এই যে সমস্ত জমি রয়েছে সেগুলোর রেকর্ড অফ রাইটস্ তিনি ঠিক করতে পারবেন কিনা সেটাও তিনি পরিষ্কার ভাবে বলেন নি। তিনি কেন এই সময় চাইছেন, তাঁর কোথায় কোথায় কি অসুবিধা এবং কতদিনই বা আরও সময় লাগবে একথাও মন্ত্রীমহাশয় পরিষ্কার করে বিলের মধ্যে বলেন নি। শুধু দেখছি, তাঁর সময়'এর প্রয়োজন এবং সেটা তিনি চেয়েছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই যে লিমিটেশান, তিনি বলছেন তাঁর সময়ের প্রয়োজন, সেই সময়টা কেন দেওয়া হবে, কেন তিনি এতদিন পর্যন্ত করতে পারেন নি বা তাঁর ডিপার্টমেন্ট কেন এই সময় চাইল, কেন তাঁরা কাজ করতে পারলেন না সে কথাও পরিষ্কার করে বলেন নি। তিনি শুধু বললেন, এই সময়ের মধ্যে করতে পারবেন ভেবেছিলেন, সেটা করতে পারেন নি। কাজেই আমি মনে করি এই সময় বাড়াবার কোন প্রয়োজন নেই এবং সেকারণে আমি এর বিরোধিতা করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, একুইজিশান বিলের ৪৪ (ক) ধারা অনুসারে ২৫ লক্ষ লোক জড়িত। আমরা দেখেছি, বে-নামী জমি যখন ধরা হয়

তখন হাইকোর্টে কেস হয়। স্যার, জমির ব্যাপারটাই গোলমেলে, বে-নামী জমি ধরা পড়লে কেস এবং তারফলে সেগুলো ধরাও যায় না। আমরা সব জমি ধরতে পারিনি, সেজন্য আরও ৫ বছর সময় বাড়াতে চাইছি যাতে বে-নামী জমি পড়ে। তারপর সেটেলমেণ্ট যেটা করা হয়েছে সেটা ফ্যামিলিওয়াইজ যদি করা হত' এবং দ্রুত করা হ'ত তাহলে বে-নামী জমি ধরা পড়ত। কিন্তু সেটেলমেণ্টের কাজ ভালভাবে হচ্ছে না। আমরা সকলেই জানি, ফ্যামিলি রেকর্ড যদি ভাল ভাবে না করা, যায়, তাহলে বে-নামী জমি ধরা পড়বে না। কাজেই এই যে ৫ বছর সময় চাওয়া হয়েছে, এর সঙ্গত কারণ আছে এবং সেজন্য আমি এটাকে সমর্থন করছি।

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, কাশীবাবু যা বলেছেন তার উত্তরে বলার কিছু নেই। ব্যাপারটা হল, উনি যা বলেছেন কথাটা অবশ্য ঠিক, কিন্তু এটা যখন হয়েছিল তারপর দীর্ঘ ২৫ বছর সময় ছিল যেটা ৩রা নভেম্বর শেষ হয়ে যাচ্ছে। আমরা আরও যে সময় চাইছি তার কারণ হচ্ছে, বিগ রায়তরা যে সমস্ত জমি লুকিয়ে রেখেছে সেগুলো ধরা দরকার। আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন যে, বহু জমি বিগ্ রায়তরা বেনামী করে রেখেদিয়েছে। সেই জমি যদি ধরতে হয় এবং জমিদারদের জমি নিয়ে যদি খাস করতে হয় তাহলে আরো পাঁচ বছর এই আইনের প্রয়োজন আছে।

এ ছাড়াও আর একটা প্রয়োজনেও আরো পাঁচ বছর এই আইনের দরকার আছে। কমপেনসেসন রোল যদি ঠিক মত না থাকে তাহলে কমপেনসেসন দেওয়ার ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। এখনো অনেক কমপেনসেসন রোল তৈরী হয়নি। এটা ঠিক-ভাবে তৈরী নাহলে কমপেনসেসন দেওয়া আটকে যাবে। সুতরাং এক্ষেত্রেও মেয়াদ বৃদ্ধির প্রয়োজন আছে।

সত্যবাবু যেটা বললেন সেটা আমি স্বীকার করি। ইণ্টিগ্রেটেড স্কীম করা হচ্ছে, এটা যদি গ্রাম ভিত্তিতে করা যায় তাহলে নিশ্চয়ই ভাল হবে। আমরা তাড়াতাড়ি করবার জন্য চেষ্টা করছি। তবে আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন যে, এটা সময় নেবে, আমাদের নানা-রকম প্রসিডিওরের মধ্যে দিয়ে যেতে হয়।

আমি মনে করি এই বিলের ওপর আর বেশী কিছু বলার নেই, আমি আশা করি সকলেই এটাকে সমর্থন করবেন।

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2 and Preamble

The question that Clauses 1 and 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, with your permission I beg to move that the West Bengal Estate Acquisition (Amendment) Bill as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6.32 p. m. till 1 p.m. Friday, the **7th October, 1982, at the Assembly House Calcutta.**

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 8th October, 1982 at 1 p.m.

**Present**

Mr. Chairman (SHRI JOYKESH MUKHERJEE) in the Chair, 8 Ministers, 11 Ministers of State and 147 Members.

**Unstarred Questions**
**(to which written answers were laid on the table)**

[1-00—1-10 p.m.]

**রাজ্যসরকার পরিচালিত মজুত পুকুরের মৎস উৎপাদন**

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৮।) **শ্রীকাশীনাথ মিশ্র :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি রাজ্যসরকারের পরিচালিত নার্সারি ট্যাঙ্ক, রিয়ারিং ট্যাঙ্ক স্টকিং ট্যাঙ্ক আছে ;

(খ) উক্ত মজুত পুকুর বা ট্যাঙ্কে ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে কত পরিমাণ মৎস্য উৎপাদন হইয়াছিল ;

(গ) বাঁকুড়া জেলাতে মৎস্যচাষ বৃদ্ধির জন্য সরকারী কোন খামারের ব্যবস্থা হইয়াছে কি না ;

(ঘ) বাঁকুড়া জেলা হইতে কত পরিমাণ মাছের 'ডিমপোনা' বিভিন্ন জেলাতে রপ্তানি হয় ; এবং

(ঙ) বাঁকুড়া ২নং ব্লকের অধীনস্থ পুরন্দরপুর অঞ্চলের অন্তর্গত ভেদুয়া ট্যাঙ্কে সরকারী মাছচাষের খামারটি চালু আছে কি ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) নার্সারি ২৪১টি, রিয়ারিং ১৩৩টি এবং স্টকি- ৮৫টি।

(খ) ১৯৮০-৮১ সালে ৬৬.৩৬ মেট্রিক টন এবং ১৯৮১-৮২ সালে ৬২-২০ মেট্রিক টন।

(গ) হ্যাঁ। (ঘ) তথ্য জানা নেই।

(ঙ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় দুগ্ধপ্রকল্প**

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৯।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলাকে দুগ্ধপ্রকল্পের আওতায় আনা হয়েছে ;

(খ) যেসমস্ত জেলা এখন পর্যন্ত উক্ত প্রকল্পের মধ্যে নাই, সেইসমস্ত জেলাকে উক্ত প্রকল্পের মধ্যে আনার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, কতদিনের মধ্যে আনা যাইবে বলিয়া আশা করা যায় ?

**পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় :** (ক) পশ্চিমবাংলার বৃহত্তর কলিকাতা সহ ২৪-পরগনা, নদীয়া, হুগলী এবং দুর্গাপুর সহ বর্ধমান জেলায় কিছু এলাকা দুগ্ধপ্রকল্পের আনা হয়েছে।

(খ) হ্যাঁ। অপারেশন ফ্লাড এক ও দু নম্বর প্রকল্পের মধ্যে মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদহ, জলপাইগুড়ি এবং নদীয়া ও ২৪-পরগনার উত্তরাংশ—এই অঞ্চলগুলিকে দুগ্ধ উৎপাদকদের সমবায় সমিতির অন্তর্ভুক্ত করে কাজ চলছে।

(গ) (খ) প্রশ্নেই এর বিস্তারিত উত্তর আছে।

**জলপাইগুড়ি জেলায় সিডিউল কাষ্ট ও সিডিউল ট্রাইব ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাস**

১৫৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৯২। ) **শ্রীমনোহর তিরকী :** তফসিলি ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় সিডিউল কাস্ট ও সিডিউল ট্রাইব ছাত্র-ছাত্রীদের জন্য কয়টি ছাত্রাবাস আছে ও কোথায় কোথায় অবস্থিত ; এবং

(খ) উক্ত ছাত্রাবাসে কত সংখ্যক সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইব ছাত্র-ছাত্রী থাকার সুযোগ লাভ করেছে ?

**তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৮টি।

(১) বড়দীঘি হাইস্কুল, থানা মাল।

(২) লাটাগুড়ি হাইস্কুল, থানা মাল।

(৩) নিউ টাউন গার্লস হাইস্কুল, আলিপুরদুয়ার।

(৪) নির্মলা গার্লস হাইস্কুল, আলিপুরদুয়ার।

(৫) রাঙ্গালীবাজনা মোহন সিং হাইস্কুল, থানা মাদারীহাট।

(৬) দিরশা বিদ্যাভবন হাইস্কুল, থানা ফালাকাটা।

(৭) ডাউবিসারী ডি এন হাইস্কুল, ধূপগুড়ি।

(৮) জলপেশ ডবিউ কে হাইস্কুল, ময়নাগুড়ি।

(খ) মোট ২২০ জন ছাত্র-ছাত্রী হোস্টেলগুলিতে বসবাস করিতেছে।

**Procedure for Appointment of Head of the Department of Economic in Calcutta University**

154. ( Admitted question No. 1278. ) **Shri Anup Kumar Chandra**: Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state—

(a) whether the State Government has any information with regard to procedure followed by the Calcutta University authorities for selection of candidates for appointment as Head of the Department of Economic in Calcutta University ; and

(b) if so—

(i) procedure followed in the matter of recent appointment to the post,

(ii) whether seniority was any criteria in the recent selection, and

(iii) whether the claims of other senior teachers were also considered by the appointing authority ?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ও (খ) শিক্ষাগত ব্যাপারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আইনসম্মত পদ্ধতি অবলম্বন করেন। এইটেই হচ্ছে বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার। অর্থনীতি বিভাগের প্রধান নিয়োগের ব্যাপার বিশ্ববিদ্যালয়ের এক্তিয়ারভুক্ত। এ ব্যাপারে সরকার কোন মত প্রকাশ করেন না।

**Central request for Acquisition of Land for Farakka Power Project**

155. (Admitted question No. 1305.) **Shri Humayoun Chewdhury :** Will the Minister-in-charge of the Land and Reforms Department be pleased to state—

(a) whether the State Government hus received any request from the Centre for acquisition of land for the proposed Farakka Power Project ;

(b) if so,—

(i) the total area of land required to be acquired for the project,

(ii) the area of land acquired and so far handed over by the State Government ; and

(iii) when is process of acquisition of the required land likely to be completed ?

**Minister-in-charge of the Land and Land Reforms Department :** (a) Yes.

(b) (i) Land Acquisition proposals for 1,797.03 acres of land were received from the project authorities.

(ii) 1,793.66 acres approximately have been acquired so far and handed over to the Project authorities. Possession of another 3.37 acres was handed over on requisition prior to acqu[illegible]tion.

(iii) Acquisition proceedings have been completed for 1,793.66 acres of land ; the remaining area of 3.37 acrea which was requisitioned is hit by Civil Rule and hence acquisition proceedings could not be completed.

**হরিণঘাটা ফার্মে গবাদিপশু**

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৬।) **শ্রীসরল দেব :** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা ফার্মে গবাদিপশুর সংখ্যা কত ;

(খ) তার মধ্যে টি বি রোগাক্রান্ত গবাদিপশুর সংখ্যা কত ; এবং

(গ) উক্ত রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসার জন্য কি ব্যবস্থা করা হইয়াছে ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) গবাদিপশুর সংখ্যা মোট ২,১৮৩টি।

(খ) ইহার মধ্যে মাত্র ১৮টি গবাদিপশু টি বি রোগে আক্রান্ত।

(গ) টি বি রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসার জন্য ভেটেরিনারী চিকিৎসাপদ্ধতি অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**জলপাইগুড়ি জেলায় আই আর ডি পি এবং এম আর ই পি প্রকল্প অর্থ মঞ্জুরী**

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭০।) **শ্রীসুশীল কুজুর ঃ** পরিকল্পনা ও উন্নয়ন (আই. আর. ডি. এবং এম. আর. ই. পি.) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বছরে জলপাইগুড়ি জেলায় কোন কোন ব্লকে আই. আর, ডি, পি. ও এম. আর. ই. পি. প্রকল্পে কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হইয়াছিল (ব্লকওয়ারী হিসাব), এবং

(খ) উক্ত মঞ্জুরীকৃত অর্থের কি পরিমাণ অর্থ ব্যয় হয়য়াছে (ব্লকওয়ারী হিসাব)?

**পরিকল্পনা ও উন্নয়ন (আই. আর. ডি. পি. এবং এম. আর. ই. পি.) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) আই. আর. ডি. প্রকল্পে সরাসরি কোন ব্লককে টাকা দেওয়া হয় না। তবে ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা অন্তর্গত ১৯৮১-৮২ আর্থিক বছরে প্রতি ব্লক ভরতুকী বাবদ ৬ লক্ষ টাকা পর্যন্ত খরচ করতে পারত।

(২) ১৯৮১-৮২ আর্থিক বছরে জলপাইগুড়ি জেলায় এম. আর. ই. পি. প্রকল্পে কোন ব্লককে অর্থ বরাদ্দ করা হয়নি। গ্রাম পঞ্চায়েতগুলিকে ১৯৮১-৮২ আর্থিক বছরে উক্ত প্রকল্পের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছিল তার ব্লকওয়ারী হিসাব নীচে দেওয়া হলো ঃ—

| ব্লকের নাম | | গ্রামপঞ্চায়েতের সংখ্যা | মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| জলপাইগুড়ি সদর | ... | ১৬ | ৬,২৪,০০০ |
| ময়নাগুড়ি | ... | ১৬ | ৬,২৪,০০০ |
| ধূপগুড়ি | ... | ১৫ | ৫,৮৫,০০০ |
| রাজগঞ্জ | ... | ১২ | ৪,৬৮,০০০ |
| মাটিয়ালি | ... | ৩ | ১,১৭,০০০ |
| মাল | ... | ১০ | ৩,৯০,০০০ |
| কুমারগ্রাম | ... | ৯ | ৩,৫১,০০০ |
| ফালাকাটা | ... | ১০ | ৩,৯০,০০০ |
| মাদারীহাট | ... | ৫ | ১,৯৫,০০০ |
| কালচিনি | ... | ৪ | ৩,৫৬,০০০ |
| আলিপুরদুয়ার-১ | ... | ৯ | ৩,৫১,০০০ |
| আলিপুরদুয়ার-২ | ... | ১০ | ৩,৯০,০০০ |
| | | ১১২ | ৪৭,৫৮,০০০ |

(খ) ১৯৮১-৮২ আর্থিক বছরে জলপাইগুড়ি জেলার ব্লকওয়ারী খরচার হিসাব নীচে দেওয়া হল ঃ—

| | ব্লকের নাম | | | ব্যয়ের পরিমাণ ( টাকা ) | |
|---|---|---|---|---|---|
| | | | | আই, আর. ডি. পি. | এন. আর. ই. পি. |
| (১) | জলপাইগুড়ি সদর | ... | ... | ৩৪,৯৩৫.৮১ | ২,০৭,৬১৬.৪৭ |
| (২) | রাজগঞ্জ | ... | ... | ৫২,২৬৭.৩৫ | ৫,২৮,৪২৬.১৭ |
| (৩) | মাল | ... | ... | ১৮,৬২৬.৩৮ | ২,১৯,৮৮৯.৬৯ |
| (৪) | ফালাকাটা | ... | ... | ৩,৯৬২.১৬ | ১,৭৬,০৭৫.৭৫ |
| (৫) | কুমারগ্রাম | ... | ... | ২০,৬৩০.৬২ | ২,৬০,৪৯২.৪৯ |
| (৬) | মাতিয়ালী | ... | ... | ৩৬,৪২৪.৭২ | ৯৬,৮৫৪.৫৫ |
| (৭) | আলিপুরদুয়ার-১ | ... | ... | ১,০৭,১৫৮.০৪ | ৪,৩৮,৩৪২.৬০ |
| (৮) | ময়নাগুড়ি | ... | ... | খরচ নেই | ২,৯৮,৫০৩.৮২ |
| (৯) | ধূপগুড়ি | ... | ... | ঐ | ৭,৫৪,৭৩০.৫৯ |
| (১০) | নাগরাকাটা | ... | ... | ঐ | ১,২৭,৩০৬.৮৫ |
| (১১) | কালচিনি | ... | ... | ঐ | ২,১৯,৫৯৫.০৯ |
| (১২) | মাদারিহাট | ... | ... | ৬১,০৬৩.০০ | ২,২৩,৭৮৩.৮৫ |
| (১৩) | আলিপুরদুয়ার-২ | ... | ... | ২,৫১,৫৮২.০০ | ৫,১৭,৩০৬.২২ |

## মিৎসুবিসি পাওয়ার-টিলার বিক্রয়

১৫৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৩। ) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষিশিল্প নিগম মোট ৬৪টি মিৎসুবিসি পাওয়ার-টিলার নির্ধারিত বিক্রয় মূল্য অপেক্ষা ২,০০০ টাকা কম দামে বিক্রয় করার প্রস্তাব বিবেচনা করছেন ; এবং

(খ) সত্য হ'লে, কোন্ সময়ে এবং কোন্ সংস্থার কাছ থেকে নিয়ম মাফিক বায়নার ভিত্তিতে উপরোক্ত সংখ্যক পাওয়ার-টিলার ক্রয় করা হয়েছিল ;

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৬৪টি পাওয়ার-টিলার ২,০০০ টাকা কমদামে বিক্রয় করার কোন প্রস্তাব নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## শিল্পসংস্থা অধিগ্রহণ

১৫৯। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪১২। ) **শ্রীঅনিল মুখার্জী ঃ** শিল্পসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিমবাংলায় কতগুলি শিল্পসংস্থা বা কারখানা সরকার অধিগ্রহণ করেছেন ; এবং

(খ) ঐ সকল শিল্পসংস্থা বা কারখানার সহিত সংশ্লিষ্ট শ্রমিকের সংখ্যা কত ?

**শিল্পসংস্থার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উল্লিখিত সময়ে কেন্দ্রীয় সরকার ৭টি শিল্পসংস্থা অধিগ্রহণ ক'রে রাজ্য সরকারের উপর পরিচালনভার ন্যস্ত করেছেন, এছাড়া আরও তিনটি সংস্থা রাজ্য সরকার সরাসরি ক্রয় করেছেন।

(খ) ৬,৭০০ জন শ্রমিক।

## বেলডাঙ্গা রামেশ্বর ফতেপুরিয়া কলেজে বিজ্ঞান বিভাগ চালু

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬২।) **শ্রীশেখ ইমাজুদ্দিন** এবং **শ্রীনরুল ইসলাম চৌধুরী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা রামেশ্বর ফতেপুরিয়া কলেজে বিজ্ঞান বিভাগ চালু করিবার কোন পরিকল্পনা গৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে তাহার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এইরূপ কোন প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## সরকার কর্তৃক শিল্পী যামিনী রায়ের ছবি ক্রয়

১৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ৫ লক্ষ টাকা ব্যয়ে শিল্পী যামিনী রায়ের কিছু ছবি কিনিয়াছেন; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, বর্তমানে উক্ত ছবিগুলি কোথায় এবং কাহার রক্ষণাবেক্ষণে আছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সরকার ৪,১৯,০০০ টাকা ব্যয়ে শিল্পী যামিনী রায়ের বেশ কয়েকটি ছবি কিনিয়াছেন।

(খ) বর্তমানে উক্ত ছবিগুলি ১৮, বালিগঞ্জ প্লেস, ইস্ট, কলিকাতা ১৯এ 'শিল্পী যামিনী রায়ের বাড়ির একাংশে অবস্থিত সরকারী চিত্র সংগ্রহশালায় কেয়ার-টেকারের তত্ত্বাবধানে আছে।

## তন্তুশ্রী প্রতিষ্ঠানে লোকসান

১৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৩।) **শ্রীসুমন্ত হীরা ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তন্তুশ্রী একটি লোকসানজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে;

(খ) সত্য হইলে, উক্ত লোকসানের সম্ভাব্য কারণ কি, এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানের লোকসান পূরণে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৭৮-৭৯ সাল পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের লোকসান হয়েছিল। সেই লোকসান পূরণের জন্য ব্যবসায় সম্প্রসারণ করা হয়েছে এবং সেজন্য সরকার ও ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া উক্ত প্রতিষ্ঠানকে যথোপযুক্ত আর্থিক সাহায্য করেছেন।

## কৃষ্ণনগর পৌরসভার কুইনকুইনাল এ্যাসেসমেণ্ট

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩১।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর পৌরসভার বর্তমান বোর্ড অনুসৃত কুইনকুইনাল এ্যাসেসমেণ্ট ও পর্যালোচনার কার্যক্রম নিয়মানুগ ও বৈধ নহে বলিয়া অভিযোগপত্র "দি কৃষ্ণনগর মিউনিসিপ্যাল রেট পেয়ার্স এ্যাসোসিয়েশন" (রে নং এম ৩২৪৬২-১৯৮১-৮২) সরকারের নিকট দিয়াছেন ;

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) এ ব্যাপারে জেলা শাসকের পক্ষ হইতে তদন্ত করা হয়।

(গ) এ ব্যাপারে তদন্ত করিয়া দেখা যায় যে, ১৯৮০ সালে ডিসেম্বর মাসে পৌরসভার এ্যাডমিনিস্ট্রেটর থাকাকালীন সময়ে উক্ত এ্যাসেসমেণ্টের কাজ সম্পন্ন হয়। বর্তমান বোর্ড কর্তৃক অনুসৃত কার্যক্রমে কোন মারাত্মক ত্রুটি প্রাথমিক তদন্তে ধরা পড়ে নাই। জেলাশাসকের পক্ষ হইতে রেট-পেয়ার্স এ্যাসোসিয়েশন-এর সহিত পুনরায় আলোচনা হইবে এবং প্রয়োজনবোধে এই ব্যাপারে আরও তদন্ত হইবে।

## Proposal of 'National Minimum Wages'

164. (Admitted question No. 1649.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charege of the Labour Department be pleased to state—

(a) whether the State Government has information about the proposal to have "National Minimum Wages"; and

(b) if so—

(i) what are the details of the proposal, and

(ii) whether the State Government is going to implement the proposal ?

**Minister-in-charge of the Labour Department**: (a) Yes. The State Government have received the proposal of "National Minimum Wages" from Government of India.

(b) (i) It has been prescribed that a floor-level minimum wage should be fixed nationally on regionwise basis. The same may be computed mainly with reference to the cost of food which is the most basic need of a worker with some provision (pay 25 percent) for clothing and other essential need. This is the lowest wage representing the subsistence wage essential to meet the bare

physical needs of worker, which means that none should be paid less than the floor-level Minimum Wage. The present practice of fixing separate rates of wages employmentwise may also coutinue so that the workers of those industries or employments, which can affored to pay a higher level of minimum wages, may not be deprived of the same.

(ii) Since it is only in the form of a proposal, question of its implementation does not arise at this stage. The Shate Government have endorsed the proposal and have already sent their views to Government of India. The proposal can be acted upon only after suitable legislative changes are made.

**Water Pollution survey of Ganga river basin**

165. (Admitted question No. 1670.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Environment be pleased to state—

(a) whether the Prevention and Control of Water Pollution Board conducts pollution survey of Ganga river basin every month ; and

(b) if so—

(i) what are the salient feature of the findins of the pollution survey conducted during 1982-83 ; and

(ii) the steps taken by the Government in the matter ?

**Minister-in-charge of the Environment Department :** (a) The Board collects water quality data at 9 stations on tue river Ganga every month, but does not conduct any pollution survey as such.

(b) (i) The salient features of the water quality data are as follows :—

(1) Pollution load of the river is increasing every year ;

(2) Water quality is unfit for bathing in all the stations ;

(3) Dissolved oxygen concentration in water downstream of Kalyani up to Uluberia is not sufficient for pisciculture :

(4) pH of water is more alkaline.

(ii) The gross polluters along both the banks of the river have been listed. Legal action against some polluters has been taksn and some of the polluters have been persuaded to set up treatment plant for their waste water.

**তুফানগঞ্জ ব্লক বিভাজন**

১৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৪। ) **শ্রীমণীন্দ্র নাথ বর্মা ও শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় তুফানগঞ্জ ব্লককে ভাগ করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত বিভাজন কবে নাগাদ কার্যকর হইবে বলিয়া আশা করা যায় ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। আছে।

(খ) নূতন পঞ্চায়েত বিধির এতদ্‌সংক্রান্ত কিছু আইনগন বাধা অপসারিত হইলে হইলে বিভক্তিকরণের কার্যে হাত দেওয়া হইবে।

## নীলরতন সরকার মেডিকেল হাসপাতালে যক্ষ্মা চিকিৎসা বিভাগ

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭০।) **ডাঃ মানস ভুঞা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালে টি. বি. রোগে আক্রান্ত মানুষদের চিকিৎসা করার জন্য কোন আলাদা বিভাগ আছে কি ;

(খ) থাকলে ঐ বিভাগে বেডের সংখ্যা কত ; এবং

(গ) ঐ বিভাগের জন্য কেন্দ্রীয় সরকার কোন সাহায্য দিয়েছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আছে।

(খ) অনুমোদিত শয্যাসংখ্যা ৫০টি।

(গ) হ্যাঁ, অংশত।

## স্বয়ংশাসিত মেডিকেল পোষ্ট-গ্রাজুয়েট ইনষ্টিটিউট

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭১।) **ডাঃ মানস ভুঞা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আই. পি. জি. এম. ই. আর (এস. এস. কে, এম. হসপিটাল) এবং ডাঃ বিধানচন্দ্র রায় পোস্ট-গ্রাজুয়েট ইনস্টিটিউট দুটিকে সংযুক্তিকরণের মধ্য দিয়ে একটি স্বয়ংশাসিত পোস্ট-গ্রাজুয়েট ইনস্টিটিউট তৈরীর পদক্ষেপ নেওয়া হয়েছে কি ;

(খ) উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোন আলোচনা করা হচ্ছে কি ; এবং

(গ) সংযুক্তিকরণ করার পর ঐ দুটি সংস্থার চিকিৎসক অধ্যাপকদের সিনিয়রিটির ভিত্তিতে বিভিন্ন বিভাগে স্বপদে বহাল রাখা হবে কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) প্রস্তাব বিবেচনাধীন।

(খ) এখনও করা হয় নাই।

(গ) এখনই এ প্রশ্ন উঠে না।

## Usual qualification for the post of College Principal

169. (Admitted question No. 1777.) **Dr. Motahar Hossain :** will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state : (1) the usual qualifications of a candidate for appointment to the post of Principal of a College ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (১) সাধারণ যোগ্যতা—

| | | | |
|---|---|---|---|
| নিম্নতম বয়সসীমা | ... | ... | ... ৪০ বৎসর |
| উচ্চতর বয়সসীমা | ... | ... | ... ৫৫ বৎসর |
| শিক্ষাগত অভিজ্ঞতা | ... | ... | ... ১০ বৎসর |

(২) শিক্ষাগত যোগ্যতা—

A (i) ম্যাট্রিক/হায়ার সেকেণ্ডারী/স্কুল ফাইনাল/পি. ইউ/ইউ. ই. গড়ে ৫০ নম্বর। ইত্যাদি বি. এ./বি. এস. সি./বি. কম. ( অনার্স ) এম. এ./এম. এস. সি./এম. কম. ৫০% নম্বর

(ii) এম. ফিল/পি. এইচ, ডি. অথবা পাঁচ বৎসরের মধ্যে অনুরূপ উচ্চমানের কোন প্রকাশিত কাজের প্রমাণ—যাহার অভাবে ভবিষ্যতে আর কোন ইনক্রিমেণ্ট পাইতে সক্ষম হইবে না।

অথবা

B. ম্যাট্রিক/হায়ার সেকেণ্ডারী/স্কুল ফাইনাল/পি. ইউ/ইউ. ই. ইত্যাদি ৪৫%

বি. এ / বি. এস. সি / বি. কম. ( অনার্স ) ... ... ৪০%

এম. এ / এম. এস. সি / এম. কম. এবং ডক্টরেট ডিগ্রী ... ৫০%

অথবা

C. (i) ম্যাট্রিক/হায়ার সেকেণ্ডারী / স্কুল ফাইনাল / পি. ইউ / ইউ. ই. ইত্যাদি ৪৫%

বি. এ / বি. এস. সি. / বি. কম ... ... পাশ

এম. এ/এম. এস. সি/এম. কম ... ... ১ম শ্রেণী

(ii) এম. ফিল / পি. এইচ. ডি. অথবা পাঁচ বৎসরের মধ্যে অনুরূপ উচ্চমানের কোন প্রকাশিত কাজের প্রমাণ—যাহার অভাবে ভবিষ্যতে আর কোন ইনক্রিমেণ্ট পাইতে সক্ষম হইবে না।

অথবা

D. (i) ম্যাট্রিক / হায়ার সেকেণ্ডারী / স্কুল ফাইনাল / পি. ইউ. ইউ. ই. ইত্যাদি ৪৫%

ii) বি. এ. / বি. এস. সি. / বি. কম ( অনার্স ) সহ ৪০%

এম, এ / এম. এস. সি / এম. কম. ৫০%

অথবা

বি. এ / বি. এস. সি / বি. কম. ( পাশ ) সহ এম. এ. / এম. এস. সি / এম. কম ১ম শ্রেণী

(iii) ডক্টরেট ডিগ্রী না থাকিলে শিক্ষকতার যোগ্যতা ১৫ বৎসর

## জলপাইগুড়ি জেলায় ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিজ সেণ্টার

১৭০। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮০৭। ) শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলায় ডিস্ট্রিক্ট ইণ্ডাস্ট্রিজ সেণ্টার নামে রাজ্য সরকারের পরিচালনাধীন একটি সংস্থা আছে;

(খ) সত্য হইলে, (১) উক্ত সংস্থার মাধ্যমে জুলাই ১৯৮২ পর্যন্ত কয়টি শিল্প স্থাপিত হইয়াছে; এবং (২) উক্ত সংস্থার পরিচালনায় ঐ পর্যন্ত (জুলাই ১৯৮২) মোট কত অর্থ ব্যয় হইয়াছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রি মহাশয়ঃ** (ক) জলপাইগুড়ি জেলায় রাজ্য সরকারের কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তরের অধীন ডিস্ট্রিক্ট ইণ্ডাস্ট্রিজ সেন্টার (জেলা শিল্প কেন্দ্র) ১৯৭৮ সাল হইতে জেলার কুটির ও ক্ষুদ্রশিল্পের উন্নয়নের কাজ করিতেছে।

(খ) (১) জলপাইগুড়ি জেলা শিল্প কেন্দ্রের সহায়তায় জুলাই ১৯৮২ পর্যন্ত মোট ৩৪১টি শিল্প সংস্থা চালু হইয়াছে।

(২) উক্ত শিল্প কেন্দ্রের পরিচালনায় জুলাই ১৯৮২ পর্যন্ত আনুমানিক ১১,২১,০০০ টাকা ব্যয়িত হইয়াছে।

পূর্ব-চেপানী কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২১।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার 'পূর্ব-চেপানী কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড'-এর পরিচালক মণ্ডলীর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে, সরকার এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ। (খ) হ্যাঁ।

## চতুর্থ শ্রেণীর ঠিকাদারদের টেণ্ডার

১৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৭।) **শ্রীবিমলকান্তি বসুঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যের চতুর্থ শ্রেণীর ঠিকাদারদের টেণ্ডার দিবার আর্থিক সীমা কত;

(খ) উক্ত আর্থিক সীমা বর্ধিত করিবার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত বিষয়ে সরকারী নির্দেশনামা বাহির হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমান আর্থিক সীমা ২৫,০০০ টাকা পর্যন্ত।

(খ) হ্যাঁ।

(গ) প্রস্তাবটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। ঠিক কবে নাগাদ সরকারী নির্দেশনামা বাহির করা যাইবে, তাহা এই মুহূর্তে বলা সম্ভব নয়।

## পঞ্চায়েত সমিতির সমবায় পরিদর্শকের কর্মসূচী

১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬১।) **শ্রীবিমলকান্তি বসুঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ (ক) এই রাজ্যের পঞ্চায়েত

সমিতি এলাকাগুলির সহিত যে সব সমবায় পরিদর্শক যুক্ত থাকেন তাঁহাদিগকে সুনির্দিষ্ট-ভাবে কি কি কার্য সম্পাদন করিতে হয় ;

খ) পরিদর্শকগণের সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন সমবায় সমিতিগুলির পরিদর্শনের কাজ বাধ্যতামূলক কিনা।

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এই রাজ্যের পঞ্চায়েত সমিতি এলাকার সহিত যে সব সমবায় পরিদর্শক যুক্ত থাকেন তাঁহাদিগকে সাধারণতঃ নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করিতে হয় :—

(১) নতুন সমবায় সমিতি গঠন,সমবায় আইন, নিয়ম ও নীতি বিশ্লেষণ করা এবং এ ব্যাপারে যথাসাধ্য পরামর্শ দান করা।

(২) রুগ্ন সমিতির পুনর্গঠন।

(৩) রিজার্ভ ব্যাঙ্কের কৃষিঋণ মঞ্জরীর সুপারিশ ও ঋণ দাদন।

(৪) রিজার্ভ ব্যাঙ্কে-এর কৃষিঋণ আদায় করা।

(৫) সরকারি আর্থিক সাহায্যাদির প্রস্তাব পরীক্ষা, সুপারিশ প্রেরণ, বণ্টন এবং সঠিক ব্যয় সম্পর্কে তদারকি করা।

(৬) সমবায় সমিতিসমূহের বিভিন্ন তদন্ত ও প্রতিবেদন পেশ করা।

(৭) সমবায় সমিতিসমূহের মাধ্যমে বিভিন্ন সরকারী প্রকল্প রূপায়ণ।

(৮) সমবায় সমিতিসমূহের হিসাব পরীক্ষা নিরীক্ষা।

(৯) এলাকাস্থিত সমবায় সমিতি পরিদর্শন ও কাজে তদারকি করা।

(১০) ১২৬ ও ৮৬ ধারা অনুসারে সমবায় সংক্রান্ত মামলার বিচার করা ( আরবিট্রেশন-)।

(১১) সমবায় আইনের ১০২ ধারা অনুসারে ও সমবায় নিয়মাবলীর ১৬৩ বিধি অনুযায়ী সেলস্ অফিসারের কার্য সম্পাদন করা।

(১২) সমবায় আইনের ৮২ ও ৮৪ ধারা অনুযায়ী যথাক্রমে সমবায় সমিতির পরিদর্শন ও তদন্ত করা।

(১৩) সমবায় সমিতিসমূহের অডিট ফি নির্ধারণের ব্যবস্থা করা ও আদায়ের মাধ্যমে ট্রেজারীতে জমা দেওয়ার ব্যবস্থা করা।

(১৪) সর্বপ্রকার সরকারী ঋণ আদায়ের দায়িত্ব পালন করা।

(১৫) সমবায় সমিতি সংক্রান্ত অন্যান্য কার্যাদি যথাবিধি মত সাধারণ সভার ব্যবস্থা করা ও নির্বাচনের ব্যবস্থা করা ইত্যাদি।

(গ) হ্যাঁ।

**Incomplete Constitution of West Bengal Board of Secondary Education**

174 (Admitted question No. 1869) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) if it is a fact that Constitution of the West Bengal Board of Secondary Education is still incomplete ; and

(b) if so, the reasons thereof ?

**Minister-in-charge of Education (Primary and Secondary) Department :**

(a) Yes.

(b) The reason is that the election of Teachers' Representatives could not be held because of the election rules framed for the purpose being challenged in the Hon'ble High Court, Calcutta, which issued an order of injunction restraining the Government from holding the election.

## ২৪-পরগণা জেলায় কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৫।) **শ্রীকৃষ্ণধন হালদার :** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার কোন্ কোন্ ব্লকে কতগুলি কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র আছে ;

(খ) ডায়মণ্ডহারবার মহকুমার কোন্ ব্লকে কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র স্থাপন করিবার পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি-না ; এবং

(গ) থাকিলে কবে নাগাদ কেন্দ্র স্থাপিত হইবে বলিয়া আশা করা যায় ?

**পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) [illegible] কেন্দ্র ও উপকেন্দ্র স্থাপিত হয় প্রজননক্ষম গাভীর সংখ্যাভিত্তিতে, ব্লক ভিত্তিতে [illegible] পরিপ্রেক্ষিতে ২৪-পরগণা জেলার ২২টি ব্লকে মোট [illegible]টি গো-প্রজনন কেন্দ্র [illegible] ৭[illegible]টি উপকেন্দ্র আছে ব্লকগুলির নাম :—(১) সোনারপুর, (২) বারুইপুর, (৩) জয়নগর-১, (৪) বিষ্ণুপুর, (৫) ডায়মণ্ডহারবার, (৬) বারাসাত-১, (৭) [illegible], (৮) হাবড়া-১, (৯) হাবড়া-২, (১০) দেগঙ্গা, (১১) রাজারহাট, (১২) ক্যানিং, (১৩) বনগাঁ, (১৪) বাগদা, (১৫) গাইঘাটা, (১৬) বসিরহাট-১, (১৭) বসিরহাট-২, (১৮) স্বরূপনগর, (১৯) হাসনাবাদ, (২০) হাড়োয়া, (২১) বাদুড়িয়া ও (২২) মগরাহাট।

(খ) ডায়মণ্ডহারবার মহকুমার কোনও ব্লকে নতুন কোনও কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আগাতত নেই। ঐ এলাকাতে দুটি কৃত্রিম প্রজননের [illegible] সারভিস সেন্টার আছে।

(গ) কোন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা না থাকার জন্য বর্তমানে এ প্রশ্ন আসে না।

## বিধবাভাতা বাবত ব্যয়

১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯১।) **শ্রীমাধবেন্দু মোহান্ত :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কতজন বিধবাভাতা পাচ্ছেন ও তন্মধ্যে নদীয়া জেলায় কত জন ; এবং

(খ) ১৯৭৭ থেকে ১৯৮২ সাল পর্যন্ত (সালওয়ারী) উক্ত ভাতা বাবত মোট কত টাকা ব্যয় হয়েছে ?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মোট ৬৩৩৬ জন তন্মধ্যে নদীয়া জেলায় ২৫৭ জন।

(খ) বিধবাভাতা প্রকল্প ১৯৭৯ সালে চালু হয়ে মোট টাকা ৩৩,৫৬,২৩১.০০ এ পর্যন্ত ব্যয় হয়েছে।

| | টাকা |
|---|---|
| ১৯৮০-৮১ ... ... ... | ৮,২৩,৭৫৬.০০ |
| ১৯৮১-৮২ ... ... ... | ১৪,৯৭,৪৭৫.০০ |
| ১৯৮২-৮৩ (আগস্ট পর্যন্ত) ... ... | ১০,৩৫,০০০.০০ |
| মোট ... | ৩৩,৫৬,২৩১.০০ |

## বর্ধমান জেলার রায়নাতে পশুচিকিৎসালয় স্থাপন

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৯।) **শ্রীধীরেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়নাতে পশুচিকিৎসালয় স্থাপনের জন্য সরকারী অনুমোদন লাভ করেছিল কি;

(খ) করিয়া থাকিলে, ঐ চিকিৎসালয়ে এর কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(গ) না হইয়া থাকিলে, কবে হইবে বলিয়া আশা করা যায়?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

## রাস্তার পার্শ্বে বৃক্ষ রোপন

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬১।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা এপ্রিল হইতে ৩১শে আগস্ট পর্যন্ত এ রাজ্যে কত কিলোমিটার রাস্তার উভয় পার্শ্বে বৃক্ষরোপণ করা হইয়াছে; এবং

(খ) উক্ত বৃক্ষরোপণ এবং বেড়া দেওয়ার জন্য খরচের পরিমাণ কত?

**বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৪,৬০০ কি. মি. দৈর্ঘ্য গাছের সারি।

(খ) কমবেশী ১৮ লক্ষ টাকা।

## পশ্চিমবঙ্গে কয়েদীর সংখ্যা

১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৪।) **শ্রীজয়কেশ মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের জেলাগুলিতে কতজন কয়েদী আছে; এবং

(খ) এই সব কয়েদীদের কি কি সুযোগসুবিধা দেওয়া হয়?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৩,১৯৩ জন।

(খ) Jail Code-এর বিধান অনুযায়ী কয়েদীদের সর্বাধিক সুযোগসুবিধা দেওয়া হয়।

## জেলায় ইণ্ডাষ্ট্রীয়াল এষ্টেট স্থাপন

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৪।) **শ্রীমহাবুবুল হকঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রত্যেক জেলায় ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের পরিকল্পনানুযায়ী এপর্যন্ত কোন জেলার কয়টি এস্টেট স্থাপন হয়েছে;

(খ) মালদহ ও উত্তরবঙ্গের অন্যান্য জেলাগুলিতে উক্ত এস্টেট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ইণ্ডাস্ট্রিয়াল এবং কমার্শিয়াল এস্টেটের জেলাওয়ারী সংখ্যা—

(১) কলিকাতা জেলা ... ... ... ৫টি

(২) চব্বিশ পরগণা জেলা ... ... ... ২টি

(৩) হাওড়া জেলা ... ... ... ১টি

(৪) নদীয়া জেলা ... ... ... ২টি

(৫) মেদিনীপুর জেলা ... ... ... ৩টি

(৬) বর্ধমান জেলা ... ... ... ৩টি

(২টি ইণ্ডাস্ট্রিয়াল ও ১টি কমার্শিয়াল)

(৭) বীরভূম জেলা ... ... ... ১টি (কমার্শিয়াল)

(৮) মালদহ জেলা ... ... ... ১টি (কমার্শিয়াল)

(৯) পশ্চিম দিনাজপুর জেলা ... ... ১টি (কমার্শিয়াল)

(১০) জলপাইগুড়ি জেলা ... ... ... ১টি

(খ) হ্যাঁ। উত্তরবঙ্গের উক্ত তিনটি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট ছাড়াও উত্তরবঙ্গে আরও কয়েকটি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের পরিকল্পনা আছে।

(গ) রাজ্য সরকারের আর্থিক অসঙ্গতির জন্য উক্ত প্ররিকল্পনাগুলির রূপায়ণের কাজ ষষ্ঠ পরিকল্পনা অবধি স্থগিত রাখার সিদ্ধান্ত করা হয়েছে। ষষ্ঠ পরিকল্পনার শেষ বৎসরে এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

## গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীতে কেন্দ্রীয় বরাদ্দ

১৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, ১৯৮২-৮৩ আর্থিক বছরে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীতে এ রাজ্যের জন্য কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ১৯৮২-৮৩ আর্থিক বছরে বৈদ্যুতিকরণ কর্মসূচীতে এই রাজ্যের জন্য কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ ১৬৬৯ লক্ষ টাকা।

## রাজ্য সরকারের নিকট শিশু অপহরণ তথ্য

১ ২। ( অনুমোদিত প্রশ্ন নং ১৬। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিশু অপহরণ সংক্রান্ত কোনরূপ তথ্য রাজ্য সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) ১৯৮০ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮২ সালের ৩১শে জুলাই পর্যন্ত সময়ে কতজন শিশু অপহৃত হয়েছে ; ও

(২) তন্মধ্যে কতজন শিশুকে এ পর্যন্ত উদ্ধার করা সম্ভব হয়েছে ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ১০ জন।

(২) ০ জনকেই।

## পশ্চিমবঙ্গে "রুরাল পাইপ্ড ওয়াটার" প্রকল্প

১৮৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২২। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জানুয়ারী মাস থেকে ১০ই আগস্ট ১৯৮২ পর্যন্ত (১) পশ্চিমবঙ্গে কতগুলি "রুরাল পাইপ্ড ওয়াটার" প্রকল্পের কাজ শেষ হয়েছে ;

(২) কতগুলি প্রকল্পের কাজ চলছে, ও

(৩) বর্তমান আর্থিক বৎসরে নতুন কতগুলি প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(খ) (১) উক্ত প্রকল্পগুলির মাধ্যমে কতগুলি গ্রামে পানীয় জল সরবরাহ করা সম্ভব হবে, ও

(২) কত সংখ্যক মানুষ ইহার দ্বারা উপকৃত হবে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) ২৫৪ টির।

(২) ১৮৩টির। (৩) কমপক্ষে ১০টি।

(খ) (১) ১,১৩২টি গ্রামে পুরোপুরিভাবে এবং ১৩০টি গ্রামে আংশিকভাবে।

(২) প্রায় ২৪,১১,২৩৪ জন মানুষ।

## কান্দী মাষ্টার প্ল্যান

১৮৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৩২। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মাস্টার প্ল্যানের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত কাজ কবে নাগাদ শুরু করা যাইবে বলিয়া আশা করা যায় ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ** (ক) ৫১'৫০ কোটি টাকার কান্দী মাস্টার প্ল্যানটি পশ্চিমবঙ্গ সরকার তৈয়ারী করে কেন্দ্রীয় সরকারের কাছে

পেশ করেন। কেন্দ্রীয় সরকারের পরামর্শক্রমে, পরবর্তীকালে, ১৪ কোটি ৬০ লক্ষ টাকার একটি ছোট প্রকল্প যা, উপরিউক্ত মাস্টার প্ল্যানের একটি অংশ এবং কান্দী শহর সহ মোট ৭৪৫ বর্গমাইল এলাকাকে রক্ষা করবে, পশ্চিমবঙ্গ সরকার তৈয়ারী করে কেন্দ্রীয় সরকারের গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের নিকট পেশ করেছেন। প্রকল্পটি বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রকল্পটি কবে নাগাদ শুরু করা যাবে এখনই তা বলা সম্ভব নয়।

## আসানসোলে ক্ষুদ্রশিল্প ইউনিটে অচলাবস্থা

১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল বেল্টের প্রায় শতাধিক ক্ষুদ্রশিল্প ইউনিট বন্ধ হয়ে যাবার মুখে ; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি এবং এ সম্পর্কে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এরকম কোন তথ্য সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## এশিয়া ক্রীড়ার অনুষ্ঠান দূরদর্শন কর্তৃক প্রচার

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ইহা কি সত্য যে, আসন্ন এশিয়া ক্রীড়ার অনুষ্ঠানগুলি কলকাতা দূরদর্শন কেন্দ্র থেকে প্রচারিত করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের তথ্য ও প্রচার মন্ত্রকের সাথে যোগাযোগ বা কথাবার্তা বলেছেন ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** হ্যাঁ। ইনসাট-১ খারাপ হয়ে যাওয়ার পর ইনটেলসাট-এ মালদা থেকে লো পাওয়ার ট্রান্সমিটার-এ এবং কলকাতা থেকে মাইক্রো-ওয়েভ লিংক-এ অনুষ্ঠান প্রচারের সন্তোষজনক ব্যবস্থা হয়েছে—এ বিষয়ে মন্ত্রকের সঙ্গে রাজ্য সরকারের বিস্তারিত কথা হয়েছে।

## কলিকাতা মহানগরীর সঙ্গে মফঃস্বল জেলাগুলির সংযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য নতুন রুট অনুমোদন

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা মহানগরীর সঙ্গে মফঃস্বল জেলাগুলির সংযোগ ব্যবস্থা গড়ে তুলতে বর্তমান আর্থিক বছরে নতুন রুট অনুমোদন করার সম্ভাবনা আছে কি ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে দুর্গাপুর, উত্তরবঙ্গ ও কলকাতা রাষ্ট্রীয় পরিবহণের পৃথক পৃথক ভাবে নতুন বাস রুট চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 23 | 46 | Faridpur |
| 24 | 47 | Mahula |
| 25 | 48 | Monoharpur |
| 26 | 162 | Sarsat |
| 27 | 138 | Jainnanagar |
| 28 | 139 | Ram Kantapur |
| 29 | 170/132 | Paschimbergram |
| 30 | 132 | Simit |
| 31 | 56 | Sarifbazar |
| 32 | 49 | Chak Palli |
| 33 | 106 | Kankhutia |
| 34 | 107 | Purusattampur |
| 35 | 109 | Roypur |
| 36 | 35 | Khamjampur |
| 37 | 34 | Badyadhapur |
| 38 | 51 | Dakshin Harirampur |
| 39 | 52 | Ruppur |
| 40 | 37 | Bandh Nabagram |
| 41 | 10 | Bargram |
| 42 | 11 | Sunutia |
| 43 | 12 | Debagram |
| 44 | 114 | Rasul-Gajahat |
| 45 | 118 | Gherapara |
| 46 | 113 | Supur |
| 47 | 115 | Nurpur |
| 48 | 33 | Sahati |
| 49 | 14 | Keshabpur |
| 50 | 15 | Chak-Narayanpur |
| 51 | 39 | Rahamatpur |
| 52 | 40 | Khiruli |
| 53 | 38 | Srichandrapur |
| 54 | 110 | Chandanpur |
| 55 | 13 | Mala |
| 56 | 16 | Kasba |
| 57 | 28 | Noadanga |
| 58 | 29 | Darpasila |
| 59 | 1 | Mabulasur |
| 60 | 2 | Ganasa |
| 61 | 3 | Palsa |

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 63 | 6 | Bhasumani |
| 64 | 5 | Sumila |
| 65 | 8 | Sala |
| 66 | 30 | Kalaharpur |
| 67 | 74 | Jaljalia |
| 68 | 75 | Karpati Kori |
| 69 | 76 | Laldaha |
| 70 | 91 | Patharghata |
| 71 | 92 | Kesaradihi |
| 72 | 93 | Sitapur |
| 73 | 94 | Padmabatipur |
| 74 | 86 | Dhuitiguri |
| 75 | 87 | Bagdaura |
| 76 | 88 | Bisghata |
| 77 | 89 | Amdahara |
| 78 | 90 | Kshurdra-Amdahara |
| 79 | 79 | Sangri-Mahula |
| 80 | 80 | Birkisha |
| 81 | 31 | Sahanandapur |
| 82 | 82 | Sangri |
| 83 | 124 | Tatarpur |
| 84 | 81 | Keudaha |
| 85 | 23 | Albandha |
| 86 | 24 | Ratanpur |
| 87 | 25 | Gabindapala |
| 88 | 77 | Sarpalahara |
| 89 | 78 | Sripatipur |
| 90 | 83 | Raotara |
| 91 | 84 | Gopalpur |
| 92 | 70 | Mahisadal |
| 93 | 32 | Uttar Gopinathpur |
| 94 | 27 | Damdama |
| 95 | 26 | Debanandapur |
| 96 | 17 | Damodarpur |
| 97 | 19 | Kamardanga |
| 98 | 20 | Kandarbapur |
| 99 | 21 | Uttar Hariharpur |
| 100 | 18 | Gopalnagar |
| 101 | [illegible] | |

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 102 | 55 | Paschim-Islampur |
| | **Police-station Dubrajpur** | |
| 103 | 43 | Haridaspur |
| 104 | 7 | Agoa |
| 105 | 9 | Kapastari |
| 106 | 11 | Kailakuri |
| 107 | 20 | Meji |
| 108 | 19 | Pashcim Bankati |
| 109 | 21 | Balijuri |
| 110 | 22 | Mangalpur |
| 111 | 74 | Jamthalia |
| 112 | 75 | Sankarpur |
| 113 | 76 | Rautara |
| 114 | 78 | Berul |
| 115 | 104 | Satkenduri |
| 116 | 150 | Dakshin Gopalpur |
| 117 | 151 | Aulia |
| 118 | 68 | Simlakari |
| 119 | 69 | Rajganga |
| 120 | 80 | Durlabhpur |
| 121 | 82 | Aduria |
| 122 | 83 | Kasthagara |
| 123 | 84 | Gopalpur |
| 124 | 86 | Karamkal |
| 125 | 79 | Kalasona |
| 126 | 77 | Khosbashpur |
| | **Police-station Illambazar** | |
| 127 | 108 | Punch Tetule |
| 128 | 109 | Katna |
| 129 | 33 | Maheswarpur |
| 130 | 126 | Usharar |
| 131 | 129 | Darendar |
| 132 | 133 | Chellar |
| 133 | 132 | Gopalnagar |
| 134 | 135 | Srichandrapur |
| 135 | 99 | Murandihi |
| 136 | 102 | Jalanagar |

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 138 | 104 | Sakargachha |
| 139 | 115 | Motikona |
| 140 | 114 | Purbrnarayanpur |
| 141 | 110 | Goltikuri |
| 142 | 112 | Sibpur |
| 143 | 106 | Pachiara |
| 144 | 6 | Kurmitta |
| 145 | 9 | Palsa |
| 146 | 14 | Ulandi |
| 147 | 23 | Brahmandihi |
| 148 | 24 | Takipur |
| 149 | 134 | Hal |
| 150 | 15 | Iksusnra |
| 151 | 52 | Muragachhi |
| 152 | 83 | Bhabanipur |
| 153 | 59 | Sukdala |
| 154 | 60 | Dakshin Ekda |
| 155 | 61 | Behria |
| 156 | 64 | Sahapur |
| 157 | 72 | Chatto Chalk |
| 158 | 77 | Paschim Narayanpur |
| 159 | 78 | Paschim Protapdur |
| 160 | 80 | Mohana |
| 161 | 81 | Gumrath |
| 162 | 116 | Harishpur |
| 163 | 117 | Achipur |
| 164 | 118 | Saldanga |
| 165 | 119 | Dhalla |
| 166 | 120 | Protappur |
| 167 | 127 | Ushardlhi |
| 168 | 128 | Lakshipur |
| 169 | 34 | Galtia |
| 170 | 36 | Jubarnra |
| 171 | 37 | Harishehandrapur |
| 172 | 38 | Dhanai Shirambati |
| 173 | 111 | Dakshin Sultanpur |
| 174 | 10 | Jahanabad |
| 175 | 11 | Nandar |
| 176 | [illegible] | [illegible] |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 177 | 13 | Makra |
| 178 | 18 | Uttar Sultanpur |
| 179 | 28 | Hansra |
| 180 | 42 | Delora |
| 181 | 43 | Nripatigram |
| 182 | 105 | Paikuri |
| 183 | 44 | Gopinathpur |
| | | **Police-station Khoyrasole** |
| 184 | 133 | Bagabola |
| 185 | 134 | Maynadal |
| 186 | 138 | Malisla |
| 187 | 155 | Ranipathar |
| 188 | 156 | Amjola |
| 189 | 154 | Chak Dokai |
| 190 | 28 | Nichinta |
| 191 | 29 | Charigram |
| 192 | 30 | Chhora |
| 193 | 31 | Beraghata |
| 194 | 32 | Pernagopalpur |
| 195 | 37 | Rupeshpur |
| 196 | 39 | Chuagar |
| 197 | 40 | Niga |
| | | **Police-station Labhpur** |
| 198 | 179 | Ramkrishnapur |
| 199 | 46 | Saripa |
| 200 | 26 | Ujalpur |
| 201 | 180 | Brahmanigram |
| 202 | 113 | Golaichandi |
| 203 | 114 | Bagsina |
| 204 | 124 | Manpur |
| 205 | 53 | Bipratikuri |
| 206 | 178 | Bagtor |
| 207 | 125 | Puniara |
| 208 | 130 | Kapsundi |
| 209 | 126 | Salika |
| 210 | 83 | Mastali |

| Serial No. | J. L. No. | Namc of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 212 | 127 | Nimra |
| 213 | 89 | Dakshin Bamingram |
| 214 | 90 | Kusumgeria |
| 215 | 95 | Bhalas |
| 216 | 132 | Saha Alampur |
| 217 | 133 | Babla Danga |
| 218 | 28 | Panchaganga |
| 219 | 122 | Purbagoblndapur |
| 220 | 115 | Purba Ishakpur |
| 221 | 97 | Purna Mahugram |
| 222 | 12 | Kamdapur |
| 223 | 22 | Rajarampur |
| 224 | 77 | Purba Naupara |
| 225 | 74 | Dwaruda |
| 226 | 135 | Kamarmath |
| 227 | 99 | Sankhand |
| 228 | 147 | Marugram |
| 229 | 112 | Brahmanpara |
| 230 | 80 | Chhatra |
| 231 | 158 | Gopinathpur |
| 232 | 159 | Nandapur |
| 233 | 156 | Kusfor |
| 234 | 157 | Haramamdapur |
| 235 | 131 | Sanajuli |
| 236 | 140 | Eguria |
| 237 | 110 | Gokulbati |
| 238 | 70 | Patundi |
| 239 | 71 | Dengera |
| 240 | 50 | Milapur |
| 241 | 51 | Sahurapur |
| 242 | 118 | Sitalram |
| 243 | 116 | Manikpur |
| 244 | 142 | Tala |
| 245 | 9 | Tarulia |
| 246 | 10 | Laghosa |
| 247 | 11 | Saspur |
| 248 | 13 | Punna |
| 249 | 14 | Murdighi |
| 250 | [illegible] | [illegible] |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 251 | 103 | Loherda |
| 252 | 104 | Sarulia |
| 253 | 105 | Bulasahapur |
| 255 | 2 | Uttar Dayapur |
| 256 | 16 | Raypur |
| 257 | 107 | Dakshin Durgapur |
| 257 | 108 | Kotulghosa |
| 258 | 109 | Purba Sahapur |
| 259 | 117 | Dangal |
| 260 | 44 | Langalgram |
| 261 | 45 | Rakhargwar |
| 262 | 47 | Talbana |
| 263 | 48 | Malitpur |
| 264 | 40 | Tantipara |
| 265 | 43 | Arar |
| 266 | 41 | Altor |
| 267 | 42 | Uttarpara |
| 268 | 54 | Lalbazar |
| 269 | 55 | Talbandi |
| 270 | 57 | Tiltikuri |
| 271 | 58 | Kurumba |
| 272 | 34 | Bheria |
| 273 | 35 | Nautara |
| 274 | 32 | Kendia |
| 275 | 33 | Patharghata |
| 276 | 59 | Mandori |
| 277 | 60 | Budhura |
| 278 | 119 | Sonachituri |
| 279 | 120 | Mona Chitusira |
| 280 | 61 | Gopta |
| 281 | 62 | Kasiara |
| 282 | 63 | Amnahar |
| 283 | 68 | Khaerbani |
| 284 | 69 | Radha Krishnapur |
| | | **Police station Mayureswar** |
| 285 | 110 | Ghordaha |
| 286 | 120 | Chhata |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 288 | 113 | Gargara |
| 289 | 117 | Prayagpur |
| 290 | 109 | Nima |
| 291 | 112 | Hatin |
| 292 | 125 | Darkandi |
| 293 | 127 | Gopinalhpur |
| 294 | 128 | Basudevpur |
| 295 | 126 | Narayanpur |
| 296 | 115 | Amchua |
| 297 | 119 | Barugaehhi |
| 298 | 118 | Salki |
| 299 | 121 | Sundara |
| 300 | 236 | Neopara |
| 301 | 195 | Ulkunda |
| 302 | 92 | Narayanghati |
| 303 | 235 | Duna |
| 304 | 199 | Paschim Sibrambati |
| 305 | 196 | Darakalikapur |
| 396 | 197 | Rudrua |
| 307 | 198 | Mitra Palas |
| 308 | 208 | Kumarpur |
| 309 | 229 | Khyra |
| 310 | 230 | Thakurnipur |
| 311 | 231 | Dakshin Bhagabatipur |
| 312 | 232 | Naogaon |
| 313 | 234 | Dakshin Maligram |
| 314 | 196 | Chutari |
| 315 | 187 | Budur |
| 316 | 129 | Parajapara |
| 317 | 185 | Baja |
| 318 | 189 | Nistia |
| 319 | 188 | Dadpur |
| 320 | 203 | Bandihat |
| 321 | 202 | Hapira |
| 322 | 201 | Taratari |
| 323 | 200 | Mohanspur |
| 324 | 217 | Salahat |
| 325 | 106 | Madhaipur |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 327 | 6 | Dhobanandapur |
| 328 | 7 | Ramgarh |
| 329 | 8 | Bajitpur |
| 330 | 11 | Hosainganj |
| | | **Police-station Nalhati** |
| 331 | 81 | Bujanga |
| 332 | 116 | Katagaria |
| 333 | 48 | Kadja |
| 334 | 77 | Raghunathpur |
| 335 | 41 | Painta |
| 336 | 79 | Dharampur |
| 337 | 74 | Kanaipur |
| | | **Police-station Mal Bazar** |
| 338 | 1 | Hatgachha |
| 339 | 67 | Doucha |
| 340 | 37 | Nischintapur |
| 341 | 69 | Dubrajpur |
| 342 | 77 | Tajpur |
| 343 | 22 | Kapasdanga |
| 344 | 23 | Alinagar |
| 345 | 24 | Sonthal |
| 346 | 5 | Haridaspur |
| 347 | 4 | Jethia |
| 348 | 138 | Simulia |
| 349 | 36 | Dwangange |
| 350 | 131 | Bargachha |
| 351 | 132 | Bhutaru |
| 352 | 142 | Mamudpur |
| 353 | 146 | Giripur |
| 354 | 147 | Puranagram |
| 355 | 148 | Joyrampur |
| 356 | 149 | Haruka |
| 357 | 97 | Girajpur |
| 358 | 133 | Saldaha |
| 359 | 120 | Kashithri |
| 360 | 136 | Behira |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 362 | 18 | Ganpur |
| 363 | 27 | Bara Bataspur |
| 364 | 78 | Bagalpur |
| 365 | 83 | Porubali |
| 366 | 86 | Abdarpur |
| 367 | 87 | Karia Gopalpur |
| 368 | 39 | Palan |
| 369 | 40 | Hingla |
| 370 | 41 | Hussaipur |
| 371 | 43 | Kendsarail |
| 372 | 45 | Kusum Kandar |
| 373 | 46 | Muralpur |
| 374 | 47 | Baliharpur |
| 375 | 48 | Bhagabandh |
| 376 | 53 | Jirdharpur |
| | | **Police-station Murarai** |
| 377 | 87 | Math Karamja |
| 378 | 85 | Dantura |
| 379 | 86 | Mallickpur |
| 380 | 148 | Kusmor |
| 381 | 146 | Dhangara |
| 382 | 139 | Mahammadpur |
| 383 | 141 | Golkunda |
| 384 | 77 | Gaganpur |
| 385 | 65 | Baliadanga |
| 386 | 71 | Panchahar |
| 387 | 70 | Fazilpur |
| 388 | 72 | Jajigram |
| 389 | 140 | Bagispur |
| 390 | 151 | Biroji |
| 391 | 147 | Karamji |
| 392 | 89 | Sada Sibpur |
| 393 | 30 | Sumarpur |
| 394 | 27 | Bhatra |
| 395 | 24 | Bhabanipur |
| 396 | 28 | Abdullapur |
| 397 | 22 | Pora |
| 398 | [illegible] | [illegible] |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 399 | 84 | Palitpur |
| 400 | 90 | Kesdista |
| 401 | 88 | Bishore |
| 402 | 14 | Ambua |
| 403 | 18 | Bandhaipur |
| 404 | 120 | Kapilsahar |
| 405 | 121 | Khanpur |
| 406 | 126 | Birahinipur |
| 407 | 13 | Santashpur |
| 408 | 127 | Suita |
| 409 | 129 | Bhogipur |
| 410 | 125 | Hamidpur |
| 411 | 122 | Sitachur |
| 412 | 123 | Ranpur |
| 413 | 124 | Nani Gangdda |
| 414 | 134 | Duluba |
| 415 | 23 | Srinibashpur |
| 416 | 17 | Kalitara |
| 417 | 16 | Gorsa |
| 418 | 21 | Rajchandrapur |
| 419 | 20 | Lakhinarayanpur |
| 420 | 19 | Dolima |
| 421 | 15 | Uttar Kasila |
| 422 | 58 | Sankhulia |
| 423 | 36 | Fateullapur |
| 424 | 6 | Mohurapur |
| 425 | 8 | Mahumuji |
| 426 | 31 | Ratanpur |
| 427 | 32 | Tegharia |
| 428 | 33 | Kamdebnala |

**Police station Nanoor**

| | | |
|---|---|---|
| 429 | 7 | Brahmandihi |
| 430 | 6 | Kalikapur |
| 431 | 9 | Ruipur |
| 432 | 71 | Chak Mutin |
| 433 | 73 | Mutin |
| 434 | 7 | Pena |

| Serial No. | J. L. No. | Name of Mouzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 436 | 67 | Ranipur |
| 437 | 27 | Jalchandi |
| 438 | 28 | Sardanga |
| 439 | 34 | Kalinagar |
| 440 | 68 | Pakuhand |
| 441 | 29 | Posla |
| 442 | 14 | Sadinagar |
| 443 | 31 | Madhpur |
| 444 | 32 | Feugram |
| 445 | 33 | Nurpur |
| 446 | 15 | Debagram |
| 447 | 35 | Mandar |
| 448 | 38 | Munigram |
| 449 | 36 | Ghogram |
| 450 | 37 | Belgram |
| 451 | 13 | Sibbagar |
| 452 | 12 | Patni |
| 453 | 10 | Daskalgram |
| 454 | 62 | Chitgram |
| 455 | 44 | Chandipur |
| 456 | 40 | Dongra |
| 457 | 11 | Palsa |
| 458 | 19 | Karoa |
| 459 | 136/72 | Palasi |
| 460 | 60 | Ukrundi |
| 461 | 63 | Ramkrishnapur |
| 462 | 64 | Beliara |
| 463 | 41 | Bara |
| 464 | 42 | Tatulia |
| 465 | 2 | Kabarpur |

**Police-station Rajnagar**

| | | |
|---|---|---|
| 466 | 62 | Kabilaspur |
| 467 | 38 | Rajnagar |
| 468 | 63 | Rautara |
| 469 | 69 | Kusaipur |
| 470 | 72 | Raghunandanpur |
| 471 | 61 | Kundira |
| 472 | 70 | [illegible] |

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 473 | 58 | Paschim Sirra |
| 474 | 14 | Aligarh |
| 475 | 48 | Galulgachhi |
| 476 | 56 | Padompur |
| 477 | 30 | Gangmuri |
| 478 | 32 | Ranigram |
| 479 | 65 | Parul |
| 480 | 66 | Belara |
| 481 | 71 | Ranipur |
| 482 | 12 | Dhaka |
| | **Police-station** | **Rampurhat** |
| 483 | 74 | Jedur |
| 484 | 73 | Harioka |
| 485 | 24 | Chituri |
| 486 | 5 | Chhora |
| 487 | 16 | Mandala |
| 488 | 12 | Siura |
| 489 | 20 | Chandpur |
| 490 | 6 | Naisargram |
| 491 | 8 | Kanaipur |
| 492 | 7 | Asanjole |
| 493 | 15 | Ghakaipur |
| 494 | 106 | Jaykrishnapur |
| 495 | 105 | Badha |
| 496 | 137 | Mahendrapur |
| 497 | 160 | Uttar Sibpur |
| 498 | 159 | Ekdala |
| 499 | 167 | Gaytha |
| 500 | 168 | Bonta |
| 501 | 170 | Belun |
| 502 | 142 | Choto Kutubpur |
| 503 | 146 | Sriharibati |
| 504 | 181 | Hansan |
| 505 | 142 | Uttar Narayanpur |
| 506 | 154 | Kurula |
| 507 | 155 | Ambha |
| 508 | 143 | Bamdebpur |
| 509 | 179 | Chhoto Kartikchungri |

| Serial No, 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 510 | 139 | Parkuta |
| 511 | 13 | Sisdaspur |
| 512 | 18 | Debipur |
| 513 | 184 | Chandpara |
| 514 | 180 | Bargara |
| 515 | 140 | Goaspur |
| 516 | 141 | Hatparkuta |
| 517 | 165 | Mahipalpur |
| 518 | 166 | Hatpara |
| 519 | 171 | Chhoto Kanaipur |
| 520 | 172 | Purba Anantpur |
| 521 | 174 | Ninga |
| 522 | 177 | Sontoshpur |
| 523 | 176 | Joghar |
| 524 | 185 | Sirkrishnapur |
| 525 | 2 | Ekpara |
| 526 | 19 | Bhatina |
| 527 | 1 | Khandamah |
| 528 | 17 | Dharmasu |
| 529 | 161 | Pariharpur |
| 530 | 162 | Jasahari |
| 531 | 163 | Tapan |
| 532 | 151 | Bholadanga |
| 533 | 182 | Bara Karttikchungri |
| 534 | 196 | Patna |
| 535 | 197 | Podda |
| 536 | 178 | Malpara |
| 537 | 183 | Baji-Bujung |
| 538 | 191 | Sibgram |
| 539 | 192 | Kanra |
| 540 | 150 | Enta |
| 541 | 152 | Gobindapur |
| 542 | 153 | Bhabki |
| 543 | 114 | Kamikhya |
| 544 | 198 | Dugapur |
| 545 | 201 | Kalidaha |
| 546 | 158 | Kaluha |
| 547 | 195 | Maghira |
| 548 | 194 | [illegible] |

| Serial No. 1 | J. L, No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 549 | 193 | Harirampur |
| 550 | 157 | Jagadishpur |
| 551 | 156 | Marbasahar |
| 552 | 115 | Baikunthapur |
| 553 | 113 | Chandankantha |
| 554 | 70 | Kumudda |
| 555 | 173 | Bnrachauki |
| 556 | 186 | Dunigram |
| 557 | 187 | Balas |
| 558 | 60 | Karkaria |
| 559 | 189 | Motain |
| 560 | 188 | Purba Gopalpur |
| | | **Police-station Sainthia** |
| 561 | 68 | Jagannathpur |
| 562 | 112 | Simulia |
| 563 | 123 | Kunturi |
| 564 | 122 | Rasulpur |
| 565 | 1 | Harisara |
| 566 | 159 | Altor |
| 567 | 120 | Uttar-Sija |
| 568 | 121 | Jiui |
| 569 | 125 | Chak Mahespur |
| 570 | 126 | Kendua |
| 571 | 179 | Benjita |
| 572 | 182 | Gargaria |
| 573 | 183 | Bankhatipur |
| 574 | 29 | Kunuri |
| 575 | 30 | Ganutia |
| 576 | 31 | Khamatara |
| 577 | 53 | Barasangra |
| 578 | 185 | Rasaipur |
| 579 | 187 | Panni |
| 580 | 188 | Mahiara |
| 581 | 189 | Mahutara |
| 582 | 184 | Bholagaria |
| 583 | 190 | Netuni |
| 584 | 37 | Chantora |
| 585 | 88 | Kharna |

| Serial No. 1 | J. L. No. 2 | Name of Mauzas 3 |
|---|---|---|
| 586 | 44 | Bagrakanda |
| 587 | 45 | Dullo |
| 588 | 70 | Chhotosangra |
| 589 | 49 | Utter Chandipur |
| 590 | 51 | Purpaldihi |
| 591 | 52 | Rupadihi |
| 592 | 227 | Ballavpur |
| 593 | 50 | Banamalidihi |
| 594 | 54 | Maligram |
| 595 | 55 | Tentulidihi |
| 596 | 56 | Sibbandhi |
| 597 | 66 | Salgaria |
| 598 | 71 | Samra |
| 599 | 72 | Utter Hazarpur |
| 600 | 73 | Narisa |
| 601 | 40 | Mahishdahar |
| 602 | 43 | Derpur |
| 603 | 46 | Hatra |
| 604 | 47 | Abhirampur |
| 605 | 48 | Hosenpur |
| 606 | 173 | Dakshin Hatarpur |
| 607 | 178 | Gopalpur |
| 608 | 174 | Godharpur |
| 609 | 175 | Jinaipur |
| 610 | 176 | Keera |
| 611 | 177 | Bhabansandahar |
| 612 | 115 | Mankola |
| 613 | 116 | Harpalsa |
| 614 | 117 | Phulur |
| 615 | 118 | Bilsa |
| 616 | 191 | Liebra |
| 617 | 192 | Tegharia |
| 618 | 193 | Baidhura |
| 619 | 194 | Digha |
| 620 | 195 | Dhani |
| 621 | 42 | Kumaratari |
| 622 | 74 | Malhati |
| 623 | 65 | Pargaor |
| 624 | 75 | Matiara |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 625 | 76 | Dakshin-Sija |
| 626 | 77 | Akundihi |
| 627 | 78 | Uttar Khayeruri |
| 628 | 142 | Paschim Sahapur |
| 629 | 131 | Uttar Kanipur |
| 630 | 132 | Bataspur |
| 631 | 133 | Chak Amaipur |
| 632 | 135 | Kagas |
| 633 | 139 | Belia |
| 634 | 140 | Paikpara |
| 635 | 143 | Kshatipur |
| 636 | 144 | Jomkola |
| 637 | 57 | Patharghata |
| 638 | 59 | Tripuranipur |
| 639 | 58 | Layekpur |
| 640 | 151 | Dakshin Gobindapur |
| 641 | 152 | Tekadyaha |
| 642 | 157 | Kusurnjatra |
| 643 | 156 | Juita |
| 644 | 127 | Deoas |
| 645 | 129 | Chandpur |
| 646 | 130 | Mitrapur |
| 647 | 135 | Bandhuruya |
| 648 | 137 | Paschim Noapara |

**Police-station Suri**

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 649 | 176 | Roypur |
| 650 | 11 | Bansjore |
| 651 | 31 | Monpur |
| 652 | 185 | Muramath |
| 653 | 189 | Negari |
| 654 | 125 | Panuria |
| 655 | 85 | Uttar metagram |
| 656 | 84 | Januri |
| 657 | 81 | Kona |
| 658 | 83 | Muradpur |
| 659 | 82 | Kostori |
| 660 | 87 | Rajnagar |
| 661 | 128 | [illegible] |

| Serial No. | J. L. No. | Name of Mauzas |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 662 | 190 | Khorda Nagari |
| 663 | 192 | Baragram |
| 664 | 193 | Karamasal |
| 665 | 12 | Ajaypur |
| 666 | 13 | Narasinghapur |
| 667 | 14 | Durgapur |
| 668 | 16 | Panch Pakharin |
| 669 | 195 | Nohagram |
| 670 | 36 | Rastanpur |
| 671 | 37 | Kabirpur |
| 672 | 38 | Gobra |
| 673 | 39 | Dosalpur |
| 674 | 188 | Uparjal |
| 675 | 210 | Amgachhi |
| 676 | 211 | Bataspur |
| 677 | 58 | Paisala |
| 678 | 64 | Sajina |
| 679 | 168 | Kasarhat |
| 680 | 169 | Parabatipur |
| 681 | 170 | Bholaipur |
| 682 | 173 | Hatikra |
| 683 | 172 | Srikantapur |
| 684 | 175 | Imadpur |
| 685 | 41 | Bhagabanbati |
| 686 | 42 | Sundardihi |
| 687 | 46 | Datanda |
| 688 | 35 | Dhananjoybati |
| 689 | 43 | Bidyapur |
| 690 | 45 | Brahmankhol |
| 691 | 47 | Nimpalasi |
| 692 | 48 | Kharikatikuri |
| 693 | 49 | Ikra |
| 694 | 50 | Mahigram |
| 695 | 51 | Bansra |
| 696 | 147 | Bassanka |
| 697 | 148 | Debsanka |
| 698 | 159 | Kendur |
| 699 | 165 | Januri |

## বীরভূম জেলা পরিষদ

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭।) **শ্রীসুনীতি চট্টরাজ:** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে (১৯৮২-৮৩) এবং বিগত আর্থিক বৎসরে (১৯৮১-৮২) বীরভূম জেলা পরিষদকে সরকার কত টাকা দিয়াছেন; এবং

(খ) বিগত আর্থিক বৎসরে প্রদত্ত টাকা সম্পূর্ণভাবে খরচ করা হইয়াছে কি?

**পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) বীরভূম জেলা পরিষদকে সরকার বিভিন্ন খাতে বর্তমান আর্থিক বৎসরে (১৯৮২-৮৩) ১,৪১,১৪,৪৫০ টাকা এবং বিগত আর্থিক বৎসরে (১৯৮১-৮২) ১,৯৬,৫৮,৫৬৯ টাকা দিয়াছেন।

(খ) বিগত আর্থিক বৎসরে প্রদত্ত ১,৯৬,৫৮,৫৬৯ টাকার মধ্যে ১,৬০,১১,২২৫ টাকা খরচ হইয়াছে এবং অবশিষ্ট আছে মাত্র ৩৬,৪৭,৩৪৪ টাকা।

## খটঙ্গা অঞ্চল-প্রধানের বিরুদ্ধে অভিযোগ

১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬।) **শ্রীসুনীতি চট্টরাজ:** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত খটঙ্গা অঞ্চল-প্রধানের বিরুদ্ধে কোন অভিযোগ সরকারের নিকট আছে কি;

(খ) থাকিলে, উক্ত বিষয়ে কোন তদন্ত করা হয়েছে কি; এবং

(গ) হইয়া থাকিলে এবিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৯৭৯ সালের সেপ্টেম্বর মাসে প্রধানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়েছিল।

(খ) হ্যাঁ। (গ) তদন্ত করার পরে যোগ্য নয় এমন ব্যক্তি গ্রাম পঞ্চায়েতকে অনুদানের টাকা ফেরত দিয়েছেন।

## সি এস টি সি-র অধীনে বাসের সংখ্যা

১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ৩১এ জুলাই সি এস টি সি-র অধীনে মোট বাসের সংখ্যা কত ছিল;

(খ) ঐ তারিখে উক্ত সংখ্যক বাসের মধ্যে মোট কতগুলি বাস চালু ছিল; এবং

(গ) ১৯৮২ সালের জুলাই মাসে প্রতিদিন গড়ে সি এস টি সি-র কতগুলি বাস রাস্তার নামানো হয়েছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১,৫১৫টি।

(খ) শহরের বাস (আট বছরের কম পুরানো)—৭১১টি, (আট বছরের বেশী পুরানো)—২৬৯টি এবং দূরপাল্লার বাস (আট বৎসরের কম পুরানো)—২০৫টি—মোট ১,১৮৫টি।

(গ) শহরের বাস ৫৮৩টি এবং দূরপাল্লার বাস ১৫০টি—মোট ৭৩৩টি।

## পশ্চিমবঙ্গে বার্ধক্য ভাতা

১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কবে থেকে বার্ধক্য ভাতা চালু করা হয়েছে;

(খ) ৩০শে জুন ১৯৮২ পর্যন্ত বার্ধক্য ভাতা দেওয়ার জন্য রাজ্য সরকারের মোট কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে; এবং

(গ) বর্তমানে এই রাজ্যে কত জন্য বার্ধক্য ভাতা পাচ্ছেন?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ইং ১৯৬১ সাল হতে পশ্চিমবঙ্গে বার্ধক্য ভাতা চালু করা হয়েছে।

(খ) সামগ্রিক হিসাব নাই। তবে নিম্নলিখিত ব্যয়গুলির হিসাব আছে:

| আর্থিক বৎসর | অর্থ ব্যয়ের পরিমাণ<br>টাকা |
|---|---|
| ১৯৭৪-৭৫ | ২৪,৫৫ ১৯৪ |
| ১৯৭?-৭৬ | ২৫,০৬,৬৯৩ |
| ১৯৭৬-৭৭ | ২২,০৭,৬৩৮ |
| ১১৭৭-৭৮ | ২৭,৪৪,৪৯৭ |
| ১৯৭৮-৭৯ | ৩৫,৪৮,৩৬৩ |
| ১৯৭৯-৮০ | ৫৫,৮৪,৬৯০ |
| ১৯৮০-৮১ | ৯১,৬৮,৭৬৬ |
| ১৯৮১-৮২ | ৯১,৭৯,৫০০ |
| ১-৪-১৯৮২ হইতে ৩০-৬-১৯৮২ | ২২,৩৯,১০০ |

(গ) বর্তমানে এই রাজ্যে মোট ২৫,৬৯০ জন বার্ধক্য ভাতা পাচ্ছেন।

## বাস ও ট্রামে আগুন লাগানোর ঘটনা

১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০।) **শ্রীসুমন্তকুমার হীরা:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত কতগুলি (১) বাস ও (২) ট্রামে আগুন লাগানোর ঘটনা ঘটেছে;

(খ) তন্মধ্যে, কতগুলি বাস ও ট্রাম সম্পূর্ণরূপে ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়েছে; এবং

(গ) উক্ত ঘটনাগুলিতে কোন রাজনৈতিক দল জড়িত ছিল কি?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) উক্ত সময়ে পশ্চিমবঙ্গে (১) ২১টি বাস এবং (২) ১২টি ট্রামে আগুন লাগানোর ঘটনা ঘটেছে।

(খ) কোন বাস বা ট্রামই সম্পূর্ণরূপে ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়েনি।

(গ) উক্ত ঘটনাগুলিতে প্রধানতঃ কংগ্রেস (ই) এবং ছাত্র-পরিষদ (ই) জড়িত ছিল।

## বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নির্দিষ্ট সময়ে গ্রহণ

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯।) **শ্রীসুমন্তকুমার হীরা ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা গত দু-বছর ধরে নির্দিষ্ট সময়ে গৃহীত হয়েছে এবং নির্দিষ্ট সময়ে তার ফল প্রকাশিত হয়েছে; এবং

(খ) উপরোক্ত প্রশ্নের উত্তর "না" হলে, কোন্ কোন্ পরীক্ষা নির্দিষ্ট সময়ে গ্রহণ করা সম্ভব হয় নি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত মূল পরীক্ষাসমূহ কার্যসূচী অনুযায়ী অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষাসমূহের ফলাফলও প্রায় যথাসময়ে প্রকাশিত হয়েছে।

(খ) মূল পরীক্ষাসমূহ সম্পর্কে প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের সমস্যা ও উন্নয়ন ব্যবস্থা

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজে জিওলজি ভূগোল, স্টাটিসটিক্স ও ফিজিওলজিতে অনার্স পড়ানোর ব্যবস্থা না থাকার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন;

(খ) উক্ত কলেজে (১) তফসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রাবাস, (২) অডিটোরিয়ম এবং (৩) অধ্যাপকদের বাসগৃহ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকলে, কবে নাগাদ হবে বলে আশা করা যায়;

(গ) ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৮২ এর জুলাই পর্যন্ত সময়ে ঐ কলেজকে ইউ জি সি গ্রাণ্ট সহ কত কত টাকার সরকারী সাহায্য দেওয়া হয়েছে; এবং

(ঘ) ঐ কলেজটির আর্থিক অবস্থার উন্নয়নের জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন বা নিচ্ছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজে ফিজিওলজিতে অনার্স খুলবার একটি প্রস্তাব পাওয়া গিয়েছিল। প্রস্তাবে প্রয়োজনীয় তথ্যাদি না থাকায় কলেজে একটি প্রো-ফরমা পাঠানো হয়েছে ইহাতে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে দরখাস্ত পেশ করতে বলা হয়েছে।

জিওলজি, ভূগোল এবং স্টাটিসটিক্স-এ অনার্স খুলবার কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

(খ) ঐ কলেজে তফসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রাবাস, অডিটোরিয়ম এবং অধ্যাপকদের জন্য বাসগৃহ ইত্যাদি নির্মাণের জন্য প্ল্যান ও এস্টিমেট সহ কোন প্রস্তাব কলেজ কর্তৃপক্ষের নিকট হতে পাওয়া যায় নাই।

(ঘ) কলেজ পরিচালনার ক্ষেত্রে আর্থিক ঘাটতি পরীক্ষার পর নিয়মানুসারে সেই ঘাটতি পূরণের জন্য এবং শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন ও ভাতা বাবদ অনুদান দেওয়া হচ্ছে।

Statement refferred to in reply to clause 'Ga' of Unstarred Question No. 198
(Admitted question No. 168)

তালিকা

বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজ

| আর্থিক বৎসর | রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ অনুদান | শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবদ অনুদান | মোট | ইউ জি সি গ্রাণ্ট | অন্যান্য অনুদান |
|---|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৯৭৭-৭৮ | ৫,৪০,০০০ | — | ৫,৪০,০০০ | ২,৯০,১৭৩ | — |
| ১৯৭৮-৭৯ | ৫,৮৮,০০০ | ৫,৭০,৮৭৮ | ১১,৫৮,৮৭৮ | — | ২০,০০০ |
| ১৯৭৯-৮০ | ৬ ৪০,০০০ | ৬,৯৬,০৪১ | ১৩,৩৬,০৪১ | — | ৮,০০০ |
| ১৯৮০-৮১ | ৭,০৪,০০০ | ৭,৮৩,২৯৩ | ১৪,৮৭,২৯৩ | — | ৯৮,৩৮০ |
| ১৯৮১-৮২ | ৭,৫১,০০০ | ৯,৪৪,২২৫ | ১৬,৯৫,২২৫ | — | — |

## বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে অকৃতকার্যের হার বৃদ্ধি

১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৭ সাল হইতে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে অকৃতকার্য ছাত্রছাত্রীর হার বৃদ্ধি পাইতেছে ;

(খ) সত্য হইলে, উক্ত অকৃতকার্যের কারণ সম্বন্ধে কোন অনুসন্ধান করা হইয়াছে কি ;

(গ) উপরের "খ"-এর উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত অনুসন্ধানের রিপোর্ট কি ; এবং

(ঘ) চলতি বছরে কোন্ কোন্ পরীক্ষা কেন্দ্রে আইন পরীক্ষা বন্ধ হয়ে যাবার কোন খবর সরকারের নিকট আছে কি ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না, সত্য নহে।

(খ) প্রশ্নটি উঠে না।

(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নূতন সিলেবাসের ইণ্টারমিডিয়েট আইন পরীক্ষা নির্ধারিত সময়ে আরম্ভ হয় বটে, কিন্তু আশুতোষ ভবন কেন্দ্রে তৃতীয় পত্রের পরীক্ষা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরীক্ষা কার্যসূচী বাতিল হয়, কিন্তু মহামান্য হাইকোর্টের নির্দেশানুযায়ী পরবর্তী পরীক্ষাগুলি লওয়া হয়।

## বার্নপুর পাম্পি' ঘাট হইতে তীর্থযাত্রী নিখোঁজ

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ২০০।) **কাশীনাথ মিশ্র ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৬এ জুলাই ১৯৮২ তারিখে ডি ভি সি কর্তৃপক্ষ দামোদর নদে, হঠাৎ জল ছাড়াতে কয়েকশত তীর্থযাত্রী বার্ণপুর পাম্পিং ঘাট হতে যখন হাঁটা পথে নদীটি পার হচ্ছিল, তখন নদীতে প্রচণ্ড জলোচ্ছ্বাস বৃদ্ধি পাওয়ার ফলে ভেসে গিয়ে নিখোঁজ হয়; এবং

(খ) সত্য হ'লে—

(১) কতজন আজ পর্যন্ত নিখোঁজ অবস্থায় আছে,

(২) মৃত ব্যক্তিদের সনাক্ত করা হয়েছিল কিনা,

(৩) ডি ভি সি-র হঠাৎ জল ছাড়ার কারণ কি,

(৪) জল ছাড়ার ব্যাপারে পূর্ব হতে কর্তৃপক্ষ থেকে কোন সতর্কবার্তা দেওয়া হয়েছিল কিনা,

(৫) মৃত ও আহত ব্যক্তিদের কত পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হয়েছে, ও

(৬) এ বিষয়ে বিচার বিভাগীয় তদন্তের কোন ব্যবস্থা করা হবে কি?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) এখনই বলা সম্ভবপর নয়। এ বিষয়ে বিভাগীয় তদন্ত হচ্ছে। সেচ ও জলপথ বিভাগের ইঞ্জিনীয়ার ইন-চার্জ এবং এক্স অফিসিও সেক্রেটারী শ্রী এস পি সেনকে নিয়ে একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে গত ৩০এ জুলাই শীঘ্রই রিপোর্ট পাওয়া যাবে বলে আশা করা যায়।

(খ) বিভাগীয় তদন্তের রিপোর্ট পাওয়ার পর (১) থেকে (৫) এর জিজ্ঞাসার উত্তর দেওয়া যাবে।

(৬) না।

## সমবায় বয়নশিল্পী সমিতি

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একটি ব্লকে একাধিক সমবায় বয়নশিল্পী সমিতি গড়ার নীতি কি সম্পূর্ণভাবে পরিবর্তিত হয়েছে;

(খ) হয়ে থাকলে, বর্তমানে সকলপ্রকার বয়নশিল্পীকে কি একই সমিতিভুক্ত করা হয়েছে; এবং

(গ) যদি 'ক' ও 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহলে ইহার হেতু কি ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## মৌজায়/গ্রামে বৈদ্যুতিকরণ

২০২। ( অনুমোদিত প্রশ্ন নং ২৪৩। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) জুলাই ১৯৮১ হইতে জুলাই ১৯৮২ পর্যন্ত সময়কালে পশ্চিমবাংলার কতগুলি মৌজায়/গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে ;

(খ) রাজ্যের সমস্ত গ্রাম বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাত তা বাস্তবায়িত হতে পারে বলে আশা করা যায় ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১লা জুলাই ১৯৮১ থেকে ৩০এ জুন ১৯৮২ পর্যন্ত সময়কালে পশ্চিমবঙ্গে ১,৬৮২টি মৌজা/গ্রাম বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) রাজ্যের সমস্ত গ্রাম বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা এখনও তৈরী করা যায় নি। পর্যায়ক্রমে এই পরিকল্পনা তৈরী হবে।

(গ) এখনই বলা সম্ভব নয়। ১৯৯৫ সালের মধ্যে এই কাজ সম্পূর্ণ সম্ভব কিনা তা বিবেচনা করে দেখা হচ্ছে।

## সরকারী কর্মচারীদের বদলিকরণ

২০৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২৪৪। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বদলিযোগ্য সরকারী কর্মচারীরা এক জায়গায় তিন বছর কাজ করার পর অন্যত্র বদলি হয়ে থাকেন ; এবং

(খ) যদি সত্য হয়, তা হলে এই নিয়ম সর্বক্ষেত্রে অনুসৃত হচ্ছে কি ?

**স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সরকারী কর্মচারীদের তিন বৎসর অন্তর বদলি সংক্রান্ত ব্যাপারে কোনও সরকারী আদেশনামা (বলবৎ) নাই। সেই কারণে সময়সীমার নীতি অনুসরণ করার প্রশ্ন উঠে না। সাধারণতঃ প্রশাসনিক এবং জনকল্যাণ স্বার্থে বদলিযোগ্য কর্মচারীদের তিন হইতে পাঁচ বৎসর অন্তর অন্যত্র বদলি করার বিষয় বিবেচনা করা হইয়া থাকে। এই বদলি করার সময় স্বল্প-আয় বিশিষ্ঠ কর্মচারীদের বাসস্থান ও সংশ্লিষ্ঠ অর্থনৈতিক সমস্যার প্রতি দৃষ্টি রাখা হয়।

(খ) প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার স্থায়ী মহকুমাশাসক

২০৪। ( অনুমোদিত প্রশ্ন নং ২৪৫। ) শ্রীঅমলেন্দ্র রায় ঃ স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় স্থায়িভাবে কোন মহকুমাশাসক নাই ; এবং

(খ) (১) ইহার কারণ কি ?

(২) স্থায়ী মহকুমাশাসক ছাড়াই কিভাবে সেখানে কাজকর্ম চালানো হইতেছে, ও

(৩) কবে নাগাত উক্ত মহকুমায় স্থায়ী মহকুমাশাসক নিয়োগ করা হবে বলিয়া আশা করা যায় ?

**স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহোদয়ঃ** (ক) ইহা ঠিক নহে।

(খ) (১) প্রকৃতপক্ষে গত ২৮-২-১৯৮২ তারিখ হইতে কান্দিতে স্থায়ী মহকুমাশাসক নাই।

(২) বহরমপুরের সদর মহকুমাশাসক অস্থায়িভাবে অতিরিক্ত দায়িত্বে কান্দির মহকুমাশাসকের কাজ চালাইয়া আসিতেছেন।

(৩) একজন স্থায়ী মহকুমাশাসক ইতিমধ্যেই নিয়োগ করা হইয়াছে।

## কেন্দ্রীয় অর্থানুকূল্য আশানুরূপ না হওয়ায় প্ল্যান ছাঁটাই

২০৫। ( অনুমোদিত প্রশ্ন নং ২৫৪। ) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে পরিকল্পনা খাতে কেন্দ্রীয় অর্থানুকূল্য আশানুরূপ না হওয়ায় কোন্ মস্তক কি পরিমাণ ( টাকার অঙ্কে ) প্ল্যান ছাঁটাই করতে বাধ্য হয়েছেন, এবং

(খ) ঐরূপ ছাঁটাইয়ের ফলাফল কি হয়েছে ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ও (খ) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে পরিকল্পনা খাতে প্রাথমিক পর্যায়ে ৭২৮ কোটি টাকার বরাদ্দ করা হয়েছিল। কিন্তু টাকার অভাবের জন্য পরিকল্পনা কমিশন পরিকল্পনা অনুমোদন না করায় বার্ষিক পরিকল্পনা ৪৯৮ কোটি টাকা হয়েছে এবং সেই অনুযায়ী বিভাগীয় বরাদ্দের পুনর্বিন্যাস করা হয়েছে। খরাকবলিত অঞ্চলের জন্য বিশেষ প্রকল্প ও সাপ্লিমেণ্ট প্ল্যান বাবত বরাদ্দ ধরে সর্বসাকুল্যে পরিকল্পনা বাবত মোট ৫৩১ কোটি টাকা ধার্য হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে, ১৯৮১-৮২ সালে পরিকল্পনা বাবত মোট ৪৯২ টাকা ব্যয় হয়েছিল ; পরিকল্পনা খাতে ১৯৮১-৮২ সালের বিভাগীয় প্রকৃত ব্যয়, ১৯৮২-৮৩ সালের বিভাগীয় প্রাথমিক ব্যয়বরাদ্দ এবং সংশোধিত বরাদ্দ সংলগ্ন বিবরণীতে পেশ করা হল।

উক্ত বিবরণী থেকে দেখা যাবে যে, কয়েকটি ক্ষেত্রে গত বছরের প্রকৃত ব্যয়ের তুলনায় এ বছরের বরাদ্দ কমানো হলেও কৃষি, শিক্ষা, পরিবহণ, বিদ্যুৎ প্রভৃতি খাতে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

**Statement referred to in reply to clause 'Ka' and 'Kha' of question No. 205 (Admitted Question No. 254)**

(Rs. in lakhas)

| Serial No. and Name<br>1 | Expenditure during 1981-82<br>2 | Original Annual Plan 1982-83<br>3 | Revised Annual Plan 1982-83<br>4 |
|---|---|---|---|
| 1. Ariculture .. | 29,38.95 | 58,64.66 | 32,00.00 |
| 2. Animal Husbandray and Veterinary Services. | 5,87.15 | 9,10.37 | 5,10.00 |
| 3. Industrial Reconsturction | 2,49.81 | 2,50.00 | 1,25.00 |
| 4. Co-operation | 4,45.83 | 12,67.00 | 5,10.00 |
| 5. Commerce and Industries | 21,40.87 | 25,89.80 | 17,00.00 |
| 6. Cottage and Small Scale Industries | 7,46.74 | 11,63.25 | 6,95.25 |
| 7. Development and Planning (Dev.) | 17,43.00 | 31,93.00 | 19,91.00 |
| 8. Development and Planing (T. and C.P.) | 3,69 65 | 5,85.00 | 3,50.00 |
| 9. Education | 42,66.20 | 65,28.20 | 46,35.00 |
| 10. Education (Sports) | 3,19.79 | 4,00.00 | 1,25.00 |
| 11. Excise | 19.00 | 19.00 | 15.00 |
| 12. Finance (Audit) | .. | 20 00 | 5.00 |
| 13. Finance (Banking) | 57,25 | 92.50 | 55.00 |
| 14. Finance (Taxation) | 18.00 | 50.00 | 25.00 |
| 15. Fisheries | 2,69.61 | 5,90.00 | 3,71.00 |
| 16. Forests | 4,69.32 | 7,84.00 | 6,00 00 |
| 17. Food and Supplies | 10.52 | 1,44.00 | 40.00 |
| 18. Home (Defence) | 6.00 | 1.62 | 1.50 |
| 19. Home (Jails) | .. | 9.48 | 5.00 |
| 20. Home (P & AR) | 1,51.06 | 2,00.00 | 1,65.00 |
| 21. Home (Police) | | 3,00.00 | 2,00 00 |
| 22. Home (Transport) | 24,33.31 | 49,05.00 | 40,00.00 |
| 23. Health and Family Welfare | 27,95.70 | 31,95.00 | 25,00.00 |
| 24. Housing | 3,55.00 | 5,75.00 | 5,75.00 |
| 25. Information and Cultural Affairs | 1,14,39 | 3,00.00 | 1,15.00 |
| 26. Irrigation and Waterways | 57,45.76 | 75,00.00 | 54,00.00 |
| 27. Judicial | 1,09.64 | 1,43.00 | 71.50 |
| 28. Local Government and Urban Development. | 6,86.15 | 6,75.00 | 5,20.00 |
| 29. Land and Land Reforms | 8,37.08 | 9,20.00 | 8,20.00 |
| 30. Labour | 39.18 | 1,50.00 | 40.00 |
| 31. Panchayat and C. D. (Panchayats) | 30.49 | 1,61.00 | 40.00 |
| 32. Panchayat and C. D. (C. D.) | 3,29.25 | 3,50.00 | 2,50.00 |
| 33. Public Undertakings | 16,21.76 | 27,97.00 | 17,50.00 |
| 34. Public Works | 1,60.00 | 1,60.00 | 1,20.00 |
| 35. Public Works (Roads) | 15,05.00 | 16,05.00 | 13,00.00 |
| 36. Metropolitan Development | 46,80.31 | 53,00.00 | 39,00.00 |
| 37. Power | 1,16,43.01 | 1,74,92.00 | 1,18,00.00 |
| 38. Relief and Welfare (Welfare) | 3,50.00 | 3,54.00 | 3,00.00 |
| 39. Sch. Castes and Tribes Welfare | 7,39.00 | 10.00.00 | 7,75.00 |
| 40. Tourism | 61.31 | 70.00 | 60.00 |
| 41. Youth Services | 1,70.53 | 2,10.00 | 1,50.00 |
| Grand Total .. | 4,92,16.31 | 7,28,23.88 | 4,98,10.25 |

## জঙ্গীপুরে গঙ্গা পদ্মা ও ভাগীরথীর ব্যবধান

২০৬। ( অনুমোদিত প্রশ্ন নং ২৮১। ) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) জঙ্গীপুর ব্যারেজের কাছাকাছি এলাকায় গত ২ বছরের মধ্যে গঙ্গা/পদ্মা ও ভাগীরথীর ব্যবধান কতটা কমেছে ;

(খ) ঐ ব্যাবধান কমে যাওয়ায় ফরাক্কা ও জঙ্গীপুর ব্যারেজ এবং ফিডার ক্যানেলের ভবিষ্যৎ বিপন্ন হওয়ার আশংকা আছে কিনা ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত আশংকা দূর করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ঃ** (ক) জঙ্গীপুর ব্যারেজের কাছাকাছি এলাকাতে গত দুই বছরের মধ্যে গঙ্গার ভাঙ্গনের জন্য ও ভাগীরথী—এই দুই নদীতীরের মধ্যে ব্যবধান বিশেষ কমে নাই।

(খ) উপরিউক্ত 'ক' প্রশ্নের উত্তর সাপেক্ষে বলা যায় যে, গত দুই বছরে ফরাক্কা ও জঙ্গীপুর ব্যারেজ এবং ফিডার ক্যানেলের ভবিষ্যৎ বিপন্ন হওয়ার আশংকা পূর্ববৎ আছে।

(গ) ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ ( যাহা ভারত সরকারের অধীন ) ফরাক্কা ব্যারেজ, জঙ্গীপুর ব্যারেজ ও তাহার অ্যাফ্লাক্স বাঁধ—এই সমস্ত প্রকল্পগুলি দেখাশুনা করেন। ঐ কর্তৃপক্ষ জঙ্গীপুর ব্যারেজের কাছাকাছি এলাকায় ভাঙ্গন সম্বন্ধে অবহিত আছেন ও প্রতিরোধের ব্যবস্থা তাঁহাদেরকেই করিতে হইবে।

## মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক শিল্প

২০৭। ( অনুমোদিত প্রশ্ন নং ২৯০। ) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সরকারী সংস্থা ( এ্যাগ্রোইণ্ডাস্ট্রিজ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলা হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, পাট, আখ, আম, আলু ইত্যাদি ফসলকে ঐ উদ্দেশ্যে কাজে লাগান হবে কি ?

**সরকারী সংস্থা ( অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## সরকারী অফিসসমূহে বাংলা টাইপরাইটার সংগ্রহ

২০৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২৯২। ) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলা ভাষায় সরকারী চিঠিপত্র প্রদানের নীতিকে কার্যকরী করার জন্য ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত তথ্য ও সাংস্কৃতির বিভাগের ভাষা সেলের মাধ্যমে কয়টি বাংলা টাইপরাইটার সংগৃহীত হয়েছে ; এবং

(খ) আর কতদিনের মধ্যে সরকারী সমস্ত কাজকর্মে বাংলা ভাষার প্রচলন সম্পর্ণ হবে বলে আশা করা যায় ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ২৩৫টি।

(খ) এ প্রশ্নের জবাব বহুবিধ বিষয়ের উপর নির্ভর করে, তবে প্রক্রিয়া ত্বরান্বিত হোক এটা আমারা আশা করি।

## পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** অর্থ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮১ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গ রাজ্য লটারীতে কোন লাভ হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত লাভের পরিমাণ কত?

**অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) উদ্‌বৃত্ত টাকার পরিমাণ ২,৪৭,৫৬,৮০০ টাকা।

## কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র

২১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৭।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** বিগত ৪ঠা সেপ্টেম্বর ১৯৮১ তারিখের তারকিত প্রশ্ন *৪৪ (অনুমোদিত প্রশ্ন নং *১১৮)-এর উত্তর উল্লেখে মাননীয় বিদ্যুৎ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদনের প্রস্তাবিত সময়সীমার কোনরূপ পরিবর্তন করা হয়েছে কি;

(খ) ঐ প্রকল্পের জন্য এ যাবৎ মোট কত টাকার যন্ত্রপাতি কেনা হয়েছে; এবং

(গ) ঐসমস্ত যন্ত্রপাতি যথাযথভাবে না রাখার ফলে ক্ষতিগ্রস্থ হচ্ছে এই মর্মে কোন সংবাদ সরকার পেয়েছে কি?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পের জন্য ৩১এ মার্চ, ১৯৮২ পর্যন্ত প্রায় ১২৯ কোটি ৪০ লক্ষ ২২ হাজার ৪৭৭ টাকার যন্ত্রপাতি কেনা হয়েছে।

(গ) সংবাদপত্রের মাধ্যমে এই ধরনের অভিযোগ সরকারের গোচরে এসেছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদকে যথাযথ প্রতিবিধানের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

## হুগলী জেলায় খাস জমি বিলি

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের জুন পর্যন্ত সময়ে হুগলী জেলায় কি পরিমাণ খাস জমি বিলি করা হইয়াছে;

(খ) উক্ত পরিমাণ জমি কতজন ভূমিহীনকে বিলি করা হইয়াছে; এবং

(গ) কতজন বস্তুহীনকে বাস্তু করার জন্য জমি দেওয়া হইয়াছে?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে হুগলী জেলায় ২,০২৫.৮৩ একর খাস জমি বিলি করা হয়েছে।

(খ) উক্ত পরিমাণ জমি ৯,৬০৭ জন ভূমিহীনকে বিলি করা হয়েছে।

(গ) গ্রামীণ আবাসন প্রকল্পে ৬,২৫৯ জন বাস্তুহীন ব্যক্তিকে বাস্তুজমি দেওয়া হয়েছে। এছাড়া ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গ বাস্তুজমি গ্রহণ আইন অনুযায়ী ১৪,৩৪৭ জনকে বাস্তুজমির মালিকানা দেওয়া হয়েছে।

## প্রমোদকর মুক্ত ছবি

২১২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২১।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রমোদকর মকুবের ভুয়া সার্টিফিকেট দেখিয়ে সম্প্রতি এই রাজ্যের বিভিন্ন জেলায় প্রমোদকরমুক্ত ছবি দেখানো হয়েছে;

(খ) সত্য হলে, এরূপ ছবির সংখ্যা কত; এবং

(গ) উক্ত ব্যাপারে তদন্তের ব্যবস্থা করা হয়েছে কিনা?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। ইহা সত্য।

(খ) ছটি, যথা ঃ 'ছুট', 'পুনম্', 'ইয়ে ক্যায়সা ইনসাফ্', 'বসেরা', 'শ্রীমান শ্রীমতী' এবং 'আপনা বনা লো'।

(গ) হ্যাঁ, উক্ত ব্যাপারে উপযুক্ত তদন্তীকরণ এবং সংশ্লিষ্ট অপরাধীদের শাস্তিবিধান বিষয়ে আইনানুগ সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামীর সংখ্যা

২১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৬।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামীর সংখ্যা কত;

(খ) তন্মধ্যে কতজনের শাস্তির মেয়াদ ১৪ বৎসর উত্তীর্ণ হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, সাজা ভোগের মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্বেও কিছু কিছু আসামীকে এখনও পর্যন্ত ছাড়া হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৮৬৬ জন।

(খ) রেমিশন সহ ১৯৯ জনের এবং রেমিশন ছাড়া ৯ জনের।

(গ) না। (ঘ) প্রশ্ন ওঠে না।

## ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা

২১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৩।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার ভিক্ষুকদের সম্বন্ধে কোন সমীক্ষা করা হইয়াছে কি;

(খ) ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং (গ) থাকিলে, তাহা কি?

**ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) হ্যাঁ।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীনে কয়েকটি ভিক্ষুক আবাস আছে। এই আবাসগুলিতে আবাসিকদের প্রাথমিক সাধারণ শিক্ষা দেওয়া হয়। বৃত্তি শিক্ষাও দেওয়া হয়। ভিক্ষুকদের এইসমস্ত আবাসে বৃত্তি শিক্ষা দেওয়ার ফলে তারা কিছু কিছু উপার্জন করতে সক্ষম হয়। এইভাবে তারা অর্থনৈতিক এবং সামাজিক পুনর্বাসনের ব্যবস্থা করে নেয়।

তা ছাড়া প্রশিক্ষণের পর তাহাদিগকে সরকারী ব্যবস্থায় উৎপাদনের কাজে নিয়োগ করা হয় এবং দৈনিক ৪.০৫ পয়সা হিসাবে পারিশ্রমিক দেওয়া হয়। এইভাবে তাহাদের কিছু মূলধন গড়ে ওঠে। পরবর্তীকালে আবাস থেকে বেরিয়ে সেই মূলধনের সাহায্যে এবং বৃত্তি শিক্ষার উপর নির্ভর করে তাহারা অর্থনৈতিক এবং সামাজিক পুনর্বাসনের ব্যবস্থা করে নেয়।

## পশ্চিমবঙ্গে খরার জন্য চাষের ক্ষতি

২১৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই বৎসর খরার জন্য পশ্চিমবঙ্গে চাষের ক্ষতির পরিমাণ কত;

(খ) এই ক্ষতিপূরণ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) কেন্দ্রীয় সরকারের কাছে এর জন্য কোন সাহায্য চাওয়া হয়েছে কিনা?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমান বৎসরে ১০-৯-১৯৮২ পর্যন্ত অনাবাদী জমির পরিমাণ আনুমানিক ১০ লক্ষ ২৪ হাজার হেক্টর এবং এই অনাবাদীর ফলে ক্ষতির পরিমাণ আনুমানিক ৩২৫ কোটি টাকা।

(খ) এই ক্ষতিপূরণের জন্য কৃষি দপ্তর কৃষি-উপকরণ ক্রয় ঋণ দেওয়ার উদ্দেশ্যে ৬ কোটি টাকা বরাদ্দ করেছেন। ৪ লক্ষ ৭৬ হাজার কলাই, সরিষা, মসুর, ছোলা, ভুট্টা এবং গম বীজের মিনিকিট, যার মূল্য ১ কোটি ৭১ লক্ষ ৯১ হাজার ৬০০ টাকা, কৃষকদের মধ্যে ইতিমধ্যেই বিলি করার ব্যবস্থা হয়েছে। ধানবীজ বা বীজতলা ক্রয় করে কৃষকদের বিলি করার জন্য আরও ৯০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।

এ ছাড়াও মুগ, আলুবীজের মিনিকিট যাতে কৃষকদের বিলি করা যায় তার জন্য বিশেষ বিবেচনা করা হচ্ছে।

প্রায় ২,৮০০ হেক্টর জমিতে ধানের বীজতলা তৈরীর জন্য বিভিন্ন জেলায় ৪২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(গ) হ্যাঁ।

## চাষীদের জুটকার্ড প্রদান

২১৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৫১। **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমান বৎসরে কতজন চাষীকে "জুটকার্ড" দেওয়া হয়েছে; এবং

(খ) ইহা কি সত্য যে, কার্ড ছাড়া চাষীরা জুট কর্পোরেশনকে পাট বিক্রয় করতে পারবে না ?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) প্রায় ১৪ লক্ষ।

(খ) কার্ডধারিগণ অগ্রাধিকার পাইবেন। অর্থাৎ ক্রয়কেন্দ্রে সমাগত বিক্রেতাদের মধ্যে কার্ডধারিগণের নিকট হইতে সকল পাট খরিদ করিবার পরই জুট কর্পোরেশন অপর বিক্রেতাদের নিকট হইতে পাট কিনিতে পারেন।

## পশ্চিমবঙ্গে পাটের উৎপাদন

২১৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৫৩। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান বৎসরে পাটের উৎপাদন কত ;

(খ) এর মধ্যে জুট কর্পোরেশন কত পাট কিনবেন বলে স্থির করেছেন ; এবং

(গ) গত বৎসর জুট কর্পোরেশনের কত পাট কেনার পরিকল্পনা ছিল এবং কত কিনেছেন ?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) এখনও হিসাব পাওয়া যায় নাই।

(খ) ১৫.৫০ লক্ষ গাঁট।

(গ) ১২.৭৫ লক্ষ গাঁট কেনার পরিকল্পনা ছিল। কিনেছেন ১০.৭০ লক্ষ গাঁট।

## ১৯৮২-৮৩ সালে যুব সম্প্রদায়ের কল্যাণার্থে কর্মসূচী

২১৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৬০। ) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮২-৮৩ সালের জন্য পশ্চিমবঙ্গ যুব সম্প্রদায়ের কল্যাণের জন্য কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, কি কি কর্মসূচী ?

**যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই কর্মসূচীসমূহের মধ্যে উল্লেখযোগ্য হল — বেকার যুবকযুবতীদের জন্য অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প, বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্প, তফসিলী জাতি ও উপজাতি যুবক-যুবতীদের জন্য বিশেষ আঙ্গিক বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্প, কমিউনিটি হল ও মুক্তাঙ্গন মঞ্চ স্থাপন, জিম্‌নাসিয়াম তৈরী ও জিমনাস্টিকের সাজ-সরঞ্জাম ক্রয়ের জন্য অর্থ সাহায্য, খেলাধুলার সাজ-সরঞ্জাম কেনার জন্য অনুদান, গ্রামীণ ক্রীড়া প্রশিক্ষণ শিবির, স্বল্প খরচে বিশেষ বিশেষ স্থানে শিক্ষামূলক ভ্রমণে অনুদান, পর্বতারোহণ অভিযানে অনুদান, সল্প ভাড়ায় পর্বতারোহণের সাজ-সরঞ্জাম সরবরাহ এবং পর্বতারোহণও স্কি প্রশিক্ষণে বৃত্তি-প্রদান, ব্লক, জেলা এবং রাজ্য স্তরে যুব উৎসবের আয়োজন, খেলার মাঠ ক্রয় ও উন্নতি-সাধনে আর্থিক সাহায্য দান, ব্লক তথ্যকেন্দ্র স্থাপন, বিজ্ঞান আলোচনা চক্র প্রতিযোগিতা ও বিজ্ঞান মেলার আয়োজন, বিজ্ঞান ক্লাব গঠন ও আর্থিক সাহায্য দান, পশ্চিমবঙ্গের ২৩টি গুরুত্বপূর্ণ স্থানে যুব আবাস পরিচালনা, পাঠ্যপুস্তক ঋণ দান।

## নদীয়া জেলার শিক্ষকগণকে দ্বিতীয় পে কমিশনের সুপারিশ অনুযায়ী বর্ধিত হারে বেতন দান

২১৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৮০। ) **শ্রীতারকবন্ধু রায় ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর অধীনে পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণ এখনও পর্যন্ত দ্বিতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী নতুন বেতন হারে বেতন পাচ্ছেন না; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ উক্ত নূতন বেতন হার ঐ জেলায় চালু হবে বলে আশা করা যায় ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পূর্ত বিভাগে ক্যাজুয়াল কর্মচারীর স্থায়ীকরণ

২২০। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৯২। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী আইন লঙ্ঘন করে পূর্ত বিভাগে ৩ বৎসরের কম কর্মরত এইরূপ ১৫০ জন ক্যাজুয়াল ( ৩য় ও ৪র্থ শ্রেণীর ) কর্মচারীকে স্থায়ী করবার জন্য আদেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হলে,

(১) ৩ বৎসর সরকারী কাজের মেয়াদ পূর্ণ না হলে ক্যাজুয়াল সরকারী কর্মচারীকে স্থায়ী করা যায় কি, ও

(২) উক্ত আদেশটি সরকার কি প্রত্যাহার করিবার পরিকল্পনা লইয়াছেন ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) (১) উপরোক্ত উত্তরের ভিত্তিতে এই প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

## ডায়মণ্ডহারবার মহকুমা ও আলিপুর মহকুমায় নতুন রাস্তা স্যাংশন

২২১। ( অনুমোদিত প্রশ্ন নং ৪১৭। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৮২ সালের ১লা জুলাই পর্যন্ত ডায়মণ্ড-হারবার মহকুমা ও আলিপুর মহকুমায় কোন নূতন রাস্তা স্যাংশন হইয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত মহকুমায় দুইটির কোন্ কোন্‌টিতে কোথা হইতে কোথা পর্যন্ত এবং কত মাইল করিয়া রাস্তা স্যাংশন হইয়াছে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) ১৯৭৭ সালের ১লা জুলাই থেকে ১৯৮২ সালের ১লা জুলাই পর্যন্ত নীচের প্রকল্পগুলিতে সরকারী অনুমোদন দেওয়া হয়েছে। তবে এর অধিকাংশ প্রকল্পের কাজই ১৯৭৭-এর ১লা জুলাই-এর আগে শুরু হয়েছিল ঃ—

(১) বিবিরহাট থেকে মহেশতলা ( চড়িয়াল খাল ) পর্যন্ত—৮ কিমি.

(২) পৈলান-নেপালগঞ্জ—৭'৪ কিমি.

(৩) সোনারপুর-খেয়াদা সড়ক তপসিয়া কুলটি রোড পর্যন্ত সম্প্রসারণ—৩ কিমি,

(৪) শেরপুর থেকে চাকদা—১১'৩৩৯ কিমি,

(৫) আমরাতলা থেকে ঝিঙ্কিরহাট হয়ে হোতর পর্যন্ত—৮'৮৫৮ কিমি,

(৬) চন্দনেশ্বর থেকে তালদি রাস্তার ৫.৬ কিমি অংশ,

(৭) কলাবারু থেকে ঘুটিয়ারীশরিফ হয়ে চাকবেড়িয়া পর্যন্ত ৮'৫ কিমি,

(৮) চেমাগুরি থেকে ছয়ের ঘেরী এবং চেমাগুরি থেকে শ্রীধাম—(১'৯+৬'৯)=৮'৮ কিমি,

( ৯ ) হটুগঞ্জ থেকে সেতরা হয়ে উস্থি—৮'৫ কিমি,

(১০) বাসুলডাঙ্গা রেলস্টেশন থেকে পাঁচগ্রাম স্বাস্থ্যকেন্দ্র—১'৫ কিমি,

(১১) রায়পুর থেকে পাথরপ্রতিমা—২৩'২০ কিমি,

(১২) কাকদ্বীপ-পাথরপ্রতিমা—৮ কিমি,

(১৩) গুরুদাসপুর রেলস্টেশন থেকে ডায়মণ্ডহারবার রোড সংযোগকারী পথ—১'৫ কিমি,

(১৪) বাওয়ালী থেকে বুড়ুল—১৫ কিমি।

## মথুরাপুর ওয়াটার সাপ্লাই প্রকল্প

২২২। ( অনুমোদিত প্রশ্ন নং ৪১৯। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ( গ্রামীণ জলসরবরাহ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মথুরাপুর ওয়াটার সাপ্লাই প্রকল্প চালু করিবার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ ( গ্রামীণ জলসরবরাহ ) বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** হ্যাঁ, আছে।

## পশ্চিমবঙ্গে ষ্টেডিয়াম নির্মাণ

২২৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৪৪। ) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা মার্চ হইতে ৩১শে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি স্টেডিয়াম নির্মাণের বিষয়ে অনুমোদন করা হইয়াছে ;

(খ) তাহার মধ্যে কতগুলির কাজ সম্পূর্ণ হইয়াছে ; এবং

(গ) অবশিষ্ট স্টেডিয়ামগুলির নির্মাণ কাজ কি অবস্থায় আছে ?

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮২ সালের ১লা মার্চ হইতে ৩১শে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন স্টেডিয়াম নির্মাণের জন্য অনুমোদন দেওয়া হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

## কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা ( ডেয়ারী উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুধের যথাযথ মান বজায় রাখার ক্ষেত্রে ও নিয়মিত সরবরাহের ক্ষেত্রে প্রায়ই গোলযোগ দেখা দেওয়ার কারণ কি ; এবং

(খ) দুধের মান ও সরবরাহের দ্রুত উন্নতির জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**পশুপালন ও পশুচিকিৎসা ( ডেয়ারী উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুধের যথাযথ মান বজায় রাখার ক্ষেত্রে এবং নিয়মিত সরবরাহের ক্ষেত্রে প্রায়ই গোলযোগ দেখা দেয়—একথা ঠিক নয়। কারণ বিভিন্ন দুগ্ধ সংগ্রহ এবং শীতলীকরণ কেন্দ্রগুলি থেকে দুধ সংগ্রহ করে তা দুগ্ধাগারে নিয়ে আসা হয়। তারপর তা যথাযথভাবে বিজ্ঞানসম্মত উপায়ে পরীক্ষানিরীক্ষার পর জীবাণুমুক্ত করে বোতলীকরণ করা হয়। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে, এই বিশেষ পরীক্ষার জন্য আমাদের 'কোয়ালিটি কনট্রোল ল্যাবোরেটরি' আছে যেখানে দুধের মান অতি সতর্কতার সাথে পরীক্ষার ব্যবস্থা আছে। সরবরাহের ক্ষেত্রে কোনও কোনও ডিপোতে মাঝে মাঝে দুধ সরবরাহ বিঘ্নিত হয়। এর অন্যতম কারণ হল যন্ত্রাংশের গণ্ডগোল ও যানবাহনের গোলযোগ এবং পূজা, পার্বণ প্রভৃতি উপলক্ষে দোহ উন্নয়ন বিভাগের কিছু সংখ্যক কর্মীর অনুমতি ছাড়াই বেশী ছুটি ভোগ করার অভ্যাস।

(খ) দুধের মান যাতে যথাযথভাবে রক্ষিত হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা আগে থেকেই বলবৎ আছে। সরবরাহের ক্ষেত্রে দ্রুত উন্নতির জন্য নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ইতিমধ্যেই তার কাজ শুরুও হয়ে গেছে।

## সরকারী কারখানা ও সংস্থায় অনাদায়ী প্রভিডেন্ট ফাণ্ড

২২৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮। ) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার পরিচালনাধীন কারখানা ও সংস্থাসমূহে প্রভিডেণ্ট ফাণ্ডের দরুন এ পর্যন্ত কারখানা ও সংস্থাওয়ারী মোট কত টাকা বাকী পড়েছে ; এবং

(খ) এ সম্বন্ধে রাজ্যসরকার কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কেন্দ্রীয় সরকারের আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষ কর্তৃক প্রদত্ত তথ্য থেকে দেখা যায় যে এ পর্যন্ত ৩৯টি সরকরে পরিচালনাধীন কারখানা ও সংস্থাসমূহে প্রভিডেণ্ট ফাণ্ডের দরুন পাঁচ কোটি নয় লক্ষ পঞ্চাশ হাজার টাকা বাকী রয়েছে। এ সম্পর্কে একটি স্বতন্ত্র বিস্তৃত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হলো।

(খ) এ সম্বন্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকারের এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের আইনানুগ কোনো ক্ষমতা নেই।

## রঘুরামপুরে অট্টালিকা নির্মাণ

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০।) **শ্রীশিশির অধিকারী ঃ** শিক্ষা (কারিগরী) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৭ সালে ১৪ লাখ টাকা এবং গত বামফ্রণ্ট সরকারের আমলে ৬ লাখ টাকা ব্যয়ে কাঁথি ২নং ব্লকের রঘুরামপুরে একটি অট্টালিকা নির্মিত হয়েছিল;

(খ) সত্য হলে, ঐ অট্টালিকা কি ব্যবহার করা হয়; এবং

(গ) না হলে, তার কারণ কি এবং কবে থেকে ব্যবহার করা হবে।

**শিক্ষা (কারিগরী) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কাঁথি ২নং ব্লকের রঘুরামপুরে সরকার একটি নতুন পলিটেকনিক স্থাপন করেছেন। এই পলিটেকনিকের জন্য প্রয়োজনীয় গৃহনির্মাণের আনুমানিক প্রসারিত ব্যয় ২৬,৮৬,২২০ টাকা। এ বাবত সরকার ইতিমধ্যে ২২,৯৬,৬৩৬ টাকা বরাদ্দ করেছেন।

এই পরিকল্পনার জন্য এই পর্যন্ত ২১,১৯,৮৯০ টাকা খরচ হয়েছে। মোট কাজের প্রায় শতকরা ৯০ ভাগ শেষ হয়েছে। কিছু কিছু কাজ যেমন রাস্তাঘাট নির্মাণ, সীমানা দেওয়াল, বৈদ্যুতীকরণ ইত্যাদি বাকী আছে।

(খ) অট্টালিকা এখনও ব্যবহার করা হয় নি।

(গ) গৃহনির্মাণ ও অন্যান্য সংশ্লিষ্ট কাজ শেষ হয় নি বলে পলিটেকনিকটি এখনও শুরু করা যায় নি। প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের সংস্থান হলে আরও বছর-খানেকের মধ্যে শুরু করা সম্ভব হবে বলে মনে হয়।

## পানিপিয়া খালের উপর ভগ্ন/অর্ধভগ্ন পুল পুনর্নির্মাণ

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪।) **শ্রীশিশির অধিকারী ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—, কাঁথি শহরের ভেতর দিয়ে প্রবাহিত পানিপিয়া খালের উপর পুরুষোত্তমপুরের ভগ্নপুল এবং বঙ্কিমপুর, জানুবসান ও দুর্গাপুরের অর্ধভগ্ন পুলগুলির পুনর্নির্মাণ বা মেরামতের কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ** কাঁথি শহরের ভেতর দিয়ে প্রবাহিত পানিপিয়া খালের উপর পুরুষোত্তমপুর বঙ্কিমপুর ইত্যাদি স্থানের ভগ্নপুলগুলির পুনর্নির্মাণের এস্টিমেট প্রস্তুত করা হইয়াছে। মেরামতি খাতে উপযুক্ত অর্থের সংস্থান হইলে উক্ত কাজগুলি করা সম্ভব হইবে।

## ধনিয়াখালি মার্কেটিং কো-অপারেটিভের বিরুদ্ধে অভিযোগ

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬০।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধনিয়াখালি থানার অন্তর্গত মার্কেটিং কো-অপারেটিভের বিরুদ্ধে সরকার কোন অভিযোগ পেয়েছেন কিনা; এবং

(খ) পেয়ে থাকলে,

(১) কবে পেয়েছেন?

(২) এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ৩রা ফেব্রুয়ারি ১৯৮২ তারিখে।

(২) অভিযোগগুলি তদন্ত করানো হইয়াছে এবং তদন্তের রিপোর্টের ভিত্তিতে কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে এবং আরও কিছু করা হইতেছে।

## তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য শিক্ষা খাতে ব্যয়

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৭।) **শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য শিক্ষা খাতে গত আর্থিক বৎসরে কত টাকা খরচ করা হইয়াছে ; এবং

(খ) উক্ত সম্প্রদায়ভুক্ত কিরূপ আয়ের পরিবারের ছাত্রগণ স্টাইপেণ্ড পাওয়ার উপযোগী ?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) রাজ্যের শিক্ষাদপ্তর সামগ্রিকভাবে যে টাকা ব্যয় করিয়াছেন তাহার উপরে এই বিভাগ হইতে মোট ৯ কোটি ৭১ লক্ষ ৮৭ হাজার ৮ শত টাকা তফসিলী জাতি ও আদিবাসীদের শিক্ষার জন্য ব্যয় করা হইয়াছে।

(খ) (১) মাধ্যমিক স্তরের আদিবাসী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে কোন কর্মসূচিতেই আয়ের কোন সীমা রাখা হয় নাই, কেবলমাত্র সংরক্ষণ ভাতা প্রদানের কর্মসূচির অধীনে অনধিক বার্ষিক ৩,৬০০ টাকা পারিবারিক পিতামাতার আয়বিশিষ্ঠ ছাত্রছাত্রীদেরই এই ভাতা দেওয়া হয়। কিন্তু মাধ্যমিকস্তরে তফসিলী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে সংরক্ষণ ভাতা প্রদান এবং ছাত্রাবাসের ব্যয়নির্বাহের জন্য অনুদান প্রদান এই দুটি কর্মসূচিতেই ৩,৬০০ টাকা পারিবারিক পিতামাতার আয়বিশিষ্ট পরিবারের ছাত্রছাত্রীরাই কেবলমাত্র যোগ্য বলিয়া বিবেচিত হয়। অন্য কোন কর্মসূচিতে পারিবারিক আয়ের কোন সীমারেখা নাই।

(২) মাধ্যমিকোত্তর পর্যায়ে অনধিক ৭৫০ টাকা মাসিক আয়বিশিষ্ট পরিবারের ২টি সন্তান শিক্ষা প্রতিষ্ঠানকে দেয় সর্বপ্রকার চার্জ এবং ছাত্রাবাসের ব্যয় বাবত অনুদান পাওয়ার উপযোগী, কিন্তু ছাত্রাবাসে না থাকিলে শিক্ষা প্রতিষ্ঠানকে দেয় সর্বপ্রকার চার্জ এবং সংরক্ষণ ভাতা পাইয়া থাকে।

(৩) ৭৫০ টাকার উর্ধ্বে কিন্তু ১,০০০ টাকা পর্যন্ত আয়বিশিষ্ট পরিবারের ইঞ্জিনিয়ারিং, ডাক্তার ও পশুচিকিৎসা বাদে অন্যান্য পাঠ্যক্রমের ছাত্ররা অর্ধেক সংরক্ষণ ভাতা এবং কলেজকে দেয় অন্যান্য চার্জের সব কিছুই পাইয়া থাকে, কিন্তু ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং ও পশুচিকিৎসা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে সমস্ত রকম চার্জই অনুদান হিসাবে পাইয়া থাকে। কিন্তু ১,০০০ টাকা উর্ধ্বের আয়বিশিষ্ট পরিবারের ছাত্রছাত্রীরা কোন বৃত্তিই পায় না।

(৪) চাকুরিরত তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীরাই এই বৃত্তি পায় না।

## মেদিনীপুর জেলায় সুবর্ণরেখা নদীর জলসেচের জন্য ব্যবহারের পরিকল্পনা

২৩০। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯। ) **শ্রীশিশির অধিকারী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সুবর্ণরেখা নদীর জল উড়িষ্যা কোস্ট ক্যানেল দিয়ে কাঁথি, রামনগর ও এগরার এলাকাগুলিতে সেচের জন্য দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে পেনসন ও গ্রাচুয়িটি বিষয়ে নিয়মনীতি

২৩১। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৭৭। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** শিক্ষা প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১ সালের ১লা এপ্রিল থেকে পেনসন এবং গ্রাচুয়িটি বিষয়ে প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে কোন নিয়মনীতি হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে,

(১) উক্ত নির্দেশাবলী স্কুল বোর্ডগুলোতে পাঠানো হয়েছে কিনা ; ও

(২) পাঠানো হয়ে থাকলে, উক্ত নির্দেশাবলীর নম্বর ও তারিখ কত ; এবং

(গ) "ক" প্রশ্নের উত্তর না হলে, কারণ কি ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৬৮ সালের ১লা এপ্রিল থেকেই পেনসন ও গ্রাচুয়িটি প্রকল্প চালু আছে।

## কল্যাণী স্পিনিং মিলস-এ লাভ/লোকসান

২৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৯৯। ) **শ্রীসরল দেব ঃ** রাষ্ট্রায়ত্ত শিল্পসংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলস্-এ ১৯৮১ সালের জুন হইতে ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত কত লাভ বা লোকসান হইয়াছে ;

(খ) উক্ত প্রতিষ্ঠানে কি কর্মচারী উদ্বৃত্ত আছে ; এবং

(গ) উদ্বৃত্ত না থাকিলে, উক্ত প্রতিষ্ঠানে নূতন লোক নিয়োগ করা হইবে কি ?

**রাষ্ট্রায়ত্ত শিল্পসংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কল্যাণী স্পিনিং মিলস্-এ হিসাব রাখা হয় আর্থিক বৎসর ১লা এপ্রিল হইতে ৩১ এ মার্চ পর্যন্ত। সেজন্য এই হিসাব দেওয়া সম্ভব নয়।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

## বারাসাত থানা এলাকায় খুনের সংখ্যা

২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬০০।) **শ্রীসরল দেব:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে বারাসাত থানার অন্তর্ভুক্ত এলাকায় কতজন ব্যক্তি খুন হইয়াছেন; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে জড়িত—

(১) কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হইয়াছে; ও

(২) কতজন কোন্ রাজনৈতিক দলভুক্ত?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ২৪ জন।

(খ) (১) ২৮ জনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে।

(২) এর মধ্যে ১ জন সি পি এম সমর্থক ও ৩ জন কংগ্রেস (ই) সমর্থক বলিয়া বর্ণিত।

## হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬০২।) **শ্রীসরল দেব:** গত ১০ই মার্চ, ১৯৮২ তারিখের প্রশ্ন নং *৪ (অনুমোদিত প্রশ্ন নং *৭৮-এর উত্তরের পরিপেক্ষিতে বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সের জন্য ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) না পাওয়া গিয়া থাকিলে, তাহার কারণ কি?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) না।

(খ) হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স স্থাপনের জন্য ১৯৭৭ সালে প্রদত্ত লেবার অব ইনটেন্টটি ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স-এ রূপান্তরিত করিবার বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

## বামফ্রণ্ট সমর্থকদের হতাহতের সংখ্যা

২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৪।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা এপ্রিল হইতে ৩১এ জুলাই পর্যন্ত সময়ে কোন জেলায় কত বামফ্রন্টের সমর্থকরূপে বর্ণিত ব্যক্তি দুস্কৃতকারীদের হাতে (১) নিহত, (২) আহত ও (৩) গৃহহারা হইয়াছেন; এবং

(খ) উক্ত ব্যক্তিদের মধ্যে কতজন কোন্ রাজনৈতিক দলের সহিত যুক্ত ছিলেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) বিভিন্ন রাজনৈতিক সংঘর্ষে আহত এবং নিহত বামফ্রন্ট সমর্থকদের জেলাওয়ারী তালিকা দেওয়া হইল। গৃহহারাদের সম্পর্কে অনুসন্ধান সমাপ্ত হয় নাই।

| জেলা | হত | আহত |
|---|---|---|
| ২৪-পরগণা | ১ | ৪০ |
| নদীয়া | ০ | ১৩ |
| মুর্শিদাবাদ | ১ | ৫৬ |
| হাওড়া | ১ | ২১ |
| বর্ধমান | ১ | ৩২ |
| বীরভূম | ১ | ১৯ |
| পুরুলিয়া | ০ | ১০ |
| বাঁকুড়া | ০ | ১৫ |
| মেদিনীপুর | ৭ | ৪৬ |
| হুগলী | ৩ | ১৬ |
| মালদা | ২ | ১৮ |
| পশ্চিমদিনাজপুর | ১ | ৫ |
| জলপাইগুড়ি | ০ | ৪ |
| কুচবিহার | ২ | ৪৩ |
| দার্জিলিং | ০ | ৪ |
| মোট ঃ | ২০ | ৩৪২ |

(খ) নিহত ব্যক্তিদের মধ্যে—

| | |
|---|---|
| সি পি আই (এম)-এর | ১৭ |
| ফঃ বুকের | ২ |
| মার্কসবাদী ফঃ বুকের | ১ |

আহত ব্যক্তিদের মধ্যে—

| | |
|---|---|
| সি পি আই (এম)-এর | ২৯৩ |
| সি পি আই-এর | ১২ |
| আর এস পি-এর | ৪ |
| ফঃ বুকের | ২৫ |
| মার্কসবাদী ফঃ বুকের | ৭ |
| বামফ্রণ্ট দলভুক্ত | ১ |

## বি এ এবং বি এস-সি পরীক্ষার মার্কশীটে ভুল

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৫।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান ও শ্রীদীনবন্ধু মাঝি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি-প্রকাশিত নূতন সিলেবাস অনুযায়ী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৮১ সালের বি এ এবং বি এস-সি পরীক্ষার মার্কশীটে প্রচুর ভুল ধরা পড়েছে এবং ফলে বহু ছাত্র-ছাত্রী অকৃতকার্য হয়েছে; এবং

(খ) অবগত থাকলে, ঐরূপ ভুলের জন্য ক্ষতিগ্রস্থ ছাত্র-ছাত্রীদের বিষয় সরকার কি ব্যবস্থা করছেন ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে অনুসন্ধানের পর জানা গিয়াছে যে মাত্র কয়েকটি ক্ষেত্রে এরূপ ভুল হয়েছে। এই বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

## বিভিন্ন কোম্পানির অফিস ভিন্ন রাজ্যে স্থানান্তর

২৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৬১৪। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ থেকে কতগুলি রেজিস্টার্ড কোম্পানি তার অফিস অন্য রাজ্যে সরিয়ে নিয়ে গেছে;

(খ) ঐ সমস্ত কোম্পানির অফিসে কত কর্মচারী নিযুক্ত ছিল;

(গ) কেন ঐ সমস্ত কোম্পানি তাদের অফিস অন্যরাজ্যে সরিয়ে নিয়েছে সে সম্পর্কে সরকার অবহিত আছেন কি; এবং

(ঘ) সরকার অফিস সরানো বন্ধ করার ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ থেকে যথাক্রমে ১২টি এবং ৭টি রেজিস্টার্ড কোম্পানি তাদের রেজিস্টার্ড অফিস পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যে সরিয়ে নিয়ে গেছে।

(খ) সরকারের নিকট সংশ্লিষ্ট কোম্পানিগুলি প্রদত্ত তথ্য অনুসারে ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ থেকে স্থানান্তরিত রেজিস্টার্ড কোম্পানির রেজিস্টার্ড অফিসে যথাক্রমে ১৫৩ জন এবং ১ জন কর্মচারী নিযুক্ত ছিল।

(গ) হ্যাঁ।

(ঘ) রাজ্যের স্বার্থে প্রয়োজনীয় বাবস্থা গ্রহণ করা হয়েছে।

## দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুধের উৎপাদন ও যোগান

২৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৭০। ) **শ্রীসুব্রত মুখার্জী :** পশুপালন ও পশু-চিকিৎসা ( ডেয়ারি উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে বর্তমানে দুধের উৎপাদন ও যোগান কত;

(খ) ১৯৭৭ সালের ৩০এ এপ্রিলের আগে উক্ত দুধের উৎপাদন ও যোগান কত ছিল; এবং

(গ) বর্তমান উৎপাদন পূর্ব উৎপাদন অপেক্ষা কম হইলে তাহার কারণ কি ?

**পশুপালন ও পশুচিকিৎসা ( ডেয়ারী উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমানে কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুগ্ধ উৎপাদন ও যোগানের পরিমাণ গত তিন মাসের হিসাবে দৈনিক গড়ে ১ লক্ষ ৯৪ হাজার লিটার।

(খ) ১৯৭৭ সালের ৩০এ এপ্রিলের আগে কলিকাতা দুগ্ধ প্রকল্পে উৎপাদন ও যোগানের পরিমাণ ছিল দৈনিক গড়ে ২ লক্ষ ৯ হাজার লিটার।

(গ) বর্তমান উৎপাদন পূর্ব উৎপাদন অপেক্ষা কিছু পরিমাণে কম। ইহার অন্যতম কারণ হইল যে সেন্ট্রাল ডেয়ারির সব কয়টি বটলিং প্ল্যান্ট ক্রমান্বয়ে মেরামত করা হইতেছে। সেইহেতু সাময়িকভাবে উৎপাদন পরিকল্পিত সূচি অনুযায়ী কম করা হইতেছে। মেরামতির কাজ সম্পূর্ণ হইলে উৎপাদন ও যোগানের পরিমাণ বাড়িবে বলিয়া আশা করা যায়।

ইহা ব্যতীত গোখাদ্য ও দুগ্ধবতী পশুপালনের বাবত আনুষাঙ্গিক জিনিসপত্রের মুল্যবৃদ্ধির ফলে গোপালকেরা বর্তমান সংগ্রহ মূল্যে সরকারকে দুগ্ধ সরবরাহ করিতে ক্রমেই নিরুৎসাহ হইয়া পড়িতেছেন। যাহার ফলে সরকারী দুগ্ধ প্রকল্প মারফৎ দুগ্ধ সরবরাহ কিছু পরিমাণে কমিয়া গিয়াছে।

## ১৯৭৭-৮২ সাল পর্যন্ত বীরভূম জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৭।) **শ্রীধীরেন সেন ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের জুলাই পর্যন্ত কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হইয়াছে এবং ঐসব প্রাথমিক বিদ্যালয়গুলিতে কতজন নূতন শিক্ষক নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরে উক্ত জেলায় আর কোন নূতন প্রাথমিক বিদ্যালয় খোলার পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা প্রাথমিক ও মাধ্যমিক বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মোট ২৯২টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হইয়াছে এবং মোট ৭০৯ জন নূতন শিক্ষক নিয়োগ করা হইয়াছে।

(খ) হাঁ

## সাঁইথিয়া অভেদানন্দ মহাবিদ্যালয়ে অধ্যক্ষের শূন্যপদ

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৭১০।) **শ্রীধীরেণ সেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার সাঁইথিয়া শহরে অবস্থিত অভেদানন্দ মহাবিদ্যালয়ের অধ্যকের পদটি খালি আছে;

(খ) সত্য হইলে, উক্ত শূন্য পদটি পূরণ না করার কারণ কি;

(গ) উক্ত মহাবিদ্যালয়টির পরিচালনা ব্যবত সরকারের বাৎসরিক ব্যয়ের পরিমাণ কত; এবং

(ঘ) বর্তমানে ঐ কলেজে ছাত্রসংখ্যা (ডিগ্রি কোর্সে) কত?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ

(খ) কলেজ কর্তৃপক্ষ এ কলেজের অধ্যক্ষ স্বামী কৃষ্ণানন্দের বিরুদ্ধে নানা গুরুতর অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁহাকে ১-১২-৭৭ তারিখে চাকুরী হইতে সাসপেণ্ড করেন। উক্ত অধ্যক্ষ ঐ সাসপেণ্ড আদেশের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করেন। মহামান্য আদালত ঐ মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত অধ্যক্ষকে সম্পূর্ণ বেতন

দিতে বলেন, কিন্তু তাঁহাকে কলেজে কাজে যোগদান হইতে বিরত থাকিতে আদেশ দেন। মামলার নিষ্পত্তি সাপেক্ষে উক্ত অধ্যক্ষের পদটি নূতন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব হইতেছে না।

(গ) উক্ত মহাবিদ্যালয়টিকে ১৯৮১-৮২ সালে সরকার হইতে ৭,০৮,৪৬১.০০ টাকা বেতন ও ভাতা বাবত দেওয়া হয়েছে।

(ঘ) ৩৪৯ জন।

## সিদ্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মাণের পরিকল্পনা

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৭১১)। **শ্রীধীরেণ সেন ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সন্নিহিত বিহার সংলগ্ন এলাকায় সিদ্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে,

(১) এই পরিকল্পনার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে, ও

(২) কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়;

**সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) এই পরিকল্পনার কাজ বর্তমানে অনুসন্ধানের পর্যায়ে আছে এবং এখনও বিহার সংলগ্ন এলাকার কিছু জরীপের কাজ বাকী আছে।

(খ) অনুসন্ধান কার্য শেষ হইবার পরেও পরিকল্পনাটির কাজ আরম্ভ করার আগে আরও অনেক কিছু করণীয় আছে। সুতরাং পরিকল্পনার কাজ কবে শুরু হইবে এখনই তা বলা সম্ভব নয়।

## Number of murders in the State

242. [ Admitted question No. 713. ) **Shri Subrata Mukherjee** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—how many murders have been committed in the State since the installation of the first Left Front Government ?

**Minister-in-charge of the Home (Police) Department** : From the installation of first Left Front Government up to August 1982, the total number of murders is 6,661.

## উত্তরবঙ্গ ও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি বিভাগ

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল ও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি চিকিৎসার কোন স্বতন্ত্র বিভাগ নেই; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাধির জন্য কোন বিভাগ স্থাপনের কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

## সবং থানার গ্রামপঞ্চায়েতগুলিতে অর্থ মঞ্জুর

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭২২।) **ডাঃ মানস ভুঞা ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানার গ্রামপঞ্চায়েতগুলিতে বিগত চার বৎসরে কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হইয়াছে ; এবং

(খ) উক্ত মঞ্জুরীকৃত অর্থের কি পরিমাণ হিসাব দাখিল করা হইয়াছে ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক)

| সন | | মোট মঞ্জুরীকৃত টাকা (খাদ্য শস্যের মূল্য সহ) টাকা |
|---|---|---|
| ১৯৭৮-৭৯ | ... | ৪,৩৩,৬৭৯.০০ |
| ১৯৭৯-৮০ | ... | ১৩,৮২,১৫০.০০ |
| ১৯৮০-৮১ | ... | ১০,০৬,০৯৫.৬৫ |
| ১৯৮১-৮২ | ... | ১১,৩৯,৪২১.৯৫ |

(খ)

| সন | যে পরিমাণ হিসাব দাখিল করা হয়েছে। |
|---|---|
| ১৯৭৮-৭৯ | সব হিসাব দাখিল করা হয়েছে। |
| ১৯৭৯-৮০ | উন্নয়নমূলক কাজ ও ন্যস্ত কর্মসূচী বাবত ১০,৭৪,৪০০ টাকার সদ্ব্যবহার সার্টিফিকেট সংশ্লিষ্ট বি ডি ও পেয়েছেন। |
| ১৯৮০-৮১ | উন্নয়নমূলক কাজ ও ন্যস্ত কর্মসূচী বাবত ৬,৬৪,৭৬১ টাকার সদ্ব্যবহার সার্টিফিকেট সংশ্লিষ্ট বি ডি ও পেয়েছেন। |
| ১৯৮১-৮২ | উন্নয়নমূলক কাজ ও ন্যস্ত কর্মসূচী বাবত ৪,৯৪,৬১০ টাকার সদ্ব্যবহার সার্টিফিকেট সংশ্লিষ্ট বি ডি ও পেয়েছেন। |

## হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে ফার্মাসিষ্টের শূন্য পদ

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৫।) **ডাঃ মানস ভুঞা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের স্বাস্থ্যকেন্দ্র ও বিভিন্ন হাসপাতালগুলিতে কত সংখ্যক ফার্মাসিস্ট-এর পদ খালি র:য়েছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** স্বাস্থ্যকেন্দ্রে ১০৯টি এবং হাসপাতালগুলিতে ৩৯টি—মোট ১৪৮টি ফার্মাসিস্টের পদ খালি আছে।

## মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে বদলীর বিরুদ্ধে মামলা

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৭।) **ডাঃ মানস ভূঞ্যা :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে বদলীর বিরুদ্ধে কতজন ডাক্তার ও শিক্ষক কোন্ কোন্ আদালতে মামলা করেছেন ; এবং

(খ) বর্তমানে উক্ত ব্যক্তিগণ স্বপদে বহাল আছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) শিক্ষক-চিকিৎসক ১৬ জন ও অশিক্ষক-চিকিৎসক ৯ জন জন—সকলেই কলকাতা হাইকোর্টে মামলা রুজু করেছেন।

(খ) ২০ জন স্বপদে বহাল আছেন। একজন হাইকোর্টের আদেশক্রমে চূড়ান্ত রায় সাপেক্ষে কলকাতাস্থ অন্য একটি কলেজে বদলী হয়েছেন। বাকী ৪ জন স্বপদে বহাল নেই।

## পশ্চিমবঙ্গ সরকারের নতুন মন্ত্রীদের জন্য গাড়ী কেনা বাবদ খরচ

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৭।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের নূতন মন্ত্রীদের জন্য গাড়ি কেনা বাবদ কত টাকা খরচ হয়েছে ?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় :** এতাবৎ মোট ১,৮৯,১৪০ টাকা ২৬ পয়সা খরচ হয়েছে।

## দাসপুর-নাড়াজোল সড়কের মধ্যে কাঁকি খালের উপর সেতু নির্মাণ

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১।) **শ্রীগোপাল মণ্ডল :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানায় দাসপুর-নাড়াজোল সড়কের মধ্যে কাঁকি খালের উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ কাজ আরম্ভ করা হইবে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, আছে।

(খ) প্রয়োজনীয় অর্থ সঙ্কুলান হইলে কাজ আরম্ভ হইবে।

## সরকার কর্তৃক ফিল্ম নির্মাণ প্রযোজনার দায়িত্ব গ্রহণ

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৮।) **শ্রীগোপাল মণ্ডল :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত সময়ে পশ্চিমবাংলা সরকার কতগুলি ফিল্ম নির্মাণ প্রযোজনার দায়িত্ব গ্রহণ করেছেন ;

(খ) উক্ত ফিল্ম প্রযোজনার জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে ;

(গ) কতগুলি ফিল্মে ব্যবসায়িক সাফল্য এসেছে ; এবং

(ঘ) ১৯৮২ সালের ৩১শে আগষ্ট পর্যন্ত লাভ-লোকসানের পরিমাণ কত ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮২ সালের ৩১ আগষ্ট পর্যন্ত সময়ে মোট ২৫টি কাহিনীচিত্র ও শিশু চলচ্চিত্র নির্মাণের প্রযোজনার দায়িত্ব গ্রহণ করা হয়েছে।

(খ) মোট বরাদ্দকৃত এবং ব্যয়িত অর্থের পরিমাণ হল ১,৩২,১৩,৬৫৩.৪১ টাকা মাত্র।

(গ) মোট ৪টি ফিল্ম ব্যবসায়িক ভিত্তিতে দেখানো হচ্ছে। প্রদর্শন বাবদ নিয়মিতভাবে অর্থ আদায় হতে থাকায় লাভ-লোকসানের বা ব্যবসায়িক সাফল্য বিষয়ে এখনই কিছু বলা যাচ্ছে না।

(ঘ) 'গ'-এর জবাব মতে এ প্রশ্ন উঠে না।

## সাব-রেজিষ্ট্রারের শূন্য পদ

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯০।) **শ্রীগোপাল মণ্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি সাব-রেজিষ্ট্রারী অফিস আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি অফিসে সাব-রেজিষ্ট্রারের পদ খালি আছে ; এবং

(গ) উক্ত পদগুলি—

(১) খালি থাকার কারণ কি, ও

(২) পূরণ করার ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ২১২টি।

(খ) ৬৩টি।

(গ) অপেক্ষাকৃত উন্নতশ্রেণীর চাকুরিতে যোগদান করার জন্য কয়েকজন সাব-রেজিস্ট্রার চাকুরি ছেড়ে গেছেন। কয়েকজন অবসরগ্রহণ করেছেন। পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিদের মধ্যে কয়েকজন এই পদে যোগ দেন নাই। সর্বোপরি, কমিশন হইতে খালি পদগুলির জন্য এখনও কোন প্রার্থীর নামের সুপারিশ আসে নাই।

পাবলিক সার্ভিস কমিশন পরিচালিত পরীক্ষার মাধ্যম ছাড়াও, আইনজীবীদের মধ্য থেকে কমিশনের মাধ্যমে কিছু সাব-রেজিস্ট্রার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে।

## পশ্চিমবঙ্গে গভীর, অগভীর ও নদী জলোত্তলন প্রকল্প

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯২।) **শ্রীগোপাল মণ্ডল :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা এপ্রিল হইতে ১৯৮২ সালের ৩১শে মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে কতকগুলি গভীর নলকূপ অগভীর গুচ্ছ নলকূপ ও নদী জলোত্তোলন প্রকল্প গ্রহণ করা হয়েছে ;

(খ) ক্ষুদ্র সেচ নিগমের মাধ্যমে এ ধরণের কতগুলি প্রকল্প রূপায়িত করা হয়েছে ; এবং

(গ) যে সমস্ত এলাকায় বৃহৎ জলসেচ প্রকল্প নাই সেই সমস্ত এলাকায় ক্ষুদ্রসেচ প্রকল্পের রূপায়ণের জন্য কি ধরণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে ?

**কৃষি (ক্ষুদ্র সেচ বিভাগের মাল্ত্রিমহাশয় :** (ক) উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে মোট ৪২৬টি গভীর নলকূপ এবং ৪৩৮টি নদী জলোত্তোলন প্রকল্প স্থাপন করা হয়েছে ; কোন অগভীর গুচ্ছ নলকূপ স্থাপন করা হয় নি।

(খ) উক্ত সময়ের মধ্যে ক্ষুদ্রসেচ নিগম ৪২৬টি গভীর নলকূপ এবং ৩০টি নদী-জলোত্তোলন প্রকল্প স্থাপন করেছে।

(গ) যে সমস্ত স্থানে বৃহৎ জলসেচ প্রকল্প নাই, সেই সব স্থানেই সাধারণত ক্ষুদ্রসেচ প্রকল্প যেমন গভীর নলকূপ, পুষ্করিণী উন্নয়ন, বোরোবাঁধ, অতিক্ষুদ্রসেচ প্রকল্প, নদী জলোত্তোলন প্রকল্প এবং সেচ ও নিষ্কাষনী খাল প্রকল্প, কূপখনন ইত্যাদি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

আর্থিক অপ্রতুলতার জন্য বর্তমান আর্থিক বৎসরে এখনও পর্যন্ত কোন নূতন গভীর নলকূপ ও নদী জলোত্তোলন প্রকল্প রূপায়ণের কার্যসূচী গ্রহণ করা সম্ভব হয় নি, কিন্তু অন্যান্য কর্মসূচীগুলি গ্রহণ করা হয়েছে।

## উত্তরবঙ্গে নদী ভাঙনে জমি ও ঘরবাড়ী নষ্ট

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮০২।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উত্তরবঙ্গের তিস্তা, জলঢাকা ও তোর্ষা এবং উহাদের উপনদীগুলির ভাঙ্গনের ফলে প্রতিবছর কিছু পরিমাণ জমি ও ঘরবাড়ী নষ্ট হয় ;

(খ) অবগত থাকিলে, উক্ত জমি ভাঙনের পরিমাণ রাখার কোন সরকারী ব্যবস্থা আছে কি ;

(গ) ব্যবস্থা থাকিলে, উক্ত ব্যবস্থা কি ; এবং

(ঘ) উক্ত ভাঙনরোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :** (ক) হ্যাঁ।

(খ) ভাঙনের দৈর্ঘ্যের পরিমাণ রাখার ব্যবস্থা আছে ; ভাঙনে জমির পরিমাণের হিসাব রাখার ব্যবস্থা সেচ ও জলপথ বিভাগে নেই।

(গ) বন্যার সময় সংশ্লিষ্ট বাস্তুকারগণ বন্যা কবলিত অঞ্চল পরিদর্শন করিয়া প্রয়োজনমত বন্যা প্রতিরোধ পরিকল্পনা তৈরী করেন ও 'বোর্ড অফ টেকনিক্যাল কন্সালটেণ্টস্'-এর সভায় টেকনিক্যাল অনুমোদনের জন্য পাঠান। ঐ অনুমোদন লাভের পর সরকার মঞ্জুর করিলে প্রকল্পগুলি তখন কার্যকর করার ব্যবস্থা করা হয়।

(ঘ) ভাঙন ও বন্যা প্রতিরোধকল্পে ২৬৩ কিমি মাটির বাঁধ ও প্রায় ১৫৮ কিমি স্থায়ী (আর্মার্ড) বাঁধ তৈরী করা হয়েছে ১৯৮০-৮১ সাল পর্যন্ত, এ ছাড়া রিভার ট্রেনিং কাজের জন্য ছোট বড় স্পার প্রায় ৫৪ কিমি নির্মিত হয়েছে।

১৯৮১-৮২ সালে ঐরূপ ৩২টি পরিকল্পনার কাজ শেষ হয়েছে এবং ১৯৮২-৮৩ সালে ৬৬টি বন্যা-প্রতিরোধকারী কাজ হাতে নেওয়া হয়েছে।

## উত্তরবঙ্গে ডব্লউ বি সি এস পরীক্ষাকেন্দ্র স্থাপন

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৬।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** অর্থ-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডব্লিউ বি সি এস পরীক্ষায় সাধারণ পরীক্ষার্থীদের জন্য উত্তরবঙ্গে কোনও কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) তফশিলী জাতি ও উপজাতিভুক্ত ডব্লিউ বি সি এস পরীক্ষার্থীদের প্রাক-পরীক্ষা শিক্ষাদানের জন্য উত্তরবঙ্গে কোন কেন্দ্র স্থাপনের কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮৩ সাল থেকে ডব্লউ বি সি এস পরীক্ষা নেওয়ার জন্য উত্তরবঙ্গের জলপাইগুড়ি শহরে একটি অতিরিক্ত কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত সরকার ইতিপূর্বেই গ্রহণ করেছেন।

(খ) এইরূপ কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

## 'দুর্গাপুর রোড'-কে ন্যাশনাল হাইওয়ে করার পরিকল্পনা

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৫।) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, চণ্ডীতলা, সিঙ্গুর, ধনেখালি থানার উপর দিয়া 'দুর্গাপুর রোড' নামে যে ন্যাশনাল হাইওয়ে করার পরিকল্পনা ছিল তাহা বাতিল করা হইয়াছে; এবং (খ) সত্য হইলে,

(১) ইহার কারণ কি, ও

(২) উক্ত রাস্তার জন্য অধিগৃহীত জমিগুলি মালিকগণকে ফেরৎ দিবার কি ব্যবস্থা করা হইয়াছে ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## সেচযোগ্য কৃষিজমির পরিমাণ

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৮।) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের সেচযোগ্য কৃষিজমির পরিমাণ কত ; এবং

(খ) উক্ত সেচযোগ্য জমির পরিমাণ বৃদ্ধি করার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় :** (ক) পশ্চিমবঙ্গে সেচযোগ্য কৃষি-জমির পরিমাণ ৬১.০০ লক্ষ হেক্টেয়ার।

(খ) পশ্চিমবঙ্গে সেচযোগ্য কৃষিজমির পরিমাণ বৃদ্ধি করিবার জন্য এখনই এই বিভাগ কিছু কাজ করছে না।

এই বিভাগের অধীন ৪টি বৃহৎ সেচ প্রকল্প এবং ২০টি মাঝারী সেচ প্রকল্পের কাজ চলিতেছে ; ইহা ছাড়াও প্রতি বছর অর্থের সংস্থান অনুযায়ী নতুন নতুন প্রকল্প প্রস্তুত করা হইয়া থাকে, উদ্দেশ্য সেচযোগ্য জমিকে সেচের আওতায় আনা।

## ১৯৮২-৮৩ সালে ২৪-পরগণা জেলায় নূতন ফ্রি প্রাইমারী স্কুল স্যাংশন

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৩।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে ২৪-পরগণা জেলায় কতগুলি নূতন ফ্রি-প্রাইমারী স্কুল স্যাংশন করিবার পরিকল্পনা সরকারের আছে ;

(খ) অর্গানাইজিং টীচারদের নূতন স্কুলে শিক্ষক হিসাবে নিয়োগ করার পরিকল্পনা আছে কি ; এবং

(গ) থাকিলে, তাহা কি ভিত্তিতে হইবে ?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৮২ সালের ১৫ই এপ্রিল থেকে ২৪-পরগনা জেলায় ৪৩টি নূতন বিদ্যালয় সংস্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

## কলিকাতা কর্পোরেশনে টেণ্ডার দেওয়ার ব্যাপারে দুর্নীতির অভিযোগ

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৫।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি :** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—কলিকাতা কর্পোরেশনে টেণ্ডার দেওয়ার ব্যাপারে দুর্নীতির কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** কলিকাতা কর্পোরেশনে টেণ্ডার দেবার ব্যাপারে দুর্নীতির কোন সুনির্দিষ্ট অভিযোগ আমাদের নিকট নাই। তবে টেণ্ডারের পরবর্তী পর্যায়ে সরবরাহ ইত্যাদি কার্যকরী করার মধ্যে কিছু কিছু দুর্নীতির অভিযোগ থাকায় তাহা বর্তমানে তদন্তাধীন রহিয়াছে। কোন্ টেণ্ডারের বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ তাহা জানা গেলে সে বিষয়ে আলোকপাত করা যাইতে পারে।

## বীরভূম জেলার সিউড়ী বিদ্যাসাগর কলেজে লেকচারারের শূন্যপদ পূরণ

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৬।) **শ্রীসুনীতি চট্টরাজ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বীরভূম জেলার সিউড়ী বিদ্যাসাগর কলেজে শূন্য লেকচারার পদের জন্য ১৯৮১ এবং ১৯৮২ সালে (জুলাই পর্যন্ত) কলেজ সার্ভিস কমিশন থেকে কতজন প্রার্থীর নাম পাঠান হয়েছিল ( নাম সহ ) ;

(খ) তন্মধ্যে কোন্ সময়ে কতজনকে নির্বাচন ও নিয়োগপত্র দেওয়া হয়েছিল ; এবং

(গ) উক্ত নিয়োগপত্র-প্রাপ্ত অধ্যাপকদের মধ্যে কে কে কাজে যোগদান করেছেন এবং কে কে করেন নি ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) ১০ জন—

(১) শ্রীমতী বীণা ঘোষ—বোটানী,

(২) শ্রীশম্ভুনাথ কুণ্ডু—সংস্কৃত,

(৩) শ্রীমতী মণিদীপা রায় ( সেনগুপ্ত )—দর্শন (এফ, আই পি ভ্যাকান্সিতে),

(৪) শ্রীদুলালচন্দ্র নাথ—দর্শন,

(৫) শ্রীমহাদেব চন্দ্র—সংস্কৃত (লিয়েন ভ্যাকান্সিতে),

(৬) শ্রীমতী কৃষ্ণা ভর—সংস্কৃত,

(৭) শ্রীমতী তাপসী রায় ( সোম )—দর্শন,

(৮) শ্রীমতী ক্ষমা চৌধুরী—অর্থনীতি,

(৯) শ্রীমতী ফাল্গুনী মুখোপাধ্যায়—জুলজী,

(১০) শ্রীমতী মীরা মুখোপাধ্যায়—সংস্কৃত।

(খ) ও (গ) উক্ত প্রার্থীদের মধ্যে প্রথম ৪ জনের নাম ১৯৮১ সালে এবং বাকী ৬ জনের নাম ১৯৮২ সালে পাঠান হয়। তন্মধ্যে (১) শ্রীমতী বীণা ঘোষ, (২) শ্রীশম্ভুনাথ কুণ্ডু, (৩) শ্রীমতী মণিদীপা রায় ( সেনগুপ্ত ), (৪) শ্রীমহাদেব চন্দ্র, এবং (৫) শ্রীমতী ক্ষমা চৌধুরী কাজে যোগদান করেছেন বলে খবর আছে। বাকী কয়জনের ক্ষেত্রে নিয়োগপত্র দেওয়া হইয়াছে কিনা বা তাঁহারা কাজে যোগদান করেছেন কিনা তাহা সরকারের জানা নাই।

**Ajoy Basu's report regarding charges of corruption against some tabulators of Calcutta University**

259. ( Admitted question No. 881. ) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that Shri Ajoy Basu, Ex-Judge, Calcutta High Court, has submitted a report to the Calcutta University regarding charges of corruption against some tabulators ; and

(b) if so,

(i) the terms of reference of the enquiry ;

(ii) the contents of the report, and

(iii) the action, if any, taken by the University and or Government or the basis of the report ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৭৯ সালের বি এ ( পার্ট-১ ) পরীক্ষায় কতিপয় ছাত্রদিগকে নিয়ম-বহির্ভূত, অসমীচীন ও বে-আইনিভাবে পাশ করাইয়া দিবার জন্য দুইজন ট্যাবুলেটরের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে কলিকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি শ্রীঅজয়কুমার বসুকে লইয়া কলিকাতা বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটি গঠন করেন।

যথাযথভাবে তদন্ত করে শ্রী বসু উপরোক্ত ট্যাবুলেটর দুইজনকেই কয়েকটি পরীক্ষার্থীর ক্ষেত্রে বে-আইনিভাবে মার্কসীটে পরিবর্তন করার জন্য দায়ী করেন। ভবিষ্যতে উপরোক্ত ট্যাবুলেটরদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য শ্রী বসু কিছু সুপারিশ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ সুপারিশ মতন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

## কেন্দ্রীয় সরকারের আর্থিক অনুদানের হিসাব

২৬০। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৮৩। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১-৮২ সালের জন্য কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অনুদানের হিসাব এখনও কেন্দ্রে পাঠানো সম্ভব হয় নাই, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১-৮২ সালের জন্য কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অনুদানের আনুমানিক খরচের হিসাব রাজ্য সরকার কর্তৃক কেন্দ্রের কাছে পাঠানো হইয়া গিয়াছে।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের ভিত্তিতে এই প্রশ্ন ওঠে না।

## বিদ্যুৎ উপদেষ্টা কমিটির বৈঠক

২৬১। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৮৫। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত এক বছর বিদ্যুৎ উপদেষ্টা কমিটির কোন বৈঠক হয় নাই; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি; ও

(২) উক্ত কমিটির বৈঠক শেষ কবে অনুষ্ঠিত হয় ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) এ রাজ্যে বিদ্যুৎ উপদেষ্টা কমিটি বলিয়া কোন কমিটি নাই। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি কনসালটিভ কাউন্সিল বলিয়া একটি কাউন্সিল আছে যাহার মাঝে মাঝে বৈঠক হয়ে থাকে। গত ৯ই আগস্ট ১৯৮২ তারিখে উক্ত কাউন্সিল-এর শেষ বৈঠক হয়েছে।

## কেন্দ্রীয় সাহায্য ফেরৎ

২৬২। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৮৬। **শ্রীসুব্রত মুখার্জী :** অর্থবিভাগের ভার-প্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮১-৮২ আর্থিক বৎসরের জন্য মঞ্জুরীকৃত কেন্দ্রীয় সাহায্যের মধ্যে কত টাকা খরচ না হওয়ার ফেরৎ ( সারেণ্ডার ) পাঠানো হইয়াছে ?

**অর্থবিভাগের মন্ত্রিমহাশয় :** ১৯৮১-৮২ আর্থিক বৎসরের জন্য পরিকল্পনাভুক্ত অথবা পরিকল্পনা-বহির্ভূত কোনও প্রকল্প বাবত রাজ্য সরকারকে মঞ্জুরীকৃত কেন্দ্রীয় সাহায্যের কোনও টাকা খরচ না হওয়ায় ফেরৎ পাঠানোর কোনও ঘটনা আমাদের জানা নেই। প্রচলিত নিয়ম অনুসারে কোনও বিশেষ প্রকল্পের জন্য একটি নির্দিষ্ট আর্থিক বৎসরে প্রাপ্ত কেন্দ্রীয় সাহায্য যদি কোনও অসুবিধার জন্য ঐ বৎসরের মধ্যেই পুরো খরচ করা সম্ভব না হয়, তবে ঐ অব্যয়িত অংশ ফেরৎ পাঠানোর পরিবর্তে কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিয়ে আবার পরবর্তী আর্থিক বৎসরে ব্যয় করা হয়।

## গরু কেনার জন্য কেন্দ্রীয় অনুদান

২৬৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৮৭। ) **শ্রীসুব্রত মুখার্জী :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১-৮২ সালে কৃষকগণের গরু কেনার জন্য কেন্দ্রের মঞ্জুরীকৃত অনুদান বাবত টাকা সম্পূর্ণ খরচ হয় নাই ; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সমবায় বিভাগ গরু কেনার জন্য ১৯৮১-৮২ সালে কোন কেন্দ্রীয় অনুদান পায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## শ্রীরামপুর ও রিষড়া পৌরসভাকে অর্থ প্রদান

২৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৯১। **শ্রীঅরুণকুমার গোস্বামী :** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে হুগলী জেলার অন্তর্গত শ্রীরামপুর ও রিষড়া পৌরসভাকে কত অর্থ অনুদান বা উন্নয়ন কার্যে প্রদান করা হয়েছে ; এবং

(খ) উক্ত টাকা পৌর সভাদ্বয় কোন্ কোন্ খাতে খরচা করেছেন ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৭৭-৭৮ হইতে ১৯৮১-৮২ সাল পর্যন্ত শ্রীরামপুর ও রিষড়া পৌরসভাকে বিভিন্ন খাতে যে অর্থ প্রদান করা হইয়াছে, তাহা দুইটি পৃথক তালিকায় দেখানো হইল।

(খ) উপরিউক্ত তালিকা দুইটি নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause 'kha' and 'kha' of question No. 264 (Admitted question No. 891).*

(A)

**Statement of Grants received and expenditure incurred by the Serampore Municipality on Different counts during the years from 1977-78 to 1981-82**

| Name of the head | | Amount received (Rs.) | Expenditnre incurred (Rs.) | Balance at the close of 1981-82 (Rs.) | Progress of works/Remarks |
|---|---|---|---|---|---|
| 1. M. V. Grant | .. | 6,09,498 | 4,65,169 | 1,44,329 | Work in progress. |
| 2. Repair of roads affected by flood | .. | 1,93,870 | 1,90,844 | 3,026 | Ditto. |
| 3. Supply of Drinking water | .. | 1,72,200 | 1,68,599 | 3,601 | Ditto. |
| 4. House building grant | .. | 1,05,000 | 51,975 | Nil | Balance returned to the Serampore Treasury on 9th July 1980 |
| 5. Drought allocation | .. | 40,000 | 40,000 | Nil | |
| 6. Grant for commercial estates | .. | 1,00,000 | 1,00,000 | Nil | Work completed during 82-83. |
| 7. Grant for Crash Programme | .. | 8,00,000 | 6,57,344 | 1,42,656 | Work in progress. |
| 8. Grant for Short-term Development | .. | 1,15,000 | 1,15,081 | Nil | Scheme materialised. |
| 9. Development grant | .. | 4,67,000 | 4,67,000 | Nil | Work in progress. |

(B)

**Statement Showing Year-wise position of Goverment Grant of Rishra Municipality**

| Year | | Received — Rs. | Expenditure Rs. | Physical Achievement | Balance Rs. | Remarks |
|---|---|---|---|---|---|---|
| 1977-78 : | 1. M. V. Grant .. | 13,966 | Nil | Nil | 13,966 | Diverted to General fund |
| | 2. Subvention for D. A. .. | 4,61,226 | 4,61,226 | Fully spent .. | Nil | Nil |
| | 3. Entry Tax .. | 4,86,804 | 4,86,804 | Ditto .. | Nil | Nil |
| 1978-79 : | 1. M. V. Grant .. | 26,751 | Nil | Nil | 26.751 | Diverted to General fund |
| | 2. Development grant .. | 1,58,175 | 1,12,404.35 | 75 per cent work completed .. | 45,770.65 | Ditto |
| | 3. House Building Grant .. | 1,00,000 | 77,000 | 75 per cent amount distributed | 23,000 | Ditto |
| | 4. Subvention for D. A. .. | 5,14,228 | 5,14,228 | Fully spent .. | Nil | Nil |
| | 5. Entry Tax .. | 4,17,436 | 4,17,436 | Fully spent .. | Nil | Nil |
| 1979-80 : | 1. M. V. Grant .. | 1,23,800 | 1,10,000 | 90 per cent work completed .. | 13,800 | Diverted to General fund |
| | 2. Development Grant .. | 1,79,926 | 69,622 | 40 per cent work completed .. | 1,10,403 | Ditto |
| | 2. Subvention for D. A. .. | 5.51,044 | 5,51,044 | Fully spent .. | Nil | Nil |
| | 4. Entry Tax .. | 6,69,356 | 6,69.356 | Fully spent .. | Nil | Nil |
| 1980-81 : | 1. M. V. Grant .. | 42,177 | Nil | Nil | 42,177 | Diverted to General fund |
| | 2. Development Grant .. | 4,97,000 | 2,00,000 | More than 40 per cent work, completed .. | 2,97,000 | Ditto |
| | 3. Community Hall .. | 50,000 | 50,000 | Work completed fully .. | Nil | Nil |
| | 4. Subvention for D. A. .. | 6,10,785 | 6,10,785 | Fully spent .. | Nil | Nil |
| | 5. Entry Tax .. | 5,51,117 | 5.51,117 | Fully Spent .. | Nil | Nil |
| 1981-82 : | 1. Development Grant .. | 4,02,000 | 2.92,000 | 75 per sent work completed .. | 1,10,000 | Yet to be paid. Bills under Scrutiny |
| | 2. Subvention for D. A. .. | 6,15,325 | 6,15,325 | Fully spent .. | Nil | Nil |
| | 3. Entry Tax .. | 5.50,314 | 5.50,314 | Fully spent .. | Nil | Nil |

## কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসের রঙ

২৬৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৯০০। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের বাসগুলির রঙ লাল করার জন্য সরকারের কোন সমস্যার সম্মুখীন হইতে হইয়াছে কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, সমস্যাটি কি ধরনের ?

**স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## হুগলী জেলার পাণ্ডুয়া কামতাই রাস্তাটির নাম ও গতিপথ পরিবর্তন

২৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৯০৩। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার পাণ্ডুয়া থানার অন্তর্গত পাণ্ডুয়া কামতাই রাস্তাটির নাম ও গতিপথ পরিবর্তন করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, (১) উক্ত রাস্তার নাম কি এবং (২) কোন্ কোন্ স্থান দিয়া যাইবে ; এবং

(গ) উক্ত রাস্তার নির্মাণকার্য ত্বরান্বিত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) ১ এবং ২ পরিবর্তিত পথরেখা অনুসারে সংশোধিত প্রাক্‌কলন অর্থ দপ্তরের অনুমোদনের পর সড়কটির নাম পাণ্ডুয়া-বেলুন-রামেশ্বরপুর সড়ক আখ্যা দেওয়া হবে। সড়কটি বেলুন গ্রামের পর কামতাই-এর পরিবর্তে রামেশ্বরপুর গ্রামের দিকে যাবে।

(গ) পাণ্ডুয়া থেকে বেলুন পর্যন্ত অংশে নির্মাণকার্য প্রায় শেষ। বেলুন থেকে রামেশ্বরপুর পর্যন্ত অংশের পথরেখা নির্ধারণ ও প্রাক্‌কলন প্রস্তুতের কাজ চলছে। অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেলে বাজেট বরাদ্দানুসারে কাজটি হাতে নেওয়া হবে।

## জৈব গ্যাস-প্ল্যাণ্টের সংখ্যা

২৬৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৪৩। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এ রাজ্যে জৈব গ্যাস-প্ল্যাণ্টের সংখ্যা ( জেলাওয়ারী হিসাব ) কত ; এবং

(খ) ১৯৭৭ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮২ সালের আগস্ট মাস পর্যন্ত বাঁকুড়া জেলায় উক্ত গ্যাস-প্ল্যাণ্টের জন্য কত টাকা ব্যয় হয়েছে ?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ এবং খাদি কমিশনের আনুকূল্যে এরাজ্যে প্রতিষ্ঠিত বর্তমানে মোট জৈব গ্যাস-প্ল্যাণ্টের সংখ্যা ২,৬৫২। জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল ঃ—

| | |
|---|---|
| ২৪ পরগণা | ২৫৫ |
| নদীয়া | ১২১ |
| মুর্শিদাবাদ | ৮৯ |
| পশ্চিম দিনাজপুর | ২৬২ |
| মালদা | ৪৬ |
| দার্জিলিং | ৬৪ |
| জলপাইগুড়ি | ৫৪ |
| পুরুলিয়া | ৭১ |
| কোচবিহার | ১১১ |
| বীরভূম | ৮৯২ |
| বর্ধমান | ১১৪ |
| হুগলী | ১৭২ |
| হাওড়া | ৫৩ |
| মেদিনীপুর | ১৯৬ |
| বাঁকুড়া | ১৫২ |
| | ২,৬৫২ |

(খ) বাঁকুড়া জেলায় ১৯৮২ সালের আগস্ট অবধি খাদি বোর্ড ৩৮টি প্ল্যাণ্টের জন্য ১,২৪,১৪০ টাকা ব্যয় করিয়াছেন। ইহা ছাড়া খাদি কমিশন এই জেলায় ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮১-৮২ ( ৩১এ মার্চ পর্যন্ত ) ৯১টি প্ল্যাণ্টের জন্য ২,১০,০২৫ টাকা ব্যয় করিয়াছেন।

## বাজেয়াপ্ত চোরাই জিনিসের মূল্য

২৬৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৭৪ )। **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—১৯৮০-৮১ সালে চোরাই চালানকারীদের কত টাকা মূল্যের জিনিস বাজেয়াপ্ত করা সম্ভব হয়েছে ?

**আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১,৩০,০৯,২৮৯ টাকা।

## উত্তরবঙ্গে আই টি আই-এর সংখ্যা

২৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৮২। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় মোট কয়টি আই টি আই আছে ; এবং

(খ) (১) পশ্চিম দিনাজপুর জেলায় আরও একটি আই টি আই স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি ; ও

(২) থাকিলে, তাহা কোন্ স্থানে স্থাপিত হইবে ?

**শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় মোট পাঁচটি আই টি আই আছে।

(খ) (১) না।

(২) প্রশ্ন ওঠে না।

## উত্তরবঙ্গে দূরদর্শন কেন্দ্র স্থাপন

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে দূরদর্শন কেন্দ্র স্থাপনকল্পে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব দিয়াছেন কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের মতামত কি ?

**তথ্য সাংস্কৃতিক বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) অর্থাভাববশত এই প্রস্তাবটি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন নি।

## পশ্চিমবাংলায় লাইব্রেরী ট্রেনিং-সেণ্টার

২৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১০০০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** (সমাজ গ্রন্থাগার ও প্রথাবহির্ভূত শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে লাইব্রেরী ট্রেনিং-সেণ্টারের সংখ্যা কত ;

(খ) ঐ সেণ্টার-সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কোন্ কোন্ জেলায় কোথায় কোথায় হবে ?

**শিক্ষা (সমাজ গ্রন্থাগার ও প্রথাবহির্ভূত শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় স্থায়ী ট্রেনিং-সেণ্টারের সংখ্যা তিন।

(খ) ট্রেনিং-সেণ্টারের সংখ্যা বৃদ্ধির বিষয়টি সাধারণভাবে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) কেন্দ্র সংস্থাপনের স্থান এখনো নির্দিষ্টভাবে স্থির হয় নি।

## পশ্চিমবাংলায় ষ্টেডিয়াম নির্মাণের জন্য বিভিন্ন জেলায় ব্যয়ের পরিমাণ

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১।) **শ্রীখারা সরেন ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবাংলায় স্টেডিয়াম নির্মাণের জন্য জেলাগুলিতে ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩-এর আগস্ট পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(খ) উক্ত দু' বছরের মধ্যে সল্টলেক স্টেডিয়াম নির্মাণে কত টাকা খরচ করা হয়েছে।

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৪,৮৯,৭১২ টাকা সরকারী অনুদান দেওয়া হয়েছে।

(খ) ২৭০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

## বনগাঁ মিউনিসিপ্যালিটি এলাকায় জলসরবরাহ ব্যবস্থা

২৭৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১০১০। ) **শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ ( শহরাঞ্চল জলসরবরাহ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) *ইহা কি সত্য যে, বনগাঁ মিউনিসিপ্যালিটি এলাকায় অদ্যাবধি কোন ট্যাপ-ওয়াটার বা জলসরবরাহের ব্যবস্থা করা হয় নি ;*

(খ) *সত্য হ'লে, এর কারণ কি ; এবং*

(গ) ১৯৮২ সালের মধ্যে উক্ত মিউনিসিপ্যালিটি এলাকায় ট্যাপওয়াটার স্কীম চালু হওয়ার সম্ভাবনা আছে কিনা ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ ( শহরাঞ্চল জলসরবরাহ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) জনস্বাস্থ্য কারিগরি শাখা কর্তৃক ১৯৬৭ সালে বনগাঁ মিউনিসিপ্যালিটির জন্য আনুমানিক ১৬,৫৩,৫০০ টাকা ব্যয়ে একটি নল বাহিত জলসরবরাহ প্রকল্প তৈরি করা হয়েছিল। জেলাশাসক, বিভাগীয় কমিশনার ও পৌর প্রশাসন দপ্তরের মতামত নিয়ে প্রচলিত নিয়মাবলী অনুযায়ী প্রকল্পটিকে খুঁটিয়ে দেখা হয় এবং তারপর এর অনুমোদনের জন্য অর্থদপ্তরকে পাঠান হয়। আইন অনুযায়ী, এরূপ প্রকল্পের মোট ব্যয়ের ১/৩ অংশ মিউনিসিপ্যালিটিকে বহন করতে হয় এবং ১/৩ অংশ রাজ্যসরকার কর্তৃক মিউনিসি-প্যালিটিকে অনুদান দেওয়া হয়। ১৯৬৯ সালে মিউনিসিপ্যালিটি জানায় যে, তাহারা ২/৩ অংশ ব্যয় বহন করতে পারবে না ১/৩ ইতিমধ্যে ১৯৭৬ সালে দ্রব্যমূল্যবৃদ্ধি ইত্যাদি কারণে অর্থদপ্তরের অবগতির জন্য প্রকল্পটির সংশোধিত এস্টিমেট দেবার জন্য এবং মিউনিসিপ্যাটির এই ধার পরিশোধ করার ক্ষমতা আছে কিনা এবং প্রকল্পটি বাস্তবায়িত হ'লে মিউনিসিপ্যালিটি উহা রক্ষনাবেক্ষণের দায়িত্ব বহন করতে পারবে কিনা তা জানাবার জন্য মুখ্য বাস্তুকার, জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং-কে অনুরোধ করা হয়। ইতিমধ্যে স্থির হয় যে, প্রকল্পটি স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মিউনিসিপ্যাল শাখা নুতন ক'রে তৈরী করবে। ফলে প্রকল্পটি বর্তমানে উক্ত দপ্তরের পরীক্ষাধীন আছে।

(গ) না।

## বনগাঁ শহরে ষ্টেডিয়াম নির্মাণ

২৭৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১০১৪। ) **শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক গত ২৪-৬-৮২ তারিখের লিখিত প্রশ্ন নং ১ ( অনুমোদিত প্রশ্ন নং ১ )-এর উত্তর উল্লেখপূর্বক জানাইবেন কি, উক্ত সরকারী অনু-মোদন ও অনুদানে ১১টি স্টেডিয়াম নির্মাণের গৃহীত সিদ্ধান্তের মধ্যে বনগাঁ শহরে কোন স্টেডিয়াম নির্মাণের সিদ্ধান্ত ছিল কিনা ?

**শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না, ছিল না।

## বনগাঁ 'ট' বাজার

২৭৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১০১৫। ) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বনগাঁ 'ট' বাজারটি জনৈক জমিদার কর্তৃক পরিচালিত হয় ;

(খ) সত্য হইলে, উক্ত বাজারটি অধিগ্রহণ ও তথায় একটি সুপার মার্কেট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

## কোলাঘাট থার্মাল প্রকল্প

২৭৬। ( অনুমোদিত প্রশ্ন নং ১০২৫। ) **শ্রীসরল দেব ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "কোলাঘাট থার্মাল প্রকল্প" স্থাপনের কাজ কবে শুরু হইয়াছে ; এবং

(খ) উক্ত পাওয়ার প্লাণ্টের কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৭৪ সাল থেকে কোলাঘাট বিদ্যুৎ প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজ শুরু হয়। প্রকল্পের নির্মাণকার্য ১৯৭৮ সালের জুন মাসে শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ের পাইলিং-এর কাজ সম্প্রতি শুরু হয়েছে।

(খ) প্রথম পর্যায়ের ৩নং ইউনিটের কাজ আগামী ১৯৮৩ সালের আগস্টের মধ্যে, ২নং ইউনিটের কাজ ১৯৮৪ সালের ফেব্রুয়ারির মধ্যে এবং ১নং ইউনিটের কাজ ১৯৮৪ সালের সেপ্টেম্বরের মধ্যে শেষ হইবার সম্ভাবনা আছে।

## আমডাঙ্গা ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক

২৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১০২৯। ) **শ্রীসরল দেব ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তর ২৪-পরগনার আমডাঙ্গা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর শাখায় ইনভেস্টমেণ্টের তুলনায় আদায় কম হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) সদস্যদের মধ্যে একাংশ কর্তৃক সংঘবদ্ধভাবে আদায় কার্যে বাধা দানের ফলে আদায় ভাল হয় নি।

## ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য লৌহ ইস্পাত মঞ্জুর

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৩।) **শ্রীসরল দেব ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গের ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য কেন্দ্রীয় সরকার কি পরিমাণ ইস্পাত ও লৌহ মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) উক্ত সময়ে হরিয়ানা, পাঞ্জাব ও উত্তর প্রদেশর ইস্পাত ও লৌহের কেন্দ্রীয় বরাদ্দ কি পরিমাণ ছিল তাহার কোন তথ্য সরকারের আছে কি এবং থাকলে, তাহা কি ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৩৯,৫৭৩ মেট্রিক টন।

(খ) এবিষয়ে কোন তথ্য সরকারের কাছে নাই।

## বারাসাত হেল্‌থ ইঞ্জিনীয়ারিং অফিস

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৬।) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাতে এক্সজিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং অফিস বর্তমানে কোথায় অবস্থিত ; এবং

(খ) উক্ত এক্সজিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর অফিস বারাসাতে স্থানান্তরিত করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) নদীয়া জেলার কল্যাণীতে অবস্থিত।

(খ) আছে। প্রয়োজনীয় সরকারী আদেশ গত জুলাই মাসে দেওয়া হয়েছে।

## কোচবিহারে আচার্য ব্রজেন্দ্রনাথ শীল মহাবিদ্যালয়ের মহিলা হোষ্টেলের আবাসিকদের ভরতুকি

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৩।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহারের আচার্য ব্রজেন্দ্রনাথ শীল মহাবিদ্যালয়ের মহিলা হোস্টেলের আবাসিকদের খাওয়া খরচা বাবত মাথাপিছু প্রতিমাসে কত ভরতুকি দেওয়া হয় ;

(খ) উপরোক্ত ভরতুকির হার সেখানে কত দিন যা চালু আছে ; এবং

(গ) উক্ত হোস্টেলকে প্রদত্ত বর্তমান ভরতুকির হার সংশোধনের কোন প্রস্তাব সরকারের আছে কিনা ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৪০ টাকা।

(খ) ১৯৫৮ সাল হইতে।

(গ) আপাতত নাই।

## Grievances against different Employment Exchanges

281. (Admitted question No. 1056.) **Shri Dinesh Chandra Dakua :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that there are grievances about the malpractices in submission of names from the different Employment Exchanges ; and

(b) if so, the steps taken in the matter ?

**Minister-in-charge of the Labour Department** : (a) Yes.

(b) The grievances are enquired into and if any malpractice is detected, necessary departmental and wherever necessary legal action are taken.

Arrangements have been made for display of submission lists at some conspicuous place of the Employment Exchange for information of all coucerned.

Advisory Committees of the Employment Exchanges have been authorised to suggest measures to ensure that there is no irregularity in sponsoring names of candidates by the Employment Exchanges and to see that there is fairness in the matter of submission of names.

## রামপুরহাটে তুরুকদিঘি স্বাস্থ্যকেন্দ্র

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৪।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট থানার তুরুকদিঘি স্বাস্থ্যকেন্দ্র দীর্ঘদিন হইতে ডাক্তারহীন অবস্থায় আছে ;

(খ) অবগত থাকিলে, কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ করা হইবে ; এবং

(গ) রামপুরহাট থানার এইরূপ ডাক্তারহীন স্বাস্থ্যকেন্দ্র আরও কটি ও কোন্ কোন্ স্থানে আছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ঐ নামে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) রামপুরহাট থানার অন্তর্গত শুধু দুনি গ্রাম উপস্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নাই।

## খেলার মাঠ উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৬।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত আর্থিক বৎসর হইতে বর্তমান বৎসরের আগস্ট পর্যন্ত যুবকল্যাণ দপ্তর থেকে খেলার মাঠের উন্নয়নের জন্য বীরভূম জেলায় কতগুলি ক্লাবকে টাকা বরাদ্দ করা হইয়াছে এবং তাহার পরিমাণ কত ;

(খ) রামপুরহাট থানায় কোনও ক্লাবকে ঐ বাবতে টাকা বরাদ্দ করা হইয়াছে কিনা ;

(গ) বরাদ্দ করা হইলে, ক্লাবগুলির নাম কি এবং প্রত্যেক ক্লাবের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) এইসব টাকা ঠিকমত ব্যয় হইয়াছে কিনা সে বিষয়ে তদারকির কোন সরকারী ব্যবস্থা আছে কিনা ?

**যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বীরভূম জেলায় মোট ১০টি ক্লাবকে ১,৯৮,০০০ টাকা বরাদ্দ করা হইয়াছে। (খ) না।

(গ) প্রশ্নের উত্তর নিম্নে দেওয়া হইল।

বীরভূম জেলায় যে ১০টি ক্লাবকে ১,৯৮,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে তাদের নাম ও প্রত্যেকের টাকার পরিমাণ হইল ঃ—

| ক্রমিক নং | ক্লাবের নাম | | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| (১) | মাদ্রিক সংঘ, দুবরাজপুর | ... | ৩৭,৫০০.০০ |
| (২) | সাইথিয়া স্পোর্টস এ্যাসোসিয়েশন | ... | ১৫,০০০.০০ |
| (৩) | সবুজ সংঘ, তাতিপাড়া | ... | ১৫,০০০.০০ |
| (৪) | জমনা ধ্রুববতি পল্লী উন্নয়ন সমিতি | ... | ১৫,০০০.০০ |
| (৫) | নপাড়া নওজোয়ান ক্লাব | ... | ৩০,৭৫০.০০ |
| (৬) | অগ্রদূত সংঘ, মঙ্গলদিহি | ... | ১৫,০০০.০০ |
| (৭) | বানিয়োর ক্লাব, নলহাটি ১নং | ... | ৭,৭৫০.০০ |
| (৮) | শঙ্কর যুব সংঘ, আবাডাঙ্গা | ... | ২৮,০০০.০০ |
| (৯) | নবারুন সংঘ, চিনপাই | ... | ৪,০০০.০০ |
| (১০) | সংঘবদ্ধ, কোটাসুর | ... | ৩০,০০০.০০ |

(ঘ) তদারকির সরকারী ব্যবস্থা আছে।

## রামপুরহাট উচ্চবিদ্যালয়ের পরিচালনা সমিতির মামলা

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮০।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট উচ্চ বিদ্যালয়ের পরিচালনা সমিতির নির্বাচন সংক্রান্ত মামলা খারিজ হইয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত বিদ্যালয়ের পরিচালনার নিমিত্ত কোন প্রশাসক নিয়োগ করা হইয়াছে কি ; এবং

(গ) 'খ'-এর উত্তর না হইলে, উক্ত স্কুলের পরিচালনার জন্য নির্বাচন কিংবা প্রশাসক নিয়োগের কোন ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

## বিচ্ছিন্নতাবাদী আন্দোলন

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৩।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ এলাকায় কতগুলি বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হয়েছে ;

(খ) ঐসব আন্দোলনের বিরুদ্ধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(গ) উক্ত আন্দোলনের সঙ্গে কোন্ কোন্ রাজনৈতিক দল জড়িত কিনা ; এবং

(ঘ) উক্ত আন্দোলনগুলিতে সমাজবিরোধীদের কার্যকলাপ সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট আছে কি ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উক্ত সময়ে পশ্চিমবঙ্গে মোট ৪টি বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হয়েছে ;

(১) **পৃথক কামতাপুর রাজ্য গঠনের আন্দোলন ঃ** শিলিগুড়ি মহকুমা, জলপাই-গুড়ি, কোচবিহার এবং পশ্চিমদিনাজপুর জেলা—উত্তরবঙ্গের এই এলাকাগুলিতে উক্ত আন্দোলন হয়েছে এবং বর্তমানেও হচ্ছে।

(২) **পৃথক ঝাড়খণ্ড রাজ্য গঠনের আন্দোলন ঃ** বর্ধমান জেলার দুর্গাপুর মহকুমা, মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলা—এই এলাকাগুলিতে উক্ত আন্দোলন হয়েছে এবং বর্তমানেও হচ্ছে।

(৩) **বাঙালীস্থান গঠনের আন্দোলন ঃ** পশ্চিমবঙ্গের সবগুলি জেলাতেই কমবেশী এই আন্দোলন হয়েছে।

(৪) **পৃথক গোর্খাল্যাণ্ড গঠনের আন্দোলন ঃ** দার্জিলিং জেলার বিভিন্ন অঞ্চলে এই আন্দোলন সীমাবদ্ধ।

(খ) ঐসব আন্দোলন সম্পর্কে রাজ্য সরকার সম্পূর্ণরূপে অবহিত আছেন এবং আন্দোলনগুলির উপর তীক্ষ্ণ নজর রাখা হয়েছে।

(গ) (১) উত্তরখণ্ড নামে একটি দল কামতাপুর রাজ্য গঠনের আন্দোলনে জড়িত।

(২) ঝাড়খণ্ড পার্টি, ঝাড়খণ্ড মুক্তিমোর্চা এবং সি পি আই ( এম এল )-এর রানা গোষ্ঠী এম এন এল গোষ্ঠী ও ঝাড়খণ্ড ক্রান্তি দলের সমন্বয়ে গঠিত ঝাড়খণ্ড সংযুক্ত সংঘর্ষ মোর্চা এই আন্দোলনের সঙ্গে জড়িত।

(৩) আনন্দমার্গ সংগঠনের অধীন "আমরা বাঙালী" দল "বাঙালীস্থান" আন্দোলনে জড়িত।

(৪) নিখিল ভারত গোর্খালীগের একাংশ, দার্জিলিং প্রান্ত পরিষদ এবং গোর্খা ন্যাশানাল লিবারেশন ফ্রণ্ট "গোর্খাল্যাণ্ড" আন্দোলনে জড়িত।

(ঘ) এরূপ কোন তথ্য সরকারের কাছে নাই।

**Land acquired by the W. B. I. I. D. Corporation for Industrial Growth Centres**

286. (Admitted question No. 1119.) **Shri Anil Mukherjee**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) total acres of land acquired by the West Bengal Industrial Infrastructure Development Corporation till March 1981 for new growth centres in West Bengal ; and

(b) the number of plots in acres so far allotted to each individul units, large and medium scale, which have been set up in the growth centers ?

**Minister-in-charge of the Commerce and Industries Department:** (a) 694.349 acres of land have been acquired by the West Bengal Industrial Infrastructure Development Corporation till March 1981, for new growth centres in West Bengal.

(b) Area measuring 453.5817 acres of land have so far been allotted to 53 industrial units.

### Revision of Medical Curriculum in the M.B.B.S. Course

287. (Admitted question No. 1123.) **Dr. Sisir Bose:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state whether any revision has been made in medical curriculum in the M.B.B.S. course in respect of Social Commnnity and Preventive Medicine during the last five years ?

**Minister-in-charge of the Health and Family Welfare Department:** Yes.

### বীরভূম জেলার মুরার এ নতুন যক্ষ্মা হাসপাতাল

২৮৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৪০। ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই-এ ২০ শয্যাবিশিষ্ট একটি যক্ষ্মা হাসপাতাল মঞ্জুর করা হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ তারিখে উহা মঞ্জুর হইয়াছিল,

(২) নির্মাণ কার্য কোন্ পর্যায়ে রহিয়াছে, ও

(৩) কবে নাগাদ উক্ত হাসপাতালটি চালু হইবে বলিয়া আশা করা যায়।

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ৪-২-১৯৭৭।

(২) নির্মাণকার্য চলিতেছে।

(৩) সঠিক বলা সম্ভব নয়।

### মুরারই গ্রামীণ হাসপাতাল

২৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৪২। ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৭ সালের পূর্বে ক্ষমতাসীন সরকার বীরভূম জেলার মুরারই-এ একটি গ্রামীণ হাসপাতাল মঞ্জুর করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সালের কোন্ তারিখে উহা মঞ্জুর করা হইয়াছিল,

(২) উক্ত হাসপাতালের নির্মাণকার্য কোন পর্যায়ে রহিয়াছে, ও

(৩) কবে নাগাদ উক্ত হাসপাতাল নির্মাণের কাজ সম্পূর্ণ হইবে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭৬ সালের প্রথম দিকে।

(২) ৫০ শতাংশ নির্মাণকার্য সম্পূর্ণ হইয়াছে।

(৩) আনুমানিক ১৯৮২ সালের ডিসেম্বর মাসে সম্পূর্ণ হইবে।

## বীরভূম জেলার পল্‌সা গ্রামে যক্ষ্মা হাসপাতালে বহির্বিভাগ

২৯০। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৪৪। ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার বীরভূম জেলার পল্‌সা গ্রামে যক্ষ্মা হাসপাতালে একটি বহির্বিভাগ নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সালের কোন্ তারিখে উক্ত সিদ্ধান্ত গ্রহণ বা মঞ্জুর করা হইয়াছিল, ও

(২) কবে নাগাদ ইহা চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ

(খ) (১) ৮-৯-১৯৭৬।

(২) বৈদ্যুতিকরণের কাজ শেষ হইলেই ইহা চালু হইবে বলিয়া আশা করা যায়।

## Number of posts of principal of different colleges in Calcutta

291. (Admitted question No. 1151.) **Dr. Kiran Chaudhuri:** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) the number of posts of Principal of different colleges in Calcutta that have been filled in on the recommendation of the College Service Commission ; and

(b) the names and educational qualifications of such Principals from School Final or Matriculation Examination onwards ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১১টি।

(খ) নিম্নলিখিত অধ্যক্ষগণকে কলেজে সার্ভিস কমিশনের মাধ্যমে কলিকাতার বেসরকারী কলেজে নিয়োগ করা হইয়াছে ঃ

| | শতকরা হিসাব |
|---|---|
| (১) শ্রীমতী হেনা মৈত্র উইমেন্স কলেজ, কলিকাতা ... | ম্যাট্রিক—৬৭<br>আই এ—৬৫<br>বি এ অনার্স (ইতিহাস) —৫০.৮<br>এম এ—৫৩.৬২ |
| (২) ডঃ (শ্রীমতী) নমিতা বাগচী, ক্যামকাটা গার্লস কলেজে (বর্তমানে গোখেল মেমোরিয়াল গার্লস কলেজ নিযুক্ত হইয়াছেন)। | ম্যাট্রিক—৬৬<br>আই এ—৫৪<br>অনার্স (ফিলোসফি)—৬০<br>এম এ (ফিলোসফি)—৬০<br>পি-এইচ ডি |

| | শতকরা হিসাব |
|---|---|
| (৩) ডঃ এ কে সান্যাল, শ্যামাপ্রসাদ কলেজ ... | ম্যাট্রিক—৫৩.৫<br>আই এস-সি—৪৬.৩৯<br>বি এ অনার্স (বাংলা)—৪৭.৩<br>এম এ (বাংলা)—৫০.২<br>পি-এইচ ডি |
| (৪) ডঃ প্রবীর কুমার চৌধুরী, যোগেশচন্দ্র কলেজ ... | ম্যাট্রিক—৪৭<br>আই এ—৫৫<br>বি এ অনার্স (ইতিহাস)—৫০<br>এম এ (ইতিহাস)—৫৩<br>পি-এইচ ডি, এল-এল বি |
| (৫) শ্রীমতী ইলা রায় (রায়চৌধুরী), ক্যালকাটা গার্লস বি টি কলেজ | ম্যাট্রিক—২য় বিভাগ<br>আই এ—১ম বিভাগ<br>বি এ—এম এ—২য় শ্রেণী (অর্থশাস্ত্র)<br>বি টি—১ম শ্রেণী<br>এম এড—১ম শ্রেণী |
| (৬) ডঃ সুকুমার গুপ্ত, বঙ্গবাসী ইভিনিং কলেজ ... | স্কুল ফাইনাল—৫৮.৬<br>আই এস-সি—৫১.১<br>বি এস-সি—৫২<br>স্পেশাল অনার্স<br>এম এস-সি—৫১.৪<br>পি-এইচ ডি |
| (৭) শ্রী এস বি চৌধুরী, বঙ্গবাসী মর্ণিং কলেজ ... | ম্যাট্রিক—৬২.২৫<br>আই এস-সি—৫৬.১<br>অনার্স (ফিজিক্স,<br>এম এস-সি (ফিজিক্স)—৫১.১ |
| (৮) ডঃ (মিসেস) কে পি রায়চৌধুরী, সাবিত্রী গার্লস কলেজ, কলিকাতা | স্কুল ফাইনাল—৬৯<br>আই এস-সি—৬৮.৯<br>অনার্স (বোটানী)—৪৬<br>এম এস-সি—৫৬<br>ডি ফিল্ |

| | | শতকরা হিসাব |
|---|---|---|
| (৯) | ডঃ উমাপ্রসাদ হালদার, বিদ্যাসাগর (ইভিনিং) কলেজ | ম্যাট্রিক—৫৮.৮<br>আই এ—৪৩.৪<br>বি কম—৪৫.৬<br>এম কম—৫৪<br>পি-এইচ ডি |
| (১০) | মিসেস মীরা ভৌমিক, ক্যালকাটা গার্লস কলেজ (ইভিনিং) | স্কুল ফাইনাল—৫২.৭<br>আই এস-সি—৪৩.৩<br>অনার্স—৫০.৮<br>এম এস-সি (বোটানী)—৫৩.৮ ডি ফিল্ |
| (১১) | শ্রীমতী তপতী দাসগুপ্ত (তলাপাত্র) সুরেন্দ্রনাথ কলেজ ফর উইমেন, কলিকাতা | স্কুল ফাইনাল—৫৩.২<br>আই এ—৪৯.৫<br>অনার্স (ফিলসফি)—৪০<br>বি টি—৫৪<br>এম এ (ফিলসফি)—৪৯.৯<br>পি-এইচ ডি |

### Financial assistance to colleges for purchase of generators

292. (Admitted question No. 1155.) **Dr. Kiran Choudhuri :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be Pleased to state—

(a) How many colleges have been given financial assistance for the purchase of generators , and

(b) the names of those colleges ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) তিনটি কলেজকে জেনারেটর কেনার জন্য অর্থ সাহায্য করা হয়েছে।

(খ) তাহাদের নাম—

(১) চারুচন্দ্র কলেজ, কলিকাতা।

(২) সুন্দরবন হাজি দেশারত কলেজ, ২৪-পরগণা।

(৩) রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয়, নরেন্দ্রপুর, ২৪-পরগণা।

### অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা

২৯৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১১৬০। ) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮২ সালের ৩১শে আগস্ট পর্যন্ত কতগুলি শিল্প প্রতিষ্ঠানকে "অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা" হিসাবে চিহ্নিত করে সরকারী বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে এবং ঐ সংস্থা-সমূহের নাম কি ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** এসেন্সিয়াল সার্ভিসেস মেন্‌টেন্যান্স আইন ১৯৮১ সালে পার্লামেন্টে বিধিবদ্ধ হয়েছে। সুতরাং ১৯৭৭ সালের জুন মাস থেকে ঐ আইন বিধিবদ্ধ ও বলবৎ হওয়ার পূর্বে পর্যন্ত কোন শিল্প প্রতিষ্ঠানকে "অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা" হিসাবে ঘোষণা করার প্রশ্ন ওঠে না। ঐ আইন বলবৎ হওয়ার পর থেকে ১৯৮২ সালের ৩১শে আগস্ট পর্যন্ত কোন শিল্প প্রতিষ্ঠানকে ওই আইন অনুসারে পশ্চিমবঙ্গ সরকার "অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা" হিসাবে ঘোষণা করে নি।

## হুগলী জেলায় সামন্ত রাস্তার মেরামতের কাজ

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৯।) **শ্রীশান্তিমোহন রায়ঃ** পূর্ত (পথ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেনযে, হুগলী জেলার পুরশুরার পশ্চিমদিকে অহল্যাবাই রাস্তার দক্ষিণদিকে 'সামন্ত রাস্তা' দীর্ঘদিন যাবৎ মেরামতের অভাবে যান-বাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে, এবং

(খ) অবগত থাকলে—

(১) ঐ রাস্তা মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন, ও

(২) কবে নাগাদ চলাচলের উপযোগী হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) মেরামতির কাজ হাতে নেওয়া হয়েছে এবং শীঘ্রই বাস চলাচলের উপযোগী হবে বলে আশা করা যায়।

## হিন্দী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৭।) **শ্রীসুবোধ ওরাংঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—এ রাজ্যের কোন্ কোন্ জেলায় কয়টি হিন্দী প্রাথমিক বিদ্যালয় ও কয়টি হিন্দী মাধ্যমিক বিদ্যালয় আছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** হিন্দী প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপঃ—

| জেলা | | প্রাথমিক বিদ্যালয় | মাধ্যমিক বিদ্যালয় |
|---|---|---|---|
| ১। কলকাতা | ... | ৩১৩ | ৭৬ |
| ২। ২৪-পরগণা | ... | ১৪১ | ২৮ |
| ৩। মুর্শিদাবাদ | ... | ৭ | ২ |
| ৪। নদীয়া | ... | ৩ | ... |
| ৫। জলপাইগুড়ি | ... | ৮৩ | ২১ |
| ৬। কুচবিহার | ... | ৯ | ৩ |
| ৭। দার্জিলিং | ... | ২২ | ৮ |
| ৮। পশ্চিম দিনাজপুর | ... | ৮ | ১ |
| ৯। মালদহ | ... | ৪ | ১ |

| জেলা | | প্রাথমিক বিদ্যালয় | মাধ্যমিক বিদ্যালয় |
|---|---|---|---|
| ১০। হুগলী | ... | ৬১ | ১৭ |
| ১১। হাওড়া | ... | ১১৩ | ৩৫ |
| ১২। মেদিনীপুর | ... | ৩০ | ২ |
| ১৩। বাঁকুড়া | ... | ১ | ... |
| ১৪। বীরভূম | ... | ২ | ১ |
| ১৫। পুরুলিয়া | ... | ৮ | ১৪ |
| ১৬। বর্ধমান | ... | ৩৮ | ৩১ |

## মুর্শিদাবাদ জেলার দ্বারকা ও খুসকুড়া নদীর উপর সেতু নির্মাণ

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৮।) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআতাহার রহমান এবং শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়গ্রাম থানায় শেরপুর-বিষ্ণুপুর রাস্তায় (১) দ্বারকা নদী এবং (২) খুসকুড়া নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত সেতুদ্বয়ের নির্মাণ কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে আদিবাসী ও উপজাতি কর্মী নিয়োগ

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯১।) **শ্রীমনোহর তিরকীঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের জানুয়ারি থেকে ১৯৮২ সালের ৩১এ জুলাই পর্যন্ত জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্র দুটির মাধ্যমে মোট কতজন আদিবাসী ও উপজাতি কর্মী কর্মে নিযুক্ত হয়েছে; এবং

(খ) ঐ সময়ের মধ্যে ঐ দুটি কর্মবিনিয়োগ কেন্দ্র নিবন্ধীভুক্ত আদিবাসী ও উপজাতি কর্মপ্রার্থীর সংখ্যা কত ছিল?

**তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১লা জানুয়ারী ১৯৭৮ থেকে ৩০-এ জুন ১৯৮২ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জলপাইগুড়ি কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে ১০২ জন এবং আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কমবেশী ৫৮ জন তফসিলী উপজাতি কর্মপ্রার্থী কর্মে নিযুক্ত হয়েছেন।

(খ) ১লা জানুয়ারি ১৯৭৮ থেকে ৩০এ জুন ১৯৮২ পর্যন্ত সময়ের মধ্যে নিবন্ধীভুক্ত তফসিলী উপজাতি কর্মপ্রার্থীর সংখ্যা ছিল জলপাইগুড়ি কর্মবিনিয়োগ কেন্দ্রে ১,১৮৪ এবং আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে কর্মবেশী ২,৩৭১ জন।

### আলিপুরদুয়ার মহকুমায় ষ্টেডিয়াম নির্মাণ

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৭।) **শ্রীমনোহর তিরকী :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমায় স্টেডিয়াম তৈরী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোথায় এবং কতদিনের মধ্যে উক্ত কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### Posts of State Judicial Services

299. (Admitted question No. 1203.) **Shri Somen Mitra** : Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Law Commission has in one of its report suggested that 40 per cent of the posts of the State Judicial Services should be filled up by persons recruited through All India Campetitive Examinntions; and

(b) if so, what action has been taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Judicial Department** : (a) The recommendation of the Law Commission of India is for creation of an All India Judicial Service.

(b) The question does not arise as the said recommendation has been made to the Central Government.

### Two-year pass course followed by one-year honours course

300. (Admitted question No. 1217.) **Shri Somen Mitra** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state —

(a) whether the State Government has any information with regard to the propasal of the Calcutta University authorities to introduce a 2-years pass course for all students followed by a one-year honours course in place of the present system of a two-year pass course and a separate 3-year honours course ; and

(b) if so—

(i) whether the opinion of teachers of Under-Graduate and Post-Graduate Colleges have been taken into consideration by the University authorities ; and

(ii) whether there is any disapproval or opposition to the proposal from any quarters ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) যতদুর সংবাদ আছে, জানা যায় কলকাতা বিশ্ববিদ্যালয় এ বিষয়ে শিক্ষাবিদ ও শিক্ষক প্রতিষ্ঠানের কাছ থেকে মতামত আহ্বান করেছেন।

করা সমর্থন বা বিরোধিতা করেছেন এ সম্পর্কে কোন তথ্য এখনই দেওয়া সম্ভব নয়।

**Selection of Professor of Industrial Finance in Calcutta University**

301. (Admitted question No. 1219.) **Shri Somendra Nath Mitra**: Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that the Calcutta University authorities had invited applications for selection of Professor of Industrial Finance against the post created in 1980 and sponsored by the Industrial Finance Corporation of India :

(b) if so,

(i) the number of applications received and the number of candidates interviewed by the Selection Committee ; and

(ii) what is the recommendation of the Selection Committee ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৮০ সালে সৃষ্ট ইণ্ডাস্ট্রিয়াল ফিনান্স অধ্যাপক পদটিতে নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করেন।

(খ) (১) পদটির জন্য নির্বাচন কমিটি মোট আটটি আবেদনপত্র পান এবং তাহার মধ্যে উপস্থিত পাঁচ জনের সহিত সাক্ষাৎকার করেন।

(২) উক্ত কমিটি সর্বসম্মতিক্রমে ডঃ অশোক মিত্র মহাশয়কে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মকানুন ও শর্তাদি সাপেক্ষে পাঁচ বছরের জন্য নিয়োগের সুপারিশ করেন। কিন্তু মিত্র মহাশয় প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।

**New Power Projects under Central Sector**

302. (Admitted question No. 1221.) **Shri Somen Mitra**: Will the Minister-in-charge of the Power Department be pleased to state that—

(a) whether the State Government has any information with regard to the proposal of the Planning Commission and the Central Ministry of Energy, that all new power projects in future should be in Central Sector : and

(b) if so, what are the views of the State Government in the matter ?

**Minister-in-charge of the Power Department**: (a) No.

(b) Does not arise.

**Promotional opportunites for Engineers**

303. (Admitted question No. 1245.) **Shri Abdur Rauf Ansari**: Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has liberalized promotional opportunities for Engineers in various departments ;

(b) if so, (i) the extent of opportunities now available and (ii) the number of such promotional posts available during the current year ;

(c) whether the Government has received any complaint/representatio to the effect that the aforesaid decision is not being implemented in some o the departments; and

(d) if so, what action is being contemplated in the matter ?

**Minister-in-charge of the Finance Department :** (a), (b), (c) and (d) yes It has been decided that 15 per cent of the total strength of Execntive Engineer in each department will be filled by promotion from the rank of promotec Assistant Engineers. It has also been decided that to implement the promotior policy there will actually be no increase in the total number of posts in Engineering Services of various departments. The existing posts in scales No. 17 (Rs. 660—1,600), 18 (Rs. 1,100—1,900) and 19 (Rs. 1,600—2,250), will be rearranged so as to increase the number of posts in scale No. 18 (Rs. 1,100—1,900) and 19 (Rs. 1,600—2,250). These increased number of posts will be filled through promotion on the basis of merit-cum-seniority from within the Engineering Service of the respective departments.

Representations have been received by Government from different Associations of Engineers with their suggestions on the promotion policy in respeet of Engineers under various departments. Those representations are being examined by concerned departments in consultation with Finance Department and Public Service Commission.

**Taking over the management of C. T. C. Ltd.**

304. (Admitted question No. 1242.) **Shri Prafulla Kanti Ghosh :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) when did the State Government take over the Calcutta Tramways Co.;

(b) what was the share holding of the foreign share holders; and

(c) what was the share holding of the State Government ?

**Minister-in-charge of the Home (Transdort) Department :** (a) The State Government took over the management of the Undertaking of The Calcutta Tramways Company Limited with effect from 19th July 1967, under the Calbutta Tramways Company (Taking over of Management) Act, 1967.

(b) Out of 7,00,000 ordinary shares and 2,50,000 preference shares 45 per cent and 77 per cent shares were respectively held by the foreign sharcholders.

(c) No share was held by the State Goverment.

**Urdu as a Second Official Language**

305. (Admitted question No. 1248.) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether it is a fact that a proposal to make Urdu the Second Official Language of West Bengal, has been under consideratian of the State Government, and

(b) if so—

(i) since when the proposal is under consideration of the State Government ;

(ii) the reasons for delay, if any, in taking decision in the matter ; and

(iii) the steps, if any, taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department:**

(a) No.

(b) (i), (ii) and (iii) Does not arise.

**Wakf under section 44**

306. (Admitted question No. 1249.) **Shri Abdur Rauf Ansari:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the State Government has any information with regard to the number of Wakfs enrolled under section 44 of the Bengal Wakf Act, 1934 ;

(b) if so, the number of Wakfs enrolled during the period from—

(i) 1972 to 1977 ;

(ii) 1977 to 1981 ; and

(c) the gross annual income of the properities involved in the Wakfs enrolled during the periods mentioned above ?

**Minister-in-charge of the Judicial Department:** (a) Yes.

(b) (i) 322 and (ii) 174.

(c) (i) Rs. 4,58, 129.52p. and (ii) Rs. 2,16,005-32p.

**Tax dues from the the owners of the big multi-storeyed buildongs**

307. ( Admitted question No. 1252. ) **Shri Abdur Rauf Ansari:** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) if it is a fact that the owners of some big multi-storeyed buildings in Calcutta are defaulting in payment of taxes to Calcutta Corporation ; and

(b) if so—

(i) the total tax dues from the owners of the big multi-storeyed buildings, payable to Calcutta Corporation as on 30th June, 1982 ;

(ii) the annual rate of realisation of tax dues from owners of big multistoreyed buildings during 1979-80, 1980-81 and 1981-82 ; and

(iii) the steps, if any, contemplated by the Calcutta Corporation authorities to increase the rate of realisation of such arrears ?

**Minister-in-charge of Local Government and Urban Development Department:** (a) Usually buildings comprising of ownership flats are called as multistoreyed buildings. However, no separate registers are maintained for either

categories of buildings in the Corporation of Calcutta. It is, therefore difficult to give any precise idea about such defaulters though it cannot be denied that there are some big defaulting owners.

(b) (i) The total tax dues from the owners of the big multi-storeyed buildings are yet to be ascertained. The work on separating this account from that of arrear property tax has already started and is expected to be completed within 1983. The figures on arrear property tax so far preliminary unverified records are given below :—

| | | | Rs. in lakhs |
|---|---|---|---|
| 1979-80 | ... | ... | 1,496 |
| 1980-81 | ... | ... | 1,561 |
| 1981-82 | ... | ... | 1,705 |

(ii) The work on separating the annual rate of realisation of tax due from the owners of big multi-storeyed buildings from that of property tax has already been taken up and is expected to be completed within 1983. The figures of realisation in respect of arrear property tax as prepared from the preliminary unverified records are given below :—

| | | | Rs. in lakhs |
|---|---|---|---|
| 1979-80 | ... | ... | 677 |
| 1980-81 | ... | ... | 654 |
| 1981-82 | ... | ... | 833 |

(iii) (1) Vigorous drive for arrear collection by issue of notices of demand and execution of distress warrant against the defaulters.

(2) Objections against assessment are being promptly disposed of.

(3) Disposal of court cases and injunction orders are being regularly pursued.

(4) Flat-wise assessment of multi-storeyed buildings are progressing.

(5) For realisation of the State and Central Government dues efforts are being made and the matter has already been taken up at the Ministerial level.

(6) Negotiations with Port Authorities are in progress for early payment of the outstandings.

## পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৫।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান ত্রি-স্তর পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন করে দ্বি-স্তর বা চতুর্থ-স্তর প্রবর্তন করার কোন প্রস্তাব রাজ্য সরকারের আছে কিনা?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

## রাজ্যে খুনের সংখ্যা

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৯।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ আগষ্ট তারিখ পর্যন্ত সময়ে রাজ্যে মোট খুনের সংখ্যা কত ;

(খ) ১৯৮১ সালে উক্ত সময়সীমার মধ্যে খুনের সংখ্যা কত ছিল ; এবং

(গ) পশ্চিম দিনাজপুর জেলায় উক্ত দুই বছরের উক্ত সময়সীমার মধ্যে কতজন খুন হইয়াছিল ?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১,০২৩।

(খ) ১,০২৪।

(গ) ১৯৮২ সালের ১লা জানুয়ারী হইতে ৩১এ আগষ্ট পর্যন্ত মোট খুনের সংখ্যা ছিল ৪৮ এবং ১৯৮১ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ আগষ্ট পর্যন্ত মোট খুনের সংখ্যা ছিল ৬৮।

**Absenteeism in the Belgachia Milk Dairy**

310. ( Admitted question No. 1281. ) **Shri Anup Kumar Chanda :** Will the Minister-in-charge of Dairy Development, Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) whether there has been any spurt in the rate of absenteeism among the employees of the Belgachia Milk Dairy during the tenure of the Left Front Government in West Bengal ; and

(b) if so—

(i) whether such absenteeism among the employees is disruping supply of milk ; and

(ii) the steps, if any, taken in the matter ?

**Minister-in-charge of the Dairy Development, Animal Husbandry and Veterinary Services Department :** (a) It is not a fact that there has been any spurt in the rate of absenteeism among the employees of the Belgachia Milk Dairy during the tenure of Left Front Government in West Bengal

(b) (i) Sometimes specially on the occasion of Puja and other festivals and inclement weather, the rate of absenteeism increases causing sometimes partial disruption in Milk Supply.

(ii) Necessary steps are always taken as per rules against the employees concerned so that this absenteeism does not hamper regular milk supply in any way. Besides this, negotiations are being held with union representatives to minimise the number of absentee employees.

**Office of the Deputy Labour Commissioner**

311. (Admitted question No. 1288.) **Shir Abdul Mannan :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the office of the Deputy Labour Commissioner had stopped functioning during June, 1982 : and

(b) if so—

(i) the reasons thereof :

(ii) the present position ; and

(iii) the steps taken to attend to the industrial disputes and problems when the office closed ?

**Minister-in-charge of the Labour Department** : (a) No.

(b) (i) Does not arise.

(ii) All the offices of the Deputy Labour Commissioners in the State are functioning as before.

(iii) Does not arise.

**Letter of the intent obtained by M/s. Hindusthan Development Corporation Ltd.**

312. (Admitted question No. 1290.) **Sri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has information with regard to the letter of intent obtained by M/s. Hindusthan Development Corporation Ltd. for manufacture of track work castings at Dankuni ; and

(b) if so—

(i) what is the estimated cost and the employment potentiality of this project,

(ii) technical collaboration, if any, involved in the project ; and

(iii) what is the present position in the matter ?

**Minister-in-charge of the Commerce and Industried Department :** (a) Yes.

(b) (i) Estimated fixed investment in the project is Rs. 560 lakhs and will provide direct employment of 1,030 persons.

(ii) Yes. Foreign technical collaboration is based on lumpsum payment and royalty.

(iii) The Company has applied to the Government of India for permission to locate the project at Bamuneri in the district of Hooghly which was duly recomended by the State Government. The approval of Government of India is being awaited.

**Twenty-Point Programme**

313. (Admitted question No. 1292.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) if it is a fact that funds allotted for the welfare schemes incorporated in the revised 20-Point Programme of the Government of India have not been fully utilised by the State Government within the stipulated time ; and

(b) if so, the total resources earmarked for such welfare schemes and the amount actually utilised within the stipulated time during the past two years ?

**Minister-in-charge of the Development and Planning Department :** (a) No.

(b) Does not arise.

**Spurt in food adulteration and spurious drugs**

314. (Admitted question No. 1295.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether there is any spurt in food adulteration and manufacture of spurious and substandard drugs in West Bengal during the past three years; and

(b) if so—

(i) the number of cases of food adulteration and manufacture of spurious and substandard drugs detected in 1980, 1981 and 1982 (up to July, 1982); and

(ii) the steps taken by the State Government to cheeck the menace effectively?

**Minister-in-charge of the Health and Family Welfare Department**: (a) (i) On food adulteration—No.

(ii) On manufacture of spurious drugs, etc.—No.

(b) (i) On food adulteration—

| Year | Samples examined | Samples adulterated |
|---|---|---|
| 1980 | 2,748 | 428 |
| 1981 | 2,347 | 342 |
| 1982 (Till July) | 750* | 136 |

*Calcutta excluded.

On manufacture of drugs—

| Year | Spurious/ adulterated |
|---|---|
| 1980 | Nil |
| 1981 | 2 |
| 1982 | Nil |

On substandard drugs—

| Year | Samples examined | Samples adulterated |
|---|---|---|
| 1980 | 775 | 162 |
| 1981 | 821 | 119 |
| 1982 (upto July) | 890 | 37 |

(ii) The provisions under the P & A Act, 1954 and Drugs and Cosmetic Act are enforced strictly. More samples are being taken as per statutory provisions to check the quality of food and drug respectively.

**Bridge on the river Pagla in the Malda district**

315. (Admitted question No. 1299.) **Shri Humayoun Chowdhury**: Will the Minister.in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether there is any proposal to construct a bridge over the rive Pagla to serve as a link between Debipur Diwa and Achintala areas unde Kaliachak P. S. in Malda district ' and

(b) if so—

(i) the present position ; and

(ii) the action taken by the present Government in the matter ?

**Minister-in-charge of the Public Works Department** : (a) No.

(b) (i) and (ii) Does not arise.

**Construction of the link road between Sujapur and Mothabari in Malda**

316. (Admitted question No. 1300.) **Shri Humayoun Chowdhury** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department b pleased to state—

(a) if it is a fact that progress in construction of the link road betwee Sujapur and Mothabari in Malda district has been held up and/o disrupted ; and

(b) if so—

(i) the reasons thereof , and

(ii) the steps, if any, taken to complete the works for constructio of the aforesaid link road expeditiously ?

**Minister-in-charge of the Public Works Department** : (a) There is no road seheme having such nomenclature under the works programme of the P. W. (Roads) Department.

(b) (i) and (ii) Does not arise.

**Fall in the prices of silk thread in Malda**

317. (Admitted question No. 1302.) **Shri Humayoun Chowdhury** : Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether there has been any recent fall in the prices of worsted (Jhut) and other silk the threads produced in Malda district ; and

(b) if os—

(i) what are the reasons ; and

(ii) the steps, if any, taken by the Goverment to ensure fair and remunerative prices to worsted Jhut silk thread producers of Malda district ?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department** :

(a) Yes.

(b) (i) (A) **Jhut** : Fancy Spun Yarn imported from Japan by the exporters is replacing local yarn produced out of Jhut.

(B) **Silk thread** : Export of Silk yarn has almost been stopped.

(C) Import of foreign silk yarn and export against incentive.

(ii) The Directorate of Sericulture, West Bengal, has written to the Central Silk Board for implementing the recommendation of the Silk Westu

Committee set up by Central Silk Board. The suggestion of that Committee was to prepare Slivers from de-gummed silk waste with the help of some portable machines.

**Activities of the R.S.S. in Kaliachak P.S.**

.318. (Admitted question No. 1303.) **Shri Humayoun Chowdhury**: Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has any information about the activities of Rashtriya Swayam Sevak Sangh (R.S.S.) in areas under Kaliachak police station in Malda district; and

(b) if so—

(i) brief particulars thereof; and

(ii) action taken or proposed to be taken by the Government in the matter.

**Minister-in-charge of the Home (Police) Department**: (a) and (b) During 1980 and early part of 1981 some activities of the R.S.S. in Kaliachak P.S. were noticed. In Bangitola High School Maidan, drills used to be done by R.S.S. trainees. Close watch has been kept over the situation.

**Diversion of Plan allocation to non-Plan expenditure**

319. ( Admitted question No. 1309. ) **Shri Humayoun Chowdhury**: Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has diverted any Plan allocation to non-Plan expenditures during the past three financial years; and

(b) if so—

(i) the amount of such Plan allocation diverted to non-Plan expenditures during each of the aforesaid financial years; and

(ii) the reasons for such diversion ?

**Minister-in-charge of the Finance Department**: (a) & (b) The State Budget provides for both non-Plan and Plan expenditure under one composite Demand. The Plan allocations are meant for development purposes. It may so happen that in the course of the year there are savings in the Plan allocation as certain schemes cannot be implemented for certain difficulties. Also sometimes the Plan allocations are reduced in the Revised Estimate due to shortfall in resource In such cases, savings under Plan budget are reappropriated where necessary to cover the excess expenditure if any, under non-Plan heads. Such reappropriation of funds are not to be treated as diversion of Plan funds, for non ? Plan expenditure.

**Factual assessment of Madrasahs**

320. ( Admitted question No. 1311. ) **Shri Humayoun Chowdhury**: Will the Minister-in-charge of the Education (P.S.) Department be pleased to state—

(a) whether the Left Front Government have made any factual assessment of Madrasah recognition position in different districts vis-a-vis the general coditions of Madrasahs, actual requirements and imbalances in the distribution of Madrasahs ; and

(b) if so—

(i) the finding thereof, and

(ii) the action taken in the matter ?

**Minister-in-charge of the Education (P.S.) Department :** (a) and (b) No. But the State Government have constituted District Level Inspecting Team for each district for the purpose of preparing a list of Secondary Schools and Junior High and High Madrasahs for recognition after assessment of recognition position in the district vis-a-vis the general conditions, actual requirements, imbalances in the distribution, etc., of the institutions.

Government recommend to the West Bengal Madrasah Education Board, the Madrasahs for recognition on the basis of the list of District Inspecting Team received through the Central Selection Committee with is recommendation.

In respect of Senior Madrasah Government have constituted an Inspecting Team for inspection of the Senior Madrasahs and for submission of its recommendation through the West Bengal Madrasah Education Board for consideration of Government. The names of the Madrasahs so selected are recommended by the Government to the Board for recognition.

**Amount sanctioned for different departments**

321. ( Admitted question No. 1313. ) **Shri Abdul Karim Choudhury :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government had earmarke funds for sanction as margin money under the additionai employment schemes of different departments during the financial year (i) 1979-80, (ii) 1980-81 and (iii) 1981-82 ; and

(b) if so, the amount allocated and percentage of utilisation of such funds by the concerned department in the above financial years ?

**Minister-in-charge of the Development and Planning Department :** (a) (i), (ii) and (iii) Yes.

(b) 1979-80.

| | Amount allotted. Rs. in lakhs | % of utilisation of fund. |
|---|---|---|
| Home (Tr.) Department | 9.18 | 100 |
| C. & S. S. I. Department | 20.00 | 100 |

**1980-81**

| | Rs. in lakhs | |
|---|---|---|
| A. H. & V. S. Department | 2.00 | 50 |
| Y. S. Department | 10.84 | 100 |
| Home (Tr.) Department | 30.65 | 58.2 |
| C. & S. S. I. Department | 40.00 | 82.5 |
| W. B. Agro Industries Corpn. Ltd. | 0.50 | 100 |

**1981-82**

| | Rs. in lakhs | |
|---|---|---|
| Y. S. Department | 10.90 | 90.9 |
| Home (Tr.) Department | 40.00 | 99.8 |
| C. & S. S. I. Department | 35.00 | 100 |
| W. B. A. I. Corpn. Ltd. | 1.65 | 100 |

### Closed Jute Mills

322. ( Admitted question No. 1318. ) **Shri Atish Chandra Sinha** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has examined and/or assessed the "potential for viability" of the closed Jute Mills in West Bengal ; and

(b) if so—

(i) what are the findings ;

(ii) the number of closed jute mills which have some potentials for viability ; and

(iii) the number of closed jute mills which do not have potentials for viability ?

**Minister-in-charge of the Commerce and Industries Department** : (a) No. (b) Does not arise.

### সেচের জল না দেওয়া সত্বেও কর ধার্য

৩২৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৫। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্য** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়ূরাক্ষী প্রজেক্টের অন্তর্গত কেতুগ্রাম থানার এবং মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার বহু জমিতে সেচের জল না দেওয়া সত্বেও কর ধার্য করা হয় ; এবং

(খ) সত্য হইলে, উক্ত এলাকাগুলিতে সেচের জল সরবরাহে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়** : (ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

## পুরুলিয়া জেলায় টটক নদীর উপর সেতু নির্মাণ

৩২৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৯। ) **শ্রীসুভাষচন্দ্র মাহাত :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার অন্তর্গত বরাবাজার-বান্দোয়ান রাস্তার পিচের কাজ-সম্পূর্ণ হওয়া সত্ত্বেও টটক নদীর উপর কোন সেতু না থাকায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হইতেছে ;

(খ) সত্য হইলে, উক্ত নদীর উপর সেতু নির্মাণ না করার কারণ কি এবং কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত রাস্তাটি পিচ্ করতে কত টাকা ব্যয় হইয়াছে ?

**পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এবং (খ) টটক নদীর উপর সেতুর পরিবর্তে একটি কজ্‌ওয়ে আছে। অর্থাভাবের জন্য সেতু নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

(গ) রাস্তাটির নির্মাণের ব্যয় ৩০ লক্ষ টাকা ধরা হইয়াছে এবং ঐ পরিমাণ অর্থের একটি প্রাক্‌কলন ( এস্টিমেট ) মঞ্জুর করা হইয়াছে।

## ঝালদা হইতে ব্রজপুর রাস্তা নির্মাণ

৩২৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৪। ) **শ্রীসুভাষচন্দ্র মাহাত :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৫-৭৬ সালে পূর্ত বিভাগ কর্তৃক সার্ভে, প্ল্যানিং, এস্টিমেট প্রভৃতির কাজ সম্পাদিত হওয়া সত্ত্বেও পুরুলিয়া জেলার ঝালদা-১ ব্লকের অন্তর্গত ঝালদা হইতে ব্রজপুর রাস্তাটির কাজ আজও পর্যন্ত আরম্ভ হয় নাই ; এবং

(খ) সত্য হইলে (১) উক্ত রাস্তাটির কাজ না হওয়ার কারণ কি, এবং (২) কবে নাগাদ সম্পন্ন হইবে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এই রাস্তাটি এখনও পর্যন্ত পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়নি।

ভবিষ্যতে রাস্তাটি পরিকল্পনার অন্তর্ভুক্ত করা যাবে কিনা তা নির্ভর করছে ভবিষ্যতে পর্যাপ্ত পরিমাণ অর্থ সঙ্কুলানের ওপর।

## সাংস্কৃতিক ভবন নির্মাণে অর্থ মঞ্জুর

৩২৬। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৩। ) **শ্রীসুভাষ গোস্বামী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে কয়টি সাংস্কৃতিক মঞ্চ বা ভবন নির্মাণের জন্য রাজ্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) বাঁকুড়া জেলায় ছাতনা ব্লকে সাংস্কৃতিক ভবনটির অসমাপ্ত নির্মাণকার্য সমাধানকল্পে সরকারী অনুদান দেওয়ার কোন প্রস্তাব আছে কি ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৪টি সাংস্কৃতিক মঞ্চের জন্য মোট ২,১৫,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) বিবেচনাধীন আছে।

## ব্যারাকপুর মহকুমা কোর্টে স্থানাভাব

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমা কোর্টে স্থানাভাবের কথা সরকার অবগত আছেন কি ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইতেছে ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) উপযুক্ত বাড়ির বা জমির খোঁজ করা হইয়াছে কিন্তু পাওয়া যায় নাই। বর্তমানে ব্যারাকপুর লাটবাগানে প্রয়োজনীয় জমি যাহাতে পাওয়া যায় তাহার চেষ্টা করা হইতেছে। উক্ত জমি পাওয়া যাইলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে তথায় গৃহ নির্মাণের কাজ সুরু করা হইবে।

## জলপাইগুড়ি জেলায় উদ্বাস্তু শিবির

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭১।) **শ্রীসুশীল কুজুর :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় এখন পর্যন্ত কোথায় কোথায় আসাম হইতে আগত উদ্বাস্তুদের শিবির আছে ;

(খ) কোন্ শিবিরে কতজন উদ্বাস্তু আছেন ;

(গ) ঐসকল উদ্বাস্তুদের জন্য দৈনিক মাথাপিছু কত ব্যয় হয় ; এবং

(ঘ) ঐসকল আসাম উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কোন পরিকল্পনা আছে কিনা ?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আলিপুরদুয়ার মহকুমার অন্তর্গত যশোডাঙ্গা ও ডাঙ্গিতে।

(খ) যশোডাঙ্গাতে ১,৬৭৭ জন। ডাঙ্গিতে ৬,৪২০ জন।

(গ) ত্রাণ বিভাগ মারফত বর্তমানে মাথাপিছু দৈনিক ব্যয় ১ টাকা ২১ পয়সা।

(ঘ) পশ্চিমবঙ্গে পুনর্বাসনের কোনো পরিকল্পনা নাই।

## জলপাইগুড়ি জেলায় যুব কেন্দ্র

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭২।) **শ্রীসুশীল কুজুর :** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় মোট কতগুলি যুবকেন্দ্র আছে ; এবং

(খ) ১৯৮১-৮২ সালে ঐ সকল যুবকেন্দ্রের কোন্‌টির জন্য কত টাকা ব্যয় করা হয়েছে ?

**যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৩টি।

(খ) প্রতিটি যুবকেন্দ্রে মাহিনা ও ভাতা বাবদ খরচা নিম্নে দেওয়া হইল :

| | যুবকেন্দ্র | | মাহিনা ও ভাতা | বিভিন্ন পরিকল্পনা রূপায়নের জন্য খরচ |
|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা |
| (১) | আলিপুরদুয়ার ব্লক যুবকেন্দ্র-১ | ... | ৩১,৭৯৮.৩৫ | ৮৪,৪২৫.৬০ |
| (২) | আলিপুরদুয়ার ব্লক যুবকেন্দ্র-২ | ... | ২৫,৪০৯.৪৫ | ৭৭,৯৩৬.৫৮ |
| (৩) | কুমারগ্রাম ব্লক যুবকেন্দ্র | ... | ২০,৮২১.৩৯ | ১,৬৭,৭৯১.১৮ |
| (৪) | কালচিনি | ... | ২৯,৯৩৪.৬০ | ১,৬৫,৭৬৩.৯০ |
| (৫) | মাদারিহাট বীরপাড়া | ... | ২৪,৫৭৩.০৭ | ১,৮২,০৫৯.৫৭ |
| (৬) | ফলাকাটা | ... | ২৪,৯০৬৯০ | ৬.৬,৬৫৫.৭২ |
| (৭) | ধূপগুড়ি | ... | ৪৬,২১১.৬০ | ৬৯,৪৮২.২৭ |
| (৮) | ময়নাগুড়ি | ... | ২০,৪১৬.৩৭ | ১,১৭,৭০৭.৬৭ |
| (৯) | মাল | ... | ২৩,৭০১.৫০ | ৯৪,৮৯২.৭৮ |
| (১০) | মাতিয়ালি | ... | ২৫,২৮৯.৭৩ | ৭৬,৬৩২.২৭ |
| (১১) | নাগরাকাটা | ... | ২৬,৩১৩.৪৫ | ৫৫,১৪৮.৬০ |
| (১২) | রায়গঞ্জ | ... | ২৬,৪৩১.৩৫ | ৭০,৩৫৫.২৭ |
| (১৩) | সদর | ... | ২১,১২৭.৫৮ | ১,৮৭,২৯০.৮০ |
| | মোট টাকা | ... | ৩,৪৬,৯৩৫.৩৪ | ১৪,১৬,১৪২.২১ |

## কৃষি আয়কর ট্রাইবুনাল অফিসে শিক্ষাগত যোগ্যতাহীন করণিক

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৪।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিককালে কৃষি আয়করের ট্রাইবুনাল অফিসে ন্যূনতম যোগ্যতা ছাড়াই নিম্নবর্গীয় করণিক পদে কোনো ব্যক্তির নিযুক্তির সংবাদ সরকারের কাছে আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত ব্যক্তি কোন্ তারিখে ঐ পদে নিযুক্ত হন ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে। (খ) ১১-২-৭৪ তারিখে।

## শিল্প বোর্ডে সরকারী প্রার্থী

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৮।) **শ্রীসুমন্তকুমার হীরা :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কেন্দ্রীয়সিল্ক বোর্ডে রাজ্য সরকারের কতজন মনোনীতপ্রার্থী আছেন ;

(খ) বর্তমান বর্ষে উক্ত বোর্ডের প্রার্থী পদে মনোনয়নের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট নাম প্রেরিত হয়েছে কিনা ; এবং

(গ) হয়ে থাকলে, তাঁদের নাম কি ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) একজন। (খ) হ্যাঁ।

(গ) ১। ডিরেক্টর, সেরিকালচার।

২। শ্রীদীনেশচন্দ্র জোয়ারদার।

## হাওড়া পৌরসভার "সংগ্রাম কমিটির" ধর্মঘট

৩৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৬। ) **শ্রীঅশোক ঘোষ :** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া পৌরসভায় "সংগ্রাম কমিটী" গত বছরে ৫২ দিন ধর্মঘট করার পর যে চুক্তি হয় পৌর কর্তৃপক্ষ তা মানছেন না ; এবং

(খ) উক্ত "সংগ্রাম কমিটি" পুনরায় ধর্মঘটের নোটিশ দিয়াছেন কি ?

**স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ধর্মঘট ৫২ দিন নয়। ৫৩ দিন স্থায়ী ছিল। পৌর কর্তৃপক্ষের চুক্তি না মানার কোন প্রশ্ন নেই। চুক্তি মানা হচ্ছে। (খ) না।

## Tiickets of Asian Games

333. (Admitted question No. 1420.) **Shri Manas Bhunia :** Will the Mininister-in-charge of the Education (Sports) Department be pleased to state that—

(a) whether the Government of West Bengal is getting tickets for the forthcoming Asian Games ; and

(b) if so, how those tickets are going to be distributed ?

**Minister-in-charge of Education (Sports) Department :** (a) No.

(b) Does not arise.

## নন-ফরম্যাল বিদ্যালয়ের সংখ্যা

৩৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪২৪। ) **শ্রীঅনিল মুখার্জী :** শিক্ষা (সমাজ, অ-প্রথাগত শিক্ষা ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে '৮২ সালের মধ্যে পশ্চিমবাংলায় কতগুলি নন-ফরম্যাল বিদ্যালয় প্রতিষ্ঠিা হইয়াছে ( জেলাওয়ারী হিসাব ) ; এবং

(খ) ঐসব বিদ্যালয়ে মোট কতজন শিক্ষক নিয়োগ করা হইয়াছে ও তাঁহাদের বেতন কত ?

**শিক্ষা ( সমাজ, অ-প্রথাগত শিক্ষা ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

| (ক) | নন-ফরম্যাল বিদ্যালয় ( মাধ্যমিক ) | নন-ফরম্যাল বিদ্যালয় (৯-১১ বৎসর পর্যন্ত) |
|---|---|---|
| ১। কলিকাতা | ২৭ | ৯০ |
| ২। ২৪-পরগণা | ৩১৪ | ৭২৮ |
| ৩। নদীয়া | ২৫ | ১৫৫ |
| ৪। হাওড়া | ২২ | ১৬১ |
| ৫। মুর্শিদাবাদ | ২৮৩ | ৭৬ |
| ৬। বর্ধমান | ১৬৬ | ২০৫ |
| ৭। বীরভূম | ১২৫ | ৩২৮ |
| ৮। বাঁকুড়া | ১৫৫ | ৪৭৪ |
| ৯। হুগলী | ১৩৭ | ৩০১ |
| ১০। মেদিনীপুর | ৬১২ | ৮৮০ |
| ১১। পুরুলিয়া | ৬১ | ১৭১ |
| ১২। দার্জিলিং | ৬৪ | ৬১ |
| ১৩। জলপাইগুড়ি | ৭৯ | ৫৪ |
| ১৪। কোচবিহার | ৫৫ | ১৭৩ |
| ১৫। মালদহ | ১০৪ | ৭৮ |
| ১৬। পশ্চিম দিনাজপুর | ১২৪ | ১০৮ |

(খ) সমস্ত বিদ্যালয়ে নিযুক্ত মোট শিক্ষকের সংখ্যা ১২,৬৭২ জন এবং প্রতি শিক্ষকের মাসিক বেতন ৭৫ টাকা।

## মেদিনীপুর জেলার বিশ্ববিদ্যালয়টির জন্য আর্থিক সাহায্য

৩৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪২৮। ) **শ্রীঅনিল মুখার্জী ঃ** শিক্ষা ( উচ্চ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় যে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হইয়াছে তাহার জন্য মঞ্জুরী কমিশনের নিকট হইতে আর্থিক সাহায্যের কোন অনুমোদন পাওয়া গিয়াছে কিনা ;

(খ) পাওয়া গিয়া থাকিলে, উক্ত টাকার পরিমাণ কত ; এবং

(গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বিগত ৫ বছরে মোট কত টাকার আর্থিক সাহায্য বা অনুমোদন পাওয়া গিয়াছে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্নটি উঠে না।

(গ) যতদূর জানা গেছে কলিকাতা, যাদবপর, উত্তরবঙ্গ, কল্যাণী, বর্ধমান ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়গুলি গত পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের থেকে মোট ৭ কোটি ২৫ লক্ষ টাকা অনুদান পেয়েছে।

## শিশুপুষ্টি প্রকল্প

৩৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৩০। ) **শ্রীঅনিল মুখার্জী ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ হইতে ১৯৮২ সালের আগস্টের মধ্যে শিশুপুষ্টি প্রকল্পের আওতায় পশ্চিমবঙ্গের বিভিন্ন শহর ও গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ে কতজন শিশুকে আনা হয়েছে ;

(খ) উক্ত প্রকল্প কি এখনও চালু আছে ; এবং

(গ) চালু থাকিলে, ১৯৮২ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বাঁকুড়া জেলার জন্য কত টাকা বরাদ্দ হয়েছে ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ২৬,২১,০০০ জন।

(খ) হ্যাঁ।

(গ) ৭,০৫,০০০ টাকা।

## ফৌজদারী আদালত স্থাপন

৩৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৫০। ) **শ্রীনুরুলইসলাম চৌধুরী** এবং **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮১ সালের এপ্রিল মাস পর্যন্ত সময়ে এ রাজ্যে কতগুলি নতুন ফৌজদারী আদালত স্থাপন করা হইয়াছে ; এবং

(খ) কোন্ কোন্ স্থানে উক্ত আদালতগুলি স্থাপিত হইয়াছে ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৩টি নতুন ফৌজদারী আদালত স্থাপন করা হইয়াছে।

(খ) আলিপুর (১), ডায়মণ্ডহারবার (১), বসিরহাট (২), আসানসোল (১), তমলুক (১), শিয়ালদহ (১), লালবাগ (১), মেদিনীপুর, (১), চুঁচুড়া (১), কাটোয়া (১) এবং বাঁকুড়া (২)।

## মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় নতুন হাসপাতাল ও মাতৃসদন

৩৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৩। ) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** এবং **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় পঞ্চাশ বেডের হাসপাতাল ও মাতৃসদনের কাজকর্ম পর্যবেক্ষণ করার জন্য কোন বে-সরকারী কমিটি আছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত কমিটির সদস্যদের নাম কি ; এবং

(গ) উক্ত হাসপাতালের কয়টি বিভাগের কাজকর্ম চালু আছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বহির্বিভাগটির কাজকর্ম চালু করা হয়েছে ?

## মুর্শিদাবাদ জেলায় হাঙ্গামা দমনে সর্বদলীয় সভা

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৪।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** এবং **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুশিদাবাদ জেলার অন্তর্গত বেলডাঙ্গা থানার অধীন নওদা বিধানসভা কেন্দ্র, ভরতপুর বিধানসভা কেন্দ্রের শক্তিপুর গ্রাম ও বহরমপুর থানার অধীন কান্দি বিধানসভা কেন্দ্রের ষাটুই গ্রামে ১৩ই আগস্ট ১৯৮২ তারিখে হাঙ্গামা প্রশমনের উদ্দেশ্যে কোন সর্বদলীয় সভার বিষয়ে সরকার অবগত আছেন কিনা;

(খ) অবগত থাকলে, উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গৃহীত হইয়াছে কিনা;

(গ) উক্ত হাঙ্গামায় (১) কতজন আহত হইয়াছে; (২) কতজন নিহত হইয়াছে; এবং কতজন আসামীকে গ্রেপ্তার করা হইয়াছে;

(ঘ) এই ঘটনার কোন রাজনৈতিক দলের জড়িত থাকার খবর আছে কি; এবং

(ঙ) থাকিলে, সেই সকল রাজনৈতিক দলের নাম কি?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) ঐ হাঙ্গামা প্রশমনের উদ্দেশ্যে একটি সর্বদলীয় শান্তি কমিটি (পীস কমিটি) গঠিত হয়েছিল।

ঐ শান্তি কমিটি বিভিন্ন উপদ্রুত এলাকায় সভা করেন এবং শান্তিমিছিল পরিচালনা করেন।

(গ) (১) আহতের সংখ্যা ১৬ জন, (২) নিহতের সংখ্যা ৪ জন ও গ্রেপ্তারের সংখ্যা ১৪৫ জন।

(ঘ) না। (ঙ) প্রশ্ন উঠে না।

## কৃষি পেন্‌শান

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭২।) **শ্রীনীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে কতজন কৃষককে কৃষি পেনশান দেওয়া হয়েছিল; এবং

(খ) উক্ত সময়ে কৃষি পেন্‌শান পরিকল্পনায় সরকারের মোট কত টাকা ব্যয় হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে মোট ২১,৯৪৮ জন কৃষককে কৃষি পেন্‌শান দেওয়া হয়েছিল।

(খ) উক্ত সময়ে কৃষি পেন্‌শান পরিকল্পনায় সরকারের মোট ১,৬০,২৮,২৪২ টাকা ব্যয় হয়েছে।

## কল্যাণী স্পিনিং মিল

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৫।) **শ্রীনীহারকুমার বসু ঃ** রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বৎসরে কল্যাণী স্পিনিং মিলে লাভ-লোকসানের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত কারখানায় লোকসান হইলে, তাহার কারণ কি ?

**রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৮১-৮২ সালের হিসাব-নিকাশ এখনও চূড়ান্ত হয় নাই। তবে উক্ত সময়ে ক্যাশ লস (গ্র্যাচুইটি, সুদ, অবক্ষয় ইত্যাদি না ধরিয়া) ২০৫.৫৫ লক্ষ টাকার মত হইবে বলিয়া অনুমাণ হয়।

(খ) লোকসানের প্রধান দুইটি কারণ :—

(১) তুলা এবং অন্যান্য কাঁচামালের উচ্চহারে মূল্যবৃদ্ধি, কিন্তু সূতোর মূল্যবৃদ্ধি তদনুপাতে অনেক কম।

(২) উৎপাদন ক্ষমতার তুলনায় উৎপাদন না হওয়া।

## ব্যারাকপুরে দেওয়ানী আদালত স্থাপন

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৬।) **শ্রীনীহারকুমার বসু :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুরে দেওয়ানী আদালত স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত বিষয়ে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সরকার ব্যারাকপুরে দুইটি মুনসেফী আদালত স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন, কিন্তু উপযুক্ত বাড়ির অভাবে উক্ত আদালত-গুলি স্থাপনের সিদ্ধান্ত কার্যকর করা এখনও সম্ভব হয় নাই।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে ব্যারাকপুরে লাটবাগানে আদালত গৃহ নির্মাণের উদ্দেশ্যে সুবিধামত জমি সংগ্রহের চেষ্টা করা হইতেছে।

## পশ্চিমবঙ্গে শস্যবীমা প্রকল্প

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮০।) **শ্রীনীহারকুমার বসু :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ অঞ্চলে শস্যবীমা চালু করা হয়েছে ; এবং

(খ) ১৯৮২-৮৩ সালে এই প্রকল্প সম্প্রসারণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পশ্চিমবঙ্গে 'শস্যবীমা প্রকল্প' অঞ্চল ভিত্তিক চালু হইয়াছে। আউন, আউশ ও বোরো ধানের শস্যবীমা থানাভিত্তিক এবং আলুর শস্যবীমা মহকুমাভিত্তিক চালু হইয়াছে। বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) হ্যাঁ, সম্প্রসারণের পরিকল্পনা বিবেচনাধীন আছে।

*Statement referred to in reply to Unstarred Question No, 343 (Admitted Question No 1480)*

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| দার্জিলিং | শিলিগুড়ি<br>ফাঁসিদেওয়া<br>খড়িবাড়ী | খড়িবাড়ী | ... | ... |
| জলপাইগুড়ি | জলপাইগুড়ি<br>মাল<br>মেটিয়ালি<br>ময়নাগুড়ি<br>ধূপগুড়ি<br>আলিপুরদুয়ার<br>কালচিনি | রায়গঞ্জ<br>জলপাইগুড়ি<br>মেটিয়ালি<br>ময়নাগুড়ি<br>ফালাকাটা<br>আলিপুরদুয়ার<br>কুমারগ্রাম | ... | সদর |
| কুচবিহার | হলদিবাড়ি<br>মেখলিগঞ্জ<br>মাথাভাঙ্গা<br>কুচবিহার<br>তুফানগঞ্জ<br>দিনহাটা | হলদিবাড়ি<br>কুচবিহার<br>তুফানগঞ্জ | ... | মেখলিগঞ্জ<br>সদর<br>তুফানগঞ্জ |
| পশ্চিমদিনাজপুর | করণদিঘী<br>হেমতাবাদ<br>বংশীহারি<br>গঙ্গারামপুর<br>কুমারগঞ্জ<br>তপন<br>বালুরঘাট | ইসলামপুর<br>করণদিঘী<br>রায়গঞ্জ<br>হেমতাবাদ<br>কালীগঞ্জ<br>কুশমুণ্ডি<br>ইটাহার<br>বংশীহারি<br>গঙ্গারামপুর<br>তপন<br>বালুরঘাট | ... | ইসলামপুর<br>রায়গঞ্জ<br>সদর |
| মালদহ | হরিশ্চন্দ্রপুর<br>খারবা<br>রতুয়া<br>বামনগোলা<br>হবিবপুর<br>মালদহ | খারবা<br>গাজোল<br>বামনগোলা<br>হবিবপুর<br>মালদহ<br>ইংরেজবাজার | হরিশ্চন্দ্রপুর<br>রাতুয়া<br>হবিবপুর<br>মালদহ<br>গাজোল<br>চাঁচোল | .. |

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| মুর্শিদাবাদ | রঘুনাথগঞ্জ | সাগরদিঘী | ... | জঙ্গীপুর |
| | সাগরদিঘী | লালগোলা | | লালবাগ |
| | নবগ্রাম | ভগবানগোলা | | কান্দি |
| | খারগ্রাম | মুর্শিদাবাদ | | সদর |
| | বারওয়ান | বেলডাঙ্গা | | |
| | কান্দি | নওদা | | |
| | ভরতপুর | | | |
| নদীয়া | নাকাশিপাড়া | করিমপুর | কৃষ্ণনগর | |
| | ছাপড়া | নাকাশিপাড়া | শান্তিপুর | |
| | রাণাঘাট | রাণাঘাট | হাঁসখালি | |
| | চাকদা | চাকদহ | রাণাঘাট | |
| | | হরিণঘাটা | চাকদহ | |
| | | | হরিণঘাটা | |
| ২৪-পরগণা | গাইঘাটা | বনগাঁ | বনগাঁ | |
| | হাবড়া | গাইঘাটা | গাইঘাটা | |
| | দেগঙ্গা | হাবড়া | হাবড়া | |
| | ক্যানিং | বারাসাত | দেগঙ্গা | |
| | কাকদ্বীপ | আমডাঙ্গা | স্বরূপনগর | |
| | স্বরূপনগর | বসিরহাট | | |
| | বাদুরিয়া | হারোয়া | | |
| | দসিরহাট | | | |
| | হারোয়া | | | |
| | হাসনাবাদ | | | |
| | সন্দেশখালি | | | |
| হাওড়া | জগতবল্লভপুর | | | উলুবেড়িয়া |
| | আমতা | | | |
| | উলুবেরিয়া | | | |
| | শ্যামপুর | | | |
| হুগলী | গোঘাট | গোঘাট | গোঘাট | |
| | আরামবাগ | পাণ্ডুয়া | আরামবাগ | |
| | ধনিয়াখালি | | খানাকুল | আরামবাগ |
| | পাণ্ডুয়া | | | সদর |
| | বলাগড় | | | চন্দননগর |
| | চুঁচুড়া | | | শ্রীরামপুর |
| | পোলবা | | | |
| | সিঙ্গুর | | | |
| | ভদ্রেশ্বর | | | |
| | জঙ্গীপুর | | | |

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| বর্ধমান | কাঁকসা | মেমারী | কাটোয়া | সদর |
| | আউসগ্রাম | কালনা | মন্তেশ্বর | কাটোয়া |
| | গলসী | | | কালনা |
| | খণ্ডঘোষ | | | |
| | রায়না | | | |
| | মেমারী | | | |
| | ভাতার | | | |
| | মঙ্গলকোট | | | |
| | কাটোয়া | | | |
| | মন্তেশ্বর | | | |
| | কালনা | | | |
| বীরভূম | মুররই | | লাভপুর | রামপুরহাট |
| | নলহাটি | | | সদর |
| | রামপুরহাট | | | |
| | ময়ূরেশ্বর | | | |
| | রাজনগর | | | |
| | খয়রাসোল | | | |
| | দুবরাজপুর | | | |
| | সাঁইথিয়া | | | |
| | বোলপুর | | | |
| | লাভপুর | | | |
| বাঁকুড়া | সালতোড়া | | | সদর |
| | গঙ্গাজলঘাটি | | | বিষ্ণুপুর |
| | ছাতনা | | | |
| | বাঁকুড়া | | | |
| | ওন্দা | | | |
| | ইন্দপুর | | | |
| | সোনামুখী | | | |
| | পাত্রসায়র | | | |
| | জয়পুর | | | |
| | ইন্দাস | | | |

| জেলার নাম | আমন ধান | আউশ ধান | বোরো ধান | আলু |
|---|---|---|---|---|
| | থানা | থানা | থানা | মহকুমা |
| মেদিনীপুর | ঝাড়গ্রাম | | সাবং | সদর |
| | গোপীবল্লভপুর | | পিংলা | ঘাটাল |
| | সাঁকরাইল | | ডেবরা | তমলুক |
| | নয়াগ্রাম | | ঘাটাল | কাঁথি |
| | সাবং | | দাসপুর | |
| | পিংলা | | পাঁশকুড়া | |
| | ডেবরা | | ময়না | |
| | শালবনি | | তমলুক | |
| | ঘাটাল | | পটাশপুর | |
| | দাসপুর | | | |
| | পাঁশকুড়া | | | |
| | মহিষাদল | | | |
| | সুতাহাটা | | | |
| | পটাশপুর | | | |
| | খেজুরি | | | |
| পুরুলিয়া | ঝালদা | | | |
| | জয়পুর | | | |
| | আরশা | | | |
| | বাগমুণ্ডি | | | |
| | সাণ্টুয়ারি | | | |
| | হুড়া | | | |
| | পুঞ্চা | | | |
| | মানবাজার | | | |
| | বাণ্ডুয়ানি | | | |
| | গৌরাহাটি | | | |

## বীরভূম জেলায় বিস্ফোরক তৈয়ারীর কারখানা নির্মাণ

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় বিস্ফোরক (এক্সপ্লোসিভ) তৈয়ারীর কারখানার নির্মাণ-কার্য কবে নাগাদ সম্পূর্ণ হইবে ; এবং

(খ) এই কারখানায় কত লোকের কর্মসংস্থান হইবে ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮৩ সালের মাঝামাঝি নাগাদ এই প্রকল্পটির নির্মাণকার্য সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(খ) প্রথম পর্যায়ে আনুমানিক সর্বমোট ৪০৪ জনের কর্মসংস্থান সম্ভব হবে।

**হলদিয়া শিল্পাঞ্চলে পরিবেশ দূষণ**

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৬।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া শিল্পাঞ্চলের পরিবেশ দূষণ প্রতিরোধের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

**পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আছে।

(খ) হলদিয়া অঞ্চলের দূষণ প্রতিরোধ করিবার জন্য ওয়াটার (প্রিভেনসান অ্যাণ্ড কংট্রোল অব পলিউসান) অ্যাক্ট, ১৯৭৪ এবং এয়ার (প্রিভেনসান অ্যাণ্ড কংট্রোল অব পলিউসান) অ্যাক্ট, ১৯৮১—এই দুইটি আইনে যে সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশ আছে সেগুলি প্রয়োগ করা হইতেছে।

ইহা ছাড়াও হলদিয়া শিল্প নগরীর জন্য একটি টাস্ক ফোর্স গঠন করা হইয়াছে। এই টাস্ক ফোর্স-এর কাজ কলকারখানাগুলির দূষণকারী বিষয়গুলির উপর দৃষ্টি রাখা।

**Industrial Housing Scheme at Haldia**

346. (Admitted question No. 1487.) **Shri Lakshman Chandra Seth**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government has any scheme for industrial Housing at Haldia ; and

(b) if so the steps so far taken in this regard ?

**Minister-in-charge of the Commerce and Industries Deartment :** (a) Yes.

(b) So far 756 units of accommodation (in 4 types) under the Industrial Housing Project at Haldia have been constructed and allotted to the Indian Oil Corporation Ltd., Hindustan Fertilizer Corporation Ltd., other manufacturing and construction Units. Same flats have also been given to Banks and others who are connected with development of industrial infrastructure of Haldia and maintenance of law and order there.

**Master Plan for the Developmet of Haldia**

347. (Admitted question No. 1490.) **Shri Lakshman Seth** : Will the Minister in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government has any scheme for preparation of a Master Plan for the development of Haldia : and

(b) if so, the steps so far taken by the Government in the matter ?

**Minister-in-charge of the Development and Planning Department :** (a) The Haldia Development Authority which has been set up by the Government will prepare a development plan for Haldia.

(b) The Haldia Development Authority has taken steps to prepare Land Use Map and Land Register as a preliminary to preparation of a development plan.

## মাধ্যমিক শিক্ষকদের নতুন বেতন হার চালু

৩৪৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৯১। ) **শ্রীশীশ মহম্মদ ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পে-কমিশনের সুপারিশ সরকার কর্তৃক স্বীকৃতিলাভের পর মাধ্যমিক স্তরের শিক্ষকগণের ক্ষেত্রে নূতন বেতন চালু করা হইয়াছে কিনা ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কোন্ তারিখ হইতে চালু করা হইয়াছে ; এবং

(গ) ইহা কি সত্য যে প্রতি বছর মার্চ মাসের পর ২/৩ মাস পর্যন্ত শিক্ষকেরা সময়মত বেতন পান না ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১লা এপ্রিল ১৯৮১ হইতে চালু করা হইয়াছে।

(গ) না, তবে দু-একটি ক্ষেত্রে শিক্ষকদের বেতন পেতে বিলম্ব হতে পারে।

## হিলোড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র

৩৪৯। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৪। ) **শ্রীশীশ মহম্মদ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সুতী থানার অধীন হিলোড়া উপ-স্বাস্থ্যকেন্দ্রে বহুদিন থেকে ডাক্তার নেই ; এবং

(খ) সত্য হইলে, উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) শীঘ্রই ডাক্তার নিয়োগের চেষ্টা করা হচ্ছে।

## জেলা পরিষদের অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট

৩৫০। ( অনুমোদিত প্রশ্ন নং ১৫১১। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কয়টি জেলা পরিষদ তাহাদের অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট সরকারের নিকট পেশ করিয়াছেন ;

(খ) উক্ত রিপোর্ট কোন্ সাল পর্যন্ত পেশ করা হইয়াছে, ( জেলাওয়ারী হিসাব ) ; এবং

(গ) যে সমস্ত জেলা পরিষদ এখনও পর্যন্ত রিপোর্ট পেশ করেন নাই তাহাদের ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৭৭-৭৮ সালের পর তেরটি জেলা পরিষদ তাঁহাদের অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট সরকারের নিকট পেশ করিয়াছেন।

(খ) জেলা পরিষদগুলি নিম্নোক্ত সাল পর্যন্ত তাঁহাদের রিপোর্ট পেশ করিয়াছেন। যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| (১) | ২৪-পরগণা | ... | ১৯৮১-৮২ সাল পর্যন্ত (১৯৭৯-৮০ সাল বাদে) |
| (২) | পশ্চিম দিনাজপুর | ... | ১৯৮১-৮২ সাল পর্যন্ত |
| (৩) | বাঁকুড়া | ... | ১৯৮০-৮১ সাল পর্যন্ত |
| (৪) | মেদিনীপুর | ... | ,, |
| (৫) | মুর্শিদাবাদ | ... | ,, |
| (৬) | পুরুলিয়া | ... | ,, |
| (৭) | কুচবিহার | ... | ,, |
| (৮) | দার্জিলিং | ... | ,, |
| (৯) | মালদহ | ... | ,, |
| (১০) | বর্দ্ধমান | ... | ১৯৭৯-৮০ সাল পর্যন্ত |
| (১১) | হুগলী | ... | ,, |
| (১২) | নদীয়া | ... | ,, |
| (১৩) | জলপাইগুড়ি | ... | ,, |

(গ) শুধুমাত্র বীরভূম এবং হাওড়া জেলা পরিষদ থেকে ১৯৭৭-৭৮ সালের পর কোন অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট পাওয়া যায় নাই।

রিপোর্ট প্রদানের ব্যাপারে পিছিয়ে পড়া প্রতিটি জেলা পরিষদকে নিয়মিতভাবে পঞ্চায়েত বিভাগ এবং পঞ্চায়েত অধিকার থেকে তাগাদা দেওয়া হচ্ছে এবং জেলা পরিষদগুলি থেকে তাড়াতাড়ি অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট পাঠাবার জন্য জেলা পঞ্চায়েত আধিকারিকদের যোগাযোগ করতে বলা হয়েছে।

## ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশন

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৬।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশন মুর্শিদাবাদ ও মালদা জেলায় ১৯৮২ সালের ৩১শে আগস্ট পর্যন্ত কয়টি শিল্প ইউনিটকে সাহায্য করেছে ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** এ পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশনের তরফ থেকে ঐ দুটি জেলায় কোনও শিল্প ইউনিটকে সাহায্য করা হয় নি।

## Loans disbursement for LIG and MIG flats

352. (Admitted question No. 1537.) **Sri Dhirendra Nath Sarkar:** Will the Minister-in-charge of Housing Department be pleased to state—

(a) if it it a fact that the West Bengal State Co-operative Housing Federation has granted House Building loans to persons of Low Income and middle Income groups.

(b) if so—

(i) the amount of loan disbursed by the Federation during the tenure of the present Government (from July, 1977 to July, 1982); and

(ii) the percentage of recovery of dues of such loans which had become recoverable during the period mentioned above?

**Minister in-charge of Housing Department** : (a) Yes, it is a fact.

(b) Position of disbursement (i) M.I.G.—741.05 lakhs, L.I.G. 167.49 lakhs.

(ii) Percentage of recovery 56.32

## রাইটার্স বিল্ডিংস্-এ চা, পান ও বিড়ির দোকান

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫২।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাইটার্স বিল্ডিংস্ এবং নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস্-এর ভিতরে কিছু চা, খাবার এবং পান বিড়ি সিগারেটের দোকান আছে ;

(খ) সত্য হ'লে, এই দোকানগুলি উক্ত বিল্ডিংস্-এর কর্মচারী বা তাদের আত্মীয়দের দ্বারা কি পরিচালিত ; এবং

(গ) উক্ত দোকানগুলি হইতে ভাড়া বাবত মাসিক কত টাকা সরকারের আয় হয় ?

**পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। (খ) না।

(গ) মাসিক ৩৭৫ টাকা।

## নকশাল রূপে বর্ণিত ব্যক্তিদের গ্রেপ্তারের সংখ্যা

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৬।) **শ্রীসত্য ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে নকশাল রূপে বর্ণিত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে,

(১) হত্যার অপরাধে গ্রেপ্তারের সংখ্যা কত, ও (২) ধৃত ব্যক্তিদের মধ্যে কতজন বর্তমানে জামিনে মুক্ত আছেন ?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১,৪০৯ জন।

(খ) (১) ৯৪৪ জন, (২) ১০২ জন।

## কলিকাতায় দূষিত পরিবেশ

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮১।) **শ্রীসুবোধ ওরাওঁ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কলকাতা মহানগরীর নিকটে অনেকগুলি কলকারখানা থাকার জন্য মহানগরীর পরিবেশ দূষিত হচ্ছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত কারণে পরিবেশ দূষিত হওয়ার জন্য জন-স্বাস্থ্যের কো প্রকার অনিষ্ট হওয়ার সম্ভাবনা আছে কি ?

**পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সত্য। (খ) আছে।

## কাঁঠালবাড়ী মৌজায় পানীয় জল সরবরাহ

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৫।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় দোমহানী ১নং গ্রাম পঞ্চায়েতের কাঁঠালবাড়ী মৌজা পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ;

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা কর যায় ; এবং

(গ) কোন্ কোন্ গ্রাম এই প্রকল্পের আওতায় পড়িবে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ

(খ) পরিকল্পনাটি কেন্দ্রীয় পূর্ত ও গৃহনির্মাণ মন্ত্রনালয়ের কারিগরী অনুমোদনে জন্য পাঠান হয়েছে। কেন্দ্রীয় সরকারের কারিগরী অনুমোদন এবং রাজ্য সরকারে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেলে পরিকল্পনাটির কাজ হাতে নেওয়া হবে।

(গ) চারটি মৌজা, যথা—(১) উত্তর মরিচবাড়ী, (২) দোমোহনী, (৩ কাঁঠালবাড়ী, এবং (৪) উত্তর মনামারী।

## ময়নাগুড়িতে রেগুলেটেড মার্কেট

৩৫৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৮। ) **শ্রীতারকবন্ধু রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি সদর মহকুমায় ময়নাগুড়িতে রেগুলেটেড মার্কেট নির্মাণের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ;

(খ) থাকিলে, কবে নাগাত এই রেগুলেটেড মার্কেট সরকারী মঞ্জুরী পাইবে ; এবং

(গ) এই রেগুলেটেড মার্কেটের আওতাভুক্ত এলাকাগুলির নাম কি ?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) রেগুলেটেড মার্কেট নির্মাণের প্রস্তাব আপাতত নাই, তবে ঐ এলাকা বাজার এলাকা হিসাবে প্রজ্ঞাপিত করিয়া একটি বাজার সমিতি গঠনের প্রস্তাব আছে।

(খ) এখনও বলা যায় না।

(গ) প্রস্তাবিত বাজার এলাকার মধ্যে ময়নাগুড়ি, মাল, মিটিয়ালী ও নাগরাকাটা থানা এলাকা অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে।

## Sick and Closed Jute Mills

358. ( Admitted question No. 1602 ) **Shri Subrata Mukherjee** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any information with regard to owner of some sick and/or closed Jute Mills in West Bengal acquiring Industrial Units in other State ;

(b) if so—

(i) the number of such Jute Mills owners who have acquired Industrial Units in other States ; and

(ii) the steps, if any, taken by the State Government in the matter ?

**Minister-in-Charge of the Commerce and Industris Department :** (a) No.

(b) (i) Does nat arise ;

(ii) Does not arise ;

## পশ্চিমবঙ্গে ডেয়ারীর সংখ্যা

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৪।) **শ্রীসুমন্তকুমার হীরা :** ডেয়ারী উন্নয়ন দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট ডেয়ারীর সংখ্যা কত ?

(খ) উক্ত ডেয়ারীর মধ্যে কতগুলি সমবায় ভিত্তিক এবং কতগুলি সরকার পরিচালিত ; এবং

(গ) ডানকুনি মাদার ডেয়ারী পরিচালনায় রাজ্য সরকারের কোন ভূমিকা আছে কিনা ?

**পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) দপ্তরের মন্ত্রিমহাশয় :** (ক) ৬টি। এগুলি হরিণঘাটা, বেলগাছিয়া (কলিকাতা), দুর্গাপুর, বর্ধমান, মাটিগড়া এবং ডানকুনিতে অবস্থিত।

(খ) উপরোক্ত ডেয়ারীগুলির মধ্যে ৪টি যথা হরিণঘাটা, বেলগাছিয়া, দুর্গাপুর এবং বর্ধমান ডেয়ারীগুলি সরকার পরিচালিত মাটিগাড়া ডেয়ারীটি হিমালয়ান কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স লিঃ ইউনিয়ন (হিমুল) নামক সমবায় প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য সরকার অনুমতি দিয়েছেন। ডানকুনি ডেয়ারীটির পরিচালনাভার ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেণ্ট বোর্ড-এর উপর ন্যস্ত আছে।

(গ) প্রত্যক্ষ কোনও ভূমিকা না থাকিলেও ইহা পশ্চিমবঙ্গ সরকারেই একটি সংস্থা।

## Formation of armbattalion to help Corporation authorities

360. (Admitted question No. 1646.) **Shri Aabdul Mannan :** Will the Minister-in-charge of the Local Government & Urban Development Department be pleased to state—

(a) whether Calcutta Corporation has any proposal to form arm battalion to help Corporation authorities in dimolishing works ;

(b) if so—

(i) what is the present position ; and

(ii) what are the financial implications of maintaining the arm battlion as proposed by the Corporation ?

**Minister-in-charge of the Local Government and Urban Developme Department :** (a) In may, 1982 the Corporation of Calcutta submitted a pro posal to the Government to raise a Company of Calcutta Police for Suppor ing law enforcemens activities under the Calcutta Municipal Act, 1951, whic are inter alia as follows—

(i) Execution of Distrees Warrants on defaulter of tax and other fees ;

(ii) Removal of hawkers and squatters ;

(iii) Prevention of unautborised building constructions, and

(iv) Protection of certain vital Corporation properties in certain areas.

(b) (i) The proposal is still under consideration of the State Govern ment.

(ii) The estimated expenditure of this account will be about Rs. 13.3: lakhs per annum.

### Ceramic Industrial Estates

361. ( Admitted question No. 1654. ) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether there is any proposal to set up Ceramic Industrial Estates in West Bengal ; and

(b) if so, the steps, if any, taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Cottage and Small ScaleIndustries Department :**

(a) There is proposal for setting up a Ceramic Industrial Estate in Bankura district of West Bengal.

(b) A detalied Project Report has been worked out by Messrs WEB-CON and the said Report is now under examination of a committee.

### Entry fee for Zoological Garden

362. (Admitted question No. 1673.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) whether the State Government has approved the increase in the entry fee for the Zoological Garden in Calcutta ?

(b) if so—

(i) the reasons thereof ; and

(ii) to what extent it is likely to augment the revenue earnings of the Zoo ?

**Minister-in-charge of the Environment Department :** (a) Yes.

(b) To meet the deficit of the Zoological Garden.

(ii) About Rs. 10.00 lakhs per annum.

**Collection of money by Non-Banking Financial Institutions**

363. (Admitted question No. 1675.) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has any information about the non-banking financial institutions in West Bengal collecting money by assuring lucrative rates of interests to depositors ; and

(b) if so—

(i) the number of such cases which have come to the notice of the State Government during the period from June 1977 to July 1982 ;

(ii) the amount of money assessed by such non-banking financial institutions during the period mentioned above ; and

(iii) the steps contemplated by the Government, if any, to protect the depositors particularly those belonging to low income and middle income groups ?

**Minister-.n-charge of the Fjnancial Department :** (a) Yes.

(b) (i) At the time of enforcing the provisions of the Prize Chits and Money Circulation Schemes (Banking) Act, 1978 in August, 1679 activities of 113 non-banking financial campanies came to the notice of this Government. Subsequently, from time to time, activities of several other non-banking financial companies also came to the notice of this Government.

(ii) Information not available with this Government.

(iii) This, being a central subject, attention of the Central Government was drawn to the undesirable activities of non-banking financial companies for taking necessary action,

**Commissioning of 5th Unit of Bandel Thermal Power Station**

364. (Admitted question No. 1676.) **Shri Abdul Mannan** ; Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the target date of commissioning of the 5th Unit of Bandel Thermal Power Station with capacity of generation of 210 M.W. of energy ;

(b) the likely date of commissioning as per present schedule ; and

(c) reasons for delay, if any ?

**Minister-in-charge of the Power Department** : (a) Target date of commissioning of the 5th Unit of Bandel Thermal Power Station was June, 1980.

(b) The likely date of commissioning, i.e., commercial operation as per present schedule is December, 1ь82.

(c) Delay in handing over working site to the contructor, delay by various contractors either in delivery of instruments or in erection work are the main reasons for which the 5th Unit of the Power Station could not be commissioned in due time.

## আসানসোল বিদ্যুৎ কোম্পানী

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮১।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** বিদ্যু বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা সেপ্টেম্বর ১৯৮২ পর্যন্ত আসানসোল বিদ্যুৎ সরবরাহ কোম্পানীর অনাদায়ী বিদ্যুৎ শুল্কের পরিমাণ কত ;

(খ) ঐ শুল্ক আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা করেছেন ;

(গ) মালিকানা হস্তান্তরের পূর্বের সমস্ত কর্মী রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মীরূপে নিযুক্ত হয়েছেন কিনা ;

(ঘ) না হয়ে থাকলে তার কারণ কি ;

(ঙ) এঁদের কাজে অসহযোগিতা সম্পর্কে কোন অভিযোগ সরকার পেয়েছেন কি ?

***বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ*** *(ক) প্রায় তিন কোটি টাকা।*

*(খ) অনাদায়ী বিল আদায়ের জন্য নতুন লোক নিয়োগ করা হয়েছে।*

(গ) না। পূর্বতন আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীর ২১৪ জন কর্মীর মধ্যে ১৮৪ জন কর্মী বিদ্যুৎ পর্ষদের শর্তাধীন নিয়োগপত্র গ্রহণ করতে অস্বীকার করেছে।

(ঘ) উক্ত ১৮৪ জন কর্মী কলিকাতা হাইকোর্টে সংবিধানের ২২৬ ধারা মতে মামলা করার জন্যই তাদের নিয়োগ বাকী আছে।

(ঙ) হ্যাঁ।

## আসানসোল মহকুমায় ফিডার রোড মেরামত

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৫।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) আসানসোল মহকুমায় ফিডার রোডের সংখ্যা কত ?

(খ) ইহা কি সত্য যে, উক্ত রাস্তাগুলি দীর্ঘকাল যাবত মেরামত হয় নাই ;

(গ) সত্য হইলে, উক্ত রাস্তাগুলি মেরামতের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) মোট ১৩টি।

(খ), (গ) ও (ঘ) সড়কগুলি কেন্দ্রীয় অর্থসাহায্যে কয়লা অধ্যুষিত এলাকায় সড়ক নির্মাণ প্রকল্পাধীনে নির্মিত হয়। নির্মাণ-কার্য শেষ হবার পর কেন্দ্রীয় সরকার এযাবদ আর কোন অর্থ দেন নাই। স্বাভাবিকভাবে এগুলি মেরামতির কাজ রাজ্য সরকারের ঐ খাতে বরাদ্দ থেকে করা হয়। যখন যতটা অর্থ সঙ্কুলান করা গেছে ততটা মেরামতির কাজ করা হয়েছে এবং সড়কগুলি যাতে যানবাহন চলাচলের অনুপযুক্ত না হয়ে পড়ে সেদিকে দৃষ্টি দেওয়া হচ্ছে। রাজ্যের আর্থিক অবস্থার উন্নতি না ঘটলে ব্যাপক ভাবে মেরামতির কাজ হাতে নেওয়া সম্ভব নয়।

## কল্যাণপুর আবাসন পর্ষদের জমি বিক্রয়

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৬।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কল্যাণপুর আবাসন পর্ষদের অন্তর্গত জমি খণ্ড করে বিক্রয়ের জন্য ঘোষণা করা হয়েছে; এবং

(খ) সত্য হলে—

(১) উক্ত জমি কাঠা প্রতি কত দর ধার্য হয়েছে। এবং

(২) কিসের উপর ভিত্তি করে?

**আবাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) দর কাঠাপ্রতি ১০,০০০ (দশ হাজার) টাকা ধার্য হয়েছে।

(২) জমি অধিগ্রহণ বাবত খরচ, বাসোপযোগী করবার জন্য জলের ব্যবস্থা, নিকাশী, রাস্তাঘাটা, আলো ইত্যাদি বাবত ব্যয় এবং লগ্নীকৃত অর্থের সুদ।

## এ্যাক্সিলারেটের ওয়াটার সাপ্লাই কর্মসূচী

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৩।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীন জলসরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৮১-৮২ আর্থিক বৎসরে এ্যাক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই কর্মসূচীতে কোন্ কোন্ প্রকল্প মঞ্জুর হইয়াছে এবং প্রতিটিতে বরাদ্দ অর্থের পরিমাণ কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ১৯৮১-৮২ আর্থিক বৎসরে এ্যাক্সিলারেটেড জলসরবরাহ প্রকল্পের আওতায় মোট ৫,১৮,০৭,৮০০ টাকা ব্যয়ে ২০টি গ্রামীণ নলবাহিতে জলসরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়েছে। এ বিষয়ে বিস্তৃত তথ্যাদি নিম্নে দেওয়া হল:—

| | প্রকল্পের নাম | জেলার নাম | মঞ্জুরীকৃত অর্থ টাকা |
|---|---|---|---|
| ১। | কোতোয়ালী বস্তি | দার্জিলিং | ১,১০,০০০ |
| ২। | মহানদী বস্তি | ” | ১,৭১,২০০ |
| ৩। | মিম বস্তি | ” | ১,১১,৩০০ |
| ৪। | পোখরিব ডারাগাঁ | ” | ১,৪৭,৬০০ |
| ৫। | অগ্রদ্বীপ ও কাশিপুর | বর্ধমান | ১৮,৬০,০০০ |
| ৬। | মঙ্গলকোট ও নূতনহাট | ” | ১১,০৭,০০০ |
| ৭। | বাগিলা ও সন্নিহিত মৌজা | ” | ১৭,০৪,০০০ |
| ৮। | সবং ও সন্নিহিত এলাকা | মেদিনীপুর | ২৫,৮০,০০০ |
| ৯। | দেবীপুর ও সন্নিহিত এলাকা | ২৪-পরগণা | ১৪,৮২,০০০ |
| ১০। | দক্ষিণ ছাতরা ও সন্নিহিত এলাকা | ” | ৪৪,২২,০০০ |
| ১১। | গোকনা ও সন্নিহিত এলাকা | ” | ৩১,৭৮,০০০ |
| ১২। | হরিহর পাড়া ও চোয়া | মুর্শিদাবাদ | ২০,৫৮,০০০ |

| | প্রকল্পের নাম | | জেলার নাম | | মঞ্জুরীকৃত অর্থ টাকা |
|---|---|---|---|---|---|
| ১৩। | এনায়েতপুর ও সন্নিহিত এলাকা | ... | হুগলী | ... | ৩১,৮৩,০০০ |
| ১৪। | বনহরিশপুর ও সন্নিহিত এলাকা | ... | ” | ... | ৩৩,৪৫,০০০ |
| ১৫। | পূর্ব রামনগর ও সন্নিহিত এলাকা | ... | ” | ... | ২২,১২,০০০ |
| ১৬। | উদয় নারায়ণপুর ও সন্নিহিত একাকা | ... | হাওড়া | ... | ৫১,৪৭,০০০ |
| ১৭। | বানেশ্বর ও সন্নিহিত এলাকা | ... | কোচবিহার | ... | ২৩,০২,০০০ |
| ১৮। | হাসিমারা ও সন্নিহিত এলাকা | ... | জলপাইগুড়ি | ... | ২৮,৬৯,০০০ |
| ১৯। | হাবিবপুর ও সন্নিহিত এলাকা | ... | নদীয়া | ... | ৩৫,৩৩,০০০ |
| ২০। | সরবেরিয়া ও সন্নিহিত এলাকা | ... | বাঁকুড়া | ... | ১,০২,৮৬,০০০ |
| | | | মোট | | ৫,১৮,০৭,০০০ |

## গোঘাট থানা এলাকার সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে গোয়েন্দা রিপোর্ট

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৬।) **শ্রীআবদুল মান্নান:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ মহকুমার গোঘাট থানার অন্তর্ভুক্ত এলাকার সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কিত কোন গোয়েন্দা রিপোর্ট রাজ্য সরকার পেয়েছেন কি;

(খ) পেয়ে থাকলে:—

(১) ঐ রিপোর্টের মূল বিষয়বস্তু কি, ও

(২) এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) না।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

## বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ে গভর্নিং বডি কর্তৃক অশিক্ষক কর্মচারী নিয়োগ

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৮।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ:** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ে ১২ জন অশিক্ষক কর্মচারী গভর্নিং বডি কর্তৃক নিযুক্ত হয়েছেন;

(খ) সত্য হলে, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে সরকারী নিয়োগ পদ্ধতি কি এক্ষেত্রে মানা হয়েছিল; এবং

(গ) না মানা হয়ে থাকলে, কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) যতদূর জানা যায়, হ্যাঁ।

(খ) ও (গ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বেসরকারী কলেজে শিক্ষা কর্মী নিয়োগ ঐ বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটিউটস্-এ বর্ণিত ধারা অনুসারে হয়। বেসরকারী কলেজে শিক্ষা কর্মী নিয়োগ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে আবশ্যিক নয়। জানা যায় বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয় শিক্ষা নিয়োগের ব্যাপারে স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে জানিয়েছিল এবং পত্রিকাতে বিজ্ঞাপন দিয়েছিল এবং কলেজে একটি নির্বাচন কমিটি গঠন করে আবেদনকারীদের মধ্য থেকে প্রার্থী নির্বাচন করে।

## পঞ্চায়েত প্রধানদের মাসিক মাহিনা ও অন্যান্য ভাতা

৩৭১। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৯। ) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে গ্রাম পঞ্চায়েতের প্রধানদের মাসিক মাহিনা ও অন্যান্য ভাতা কত ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** গ্রাম পঞ্চায়েতের প্রধানদের কান মসিক মাহিনা দেওয়া হয় না। তবে তাঁদের সরকার থেকে মাসিক ১০০ টাকা হিসাবে সম্মানী ভাতা ( অনরিয়াম ) দেওয়া হয়ে থাকে।

## আলিপুরদুয়ারনিউ কোচবিহার হইতে কলিকাতা পর্যন্ত অতিরিক্ত রেলগাড়ী চালু করার প্রস্তাব

৩৭২। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৪১। ) **শ্রীমণীন্দ্রনাথ বর্মা ও শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) আলিপুরদুয়ার/নিউ কোচবিহার হইতে কলিকাতা পর্যন্ত নর্থ বেঙ্গল এক্সপ্রেস বা অনুরূপ কোনও অতিরিক্ত রেলগাড়ী চালু করিবার জন্য ৮ম বিধানসভা হইতে যে প্রস্তাব কেন্দ্রীয় রেল দপ্তরের নিকট প্রেরিত হইয়াছিল তাহার অগ্রগতি বা পরিণতি সম্পর্কে কোন তথ্য সরকারের কাছে আছে কি ; এবং

(খ) থাকিলে, উহার ফলাফল কিরূপ ?

**স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কেন্দ্রীয় রেলমন্ত্রকের অভিমত এখনও জানা যায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## তুফানগঞ্জ মহকুমায় ফরেষ্ট পর্যটন কেন্দ্র স্থাপন

৩৭৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৩। ) **শ্রীমণীন্দ্রনাথ বর্মা** এবং **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমার আটিয়ামোচর অরণ্যে পর্যটন কেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, বর্তমানে উক্ত প্রস্তাব—

(১) কোন্ পর্যায়ে আছে,

(২) কবে নাগাত ইহা কার্যকরী হবে ?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

(খ) প্রশ্ন আসে না।

## যুবমানস পত্রিকার প্রচার

৩৭৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৭। ) **শ্রীআবুল হাসনাত খান, শ্রীআতাহার রহমন, শ্রীদীনবন্ধু মাঝি** এবং **শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ বিভাগ কর্তৃক প্রকাশিত যুবমানস পত্রিকার প্রচার সংখ্যা আগস্ট ১৯৮২ তারিখে কত ছিল।

(খ) উক্ত পত্রিকাটির ব্যাপক প্রচারে জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা; এবং

(গ) ১৯৭৭ সালের এপ্রিল মাসে ঐ পত্রিকাটির প্রচার সংখ্যা কত ছিল?

**যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১০,০০০।

(খ) হ্যাঁ।

(গ) ৩,০০০।

## ফরাক্কায় শিল্প কেন্দ্র স্থাপন

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫০।) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআবুল হাসনাত খান, শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফরাক্কায় শিল্প কেন্দ্র (ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ সেণ্টার) স্থাপনের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত শিল্প কেন্দ্র স্থাপন সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) নিউ ফরাক্কা রেলওয়ে স্টেশনের কাছে ১২৬.১৯ (একশ ছাব্বিশ দশমিক এক নয়) একর জমি ফরাক্কা শিল্প কেন্দ্র স্থাপনের জন্য নির্বাচিত করা হয়েছে। এ জমির মধ্যে ৬১.৬৮ একর ফরাক্কা ব্যারেজ প্রকল্প কর্তৃপক্ষের। ৩৬.৭০ একর পূর্ব রেলওয়ের এবং ২৭.৮১ একর ব্যক্তিগত মালিকানায়।

ভারত সরকারের সেচ মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করা হয়েছে যাতে ফারাক্কা ব্যারেজের ৬১.৬৮ একর উদ্বৃত্ত জমি ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেণ্ট কর্পোরেশনকে হস্তান্তর করা যায়। যেহেতু এই জমির প্রয়োজন জরুরী সেচ মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষ যাতে এই জমি উক্ত কর্পোরেশনকে হস্তান্তর কর যায় তার জন্য ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

৩৬.৭০ একর জমির জন্য পূর্ব রেলওয়ের চীফ ইঞ্জিনীয়ারের সহিত ও যোগাযোগ করা হচ্ছে।

এছাড়া, ২৭.৮১ একর রায়তি জমি অধিগ্রহণের জন্য প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## গঙ্গার ভাঙ্গন সম্পর্কিত প্রীতম সিং কমিটি

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫২।) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআবুল হাসনাত খান এবং শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, গঙ্গা ভাঙ্গন সম্পর্কিত প্রীতম সিং কমিটির প্রতিবেদনে ফারাক্কা বাঁধের নীচের দিকে গঙ্গা ভাঙ্গনের জন্য ফারাক্কা বাঁধকে দায়ী করা হইয়াছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না। গঙ্গা ভাঙ্গন সম্পর্কিত প্রীতম সিং কমিটির প্রতিবেদনে ফারাক্কা বাঁধের নীচের দিকে গঙ্গার তীর ভাঙ্গনের জন্য ফরাক্কা বাঁধকে দায়ী করা হইয়াছে এমন কথা বলা হয় নাই।

## মুর্শিদাবাদ জেলার গোরাস-গোরাইপুর ভায়া টেঁকা রাস্তা পাকা করণ

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৩।) **শ্রীআতাহার রহমান, শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআবুল হাসনাত খান এবং শ্রীবিরেন্দ্র নারায়ণ রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার গোরাস-গোরাইপুর ভায়া টেঁক্য রাস্তাটি পাকা করিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত রাস্তাটি নির্মাণের কাজ কবে নাগাত আরম্ভ হইবে এবং ইহার জন্য মোট কত টাকা খরচ হইবে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) সড়কটি নির্মাণের কাজ শুরু হয়েছে। সমগ্র প্রকল্পটির বিস্তারিত প্রাক্-কলন প্রস্তুতির কাজ চলছে। বিস্তারিত প্রাক্কলন না পাওয়া পর্যন্ত সড়কটির জন্য মোট কত টাকা খরচ হবে বলা সম্ভব নয়।

## মুর্শিদাবাদ জেলায় দুস্কৃতকারীদের দ্বারা আক্রান্ত ব্যক্তিগণ

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৯।) **শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাত খান, শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়** এবং **শ্রীদীনবন্ধু মাঝি ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৯শে মে, ১৯৮২ তারিখে মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার হাবিবপুর গ্রামের জনৈক শ্রীআবুল রসিদ এবং আরও কিছু ব্যক্তি দুস্কৃতকারীদের দ্বাবা আক্রান্ত হন ;

(খ) সত্য হইলে, উক্ত ঘটনা সম্বন্ধে কোন অনুসন্ধান করা হইয়াছে কি ; এবং

(গ) হইয়া থাকিলে, উক্ত অনুসন্ধানের বিবরণ কি ?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) অনুসন্ধানে প্রকাশ যে গত ২৯শে মে, ১৯৮২ তারিখে বিকাল প্রায় ৫-৩০ মিঃ সময় রঘুনাথগঞ্জ থানার অধীন জেলবাগানের বাসিন্দা জনৈক জেণ্টু সেখ এবং আরও ১০।১২ জন ব্যক্তি ঐ থানার অধীন হাবিবপুরবাসী আবদুল রসিদ (আবুল রসিদ নহে) এবং আরও কয়েকজন ব্যক্তিকে লাঠি ও ইঁট দিয়া মারধোর করে। এ ঘটনা পূর্ব আক্রোশসঞ্জাত। এ ব্যাপারে রঘুনাথগঞ্জ থানা বারজন ব্যক্তির বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছে। ছ'জন ব্যক্তি আদালতে আত্মসমর্পণ করেছে। ছ'জনের বিরুদ্ধে চার্জশীট দাখিল করা হয়েছে। মামলাটি এখনও বিচারাধীন।

## ফারাক্কা ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬১।) **শ্রীআবুল হাসনাত খান, শ্রীবীরেন্দ্র নারায়ন রায় এবং শ্রীদীনবন্ধু মাঝি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) ফরাক্কা ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## রাজ্যের প্রাথমিক ছাত্রছাত্রীদের টিফিন ব্যবস্থা

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৬।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের সমস্ত প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের টিফিন দেওয়া হয়; এবং

(খ) সত্য হলে টিফিনে কি কি দেওয়া হয় ?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না, অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের টিফিন দেবার ব্যবস্থা আছে।

(খ) রাজ্য প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলিতে রুটি দেওয়া হয় আর কেয়ার প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলিতে সায়াফর্টিফায়েড অয়েল দিয়ে রান্না করে বালগার গম দেওয়া হয়।

### Supersession of Universities by Government

381. (Admitted question No. 1776.) **Shri Motahar Hossain :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state —

(a) whether the Government superseded any or all of the seven Universities in West Bengal ;

(b) if so—

( i) dates of their supersession,

(ii) the reasons for such supersession ;

(c) whether any of these academic Statutory Bodies has since been fully reconstituted in terms of the provisions of the existing statutes.

(d) the names of the present Vice-Chancellors of such Universities and their academic experience and otoer qualifications ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) রবীন্দ্রভারতী—২৮-১০-৭৫

বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়—৮-১২-৭৭

কলিকাতা, বর্ধমান, নর্থ বেঙ্গল এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়-১২-১-৭৮
যাদবপুর বিশ্ববিদ্যালয়—৭-১১-৭৭

(২) নূতন আইন প্রণয়ন করে বিশ্ববিদ্যালয়গুলির বিভিন্ন সংস্থার ( বডিস্ ) গণতন্ত্রীকরণ ও তাদের কাজকর্মের পুনর্নিবেশের প্রয়োজনীয়তা দেখা দেয়। এই উদ্দেশ্যে এই সমস্ত বডিস্-এর কার্যনির্বাহকাল শেষ হলে তাদের আর পুনর্গঠন না করে বিশ্ববিদ্যালয়গুলি খারিজ করা হয় এবং অন্তর্বর্তীকালের পরিচালনাভার তুলে দেওয়া হয় বিশ্ববিদ্যালয় কাউন্সিলের উপর।

(গ) বিশ্ববিদ্যালয়গুলি খারিজ হলে তৎকালীন সমস্ত বোর্ড, কমিটি, সিনেট সিন্ডিকেট ভেঙ্গে দেওয়া হয়। তার জায়গায় য়ুনিভার্সিটি কাউন্সিল ও তার অধীনস্থ কতকগুলি অ্যাড হক কমিটি, যথা ফ্যাকাল্টি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনগত ও শিক্ষাগত সকল বিষয় দেখাশোনা করে। নূতন আইনের বলে নূতন স্ট্যাটুটস্ ইত্যাদি রচিত হলে সমস্ত বডিস্-ই পুনর্গঠিত হবে।

| নাম | অভিজ্ঞতা |
|---|---|
| (ঘ) (১) ডঃ আর. কে. পোদ্দার এম এস্‌সি, পি এইচ্-ডি, উপাচার্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়। | কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যার প্রাক্তন অধ্যাপক। প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলার ফর অ্যাকাডেমিক অ্যাফেয়ার্স, কলিকাতা বিশ্ববিদ্যালয়। |
| (২) ডঃ এম, এম, চক্রবর্তী, এম এস্‌সি, পি, এইচ্-ডি উপাচার্য যাদবপুর বিশ্ববিদ্যালয়। | কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়নের প্রাক্তন অধ্যাপক। বিধানচন্দ্র কৃষি বিশ্ব-বিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য। |
| (৩) ডঃ দেবীপদ ভট্টাচার্য, এম এ, পি এইচ্-ডি, রবীন্দ্র উপাচার্য, রবীন্দ্রভারতী | যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলার প্রাক্তন অধ্যাপক। |
| (৪) ডঃ রমারঞ্জন মুখোপাধ্যায়, এম এ, ডি-লিট, এফ আর এ এস, উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়। | যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতের প্রাক্তন অধ্যাপক। |
| (৫) ডঃ সিতাংশু মুখোপাধ্যায় এম এ, পি এইচ্-ডি, ( ইউ এস এ ), এফ আর সি এস ( লণ্ডন ), উপাচার্য, কল্যাণী বিশ্ববিদ্যালয়। | অমরাবতীর সরকারী পোস্ট গ্র্যাজুয়েট অধ্যক্ষ; মহারাষ্ট্র সরকারের প্রাক্তন শিক্ষা অধিকর্তা; নাগপুরের, সরকারী মরিস্ কলেজের প্রাক্তন অধ্যক্ষ। |
| (৬) অধ্যাপক দীপ্তিভূষণ দত্ত, এম এ, উপাচার্য, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়। | কলিকাতার গোয়েঙ্কা কলেজ অফ্ কমার্স অ্যাণ্ড বিজনের অ্যাডমিনিস্ট্রেশনের প্রাক্তন অধ্যক্ষ; প্রো-ভাইস চ্যান্সেলার ফর অ্যাকা-ডেমিক অ্যাফেয়ার্স। |
| (৭) ডঃ এল, এন, মণ্ডল। ডি এস্‌সি, উপাচার্য, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। | বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি রসায়ন ও মৃত্তিকা বিজ্ঞানের প্রাক্তন অধ্যাপক, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রি-কালচার ফ্যাকালটির প্রাক্তন ডীন। |

## জিয়াগঞ্জে মিউজিয়াম

৩৮২। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৭। ) **শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়, শ্রীআবুল হাসনাত খান, শ্রীআতাহার রহমান ও শ্রীদীনবন্ধু মাঝি :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ শহরে একটি মিউজিয়াম নির্মাণ করেছেন ?

(খ) সত্য হইলে, উক্ত মিউজিয়ামের উদ্বোধন হইয়াছে কি না; এবং

(গ) বর্তমানে উক্ত মিউজিয়ামের জন্য দুষ্প্রাপ্য মূর্তিগুলি কোথায় আছে।

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ

(খ) না।

(গ) নেহালিয়ার শ্রীকালীনারায়ণ সিংহের হেফাজতে তাঁর বাড়িতে আছে।

## জলপাইগুড়িতে ডবলু বি সি এস পরীক্ষার জন্য প্রি-একজামিনেশন সেণ্টার

৩৮৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮০৯। ) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় :** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়িতে ডবলু বি সি এস পরীক্ষার জন্য একটি প্রি একজামিনেশন সেণ্টার স্থাপন করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, চলতি বৎসরেই কি উক্ত সেণ্টারটি চালু করা হইবে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

## কোচবিহার গ্রাম পঞ্চায়েত এলাকাভিত্তিক মৎস্যজীবী পরিবার সংখ্যা

৩৮৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৪। ) **শ্রীবিমলকান্তি বসু :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহার জেলার পঞ্চায়েত এলাকাভিত্তিক মৎসজীবী পরিবারের সংখ্যা কত ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** পঞ্চায়েত এলাকাভিত্তিক পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়। তবে কোচবিহার জেলায় মৎস্যজীবী পরিবারের সংখ্যা ১৯৪৩। উহার মধ্যে শহরাঞ্চলে ৭৯টি এবং পল্লীঅঞ্চলে ১৮৬৫টি পরিবার আছে।

## কোচবিহার গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথি ডিস্‌পেনসারি

৩৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৮। ) **শ্রীবিমলকান্তি বসু :** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় গ্রাম পঞ্চায়েত এলাকাগুলিতে হোমিওপ্যাথি ডিস্‌পেনসারি স্থাপনের কোন প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত ডিস্‌পেনসারির সংখ্যা কত হইবে।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) আপাতত ২৩টি। অবশ্য প্রয়োজনীয় অর্থ সংকুলানসাপেক্ষে পর্যায়ক্রমে রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি করে হোমিওপ্যাথি ডিস্‌পেন্সারি স্থাপনের প্রস্তাব সরকারের আছে।

## শিলিগুড়ি হইতে কোচবিহারে রিসোরসেস বিভাগের হেডকোয়ার্টার স্থানান্তরিত

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪১।) **শ্রীবিমলকান্তি বসু ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ন্যাশনাল হাইওয়ে ডিভিসনের ৩নং রিসোরসেস বিভাগের (রিসোরসেস বিভাগের ডিভিসন নং ৩) হেডকোয়ার্টারটি শিলিগুড়ি হইতে কোচবিহারে স্থানান্তরিত করিবার কোন সরকারী নির্দেশনামা জারি করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, উক্ত নির্দেশনামা কার্যকরী করিতে বিলম্বের কারণ কি?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) রিসোরসেস ডিভিসন নং ৩-এর নাম ন্যাশনাল হাইওয়ে ডিভিসন নং ১০ করার এবং তাহার হেডকোয়ার্টার আলিপুরদুয়ারের করার সরকারী নির্দেশ জারি করা হইয়াছে।

(খ) ডিভিসনটি ২৯-৬-৮২ তারিখে আলিপুরদুয়ারে খুলিয়াছে।

## জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচী

৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৩।) **শ্রীবিমলকান্তি বসু ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গে "জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচী" রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার কি পরিমাণ চাল ও গম বরাদ্দ করেছিলেন; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত চালের কি পরিমাণ কেন্দ্রীয় সরকার সরবরাহ করিয়াছেন?

**উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১-৮২ বৎসরে কেন্দ্রীয় সরকার প্রথম কিস্তিতে ১০,৮৬০ মেট্রিক টন খাদ্যশস্য এবং দ্বিতীয় কিস্তিতে ১১,২৫০ মেট্রিক টন খাদ্যশস্য রাজ্যসরকারকে আবণ্টন করেন।

(খ) কিন্তু উক্ত বরাদ্দীকৃত খাদ্যশস্যের প্রথম কিস্তিতে ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া ১০,৪৩৫ মেট্রিক টন প্রদান করেন এবং ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া দ্বিতীয় কিস্তির কোন খাদ্যশস্য প্রদানের অক্ষমতা জানান।

## কোচবিহার পলিটেকনিক শিক্ষকের শূন্যপদ

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৫।) **শ্রীবিমলকান্তি বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার পলিটেকনিকে কতগুলি শিক্ষকের পদ কতদিন যাবৎ খালি আছে; এবং

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণ করা সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) সিভিল—একটি পদ আছে ৮-১২-৮১ থেকে। অঙ্ক—একটি পদ খালি আছে, আনুমানিক ছয় মাস যা ওয়ার্কশপ ইনস্ট্রাকটর-একটি পদ খালি আছে ১৯-৫-৮০ থেকে।

(খ) সিভিল বিষয়ে একজন শিক্ষককে নিয়োগপত্র দেওয়া হয়েছে। তিনি এখনও উক্ত পদে যোগদান করেন নি।

অঙ্ক বিষয়ে অধ্যাপিকা টি. টি. টি. আই. কলিকাতাতে এক বৎসরের ডেপুটেশনে গিয়াছেন। ডেপুটেশনে যাওয়াতে অঙ্ক শিক্ষাদানে কোনরূপ অসু হচ্ছে না।

ওয়ার্কশপ ইনস্ট্রাকটরের পদটি শিক্ষকের মৃত্যুর জন্য খালি আছে। এই নিয়োগ সম্পর্কে পরিবর্তিত নিয়মাবলী তৈরীর ব্যবস্থা করা হচ্ছে।

## উত্তর বাংলায় লাইব্রেরীয়ানশিপ ট্রেনিং কেন্দ্র

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৮)। **শ্রীবিমলকান্তি বসুঃ** শি (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে উত্তর বাংলায় লাইব্রেরীয়ানশিপ ট্রেনিং-এর (লাইব্রেরীয়ান ট্রেনিং) কেন্দ্র কোথার কোথায়;

(খ) উক্ত ট্রেনিং-এর বর্ষাকাল কতদিন; এবং

(গ) কোচবিহার জেলায় এই জাতীয় কোন প্রশিক্ষণ কেন্দ্র সংস্থাপনে প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমানে পিপল্স (জন কলেজ, কালিম্পং-এ একটি লাইব্রেরীয়ানশীপ ট্রেনিং সেণ্টার আছে। এছাড়া বে লাইব্রেরী এসোসিয়েশন শিলিগুড়িতে অস্থায়ীভাবে একটি ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন।

(খ) উক্ত ট্রেনিং-এর বর্ষকাল ছয় মাস।

(গ) বর্তমানে কোচবিহার জেলায় এই জাতীর কোন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপ প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

## কোচবিহার জেলায় অনাথ আশ্রম

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৯।) **শ্রীবিমলকান্তি বসুঃ** শি (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় শিক্ষা বিভাগের অধীনে নিরাশ্রয় এবং অন বালক/বালিকাদের জন্য কোনও আশ্রম আছে কিনা;

(খ) থাকিলে,

(১) উক্ত আশ্রমগুলির কোন্ কোন্ এলাকায় অবস্থিত?

(২) আশ্রমগুলির পরিচালন কমিটি কিভাবে গঠিত হয়?

(গ) ইহা কি সত্য যে, দীর্ঘ দশ-বার বৎসর যাবৎ উক্ত কমিটিগুলির কোন পরিবর্তন হয় নাই; এবং

(ঘ) উক্ত আশ্রমগুলিতে মাথাপিছু সরকারী সাহায্যের পরিমাণ কত ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) কোচবিহারের নিউটাউন ও ঘুঘুমারিতে অবস্থিত। (২) প্রতিষ্ঠান রেজিস্ট্রিকৃত হওয়া নিজস্ব গঠনতন্ত্র অনুযায়ী পরিচালন কমিটি গঠিত হয়।

(গ) না। বর্তমান কমিটি ১৯৭৮ সালে গঠিত হইয়াছে।

(ঘ) উক্ত আশ্রমগুলিতে সরকারী সাহায্যের পরিমাণ মাথাপিছু মাসিক ৮০ টাকা।

## কোচবিহার জেলায় ফিস ফারমারদের প্রশিক্ষণ

৩৯১। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮৬২। ) **শ্রীবিমলকান্তি বসু :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় ফিস ফারমারদের প্রশিক্ষণের জন্য যে ব্যবস্থা চালু আছে তাহাতে শিক্ষা গ্রহণের অধিকারী কাহারা ;

(খ) এই প্রশিক্ষণ ব্যবস্থায় কি জাতীয় ট্রেনিং শিক্ষার্থীদের দেওয়া হইয়া থাকে ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) মৎস্যচাষী, মৎস্যজীবী এবং বেকার যুবক যাহাদের অধীনে চাষযোগ্য পুকুর আছে তাহারা সকলেই এই শিক্ষাগ্রহণের অধিকারী।

(খ) অন্তর্দেশীয় মৎস্যচাষ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

## The newly drawn up statutes of the Calcutta University

392. ( Admitted question No. 1868. ) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that the Chancellor of the Calcutta University has not yet given his consent to the newly drawn up Statutes of the Calcutta University ; and

(b) If so, the grounds for not giving his consent ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে স্ট্যাটিউটগুলি আচার্য্যের দপ্তরের বিবেচনাধীন আছে।

## Constitution of the Senate of the Calcutta University

393. ( Admitted question No. 1871. ) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that constitution of the Senate of the Calcutta University is still incomplete ; and

(b) if so, the reasons thereof ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় :** (ক) কয়েকটি মনোনীত সদস্যপদ এবং যে সব পদে নির্বাচন উপলক্ষে আদালতে মামলা আছে সে সব পদ ছাড়া সিনেটের সংগঠন মোটামুটি সম্পন্ন হয়েছে।

(খ) সরকার ও আচার্যের মনোনীত সদস্যদের নাম প্রকাশে আইনানুগ বাধা আছে।

যেসব পদে নির্বাচন উপলক্ষে মামলা চলছে, সে সব জায়গায় মামলার রায় বার হ'লে তবেই সদস্য নির্বাচন সম্পূর্ণ হবে।

## অনুন্নত এলাকায় কলেজ স্থাপন

৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭২।) **শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ হইতে ১৯৮২ সালের ৩১এ আগস্ট পর্যন্ত এই রাজ্যের অনুন্নত এলাকায় কতগুলি কলেজ স্থাপিত হইয়াছে;

(খ) উক্ত কলেজগুলির (১) নাম কি, এবং (২) কোথায় কোথায় অবস্থিত;

(গ) অনুন্নত বাগদা ব্লকের হেলেঞ্চায় কোন কলেজ স্থাপন করার পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) থাকিলে, তাহা কবে নাগাত হইবে বলিয়া আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৩টি কলেজ।

(খ) কলেজগুলির নাম এবং অবস্থান নিম্নে দেওয়া হইল—

(১) শরৎ সেন্টিনারি কলেজ, ধনিয়াখালি, হুগলী।

(২) খাতরা আদিবাসি মহাবিদ্যালয়, খাতরা, বাঁকুড়া।

(৩) গঙ্গাধরপুর মহিলা মহাবিদ্যালয়, গঙ্গাধরপুর, হাওড়া।

(৪) কবি নজরুল ইসলাম মহাবিদ্যালয়, চুরুলিয়া, বর্ধমান।

(৫) মহাত্মা গান্ধী কলেজ, লালপুর, পুরুলিয়া।

(৬) সুকান্ত মহাবিদ্যালয়, ধূপগুড়ি, জলপাইগুলি।

(৭) ঠাকুর পঞ্চানন মহিলা মহ বিদ্যালয়, কুচবিহার।

(৮) ফলাকাটা কলেজ, ফলাকাটা, জলপাইগুড়ি।

(৯) মেমারী কলেজ, মেমারী, বর্ধমান।

(১০) খান্ত্রা কলেজ, খান্ত্রা, বর্ধমান।

(১১) বারুইপুর কলেজ, বারুইপুর, ২৪-পরগণা।

(১২) গঙ্গারামপুর কলেজ, গঙ্গারামপুর, পশ্চিম দিনাজপুর।

(১৩) মুর্শিদাবাদ আদর্শ মহাবিদ্যালয়, চক ইসলামপুর, মুর্শিদাবাদ।

(গ) এ রকম কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

## সমবায় সমিতিতে সরকারী নমিনি

৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৩।) **শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একটি সমবায় সমিতিতে কতজন সরকারী নমিনি হতে পারে এবং কি উপায়ে উহাদের নিয়োগ করা হইয়া থাকে ঃ

(১) সরকারী নমিনি চেয়ারম্যান হতে পারে কি,

(২) সরকারী নমিনিকে কোন ভাতা দিবার ব্যবস্থা আছে কি, ও

(৩) থাকলে, তার পরিমাণ কত ;

(খ) সরকারী নমিনির মেয়াদ কতদিন ; এবং

(গ) কি পদ্ধতিতে ইহা নির্ধারিত হয় ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) তিনজন অথবা নির্বাচিত সদস্যের এক-তৃতীয়াংশ, এই দুটি সংখ্যার মধ্যে যেটি কম তত জন।

শীর্ষ এবং কেন্দ্রীয় সমিতিতে সমবায় সমিতিতে সমবায় বিভাগ থেকে উপযুক্ত ব্যক্তিদেরও সরকারী প্রতিনিধি হিসাবে নিয়োগ করা হয় এবং প্রাথমিক সমিতির ক্ষেত্রে জেলার সহনিবন্ধক স্থানীয় বিধানসভা সদস্যের সঙ্গে পরামর্শক্রমে সরকারী প্রতিনিধি নিয়োগ করেন। (১) হ্যাঁ।

(২) সরকারী মনোনীত প্রতিনিধি অথবা পরিচালকমণ্ডলীর অন্য কোন সদস্যকে ভ্রমণ ভাতা ব্যতীত সমবায় নিবন্ধক এবং সাধারণ সভার অনুমোদন ছাড়া অন্য কোনও ভাতা দেওয়ার ব্যবস্থা নাই।

(৩) নির্দিষ্ট কোনও পরিমাণ নাই।

(খ) যতদিন না নূতন সরকারী প্রতিনিধি নিয়োগ করা হয়।

(গ) সরকারী প্রতিনিধির মেয়াদ নির্ধারণ সম্পর্কে নির্দিষ্ট কোন পদ্ধতি অনুসরণ করা হয় না।

## বনগাঁ মহকুমার হেলেঞ্চায় সাবরেজিষ্ট্রারে শূন্য পদ

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৯।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বনগাঁ মহোকুমার হেলেঞ্চায় সাবরেজিস্ট্রারের পদটি বর্তমানে শূন্য অবস্থায় আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) কতদিন যাবৎ ঐ পদটি শূন্য আছে, ও

(২) উক্ত শূন্য পদে কবে নাগাত সাবরেজিস্ট্রার নিয়োগ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) প্রায় এক বৎসর যাবৎ ঐ পদটি শূন্য আছে, কিন্তু চাঁদপাড়া অফিসের সাবরেজিস্ট্রার সপ্তাহে তিনদিন হেলেঞ্চায় কাজ করিতেছেন। (২) পাবলিক সার্ভিস কমিশন হইতে মনোনীত প্রার্থীর নাম আসিলেই ঐ শূন্যপদ যথাশীঘ্র সম্ভব পূর্ণ করা হইবে।

## আসানসোল-বার্নপুর রুটে বাস ও মিনিবাস চলাচল

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৯।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) আসানসোল-বার্নপুর রুটে কতগুলি বাস ও মিনিবাস চলাচলের অনুমোদন আছে ও ইহাদের মধ্যে কতগুলি চলাচল করে ; এবং

(খ) নতুন বাইপাসে বাস চলাচলের কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় :** (ক) আসানসোল-বার্নপুর রুটে চলাচলের জন্য অনুমোদিত বাসের সংখ্যা ১৮ (আঠার) এবং মিনিবাসের সংখ্যা ৪ (চার)। উহাদের মধ্যে বর্তমানে ১০ (দশ) টি বাস ও ৪ (চার) টি মিনিবাস চলাচল করছে।

(খ) বর্ধমানে আর টি এ নতুন বাইপাস-এ বাস চালাবার সিদ্ধান্ত ইতিমধ্যেই গ্রহণ করেছেন। কিন্তু হাইকোর্টের নিষেধাজ্ঞা থাকায় ওই সিদ্ধান্ত কার্যকর করা যায়নি।

## আসানসোল মহকুমায় বনাঞ্চল

৩৯৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৪। ) **শ্রীবামাপদ মুখার্জী :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় কত হেক্টর পরিমাণ বনাঞ্চল আছে ;

(খ) উক্ত মহকুমায় বন সৃজনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**বনঃ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৪২৪৮ হেক্টর।

(খ) হ্যাঁ।

## ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড গঠন

৩৯৯। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯০৫। ) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান প্রাথমিক বিদ্যালয় স্তরের জন্য বিভিন্ন ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ( এড হক ) কবে গঠন করা হয়েছিল ;

(খ) বর্তমানে উক্ত বোর্ডগুলি চালু আছে কিনা ,

(গ) উক্ত বোর্ডগুলি ভেঙ্গে দিয়ে নতুন করে বোর্ড গঠনের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) থাকলে, এড হক প্রথার পরিবর্তে নির্বাচনের মাধ্যমে তা গঠন করা হবে কিনা ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিভিন্ন তারিখে গঠন করা হয়েছিল।

(খ) হ্যাঁ। (গ) হ্যাঁ।

(ঘ) ১৯৭৩ সালের বঙ্গীয় প্রাথমিক শিক্ষা আইন চালু হলে নির্বাচন হবে।

## মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ডাক্তারদের জন্য কোয়ার্টার

৪০০। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯১৫। ) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ডাক্তারদের কোয়ার্টার নির্মাণের জন্য কোনও টাকা বিগত আর্থিক বৎসরে বরাদ্দ করা হইয়াছিল কি ;

(খ) হইয়া থাকিলে উক্ত নির্মাণের কাজ শুরু হইয়াছে কি; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ উহার নির্মাণ কার্য সমাপ্ত হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## ট্যুরিষ্ট লজ নির্মাণ পরিকল্পনা

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৯।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার রায়দিঘীতে 'ট্যুরিষ্ট লজ' নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## ফটকাবাজ ও চোরাকারবারী আটক

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৬।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের জুন মাস হইতে ১৯৮২ জুন মাস পর্যন্ত সময়ে এ রাজ্যে কতজন (১) ফটকাবাজ ও (২) চোরাকারবারীকে আটক করা হইয়াছে; এবং

(খ) উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) ১৭৯ জন। (২) ২১,২৪৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বিনাবিচারে আটক কাউকে করা হয় নি।

(খ) উক্ত ব্যক্তিদের মধ্যে ১৩৭ জন ফটকাবাজ, ১৬.৫০৫ জন চোরাকারবারীর বিরুদ্ধে চার্জশীট দেওয়া হয়েছে। এর মধ্যে ২,৪৬৩ জন চোরাকারবারীকে বিভিন্ন মামলায় আইনানুগ দণ্ড দেওয়া হয়েছে।

## ডায়মণ্ডহারবার জেলে বন্দী থাকার ব্যবস্থা

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৮।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগণা জেলার ডায়মণ্ডহারবার জেলে কতজন বন্দীর থাকার ব্যবস্থা আছে; এবং

(খ) উক্ত জেলে নিম্নমানের খাবার সরবরাহের বিষয় সরকার সম্প্রতি কোন অভিযোগ পাইয়াছেন কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ৬২ জন বন্দীর থাকার ব্যবস্থা আছে।

(খ) না।

## হুগলী জেলায় ডি ভি সি-র জল

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫৩।) **শ্রীতারাপদ সাধুখাঁ:** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় ডি ভি সি র জল প্রত্যেক ক্যানালের শেষ প্রান্তে (টেল এণ্ড) পাঠানোর কোন নিয়ম আছে কিনা;

(খ) থাকলে, প্রত্যেক ক্ষেত্রে উক্ত নিয়ম প্রযোজ্য হচ্ছে কিনা; এবং

(গ) উক্ত জল উপরের দিকে (আপার হেড) জোর করে বাঁধ কেটে টেনে নেওয়া হচ্ছে এই মর্মে কোন অভিযোগ সরকারের নিকট আছে কি?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) হ্যাঁ, আছে।

(খ) হ্যাঁ, শেষ প্রান্তে জল পাঠাতে সর্বতোভাবে চেষ্টা করা হয়।

(গ) হ্যাঁ, কিছু কিছু অভিযোগ আছে এবং তার প্রতিকারের যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে।

## পুরুলিয়া জেলায় কাশীপুর ব্লক বিভাজন পরিকল্পনা

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮২।) **শ্রীসুরেন্দ্র নাথ মাঝি:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমোহদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশীপুর ব্লককে দুই ভাগে ভাগ করার কোন পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০০২।) **শ্রীকাশীনাথ মিশ্র:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য ১৯৭৮ সাল থেকে সিমলাপাল থানা কো-অপারেটিভ রাইস মিলটি সম্পূর্ণ বন্ধ আছে;

(খ) সত্য হইলে ইহার কারণ কি, এবং কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়;

(গ) সাধারণ সদস্যদের দ্বারা কবে নাগাদ "কার্যকরী কমিটি" গঠন করা হইবে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়:** (ক) হ্যাঁ।

(খ) ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সমবায় বৎসরে এই সমিতির ব্যবসায়ে প্রচণ্ড ক্ষতি হয় এবং ৩০-১১-৭৭ তারিখে যে উদ্বর্তপত্র (Balance Sheet) উপস্থাপিত হয় তাহাতে দেখা যায় যে সমিতির পুঞ্জীভূত ক্ষতির পরিমাণ ৩,০৪,৫০৩.৮৩ টাকা। বাঁকুড়া জেলা সমবায় ব্যাংকের নিকট সমিতির দেনা দাঁড়ায় আসল বাবদ

৩,২৯,৬২৪.০০ টাকা, ফলে ১৯৭৭-৭৮ সাল হইতে তৎকালীন পরিচালকমণ্ডলী মিলটি বন্ধের সিদ্ধান্ত নেন। ১৯৭৮ ( ৪-৮-৭৮ ) সালে সরকার একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেন এবং এই কমিটির সুপারিশ অনুযায়ী এই মিলটি পুনরুজ্জীবনের কাজ চলিতেছে এবং ইহার জন্য রাজ্য সরকার ৮,২০,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন। আশা করা যায় আগামী মরশুমে এই মিলটি চালু হইবে।

(গ) বর্তমান প্রশাসকমণ্ডলীর কার্যকালের মেয়াদ ৯-৪-৮৩ তারিখ পর্যন্ত আছে। আশা করা যায় তার পূর্বেই সাধারণ সদস্যদের দ্বারা 'কার্যকরী কমিটি' গঠিত হইবে।

## পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কলেজ স্থাপন

৪০৭। ( অনুমোদিত প্রশ্ন নং ২০০৭। ) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় পানিহাটি মহাবিদ্যালয়ের ডিগ্রি কলেজ স্থাপনের জন্য কোন প্রস্তাব সরকারের কাছে দিয়াছেন কিনা;

(খ) দিয়া থাকিলে, উক্ত বিষয় সরকার কি চিন্তা করিতেছেন; এবং

(গ) উক্ত কলেজ প্রতিষ্ঠা করার ক্ষেত্রে কি কি নিয়ম নির্ধারিত আছে?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) ও (গ) পানিহাটি মহাবিদ্যালয়ে হায়ার সেকেণ্ডারী ( একাদশ এবং দ্বাদশ ) বিদ্যালয় হিসাবে চালু আছে। সরকারের বর্তমানে নীতি অনুসারে কোন হায়ার সেকেণ্ডারী বিভাগকে ডিগ্রি কলেজে উন্নীত করা হইবে না এবং কোন নূতন ডিগ্রি কলেজের সহিত হায়ার সেকেণ্ডারী শ্রেণী থাকিবে না। সংগঠন কমিটিকে জানান হইয়াছে যে তাহারা যদি কোন পৃথক ডিগ্রি কলেজ স্থাপনের প্রস্তাব দেন তাহা সরকার বিবেচনা করবেন।

## হলদিয়া সরকারী কলেজ স্থাপনের পরিকল্পনা

৪০৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২০১১। ) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়াতে একটি সরকারী কলেজ স্থাপনের পরিকল্পনা করা হয়েছে; এবং

(খ) সত্য হইলে,

(১) উক্ত কলেজে কি কি বিভাগ খোলা হবে; এবং

(২) কবে নাগাত ওটির নির্মাণ কাজ শুরু হবে?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) এখনও স্থির করা হয় নাই।

(২) তাড়াতাড়ি।

## ফরাক্কা তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য বায়ু দূষণ

৪০৯। ( অনুমোদিত প্রশ্ন নং ২০১৮। ) **শ্রীআবুল হাসনাৎ খান ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফরাক্কায় বৃহৎ তাপবিদ্যুৎ প্রকল্প চালু হইলে ঐ প্রকল্প হইতে বিভিন্ন প্রকারের বিষাক্ত উপাদান বায়ুতে মিশিতে থাকিবে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়—

(১) ঐ বিষাক্ত উপাদান কি ; এবং

(২) উক্ত উপাদানগুলি মুর্শিদাবাদ মালদা জেলার আম ও লিচু বাগান, রেশম চাষ ও মানবদেহ সহ অন্যান্য প্রাণী ও উদ্ভিদের উপর কি কি প্রতিক্রিয়া সৃষ্টি করিতে পারে ?

**পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উপযুক্ত প্রতিবিধানের ব্যবস্থা লওয়া না হইলে, সম্ভবনা আছে।

(খ) (১) ঐ উপাদানগুলি হইল—ফ্লাই অ্যাস ( সূক্ষ্ম ছাইকণা ), সালফার ডাই-অক্সাইড, কার্বণ ডাই-অক্সাইড, নাইট্রোজেন অক্সাইড এবং ঝুল ও কার্বোহাইড্রেড।

(২) সালফার ডাই-অক্সাইড গ্যাস ৭০-৮০ কিঃ মিঃ ব্যাসার্ধ পর্যন্ত এলাকার মধ্যের পরাগবাহী কীট পতঙ্গ যথা প্রজাপতি, মৌমাছি প্রভৃতিকে কীটনাশক ধূমের মত তাড়াইয়া দিতে পারে। ইহাতে আম ও লিচু বাগানের গাছগুলি বন্ধ্যা হইয়া যাইতে পারে। এবং প্রজাপতি বা রেশমকীট তাড়াইয়া রেশম চাষের ক্ষতি করিতে পারে। সূক্ষ্ম ছাইকণা ফুসফুসে আটক হইয়া সিলিকোসিস ও কার্ডিও ভ্যাসকুলার সিনড্রোম রোগের সৃষ্টি করিতে পারে। ইহা ছাড়াও প্রাণীদেহে শ্বাসরোগ ও ক্ষয়রোগের সৃষ্টি করিতে পারে। বৃষ্টির সহিত অ্যাসিড পরিয়া ভূমির উর্বরা শক্তিরও ক্ষতি করিতে পারে।

## Legal Advisory Committee

410. (Admitted question No. 2020.) **Lakshman Chandra Seth :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Government is contemplating to constitute Legal Advisory Committees at block level ; and

(b) if so, what will be the function of the said Committee ?

**Minister-in-charge of the Judicial Department :** (a) No.

(b) Does not aris

## ২৪-পরগণা জেলার গোসাবা ব্লকে পানীয় জলসরবরাহ

৪১১। ( অনুমোদিত প্রশ্ন নং ২১২৬। ) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ ( গ্রামীণ জলসরবরাহ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলায় গোসাবা ব্লকে পানীয় জলসরবরাহের জন্য দুইটি গভীর নলকূপ বসানোর পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ ( গ্রামীণ জলসরবরাহ ) বিভাগের মন্ত্রিমহাশয় :**

(ক) গোসাবা ব্লকে পানীয় জলসরবরাহের জন্য বড় ব্যাসের কোন নলকূপ খননের পরিকল্পনা এখন পর্যন্ত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া জেলার সরালী হইতে মথুরারডাঙ্গা রাস্তা নির্মাণ

৪১২। ( অনুমোদিত প্রশ্ন নং ২০২৭। ) **শ্রীলালবিহারী ভট্টাচার্য :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বড়জোড়া থানার অন্তর্গত সরালী থেকে মথুরারডাঙ্গা পর্যন্ত একটি রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, (১) ঐ রাস্তার ব্যাপারে জমি অধিগ্রহণ করা হয়েছে কিনা এবং (২) নির্মাণের ব্যাপারে কাজ কতদূর অগ্রসর হয়েছে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বর্তমানে কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## ট্রলারের সংখ্যা

৪১৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২০৩২। ) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের কয়টি ট্রলার আছে;

(খ) রায়চক থেকে কোন ট্রলার চালানো হবে কি; এবং

(গ) ইতিপূর্বে কখনও কয়টি ট্রলার চালানো হয়েছিল ?

**মৎস বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বর্তমানে রাজ্য মৎস্য উন্নয়ন নিগমের চারটি ট্রলার আছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে চারটি জাপানী ট্রলার চালানো হয়েছিল।

## Annual Plant load factor of Power Plants

414. (Admitted question No. 2037.) **Shri Sishir Bose:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) what is the annual plant load factor of West Bengal State Electricity Board for the years (1) 1979-80, (2) 1980-81 and (3) 1981-82;

(b) has the Government any idea about the Annual plant load factor of (i) DVC and (ii) Power Plants in India, on an average, for some years in recent past; and

(c) if so, what are the figures for the years (i) 1979-80 (ii) 1980-81 and (iii) 1981-82 ?

**Minister-in-charge of the Power Department :** (a) Annual plant load factor of West Bengal State Electricity Board for the years (1) 1979-80 (2) 1980-81 and (3) 1981-82 are as follows :—

| | | | | |
|---|---|---|---|---|
| (i) 1979-80 | ... | ... | ... | 42.3% |
| (ii) 1980-81 | ... | ... | ... | 42.1% |
| (iii) 1981-82 | ... | ... | ... | 37.6% |

(b) Yes

(c) The Annual plant load factor of (i) DVC and (ii) All India on an average are as follows :

| | | | | |
|---|---|---|---|---|
| 1979-80 | ... | ... | 40.1% | 44.7% |
| 1980-81 | ... | ... | 36.7% | 44.6% |
| 1981-82 | ... | ... | 51.7% | 46-8% |

## আত্রেয়ী নদীর উপর ব্রীজ ও পাকা সড়ক নির্মাণ

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৫।) **শ্রীদ্বিজেন্দ্রনাথ রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গঙ্গারামপুর থানার ফুলবাড়ী থেকে কুমারগঞ্জের আত্রেয়ী নদীর উপর ব্রীজ সহ কোন পাকা সড়ক নির্মাণের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত ব্রীজ এবং সড়কের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) রাস্তার কাজ শুরু হইয়াছে, তবে সেতু নির্মাণের কাজ এখনও শুরু হয় নাই।

## ব্লক বিভাজনের প্রস্তাব

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬০।) **শ্রীসুভাষ গোস্বামী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী পঞ্চায়েত নির্বাচনের পূর্বে পশ্চিমবাংলায় ব্লক বিভাজনের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকিলে, বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লক ঐ তালিকার মধ্যে আনা হবে ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে।

(ক) কোন ব্লকই নয়।

## মুর্শিদাবাদ এষ্টেট পরিচালন ব্যবস্থা উন্নয়ন

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭০।) **শ্রীমতী ছায়া ঘোষ :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ এস্টেট ম্যানেজমেন্ট অ্যাক্ট চালু হওয়ার পর মুর্শিদাবাদ এস্টেটের পরিচালন ব্যবস্থায় উন্নয়নের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(খ) মুর্শিদাবাদ এস্টেটের এক্তিয়ারভুক্ত স্থাবর সম্পত্তির পরিমাণ কত ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) মুর্শিদাবাদ এস্টেট (ম্যানেজমেন্ট অব প্রপারটিজ্) অ্যাণ্ড মিস্‌লেনিয়াস প্রভিসন্স অ্যাক্ট, ১৯৮০-এই আইনটি এখনও চালু করা হয় নাই। সুতরাং উন্নয়নের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের কোন প্রশ্ন উঠে না।

(খ) মুর্শিদাবাদ এস্টেটের এক্তিয়ারভুক্ত স্থাবর সম্পত্তির পরিমাণ আনুমানিক ৬৪৪ একর।

### বাগনান ফিসারী বিভাগের পুকুর

৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৯।) **শ্রীনিতাইচরণ আদক :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বছরের মধ্যে হাওড়া জেলার বাগনান ১নং বকে ফিসারী বিভাগের পুকুরটিতে মাছ চাষ হয়েছে কি ;

(খ) (১) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত পুকুরে কি পরিমাণ মাছ চাষ করা হয়েছে, ও (২) উক্ত মাছ কি ভাবে বিক্রি হয়েছে ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, হয়েছে।

(খ) (১) উক্ত পুকুরে মাছ চাষ করে আনুমানিক এক লক্ষ চারা পোনা এবং ১৭৭.৭৫ কে জি খাবার যোগ্য মাছ উৎপাদিত হয়েছে। (২) গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বিক্রয়ের দিন ও সময় প্রচারের পর স্থানীয় অধিবাসীদের মধ্যে ১৭৭.৭৫ কে জি মাছ সরকার নির্ধরিত মূল্যে বিক্রি করা হয়েছে।

### পঞ্চায়েত সমিতির অধীনে কর্মচারী

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১১০।) **শ্রীনিতাইচরণ আদক :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত সমিতির সভাপতির অধীনে কতজন কর্মচারী কাজ করবেন এ বিষয়ে কোন সরকারী আদেশনামা আছে কি না ; এবং

(খ) থাকিলে, উহা যথাযথ কার্যকরী হচ্ছে কিনা ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এ সম্পর্কে সুস্পষ্ট নির্দেশ দিয়ে কোন সরকারী আদেশনামা প্রচারিত হয় নি। তবে পূর্বতন আঞ্চলিক পরিষদের গঠন প্রক্কালে আবর্তক অনুদান (returning grant) মঞ্জুর করে যে আদেশনামা প্রচারিত হয়, তাতে এ মর্মে নির্দেশ দেওয়া হয়েছিল যে উক্ত মঞ্জুরীকৃত অর্থ হতে একজন করণিক ও একজন পিওনের ব্যয়ভার বহন করা যাবে। পঞ্চায়েত সমিতি গঠিত হওয়ার পরও একজন করণিক ও একজন পিওনের ব্যয়ভার সরকার কর্তৃক মঞ্জরীকৃত অনুদান থেকে বহন করা হচ্ছে।

### Division of West Dinajpur District

420. (Admitted question No. 2112.) **Shri Md. Abdul Karim Chowdhury :** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state—

(a) whether the Government has any proposal to carve out a separate district out of the existing West Dinajpur District and select some place like

Raiganj or Islampur as its headquarters in consideration of the facts that the district is spread over a length of more than 200 km. that it causes great hardship for people from end of it to reach the existing district headquarter, Balurghat and that administration of law and order has become very difficult on account of the distance involved ;

(b) if so,

(i) the present position of the matter, and

(ii) when is the proposal likely to materialise ?

**Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department :** (a) No.

(b) (i) and (ii) Does not arise.

### Development of Islampur Subdivision

421. (Admitted question No. 2114.) **Shri Md. Abdul Karim Chowdhury :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government has any contemplation to set up a separate Development Board for an all-round development of Islampur subdivision, in consideration of its longstanding backwardness continuing prior to its transfer to West Bengal from Bihar ; and

(b) if so, the present position thereof ?

**Minister-in-charge of the Development and Planning Department**

(a) The Government have no contemplation to set up a separate Development Board for an all-round development of Islampur subdivision.

(b) Does not arise.

### মোল্লাখালিতে পুলিস ফাঁড়ি

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩১।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা থানার ছোট মোল্লাখালিতে স্থায়ী পুলিস ফাঁড়ি স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

### ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন সম্প্রসারণ

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬৬।) **শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের বিদ্যুৎ উৎপাদনের বর্তমান ব্যবস্থার সম্প্রসারণের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় ঐ সম্প্রসারণ কার্য করা হইবে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) টিটাগড়ে ক্যালকাটা ইলেক্‌ট্রিক সাপ্লাই কর্পোরেশনের একটি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ চলিতেছে। ইহা ছাড়াও তাহাদের গার্ডেনরীচে অবস্থিত বর্তমান সাদার্ন জেনারেটিং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সম্প্রসারণের একটি পরিকল্পনা আছে। এই প্রস্তাব বর্তমানে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

(২) টিটাগড় কেন্দ্র হইতে ২৪০ মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদিত হইবে। সাদার্ন জেনারেটিং স্টেশনের প্রস্তাবিত সম্প্রসারণের ফলে ১২০ মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদিত হইবে।

## জীর্ণ বাসুদেবপুর সেতু পুনর্নির্মাণ

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭০।) **শ্রীরাজকুমার মণ্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া থানার রাজাপুর খালের উপর জীর্ণ বাসুদেবপুর সেতুটি পুনঃ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৮৩ সালে সেতু নির্মাণের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়।

## মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম হইতে খড়সা রাস্তাটি মেরামতের ব্যবস্থা

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৫।) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআতাহার রহমান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় এবং শ্রীআবুল হাসানাৎ খান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার খড়গ্রাম হইতে খড়সা রাস্তাটির দুরবস্থার জন্য উক্ত রাস্তায় অবস্থিত হাসপাতালে রোগীদের যাতায়াতে বিশেষ অসুবিধা হইতেছে ;

(খ) অবগত থাকিলে, উক্ত রাস্তাটির মেরামতের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) থাকিলে কবে নাগাত উক্ত রাস্তাটির মেরামতের কাজ সম্পন্ন হবে ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (খ) ও (গ) রাস্তাটি জেলা পরিষদের অধীনে। অর্থাভাবের জন্য এই রাস্তা মেরামতের কোন পরিকল্পনা সরকারের নাই।

## সরকারী ফ্ল্যাটে বসবাসকারী কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৬।) **শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) সাম্প্রতিক নিয়ম অনুযায়ী এক হাজার টাকার অধিক বেতনভোগী সরকারী ফ্ল্যাটে বসবাসকারী রাজ্য সরকারী কর্মচারীদের ক্ষেত্রে বাড়ীভাড়ার পরিমাণ পূর্বেকার সর্বোচ্চ ১৮৮ টাকার পরিবর্তে ১৫০ টাকা করা হইয়াছে এবং ফলে বহু সরকারী কর্মচারীর মোট আয় পূর্বেকার তুলনায় কম হইয়া গিয়াছে;

(২) সাম্প্রতিক কালে সর্বোচ্চ ২৪৩ টাকা মহার্ঘ বেতনরূপে ঘোষিত হওয়ার ফলে সরকারী ফ্ল্যাটে বসবাসকারী বহু সরকারী কর্মচারীর মোট বেতন হাজার টাকা অতিক্রম করিয়া গিয়াছে যদিও তাঁহাদের মূল বেতন অপরিবর্তিত রহিয়াছে এবং উপরোক্ত নিয়মের ফলে তাঁহাদের মোট আয় হ্রাস পাইয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) উক্ত কর্মচারীদের ঐরূপ আর্থিক ক্ষতি হইতে রক্ষা করার জন্য সরকার কি কি ব্যবস্থার চিন্তা করিতেছেন; এবং

(২) কোন্ তারিখ হইতে উক্ত ব্যবস্থা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) ১৯৮১ সালের সংশোধিত বেতন বিধি চালু হইবার পূর্বে নিয়ম ছিল যে মাসিক ১,২৫০ টাকার অধিক বেতনভোগী সরকারী কর্মচারীগণ যে কোন পরিমাণ বাড়ী ভাড়াই প্রদান করুন অন্ততঃ মাসিক ১৮৮ টাকা বাড়ীভাড়া ভাতা পাইবেন, ইহার জন্য বাড়ী ভাড়ার রসিদ দাখিল করিতে হইত না। ১৮৮ টাকার বেশী বাড়ীভাড়া ভাতা দাবী করিলে তাহার সমর্থনে বাড়ী ভাড়ার রসিদ দাখিল করিতে হইত। ১৯৮১ সালের সংশোধিত বেতনক্রম চালু হইবার পরে স্থির হইয়াছে যে মাসিক ১,০০০ টাকার অধিক বেতনভোগী সরকারী কর্মচারীগণ মাসিক ১৫০ টাকা পর্যন্ত বাড়ীভাড়া ভাতা বাড়ী ভাড়ার রসিদ দাখিল না করিলেও পাইবেন। মাসিক ১৫০ টাকার বেশী বাড়ী ভাড়া ভাতা দাবী করিলে তাহার সমর্থনে বাড়ী ভাড়ার রসিদ দাখিল করিতে হইবে। এই নিয়ম সরকারী ফ্ল্যাটে বা অন্য ভাড়া বাড়ীতে বসবাসকারী কর্মচারী উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য। সুতরাং মাসিক এক হাজার টাকার অধিক বেতনভোগী সরকারী ফ্ল্যাটে বসবাসকারী রাজ্য সরকারী কর্মচারীদের বাড়ী ভাড়ার পরিমাণ মাসিক সর্বোচ্চ ১৮৮ টাকা হইতে কমাইয়া ১৫০ টাকা করা হইয়াছে ইহা ঠিক নহে। বাড়ীভাড়া ভাতাকে আয় হিসাবে ধরা ঠিক নয়। ইহা ক্ষতিপূরণ ভাতা হিসাবে গণ্য করা হয়। নূতন ব্যবস্থার ফলে যারা কম ভাড়া দিয়ে বেশী বাড়ী ভাড়া ভাতা পেয়ে লাভবান হচ্ছিলেন তাদের লাভের পরিমাণ সীমিত করা হইয়াছে।

(২) ইহা সম্পূর্ণ সত্য নহে, যে সব ক্ষেত্রে সরকারী কর্মচারিগণ অ্যাসেসড্ রেণ্ট দেন এবং প্রচলিত বিধান অনুযায়ী বাড়ীভাড়া ভাতা পান তাঁহাদের ক্ষেত্রে লোক সানের কোন প্রশ্ন নাই। তবে যাঁহারা বেতনের নির্দিষ্ট শতকরা হারে বাড়ী ভাড়া দেন এবং বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করেন না তাঁহাদের ক্ষেত্রে বেশী ভাড়া দেওয়ার প্রশ্ন জড়িত আছে।

(খ) (১) ও (২) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

## বীরভূম জেলার অজয় নদীর উপর ব্রীজ নির্মাণ

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৮।) **শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার পাণ্ডবেশ্বরের নিকট অজয় নদের উপর ব্রীজ নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ইহা বিবেচনাধীন আছে।

(খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

## তফসিলী জাতি ও উপজাতিদের জন্য নার্সিং ট্রেনিং

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৪।) **শ্রীউপেন কিস্কুঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন মেডিকেল কলেজে জুনিয়ার এবং সিনিয়র নার্সিং-এর জন্য তফসিলী জাতি এবং উপজাতিদের জন্য কোন আসন সংরক্ষণের বব্যাস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ আগস্ট পর্যন্ত কত জন এই সুযোগ পেয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ আছে।

তপসিলী জাতির জন্য শতকরা ১৫ ভাগ এবং তপসিলী উপজাতির জন্য শতকরা ৫ ভাগ।

(খ)

| সাল | | | তফসিলী জাতি | তপসিলি উপজাতি |
|---|---|---|---|---|
| ১৯৭৭ | জুনিয়র | ... | ১৮৪ | ২৩ |
| | সিনিয়র | ... | ১০৬ | ৮ |
| ১৯৭৮ | জুনিয়র | ... | ১৪৬ | ২০ |
| | সিনিয়র | ... | ৫৪ | ৪ |
| ১৯৭৯ | জুনিয়র | ... | ১৭০ | ১১ |
| | সিনিয়র | ... | ৫৭ | ২ |
| ১৯৮০ | জুনিয়র | ... | ২২০ | ১০ |
| | সিনিয়র | ... | ৯৩ | ৭ |
| ১৯৮১ | জুনিয়র | ... | ১৯২ | ৮ |
| | সিনিয়র | ... | ৫৯ | ২ |
| | | মোট | ১,২৮১ | ৯৫ |
| ১৯৮২ | জুনিয়র | ... | * | * |
| | সিনিয়র | ... | + | + |

* এখনও ভর্তি হয় নাই।

\+ ভর্তি চলি চলিতেছে।

## মেডিকেল কলেজগুলিতে তফসিলী ছাত্রছাত্রীদের জন্য আসন সংরক্ষণ

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৫।) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন মেডিকেল কলেজগুলিতে এম বি বি এস কোর্সে তফসিলী জাতি ও আদিবাসী ছাত্র ভর্তির ব্যাপারে ছাত্রদের জন্য আসন সংরক্ষণের কোন ব্যবস্থা আছে কি ; এবং

(খ) থাকলে—

(১) শতকরা হার কত,

(২) ১৯৭৭ থেকে ১৯৮২ পর্যন্ত কতজন তফসিলী এবং আদিবাসী ছাত্র এই সুযোগ পেয়েছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ)

| | | |
|---|---|---|
| (১) তফসিলী জাতি | ... | ১৫ |
| আদিবাসী | ... | ৫ |
| (২) ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ | | |
| তফসিলী জাতি | ... | ১৪৫ |
| আদিবাসী | ... | ১০ |
| ১৯৭৯-৮০ | | |
| তফসিলী জাতি | ... | ৭৮ |
| আদিবাসী | ... | ১ |
| ১৯৮০-৮১ | | |
| তফসিলী জাতি | ... | ১৪৫ |
| আদিবাসী | ... | ৯ |
| ১৯৮১-৮২ | | |
| তফসিলী জাতি | ... | ১১৫ |
| আদিবাসী | ... | ১ |
| ১৯৮২-৮৩ | | এখনও সম্পূর্ণ হয়নি |

## পুরুলিয়া জেলার বড়োজামতাড়িয়া রাস্তা নির্মাণ

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২২০০।) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বড়োজামতাড়িয়া রাস্তাটি তৈরী করার জন্য সরকার কি কোন পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) গ্রহণ করে থাকলে, উক্ত রাস্তাটি করার জন্য ইতিমধ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) রাস্তাটি নির্মাণের জন্য প্রাথমিক কিছু কাজ করা হইয়াছে। তবে বিশদ প্রাক্‌কলন ( ডিটেইলড্‌ এস্টিমেট ) প্রশাসনিক অনুমোদন পেলে রাস্তাটির নির্মাণের কাজ পুরোদমে শুরু করা সম্ভব হইবে।

## প্রতিবন্ধী

৪৩১। ( অনুমোদিত প্রশ্ন নং ২২০২। ) **শ্রীহিমাংশু কুঙর :** ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সর্বমোট প্রতিবন্ধীর সংখ্যা কত ;

(খ) সরকারী চাকুরির ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য ভারত সরকার শতকরা কি হারে চাকুরী সংরক্ষণ করিয়াছেন ;

(গ) প্রতিবন্ধীদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের সরকারী চাকুরী পাওয়ার হার কত ;

(ঘ) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কতজন প্রতিবন্ধী ১৯৮১-৮২ সালে চাকুরী পাইয়াছেন ; এবং

(ঙ) প্রতিবন্ধীদের জন্য কর্মসংস্থান, শিক্ষা, অগ্রগতি এবং সামাজিক প্রতিষ্ঠা-লাভের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কি কি ধরনের প্রকল্প গ্রহণ করিয়াছেন ?

**ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) জানা নাই।

(খ) শূন্য পদের শতকরা ৩ হারে।

(গ) শূন্য পদের শতকরা ২ হারে।

(ঘ) জানা নাই ( শ্রম দপ্তরের নিয়ন্ত্রণাধীন )।

(ঙ) প্রতিবন্ধীদের সার্বিক উন্নতির জন্য পশ্চিবঙ্গ সরকার নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করেছেন—

১। **কর্মসংস্থান**—(ক) বৃত্তিমূলক শিক্ষাদানের জন্য প্রতিটি জেলায় শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে কলিকাতা, বর্ধমান, হুগলী এবং মুর্শিদাবাদ জিলায় এরূপ কেন্দ্র খোলা হয়েছে।

(খ) শূন্য পদের শতকরা ২ ভাগ হারে প্রতিবন্ধীদের চাকুরী দেওয়ার জন্য সরকারী নির্দেশ পাঠানো হয়েছে। ১৯৮০-৮১ সালে প্রতি দপ্তরে একজন প্রতিবন্ধীকে অবশ্য চাকুরী দিতে হবে এই নির্দেশ পাঠানো হয়েছিল। চাকুরী পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধীদের ৪৫ বৎসর পর্যন্ত বয়স শিথিল করা হয়েছে।

২। **শিক্ষা**—(ক) শিক্ষা দপ্তর সুসংহত শিক্ষা প্রকল্প এবং বিশেষ ধরণের শিক্ষাব্যবস্থা প্রচলণের জন্য উদ্যোগী হয়েছে।

(খ) প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষাদানের জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থা হয়েছে।

(গ) বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করার ব্যয়ভার বহন করার জন্য প্রতিবন্ধীদের ১০০০ টাকা অনুদান দেওয়া হয়।

৩। **আর্থিক সাহায্য**—(ক) অক্ষম ভাতা সম্পূর্ণ কর্মক্ষম প্রতিবন্ধীদের মাসিক ৩০ টাকা হারে ভাতা দেওয়া হয়।

(খ) সরকারী বাসে এবং ট্রামে যাতায়াতের জন্য বিশেষ সুবিধা দেওয়া হয়। সরকারী চাকুরে প্রতিবন্ধীদের যাতায়াতের জন্য মূল বেতনের শতকরা ১০ ভাগ অথবা সর্বোচ ৫০ টাকা যাতায়াত ভাতা দেওয়া হয়।

(গ) প্রতিবন্ধীদেরবিভিন্ন ধরনের কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ, ক্র্যাচ, তিন চাকার সাইকেল ইত্যাদি দিয়ে সাহায্য করা হয়।

অন্যান্য সুযোগ সুবিধা—

(১) পুনর্বাসনের জন্য প্রতিবন্ধীদের দ্বারা গঠিত কো-অপারেটিভ সোসাইটিকে ইউনাইটেড ব্যাঙ্ক এবং রাজ্যসরকার আর্থিক সাহায্য দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন।

(২) অন্ধদের যাতায়াতের সুবিধার জন্য "হোয়াইট কেন্‌ল" তৈয়ারীর জন্য সরকার সচেষ্ট হয়েছেন।

(৩) প্রতিবন্ধীদের সমস্যা সমাধানের জন্য "পশ্চিমবঙ্গ প্রতিবন্ধী কল্যাণ পর্ষদ" গঠন করা হয়েছে।

(৪) হাউসিং বোর্ড কর্তৃক নির্মিত ফ্ল্যাটগুলির শতকরা ১ ভাগ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষণ করা হবে।

## মধু সংগ্রহের পরিমাণ

৪৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ২২০৯। ) **শ্রীগনেশচন্দ্র মণ্ডল ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ বর্ষে সুন্দরবন এলাকায় কি পরিমাণ মধু সংগ্রহ করা হয়েছে;

(খ) উক্ত মধুর বাজার মূল্য কত; এবং

(গ) উক্ত মধু সংগ্রহকারীদের জন্য সরকার কি পরিমাণ মধু বরাদ্দ করেন?

**বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৫২,৪৭৫ কিলোগ্রাম।

(খ) ৫,৫০,১৮৭ টাকা।

(গ) মধু সংগ্রহকারীদের জন্য কোন মধু বরাদ্দ করা হয় নাই। সংগৃহীত মধু সমস্তটাই সরকার ক্রয় করিয়া লইয়াছেন।

## গোসাবা থানায় ডাকাতি ও বন্দুক ছিনতাই

৪৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২২১১। ) **শ্রীগনেশচন্দ্র মণ্ডল ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারী মাস থেকে আগস্ট মাস পর্যন্ত সময়ে গোসাবা থানায় কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে;

(খ) উক্ত সময়ে ঐ থানায় কতগুলি বন্দুক খোয়া যায়;

(গ) তন্মধ্যে এ পর্যন্ত কতগুলি উদ্ধার করা সম্ভব হয়েছে; এবং

(ঘ) বন্দুক চুরির জন্য কতগুলি মামলা দায়ের করা হয়েছে?

**স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১টি।

(খ) একটিও না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) ১টি ( নির্ধারিত সময়ের পূর্বে চুরি যাওয়া একটি বন্দুক ঐ সময়ের মধ্যে উদ্ধার হওয়ার দরুন )।

## পুরুলিয়া জেলায় মহকুমা

৪৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ২২১৮। ) শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় ঃ স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সমগ্র পুরুলিয়া জেলায় একটি মাত্র মহকুমা আছে;

(খ) সত্য হইলে, ঐ জেলাকে একাধিক মহকুমায় বিভক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকিলে, নূতন মহকুমাগুলির নামকরণের ও উক্ত মহকুমা শহরের জন্য স্থান নির্বাচনের বিষয় কোন সিদ্ধান্ত হইয়াছে কি ?

**স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** হ্যাঁ।

(খ) ঐ জেলার রঘুনাথপুরকে কেন্দ্র করে একটি মহকুমা স্থাপনের পরিকল্পনা সরকারের আছে।

(গ) কেবলমাত্র রঘুনাথপুরকে কেন্দ্র করেই একটি মহকুমা সদরের গোড়াপত্তনের কাজ এগিয়ে চলেছে।

## পুরুলিয়া জেলায় ডিষ্ট্রীক্ট ইণ্ডাষ্ট্রিজ সেণ্টার

৪৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং ২২২০। ) শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় রাজ্যসরকারের পরিচালনাধীন ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিজ সেণ্টার নামে কোন সংস্থা আছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে উক্ত সংস্থা স্থাপনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) উক্ত সংস্থা কি কি ধরনের শিল্প স্থাপন করেন ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পুরুলিয়া জেলায় রাজ্যসরকারের কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তরের অধীন ডিষ্ট্রিক্ট ইণ্ডাস্ট্রিজ সেণ্টার ( জেলা শিল্প কেন্দ্র ) ১৯৭৮ সাল হইতে জেলার শিল্পোন্নয়নের কাজ করিতেছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) জেলা শিল্পকেন্দ্র ব্যক্তিগত উদ্যোগে সকল প্রকার কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপনের পরিকল্পনার কার্যকারিতা বিবেচনা করিয়া অভিজ্ঞ মতামত এবং ঋণ ও অনুদান দিয়া সাহায্য করিয়া থাকেন।

## পুরুলিয়ায় নতুন বিদ্যালয় স্থাপন

৪৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং ২২২৯। ) শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় ঃ শিক্ষা ( প্রাথমিক ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলায় নতুন কোন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে,

(১) কোথায় কোথায়, এবং

(২) কবে নাগাত স্থাপিত হইবে বলিয়া আশা করা যায় ?

**শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আপাততঃ নেই।

(খ) প্রশ্ন উঠে না।

## পুরুলিয়া জেলার মৎস্য চাষ কেন্দ্র

৪৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ২২৩১। ) **শ্রীধ্রুবের চট্টোপাধ্যায় :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলাতে ব্লকওয়ারী কয়টি মৎস্য চাষ কেন্দ্র আছে ;

(খ) উক্ত জেলার বিভিন্ন গ্রামের বৃহৎ পুষ্করিণীগুলি সংস্কার করিয়া তাহাতে মৎস্য চাষের কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা ;

(গ) করিয়া, থাকিলে, উক্ত কাজের জন্য কত টাকা বরাদ্দ আছে ; এবং

(ঘ) ১৯৭৭ সাল হইতে অদ্যাবধি সময়ের মধ্যে উক্ত জেলায় ব্লকওয়ারী কত চারাপোনা মৎস্যচাষীদের মধ্যে বিতরণ করা হইয়াছে ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৬টি ( পুরুলিয়া ২নং—১টি, বলরামপুর —১টি, কাশীপুর—১টি, ঝালদা ২নং—১টি, বাগমুণ্ডি—১টি ও রঘুনাথপুর ২নং—১টি )।

(খ) হ্যাঁ, অন্তর্দেশীয় মৎস্য চাষ প্রকল্পের অধীনে ব্যাঙ্ক ঋণ এবং সরকারী অনুদানের সহযোগিতায় এই ছোট বড় পুকুরগুলি সংস্কারের পরিকল্পনা আছে।

(গ) প্রকল্পে মঞ্জুরীকৃত ব্যয় ৪,১৯,২৮৮ টাকার ১/৪ ভাগ অনুদান হিসাবে দেওয়ার জন্য পুরুলিয়া ফিস ফারমার্স ডেভেলপমেন্ট এজেন্সীতে বরাদ্দ করা আছে।

(ঘ)

| সাল | | ব্লকের সংখ্যা | বিলিকৃত চারাপোনার সংখ্যা |
|---|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ... | ১০টি | ১৩,৩০,০০০ |
| ১৯৭৮-৭৯ | ... | ২০টি | ৩৩,২৫,০০০ |
| ১৯৭৯-৮০ | ... | ১০টি | ১৩,৩০,০০০ |
| ১৯৮০-৮১ | ... | ১৪টি | ১৮,৬২,০০০ |
| ১৯৮১-৮২ | ... | ১৬টি | ২১,১৮,০০০ |
| ১৯৮২-৮৩ ( সেপ্টেম্বর পর্যন্ত ) | ... | ১৪টি | ৫,৬০,০০০ |

## দেশী ও বিদেশী মদের লাইসেন্স

৪৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২২৩৬। ) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** ও **শ্রীসেখ ইমাজুদ্দীন :** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮১-৮২ প্রতি আর্থিক বৎসরগুলিতে কয়টি দেশী ও বিদেশী মদের লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে?

**আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

| বৎসর | | দেশী মদের লাইসেন্স | | বিদেশী মদের লাইসেন্স | |
|---|---|---|---|---|---|
| | | পুরাতন লাইসেন্সের নবীকরণ | নূতন লাইসেন্স | পুরাতন লাইসেন্সের নবীকরণ | নূতন লাইসেন্স |
| ১৯৭৮-৭৯ | ... | ৮৯৭ | ৩ | ৪৪২ | ২০ |
| ১৯৭৯-৮০ | ... | ৮৯৩ | ১ | ৪৩৪ | ১৩ |
| ১৯৮০-৮১ | ... | ৮৬৯ | ১০ | ৪৪৪ | ১৬ |
| ১৯৮১-৮২ | ... | ৮৭৮ | ৬ | ৪৬০ | ৯ |

## সুন্দরবনে রয়্যাল বেঙ্গল টাইগার-এর সংখ্যা

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৮।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** ও **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনে 'রয়্যাল বেঙ্গল টাইগার'-এর সংখ্যা কত ?

(খ) গত পাঁচ বৎসরে বে-আইনীভাবে কয়টি বাঘকে হত্যা করা হইয়াছে।

(গ) বেথুয়াডহরী সংরক্ষিত বনে হরিণ আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, তাহার সংখ্যা কত ?

**বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৭৯ সালের সমীক্ষা অনুযায়ী ২২৫টি।

(খ) ৫টি। (গ) হ্যাঁ। (ঘ) ২২১টি।

## কাজুবাদামের চাষ

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৯।) **শ্রীশেখ ইমাজুদ্দিন** ও **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে সরকারী তত্ত্বাবধানে কত জমিতে কাজুবাদামের চাষ হইতেছে ;

(খ) উক্ত চাষে বাৎসরিক কি পরিমাণ কাজুবাদাম উৎপন্ন হয় ; এবং

(গ) উক্ত বাবত সরকারের কত আয় হয় ?

**বনবিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৪০৬৪ হেক্টর।

(খ) ১১০.৫ মেট্রিক টন।

(গ) ৬,৭৬,৪১৫ টাকা।

## আখ চাষী সরবরাহকৃত আখের দাম

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৩। **শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পলাশী সুগার মিলের নিকট বেশ কিছু আখ চাষী তাঁদের সরবরাহকৃত আখের দাম পান নাই ; এবং

(খ) সত্য হলে, আখ চাষীদের প্রাপ্য টাকা পরিশোধ করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) আগামী মরশুমে আখমারাই শুরু হবার আগেই আখ চাষীদের প্রাপ্য সমস্ত টাকা মিটিয়ে দেওয়া হবে বলে মিল কর্তৃপক্ষ জানিয়েছেন।

## নদীয়া জেলার তেহট্টতে জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণ

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৫।) **শ্রীমাধবেন্দু মোহান্ত :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) নদীয়া জেলার তেহট্টতে জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণের কোন প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(খ) বিবেচনাধীন থাকিলে, কবে নাগাত এর কাজ শুরু হইবে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## প্রাইমারী মার্কেটিং সোসাইটি

৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৭।) **শ্রীমাধবেন্দু মোহান্ত :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি থানা ও ব্লক প্রাইমারী মার্কেটিং সোসাইটি আছে ;

(খ) তন্মধ্যে নদীয়া জেলায় কয়টি এবং কোথায় কোথায় ;

(গ) ঐ সমস্ত সোসাইটিতে সরকারী প্রতিনিধি পাঠানো হয় কি ; এবং

(খ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে ১৯৭৭ সন হতে ১৯৮২ সন পর্যন্ত তেহট্ট এবং সাহেবনগর সোসাইটিতে কে কে সরকারী প্রতিনিধি নিযুক্ত হয়েছিলেন ?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ২৬৮টি।

(খ) ১৫টি (সমিতির নাম ও ঠিকানার তালিকা নিম্নে সংযোজিত করা হইল)।

(গ) হ্যাঁ।

(ঘ) তেহট্ট ব্লক ১ প্রাইমারী মার্কেটিং সোসাইটিতে কোন সরকারী প্রতিনিধি নাই।

তেহট্ট থানা কো-অপারেটিভ এগ্রিকালচার মার্কেটিং সোসাইটি (সাহেবনগর) ১৯৭৭ সনের সরকারী প্রতিনিধি—

(১) এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার (নরম্যাল),

(২) শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস, গ্রাম নূতন বানিয়া, পোঃ বানিয়া, নদীয়া,

(৩) শ্রীখগেন্দ্রনাথ মণ্ডল, গ্রাম এবং পোঃ পলাশীপাড়া, নদীয়া,

১৯৮০ সনের সরকারী প্রতিনিধি—

(১) শ্রীদ্বিজেন্দ্রনাথ তলাপাত্র, গ্রাঃ এবং পোঃ পলাশীপাড়া, নদীয়া,

(২) শ্রীকুলদা চক্রবর্তী, গ্রাম এবং পোঃ নাতিপোতা, নদীয়া,

(৩) বি ডি ও, পলাসীপাড়া।

অতারকিত প্রশ্ন নং ৪৪৩ (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৭)-এর 'খ' অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে বিবৃতিটি নিম্নে দেওয়া হইল—

## নদীয়া জেলার প্রাথমিক সমবায় বিপণন সমিতিগুলির নামের তালিকা এবং ঠিকানা

নাম ও ঠিকানা

(১) বালিয়া সমবায় বহুমুখী এবং বিপণন সমিতি লিঃ, পোঃ বালিয়া, নদীয়া।

(২) তেহট্ট থানা সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ সাহেবনগর, নদীয়া।

(৩) রাণাঘাট প্রাথমিক সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ রাণাঘাট, নদীয়া।

(৪) মাজদিয়া তালদা প্রাথমিক বৃহদাকার বিপনন সমবায় সমিতি লিঃ, পোঃ মাজদিয়া, নদীয়া।

(৫) হরিণঘাটা থানা সমবায় কৃষি বিপণন সমিতি লিঃ, পোঃ সুবর্ণপুর, নদীয়া।

(৬) কালীগঞ্জ সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ পলাশী, নদীয়া।

(৭) শান্তিপুর থানা সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ শান্তিপুর নদীয়া।

(৮) করিমপুর থানা সমবায় কৃষিজ বৃহদাকার বিপণন সমিতি লিঃ, পোঃ করিমপুর নদীয়া।

(৯) হাঁসখালি থানা পূর্ব সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ বগুলা, নদীয়া।

(১০) নাকাশীপাড়া থানা সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ এবং গ্রাম বেথুয়াডিহিরি, নদীয়া।

(১১) কৃষ্ণনগর থানা সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ কৃষ্ণনগর নদীয়া।

(১২) নবদ্বীপ থানা প্রাথমিক কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ নবদ্বীপ, নদীয়া।

(১৩) তেহট্ট ব্লক-১ প্রাথমিক বিপণন সমিতি লিঃ, পোঃ তেহট্ট নদীয়া।

(১৪) কৃষ্ণনগর ব্লক-২ সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, পোঃ ধুবুলিয়া, নদীয়া।

(১৫) চাপড়া সমবায় কৃষিজ বিপণন সমিতি লিঃ, গ্রাম চাপড়া, পোঃ বঙ্গডিহি, নদীয়া।

## সুতুলী মিল স্থাপনের পরিকল্পনা

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৯।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—নিম্নমানের পাট ও আনারসের তন্তু ব্যবহার ক'রে সুতুলী মিল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

## সহ-সচিব ও উপ-সচিবদের বেতন বৈষম্য

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯৩)। **শ্রীসুব্রত মুখার্জী ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মহাকরণে—

(১) পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস থেকে নিযুক্ত অফিসারদের ক্ষেত্রে সহ সচিব ও উপ-সচিব পদের বেতনক্রম যথাক্রমে ১,১০০-১,৯০০ টাকা এবং ১,৬০০-২,২৫০ টাকা কিন্তু পশ্চিমবঙ্গ জেনারেল সার্ভিস থেকে নিযুক্ত অফিসারদের ক্ষেত্রে ঐ দুই পদের বেতন ক্রম যথাক্রমে ৬৬০-১,৬০০ টাকা এবং ১,১০০-১,৯০০ টাকা।

(২) উক্ত বৈষম্যের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য সংশ্লিষ্ট মহল থেকে দীর্ঘদিন পূর্বে একটি স্মারকলিপি দেওয়া হয়েছিল ; এবং

(খ) অবগত থাকলে—

(১) একই পদ এবং একই কাজের জন্য দুই ধরণের পে-স্কেল থাকার কারণ কি,

(২) উক্ত স্মারকলিপি সরকার কবে পেয়েছেন এবং বর্তমানে উহা কোন্ পর্যায়ে আছে, ও

(৩) ঐরূপ পে-স্কেলের বৈষম্য দূর করার জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস ক্ষেত্রে নূতন বেতনক্রম নির্ধারিত করা হইয়াছে—(১) ৬৬০—১,৬০০, (২) ১,১০০—১,৯০০, (৩) ১,৬০০—২,২৫০ টাকা ও তদুপরি সহ সচিবের ক্ষেত্রে মাসিক ১০০ টাকা বিশেষ বেতন ও উপ-সচিবের ক্ষেত্রে মাসিক ২০০ বিশেষ বেতন দেওয়া হইবে যেন উপ-সচিবের ক্ষেত্রে ১ মাস বেতন ও বিশেষ বেতন ২,২৫০ টাকার বেশী না হয়।

কিন্তু মহামান্য হাইকোর্টের মামলা চলার দরুন এই বেতনক্রম পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস থেকে নিযুক্ত সহ সচিব পদের জন্য এখনও চালু করা যায় নাই। তাই নূতন বেতনক্রম চালু না করা পর্যন্ত ইহা সঠিকভাবে বলা যায় না যে পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস-ভুক্ত সহ সচিব ও উপ-সচিবের পদের জন্য বেতন যথাক্রমে ১,১০০—১,৯০০ টাকা ও ১,৬০০—২,২৫০ টাকা হইবে।

তবে পশ্চিমবঙ্গ জেনারেল সার্ভিসের ক্ষেত্রে সহ সচিবরা বেতন হিসাবে নূতন বেতনক্রম ৬৬০—১,৬০০ টাকা ও তদুপরি মাসিক ১০০ টাকা বিশেষ বেতন ও উপ-সচিবরা ১,১০০— ১,৯০০ টাকা ও তদুপরি মাসিক ২০০ টাকা বিশেষ বেতন পান।

(২) এই ব্যাপারে সংশ্লিষ্ট মহল থেকে একটা স্মারকলিপি পাওয়া গিয়াছে।

(খ) একই পদে যেখানে বিভিন্ন সার্ভিস থেকে পূরণ করা হয় সাধারণভাবে সেই পদে নির্দিষ্ট সার্ভিসের পে-স্কেল ও ক্ষেত্র বিশেষে বিশেষ বেতন দেওয়া হয়। যেমন মহাকরণে উপ-সচিবের পদ আই এ এস সার্ভিস হইতেও পূরণ করা হয়। সে ক্ষেত্রে উপ-সচিবেরা আই এ এস সার্ভিসের বেতনক্রম (১,২০০—২,০০০) ও ২০০ টাকা

বিশেষ বেতন পান। ইহাতে দেখা যাইবে যে কোনও কোনও ক্ষেত্রে আই এ এস উপ-সচিবরা পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস উপ-সচিবদের চেয়ে কম বেতনক্রম পাইতে পারেন। এই কারণে যে সমস্ত পদ বিভিন্ন সার্ভিসের অফিসার দ্বারা পূরণ করা হয় তাহাদের সকলের ক্ষেত্রে সমান ( আইডেনটিক্যাল ) বেতনক্রম দেওয়া সম্ভব নয়। সুতরাং এই পরিপ্রেক্ষিতে ইহাকে পে-স্কেলের বৈষম্য বলা চলে না। যাহা হউক বিগত অক্টোবর মাসে প্রাপ্ত স্মারকলিপিটি সম্পর্কে স্বরাষ্ট্র বিভাগের মতামত জানা গিয়াছে। বিষয়টি বর্তমানে অর্থবিভাগের বিবেচনাধীন।

## বাঁকুড়া জেলার রাইপুর থানাকে ভাগ করার পরিকল্পনা

৪৪৬। ( অনুমোদিত প্রশ্ন নং ২২৯৭। ) **শ্রীউপেন কিসকু :** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার অন্তর্গত রাইপুর থানাকে দুটি থানায় ভাগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ)* থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## সোনামুখী ইরিগেশন ডিভিশনে কর্মী সংখ্যা

৪৪৭। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩০২। ) **শ্রীসুখেন্দু খান :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সোনামুখী ইরিগেশন ডিভিশনে মাস্টার রোলে কতজন কর্মী আছেন।

(খ) উক্ত কর্মীদের কি পদ্ধতিতে নিয়োগ করা হয় ; এবং

(গ) উক্ত কর্মীদের স্থায়ীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৩৪ জন।

(খ) ন্যূনতম প্রয়োজনের ভিত্তিতে সাময়িকভাবে নিয়োগ করা হয়।

(গ) রাজ্য সরকারের আদেশনামা অনুযায়ী কতকগুলি সর্তসাপেক্ষে তাহাদের স্থায়ী করণের ( এ্যাবজরপশান ) ব্যবস্থা আছে।

## বরো-জামতোড়িয়া রাস্তা নির্মাণের পরিকল্পনা

৪৪৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩০৯। ) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরো-জামতোড়িয়া রাস্তাটি নির্মাণ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ করা হইবে ?

**পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) রাস্তাটির কাজ শুরু করা প্রধানতঃ অর্থদপ্তরের অনুমোদনের উপর নির্ভর করছে।

## মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৬।) শ্রীশেখ ইমাজুদ্দিন এবং শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে কোন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী মৃত্যুদণ্ড কার্যকর হওয়ার অপেক্ষায় আছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে তাহার সংখ্যা কত ; এবং

(গ) তাহাদের নাম ও ঠিকানা কি ?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) পুরুষ ২৬ জন, মহিলা ২, মোট ২৮ জন।

(গ) তালিকা নিম্নে দেওয়া হ'ল—

**Statement referred to in reply to clause "(Ga)" of question No. 449 (Admitted question No. 2316)**

**Names and addresses of the condemned prisoners now lodged in the jails of West Bengal**

**Alipore Central Jail**

| Name | Address |
|---|---|
| 1. Ashit Dey Sarkar, S/o Dwijendra Ch. Dey Sarkar | Bishnupur, Chakda, Nadia. |
| 2. Nikhil Bhowmik, S/o Lt. Upendra Nath Bhowmcik | Sayamprosad Pally, Binpur, 24-Parganas. |
| 3. Sanjoy alias Bhulla Dutta, S/o Lt. Murari Mohan Dutta | Rajgate, Binpur, 24-Parganas. |
| 4. Santosh Banerjee, S/o Bhupen Banerjee | Mijipur, Binpur, 24-Parganas. |
| 5. Ananda Bhowmick, S/o Upendra Bhowmick | Shyama Prosad Pally, Binpur, 24-Parganas. |
| 6. Hari Krishna Dutta, S/o Lt. Gobinda Ch. Dutta | Raj Gate, Police-station Binpur, 24-Parganas. |
| 7. Basu Dev Roy Chowdhury, S/o Kalipada Roy Chowdhury | Monohar Pukur Road, Police-station Bhawanipur, Cal-26. |
| 8. Amir Ali Molla, S/o Gabbor Ali Molla | Sonurulla, Police-Station Horaa, 24-Parganas |
| 9. Dina Das alias Chamar, S/o Jadavlal Das | Judge Court Road, Police-station Alipur, Cal-27. |

| | | |
|---|---|---|
| 10. | Ujjal Ghosh alias Mrinal, S/o Lt. Paresh Ch Ghosh | Jatindas Golony, Police-station Belgharia, 24-Parganas. |
| 11. | Parsuram Jadav, S/o Punit Jadav | Narikeldanga Main Road, Police-station Fulbagan, Calcutta. |
| 12. | Ram Prabesh Roy, S/o Sivdutt Roy | Narkeldanga Main Road, Police-station Fulbagan, Calcutta. |
| 13. | Mohit Lal Jadav S/o Jagad Lal Jadav | Narkeldanga Main Road, Police-station Fulbagan, Calcutta. |
| 14. | Babu Ram Show, S/o Narayan Show | Gour Bibi Lane, Police-station Fulbagan, Calcutta. |
| 15. | Laksman Naskar, S/o Hara Kr. Naskar | Gobindapur Roy Colony, Police-station Lake, 24-Parganas. |
| 16. | Himangshu Pahari alias Ganesh Pahari, S/o Noni Gopal Pahari | Lanhaganj, Police-station Mahisadal, Midnapur. |

## গ্রেট ইষ্টার্ণ হোটেলে আয়-ব্যয় ও কর্মী সংখ্যা

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২৩।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ বর্ষে কলিকাতাস্থিত গ্রেট ইস্টার্ণ হোটেলে আয় ও ব্যয়ের পরিমাণ কিরূপ (বৎসরওয়ারি হিসাব) ; এবং

(খ) বর্তমানে উক্ত সংস্থায় কর্মী-সংখ্যা কত ?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) গ্রেট ইস্টার্ণ হোটেলের ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে আয় ও ব্যয়ের পরিমাণ নিম্নরূপ ছিল—

| বৎসর | আয় | ব্যয় |
|---|---|---|
| ১৯৭৯-৮০ | ২,১৫,১৮,০০০ | ১,৮৪,০৬,০০০ |
| ১৯৮০-৮১ | ২,৩৩,১৫,০০০ | ১,৯০,৬২,০০০ |
| ১৯৮১-৮২ | ২,৫৫,৩৪,০০০ | ২,০৭,৫৬,০০০ |

(খ) বর্তমানে উক্ত সংস্থায় ৮৪৪ জন কর্মী আছেন।

## তারাতলায় নৌযান বিদ্যাশিক্ষা কলেজ

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২৮।) **শ্রীউপেন কিসকু ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহাকি সত্য যে, তারাতলায় নৌযান-এ বিদ্যাশিক্ষা দেওয়ার জন্য একটি কলেজ আছে ;

(খ) সত্য হইলে, (১) উক্ত কলেজে প্রতি বছর কতজন শিক্ষালাভ করে এবং (২) তপসিলী জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের জন্য আসন সংরক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ। ইহা ভারত সরকারের অধীনে। (খ) (১) ও (২) জান নেই।

## পশ্চিমবঙ্গে সি এইচ ভি কর্মী-সংখ্যা

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৫।) **শ্রীশিশ্ মহম্মদঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সি এইচ ভি কর্মীদের সংখ্যা কত; এবং

(খ) তাহাদের হাত খরচ বাবত মাসিক কত টাকা প্রদান করা হয়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) পশ্চিমবঙ্গের ১৫টি জেলার ৩৩৫টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১৯৮২ সালের মার্চ মাস অবধি প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে ২১,৯৩১ (একুশ হাজার নয় শ' একত্রিশ) জন সি এইচ ভি গ্রামে কাজ করছে। এই বছরের এপ্রিল থেকে সেপ্টেম্বর অবধি প্রশিক্ষণ প্রাপ্ত সি এইচ ভি'র সঠিক সংখ্যা সমগ্র বিবরণী জেলা কর্তৃপক্ষের কাছ থেকে এখনও এসে পৌঁছায়নি। তবে আনুমানিক আরো ছয় হাজার সি এইচ ভি এই সময়ের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে নিজ নিজ গ্রামে কাজ করছেন।

(খ) সি এইচ ভি' দের প্রত্যেককে মাসিক পঞ্চাশ টাকা হারে হাত খরচ বাবদ ভাতা দেওয়া হয়। এজন্য বর্তমানে মাসিক মোট খরচ প্রায় ১৪ লক্ষ টাকা।

## তফসিলীভুক্ত আদিবাসী সম্প্রদায়ভুক্ত চাকুরী প্রার্থীদের বয়ঃসীমা

৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৪। **শ্রীরামপদ মাণ্ডিঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে চাকুরী পাওয়ার ক্ষেত্রে তফসিলীভুক্ত জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের জন্য বয়সসীমা কত?

**তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** রাজ্য সরকারের চাকুরীতে যে সব পদে "পাব্লিক সার্ভিস কমিশন" এর মাধ্যমে প্রার্থী নির্বাচন হয়, সে সব পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলীভুক্ত জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের জন্য বয়সের উর্ধসীমা ৩৫ বৎসর।

"কর্ম বিনিয়োগ কেন্দ্র" এর মাধ্যমে চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে তফসিলীভুক্ত জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের বয়সের উর্ধসীমা ৪০ বৎসর—

## বাগানান রুরাল হাসপাতাল

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫০।) **শ্রীনিতাইচরণ আদকঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাগনান রুরাল হাসপাতালের এ্যাম্বুলেন্স গাড়ীটি দীর্ঘদিন যাবত অচল অবস্থায় পড়িয়া আছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাদ এ্যাম্বুলেন্সটি সারানো হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বাগনান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ইউনিসেফ্ প্রদত্ত একটি জীপ গাড়ি বিগত ১৯৭৯ সালের নভেম্বর মাস থেকে অচল অবস্থায় আছে। স্বাস্থ্যকেন্দ্রটি কিছু দিন পূর্বে গ্রামীণ হাসপাতালে উন্নীত হয়েছে এবং সেই সঙ্গে ঐ হাসপাতালের জন্য একটি এ্যাম্বুলেন্স মঞ্জুর হয়েছে। নতুন এ্যাম্বুলেন্সটি এখনও পাওয়া যায়নি।

(খ) জীপগাড়ির ইঞ্জিনটি মেরামতির জন্য স্বাস্থ্য কৃত্যকের কেন্দ্রীয় কারখানায় পাঠান হয়েছে। ঐ মেরামতির কাজ অনতিবিলম্বে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

## শ্রীগোপাল ব্যানার্জ্জী কলেজের প্রশাসকের বিরুদ্ধে অভিযোগ

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৭।) **শ্রীআবদুল মান্নান : শিক্ষা (উচ্চতর)** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) হুগলী জেলার বাগাটী শ্রীগোপাল ব্যানার্জী কলেজের প্রশাসনের প্রধান হাজার হাজার টাকা তছরূপের অভিযোগে অভিযুক্ত;

(২) ঐ অভিযোগের ভিত্তিতে ১৯৭৭ সালের ৮ই জুন এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের ডি আই জি এক তদন্ত করে রিপোর্ট পেশ করেন; এবং

(খ) সত্য হলে, এবিষয়ে সরকার এর বিরুদ্ধে কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) (১) না। তদন্তে জানা গেছে যে 'তছরূপের' কোন প্রমাণ নেই। কিছু অনিয়মিত কাজের কথা এসেছে। (২) যথোপযুক্ত তদন্ত করা হয়েছিল।

(খ) এই অনিয়মিত কাজ সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার নির্দেশ দেওয়া হয়েছে।

## পৌরসভা পরিচালিত প্রাথমিক স্কুলগুলিকে সরকারী পরিচালনাধীন করার পরিকল্পনা

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৪।) **শ্রীনিরঞ্জন মুখার্জী : শিক্ষা** (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরসভা পরিচালিত প্রাথমিক স্কুলগুলিকে সরকারী পরিচালনাধীন করার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হইবে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) কোন সময়সীমা নির্ধারিত হয় নি।

## রায়গঞ্জ হইতে বারসই-এর রাস্তা তৈরীর কাজ

৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৬।) **শ্রীদীপেন্দ্র বর্মন : পূর্ত (সড়ক)** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ হইতে বারসই-এর ( ভায়া ৩৪ নং জাতীয় সড়ক ) যে ১'৬০ কিলোমিটার রাস্তা পশ্চিমবঙ্গ সরকারের কাছে আছে তা তৈরীর কাজ শুরু হয়েছে কি; এবং

(খ) ঐ কাজ শুরু না হয়ে থাকলে, কবে শুরু হবে এবং কবে ঐ কাজ সম্পূর্ণ হবে ?

**পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) কাজ শুরু হওয়া আর্থ-প্রশাসনিক অনুমোদনের উপর নির্ভর করছে। কাজ শেষ হওয়া, জমি পাওয়া, প্রয়োজনীয় অর্থ-সঙ্কুলান করা ইত্যাদির উপর নির্ভরশীল। অতএব কবে কাজ শুরু হবে বা শেষ হবে একথা এখনই বলা সম্ভব নয়।

## রায়গঞ্জে পলিটেকনিক স্থাপন

৪৫৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৭। ) **শ্রীদীপেন্দ্র বর্মন :** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমদিনাজপুরের রায়গঞ্জে পলিটেকনিকটি কবে স্থাপিত হয়েছে;

(খ) উক্ত পলিটেকনিকে কৃষি, অটোমোবাইল ও পূর্তপ্রযুক্তি বিদ্যায় ডিপ্লোমা পাঠক্রম সমূহ কবে থেকে পড়ান শুরু হয়েছে; এবং

(গ) উপরোক্ত পাঠক্রমসমূহ পড়ান শুরু না হয়ে থাকলে কোন্ শিক্ষাবর্ষ থেকে চালু হবে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পশ্চিমদিনাজপুরে রায়গঞ্জ পলিটেকনিকের ভবন নির্মাণ কাজ শেষ হয়েছে।

(খ) এখনো শুরু হয় নি; ঐ পলিটেকনিকে কৃষি, অটোমোবাইল ও পূর্ত প্রযুক্তি বিদ্যায় ডিপ্লোমা পাঠক্রম চালু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(গ) আশা করা যায় আগামী শিক্ষাবর্ষে উক্ত পাঠক্রম চালু করা সম্ভব হবে।

## তফসিলী জাতি ও উপজাতির মধ্যে ফ্ল্যাট বণ্টন

৪৫৯। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৫। ) **শ্রীকমলাক্ষী বিশ্বাস :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২রা ফেব্রুয়ারি ১৯৮২ তারিখে আনন্দবাজার পত্রিকায় মাসিক ভাড়ার ভিত্তিতে সরকারী ফ্ল্যাট ( ১৯৩, আন্দুল রোড, হাওড়া এবং কাশীপুর, রুস্তমজী পার্শী রোড ) বণ্টনের জন্য যে বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল শর্তসাপেক্ষে সেগুলি বিলি করা হইয়াছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে তফসিলী জাতি এবং উপজাতি কতজন প্রার্থী উক্ত ফ্ল্যাট পাইয়াছেন;

(গ) তফসিলী জাতি-উপজাতির জন্য সরকারী ফ্ল্যাটের ক্ষেত্রে সংরক্ষিত ব্যবস্থা আছে কি;

(ঘ) যদি থাকে; (১) শতকরা কত ভাগ এবং (২) কোন্ কোন্ সেক্টারে কতগুলি ফ্ল্যাট তফসিলী জাতি-উপজাতিদের মধ্যে বিতরণ করা হয়েছে ?

**আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) গত ২-২-১৯৮২ তারিখের বিজ্ঞাপিত ১৯৩, আন্দুল রোড, হাওড়া, কাশীপুরের রুস্তমজী পার্শী রোডের ফ্ল্যাটগুলি সংশ্লিষ্ট বণ্টন কমিটির (স্ক্রিনিং এণ্ড স্ক্রুটিনী কমিটি) সুপারিশক্রমে ইতিমধ্যে বণ্টন করা হইয়াছে।

(খ) উপরোক্ত দুই জায়গায় সর্বমোট ১ (এক) জন তফসিলী জাতির ও ১ (এক) জন তফসিলী উপজাতির প্রার্থী ফ্ল্যাট পাইয়াছেন।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) (১) সাধারণতঃ শতকরা ৫ (পাঁচ) ভাগ সংরক্ষিত রাখার ব্যবস্থা আছে। (২) ১৯৩, আন্দুল রোডের ফ্ল্যাটের ক্ষেত্রে কোন তফসিলী জাতি ও উপজাতির প্রার্থীদের মধ্যে উপযুক্ত আবেদনের অভাবে কমিটির পক্ষে কোন নাম সুপারিশ করা সম্ভব হয় নাই। তবে কাশিপুরের রুস্তমজী পার্শী রোডে ১ (এক) জন তফসিলী জাতির ১ (এক) জন উপজাতির প্রার্থী কমিটির সুপারিশ অনুযারী ফ্ল্যাট পেয়েছেন। সবই পূর্বোক্তকমিটি ও আবাসন মন্ত্রিমহাশয়ের সুপারিশক্রমে এবং অনুমোদনক্রমে বণ্টন করা হয়েছে।

## কৃষ্ণনগরে 'ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট'

৪৬০। (অনুমোদিত নং ২৩৮৪।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগরে অবস্থিত 'ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট' কোন সালে স্থাপিত হয়;

(১) উহাতে কি কি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়;

(২) নিজস্ব ভবন এবং ছাত্র-শিক্ষক আবাসগৃহ আছে কিনা;

(খ) না থাকিলে, কবে নাগাত উক্ত ভবন ও আবাসন গৃহ নির্মাণ হবে বলে আশা করা যায়; এবং

(গ) সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় :** (ক) এই শিক্ষায়তনটি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে হস্তান্তর করেন ১৯৫৬ সালে। কেন্দ্রীয় সরকার কবে উহা স্থাপন করেন সে সম্পর্কে সঠিক তথ্য নাই। সম্ভবত ১৯৪৮ সাল নাগাত উহা স্থাপিত হয়।

(১) উহাতে নিম্নলিখিত বিষয়গুলিতে প্রশিক্ষণ দেওয়া হয়—

কার্পেণ্টার, ব্ল্যাকস্মিত, ফিটার, মোটর মেকানিক, সীট মেটাল, ওয়ারকার, ওয়ারমেন ও ড্রাফ্‌ট্‌সমেন (সিভিল)।

(২) নিজস্ব ভবন ও শিক্ষক আবাসন নাই। ছাত্রদের জন্য ভাড়াবাড়িতে হোস্টেল আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) এখনও কোন ব্যবস্থা নেওয়া যায়নি। বিষয়টি বিবেচনাধীন।

## বিধানসভা চালানো বাবত ব্যয়

৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৩।) **শ্রীপতিতপাবন পাঠক, শ্রীশেখ ইমাজুদ্দিন ও শ্রীকাজি হাফিজুর রহমান ঃ** স্বরাষ্ট্র (সংসদ বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভা চালাইতে প্রতি ঘণ্টায় কত টাকা খরচ পড়ে সে সম্পর্কে কোন তথ্য আছে কি ; এবং

(খ) তথ্য থাকিলে, তাহা কি ?

**স্বরাষ্ট্র (সংসদ বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## ওয়েষ্ট বেঙ্গল অ্যানিমাল স্লটার কন্ট্রোল এ্যাক্ট

৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৪।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল অ্যানিমাল স্লটার কন্ট্রোল (অ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট ১৯৭৯ আইনটি কি সারা বৎসর কার্যকর থাকে ;

(খ) যদি থাকে, তবে মুসলমানদের বিশেষ কোন উৎসব উপলক্ষে ঐ আইনটির প্রয়োগ শিথিল করা হয় কি ; এবং

(গ) সম্প্রতি হাইকোর্ট উক্ত আইনটি শিথিল করার বিরুদ্ধে কোন নিষেধাজ্ঞা জারি করে রুল এ্যাবসলিউট করে দিয়েছেন কি ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

## উর্দু একাডেমী ভবন নির্মাণ

৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৫।) **শ্রীশেখ ইমাজুদ্দিন এবং শ্রীকাজী হাফিজুর রহমান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উর্দু এ্যাকাডেমী ভবন তৈরী করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকিলে, কবে নাগাত এবং কোথায় তাহা স্থাপিত হবে ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) উর্দু এ্যাকাডেমী তৈরী করার জন্য কলিকাতা কর্পোরেশন এ্যাকাডেমীকে কলিকাতায় হাজী মহম্মদ মহসীন স্কোয়ারে প্রায় দশ কাঠা জমি দিয়েছেন। কিন্তু উক্ত জমি এ্যাকাদেমীর প্রয়োজনের তুলনায় কম হওয়ায় কলিকাতা মাদ্রাসার কিছু জমি এ্যাকাডেমীকে হস্তান্তর করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## আন্দুল মাড়োয়ারী বাগান

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৮।) **শ্রীহারান হাজরা ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার সাঁকরাইল থানার অন্তর্গত 'আন্দুল মাড়োয়ারী" বাগানটি প্রসূতী সদন নির্মাণের জন্য অধিগ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ কাজ কতদূর অগ্রসর হয়েছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(গ) হাওড়ার ভূমি গ্রহণ আধিকারিক কর্তৃক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## কোচবিহার জেলার সমবায় সমিতির পরিচালক মণ্ডলীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৬।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার পাতলা খাওয়া বৃহদাকার সমবায় সমিতি লিমিটেডের ভূতপূর্ব পরিচালক মণ্ডলীর বিরুদ্ধে অর্থ তছরূপ প্রভৃতি দুর্নীতির কোন অভিযোগ পাইয়াছেন কিনা ?

(খ) পাইয়া থাকিলে, উক্ত টাকার পরিমাণ কত ; এবং

(গ) উক্ত বিষয়ে আইনানুগ ব্যবস্থা লওয়া হইয়াছে ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) পঁচিশ হাজার উনষাট টাকা তিপ্পান্ন পয়সা।

(গ) হ্যাঁ।

(Mr. Chairman, Shri Joykesh Mukherjee took the Chair)

**Adjournment Motion**

**শ্রীআদুস সাত্তার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার একটি জরুরী বিষয়ের প্রতি।

(Noise)

(Several members rose to speak)

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** হাওড়া জেলার যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্রীমানস সেনকে সি. পি. এমের লোকেরা হত্যা করেছে......এর বিচার আমরা বামফ্রণ্ট সরকারের কাছ থেকে চাই।

(গোলমাল)

**Mr. Chairman :** I have received one of Adjournment Motion to-day. It is from Shri Nurul Islam Chowdhury which deals with deaths from Encephalitis and Malaria.

The subject matter of the motion is not such which calls for adjournment of the House. Besides, statements on the subject were made by the Minister concerned on the 21st September, 1982 and the 7th October, 1982.

I, therefore, withhold my consent to the above motion.

The member, may, however, read the text of the motion as amended. আপনার মোশানটা পড়ুন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

( Noise )

**Mr. Chairman:** Now I request the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services (Dairy Development) Department to make a statement on the subject of irregula supply of milk from Government Dairy Farm—attention called by Shri Kashinath Misra on the 20th Seprember, 1982.

( Noise )

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্য শ্রীকাশী নাথ মিশ্র গত ১৮.৯.৮২ তারিখে একটি দৃষ্টি আকর্ষনী নোটিশ দিয়ে সরকারী দুধ প্রকল্পে অনিয়মিত দুধ সরবরাহের বিষয়ে উল্লেখ করেন। এ বিষয়ে আমি নিম্নলিখিত বিবৃতি প্রদান করছি ঃ—

বৃহত্তর কলিকাতা অঞ্চলে ৭৫৮টি দুধ সরবরাহ ডিপোর মাধ্যমে প্রতিদিন প্রায় দুই লক্ষ ৭০ হাজার গ্রাহক এবং দুর্গাপুর অঞ্চলে ৮০ জন এজেণ্ট মারফত প্রতিদিন প্রায় ২০ হাজার গ্রাহক সর্বমোট প্রায় ২ লক্ষ ৯০ হাজার গ্রাহকদের বৃহত্তর কলিকাতা ও দুর্গাপুর সরকারী দুধ প্রকল্প মারফত দুধ সরবরাহ করা হয়। কলিকাতার সরকারী হাসপাতালগুলিতেও হাসপাতালগুলির চাহিদার ভিত্তিতে প্রতিদিন দুধ সরবরাহ করা হয়। এই হিসাবের মধ্যে মাদার ডেয়ারী, ডানকুনির সরাবরাহ ধরা হয়নি। কখনও কখনও কোন বিশেষ কারণে যেমন ডেয়ারী প্লাণ্টের কোন যন্ত্রাংশ হঠাৎ বিকল হওয়ার জন্য কিংবা রুটিন মেনটিনান্সের ক্ষেত্রে কোন বিশেষ অসুবিধার জন্য, অথবা দুধ সরবরাহের জন্য সরকারী ভ্যান গাড়ী পথমধ্যে বিকল হওয়ার দরুণ দুধ সরবরাহে বিঘ্ন সৃষ্টি হয়। কিছু সংখ্যক রুটের ডিপোগুলিতে কোন কোন দিন মোটেই দুধ সরবরাহ হয় না। এই সব ক্ষেত্রে গ্রাহকদের খুবই অসুবিধা হতে থাকে।

তবে যে সব সরকারী হাসপাতালে সরকারী দুগ্ধ প্রকল্পের দুধ যোগান নেয় সেগুলিতে অগ্রাধিকারের ভিত্তিতে দুধ সরবরাহ করা হয়ে থাকে। এই সব হাসপাতালের রোগী, রোগীনিদের জন্য হাসপাতালে কর্তৃপক্ষের চাহিদা মত দুধ নিয়মিত সরবরাহ করা হয়ে থাকে।

ডেয়ারী প্লাণ্টের যন্ত্রাংশ তাড়াতাড়ি মেরামতের জন্য সুনির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে দুধ উৎপাদন, বিশুদ্ধ করণ, শীতলীকরণ, প্রভৃতি কাজগুলি ভালভাবে চলে।

ডেয়ারী প্লাণ্টের কতকগুলি যন্ত্র যন্ত্রাংশের ক্ষয় ক্ষতির সঠিক পরীক্ষা করে সেগুলি পুনর্বিন্যাসের কর্মসূচী নেওয়া হয়েছে। দুধের বোতল ও ক্রেটের মাঝে মাঝে অভাব ঘটে কারণ ঐ বোতল ও ক্রেট সরবরাহকারী ঠিকাদাররা এ জিনিষগুলি চাহিদামত সরবরাহ দিতে দেরী করেন। সেজন্য রাজ্য সরকারের পরিচালনাধীন কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরীকে বোতল সরবরাহের বিকল্প সংস্থা হিসাবে নির্বাচন করা হয়েছে। এইটি একটি প্রতিকার মূলক ব্যবস্থা বলা চলে।

তা ছাড়াও কিছু পরিমাণ দুধ বোতলের বদলে পলিথীন প্যাকেটে ভর্তি করে সরবরাহ করার কর্মসূচী নেওয়া হয়েছে।

দুধ সরবরাহের ভ্যান গাড়ীগুলির মধ্যে যেগুলি খুবই পুরানো সেগুলি ক্রমশ বদলে নূতন ভ্যানগাড়ী চালু করার জন্য বাজেট বরাদ্দ গৃহীত হয়েছে। এ কাজগুলি তাড়াতাড়ি সম্পন্ন করে দুধ সরবরাহের অনিয়মিত ঘটনাগুলি দূর করা হচ্ছে।

ডেয়ারী কর্মীদের একটি অংশ পূজা, পার্বণ ও উৎসব প্রভৃতি উপলক্ষে পূর্ব অনুমতি না নিয়েই বেশী ছুটি ভোগ করেন। অনেকদিন থেকেই এই পদ্ধতি চলে আসছে। কর্মী সংস্থাগুলির সঙ্গে আলোচনা করে এ অভ্যাস দূর করার সর্বতোভাবে প্রয়াস চলছে।

১৯৭০ সালের পূর্ব পর্যন্ত বৃহত্তর কলিকাতা দুধ প্রকল্পে দুধ সরবরাহের যে অবস্থা ছিল বর্তমানের অবস্থা তা অপেক্ষা ভাল। কিন্তু তবুও একথা স্বীকার করতে বাধা নেই যে দুধ সরবরাহে ত্রুটী ও বিঘ্ন ঘটছে, গ্রাহকরা মাঝে মাঝে অসুবিধায় পড়ছেন। কিন্তু কখনই অচলাবস্থার সৃষ্টি হয়নি।

এই সমস্ত ত্রুটি ও বাধা বিপত্তি দূর করার জন্য ডেয়ারীর সর্বস্তরের কর্মীদের সদা সতর্ক থাকার প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।

[1-10—1-20 p.m.]

(Congress Members rose in their seats)

(Noise)

**Mr. Chairman :** I request the Minister in charge of Education (Higher) Department to make a statement on the subject of alleged forcible occupation of land including the house of Ex-Governor, Harendra Nath Mukherjee, dedicated to the Calcutta University — attention called by Shri Shai Imajuddin on the 25th September, 1982.

**শ্রীশম্ভুচরন ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯৫০ সালে পশ্চিমবঙ্গের ভূতপূর্ব রাজ্যপাল স্বর্গীয় ডঃ হরেন্দ্র মুখোপাধ্যায় ২৫.৯.৫০ তারিখে একটি উইল করে কলকাতা বিশ্ববিদ্যালয়কে তাঁর কলকাতা ডেহি সিরামপুর রোডের ১, ১১, ২এ, ২বি এবং ২৩নং বাড়ি ও সম্পত্তি এবং মধুপুরে "স্বস্তিকা" নামের বাড়ি ও সংলগ্ন জমি দান করেন। তাঁর ইচ্ছা ছিল, বিশ্ববিদ্যালয় তাঁর পত্নীর মৃত্যুর পরেও ঐ মধুপুরের সম্পত্তি যেন বিক্রয় না করে যেন বিশ্ববিদ্যালয়ের ২০০ টাকা মাসিক বেতনের কম বেতনের অমুসলিম কর্মচারীদের ৩ মাস অবধি জলহাওয়া পরিবর্তনের বিনামূল্যে সুযোগ দিয়ে ব্যবহার করা হয়।

বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এ কথা জানানো হয়েছে যে স্বর্গীয় ডঃ মুখোপাধ্যায়ের এই উইলের এক্সক্যুটর হিসেবে একমাত্র স্বর্গীয় শৈলেন্দ্রনাথ গুহরায় কাজ করেছিলেন। তবে তিনি যথাযথ আদালতে এই ব্যাপারে আয়ের প্রয়োজনীয় হিসাবপত্র দাখিল করেননি। স্বর্গীয় শৈলেন্দ্রনাথ গুহরায়ের মৃত্যুর পর কলকাতা বিশ্ববিদ্যালয় ২৩।১।৮১ তারিখে কলকাতা হাইকোর্টে এই সম্পত্তির রক্ষণাবেক্ষণের ক্ষমতা চেয়ে আবেদন করেন। ১৯৮২ সালের জুলাই মাসে বিশ্ববিদ্যালয়ের এই আবেদন মঞ্জুর হয়।

মধুপুরের সম্পত্তি সম্বন্ধে জানানো হয়েছে যে ইতিমধ্যেই কলকাতা বিশ্ববিদ্যালয় তার দখল নিয়েছেন এবং তাঁদের কর্মচারীদের জন্য একটি অবসরকালীন বিশ্রামাবাস স্থাপনের ব্যবস্থা নিয়েছেন। ডিহিসিরামপুর রোডের সম্পত্তিগুলি বহু সংখ্যক ঠিকা ভাড়াটে থাকার ফলে বিশ্ববিদ্যালয় এখন এই সব ভাড়াটেদের একটি তালিকা প্রস্তুত করেছেন। এর পরেই বিশ্ববিদ্যালয় এই সম্পত্তিগুলিরও দখল নেওয়ার ব্যবস্থা করবেন।

**Mr. Chairman** : I request the Minister in charge of Education (Higher) Department to make a statement on the subject of deadlock in Bankura Christian College—attention called by Shri Kashinath Misra on the 5th October, 1982.

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজে অধ্যক্ষ নিয়োগ প্রশ্নে জটিলতা দেখা দিলেও স্বাভাবিক ভাবে পড়াশুনার ক্ষেত্রে কোন ব্যাঘাত সৃষ্টি হয় নি। যতদূর সংবাদ পাওয়া গেছে তাতে জানা যায়, কলেজ নিয়মিত ভাবে চলছে এবং ক্লাসও হচ্ছে। সংবাদে প্রকাশ সম্প্রতি চার্চ কর্তৃপক্ষের পক্ষ থেকে কলেজের ভাইস-প্রিন্সিপ্যালকে পদত্যাগ করানোর জন্য চেষ্টা চলছে। এই ভাবে চার্চ কর্তৃপক্ষ নূতন ভাবে প্ররোচনার সৃষ্টি করলেও শিক্ষক, ছাত্র এবং শিক্ষাকর্মী একসঙ্গে একে উপেক্ষা করে কলেজের পঠন পাঠনের স্বাভাবিক অবস্থা বজায় রাখার চেষ্টা করছেন।

**Mr. Chairman** : I request the Minister in charge of Health and Family Welfare Department to make a statement on the subject of delay in opening of 50 beds in Tuberculosis Ward in N. R. S. Medical College and Hospital—attention called by Dr. Sisir Kumar Bose on the 7th October, 1982.

**শ্রীঅম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ার ম্যান স্যার, এন, আর. এস. মেডিক্যাল কলেজ হাসপাতালে ৫০টি শয্যাসংখ্যা বিশিষ্ট একটি ত্রিতল টি. বি. ব্লক ১৯৭১ সালে সম্পূর্ণ হয়। এই পৃথক টি. বি. ওয়ার্ড-এর জন্য প্রয়োজনীয় নানা শ্রেণীর ডাক্তার নার্স সহযোগী কর্মচারী ইত্যাদি অনুমোদিত হয়। মঞ্জুরী পাইবার প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যে প্রায় অর্ধেক ইতিমধ্যে যোগদান করিয়াছে। কিন্তু নব নির্মিত বাড়ীটি প্রথম হইতেই উক্ত মেডিক্যাল কলেজের কিছু সংখ্যক ছাত্র জোর করিয়া দখল করিয়া তাহাতে বসবাস শুরু করেন। এই সমস্ত ( ২০—২৫ জন ) ছাত্রের প্রধান দাবী ছিল হোস্টেল ব্যবস্থার সম্প্রসারণ যাহাতে সকল ছাত্রই আবাসিক ব্যবস্থার সুযোগ লাভ করে। বহু আবেদন নিবেদনের পরেও যখন ছাত্ররা স্থানত্যাগ করিতে অস্বীকার করে এবং উচ্চ পর্যায়ের আলোচনা—বলপ্রয়োগ না করার নীতি গৃহীত হওয়ায় অর্থ বিভাগের বিশেষ সম্মতি লইয়া ছাত্রদের আবাসনের অভাব দূর করার প্রয়াসে হোস্টেল সম্প্রসারণের মঞ্জুরী দেওয়া হইয়াছে। আশা করা যায় এই অনতিবিলম্বে এই নূতন হোস্টেল সম্পূর্ণ হইলে ছাত্রদের দ্বারা অধিকৃত দোতলা ও তিনতলার ৫০ শয্যা বিশিষ্ট টি. বি. ওয়ার্ড চালু করা যাইবে। বর্তমানে অবশ্য অনেক আবেদনের পর ছাত্রগণ গ্রাউন্ড ফ্লোর-এর জবরদখল তুলে নেওয়ায় উক্ত ওয়ার্ডের নীচের তলায় টি. বি. আউটডোর এবং এক্স-এর ক্লিনিক-এর কাজ চলিতেছে।

( Congress members rose in their seats )

( Noise )

**Mr. Chairman :** I request the Minister of State-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of critical condition of patients in Burdwan Medical College and Hospital due to non-co-operation of doctors, attention called by Shri Abdul Mannan on the 6th October, 1982.

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, on 5.10.82 at 5 A.M., a patient was admitted in Burdwan Medical College Hospital who subsequently died at 6.30 A.M. (morning). The party and the public alleged that the patient died due to negligence of the doctors and nurses.

( Noise )

( At this stage Members of Congress(I) and Congress(S) walked out of the Chamber)

They abused the doctors and nurses and over this issue, the nurses protested before the Deputy Superintendent and demanded their security and protection. The internees and the House-staff supported the Nurses and wanted police protection. The Deputy Superintendent requested D.M. and S.P. who immediately went to the Hospital and started negotations with the doctors and nurses.

But while the discussion were going on some members of the public entered the room with a child for admission which created further trouble.

After that some elements from the public threws brickbats and broke the doors and windows of the hospital and damaged the car of S.P.

The situation was brought under control. The normalcy returned and the work is continuing.

The following actions have been taken ;

(1) One enquiry committee has been formed by Secy., Deptt. of Health & Family Welfare to go through the incidence with Addl. D.M. as Chairman and Principal and C.M.O.H. as members.

(2) H.M. (Medical) has ordered for investigation of all deaths in all Government Hospital by Internal Committees, the G. O. for which is begin issued.

(3) As the Superintendent has gone on long leave, a new Superintendent is being posted soon.

(4) The Principal and Superintendent (acting) have been advised to look after other problem of the hospitals and try to solve those as far as possible.

I may like to inform that normalcy has been restored and the doctor are performing their normal routine.

[1-20—1-30 P.M.]

## Leaving of Reports.

The Report of the Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Revenue Receipts); (ii) The Report of the Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Civil); (iii) The Report of the Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Commercial); (iv) Finance Accounts, 1979-80; and (v) Appropriation Accounts, 1979-80.

**Shri Jyoti Basu :** Sir, I beg to lay before the Assembly—

(i) The Report of the Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Revenue Receipts);

(ii) The Report of The Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Civil);

(iii) The Report of the Comptroller and Auditor-General of India for the year 1979-80 (Commercial);

(iv) Finance Accounts, 1979-80; and

( v) Appropriation Accounts, 1979-80

## The Report of the Chanda Commission of Inquiry.

**Shri Jyoti Basu :** Mr. Chairman, I beg to lay before the House, the Report of the Chanda Commission of Inquiry, set up to inquire into the tragic incidents that took part on the 16.8.80 in connection with the First Division Football League Match between Mohan Bagan Athletic Club and East Bengal Club held at the Eden Gardens, Calcutta.

## The Report of the Basu Commission of Islampur Inquiry.

**Shir Jyoti Basu :** Mr. Chairman, I beg to lay before the House the Report of the Basu Commission of Islampur Inquiry set up to inquire into the disturbances and incidents that took place on 6.4.80 and 7.4.80 alongwith the Memorandum of Action taken thereon.

The Third Annual Report of Accounts of West Dinajpur Spinning Mills Limited for the year 1977-78.

**Dr. Kanailal Bhattacharyya :** Sir, I beg to lay the Third Annual Report and Accounts of West Dinajpur Spinning Mills Limited for the year 1977-78.

## Motions under Rule 185

**Mr. Chairman :** I now call upon Shri Kashinath Misra to move his motions.

( Pause )

As Shri Misra is not present in the House, Shri Deba Prasad Sarkar may now move his motions.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার অনুমতি নিয়ে মোশান আণ্ডাররুল ১৮৫ এর উপর প্রস্তাব উৎথাপন করছি—পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, রাজ্যসরকার ১৯৮২ সালের অক্টোবর মাসের প্রথম সপ্তাহে থেকে কলকাতায় রেশনে চালের বরাদ্দ কমিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন, ফলে এই মহানগরীর লক্ষ লক্ষ দরিদ্র সাধারণ মানুষ তথা রাজ্যের সাধারণ মানুষ এক চরম দুর্দশার সম্মুখীন হবে। তাই এই বিধানসভা পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাচ্ছে যে, কলকাতায় রেশনে চালের বরাদ্দ হ্রাস করার সাম্প্রতিক সিদ্ধান্ত বাতিল করা হোক এবং বিধিবদ্ধ ও আংশির রেশনিং এলাকায় রেশনে সরবরাহ অব্যাহত রাখার উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষে এক ভয়াবহ অভূতপূর্ব খাদ্য পরিস্থিতির সম্মুখীন হয়েছে। আপনি জানেন সারা পশ্চিমবঙ্গে দ্বিতীয় বারের মত খরায় প্রতিটি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম আকাশ ছোঁয়া। আমাদের সাধারণের ক্রয়-ক্ষমতা সীমার বাইরে চলে গেছে।

এমন একটা সময়ে যেখানে পশ্চিমবাংলার সাধারণ মানুষকে রিলিফ দেয়া প্রয়োজন, এই চরম খাদ্য সংকটের সময়ে যেখানে সরকারের খাদ্য সরবরাহ ব্যবস্থাকে আরও জোরদার ও শক্তিশালী করা প্রয়োজন, যুদ্ধ কালীন গুরুত্ব আরোপ করে যেখানে রেশন ব্যবস্থাকে আরও জোরদার ও শক্তিশালী করা প্রয়োজন ছিল সেই জায়গায় আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি সম্প্রতি রাজ্য সরকার বিধিবদ্ধ রেশন এলাকায় মাথা পিছু রেশনে চালের বরাদ্দ শতকরা ২৫ ভাগ কমিয়ে দিয়েছেন। এই কাজ তাঁরা ঘোষনা করে করেছেন। মডিফায়েড রেশন এলাকায় ঘোষনা ছাড়াই এতকাল অনিয়মিত রেশন সরবরাহের যে ব্যবস্থা ছিল, বর্তমানে সেই রেশন সরবরাহের ব্যবস্থা প্রায় উঠিয়ে নেয়া হচ্ছে। এর ফলে পশ্চিম বাংলার জনগণ চরম খাদ্য সংকটের মুখে। সেজন্য জন-স্বার্থে আমি রাজ্য সরকারের কাছে দাবী করছি যাতে রাজ্য সরকার জনসাধারণের সুবিধার্থে তাঁদের সিদ্ধান্তের পুনবিবেচনা করুন। অর্থাৎ বিধিবদ্ধ রেশন এলাকায় রেশন সরবরাহ হ্রাস করার সিদ্ধান্ত বাতিল করুন এবং সঙ্গে সঙ্গে এম. আর. এলাকায় যেখানে কার্যত রেশন সরবরাহ ব্যবস্থাকে গুটিয়ে ফেলা হচ্ছে সেই ব্যবস্থাকে যাতে পুন-রুজ্জীবিত করা যায় তারজন্য কার্যকরী সমস্ত ব্যবস্থা গ্রহণ করবেন। এই দাবী আমি করবো। একথা ঠিক যে পশ্চিম বাংলায় যে ভয়াবহ খাদ্য পরিস্থিতি দেখা দিয়েছে এর পেছনে রাজ্য সরকার একমাত্র কারণ দেখিয়েছেন কেন্দ্র থেকে খাদ্য সরবরাহের অপ্রতুলতা। এটা নিশ্চয় একটা কারণ কিন্তু এটাই একমাত্র কারণ নয়। রাজ্য সরকার যদি সংস্কার মুক্ত মন নিয়ে বিবেচনা করেন তাহলে তাঁরা অস্বীকার করতে পারবেন না যে এই খাদ্য সংকটের সমাধানের ক্ষেত্রে রাজ্য সরকারের একটা বিরাট ভূমিকা ছিল যেটা তাঁরা পালন করতে পারেননি। তাঁরা বলবেন বারবার পশ্চিম বাংলা খরা কবলিত হচ্ছে বলে ঘাটতি হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে বিগত সাড়ে পাঁচ বছরে রাজ্য সরকারের খাদ্য নীতি জনসাধারণের জন্য কনসার্ন ফিল করে করা হয়নি। কারণ তা না হলে খাদ্যোতপাদন বৃদ্ধি করার জন্য কার্যকরী কিছু পদক্ষেপ তাঁরা নিতেন। খরা এবার নূতন নয়। বছরের পর বছর খরা কিছু হচ্ছে। খরার হাত থেকে রক্ষা পাবার

জন্য পার্মনেণ্টলি সেচ ব্যবস্থা নিয়েছেন কি? বন্যা কবলিত যে হচ্ছে তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন কি? অর্থাৎ যে ব্যবস্থা গ্রহণ করলে কৃষির উন্নতি হতে পারতো, খাদ্যোতপাদন বৃদ্ধি হতে পারতো এবং কেন্দ্রের উপর নির্ভরশীলতা অনেকখানি কম হোত। সেসব কি তাঁরা গ্রহণ করেছেন?

[1-30—1-40 p. m.]

২নং প্রশ্ন হচ্ছে আজকে আভ্যন্তরীণ ক্ষেত্রে খাদ্য সংগ্রহের ব্যাপারে রাজ্য সরকারের নিজস্ব ভূমিকা আছে, প্রোকিওরমেণ্টের দিক থেকে আমি বলব রাজ্য সরকার চরম ব্যর্থ হয়েছেন। আভ্যন্তরীন খাদ্য সংগ্রহের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে মূলতঃ জোতদার এবং ধনী চাষীদের উপর যে লেভি ধার্য করা দরকার ছিল তা তাঁরা করেননি, জোতদার ও ধনিক শ্রেণীর সমর্থন পুষ্ট তাঁদের সংগঠনকে রক্ষা করার জন্য সেইসব জোতদার এবং ধনী চাষীদের গায়ে হাত দেননি। তাঁরা মিল মালিক, কালোবাজারী, অসাধু ব্যবসায়ী, মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন নি। এছাড়া ভুয়া রেশন কার্ড—অচিন্ত্যবাবু বলেছেন ১ কোটি ভুয়া রেশন কার্ড, এই ১ কোটি ভুয়া রেশন কার্ডের মাধ্যমে যে বিপুল পরিমাণ রেশন সামগ্রী ব্ল্যাক মার্কেটে চলে যাচ্ছে সেটা আপনারা বন্ধ করতে পারেন নি। আউট অব ওয়ান ক্রোর আপনারা ৪ লক্ষ রেশন কার্ড মাত্র ধরেছেন। তাহলে ডিস্ট্রিবিউসানের ক্ষেত্রে একটা বড় অংশ চলে যাচ্ছে ব্ল্যাক মার্কেটে। আমি কাগজে দেখেছি ভিজিলেন্স কমিশন বলেছেন এফ সি আই-এর গুদাম থেকে বেরিয়ে রেশন সপে আসার আগে পর্যন্ত মাঝখানে ৩০ পার্সেণ্ট রেশন সামগ্রী ব্ল্যাক মার্কেটে চলে যাচ্ছে। এটা বন্ধ করতে পারলে দেশে এতটা খাদ্য সঙ্কট হত না, কেন্দ্রীয় সরকারের উপর এতটা নির্ভরশীলতার প্রয়োজন ছিল না এবং এই পদক্ষেপ নিলে আজকে সাধারণ মানুষের উপর এই রকম আঘাত দেওয়ার প্রয়োজন দেখা দিত না। তাই আমি আশা করব আজকে চরম খাদ্য সংকটের মুহূর্তে রেশন বরাদ্দ কমিয়ে দেওয়ার যে সিদ্ধান্ত সরকার নিয়েছেন জন স্বার্থে সেই সিদ্ধান্ত তাঁরা উইথড্র করে নেবেন এবং কার্যকরী ব্যবস্থা নেবেন। এইটুকু বলে আমি আশা করব আপনারা সকলেই আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন।

**Mr. Chairman:** Amendment No. 2 of Shri Sk. Imajuddin is out of order as it does not come within the scope of the motion for which it is proposed.

I now call upon Shri Sumanta Kumar Hira to move his amendment.

**শ্রীসুমন্তকুমার হীরা:** মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার কর্তৃক আনীত যে প্রস্তাব তার কিছু এ্যামেণ্ডমেণ্ট আমি মুভ করছি। আমি বলতে চাই মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারের প্রস্তাবের প্রথম লাইন এবং ষষ্ঠ লাইনের মাঝখানে যেখানে আছে রাজ্য সরকার ১৯৮২ সালের এখান থেকে শুরু করে শেষে ষষ্ঠ লাইনে যেখানে আছে বাতিল করা হোক এই পর্যন্ত পরিবর্তন করে লেখা হোক—

"যেহেতু কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্যের সরবরাহ অস্বাভাবিক হ্রাস করেছে;

যেহেতু গ্রামাঞ্চলে অভূতপূর্ব এবং ভয়ঙ্কর খরা পরিস্থিতির জন্য ব্যাপক ফসল হানি ঘটেছে এবং খাদ্যাভাব দেখা দিয়েছে ;

যেহেতু খরাক্লিষ্ট মানুষকে অনাহারে মৃত্যুর হাত থেকে বাঁচাবার জন্য কলকাতার জন্য নির্ধারিত খাদ্যশস্যের একটি অংশ গ্রামাঞ্চলে সরবরাহ করতে হচ্ছে ;

যেহেতু কেন্দ্রীয় সরকার চালের সংগ্রহ ও বণ্টন মূল্য কিলো প্রতি ১৩ পয়সা বৃদ্ধি করেছে ;

যেহেতু রাজ্যসরকার সাময়িকভাবে কলকাতার রেশনে চালের সরবরাহ মাথা প্রতি ৩ কেজির স্থলে ২ কেজি করেছে ;

সেইহেতু এই বিধানসভা গভীর উদ্বেগের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছে, অবিলম্বে বরাদ্দ অনুযায়ী খাদ্যশস্যের সরবরাহ নিয়মিত করা হউক এবং চালের উপর আরোপিত বাড়তি মূল্য প্রত্যাহার করা হউক।"

এই হচ্ছে আমার এ্যামেণ্ডমেণ্ট, আশাকরি মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার আমার এই সংগত এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করবেন। এই প্রস্তাবকে কেন্দ্র করে আমি আরো দু'একটা কথা বলতে চাই।

আমি একথা বলতে চাই যে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় একটা উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাব এনেছেন। তিনি পশ্চিমবঙ্গে সরকারকে খানিকটা হেয় করার জন্য, খানিকটা সস্তা বাহবা কুড়াবার জন্য এই প্রস্তাব এনেছেন। সত্যিকারের জনগণের প্রতি দরদ থেকে এই প্রস্তাব আনেন নি। যদি সত্যিকারের জনগণের প্রতি দরদ থেকে এই প্রস্তাব আনতেন তাহলে প্রস্তাবের বিষয়বস্তু, তার বয়ান অন্যরকম হত। উনি জানেন না এই কথা ঠিক নয়। আজকে পশ্চিমবাংলার জন্য যে বরাদ্দ, সেই বরাদ্দ কেন্দ্রীয় সরকার বর্তমানে ঠিক মত আমাদের সরবরাহ করেন না। আমাদের খাদ্য-মন্ত্রী বারবার এই হাউসে বিবৃতি দিয়েছেন, স্টেটমেণ্ট ছাপিয়ে আমাদের মধ্যে বণ্টন করেছেন এবং আমরা ফিগার থেকে দেখেছি যে আমাদের নির্ধারিত যে খাদ্যশস্যের কোটা, সেই কোটা থেকে আমরা যেটা সরবরাহের মাধ্যমে পাই তা কখনই ৫০ থেকে ৭৫ ভাগের বেশী নয়। কাজেই একথা বলা যেতে পারে যে পশ্চিমবঙ্গে খাদ্য শষ্য সরবরাহের ক্ষেত্রে কেন্দ্রীয় গাফিলতি অনেকটা পরিমাণে দায়ী এবং এই অবস্থার জন্য আমাদের রেশান ব্যবস্থায় মাঝে মাঝে বলা যেতে পারে রেশানে চাল এবং গমের পরিমাণ কমাতে হয়। এটা শুধু আজকে নয়, অনেকবার অনেক সময়ে করতে হয়েছে। আজকে সারা পশ্চিমবঙ্গ জুড়ে এক ভয়ানক খরা দেখা দিয়েছে এবং সেই খরায় গ্রাম জ্বলছে। যেসব ফসল হয়েছিল, যেটুকু চারাগাছ হয়েছিল, তা শুকিয়ে যাচ্ছে। গ্রামের গ্রামীন মজুর, ক্ষেতমজুর দরিদ্র মানুষ তাদের কাজ নেই, তারা অনাহারে থাকছে। পশ্চিমবঙ্গের যা উৎপাদন সেই উৎপাদন এত কম যে তা দিয়ে এই সমস্ত অনাহারক্লিষ্ট মানুষদের বাঁচাতে পারি না, আমাদের কেন্দ্রীয় সরবরাহের উপর নির্ভর করতে হয়। সেই জায়গায় সেই সরবরাহ যদি কম দেওয়া হয় তাহলে আমাদের নিজেদের যেটুকু খাদ্য আছে, সেটুকু ভাগ করা ছাড়া, সেটুকু কমিয়ে খাওয়া ছাড়া আমাদের আর দ্বিতীয় রাস্তা থাকে না। সেজন্য বলবো মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের জন্য সামগ্রীক ভাবে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। আজকে কলকাতা শহরে যারা রেশন কার্ড হোল্ডার

তারা মাথা পিছু ৩ কেজি করে চাল পান। সেই ৩ কেজি চালের জায়গায় যদি ২ কেজি করে দেওয়া হয় তাহলে এই যে বাড়তি এক কেজি চাল যেটা থাকছে, এই চালটা আমরা গ্রামের অনাহারক্লিষ্ট গরীব মানুষদের সাহায্য হিসাবে দিতে পারি এবং সেটাই দেওয়া হচ্ছে এবং এই খরার হাত থেকে দরিদ্র মানুষগুলিকে বাঁচানোর, চেষ্টা করা হচ্ছে। কাজেই মাননীয় সদস্যর এটা সমর্থন করা উচিত ছিল। তিনি অন্যভাবে এটা রাখতে পারতেন এবং সেইভাবে রাখলে আমরাও এটা সমর্থন করতে পারতাম, কিন্তু সেই ভাবে তিনি রাখেন নি। তারপরে আমি এই কথা বলতে চাই যে আজকে ভারতবর্ষ খাদ্যশষ্য বিদেশ থেকে আনছে এবং প্রায় ২॥ মিলিয়ন টন কম আনা হয়েছে। কিন্তু আমাদের খাদ্যশষ্য কেন বাড়ছে না? আপনি জানেন যে পশ্চিমবাংলার যা জনসংখ্যা তার প্রায় ২০ ভাগ এই কলকাতা শহরে বসবাস করে এবং কলকাতায় যারা বসবাস করে তার একটা বড় অংশ প্রায় ৬০ ভাগ আমাদের বাইরের রাজ্যের লোক। ককলাতা একটা মেট্রোপলিটান সিটি এবং সেই সিটির লোকেদের খাওয়াবার যে দায়িত্ব, সেই দায়িত্ব যদি পশ্চিমবঙ্গের মত একটা সমস্যা পীড়িত দরিদ্র রাজ্য সরকারের উৎপাদানের উপর নির্ভর করতে হয় তাহলে সেই সমস্যা সমাধান কোন সরকারই করতে পারবে না, এটা কেন্দ্রীয় সরকারের বোঝা উচিত। তারা যে এটা বোঝেন না, তা নয়, তারা এটা বোঝেন এবং বুঝেও বারবার এটা নিয়ে আলোচনা করেন। একটা কোটা ঠিক করা হয়েছিল পশ্চিমবঙ্গকে দেওয়া হবে বিশেষ করে কলকাতা এবং শিল্পাঞ্চলের জন্য চাল এবং গমের কিন্তু সেই কোটা কখনই পূরণ করা হচ্ছে না।

[1-40—1-50 p.m.]

এই বিক্ষোভ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে করা উচিত। জানি না দেবপ্রসাদবাবু কেন রাজ্য সরকারের বিরুদ্ধে বল্লেন, রাজ্য সরকারকে গালাগালি দিলেন। তিনি যে প্রস্তাব এনেছেন, তাতে আমি যে সংশোধনী এনেছি, সেই সংশোধনী সমেত তিনি যদি এই প্রস্তাব গ্রহণ করেন তাহলে আমরা খুশী হবো। এটা কেন্দ্রীয় সরকারের গাফিলতি। যাতে কেন্দ্রীয় সরকার তার ত্রুটি বিচ্যুতি সংশোধন করেন সেই দিকে আমাদের দৃষ্টি থাকা উচিত। এই বলে আমার সংশোধনী সমেত প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষচন্দ্র গোস্বামী ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে কলকাতা এলাকায় রেশনে চাল কমানোর বিরুদ্ধে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি সেটা সমর্থন করতে পারছি না। আমরা দেখলাম গত পাঁচ বছর ধরে তিনি যে রকম কথা-বার্তায় অভ্যস্ত আজকের এই প্রস্তাবের মাধ্যমে সেই ধ্বনিই ধ্বনিত হয়েছে। খুবই দুঃখের কথা কলকাতায় রেশন ব্যবস্থায় চাল কমানোর সিদ্ধান্তে উদ্বেগ প্রকাশ করেছেন—কিন্তু গ্রামবাংলার মানুষদের ক্ষেত্রে তার কোন মাথাব্যাথাই দেখলাম না। অনেক সময় দেখেছি তিনি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারকে সমানভাবে দায়ী করে থাকেন। কিন্তু এ ক্ষেত্রে দেখলাম কেন্দ্রীয় সরকারের দায়-দায়িত্বকে আড়াল করবার চেষ্টা করেছেন। তিনি জানেন পশ্চিম-

বাংলার অবস্থা খাদ্যের ব্যাপারে কি রকম। যা খাদ্য সংগ্রহ করা হয় তাতে বিধিবদ্ধ রেশন এলাকায় এবং মডিফায়েড রেশন এলাকায় খাদ্যের যোগান দেওয়া একেবারেই অসম্ভব। তার জন্য কেন্দ্রীয় সরকারকে খাদ্য দিতে হয়। তার প্রস্তাবের কোথায়ও এ কথা পেলাম না যে রাজ্য সরকারের যে বর্ধিত চাহিদা তা কোন দিনই কেন্দ্রীয় সরকার দেন না। আবার যাও পাওয়া যাচ্ছে তাও তারা সময় মত দিচ্ছে না। যেটুকু বরাদ্দ করছে তা কার্যত দিচ্ছে না। যা আসছে তাও সময়মত আসছে না—ওয়াগানের অভাব এবং অনেক রকম কারণ তার মধ্যে আছে। যার জন্য রেশন ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। তিনি অত্যন্ত সুকৌশলে কেন্দ্রীয় সরকারের দায় দায়িত্বকে আড়াল করছেন। জানি না দেবপ্রসাদবাবুদের তাদের সঙ্গে কোন বোঝাপড়া আছে কিনা। তিনি তো বললেন না যে, যে চাল গম কেন্দ্রীয় সরকারের তরফ থেকে দেওয়া হচ্ছে তা অনেক এতো নিকৃষ্ট ধরণের যে তা পশু খাদ্যের পক্ষেও অযোগ্য? এ সম্বন্ধে তাঁদের কাছ থেকে কোন কথাই শুনলাম না। আজকে সরকার পক্ষের সদস্য শ্রীসুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী এনেছেন আমি তা সমর্থন করি এবং এই সঙ্গে আজকে আমি দাবী জানাচ্ছি যে কেন্দ্রীয় সরকারকে রাজ্যসরকারের যে চাল এবং গম প্রয়োজন তা সরবরাহ করতে হবে। আগামী দিনে যে ভয়াবহ অবস্থা আসছে সমগ্র রাজ্যে যে খরা পরিস্থিতি তার জন্য কেন্দ্রীয় সরকারকে তার দায় দায়িত্ব পালন করতে হবে। এখানে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি পরিস্থিতি বিবেচনা করলে হবে না। আশা করি এই ভয়াবহ অবস্থা তারা উপলব্ধি করবেন। আজকের দিনের চাহিদা অনুযায়ী খাদ্যশস্যের বরাদ্দ বৃদ্ধি করবেন বলে আশা রাখি। আমাদের সরকার পক্ষের সদস্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন সেই প্রস্তাবকে সমর্থন করা যায় না, করা যায় না এই কারণে, যে তিনি বাস্তব অবস্থা এবং পশ্চিমবাংলার জনগণের সমস্যা এবং দুরবস্থার কথা চিন্তা না করে বামফ্রন্ট সরকার বিরোধী কতকগুলো বক্তব্যকে এখানে তুলে ধরার জন্য প্রস্তাবটি এনেছেন বলে আমার মনে হয়। পশ্চিমবাংলার মানুষের সামনে খাদ্য নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে সেটা যদি তিনি সুচিন্তিতভাবে বিচার বিশ্লেষণ করতেন তাহলে আশা করি তিনি এই ধরণের প্রস্তাব আনতে পারতেন না। কেননা এটা তো আজকে কারোর কাছে অবিদিত নয় যে পশ্চিমবাংলায় উৎপাদন গত বছর কত হয়েছিল, এই বছর কি আশঙ্কা করা যাচ্ছে আমরা জানি গত বছর আমাদের ৩৫ লক্ষ টন খাদ্য হয়নি এবং এবারে আমরা আশা করছি খরা দেখা দিয়েছে, ১৫টা জেলাতে এই অবস্থা দেখা দিয়েছে, আমাদের উৎপাদনের ঘাটতি থাকবে অনুমান করা হচ্ছে। এই অবস্থাটা যদি আগামী সেপ্টেম্বর মাস পর্য্যন্ত চলে তাহলে ৪১ লক্ষ টন ঘাটতি থাকবে। এটা সকলের কাছে বিদিত যে পশ্চিমবাংলা একটা রাজ্য, সেই রাজ্য ছাড়া ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যগুলিতে খাদ্যের চাহিদা মেটাবার দয়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার যদি তাঁর দায়িত্ব পালন না করেন, স্বাভাবিকভাবে পশ্চিমবাংলার মানুষের খাদ্যের অভাব থেকে যায়, সেই কারণে এই কথা বরং বলা যেতে পারে যে পশ্চিমবাংলায় যে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা রয়েছে, সংশোধিত রেশন

ব্যবস্থা আছে, যে পাবলিক ডিসট্রিবিউসন সিস্টেম আছে, ভারতবর্ষের মধ্যে একমাত্র কেরালার পর এত সুষ্ঠু এই ধরণের রেশন ব্যবস্থা—গত ৫ বছরের অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে এত সঙ্কট সত্ত্বেও, এত সুষ্ঠুভাবে বণ্টনের অসুবিধা থাকা সত্ত্বেও যে রকমভাবে এই ব্যবস্থা চলছে, এটা ভারতবর্ষের অন্য কোন রাজ্যে কোথাও দেখা যায় নি। সেই কারণে পশ্চিমবাংলার মানুষের দিকে তাকিয়ে এই রেশনিং ব্যবস্থার পদ্ধতিটা নিতে হয়েছে। উনি বললেন যে আভ্যন্তরীণ সংগ্রহ—আভ্যন্তরীণ সংগ্রহ কার উপর নির্ভর করে? উৎপাদনের উপরেই তো নির্ভর করে? উৎপাদনে সারা ভারতবর্ষের হার—তিনি পড়েছেন কিনা জানিনা, এই বিধানসভার যে ইকনমিক রিভিউ দেওয়া হয়েছে, তার যে রিপোর্ট তাতে দেখা যাচ্ছে সারা ভারতবর্ষের যে রেট অফ গ্রোথ এগ্রিকালচারের ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে, অন্য রাজ্যগুলোর ন্যাশান্যাল লেবেলে, তার তুলনায় পশ্চিমবাংলা অনেকটা এগিয়ে আছে। পশ্চিমবাংলাটা তো ভারতবর্ষের বাইরের কোন রাজ্য নয়, যে, অন্যগুলোকে ছেড়ে দিয়ে আলাদাভাবে চিন্তা ভাবনা করতে হবে। ওনারা তা করতে পারেন বর্তমানে পশ্চিমবাংলায় তা তো সম্ভব নয়, একই অর্থনৈতিক কাঠামোতে বাঁধা রয়েছে, সেখানে কৃষি অর্থনীতি বলুন, বা অন্যান্য অর্থনীতি বলুন সবই এক কাঠামোতে বাঁধা রয়েছে। কাজেই পশ্চিমবাংলায় যে উৎপাদন হয় তার থেকেই সংগ্রহ হয়। আমার সময় কম তা না হলে দেখিয়ে দিতে পারতাম যে ১৯৬? সাল থেকে আরম্ভ করে ১৯৭৭ সাল পর্য্যন্ত যে আভ্যন্তরীণ সংগ্রহের মাত্রা তা কোন কালেই ভাল করা যায় নি, এই অভিজ্ঞতা আমাদের আছে। উনি বলেছেন এই সমস্ত সত্ত্বেও ঐ নির্দেশটা উইথড্র করে নিতে। আমি বলব কিছুদিন আগে—উনি পড়ে দেখবেন পার্লামেণ্টের যে তথ্য দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে, সেই তথ্যে বলা হয়েছে যে একমাত্র পশ্চিমবাংলায় যেখানে খাদ্যশস্যের বা এই সমস্ত অত্যাবশ্যক সামগ্রীর উপর এই রাজ্যে যে আইন কানুন কে ব্যবহার করা হয় তাতে পশ্চিমবাংলায় সব চেয়ে বেশী ঐ খাদ্যদ্রব্য বা অত্যাবশ্যক সামগ্রী বেশী টাকা মূল্যে জিনিষ বাজেয়াপ্ত করা সম্ভব হয়েছে এবং আদালতের মামলার ক্ষেত্রে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী আছে এবং একথা সকলেই জানেন যে স্পেশাল প্রভিসন এ্যাক্ট, এসেনশিয়াল কমোডিটিস এ্যাক্টকে অবলম্বন করে ১৯৫৫ সালের যে একটা সংশোধন কেন্দ্রীয় সরকার করেছেন এবং এবার ১লা সেপ্টেম্বর থেকে যেটা চালু হয়েছে সেটা কার্যকরী করার জন্য পশ্চিমবাংলায় ১৪টি বিশেষ আদালত স্থাপন করা হয়েছে। যদি এই নির্দেশটা তুলে নিই, তাহলে খাদ্যের ঘাটতি থাকবে এবং চোরাকারবারীদের সাহায্য করা হবে। সেইজন্য এই সব ব্যবস্থাগুলো নেওয়া হয়েছে। যদি তিনি এটাকে সমর্থন না করেন তাহলে তিনি ঐ সমাজ-বিরোধী, মজুতদার এদেরই সমর্থন করতে চাইছেন বলে মনে হবে।

[1-50—2-00 p.m.]

স্যার, আমি আর একটি তথ্য সভার কাছে রাখতে চাই। হ্যাঁ, রেশনে এক কেজি চাল কমিয়ে দেওয়া হয়েছে। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পরে পশ্চিমবঙ্গের রেশন ব্যবস্থা তুলে দেওয়া হয়েছিল। ১৯৬৫ সালে যখন পুনরায় পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা চালু করা হয় তখন কত চাল, আর কত গম দেওয়া হত? ১৯৬৫ সালে মোট ২১৫০ গ্রাম খাদ্য শস্য

দেওয়া হত। এর মধ্যে ১৫৫০ গ্রাম চাল, বাকিটা গম দেওয়া হত। তারপর ১৯৭৩ সালে আধা ফ্যাসিস্ট রাজত্বকালে মোট খাদ্য শস্যের পরিমান ছিল ১৮৭০ গ্রাম। এর মধ্যে চালের পরিমাণ হল মাত্র ৮৭০ গ্রাম, এ্যাভারেজ হিসাব করলে তাই দাঁড়ায়। তারপর ১৯৭৫/৭৬ সালে জরুরী অবস্থা জারী হল। ১৯৭৫ সালে ২০০০ গ্রাম খাদ্য শস্য সরবরাহ করা হত, এর মধ্যে ৬৭৫ গ্রাম চাল ছিল। ১৯৭৬ সালে ২৭৫০ গ্রাম খাদ্য শস্য সরবরাহ করা হত, এর মধ্যে গড়ে মাত্র ৬২৫ গ্রাম চাল ছিল। তারপর ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার ক্ষমতায় এসে খাদ্য শস্যের পরিমাণ বাড়াতে শুরু করল। প্রথমেই খাদ্য শস্যের পরিমান ৩৭৫০ গ্রাম করা হল, তার মধ্যে চালের পরিমাণ হল ১৫০০ গ্রাম। ১৯৭৯ সালে পুরো ৪ কেজি দেওয়া হত, চালের পরিমান হল ১৭৫০ গ্রাম। ১৯৮০ সালে ঐ ৪ কেজিই ছিল, গড়ে চালের পরিমান ২৷৷ কেজি ছিল। ১৯৮১ সালেও ৪ কেজি ছিল, গড়ে চাল ২৯৮০ গ্রাম দেওয়া হয়েছে। এই অবস্থা কেন দেখা দিল, সেটা স্বাভাবিক ভাবে আমরা বলেছি। আমরা কেন্দ্রের কাছে যে পরিমাণ খাদ্য শস্য চেয়েছি সেটা পাচ্ছি না। ১৯৮০/৮১ সালে সেণ্ট্রাল এ্যালটমেণ্ট যা দেবার কথা ছিল, তারা তা দিতে পারেননি। প্রত্যেকবারেই ঘাটতি পড়েছে। যতটুকু এ্যালট করেন সেটাও এসে পৌঁছায় না। ১৯৮১ সালে ১১ লক্ষ টনের মত ঘাটতি পড়েছিল। এই বছর চাপ সৃষ্টি করে আগষ্ট মাস পর্যন্ত ২ লক্ষ টনও এসে পৌঁছায়নি। সেপ্টেম্বর মাসে মাত্র ৭৬টি রেক এসেছে। তার মানে ১ লক্ষ ২১ হাজার মেট্রিক টন পেয়েছি, দেবার কথা ছিল ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন। অর্থাৎ প্রায় ২৮ হাজারের বেশী মেট্রিক টন চাল আসেনি। তার উপর এখন গ্রামে প্রচণ্ড খরা চলছে। এই অবস্থার ভিতরে শহরেও অসুবিধা হচ্ছে, গ্রামেও অসুবিধা হচ্ছে। কাজেই সমস্ত দিক চিন্তা করে শহরে ১ কেজি চাল কমিয়ে ২ কেজি করায় সিদ্ধান্ত নিয়েছি। আর গ্রামে ২২০০গ্রাম চাল, ৮০০ গ্রাম গম মিলিয়ে মোট ৩ কেজি করা হয়েছে। এখন গ্রাম, শহরে মোট ৩ কিজি করে সরবরাহ করার একটা যুক্তি সঙ্গত সিদ্ধান্ত আমরা নিতে পেরেছি। সেইজন্য আমি দেবপ্রসাদবাবুর প্রস্তাব সমর্থন করতে পারছি না। এটা সত্যি যে, মাননীয় সদস্য সুমন্ত কুমার হীরা মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটা সমর্থনযোগ্য। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবুর নজরে এটা পড়ল না যে কেন্দ্রীয় সরকার চাল, গমের দাম কেন বাড়িয়ে দিলেন — এর বিরুদ্ধে তিনি একটি কথাও বললেন না। গমের দাম তারা ১৫ পয়সা করে বাড়িয়ে দিলেন, চালের দাম ১৩/১৪ পয়সার মত বাড়িয়ে দিলেন। এর বিরুদ্ধে দেবপ্রসাদবাবু কিন্তু একটি কথাও বললেন না। ২৬ পয়সা কেন্দ্রীয় সরকারের ভরতুকী ছিল। আন্তর্জাতিক অর্থভাণ্ডারের নির্দেশক্রমে এই ভরতুকির পরিমান কমিয়ে এনে কেন্দ্রীয় সরকার ক্রেতা সাধারণ, জনসাধারণের উপর যে চাপ সৃষ্টি করছেন, তার বিরুদ্ধে তিনি একটি কথাও বললেন না। কাজেই সুমন্ত হীরা মহাশয় যে বক্তব্য রেখেছেন সেটা সঠিক এবং সমর্থনযোগ্য। তাই আমি এটাকে সমর্থন করছি। আজকে কেন্দ্রীয় সরকার ২ হাজার কোটি টাকা বৃহৎ শিল্পপতিদের পুঁজিপতিদের ভরতুকি দিচ্ছেন, অথচ ৫০০ কোটি টাকা খাদ্য শস্যের জন্য পাওয়া যাচ্ছে না। এটা কিন্তু দেবপ্রসাদবাবুর নজরে পড়ল না। আমরা কেন্দ্রের কাছে প্রতি মাসে ৩ লক্ষ ৭৫ হাজার মেট্রিক টন খাদ্য শস্য

চেয়েছি। কেন্দ্র এটা নিয়মিত ভাবে সরবরাহ করলে যে প্রথা পদ্ধতি চালু ছিল সেটা নিশ্চয় চালু রাখার চেষ্টা করব। এই ক'টি কথা বলে মাননীয় দেবপ্রসাদবাবুর প্রস্তাবের বিরোধিতা করে এবং সুমন্ত হীরা মহাশয়ের প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবের উপর মন্ত্রীসহ সরকারপক্ষের সদস্যদের বক্তব্য শুনলাম। স্যার, আমি সুমন্তবাবুর বক্তব্য তথা তাঁর এ্যামেণ্ডমেণ্ট শুনলাম এবং পড়লাম। সুমন্তবাবুর বক্তব্যের জবাব দিয়েই আমি আমার বক্তব্য শুরু করছি। তিনি বলেছেন, 'এই প্রস্তাব উদ্দেশ্যমূলক।' উদ্দেশ্যমূলক তো বটেই, সেই উদ্দেশ্য হচ্ছে জনগনের স্বার্থ রক্ষা করা ; এ ছাড়া অন্য কোন উদ্দেশ্য বা এই সরকারকে বিনা কারণে ডিসক্রেডিটেড করার উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাব আনা হয়নি। অভিযোগ করা হয়েছে যে কেন্দ্রের বিরুদ্ধে প্রস্তাবে কিছু বলা হয়নি এবং আমার বক্তব্যের মধ্যেও সে সম্বন্ধে কিছু ছিল না। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, আমি যখন প্রস্তাবটা মুভ করে আমার বক্তব্য রেখেছিলাম সেই সময় আমি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে অপ্রতুল সরবরাহের প্রশ্নটা সেটা খুব ক্যাটাগরিক্যালি উপাপন করেছিলাম। অবশ্য যদি আমার বক্তব্য শুনে না থাকেন তাহলে সেটা দুর্ভাগ্যের কথা। দ্বিতীয়তঃ, আপনারা এটা জেনে রাখুন, আমি যখন প্রথম প্রস্তাবটা দিয়েছিলাম তখন সেই প্রস্তাবের উপর আমি অপারেটিভ পার্ট অর্থাৎ এই যে রেশনের বরাদ্দ কমিয়ে দেওয়া হল এই অর্ডার উইথড্র করার সপক্ষে যা বলেছিলাম তাতে অপারেটিভ পার্ট হিসাবে বলেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে প্রয়োজনীয় খাদ্য সরবরাহের দাবী রাখার সাথে সাথে রাজ্যসরকারও এই এই ব্যবস্থা নিন। স্যার, আপনার এখানে টেকনিক্যাল হ্যাণ্ড যাঁরা আছেন তাঁরা বললেন অপারেটিভ পার্টে একাধিক ম্যাটার এসে যাচ্ছে, এটা রাখা যায় না, আমিও দিল্লী চলে যাব কাজেই তখন এইভাবে শর্টকাট করা হল। কিন্তু আমার প্রস্তাবে কেন্দ্রীয় সরকারের ব্যাপারটা ছিল। এ্যানি ওয়ে ফর ইয়োর ইনফরমেসান এ্যাণ্ড ফর ইনফরমেসান অব দি হাউস আমি বিষয়টি এখানে রাখলাম, ভবিষ্যতে এটা দেখবেন। যাই হোক, যেকথা বলছিলাম সে কথায় আসি যে কেন্দ্রীয় সরকারের দিক থেকে এ বিষয়ে যা করনীয় সেটা তাদের করতে হবে সেটা কেউ অস্বীকার করতে পারেন না, সেটা আমি বলেছি কিন্তু তার সাথে সাথে রাজ্যসরকারের কিছু করনীয় আছে এবং সেটাই আমি এক/দুই/তিন/চার করে বলেছি। প্রথমতঃ রেশন কার্ডের ব্যাপারটা। এখানে এক কোটি রেশনকার্ড ভুয়ো। ইট ইজ ইয়োর স্টেটমেণ্ট — খাদ্যমন্ত্রী নিজেই বলেছেন যে এক কোটি রেশন কার্ড ভুয়ো। তাহলে এই এক কোটি ভুয়ো রেশন কার্ডের মাধ্যমে কয়েক লক্ষ টন খাদ্যশস্য রেশন দোকান থেকে বেরিয়ে এসে কালোবাজারে চলে যাচ্ছে সাধারণ মানুষকে বঞ্চিত করে তার ব্যবস্থা কে করবেন? এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এসে কি এই এক কোটি ভুয়ো রেশন কার্ড ধরে দেবেন? কাজেই আমরা মনে করি এই দায়িত্বটা রাজ্যসরকারের উপর বর্তায়। দ্বিতীয়তঃ, খাদ্যে উৎপাদন হ্রাস পাচ্ছে। আপনারা খরা, বন্যা দেখাচ্ছেন কিন্তু খরা, বন্যার প্রতিরোধের জন্য পার্মানেণ্ট কি ব্যবস্থা নিয়েছেন?

[2-00—2-10 p.m.]

এরজন্য পার্মানেন্ট কি ব্যবস্থা নিয়েছেন ? কংগ্রেস সরকার নিত না আমরা প্রতিবাদ করতাম, আপনারাও প্রতিবাদ করতেন। কিন্তু ফর দি লাস্ট ফাইভ ইয়ারস আপনারা কি ব্যবস্থা নিয়েছেন ? আজকে এর ফলে খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সরকারের এই ব্যর্থতা। আপনারা যদি এটা বৃদ্ধি করতে পারতেন তাহলে আজকে কেন্দ্রীয় সরকারের উপর এতটা নির্ভরশীল হতে হত না। কংগ্রেস আমলে দেয়ার প্রকিওরমেন্ট, ইন্টারন্যাল প্রোকিওরমেন্টে স্টেট গভর্ণমেন্ট খুব সিরিয়াস ছিল না। ইনসপাইট অব দ্যাট কংগ্রেস সরকার—চক্ষু লজ্জার খাতিরে হোক, আর যাই হোক, মিনিমাম সেন্স অব রেসপনসিবিলিটি ছিল কি ছিলনা, আমি সেদিকে যাচ্ছি না— জোতদারদের উপর লেভী করতো। কিন্তু ফর দি লাস্ট ফাইভ ইয়ারস আপনারা কি জোতদারদের উপর লেভী করেছেন ? আপনাদের কোন প্রোকিওরমেন্ট পলিসি আছে ? আমরা বারবার হাউসে প্রশ্ন করেছি যে গভর্ণমেন্টের প্রকিওরমেন্ট পলিসি কি ? আপনারা তার কোন রিপ্লাই দিতে পারেন নি। অর্থাৎ কংগ্রেস সরকার যেটুকু প্রোকিওরমেন্ট করেছে, আপনারা তাও করেন নি। আজকে তার ফলে এই অবস্থা এসে দাঁড়িয়েছে। দিস ইজ ইওর ফেইলর। এগুলি আপনাদের দায়িত্ব এবং আপনারা সেই দায়িত্ব পালন করতে পারেন নি। তৃতীয় আর একটা জিনিস বড় করে দেখা দিচ্ছে, কেন্দ্রীয় সরকার যে কাজগুলি করছে। এই যে মূল্য বৃদ্ধির প্রশ্নটা যেদিন কাগজে এ্যানাউন্স হয়েছে, তার আগেই আমি রেজলিউশানটা দিয়েছিলাম, ফলে মূল্য বৃদ্ধির প্রশ্নটা আসতে পারেনি আদারওয়াইজ আসতো। এটা সরকার পক্ষের সদস্যরা সকলেই জানেন। এখন ব্যাপারটা কি দাঁড়াচ্ছে ? হ্যাঁ, কেন্দ্রীয় সরকার চালের দাম বাড়িয়েছে এবং এর উপর মূল্য বৃদ্ধির যে চাপ সেটা জনসাধারণের মধ্যে মারাত্মক ভাবে আসছে। এখানে দেখুন, এই যে কেন্দ্রীয় সরকারের অবিবেচনা, রাজ্যের প্রতি এই যে অন্যায়, অর্থাৎ যে রকম খাদ্য সরবরাহ করা দরকার সেটা তারা করছেন না, অপ্রতুল খাদ্য সরবরাহ বা চালের দাম বৃদ্ধি, এগুলির বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন ? অনলি প্লীয়া, একটা অজুহাত মাত্র, কেন্দ্রীয় সরকার যাতে বাড়তি খাদ্য সরবরাহ করে তার জন্য কেন্দ্রের উপরে আপনারা কি চাপ দিচ্ছেন একটা স্টেটমেন্ট করা ছাড়া, একটা টেলেক্স মেসেজ পাঠান ছাড়া আর কি ? এরজন্য কি জনমত সংগৃহীত হয়েছে ? আপনারা কি এর জন্য কেন্দ্রের বিরুদ্ধে কোন গণ-আন্দোলন করার চেষ্টা করেছেন ? আমি বলব খুব নেকেডলি একটা জিনিস থেকে প্রমাণ হয়, এই যে ১৩ পয়সা থেকে ১৪ পয়সা চালের চাম বৃদ্ধি করা হয়েছে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বামফ্রন্টের চেয়ারম্যান প্রমোদ দাসগুপ্ত মহাশয় একটা বিরাট স্টেটমেন্ট করলেন যে কেন্দ্রীয় সরকার ২১ পয়সা বাড়িয়ে দিয়েছেন। তিনি একটা স্টেটমেন্ট করেই খালাস। যদি এই কারণে রাজ্যের মানুষের জন্য কনসার্ন ফিল করতেন তাহলে শুধু স্টেটমেন্ট করেই খালাস হতে পারতেন না। ব্যাপারটা শুধু দোষ কাটাতে পারলেই হয়ে গেল অর্থাৎ এটা রাজ্যসরকার করেনি, এটা কেন্দ্রীয় সরকার করেছে—এইরকম একটা জিনিস জনগণকে বুঝিয়ে দিতে পারলেই তাদের দায়িত্ব খালাস। কিন্তু এই ১৪ পয়সা যে চালের দাম বাড়ছে এবং এর ফলে

জনসাধারণের যে চরম সর্বনাশ হবে, এর থেকে কমপারিজন করে উদ্বেগ থেকে রেশন সামগ্রীর দর বৃদ্ধি বন্ধ করার জন্য প্রমোদবাবুতো কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কোন গণ-আন্দোলন গড়ে তোলার কথা বলছেন না ? সেসব না করে শুধু একটা স্টেটমেণ্ট করে দেখান হয়েছে যে এতে রাজ্যসরকারের কোন দোষ নেই, এটা কেন্দ্রের দোষ। এটা থেকে বোঝা যায় পিপল-এর জন্য কতটুকু কনসার্ন আপনারা ফিল করেন। শুধু দায়িত্বটা স্খালন করলেই হল। তারপর পিপল জাহান্নামে যাক। তাই আমার জিজ্ঞাসা যে এটা কি শুধু অজুহাত করার জন্য ? কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে অবিচার হচ্ছে, যদি পিপল-এর জন্য আপনারা সিরিয়াসলি কনসার্ণ ফীল করতেন তাহলে রাজ্যের প্রতি কেন্দ্রের এই অবিচারের বিরুদ্ধে একদিকে রাজ্যে জনসাধারণের ন্যায় সঙ্গত দাবী-দাওয়ার ভিত্তিতে সরকারের তরফ থেকে যেমন চাপ সৃষ্টি হবে, সেই সঙ্গে সরকারের সেই চাপকে আরো কার্যকরী করার জন্য গণ-আন্দোলনকে সংগঠিত করতে হবে। কিন্তু আপনারা তা করেন নি। কারণ প্রাকটিক্যালি দেয়ার ইজ নো ডিফারেন্স, কেন্দ্রের সঙ্গে আজকে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের নীতিগত ভাবে কোন পার্থক্য নেই। কৃষি নীতি বলুন, শ্রম নীতি বলুন, শিক্ষা নীতি বলুন, খাদ্য নীতি বলুন, শিল্প নীতি বলুন সব ব্যাপারে নীতিগতভাবে তারা এক। এটা শুধু পার্লামেণ্টারি পলিটিক্স-এ সংশোধনীয় রাজনীতিতে পারস্পরিক প্রভাব বিস্তার করার জন্য একে অপরের বিরুদ্ধে খানিকটা বলা, তা ছাড়া আর কিছুই নয়। তাদের কাজের মধ্যে এ্যাকচুয়ালি কোন ডিফারেন্স নেই। এটা আজকে প্রমাণ পাওয়া যায়।

যদি এটা প্রমাণ পাওয়া যায় তাহলে এখানে প্রশ্ন হচ্ছে সুমন্তবাবু এই এ্যামেণ্ডমেণ্টটি কেন আনলেন ? আমি ওঁর কথা বুঝলাম না, উনি বললেন, 'দেবপ্রসাদবাবু যদি একটু মিলিয়ে মিশিয়ে এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করেন, তাহলে ভাল হয়।' মিলিয়ে মিশিয়ে বলতে উনি কি বোঝাচ্ছেন ? মিলিয়ে মিশিয়ে বলতে যদি এরকম হয় যে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকারের ন্যায্য দাবী উত্থাপন করার সাথে সাথে রাজ্য সরকারও খাদ্য সমস্যার সমাধানের জন্য তাঁর প্রয়োজনীয় পদক্ষেপগুলি নেবেন, তাহলে আমি ইন টোটো এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করতে পারি। এইভাবে মিলিয়ে মিশিয়ে নিতে যদি বলেন তাহলে এটা একটা সামগ্রিক হবে, কমপ্রিহেনসিভ হবে। সুতরাং এভাবে প্রস্তাব করলে আমি নিশ্চয়ই মেনে নেব। আদার-ওয়াইজ্ উই আর রিজেক্টিং দিস এ্যামেণ্ডমেণ্ট, ওঁর এ্যামেণ্ডমেণ্ট প্রস্তাব আমরা মেনে নিতে পারছি না। আমি এর বিরোধিতা করে যাঁরা এখানে উপস্থিত আছেন তাঁদের কাছে আমি পুনরায় বলছি আমি যে মোশান উত্থাপন করেছি—তাঁরা যদি মনে করেন সাম্প্রতিক রেশনের বরাদ্দ কমানো মূল্য বৃদ্ধি করা, এসবের দ্বারা জনসাধারণের ক্ষতি হবে, জনসাধারণের স্বার্থ ক্ষুণ্ণ হবে তাহলে জনসাধারণের স্বার্থে—সেই প্রস্তাবকে সমর্থন করবেন। এইটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

দি মোশান অফ্ শ্রীসুমন্তকুমার হীরা ওয়াজ দেন পুট এণ্ড এগ্রিড টু।

দি মোশান অফ্ শ্রীদেবপ্রসাদ সরকার, এ্যাজ এ্যামেণ্ডমেণ্ট, ওয়াজ দেন পুট এণ্ড এগ্রিড টু।

**শ্রীশঙ্কর গুপ্ত ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, পরবর্তী বিষয় শুরু হওয়ার আগে আমি আপনার অনুমতি নিয়ে একটা গুরুত্বপূর্ণ খবর আপনার মাধ্যমে সভার মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই।

মাননীয় সদস্যদের নিশ্চয়ই মনে আছে যে, বিদ্যুৎ খাতের বাজেট বিতর্কের সময়ে আমি বলেছিলাম, আমরা অবিলম্বে ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের পঞ্চম ইউনিট চালু করব। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে সভার মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের পঞ্চম ইউনিটটি আজ সকাল ৪টে ২৫ মিনিটে চালু হয়েছে। এখন এটা পরীক্ষামূলকভাবে চালানো হলো, অর্থাৎ বয়লার, টারবাইন, কনট্রোল ইন্সট্রুমেণ্টস্ সঠিকভাবে কাজ করে কিনা সেটা দেখার জন্য। এই পরীক্ষাটা সফল হয়েছে এবং এর মধ্যে দিয়ে প্রমাণ হয়েছে যে, ইউনিট নির্মাণ কার্য্য মোটামুটিভাবে সঠিক হয়েছে। যদি এর মধ্যে সামান্য কিছু ত্রুটি-বিচ্যুতি থাকে, তাহলে সেগুলি এখন ধরা পড়বে। তবে মোটামুটি সঠিকভাবেই ইউনিটটি নির্মিত হয়েছে।

[2-10—2-20 p.m.]

এখন যান্ত্রিক পরিচালন ব্যবস্থার যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী কয়েকদিন বন্ধ রাখতে হবে এবং সপ্তাহখানেক পর ঐ ইউনিটটি আবার চালু হবে। তখন থেকে সুরু করে — আমাদের ইচ্ছা আছে—পূজা পর্যন্ত কিছু বিদ্যুৎ উৎপাদন করে গ্রাহকদের কাছে পেঁাছে দিতে পারব। তারপর যারা টারবাইন নির্মাতা তাঁরা মেশিনটি খুলবেন আর একবার। কারণ নির্দেশ আছে, সমস্ত বিয়ারিংগুলি পরীক্ষা করতে হবে। পর পর চালানোর পর লোডটা দেখার জন্য পরীক্ষা করতে হয় এবং সেটা করতে কিছু সময় লাগবে। তারপর এইসব হয়ে যাবার পর ডিসেম্বর মাসে পুরোপুরি বানিজ্যিক ভিত্তিতে—আগে যেটা বলেছিলাম—সেই প্রোগ্রাম বহাল রহিল—তখন পঞ্চম ইউনিট থেকে বিদ্যুৎ সরবরাহ করা পুরোপুরি সম্ভব হবে। আমি আশা করবো সভার সমস্ত মাননীয় সদস্যরা এই গুরুত্বপূর্ণ কাজটাকে সঠিকভাবে সমাধা করার জন্য ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের সমস্ত ইঞ্জিনিয়ারদের, সমস্ত অফিসারদের এবং সমস্ত কর্মীদের এবং অন্যান্য যে সমস্ত ঠিকাদারী সংস্থা এই কাজের সঙ্গে যুক্ত ছিলেন তাঁদের সমস্ত কর্মীদের ধন্যবাদ জানানোর ব্যাপারে আমার সাথে নিশ্চয়ই যোগ দেবেন—এই আশা করছি। এই সংবাদটি আমি আপনার মাধ্যমে জানাতে চেয়েছিলাম।

**শ্রীকমল সরকার ঃ** স্যার, আই বেগ টু মুভ‥ যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা অর্থনীতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের চটশিল্পের ও পাট-ব্যবসায়ের ভূমিকা বিবেচনা করে এই শিল্পে মুষ্টিমেয় কয়েকটি একচেটিয়া পুঁজিপতির, ফড়িয়াদের ও মহাজনদের শোষণের ভূমিকা বিশ্লেষণ করে ১৬ই ফেব্রুয়ারী, ১৯৭৯ ও ১৮ই সেপ্টেম্বর, ১৯৮১ তারিখে দুইটি প্রস্তাব গ্রহণ করে এই রাজ্যের কৃষকের স্বার্থে, শ্রমিকের স্বার্থে চটশিল্প জাতীয়করণ এবং কাঁচা পাট সহ পাট ও চটের সমস্ত প্রকার ব্যবসা অধিগ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছিল।

যেহেতু এই বিধানসভা এরও আগে, ২৩এ এপ্রিল, ১৯৭৫ তারিখে ও ২৩এ এপ্রিল, ১৯৭৬ তারিখে পাটচাষী ও চটকল শ্রমিকদের দুর্দশার ও বঞ্চনার কথা উল্লেখ ক'রে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিকার চেয়েছিল,....

যেহেতু বিধানসভার এই সমস্ত প্রস্তাব এখনও পর্যন্ত কার্যকরী হয়নি।

যেহেতু এই বিধানসভার মতে এই প্রস্তাবের পটভূমিকায় সামান্যতমও পরিবর্তন এখনও হয়নি, এখনও চটশিল্প পশ্চিমবঙ্গের একটি অতি গুরুত্বপূর্ণ শিল্প, চটকলগুলিতে আড়াই লক্ষ শ্রমিক এবং এই শিল্পের মূল কাঁচা মাল পাটের উৎপাদনের সঙ্গে প্রায় ৪০ লক্ষ কৃষক ও তাঁদের পরিবার-পরিজন প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষভাবে জড়িত, পাট ও চটের উৎপাদন ও তা ক্রয়-বিক্রয়ের উপর পশ্চিমবঙ্গের অর্থনীতি গভীরভাবে জড়িত। এই শিল্পের মুনাফা পাঁচটি একচেটিয়াপতি মালিক দ্বারা লুণ্ঠিত ও নিয়ন্ত্রিত এবং গড়ে সপ্তাহে এই শিল্পের অন্তর্ভুক্ত ১০টি মিল লক-আউট হয়ে বন্ধ থাকার ফলে প্রায় এক বছর ৫০ হাজারের বেশী শ্রমিক কর্মবিহীন হয়ে থাকতে বাধ্য হন এবং পাটের ন্যায্যমূল্য না পাওয়ার ফলে পাটচাষীদের জীবনযাত্রা নির্বাহ করা দুর্বিষহ হয়ে উঠেছে, এবং যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারী ব্যবস্থায় কাঁচা পাট ক্রয়-বিক্রয় করার এবং কেন্দ্রীয় সরকারের অধীনে মিলগুলির পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিবোধ্য হয়ে উঠেছে।

অতএব এই সভা বর্তমান পরিস্থিতির মূল্যায়ন করে রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে যে—

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বহির্বাণিজ্য সহ পাটব্যবসা ও চটজাত দ্রব্যের জাতীয়করণ ও সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক,

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা কেন্দ্রীয় সরকার কর্তৃক ক্রয় ও বিক্রয়ের ব্যবস্থা করা হোক,

(৩) কাঁচা পাটের ন্যূনতম মূল্য কুইণ্টাল প্রতি ৩০০ টাকা ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক,

(৪) রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরী, পাটচাষীদের পরিচয়পত্র দান, ক্রয় কেন্দ্র খোলা প্রভৃতি ব্যাপারে পঞ্চায়েতগুলিকে সামিল করার ব্যবস্থা হোক, এবং

(৫) রাজ্যের পাট ক্রয়ের জন্য রাজ্যের নিজস্ব জুট কর্পোরেশন গঠনের অনুমতি এবং তারজন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হোক।

এই সভা বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আরও প্রস্তাব করছে যে, উল্লিখিত বিষয়গুলি যাতে অবিলম্বে কার্যকরী করা হয় তারজন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার জন্য একটি সর্বদলীয় প্রতিনিধিদল অবিলম্বে কেন্দ্রের কাছে পাঠানো হোক।

মাননীয় সভাপাল মহাশয়, আমি খালি এই কথাটি সভার সদস্যদের মনে করিয়ে দিতে চাইছি, গত বছর এবং তার আগের বছর এবং কংগ্রেস সরকারের আমলের বার বার প্রস্তাবের দ্বারা পাটচাষী ও চটকল এবং চটশিল্প সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে এবং কেন্দ্রের কাছে এই ব্যাপারে হস্তক্ষেপ করতে বলা হয়েছিল। বিগত অধিবেশনেও বলা হয়েছিল চটশিল্পকে জাতীয়করণ করা হোক। কিন্তু এই উদ্বেগটা কতখানি কেন্দ্রকে নাড়াতে পেরেছে তা আমি জানি না। এই প্রস্তাব আনার আগে কংগ্রেস দলের মাননীয় মুখ্য সচেতক শ্রীসুব্রত মুখার্জীর সঙ্গে আলোচনা করেছিলাম। তিনি বলেছিলেন এই প্রস্তাবকে সমর্থন করবেন এবং এই প্রস্তাবের

প্রস্তাবক হবেন। কিন্তু পরে শ্রীসুনীতি চট্টরাজ মহাশয় প্রস্তাবক হয়েছেন যদিও তিনি এখন হাউসে উপস্থিত নেই এবং তাঁদের মনোভাব বদলাবে বলে আমার মনে হয় না। তবে তাঁদের একটা বক্তব্য ছিল, যেহেতু এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার অতএব চলুন না একবার দিল্লী যাই। আমরা একবার কেন ১ হাজার বার দিল্লী যেতে পারি। আমরা লিখিতভাবে এবং নানাভাবে এই প্রস্তাব দিয়েছি যে চটশিল্পকে যাতে জাতীয়করণ করা হয়। কারণ দায়-দায়িত্ব তো কেন্দ্রীয় সরকারের উপর বর্তাবে, লাভ-লোকসান সব তাদের পক্ষেই, সমস্ত টাকা-পয়সা তো সব তাদের কাছেই যাবে। রাজ্যসরকারের লাভ এই প্রস্তাব কার্যকর হলে এ রাজ্যের কৃষক, শ্রমিকরা বাঁচবে, পশ্চিমবাংলার অর্থ-নীতির কিছুটা সুরাহা হবে। আমাদের যে কটি শিল্প হাতে আছে তারমধ্যে চটশিল্প পশ্চিমবঙ্গের একটি অতি গুরুত্বপূর্ণ শিল্প। চটকলগুলিতে আড়াই লক্ষ শ্রমিক এবং এই শিল্পের মূল কাঁচামাল পাটের উৎপাদনের সঙ্গে প্রায় ৪০ পরিবার পরিজন সহ লক্ষ কৃষক জড়িত আছে। আমার প্রস্তাবে আমি আগেই বলেছি, বার বার এই শিল্পে বিভিন্ন মালিকেরা লক-আউট চালাচ্ছেন। প্রায় ১৬।১৭টি মিল লক-আউট হয়েছিল। গড়ে ১০টি করে মিল প্রতি সপ্তাহে বন্ধ হয়ে থাকে। ১ বছর থেকে এই অবস্থা চলছে। এদের কোন লাভ-লোকসানের হিসাব ট্রেড-ইউনিয়ন জানতে পারে না। তারা যে স্টেটমেন্ট করেন কার ভিত্তিক কি করেন আমরা জানতে পারি না। ৫০ দিন ধর্মঘটের পর যে চুক্তি হয় এবং সেই অনুসারে গ্রেড স্কেল স্বীকৃত হবার পরও মালিকরা তা মানতে অস্বীকার করেন।

মেরুদণ্ডের উপর মানুষের সমস্ত শরীরটা দাঁড়িয়ে থাকে। পশ্চিমবঙ্গের অর্থ-নীতিও সেই ভাবে চটশিল্পের উপর দাঁড়িয়ে আছে। এই শিল্পকে জাতীয়করণের কথা বলেছিলাম তার উপরে জানা গেল কিছু কিছু টেক্ ওভার যা করা হয়েছে তাতে লাভ হচ্ছে না। আমার সেখানেই বক্তব্য রয়েছে, যেটা প্রস্তাবের মধ্যে নেই, এই অবস্থা হচ্ছে এই জন্য যে, যে সমস্ত অফিসার, বা ব্যুরোক্র্যাট্রা মাঝখানে রয়েছে তারাই ফুলে ফেঁপে উঠছে, তাদেরই কিছু আর্থিক সংগতি বাড়ছে, পশ্চিমবঙ্গের এতে কিছু লাভ হচ্ছে না। এই শিল্পের শ্রমিকদের মেরে—চটশিল্প শ্রমিক এবং পাট চাষীদের শোষণ করে যে মুনাফা করে সেই মুনাফার টাকা দিয়ে অন্য রাজ্যে যদি ইলেকট্রনিক কারখানা করা হয়, সিনথেটিক কারখানা করা হয়, অন্যান্য লাভজনক শিল্পের কারখানা করা হয়—তাহলে তাতে পশ্চিমবাংলার কোন উপকার হয় না, এই শিল্পের শ্রমিকদের কোন উপকার হয় না, পাট চাষীদের কোন উপকার হয় না। তাদের এর দ্বারা হত্যা করা হবে, বঞ্চিত করা হবে। এই শিল্পের মুনাফা এর উন্নতির জন্য নিয়োগ করতে হবে। অতীতে ৯ লাখ টন চা শিল্পে উৎপাদন হোতো, এবারে আই. জে. এম. এ-র চেয়ারম্যান তাঁর রিপোর্টে বলছেন ১৩ লাখ ৬৫ হাজার টনস উৎপাদন হচ্ছে, ৯ লাখের চেয়ে বেশী হচ্ছে শ্রমিক সংখ্যা কমিয়ে দিয়ে। আগে যেখানে শ্রমিক সংখ্যা ছিল ২৷৷ লাখ, এখন লক আউটের জন্য—গড়ে প্রায় এক লাখ কম শ্রমিক কাজ করছেন। যেখানে আড়াই লাখ শ্রমিক কাজ করত সেখানে মাত্র এক লাখ শ্রমিক দিয়ে বেশী উৎপাদন হচ্ছে। কমার্স মিনিস্ট্রির বৈঠক ওয়ার্ক লোড কমিটি যে তথ্য দিয়েছিলেন তাতে মালিকরা বলছেন যে তাঁদের লোকসান হচ্ছে এবং সেই লোকসানের জন্য ঐ সমস্ত বাড়াতে পারছেন

না। এমন কি পশ্চিমবঙ্গ যে ওয়ার্ক লোড কমিটি তৈরী হয়েছে, তারা কতকগুলি প্রস্তাব করেছেন, সেগুলিও কার্য্যকরী করা যাবে না। তাদের যুক্তি হচ্ছে, চটশিল্পে ইতিমধ্যে চুক্তি হয়েছিল কিন্তু তার মেয়াদ ফুরিয়ে গেছে। নতুন চুক্তি অনুসারে পশ্চিমবঙ্গে তাঁরা যে কমিটি করেছিলেন সেই কমিটি যে কথা বলেছিলেন, তা কার্য্যকরী করা যাবে না। কারণ হচ্ছে মালিকরা হাইকোর্টে চলে গেছেন, অতএব এটা সাব জুডিস কেস। কমার্স মিনিস্ট্রি স্টেটমেণ্ট, আই. জে. এম. এ-র রিপোর্ট ইত্যাদি দেখে আমরা সুব্রতবাবুকে বলেছিলাম যে আসুন আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে বলি। দরকার হয় আপনারা এক্সপার্ট যাকে ডাকবার তাঁকে ডাকবেন, কিন্তু এই ডাকাত দলকে আর কতদিন বরদাস্ত করবেন? মাত্র ৫টি পরিবার, বাজোরিয়া, বিড়লা, কানোরিয়া গোয়েঙ্কা এবং সিংহনিয়া এই ৫ পরিবার এবং এদের আত্মীয় স্বজনরা এই চটশিল্পকে অধিগত করেছে, চটশিল্পে যে মুনাফা হয় তাতে পশ্চিমবঙ্গের জন্য শিল্প পুনরুজ্জীবিত হয় না। এই যে ব্যবস্থা, এই ব্যবস্থাতে পশ্চিমবঙ্গের অর্থনীতি বাঁচবে না, পশ্চিমবঙ্গের শ্রমিক কৃষককে বাঁচানো যাবে না।

[2-20—2-30 p.m.]

১৯৪৭ সালে যেখানে ৩ লাখ শ্রমিক কাজ করতেন, সেখানে ১।। লাখ শ্রমিক রেখে বাকীদের তাড়াবার ফন্দি করছেন মালিকেরা। ভারতবর্ষের অর্থনীতিকে টেনে তুলতে হলে, পশ্চিমবাংলার অর্থনীতিকে টেনে তুলতে হলে চট শিল্পের উন্নতি একান্ত প্রয়োজন। কারণ পশ্চিমবাংলার সবচেয়ে বড় শিল্প হচ্ছে পাট শিল্প। এই রাজ্য ছাড়া আর ৬-৭ জায়গায় চটকল আছে—যেমন কানপুরে ২-৩টি মিল আছে, মধ্যপ্রদেশের রায়গড়ে আছে এবং আসাম অন্ধ্রে ১০-১১টি আছে। এরা টুইন সুতো ও চট তৈরী করে। মূল যে চট শিল্প তা শুধু পশ্চিমবাংলাতেই আছে। সামগ্রিক ভাবে এই শিল্প না বাঁচলে এই রাজ্যের কৃষক এবং শ্রমিক বাঁচতে পারে না, পশ্চিমবাংলার অর্থনীতি উন্নতি হতে পারে না। পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচাতে হলে চট শিল্পের জাতীয়করণ অবশ্যই দরকার। আমি আর একবার এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য সমস্ত সদস্যকে অনুরোধ করছি। আসুন আমরা একসঙ্গে বসে আলোচনা করে কেন্দ্রকে এই ব্যাপারে চাপ দিই। সুব্রতবাবু মাঝে মাঝে উদার হয়ে গিয়ে অনেক কথাতো বলেন। ঐ সল্টলেকে নাকি মাড়োয়ারীরা সব জমি পেয়েছে এই সব কথা বলেন। কিন্তু আমাদের তো সে সব দেখলে চলবে না, পশ্চিমবাংলায় শিল্পায়নের জন্য আমাদের সকলকে নিয়েই চলতে হবে। সে মালিক হোক, শ্রমিক হোক তাদের সকলকে নিয়েই আমাদের চলতে হবে। যাই হোক পশ্চিমবাংলার অর্থনীতির উন্নতি করতে হলে, মরা অর্থনীতিকে জাগিয়ে তুলতে হলে এই শিল্প জাতীয়করণেরই দরকার আছে। আমরা যে প্রস্তাব উত্থাপন করেছি সেই প্রস্তাব একবার নয়, এই নিয়ে ৪ বার কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁচেছে। এই শিল্প জাতীয়করণ হলে এর সঙ্গে জড়িত অন্যান্য অনেক শিল্পই বাঁচতে পারে। এই কথা বলে এই প্রস্তাবকে সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পশ্চিমবাংলার পাট শিল্প জাতীয়করণের যেপ্রস্তাব মাননীয় কমল সরকার প্রমুখ সদস্যরা এনেছেন, আমি সেই

প্রস্তাবকে সমর্থন করছি। এই কথা ঠিক যে এই চট শিল্পের সঙ্গে পশ্চিমবাংলার অর্থ-নীতি অনেকখানি জড়িত এবং নির্ভরশীল। এই শিল্পের সঙ্গে পশ্চিমবাংলার প্রায় সাড়ে ছয় থেকে সাত লক্ষের মতো শ্রমজীবি মানুষ জড়িত। এই শিল্পের সঙ্গে পাট চাষীরাও যুক্ত। সুতরাং তাদের স্বার্থ রক্ষার জন্য—আজকে একচেটিয়া মালিকদের যে আক্রমণ, যে আক্রমণ শ্রমজীবি মানুষকে মেরে দিচ্ছে, তাদের আক্রমের হাত থেকে রক্ষা করার জন্য যে জাতীয়করণ প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। এই ক্ষেত্রে চট শিল্পের মালিকরা শ্রমজীবি মানুষের উপর এক তরফা আক্রমণ চালিয়ে যাচ্ছে। এর জন্য কেন্দ্রীয় সরকারের যেটা বলাই-বাহুল্য—চট শিল্পের মালিকের বিরুদ্ধে এবং শ্রম-জীবি মানুষের স্বার্থে যেটা করনীয়, যে কর্তব্য আছে, সেই কর্তব্যগুলি অতীতেও যেমন পালন করেন নি, আজও অতীতের ন্যায় একই ভূমিকা পালন করে যাচ্ছে। সেই ব্যাপারে নতুনত্য কিছু নেই। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি এই কথা বলবো পশ্চিমবাংলার চট শিল্পের সঙ্গে যুক্ত শ্রমজীবী মানুষের আশা ছিল অন্তত এই বামফ্রণ্ট সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হবার পর তাদের জন্য কিছু করবেন।

জনগণের সংগ্রামের হাতিয়ার বলে পরিচয় দিয়ে যাঁরা ক্ষমতায় এসেছেন, তাঁদের কাছে সাধারণ ভাবে সাধারণ মানুষের খানিকটা আশা-আকাঙ্ক্ষা ছিল। কিন্তু যেটা বাস্তব এবং কঠোর সত্য তা হল, এই বামফ্রণ্ট সরকারের আমলেই চটকল শিল্পের শ্রমিকরা বারে বারেই আক্রান্ত হয়েছে। এই আক্রান্তের ঘটনা অতীতের সমস্ত নজির ও রেকর্ড অতিক্রম করে গেছে, একথা কেউ কোনক্রমেই অস্বীকার করতে পারবেন না। আমি বলব, চটকল শিল্পের জাতীয়করণের দাবী আমরা যেমন রাখব, তারজন্য প্রয়োজনীয় আন্দোলন যেমন করব, তেমনি সর্বাত্মকভাবে জনগণের সমর্থন গড়ে তোলবার চেষ্টাও আমরা করব। যতক্ষণ পর্যন্ত না চটশিল্পের জাতীয়করণ হচ্ছে, এই ইনটারিম পিরিয়ডে, ততক্ষণ পর্যন্ত অন্ততঃপক্ষে চটশিল্পের শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য আমাদের যা যা করনীয় তা কি এই সরকারের কাছ থেকে শ্রমিকরা আশা করতে পারে না? এই বিধানসভায় আগেও যেমন প্রস্তাব আনা হয়েছিল, তেমনি বর্তমান প্রস্তাব আনা হয়েছে চটকল শিল্পকে জাতীয় করণের দাবীতে। এটা খুব ভাল কথা, আমরাও একে স্বাগত জানাই। কিন্তু মধ্যবর্তী সময়ের মধ্যে শ্রমিকদের স্বার্থ রক্ষার ব্যাপারে, রাজ্য সরকারের কোন প্রতিশ্রুতি পালিত হয়েছে? এই বিষয়টি থাকা উচিৎ ছিল। এই প্রস্তাবের মধ্যে। সে ব্যাপারে সরকারের পক্ষ থেকে কি উদ্যোগ নেওয়া হচ্ছে তা থাকা উচিত ছিল। চটকল শিল্পের শ্রমিকরা প্রায়ই বলেন, শিল্পে মন্দা এবং উৎপাদনে মন্দা চলছে এবং সেজন্য তাঁরা শিল্পকে লক-আউট, লে-অফ করছেন। এইভাবে বাড়তি কাজের বোঝা চাপাতে চেয়েছেন শ্রমিকদের উপরে এবং সঙ্গে সঙ্গে শ্রমিকদের ন্যায্য দাবী, তাদের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করে চলেছে। কিন্তু মন্দার যে কথা তাঁরা বলে থাকেন, সেটা কোন ফ্যাক্ট নয়। আই. জে. এম. এ.-এর 'চেয়ারম্যান' এর এ্যানুয়্যাল কনফারেন্সে দেওয়া ভাষণে দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গের চটশিল্পের যে উৎপাদন সেখানে প্রকৃতপক্ষে যে কাজ হয়ে থাকে, তার সঙ্গে মন্দার কথা যেটা মালিকরা বলে থাকেন, তা সম্পূর্ণ অসত্য। অথচ শিল্পে মন্দা চলছে, এই ধুয়ো তুলে শ্রমিকদের উপর আক্রমণ চালিয়ে যাচ্ছেন। আমার বিনীত প্রশ্ন মালিকরা এই সুযোগ পাচ্ছে কি করে?

বিশেষ করে জনগণের সংগ্রামের হাতিয়ার হলে এই বামফ্রণ্ট সরকার যেখানে ক্ষমতায় অধিষ্ঠিত সেখানে তারা এই সুবিধা পায় কি করে ? সরকার পক্ষ থেকে শ্রমিকদের স্বার্থ রক্ষার্থে যেটা করা দরকার, সেটা তাঁরা করছেন কি ? আপনারা জানেন, চটশিল্পে প্রতি ৩ বৎসর পর পর শ্রমিক, মালিক এবং সরকারপক্ষ বসে ত্রিপক্ষীয় বৈঠকের মাধ্যমে বর্তমান মূল্য সূচকের ভিত্তিতে বেতন চুক্তি নির্ধারিত হয়ে থাকে। বামফ্রণ্ট সরকারের আমলে ২।৩ বছর আগে যে চুক্তি হয়েছিল, তার মেয়াদ শেষ হবার পরে আর একটা ডিউ হওয়া সত্ত্বেও নতুন করে আর কোন বেতন চুক্তি সম্পাদিত হয়নি, সরকারের পক্ষ থেকে মালিকদের নতুন করে বেতন চুক্তিতে আসার জন্য বাধ্য করেননি। অথচ ৮ মাস এই চুক্তি ডিউ হয়ে আছে। সরকারের পক্ষ থেকে ত্রিপাক্ষিক বৈঠক ডাকার কোন উদ্যোগ তারা নিয়েছেন কি ? এখানে তাঁরা শ্রমিক দরদের কথা, চটকল শিল্প জাতীয় করণের কথা বলছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, ঐ মালিকরা নানা রকম কথা বলে সরকারের সহানুভূতি আদায় করে ও সুযোগ নিয়ে চটকলশিল্পের কয়েক লক্ষ কর্মচারীকে কোটি কোটি টাকা বঞ্চিত করে চলেছেন। সরকার মালিকদের এ ব্যাপারে রেসট্রেন করতে বা কনট্রোল করতে পারছেন না।

[2-30—2-40 p.m.]

আজকে চটকলগুলিতে ইনডিসক্রিমেণ্টলি লক আউট হচ্ছে। সেণ্ট্রাল ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে স্টেট এ্যাডভাইসারি বোর্ডকে বলা হয়েছে আপনাদের হাতে ফ্যাকটারি এ্যাক্ট আছে, আপনাদের হাতে ইনডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট আছে অথচ আপনারা মালিকদের বিরুদ্ধে কিছু ব্যবস্থা নিতে পারছেন না এই সমস্ত বে-আইনী লক আউট বন্ধ করার জন্য ? চটশিল্প খোলার জন্য আপনারা ৪টি ক্ষেত্রে ব্যবস্থা নিয়েছিলেন। তারপরে আবার সেগুলি ইনজাংশান হয়ে গেছে। ফলে আর কিছু ব্যবস্থা করা যায় নি। এই জিনিষ এখানে হচ্ছে। আপনারা মিনিমাম অন্তত এই জিনিষগুলির দিকে ব্যবস্থা নিন। দ্বিতীয় কথা হল আজকে যেটা বলতে চাই সেটা হচ্ছে কালেকটিভ বারগেনিংয়ের কথা। আজকে এটা তো স্বাভাবিক যে একচেটিয়া পুঁজিপতিরা, মালিকরা শ্রমিক কর্মচারীদের বঞ্চিত করবার, শোষণ করবার সুযোগ যতটা পাবে ততই নেবে। এমতাবস্থায় মালিকদের হাত থেকে শ্রমজীবি মানুষরা কিছু আদায় করতে পারে তারজন্য একমাত্র পথ হচ্ছে কালেকটিভ বারগেনিং অর্থাৎ যৌথ দর কষাকষি। এই যৌথ দর কষাকষি করার ক্ষমতা ট্রেড ইউনিয়নগুলির রাইট। আমরা দেখতে পাচ্ছি—সরকার একদিকে যেমন শ্রমিকদের স্বার্থ রক্ষার যে আইন আছে সেই আইনগুলি প্রয়োগ করে মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উদ্যোগী হচ্ছেন। অপর দিকে আবার তেমন দেখতে পাচ্ছি বামফ্রণ্টে বড় শরিক বলে পরিচিত এই সি. পি. এম দল বাইরে গণ আন্দোলনের চটকল শিল্পের মালিকদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নিতে চাইছেন না। আমাকে খুব দুঃখের সঙ্গে একটি কথা বলতে হচ্ছে যদি মাননীয় সদস্যরা বাগান না হন এবং সংস্কার মুক্ত মন নিয়ে একটু ভেবে দেখবেন তাহলে দেখতে পাবেন—সিটুর একজন বিশিষ্ট নেতা নীরেন ঘোষ মহাশয় তিনি বলেছেন চটশিল্পের শ্রমিকরা মার খাচ্ছে। তবে চটশিল্পে এখন লাগাতর ধর্মঘট, আন্দোলন ইত্যাদি চটশিল্পের মালিকদের

বিরুদ্ধে করা যাবে না। কারণ চটশিল্পে এখন দারুণ মন্দা যাচ্ছে। আমি পূর্বেই বলেছি আজকে চটশিল্পের যে মন্দার কথা বলছেন সেটা কার্য্যত সত্য নয়। আমার দ্বিতীয় কথা হচ্ছে মালিকরা কি শ্রমিকদের দুঃখ, অসুবিধার কথা ভেবে লক-আউট, লে-অফ, ছাঁটাই ইত্যাদি পদক্ষেপ নেন? আজকে লক্ষ লক্ষ শ্রমিক ছাঁটাই হয়ে পথে ভিক্ষিরি হয়ে ঘুরছে, কত শ্রমিক অভাবের তাড়নায় আত্মহত্যা করেছে এদের দুরবস্থার কথা কি মালিকরা কখনও চিন্তা করেছেন? আজকে এটা খুবই দুঃখের কথা যে মাননীয় শ্রমিক নেতা নীরেন ঘোষ মহাশয়কে চটশিল্পের মালিকদের মন্দার কথা চিন্তা করতে হচ্ছে। এটা বড় দুঃখের কথা এবং আক্ষেপের কথা। জ্যোতি বাবু সেদিন যেমন বললেন যে পূজোর সময়ে বোনাসের দাবী-দাওয়া নিয়ে কোন আন্দোলন করা চলবে না যাতে উৎপাদন ব্যাহত না হয়। আমি সেইজন্য জ্যোতিবাবুকে বলছি যে শ্রমিকরা কি শখ করে আন্দোলন করে, শখ করে কি ধর্মঘট করে? তাদের পরিস্থিতিতে আপনারা পড়লে কি করতেন?

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে কমলবাবু যে প্রস্তাব এখানে এনেছেন এটাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। এই প্রস্তাবের সঙ্গে আরেকজন প্রস্তাবক ছিলেন তিনি সুব্রতবাবু। তিনি এখন নেই। তিনি ইচ্ছা করেই নেই কারণ তাদের দেখাতে হবে সমর্থন আছে কিন্তু কাজের দিক থেকে আসলে তাদের সমর্থন নেই। এই কাজ তাঁরা করে থাকেন—যেমন ল্যাণ্ড রিফর্মসের ক্ষেত্রে রিফর্মস করেন কিন্তু রিভিশান করেন না, সেইরূপ স্টেট এ্যাকুইজেশানের ক্ষেত্রে জমিদারী উচ্ছেদ করে আইন করেন কিন্তু কার্যকরী করেন না, একটা অজুহাত দেখিয়ে ওয়াক-আউট করেন। এস. ইউ. সি. র বন্ধুও ঠিক সেইকরম কাজ করলেন। তিনি সমর্থন করলেন কিন্তু সমর্থন করতে গিয়ে এমন কতকগুলি কথা বললেন যেগুলি বিরোধীতা হিসাবে গণ্য হয়। তিনি সমর্থন করতে উঠে বিরোধীপক্ষের ভূমিকা গ্রহণ করলেন। তাঁর বক্তব্যের মধ্যে যেমন দেখা গেল যে শ্রমিকদের ব্যাপারে সমর্থন না করলে বামপন্থী হওয়া যায় না সেইজন্য তিনি এই ধরণের কথা বললেন। কিন্তু কার্য্যত দেখা গেল যে তিনি যেসব কথা বললেন সেগুলি শ্রমিকদের স্বার্থ বিরোধী। তিনি লাগাতার ধর্মঘট সম্পর্কে বললেন। লাগাতার ধর্মঘট হলে সেটা মালিকদের পক্ষেই যায় সুতরাং সেখানে শ্রমিকরা যাবে কেন?

অনেক সময় দেখা যায় লাগাতার ধর্মঘট করলে সেটা মালিকে পক্ষে যায়। সুতরাং সে ক্ষেত্রে অনেক সময় সিদ্ধান্ত করতে হয় লাগাতার ধর্মঘট করা উচিত নয়। এসব জেনেও তিনি এই সব কথা বললেন। কিন্তু পশ্চিমবাংলায় আসলে যেসব চেষ্টা হচ্ছে সেসব কথা তিনি বললেন না। এখানে দুটা কমিটি করা হয়েছিল একটা ওয়ার্ক লোডের জন্য, আর একটা কমিটি করা হয়েছিল পে স্কেলের জন্য। এই দুটো কমিটি যখন করা হল শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য সঙ্গে সঙ্গে মালিক পক্ষ কোর্টে চলে গেল এবং কোর্টে গিয়ে তারা এই দুটো কমিটিকে ফাংশান করতে দিলো না। চটকলের দীর্ঘদিনের আন্দোলনে দেখেছেন চটকলের শ্রমিকরা বিভিন্ন সময়ে মালিকদের সঙ্গে যেসব চুক্তি করেছে সেসব চুক্তি মালিক পক্ষ বারবার অমান্য করেছে। এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় মালিকরা শ্রমিকদের স্বার্থ রক্ষা করবে এটা আশা করা যায় না। সুতরাং

চটকল সমস্যার সমাধান হতে পারে জাতীয় করণের মাধ্যমে। এই জাতীয় করণ করতে গেলে সমস্ত ক্ষমতা, দায়িত্ব, প্রশাসনিক, অর্থনৈতিক, সাংবিধানিক, কেন্দ্রের হাতে আছে। কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে পাটের দামের কথা বলছেন। গরিব কৃষক যারা পাট উৎপাদন করছে তারা তার মূল্য পাচ্ছে না, অন্যদিকে শ্রমিকরা মার খাচ্ছে। শ্রমিক দমন এবং পাট চাষীদের শোষনের হাত একমাত্র রক্ষা করতে পারে কেন্দ্রীয় সরকার জাতীয় করণ করে। জুটমিলগুলি বন্ধ হওয়ার জন্য ৫০ হাজার শ্রমিক জড়িত হয়ে পড়েছে। তাদের স্বার্থ যদি রক্ষা করতে হয় তাহলে জাতীয় করণ ছাড়া আর কোন উপায় নেই। দীর্ঘদিন ধরে দেখেছি পশ্চিম বাংলায় বহু আন্দোলন হয়েছে, জুটমিলকে কেন্দ্র করে এবং সেখানকার বোনাসকে কেন্দ্র করে যেসব চুক্তি হয় তা তারা ভঙ্গ করে। অতএব একমাত্র সমাধান হচ্ছে শ্রমিক স্বার্থ রক্ষা করতে গেলে কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসতে হবে এবং সমস্ত জুটমিলগুলিকে জাতীয় করণ করতে হবে। এটা ভারতের, পশ্চিম বাংলার অর্থনীতির সঙ্গে জড়িত। এইসব জুটমিলগুলিকে বিদেশে রপ্তানী করতে হয়, বাংলা দেশের সঙ্গে কনপিট করতে হয় এবং জুটের যেসব সাবসটিটিউট বের হয়েছে তার সঙ্গে কমপিট করতে হয়। সেখানে জাতীয়করণ করে দেশের অর্থনীতি এবং শ্রমিকদের সুবিধা বাড়ানো যাবে। এই কথা বলে যে প্রস্তাব কমলবাবু এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-40—3-20 p.m.] (including adjournment)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য কমল সরকার যে প্রস্তাব এনেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। আজকে চটশিল্প ভারতবর্ষে বিদেশী মুদ্রা আনয়নের একটা বিরাট উৎস। চটশিল্প শুধু বিদেশী মুদ্রা আনছে না, ভারতের অর্থনীতি পশ্চিমবঙ্গের অর্থনীতি চট শিল্পের উপর নির্ভরশীল। আজকে ৫০ হাজার শ্রমিক বেকার হয়ে গেছে চটকলগুলি বন্ধ হয়ে যাওয়ার জন্য। এতে শুধু শ্রমিকদের ক্ষতি হয়নি পাট চাষীদেরও ক্ষতি হয়েছে পাট চাষী পাট উৎপাদন করে তাকিয়ে থাকে পূজার সময় পাট বিক্রি করে কখন তারা টাকা পাবে। কিন্তু এই সময় দেখা যায় বোনাস নিয়ে আন্দোলন ধর্মঘট, কৃষক যারা পাট উৎপাদন করে তাদের অর্থনীতি সম্পূর্ণভাবে চট শিল্পের উপর নির্ভরশীল, তারা পাটের ন্যায্য দাম পাচ্ছে না, তারা চটকলের মালিকদের মুখের দিকে তাকিয়ে আছে কখন তারা কল খুলবে তবে দাম দেবে। পাটের ন্যায্য দর যাতে ৩ শো টাকা হয় এবং পশ্চিমবঙ্গ সরকারকে পাট কেনার জন্য যাতে দায়িত্ব দেওয়া হয় তার ব্যবস্থা কেন্দ্রীয় সরকারকে করতে হবে। আজকে চট শিল্প ভীষণ কমপিটিসানের মুখে এসে দাঁড়িয়েছে, পশ্চিমবঙ্গের পাট থেকে অন্য কোন বস্তু উৎপন্ন হতে পারে কি না তাই নিয়ে কোন গবেষণা হচ্ছে না। আজকে বাংলাদেশ চট শিল্প তৈরী করছে আধুনিক যন্ত্রপাতি দিয়ে, আমাদের দেশে সেই ধরণের আধুনিক যন্ত্রপাতি নেই, সেজন্য আমরা কমপিটিসানে দাঁড়াতে পারছি না। বাংলাদেশে পাটকাঠি থেকে কাঠ বোর্ড তৈরী হচ্ছে, আমাদের দেশে সেই জিনিস হচ্ছে না, আমরা পাঠকাঠি জ্বালানী হিসাবে ব্যবহার করি, সামান্য কিছু কাগজ কলে ব্যবহৃত হয়, কিন্তু তা দিয়ে দেশের অর্থনীতি সৃষ্টি করা যায় না। আজকে লক আউটের ফলে শ্রমিকদের যে ক্ষতি হচ্ছে

তা নয় পাট চাষীদেরও ক্ষতি হচ্ছে, সেদিকে দৃষ্টি দিতে হবে। আমরা জানি পাট কিনতে গিয়ে গতবারে যে কার্ড বিলি হয়েছে সেখানে দুর্নীতি হয়েছে, পাট চাষীরা প্রকৃত পাটের দাম পায়নি, ফড়িয়ারা কার্ড কিনে নিয়ে প্রচুর মুনাফা লুটেছে। সেজন্য চট শিল্পকে জাতীয়করণ করতে হবে। তারপর পাট চাষীদের পাট পচাবার জায়গা নেই, পাট পচাতে তাদের অনেক খরচ পড়ছে, পাটের উৎপাদন খরচ অনেক বেড়ে গেছে, তারা যাতে ন্যায্য দর পায় সেই ব্যবস্থা করতে হবে। চট শিল্পকে জাতীয়করণ করতে হবে এবং চট শিল্পের উন্নতির জন্য প্রচেষ্টা করতে হবে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি পাট থেকে আরো অন্য কোন জিনিস তৈরী করা যায় কিনা সেই গবেষণা করার প্রয়োজন আছে এবং পাট চাষীকে ন্যায্য মূল্য দেওয়ার প্রয়োজন আছে। সেজন্য আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকমল সরকার :** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের কিছু কিছু বক্তা পাট চাষীদের সম্পর্কে বিশেষভাবে বলেছেন, আমার প্রস্তাবে এটা বিস্তারিতভাবে আছে। অতীতে আমাদের যুক্ত বাংলায় আমরা দেখেছি, যখন ইংরাজ আমল ছিল তখন, পাট চাষীদের ঠিক যখন পাটটা উঠে সেই সময় "সংকট" দেখা দেয়। এই "সংকট" তৈরী করা হয় যার ফলে পাটের দাম হু হু করে নেমে যায়। কোন সময় ধর্মঘট, কোন সময় লক আউট, কোন সময় আর কিছু প্রত্যেক বছর এই সময় থাকবেই, কিছু না কিছু কারণ ঘটিয়ে পাটের দাম কমিয়ে দেওয়া হয় এবং পাট চাষীরা মারা যায়। এই অবস্থায় আমরা পাটের দাম কুইনটাল প্রতি ৩ শো টাকা বলেছি, কেন্দ্রীয় সরকার বলেছেন ১৭৫ টাকা অর্থাৎ ডবলু আসাম বটম বলে যেটা বলা হয় যেটাকে গোল্ডেন ফাইভার বলা হয় সোনার কেশ যাকে বলা হয় সেই যে সোনার মত পাট যা থেকে ভাল সুতা হয় যা দিয়ে কার্পেট ব্যাকিং ; হোসিয়ান তৈরী হয় তার বাজার মূল্য সবচেয়ে বেশী। চীনদেশে এই রকম ধরণের পাট হয়, বাংলাদেশে সবচেয়ে ভাল পাট হয়। আগে বাংলাদেশে পাট হত আর পশ্চিমবঙ্গে চটকল ছিল, কিন্তু আজকে এদিক এবং ওদিকে উভয় দিকেই পাট হয় এবং চট হয়। চীনদেশে চটও হয়, পাটও হয় এবং পৃথিবীর আরো কয়েকটি দেশে পাটও হয়, চটও হয়। কেউ কেউ আশঙ্কা করেছেন যে চট জাতীয় জিনিসের চাহিদা কমে যাবে। আমরা দেখছি যে এর চাহিদা ক্রমশঃ বেড়ে যাচ্ছে। আগে যেখানে ৯ লক্ষ টন ছিল, সেখানে এখন পশ্চিমবঙ্গে ১৩ লক্ষ ৬৫ হাজার টন হয়েছে এবং বাংলাদেশে ৫/৬ লক্ষ টন হয়েছে। ব্রীটিশ আমলে দেশজুড়ে যা ছিল এখন তার দ্বিগুণ হয়েছে। এই যে পাট জাতীয় জিনিসগুলি, এগুলির বিকল্প ফাইভার অর্থাৎ পলিথিন বা অন্যান্য জিনিস যাকে সিনথেটিকস বলে তাকে রিপ্লেস করতে পারেনি। আপনারা সকলে জানেন যে চটের কোন বিকল্প নেই। খাদ্যদ্রব্য যদি ঐ সমস্ত পলিথিনের ব্যাগে আসে তা হলে নষ্ট হয়ে যাবে। ঔষধপত্র যদি পলিথিনের ব্যাগে রাখেন তাহলে সেটা নষ্ট হয়ে যাবে এবং অন্যান্য অনেক জিনিস আছে যেগুলি এতে নিয়ে যাওয়া যাবে না। সেই কারণে চটের কোন বিকল্প নেই। এটা পৃথিবীর সকল দেশ জেনে গেছে এবং সটা জেনে গেছে বলে চটের চাহিদা বেড়েছে, তাই হঠাৎ রাতারাতি মুনাফা বাড়াতে চাচ্ছে চটকলের মালিকরা। কারণ এরা পাটে, চটে

ঢুকেছে এবং এমনভাবে দাম বাড়িয়ে দিচ্ছে যাতে বিদেশের মার্কেটে মার খাচ্ছে। এরা আজকে কার্পেট বেগিং নিয়ে চেচাঁচ্ছেন। আগে ইংরেজের স্বার্থে চটকল খুলে ছিলাম। অতীতে ভারতবাসী ইংরেজের স্বার্থে চট বুনত, ইংরেজের স্বার্থে আমরা বিদেশে রপ্তানী হত। আজকে ইংরেজ নেই, ভারতবর্ষ স্বাধীন হয়েছে, এখানে একটা কথা মনে রাখা দরকার। পূর্ববঙ্গে পাট ও পশ্চিমবঙ্গে চটকল ছিল। পশ্চিমবঙ্গে ধানের জমিতে পাট বোনার জন্য কমদামে খাদ্য সরবরাহের প্রতিশ্রুতি কেন্দ্র ছিল। তা পালিত হয়নি। আজকে যদি আমরা আমাদের স্বার্থে আমাদের নিজেদের চাহিদা পূরণ করতে পারি তাহলে সেটা কেন করা হবে না? আজকে চট দিয়ে ভারতবর্ষের চাহিদা পূরণ হচ্ছে। ভারতবর্ষ আজ স্বয়ং সম্পূর্ণ। অভ্যন্তরিণ বাজার আমাদের বেড়ে গেছে। এই যখন অবস্থা তখন "হায় হায়" করার কিছু নেই। এর চেয়ে ভাল অবস্থা আর কি হতে পারে? আমরা চটকলের মালিকদের বলি যে আপনারা অনুগ্রহ করে বিদায় নিন, অনুগ্রহ করে এটাকে জাতিয়করণ করতে দিন, অনুগ্রহ করে আমাদের এই শিল্পকে নিজের পায়ে দাঁড়াতে দিন। এতে আমাদের ভারতবর্ষ বাঁচবে, পশ্চিমবঙ্গ বাঁচবে, দেশ বাঁচবে এবং সঙ্গে সঙ্গে শ্রমিকরা বাঁচবে এবং এর দ্বারা আমাদের শিল্পের উন্নয়ণ করতে পারবো। এই কথা বলে এই প্রস্তাব গ্রহণের জন্য আমি পুনরায় আপনাদের কাছে সুপারিশ করে আমার বক্তব্য শেষ করছি।

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা অর্থনীতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের চটশিল্পের ও পাট-ব্যবসায়ের ভূমিকা বিবেচনা ক'রে এই শিল্পে মুষ্টিমেয় কয়েকটি একচেটিয়া পুঁজিপতির, ফড়িয়াদের ও মহাজনদের শোষণের ভূমিকা বিশ্লেষণ করে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৭৯ ও ১৮ই সেপ্টেম্বর, ১৯৮১ তারিখে দুইটি প্রস্তাব গ্রহণ করে এই রাজ্যের কৃষকের স্বার্থে, শ্রমিকের স্বার্থে চটশিল্প জাতীয়করণ এবং কাঁচা পাট সহ পাট ও চটের সমস্ত প্রকার ব্যবসা অধিগ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছিল;

যেহেতু এই বিধানসভা এরও আগে, ২৩এ এপ্রিল, ১৯৭৫ তারিখে ও ২৩এ এপ্রিল, ১৯৭৬ তারিখে পাটচাষী ও চটকল শ্রমিকদের দুর্দশার ও বঞ্চনার কথা উল্লেখ করে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিকার চেয়েছিল;

যেহেতু বিধানসভার এই সমস্ত প্রস্তাব এখনও পর্যন্ত কার্যকরী হয় নি;

যেহেতু এই বিধানসভার মতে এই প্রস্তাবের পটভূমিকায় সামান্যতমও পরিবর্তন এখনও হয় নি; এখনও চটশিল্প পশ্চিমবঙ্গের একটি অতি গুরুত্বপূর্ণ শিল্প; চটকলগুলিতে আড়াই লক্ষ শ্রমিক এবং এই শিল্পের মূল কাঁচা মাল পাটের উৎপাদনের সঙ্গে প্রায় ৪০ লক্ষ কৃষক ও তাঁদের পরিবার-পরিজন প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষভাবে জড়িত; পাট ও চটের উৎপাদন ও তা ক্রয়-বিক্রয়ের উপর পশ্চিমবঙ্গের অর্থনীতি গভীরভাবে জড়িত; এই শিল্পের মুনাফা পাঁচটি একচেটিয়াপতি মালিক দ্বারা লুণ্ঠিত ও নিয়ন্ত্রিত এবং গড়ে সপ্তাহে এই শিল্পের অন্তর্ভূক্ত ১০টি মিল লক-আউট হয়ে বন্ধ থাকার ফলে প্রায় এক বছর ৫০ হাজারের বেশী শ্রমিক কর্মবিহীন হয়ে থাকতে বাধ্য হন এবং পাটের ন্যায্যমূল্য না পাওয়ার ফলে পাটচাষীদের জীবনযাত্রা নির্বাহ করা দুর্বিষহ হয়ে উঠেছে; এবং

যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারী ব্যবস্থায় কাঁচা পাট ক্রয়-বিক্রয় করার এবং কেন্দ্রীয় সরকারের অধীনে মিলগুলির পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে;

অতএব এই সভা বর্তমান পরিস্থিতির মূল্যায়ন করে রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে যে—

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বহির্বাণিজ্য সহ পাটব্যবসা ও চটজাত দ্রব্যের জাতীয়করণ ও সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক;

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা কেন্দ্রীয় সরকার কর্তৃক ক্রয় ও বিক্রয়ের ব্যবস্থা করা হোক;

(৩) কাঁচা পাটের ন্যূনতম মূল্য কুইণ্টাল-প্রতি ৩০০ টাকা ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৪) রাজ্যসরকারের সঙ্গে আলোচনা করে পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরী, পাটচাষীদের পরিচয়পত্র দান, ক্রয় কেন্দ্র খোলা প্রভৃতি ব্যাপারে পঞ্চায়েতগুলিকে সামিল করার ব্যবস্থা হোক; এবং

(৫) রাজ্যের পাট ক্রয়ের জন্য রাজ্যের নিজস্ব জুট কর্পোরেশন গঠনের অনুমতি এবং তার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হোক।

এই সভা বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আরও প্রস্তাব করছে যে, উল্লিখিত বিষয়গুলি যাতে অবিলম্বে কার্যকরী করা হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার জন্য একটি সর্বদলীয় প্রতিনিধিদল অবিলম্বে কেন্দ্রের কাছে পাঠানো হোক।

(Here will be taken amendments, if any.)

**শ্রীনিরোদ রায় চৌধুরী :** মাননীয় সভাপতি মহাশয়, আমি একটা জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগণা জেলার প্রাথমিক বিদ্যালয়ের হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা এ পর্যন্ত মাইনা পাননি এবং পুজোর আগে কেউ মাইনা, এ্যাডভ্যান্স ইত্যাদি তাদের যা প্রাপ্য সেটা তারা পাননি। তার কারণ হচ্ছে, এক শ্রেণীর শিক্ষক কর্মী তারা সিদ্ধান্ত করেছেন যে এই কাজের জন্য তাদের বাড়তি না দিলে তারা কোন কাজ করবেন না। ২৪ পরগণা জেলার হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা খুবই দুশ্চিন্তার মধ্যে আছেন, তারা পুজোর আগে মাইনা পাবেন না। আজকে সকাল পর্যন্ত যা খবর তাতে তারা কোন বিলে হাত দেননি। আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অচল অবস্থার অবসান হয় এবং প্রাথমিক শিক্ষক-শিক্ষিকারা যাতে তাদের প্রাপ্য টাকা পান তার জন্য অনুরোধ করছি।

[At this time the House was adjourned till 3-20 p.m.]

[3-20—3-30 p.m.] (After Adjournment)

**শ্রীঅনিল মুখার্জী :** চেয়ারম্যান স্যার, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে ইনফরমেসন হিসাবে কিছু বক্তব্য রাখতে চাই। পশ্চিমবাংলা থেকে যে প্রতিনিধি দল দিল্লীতে গিয়েছিলেন, তাদের নেতা এখানে এসে একটা রিপোর্ট দেবেন কথা ছিল। এ সম্পর্কে আমি কিছু বলতে চাই না। কিন্তু তার পর আমি কৃপাসিন্ধু সাহা এবং বঙ্কিম মাইতি রেল মন্ত্রীর সঙ্গে সেখানে দেখা করি। আমাদের পশ্চিমবাংলায় রেল সংক্রান্ত ব্যাপারে যে সব প্রস্তাব গৃহীত হয়েছে, সে বিষয়ে তাঁর সঙ্গে কথা বলি। বিশেষ করে বাঁকুড়া পুরুলিয়া, মেদিনীপুরের রেল লাইন সম্পর্কে কথা বলি। তিনি বলেন যে এই সব জায়গায় ইলেকট্রিফিকেসন হবে, মেজিয়ায় রেল লাইন তৈরী হবে এবং সেখানে একটা এক্সপ্রেস টেন চালু হবে। এর পর এর জন্য তাঁকে আমরা ধন্যবাদ দিয়েছি। এবং বাকীগুলি সম্পর্কেও তাকে ধন্যবাদ দিয়েছি।

**মিঃ চেয়ারম্যান :** I now call upon Shri Sumanta Kumar Hira to move his motion under Rule 185.

**শ্রীসুমন্ত হীরা :** চেয়ারম্যান স্যার, আপনার অনুমতি নিয়ে আমি নিম্নলিখিত প্রস্তাব উত্থাপন করছি বিধান সভার সদস্যদের বিবেচনার জন্য। আমার প্রস্তাবে আমি বলতে চাই—

"যেহেতু এক অভূতপূর্ব খরা পরিস্থিতি পশ্চিমবঙ্গকে গ্রাস করেছে;

যেহেতু পশ্চিমবঙ্গের দু-একটি ক্ষুদ্র এলাকা বাদ দিলে প্রায় রাজ্যের সর্বত্র বর্ষা কার্যত অনুপস্থিত; বৃষ্টিপাতের পরিমাণ এত কম যে রাজ্যের খাল, বিল, জলা, ডোবা, পুকুর এবং জলাধারগুলি প্রায় শুষ্ক অবস্থায় পড়ে আছে;

যেহেতু রাজ্যের জলাধারগুলির ক্যাচমেণ্ট এরিয়াতে (Catchment area) বৃষ্টিপাতের পরিমাণ অস্বাভাবিক কম হওয়ায় সেচসেবিত জমিতে চাষের কাজে জল পাওয়া যাচ্ছে না;

যেহেতু বৃষ্টিপাত কম হওয়ার ফলে পশ্চিমবঙ্গের চাষযোগ্য জমির একটি বিরাট অংশ অনাবাদী পড়ে রয়েছে এবং যেসব জমিতে কিছু চাষ-আবাদ হয়েছে সেখানে জলের অভাবে ফসল শুকিয়ে যাচ্ছে;

যেহেতু জলের অভাবে পাট পচানো যাচ্ছে না এবং পাটচাষীরা প্রায় সর্বস্বান্ত হওয়ার সম্মুখীন;

যেহেতু তীব্র খরার জন্য গ্রামীণ বেকারিত্ব তীব্র আকার ধারণ করেছে; কর্মহীন হওয়ায় ক্ষেতমজুররা এবং ফসল নষ্ট হওয়ায় ছোট ছোট চাষীরা অনাহারে অর্ধাহারে দিন কাটাতে বাধ্য হচ্ছে; এবং

যেহেতু উপরোক্ত ভয়ংকর খরা পরিস্থিতি থেকে উদ্ধারের কোন লক্ষণ দেখা যাচ্ছে না;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে বর্তমান ভয়াবহ খরা পরিস্থিতির মোকাবিলার অন্য খরাক্লিষ্ট গ্রামবাসীদের বিকল্প কাজের সংস্থান ক'রে অনাহারক্লিষ্ট দরিদ্র ক্ষেতমজুর ও সাধারণ মানুষকে মৃত্যুর হাত থেকে বাঁচানোর জন্য রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে যথাশীঘ্র সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছে।

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই প্রস্তাব বিধান সভার মাননীয় সদস্যদের কাছে উথাপন করছি তাঁদের বিবেচনার জন্য। কারণ বর্তমানে সারা পশ্চিমবঙ্গে, বলা যায় সর্বত্রই, উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিম খরার কবলে পড়েছে। এই খরা অভূতপূর্ব খরা, ইতিপূর্বে এই রকম খরা কখনো পশ্চিম বাংলার মানুষ প্রত্যক্ষ করেনি। যেসব পুকুর, জলায় এতকাল ধরে দেখে এসেছি বর্ষাকালে য বৃষ্টিপাত হোতো সেই জল তাতে জমা হয়ে থাকত। সেই জমা জলে কিছু কিছু চাষবাস হোতো, কিছু কিছু শাক শবজী হোতো, কিছু কিছু অন্যান্য চাষের কাজ হোতো, কিছু মাছের চাষ হোতো। গ্রামের বেকাররা এই বর্ষাকালের সুযোগ নিয়ে কিছু বেশী কাজ পেতেন। এই বছর দেখা যাচ্ছে খরার ফলে কোন কাজ নেই। চাষীরা কোন কাজ পাচ্ছে না। ক্ষেত মজুরদের কোন কাজ নেই। গ্রামাঞ্চলের চাষীদের বাইরেও যারা গ্রামীন অর্থনীতির সঙ্গে যুক্ত, যেমন ছোট ছোট দোকানদার বা যারা অন্যান্য ব্যবসায়ে জড়িত, তারাও মার খাচ্ছে। কারণ ক্রয় ক্ষমতা গ্রামাঞ্চলে প্রায় নিঃশেষ হয়ে গেছে। গ্রামের মানুষ কিছু কিনতে পারছে না। ছোট ছোট দোকানদার এবং অন্যান্য ব্যবসায়ীদের কোন আয় গ্রামাঞ্চলে নেই বললেই চলে। এই অবস্থায় দাঁড়িয়ে, এক ভয়ঙ্কর পরিস্থিতি, সেই সঙ্কট পশ্চিমবাংলাকে গ্রাস করেছে এবং এর থেকে বাঁচার বিকল্প রাস্তা যদি বার না করা যায় তাহলে বলা যায় ভারতবর্ষের ইতিহাসে যা কখন ঘটেনি সেই জিনিষ ঘটবে। এক ভয়ঙ্কর দুর্ভিক্ষ মহামারী সুরু হয়ে যেতে পারে, এটা বলা যায়। আমরা অত্যন্ত উদ্বিগ্ন যে এই ভয়ঙ্কর খরা পরিস্থিতি নিয়ে এখনো পর্যন্ত চারিদিকে যে রব ওঠা উচিৎ ছিল, সেই রব ওঠেনি। এখনো পর্যন্ত চারিদিকে সবাই ঘুমোচ্ছে মনে হয়; কারণ এই খরা মোকাবিলা যদি আমরা সঠিকভাবে না করতে পারি তাহলে আমরা কেউ বাঁচতে পারব না, আজকে যারা সহরে আছে, আমি তাদেরও বলব এই খরা পরিস্থিতিকে তাদেরও উপলব্ধি করতে হবে। এই খরা যদি আমরা সবাই মিলে মোকাবিলা করতে না পারি তা হলে গ্রামের এই অভুক্ত মানুষেরা সহরের দিকে ধেয়ে আসবে এবং সহরে যাঁরা নিশ্চিন্তে বাস করছেন তাঁরা আর নিশ্চিন্তে থাকতে পারবেন না, এই কথাটা বলতে পারি। আজকে এখনো পর্যন্ত যেটুকু সম্বল গ্রামাঞ্চলে আছে তাকে নির্ভর করে এখনো পর্যন্ত সেখানকার মানুষ শান্ত হয়ে আছে। কিন্তু এই সম্বল নিঃশেষ হয়ে গেলে — মানুষের সামনে যদি কোন আশা না থাকে, আর বৃষ্টিপাত যদি না হয় তাহলে এক ভয়ংকর পরিস্থিতির সৃষ্টি সেখানে হবে। মানুষ বাধ্য হবে লুট, পাট ইত্যাদির দিকে যেতে। কাজেই আমি কেন্দ্রীয় সরকারের এদিকে দৃষ্টি দিতে বলব। কেন্দ্রীয় সরকারই একমাত্র সেই সরকার যারা এই সমস্যার মোকাবিলা করতে পারে। কারণ আমাদের সংবিধানের যে ব্যবস্থা আছে, অর্থনৈতিক ক্ষমতা যেভাবে আছে তাতে

একটা রাজ্যসরকারের পক্ষে এই ধরণের খরা মোকাবিলা করার কোন ক্ষমতা নেই। একটা রাজ্য সরকার সামান্য জি. আর., টি. আর. দিতে পারেন কিন্তু ৫ কোটি মানুষকে খাওয়াবার ব্যবস্থা একটা রাজ্য সরকার করতে পারে না, এটা মেনে নিতে হবে। আর এই খাওয়ানোর ব্যবস্থাটা দু-এক মাসের প্রশ্ন নয়, এটা দীর্ঘকালীন প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। একটা চাষের মরশুম, গোটা মরশুমটা মার খেয়েছে। গোটা মরশুমে এক রত্তি ফসল চাষীদের ঘরে ওঠেনি। আজকে বড় চাষী থেকে আরম্ভ করে ছোট চাষী পর্যন্ত, ক্ষেত মজুর পর্যন্ত অনাহারে চিন্তা করছে। যে চাষীরা এতদিন সচ্ছল ছিল অনাহারের কথা ভাবত না, তাদেরও চিন্তা করতে হচ্ছে তারা কি ভাবে বাঁচবে, অনাহারের হাত থেকে কি করে তারা রেহাই পাবে। আজকে সামগ্রিকভাবে জনজীবনের সর্বস্তরে অনাহারের চিন্তা এসে গেছে। আজকে বেকারত্বের কথা তারা চিন্তা করতে সুরু করেছে। মাননীয় সদস্যদের আমি বলব যে এই খরা প্রস্তাবকে অত্যন্ত গুরুত্ব দিয়ে, অত্যন্ত গভীরভাবে চিন্তা করে এই প্রস্তাবটিকে বিবেচনা করবেন এবং কেন্দ্রীয় সরকারকে তাদের যে দায়িত্ব, যে কর্তব্য সেই সম্পর্কে তাঁরা আহ্বান জানাবেন দায়িত্ব গ্রহণ করার জন্য, কারণ সমস্ত অর্থনৈতিক ক্ষমতা কেন্দ্রের হাতে। যদি আজকে ব্যাপক ভাবে কোন রিলিফ দিতে হয় কেন্দ্রীয় সরকারই দিতে পারেন, রাজ্য সরকার প্যারেন না। তাই আজকে এই প্রস্তাবের মাধ্যমে আমি মাননীয় সদস্যদের এদিকে দৃষ্টি দিতে বলব এবং তাঁরা দৃষ্টি দেবেন, আলোচনা করবেন। এর পরে আমার যদি কিছু বলার থাকে তাহলে আমি পরে উত্তর দেব।

[3-30—3-40 p.m.]

**মিঃ চেয়ারম্যান:** There are 15 amendments to the motion and the amendments are in order. I call upon Shri Shaikh Imajuddin to move the amendments. He is not present in the House and so the amendments are not moved.

**শ্রীমতী রেণুলীনা সুব্বা:** মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গের কোথায় ড্রট, কোথায় ফ্লাড্ হয়েছে সেই সম্পর্কে সুমন্তবাবু যে প্রস্তাব এনেছেন সেই বিষয়ে আমি কিছু বলতে চাই। আমাদের এই বিধানসভায় শুধু প্রস্তাব আনলে কিছু হবে না— আমাদের এখানে রিলিফ মিনিস্টার শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি বসে আছেন, কোন্ কোন্ এরিয়ায় খরা হয়েছে এবং সেই খরা দূর করতে গেলে কি পরিমাণ রিলিফের প্রয়োজন হবে সেই সম্পর্কে তাঁর কাছে আমি কতকগুলি সাজেসানস রাখছি। ডিস্ট্রিক্ট লেভেল কমিটি করে সেই কমিটির মধ্যে লোকাল এম. এল. এম. কিম্বা মিনিস্টারকে নিয়ে বিভিন্ন জায়গায় টুর করে ডি. সি, এস.ডি.ও.বি.ডি. ও, এদের সঙ্গে বসে যদি কিছু চিন্তা ভাবনা করা যায় তাহলে আমার মনে হয় এই প্রবলেম সল্ভ্ হবে। শুধু মাত্র বিধান-সভায় প্রস্তাব এনে এই প্রবলেম সল্ভ্ করা যাবে না। আপনারা জানেন পশ্চিমবঙ্গের কতগুলি ডিস্ট্রিক্ট ভীষণ ভাবে ড্রট এ্যাফেকটেড্ হয়েছে। কিন্তু দুঃখের কথা হল এই,

পশ্চিমবঙ্গের মন্ত্রীসভা প্রেসস্টেটমেণ্ট রিলিজ করে বললেন দার্জিলিং ডিস্ট্রিক্টের মধ্যে শিলিগুড়ি সাব ডিভিসনই ড্রট এ্যাফেকটেড হয়েছে। কিন্তু দার্জিলিং হিল এরিয়ার মধ্যে ৩টি সাব ডিভিসন আছে, যথা কার্শিয়াং, কালিম্পং, দার্জিলিং। এই তিনটির অবস্থা খুব খারাপ। ১৯৮২ সালে সেখানে ক্রপ ফেলিওর হয়েছে। হিল এরিয়ার সমস্যাটা আলাদা প্লেন এরিয়ায় তবু টিউব-ওয়েল বসানো যেতে পারে। কিন্তু হিল এরিয়ায় এটা বসানো সম্ভব নয়। কাজেই পাহাড়ের অবস্থা আরো খারাপ। প্লেন এরিয়ায় ড্রট হলে অনেক রকম সুবিধা পাবেন। টিউব-ওয়েল বসিয়ে জমিতে জলের ব্যবস্থা করতে পারবেন। কিন্তু হিল এরিয়ায় কখনই তা সম্ভব হবে না। ওখানকার অবস্থাটা সম্পূর্ণ আলাদা। আপনারা একটু রিলিফ সররবাহ করবেন, এক কেজি গম, কিছু চাল, ২ কেজি বেবি ফুড্ ইত্যাদি এই সব দিয়ে কিছু হবে না। পশ্চিমবঙ্গের সমস্ত জমি ফেটে গেছে, সব ধান শুকিয়ে নষ্ট হয়ে গেছে। গ্রাম বাংলায় সমস্ত চাষী ক্ষেত মজুর গ্রাম ছেড়ে শহরাঞ্চলের মধ্যে ঢুকে গেছে। মেদিনীপুর, পুরুলিয়া, বর্ধমান ইত্যাদি জায়গায় এত যে খুন, ডাকাতি, ছিনতাই হচ্ছে, এর মেন কারণ হল খরা—এই খরা সমস্যার সমাধান কিভাবে করা যায় সেটাই আমাদের সামনে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হয়ে উঠেছে।

**Mr. Chairman :** Sir, I would request the Social Welfare Minister to visit all these areas including Darjeeling district. I hope that after the Session is over she will go and visit the affected areas otherwise it will be baseless if we only discuss the matter and try to solve this problem only in the paper. The Government should try to solve this problem in the field. I hope that the people of West Bengal will not be neglected and I also went to draw the attention of the Hon'ble Chief Minister, who is not present in the House, and request him to accept my suggestion so that Government takes action immediately. I hope that our Hon'ble Minister, Shrimati Nirupama Chatterjee will take serious note of the drought situation and take immediate action in this regard. I again request her to travel all the drought affected areas with the local M.L.As, local D.Cs and the local B.D.Os. I request her and hope that she will also meet Chairman of the Panchayat Bodies viz. the Adhyakshas of the Gram Panchayats, Chairman of the Panchayat Samities and the Sabhadhipaties of the Zilla Parishads so that we can help her in her venture to solve the drought problem. If this is not done it will be baseless and we cannot do anything for the people, the poor people who are suffering and dying. Sir, through you, I would like to request the Food Minister, who is not present here, to supply good quality of rice, wheat and sugar and also kerosene oil through ration shops to our poor people otherwise the people of West Bengal will be finished.

I hope the Left-Front Government will take appropriate action in this regard. We are ready to go to Centre led by our Hon'ble Relief & Rehabilitation Minister, Sm. Nirupama Chatterjee to solve the problem. It would

be baseless if we only shout in the Assembly. We should try to give relief to the poor in getting rice, wheat, kerosene, rapeseed oil etc. from the ration shops. The poor helpless farmers are not getting seeds, fertilizers according to their demands. Sir, you know that India is a great country. If there is no co-ordination amond all the parties the problems will not be solved. To-day the Congress members are not present in the House. We are elected representatives and hence we should all stand united in solving the problems. I would once again request the Hon'ble Minister to do something for the poor people of West Bengal, specially for the people of the Darjeeling district, otherwise we will have to agitate. I hope and trust that our Hon'ble Minister will assure us and extend her hearty co-operation for helping the poor and distress people of West Bengal. Thank you very much.

[3-40—3-50 p.m.]

**শ্রীমতী নিরূপমা চ্যাটার্জী** ঃ মাননীয় সভাপতি মহাশয়, আজকে খরা পরিস্থিতির উপর মাননীয় সদস্যারা যে বক্তৃতা করেছেন, আমি তার উপর কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবাংলায় খরা পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করেছে। আমার জীবনের মধ্যে দিয়ে, অভিজ্ঞতার মধ্যে দিয়ে কোন দিন এই ধরণের খরা আমি দেখিনি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে খরা এলাকা হিসাবে ১২টি জেলাকে প্রথমে স্থীর করা হয়েছিল। পরবর্তীকালে এই কয়েক সপ্তাহের মধ্যে আমরা দেখেছি যে জল না হওয়ার ফলে প্রতিটি জেলায় খরা পরিস্থিতি এসে হাজির হয়েছে। সে জন্য এই খরা সম্পর্কে সরকারের পক্ষ থেকে ইতিমধ্যে বিভিন্ন জেলা ম্যাজিস্ট্রেটদের আমরা খরার ব্যাপারে টাকা দিয়েছি রিলিফ ওয়ার্কে প্রোগ্রামের এন. আর. ই. পি-তে কাজ করার জন্য এই টাকা বিভিন্ন খাত থেকে দেওয়া হয়েছে—যেমন বন বিভাগ থেকে, কৃষি বিভাগ থেকে, সেচ বিভাগ থেকে, পশু পালন বিভাগ থেকে, বিভিন্ন বিভাগের মাধ্যমে এটা দেওয়া হচ্ছে। আমরা মনে করি যে এটাও যথেষ্ট নয়। আমরা জানি যে বন্যা হলে যে বিরাট ক্ষতি হয় সেটা সামনাসামনি বুঝতে পারা যায়। কিন্তু খরার ক্ষতিটা ধীরে ধীরে অনেক পরে বোঝা যায়। ডি. ভি. সি থেকে যে জল দেওয়া হয়েছিল এবং তারপরে বিভিন্ন জেলায় যেটুকু চাষ হয়েছে, আমরা দেখেছি যে জল কমে যাবার ফলে সেটাও প্রায় নষ্ট হতে চলেছিল এবং আবার ডি. ভি. সি থেকে জল ছাড়ার ফলে কিছু কিছু এলাকায় সামান্য চাষ হয়েছে। তবে আমরা মনে করছি যে যদি জল না হয় তাহলে যেটুকু চাষ করা হয়েছে সেটুকুও নষ্ট হতে পারে, এই রকম একটা অবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছি। মাননীয় সদস্যারা যে কথা বলেছেন যে জেলাগত ভাবে ভাবা দরকার, এই বিষয়ে নিশ্চয়ই আমাদের চিন্তা করতে হবে। কারণ খরা পরিস্থিতি যেভাবে ভয়াবহ আকার ধারণ করেছে তাতে আমাদের এই সম্পর্কে চিন্তা ভাবনা করতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আরো বেশী দাবী করতে চাই। আজকে আমরা এই রকম একটা পরিস্থিতির মধ্যে এসে দাঁড়িয়েছি, সেখানে রেশনে আমাদের যা প্রয়োজন তাও দেওয়া হচ্ছে না। অপর দিকে বৃষ্টি না হবার ফলে

যে চাষ করা হয়েছিল সেটাও নষ্ট হয়ে গেল। আগামী মরশুমে যে চাষ আসছে সে সম্পর্কেও কৃষকের মনে প্রশ্ন এসে দাঁড়িয়েছে। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা আশা করবো অবিলম্বে কেন্দ্রীয় সরকার যাতে আমাদের যেখানে যে সাহায্য প্রয়োজন সেটা তারা দেবেন এবং এই দাবী আমরা বিধানসভা থেকে করতে চাই। মাননীয় সদস্যারা যে কথা বলেছেন যে এই খরার ভয়াবহ পরিস্থিতির সম্বন্ধে আমাদের সকলকে দাবী তুলতে হবে, আমিও মনে করি যে এই দাবী তোলা দরকার। মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিবৃতি দিচ্ছি। মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরা মহোদয় কর্তৃক খরা পরিস্থিতি বিষয়ে উত্থাপিত মোশান সম্বন্ধে আমি মাননীয় সদস্যদের এই কথা জানাতে চাই যে গত কয়েক সপ্তাহ বৃষ্টি না হওয়ার ফলে রাজ্যের খরা পরিস্থিতির যে ভয়াবহ অবনতি ঘটেছে সেই বিষয়ে রাজ্যসরকার অবহিত আছেন এবং এই পরিস্থিতিকে মোকাবিলা করার জন্য সাধ্যমত ব্যবস্থা গ্রহণ করেছেন এবং এখনও করে চলেছেন। গত জুলাই মাস অবধি দার্জিলিং, জলপাইগুড়ি ও কুচবিহারে বাদে রাজ্যের ১২টি জেলা খরা কবলিত ছিল। কিন্তু অনাবৃষ্টির ফলে এই ৩টি জেলাও খরা কবলিত হওয়ায় বর্তমানে রাজ্যের সব কয়টা জেলা খরার পড়েছে। কেন্দ্রীয় সরকারকে ইতিমধ্যেই এই পরিস্থিতির কথা জানিয়ে আরো আর্থিক সাহায্যের কথা বলা হয়েছে।

দুঃস্থ ব্যক্তিদের খয়রাতি সাহায্য বিতরণ ছাড়া কর্মক্ষম ব্যক্তিদের কাজের মাধ্যমে ত্রাণ সাহায্যের জন্য ত্রাণ বিভাগ এই মাসের প্রথম সপ্তাহে বিভিন্ন জেলায় ১ কোটি ৭৮ লক্ষ টাকা বরাদ্দ করেছে। অন্যান্য বিভাগও এ বাবদ ৩ কোটি ৪৮ লক্ষ টাকা বরাদ্দের ব্যবস্থা করেছে। এ ছাড়া ফসল রক্ষার জন্য যত দূর সম্ভব জলের ব্যবস্থা করা হয়েছে ও হচ্ছে। আগামী রবি মরশুমে চাষের জন্য মিনিকিট ও সার সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

রাজ্য সরকার পরিস্থিতির উপর সজাগ দৃষ্টি রেখেছে ও এই পরিস্থিতি মোকাবিলায় সম্ভব্য সব রকম ব্যবস্থা গ্রহণ করেছে ও করবে।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী:** মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রীসুমন্ত কুমার হীরা মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, বিগত দীর্ঘ দিনের মধ্যে এরকম ভয়াবহ খরা পশ্চিমবাংলায় হয়নি। কিন্তু আমাদের অভিজ্ঞতা আছে, আমরা ১৯৭৪ সনে কুচবিহার জেলায় দুর্ভিক্ষে দেখেছি অর্ধাহারে অনাহারে শত শত মানুষ পিচ-ঢালা রাস্তার মুখ থুবড়ে পড়ে মরেছে। এবং এই একই দৃশ্য দেখেছি ১৯৬৭ সনে পুরুলিয়া জেলায়। সেখানে দুর্ভিক্ষ হয়েছিল। আর আজকে সারা পশ্চিমবাংলায় দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। আজকে যদি মানুষ এটা উপলব্ধি না করে তাহলে আগামী দু' মাসের মধ্যে যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে তার হাত থেকে পশ্চিমবাংলার কেউ রেহাই পাবে না। গ্রামবাংলার যে অংশে খরা হচ্ছে শুধু সেই অংশের মানুষ, সেখানকার ক্ষেতমজুরই শুধু এই দুর্ভিক্ষের শিকার হবে বা দুর্ভিক্ষের কবলে পড়বে, এটা মনে করা ঠিক নয়। যারা

শহরে থাকে, রেশন এলাকার মধ্যে বাস করে তারা যদি মনে করে যে, এই দুর্ভিক্ষ তাদের স্পর্শও করবে না, তাহলে তারা ভুল করবে। এটা মনে করা ঠিক নয়। সেই জন্য আজকে যেটা সব চেয়ে গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে এই খরার হাত থেকে যদি পশ্চিমবাংলার সকল গরীব মানুষকে বাঁচাতে হয় তাহলে কেন্দ্রের কাছে আমাদের এসম্পর্কে চাপ সৃষ্টি করতে হবে। এখানে কেন্দ্র রাজ্য সম্পর্কটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। একটা রাজ্যে যদি খরার জন্য দুর্ভিক্ষ হয় বা কোন দুর্ঘটনা ঘটে বা কোন রকম প্রাকৃতিক বিপর্য্যয় ঘটে তাহলে কেন্দ্রকে সে বিষয়ে দায়িত্ব গ্রহণ করতে হয়। কারণ সে রাজ্য থেকে কেন্দ্র বিভিন্নভাবে বিভিন্ন রকমের অর্থ সংগ্রহ করে নিয়ে যায়, সুতরাং তাদের দায়িত্ব থাকে সে রাজ্যের মানুষকে বাঁচাবার। কিন্তু আমরা আশ্চর্য্য হয়ে যাচ্ছি, আমাদের রাজ্যের এই খরা সম্পর্কে বার বার কেন্দ্রের কাছে দাবী করা সত্বেও তারা কেন এ ব্যাপারে উদাসীন তা আমরা বুঝতে পারছি না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবাংলার মানুষদের এইভাবে বার বার অবজ্ঞা করা হচ্ছে, এটা আমাদের দুঃখ, এটা আমাদের যন্ত্রনা। আমাদের এত চিৎকার, আবেদন নিবেদন, কোন কিছুই কেন্দ্র শুনতে পাচ্ছে না।

আজকে মাননীয়া সদস্যা শ্রীমতী রেণুলিনা সুব্বা যে কথা বললেন সেকথার সঙ্গে আমি আরো বলতে চাই, আজকে এখানে আন্দোলন সৃষ্টি করার জন্য এবং কেন্দ্রের কাছে সাহায্যদাবী করবার জন্য দিল্লী যাওয়া প্রয়োজন, কারণ আমাদের প্রধানমন্ত্রীকে এ ব্যাপারে আরো সচেতন করবার প্রয়োজনীয়তা আছে। তা নাহলে হয়ত আগামী দিনগুলিতে আমরা নিশ্চিন্তে বাস করতে পারব না। আমাদের চোখের সামনে দুর্ভিক্ষের দৃশ্যগুলি ভেসে উঠবে এবং সেগুলি আমাদের দেখতে হবে। আমাদের দেখতে হবে, গ্রামের গরীব মানুষ, ক্ষেতমজুর, গরীব কৃষক খরা পীড়িত হয়ে যন্ত্রনায় জ্বলতে জ্বলতে শহরের দিকে ছুটে আসছে হাতে একটা করে বাটি নিয়ে এবং ফেন দাও ফেন দাও বলে চিৎকার করছে, আর আমাদের চোখের সামনে ধড়ফড় করে মরে যাচ্ছে, আমরা কিছু করতে পারছি না। সেই অবস্থা যাতে না হয় তার জন্য আমাদের এখান থেকে দলমত নির্বিশেষে সকলে মিলে দিল্লীতে গিয়ে কেন্দ্রের কাছে আমাদের দাবী জানাতে হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে, পশ্চিমবাংলা যখন খরায় জ্বলছে তখন কংগ্রেস সদস্যারা তাঁদের দায়িত্ব পালন না করে সভা-কক্ষ ছেড়ে গেছেন। পশ্চিমবাংলাটা কি শুধু আমাদের ? তাদের নয় ? তাঁদের আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধবরা কি পশ্চিমবাংলায় নেই ? আজকে সেই সমস্ত মানুষকে বাঁচাবার দায়িত্ব তাঁদের নেই ? মানুষকে বাঁচাবার জন্য যদি কেন্দ্রকে সচেতন করতে হয়, যদি কেন্দ্রের কাছে আমাদের দাবী জানাতে হয় তাহলে দলমত নির্বিশেষে প্রতিটি মানুষকে এই দাবীতে সোচ্চার হতে হবে। তা নাহলে আমরা খরার কবল থেকে পশ্চিমবাংলার মানুষকে বাঁচাতে পারব না।

সামনেই পূজার মরশুম। আমাদের পশ্চিমবাংলার সাধারণ মানুষের শতকরা ৭০ ভাগ দারিদ্র সীমার নীচে বাস করা সত্বেও পুজোর সময়ে তাদের মুখে হাসি ফোটে। কিন্তু এবারে দুর্ভিক্ষের পদধ্বনি তাদের আতঙ্কিত করে তুলেছে। এই অবস্থা যদি চলে তাহলে আমরা পুজোর সময় হয়ত দেখব গ্রামের গরীব কৃষক, ক্ষেতমজুররা মৃত্যুর কোলে ঢোলে পড়ছে, পুজোর উৎসব আনন্দ তাদের স্পর্শও করছে না।

[3-50—4-00 p.m.]

তাই আমি এই প্রস্তাবকে সমর্থন করছি এবং এটা সময়পোযুক্ত হয়েছে বলে মনে করছি। আপনি জানেন, রাজ্য সরকারের হাতে এত অর্থ নেই যে খরার কবল থেকে ৫ কোটি মানুষকে বাঁচাবে। আমি মাননীয়া ত্রাণ মন্ত্রী মহদয়াকে বলবো, একে যদি গুরুত্ব দিয়ে কেন্দ্রকে উপলব্ধি করাতে হয় তাহলে ইমিডিয়েট দিল্লীতে একটা টিম গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে এই সম্পর্কে যদি তাঁকে উপলব্ধি করাতে পারেন এবং তাদের কাছ থেকে অর্থ আদায় করার প্রচেণ্টা চালাতে পারেন তাহলে হয়ত কিছুটা কাজ হতে পারে। তা না হলে ভয়াবহ দুর্ভিক্ষের হাত থেকে আমরা কাউকে বাঁচাতে পারবো না। তাই সর্বশেষে এই প্রস্তাবকে সমর্থন করে — একটি আতঙ্কের কথা — আমার কবিতার কোটেসান দিয়ে বলছি,

"মৃত্যু মিছিলে ঢেকে যাবে
রিক্ত ধানের ক্ষেত
নবান্নের স্বপ্নে
রক্তের বুকে মুখ গুঁজে
খুঁজে নেবে খাবার।"

এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরা মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই সম্পর্কে কিযে বলবো তা বুঝতে পারছি না। আজকে ৮ তারিখ, আমরা ঠাণ্ডা ঘর থেকে বেরিয়ে পাড়া-গাঁয়ের তপ্ত কড়ায় গিয়ে পড়বো। মানুষের সামনে কি কৈফিয়ত দেবো ? কৈফিয়ত দেবো খরার জন্য একটা প্রস্তাব নিয়েছি, এ ছাড়া আর কোন প্রস্তাব নেই এ ছাড়া আর কোন কর্তব্য নেই। সারা দেশ এখন আগুনে জ্বলছে, খরার দাবদাহে জ্বলছে। ক্ষেতের ফসল পুড়ে যাচ্ছে। ময়ুরাক্ষীতে,জল নেই, দামোদর ভ্যালিতে জল নেই, আকাশে জল নেই। মানুষের ভেতর হাহাকার। আমাদের মাননীয়া ত্রাণ মন্ত্রী মহাদয়া বললেন, মিনিকিট পাঠিয়েছি। মিনিকিট এবং সার গেছে। কিন্তু গ্রামের মানুষেরা তো মিনিকিট রান্না করে খাচ্ছে। কোথায় মিনিকিট বসাবে ? কোন জায়গায় এক ফোঁটা জল নেই। ক্ষেতে ফসল হবে না। আমরা জানি, বান হলে মাছ হয়। বান হলে জমিতে ধান হয়, পরবর্তী ফসল হয়। কিন্তু খরা হলে কোন চৈতালী ফসল হবে না, গম হবে না, ধান হবে না। সারা বছর মানুষ না খেয়ে থাকবে। মাননীয়া সদস্যা শ্রীমতী অপরাজিতা গোপ্পী নবান্নের ধানের কথা বলেছেন। কিন্তু এই নবান্নের ধানও হবে না। মানুষের সামনে কোন অন্ন জুটবে না। ১৯৪৩ সালে মানুষ যখন কলকাতার রাস্তায় হাজারে মরছিলো হাজারে তখন জেল থেকে বেরিয়ে আমরা বলেছিলাম, সামনে খাবারের দোকান, মানুষ লুট করে খায়নি কেন ? আজকে সেই কথা পাড়া-গাঁয়ের মানুষদের বলবো কিনা একথা আপনাদের বলে দিতে হবে। সামনে খাবার মানুষ লুট করবে কিনা ? হাজার হাজার ক্ষুধার্ত মানুষ রাস্তায় মিছিল করে যখন আমাদের সামনে আসবে তখন আমরা কি কৈফিয়ত দেবো — সেই কথা আজকে বলতে হবে। আমরা স্মল ইরিগেসান চ্যানেল করবার জন্য কেন্দ্রের কাছে টাকার জন্য দাবী জানাবো ঠিকই কিন্তু টাকাই তো শুধু পাওয়া হবে। আজকে

রাজ্য সরকারের পক্ষ থেকে ২০ টাকা করে গ্র্যাণ্ট দেওয়া হয়েছে। কিন্তু যারা গ্রাণ্ট পেয়েছে তারা এই ২০ টাকার মধ্যে ৫ টাকা বাজারে খেয়ে ১০ মাইল হেটে গেছে। সুতরাং এর দ্বারা কোন সমস্যার সমাধান হবে না। যদি এই সমস্যার সমাধান করতে হয় তাহলে কেন্দ্রের কাছ থেকে যে টাকা পাওয়া যাবে সেই সমস্ত টাকা দিয়ে গ্রামে গ্রামে লঙ্গরখানা খুলতে হবে, মানুষের মুখে অন্ন তুলে দিতে হবে। শুধু টাকা নয়, শুধু লক্ষ লক্ষ কোটি, কোটি টাকার হিসাব নয় — আপনারা সমস্ত সরকারী কর্মচারীদের হাজার হাজার টাকা মাহিনা বাড়িয়েছেন — কিন্তু মানুষের মুখে আজ অন্ন নেই, ক্ষেতে-খামারে মাইনর ইরিগেশানের জল নেই, ময়ূরাক্ষীতে জল নেই। হাজার হাজার লক্ষ লক্ষ পাড়া-গাঁয়ের মানুষ যারা মৃত্যু মিছিল করবে তাদের সামনে আমরা গিয়ে কি শুধু বলবো, আমরা বিধানসভায় একটা প্রস্তাব নিয়েছি ? কি আন্দোলন আপনাদের কাছে কেন্দ্রীয় সরকারের কাছে ? সেই কথা আপনাদের আজ বলতে হবে। কেন্দ্রীয় সরকার যদি টাকা না দেয় তবে লক্ষ লক্ষ মানুষ যারা মৃত্যুর মুখে ধাবিত — আমি আইনসভার একজন সদস্য হিসাবে তাদের সামনে কি বলবো না — যেখানে খাবার আছে লুঠ করে খাও ? সেখানে এইকথা বলার অধিকার আমাকে দিতে হবে। যেখানে খাবার থাকবে ক্ষুধার্ত মানুষ সেখানে যদি লুট করে খায় তাহলে কোন অন্যায় হবে না, কোন পাপ হবে না। আমরা যদি দায়িত্বশীল সরকার হই তাহলে শুধু কেন্দ্রের উপর দায়িত্ব দিলেই হবে না, আমরা মানুষের খাওয়ার কি ব্যবস্থা করেছি ? দীর্ঘদিন ধরে আমরা মাইনর ইরিগেসান করিনি কেন ? নদীতে যে জল বয়ে যায় সেই জলে কেন ক্ষেতে দেওয়ার ব্যবস্থা করিনি ? আমরা সরকারী কর্মচারীদের জন্য মাহিনা বাড়িয়েছি। আজ তাঁরা কেন এদের জন্য দান করবে না ? ভুখা মানুষকে খাওয়াবার জন্য, তাদের মুখে অন্ন দেওয়ার জন্য তাঁরা কেন দান করবে না ? আজকে কয়েক কোটি টাকার হিসাব নেই। মানুষকে বাঁচাবার জন্য গ্রামে-গ্রামে লঙ্গরখানা খুলবেন কিনা ? মানুষের মুখে অন্ন দেবেন কিনা ? আমরা ঠাণ্ডা ঘর থেকে বেরিয়ে গিয়ে আজ কি কথা তাদেরকে বলবো সেকথা জানিয়ে দেবেন। পরিশেষে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকায়েত :** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরা মহাশয় বর্তমানে পশ্চিমবঙ্গে যে খরা পরিস্থিতি চলছে সে সম্বন্ধে একটি প্রস্তাব এনেছেন। তার বিরোধিতা করার কোন প্রশ্ন ওঠে না। আমরা দেখছি যে গত বছর থেকে খরা চলছে এবং বার বার কয়েক বছর এই ভাবে হচ্ছে। বিভিন্ন জেলাতেই খরা চলছিল, তথাপি কোন কোন জেলাতে চাষের কাজ চলছিল ফসল তৈরী হয়েছিল, কিন্তু এই বছর আমরা দেখছি আউশ ধান মার খাচ্ছে, আউশ তো গেল, কারণ উপযুক্ত পরিমাণে বৃষ্টি হল না, তারপর আমন, আমরা আশা করেছিলাম, পশ্চিমবঙ্গে যে ব্যাপক এলাকায় আমন উৎপাদন হয় সেই আমন তৈরী হবে। কিন্তু বর্ষা ঠিক সময়ে না আসার ফলে দেখা গেল আমন চাষ ঠিক হল না। তা সত্ত্বেও দেখা গেল যে শেষের দিকে বৃষ্টি হওয়ার ফলে কোন কোন জেলায়, সর্বত্র না হলেও, বিভিন্ন অংশে বৃষ্টি হয়েছে। কিন্তু আমরা জানি যে শুধু চাষের সময়কালে বৃষ্টি হলে হবে না, ফলানোর সময় বৃষ্টি না হলে উপযুক্ত পরিমাণে ফসল হয় না। এখন আমরা দেখছি পশ্চিমবঙ্গে প্রত্যেক

জেলায় বৃষ্টির অভাব। মাঠে ধানগাছ পুড়ে গেছে, শুকিয়ে যাচ্ছে, লাল হয়ে যাচ্ছে। ধানের শীষ বৃষ্টি না হওয়ার ফলে শুকিয়ে লাল হয়ে মরে যাচ্ছে। ফসল হবে না। পশ্চিমবঙ্গের যে অবস্থা দেখছি, তাতে দেখা যাচ্ছে যে আগামী দিনে একটা অত্যন্ত ঘোরতর পরিস্থিতির সামনে পড়তে হবে। কিন্তু এই পরিস্থিতির সৃষ্টি প্রাকৃতিক বিপর্যয়ের ফলে, সেই প্রাকৃতিক বিপর্যয়ের মোকাবিলা যদি করতে হয়, তাহলে দীর্ঘস্থায়ী যে ব্যবস্থা করার দরকার ছিল সেইসব ব্যবস্থা সরকার করেননি। আজকে জ্ঞান বিজ্ঞানের যুগে প্রাকৃতিক শক্তিকে পরিপূর্ণভাবে করায়ত্ত করে মানুষ তার কাজে লাগাতে পারে। সে হিসাবে দেশের নদী, খাল বিলের সংস্কার করা উচিত, নদীগুলির যেখানে পলি পড়ে ভরাট হয়ে যায়, সময় মত সেগুলিকে খনন করা উচিত, তাহলে খাল, বিল সংস্কার হলে তার দ্বারা বন্যা নিয়ন্ত্রিত হতে পারে। সেই সঙ্গে জলাধার তৈরী করে রাখা উচিত, যাতে এই রকম খরা বা অনাবৃষ্টির সময় সেই রিজারভার থেকে জল পাওয়া যেতে পারে। আজকে যে খরা পরিস্থিতি চলছে এই খরা পরিস্থিতি যদি চলতে থাকে তাহলে কাগামীদিনে সারা পশ্চিমবঙ্গের মানুষকে তার ন্যূনতম যতটুকু যা প্রয়োজন তা দিতে হবে। এমনি পরিস্থিতিতে গ্রামের ক্ষেত মজুর, কৃষি মজুর, এমন কি যারা ভেস্টেড জমির চাষী তারাও কাজ পাচ্ছে না, তারা মাথায় হাত দিয়ে বসেছে, আবছে আগামী দিনে কি করে তাদের দিন চলবে। দেনায় দেনায় তাদের মাথার চুল বিকিয়ে যাচ্ছে।

আমরা জানি গত ১০.১২.৮১ তে সুন্দরবন এলাকায় ব্যাপক অঞ্চল লোনা জলে ভেসে গিয়েছিল। সেখানে এবারে জল হয়েছিল, তারা চাষবাস করবে ঠিক করেছিল, যতটুকু ক্ষতি হয়েছিল এ বছর সেটুকু পুষিয়ে যাবে সেই কথা ভেবেছিল। কিন্তু সেখানে দেখা গেল যে বৃষ্টি না হবার ফলে সমস্ত ধান গাছ শুকিয়ে একেবারে লাল হয়ে যাচ্ছে। শুধু দক্ষিণ ২৪ পরগণা নয়, সারা পশ্চিমবঙ্গেই এই একই অবস্থা।

[4-00—4-10 p.m.]

সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলা এই ভাবে খরায় জ্বলছে। তাই আমি বলবো যে এই অবস্থার মোকাবিলা যদি করতে হয় তাহলে এখন থেকে যতটুকু আমাদের রিসোর্স আছে, যতটুকু আমাদের সঙ্গতি আছে সেই টুকু যাতে আগামী দিনে সঠিক ভাবে কাজে লাগানো যায় সেটা দেখতে হবে। চাষের জন্য উচ্চ ফলনশীল ধান, চাষীদের মিনিকিট দিয়ে সাহায্য করা, জল যাতে ঠিক মতো তুলে ব্যবহার করতে পারে তার জন্য পাম সেট থেকে সুরু করে লিফট ইরিগেসান করা—এই সব করতে হবে। আবার যতটুকু লিফ্‌ট ইরিগেসান আছে সেইগুলি বিদ্যুতের অভাবে চলে না, ডিজেলের অভাবে চলে না। এই ব্যাপারে আমরা যদি দায়িত্ব নিই, এই সরকার যদি দায়িত্ব নেয় তাহলেই কিছুটা উৎপাদন হবে। আর ব্যাপক যে ক্ষতি হচ্ছে তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করতে হবে। এই কথা ঠিক যে কেন্দ্রীয় সরকার যদি না দেয় তাহলে জনমতের চাপ সৃষ্টি করতে হবে। শুধু এই বিধানসভায়, আমরা বিধানসভার সদস্যারা একটা প্রস্তাব নিলাম—এটা করলে চলবে না। এর আগে কতকগুলো রেজ-লিউসান এখানে পাস হয়েছে, পাট শিল্প সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এই শিল্পের উপর কংগ্রেস আমলে ২ বার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিগত বামফ্রন্ট সরকারের আমলে এই

ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে চটকল জাতীয়করণ করার জন্য। কিন্তু তাতেও কেন্দ্রীয় সরকারের টনক নড়ছে না। এখানে প্রস্তাব নেওয়ার জন্য, একটা নিয়ম রক্ষা করার জন্যই প্রস্তাব নিলাম, তাহলে সেটা কার্যকরী হবে না। পরিষদীয় রাজ-নীতির মধ্যে বিধানসভার অভ্যন্তরে আমরা যারা জনপ্রতিনিধি আছি, সাধারণ মানুষের অভিব্যক্তিকে প্রকাশ করবার জন্য যে প্রস্তাব আমরা নিই সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কে আরো সাহায্য দেবার জন্য চাপ সৃষ্টি করতে হবে। আগামী দিনে পশ্চিমবাংলায় এই খরার জন্য দুর্ভিক্ষের করাল গ্রাস আমাদের গ্রাস করতে আসবে, মানুষ খেতে পাবে না, হা-অন্ন, হা-অন্ন করে মানুষ পথে ঘাটে কুকুর বেড়ালের মতো মরবে, শহরে এসে এক ফোঁটা ফ্যানের জন্য অলিতে গলিতে, হোটেল রেসটুরেণ্টের দরজায় দাঁড়িয়ে থাকবে। মানুষে কুকুরে একাকার হয়ে যাবে। এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য আমরা এখানে প্রস্তাব গ্রহণ করবো এবং কেন্দ্রীয় সরকার আরো যাতে বেশী করে খাদ্য সামগ্রী সাহায্য করে, তার ব্যবস্থা করবো। কেন্দ্রীয় সরকার যদি না দেয় তাহলে জনমত সৃষ্টি করা, ব্যাপক আন্দোলন গড়ে তোলা এবং কেন্দ্রীয় সরকারকে ব্যাধ করা সাহায্য দেবার জন্য। কারণ তাঁদের দায়িত্ব আছে। ভারত সরকার যাতে ব্যাপক সাহায্য দিতে পারে, তার জন্য জনমত সৃষ্টি করা। সেই পথে যে দিন যাবে তবেই কিছু পাওয়া যাবে। নচেৎ শুধু এখানে প্রস্তাবের জন্য প্রস্তাব নিলাম, নিয়মের জন্য নিয়ম পালন করলাম এই দিয়ে কিছু হবে না। আগামী দিনে যে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে, যে করাল গ্রাস আমাদের গ্রাস করতে আসছে, দেশের ক্ষেত মজুর, গরীব চাষী, ছোট চাষী, মধ্য চাষী, মধ্যবৃত্ত, নিম্নমধ্যবৃত্ত সর্ব্বস্তরের মানুষ সেই প্রচণ্ড ভয়াবহ পরিস্থিতির হাত থেকে রেহাই পাবে না। তাই আমি বলি, আমরা যারা বিধানসভার সদস্য আছি, এই বিধানসভার ফাঁকে ফাঁকে আমরা যখন গ্রামে যাই তখন সাধারণ মানুষ আমাদের একটাই প্রশ্ন করে আগামী দিনে আমরা বাঁচবো কি করে। আমাদের কোন কাজ নেই, আমরা খাবো কি। আমরা একদিকে যেমন খাদ্য সরবরাহ করার জন্য কেন্দ্রীয় সরকারকে বাধ্য করবো, কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করবো, দাবী আদায় করার জন্য আন্দোলন গড়ে তুলবো, তেমনি সাথে সাথে বামফ্রণ্ট সরকার এই দুর্ভিক্ষ পরিস্থিতি মোকাবিলা করবার জন্য সমস্ত দলমত নির্বিশেষে সর্ব দলীয় কমিটি গঠন করা, সকলের মতামত যাচাই করে, সকলের সাজেসান নিয়ে আগামী দিনে এটা কিভাবে মোকাবিলা করা যায় সেই প্রস্তাব নেওয়া এবং এই ভাবে এগিয়ে চলা। সেই সাথে সাথে আমি বললো এখন থেকে গ্রামের মানুষ যাতে কাজ পায়, ক্ষেত মজুররা যাতে কাজ পায়, অন্তত কাজ করে তারা যাতে তাদের নিজেদের খাদ্য সামগ্রী সংগ্রহ করতে পারে, সেই কাজ যাতে ব্যাপক ভাবে গ্রামের মানুষকে দেওয়া যায় সেই দিকে লক্ষ্য করতে হবে। আগামী দিনে আমাদের যা করনীয় সেই কাজের দিকে বামফ্রণ্ট সরকার এগোবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Prasanta Kumar Sur:** Mr. Chairman, Sir, I want to make a statement.

Shri Satya Ranjan Bapuli, an Hon'ble Member of this House, had brought in two allegations against me on two consecutive dates, i.e., the

6th and the 7th instant. The essence of the allegation dated the 6th October, 1982 is that I allotted the Salt Lake plots to 38 persons who are not Bengalees. The second allegation is that 150 persons of my constituency have got their appointment under the Corporation of Calcutta. Both the allegations are as will as malafide. I would like to apprise the House the facts relating to the allegations as follows :—

Regarding the allotment of plots at Salt Lake, at the very outset I beg to apologize unreservedly for my inability in finding out any prohibitory clause debarring a non-Bengalee in having a plot of land at Salt Lake. I shall be thankful to the Hon'ble Member Shri Bapuli if he could show the House any such rules, and in that case, I shall surely beg excuse of the House for my lapses in allotting 38 plots of land to non-Bengalee applicants out of a total number of 6,000 plots so far allotted.

Shri Bapuli submitted to the House a list of 38 names. He has very conveniently avoided in giving full particulars of the case, viz., the No. of the Sector, full names and addresses of the persons mentioned, dates of allotment etc. He has mentioned the name of one Shri R. K. Agarwalla twice. In that case the list comes to 37 and *not* 38. It is well neigh impossible to find out the particulars of all these 37 persons out of a total number of about 6,000. Even so, on a rough scrutiny of office records it is found that as many as 14 out of 37 got their allotment through lottery. Only two persons have been allotted plots as special cases. It has not been possible to find out the particulars regarding the remaining 21 cases within such a short time. But from records it can be stated safely that these 21 cases do not find place in the list of "special consideration".

All the Plots at Sector I were distributed during the last Congress regime. The then Minister-in-charge used to allot plots to persons according to his choice. The Left Front Government introduced the system of lottery from the year 1978. I fact, mast of the residential plots in Sector II & III have been allotted on the basis of public lottery from time to time on receiving applications through Press advertisement. Some plots have in fact been alloted on special consideration to persons belonging to specific categories like Govt. Servents, Freedom Fighters, Social & Political Workers, Defence personnel, Indian Nationals staying abroad, Physically handicapped, evicted persons, refugees from Assam etc. With a view to conducting the lotteries as well as to processing the applications a Screening Committee was formed by the Government in the year 1978 with some official aud non-official members. The Minister-in-charge has nothing to do personall with any of the cases, leaving aside his discretion. Holding him responsible or finding any fault in the system of allotment itself is only an attempt to mislead the House and to vilify the Minister-in-charge with some ulterior motive.

Regarding the second alligation, I would like to remind the Hon'ble Member, Shri Bapuli that the methods of recruitment under the State Govt. and that of the Calcutta Corporation, which is a statutory body, are different. In the Corporation applications are generally invited from open market and Committees for appointment are formed. The Committee processes the applications, interviews the eligible candidates and make their recommendations to the Corporation authorities for appointment. It was none of the business of the Minister-in-charge to ascertain from the Corporation authorities as to how many candidates residing within his constituency got appointment. Shri Tapan Chatterjee left the services as my C.A. long ago and I am not aware if he or any of his relatives got any appointment under the Calcutta Corporation. The allegation of Shri Bapuli that Shri Prafulla Bose was my P.A. is utterly false. I had no P.A. at any time named Prafulla Bose and I have no knowledge about him or his relatives, leaving aside the question of getting their appointment. I am not aware if a statement bearing such distorted facts is unbecoming of a member of this House. I would request him to be a bit respectful to the facts before an attempt is made by him in future to mislead this House in the same manner.

Hon'ble Members of this House will thus appreciate that the Minister-in-charge never dealt in a fashion calling for any allegation which is purely baseless and malafide in nature.

[4-10—4-20 p.m.]

**শ্রীকমল সরকার ঃ** মিঃ চেয়ারম্যান, এটা সার্কুলেট করে দেবেন।

**মিঃ চেয়ারম্যান ঃ** আচ্ছা, ঠিক আছে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি খরা জেলার মানুষ। এই খরা আমরা বাঁকুড়া জেলায় পুরুলিয়ায় এবং মেদিনীপুরে দেখে এসেছি। খরা প্রধানত এই ৩টি জেলাতেই হয়ে থাকে। আগে বীরভূম জেলাতেও খরা হোত কিন্তু ময়ূরাক্ষী পরিকল্পনা হবার পরে বীরভুমের খানিকটা অংশে খরা দেখা যায়। এইবছরও ওই একই অবস্থা হয়েছে। বৃটিশ সাম্রাজ্যবাদ যখন ছিল তখন যেমন এই সমস্ত জায়গায় খরা হোত ঠিক সেই রকম এখনও খরা হচ্ছে। ভারতবর্ষের কমিশনের যে রিপোর্ট আছে তাতে দেখা গেছে এই সমস্ত যায়গায় আগেও খরা হয়েছে এখনো খরা হচ্ছে। তবে আমার ছোট বয়স থেকে বাঁকুড়া জেলায় যে রকম খরা দেখেছি এবারকার খরার মত খরা কোন দিনও দেখিনি। এটা এক অভুতপূর্ব খরা। মাননীয় সভাপতি মহাশয়, আমি কয়েকদিন আগে ফারাক্কা ব্যাপার নিয়ে এবং খরা নিয়ে প্রধান-মন্ত্রীর কাছে গিয়েছিলাম। প্রধানমন্ত্রী আলোচনার প্রাক্কালে বললেন যে সারা ভারতবর্ষের আবহাওয়ার বোধহয় পরিবর্তন হচ্ছে। উনি বললেন অনেক জায়গায় বন্যা, খরা ইত্যাদি হচ্ছে। সারা ভারতবর্ষের ন্যায় ভারতবর্ষের বাইরেও আন্তর্জাতিক ক্ষেত্রে ও এই আবহাওয়ার পরিবর্তন হয়েছে। পশ্চিমবঙ্গে যে খরা সৃষ্টি হয়েছে সেই খরা অনাবৃষ্টির ফলে হয়েছে। আমরা আশা করেছিলাম অনেক আগে থেকেই এর জন্য ব্যবস্থা নেওয়া

হবে। আমরা যখন এ্যাসেম্বলীতে এসেছিলাম সেই নির্বাচিত হবার পর থেকেই আমরা বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলার জন্য ১৮ কোটি টাকা কেন্দ্রের কাছে দাবি করেছিলাম। ভোট অন অ্যাকাউণ্টে এই টাকার দাবি করেছিলাম। এই টাকা আমাদের প্রাপ্য। প্রধানমন্ত্রী যখন নিশ্চয় অবহিত আছেন কারণ তাঁর কাছে সারা পৃথিবীর তথ্য আছে সারা ভারতবর্ষের তথ্য আছে এবং পশ্চিমবঙ্গের তথ্যও নিশ্চয় তাঁর কাছে আছে। বারংবার আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের এই বিধানসভার সদস্যরা এবং বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা কেন্দ্রের কাছে পশ্চিমবঙ্গের এই অবস্থার কথা বলেছেন। এই অবস্থা শুধু একটি দুটি জেলায় নয় অনেকগুলি জেলাতেই এই অবস্থার সৃষ্টি হয়েছে। যে জেলায় কোনদিন খরা ছিল না সেই জেলাও আজকে খরা কবলিত হয়ে পড়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমাকে কিছুক্ষণ সময় দেবেন বলবার। আজকে আমাদের জেলার যা অবস্থা, পশ্চিমবাংলার যা অবস্থা, এবং আজকে সেখানে যা চলছে সেই কথা আমাকে বলতে হবে হাউসে বলে আমি মনে করি। আজকে পশ্চিমবাংলার মানুষ খরায় কবলিত। এই খরার কবলে পড়ে সেখানকার মানুষের কি অবস্থা চলছে সে কথা আমরা কেন্দ্রের কাছে বারেবারে বলেছি কিন্তু কেন্দ্র এই ব্যাপারে সেরকম দৃষ্টি দিচ্ছেন না।

অর্থ যে একেবারে দেননি তা নয়, তবে তা প্রয়োজনের তুলনায় নগণ্য। ৭৫ কোটি টাকা রাজ্য সরকার থেকে দাবী করা হয়েছে, কিন্তু কিছুক্ষণ আগে ত্রাণমন্ত্রী মহোদয়ার কাছ থেকে জানতে পারলাম ২৪ কোটি টাকা তিনি পেয়েছেন। রেনুলীনা সুব্বা তাঁর বক্তৃতায় বললেন গম দিয়ে হবে না—১ কে. জি. গম দিলে সমস্যার সমাধান হয় না—আবার পরবর্তীকালে বললেন দিতে হবে। কিন্তু এ বিষয়ে দুটো দিক আছে—একটা হচ্ছে ইমিডিয়েট তাদের রিলিফ দেয়া দরকার, আর একটা হচ্ছে আগামী দিনে যাতে খরা না হয় তার ব্যবস্থা করতে হবে। ১৯৭১ সালে প্রধানমন্ত্রী বাঁকুড়া জেলার খরা দেখে এসে কতকগুলি পরিকল্পনা দিয়েছিলেন। কিন্তু এমন কতকগুলি সর্ত তিনি দিলেন যে তাতে সেইসব সুযোগ যদি নিতে হয় তাহলে গরিব বর্গাদারদের একের তিন অংশ টাকা দিতে হবে। য়্যানিম্যাল হাসব্যাণ্ডারী ইত্যাদি রুরাল স্কীম থেকে টাকা নিতে হবে। কিন্তু যারা খেতে পায় না তাদের পক্ষে সেই সব সুযোগ নেয়া অসম্ভব। বাঁকুড়া, পুরুলিয়া জেলায় হাজার হাজার ক্ষেত মজুর আছে তারা সেই সব জায়গায় সাধারণভাবে কোন কাজ পায় না। তারপরে এ বছর এমন অবস্থা সৃষ্টি হয়েছে যে সেখানে কোন কাজ নেই। আমরা মাত্র ৭ লক্ষ টাকা পেয়েছি। কিন্তু আমি একটা ব্লকের কথা বলবো যেখানে দিনে এক লক্ষ টাকা কম করে লাগবে। অর্থাৎ তাহলে ৭ দিনে ৭ লক্ষ টাকা লাগছে। এই রকমভাবে ২২টা ব্লকের যে টাকা দরকার সেই টাকা রাজ্য সরকারের নেই। কেন্দ্রীয় সরকার যদি ২৪ কোটি টাকা দেন তাহলে এই মানুষগুলি কোথায় যাবে? অন্য সময়ে আমরা দেখেছি খরার সময় হলেও তার কিছু দিন পরে তারা রবিশষ্যের চাষ করতে পারতো। একবার তাদের বীজ নষ্ট হয়েছে, পরে বৃষ্টি হলে তারা চাষ করে কিন্তু তাও নষ্ট হয়ে গেল। কোন কোন জায়গায় সেখানে মরুভূমি হয়ে গেছে। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত কৃষকের বাড়ীতে কিছু নেই। সেখানে ক্ষেত মজুরের কাজ নেই। এই রকম অবস্থা সেখানে বাড়ীতে বাড়ীতে চলছে। সেজন্য দুঃখের সঙ্গে বলছি বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে ১ লক্ষ টাকা খরচ করে কাজ করাতে

হবে। আমি বলছি না ডোল বা রিলিফ দিন কিম্বা দুর্ভিক্ষের পদধ্বনির কথা বলছি না, কিন্তু ক্ষেত মজুরদের কাজ দিয়ে তাদের মানুষের মর্যাদা দিন। সেখানে মানুষের পাতা খাওয়ার মত অবস্থা এসে গেছে। এসব জিনিষ কেন্দ্রীয় সরকারকে বোঝাতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন আর কিছুদিন বৃষ্টি না হলে কি অবস্থা হবে পশ্চিমবাংলার তা বলা শক্ত।

[4-20—4-30 p. m.]

আমরা সেদিন গিয়েছিলাম, সেদিন প্রধান মন্ত্রী বলেছেন যে পৃথিবীর আবহাওয়া বদলে গেছে, ভারতবর্ষের আবহাওয়া বদলে গেছে, বলে আমরা যে ৭৫ কোটি টাকা চেয়েছি সেই জায়গায় তিনি মাত্র ২৪ কোটি টাকা দিলেন। তিনি যদি আমাদের অর্থ না দেন তাহলে আমাদের মুখ্যমন্ত্রী কি করে গ্রাম বাংলার মানুষকে বাঁচাবেন সেটা বুঝতে পারছি না। আজকে গ্রাম বাংলার অত্যন্ত সংকটপূর্ণ অবস্থা বিশেষ করে বাঁকুড়া জেলায় যেখানে একটা ব্লকে ১ লক্ষ টাকা প্রতিদিন দরকার সেখানে মাত্র ৭ লক্ষ টাকা দিয়েছেন, তাতে ৭ দিন চলতে পারে, আর একটা চাষ না হওয়া পর্যন্ত এই টাকায় কি করে চলবে বুঝতে পারছি না। সুতরাং সুমন্ত হীরা এই যে প্রস্তাব এনেছেন এই প্রস্তাব তিনি ঠিক সময়েই এনেছেন, এই প্রস্তাবকে আমি সমর্থন করছি। কংগ্রেসী বন্ধুরা যাঁরা গরীবের প্রতি দরদ দেখান তাঁরা এই প্রস্তাবের সময় ওয়াক আউট করলেন। অন্য সময় তাঁরা ওয়াক আউট করে আবার ১০ মিনিট পরে ফিরে আসেন। কিন্তু আজকে যখন জুটের ব্যাপারে, শ্রমিকের ব্যাপারে খরার ব্যাপারে, প্রস্তাব গ্রহণ করার প্রয়োজন আছে, একটা ইসুতে তাঁরা না হয় ওয়াক আউট করলেন, কিন্তু আবার তো ফিরে আসবেন, ফিরে না এসে এই সম্বন্ধে তাঁরা কোন গুরুত্ব দিতে চান না। তাঁদের যদি গরীব মানুষের প্রতি দরদ থাকত তাহলে নিশ্চয়ই তাঁরা ফিরে আসতেন। তাঁরা শুধু গোয়েবল্‌সের মত মিথ্যা কথাই বলতে জানেন। আজকে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলা খরার জন্য জ্বলছে, যখন একসঙ্গে বসে একটা সিদ্ধান্ত গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা আদায় করার জন্য উদ্যোগ নেওয়া দরকার পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে তখন দেখছি ইন্দিরা কংগ্রেসের লোকজন হাউসে উপস্থিত থাকলেন না। এটা খুব ক্ষোভের এবং ঘৃণার বিষয়, এটা পশ্চিমবঙ্গের মানুষের জানা উচিত। সুতরাং সুমন্ত হীরাকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং তাঁর প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, খরা পরিস্থিতি খুবই ভয়াবহ। কিন্তু পরিস্থিতি যতই ভয়াবহ হোক আজকে হতাশা ঝরান আতঙ্ক সৃষ্টি করা উত্তেজনা সৃষ্টি করা কাজ নয়, আজকে আমাদের সকলের উচিত হচ্ছে দৃঢ় প্রতিজ্ঞা নিয়ে এই অবস্থার মোকাবিলা করা। পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচাতে হবে সেই দায়িত্ব আমাদের আছে। সেদিক থেকে বামফ্রণ্ট সরকার খুব গোড়া থেকেই অবহিত রয়েছেন। আপনারা জানেন প্রথম দিকে দেখা গেল এবারকার বর্ষা মনসুন খুব ডিলেড হল, তার ফলে বীজ রোপন করা যায়নি। অথচ তার আগের বছরে অক্টোবর মাসে বৃষ্টি না হওয়ার দরুণ আমন ফসল প্রায় শতকরা ৬০ ভাগ হানি হয়েছে। বিলম্বে

বর্ষার জন্য আউশ ক্ষতিগ্রস্ত, এই অবস্থা অবহিত হয়ে আগে থেকে ডি. ভি. সি ময়ূরাক্ষী, কংসাবতীর জল ছেড়ে যাতে সিড বেড তৈরী করা যায় সেই কাজ আমরা তত্পর হয়ে করেছি।

তারপর মার্চ মাসের মাঝামাঝি থেকে আরম্ভ করে সেপ্টেম্বর পর্যন্ত মোটামুটি বৃষ্টি হল এবং ডি. ভি. সি. কংসাবতী, ময়ূরাক্ষী থেকে জল ছাড়ার দরুন শেষ পর্যন্ত যে খবর দাঁড়িয়েছিল তাতে প্রায় শতকরা ৮০ ভাগ চাষ হয়েছিল। যদি আরো বৃষ্টি হত তাহলে আরো অনেকখানি হত। কিন্তু দেখা গেল যে সেপ্টেম্বর মাস থেকে শুরু করে এখন পর্যন্ত আর কোন বৃষ্টি হয়নি। জল ছাড়ার ব্যাপারে কেন্দ্রর কতকগুলি ব্যাপার আছে। সেজন্য সেদিক থেকে আলোচনা করে আমরা ঠিক করেছিলাম যে অন্ততঃ পক্ষে যেগুলিকে বাঁচিয়ে রাখা যায় তার জন্য আবার জল ছাড়া প্রয়োজন এবং তার চেষ্টা করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোন বৃষ্টি হয়নি। আমি যখন দিল্লীতে ছিলাম তখন ইউনিয়ন এগ্রিকালচার মিনিষ্টারের সঙ্গে কথা হয়েছিল এবং তিনিও বলেছেন তেনুঘাট থেকে যদি এখন ১৫ দিনের মত জল দেওয়া যায় — কারণ এই ১৫/২০ দিনের সময়টা ক্রুসিয়াল সময়, একথা এখানে অনেকেই বলেছেন, এই সময়ে দরকার হলে কিছুটা স্টোরেজ থেকে, কিছুটা তেনুঘাট থেকে জল দিয়ে যে ফসলটা হয়েছে সেটাকে যদি সেচ করা যায় তাহলে অনেকটা ভাল হবে। সেজন্য প্রত্যেক সময়ে যখন যে কাজ দরকার তখন সেই কাজ করার উপরে সকলে মিলে জোর দিয়ে চেষ্টা করা দরকার এবং সেই চেষ্টা আমরা করে যাচ্ছি। সঙ্গে সঙ্গে এটাও চেষ্টা করছি যে আর কি ফসল হতে পারে। কিন্তু মুসকিল হচ্ছে ময়ূরাক্ষী বলুন, কংসাবতী বলুন ডি. ভি. সি. বলুন, এগুলি হচ্ছে সব রেন ফিড রিভার এবং আগস্টের বৃষ্টি না হলে এগুলিতে জল থাকে না এবং সেচ দেওয়া যায় না। যেগুলিতে হিমালয়ের বরফগলা জল থাকে, যেগুলিকে পেরিনিয়াল বলে সেই রকম আমাদের নেই। সেদিক থেকে অত্যন্ত গুরুতর অবস্থা দেখা দিয়েছে। সেই বুঝেই আমরা আগে থেকে সিদ্ধান্ত করেছিলাম এবং আবার যখন এই রকম অবস্থা হচ্ছে বুঝলাম তখন আমাদের যা আছে — ডিপ টিউবয়েল, স্যালো, রিভার লিফট ইত্যাদি সমস্ত ধরণের মাইনর ইরিগেশান যাতে ফুললি ওয়ার্কিং কনডিশানে থাকে তার জন্য বিদ্যুৎ দপ্তরের সঙ্গে কথা বলে অন্ততঃ পক্ষে প্রাইওরিটি দিয়ে এদের বিদ্যুত সরবরাহ যাতে থাকে, যাতে কোন অসুবিধা না হয়, যাতে দিনরাত কাজ করান যায় এবং রাতে যারা কাজ করবেন তাদের জন্য টিফিনের ব্যবস্থা করা, তাদের জন্য স্পেশাল ইনটেনসিভের ব্যবস্থা ইত্যাদি এই সমস্ত ব্যবস্থা করা হয়েছে। প্রথম চেষ্টায় কতটা ক্রপ আমরা সেভ করতে পারি সেই চেষ্টা চালিয়ে যাচ্ছি এবং আগামী দিনে কি করতে পারি সেটাও চিন্তা করতে হবে। সঙ্গে সঙ্গে আমাদের দেখতে হবে যাতে মানুষকে বাঁচাতে পারি এবং সেদিক থেকে সরকার দফায় দফায় যে টাকা পেয়েছেন, সেই টাকাগুলি তারা বণ্টন করেছেন বিভিন্ন জায়গায়। পঞ্চায়েতের মাধ্যমে এমন ধরণের কাজ দেওয়া হচ্ছে যাতে খরায় পীড়িত মানুষ স্থায়ী ভাবে খানিকটা উপকৃত হতে পারে। কোন কোন জায়গায় পুকুর সংস্কার করা, কোন কোন জায়গায় সেচের ব্যবস্থা করা ইত্যাদি কাজ করা হচ্ছে। অর্থাৎ একদিকে এগুলি যেমন আগামী রবি চাষের সহায়ক হতে পারে, আবার সঙ্গে সঙ্গে মানুষ যাতে বাঁচতে পারে — এই

এই দুটো দিক থেকে চেষ্টা করা হচ্ছে। এই ব্যাপারে মিনিষ্টারিয়াল লেভেলে অন্ততঃ পক্ষে কয়েকজন মিনিষ্টার আছেন। আমি, এগ্রিকালচার মিনিষ্টার, ইরিগেশানের দুটো বিভাগ অর্থাৎ মেজর এবং মাইনর, ত্রাণ দপ্তর, ট্রাইবাল ডিপার্টমেণ্ট ইত্যাদি আরো যে সমস্ত দপ্তর আছে সমস্ত দপ্তরকে কো-অর্ডিনেটেড করে যাতে একদিকে এমপ্লয়মেণ্ট জেনারেশান করতে পারি এবং সেগুলিতে যাতে প্রোডাকশান ওরিয়েনটেড করতে পারি এবং এগুলি করে আমাদের সমস্যার কতখানি সমাধান করতে পারি সেই চেষ্টা করা হচ্ছে। কাজেই যে সব সদস্য বলছেন যে কেন্দ্রকে দোষ দিয়ে নিজেদের দায় সারছি, এটা ঠিক নয়। এটা অত্যন্ত সিরিয়াস অবস্থা। তাদের কাছ থেকে কি পাওয়া গেছে না গেছে সে বিষয়ে আমি পরে আসছি। কিন্তু তারা যদি নাও দেন, এটা আমাদের দায়িত্ব, যেমন করে হোক তাদের বাঁচাতে হবে। যদি প্রয়োজন হয় অন্যান্য দপ্তরের কাজের টাকা কিছু কিছু করে কেটে নিয়ে আমাদের খরচ করতে হবে। কেন্দ্র দিল না বলে পশ্চিমবঙ্গের মানুষ না খেয়ে মরবে, সেই ৪৩ সালের পুনরাবৃত্তি হবে, এটা বামফ্রণ্ট সরকার বেঁচে থাকতে হবে না।

[4-30—4-40 p.m.]

কিন্তু ঐভাবে উত্তেজনা করলে হবে না, লুঠ করলে হবে না, লুঠের সুযোগ আমরা দিতে চাই না। আমরা কলকাতার লোকেরা পুরো পেট খাবো, তা হবে না। চার কে. জি করে গ্রামের লোক পাবে এবং সেখানকার লোকও খাবে। মা যেমন ছেলে-মেয়েদের নিয়ে সমানভাবে ভাগ করে খান, আমাদেরও সেই ব্যবস্থা করতে হবে। সেইজন্য আমরা যা সংগ্রহ করতে পারবো তা দিয়ে সকলে বাঁচবার চেষ্টা করবো। একজন ভরপেট খাবে অন্যে উপোস করে থাকবে, তা হয় না। ১১৪৩ সালে মন্বন্তরের কথা ভুলে যাবেন না। একদিকে ৩৫ লক্ষ লোক না খেয়ে মরেছে আবার অন্যদিকে ধাপার মাঠে চাল পচিয়ে ফেলে দেওয়া হয়েছে। ৫০ টাকা তখন চাল হয়েছিল। সেইজন্য চোরাকারবারীরা যাতে সুযোগ না নিতে পারে সেইদিকে আমাদের সকলকে নজর দিতে হবে। আইনের কথা নয়, আমরা সুষ্ঠু বণ্টন করতে চাই। আমরা জানি ভুয়া রেশন কার্ডের একটা বড় অংশ ডিলারদের কাছে আছে। গরীব মানুষ যারা দিন আনে দিন খায় তারা সপ্তাহে রেশন নিতে পারে না। সেইজন্য আমরা ঠিক করেছি যে ইনডিভিজুয়াল কার্ড দেবো। আমরা বলেছিলাম ভুয়া কার্ড ১০/১৫ দিনের মধ্যে ফেরত দিতে হবে। কত কার্ড হবে তা পঞ্চায়েতকে ভেরিফাই করতে বলেছি। অর্থাৎ তাদের দায়িত্ব নিতে বলেছি যে বাড়ী বাড়ী ঘুরে বার করো কত কার্ডের দরকার। সেজন্য যা আসবে রেশনে তার বিন্দুমাত্রও যে চোরাকারীর্তে না যায়, সেটা আমাদের দেখতে হবে। এ বিষয়ে ১৪ তারিখে আমাদের মিটিং হবে। আমাদের দিনরাত্রি পাহারা দিতে হবে। প্রত্যেকটি রেশনের দোকানে যে পরিমাণ দেওয়া হলো সেটা ঠিক বণ্টন হচ্ছে কিনা তা দেখার জন্য। অর্থাৎ পাবলিক ভিজিলেন্স থাকবে যা দেওয়া হচ্ছে তার প্রত্যেকটি ঠিকমত যেন বণ্টিত হয়। লক্ষ লক্ষ মানুষ মারা যাবে সেই সময় চোরাকারবারীদের বাধা সৃষ্টি করা কি অন্যায় হবে? নানা রকমভাবে তাদের গহ্বরে চলে যায় বলে গ্রামে গ্রামে পাহারা দিতে হবে। সেখানে লুট নয়, লোককে বোঝাতে

হবে এই রকম অবস্থা হয়েছে। তাদের বোঝাতে হবে দুদিনে তোমাদের লোভ পরিত্যাগ করতে হবে। সেইজন্য বলেছি ওদের দাও ওরা খেটে শোধ করবে আমরা তার গ্যারান্টি থাকবো। এ বিষয়ে জনসাধারণকে এবং সরকারকে আপ্রাণ চেষ্টা করতে হবে এই অবস্থা থেকে বাঁচবার জন্য। সেইজন্য অতন্দ্র প্রহরী হিসাবে রেশন ডিলার থেকে আরম্ভ করে সমস্ত দিকে আমাদের দেখতে হবে। পুলিশের উপর নির্ভর করলে চলবে না, পশ্চিমবঙ্গের মানুষকে সজাগ থেকে ভলেণ্টিয়ার হিসাবে কাজ করতে হবে। আমরা একটা ব্যবস্থা তৈরী করেছি যে আমাদের যা আছে, যা উৎপাদন করতে পারা যায় তার জন্য একটা ব্যবস্থা করতে হবে এবং কেন্দ্র থেকে আনবার ব্যবস্থা করতে হবে। এবং যা পাচ্ছি তা সকলে মিলে ভাগ করে খেতে হবে। আগামী ১৯ তারিখে মুখ্যমন্ত্রী একটা মিটিং রোটাণ্ডায় ডেকেছেন যাতে ডি. এম. জেলাসভাধিপতিদের ডাকা হয়েছে এবং সেখানে আমরা একটা পরিকল্পনা নেবো যাতে একটা মানুষ না মরে।

আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল, স্মরণাতীত কালে এতবড় বন্যা হয়নি। যেটা একটা চ্যালেঞ্জ ছিল, পশ্চিমবাংলার মানুষ সেই চ্যালঞ্জের মোকাবিলা করেছে এবং তার জন্য সমস্ত ভারতবর্ষের মানুষের কাছে শ্রদ্ধা কুড়িয়েছে। এটাই আজকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা মস্তবড় কাজ। এতবড় খরা পশ্চিমবালায় হয়েছে, আজকে ভারতবর্ষের মানুষ দেখুক, পশ্চিমবাংলার খরা কম নয়; এই খরায় বামফ্রণ্ট সরকার তার মোকাবিলা করার জন্য, পশ্চিমবাংলার মানুষকে বাঁচাবার জন্য কি কর্মকাণ্ড করেছে। আর তার পাশাপাশি অন্য সমস্ত জায়গা তাকিয়ে দেখুক। ইতিহাস, ভারতবর্ষের ভবিষ্যৎ মানুষরা তার বিচার করবে যে কি আন্তরিকতা দিয়ে এর মোকাবিলা আমরা করছি। সেইজন্য আমি খুব বিনীতভাবে বলব, আমার খুব দুঃখ লাগল যে আমাদের সত্য ভট্টাচার্য্য মহাশয় তিনি বললেন যে লুঠের শ্লোগান দেবেন, তাতে বেলডাঙ্গার দু-চারজনের সুবিধা হবে, সাধারণ মানুষের কোন সুবিধা হবে না, সুষ্ঠু বণ্টন তাঁতে হবে না। আপনাদের শ্লোগান দিতে হবে না, উষ্কানী দেওয়ার লোক অনেক আছে। আমাদের কাজ উষ্কানী দেওয়া নয়। আমাদের কাজ অবস্থার গুরুত্ব বুঝে, ধীর, স্থিরভাবে ডিটারমিনেসন নিয়ে মানুকে বাঁচাবার জন্য। আমাদের সেই পদক্ষেপ খুব সুচিন্তিতভাবে নিতে হবে এবং সেদিক থেকে বামফ্রণ্ট সরকার পেছিয়ে থাকবে না, আন্তরিকতা নিয়ে তাঁরা সমস্ত ব্যবস্থা করবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু :** মিঃ চেয়ারম্যান মহাশয়, এই খরা পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা আজকে শেষ দিনে হচ্ছে এবং অনেক আগেই কথা ছিল শেষ দিকে এই রকম একটা আলোচনার প্রয়োজন আছে। কারণ আমরা এক ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে এখন আছি। মাঝে একটা আশা হয়েছিল যে খরা পরিস্থিতি আগে যা হয়েছিল তার থেকে আমরা উদ্ধার পাব, একটু বৃষ্টি হয়েছিল। কিন্তু আমরা দেখলাম অবনতি ঘটেছে কারণ উত্তর দিকে, যেখানে খরা ছিল না, বরং কিছু কিছু জায়গায় বন্যা দেখা দিয়েছিল সেখানেও কিছু দিনের মধ্যে আমরা খবর পেলাম এবং হিসেব করে দেখলাম অন জায়গার মত সেখানেও সেই খরা পরিস্থিতি দেখা দিয়েছে। এখন কলকাতা বাদ দিবে আংশিকভাবে বা সম্পূর্ণভাবে সমস্ত পশ্চিমবাংলা খরার কবলে পড়েছে এবং আপনার

বিনয়বাবুর কাছে শুনলেন এবং সংবাদ পত্রে ইতিপূর্বে আপনারা হয়তো দেখেছেন যে আমরা কিভাবে আমাদের যা সাধ্য আছে তাই দিয়ে চেষ্টা করছি কিভাবে কতটা ফসল আমরা বাঁচাতে পারি। একবার সেই পরিস্থিতি হল এবং আমরা ঝুঁকি নিয়ে জল ছাড়ার ব্যবস্থা করলাম। কিন্তু যে সময় আবার আমাদের দরকার কিছু বর্ষা সেই সময় আবার আমরা আকাশের দিকে তাকিয়ে আছি, সব চাষীরা তাকিয়ে আছেন। কিন্তু বর্ষা হচ্ছে না। এখনো আমাদের চাষ-বাসের কাজ, কৃষির কাজ আছে, সেজন্য আরও ৩ সপ্তাহ, ১ মাস ধরে যদি বিভিন্ন জায়গা থেকে জল আনতে পারি, আমাদের যে গভীর নলকূপগুলো আছে, আমাদের রিভার লিফ্‌ট ইরিগেসন আছে, যেখানে যা কিছু আছে, এইগুলো যদি আমরা সংগটিত ভাবে, পরিকল্পিতভাবে ব্যবহার করতে পারি, তাহলে হয়তো এখনো খানিকটা আমাদের ফসল বাঁচতে পারে।

[4-40—4-50 p.m.]

এবং সেই হিসাবে আমরা প্রচেষ্টা করছি। সেখানে যা কিছু চাহিদা, যা কিছু প্রয়োজন তার জন্য আমরা ব্যবস্থা করেছি, বিদ্যুতই হোক, আর যাই হোক, কৃষকদের এখন যাতে কিছু দিতে না হয়; তার ব্যবস্থা কারছি, পরে না হয় তারা দেবেন। এটা একটা নৈতিক কার্য বলে আমরা মনে করছি। সেই সব দিকে আমাদের নজর রেখে কাজ করা দরকার। কোন রকমে যতটা পারি আমরা চাষবাস বাঁচাব। কিন্তু আপনারা জানেন আগেরবার যখন খরা হল তখন আমরা কেন্দ্রকে লিখেছিলাম। তার কারণ এটাই নিয়ম যে ভারতবর্ষ ব্যাপী প্রাকৃতিক বিপর্যয় হলে কিছু টাকা বাজেটের মধ্যে ধরা থাকে, যেগুলি আমরা খরচ করব। আমরা যখন খরচ করতে আরম্ভ করলাম তখন বুঝলাম এই ১৩/১৪ কোটি টাকায় কিছুই হবে না, আমাদের যা ক্ষতি হয়েছে তাতে ৩০০/৩৫০ কোটি টাকা দরকার আমরা সহজে বুঝে গেলাম ৩০০/৩৫০ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে। আমরা কেন্দ্রের কাছে চেয়েছিলাম ৬০/৬৫ কোটি টাকা দেওয়া হোক। কিন্তু আবার ওখান থেকে সরকারী টিম, পর্যবেক্ষক দল এসে এখানকার খরা আলোচনা ইত্যাদি করতে অনেক সময় কেটে গেল। তার ফলে হল এই, ঠিক তারা যখন এলেন তখন একটু বৃষ্টি আরম্ভ হয়েছে। হয়ত ওরা খুশী হলেন, আমরাও খুশী হলাম। ওরা খুশী হলেন এই ভেবে যে, এখানে একটু কম দিলে হবে, ফসল তো বাঁচবে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেটা হল না। কিন্তু আমাদের এমন অবস্থা নয় যে আমরা টাকা নিয়ে বসে থকেতে পারি। ক্ষয়রাতি সাহায্য আমরা দিতে আরম্ভ করি। তবে আমরা ক্ষয়রাতি সাহায্য খুব বেশী দিতে চাই না, মানুষকে কাজ দিতে চাই। যে অঞ্চলে কাজ থাকে না সেখানে যে অবস্থা দেখা দিয়েছে সেটা আমাদের বিচার করতে হবে। কিন্তু তার সাথে সাথে ক্ষয়রাতি সাহায্য কিছু মানুষকে দিতেই হয়। কেন্দ্রের সঙ্গে আলোচনায় ও'রা বলেছেন এটা যত কম দেওয়া যায় সেটা দেখবেন—কাজের ব্যবস্থা অন্ততঃ বেশী যাতে করা যায়, তথ্যগত দিক থেকে থিওরেটিক্যাল দিক থেকে কমিয়ে, সেটা একটু দেখবেন। কিন্তু আমরা দেখেছি কাজের অনেক মানুষ আছে, আবার এমনও মানুষ আছে যাদের কাজ দেওয়া যায় না, তারা অক্ষম। তারা সেই কাজ করতে

পারেন না। আবার সক্ষম হলেও সেই কাজ সেই মুহূর্তে কোথাও দেওয়া যাচ্ছে না বলে কিছু টাকা আমাদের সাহায্য করতে হতে পারে। সেদিক থেকে আবার আমরা খবর পাঠিয়েছি কেন্দ্রের কাছে। অল্প দিনের মধ্যে আমাদের একটা মিটিং হচ্ছে। সমস্ত জেলা শাসক, অফিসারদের কলকাতায় ডেকেছি আর একবার পর্যালোচনা করার জন্য এবং আমাদের আরো কতকগুলি ব্যবস্থা পুঙ্খানুপুঙ্খভাবে করতে হবে। তার কারণ ইতিমধ্যেই আমি জেলাশাসকদের কাছ থেকে টেলিগ্রাম পেতে শুরু করেছি এবং খবর পাচ্ছি এখানে যা দেওয়া হয়েছে তার চেয়ে অনেক বেশী প্রয়োজন আছে, এতে কিছু হবে না। আমি এর আগেও বলেছিলাম আমাদের দিক থেকে দেখবার প্রয়োজন আছে যে কি পরিকল্পনার অভাব হচ্ছে, কাজের ব্যবস্থার কোন অভাব আছে কিনা ইত্যাদি। আমরা কাজ দিতে পারলাম না, অথচ টাকা আছে, এটা যেন না হয় কোথাও, সেটা দেখতে হবে। এটা কোথাও কোথাও কখন হয়, সেখানে পরিকল্পনা যদি না থাকে। সেই জন্য আমরা অনেক আগে থেকেই এই কাজ শুরু করে দিয়েছি। তবে এটা ঠিক, আমি আপনাদের আবার বলছি শেষের দিকে একটু বৃষ্টি শুরু হয় এবং তখন আমরা মনে করেছিলাম মনসুন দেরীতে এসেও কিছুটা বৃষ্টি বোধহয় হবে, খরা থেকে খানিকটা উদ্ধার পাব। সেই আশা নিশ্চয় হয়েছিল। কিন্তু এখন দেখছি বিপদ বেড়ে গেছে। এখনো বৃষ্টি হল না, বিপদ অনেক বেড়ে গেল। সেই জন্য অন্যভাবে চেষ্টা করছি, ফসল বাঁচাতে পারা যায় যতটা তার চেষ্টা করতে বলেছি। সমস্ত জেলায় জেলায় আমরা বলেছি জন্য প্রকল্পগুলি, পরিকল্পনাগুলি ঠিক করে রাখুন যে, কিভাবে তাদের কাজ দিতে পারবেন, কোথায় দিতে পারবেন, কতগুলি ডিপার্টমেণ্ট আছে ইত্যাদি। রাস্তাঘাট যারা করেন সেই বিভাগ আছে, নানা রকম বিভাগ আছে, সেই সব বিভাগীয় অফিসারদের নিয়ে এক সঙ্গে বসেছিলাম। এক জায়গায় সেচের কাজে বেশী লোক লাগবে, অন্য জায়গায় আবার জলের ব্যবস্থা করা যাবে না, এটা যেন না হয়। এক জায়গায় দু তিনটি ডিপার্টমেণ্ট যেন গিয়ে হাজির না হয় সেটা দেখতে হবে। যেখানে যা প্রয়োজন সেই ভাবেই যেন হয় এবং প্রয়োজন কোথায় কতটা সেটাই হল বড় কথা কারণ এটা যদি আমার নখদর্পণে সঠিকভাবে না থাকে তাহলে সেই প্রয়োজন মেটাতে পারব না। কোথায় কি হচ্ছে সেটা জানতে হবে। যেখানে হঠাৎ নানা অভাব দেখা দেবে সেখানে হয়ত আমাদের নজর যাবে, এটা যেন না হয়। কারণ এটা আমরা বুঝে নিয়েছি—এখন কতটা ফসল বাঁচাতে পারি সেটাই আমরা দেখছি।

সঙ্গে সঙ্গে এই কাজগুলি আমাদের করতে হবে এটা আমরা ঠিক করেছি। আমি আর একবার নিজে দিল্লী যাচ্ছি, অন্য কাজ আছে, কয়েকদিন পরেই যাচ্ছি, সেখানে এই অবস্থার কথাটা আমাদের সমস্ত হিসাবপত্র দিয়ে বলে আসতে হবে যে অবস্থা এই দাঁড়িয়েছে এবং আমাদের জন্য আরো ব্যবস্থা করতে হবে। এর সঙ্গে সঙ্গে আরো যেটা বলতে চাই। সেটা হচ্ছে এই যে,বন্যা এবং বর্ষা এমন একটা জিনিষ যার সম্বন্ধে ১৯৭৮ সালে আমাদের ব্যাপক অভিজ্ঞতা হয়েছে। মানুষ চোখের সামনে দেখতে পায় বন্যার প্রকোপ, মানুষের অসুবিধা ইত্যাদি। সেখানে মানুষ বন্যার জলে যে ভেসে যেতে পারেন সেটাও মানুষ বোঝেনা। তা ছাড়া বন্যার সময় চারিদিকে জল আর সেই জলের মধ্যে মানুষের যে অভাব সে কথাটাও মানুষ বোঝেন। এমনকি বন্যার

সময় মানুষকে যে উদ্ধার করতে হয় সেটাও মানুষ বোঝেন। সেই বন্যার সময় যা আমরা দেখেছি তা এক কথায় বলা চলে অভূতপূর্ব—সেই সময় বন্যাও যেমন অভূতপূর্ব ছিল মানুষের সহযোগিতা এবং সাহায্যও তেমনি অভূতপূর্ব ছিল। শুধু পশ্চিমবাংলা নয় ভারতবর্ষ ব্যাপী মানুষ সেই সহযোগিতা করেছিলেন। অনেকে এখানে এসেছেন এবং অনেকে আমাদের ডেকে নিয়ে গিয়ে সাহায্য দিয়েছেন এবং কয়েক কোটি টাকা এইভাবে তোলা হয়েছে। সেখানে এমন কি ছোট ছোট ছেলেমেয়েরা তাদের টিফিনের খরচা বাঁচিয়ে মানুষকে সাহায্য করেছেন সে ঘটনাও দেখা গেছে। মানুষের মানসিকতার যে দিক, প্রগতির যে দিক সেটা সেই সময় দেখা গেছে। কিন্তু খরার বেলায় তো এরকম বোঝা যায় না। বাইরের লোকেরা বা কোলকাতার লোকেরা খরা বুঝবেন কি করে? পরিসংখ্যান দিয়ে, তথ্য দিয়ে তো এসব বোঝানো যায় না, কাজেই আমাদের একটু অসুবিধা সেই দিক থেকে আছে। কিন্তু তবুও মানুষের কাছে আমরা আবেদন করছি, যে যেমন পারেন সাহায্য করুন। পূজা আসছে, পূজাতে অনেক টাকা খরচ হবে—বহু লক্ষ টাকা খরচ হবে, সেখানে যদি তারা পশ্চিমবাংলার এই অবস্থার কথাটা ভেবে কিছু দান করেন পশ্চিমবঙ্গের মানুষের চাহিদা মেটাবার জন্য তাহলে সেটা তাদের পক্ষেও মঙ্গল, দেশের পক্ষেও মঙ্গল। আমি সেইজন্য আবেদন করছি মানুষের কাছে যে আপনারা এগিয়ে আসুন এবং সাহায্য করুন। তারপর বিনয়বাবু বলেছেন ভাগ বাঁটোয়ারা করে খেতে হবে। আমরা বিধিবদ্ধ রেশনিং অঞ্চলে রেশনের পরিমান কিছুদিনের জন্য কমিয়ে দিচ্ছি। এটা নিয়ে কিছু লোক সমালোচনা করেছেন, কাগজে বিবৃতি দেখেছি, খুব বড় সমালোচনা না হলেও সমালোচনা করে বলা হয়েছে এটা কেন করলেন? আমরা এটা করেছি তার কারণ, গ্রামের মানুষের অবস্থা আরো খারাপ। যেখানে বিধিবদ্ধ রেশনিং নেই সেখানকার মানুষকে আমরা যাতে আরো একটু খাইয়ে রাখতে পারি সেইজন্য এটা করেছি। আমরা জানি, চালের দর যখন কম থাকে তখন রেশন শপে চাহিদা খুববেশী থাকে না, লিফ্‌ট করেনা লোকে কারণ অনেক সময় বাজে চাল এইসব জিনিষ দেওয়া হয় বলে, এটা খুব সহজ ব্যাপার, এটা বোঝা যায় কিন্তু এখন সেই অবস্থা নেই, এখন যে রকম চাল পাবেন শতকরা ১০০ ভাগ মানুষ তা তুলবেন। উপায় কি আছে? আবার আমরা দেখলাম ঠিক এই সময় চালের দামটা বাড়ানো হল। এটা নিয়ে অবশ্য আগেই আলোচনা হয়ে গিয়েছে, আমি তাই বিশেষ কিছু বলছি না। তবে এটাই দেখছি এখন কেন্দ্রীয় সরকারের নিয়ম যে ভরতুকি তারা উঠিয়ে দেবেন, জিনিষপত্রের দাম বাড়াবেন। এটা আমরা বারবার বলেছি, এদের অর্থনীতি, এদের রাজনীতি, এদের সব এই নীতির মধ্যে কেন্দ্রীভূত। আমরা কিন্তু নিরুপায়। আমাদের যদি তেমন টাকা থাকতো তাহলে আমরা ভরতুকি দিয়ে পুষিয়ে দিতে পারতাম। যখন আমাদের কিছু সংস্থান ছিল তখন কিছু কিছু জিনিষের ক্ষেত্রে সেইভাবে আমরা দিয়েছি সে বিষয়ে কোন সন্দেহ নেই। দাম পড়ে যাবার সময় চাষীদের থেকে আমরা ঠিকমত দাম দিয়ে ধান, চাল কিনেছি কিন্তু আজকে আমাদের সেই পরিস্থিতি নেই। এটা কেন্দ্রীয় সরকারও জানেন, সবাই জানেন, খালি আমাদের বিরোধী যে দু/চারজন আছেন তারা জানেন না। আরো একটা দুর্ভাগ্যের কথা হচ্ছে এই যে আমাদের বিরোধীদলের লোকরা জানতেন আজকে এই প্রস্তাব আসছে,

আলোচনা হবে কিন্তু আমরা দেখলাম তারা চলে গেলেন। কেন যে গেলেন ঠিক বুঝলাম না। আমাকে ওদের দুজন নেতা এসে বললেন ; আজকে অবশ্য এসব বলার কথা নয় কিন্তু একটা খুন হয়ে গিয়েছে কাজেই সে সম্বন্ধে আমরা একটু বলতে চাই। আমরা সেটা বলব, আপনি বলবেন, আপনি দেখবেন। আমি তখন বললাম, আমাদের চেয়ারম্যানকে তাহলে বলতে হবে, বলুন। আমাদের চিফ হুইপ গিয়ে ওদের বললেন, যেগুলি অফিসিয়্যাল বিজনেস আছে — লে করা ইত্যাদি সেগুলি হয়ে যাক তারপর আপনারা বলবেন।

[4·50—4-59 p·m.]

ওঁরা এখান থেকে চলে গেলেন, ওঁদের কাছে খরার কোন গুরুত্ব নেই। আজকে যতগুলি প্রস্তাব এসেছে এখানে সবগুলিই গুরুত্বপূর্ণ। এগুলির কোন মূল্য নেই ওদের কাছে। ওদের নিজেদেরও প্রস্তাব ছিল, তারও কোন গুরুত্ব নেই, সব ছেড়ে দিয়ে চলে গেলেন। ওঁরা এগুলি করেন তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে কাগজে বড় বড় করে এগুলি বের হবে। মানুষের সেবা করা ও মানুষকে সাহায্য করা, মানুষের পাশে এসে দাঁড়ান ওদের উদ্দেশ্য নয়। সেজন্য কাগজ ছেঁড়া ইত্যাদি দায়িত্বজ্ঞানহীন কাজ করছেন। আরো অসুবিধা হচ্ছে, আমরা যখন কেন্দ্রের কাছে টাকা চাইব, মানুষকে বলবো তখন ওঁরা বলবেন যে এত টাকা দেবার দরকার নেই এবং পক্ষপাতিত্ব ইত্যাদি অভিযোগ আমাদের সামনে আনবেন, অসত্য জিনিসগুলি আনবেন। আমরা ওদের বারবার বলেছি, বন্যার সময়েও বলেছিলাম, এখনও বলেছি যে যখন প্রাকৃতিক বিপর্যয় ঘটে সেখানে কে কাকে ভোট দিয়েছে, কে কার পক্ষে, কংগ্রেস কি কমিউনিস্ট, দক্ষিণপন্থী কি বামপন্থী এইসব দেখে না, কোন সভ্য দেশের মানুষ এইভাবে বিবেচনা করে না। কংগ্রেসী রাজত্বে ওঁরা করতেন এবং বোধ হয় সেজন্য এইসব রব তুলছেন যে পক্ষপাতিত্ব, অমুক-তমুক এবং এই সব অভিযোগ করছেন যাতে টাকাটা কম আসে, যাতে মানুষগুলি আরো কম পায়। অদ্ভুত এদের রাজনীতি, অদ্ভুত এদের মনোভাব যা কল্পনা করা যায় না। জাতির যখন বিপর্যয় আসে তখন অন্ততঃ পক্ষে সকলে এক হয়ে দাঁড়ায়, সাময়িক হলেও এক হয়ে দাঁড়ায় কিন্তু সেই দৃষ্টিভঙ্গী এদের মধ্যে দেখছি না। আশা-করি আমাদের বিরোধী দলের যারা এখানে আছেন তারা একটু চিন্তা করে এই বিষয়ে বিবেচনা করবেন। আমি শেষে বিনয়বাবু যে কথা বলেছেন সেই কথা দিয়েই শেষ করবো যে আমরা মানুষকে মরতে দেব না এবং তার জন্য সংগঠিত ভাবে আমাদের যে চেষ্টা করা দরকার সেটা আমরা করবো। কেন্দ্রের কাছ থেকে আমাদের আরো নিশ্চয়ই আদায় করতে হবে। এখন আমাদের যা আছে সেটা নিয়েই আমরা মানুষের মধ্যে চলে যাচ্ছি। আজকে হাউস শেষ হয়ে যাচ্ছে। আমাদের প্রতিনিধিরা, মন্ত্রীরা সকলে মিলে সেখানে ঘুরবেন এবং এই কয়দিনের মধ্যে আমরা আরো একটু প্রস্তুত হতে পারবো। যতটুকু বাঁচাতে পারবো বাঁচাবো। আর যেখানে ফসল বাঁচাতে পারছি না সেখানে মানুষের অভাব-অভিযোগ কিছুটা থেকে যাবে। তবে সেখানে তাদের নানা-ভাবে কাজ দিয়ে হোক, ত্রাণ কার্য করে হোক, বিভিন্ন ভাবে আমরা তাদের সাহায্য করবো। এ ছাড়া আপাততঃ আমাদের আর কিছু করার নেই। এটাই আমাদের

প্রধান লক্ষ্য এবং প্রধান কাজ হিসাবে আমরা নিয়েছি সরকারের পক্ষ থেকে এবং জনপ্রতিনিধি যারা আছেন তাদের পক্ষ থেকে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমার প্রস্তাবের উপর বিরোধী পক্ষের ২ জন বক্তা এবং সরকার পক্ষের একাধিক বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন। আমাদের সরকারের ৩ জন মন্ত্রী মুখ্যমন্ত্রীসহ তাদের বক্তব্য এখানে রেখেছেন। কাজেই আমার বক্তব্য খুব বেশী কিছু বাকী নেই। তবে মাননীয়া সদস্যা রেনু লীনা সুব্বা ও মাননীয় সদস্য প্রবোধ পুরকায়েত আমার প্রস্তাব সম্পর্কে যেকথা বলেছেন আমি তার বিরোধীতা করছি। আমি মাননীয় সদস্যদের এই কথা বলছি যে বিধানসভায় এই ধরণের প্রস্তাব আনা উচিত। কারণ আমরা জনগণের প্রতিনিধি। জনগণের কঠিন সমস্যা, জনগণের বিপদে-আপদে তাদের সমস্য নিয়ে আলোচনা করার জন্য আমরা এখানে এসেছি এবং আমাদের এখানকার আলোচনা চারিদিকে মানুষের দৃষ্টি আকৃষ্ট করবে। চারিদিকে মানুষ সচেতন হবে, চারিদিকে মানুষ সমস্যা সমাধানে ঐক্যবদ্ধ হবে। কাজেই বিধানসভার মধ্যে আমাদের এই যে প্রস্তাব এটা শুধু প্রস্তাব নয়, এই প্রস্তাব সারা দেশে সংগঠনের কাজ করবে।

আমার এই প্রস্তাব সারা দেশে আন্দোলনের পটভূমিকা রচনা করবে। কাজেই এই প্রস্তাবের গুরুত্ব অপরিসিম। বিধানসভার মধ্যে এই প্রস্তাবের আলোচনায় অংশ গ্রহণ করে জনগণের পক্ষে নিজেদের মতামত ব্যক্ত করা আমাদের নৈতিক দায়িত্ব ও কর্তব্য। এই দায়িত্ব ও কর্তব্য সমস্ত সদস্যদেরই পালন করা উচিত। কিন্তু লজ্জার বিষয়, আজকে আমাদের প্রধান বিরোধী পক্ষ কংগ্রেস (ই) অনুপস্থিত। এ বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী যেভাবে এবং যে ভাষায় তাঁর বক্তব্য রেখেছেন তাতে আমি তাঁকে পুরোপুরি সমর্থন করে বলতে চাই যে, তাঁরা আজকে এখানে অনুপস্থিত থেকে এই প্রস্তাবের বিরোধিতা করলেন এবং পশ্চিমবাংলার জনগণের বিরোধিতা করলেন।

ভারতবর্ষের মোট জনসংখ্যার যে অংশ দারিদ্র সীমার নীচে বাস করে তার ১০ ভাগের ১ ভাগ মানুষ পশ্চিমবঙ্গে বাস করে। পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার ৬৮ ভাগ মানুষই দারিদ্রসীমার নীচে বাস করে। কাজেই এ রকম একটা দারিদ্র পীড়িত রাজ্যে যে ভয়ঙ্কর খরা চলছে সেই খরার মোকাবিলা করার জন্য আজকে বামফ্রন্ট সরকার যেভাবে উদ্যোগ নিয়েছে তা আমরা আমাদের মাননীয় মন্ত্রীদের বক্তব্য থেকেই পরিষ্কার বুঝতে পারলাম এবং তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। পাশাপাশি কেন্দ্রীয় সরকারকেও এ বিষয়ে আগ্রহী হওয়ার জন্য, এগিয়ে আসার জন্য এই বিধানসভা থেকে আমাদের আহ্বান জানানো উচিত। আজকে আমাদের বিভিন্ন বক্তা সেকথাই বলেছেন তাঁদের বক্তব্যে, সেজন্য আমি তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করছি আমার এই প্রস্তাব বিধানসভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হবে, এই কথা বলে মাননীয় সদস্যদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sumanta Kumar Hira to move—**

যেহেতু এক অভুতপূর্ব খরা পরিস্থিতি পশ্চিমবঙ্গকে গ্রাস করেছে ;

যেহেতু পশ্চিমবঙ্গের দু-একটি ক্ষুদ্র এলাকা বাদ দিলে প্রায় রাজ্যের সর্বত্র বর্ষা কার্যত অনুপস্থিত ; বৃষ্টিপাতের পরিমাণ এত কম যে রাজ্যের খাল, বিল, জলা, ডোবা, পুকুর এবং জলাধারগুলি প্রায় শুষ্ক অবস্থায় পড়ে আছে।

যেহেতু রাজ্যের জলাধারগুলির ক্যাচমেণ্ট এরিয়াতে (Catchment area) বৃষ্টিপাতের পরিমাণ অস্বাভাবিক কম হওয়ায় সেচসেবিত জমিতে চাষের কাজে জল পাওয়া যাচ্ছে না ;

যেহেতু বৃষ্টিপাত কম হওয়ার ফলে পশ্চিমবঙ্গের চাষযোগ্য জমির একটি বিরাট অংশ অনাবাদী পড়ে রয়েছে এবং যেসব জমিতে কিছু চাষ-আবাদ হয়েছে সেখানে জলের অভাবে ফসল শুকিয়ে যাচ্ছে ;

যেহেতু জলের অভাবে পাট পচানো যাচ্ছে না এবং পাটচাষীরা প্রায় সর্বস্বান্ত হওয়ার সম্মুখীন ;

যেহেতু তীব্র খরার জন্য গ্রামীণ বেকারিত্ব তীব্র আকার ধারণ করেছে ; কর্মহীন হওয়ায় ক্ষেতমজুররা এবং ফসল নষ্ট হওয়ায় ছোট ছোট চাষীরা অনাহারে অর্ধাহারে দিন কাটাতে বাধ্য হচ্ছে ; এবং

যেহেতু উপরোক্ত ভয়ঙ্কর খরা পরিস্থিতি থেকে উদ্ধারের কোন লক্ষণ দেখা যাচ্ছে না।

সেইহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে বর্তমান ভয়াবহ খরা পরিস্থিতির মোকাবিলার জন্য খরাক্লিষ্ট গ্রামবাসীদের বিকল্প কাজের সংস্থান করে অনাহারক্লিষ্ট দরিদ্র ক্ষেতমজুর ও সাধারণ মানুষকে মৃত্যুর হাত থেকে বাঁচানোর জন্য রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে যথাশীঘ্র সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছে।" Was then put and agreed to.

## Adjourment

The House was then adjourned sine die at 4.59 p. m.

---

The Assembly was subsiquently prorogued with effect from the 5th October, 1982 under notification number 149PA dt. the 12th October, 1982 of the Home (PA) dept. government of West Bengal.

# Index to the
# West Bengal Legislative Assembly Proceedings

**( Official Report )**

**Vol. 78, No. 2, Seventy-Eight Session ( September-October ) 1982**

( The 21st, 22nd, 23rd, 24th, 25th September, 4th, 5th, 6th, 7th, and 8th October, 1982 )

[ (Q) Stands for Questions.
(M) Stands for Mention Cases.]


**Abdul Karim, Chowdhury, Shri**

Arrangement for godown by J. C. I. for storing jute (M) ; p. 80

**Abdul Mannan, Shri**

Amendment to the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982 ; p. 149-150

Central Trade Unions in West Bengal (Q) ; p. 405

Ceramic Industrial Estates (Q) ; p. 1132

Collection of money by non-Banking Financial Institutions (Q) ; P. 1133

Commissioning of Unit of Bandel Thermal Power Station (Q) ; p. 1133

Constitution of the Senate of the Calcutta University (Q) ; pp. 1145-1146

Demonstration in the office chamber of Principal R. G. Kar Medical College (Q) ; p. 930

Discussion of the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 ; pp. 893-896

Discussion on the Power Budget ; pp. 292-294

Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982 ; pp. 982-983

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; pp. 995-997

Entry fee for Zoological garden (Q) ; p. 1132

Formation of armbattalion to help corporation authorities (Q) ; pp. 1131-1132

Incomplete constitution of West Bengal Board of Secondary Education (Q) ; pp. 1025-1026

Increase in Price of Pddy and rice (Q) ; pp. 759-760

Office of the Deputy Labour Commissioner (Q) ; pp. 1107-1108

Proposal of National minimum wages (Q) ; pp. 1021-1022

The newly drawn up status of the Calcutta University (Q) ; P, 1145

Twenty point Programme (Q) ; p. 1108

Water Pollution Survey of Ganga river basin (Q) ; p. 1022

Welfare Schemes ; pp. 846-847

আরামবাগ মহকুমায় খরা (m) : p. 861
উত্তরপাড়া কমিউনিটি হলের মেরামতের প্রয়োজন (M) ; pp. 427-428
কাঠের সেতু পাকা করার জন্য অনুরোধ (M) ; p. 550
গোঘাট থানা এলাকার সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে গোয়েন্দা রিপোর্ট (Q) p. 1136
শ্রীগোপাল ব্যানর্জী কলেজের প্রশাসকের বিরুদ্ধে অভিযোগ (Q) ; p. 1173
সেণ্ট্রাল ব্লাড ব্যাঙ্কের রক্ত দেওয়ার ব্যাপারে দুর্নীতির অভিযোগ (M) ; pp. 968-969

**Abdur Rauf Ansari, Shri**

Absorption of Hospital attendants (m) ; p. 804
Allegation against the left-Front Government (m) ; pp. 864-865
Discussion on the Bengal Municipal (Amendment) Bill 1982 ; pp. 868-870
Disscussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; pp 87-88
Discussion on the local Govt. & Urban Development Budget ; pp. 174-178
Education complaint regarding the Penetration into the working of Department of corruption and nepotism (m) ; p. 972
Loans for Transport Sector (Q) ; pp. 774-775
Pay Scales for Medical teachers (Q) ; pp. 416-417
Promotional opportunities for Engineers (Q) ; pp. 1103-1104
Replace the X-Ray Machine of the Blood Bank (M) :
Request for construction of the boundary wall of the burial ground at Tapsia (M) ; p. 427
Supply of essential articles including food has stopped in Kakdwip Bazar (M) ; p. 82
Tax dues from the owners of the big multi-storeyed buildings (Q) ; pp. 1105-1106
Urdu as a Second Official Language (Q) ; pp. 1104-1105
Wakf under section 44 (Q) ; p. 1105

**Abdus Sattar, Shri**

Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; pp. 95-97
Discussion on the West Bengal Appropriation (No-2) Bill, 1982 ; pp. 652-658
বাঁকুড়া গ্রামীন কলেজের অধ্যক্ষ শ্রীঅমিয় কিসকুকে মারের অভিযোগ (M) ; pp. 429-430
মন্ত্রীর বিরুদ্ধে এ্যাডজর্ণমেণ্ট মোশন ; p. 808

**Abedin, Dr. Zainal**

Discussion on Irrigation Budget ; pp. 448-453
Discussion on local Govt. and Urban Development Budget ; pp. 194-197
Discussion on the Budget of Co-operation Department ; pp 30-35
Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; pp. 89-90

Discussion on the Power Budget ; pp. 302-304

Discussion on the P. W. D. Budget ; pp. 106-111

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill,1982 ; pp. 631-638

Discussion on the West Bengal Entertainment-cum-Amendment Tax, Bill 1982 ; pp. 324-325

আইন শৃঙ্খলার অবনতির প্রতিকারের দাবি (M) ; p. 431

সল্ট লেক ষ্টেডিয়াম নির্মাণ করণ (m) ; pp. 802-803

**Abul Hasnat Khan, Shri**

আকুপাংচার চিকিৎসা (Q) ; p. 939

কলকাতা ফারাক্কা ও কলকাতা রঘুনাথগঞ্জ রুটে সরকারীবাস চলাচল (Q) ; p. 761

ফরাক্কায় হরিণ সংরক্ষণ কেন্দ্র ও অতিথিশালা (Q) ; p. 237

ফরাক্কা তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য বায়ু দূষণ (Q) ; p. 1152

**Abul Hasnat Khan, Shri, Roy, Shri Birendra Narayan, and Majhi, Shri Dinabandhu :**

ফারাক্কা ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) ; P. 1140

**Abul Hasnat Khan, Shri, Atahar Rahman, Shri Majhi, Shri Dinabandhu, and Roy, Shri Birendra Narayan :**

যুবমানস পত্রিকার প্রচার (Q) ; pp. 1137-1138

সীমান্ত এলাকায় চুরি ও ডাকাতি (Q) ; pp. 539-540

**Abul Mansur Habibullah Shri Syed :**

Presentation and passing the City Civil Court (Amendment) Bill, 1982 ; pp. 818-819

Presentation and passing of the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982 ; pp. 819-820

**Adak, Shri Netai Charan :**

নিজস্ব পুকুরহীন মৎস্যজীবীদের জন্য ঋণ বা অনুদান (Q) ; P. 917

ছাত্র-ছাত্রী বৃদ্ধিহেতু অতিরিক্ত বিদ্যালয় গৃহ নির্মাণের পরিকল্পনা (Q) ; p. 698

পঞ্চায়েত সমিতির অধীনে কর্মচারী (Q) ; p. 1155

পঞ্চায়েত সমিতির অফিসগৃহ (Q) ; pp. 840-841

বাগনান রুরাল হাসপাতাল (Q) ; pp. 1172-1173

বাগনান ফিসারী বিভাগের পুকুর (Q) ; p. 1155

**Adhikari, Shri Sisir :**

Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1982 ; pp. 873-874

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and the West Bengal Panchayat (Second amendment) Bill, 1982 ; pp. 993-995

কাঁথি খেজুরী সড়ক হইতে দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্র পর্য্যন্ত সড়ক (Q) ; p. 947
কাঁথি মহকুমার জল প্লাবিত চর অঞ্চল (Q) : pp. 845-846
কাঁথি ২ নং ব্লকের অধিবাসীর গৃহে অগ্নিসংযোগ ও লুঠতরাজের ঘটনা (Q) ; pp. 709
কাঁথির ২ নং ব্লকের জনৈক শ্রীনিখিল দাসের বাড়ীতে লুঠতরাজের ঘটনা (Q) ; p. 709
ঘাঁটুয়া ও কেশরকুঁদার পানীয় জল সরবরাহ প্রকল্প (Q) ; p. 258
নরঘাট সেতু (Q) ; p. 946
পানিপিয়া খালের উপর ভগ্ন/অর্ধভগ্ন পুল পুনর্নির্মাণ (Q) ; p. 1068
পেনসন হোল্ডারদের জন্য বাড়তি অর্থ প্রদান (M) ; p. 865
মেদিনীপুর জেলার স্বর্ণরেখা নদীর জলসেচের জন্য ব্যবহারের পরিকল্পনা (Q) ; p. 1070
রঘুরামপুরে অট্টালিকা নির্মাণ (Q) ; p. 1068
রসুলপুর ফেরীঘাটে সেতু নির্মাণ (Q) ; p 787
শহরের সম্পত্তির সীমা নির্ধারণ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলী (Q) ; pp. 259

**Adjournment motions**

Notice of a Adjournment motion regarding the temporary employees appointed in the unemployment Assistance Benificiaries Schemes: Mr. Speaker ; p. 956
Amendment to the West Bengal Taxation Laws (Amendment) Bill 1982. by Shri Abdul Mannan ; pp. 149-150

**Atahar Rahaman, Shri :**
Discussion on the West Bengal Khadi and village Industries Boards, (Amendment), Bill 1982 : pp. 742-743

**Atahar Rahman, Shri, Abul Hasnat Khan, Shri, Roy and Birendra Narayan, Shri :**
মুর্শিদাবাদ জেলার গোরাম-গোরাইপুর ভায়া টেঁকা রাস্তা পাকাকরণ : (Q) ; p. 1139

**Atahar Rahman, Shri, Abul Hasnat Khan, Shri, Roy, Shri Birendra Narayan, and Majhi, Shri Dinabandhu :**
মুর্শিদাবাদ জেলায় দুষ্কৃতকারীদের দ্বারা আক্রান্ত ব্যক্তিগণ (Q) ; p. 1139
মুর্শিদাবাদের সি. এম. ও এইচ.-এর নিয়ন্ত্রণাধীন অফিস ও হাসপাতালগুলিতে ত্রুটি ও বিচ্যুতি ও তছরূপের অভিযোগ (Q) ; pp. 421-422

**Atahar Rahaman, Shri, Roy, Shri Birendra, Narayanand Majhi, Shri Dinabandhu :**
রাণীনগর থানায় বৈদ্যুতিকরণ (Q) ; pp. 537-538

**Bagdi, Shri Natabar :**
কুষ্ঠ রোগী (Q) ; p. 940
পুরুলিয়া জেলার রঘুনাথপুরে মহকুমা স্থাপনের পরিকল্পনা (Q) ; p. 722
পুরুলিয়া জেলায় হায়ার সেকেণ্ডারী স্কুল (Q) ; p. 698

**Bandyopadhay, Shri Balai :**

কারখানায় লে-অফ, লক-আউট ও ধর্মঘট (Q) ; pp. 401-402

গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ (Q) ; p. 920-921

চাষীদের ঋণ দাবার জন্য আবেদন (M) ; pp 272-273

'দুর্গাপুর রোড' কে ন্যাশন্যাল হাইওয়ে করার পরিকল্পনা (Q) ; p. 1080

নালিকুলে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন (Q) ; p. 717

নিম্নদামোদর পরিকল্পনা (Q) ; pp. 340-341

পশ্চিমবঙ্গে এম আর এবং এস আর রেশন ব্যবস্থা চালু রাখার জন্য খাদ্যশস্যের পরিমাণ (Q) ; p. 772

হুগলী জেলার আলিপুর হইতে চন্দননগর পর্যন্ত রেলষ্টেশনের রাস্তা (Q) ; p. 949-950

হুগলী জেলার চাঁপসরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন (Q) ; p. 789

সেচযোগ্য কৃষিজমির পরিমাণ (Q) ; pp. 1080-1081

**Bandyopadhyay, Shri Debabrata :**

Discussion on Social Security and welfare Budget ; pp. 602-604

**Banerjee, Shri Ambica :**

Discussion on the Roads and Bridges Budget ; pp. 113-114

সল্টলেক ষ্টেডিয়াম নির্মাণের জন্য মঞ্জুরিকৃত অর্থের হিসাব (M) ; p. 272

হাওড়ার মঙ্গলা হাটের জন্য ডাবল-ষ্টোরিড বিল্ডিং করার জন্য আবেদন (M) ; p, 78

**Banerjee, Shri Madhu**

Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1982 p. 872

**Banerjee, Shri Radhika Ranjan :**

A statement on the Calling Attention on the subject of alleged 20 percent cut in supply on rationing goods in the notifies rationing area pp. 75-76

**Bapuli, Shri Satyaranjan :**

আলিপুর চিড়িয়াখানা অঞ্চলে হোটেল নির্মাণ পরিকল্পনা (Q) ; p. 786

আলিপুর সাবডিভিসনে জমির পাট্টা (Q) ; p. 950

এক সদস্যের অভিযোগের উত্তরে সত্যরঞ্জন বাপুলীর জবাব : (M) ; p. 970

কলিকাতা কর্পোরেশনে টেণ্ডার দেওয়ার ব্যাপারে দুর্নীতির অভিযোগ (Q) ; p. 1081

কাশীনাথ তা'র হত্যাপরাধে গ্রেপ্তার (Q) ; p. 787

গ্যাস টারবাইন (Q) ; pp. 528-530

গিলারছাট ( মথুরাপুর ) সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 406

২৪-পরগণা জেলায় নূতন ফ্রি প্রাইমারী স্কুল (Q) ; pp. 694-695

চাকুরী দেওয়ার ব্যাপারে মন্ত্রী প্রশান্ত শূরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (M) ; pp. 965-966

ডায়মণ্ডহারবার মহকুমা ও আলিপুর মহকুমায় নূতন রাস্তা সংশন (Q) ; pp. 1065-1066

ডায়মণ্ডহারবার মহকুমার নূতন স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 912
ডায়মণ্ডহারবারে জলসরবরাহ প্রকল্প (Q) ; pp. 764-765
ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে নিযুক্ত কাউন্সিলর (Q) ; p. 56
দাবী-দাওয়ার উপর রিপোর্ট দেওয়ার অনুরোধ (M) ; p. 276
'দি টেলিগ্রাফ' পত্রিকার রিপোর্টের ভিত্তিতে মন্ত্রী শ্রীপ্রশান্ত কুমার শূর এর পদত্যাগের দাবী (M) ; pp. 78-79
দুর্গাপুরে বন্ধ কারখানা (Q) ; p. 224
দুর্গাপুরে বন্ধ ছোট কারখানা (Q) ; pp. 708-709
নদীয়া জেলায় খুন (Q) ; pp. 525-525
নামখানা পঞ্চায়েত-প্রধানের বিরুদ্ধে অভিযোগ (Q) ; pp. 233-234
পশ্চিমবঙ্গ সরকারের নতুন মন্ত্রীদের জন্য গাড়ী কেনা বাবদ খরচ (Q) ; p. 1077
পুরুলিয়া বিদ্যালয়ের চাবি ফেরত না পাবার কথা (M) ; p. 274
পূর্ত বিভাগের ক্যাজুয়াল কর্মচারীর স্থায়ীকরণ (Q) ; p. 1065
বিভিন্ন কোম্পানীর অফিস ভিন্ন রাজ্যে স্থানান্তর (Q) : p. 1073
বিরাট টাকার পরিবর্তে মন্ত্রীর পুত্রকে হোটেল মার্কেট করে দেওয়ার অভিযোগ (M) pp. 799-800
মথুরাপুর ওয়াটার সাপ্লাই প্রকল্প (Q) ; p-1066
মন্ত্রীদের ঘর সাজানোর খরচ (Q) ; p 948
মুখ্যমন্ত্রীর জন্য বিভিন্ন খাতে অর্থ ব্যয় (Q) ; p. 708
মুসলিম ছাত্রদের জন্য কারমাইকেল ছাত্রাবাসটি সংরক্ষিত (Q) ; p. 956
রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠানের উপর অত্যাচারীদের গ্রেপ্তার করার আবেদন (M) ; p. 425
সরকারী পদপ্রাপ্ত প্রাক্তন মন্ত্রী (Q) ; pp. 710-711
সল্ট লেকে বাঙালী মধ্যবিত্তদের বসবাস (M) ; pp. 859-860
১৯৮২-৮৩ সালে ২৪ পরগণা জেলায় নতুন ফ্রি প্রাইমারী স্কুল স্থাপন (Q) ; p. 1081

**Barma, Shri Manindranath and Dakua, Shri Dinesh Chandra :**

আলিপুরদুয়ার নিউ কোচবিহার হইতে কলিকাতা পর্যন্ত অতিরিক্ত রেলগাড়ী চালু করার প্রস্তাব (Q) ; p. 1137
উত্তর বাংলাজেলার ক্ষেত-মজুরদের শ্রমদিবস তৈরীর অনুরোধ (M) ; p. 274
কৃষি আয়কর (Q) ; p. 541
তুফানগঞ্জ ব্লক বিভাজন (Q) ; pp. 1022-1023
তুফানগঞ্জ মহকুমায় ফরেষ্ট পর্যটন কেন্দ্র স্থাপন (Q) ; p. 1137
নন ট্রেডিং সোসাইটির অফিসে রেজিস্ট্রেশনের জন্য আবেদন পত্র (Q) ; p. 838
বক্সীরহাটে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন (Q) ; pp. 942-943
রাস্তার পার্শ্বে সরকারী জমিতে দোকান নির্মাণ (Q) ; p. 792

**Barman, Shri Dipendra :**

পশ্চিম দিনাজপুর জেলার মহকুমা ও সদর হাসপাতাল (Q) ; p. 943

রায়গঞ্জ হইতে বাঁরসই-এর রাস্তা তৈরীর কাজ (Q) : pp. 1173-1174

রায়গঞ্জে পলিটেকনিক স্থাপন (Q) ; p. 1174

**Basu. Shri Bimal Kanti :**

Discussion on Budget of Co-operation Department pp. 25-27

উত্তর বাংলায় নন-আয়োনাইজড পুলের ব্যবসা বন্ধ করার দাবি (M) ; p. 429

উত্তর বাংলায় লাইব্রেরীয়ানশিপ ট্রেনিং কেন্দ্র (Q) p. 1144

উত্তর বাংলার সমবায় প্রশিক্ষণ কেন্দ্র (Q) ; pp. 923-924

কোচবিহার জেলায় অনাথ আশ্রম (Q) ; pp. 1144-1145

কোচবিহার গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথি ডিসপেনসারি (Q) ; pp. 1142-1143

কোচবিহার পলিটেকনিক শিক্ষকের শূন্যপদ (Q) ; pp. 1143-1144

কোচবিহার জেলায় ফিস ফারমারদের প্রশিক্ষণ (Q) ; p. 1145

চতুর্থ শ্রেণীর ঠিকাদারদের টেণ্ডার (Q) ; p. 1025

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচী (Q) ; 1143

তোর্ষা নদীর ক্যাম রোড ব্রীজটির স্পান বড় করার জন্য অনুরোধ (M) ; p 556

পঞ্চায়েত সমিতির সমবায় পরিদর্শকের কর্মসূচী (Q) ; pp. 1025-1026

পশ্চিমবঙ্গে ক্ষেত মজুরের সংখ্যা (Q) ; p. 773

রাজ্যে কৃষক পরিবার (Q) ; p. 839

শিলিগুড়ি হইতে কোচবিহারে রিসোরসেস বিভাগের হেডকোয়ার্টার স্থানান্তরিত (Q) ; p. 1143

**Basu, Shri Debiprasad :**

পশ্চিমবঙ্গে মানসিক হাসপাতাল p. 815

**Basu Dr. Haimi :**

Discussion on the budget of Labour Department ; pp 582-583

Discussion of the motion under rull 185 regarding brutal killings in Beirut pp. 84-85

Discussion on Public Health, Sanitation and Water supply budget pp. 493-496

Vehicles allotted to the North Bengal Medical College and Hospital under the Scheme for prevention of Blindness (Q) ; pp. 932-933

Vehicles allotted to North Bengal Medical College and Hospital (Q) ; pp. 419-420

৩১, নম্বর অশ্বিনী দত্ত রোডে শরৎচন্দ্রের বাড়ীটি শরৎ সমিতির হাতে দেবার জন্য অনুরোধ (M) ; p. 80

**Basu, Shri Jyoti :**

Consideration motion of the West Bengal Appropriation (No. 2) Bill 1982 p. 631

Consideration motion of the West Bengal Entertainment-cum-Amendment Tax Bill 1982 pp. 320

Consideration motion of the West Bengal Taxation Laws (Amendment) Bill 1982 ; pp. 134-139

Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut pp. 93-95.

Introduction of the West Bengal Appropriation (No. 2) Bill 1982 p. 630

Introduction of the West Bengal Entertainment-cum-Amendment Tax Bill 1982 p. 320

Introduction of the West Bengal Taxation Laws (Amendment) Bill 1982 p. 134

Laying of Reports p. 1182

Reply on Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 pp. 676-679

Reply on Discussion on the West Bengal Entertainment-cum-Amendment Tax Bill 1982 pp. 325-327

Reply or Discussion on the West Bengal Taxation laws (Amendment) Bill 1982 pp. 146-148

Statement on the Report of the Basu Commission of Islampur Inquiry p. 1182

Statement on the Report of the Chanda Commission of Inquiry p. 1182

The fifth Interim Report of the Basu Commission of Inquiry—laid p. 559

The Seventh Interim Report of the Sarma Sarkar Commission of inquiry —laid p. 630

**Basu, Shri Nihar Kumar** :

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 pp. 647-649

Presentation of West Bengal Co-operative Societies Bill, 1982 pp. 972-975

কল্যানী স্পিনিং মিল (Q) ; pp. 1120-1121

কার্শিয়াঙ ফরেষ্ট স্কুল (Q) ; p. 831

কৃষি পেনসন (Q) ; p. 1120

পর পর দুই বৎসর অকৃতকার্য ছাত্রছাত্রীদের পরিত্যাগের নির্দেশ (Q) ; p. 697

পশ্চিমবঙ্গে শস্যবীমা প্রকল্প (Q) ; pp. 1123-1125

বরতি বিল সংস্কার (Q) ; p. 244

ব্যারাকপুরে দেওয়ানী আদালত স্থাপন (Q) ; p, 1121

রাস্তার ধারে বেআইনী ঘরের উল্লেখ (M) ; p. 963

শ্যামনগর খৃষ্টান হাসপাতাল (Q) ; p. 849

**Basu, Shri Subhas :**

কেন্দ্র কর্তৃক সিমেন্ট সরবরাহ (Q) ; pp. 779-780

শিয়ালদহ ডিভিসনে রেল ব্যবস্থা ভেঙ্গে পরার জন্য দৃষ্টি আকর্ষণ (M) ; pp, 550-551

**Bauri, Shri Gobinda :**

পুরুলিয়া জেলার প্রাথমিক ও সহায়ক চিকিৎসালয় (Q) ; p. 939

**Bauri, Shri Nabani :**

বাঁকুড়া জেলার দুর্গাপুর হইতে সাঁওতালডিহী ভায়া গঙ্গাজলঘাটী এবং মোহিয়া হইতে শালতোড়া রাস্তা সংস্কারের আবেদন (M) ; p. 800

**Bera, Smt. Chhaya :**

Presentation & passing of The West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 ; p. 892

Reply on the Public library Bill p. 901-903

**Bhattacharya, Dr. Kanailal :**

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 p. 658

**Bhattaeharya, Shri Lalbehari :**

মালিয়াড়া স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 942

বাঁকুড়া জেলায় খরার জন্য বিশেষ ভাবে নজর দেওয়ার আবেদন (M) ; p. 429

বাঁকুড়া জেলার সরালী হইতে মথুরারডাঙ্গা রাস্তা নির্মাণ (Q) ; p. 1153

**Bhattacharya, Shri Gopal Krishna :**

"এনিমি প্রপারটি" সংক্রান্ত স্কীমের রূপায়ণ (Q) ; pp. 690-691

ওরিয়েন্টাল মেটাল কারখানা (Q) ; pp. 835-836

কামারহাটি ই. এস. আই. হাসপাতালে জেনারেটারের ব্যবস্থা করার জন্য অনুরোধ (M) ; p. 555

পশ্চিমবঙ্গে চাল ও গম প্রাপ্তির পরিমাণ (Q) ; p. 777-778

পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কলেজ স্থাপন (Q) ; p. 1151

পানিহাটি হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধি (Q) ; p. 419

ব্যারাকপুর মহকুমা কোর্টে স্থানাভাব (Q) ; p. 1115

ব্যারাকপুর শিল্পাঞ্চলে বন্ধ কারখানা (Q) ; p. 929

**Bhattacharjee, Shri Nani :**

Reply on Discussion on Irrigation Budget ; pp. 464-465

Statement on Irrigation Budget ; pp. 432-444

**Bhattacharjee Shri Satyapada :**

Discussion on Public Health, Sanitation and water supply budget ; pp. 499-502

Discussion on the Motion Under Rule 185 ; pp. 1200-1201, 1211-1212

Discussion on the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982 ; pp. 1013-1014

এন. বি. কে. যক্ষা হাসপাতালে পথ্য সরবরাহ (Q) ; pp. 934-935

জেলা পরিষদের এ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট (Q) ; pp. 1127-1128

ডাকাতির ব্যাপারে পুলিশ অফিসারের যোগসাজস (Q) ; pp. 543-544

ঢেঁকী ও ঢেঁকী বাবদ সাহায্য (Q) ; pp. 234-235

নকশালরূপে বর্ণিত ব্যাক্তিদের গ্রেপ্তারের সংখ্যা (Q) ; p. 1129

বিভিন্ন হাসপাতালে ওষুধ সরবরাহের ঘাটতি (Q) ; p. 421

মুর্শিদাবাদ জেলায় বাসরুটের উপরে ইনজাংশন (Q) ; p. 69

রাইটার্স-বিল্ডিংস্-এ চা, পান ও বিড়ির দোকান (Q) ; p. 1129

সরকার কর্তৃক শিল্পী যামিনী রায়ের ছবি ক্রয় (Q) p. 1020

সেচের জল না দেওয়া সত্বেও কর ধার্য (Q) ; p. 1113

হাসপাতাল অধিগ্রহণ করণ ; pp. 814-815

**Bhunia, Dr. Manas :**

Discussion on Indian Electricity Bill (W. B.) 1982 pp· 904-906

Discussion on Public Health, Sanitation and water supply budget ; pp. 502-504

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 666-667

Tickets of Asian Games (Q) ; p. 1117

কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্সে ছাত্র ভর্তি (Q) ; p. 266

নীলরতন সরকার মেডিকেল হাসপাতালে যক্ষা চিকিৎসা বিভাগ (Q) ; p. 1023

প্রাথমিক শিক্ষক নিয়োগ (M) ; p. 864

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ (Q) ; p. 410

মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে বদলীর বিরুদ্ধে মামলা (Q) ; p. 1077

মেদিনীপুর কলেজে-এ ছাত্র-সংসদকে অগণতান্ত্রিকভাবে বাতিল করার ক্ষেত্রে দৃষ্টি আকর্ষণ (M) ; p. 273

মেদিনীপুর জেলার সবং থানায় খরাত্রান (Q) ; p. 50

মেদিনীপুর জেলার সবং থানায় মাদুর শিল্প (Q) ; p. 828

শিক্ষা মন্ত্রীর পদত্যাগের দাবী (M) ; p. 555

সবং থানার গ্রাম পঞ্চায়েতগুলিতে অর্থ মঞ্জুর (Q) ; p. 1076

সোডা ও গ্যাস সরবরাহে অনিশ্চয়তা (Q) ; p. 805

সবং প্রাথমিক স্বাস্থ্যকন্দ্রের অ্যাম্বুলেন্স গাড়ী (Q) p. 915

স্বয়ং শাসিত মেডিকেল পোষ্ট গ্রাজুয়েট ইনষ্টিটিউট (Q) : p. 1023

হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে ফার্মাসিষ্টের শূন্য পদ ; pp. 1076-1077

**Biswas, Shri Jayanta Kumar**

Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; pp. 86-87

Dircussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 659-661

Discussion on the West Bengal Entertainment-cum-Amendment Tax Bill 1982 ; pp. 323-324

Discussion on the West Bengal Motor Vehicles Tax (Amendment), Bill 1982 ; pp. 750-751

Discussion on the West Bengal Taxation Laws (Amendment) Bill 1982 ; pp. 145-146

আকাশবাণী, দুরদর্শন সংবাদ পরিবেশনের বিষয়ে বামফ্রন্ট নেতৃবৃন্দের প্রতি বৈষম্য (M) ; p. 804

আসানসোলে ক্ষুদ্রশিল্প ইউনিটে অচলাবস্থা (Q) ; p. 1031

এশিয়ান গেমসের অনুষ্ঠান দুরদর্শন কর্তৃক প্রচার (Q) ; 1031

এশিয়ান গেমস্-এর টিকিট পাওয়ার জন্য ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ-(M) ; p. 426

কলিকাতা মহানগরীর সঙ্গে মফঃস্বল জেলাগুলির সংযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য নতুন রুট অনুমোদন (Q) ; pp. 1031-1032

কলিকাতায় অটো রিক্সা চালু (Q) ; pp 756-757

কান্দী মাষ্টার প্ল্যান (Q) ; pp. 1030-1031

গ্রামীন বৈদ্যুতিকরণ কর্মসূচীতে কেন্দ্রীয় বরাদ্দ (Q) ; p. 1029

চিড়িয়াখানা অঞ্চলে পাঁচতারা হোটেল নির্মাণ (Q) ; pp. 398-399

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (Q) ; pp. 943-944

জাতীয় নাট্যশালা (Q) ; p. 945

জেলায় নতুন পার্ক ও উদ্যান (Q) ; pp. 222-223

নতুন টুরিষ্ট লজ (Q) ; p. 944

পশ্চিমবঙ্গে "রুরাল পাইপড ওয়াটার" প্রকল্প (Q) ; p. 1030

ফরাক্কা চুক্তির ২ নং ধারা বাতিলের দাবি (Q) ; pp. 224-225

বন্যা ও খরা প্রবন জেলায় অসামরিক প্রতিরক্ষা বিভাগের কর্মসূচী (Q) ; p. 246

বহরমপুরে জেলা গ্রন্থাগার বন্ধ (Q) ; p. 689

বায়ুদূত বিমান চলাচল (Q) ; pp. 50-51

মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে সেতু নির্মাণ (Q) ; p. 1032

মেডিকেল কাউন্সিল অব ইণ্ডিয়া কর্তৃক মেডিকেল কলেজের স্বীকৃতি প্রত্যাহার (Q) ; p. 701

মোমিনপুর ও মাঝেরহাটের ষ্টীল এণ্ড এ্যালায়েড প্রোডাক্টস লিঃ কারখানা (Q) ; pp. 930-931

ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রকোপ (Q) ; pp. 700-701

রাজ্য সরকার নির্মিত টেলিভিসন সেট (Q) ; pp. 944-945

রাজ্য সরকারের নিকট শিশু অপহরণ তথ্য (Q) ; pp. 1030

রাজ্যের জাতীয় সড়ক উন্নয়ণে অর্থ বরাদ্দ ; p. 1032

রামকৃষ্ণ মিশন পরিচালিত প্রতিষ্ঠানগুলির পরিবেশ রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণের আবেদন (M) ; p. 554

রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ার জন্য দৃষ্টি আকর্ষণ (M) ; p. 728

শস্যবীমা প্রকল্প (Q) ; pp. 701-704

শিয়ালদহ স্টেশনে স্ট্রেচারের ব্যবস্থার আবেদন (M) ; p. 81

স্বাধীনতা সংগ্রামীদের পেনসন (Q) ; pp. 525-526

**Biswas, Shri Kamalakshmi :**

অনুন্নত এলাকায় কলেজ স্থাপন (Q) ; p. 1146

কৃষি সমবায় সমিতি (Q) ; pp. 925-926

গাইঘাটা অঞ্চলের শ্রমিকদের কাজ ও আর্থিক সাহায্যের দাবী (M) ; p. 729

তপসিলী জাতি ও উপজাতির মধ্যে ফ্ল্যাট বণ্টন (Q) ; pp. 1174-1175

বনগাঁ মহকুমার হেলেঞ্চায় সাবরেজিষ্ট্রারে শূন্য পদ (Q) ; p. 1147

সমবায় সমিতিতে সরকারী নমিনি (Q) ; pp. 1146-1147

**Biswas, Shri Kanti Chandra** :

Presentation & passing of the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; p. 880

Reply of the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 888-890

**Biswas, Shri Kumud Ranjan** :

সন্দেশখালি সার্কেলে পরিদর্শক ও করনিক না থাকার প্রতি দৃষ্টি আকর্ষণ (M) ; p. 274

সন্দেশখালির মূলনা হেল্‌থ্‌ সেণ্টারের ভলেনটিয়ারদের মাসোহারা পাবার জন্য অনুরোধ (M) ; p. 432

**Biswas, Shri Satish Chandra :**

Discussion on Public Health, Sanitation and water supply budget ; pp. 504-506

হাঁসখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীন হাসপাতালে রূপান্তরকরন (Q) ; p. 939

**Bose, Dr. Sisir :**

Annual Plant Load Factor of D. P. L. (Q) ; p. 840

Annual Plant load factor of Power Plants (Q) ; pp. 1153-1154

Bankim Award Committee (Q) ; p. 790

Discussion on Public Health, Sanitation and water supply Budget ; pp. 487-491

Discussion on the Power Budget ; pp. 299-301

Emoluments of full time Lecturers and Readers in West Bengal Service (Q) ; pp. 927-928

Number of lecturers in different Medical Colleges (Q) ; pp. 414-415
Remission of Medical curriculum in the M. B. B. S. Course (Q) ; p. 1096

**Bose, Shri Nirmal Kumar :**
Budget Statement on the Co-operative Budget Department ; pp. 3-17
Reply of the West Bengal Co-operative Societies Bill, 1982 ; pp. 979-982
Reply on the Budget of Co-operation Department ; pp. 39-45
Budget Statement of the Co-operation Department ; pp. 3-17

**Business Advisory Committee :**
—by Mr. Speaker Presentation of the Twelfth Report of the Business Advisory Committee ; pp. 890-892

**Calling Attention :**
Statement on a Calling Attention regarding alleged forcible occupation of land including the house of Ex-Governor—by Shri Sambhu Charan Ghosh ; pp. 1179-1180
Statement on a Calling Attention regarding irregular supply of milk from Government Dairy Farm—by Shri Amritendu Mukherjee ; pp. 1178-1179
Statement on the subject of Alleged 20 percent cut in supply of rationing goods in the modified rationing area—by Shri Radhika Ranjan Banerjee ; pp. 75-76
Statement on the subject of critical condition of patients in Burdwan Medical College and Hospital—by Dr. Ambarish Mukhopadhyay ; p. 1181
Statement on the subject of deadlock of Bankura Christian College—by Shri Sambhu Charan Ghosh ; p. 1180
Statement on the subject of delay in opening of 50 beds in Tuberculosis Ward in N. R. S. Medical College and Hospital—Dr. Ambarish Mukhopadhyay ; p. 1180
Statement on the subject of epidemic of Malaria and Encephalitis throughout West Bengal—by Shri Ram Narayan Goswami ; pp. 76-78
Statement on starvation due to stoppage of relief in drought and flood affected areas—by Shrimati Nirupama Chatterjee ; pp. 796-798
—শ্রীরাম নারায়ণ গোস্বামী পশ্চিম বাংলায় এনকেফ্যালাইটিস রোগ জনিত মৃত্যু সম্পর্কে বিবৃতি pp. 957-958

**Chakraborty, Shri Ajit :**
Discussion on the Indian Electricity Bill (W. B.) 1982 ; pp. 906-907

**Chakrabarty, Shri Debnarayan :**
Discussion of the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 ; pp. 896-897
অসহায় মহিলাদের সাহায্য (Q) ; p-66
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের বাসের রঙ (Q) ; p. 1087

গ্রামাঞ্চলে হাসপাতালের ডাক্তার (Q) ; p. 949
পাণ্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীন স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরকরণ (Q) ; pp. 410-411
হাসপাতালসমূহে ডাক্তারের শূন্য পদ (Q) ; p. 951
হুগলী জেলার পাণ্ডুয়া কামতাই রাস্তাটির নাম ও গতিপথ পরিবর্তন (Q) ; p. 1087
হুগলী জেলায় বাসরুটে আদালতের নিষেধাজ্ঞা (Q) ; p. 772

**Chakraborty, Shri Jatin**

Discussion on the motion under rule 185 regarding brutal killings in *Beirut ; pp. 91-92*
*Reply on Discussion on the P. W. D (Roads)* Budget ; pp. *124-128*
*Statement on the P. W. D. (Roads)* Budget ; pp. *99-106*
বাঘাযতীনের মূর্তির আবরন উন্মোচন অনুষ্ঠানের আলোচনা (M) ; pp. 82-83

**Chakraborty, Shri Shyamal**

উপেন্দ্র মুখার্জী মেমোরিয়াল হাসপাতাল (Q) ; p. 941
ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন সম্প্রসারণ (Q) ; pp. 1156-1157
পশ্চিমবঙ্গে ময়দার বরাদ্দ (Q) ; pp. 780-781
মানিকতলায় "শিশুতীর্থ" ভবন নির্মাণ (Q) ; p. 839

**Chandra, Shri Anup Kumar :**

Absenteeism in the Belgachia Milk Dairy (Q) ; p; 1117
Demand for Jute Products (Q) ; pp. 832-833
Financial assistance for Second Hooghly Bridge Project (Q) ; pp. 768
Misappropriation of cement meant for C. M. D. A. Projects (Q) ; p. 59
Procedure for Appointment of Head of the Department of Economic in Calcutta University ; pp. 1016-1017
Searcity of blood (Q) ; 417
Task Force for Power Projects (Q) ; p. 538

**Chattaraj, Shri Suniti** :

Discussion on the Power Budget ; pp. 281-287
Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 642-647
খটঙ্গা অঞ্চল প্রধানের বিরুদ্ধে অভিযোগ (Q) ; p. 1052
গ্রামপঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ (Q) ; p. 243
গ্রামপঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ (Q) ; pp. 825-826
টালিগঞ্জ পল্লী উন্নয়ন সেবা সমিতি (M) ; p. 863
পশ্চিমবঙ্গে খুনের ঘটনা (Q) ; p. 1032
বিদ্যুতের অভাবে বন্ধ কারখানা (Q) ; pp. 526-527
বীরভূম আর টি এ কর্তৃক বাস রুট পারমিট প্রদান (Q) ; p. 49
বীরভূম আর টি এর ভাইস-চেয়ারম্যান-এর বিরুদ্ধে অভিযোগ (Q) ; p. 49

বীরভূম জেলা কংগ্রেসের ( ই ) সাধারণ সম্পাদকের অপহরণ (Q) ; pp. 521-522

বীরভূম জেলা পরিষদ (Q) p. 1052

বীরভূম জেলা পরিষদের অধীনে গাড়ি (Q) ; p 225

বীরভূম জেলা পরিষদের বিভিন্ন কাজ (Q) ; pp. 247-252

বীরভূম জেলার মহম্মদ বাজার পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে নাবালিকা অপহরণের অভিযোগ (M) ; p. 79

বীরভূম জেলার সিউড়ি বিদ্যাসাগর কলেজে লেকচারারের শূন্যপদ পূরণ (Q) ; pp. 1081-1082

বীরভূম জেলায় গ্রাম ও মৌজার বৈদ্যুতিকরণ (Q) ; pp. 1033-1051

বীরভূম জেলায় ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট ইরিগেশন (Q) ; pp. 762-763

বীরভূম জেলায় রেকর্ডভুক্ত বর্গাদার (Q) ; pp. 246-247

বীরভূম জেলায় সদর হাসপাতাল (Q) ; pp. 396-397

বীরভূমের অমল ব্যানার্জী রোডের নাম পরিবর্তনের জন্য দৃষ্টি আকর্ষণ (M) ; p. 550

রাস্তা মেরামতের জন্য অনুরোধ (M) ; p. 275

সিউড়ি থানার গ্রামগুলিতে লুটতরাজ ও আগুন লাগার ঘটনা (Q) ; pp. 523-524

সিউড়ী শহরে দোকানপাট উচ্ছেদ (M) p. 806

সিউড়ি সদর হাসপাতালের কর্মরত দিনমজুর (Q) ; pp. 922-923

স্বাস্থ্যবিভাগে দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ (M) ; p. 964

**Chatterjee, Shri Dhirendra Nath :**

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 pp. 997-998

বর্ধমান জেলার রায়নাতে পশুচিকিৎসালয় স্থাপন (Q) ; p. 1028

**Chatterjee, Shrimati Nirupama :**

Statement on starvation due to stoppage of relief in drought and flood affected areas pp. 796-798

Discussion on the Motion under Rule 185 pp. 1208-1211

**Chattopadhyay, Shri Sailendra Nath :**

Discussion on the budget of Labour Department pp. 587-588

গৌরহাটী ও শ্রীরামপুর যক্ষ্মা হাসপাল অধিগ্রহণ (Q) ; p. 419

চন্দননগরে ৭১৫ টেলিফোনটি অচল থেকে সচল করার অনুরোধ (M) ; pp. 555-556

বালী এবং দক্ষিণেশ্বর হইতে হাওড়া পর্যন্ত ষ্টীমার চলাচল (Q) ; p. 779

**Chattopadhyay, Shri Dhrubeswar :**

Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982 pp. 984-985

পুরুলিয়া জেলার মৎস্য চাষ কেন্দ্র (Q) ; p. 1164

পুরুলিয়া জেলায় ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিজ সেণ্টার (Q) ; p. 1163

পুরুলিয়া জেলায় মহকুমা (Q) ; p. 1163

পুরুলিয়ায় অগভীর নলকূপ (Q) ; pp. 771-772

পুরুলিয়ায় নতুন বিদ্যালয় স্থাপন (Q) ; pp. 1163-1164

**Chattapadhyay, Shri Sadhan :**

*Discussion on the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1982 pp. 749-750*

*কৃষ্ণনগরে 'ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউট' (Q) ; p. 1175*

কৃষ্ণনগর পৌর এলাকায় খাস ও ন্যস্ত জমি (Q) ; p. 842

*কৃষ্ণনগর পৌরসভাকে দেয় অর্থ (Q) ; pp. 849-850*

কৃষ্ণনগর পৌরসভাকে স্যানিটারি পায়খানা নির্মাণ বাবত দেয় সিমেণ্ট (Q) ; p. 773

কৃষ্ণনগর পৌরসভার কুইন কুইনাল এ্যাসেসমেণ্ট (Q) ; p. 2021

কৃষ্ণনগর সদর হাসপাতালের পাশে মহিলাদের জন্য বাথরুম তৈরী করার জন্য অনুরোধ (M) ; p. 554

পশ্চিম বাংলায় খনিজ তেল (M) ; p. 802

**Chattopadhyay, Shri Santasri** :

প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীর সংখ্যা (Q) ; 710

শ্রীরামপুর-এসপ্ল্যানেড রুটে বাস চলাচল (Q) ; p. 57

**Choudhury, Dr. Kiran** :

College Service Commission (Q) ; p. 952

Financial assistance to colleges for purchase of genarators (Q) ; p. 1099

Number of Posts of Principal of different colleges in Calcutta (Q) ; pp. 1097-1099

Research degree holder teachers in schools (Q) ; p. 696

**Chowdhury, Shri Abdul Karim** :

Amount sanctioned for different departments (Q) ; pp. 1112-1113

Collection of funds for cultural purposes in Islampur Girls High School (Q) ; pp. 699.

**Chowdhury, Shri Bikash :**

Discussion on the power Budget ; pp. 295-296

ট্রেড ইউনিয়ন কর্মীদের উপর হামলা করার জন্য ইষ্টার্ণ কোল ফিল্ডের কতিপয় অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার আবেদন (M) ; p. 968

**Choudhury, Shri Biswanath**

উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে জল সরবরাহের প্রকল্প (Q) ; pp. 718-719

উত্তরবঙ্গে আই, টি, আই,-এর সংখ্যা (Q) ; pp. 1088-1089

উত্তরবঙ্গে দূরদর্শন কেন্দ্র স্থাপন (Q) ; p. 1089
কলিকাতায় ষ্টেডিয়াম নির্মাণ (Q) ; p. 947
কয়েকটি হাসপাতালের শয্যাসংখ্যা (Q) ; pp. 412-413
কৃষি পেনশন (Q) ; pp. 767-768
তফসিলী ও আদিবাসী বর্গাদার ও পাট্টা-হোল্ডারদের জন্য ব্যয় (Q) ; pp. 259-260
পশ্চিমবঙ্গে লাইব্রেরী ট্রেনিং সেণ্টার (Q) ; p. 1089
পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় দুগ্ধ প্রকল্প (Q) ; pp. 1015-1016
প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে পেনশন ও গ্রাচুয়িটি বিষয়ে নিয়মনীতি (Q) ; p. 1070
প্রাথমিক স্কুলে বৎসরে তিনটি পরীক্ষা না হওয়া (Q) ; p. 693
বাজেয়াপ্ত চোরাই জিনিসের মূল্য (Q) ; p. 1088
বিচারাধীন বন্দীর সংখ্যা (Q) ; p. 56
রবীন্দ্র ভবন স্থাপন (Q) ; pp. 827-828
রাজ্য লটারী (Q) ; pp. 534-535
রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট (Q) ; pp. 924-925
লাইসেন্স প্রাপ্ত নতুন বিলাতী মদের দোকান (Q) ; p. 268
শিক্ষকদের প্রমোশন সম্পর্কে পে-কমিশনের সুপারিশ (Q) ; p. 947
হাসপাতালে শান্তি ও শৃঙ্খলা রক্ষা (Q) ; p. 259

**Chowdhury, Shri Gunadhar** :

জয়রামবাটিতে মিশন কর্তৃপক্ষ অন্যায়ভাবে জমি-জায়গা নিয়ে নিচ্ছে (M) ; pp. 558-559
বাঁকুড়া খ্রীষ্টান কলেজে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার দাবী (M) ; p. 275

**Chowdhury, Shri Benoy Krishna :**

Discussion on the Motion under Rule 185 ; pp. 1218-1221

**Chowdhury, Shri Humayoun :**

Central request for Acquisition of Land for Farakka Power Project (Q) : p. 1017
Discussion on Irrigation Budget ; pp. 458-460
Hamidpur Subsidiary Health Centre (Q) ; p. 418
পশ্চিমবঙ্গে খাদি বোর্ড (M) ; p. 866

**Chowdhury, Shri Nurul Islam** :

পশ্চিমবঙ্গে নূতন পৌরসভা (Q) ; p. 70
মুর্শিদাবাদ জেলায় অনাহারে মৃত্যু (M) ; p. 801
Consideration motion of The West Bengal Motor Vehicles Tax (Amendment), Bill—1982
—by Shri Rabin Mukherjee ; pp. 748-749
Consideration motion of the The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment) Bill—1982
—by Dr. Sambhu Nath Mandi ; p.732

**Dakua, Shri Dinesh Chandra :**

Central help for S. C. and S. T. Student (Q) ; pp. 402-403

Grievances against different Employment Exchanges (Q) ; pp. 1092-1093

*Principle of recruitment of non-teaching Staff (Q) ; p. 952*

*State Town and Country Planning Advisory Board (Q) ; pp. 531-532*

Stipend for pre-matric *Scheduled Castes and Scheduled Tribes* Students (Q) : pp. 268-269

*উত্তরবঙ্গে ডব্লু, বি, সি, এস, পরীক্ষাকেন্দ্র স্থাপন (Q) ; p. 1080*

উত্তরবঙ্গে নদী ভাঙনে জমি ও ঘরবাড়ী নষ্ট (Q) ; pp. 1079-1080

কৃষি আয়কর ট্রাইবুনাল অফিসে শিক্ষাগত যোগ্যতাহীন করনিক (Q); p. 1116

কোচবিহার ও মাথাভাঙ্গা ডিপোতে নূতন বাস দিবার পরিকল্পনা (Q) ; pp. 760-761

কোচবিহারে আচার্য ব্রজেন্দ্রনাথ শীল মহাবিদ্যালয়ের মহিলা হোষ্টেলের আবাসিকদের ভরতুকি (Q) ; p. 1092

কোচবিহার জেলায় স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্স (Q) ; pp. 788-789

গো-প্রজনন কেন্দ্র (Q) ; p. 851

খোকসারডাঙ্গা মিনি সুপার মিল (Q) ; p. 949

পশ্চিমবঙ্গের খরাকে জাতীয় বিপর্যয় হিসাবে ভারত সরকারের কাছে তুলে ধরা (M); pp. 730-731

পাম্পসেটের বৈদ্যুতিকরণ (M) ; p. 963

ফার্মাসী ডিপ্লোমা প্রাপ্তদের রেজিষ্ট্রেশন (Q) ; p. 721

বন্যানিয়ন্ত্রন ও নদীসেচ প্রকল্প (Q) ; pp. 239-240

মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ডাক্তারদের জন্য কোয়ার্টার (Q) ; pp. 1148-1149

মাথাভাঙ্গা রেগুলেটেড মার্কেট কমিটিতে রেন্ট বাবদ জমা টাকা (Q) ; pp 757-758

মাথাভাঙ্গা স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 918

রেগুলেটেড মার্কেটগুলির জন্য সরকারের জমা টাকা তাড়াতাড়ি ডেভেলপমেন্টের ব্যবস্থা করার অনুরোধ (M) ; p. 800

রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট (Q) ; p. 717

সুতুলী মিল স্থাপনের পরিকল্পনা (Q) ; 1167-1168

**Das, Shri Banamali :**

Discussion on the Roads and Bridges Budget ; pp. 123-124

সিউড়ী ও রামপুরহাট কর্মবিনিয়োগ কেন্দ্রের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (Q) ; p. 854

**Das, Shri Jagadish Chandra :**

Discussion on local best of Urban Development Budget ; pp. 191-193

**De, Shri Bibhuti Bhusan :**

Discussion on Social Security and Welfare Budget ; pp. 599-601

Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill 1982 ; p. 983

**Deb, Shri Saral :**

Discussion on the budget of Labour Department ; pp 575-578

অলোক উদ্যোগ প্লাইউড অ্যাণ্ড বনস্পতি লিমিটেড (Q) ; pp. 219-220

আমডাঙ্গা ষ্টেট কো অপারেটিভ ব্যাঙ্ক (Q) p. 109

কমিউনিটি হেলথ ভলান্টিয়ারে নিযুক্ত কর্মচারীদের স্থায়ীকরণ (Q) ; p. 710

কল্যাণী স্পিনিং মিল-এ লাভ/লোকসান (Q) ; p. 1070

কোলাঘাট থার্মাল প্রকল্প (Q) ; p. 1091

২৪ পরগণা জেলার ডি, আই, সি, অফিস (Q) ; p. 951

২৭ পরগণায় সরকার অনুমোদিত গ্রন্থাগার (Q) ; pp. 692-693

পশ্চিমবঙ্গে ষ্টেডিয়াম নির্মাণ (Q) ; p. 1066

বসিরহাট ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে তহবিল তছরূপ (Q) ; p. 951

বারাসাত ও মধ্যমগ্রাম হইতে কলিকাতা পর্যন্ত মিনিবাস চালুর পরিকল্পনা (Q) ; p. 760

বারাসাত থানা এলাকায় খুনের সংখ্যা (Q) ; p. 1071

বারাসাত পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং অফিস স্থানান্তকরণ (Q) ; p. 844

বারাসতে রবীন্দ্রভবণের প্রতি দৃষ্টি আকর্ষন (M) ; p. 428

বারাসাত হইতে ( ভায়া ডালহৌসি ) হাওড়া পর্যন্ত বাস চালুর পরিকল্পনা (Q) ; p. 755

বারাসাত হাসপাতালে জেনারেটর এবং ই, সি; জি, মেসিন (Q) ; pp. 789-790

বারাসাত হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন (Q) pp. 413-414

বারাসাত হেলথ ইঞ্জিনিয়ারিং অফিস (Q) ; p. 1092

বিদ্যুৎ উৎপাদন হ্রাস (Q) ; p. 531

রাজ্যের প্রাথমিক ছাত্র-ছাত্রীদের টিফিন ব্যবস্থা Q) ; p. 1140

শ্যাম কমিশনে উল্লিখিত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা (Q) ; p. 915

হরিণঘাটা ফার্মে গবাদিপশু (Q) ; pp. 1017-1018

হলদিয়া পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স (Q) ; p. 1071

ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য লৌহ ইস্পাত মঞ্জুর (Q) ; p. 1092

**Dey, Shri Lakshmi Kanta :**

কলিকাতার বিদ্যাসাগর ষ্ট্রীটে বিদ্যাসাগরের বাড়ীটির মেরামতের অনুরোধ (M) ; p. 80

প্রিন্টিং শিল্পের ন্যূনতম বেতন কাঠামো পরিবর্তন (Q) ; p. 931

**Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1982**

— by Shri Abani Bhusan Satpathi ; pp. 871-872

— by Shri Abdur Rauf Ansari ; pp. 868-870

— by Shri Kashinath Misra ; pp. 875-876

— by Shri Madhu Banerjce ; p. 872

— by Shri Nirode Roy Chowdhury pp. 874-875

— by Shri Sisir Adhikary ; pp. 873-874

Discussion on the 3idhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982

— by Shri Jyotsna Kumar Gupta ; p. 821

— *bv Shri Nani Kar ; p. 823*

— *by Shri Prabodh Purkait ; pp. 822-823*

— by Shri Sasanka Sekhar Mandal ; pp. 821-822

***Discussion the Board of Secondary Education 'Amendment) Bill, 1982***

— *by Sri Abdul Mannan ; pp. 883-884*

— by Shri Ganesh Chandra Mandal ; pp. 886-887

— by Shri Jokhilal Mandal : pp. 887-888

**Disscussion on the Budget of Co-operation Department**

— by Dr. Haramohan Sinha ; pp. 35-39

— by Dr. Zainal Abedin ; pp. 30-35

— by Shri Atish Chandra Sinha ; pp. 17-25

— by Shri Bimal Kanti Basu ; pp. 25-27

— by Shri Deb Saran Ghosh ; pp. 28-30

— by Shri Sundar Hazra ; pp. 27-28

**Discussion on the budget of Labour Department**

— by Dr. Hoimi Basu ; pp 582-583

— by Shri Arun Kumar Goswami : pp. 586-587

— by Shri Asok Ghosh ; pp. 574-575

— by Shri Bamapada Mukherjee ; pp. 583-586

— by Shri Debaprasad Sarkar ; pp. 578-581

— by Shri H. B. Rai ; pp. 572-574

— by Shri Matish Roy ; pp. 581-582

— by Shri Raj Kumar Mondal ; pp. 588-589

— by Shri Sailendra Nath Chattapadhay ; pp. 587-588

— by Shri Saral Deb ; pp. 575-578

— by Shri Subrata Mukherjee ; pp· 565-572

**Discussion on Dairy Development Budget**

— by Shri Mahabubul Haque ; pp. 384-386

— by Shri Nani Gopal Malakar ; pp. 386-387

— by Shri Sekh Imajuddin ; pp.387-389

— by Shri Subhash Naskar ; pp. 390-391

— by Shri Sundar Hazra ; pp. 391-392

— by Shri Suresh Chandra Sinha ; pp. 389-390

**Discussion on the Indian Electricity Bill (W. B.) 1982**

— by Shri Ajit Chakraborty ; p. 906-907

—by Dr. Manas Bhunia ; pp. 904-906

**Discussion on Information and Cultural Affairs**
—by Shrimati Aparajita Goppi ; pp. 349-351
—by Shri Hemen Majumdar ; pp. 353-354
—by Shri Subhas Goswami ; pp. 351-353
—by Shri Subrata Mukherjee ; pp. 337-347
—by Shri Suvendu Mandal ; pp. 347-349

**Discussion on Irrigation Budget**
—by Shri Abanti Mishra ; pp. 445-447
—by Shri Abinash Pramanik ; pp. 460-462
—by Shri Bankim Bihari Maity ; pp. 463-464
—by Shri Bikram Tudu ; pp. 462-463
—by Shri Humuyn Chowdhury ; pp. 458-460
—by Shri Jakhilal Mondal ; p. 458
—by Shri Samar Mukherjee ; pp. 447-448
—by Shri Shashanka Sekhar Mondal ; pp. 454-456
—by Shri Shish Md. ; pp. 456-458
—by Dr. Zainal Abedin : pp. 448-453

**Discussion on Local Govt. & Urban Development Budget**
—by Shri Abdur Rauf Ansari ; pp. 174-178
—by Shri Asok Ghosh ; pp. 193-194
—by Shri Deboprasad Sarkar ; pp. 189-191
—by Shri Jagadish Chandra Das ; pp. 191-193
—by Shri Kashi Nath Mishra ; pp. 185-187
—by Shri Matish Roy ; pp. 187-189
—by Shri Nihar Kumar Basu ; pp. 182-185
—by Shri Prafulla Kanti Ghosh ; pp. 180-182
—by Shri Sachin Sen ; pp. 178-180
—by Shri Sailen Sarkar ; pp. 197-199
—by Shri Dr. Zainal Abedin ; pp. 194-197

**Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut**
—by Shri Abdur Rauf Ansari ; pp. 87-88
—by Shri Abdus Sattar ; pp. 95-97
—by Shri Bhakti Bhusan Mondal ; p. 86
—by Shri Debaprosad Sarkar ; pp. 92-93
—by Dr. Hoimi Basu ; pp. 84-85
—by Shri Jayanta Kumar Biswas ; pp. 86-87
—by Shri Jotin Chakraborty ; pp. 91-92
—by Shri Jyoti Basu ; pp. 93-95
—by Shri Kamakhya Charan Ghosh ; pp. 88-89
—by Shri Prabodh Chandra Sinha ; pp. 90-91
—by Shri Subrata Mukherjee ; pp. 85-86
—by Shri Trilochan Mal ; p. 93

*—by Dr. Zainal Abedin ; pp. 89-90*

**Discussion on the motion under Rule 185 regarding centralisation of Juts Industry in West Bengal**

—by Shri Deba Prasad Sarkar ; pp. 1196-1199

**Discussion on the motion under Rule 185 regarding draught situation in West Bengal**

—by Shrimati Nirupama Chatterjee ; pp. 1206-1208

—by Shri Sumanta Kumar Hira ; p. 1226

—by Shri Jyoti Basu ; pp. 1221-1226

—by Shrimati Renuleena Subba ; pp. 1206-1207

—by Shri Prabodh Purkait ; pp. 1212-1214

—by Shri Anil Mukherjee ; pp. 1216-1218

**Discussion on the motion under Rule 185 regarding reply of draught situation in West Bengal**

— Shri Benoy Krishna Choudhury ; pp. 1218-1221

**Discussion on the motion under Rule 185 regarding progress and improvements of Rationing arrangements in modified area**

—by Shri Deba Prasad Sarkar ; pp. 1190-1192

—by Shri Subhas Goswami ; pp. 1186-1187

—by Shri Anil Mukherjee ; pp. 1199-1200

—by Shri Satyapada Bhattacharya ; pp. 1200-1201

—by Shri Achintya Krishna Ray ; pp. 1187-1190

—by Shri Kamal Sarkar ; pp. 1201-1203

**Discussion on Public Health, Sanitation and water supply budget**

—by Shri Bhabani Mukherjee ; pp. 506-507

—by Shrimati Chhaya Ghosh ; pp. 496-498

—by Shri Debaprosad Sarkar ; pp. 498-499

—by Dr. Haramohan Singha ; pp. 491-493

—by Dr. Haimi Basu ; pp. 493-496

—by Dr. Manas Bhunia ; pp. 502-504

—by Shri Phani Bhusan Roy ; pp. 507-508

—by Shri Ram Narayan Goswami ; pp. 508-513

—by Shri Satish Chandra Biswas ; pp. 504-506

—by Shri Satyapada Bhattacharya ; pp. 499-502

—by Dr. Sisir Kumar Bose ; pp. 487-491

**Discussion of the Power Budget**

—by Dr. Sisir Kumar Bose ; pp 299-301

—by Dr. Zoinal Abedin ; pp. 302-304

—by Shri Abdul Mannan ; pp. 292-294

—by Shri Bankim Behari Maity ; pp. 301-302

—by Shri Bikash Chowdhury ; pp. 295-299

—by Shri Debranjan Sen ; pp. 287-290
—by Shri Debranjan Sen ; pp. 305-306
—by Kamakshya Charan Ghosh ; pp. 294-295
—by Shri Sish Md. ; pp. 290-292
—by Shri Suniti Chatta^r^aj ; pp. 281-287

**Discussion on the Roads and Bridges Budget**
—by Dr. Zainal Abedin ; pp 106-111
—by Shri Ambika Banerjee ; pp. 113-114
—by Shri Bonomali Das ; pp. 123-124
—bn Shri Dhiren Sarkar ; pp. 121-123
—by Shri Jokhilal Mondal ; pp. 116-117
—by Shri Molin Ghosh ; pp. 111-113
—by Shri Probodh Purkayet ; pp. 117-119
—by Shri Md. Ramjan Ali ; pp. 114-116
—by Shri Shish Md. ; pp. 119-121

**Discussion on Social Security and Welfare Budget**
—by Shri Anil Mukherjee ; p. 618
—by Shri Bhakti Bhusan Mondal ; pp. 598-599
—by Shri Bibhuti Bhusan De ; pp. 599-601
—by Shri Debabrata Bandyopadhyay ; pp. 602-604
—by Shri Dhirendra Nath Sarkar ; pp. 606-608
—by Shri Himansu Kunar ; pp. 617-618
—by Shri Jokhilal Mondal ; pp. 611-612
—by Shri Kaji Afdul Goffar ; pp. 595-598
—by Shri Rabindra Nath Mondal ; pp. 608-611
—by Shri Samar Mukherjee ; p. 613
—by Dr. Sambhu Nath Mandi ; p. 406
—by Shri Subhas Goswami ; pp. 601-602
—by Shri Subhash Naskar ; pp. 614-615
—by Shri Trilochan Mal ; pp. 615-617

**Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982**
—by Shri Abdus Sattar ; pp. 652-658
—by Shri Bankim Behari Maity ; pp. 675-676
—by Shri Bhupal Panda ; pp. 667-668
—by Shri Debaprosad Sarkar ; pp. 649-652
—by Shri Jayanta Kumar Biswas ; pp. 659-661
—by Dr. Kanailal Bhattacharya p. 658
—by Dr. Manas Bhunia ; pp. 666-667
—by Shri Manindra Nath Jana ; pp. 669-671
—by Shri Nihar Kumar Basu ; pp. 647-649
—by Shri Nikhila Nanda Sar ; pp. 671-674
—by Shri Nani Kar ; pp. 661-666

—by Shri Phanibhusan Roy ; pp. 668-669
—by Shri Samar Mukherjee ; pp. 674-675
—by Shri Sumanta Kumar Hira ; pp. 638-642
—by Shri Suniti Chattaraj ; pp. 642-647
—by Dr. Zainal Abedin ; pp. 631-638

**Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1282**
—by Shri Kashinath Misra ; pp. 881-882
—by Shri Raicharan Majhi ; pp. 882-883
—by Shri Sk. Imajuddin ; pp. 884-886

**Discussion on the West Bengal Cooperative Society Bill, 1982**
—by Shri Atish Chandra Sinha ; pp. 975-979

**Discussion on the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill 1982**
—by Shri Jayanta Kumar Biswas ; pp. 750-751
—by Shri Sadhan Chattapadhyay ; pp. 749-750

**Discussion on the West Bangal Entertainment-cum-Amusement Tax Bill 1982**
—by Shri Anil Mukherjee ; p. 324
—by Shri Jayanta Kumar Biswas ; pp. 323-324
—by Shri Lakshman Chandra Seth ; pp. 322-323
—by Shri Subrata Mukherjee ; 320-322
—by Dr. Zainal Abedin ; pp. 324-325

**Discussion on the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982**
—by Shri Sunil Kumar Majumdar ; p.1014
—by Shri Satya Pada Bhattacharya ; pp. 1013-1014
—by Shri Kashi Nath Mishra ; p. 1013

**Discussion on the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982**
—by Shri Atahar Rahaman ; pp. 742-743
—by Shri Probodh Purkait ; pp. 743-744
—by Shri Subhas Goswami ; pp. 744-745

**Discussion on the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982**
—by Shri Atish Chandra Sinha ; pp. 1009-1010
—by Shri Subhas Naskar ; pp. 1008-1011
—by Shri Sunil Kumar Majumdar ; pp. 1011-1012

**Discussion on the West Bengal Public Libraries (Amendment) Bill, 1982**
—by Shri Abdul Mannan ; pp. 893-896
—by Shri Debnarayan Chakraborty ; pp. 896-897
—by Goswami, Shri Subhas ; pp. 898-900
—by Mondal, Shri Jakhilal ; pp. 900-901
—by Sadhukha, Shri Tarapada ; pp. 897-898

**Discussion on the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment) Bill, 1982**
—by Shri Himansu Kunar ; pp. 736-737
—by Shri Khara Soren ; pp. 735-736
—by Shri Rabindra Nath Mondal ; pp. 737-738
—by Shri Sasanka Sekhar Mondal ; pp. 734-735
—by Shri Sumanta Kumar Hira ; 732-734

**Discussion on the West Bengal Taxation Laws (Amendmcnt) Bill, 1982**
—by Shri Anil Mukherjee ; pp. 142-144
—by Shri Debaprosad Sarkar ; pp. 144-145
—by Shri Jayanta Biswas ; pp. 145-146
—by Shri Kashinath Mishra ; pp. 139-141
—by Shri Subhendu Mondal ; pp. 141-142
Duty hours of Jute Mill Workers (Q),
—by Shri Somen Mitra ; pp. 915-916

**Ghatak, Shri Santi Ranjan :**

Social Security and Welfare Budget ; pp. 594-595, 604-605

**Ghosh, Shri Asok :**

Discussion on the budget of Labour Department ; pp. 574-575
Discussion on Local Govt. of Urban Development Budget ; pp. 193-194
উত্তর হাওড়ায় নস্করপাড়া জুট মিল (Q) ; pp. 206-207
দীর্ঘদিন যাবত প্রচলিত দুর্গাপূজার অনুমোদন হঠাৎ বন্ধ হওয়ার ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ (M) ; pp. 961-962
পত্রিকাগুলিতে বিজ্ঞাপন দানের নীতি (Q) ; pp. 837-838
পাঁচঘরা থানার অফিসারের বিরুদ্ধে অভিযোগ (Q) ; pp. 541-542
হাওড়া পৌর সভার নির্বাচন (Q) ; p. 65
হাওড়া পৌরসভার "সংগ্রাম কমিটির" ধর্মঘট (Q) ; p. 1117
হাওড়া ষ্টেশনে বন্দী নিয়ে গণ্ডগোল (M) ; p. 801
হাওড়ার বেনারস রোডে কবরস্থানের দুর্নীতি মুক্তির দাবি (M) ; p. 78
হাওড়া সমবায়িকা (Q) ; pp. 919-920
হাওড়ায় মাছের বাজারে সুপার মার্কেটে নতুন ষ্টল দান (Q) ; p. 770

**Ghosh, Smt. Chhaya :**

Discussion on Public Health, Sanitation and Water Supply budget pp. 496-498
মিৎসুবিসি পাওয়ার টিলার বিক্রয় (Q) ; p. 1019
মুর্শিদাবাদ এষ্টেট পরিচালন ব্যবস্থা উন্নয়ণ (Q) ; pp. 1154-1155
মুর্শিদাবাদ জেলার মহকুমা পশু হাসপাতাল নির্মাণ (Q) ; pp. 792-793

*মুর্শিদাবাদ জেলায় জিয়াগঞ্জ ও রাণীনগর ১ নং ব্লকে সচল গভীর নলকূপ এবং নদী সেচ প্রকল্পের সংখ্যা* (Q) ; pp. 761-762

*মুর্শিদাবাদ জেলায় ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 419*

*লালবাগ মহকুমা হাসপাতাল ও ইসলামপুর হাসপাতালে ঔষধ সরবরাহ Q) ; pp. 931, 931*

**Ghosh, Shri Debsaran :**

Discussion on the Budget of Co-operation Department pp. 28-30

কলিকাতা চিড়িয়াখানায় প্রদর্শনী ফি .(M) ; pp. 861-862

ক্যালকাটা মেডিকেল কলেজে এক্সরে ফিল্ম মজুত থাকার ব্যবস্থা করা (M) ; p. 551

রাজ্যে খরা পরিস্থিতি মোকাবিলার ব্যবস্থা গ্রহণের আবেদন (M) ; p. 964

**Ghosh, Shri Kamakhya Charan :**

Discussion on the motion under rule 185 regarding

বেইরুটে নৃশংস হত্যাকাণ্ড pp. 88-89

Discussion on the Power Budget ; pp. 294-295

**Ghosh, Shri Malin :**

Discussion on the Roads and Bridges Budget ; pp. 111-113

**Ghosh, Shri Prafullya Kanti :**

Discussion on the local Govt. & Urban Development Budget ; pp. 180-182

Financial assistance by World Bank for development of transport system (Q) ; p. 954

MIG and LIG flats (Q) ; p. 846

Pracedure of Selling of Plots at Salt lake (Q) ; pp. 954-955

Taking over the management of C. T. C. Ltd. (Q) ; p. 1104

লবণহ্রদে জমি বণ্টনের ব্যাপারে ব্যক্তিগতভাবে ব্যাখ্যার আবেদন (M) ; p. 962

**Ghosh, Shri Rabin :**

উলুবেড়িয়া থেকে গড়চুমুক পর্যন্ত ১০ মি বাসের সংখ্যা বৃদ্ধির আবেদন (M) ; p. 425

উলুবেড়িয়ার নবগ্রামের হেলথ-সেণ্টারের বেডের সংখ্যা বৃদ্ধির দাবি (M) ; pp. 549-550

উলুবেড়িয়ায় ষ্টেডিয়াম নির্মাণ (Q) ; p. 261

গ্রাম পর্যায়ে খেলাধূলা প্রসারের কর্মসূচী (Q) ; pp. 260-261

স্বাধীনতা সংগ্রামীদেয় সাহায্যকারীদের পেনসন দেওয়ার জন্য অনুরোধ (M) ; pp. 727-728

**Ghosh, Shri Sambhu Charan :**

The West Bengal College (Payment of Salaries) (Amendment) Bill, 1982 ; pp. 982

The West Bengal (Payment of Salaries) (Amendment) Bill, 1982 ; p. 985, 986, 987, 988

Statement on a Calling Attention regarding alleged forcible occupation of land including the house of Ex-Governor ; pp. 1179-1180

Statement on the subject of deadlock in Bankura Christian College ; p. 1180

**Goppi, Shrimati Aparajita :**

Discussion on Information and Cultural Affairs ; pp.349-351

কুচবিহার জেলার কিছু ওষুধের দোকানে ভেজাল ওষুধ ধরা পড়েছে—তার তদন্তের আবেদন (M) ; p. 962

**Goswami, Shri Arun Kumar :**

Discussion on the budget of Labour Department ; pp. 586-587

মগরাতে ব্যাঙ্ক ডাকাতি (M) ; pp. 865-866

শ্রীরামপুর ও রিষড়া পৌরসভাকে অর্থ প্রদান (Q) ; pp. 1084-1986

শ্রীরামপুর মহকুমা হাসপাতাল (Q) ; p. 941

**Goswami, Shri Ram Narayan :**

Discussion on Public Health, Sanitation and Water supply budget ; pp. 508-513

Statement on the calling attention on the subject of epidemic of Malaria and Encephalitis throughout West Bengal ; pp. 76-78

পশ্চিম বাংলায় এনকেফ্যালাইটিস রোগজনিত মৃত্যু সম্পর্কে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর বিবৃতি ; pp. 957-958

**Goswami, Shri Subhash :**

Discussion on Information and Cultural Affairs ; pp. 351-353

Discussion on the Motion under Rule 185 ; pp. 1186-1187

Discussion on the Public library bill ; pp. 898-900

Discussion on Social Security and Welfare Budget ; pp. 601-602

Discussion on the West Bengal Khadi and Village Industries Board, (Amendment) Bill 1982 ; pp. 744-745

Discussion on the West Bengal (Payment of Salaries ) (Amendment) Bill, 1982 ; p. 985

আপার কংসাবতী ও আপার দ্বারকেশ্বর প্রকল্প (Q) ; pp. 243-244

এ্যাক্সিলারেটের ওয়াটার সাপ্লাই কর্মসূচী (Q) ; pp. 1135-1136

গোবর গ্যাস প্ল্যান্ট (Q) ; pp. 830-831

ছাতনা থানায় শুশুনীয়া অঞ্চলে খরা এবং দুর্ভিক্ষ্য পরিস্থিতির মোকাবিলার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যমন্ত্রীর নিকট আবেদন (M) ; pp. 967-968

ছাতনার ওয়ার্ডারস্ ট্রেনিং ইনষ্টিটিউট কারা বিভাগ হইতে কৃষি বিভাগে ফেরত (Q) ; p. 769

বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের অধ্যক্ষকে নিয়োগের ক্ষেত্রে তদন্ত (M) ; p. 430

বাঁকুড়া জেলার ছাতনা, শালতোড়া, ইন্দপুর ও গঙ্গাজলঘাটি ব্লকে ডিপ টিউবওয়েল স্থাপন (Q) ; p. 64

বাঁকুড়া জেলায় খরার জন্য ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ (M) ; p. 729
বাঁকুড়া জেলায় নূতন মহকুমা (Q) ; pp. 540-541
বাঁকুড়া সংসদ নামে একটি ভবন নির্মাণ (M) ; p. 858
ব্লক বিভাজনের প্রস্তাব (Q) ; p. 1154
রাস্তার পার্শ্বে বৃক্ষ রোপন (Q) ; p. 1028
সাংস্কৃতিক ভবন নির্মাণে অর্থ মঞ্জুর (Q) ; pp. 1114-1115

**Government Bill(s)**

Presentation of West Bengal Co-operative Societies Bill, 1982
—Shri Nehar Kumar Bose ; p. 972-975
Reply of the West Bengal Co-operative Societies Bill, 1982
—Shri Nirmal Kumar Bose ; pp. 979-982

**Guha Shri Kamal Kanti :**

The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982; pp. 820 ; 823-824

**Gupta, Shri Jyotsna Kumar :**

Discussion on the Bidhan Chaadra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 ; p. 121

**Gupta, Shri Sankar :**

Presentation of the Indian Electricity (West Bengal Amendment) Bill 1982 ; pp. 903 ; 907
Discussion on the Power Budget ; pp. 276-281 ; 306-317

**Gyan Singh Sohanpal, Shri :**

New hospital at Kharagpur, (Q) ; pp. 411-412
Power Generation, (Q) ; pp. 532-534
Registered Fleet Strength of CSTC ; pp. 257-258
Request to the State Government for help to a national player Mr. S. Anthony, (M) ; pp. 551-552

**Habibur Rahaman, Shri :**

Flood Prone area (Q) ; p. 242
Special Employment Programme (Q) ; p. 537

**Haldar, Shri Krishnadhan :**

আবগারী কর হইতে সরকারের আয় (Q) ; pp. 851-852
কুলপি অঞ্চলে বাসের সংখ্যা বাড়ানো . (M) ; pp. 730
কুলপী ও মন্দির বাজার ব্লকে সমবায় কৃষি-উন্নয়ণ সমিতি (Q) ; pp. 852-853
টুরিষ্ট লজ নির্মাণ পরিকল্পনা (Q) ; p. 1149
ডায়মণ্ডহারবার জেলে বন্দী থাকার ব্যবস্থা (Q) ; p. 1149
২৪-পরগণা জেলার কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র (Q) ; p. 1027

কাটকাবাজ ও চোরাকারবারী আটক (Q) ; p. 1149

মন্দিরবাজার ব্লকে গ্রামীন শিল্প শিক্ষা সংস্থা স্থাপন (Q); pp. 926-927

**H.que, Shri Mahbubul**

জেলায় ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট স্থাপন (Q) ; p. 1029

**Hazra, Shri Haran :**

আন্দুল মাড়োয়ারী বাগান (Q) ; p. 1173

আন্দুল মাড়োয়ারী বাগানের প্রস্থুতি সদন তাড়াতাড়ি চালু করার জন্য আবেদন (M) ; p. 554

রঘুদেববাটী উপ-স্বাস্থ্যকেন্দ্র (Q) ; pp. 938-939

হাওড়া জেলার সাঁকরাইল থানার রঘুদেববাটি সাধারণ বিদ্যালয় (জুনিয়র হাই স্কুল) এর প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ (M) ; p. 82

**Hazra, Shri Sachindra Nath :**

উদয়নারায়ণপুর ও আমতায় চাষের জন্য জল-নিষ্কাষণের ব্যবস্থার দাবী (M) ; p. 558

**Hazra, Shri Sundar :**

Discussion on the Budget of Co-operation Department ; pp. 27-28
Discussion on Dairy Development Budget ; pp. 391-392

মেদিনীপুর জেলায় শালবনী ব্লকে কাজুবাদাম চাষ (Q) ; p. 834

**Hira, Shri Sumanta Kumar :**

Discussion on the Motion Under Rule 185 ; pp. 1204-1206
Discussion on the Motion under Rule 185 ; p. 1226
Mane the Amendment ; pp. 1184-1186
Notice of a Motion under Rule 185 ; pp. 1226-1227
Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 638-642
Discussion on the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment), Bill 1982 ; pp. 732-734

তন্তুশ্রী প্রতিষ্ঠানে লোকসান (Q) : pp. 1020-1021

নকশাল আন্দোলন (Q) ; p. 527

পশ্চিমবঙ্গে ডেয়ারীর সংখ্যা (Q) ; p. 1131

পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত চাল ও গম (Q) ; p. 68

বাস ও ট্রামে আগুন লাগানোর ঘটনা (Q) ; p. 1053

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নির্দিষ্ট সময়ে গ্রহণ (Q) ; p. 1054

সিল্ক বোর্ডে সরকারী প্রার্থী (Q) ; pp. 1116-1117

**Humayun Chowdhury, Shri :**

Activities of the R. S. S. in Kaliachak P. S. (Q) ; p. 1111
Bridge on the river Pagla in the Malda District (Q) ; pp. 1109-1110

Construction of the link road between Sujapur and Mothabari in Malda (Q), p. 1110

Diversion of plan allocation to non-plan expenditure (Q) ; p. 1111

Factual assessment of Madrasahs (Q) ; pp. 1111-1112

Fall in the prices of silk thread in Malda (Q) ; pp. 1110-1111

Upgradation of Mothabari Police Outpart (Q) ; p. 538

Introduction of the West Bengal Estates Acquisition (Amendment) Bill 1982

—by Shri Sunil Kumar Majumdar ; p. 1013

Introduction of The West Bengal Khadi and Village Industries Board *(Amendment) Bill, 1982*

*—by Shri Pralay Talukdar ; p. 741*

Introduction of the West Bengal *Motor Vehicles Tax (Amendment)* Bill, *1982*

*—by Shri Rabin Mukherjee ; p. 748*

*Introduction of the* West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment) Bill 1982

—by Dr. Sambhu Nath Mandi ; pp. 731-732

**Jana, Shri Monindra Nath :**

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 669-671

**Kar, Shri Nani :**

Discussion on the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1982 ; p. 823

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 pp. 661-666

Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982 (third reading) ; p. 987

শিয়ালদহ ষ্টেশনের হকারদের স্বীকৃতি দেবার জন্য অনুরোধ (M) ; p 550

**Khan, Shri Sukhendu :**

কে. জি. ইঞ্জিনিয়ারিং ইনষ্টিটিউসানের অধ্যক্ষ ঘেরাও (M) ; p. 865

সোনামুখী ইরিগেশন ডিভিশনে কর্মী সংখ্যা (Q) ; p. 1169

**Kisku, Shri Upen :**

অত্যাচারী পুলিশ অফিসারদের শাস্তি প্রদানের দাবি (M) ; p. 430

কেন্দ্র কর্তৃক রেশনে সরবরাহের জন্য চাল ও গম বরাদ্দ (Q) ; p. 778

তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগে বিভিন্ন শ্রেণীর কর্মচারী নিয়োগ (Q) ; p. 916

তফসিলী জাতি ও উপজাতিদের জন্য নার্সিং ট্রেনিং (Q) ; p. 1159

তারাতলায় নৌযান বিদ্যাশিক্ষা কলেজ (Q) ; pp. 1171-1172

বাঁকুড়া জেলার রাইপুর থানাকে ভাগ করার পরিকল্পনা (Q) ; p. 1169

মেডিকেল কলেজগুলিতে তফসিলী ছাত্রছাত্রীদের জন্য আসন সংরক্ষণ (Q) ; p. 1160

**Kujur, Shri Sushil :**

জলপাইগুড়ি জেলা ও আলিপুরদুয়ার জেলখানায় বন্দীর সংখ্যা .(Q) ; p. 61

জলপাইগুড়ি জেলায় আই. আর. ডি. পি. এবং এম. আর. ই. পি. প্রকল্প অর্থ মঞ্জুরী (Q) ; pp. 1018-1019

জলপাইগুড়ি জেলায় উদ্বাস্তু শিবির (Q) ; p. 1115

জলপাইগুড়ি জেলায় দেওয়ানী ও ফৌজদারী মামলার সংখ্যা (Q) ; p. 848

জলপাইগুড়ি জেলায় যুব কেন্দ্র (Q) ; pp. 1115-1116

**Kunar, Shri Himansu**

Discussion on Social Security and Welfare Budget ; pp. 617-618

Discussion on the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment) Bill 1982 ; pp. 736-737

কেশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 936-938

পটাটো সীড ফার্মের সম্প্রসারণ (Q) ; p. 775

প্রতিবন্ধী (Q) ; pp. 1161-1162

**Kundu, Shri Gour Chandra :**

বিদ্যালয় পরিচালনা কমিটিতে পঞ্চায়েত প্রতিনিধি ও পৌর প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা (Q) ; P. 699

রাণাঘাট এলাকায় চুনী নদী ও গঙ্গা নদীর ভাঙ্গন (M) ; p. 866

**Laying of Report(s)**

The Fifth Interim Report of the Basu Commission of Inquiry

laid by Shri Jyoti Basu ; p. 559

The Seventh Interim Report of the Sarma Sarkar Commission of Inquiry

laid by Shri Jyati Basu ; p. 630

**Legislation(s) :**

Consideration of the West Bengal Eetertainment cum Amusement Tax Bill, 1982

—by Shri Jyoti Basu ; p. 320

Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill 1982

—by Shri Abdul Manan ; pp. 982-983

—by Shri Bibhuti Bhusan Roy ; p. 983

—by Shri Dhrubeswar Chattapadhyay ; pp. 984-985

—by Shri Dipak Sengupta ; p. 988

*—by Shri Nani Kar ; p. 987*

*—by Shri Sambhu Charan Ghosh ; P. 988*

*—by Shri Sk. Imajuddin ; p. 984*

*—by Shri Sk. Imajuddin ; pp. 987-988*

*—by Shri Subhas Goswami ; p. 985*

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982

—by Abdul Mannan ; pp. 995-997

—by Shri Dhirendra Nath Chatterjee pp, 997-998

—by Shri Kasinath Misra ; pp. 990-992

—by Shri Prasanta Kumar Pradhan ; pp. 992-993

—by Shri Shantiram Mahato ; pp. 998-999

—by Shri Sisir Adhikari ; pp. 993-995

—by Shri Sambhu Charan Ghosh : p. 982

—by Shri Sunil Kumar Majumdar ; 1008

Presentation of the West Bengal Panchayat (Amendment) Bill, 1982

—by Shri Sunil Kumar Majumdar ; p. 989

Reply of the West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1882 was taken put and agreed to.

—by Shri Sambhu Charan Ghosh ; pp. 985, 986, 987

Reply on the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982

—by Shri Sunil Kumar Majumdar ; P. 1008

Reply on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982

—by Shri Sunil Kumar Majumdar ; pp. 999-1005

পশ্চিমবঙ্গে মানসিক হাসপাতাল

—শ্রীদেবীপ্রসাদ বসু ; p. 815

মন্ত্রীর বিরুদ্ধে এ্যাডজর্নমেন্ট মোশন

—শ্রীআবদুস সাত্তার ; p. 808

হাসপাতাল অধিগ্রহণ করণ

—শ্রীলক্ষণ চন্দ্র শেঠ ; pp· 813-814

হাসপাতাল অধিগ্রহণ করণ

—শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ; p. 813

হাসপাতাল অধিগ্রহণ করণ

—শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ; pp. 814-815

**Let .Sri Dhirendra :**

জাহেদ সেখকে হত্যার ষড়যন্ত্রকারীদের বিচারের দাবী (M) ; pp. 275-276

**Mahata, Shri Shantiram :**

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; pp. 998-999

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদে দুর্নীতি (M) ; pp. 805-806

পুরুলিয়া জেলার পিংরা গ্রাম পঞ্চায়েত প্রধান ভরত নাপিতের বিরুদ্ধে দেড় লক্ষ টাকা তছরুপের অভিযোগ (M) ; pp. 966-967

**Mahata, Shri Subhas Chandra :**

ঝালদা হইতে ব্রজপুর রাস্তা নির্মাণ (Q) : p. 1114

পুরুলিয়া জেলায় খরা কবলিত (M) ; p. 805

পুরুলিয়া জেলায় ষটক নদীর উপর সেতু নির্মাণ (Q) ; p. 1114

পুরুলিয়ার ঝালদা—১ ব্লকে উপ-স্বাস্থ্যকেন্দ্র (Q) : pp. 418-419

পুরুলিয়ায় টুরিষ্ট সেন্টার (M) ; p. 860

**Mahabubul, Shri Haque :**

Discussion on Dairy Development Budget ; pp. 384-386

Permits for Public Carrier (Goods) Vehicles (Q) ; pp. 776-777

Recommendations regarding advertisements in small and medium news papers (Q) ; pp, 831-832

Selling of cement at higher price (Q) ; p. 67

Syllabus for senior Madrasahs (Q) ; pp. 791-792

ইংরাজীর মাধ্যমে শিক্ষাদানরত প্রতিষ্ঠান সম্পর্কে সরকারী সিদ্ধান্ত (Q) ; pp. 691-692

চাঁচোয়া থানায় মূর্তি চুরি (M) ; pp. 862-863

চডামন ঘাটে সেতু নির্মাণের পরিকল্পনা (Q) ; p. 258

নূতন মাদ্রাসা মঞ্জুরী (Q) ; p. 258

মালদহ জেলার চাঁচোল থানায় ও. সি.-র অশালীন মন্তব্যের জন্য ব্যবস্থা অবলম্বনের অনুরোধ (M) ; pp. 970-972

মালদহ জেলার মালতিপুর অঞ্চলে গ্রামপঞ্চায়েত প্রধানের দুর্নীতির প্রতিকারের জন্য আবেদন (M) ; p. 429

**Maity, Shri Bankim Behari :**

Discussion on Irrigation Budget ; pp. 463-464

Discussion on the Power Budget ; pp. 301-302

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 ; pp. 675-676

ট্রলারের সংখ্যা (Q) ; p. 1153

মেদিনীপুর পূর্ব জেলার মহকুমা অফিসে এস. ও. ই.-এর পদ সৃষ্টি (Q) ; pp. 773-774

হলদিয়ায় মৎস্য উৎপাদন প্রকল্প (Q) ; p. 914-915

**Majhi, Shri Dinabandhu, Abdul Hasnat Khan, Roy, Shri Birendra Narayan :**

*গঙ্গার ভাঙন সম্পর্কিত প্রীতম সিং কমিটি (M) : pp. 1138-1139*

*ফরাক্কায় শিল্প কেন্দ্র স্থাপন (Q) ; p. 1138*

***Majhi, Shri Dinabandhu, Atahar Rahman Shri, Roy, Shri Birendra Narayan and Abul Hasnat Khan Shri :***

*মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম হইতে খড়সা রাস্তাটি মেরামতের ব্যবস্থা ; p. 1157*

**Majhi, Shri Dinabandhu :**

মুর্শিদাবাদ জেলার দ্বারকা ও খুদকুড়া নদীর উপর সেতু নির্মাণ (Q) p. 1101

হাটপাড়া মার্কেটিং সোসাইটি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (Q) ; p. 927

**Majhi, Shri Raicharan :**

Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 882-883

ডি. আই. অব স্কুল প্রতিষ্ঠা বন্ধের ব্যবস্থা করার প্রতি দৃষ্টি আকর্ষণ (M) ; p. 427

সেচমন্ত্রীর নিকট কেতুগ্রাম থানা এলাকায় ময়ূরাক্ষী ক্যানাল থেকে অবিলম্বে জল ছাড়ার ব্যবস্থা করার জন্য আবেদন (M) ; p. 969

**Majhi, Shri Sudhansu Sekhar :**

পুরুলিয়া জেলার বড়োজামতাড়িয়া রাস্তা নির্মাণ (Q) ; pp. 1160-1161

বড়ো-জামতোড়িয়া রাস্তা নির্মাণের পরিকল্পনা (Q) ; pp. 1169-1170

বাঁকুড়া জেলার মানবাজার অঞ্চলের লোকেদের কাজের ব্যবস্থা করা (M) ; p 553

আদিবাসী ভাষার ( অল চিকি ) স্বীকৃতি (Q) ; p. 700

বান্দোয়ান থানায় আদিবাসীদের জন্য টি. বি. হাসপাতাল নির্মাণ ; p. 941

পুরুলিয়া জেলার বরোআমগেড়িয়া রাস্তাটির এ্যাডমিনিষ্ট্রেসনের এ্যাপ্রুভ্যাল পাবার জন্য অনুরোধ (M) ; p. 431

**Majhi, Shri Surendra Nath :**

পুরুলিয়া জেলায় কাশীপুর ব্লক বিভাজন পরিকল্পনা (Q) ; p. 1150

পুরুলিয়ার 'ল্যাম্প' সোসাইটি (Q) ; p. 914

**Majumdar, Shri Sunil Kumar :**

Discussion on the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 ; pp. 1011-1012

Discussion on the West Bengal Acquisition (Amendment) Bill 1982 ; p. 1014

Introduction of the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982 ; p. 1013

Reply on the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 ; p. 1008

Presentation of the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 ; p. 1008

Reply on the West Bengal Panchayat (Amendment) Bill, 1982 ; and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; pp. 999-1005.

Presentations of the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; p. 989-990.

Presentation of the West Bengal Panchayat Amendment Bill, 1982 ; p. 989

Motion for Passing the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 ; p. 1013

**Mal, Shri Trilochan :**

Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; p. 93

Discussion on Social Security and Welfare Budget ; pp. 615-617

ব্রাহ্মণী নদীর পারাপারের জন্য নৌকা ও চাষীদের জন্য একটি পাম্পসেটের ব্যবস্থার জন্য অনুরোধ (M) ; p. 557

**Malakar, Shri Nanigopal :**

Discussion on Dairy Development Budget ; pp. 386-387

**Malik, Shri Purna Chandra :**

বর্ধমান জেলায় দেহারা বাজারে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ (Q) : p. 942

**Malik, Shri Sibaprasad :**

আরামবাগ শহরে রবীন্দ্রভবন নির্মাণের কাজ (Q) ; p. 334

আরামবাগ হইতে ঘাটাল ২৯ নং রুটে বাস বৃদ্ধি (Q) ; p. 756

গোঘাট এলাকায় চাষের জন্য কংসাবতী নদী থেকে জল সরবরাহের ব্যবস্থা গ্রহণের আবেদন (M) ; p. 427

হুগলী জেলার ত্রাণ (Q) ; p. 50

**Malik, Shri Sreedhar :**

—তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত বর্গাদার (Q) : p. 840

**Mandal, Shri Bhakti Bhusan :**

Discussion on the motion under rule 185 regarding brutal killings in Beirut ; p. 86

Discussion on Social Security and Welfare Budget ; pp. 598-599

*Mandal, Shri Gopal :*

*মাসবাড় উপ-স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 717*

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (Q) ; pp. 266-267

*তফসিলী জাতি ও উপজাতিদের সংস্কৃতিক উন্নয়ন ব্যবস্থা ; p. 910*

*দাসপুর নাড়াজোল সড়কের মধ্যে কাঁকি খালের উপর সেতু নির্মাণ (Q) ; p. 1077*

পশ্চিমবঙ্গে গভীর, অগভীর ও নদী জলোত্তলন প্রকল্প (Q) ; p. 1078-1079

প্রতি ইউনিট পিছু রেশন কার্ড দেবার পরিকল্পনা (Q) ; p. 769

বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারদের ডিউটির সময় (Q) ; p. 411

বেসরকারী অরফানেজ (Q) ; p. 55

লোক সংস্কৃতির দুঃস্থ শিল্পীদের সাহায্য (Q) ; pp. 829-830

সরকার কর্তৃক ফিল্ম নির্মাণ প্রয়োজনের দায়িত্ব গ্রহণ (Q) ; pp. 1077-1078

সাব-রেজিষ্ট্রারের শূন্য পদ (Q) ; P. 1078

**Mandal, Shri Jokhilal**

Discussion on Irrigation Budget ; p. 458

Discussion on the Roads and Bridges Budget ; pp. 116-117

Discussion on the Social Security and Welfare Budget ; pp. 611-612

Office of Registrar at Malda (Q) ; pp. 844-845

ত্রাণ ব্যবস্থা জোরদার করার জন্য অনুরোধ (M) ; p. 429

বিদ্যালয়ে মাসিক বেতন (M) ; p. 861

মালদহ জেলার ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আইন না মানার অভিযোগ (M) ; p. 969

**Mandal, Shri Pravanjan Kumar :**

দেবীমথুরাপুর গ্রামে পাট্টা ডিষ্ট্রিবিউসন-এর প্রতি দৃষ্টি আকর্ষণ (M) ; p. 424

**Mandal, Shri Rabindra Nath :**

Discussion on Social Security and Welfare Budget ; pp. 608-611

Discussion on the West Bengal Scheduled castes are Scheduled Tribes (Amendment) Bill 1982 ; pp. 737-738

**Mandi, Shri Rampada :**

তফসিলীভুক্ত আদিবাসী সম্প্রদায়ভুক্ত চাকুরী প্রার্থীদের বয়ঃসীমা (Q) ; p. 1172

টি. বি. হাসপাতাল ও স্যানিটোরিয়াম (M) ; p. 857

পুরুলিয়া জেলার মানবাজার এবং মেদিনীপুর জেলার তিলপুরে খনিজ দ্রব্য (M) ; p. 799

**Mandal, Shri Sukumar :**

তাহেরপুর কলোনীতে উপ-স্বাস্থ্য কেন্দ্রটিকে ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রূপান্তরিত করার অনুরোধ (M) ; p. 431

**Mandal, Shri Suvendu :**

Discussion on Information and Cultural Affairs ; pp. 347-349

Discussion on the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982 ; pp. 141-142

'এ্যাডাল্ট হাই স্কুল'-এর প্রতি দৃষ্টি আকর্ষণ (M) : p. 276

গড়বেতা কলেজের কর্মচারী যুগল কিশোর সিংহ-এর প্রতি আক্রোশ (M) : pp. 81-82

**Mandi, Dr. Sambhu Nath :**

Consideration motion of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Amendment) Bill, 1982 ; p. 732

Discussion on Social Security and Welfare Budget ; p. 606

Introduction of the West Bengal Scheduled castes and Scheduled Tribes (Amendment) Bill, 1982 ; pp. 731-732

Reply on budget on Social Security aud Welfare : pp. 618-620

Reply on Discussion on the West Bengal Scheduled castes and Scheduled Tribes (Amendment) Bill, 1982 ; pp. 738-740

**Mannan, Shri Abdul :**

Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 883-884

Letter of the intent obtained by M/s. Hindusthan Development Corporation Ltd. (Q) ; p. 1108

Spurt in food adulteration and spurious drugs (Q) ; p. 1109

**M Ansaruddin, Shri :**

সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের বিরুদ্ধে কয়েকটি অভিযোগ তদন্তের দাবী (M) ; pp. 969-970

হাওড়া ষ্টেশনের ঘটনা (M) ; p. 860

**Md. Abdul Karim Chowdhury, Shri :**

Development of Islampur Subdivision (Q) ; p. 1156

Division of West Dinajpur District (Q) ; pp. 1155-1156

**Mention cases**

শিয়ালদহ ষ্টেশনের হকারদের স্বীকৃতি দেবার জন্য অনুরোধ :

—শ্রীননী কর : p. 550

সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের বিরুদ্ধে কয়েকটি অভিযোগ তদন্তের দাবী :

—শ্রী এম. আনসারুদ্দিন : pp. 969-970

সমাজ বিরোধীদের বোমা আক্রমণের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য তদন্ত কমিটি গঠন করার দাবী ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : p. 967

সংবাদপত্র ও সাংবাদিকদের উপর বিধিনিষেধ আরোপের নিন্দা ;
—শ্রীপ্রবোধ পুরকায়েত : p. 428

সন্দেশখালি সার্কেলে পরিদর্শক ও করনিক না থাকার প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীকুমুদ রঞ্জন বিশ্বাস : p. 274

সন্দেশখালির খুলনা হেল্‌থ সেণ্টারের ভলেন্টিয়ারদের মাসোহারা পাবার জন্য অনুরোধ ;
—শ্রীকুমুদ রঞ্জন বিশ্বাস : p. 432

সল্ট লেকে জমি বণ্টন
—শ্রীপ্রশান্ত কুমার শূর : p. 860

সল্ট লেক ষ্টেডিয়াম নির্মাণ করণ ;
—ডাঃ জয়নাল আবেদিন : pp. 802-803

সল্ট লেকে বাঙালী মধ্যবিত্তদের বসবাস ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 859-860

সল্ট লেক ষ্টেডিয়াম নির্মাণের জন্য মঞ্জুরিকৃত অর্থের হিসাব ;
—শ্রীঅম্বিকা ব্যানার্জী : p. 272

স্বাধীনতা সংগ্রামীদের পেনশন দেওয়ার জন্য অনুরোধ :
—শ্রীরবীন বোস : pp. 727-728

সিউড়ী শহরে দোকানপাট উচ্ছেদ :
—শ্রীসুনীতি চট্টরাজ ; p. 806

সি. এম. ডি.-এর মাটি ভরাটের প্রশ্নে ইনকোয়ারী কমিটির রিপোর্ট পাবার দাবী ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 553

সি. এম. ডি-এর বাড়তি সাড়ে তিন কোটি টাকার মাটি ভরাটের রিপোর্ট জানার আবেদন :
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 424

সিঙ্গুরে বৈজ্ঞানিক প্রথায় চাষ ;
—শ্রীতারাপদ সাধুর্খা : p. 858

স্বাস্থ্যবিভাগে দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ :
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 964

সেচমন্ত্রীর নিকট কেতুগ্রাম থানা এলাকায় ময়ূরাক্ষী ক্যানাল থেকে অবিলম্বে জল ছাড়ার ব্যবস্থা করার জন্য আবেদন ;
—শ্রীরাইচরণ মাঝি : p. 969

সেনট্রাল ব্লাড ব্যাঙ্কের রক্ত দেওয়ার ব্যাপারে দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীআবদুল মান্নান : pp 968-969

সুন্দরবন উন্নয়ন পর্ষদের বয়স্ক শিক্ষাকেন্দ্রের সাধারণ শিক্ষকদের স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য অনুরোধ ;
-শ্রীসুভাষ নস্কর : p. 432

হরিহরপাড়া গ্রামে এন. আর. স্কীমে কাজ করা লেবারদের টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করার আবেদন ;
—শ্রীসেখ ইমাজুদ্দিন : p. 426

হাওড়া জেলার সাঁকরাইল বন্দরে রঘুদেববাটি সাধারণ বিদ্যালয় (জুনিয়রহাই স্কুল)-এর প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ ;
—শ্রীহারান হাজরা : p. 82

হাওড়া ষ্টেশনের ঘটনা ;
—শ্রী এম. আনসারুদ্দিন : p. 860

হাওড়া ষ্টেশনে বগী নিয়ে গণ্ডগোল
—শ্রীঅশোক ঘোষ : p. 801

হাওড়ার বেনারস রোডে কবর স্থানের দুর্নীতি মুক্তির দাবি ;
—শ্রীঅশোক ঘোষ : p. 78

হাওড়ার মঙ্গলা হাটের জন্য ডাবল স্টোরিড বিল্ডিং করার জন্য আবেদন :
—শ্রীঅম্বিকা ব্যানার্জী : p. 78

হুগলী জেলার বলাগড়ে যে রোগ দেখা দিয়েছে তার প্রতিকারের ব্যবস্থার জন্য অনুরোধ ;
—শ্রীঅবিনাশ প্রামানিক : pp. 557-558

হুগলী ও রূপনারায়ণ নদীতে লঞ্চে কর্মরত শ্রমিকদের কাজের সময়সীমা ও বেতন নির্ধারণ করার জন্য অনুরোধ :
—শ্রীলক্ষ্মীচরণ সেট : p. 431

মুসলমান শিক্ষকদের ২৮।২৯ তারিখের মধ্যে সেপ্টেম্বর মাসের বেতন দেবার অনুরোধ ;
—শ্রীশিশ মহম্মদ : p. 556

মেদিনীপুর কলেজ-এ ছাত্র সংসদকে অগণতান্ত্রিক ভাবে বাতিল করার ক্ষেত্রে দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীমানস ভূঁইয়া : p. 273

মেদিনীপুর জেলার খেজুরির এ. আই. এস. অফিসারের অপসারণের দাবী :
--শ্রীসুনির্মল পাইক : pp. 79 80

মেদিনীপুর জেলার গোয়ালতোড় এলাকায় সমাজ-বিরোধীদের হাত থেকে গরীব পাটোধারী কৃষকদের রক্ষা করার অনুরোধ :
—শ্রীঅনাদি মোল্লা : pp. 431-432

সোডা গ্যাস সরবরাহে অনিশ্চয়তা :
—শ্রীমানস ভূঁইয়া : p. 805

রাজ্যে খরা পরিস্থিতি মোকাবিলার ব্যবস্থা গ্রহণের আবেদন :
—শ্রীঅতীশচন্দ্র সিন্হা : p. 965

*রাজ্যে খরা পরিস্থিতি-মোকাবিলার ব্যবস্থা গ্রহণের আবেদন ;*

*—শ্রীদেবশরণ ঘোষ : p. 964*

রাণাঘাট এলাকায় চূর্ণী নদী ও গঙ্গানদীর ভাঙ্গন ;

—শ্রীগৌরচন্দ্র কুণ্ডু : p. 866

রামকৃষ্ণ মিশন পরিচালিত প্রতিষ্ঠানগুলির পরিবেশ রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণের আবেদন ;

—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 554

রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠানের উপর অত্যাচারীদের গ্রেপ্তার করার আবেদন ;

—শ্রীসত্য রঞ্জন বাপুলী : p. 425

রাস্তা মেরামতের জন্য অনুরোধ ;

—শ্রীসুনীতি চট্টরাজ : p. 275

রাস্তার ধারে বে-আইনী ঘরের উল্লেখ ;

—শ্রীনীহার বোস : p. 963

রেগুলেটেড মার্কেটগুলির জন্য সরকারের জমা টাকা তাড়াতাড়ি ডেভেলপমেন্টের ব্যবস্থা করার অনুরোধ ;

—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 500

রেশন ব্যবস্থা চালু রাখার জন্য আবেদন ;

—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 728-729

রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ার জন্য দৃষ্টি আকর্ষণ ;

—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 728

লবণহ্রদে জমি বণ্টনের ব্যাপারের উল্লেখ ;

—শ্রীঅতীশ চন্দ্র সিনহা : p. 962

লবনহ্রদে জমি বণ্টনের ব্যাপারে ব্যক্তিগতভাবে ব্যাখ্যার আবেদন ;

—শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : p. 962

শিল্পজগতে দুর্নীতির অভিযোগ :

—শ্রীআবদুস সাত্তার : pp. 962-963

শিক্ষা মন্ত্রীর পদত্যাগের দাবী ;

—শ্রীমানস ভূইঞা : p. 555

শিয়ালদহ ডিভিসনে রেল ব্যবস্থা ভেঙ্গে পড়ার জন্য দৃষ্টি আকর্ষণ ;

—শ্রীসুভাষ বসু : pp. 550-551

শিয়ালদহ ষ্টেশনে ষ্ট্রেচারের ব্যবস্থার আবেদন ;

—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 81

বাঁকুড়া জেলায় বিড়ি শিল্প ;

—শ্রীকাশীনাথ মিশ্র : p. 802

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলাকে দুর্ভিক্ষ পীড়িত বলে গণ্য করার জন্য আবেদন ;

—শ্রীকাশীনাথ মিশ্র : p. 428

বাঁকুড়া সংসদ নামে একটি ভবন নির্মাণ ;
—শ্রীসুভাষ গোস্বামী ; p. 858
বিদ্যালয়ে মাসিক বেতন ;
—শ্রীযোগীলাল মণ্ডল : p. 861
বিরাট টাকার পরিবর্তে মন্ত্রীর পুত্রকে হোটেল মার্কেট করে দেওয়ার অভিযোগ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 799-800
বিষ্ণুপুর রামানন্দ কলেজে ছাত্রপরিষদের ( ই ) নৈরাজ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীঅনিল মুখার্জী : p. 552
বীরভূমের অমল ব্যানার্জী রোডের নাম পরিবর্তনের জন্য দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 550
বীরভূম জেলার মহম্মদ বাজার পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে নাবালিকা অপহরণের অভিযোগ ;
—শ্রীসুনীতি চট্টরাজ ; p. 79
বীরভূমে নারায়ণপুর এবং মাসরা অঞ্চলে রিলিফের ব্যবস্থা ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : pp. 729-730
বেথুয়াদোহরীতে কলেজ প্রতিষ্ঠিত হওয়ার জন্য আবেদন ;
—শ্রীমীর ফকির মহম্মদ : p. 426
ব্রাহ্মনী নদী পারাপারের জন্য নৌকা ও চাষীদের জন্য একটি পাম্পসেটের ব্যবস্থার জন্য অনুরোধ ;
—শ্রীত্রিলোচন মাল ; p. 557
মগরাতে ব্যাঙ্ক ডাকাতি :
—শ্রীঅরুণ কুমার গোস্বামী : pp. 865-866
মডিফায়েড রেশন এলাকায় রেশন সরবরাহ ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 805
মহামান্য কোর্টের রায় দেওয়া সত্বেও কোন শিক্ষক কেন চাকরীতে জয়েন করতে পারছে না তার প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীসমর মুখার্জী : p. 557
মালদহ জেলায় খরা ;
—শ্রীসরকার মুর্মু : pp. 860-861
মালদহ জেলায় খরা ও বন্যার মোকাবিলা ;
—শ্রীফণী ভূষণ রায় : p. 804
মালদহ জেলার চাঁচোল থানার ও. সি.-র অশালীন মন্তব্যের জন্য ব্যবস্থা অবলম্বনের অনুরোধ ;
—শ্রীমহবুবুল হক : pp. 970-972

মালদহ জেলার ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে প্রাথমিক শিক্ষা নিয়োগের ক্ষেত্রে আইন না জানার অভিযোগ ;
—শ্রীযোগীলাল মণ্ডল : p. 969
মালদহ জেলার বন্যায় ২১ জনের মৃত্যুর তদন্তের দাবী ;
শ্রীসমর মুখার্জী : p. 272
মালদহ জেলার মানিকপুর অঞ্চলে গ্রাম পঞ্চায়েত প্রধানের দুর্নীতির প্রতিকারের জন্য আবেদন।
—শ্রীমহবুবুল হক : p. 429
মুর্শিদাবাদ জেলায় অনাহারে মৃত্যু ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 801
বর্ধমানে ক্যানেলের মাধ্যমে চাষের জন্য জল সরবরাহের আবেদন ;
—শ্রীহেমন্ত রায় : p. 272
বাঘাযতীনের মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠান ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 81
বাঘাযতীনের মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠানের আলোচনা ;
—শ্রীযতীন চক্রবর্তী ; pp. 82-83
বারাসতে রবীন্দ্রভবনের প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীসরল দেব : p. 428
বালুরঘাট মেডিকেল স্কুলে ডিগ্রি বর্জিত ব্যক্তি নিয়োগের প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীদ্বিজেন্দ্র নাথ রায় : p. 427
বাঁকুড়া ক্রিশ্চান কলেজ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীঅনিল মুখার্জী ; p. 274
বাঁকুড়া খ্রীষ্টান কলেজের অধ্যক্ষ শ্রীঅমিয় কিসকুকে মারের অভিযোগ ;
—শ্রীআবদুস সাত্তার : pp. 429-430
বাঁকুড়া খ্রীষ্টান কলেজের অধ্যক্ষকে প্রহারের তদন্তের দাবী ;
—শ্রীকাশিনাথ মিশ্র : pp. 274-275
বাঁকুড়া খ্রীষ্টান কলেজে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার দাবী ;
—শ্রীগুনধর মাইতি : p. 275
বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের অধ্যক্ষকে নিয়োগের ক্ষেত্রে তদন্ত ;
—শ্রীসুভাষ গোস্বামী : p. 430
বাঁকুড়া জেলায় খরার জন্য ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীসুভাষ গোস্বামী : p. 729
বাঁকুড়া জেলায় খরার জন্য বিশেষভাবে নজর দেওয়ার আবেদন ;
– শ্রীলাল বিহারী ভট্টাচার্য : p. 429

বাঁকুড়া জেলার দুর্গাপুর হইতে সাঁওতালডিহী ভায়া গঙ্গাকরঘাটী এবং মেজিয়া হইতে শালতোরা রাস্তা সংস্কারের আবেদন ;
—শ্রীনবনী বাউরী : p. 800

বাঁকুড়া জেলার মানবাজার অঞ্চলের লোকেদের কাজের ব্যবস্থা করা ;
—শ্রীসুধাংশু শেখর মাঝি : p. 553

দেবগ্রাম রেল ষ্টেশনের পরে নাগাদী গ্রামে ট্রেন থামিয়ে চিনি-চাল পাচার ;
—শ্রীমীর ফকির মহম্মদ : p. 79

দেবীমথুরাপুর গ্রামে পাট্টা ডিষ্ট্রিবিউসন-এর প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল : p. 424

নদীর উপর ব্রীজ নির্মাণ ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত ; p. 861

নয়াম থানায় ভয়াবহ খরা :
—শ্রীঅনন্ত সোরেন ; p. 858

নদীয়া জেলায় খরার জন্য ত্রাণ মন্ত্রীর কাছে সাহায্যের আবেদন ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত : p. 729

নদীয়া জেলার পলাশী সুগার মিলে আখসরবরাহকারী কৃষকদের দুরবস্থা ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত : p. 801

নদীয়া জেলায় সরস্বতী খালের সংস্কারের দাবী ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত : p. 78

পশ্চিম দিনাজপুর জেলায় খরা।
—শ্রীধীরেন্দ্রনাথ সরকার ; p. 866

পশ্চিম দিনাজপুর জেলায় খরা ;
—শ্রীমোসলেউদ্দিন আহমেদ ; p. 864

পশ্চিম দিনাজপুর জেলায় গ্রাম-পঞ্চায়েতের বিরুদ্ধে আনা অনাস্থা প্রস্তাব-এর প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীধীরেন্দ্র নাথ সরকার : p. 558

পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানায় এক বন্দীর ফাঁসি দেবার জন্য বিচার বিভাগীয় তদন্তের দাবী।
—শ্রীনবকুমার রায় : pp. 271-272

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদে দুর্নীতি ;
—শ্রীশান্তিরাম মাহাতো : pp. 805-806

পশ্চিমবঙ্গে খাদি বোর্ড ;
—শ্রীহুমায়ুন চৌধুরী : p. 866

পশ্চিমবঙ্গের খরাকে জাতীয় বিপর্যয় হিসাবে ভারত সরকারের কাছে তুলে ধরা ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 730-731

পশ্চিম বাংলায় খনিজ তেল ;
— শ্রীসাধন চট্টোপাধ্যায় : p. 802
পশ্চিমবাংলার অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় সরকারী অবসরপ্রাপ্ত কর্মচারীদের ম: ডি. এ. দেবার আবেদন ;
—শ্রীঅনিল মুখার্জী : p. 428
পাম্পসেটের বৈদ্যুতিকরণ ;
—শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : p. 963
পাট্টা বাতিল করণ ;
—শ্রীঅবন্তি মিশ্র : pp. 804-805
প্রাইমারী স্কুলে ম্যানেজিং কমিটি নির্বাচন (M) ;
—শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : p. 862
প্রাথমিক শিক্ষক নিয়োগ ;
—ডাঃ মানস ভুঁইঞা : p. 864
পুরুলিয়া জেলায় খরা কবলিত ;
শ্রীসুভাষচন্দ্র মাহাতো : p. 805
পুরুলিয়া জেলার বরোআমগোড়িয়া রাস্তাটির এ্যাডমিনিষ্ট্রেসনের এ্যাপ্রুভাল পাবার জন্য অনুরোধ ;
—শ্রীশুধাংশু শেখর মাঝি : p. 431
পুরুলিয়া জেলার মানবাজার এবং মেদিনীপুর জেলার তিলপুরে খনিজ দ্রব্য ;
—শ্রীরামপদ মাণ্ডি : p. 799
পুরুলিয়া জেলার পিওরা গ্রাম পঞ্চায়েত প্রধান ভরত নাপিতের বিরুদ্ধে দেড় লক্ষ টাকা তছরূপের অভিযোগ (M) ;
—শ্রীশান্তিরাম মাহাতো : pp. 966-967
পুরুলিয়া বিদ্যালয়ের চাবি ফেরত দেওয়ার দাবি ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 274
পুরুলিয়ায় টুরিষ্ট সেন্টার ;
—শ্রীসুভাষচন্দ্র মাহাতো : p. 860
পেনসন হোল্ডারদের জন্য বাড়তি অর্থ প্রদান ;
—শ্রীশিশির অধিকারী : p. 865
পৌর কর্মচারীদের পূজায় ১ মাসের এক্সগ্রাসিয়া দেওয়ার আবেদন ;
—শ্রীনীরোদ রায় চৌধুরী : p. 965
বজবজ ট্রাঙ্ক রোডকে যানবাহন এবং মানুষ চলাচলের উপযোগী করার আবেদন।
—শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ : p 859
বজবজ মিউনিসিপ্যালিটির বোর্ড ভেঙ্গে দেওয়া এবং নতুন এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের দাবী
—শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ : p. 727

জনবহুল রাস্তার নামকরন ;
—শ্রীকমল সরকার : p. 801
জনৈক মহিলার প্রতি অশালীন ব্যবহার ;
—শ্রীঅবন্তি মিশ্র : pp. 858-859
জয়রামবাটিতে মিশন কর্তৃপক্ষ অন্যায়ভাবে জমি-জায়গা নিয়ে নিচ্ছে ;
—শ্রীগুণধর চৌধুরী : pp. 558-559
জাহেদ সেখকে হত্যার ষড়যন্ত্রকারীদের বিচারের দাবী ;
—শ্রীধীরেন্দ্র লেট : pp. 275-276
টালিগঞ্জ পল্লী উন্নয়ণ সেবা সমিতি ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 863
টি. বি. হাসপাতাল ও স্যানিটোরিয়াম ;
—শ্রীরামপদ মাণ্ডী : p. 857
ট্রেডইউনিয়ন কর্মীদের উপর হামলা করার জন্য ইষ্টার্ণ কোল ফিল্ডের কতিপয় অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করার আবেদন ;
—শ্রীবিকাশ চৌধুরী ; p. 968
ডি. আই. অব স্কুল প্রতিষ্ঠা বন্ধের ব্যবস্থা করার প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীরাইচরণ মাঝি : p. 427
ডিরোজিও, সিদু এবং কানুর স্মৃতি রক্ষার্থে ষ্ট্যাচু থিয়েটার ইনষ্টিটিউসন বা রাস্তার নামকরণ করার জন্য সরকারের নিকট আবেদন ;
—শ্রীবিজয় পাল : p. 966
তাহেরপুর কলোনীতে উপ-স্বাস্থ্য কেন্দ্রটিকে ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রূপান্তরিত করার অনুরোধ ;
—শ্রীসুকুমার মণ্ডল : p. 431
তেহাট থানার ২টি উপস্বাস্থ্য কেন্দ্রের অবস্থা দূর করার জন্য স্বাস্থ্য মন্ত্রীর নিকট আবেদন ;
—শ্রীমাধবেন্দু মহান্ত : p. 967
তোর্ষানদীর ক্যাম রোড ব্রীজটির স্পান বড় করার জন্য অনুরোধ ;
—শ্রীবিমলকান্তি বসু : 556
ত্রাণ ব্যবস্থা জোরদার করার জন্য অনুরোধ ;
—শ্রীজোখীলাল মণ্ডল : p. 429
দাবী-দাওয়ার উপর রিপোর্ট দেওয়ার অনুরোধ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 276
'দি টেলিগ্রাফ পত্রিকার রিপোর্টের ভিত্তিতে মন্ত্রী প্রশান্ত কুমার শূর-এর পদত্যাগের দাবী ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 78-79

দীঘা ষ্টেট জেনারেল হসপিটালটির 'দীঘা অঘোর কামিণী ষ্টেট জেনারেল হসপিটাল নামে নামকরণের দাবী ;
—শ্রীঅবন্তী মিশ্র : pp. 553-554
দীর্ঘদিন যাবৎ প্রচলিত দুর্গাপূজার অনুমোদন হঠাৎ বন্ধ হওয়ার ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ ;
—শ্রীঅশোক ঘোষ : pp. 961-962
কলকাতার রেশন বরাদ্দ হ্রাস করণ ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 803
কলিকাতা চিড়িয়াখানায় প্রদর্শনী ফি ;
—শ্রীদেবশরণ ঘোষ : pp. 861-862
কলিকাতার বিদ্যাসাগর স্ট্রীটে বিদ্যাসাগরের বাড়ীটির মেরামতের অনুরোধ ;
—শ্রীলক্ষীকান্ত দে : p. 80
কাঠের সেতু পাকা করার জন্য অনুরোধ ;
—শ্রীআবদুল মান্নান : p. 550
কামারহাটি ই. এস. আই. হাসপাতালে জেনারেটারের ব্যবস্থা করার জন্য অনুরোধ।
—শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য : p. 555
ক্যালকাটা মেডিকেল কলেজে এক্স রে ফিল্ম মজুত থাকার ব্যবস্থা করণ।
শ্রীদেবসরল ঘোষ : p. 55
কুচবিহার জেলার কিছু ওষুধের দোকানে ভেজাল ওষুধ ধরা পড়েছে—তার তদন্তের আবেদন ;
—শ্রীমতি অপরাজিতা গোপ্পী : p 962
কুলপি অঞ্চলে বাসের সংখ্যা বাড়ানো ;
—শ্রীকৃষ্ণধন হালদার : p. 730
কে. জি. ইঞ্জিনিয়ারিং ইনষ্টিটিউসানের অধ্যক্ষ ঘেরাও ;
—শ্রীসুখেন্দু খাঁ : p. 865
কৃষ্ণনগর সদর হাসপাতালের পাশে মহিলাদের জন্য বাথরুম তৈরী করার জন্য অনুরোধ ;
—শ্রীসাধন চট্টোপাধ্যায় : p. 554
খড়দার বিলকান্দা অঞ্চলে চাষের জন্য পাম্প দিয়ে জল সরবরাহের ব্যবস্থা করা ;
—শ্রীকমল সরকার : p. 728
গড়বেতা কলেজের কর্মচারী যুগল কিশোর সিংহ-এর প্রতি আক্রোশ ;
—শ্রীশুভেন্দু মণ্ডল : pp. 81-82
গাইঘাটা অঞ্চলের শ্রমিকদের কাজ ও আর্থিক সাহায্যের দাবী ;
—শ্রীকমলাক্ষী বিশ্বাস : p. 729
গোঘাট এলাকায় চাষের জন্য কংসাবতী নদী থেকে জল সরবরাহের ব্যবস্থা গ্রহণের আবেদন ;
—শ্রীশিবপ্রসাদ মালিক : p. 427

চন্দননগর-৭১৫ টেলিফোনটি অচল থেকে সচল করার অনুরোধ ;
—শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় : pp. 555-556
২৪-পরগণা জেলায় বৃষ্টির অভাবে চাষ-আবাদ না হওয়ায় ব্যবস্থা নেওয়া ;
—শ্রীপ্রবোধ পুরকাইত : p. 730
২৪-পরগণার হাবড়া, গাইঘাটা. আমডাঙ্গা, দেগঙ্গা এলাকার ক্ষেতমজুরদের সরকার থেকে কাজ ও খাদ্য দেবার জন্য অনুরোধ ;
—শ্রীনীরোদ রায় চৌধুরী : p. 551
২৪-পরগণার হাবড়াকে পূর্ণ রেশনিং এলাকা বলে ঘোষণার দাবী ;
—শ্রীনীরোদ রায় চৌধুরী : p. 425
চাকরী দেওয়ার ব্যাপারে মন্ত্রী প্রশান্ত শূরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 965-966
চাষীদের ঋণ পাবার জন্য আবেদন ;
—শ্রীবলাই বন্দোপাধ্যায় : pp. 272-273
চাঁচোয়া থানায় মূর্তি চুরি ;
—শ্রীমহবুবুল হক : pp. 862-863
চিকিৎসার জন্য কুলতলিতে 'মেডিক্যাল টিম' পাঠানোর আবেদন ;
—শ্রীপ্রবোধ পুরকায়েত : p. 273
চুঁচুড়া শহরের রেশনের দোকানে খাওয়ার অযোগ্য চাল দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 554
ছাতনা থানার শুশমীয়া অঞ্চলে খরা এবং দুর্ভিক্ষ পরিস্থিতির মোকাবিলার ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য মন্ত্রীর নিকট আবেদন ;
—শ্রীসুভাষ গোস্বামী : pp. 967-968
অত্যাচারী পুলিশ অফিসারদের শাস্তি প্রদানের দাবি ;
—শ্রীউপেন কিসকু : p. 430
অসাধু ব্যবসায়ী কর্তৃক গাছ কেটে বিক্রী ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : p. 800
আইন শৃঙ্খলার অবনতির প্রতিকারের দাবি ;
—শ্রীজয়নাল আবেদিন : p. 431
আকাশবাণী, দুরদর্শন সংবাদ পরিবেশনের বিষয়ে বামফ্রন্ট নেতৃবৃন্দের প্রতি বৈষম্য ;
—শ্রীজয়ন্ত বিশ্বাস : p. 804
আব্দুল মাড়োয়ারী বাগানের প্রসূতি সদন তাড়াতাড়ি চালু করার জন্য আবেদন ;
—শ্রীহারাণ হাজরা : p. 554
আরামবাগ মহকুমায় খরা ;

—শ্রীআবদুল মান্নান : p. 861

আলিপুর ব্লক অফিস থেকে সুন্দর অঞ্চলের তপশীলি জাতি ও উপজাতিদের সার্টিফিকেট ঠিক সময়ে দেওয়ার জন্য অনুরোধ ;

—শ্রীসুভাষ নস্কর : p. 558

আসানসোলে গুদামে খাদ্যশস্য নষ্ট ;

—শ্রীবিজয় পাল : p. 862

ইসলামপুর সাব-ডিভিসন এলাকায় সকল স্কুলে দু'তিনজন করে শিক্ষক দেওয়ার জন্য অনুরোধ ;

—শ্রীমহম্মদ বাচ্চা মুন্সী : pp. 556-557

উত্তর ২৪-পরগণা জেলায় খরা ;

—শ্রীনীরোদ রায় চৌধুরী : p. 857

উদয়নারায়ণপুর ও আমতায় চাষের জন্য জল নিষ্কাষনের ব্যবস্থার দাবী ;

—শ্রীশচীন্দ্রনাথ হাজরা : p. 558

উত্তরপাড়া কমিউনিটি হলের মেরামতের প্রয়োজন ;

—শ্রী আবদুল মান্নান : pp. 427-428

উত্তর বাংলার জেলার ক্ষেত মজুরদের শ্রমদিবস তৈরীর অনুরোধ ;

—শ্রীমণীন্দ্রনাথ বর্মণ : p. 274

উত্তর বাংলায় নন-আয়োনাইজড নুনের ব্যবসা বন্ধ করার দাবি ;

—শ্রীবিমল কান্তি বোস : p. 429

উলুবেড়িয়া থেকে গজুমুক পর্যন্ত বাসের সংখ্যা বৃদ্ধির আবেদন ;

—শ্রীরবীন ঘোষ : p. 425

উলুবেড়িয়ার নবগ্রামের হেল্‌থ-সেণ্টারের বেডের সংখ্যা বৃদ্ধির দাবি ;

—শ্রীরবীন্দ্র ঘোষ : pp. 549-550

৩১ নম্বর অশ্বিনী দত্ত রোডে শরৎচন্দ্রের বাড়ীটি শরৎ সমিতির হাতে দেবার জন্য অনুরোধ ;

—ডঃ হৈমী বসু : p. 80

৬১/বি বাসের সংখ্যা ১০টি করার জন্য অনুরোধ ;

—শ্রীরাজকুমার মণ্ডল : pp. 552-553

এক সদস্যের অভিযোগের উত্তরে সত্যরঞ্জন বাপুলীর জবাব ;

—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 970

এশিয়ান গেমস-এর টিকিট পাওয়ার জন্য ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ;

—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 426

'এ্যাডাপ্ট হাই স্কুল'-এর প্রতি দৃষ্টি আকর্ষণ ;

—শ্রীশুভেন্দু মণ্ডল : p. 276

Absorption of Hospital attendants

—Shri Abdul Rauf Ansari : p. 804

Allegation against the Left-Front Government ;
—by Shri Abdur Rauf Ansari : pp. 864-865
Arrangement for godown by J. C. I. storing jute :
—by Shri Abdul Karim Chowdhury : p. 80
Complaint regarding the Penetration into the working of Education Department of Corruption and nepotism ;
—Shri Abdur Rauf Ansari : p. 972
Replace the X-Ray Machine of the Blood Bank ;
—Shri Abdur Rauf Ansari
Request for construction of the boundary wall of the burial ground at Tapsia ;
—by Shri Abdur Rauf Ansari : p. 427
Request to the State Government for help to a national player Mr. S. Anthony ;
—Shri Gyan Singh Sohanpal : pp. 551-552
Supply of essential articles including food has stopped in Kakdwip bazar ;
—Shri Abdur Rauf Ansari : p. 82

**Mir Fakir Md., Shri**

দেবগ্রাম রেল ষ্টেশনের পরে নাগাদী গ্রামে ট্রেণ থামিয়ে চিনি, চাল পাচার (M) ; p. 79
বেথুয়াদোহরীতে কলেজ প্রতিষ্ঠিত হওয়ার জন্য আবেদন (M) ; p. 426

**Mishra, Shri Abanti**

Discussion on Irrigation Budget ; pp. 445-447
জনৈক মহিলার প্রতি অশালীন ব্যবহার (M) : pp. 858-859
দীঘা ষ্টেট জেনারেল হসপিটালটির 'দীঘা অঘোর কামিনী ষ্টেট জেনারেল হসপিটাল' নামে নামকরনের দাবী (M) ; pp. 553-554
পাট্টা বাতিল করণ (M) ; pp. 804-805

**Mishra, Shri Kashinath**

Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1982 : pp. 875-876
Discussion on the Budget of Local Govt. & Urban Development Deptt. ; pp. 185-187
Discussion to the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982 ; p. 150
Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 881-882
Discussion on the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1982 ; p. 1013
Discussion on The West Bengal Panchayat (Amendment) bill, 1982 and the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; pp, 990-992

## INDEX


Discussion on the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982. pp. 139-141

অবসরপ্রাপ্ত পেনসনভোগী কর্মচারী (Q) ; pp. 945-946

এসমা প্রয়োগ (Q) ; p. 528

গঙ্গা, ভাগীরথী ও দামোদরের জল দূষণ (Q) ; p. 715

জয়রামবাটী সারদাশ্রমের জমির জবর দখল (Q) ; p.829

জেলাওয়ারী ব্লক-ইউথ অফিস (Q) ; p. 254

জৈব গ্যাস প্ল্যান্টের সংখ্যা (Q) ; pp. 1087-1088

ঠিকা শ্রমিক (Q) ; pp. 928-929

ডিস-স্পনসর্ড কলেজের সংখ্যা (Q) ; pp. 261-262

তথ্য ও সংস্কৃতি বিভাগের ফিল্ড ওয়ার্কার (Q) ; pp. 225-226

দেশী ও বিলাতী মদের দোকান (Q) ; p. 843

ধর্মঘট ও লক্-আউটে শ্রমদিবস নষ্টের সংখ্যা (Q) pp. 263-264

পর্যটন উন্নয়নে ব্যয় (Q) ; pp 241-242

পরিবেশ দূষণের ফলে রোগের প্রকোপ (Q) ; pp. 715-716

পুলিশ কর্মচারীদের জন্য গৃহনির্মাণ প্রকল্প (Q) ; pp. 843-844

পে কমিশনের সুপারিশ (Q) ; p. 716

বাঁকুড়া খ্রীষ্টান কলেজে অধ্যক্ষকে প্রহারের তদন্তের দাবী (M) ; pp. 274-275

বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের সমস্যা ও উন্নয়ণ ব্যবস্থা (Q) ; pp. 1054-1055

বাঁকুড়া জেলার মৎস্যজীবী (Q) ; p. 789

বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী কৃষি শ্রমিকের সংখ্যা (Q) ; pp. 267-268

বাঁকুড়া জেলায় বিড়ি শিল্প (M) ; 802

বাঁকুড়া জেলার রেশন সামগ্রী বণ্টন (Q) ; p. 53

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলাকে দুর্ভিক্ষ-পীড়িত বলে গণ্য করার জন্য আবেদন: p. 428

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগে অধ্যাপক নিয়োগ (Q) ; pp. 711-712

বার্ণপুর পাম্পিং ঘাট হইতে তীর্থযাত্রী নিখোঁজ (Q) : p. 1056

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে অকৃতকার্যের হার বৃদ্ধি (Q) ; pp. 1055-1056

রাজ্য সরকার পরিচালিত মজুত পুকুরের মৎস্য উৎপাদন (Q) ; p. 1015

রামকৃষ্ণ মিশন পরিচালিত সংস্থাগুলির ব্যয়ভার (Q) ; pp. 712-713

সমুদ্রাঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদন (Q) ; pp. 714-715

সংস্কৃত টোল (Q) ; pp. 781-783

স্বাধীনতা সংগ্রামীদের জন্য পেনসন (Q) ; pp. 713-714

সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল (Q) pp. 1150-1151

সিমেণ্ট সরবরাহ (Q) ; p. 767
সিনেমা হল বৃদ্ধির পরিকল্পনা (Q) ; pp. 705-706
সেবা সংস্থার উপর নিষেধাজ্ঞা জারি (Q) ; pp. 783-784
১ : ১ হারে প্রমোশন (Q) ; p. 265

**Mitra, Shri Somendra Nath :**

Closure in the Hindusthan Pilkington Glass Factory (Q) ; p. 830
Duty hours of Jute Mill workers ; pp. 915-916
Follow up of complaint by M. L. A. (Q) ; pp. 535-536
Government and Private Blood Bank (Q) ; p. 416
Import of Cement (Q) : pp. 775-776
Increase in Property Tax arreas (Q) ; p. 59
New Power Projects under Central Sector (Q) ; p. 1103
Per Capita availability of fluid milk (Q) : p. 953
Posts of State Judicial Services (Q) : p. 1102
Selection of Professor of Industrial Finance in Calcutta University (Q) : p. 1103
Syllabus of History for Classes VI, VII and VIII (Q) ; pp. 790-791
Two year pass course followed by one year honours course (Q) ; pp. 1102-1103

**Mohanta, Shri Madhabendu :**

আখ চাষী সরবরাহকৃত আখের দাম (Q) ; pp. 1165-1166
চন্দ্রকান্ত বসু অনাথ শিশু আশ্রম (Q) ; pp. 770-771
তেহাট থানার ২টি উপস্বাস্থ্য কেন্দ্রের অব্যবস্থা দূর করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর নিকট আবেদন (M), p. 967
তেহট্টে কাগজের পোষ্ট বোর্ডে কারখানা নির্মাণ (Q) ; p. 835
নদীর উপর ব্রীজ নির্মাণ (M) ; p. 861
নদীয়া জেলার তেহট্টতে জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণ (Q) ; p. 1166
নদীয়া জেলার সরস্বতী খালের সংস্কারের দাবী (M) p. 78
নদীয়া জেলায় খরার জন্য ত্রাণমন্ত্রীর কাছে সাহায্যের আবেদন (M) ; p. 729
নদীয়া জেলার পলাশী সুগার মিলে আখ সরবরাহকারী কৃষকদের দুরবস্থা (M) p. 801
প্রাইমারী মার্কেটিং সোসাইটি (Q) ; pp. 1166-1167
বিধবাভাতা বাবত ব্যয় (Q) ; pp. 1027-1028

**Majumder, Shri Hemen :**

Discussion on Information and cultural Affairs ; pp. 353-354

**Molla, Shri Anadi :**

মেদিনীপুর জেলার গোয়ালতোড় এলাকায় সমাজ-বিরোধীদের হাত থেকে গরীব পাট্টা কৃষকদের রক্ষা করার অনুরোধ (M) ; pp. 431-432

**Mandal, Shri Ganesh Chandra :**

Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 886-887

গোসাবা থানায় ডাকাতি ও বন্দুক ছিনতাই (Q) ; pp. 1162-1163

বিজয়নগর আদর্শ বিদ্যাপীঠের তফশিলী ছাত্রীদের জন্য ছাত্রীনিবাস (Q) ; p. 920

মধু সংগ্রহের পরিমাণ (Q) ; pp. 1162

মোল্লাখালিতে পুলিশ ফাঁড়ি (Q) : p. 1156

সজনেখালিতে পর্যটন নিবাস (Q) ; p. 828

২৪-পরগণা জেলার গোসাবা ব্লকে পানীয় জল সরবরাহ (Q) ; pp. 1152-1153

**Mondal, Shri Jokhilal :**

Discussion on the Public Library Bill ; p. 900-901

Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ; pp. 887-888

**Mondal, Shri Raj Kumar :**

Discussion on the budget of Labour Deptt. : pp. 588-589

জীর্ণ বাসুদেবপুর সেতু নির্মাণ (Q) ; p. 1157

৮১/বি বাসের সংখ্যা ১০টি করার জন্য অনুরোধ (M) ; p. 552-553

**Mondal, Shri Sasaka Sekhar :**

Discussion on the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 ; pp. 821-822

Discussion on the Budget of Irrigation Deptt. ; pp. 454-456

Discussion on the West Bengal Seheduled Castes and Seheduled Tribes (Amendmend) Bill, 1982 ; pp. 734-735

কর্মসংস্থান কার্যালয় হইতে নিয়োগকারীদের নিকট বেকারদের নাম প্রেরণ নীতি (Q) p. 719

খাদ্যশস্য মজুত ও সরবরাহে অব্যবস্থা (Q) ; p. 66

খেলার মাঠ উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ (Q) ; pp. 1093-1094

প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষকদের তিন কিস্তি মহার্ঘভাতা (Q) ; pp. 695-696

বীরভূমে নারায়ণপুর এবং বাসরা অঞ্চলে রিলিফের ব্যবস্থা (M) ; pp. 729-730

রামপুরহাট উচ্চ বিদ্যালয়ে পরিচালনা সমিতির মামলা (Q) ; p. 1094

রামপুরহাটে তুরুকদিঘি স্বাস্থ্যকেন্দ্র (Q) ; p. 1093
রামপুরহাট থানার স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসা (Q) ; p. 414
রামপুরহাট মহকুমায় রবীন্দ্রসদন (Q) ; p. 238
রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধির প্রস্তাব (Q) ; p. 926
রামপুরহাট হাসপাতালে ই, এন, টি বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক (Q) ; pp. 719-720
সরকারী কৃষি খামারে দৈনিক মজুরীর হার (Q) ; p. 269
হাসপাতাল অধিগ্রহণ করণ ; p. 813

**Moslehuddin Ahmed, Shri :**

পশ্চিম দিনাজপুর জেলায় খরা (M) ; p. 864
পশ্চিম দিনাজপুর জেলায় তন্তুজীবী সোসাইটি (Q) ; p. 847
পশ্চিম দিনাজপুরে গঙ্গারামপুর বাসষ্ট্যাণ্ড করার পরিকল্পনা (Q) ; p. 720

**Motahar Hossain, Dr.**

Suppression of Universities by Government (Q) ; pp. 1140-1141
Usual Qualification for the Post of College Principal (Q) pp. 1023-1024
উত্তরবঙ্গ ও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি বিভাগ (Q) ; pp. 1075-1076
কলিকাতার মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি চিকিৎসা বিভাগ (Q) ; p. 717
জাজিগ্রামে উপস্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর (Q) ; p. 929
বীরভূম জেলার পলসা গ্রামে যক্ষা হাসপাতালে বহির্বিভাগ (Q) ; p. 1097
বীরভূম জেলার মুরারই-এ নতুন যক্ষা হাসপাতাল (Q) ; p. 1096
বীরভূম জেলায় সেচকার্যে ব্যবহৃত নদীর জল ; p. 242
মুরারই কেন্দ্রে বৈদ্যুতিকরণ (Q) ; pp. 536-537
মুরারই গ্রামীন হাসপাতাল (Q) ; pp. 1096-1097
যৌন ব্যধি প্রতিরোধ ব্যবস্থা (Q) ; p. 408
Motion under Rule 185 Regarding rationing system in Calcutta ;
—Shri Deba Prasad Sarkar : pp. 1183-1184
Motion under Rule 185 Regarding Jute Industries and its difficulties ;
—Shri Kamal Sarkar : pp. 1193-1194
Motion under rule 185 regarding brutal killings in Beirut ;
—Shri Sachin Sen ; pp. 83-84
Motion under Rule 185 regarding drought situatton in West Bengal ;
—Shri Sumanta Kumar Hira : 1204-1206

**Mr. Chairman :**

Motion under Rule 185 Regarding drought situation in West Bengal : p. 1207-1208

**Mr. Speaker :**

Presentation of the Twelfth Reports of the Business Advisory Committee pp. 890-892

*Reply Regarding the Competence of the House to legislate on the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982 ; pp. 806-808*

১২শ *Report of the Business Advisory Committee ;* P.P. ৪৭০-৪৭২

***Mukherjee, Sri Amritendu :***

Presentation of the Budget of Dairy Dev. Deptt. pp. : pp. 363-383

Reply on the Budget of Dairy Department Development ; pp. 392-396

**Mukherjee, Shri Anil :**

Discussion on the Motion Under Rule 185 ; pp. 1199-1200

Discussion on the Motion Under Rule 185 ; pp. 1216-1218

Discussion on Social Security and Welfare Budget ; pp. 618

Discussion on the West Bengal Entertainment-cum-Amendment Tax Bil 1982 ; pp. 324

Discussion on the West Bengal Taxation (Amendment) Bill, 1982 ; pp 142-144

Land acquired by the W. B. I. I. D. Corporation for Industrial Growt Centres (Q) : pp. 1095-1096

Point of information ; p. 1204

উর্দু একাডেমি (Q) ; p. 696

কেন্দ্রীয় সিল্ক বোর্ডে রাজ্যের প্রতিনিধি (Q) ; pp. 245-246

নন-ফরমাল বিদ্যালয়ের সংখ্যা (Q) ; pp. 1117-1118

পশ্চিমবাংলার অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় সরকারী অবসরপ্রাপ্ত কর্মচারীদে মত ডি. এ. দেবার জন্য আবেদন (M) ; p. 428

বাঁকুড়া ক্রিশ্চান কলেজ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ (M) ; p. 274

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন (Q) ; pp. 1094-1095

বিষ্ণুপুর রামানন্দ কলেজে ছাত্রপরিষদের ( ই ) নৈরাজ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ (M) ; p. 5

ম্যালেরিয়া প্রতিরোধ (Q) ; P. 720-721

মেদিনীপুর জেলার বিশ্ববিদ্যালয়টির জন্য আর্থিক সাহায্য (Q) ; p. 1118

শিল্পসংস্থা অধিগ্রহণ (Q) ; pp. 1019-1020

শিশুপুষ্টি প্রকল্প (Q) ; p. 1119

সরকারী আবাসন গৃহ (Q) ; pp. 848-849

স্টেট ওয়াটার বোর্ড গঠন (Q) ; p. 57

**Mukherjee, Shri Bamapada :**

Discussion on the budget of Labour Deparment ; pp. 583-586

আসানসোল বিদ্যুৎ কোম্পানী (Q) ; p. 1134
আসানসোল মহকুমায় ফিডার রোড মেরামত (Q) ; p. 1134
আসানসোল মহকুমায় বনাঞ্চল (Q) p. 1148
আসানসোল-বার্ণপুর রুটে বাস ও মিনিবাস চলাচল (Q) ; pp. 1147-1148
আসানসোলে রবীন্দ্র ভবন (Q) ; p. 835
কল্যাণপুর আবাসন পর্ষদের জমি বিক্রয় (Q) ; p. 1135
দুর্গাপুর শ্রম আধিকারিক কার্যালয় (Q) ; p. 925
সিলিকেট এবং রিফ্র্যাক্টরীজ শিল্পে ন্যূনতম বেতন (Q) ; p. 849

**Mukherjee, Shri Bhabani :**

Discussion on the Budget of Health & Family Welfare Deptt ; pp. 506-508

**Mukherjee, Shri Joykesh :**

ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট সার্ভিস স্কীম (Q) ; p 62
পশ্চিমবঙ্গে কয়েদীর সংখ্যা (Q) ; pp. 1028-1029
লিলুয়া ষ্টেশনে লেবেল ক্রসিং-এর জন্য পারাপারের অসুবিধা (Q) ; p. 771

**Mukherjee, Shri Niranjan :**

পৌরসভা পরিচালিত প্রাথমিক স্কুলগুলিকে সরকারী পরিচালনাধীন করার পরিকল্পনা (Q) ; p. 1173
পৌরসভা পরিচালিত হাসপাতাল ও প্রসূতিসদন (Q) ; p. 942

**Mukherjee, Shri Rabin :**

Presentation of the West Bengal Motor Vehicles Tax (Amendment), Bill—1982 ; pp. 748-749
Reply on the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill—1982 ; pp. 751-752

**Mukherjee, Shri Samar :**

Discussion on the Budget of Irrigation Deptt. ; pp 447-448
Discussion on the Budget of Social Security and Welfare Deptt. ; p. 613
Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill—1982 ; pp. 674-675
Vacant Posts of Judicial Officers (Q) ; p. 711
মহামান্য কোর্টের রায় দেওয়া সত্ত্বেও ৫৭ জন শিক্ষক কেন চাকরিতে জয়েন করতে পারবে না তার প্রতি দৃষ্টি আকর্ষণ, (M) ; p. 557
মালদহ জেলায় বন্যায় ২১ জনের মৃত্যুর তদন্তের দাবী (M) ; p. 272
রাজ্যের আদালতের কাজকর্মে বাঙলা ভাষা ব্যবহার (Q) ; p. 260

**Mukherjee, Sri Subrata :**

Ajoy Basu's report regarding charges of Corruption against some tabulators of Calcutta University (Q) ; pp. 1082-1083

Committee for Transport of Goods (Q) ; pp. 265-266

Discussion on the budget of Labour Department ; pp. 565-572

Discussion on the Budget of Information and Cultural Affairs Deptt. pp. 337-347

Discussion on the motion under rul 185 regarding Brutal killings in Beirut pp. 85-86

Discussion on the West Bengal Entertainment-Cum-Amusement Ta Bill 1982 ; pp. 320-322

Haldia Petro-Chemical Complex (Q) ; pp. 236-237

Non-utilisation on Central Grant meant for helping brilliant Students (Q) pp. 693-694

Number of murders in the state (Q) ; p. 1075

Number of trams and buses plying in Calcutta (Q) ; pp. 755-756

Report Regarding murder of Smt. Barnali Dutta (Q) ; p. 407

Setting up of industries in other States (Q) ; pp. 244-245

Sick and closed Jute Mills (Q) ; pp. 1130-1131

অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা (Q) ; pp. 1099-1100

কলাইঘাটা ১ নং নদীসেচ প্রকল্প হইতে অনিয়মিত জল সরবরাহ (Q) ; pp. 758-759

কেন্দ্রীয় সরকারের আর্থিক অনুদানের হিসাব (Q) ; p. 1083

কেন্দ্রীয় সাহায্য ফেরৎ (Q) p. 1184

কোলকাতার রেশন বরাদ্দ হ্রাস কারণ (M) ; p. 803

গরু কেনার জন্য কেন্দ্রীয় অনুদান (Q) ; p. 1084

জলপাড়া শাখায় রিক্সা পুলার সমবায় সমিতি (Q) ; p. 788

দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুধের উৎপাদন ও যোগান (Q) ; pp. 1073-1074

পাণ্ডুয়া ইঞ্জিনিয়ার্স সমবায় (Q) ; p. 845

বড়বাজার এলাকায় পৌর অফিসারের বিরুদ্ধে অভিযোগ (Q) ; p. 846

বিদ্যুত উপদেষ্টা কমিটির বৈঠক (Q) ; p. 1083

লোড শেডিং (Q) ; p. 535

শহর উন্নয়ন বাবত কেন্দ্র থেকে অর্থ সাহায্য (Q) ; p.758

সহ-সচিব ও উপ-সচিবদের বেতন বৈষম্য (Q) ; pp. 1168-1169

হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের অনাদায়ী ঋণ (Q) ; p. 913

হোমিওপ্যাথি চিকিৎসা উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ (Q) ; pp. 787-788

হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসার (Q) ; p. 948

**Mukhopadhyay, Dr. Ambarish :**

Presentation of the Mayo Hospital Acquisition Bill, 1982 ; pp. 810-811

Presentation of the Ramrikdas Haralalka Hospital Acquisition Bill, 1982 ; pp. 808-809

Presentation of the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 ; pp. 811-813

Reply of the Ramrikdas Haralalka Hospital Acquisition Bill, 1982, the Niramoy Group of Institution Acquisition bill and the Mayo Hospital Acquisition Bill, 1982 ; pp. 815-818

Reply on the the Budget of discussion on Health Deptt. ; pp. 513-519

Reply on the Public Health, & Family Welfare Budget ; pp. 466-487

Statement regarding the delay in opening of 50 beds in Tuberculosis Ward in N. R. S. Medical College and Hospital ; p. 1180

Statement on the subject of Critical condition of patients in Burdwan Medical College and Hospital ; p. 1181

**Mukhopadhyay, Shri Amritendu :**

Statement on Calling Attention regarding irregular supply of milk from Government Dairy Farm ; pp. 1178-1179

**Munshi, Shri Mahammad Bacha :**

ইসলামপুর সাব ডিভিসন এলাকায় সকল স্কুলে চুক্তিনজন করে শিক্ষক দেওয়ার জন্য অনুরোধ (M) ; pp. 556-557

**Murmu, Shri Sarkar :**

মালদহ জেলায় খরা (M) ; pp. 860-861

**Naskar, Shri Subhas :**

Discussion on the Budget of Dairy Development Deptt. ; pp. 390-391

Discussion on the Budget of Social Security and Welfare Deptt. ; pp. 614-615

Discussion on the West Bengal Land holding Revenue (Amendment) Bill, 1982 ; pp. 1008-1011

ক্যানিংপুর ব্লক অফিস থেকে সুন্দরবন অঞ্চলের তপশীলি জাতি ও উপজাতিদের সার্টিফিকেট ঠিক সময়ে দেওয়ার জন্য অনুরোধ (M) ; p. 558

সুন্দরবন উন্নয়ন পর্ষদের বয়স্ক শিক্ষাকেন্দ্রের সাধারণ শিক্ষকদের স্থায়ী কর্ম সংস্থানের ব্যবস্থা করার জন্য অনুরোধ ; p.432

**Neogi, Shri Brajo Gopal :**

খরাপীড়িত গ্রামাঞ্চলে সাহায্য (Q) ; pp. 836-837

পশ্চিমবঙ্গে লাইসেন্সপ্রাপ্ত হার্সকিং মিল (Q) : p. 70

বিভিন্ন জেলায় হাসপাতালে ডাক্তার ও নার্সের শূন্যপদ (Q) ; p. 420

**Shri Sumanta Kumar Hira :**

Notice of a motion under Rule 185 Regarding drought situation in West Bengal ; pp. 1226-1227
by Shri Sumanta Kumar Hira

**Nurul Islam Chowdhury, Shri and Sheikh Imajuddin, Shri :**

দেশী ও বিদেশী মদের লাইসেন্স (Q) ; pp. 1164-1165

ফৌজদারী আদালত স্থাপন (Q) ; p.1119

বেলডাঙ্গায় খাদ্যো-ইণ্ডাস্ট্রিজ এর মাধ্যমে ট্রেনিং (Q) ; p. 239

মুর্শিদাবাদ জেলার বেলডাঙায় নতুন হাসপাতাল ও মাতৃসদন (Q) ; p 1119

মুর্শিদাবাদ জেলায় হাঙ্গামা দমনে সর্বদলীয় সভা (Q) ; p.1120

সরকারী হাসপাতালে পথ্য বাবদ ব্যয় (Q) : p. 420

সুন্দরবনে রয়াল বেঙ্গল টাইগার এর সংখ্যা (Q) ; p.1165

**O'Brien, Shri Neil Aloysius :**

Revision of Code of Regulations for European (now Anglo-Indian) Schools (Q) ; p. 700

**Oraon, Shri Subodh :**

বিনামূল্যে মাছের পোনা বিতরণ (Q) ; pp. 403-404

মাছ ধরার ট্রলার ; p. 912

**Paik, Shri Sunirmal :**

মেদিনীপুর জেলায় পেজুরির এ. আই. এর অফিসারের অপসারণের দাবী ; pp. 79-80

**Panda, Shri Bhupal :**

Discussion on the West Bengal Appropriation (No. 2) Bill 1982 : pp. 667-668

**Pathak, Shri Patit Paban :**

Amendment to the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982, pp. 149-150

**Pathak, Shri Patit Paban, Sheikh Imajuddin, Shri and Kazi Hafizur Rahaman, Shri :**

বিধানসভা চালানো বাবত ব্যয় (Q) ; p. 1176

**Pal Shri Bijoy :**

আসানসোলে গুদামে খাদ্যশস্য নষ্ট (M) ; p. 862

ডিরোজিও, সিধু এবং কানুর স্মৃতি রক্ষার্থে ষ্ট্যাচু, থিয়েটার, ইনষ্টিটিউসন বা রাস্তার নামকরণ করার জন্য সরকারের নিকট আবেদন (M) : p. 966

Personal Explanations ;

—Shri Prasanta Kumar Sur : pp. 1-3

**Phodikar, Shri Prabhash Chandra :**

Reply on the Budget of Information and Cultural Affairs Deptt. ; pp. 355-359

Presentation of the Budget of Information and Cultural Affairs Deptt. ; pp-332-337

Point of information ;

—Shri Anil Mukherjee : p. 1204

Point of information reg non-paying of salary to the teachers

—Shri Nerode Roy Chowdhury ; p. 1203

**Point of Order**

Reply Regarding the Competence of the House to legislate on the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill, 1982 ;

—Mr. Speaker : pp. 806-808

**Pradhan, Shri Prasanta Kumar :**

Discussion on The West Bengal Panchayat (Amendment) bill, 1982 and The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1982 ; pp. 992-993

**Pramanik, Shri Abinash**

Discussion on the Budget of Irrigation Deptt. ; pp. 460-462

মৎস্যজীবীদের মধ্যে খাস জলকর বণ্টনের ব্যবস্থা (Q) ; p. 922

হুগলী জেলার বলাগড়ে যে রোগ দেখা দিয়েছে তার প্রতিকারের ব্যবস্থার জন্য অনুরোধ (M) ; pp. 557-558

Presentation the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982 ;

—Shri Kamal Kanti Guha : p. 820

Presentation of the City Civil Court (Amendment) Bill, 1982 ;
—Shri Syed Abul Mansur Habibullah : pp. 818-819

Presentation and passing the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982 ;
—Shri Sankar Gupta ; p. 903

Presentation of the Mayo Hospital Acquisition Bill, 1982 ;
—Dr. Ambarish Mukhopadhyay : pp. 810-811

Presentation of the Ramrikdas Harlalka Hospital Acquisition Bill, 1982 ;
—Dr. Ambarish Mukhopadhyay ; pp. 808-809

Presentation of the Upendranath Mukherjee Memorial Hospital Acquisition Bill, 1982 ;
—Dr. Ambarish Mukhopadhyay ; pp. 811-813

Presentation of The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 ;
—Shri Kanti Chandra Biswas : p. 880

Presentation of the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1982 ;
—Shri Syed Abul Mansur Habibullah : pp. 819-820

Presentation of the West Bengal Land Holding Revenue (Amendment) Bill, 1982 ;
—Shri Sunil Kumar Majumdar ; p. 1013

Presentation of The West Bengal Municipal (Amendment) Bill, 1982 ;
—Shri Prasanta Kumar Sur ; pp. 867-868

Presentation of The West Bengal Public Libraries (Amendment) Bill, 1982 ;
Smt. Chhaya Bera ; p. 892

**Purkait, Shri Prabodh :**

Discussion on the Bidhan Chandra Krishi Vidwavidyalaya (Amendment) Bill, 1982 ; pp. 822-823

Discussion on the Motion Under Rule 185 ; pp. 1212-1214

Discussion on the Budget of Public Works (Roads & Bridges) Deptt. ; pp. 117-119

Discussion on the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982 ; pp. 743-744

চিকিৎসার জন্য কুলগুলিতে 'মেডিক্যাল টিম' পাঠানোর আবেদন (M) ; p. 273

২৪-পরগণা জেলায় বৃষ্টির অভাবে চাষ আবাদ না হওয়ার ব্যবস্থা নেওয়া (M) ; p. 730

সংবাদপত্র ও সাংবাদিকদের উপর বিধিনিষেধ আরোপের নিন্দা (M) ; p. 428

**Quazi Abdul Gaffar, Shri :**
Discussion on the Budget of Welfare Department ; pp. 595-598

**Question**

Absenteeism in the Belgachia Milk Dairy ;
—Shri Anup Kumar Chanda : p. 1107
Activities of the R. S. S. in Kaliachak P. S. ;
—Shri Humayoun Chowdhury : p. 1111
Ajoy Basu's report regarding charges of corruption against some tabulators of Calcutta University :
—Shri Subrata Mukherjee : pp. 1082
Amount sanctioned for different departments ;
—Abdul Karim Chowdhury, Shri : pp. 1112-1113
Annual Plant Load Factor of D.P.L. ;
—Dr. Sisir Bose : p. 840
Annual Plant load factor of Power Plants ;
—Dr. Sisir Bose : pp. 1153-1154
Bank Dacoities :
- Shri Gyan Singh Sohanpal, Misra, Shri Kashinath, Roy, Shri Tarak Bandhu, Bapuli, Shri Satya Ranjan and Sarkar, Shri Deba Prasad ; pp. 786-787
Bankim Award Committee ;
—Dr. Sisir Bose : p. 790
Bridge on the river Pagla in the Malda District ;
—Shri Humayoun Chowdhury : pp. 1109-1110
Collection of funds for cultural purposes in Islampur Girls' High School ;
—শ্রী আবদুল করিম চৌধুরী : p. 699
Case of Misbehaviour with the Staff Nurses by the Public in the State Hospital and Public Health Centres ;
—Shri Dhirendra Nath Sen : p. 934
Cases of Misbehaviour with the Staff Nurses by the Public in the State Hospital and Public Health Centres ;
—Shri Dhirendra Nath Sarkar : p. 941
Ceramic Industrial Estates ;
—Shri Abdul Mannan : p. 1132
Central help for S. C. and S. T. Student ;
—Shri Dinesh Chandra Dakua ; pp. 402-403
Central request for Acquisition of Land for Farakka Power Project ;
—Shri Humayoun Chowdhury ; p. 1017
Central Trade Unions in West Bengal :
—Shri Abdul Mannan ; p. 405

Closed Jute Mills ;
—Shri Atish Chandra Sinha : p. 1113
Closure in the Hindusthan Pilkington Glass Factory ;
—Shri Somendra Nath Mitra : p. 830
Collection of money by Non-Banking Financial Institutions ;
—Shri Abdul Mannan : p. 1133
College Service Commission ;
—Dr. Kiran Chowdhury : p. 952
*Commissioning of Unit of Bandel Thermal Power Station ;*
—*Shri* Abdul Mannan : p. *1133*
*Committee* for Transport of Goods ;
—*Shri Subrata* Mukherjee : p. *266*
Constitution of the Senate of the Calcutta University ;
—Shri Abdul Mannan : pp. 1145-1146
Construction of the link road between Sujapur and Mothabari in Malda
—Shri Humayoun Chowdhury : p. 1110
Development of Islampur Subdivision ;
—Abdul Karim Chowdhury, Shri : p. 1156
Demand for Jute Products ;
—Shri Anup Kumar Chandra : pp 832-833
Demonstration in thc office chamber of Principal R. G. Kar Medi College ;
—Shri Abdul Mannan : p. 930
Diversion of plan allocation to non-plan expenditure ;
—Shri Humayoun Chowdhury ; p. 1111
Division of West Dinajpur District ;
—Abdul Karim Chowdhury, Shri : pp. 1155-1156
Emoluments of full time Lectures and Readers in West Bengal Service
—ডাঃ শিশির বোস : p. 927-928
Entry fee for Zoological Garden ;
—Shri Abdul Mannan : p. 1132
Equipments allotted to the North Bengal Medical College and Hosp under the Scheme for Prevention of Blindness ;
—Dr. Hoimi Basu ; p. 932-933
E. S. I. Hospital at Haldia ;
—Shri Lakshman Chandra Seth : p. 407
Extension of I. T. I at Haldia ;
—Shri Lakshman Chandra Seth : p. 923
Factual assessment of Madrasahs ;
—Shri Humayoun Chowdhury : pp. 1111-1112
Fall in the prices of Silk thread in Malda ;
—Shri Humayoun Chowdhury : pp. 1110-1111

Financial assistance by World Bank for development of transport system ;
—Shri Prafulla Kanti Ghosh : p. 954
Financial assistance for Second Hooghly Bridge Project ;
—শ্রীঅনুপকুমার চন্দ্র : pp. 768
Financial assistance to colleges for purchase of Generators ;
—Dr. Kiran Choudhuri : p. 1099
Flood-Prone area ;
—Shri Habibur Rahaman : p. 242
Follow up of complaint by M.L.A.
—Shri Somendra Nath Mitra : pp. 535-536
Formation of armbattalion to help corporation authorities ;
—Shri Abdul Mannan : pp. 1131-1132
Funds for re-opening in sick and closed Industries ;
—Shri Dhirendra Nath Sarkar : p. 834
Government and Private Blood Bank ;
—Shri Somen Mitra : p. 416
Grievances against different Employment Exchanges ;
—Shri Dinesh Chandra Dakua : pp. 1092-1093
Haldia Petro-Chemical Complex ;
—Shri Subrata Mukherjee · pp. 236-237
Hamidpur Subsidiary Health Centre ;
—Shri Humayoun Chowdhury : p. 418
Import of Cement ;
—Shri Somendra Nath Mitra ; pp. 775-776
Incomplete constitution of West Bengal Board of Secondary Education :
—Shri Abdul Mannan : pp. 1025-1026
Increase in price of paddy and rice ;
—Shri Abdul Mannan : p. 759-760
Increase in property Tax arrears ;
—Shri Somendra Nath Mitra : p. 59
Industrial dispute in Messers Eastern Biscuits at Durgapur ;
—Shri Humayoun Chowdhury : p. 918-919
Industrial Housing Scheme at Haldia ;
—Shri Lakshman Chandra Seth ; p. 1126
Land acquired by the W.B.I.I.D. Corporation for Industrial Growth Centres ;
—Shri Anil Mukherjee : pp. 1095-1096
Legal Advisory Committee ;
—Shri Lakshman Chandra Seth : p. 1152
Letter of the intent obtained by M/s Hindusthan Development Corporation Ltd. ;
—Shri Abdul Mannan : P. 1108

Loans disbursement for LIG and MIG flats ;
—Shri Dhirendra Nath Sarkar : pp. 1128-1129
Loans for Transport Sector ;
—Shri Abdul Rauf Ansari : pp. 774-775
Master Plan for the development of Haldia ;
—Shri Lakshman Chandra Seth : p. 1126-1127
MIG and LIG flats ;
—Shri Prafulla Kanti Ghosh : p. 846
Misappropriation of Cement meant for C.M.D.A. Project ;
—Shri Anup Kumar Chandra : p. 59
New hospital at Kharagpur ;
—Shri Gyan Singh Sohanpal : pp. 411-412
New Power Projects under Central Sector ;
—Shri Somendra Nath Mitra : p. 1103
Non-utilisation on Central Grant meant for helping brilliant Students ;
—Shri Subrata Mukherjee : pp. 693-694
Number of lecturers in different Medical Colleges ;
—Shri Dr. Sisir Bose : pp. 414-415
Number of murders in the state ;
—Subrata Mukherjee : p. 1075
Number of posts of Principal of different Colleges in Calcutta ;
—Dr. Kiran Choudhuri : P. 1097
Number of trams and buses plying in Calcutta ;
—শ্রীসুব্রত মুখার্জী : pp. 755-756
Office of Registrar at Malda ;
—Shri Jokhilal Mondal : pp. 844-845
Office of the Deputy Labour Commissioner ;
—Shri Abdul Mannan : pp. 1107-1108
Pollution of environment of Calcutta ;
—Shri Birendra Narayan Roy : pp. 397-398
Pay Scales for Medical Teachers ;
—Shri Abdur Rauf Ansari : pp. 416-417
Per Capita availability of fluid milk ;
—Shri Somendra Nath Mitra ; p. 953
Permits for Public Carrier (Goods) vehicles ;
—Shri Mahbubul Haque : PP. 776-777
Posts of State Judicial Services :
—Shri Somendra Nath Mitra : p. 1102
Power Generation ;
—Shri Gyan Singh Sohanpal : pp. 532-534
Principle of recruitment of non-teaching Staff ;
—Shri Dinesh Chandra Dakua : p. 952

Procedure for Appointment of Head of the Department of Economic in Calcutta University ;
—Shri Anup Kumar Chandra : pp. 1016-1017

Procedure of selling of plots at Salt lake ;
—Shri Prafulla Kanti Ghosh : p. 954-955

Promotional opportunities for Engineers ;
—Shri Abdur Rauf Ansari : pp. 1103-1104

Proposal of 'National Minimum Wages' ;
—Shri Abdul Mannan : pp. 1021-1022

Recommendations regarding advertisements in Small and Medium news-papers :
—Shri Mahabubul Haque : pp. 831-832

Registered Fleet Strength of CSTC ;
—Shri Gyan Singh Sohanpal : pp. 257-258

Report Regarding murder of Smt. Barnali Dutta ;
—Shri Subrata Mukherjee : p. 407

Research degree holder teachers in Schools ;
—Dr. Kiran Chaudhuri : p. 696

Revision of Code of Regulations for European (now Anglo-Indian) Schools;
—Shri Neil Aloysius O'Brien : p. 700

Revision of Medical Curriculum in the M.B.B.S. Course ;
—Dr. Sisir Bose : p. 1096

Scarcity of blood ;
—Shri Anup Kumar Chandra : p. 417

Second Hooghly River Bridge ;
—Shri Atish Chandra Sinha : p. 63

Selection of Professor of Industrial Finance in Calcutta University ;
—Shri Somendra Nath Mitra : p. 1103

Selling of cement at higher price ;
—Shri Mahbubul Haque : p. 67

Setting up of industries in other States ;
—Shri Subrata Mukherjee : pp. 244-245

Separate Subdivision for Haldia ;
—Shri Lakshman Seth : p. 543

Sick and closed Jute Mills ;
—Shri Subrata Mukherjee : pp. 1130-1131

Special Employment Programme ;
—Shri Habibur Rahaman : p. 537

Spurt in food adulteration and spurious drugs ;
—Shri Abdul Mannan : p. 1109

State Government's own bank ;
—Shri Dhirendra Nath Sarkar : pp. 538-539

State Town and Country Planning Advisory Board ;
—Shri Dinesh Chandra Dakua : pp. 531-532
Stipend for pre-matric Seheduled Castes and Scheduled Tribes Student ;
*—Shri Dinesh Chandra Dakua : pp. 268-269*
Suppression of Universities by Government ;
*—Dr. Motahar Hossain : pp. 1140-1141*
*Syllabus for senior Madrasahs ;*
*—Shri Mahbubul Haque : pp. 791-792*
Syllabus of History for Classes VI, VII and VIII ;
—Shri Somendra Nath Mitra : pp. 790-791
Taking over the management of C.T.C. Ltd.
—Shri Prafulla Kanti Ghosh : p. 1104
Task Force for Power Projects ;
—Shri Anup Knmar Chandra : p. 538
Tax dues from the owners of the big multi-storeyed buildings ;
—Shri Abdul Rauf Ansari : pp. 1105-1106
The newly drawn up statutes of the Calcutta University ;
—Shri Abdul Mannan : p. 1145
Tickets of Asian Games ;
—Shri Manas Bhunia : p. 1117
Twenty—Point Programme ;
—Shri Abdul Mannan : p. 1108
Two-year pass course followed by one year honours course ;
—Shri Somendra Nath Mitra : pp. 1102-1103
Upgradation of Motherfari Police outpost ;
—Shri Humayoun Choudhury : p. 538
Urdu as a Second Official Language ;
—Shri Abdur Rauf Ansari : pp. 1104-1105
Usual qualification for the Post of College Principal ;
—Dr. Motahar Hossain : pp. 1023-1024
Vacant Posts of Judicial Officers ;
—Shri Samar Mukherjee : p. 711
Vehicles allotted to North Bengal Medical College and Hospital ;
—Shri Dr. Hoimi Basu : pp. 419-420
Wakf under Section 44 ;
—Shri Abdur Rauf Ansari : p. 1105
Water Pollution Survey of Ganga river basin ;
—Shri Abdul Mannan : p. 1022
Welfare Schemes ;
—Shri Abdul Mannan : pp. 846-347
অত্যাবশ্যকীয় শিল্প সংস্থা ;
—শ্রীসুব্রত মুখার্জী : pp. 1099-1100

অনুন্নত এলাকায় কলেজ স্থাপন ;

—শ্রীকমলাক্ষী বিশ্বাস : p. 1146

অবসরপ্রাপ্ত পেনসনভোগী কর্মচারী ;

—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 945-946

অবৈধভাবে বেকারভাতা গ্রহণের অভিযোগ ;

—শ্রীহীরা সোরেন : p. 911

অলোক উদ্যোগ প্লাইউড এণ্ড বনস্পতি লিমিটেড (Q) ;

—শ্রীসরল দেব : pp. 219-220

অসহায় মহিলাদের সাহায্য ;

—শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী : p. 66

আকুপংচার চিকিৎসা ;

—শ্রীআবুল হাসানাৎ খাঁন : p. 939

আখ চাষী সরবরাহকৃত আখের দাম ;

—শ্রীমাধবেন্দু মহান্ত : pp. 1165-1166

আত্রেয়ী নদীর উপর ব্রীজ ও পাকা সড়ক নির্মাণ ;

—শ্রীধিজেন্দ্রনাথ রায় : p. 1154

আদিবাসী ভাষার ( অল চিকি ) স্বীকৃতি ;

—শ্রীসুধাংশুশেখর মাঝি : p. 700

আন্দুল মাড়োয়ারী বাগান ;

—শ্রীহারান হাজরা : p. 1077

আপার কংসাবতী ও আপার দ্বারকেশ্বর প্রকল্প ;

—শ্রীসুভাষ গোস্বামী : pp. 243-244

আবগারী কর হইতে সরকারের আয় ;

—শ্রীকৃষ্ণধন হালদার : pp. 851-852

আবগারী বিভাগের কর্মচারীর সংখ্যা ;

—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 690

আমডাঙ্গা ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক ;

—শ্রীসরল দেব : p. 1091

আরামবাগ শহরে রবীন্দ্রভবন নির্মাণের কাজ ;

—শ্রীশিবপ্রসাদ মালিক : p. 334

আরামবাগ হইতে ঘাটাল ২৯ নং রুটে বাস বৃদ্ধি ;

—শ্রীশিবপ্রসাদ মালিক : p. 786

আলিপুর চিড়িয়াখানা অঞ্চলে হোটেল নির্মাণ পরিকল্পনা :

—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 786

আলিপুর সাবডিভিসনে জমির পাট্টা ;

—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 950

আলিপুরদুয়ার/নিউ কোচবিহার হইতে কলিকাতা পর্যন্ত অতিরিক্ত রেলগাড়ী চালু করার প্রস্তাব ;

—শ্রীমণীন্দ্রনাথ বর্মা ও শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 1137

আলিপুরদুয়ার মহকুমায় স্টেডিয়াম নির্মাণ ;

—শ্রীমনোহর তিরকী : p. 1102

আসানসোল-বার্ণপুর রুটে বাস ও মিনিবাস চলাচল ;

—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : pp. 1147-1148

আসানসোল বিদ্যুৎ কোম্পানী ;

—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : p. 1134

আসানসোল মহকুমায় কিতার রোড মেরামত ;

—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : pp. 1134

আসানসোল মহকুমায় বনাঞ্চল ;

—শ্রীবামাপদ মুখার্জী : p. 1148

আসানসোলে রবীন্দ্র ভবন ;

—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : p.835

আসানসোলে ক্ষুদ্রশিল্প ইউনিটে অচলাবস্থা ;

—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1031

আসাম থেকে আগত শরণার্থী ;

—শ্রীঅমলেন্দু রায় : p. 54

ইনিটগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট সারভিস স্কীম ;

—শ্রীজয়কেশ মুখার্জী : p. 62

ইংরাজীর মাধ্যমে শিক্ষাদানরত প্রতিষ্ঠান সম্পর্কে সরকারী সিদ্ধান্ত ;

—শ্রীমহবুবুল হক্ : pp. 691-692

উডবার্ণ ওয়ার্ডে কেবিনের সংখ্যা ;

—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 404-405

উত্তর হাওড়ার নস্করপাড়া জুট মিল ;

—শ্রীঅশোক ঘোষ : pp. 206-207

উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে জল সরবরাহের প্রকল্প ;

—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 718-719

উত্তরবঙ্গ ও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি বিভাগ :

—ডাঃ মোতাহার হোসেন : pp. 1075-1076

উত্তরবঙ্গে আই, টি, আই,-এর সংখ্যা ;

—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 1088-1089

উত্তরবঙ্গে ডব্লু, বি, সি, এস, পরীক্ষাকেন্দ্র স্থাপন ;

—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 1080
উত্তরবঙ্গে দূরদর্শন কেন্দ্র স্থাপন ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 1089
উত্তরবঙ্গে নদী ভাঙনে জমি ও ঘরবাড়ী নষ্ট ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 1079-1080
উত্তর বাংলার সমবায় প্রশিক্ষণ কেন্দ্র ;
—শ্রীবিমলকান্তি বসু : pp. 923-924
উত্তর বাংলায় লাইব্রেরীয়ানশিপ ট্রেনিং কেন্দ্র ;
—শ্রীবিমল কান্তি বসু : p. 1144
উর্দু একাডেমি ;
—শ্রীঅনিল মুখার্জী : p. 696
উর্দু একাডেমী ভবন নির্মাণ ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন এবং শ্রীকাজী হাফিজুর রহমান : p. 1176
উপেন্দ্র মুখার্জী মেমোরিয়াল হাসপাতাল ;
—শ্রীশ্যামল চক্রবর্তী : p. 941
উলুবেড়িয়ায় ষ্টেডিয়াম নির্মাণ ;
—শ্রীরবীন্দ্র ঘোষ : p. 261
এ্যাক্সিলারেটর ওয়াটার সাপ্লাই কর্মসূচী ;
—শ্রীসুভাষ গোস্বামী : pp. 1135-1136
"এনিমি প্রপার্টি" সংক্রান্ত স্কীমের রূপায়ণ ;
—শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য : pp. 690-691
এশিয়া ক্রীড়ার অনুষ্ঠান দূরদর্শন কর্তৃক প্রচার ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1031
এস. বি. কে. যক্ষা হাসপাতালে পথ্য সরবরাহ ;
—শ্রীসত্য ভট্টাচার্য : p. 934-935
এসমা প্রয়োগ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 528
ওরিয়েণ্টাল মেটাল কারখানা ;
—শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য : pp. 835-836
ওয়েষ্ট বেঙ্গল অ্যানিমাল স্লটার কণ্ট্রোল অ্যাক্ট ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : p. 1176
ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশন ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 1128
কমাণ্ড এরিয়ার শেষ প্রান্তে ক্যানেল জল সরবরাহ ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 232-233

কমিউনিটিহেলথ ভলান্টিয়ারে নিযুক্ত কর্মচারীদের স্থায়ীকরণ ;
—শ্রীসরল দেব : p. 710
কর্মসংস্থান কার্যালয় হইতে নিয়োগকারীদের নিকট বেকারদের নামে প্রেরণনীতি ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : p. 719
কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্সে ছাত্র ভর্তি ;
—ডাঃ মানস ভূঞ্যা : p. 266
কলকাতা ফারাক্কা ও কলকাতা রঘুনাথগঞ্জ রুটে সরকারী বাস চলাচল ;
—শ্রীআবুল হাসানত খান ; p. 761
কলাইমাটা ১ নং নদীসেচ প্রকল্প হইতে অনিয়মিত জল সরবরাহ ;
—শ্রীসুব্রত মুখার্জী : pp. 758-759
কল্যাণপুর আবাসন পর্ষদের জমি বিক্রয় ;
– শ্রীবামাপদ মুখোপাধ্যায় : p. 1135
কল্যাণী স্পিনিং মিল ;
—শ্রীনীহারকুমার বসু : pp. 1120-1121
কল্যাণী স্পিনিং মিলস্-এ লাভ/লোকসান ;
—শ্রীসরল দেব : p. 1070
কলিকাতা-আসানসোল ষ্টেট বাস চালু ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 764
কলকাতা কর্পোরেশনে টেণ্ডার দেওয়ার ব্যাপারে দুর্নীতির অভিযোগ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : p· 1081
কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 1067
কলিকাতা প্রথম বিভাগ ফুটবল লীগের ক্রীড়াস্থলে গণ্ডগোল ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 785
কলিকাতা মহানগরীর সঙ্গে মফঃস্বল জেলাগুলির সংযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য নতুন রুট অনুমোদন ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 1031-1032
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসের রঙ ;
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : p. 1087
কলিকাতায় অটো রিক্সা চালু ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 756-757
কলিকাতায় দূষিত পরিবেশ ;
—শ্রীসুবোধ ওরাওঁ : pp. 1129-1130
কলিকাতায় নুতন ট্রাম রুট ;
—শ্রীতারকবন্ধু রায় : pp. 768-769

কলিকাতায় ম্যানহোলের সংখ্যা ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 764
কলিকাতার মেডিকেল কলেজ হাসপাতালে যৌন ব্যাধি চিকিৎসা বিভাগ ;
—ডাঃ মোহাতার হোসেন : p. 717
কলিকাতায় ষ্টেডিয়াম নির্মাণ ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 947
কয়েকটি হাসপাতালের শয্যাসংখ্যা ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 412-413
কাজুবাদামের চাষ ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন এবং শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 1165
কারখানা লে-অফ, লক-আউট ও ধর্মঘট ;
—শ্রীবলাই বন্দোপাধ্যায় : pp. 401-402
কার্শিয়াঙ ফরেষ্ট স্কুল ;
—শ্রীনীহার বসু : p. 831
কাশীনাথ তা'র হত্যাপরাধে গ্রেপ্তার ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 787
কান্দী মাষ্টার প্ল্যান ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp 1030-1031
ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন সম্প্রসারণ ;
—শ্রীশ্যামল চক্রবর্তী : 1156-1157
কাঁথি খেজুরী সড়ক হইতে দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত সড়ক ;
—শ্রীশিশির অধিকারী : p. 947
কাঁথি মহকুমায় জল প্লাবিত চর অঞ্চল ;
—শ্রীশিশির অধিকারী : pp. 845-846
কাঁথি ২ নং ব্লকের অধিবাসীর গৃহে অগ্নিসংযোগ ও লুঠতরাজের ঘটনা ;
—শ্রীশিশির অধিকারী : pp. 709
কাঁথির ২ নং ব্লকের জনৈক শ্রীনির্মল দাসের বাড়ীতে লুঠতরাজের ঘটনা ;
—শ্রীশিশির অধিকারী : p. 709
কাঁঠালবাড়ী মৌজায় পানীয় জল সরবরাহ :
—শ্রীতারকবন্ধু রায় : p. 1130
কুমারগঞ্জ থানা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীদ্বিজেন্দ্রনাথ রায় : p. 940-941
কুমারী নার্সদের নিরাপত্তার ব্যবস্থা ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 707
কুলপী ও মন্দিরবাজার ব্লকে সমবায় কৃষি-উন্নয়ন সমিতি ,

—শ্রীকৃষ্ণধন হালদার : pp. 852-853
কুষ্ঠরোগী ;
—শ্রীনটবর বাগদী : p. 940
কৃষি আয়কর ;
—শ্রীমণীন্দ্রনাথ বর্মা এবং শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 541
কৃষি আয়কর ট্রাইবুনাল অফিসে শিক্ষাগত যোগ্যতাহীন করণিক ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 1116
*কৃষি পেনসন ;*
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 767-778
*কৃষি পেনসান ;*
—শ্রীনীহারকুমার বসু : p. 1120
কৃষি সমবায় সমিতি ;
—শ্রীকমলাক্ষী বিশ্বাস : p. 925-926
কৃষ্ণনগরে 'ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউট' ;
—শ্রীসাধন চট্টোপাধ্যায় : p. 1175
কৃষ্ণনগর পৌর এলাকায় খাস ও ন্যস্ত জমি ;
—শ্রী সাধন চট্টোপাধ্যায় : p. 842
কৃষ্ণনগর পৌরসভাকে দেয় অর্থ ;
—শ্রীসাধন চট্টোপাধ্যায় : pp. 849-850
কৃষ্ণনগর পৌরসভাকে স্যানিটারি পায়খানা নির্মাণ বাবত দেয় সিমেন্ট :
—শ্রীসাধন চট্টোপাধ্যায় : p. 773
কৃষ্ণনগর পৌরসভার কুইনকুইনাল এ্যাসেসমেন্ট ;
—শ্রীসাধন চট্টোপাধ্যায় : p. 2021
কেশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীহিমাংশু কুঙর : p. 936-938
কেন্দ্র কর্তৃক রেশনে সরবরাহের জন্য চাল ও গম বরাদ্দ।
—শ্রী উপেন কিস্কু : p. 778
কেন্দ্র কর্তৃক সিমেন্ট সরবরাহ ;
—শ্রীসুভাষ বসু : pp. 779-780
কেন্দ্রীয় অর্থানুকূল্য আশানুরূপ না হওয়ায় প্ল্যান ছাটাই ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 1058-1059
কেন্দ্রীয় সরকারের আর্থিক অনুদানের হিসাব ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 1083
কেন্দ্রীয় সাহায্য ফেরৎ ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 1184

কেন্দ্রীয় সিল্ক বোর্ডে রাজ্যের প্রতিনিধি ;
—শ্রীঅনিল মুখার্জী : pp. 245-246
কো-অপারেটিভ সোসাইটি ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 785-786
কোচবিহার ও মাথাভাঙ্গা ডিপোতে নূতন বাস দিবার পরিকল্পনা ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 760-761
কোচবিহার গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথি ডিস্‌পেনসারি ;
—শ্রীবিমলকান্তি বসু : pp. 1142-1143
কোচবিহার জেলার সমবায় সমিতির পরিচালক মণ্ডলীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ;
—শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় : p. 1177
কোচবিহার জেলায় অনাথ আশ্রম ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 1144-1145
কোচবিহার জেলায় ফিস ফারমারদের প্রশিক্ষণ ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 1145
কোচবিহার জেলায় স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্স ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 788-789
কোচবিহার পলিটেকনিক শিক্ষকের শূন্যপদ ;
—শ্রীবিমলকান্তি বসু ; pp. 1143-1144
কোচবিহারে আচার্য ব্রজেন্দ্রনাথ শীল মহাবিদ্যালয়ের মহিলা হোস্টেলের আবাসিকদের ভরতুকি ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 1092
কোলাঘাট তাপবিদ্যুত কেন্দ্র ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1061
কোলাঘাট থার্মাল প্রকল্প ;
—শ্রীসরল দেব : p. 1091
খটঙ্গা অঞ্চল প্রধানের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 1052
খড়াপীড়িত গ্রামাঞ্চলে সাহায্য ;
—শ্রীব্রজগোপাল নিয়োগী : pp. 836-837
খাদ্যশস্য মজুত ও সরবরাহে অব্যবস্থা ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : p. 66
খাসবাড় উপস্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীগোপাল মণ্ডল : p. 717
খাটুরা ও কেশরকুঁড়ার পানীয় জল সরবরাহ প্রকল্প ;
—শ্রীশিশির অধিকারী : pp. 258

খেলার মাঠ উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : pp. 1093-1094
খোকসার ডাঙা মিনি সুগার মিল ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 949
ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য লোহ ইস্পাত মঞ্জুর
—শ্রীসরল দেব : p. 1092
*গঙ্গা, ভাগীরথী ও দামোদরের জল দূষণ ;*
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 715
*গঙ্গার ভাঙন সম্পর্কিত প্রীতম সিং কমিটি :*
—শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীআবুল হাসনাত খান এবং শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : pp. 1138-1139
গরু কেনার জন্য কেন্দ্রীয় অনুদান ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 1084
গ্রাম পঞ্চায়েত এলাকায় হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ ;
—শ্রীবলাই বন্দোপাধ্যায় : p. 920-921
গ্রামপঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 243
গ্রামপঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ ;
—শ্রীধীরেন্দ্রনাথ সেন : pp. 833-834
গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 705
গ্রাম পর্যায়ে খেলাধূলা প্রসারের কর্মসূচী ;
—শ্রীরবীন্দ্র ঘোষ : pp. 260-261
গ্রামাঞ্চলে হাসপাতালের ডাক্তার ;
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী p. 949
গ্রামীন বৈদ্যুতিকরণ কর্মসূচীতে কেন্দ্রীয় বরাদ্দ ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1029
গ্যাস টারবাইন ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 528-530
গিলারছাট ( মথুরাপুর ) সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : pp. 406
গ্রেট ইষ্টার্ণ হোটেলে আয়-ব্যয় ও কর্মী সংখ্যা ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : pp. 1171-1172
গোঘাট থানা এলাকার সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে গোয়েন্দা রিপোর্ট :
—শ্রীআবদুল মান্নান : p. 1136

গো-প্রজনন কেন্দ্র ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 851
গোবর গ্যাস প্ল্যান্ট ;
—শ্রীসুভাষ গোস্বামী : pp. 830-831
গোসাবা থানায় ডাকাতি ও বন্দুক ছিনতাই ;
—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : pp. 1162-1163
গৌরহাটী ও শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতাল অধিগ্রহণ ;
—শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জী : p. 419
চতুর্থ শ্রেণীর ঠিকাদারদের টেণ্ডার ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 1025
চন্দ্রকান্ত বসু অনাথ শিশু আশ্রম ;
—শ্রীমাধবেন্দু মহান্ত : pp. 770-771
চাষীদের জুটকার্ড প্রদান ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 1063-1064
চিড়িয়াখানা অঞ্চলে পাঁচতারা হোটেল নির্মাণ ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 398-399
চুঁচুড়া হইতে ধর্মতলা পর্যন্ত সরকারী বাস চলাচল ;
—কৃপাসিন্ধু সাহা : p. 63
চূড়ামন ঘাটে সেতু নির্মাণের পরিকল্পনা ;
—শ্রীমহবুবুল হক : p. 258
ছাতনার ওয়ার্ডারস্ ট্রেনিং ইনষ্টিটিউট কারা বিভাগ হইতে কৃষি বিভাগে ফেরত ;
—শ্রীসুভাষ গোস্বামী : p. 769
ছাত্র-ছাত্রী বৃদ্ধিহেতু অতিরিক্ত বিদ্যালয় গৃহ নির্মাণের পরিকল্পনা ;
—শ্রীনিতাইচরণ আদক : p. 698
জঙ্গীপাড়া শাখায় রিক্সা পুলার সমবায় সমিতি ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 788
জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি ;
—শ্রীশিশ মহম্মদ : pp. 408-410
জঙ্গীপুরে গঙ্গা, পদ্মা ও ভাগীরথীর ব্যবধান ;
—শ্রীঅমলেন্দ্র রায় : 1060
জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রে নিবন্ধীভুক্ত কর্মপ্রার্থী ;
—শ্রীমনোহর তিরকী : p. 913
জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে আদিবাসী ও উপজাতি কর্মী নিয়োগ ;
—শ্রীমনোহর তিরকী : p. 1101

# INDEX

জলপাইগুড়ি জেলা ও আলিপুরদুয়ার জেলখানায় বন্দীর সংখ্যা ;
—শ্রীসুশীল কুজুর : p. 61
জলপাইগুড়ি জেলার অসামরিক প্রতিরক্ষা কার্যে নিযুক্ত কর্মী ;
—শ্রীতারকবন্ধু রায় : p. 790
জলপাইগুড়ি জেলায় আই. আর. ডি. পি. এবং এম. আর. ই. পি. প্রকল্প অর্থ মঞ্জুরী।
—শ্রীসুশীল কুজুর : pp. 1018-1019
জলপাইগুড়ি জেলার আদিবাসী অধ্যুষিত অঞ্চল ;
—শ্রীমনোহর তিরকী : p. 405
জলপাইগুড়ি জেলায় উদ্বাস্তু শিবির ;
—শ্রীসুশীল কুজুর : p. 1115
জলপাইগুড়ি জেলায় ডিস্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিজ সেন্টার ;
—শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় : pp. 1024-1025
জলপাইগুড়ি জেলায় দেওয়ানী ও ফৌজদারী মামলার সংখ্যা ;
—শ্রীসুশীল কুজুর : p. 848
জলপাইগুড়ি জেলায় নতুন উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন ;
—শ্রীতারকবন্ধু রায় : p. 421
জলপাইগুড়ি জেলায় যুব কেন্দ্র ;
—শ্রীসুশীল কুজুর : pp. 1115-1116
জলপাইগুড়ি জেলায় সিডিউল কাষ্ট ও সিডিউল ট্রাইব ছাত্রছাত্রীদের ছাত্রাবাস ;
—শ্রীমনোহর তিরকী : 1016
জলপাইগুড়িতে "অদ্ভুত রোগে" আক্রান্ত ও মৃতের সংখ্যা ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 909
জলপাইগুড়িতে ডবলু. বি. সি. এস. পরীক্ষার জন্য প্রি-একজামিনেশন সেন্টার ;
—শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় : p. 1142
জয়রামবাটী সারদাশ্রমের জমির জবর দখল ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 829
জাজিগ্রামে উপ-স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর ;
—ডাঃ মোতাহার হোসেন : p. 929
জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচী ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 1143
জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প ;
—শ্রীগোপালচন্দ্র মণ্ডল : pp. 266-267
জাতীয় গ্রামীন কর্মসংস্থান প্রকল্প ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 943-944

জাতীয় নাট্যশালা ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 945

জিয়াগঞ্জে মিউজিয়াম ;
—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : p. 1142

জীর্ণ বাসুদেবপুর সেতু পুনর্নির্মাণ :
—শ্রীরাজকুমার মণ্ডল : p. 1157

জেলাওয়ারী ব্লক ইউথ অফিস ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 254

জেলা পরিষদের এ্যাড্‌মিনিস্ট্রেটিভ রিপোর্ট ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য্য : pp. 1127-1128

জেলায় ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট স্থাপন :
—শ্রীমহাবুবুল হক : p. 1029

জেলায় নূতন পার্ক ও উদ্যান :
—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : pp. 222-223

জৈব গ্যাস প্ল্যাণ্টের সংখ্যা ;
—কাশীনাথ মিশ্র : pp. 1087-1088

ঝালদা হইতে ব্রজপুর রাস্তা নির্মাণ ;
—শ্রীসুভাষচন্দ্র মাহাতো : p. 1114

ট্যুরিষ্ট লজ নির্মাণ পরিকল্পনা :
—শ্রীকৃষ্ণধন হালদার : p. 1149

ট্রলারের সংখ্যা ;
শ্রীবঙ্কিম বিহারী মাইতি : p. 1153

ঠিকা শ্রমিক ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 928-929

ডাকাতির ব্যাপারে পুলিশ অফিসারের যোগসাজস ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য : pp. 543-544

ডায়মণ্ডহারবার জেলে বন্দী থাকবার ব্যবস্থা ;
—শ্রীকৃষ্ণধন হালদার : p. 1149

ডায়মণ্ডহারবার মহকুমা ও আলিপুর মহকুমায় নতুন রাস্তা স্থাপন :
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 1065-1066

ডায়মণ্ডহারবার মহকুমায় নূতন স্বাস্থ্যকেন্দ্র ;
—সত্যরঞ্জন বাপুলী : p. 912

ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটিতে নিযুক্ত কাউন্সিলর ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী ; p. 56

ডায়মণ্ডহারবারে জল সরবরাহ প্রকল্প ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 764-765
ডিগ্রি স্পনসর্ড কলেজের সংখ্যা ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 261-262
ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড গঠন ;
—শ্রীধীরেন্দ্রনাথ সরকার : p. 1148
ঢেঁকী ও ঢেঁকী বাবদ সাহায্য ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য : pp. 234-235
তপন থানার স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা ;
—শ্রীখারা সোরেন : p. 413
তফসিলী আদিবাসী বর্গাদার ও পাট্টা হোল্ডারদের জন্য ব্যয়।
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 259-260
তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগে বিভিন্ন শ্রেণীর কর্মচারী নিয়োগ.
—শ্রীউপেন কিসকু : p. 916
তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য শিক্ষা খাতে ব্যয় :
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1069
তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত বর্গাদার ;
—শ্রীধর মালিক : p.840
তফসিলী জাতি ও উপজাতির মধ্যে ফ্ল্যাট বণ্টন ;
—শ্রীকমলাক্ষী বিশ্বাস : pp. 1174-1178
তফসিলী জাতি ও উপজাতিদের জন্য নার্সিং ট্রেনিং ;
—শ্রীউপেন কিসকু : p. 1159
তফসিলী জাতি ও উপজাতিদের সাংস্কৃতিক উন্নয়ন ব্যবস্থা ;
—শ্রীগোপাল মণ্ডল : p. 910
তফসিলীভুক্ত আদিবাসী সম্প্রদায়ভুক্ত চাকুরী প্রার্থীদের বয়ঃসীমা :
—শ্রীতারাপদ মাণ্ডি : p. 1172
তথ্য ও সংস্কৃতি বিভাগের ফিল্ড ওয়ার্কার ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 225-226
তন্তুশ্রী প্রতিষ্ঠানে লোকসান ;
—শ্রীসুমন্ত হীরা : pp. 1020-1021
তারাতলায় নৌযান বিদ্যাশিক্ষা কলেজ ;
—শ্রীউপেন কিসকু : pp. 1171-1172
তাঁতিদের জন্য বরাদ্দকৃত সূতা ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 226
তুফানগঞ্জ ব্লক বিভাজন ;

—শ্রীমণীন্দ্র নাথ বর্মা : pp. 1022-1023
তুফানগঞ্জ মহকুমায় ফরেষ্ট পর্যটন কেন্দ্র স্থাপন ;
—শ্রীমণীন্দ্রনাথ বর্মা : p. 1137
তেহট্টে কাগজের পেষ্টবোর্ডের কারখানা নির্মাণ ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত : p. 835
দাসপুর নাড়াজোল সড়কের মধ্যে কাঁকি খালের উপর সেতু নির্মাণ ,
—শ্রীগোপাল মণ্ডল : p. 1077
দুগ্ধ সরবরাহ প্রকল্পে দুধের উৎপাদন ও যোগান ;
—শ্রীসুব্রত মুখার্জী : pp. 1073-1074
'দুর্গাপুর রোড'-কে ন্যাশনাল হাইওয়ে করার পরিকল্পনা ,
—শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় : p. 1080
দুর্গাপুর শ্রম আধিকারিক কার্যালয় ;
—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : p. 925
দুর্গাপুরে বন্ধ কারখানা ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : p. 224
দুর্গাপুরে বন্ধ ছোট কারখানা ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : pp. 708-709
দূরদর্শনে বাংলাভাষার অনুষ্ঠান ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 946
দেশী ও বিলাতী মদের দোকান ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 843
দেশী ও বিদেশী মদের লাইসেন্স ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : pp. 1164-1165
ধর্মঘট ও লকআউটে শ্রমদিবস নষ্টের সংখ্যা :
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 263-264
ধনিয়াখালী মার্কেটিং কো-অপারেটিভের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 1068-1069
নকশাল আন্দোলন ;
—শ্রীসুমন্ত কুমার হীরা : p. 527
নকশালরূপে বর্ণিত ব্যাক্তিদের গ্রেপ্তারের সংখ্যা ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য্য : p. 1129
নরঘাট সেতু ;
—শ্রীশিশির অধিকারী : p. 946
নতুন টুরিষ্ট লজ ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 944

নতুন মাদ্রাসা মঞ্জুরী ;
—শ্রীমহবুবুল হক : p. 258
নদীয়া জেলার তেহট্টতে জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণ ;
—শ্রীমাধবেন্দু মহান্ত : p. 1166
নদীয়া জেলার শিক্ষকগণকে দ্বিতীয় পে-কমিশনের সুপারিশ অনুযায়ী বর্ধিত হারে বেতন দান ;
—শ্রীতারক বন্ধু রায় : p. 1065
নদীয়া জেলায় খুন ;
শ্রী সত্যরঞ্জন বাপুলী : pp. 524-525
নন ট্রেডিং সোসাইটির অফিসে রেজিস্ট্রেশনের জন্য আবেদন পত্র ;
—শ্রীমণীন্দ্র নাথ বর্মণ : p. 838
নন-প্লান খাতে ব্যয় ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 844
নন-ফরমাল বিদ্যালয়ের সংখ্যা ;
—শ্রীঅনিল মুখার্জী : pp. 1117-1118
নামখানা পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : pp. 233-234
নালিকূলে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন :
—শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় : p. 717
নিজস্ব পুকুরহীন মৎস্যজীবীদের জন্য ঋণ বা অনুদান :
—শ্রীনিতাই চরণ আদক : p. 917
নিম্ন দামোদর পরিকল্পনা ;
—শ্রীবলাই বন্দোপাধ্যায় : pp. 240-241
নীলরতন সরকার মেডিকেল হাসপাতালে যক্ষা চিকিৎসা বিভাগ ;
—ডাঃ মানস ভুঁইয়্যা : p. 1023
নেপাল ও ভুটান থেকে বে-আইনী মাদকদ্রব্য আমদানী ;
—শ্রীমনোহর তিরকি : p. 692
পত্রিকাগুলিতে বিজ্ঞাপন দানের নীতি :
—শ্রীঅশোক ঘোষ : pp. 837-838
পটাটো সীড ফার্মের সম্প্রসারণ ;
—শ্রীহিমাংশু কুঙর : p. 775
পঞ্চায়েত প্রধানদের মাসিক মাহিনা ও অন্যান্য ভাতা ;
—শ্রীভূপেন্দ্র নাথ শেঠ : p. 1137
পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন ;
—শ্রীধীরেন্দ্র নাথ সরকার : p. 1106

পঞ্চায়েত সমিতির অফিসগৃহ ;
—শ্রীনিতাই চরণ আদক : pp. 840-841
পঞ্চায়েত সমিতির অধীন কর্মচারী ;
—শ্রীনিতাইচরণ আদক : p. 1155
পঞ্চায়েত সমিতির সমবায় পরিদর্শকের কর্মসূচী ;
—শ্রীবিমলকান্তি বসু : pp. 1025-1026
পঞ্চায়েতে বিভিন্ন স্তরে শূন্যপদ ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : pp. 841-842
পঞ্চায়েতের অডিট রিপোর্ট সমীক্ষাকরণ ;
—শ্রীদেবপ্রসাদ সরকার ; pp. 842-843
পঞ্চায়েতের মাষ্টার রোল দাখিল ;
—শ্রীধীরেন্দ্রনাথ সরকার : p. 955-956
পরিবেশ দূষনের ফলে রোগের প্রকোপ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 715-716
পর্যটন উন্নয়ণে ব্যয় ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 241-242
পর পর দুই বৎসর অকৃতকার্য ছাত্রছাত্রীদের স্কুল পরিত্যাগের নির্দেশ ;
—শ্রীনীহার কুমার বসু ; p. 697
পশ্চিম দিনাজপুর গঙ্গারামপুর বাসষ্ট্যাণ্ড করার পরিকল্পনা ;
—শ্রীমসলেহউদ্দিন আহমেদ : p. 720
পশ্চিম দিনাজপুর জেলার মহকুমা ও সদর হাসপাতাল ;
—শ্রীদীপেন্দ্র বর্মন : p. 943
পশ্চিম দিনাজপুর জেলায় তন্তুজীবী সোসাইটি ,
—শ্রীমসলেহউদ্দিন আহম্মদ : p. 847
পশ্চিমবঙ্গ সরকারের নতুন মন্ত্রীদের জন্য গাড়ী কেনা বাবদ খরচ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 1077
পশ্চিমবঙ্গে এম. আর. এবং এস. আর. রেশন ব্যবস্থা চালু রাখার জন্য খাদ্যশস্যের পরিমান ;
—শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় : p. 772
পশ্চিমবঙ্গে ক্ষেত মজুরের সংখ্যা ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 773
পশ্চিমবঙ্গে কয়েদীর সংখ্যা ;
—শ্রীজয়কেশ মুখার্জী : pp. 1028-1029
পশ্চিমবঙ্গে খুনের ঘটনা ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 1032
পশ্চিমবঙ্গে খরার জন্য চাষের পদ্ধতি ;

—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1063
পশ্চিমবঙ্গে গভীর, অগভীর ও নদী জলোত্তলন প্রকল্প ;
—শ্রীগোপাল মণ্ডল : pp. 1078-1079
পশ্চিমবঙ্গে চাল ও গম প্রাপ্তির পরিমাণ ;
—শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য : pp. 777-778
পশ্চিমবঙ্গে ডেয়ারীর সংখ্যা
—শ্রীসুমন্ত কুমার হীরা : p. 1131
পশ্চিমবঙ্গে নূতন পৌরসভা ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 70
পশ্চিমবঙ্গে লাইব্রেরী ট্রেনিং সেণ্টার :
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 1089
পশ্চিমবঙ্গে লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মিল;
—শ্রীব্রজগোপাল নিয়োগী : p. 70
পশ্চিমবঙ্গে ময়দার বরাদ্দ ;
—শ্রীশ্যামল চক্রবর্তী : pp. 780-781
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1061
পশ্চিমঙ্গে "রুরাল পাইপ্ড ওয়াটার" প্রকল্প ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1030
পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থায় ভরতুকি ;
—শ্রীখারা সরেণ : p. 774
পশ্চিমবঙ্গে শস্যবীমা প্রকল্প ;
—শ্রীনীহার কুমার বসু : pp. 1121-1125
পশ্চিমবঙ্গে সি, এইচ, ভি, কর্মী সংখ্যা ;
—শ্রীশিশ মহম্মদ : p. 1172
পশ্চিমবঙ্গে ষ্টেডিয়াম নির্মাণ ;
—শ্রীসরল দেব : p. 1066
পশ্চিমবাংলায় ষ্টেডিয়াম নির্মাণের জন্য বিভিন্ন জেলায় ব্যয়ের পরিমান।
—শ্রীখারা সরেন : pp. 1089-1090
পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত চাল ও গম :
—শ্রীসুমন্তকুমার হীরা : p. 68
পশ্চিমবঙ্গে বার্ধক্য ভাতা ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 1053
পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে যাবজ্জীবন দণ্ডিত আসামীর সংখ্যা ;
শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1062

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় দুগ্ধ প্রকল্প ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 1015-1016
পশ্চিমবঙ্গে পাটের উৎপাদন ,
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1064
প্রশিক্ষণপ্রাপ্ত নার্স ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 254-255
পুরুলিয়া জেলার টটক নদীর উপর সেতু নির্মাণ ;
—শ্রীসুভাষ চন্দ্র মাহাতো : p. 1114
প্রতিবন্ধী ;
—শ্রীহিমাংশু কুঙর : pp. 1161-1162
প্রমোদকর মুকুবের ভুয়া সার্টিফিকেট দেখিয়ে প্রমোদকরমুক্ত ছবি দেখানো ·
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1062
পান চাষীদের দুরবস্থা ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 51
পানিপিয়া খালের উপর ভগ্ন/অর্ধভগ্ন পুল পুনর্নির্মাণ ;
—শ্রীশিশির অধিকারী : p. 1068
পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কলেজ স্থাপন ;
—শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : p. 1151
পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 707
পানিহাটি হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধি ;
—শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : p. 419
পাণ্ডুয়া ইঞ্জিনিয়ার্স সমবায় ;
—শ্রীসুব্রত মুখার্জী : p 845
পাণ্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীন স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরণ
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : pp. 410-411
পাঁচঘড়া থানার অফিসারের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীঅশোক ঘোষ : pp. 541-542
প্রাইমারী মার্কেটিং সোসাইটি ;
—শ্রীমাধবেন্দু মহান্ত : pp. 1166-1167
প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষকদের তিন কিস্তি মহার্ঘভাতা ;
—শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল : pp. 695-696
প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীর সংখ্যা :
—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় : p. 710
প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে পেনসন ও গ্রাচুয়িটি বিষয়ে নিয়মনীতি :

—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 1070
*প্রাথমিক স্কুলে বৎসরে তিনটি পরীক্ষা না হওয়া ;*
*—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 693*
প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ ;
—ডা: মানস ভুঞ্যা : p. 410
প্রিন্টিং শিল্পের ন্যূনতম বেতন কাঠামো পরিবর্তন ;
—শ্রীলক্ষ্মীকান্ত দে : p. 931
প্রতি ইউনিট পিছু রেশন কার্ড দেবার পরিকল্পনা ;
—শ্রীগোপাল মণ্ডল : p. 769
পুরুলিয়া জেলার প্রাথমিক ও সহায়ক চিকিৎসালয় ;
—শ্রীগোবিন্দ বাউড়ী : p. 939
পুরুলিয়া জেলার বড়োজামতাড়িয়া রাস্তা নির্মাণ ;
—শ্রীসুধাংশুশেখর মাঝি : pp. 1160-1161
পুরুলিয়া জেলার মৎস্য চাষ ক্ষেত্র :
—শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : p. 1164
পুরুলিয়া জেলার রঘুনাথপুরে মহকুমা স্থাপনের পরিকল্পনা :
—শ্রীনটবর বাগদী : p. 722
পুরুলিয়া জেলার হায়ার সেকেণ্ডারী স্কুল ;
—শ্রীনটবর বাগদী : p. 698
পুরুলিয়া জেলায় কাশীপুর ব্লক বিভাজন পরিকল্পনা ;
—শ্রীসুরেন্দ্রনাথ মাঝি : p. 1150
পুরুলিয়া জেলায় ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিজ সেন্টার ;
—শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : p. 1163
পুরুলিয়া জেলায় মহকুমা ;
—শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : p. 1163
পুরুলিয়ার ঝালদা-১ ব্লকে উপ-স্বাস্থ্যকেন্দ্র :
—শ্রীসুভাষ চন্দ্র মাহাতো : pp. 418-419
পুরুলিয়ায় অগভীর নলকূপ ;
—শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : pp. 771-772
পুরুলিয়ায় নতুন বিদ্যালয় স্থাপন ;
—শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : p. 1163
পুরুলিয়ায় ল্যাম্প সোসাইটি ;
—শ্রীসুরেন্দ্রনাথ মাঝি : p. 914
পুলিশ কর্মচারীদের জন্য গৃহনির্মাণ প্রকল্প ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 843-844

পূর্ত চোপানী কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ।
—শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় : p. 1025
পূর্ত বিভাগের ক্যাজুয়াল কর্মচারীর স্থায়ীকরণ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 1065
পে কমিশনের সুপারিশ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 716
পৌরসভা পরিচালিত প্রাথমিক স্কুলগুলিতে সরকারী পরিচালনাধীন করার পরিকল্পনা ;
—শ্রীনিরঞ্জন মুখার্জী : p. 1173
পৌরসভা পরিচালিত হাসপাতাল ও প্রসূতিসদন ;
—শ্রীনিরঞ্জন মুখার্জী : p. 942
ফরেষ্ট প্রোডাক্ট চেকপোষ্ট ;
—শ্রীমনোহর তিরকি : pp. 231-232
ফাটকাবাজ ও চোরাকারবারী আটক ;
—শ্রীকৃষ্ণধন হালদার : p. 1149
ফার্মাসী ডিপ্লোমা প্রাপ্তদের রেজিষ্ট্রেশন ;
—শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : p. 721
ফারাক্কা চুক্তির ২ নং ধারা বাতিলের দাবি ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 224-225
ফারাক্কা তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য বায়ু দূষণ ;
—শ্রীআবুল হাসনাত খান : p. 1152
ফারাক্কা ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীআবুল হাসনাত খান : p. 1140
ফরাক্কায় শিল্পকেন্দ্র স্থাপন ;
—শ্রীদীনবন্ধু মাঝি : p. 1138
ফারাক্কায় হরিণ সংরক্ষণ কেন্দ্র ও অতিথিশালা :
—শ্রীআবুল হাসনাৎ খান : p. 237
ফৌজদারী আদালত স্থাপন ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 1119
বক্সীরহাটে প্রাথমিক স্বাস্থকেন্দ্র স্থাপন ;
—শ্রীমণীন্দ্রনাথ বর্মা : pp. 942-943
বঙ্কিম বিশ্ববিদ্যালয় ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 946
বনগাঁ অঞ্চলের কৃষকদের রেশন কার্ড প্রদান ;
—শ্রীভুপেন্দ্রনাথ শেঠ : p. 759
বনগাঁ এস. ডি. ও.-র বাংলো সংস্কার ;

—শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : p. 792
বনগাঁ 'ট বাজার ;
—শ্রীভূপেন্দ্র নাথ শেঠ : p. 1091
বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ে গভর্ণিং বডি কর্তৃক অশিক্ষক কর্মচারী নিয়োগ ;
—শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : p. 1136
বনগাঁ মহকুমার হেলেঞ্চায় সাবরেজিষ্টারে শূন্য পদ ;
—শ্রীকমলাক্ষী বিশ্বাস : p. 1147
বনগাঁ মিউনিসিপ্যালিটি এলাকায় জল সরবরাহ ব্যবস্থা :
—শ্রীভূপেন্দ্র নাথ শেঠ : p. 1090
বনগাঁ শহরে ষ্টেডিয়াম নির্মাণ :
—শ্রীভূপেন্দ্র নাথ শেঠ : p. 1090
বনভূমি সৃজন ;
—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : pp. 221-222
বন্ধ ও রুগ্ন কারখানা ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 826-827
বন্যা ও খরা প্রবল জেলায় অসামরিক প্রতিরক্ষা বিভাগের কর্মসূচী ;
—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 246
বন্যানিয়ন্ত্রণ ও নদীসেচ প্রকল্প ;
—শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : pp. 239-240
বরতিবিল সংস্কার ;
—শ্রীনীহার কুমার বসু : p. 244
বর্ধমান জেলার রায়নাতে পশুচিকিৎসালয় স্থাপন।
—শ্রীধীরেন্দ্র নাথ চ্যাটার্জী ; p. 1028
বর্ধমান জেলায় সেহারা বাজারে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ ;
—শ্রীপূর্ণচন্দ্র মালিক : p. 942
বসিরহাট ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে তহবিল তছরূপ ;
—শ্রীসরল দেব : p. 951
বহরমপুরে জেলা গ্রন্থাগার বন্ধ :
—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 689
বহুজাতিক সংস্থার নতুন কারখানা স্থাপন ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 226-231
বয়স্ক শিক্ষা কেন্দ্র ;
—শ্রীঅমলেন্দ্র রায় : p. 256
বড়বাজার এলাকার পৌর অফিসারের বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 846

ব্লক বিভাজনের প্রস্তাব ;
—শ্রীসুভাষ গোস্বামী : p. 1154
বাগনান ফিসারী বিভাগের পুকুর ;
—শ্রীনিতাই চরণ আদক : p. 1155
বাগনান রুরাল হাসপাতাল ;
--শ্রীনিতাই চরণ আদক : pp. 1172-1173
বাঘের আক্রমণে নিহত ;
—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : p. 947
বাঘের দ্বারা নিহত সুন্দরবন অঞ্চলের অধিবাসী ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 220-221
বাজেয়াপ্ত চোরাই জিনিসের মূল্য :
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 1088
বান্দোয়ান থানায় আদিবাসীদের জন্য টি বি হাসপাতাল নির্মাণ ;
—শ্রীসুধাংশুশেখর মাঝি : p. 741
বার্ণপুর পাম্পিং ঘাট হইতে তীর্থযাত্রী নিখোঁজ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 1056
বামফ্রন্ট সমর্থকদের হতাহতের সংখ্যা ;
—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : pp. 1071-1072
বরো জামতোড়িয়া রাস্তা নির্মানের পরিকল্পনা ;
—শ্রীসুধাংশু শেখর মাঝি : pp. 1169-1170
বারাসাত ও মধ্যমগ্রাম হইতে কলিকাতা পর্যন্ত মিনিবাস চালুর পরিকল্পনা ;
—শ্রীসরল দেব : p. 760
বারাসাত থানা এলাকায় খুনের সংখ্যা ;
—শ্রীসরল দেব : p. 1071
বারাসত পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং অফিস স্থানান্তকরণ ;
—শ্রীসরল দেব : p. 844
বারাসাত হইতে ( ভায়া ডালহৌসি ) হাওড়া পর্যন্ত বাস চালুর পরিকল্পনা ;
—শ্রীসরল দেব : p. 755
বারাসত হাসপাতালে জেনারেটর এবং ই. সি. জি মেসিন ;
—শ্রীসরল দেব : pp. 789-790
বারাসাত হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন ;
—শ্রীসরল দেব : pp. 413-414
বারাসাত হেলথ ইঞ্জিনিয়ারিং অফিস ;
—শ্রীসরল দেব : p. 1092
বালী এবং দক্ষিণেশ্বর হইতে হাওড়া পর্যন্ত ষ্টিমার চলাচল ;

—শ্রীশৈলেন্দ্র নাথ চ্যাটার্জী : p. 779
বাস ও ট্রামে আগুন লাগানোর ঘটনা ;
—শ্রী সুমন্ত কুমার হীরা : p. 1053
বায়ুদূত বিমান চলাচল ;
—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : pp. 50-51
বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী কৃষি শ্রমিকের সংখ্যা ;
—শ্রীকাশীনাথ মিশ্র ; pp. 267 268
ব্যারাকপুর মহকুমা কোর্টে স্থানাভাব ;
—শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য : p. 1115
ব্যারাকপুর শিল্পাঞ্চলে বন্ধ কারখানা ;
—শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : p. 929
ব্যারাকপুরে দেওয়ানী আদালত স্থাপন ;
—শ্রীনীহার কুমার বসু : p. 1121
বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের সমস্যা ও উন্নয়ন ব্যবস্থা ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 1054-1055
বাঁকুড়া জেলার ছাতনা, শালতোড়া, ইন্দপুর ও গঙ্গাজলঘাটি ব্লকে ডিপ টিউবওয়েল স্থাপন ;
শ্রীসুভাষ গোস্বামী : p. 64
বাঁকুড়া জেলায় মৎস্যজীবি ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 789
বাঁকুড়া জেলার রাইপুর থানাকে ভাগ করার পরিকল্পনা ;
—শ্রীউপেন কিসকু : p. 1169
বাঁকুড়া জেলার সরালী হইতে মথুরার ডাঙ্গা রাস্তা নির্মাণ ;
—শ্রীলালবিহারী ভট্টাচার্য : p. 1153
বাঁকুড়া জেলায় নতুন মহকুমা ;
—শ্রীসুভাষ গোস্বামী : pp. 540-541
বাঁকুড়া জেলায় রেশন সামগ্রী বণ্টন ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 53
বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগে অধ্যাপক নিয়োগ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 711-712
বি. এ. এবং বি. এস. সি. পরীক্ষার মার্কশীটে ভুল ;
—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : pp. 1072-1073
বিক্রয় কর ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 522-523
বিচারাধীন বন্দীর সংখ্যা ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p-56

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ;
—শ্রীঅনিল মুখার্জী : pp. 1094-1095
বিজয়নগর আদর্শ বিদ্যাপীঠের তপশিলী ছাত্রীদের জন্য ছাত্রীনিবাস ;
—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : p. 920
বিদ্যালয় পরিচালনা কমিটিতে পঞ্চায়েত প্রতিনিধি ও পৌর প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা :
—শ্রীগৌরচন্দ্র কুণ্ডু : p. 699
বিদ্যালয়ে উন্নয়ন ফি আদায় ;
—শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় : pp. 697-698
বিদ্যুত উৎপাদন হ্রাস ;
—শ্রীসরল দেব : p. 531
বিদ্যুৎ উপদেষ্টা কমিটির বৈঠক ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 1083
বিদ্যুত সরবরাহের ব্যাপারে বণিকসভার স্মারকলিপি ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 527-528
বিদ্যুতের অভাবে বন্ধ কারখানা ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 526-527
বিদেশে শিশু পাচার ;
—শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : p. 525
বিধবা ভাতা ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 763-764
বিধবাভাতা বাবদ ব্যয় ;
—শ্রীমাধবেন্দু মোহান্ত : pp. 1027-1028
বিধানসভা চালানো বাবদ ব্যয় ;
—শ্রীপতিতপাবন পাঠক : p. 1176
বিনামূল্যে মাছের পোনা বিতরণ ;
—শ্রীসুবোধ ওঁরাও : pp. 403-404
বিভিন্ন কোম্পানীর অফিস ভিন্ন রাজ্যে স্থানান্তর ।
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 1073
বিভিন্ন জেলার হাসপাতালে ডাক্তার ও নার্সের শূন্যপদ ।
—শ্রীব্রজগোপাল নিয়োগী : p. 420
বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে দেয় সরকারী অর্থের পরিমাণ ;
—শ্রীতারকবন্ধু রায় : pp. 707-708
বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারদের ডিউটির সময়— ;
—শ্রীগোপাল মণ্ডল : p. 411
বিভিন্ন হাসপাতালে ওষুধ সরবরাহের ঘাটতি :

—শ্রীসত্য চৌধুরী : p. 421
বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নির্দিষ্ট সময়ে গ্রহণ ;
—শ্রীসুমন্তকুমার হীরা : p. 1054
বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে অকৃতকার্যের হার বৃদ্ধি ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 1055-1056
বীরভূম আর. টি. ও কর্তৃক বাসরুট পার্মিট প্রদান ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 49
বীরভূম আর টি-এর ভাইস চেয়ারম্যান-এর বিরুদ্ধে অভিযোগ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 49
বীরভূম গ্রামীন জল সরবরাহ প্রকল্প ;
—শ্রীধীরেন সেন : p. 265
বীরভূম জেলা কংগ্রেসের ( ই ) সাধারণ সম্পাদক অপহরণ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 521-522
বীরভূম জেলা পরিষদ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 1052
বীরভূম জেলাপরিষদের অধীনে গাড়ি :
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 225
বীরভূম জেলা পরিষদের বিভিন্ন কাজ ;
—শ্রীসুনীত চট্টরাজ : pp. 247-252
বীরভূম জেলার অজয় নদীর উপর ব্রীজ নির্মাণ ;
—শ্রীধীরেন্দ্রনাথ সেন : pp. 1158-1159
বীরভূম জেলার পল্‌মা গ্রামে যক্ষ্মা হাসপাতালে বহির্বিভাগ ;
ডাঃ মোতাহার হোসেন : p. 1097
বীয়ভূম জেলার সিউড়ি বিদ্যাসাগর কলেজে লেকচারের শূন্য পদ পূরণ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 1081-1082
বীরভূম জেলার মুরারই-এ নতুন যক্ষ্মা হাসপাতাল ;
ডাঃ মোতাহার হোসেন : p. 1096
বীরভূম জেলায় গ্রাম ও মৌজার বৈদ্যুতিকরণ ;
—শ্রীসুনীতি চট্টরাজ : p. 1033
বীরভূম জেলায় ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট ইরিগেশন।
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 762-763
বীরভূম জেলায় বিস্ফোরক তৈয়ারীর কারখানা নির্মাণ :
—শ্রীধীরেন্দ্রনাথ সেন : p. 1125
বীরভূম জেলায় রেকর্ডভুক্ত বর্গাদার ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 246-247

বীরভূম জেলার সদর হাসপাতাল ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 396-397
বীরভূম জেলার সেচকার্যে ব্যবহৃত নদীর জল ;
—ডাঃ মোতাহার হোসেন : p. 242
বেলডাঙ্গা পৌরসভা এলাকায় ফাঁড়ি স্থাপন :
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 542
বেলডাঙ্গা রামেশ্বর ফতেপুরিয়া কলেজে বিজ্ঞান বিভাগ চালু ;
—শ্রীশেখ ইমাজুদ্দিন : p. 1020
বেলডাঙ্গায় অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজএর মাধ্যমে ট্রেনিং ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 239
বেসরকারী 'অরফ্যানেজ' ;
—শ্রীগোপাল মণ্ডল : p. 55
ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp 1062-1063
মৎস্যজীবীদের মধ্যে খাস জলকর বণ্টনের ব্যবস্থা ;
—শ্রীঅবিনাশ প্রামানিক : p. 922
মথুরাপুর ওয়াটার সাপ্লাই প্রকল্প :
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 1066
মধু সংগ্রহের পরিমাণ :
—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : p. 1162
মন্ত্রীদের ঘর সাজানোর খরচ ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 948
মন্ত্রীদের জন্য পেট্রোল বাবদ ব্যয় ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 253
মন্ত্রীদের বিদেশ ভ্রমণের জন্য ব্যয় :
—শ্রীদেবপ্রসাদ সরকার : p. 253
মন্দিরবাজার ব্লকে গ্রামীন শিল্প শিক্ষা সংস্থা স্থাপন ;
—শ্রীকৃষ্ণধন হালদার : pp. 926-927
মফঃস্বলে শহরে মৎস্য সরবরাহ ;
—শ্রীধীরেন্দ্র নাথ সেন : pp. 721-722
ময়নাগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীতারকবন্ধু রায় : p. 935-936
ময়ণাগুড়িতে রেগুলেটেড মার্কেট :
—শ্রীতারকবন্ধু রায় : pp. 1130
মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী ;

—শ্রীশেখ ইমাজুদ্দিন : pp. 1170-1171
মাছ ধরার ট্রলার ;
—শ্রীসুবোধ ওরান্ : p. 912
মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ডাক্তারদের জন্য কোয়ার্টার :
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 1148-1149
মাথাভাঙ্গা রেগুলেটেড মার্কেট কমিটিতে রেণ্ট বাবদ জমা টাকা .
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp.757-758
মাথাভাঙা স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 918
মাধ্যমিক শিক্ষকদের নতুন বেতনহার চালু ;
—শ্রীশীষ মহম্মদ : p. 1127
মানিকতায় "শিশুতীর্থ" ভবন নির্মাণ ;
—শ্রীশ্যামল চক্রবর্তী : p. 839
মালিয়াড়া স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীলালবিহারী ভট্টাচার্য : p. 942
ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রকোপ :
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 700-701
ম্যালেরিয়া প্রতিরোধ ;
—শ্রীঅনিল মুখার্জী pp 720-721
মিৎসুবিসি পাওয়ার—টিলার বিক্রয় ;
—শ্রীমতী ছায়া ঘোষ : .p. 1019
মুখ্যমন্ত্রীর জন্য বিভিন্ন খাতে অর্থ ব্যয় :
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 708
মুরারই কেন্দ্রে বৈদ্যুতিকরণ ;
—ডাঃ মোতাহার হোসেন : pp. 536-37
মুরারই গ্রামীন হাসপাতাল ;
—ডাঃ মোতাহার হোসেন : pp. 1096-1097
মুর্শিদাবাদ এষ্টেট পরিচালন ব্যবস্থা উন্নয়ন ;
—শ্রীমতী ছায়া ঘোষ : pp. 1154-1155
মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার স্থায়ী মহকুমাশাসক ;
—শ্রীঅমলেন্দু রায় : pp. 1057-1058
মুর্শিদাবাদ জেলার বর্গা সার্টিফিকেট প্রদান ;
—শ্রীশীশ মহম্মদ : p. 835
মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক শিল্প ;
—শ্রীঅমলেন্দু রায় : p. 1060

মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম হইতে খড়সা রাস্তাটি মেরামতের ব্যবস্থা ;
—শ্রীদীনবন্ধু মাঝি : p. 1157

মুর্শিদাবাদ জেলার গোরাম-গোরাইপুর ভায়া টেঁকা রাস্তা পাকাকরণ ;
—শ্রীআতাহার রহমান : p. 1137

মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার রেশন দোকানের মালিকগণকে স্বশরীরে উপস্থিত থাকিয়া রেশন সামগ্রী তুলিবার আদেশ জারী ;
—শ্রীশীশ মহম্মদ : p. 69

মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে সেতু নির্মাণ ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1032

মুর্শিদাবাদ জেলার দ্বারকা ও খুসকুড়া নদীর উপর সেতু নির্মাণ :
—শ্রীদীনবন্ধু মাঝি : p. 1101

মুর্শিদাবাদ জেলায় জিয়াগঞ্জ ও রাণীনগর ১ নং ব্লকে সচল গভীর নলকূপ এবং নদী সেচ প্রকল্পের সংখ্যা :
—শ্রীমতী ছায়া ঘোষ : pp. 761-762

মুর্শিদাবাদ জেলায় দুস্কৃতকারীদের দ্বারা আক্রান্ত ব্যক্তিগণ :
—শ্রীআতাহার রহমান : p. 1139

মুর্শিদাবাদ জেলায় বাস রুটের উপর ইনজাংশন ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য্য : p. 69

মুর্শিদাবাদ জেলার বেলডাঙায় নতুন হাসপাতাল ও মাতৃসদন ;
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 1119

মুর্শিদাবাদ জেলার মহকুমা পশু হাসপাতাল নির্মাণ ;
—শ্রীমতী ছায়া ঘোষ : pp. 792-793

মুর্শিদাবাদ জেলার হাঙ্গামা দমনে সর্বদলীয় সভা ;
—শ্রীনরুল ইসলাম চৌধুরী : p. 1120

মুর্শিদাবাদের সি এম ও এইচ-এর নিয়ন্ত্রনাধীন অফিস ও হাসপাতালগুলিতে ত্রুটি ও বিচ্যুতি ও তছরূপের অভিযোগ ;
—শ্রীআতাহার রহমান : pp. 421-422

মুসলিম ছাত্রদের জন্য কারমাইকেল ছাত্রাবাসটি সংরক্ষিত ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলী : p. 956

মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে বদলীর বিরুদ্ধে মামলা ;
—ডাঃ মানস ভূঞা : p. 1077

মেডিকেল কলেজগুলিতে তফসিলী ছাত্রছাত্রীদের জন্য আসন সংরক্ষণ :

—শ্রীউপেন কিস্কু : p. 1160

মেডিকেল কাউন্সিল অফ ইণ্ডিয়া কর্তৃক মেডিকেল কলেজের স্বীকৃতি প্রত্যাহার ;

—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 701

মেদিনীপুর জেলার বিশ্ববিদ্যালয়গুলির জন্য আর্থিক সাহায্য ;

—শ্রীঅনিল মুখার্জী : p. 1118

মেদিনীপুর জেলার সবং থানায় খরাত্রান ;

—ডাঃ মানস ভূঁঞা : p. 50

মেদিনীপুর জেলার সবং থানায় মাদুর শিল্প

—ডাঃ মানস ভূঁঞা : p. 828

মুর্শিদাবাদ জেলায় ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র :

—শ্রীমতী ছায়া ঘোষ : p. 419

মেদিনীপুর জেলায় শালবনী ব্লকে কাজুবাদাম চাষ ;

—শ্রীসুন্দর হাজরা : p. 834

মেদিনীপুর জেলার সুবর্ণরেখা নদীর জলসেচের জন্য ব্যবহারের পরিকল্পনা ;

—শ্রীশিশির অধিকারী : p. 1070

মেদিনীপুর পূর্ব জেলার মহকুমা অফিসে এস. এ.. ই. -এর পদ সৃষ্টি ;

—শ্রীবঙ্কিমবিহারী মাইতি : pp. 773-774

মোমিনপুর ও মাঝেরহাটের স্টীল এণ্ড এ্যালায়েড প্রোডাক্টস লিঃ ; কারখানা

—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 930-931

মোল্লাখালিতে পুলিস ফাঁড়ি ;

—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : p. 1756

মৌজায়/গ্রামে বৈদ্যুতিকরণ ;

—শ্রীঅমলেন্দু রায় : p. 1057

যৌন ব্যাধি প্রতিরোধ ব্যবস্থা :

—ডাঃ মোতাহার হোসেন : p. 408

যুবমানস পত্রিকার প্রচার ;

—শ্রীআবুল হাসনাত খান : pp. 1137-1138

রঘুদেববাটী উপ-স্বাস্থ্যকেন্দ্র ;

—শ্রীহারাণ হাজরা : pp. 938-939

রঘুরামপুরে অট্টালিকা নির্মাণ ;

—শ্রীশিশির অধিকারী : p. 1068

রবীন্দ্র ভবন স্থাপন ;

—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 827-828

রসুলপুর ফেরীঘাটে সেতু নির্মাণ ;

—শ্রীশিশির অধিকারী : p. 787
রাইটার্স বিল্ডিংস্-এ চা, পান ও বিড়ির দোকান ;
—শ্রী সত্যপদ ভট্টাচার্য্য : p. 1129
রাজস্ব খাতে আয় ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 530-531
রাজ্যলটারী ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 534-535
রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেডের সাথে অপর তিনটি ব্যাঙ্কের সংযুক্তিকরণ ;
—শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : pp. 921-922
রাজ্যসরকার নির্মিত টেলিভিশন সেট ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 944-945
রাজ্য সরকার পরিচালিত মজুত পুকুরের মৎস্য উৎপাদন ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 1015
রাজ্য সরকারের নিকট শিশু অপহরণ তথ্য ;
—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : p. 1030
রাজ্যে কৃষক পরিবার ;
—শ্রীবিমলকান্তি বসু : p. 839
রাজ্যে খুনের সংখ্যা ;
—শ্রীধীরেন্দ্রনাথ সরকার : pp. 1106-1107
রাজ্যের আদালতের কাজকর্মে বাংলা ভাষা ব্যবহার ;
—শ্রীসমর মুখার্জী : p. 260
রাজ্যের জাতীয় সড়ক উন্নয়নে অর্থ বরাদ্দ ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : p. 1032
রাজ্যের প্রাথমিক ছাত্রছাত্রীদের টিফিন ব্যবস্থা ;
—শ্রীসরল দেব : p. 1140
রাণীনগর থানায় বৈদ্যুতিকরণ ;
—শ্রীআতাহার রহমান : pp. 537-538
রামকৃষ্ণ মিশন পরিচালিত সংস্থাগুলির ব্যয়ভার ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 712-713
রামপুরহাট উচ্চ বিদ্যালয়ে পরিচালনা সমিতির মামলা ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ; p. 1094
রামপুরহাট থানার স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসা ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ; p. 414
রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধির প্রস্তাব ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : p. 926

রামপুরহাট মহকুমায় রবীন্দ্রসদন ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : p. 238
রামপুরহাট হাসপাতালে ই. এন. টি. বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক ;
—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : pp. 719-720
রামপুরহাটে তুরুকদিঘি স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল : p. 1093
রাষ্ট্রপতির সম্মতীর অপেক্ষায় বিল ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 400-401
রাস্তার পাশে বৃক্ষ রোপন ;
—শ্রীসুভাষ গোস্বামী : p. 1028
রাস্তার পাশে সরকারী জমিতে দোকান নির্মাণ ;
—শ্রীমণীন্দ্রনাথ বর্মা : p. 792
রায়গঞ্জে পলিটেকনিক স্থাপন ;
—শ্রীদীপেন্দ্র বর্মন : p. 1174
রায়গঞ্জ হইতে বারসই-এর রাস্তা তৈরীর কাজ ;
—শ্রীদীপেন্দ্র বর্মন : pp. 1173-1174
রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট ;
—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : p. 717
রেজিষ্ট্রিকৃত ফার্মাসিষ্ট ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 924-925
লাইসেন্স প্রাপ্ত নতুন বিলাতী মদের দোকান ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : pp. 268
লালবাগ মহকুমা হাসপাতাল ও ইসলামপুর হাসপাতালে ঔষধ সরবরাহ :
—শ্রীমতী ছায়া ঘোষ : pp. 931-932
লিলুয়া ষ্টেশনে লেবেল ক্রসিং-এর জন্য পারাপারের অসুবিধা :
—শ্রীজয়কেশ মুখার্জী : p. 771
লেবার কো অপারেটিভ ;
—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 784-785
লোক সংস্কৃতির দুঃস্থ শিল্পীদের সাহায্য ;
—শ্রীগোপাল মণ্ডল : pp. 829-830
লোড শেডিং ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 535
শস্যবীমা প্রকল্প ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 701-704
শহর উন্নয়ন বাবদ কেন্দ্র থেকে অর্থ সাহায্য ;

—শ্রীসুব্রত মুখার্জী : p. 758

শহরের সম্পত্তির সীমা নির্ধারণ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলী :

—শ্রীশিশির অধিকারী : p. 259

শ্যাম কমিশনে উল্লিখিত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যাবস্থা :

—শ্রীসরল দেব : p. 915

শ্যামনগর খৃষ্টান হাসপাতাল ;

—শ্রীনীহারকুমার বসু : p. 849

শাল বীজ ;

—শ্রীমনোহর তিরকী : p. 952

শিলিগুড়ি হইতে কোচবিহারে রিসোরসেস বিভাগের হেডকোয়ার্টার স্থানান্তরিত ,

—শ্রীবিমলকান্তি বসু : p. 1143

শিশুপুষ্টি প্রকল্প ;

—শ্রীঅনিল মুখার্জী : p. 1119

শিয়ালদহ উড়াল পুলের জন্য ব্যয় ;

—শ্রীতারকবন্ধু রায় : p. 54

শিক্ষকদের প্রমোশন সম্পর্কে পে-কমিশনের সুপারিশ :

—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 947

শিল্পসংস্থা অধিগ্রহন ;

—শ্রীঅনিল মুখার্জী : pp. 1019-1020

শ্রীগোপাল ব্যানার্জী কলেজের প্রশাসকের বিরুদ্ধে অভিযোগ ;

—শ্রীআবদুল মান্নান : p. 1173

শ্রীরামপুর-এসপ্ল্যানেড রুটে বাস চলাচল :

—শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : p. 57

শ্রীরামপুর ও রিষড়া পৌরসভাকে অর্থ প্রদান :

—শ্রীঅরুনকুমার গোস্বামী : pp. 1084-1086

শ্রীরামপুর মহকুমা হাসপাতাল :

—শ্রীঅরুনকুমার গোস্বামী : p. 941

সজনেখালিতে পর্যটন নিবাস ;

—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : p. 828

সবং থানার গ্রাম পঞ্চায়েতগুলিতে অর্থ মঞ্জুর ;

—ডাঃ মানস ভুঞ্যাঁ : p. 1076

সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্স গাড়ী :

ডাঃ মানস ভুঞ্যা : p. 915

সমবায় বয়নশিল্পী সমিতি ;

শ্রীঅমলেন্দ্র রায় : pp. 1056-1057

সমবায় সমিতির প্রতিনিধি ;

—শ্রীঅমলেন্দ্র রায় : p; 909

সমবায় সমিতিতে সরকারী নমিনি ;

—শ্রীকমলাক্ষী বিশ্বাস : pp. 1146-1147

সমুদ্রাঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদন ;

—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 714-715

সরকার কর্তৃক ফিল্ম নির্মাণ প্রযোজনার দায়িত্ব গ্রহণ ;

—শ্রীগোপাল মণ্ডল : pp. 1077-1078

সরকার কর্তৃক শিল্পী যামিনী রায়ের ছবি ক্রয় ;

—শ্রীসত্যপদ ভট্টাচার্য্য : p. 1020

সরকারী অফিসসমূহে বাংলা টাইপরাইটার সংগ্রহ ;

—শ্রীঅমলেন্দ্র রায় : pp. 1060-1061

সরকারী আবাসন গৃহ ;

—শ্রীঅনিল মুখার্জী : pp. 848-849

সরকারী কর্মচারীদের বদলিকরণ ;

—শ্রীঅমলেন্দ্র রায় : p. 1057

সরকারী কারখানা ও সংস্থায় অনাদায়ী প্রভিডেন্ট ফাণ্ড ;

—শ্রী অমলেন্দ্র রায় : p. 1067

সরকারী কৃষি খামারে দৈনিক মজুরীর হার ;

—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল : p. 269

সরকারী পদপ্রাপ্ত প্রাক্তন মন্ত্রী ;

—শ্রীসত্যরঞ্জন বাপুলি : pp. 710-711

সরকারী ফ্ল্যাটে বসবাসকারী কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা ;

—শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা : p. 1157-1158

সরকারী হাসপাতালে রোগীদের পথ্য বাবদ ব্যয় ;

—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 420

সরকারী হাসপাতালে রোগীপিছু ঔষধ ও খোরাকী বাবদ দৈনিক ব্যয়।

শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 257

সহ-সচিব ও উপ-সচিবদের বেতন বৈষম্য :

শ্রীসুব্রত মুখার্জী : pp. 1168-1169

সংস্কৃত টোল :

শ্রীকাশীনাথ মিশ্র : pp. 781-783

স্বয়ং শাসিত মেডিকেল পোষ্ট গ্রাজুয়েট ইনষ্টিটিউট ;

ডাঃ মানস ভুঁইয়া : p. 1023

সাব-রেজিষ্ট্রারের শূন্য পদ ;

শ্রীগোপাল মণ্ডল : p. 1078

সাবসেণ্টারের জন্য হেল্‌থ অ্যাসিসটেণ্ট ;
—শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : p. 950
সাস্কৃতিক ভবন নির্মাণে অর্থ মঞ্জুর ;
—শ্রীসুভাষ গোস্বামী : pp. 1114-1115
সাঁইথিয়া অভেদানন্দ মহাবিদ্যালয়ে অধ্যক্ষের শূন্যপদ ;
—শ্রীধীরেন সেন : pp. 1074-1075
সাঁইথিয়া থানায় শাখা ক্যানেল খনন :
—ধীরেন্দ্রনাথ .।ন : pp. 237-238
স্বাধীনতা সংগ্রামীদের জন্য .পেনসন ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 713-714
স্বাধীনতা সংগ্রামীদের পেনসন ;
—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : pp. 525-526
সিউড়ী ও রামপুরহাট কর্ম বিনিয়োগ কেন্দ্রের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ;
—শ্রীবনমালী দাস : p. 854
সিউড়ি থানার গ্রামগুলিতে লুটতরাজ ও আগুন লাগার ঘটনা ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 523-524
সিউড়ি সদর হাসপাতালের কর্মরত দিনমজুর ;
—শ্রীসুনীতি চট্টরাজ : pp. 922-923
সি, এস, টি, সি-র অধীনে বাসের সংখ্যা ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 1052
সিনেমা হল বৃদ্ধির পরিকল্পনা ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 705-706
সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 1150-1151
সিমেণ্ট সরবরাহ ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 767
সিলিকেট এবং রিফ্র্যাক্টরীজ শিল্পে ন্যূনতম বেতন :
—শ্রীবামাপদ মুখোপাধ্যায় : p. 849
সিল্‌ক্‌ বোর্ডে সরকারী প্রাপী ;
—শ্রীসুমন্তকুমার হীরা : pp. 1116-1117
সীমান্ত এলাকায় চুরি ও ডাকাতি ;
—শ্রীআবুল হাসনাৎ খান : pp. 539-540
সিদ্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মানের পরিকল্পনা ;
—শ্রীধীরেন সেন : p. 1075
সুতুলী মিল স্থাপনের পরিকল্পনা ;

INDEX

—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : pp. 1167-1168
সুন্দরবনে রয়্যাল বেঙ্গল টাইগার এর সংখ্যা :
—শ্রীনুরুল ইসলাম চৌধুরী : p. 1165
সুতি থানা এলাকায় হত্যাকাণ্ড ;
—শ্রীশীশ মহম্মদ : pp. 542-543
সুতি থানার স্বাস্থ্যকেন্দ্রে নির্বীজকরণ ও বন্ধ্যাকরণ :
—শ্রীশীষ মহম্মদ : p. 933
সেচযোগ্য কৃষি জমির পরিমান :
—শ্রীবলাই বন্দোপাধ্যায় : pp. 1080-1081
সেচের জল না দেওয়া সত্ত্বেও কর ধার্য ;
—শ্রীসত্যপদ ভট্টাচার্য : p. 1113
সেবা সংস্থার উপরে নিষেধাজ্ঞা জারি ;
—শ্রীকাশীনাথ মিশ্র : pp. 783-784
ষ্টেট ওয়াটার বোর্ড গঠন ;
—শ্রীঅনিল মুখার্জী : p. 57
সোনামুখী ইরিগেশন ডিভিশনে কর্মী সংখ্যা ;
—শ্রীসুখেন্দু খান : p. 1169
হরিণঘাটা ফার্মে গবাদি পশু ;
—শ্রীসরল দেব : p. 1017
হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স ;
—শ্রীসরল দেব : p. 1071
হলদিয়া শিল্পাঞ্চলে পরিবেশ দূষন ;
—শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ : p. 1126
হলদীয়া সরকারী কলেজ স্থাপনের পরিকল্পনা ;
—শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ : p. 1151
হলদিয়ায় মৎস্য উৎপাদন প্রকল্প ;
—শ্রীবঙ্কিম বিহারী মাইতি : pp. 914-915
হাওড়া পৌরসভার নির্বাচন ;
—শ্রীঅশোক ঘোষ : p. 65৭
হাওড়া পৌরসভার 'সংগ্রাম কমিটির' ধর্মঘট ;
—শ্রীঅশোক ঘোষ : pp. 1117
হাওড়া সমবায়িকা :
—শ্রীঅশোক ঘোষ : p. 919-920
হাওড়ায় মাছের বজারে সুপার মার্কেটে নতুন ষ্টল দান :
—শ্রীঅশোক ঘোষ : p. 770

আটপাড়া মার্কেটিং সোসাইটি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ :
—শ্রীদীনবন্ধু মাঝি : p. 727
হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে ফার্মাসিস্টের শূন্যপদ ;
—ডাঃ মানস ভূঞা : pp. 1076-1077
হাসপাতাল সমূহে ডাক্তারের শূন্য পদ ;
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : p. 951
হাসপাতালে যক্ষ্মা রোগীদের সংখ্যা ;
—শ্রীদেবপ্রসাদ সরকার : pp. 399-400
হাসপাতালে শান্তি ও শৃঙ্খলা রক্ষা ;
—শ্রীবিশ্বনাথ চৌধুরী : p. 259
হাসখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীন হাসপাতালে রূপান্তর করন ;
—শ্রীসতীশ বিশ্বাস : p. 939
হিন্দী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় ;
—শ্রীসুবোধ ওরাও pp. 1100-1101
হিলোড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র ;
—শ্রীশীশ মহম্মদ : p. 1127
হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের অনাদায়ী টাকা ;
—শ্রীসুব্রত মুখার্জী : p. 913
হুগলী জেলার আলিপুর হইতে চন্দননগর পর্যন্ত রেলষ্টেশনের রাস্তা ;
—শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় : pp. 949-950
হুগলী জেলার খরাত্রান ;
—শ্রীশিবপ্রসাদ মালিক : p. 50
হুগলী জেলার খাস জমি বিলি ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : pp. 1061-1062
হুগলী জেলার চাঁপসরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন ;
—শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় : p. 789
হুগলী জেলার পাণ্ডুয়া কামতাই রাস্তাটির নাম ও গতিপথ পরিবর্তন :
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : p. 1087
হুগলী জেলার বাসরুটে আদালতের নিষেধাজ্ঞা ;
—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : p. 772
হুগলী জেলার ডি. ভি. সি-র জল ;
—শ্রীতারাপদ সাধুখাঁ : p. 1150
হুগলী জেলার সমস্ত রাস্তার মেরামতের কাজ ;
—শ্রীশান্তি মোহন রায় : p. 1100
হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসার

—শ্রীসুব্রত মুখার্জী :p. 948
হোমিওপ্যাথিক চিকিৎসা উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ ;
—শ্রীসুব্রত মুখার্জী : pp. 787-788
১৯৭৭-৮২ সাল পর্যন্ত বীরভূম জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন ;
—শ্রীধীরেন সেন : p. 1074
১৯৮২-৮৩ সালে যুব সম্প্রদায়ের কল্যাণার্থে কর্মসূচী ;
—শ্রীকৃপাসিন্ধু সাহা : p. 1064
১৯৮২-৮৩ সালে ২৪ পরগণা জেলায় নূতন ফ্রি-প্রাইমারী স্কুল স্থাপন ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : p. 1081
১ : ১ হারে প্রমোশন ;
—শ্রীকাশীনাথ মিশ্র : p. 265
২৪-পরগণা জেলার গোসাবা ব্লকে পানীয় জল সরবরাহ ;
—শ্রীগণেশচন্দ্র মণ্ডল : pp. 1152-1153
২৪-পরগণা জেলার ডি, আই, সি, অফিস ;
—শ্রীসরল দেব : p. 951
২৪-পরগণা জেলায় কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র ;
—শ্রীকৃষ্ণধন হালদার : p. 1027
২৪-পরগণা জেলায় নূতন ফ্রি-প্রাইমারী স্কুল ;
—শ্রীসত্যরঞ্জন বাপুলি : pp. 694-695
২৪-পরগণায় সরকার অনুমোদিত গ্রন্থাগার ;
—শ্রীসরল দেব : pp. 692-693
Rai, Shri H. B. :
Discussion on the budget af Labour Department : pp. 572-574
Ramjan Ali Shri :
Discussion on the Budget of P. W. Deptt. : pp 114-116
Ray, Shri Birendra Narayan :
Pollution of environment of Calcutta (Q) : pp. 397-398
Ray, Shri Birendra Narayan—Abul Hasnat Khan, Shri, Atahar Rahman Shri, and Majhi. Shri Dinabandhu :
জিয়াগঞ্জে মিউজিয়াম (Q) : p. 1142
বনভূমি সৃজন (Q) : pp. 221-222
বাঘের আক্রমনে নিহত (Q) : p. 947
বামফ্রন্টের সমর্থকদের হতাহতের সংখ্যা (Q) : pp. 1071-1072
বি. এ. এবং বি. এস. সি. পরীক্ষার মার্কশীটে ভুল (Q) : pp. 1072-1073
Ray, Shri Birendra Narayan, Majhi, Shri Dinabandhu and Atahar

Rahaman, Shri ;
বিদেশে শিশু পাচার (Q) : p. 525
Ray, Shri Dwijendra Nath :
আত্রেয়ী নদীর উপর ব্রীজ ও পাকা সড়ক নির্মাণ (Q) : p. 1154
কুমারগঞ্জ থানা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) : pp. 940-941
বালুরঘাট মেডিকেল স্কুলে ডিগ্রি বর্জিত ব্যক্তি নিয়োগের প্রতি দৃষ্টি আকর্ষণ (M) : p. 427
Ray, Shri Matish :
Discussion on the budget of Labour Department : pp. 581-582
Discussion on local Govt. & Urban Devalopment Deptt.Budget : pp. 187-189
Reply on the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Bill, 1982
—by Shri Kamal Kanti Guha : pp. 823-824
Discussion on the Budget of Co-operation Department :
—by Shri Nirmal Kumar Bose : pp. 39-45
Reply on the Budget of Animal Husbandary and Veterinary Servces :
—by Shri Amritensu Mukherjee : pp. 392-396
Reply on the Budget of Health and Family Welfare Deptt.
—by Dr. Ambarish Mukherjee : pp. 513-520
Reply on the Indian Electricity Bill (W.B ) 1982
—by Shri Sankar Gupta : p. 907
Reply on the Budget of Information and Cultural Affairs Deptt. :
—by Shri Prabhash Phadikar : pp. 355-359
Reply on thcBudget of Irrigation and Waterways Deptt. :
—by Shri Nani Bhattacharjee : pp. 464-465
Reply on the Budget of Labour Department :
—by Shri Prabir Sengupta : pp. 589-592
Reply on the Budget of Local Govt. & Urbab Development Deptt. :
—by Shri Prasanta Kumar Sur : pp. 199-207
Reply on the Power Deptt. Budget :
—by Shri Sankar Gupta : pp. 306-317
Reply on the Public Library Bill ;
—by Smt. Chhaya Bera : P. 901-903
Reply on the Ramdikdas Harlalka Hospital Acquisition bill, 1982. The Niramoy Group of Institutions Acquisition bill and the Mayo Hospital Acquisition Bill, 1982 :

—ডা: অম্বরীশ মুখোপাধ্যায় : pp. 815-818
Reply on the Budget of P. W. Deptt. :
—by Shri Jatin Chakraborty : pp. 124-126
Reply on the Budget of Relief and Welfare Deptt. :
—by Dr. Sambhu Nath Munsi : pp. 618-620
—by Shri Santi Ranjan Ghatak : pp. 604-605
Reply on the West Bengal Appropriation (No. 2) Bill, 1982 :
—by Jyoti Basu : pp. 676-679
Reply on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1982 :
—by Shri Kanti Biswas : pp. 888-890
Reply on the West Bengal Entertainment-cum-Amusement Tax Bill 1982:
—by Shri Jyoti Bose : pp. 325-327
Reply on the West Bengal Khadi and village Industries Board, (Amendment) Bill 1982 :
—by Shri Praloy Talukdar : pp. 745-747
Reply on the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill—1982:
—by Shri Rabin Mukherjee : pp. 751-752
Reply of the Bengal Municipal (Amendment) Bill, 1982 :
—by Shri Prasanta Kumar Sur : pp. 876-880
Reply on the West Bengal Sehedule castes and Seheduled Tribes (Amenedment) Bill, 1982 :
—by Dr. Sambu Nath Mandi : pp. 737-740
Reply on the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1982 :
—by Shri Jyoti Basu : pp. 146 148
Requested to visit the drought affected areas :
—by Mr. Cnairman : pp. 1207-1208
Roy, Shri Aehintya Krishna:
Discussion on the Motion under Rule 185 : pp: 1187-90
Roy, Shri Amalendra :
আসাম থেকে আগত শরণার্থী (Q) : p. 54
ওয়েষ্টবেঙ্গল ইণ্ড স্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশন (Q) : p. 1128
কলিকাতা-আসানসোল ষ্টেট বাস চালু (Q) : p. 764
কলিকাতাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প (Q) : p· 1067
কমাণ্ড এরিয়ার শেষ প্রান্তে ক্যানেল জল সরবরাহ (Q( : pp. 232-233

# INDEX


কেন্দ্রীয় অর্থানুকূল্য আশানুরূপ না হওয়ায় প্ল্যান ছাঁটাই (Q) : pp. 1058-1059

জঙ্গীপুরে গঙ্গা পদ্মা ও ভাগীরথীর ব্যবধান (Q) : p. 1060

দূরদর্শনে বাংলাভাষার অনুষ্ঠান (Q) : p. 946

—নন প্ল্যান খাতে ব্যয় (Q) : p. 844

পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ (Q) : p. 707

প্রশিক্ষণপ্রাপ্ত নার্স (Q) ; pp. 254-255

—বন্ধ ও রুগ্ন কারখানা (Q) : pp. 826-827

বয়স্ক শিক্ষাকেন্দ্র (Q) : p. 256

মুর্শিদাবাদ জেলায় কান্দি মহকুমায় স্থায়ী মহকুমা শাসক (Q) : pp. 1057-1058

মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক শিল্প (Q) : p. 1060

মৌজায়/গ্রামে বৈদ্যুতিকরন (Q) : p. 1057

রাজস্ব খাতে আয় (Q) : pp. 530-531

রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিল (Q) : pp. 400-401

লেবার কো-অপারেটিভ (Q) : pp. 784-785

সরকারী অফিস সমূহে বাংলা টাইপরাইটার সংগ্রহ (Q) pp. 1060-1061

সরকারী কর্মচারীদের বদলিকরণ (Q) : p. 1057

সরকারী কারখানা ও সংস্থার অনাদায়ী প্রভিডেন্ট ফাণ্ড (Q) : p. 1067

সমবায় বয়নশিল্পী সমিতি (Q) : pp. 1056-1057

Roy, Shri Hemanta Kumar :

বর্ধমানে ক্যানেলের মাধ্যমে চাষের জন্য জল সরবরাহের আবেদন (M) : p. 2721

Roy, Shri Naba Kumar :

পশ্চিম দিনাজপুর জেলায় বংশীহারী থানা হাজতে এক বন্দীর ফাঁসি দেবার জন্য বিচার বিভাগীয় তদন্তের দাবী (M) pp. 271-272

Roy, Shri Phani Bhusan :

Discussion on Health and Welfare Deptt. budget : pp. 507-508

Discussion on the West Bengal Appropriation (No 2) Bill 1982 : p. 668-669

মালদহ জেলায় খরা ও বন্যার মোকাবিলা (M) : p. 804

Roy, Shri Santi Mohan :

হুগলী জেলায় সমস্ত রাস্তার মেরামতের কাজ (Q) : p. 1100

Roy, Shri Tarak Bandhu :

কলিকাতায় নূতন ট্রাম রুট : (a) pp. 768-769

কাঁঠালবাড়ী মৌজায় পানীয় জল সরবরাহ (Q) : p. 1130

জলপাইগুড়ি জেলায় অসামরিক প্রতিরক্ষা কার্যে নিযুক্ত কর্মী (Q) : p. 790

জলপাইগুড়ি জেলায় নতুন উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন (Q) : p. 421
নদীয়া জেলার শিক্ষকগণকে দ্বিতীয় পে-কমিশনের সুপারিশ অনুযায়ী বর্ধিত হারে বেতন দান (Q) : p. 1065
বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে দেয় সরকারী অর্থের পরিমান (Q) : pp. 707-708
ময়নাগুড়িতে রেগুলেটেড মার্কেট (Q) : p. 1130
ময়নাগুড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র (Q) : p. 935-936
শিয়ালদহ উড়াল পুলের জন্য ব্যয় (Q) : p. 54
Roy Barman, Shri Khitibhusan :
বজবজ ট্রাঙ্ক রোডকে যানবাহন এবং মানুষ চলাচলের উপযোগী করার আবেদন (M): p. 859
বজবজ মিউনিসিপ্যালিটির বোর্ড ভেঙ্গে দেওয়া এবং নতুন এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের দাবী (M) : p. 727
Roy Chowdhury, Shri Nirode :
Discussion on the Bengal Munieipal (Amendment) Bill, 1982 : .pp. 874 875
Point of Order : p. 1203
উত্তর ২৪ পরগনা জেলায় খরা (M) : p. 857
পৌর কর্মচারীদের পূজায় ১ মাসের এক্সগ্রাসিয়া দেওয়ার আবেদন : (M) p. 965
২৪ পরগণার হাবড়াকে পূর্ণ রেশনিং এলাকা বলে ঘোষণার দাবী (M) : p. 425
২৪ পরগণার হাবড়া, গাইঘাটা, আমডাঙ্গা, দেগঙ্গা এলাকার ক্ষেতমজুরদের সরকার থেকে কাজ ও খাদ্য দেবার জন্য অনুরোধ : p. 551
Sadhukhan, Shri Tarapada :
Discussion on the Public Library Bill : p. 897-898
সিঙ্গুরে বৈজ্ঞানিক প্রথায় চাষ (M) : p. 858
হুগলী জেলায় ডি. ভি. সি -র জল (Q) : p. 1150
Saha, Sri Kripa sindhu :
আবগারী বিভাগের কর্মচারীর সংখ্যা (Q) : p. 690
Saha, Shri Kripasindhu :
উডবার্ণ ওয়ার্ডে কেবিনের সংখ্যা (Q) : pp. 404-405
কো-অপারেটিভ সোসাইটি (Q) : pp. 785-786
কোলাঘাট তাপ বিদ্যুৎকেন্দ্র (Q) : p. 1061
কুমারী নার্সদের নিরাপত্তার ব্যবস্থা (Q) ; p. 707
কলিকাতায় প্রথম বিভাগ ফুটবল লীগের ক্রীড়াস্থলে গণ্ডগোল (Q) : p. 785
কলিকাতার ম্যানহোলের সংখ্যা (Q) p. 764
চাষীদের ক্রুটকার্ড প্রদান (Q) : pp. 1063-1064

চুঁচড়া শহরের রেশনের দোকানে খাওয়ার অযোগ্য চাল দেওয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (M) : p. 554
চুঁচড়া হইতে ধর্মতলা পর্যন্ত সরকারী বাস চলাচল (Q) : p. 63
জলপাইগুড়িতে "অদ্ভুত" রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা (M) : p. 909
তফশিলী জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য শিক্ষা খাতে ব্যয় (Q) : p. 1069
তাঁতিদের জন্য বরাদ্দকৃত সুতা (Q) : p. 226
ধনিয়াখালী মার্কেটিং কো: অপারেটিভের বিরুদ্ধে অভিযোগ (Q) : pp. 1061-1069
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী (Q) : p. 1061
পশ্চিমবঙ্গে খরার জন্য চাষের পদ্ধতি (Q) : p. 1063
পশ্চিমবঙ্গে পাটের উৎপাদন (Q) : p. 1064
পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলে যাবজ্জীবন দণ্ডিত আসামীর সংখ্যা (Q) : p. 1062
প্রমোদকর মুকুবের ভুয়া সার্টিফিকেট দেখিয়ে প্রমোদকরমুক্ত ছবি দেখানো (Q) : p. 1062
বঙ্কিম বিশ্ববিদ্যালয় (Q) : p. 946
বাঘের দ্বারা নিহত সুন্দরবন অঞ্চলের অধিবাসী (Q) : pp. 220-221
বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে বণিকসভায়ে স্মারকলিপি (Q) : pp. 527-528
ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা (Q) : pp. 1062-1063
Saha, Shri Kripasindhu :
সরকারী হাসপাতালে রোগীপিছু ঔষধ ও খোরাকী বাবদ দৈনিক ব্যয় (Q) : p. 257
হুগলী জেলায় খাস জমি বিলি (Q) : pp. 1061-1062
১৯৮২-৮৩ সালে যুব সম্প্রদায়ের কল্যানার্থে কর্মসূচী (Q) : p. 1064
Sar, Shri Nikhilananda ;
Discussion of the West Bengal Appropriation (No. 2) Bill 1982 : pp. 671-674
Sarkar, Shri Debaprasad ;
মন্ত্রীদের বিদেশ ভ্রমণের জন্য ব্যয় (Q) : p. 253
Discussion on the budget of Labour Department : pp. 578-581
Discussion on local Government & urban Development Deptt Budget : pp. 189-191
Discussion on the motion under rule 185 regarding brutal Killings in Beirut : pp. 92-93
Discussion on the Motion under Rule 185 : pp. 1196-1199
Discussion on the Motion under Rule 185 : pp. 1190-1192
Discussion on the Health and Family Welfare Deptt. Budget : pp. 498-499
Discussion on the West Bengal Appropiation (No. 2) Bill 1982 : pp. 649-652

Discussion on the West Bengal Taxation Laws (Amendment) Bill 1982: pp. 144-145
Move the Motion under Rule 185 : pp. 1183-1184
গ্রামপঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (Q) : p. 705
পশ্চিমবঙ্গে বার্ধক্যভাতা (Q) : p. 1053
পঞ্চায়েতের অডিট রিপোর্টে সমীক্ষাকরণ (Q) : pp. 842-843
পান চাষীদের দুরবস্থা (Q) : p. 51
বহুজাতিক সংস্থার নতুন কারখানা স্থাপন (Q) : pp. 226-231
বাঘা যতীনের মূর্তির আবরন উন্মোচন অনুষ্ঠান (M) : p. 81
বিক্রয় কর (Q) : pp. 522-523
বিধবা ভাতা (Q) : pp. 763-764
মডিফায়েড রেশন এলাকায় রেশন সরবরাহ (M) : p. 805
মন্ত্রীদের জন্য পেট্রোল বাবদ ব্যয় (Q) : p. 253
রেশন ব্যবস্থা চালু রাখার জন্য আবেদন (M) : pp. 728-729
সি, এস, টি, সি-র অধীনে বাসের সংখ্যা (Q) : pp. 1052
সি, এম, ডি;-র বাড়তি সাড়ে তিন কোটি টাকার মাটি ভরাটের রিপোর্ট জানার আবেদন (M) : p. 424
সি, এম, ডি,-এর মাটি ভরাটের প্রশ্নে ইনকোয়ারী কমিটির রিপোর্ট পাবার দাবী (M): p. 553
হাসপাতালে যক্ষারোগীর সংখ্যা (Q) : pp. 399-400
Sarkar, Shri Dhirendranath ·
Cases of Misbehaviour with the staff Nurses by the Public in the States Hospital and Public Health Centres (Q) : p 931
Discussion on the P. W Deptt. Budget : pp. 121-123
Discussion on Relief and Welfar (Welfare) Deptt. Budget : pp. 606-608
Funds for re-opening the sick and closed Industries (Q) : p. 834
Loans disbursement for LIG and MIG flats (Q) : pp. 1128-1129
State Governments own bank (Q) : pp. 538-539
ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড গঠন (Q) : p. 1148
পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন (Q) : p. 1106
পঞ্চায়েতের মাষ্টার রোল দাখিল (Q) : pp. 955 956
পশ্চিম দিনাজপুর জেলায় খরা (M) : p. 866
পশ্চিম দিনাজপুর জেলার গ্রাম-পঞ্চায়েতের বিরুদ্ধে আনা অনাস্থা প্রস্তাব-এর প্রতি দৃষ্টি আকর্ষণ (M) : p. 558
রাজ্যে খুনের সংখ্যা (Q) : pp. 1106-1107

Sarkar, Shri Kamal ;
Discussion on the Motion Under Rule 185 : pp. 1201-1203
খড়দার বিলকান্দা অঞ্চলেচাষের জন্য পাম্প দিয়ে জল সরবরাহের ব্যবস্থা করা (M) : p. 728
জনবহুল রাস্তার নামকরণ (M) : p. 801
Sarkar, Shri Sailen :
Discussion on Local Govt. of Urban Development Deptt. Budget : pp. 197-199
Satpathy, Shri Abani Bhusan :
Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1982 : pp. 871-872
Abdus Sattar, Shri
শিক্ষাজগতে দুর্নীতির অভিযোগ (M) : pp. 962-963
Sen, Shri Debranjan :
Diecussion on the Power Deptt. Budget : pp. 287-290
Sen, Shri Dhirendra Nath :
Case of Misbehaviour with the staff Nurses by the Public in the State Hospital and Public Health Ccntres (Q) : p. 934
গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ (Q) : pp. 833-834
বীরভূম গ্রামীন জল সরবরাহ প্রকল্প (Q) : p. 265
বীরভূম জেলার অজয় নদীর উপর ব্রীজ নির্মাণ (Q) : pp. 1158-1159
বীরভূম জেলায় বিস্ফোরক তৈয়ারীর কারখানা নির্মাণ (Q) : p. 1125
মফঃস্বল শহরে মৎস্য সরবরাহ (Q) : pp. 721-722
সাঁইথিয়া অভেদানন্দ মহাবিদ্যালয়ে অধ্যক্ষের শূন্যপদ (Q) : pp. 1074-1075
সাঁইথিয়া থানায় শাখা ক্যানেল খনন (Q) : p. 237-238
সিদ্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মাণের পরিকল্পনা (Q) : p. 1075
১৯৭৭-৮১ সাল পর্যন্ত বীরভূম জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন (Q) : p. 1074
Sen, Shri Sachin :
Discussion on Local Govt. & Urban Development Deptt. Budget : pp-178-180
বেইরুটে নৃশংস হত্যাকাণ্ড : pp. 83-84
Sengupta, Shri Dipak :
Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) Amendment) Bill, 1982 (third reading) : p. 988
Sengupta, Shri Prabir :
Reply on the budget of labour Department : pp. 589-592
Statement on Labour Deptt. : pp. 559-565

Seth, Shri Bhupendranath :
পঞ্চায়েত প্রধানদের মাসিক মাহিনা ও অন্যান্য ভাতা (Q) : p. 1137
প্রাইমারী স্কুলে ম্যানেজিং কমিটি নির্বাচন (M) : p. 862
বনগাঁ অঞ্চলের কৃষকদের রেশনকার্ড প্রদান (Q) : p. 759
বনগাঁ এস. ডি. ও.-র বাংলো সংস্কার (Q) : p. 792
বনগাঁর বাজার (Q) : p. 1091
বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ে গভর্নিং বডি কর্তৃক অশিক্ষক কর্মচারী নিয়োগ (Q) : p. 1136
বনগাঁ মিউনিসিপ্যালিটির এলাকায় জল সরবরাহ ব্যবস্থা (Q) : p. 1090
বনগাঁ শহরে ষ্টেডিয়াম নির্মাণ (Q) : p. 1090
রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেডের সাথে অপর তিনটি ব্যাঙ্কের সংযুক্তিকরণ (Q) : p. 921-922
সাবসেণ্টারের জন্য হেল্থ অ্যাসিসটেণ্ট (Q) : p. 950
Seth, Shri Lakshman Chandra :
Discussion on the Bengal Entertainment-Cum-Amendment Tax Bill 1982 : pp- 322-323
E.S.I. Hospital at Haldia (Q) : p. 407
Extension of I.T.I. at Haldia (Q) : p. 923
Industrial Housing Scheme at Haldia (Q) : p. 1126
Legal Advisary Committee (Q) : p 1152
Master Plan for the development of Haldia (Q) : pp. 1126-1127
Separate Subdivision for Haldia (Q) : p. 543
হলদিয়া শিল্পাঞ্চলে পরিবেশ দূষণ (Q) : p. 1126
হলদিয়া সরকারী কলেজ স্থাপনের পরিকল্পনা (Q) : p. 1151
হাসপাতাল অধিগ্রহণ করণ (Q) : pp. 813-814
হুগলী ও রূপনারায়ন নদীতে লঞ্চে কর্মরত শ্রমিকদের কাজের সময়সীমা ও বেতন নির্ধারণ করার জন্য অনুরোধ (M) : p. 431
Shish Md. Shri :
Discussion on the Irrigation and Waterways Department Budget : pp. 456-458
Discussion on the Power Deptt. Budget : pp. 290-292
Discussion on the Public Works Department : pp 119-121
জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি (Q) : pp. 408-410
পশ্চিমবঙ্গে সি. এইচ. ভি. কর্মী সংখ্যা (Q) : p. 1172
মাধ্যমিক শিক্ষকদের নতুন বেতনহার চালু (Q) : p. 1127
মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার রেশন দোকানের মালিকগণকে স্বশরীরে উপস্থিত

থাকিয়া রেশম সামগ্রী তুলিবার আদেশ জারী (Q) : p. 69
মুর্শিদাবাদ জেলার বর্গা সার্টিফিকেট প্রদান (Q) : p, 835
মুসলমান শিক্ষকদের ২৮/২৯ তারিখের মধ্যে সেপ্টেম্বর মাসের বেতন দেবার অনুরোধ (M) : p. 556
সুতি থানা এলাকায় হত্যাকাণ্ড (Q) ; pp. 542-543
সুতী থানার স্বাস্থ্যকেন্দ্রে নিবীজকরন ও বন্ধ্যাকরন (Q) : p. 933
হিলোড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র (Q) : p. 1127
Sk Imajuddin, Shri;
Discussion on the Dairy Development Budget : pp. 387-389
Discussion on the West Bengat Board of Secondary Education (Amendment) Bill 1982 : pp. 884-886
Discussion on the West Bengal Colleges (Payment of Salaries) (Amend ment) Bill, 1982 : p. 984
The West Bengal Colleges (Payment of Salaries) (Amendment) Bill, 1982 (third reading) : pp. 987-988
অসাধু ব্যবসায়ী কর্তৃক পাট কেটে বিক্রী (M) : p. 800
উর্দু একাডেমী ভবন নির্মাণ (Q) : p. 1176
ওয়েষ্ট বেঙ্গল অ্যানিম্যাল স্লটার কণ্ট্রোল অ্যাক্ট (Q) : p. 1176
কাজুবাদামের চাষ (Q) : p. 1165
গ্রেট ইষ্টার্ণ হোটেলে আয়-ব্যয় ও কর্মী সংখ্যা (Q) : p. 1171
পঞ্চায়েত বিভিন্নস্তরে শূন্যপদ (Q) : pp. 841s842
বেলডাঙ্গা পৌরসভা এলাকায় ফাঁড়ি স্থাপন (Q) : p, 542
বেলডাঙ্গা রামেশ্বর ফতেপুরিয়া কলেজে বিজ্ঞান বিভাগ চালু (Q) : p. 1020
মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী (Q) : pp. 1170-1171
সমাজ বিরোধীদের বোমা আক্রমণের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য তদন্ত কমিটি গঠন করার দাবী (M) : p. 967
হরিহরপাড়া গ্রামে এন. আর. স্কীমে কাজ করা লেবারদের টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করার আবেদন (M) : p. 426
Sindha, Dr. Hara Mohan :
Discussion on the Budget of Co-operation Department : pp. 35-39
Discussion on the Budget of Health and Family Welfare Deptt. : pp. 491-493
Sindha, Shri Proboth Chandra :
Discussion on the motion under rull 185 regarding ;
বেইরুটে নৃশংস হত্যাকাণ্ড : pp. 90-91

Singha, Shri Suresh Chandra ;

*Discussion on Budget of Animal Husbandary and Veterinary Servic Deptt. : Pp. 389-390*

Singha Roy, Shri Jogendra Nath :

কোচবিহার জেলার সমবায় সমিতির পরিচালকমণ্ডলীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (Q p.1177

জলপাইগুড়ি জেলায় ডবলু. বি. সি, এস. পরীক্ষার জন্য প্রি একজামিনেশন সেন্টার (Q p. 1142

জলপাইগুড়ি জেলায় ডিস্ট্রিক্ট ইণ্ডাস্ট্রিজ সেন্টার (Q) : pp( 1024-1025

পূর্ব চোপানী কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (Q P. 1025

বিদ্যালয়ে উন্নয়ন ফি আদায় (Q) ; pp. 697-698

Sinha, Shri Atish Chandra :

Closed Jute Mills (Q) : p. 1113

Discussion on the Budget of Co-operation Deptt. : pp. 17-25

Discussion on the West Bengal Co-operative Societies Bill, 1982 : pp. 975-977

Discussion on the West Bengal Land Holding Revenue (Amendment) Bi 1982 : pp. 1009-1010

Second Hooghly River Bridge (Q) : p. 63

রাজ্যের খরা পরিস্থিতি মোকাবিলার ব্যবস্থা গ্রহণের আবেদন (M) : p. 965

লবণহ্রদে জমি বণ্টনের ব্যাপারের উল্লেখ (M) : p. 962

সরকারী ফ্ল্যাটে বসবাসকারী কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা (Q) : pp. 1157-1158

Soren, Shri Ananta :

নয়াগ্রাম থানায় ভয়াবহ খরা (M) : p. 858

Soren, Shri Khara :

Discussion on the West Bengal Seheduled Castes and Seheduled Trit (Amendment) Bill, 1982 : pp 735-736

অবৈধভাবে বেকারভাতা গ্রহণের অভিযোগ (Q) : p. 911

তপন থানার স্বাস্থ্যকেন্দ্রের শয্যাসংখ্যা (Q) : p. 413

পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থায় ভরতুকি (Q) : p. 774

পশ্চিমবাংলায় ষ্টেডিয়াম নির্মাণের জন্য বিভিন্ন জেলায় ব্যয়ের পরিমাণ (Q) : pp. 10 1090

Statement on the Compensation and Assignments to local bodies a Panchayati Raj Institution :

—Shri Prasanta Kumar Sur : pp. 157-169
Statement on the Animal Husbandary and Veterinary Services Deptt. Budget :
—Shri Amritendu Mukherjee : pp. 363-383
Statement on the Local Government and Urban Development Deptt. Budget ;
—Shri Prasanta Kumar Sur : pp. 153-157
Statement on Information and Cultural Affairs Deptt. ;
—Shri Prabhash Chandra Phodikar : pp-332-337
Statement on the Irrigation and Waterways Department Budget ;
—Sri Nani Bhattacharjee : pp. 432-444
Statement on Labour Department Budget ;
—Sri Prabir Sengupta ; pp. 559-565
Statement on the Local Government and Urban Development Deptt. Budget ;
—Shri Prasanta Kumar Sur : pp. 169-174
Statement on the Motion under Rule 185 :
—Shri Prasanta Kumar Sur : pp. 1214-1216
Statement on the Power Deptt. Budget ;
—Shri Shankar Gupta ; pp. 276-281
Statement on the Health and Family Welfare Deptt. Budget ;
—Shri Dr. Ambarish Mukherjee : pp. 466-487
Statement on the Report of Basu Commission of Islampur;
—Shri Jyatl Basu : p. 1182
Statement on the Report of the Chanda Commission of Enquiry ;
—Shri Jyoti Basu : p. 1182
Statement on the Public Works Department Budget ;
—Shri Jatin Cnakraborty : pp. 99-106
Statement on Social Welfare Department Budget ;
—Shri Santi Ranjan Ghatak : pp. 594-595
Statement under rule 346 ;
—Shri Prasanta Kumar Sur : pp. 1005, 1007
Subba, Sm. Renuleena :
Discussion on the Motion Under Rule 185 : pp. 1206-1207
Sur, Shri Prasanta Kumar ;

Personal Explanation : pp 1—3

Presentation and passing of the Bengal Municipal (Amendment) Bill, 1982 ; pp. 867-868

Reply of the Bengal Municipal (Amendment) Bill, 1982 : pp. 876-880

Reply on Discussion on local Govt. & Urban Development Budget : pp. 199-207

Statement on the Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution : pp. 157-169

Statement on the Local Govt. and urban Development Deptt. Budget : pp. 153-157

Statement on Local Government & Urban Development Deptt. Budget : pp. 169-170

Statement on the Motion Under Rule 185 : pp. 1214-1216

Statement Under Rule 346 : pp. 1005, 1007

সল্ট লেকে জমি বণ্টন (M) : p. 860

Talukdar, Shri Pralay :

Consideration motion of the West Bengal Khadi and village Industries Board (Amendment) Bill, 1982 : pp. 741-742

Introduction of the West Beagal Khadi and village Industries Board (Amendment) Bill, 1982 : p- 714

Reply on the West Bengal Khadi and village Industries Board (Amendment) Bill, 1982 . pp. 745-747

Tirkey Shri Manohar :

আলিপুরদুয়ার মহকুমায় ষ্টেডিয়াম নির্মাণ (Q) : p. 1102

জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ ক্ষেত্রে নিবন্ধীভুক্ত কর্মপ্রার্থী (Q) pp. 913 914

জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে আদিবাসী ও উপজাতি কর্মী নিয়োগ (Q) : p. 1101

জলপাইগুড়ি জেলায় আদিবাসী অধ্যুষিত অঞ্চল (Q) : p. 405

জলপাইগুড়ি জেলায় সিডিউল কাষ্ট ও সিডিউল ট্রাইব ছাত্রছাত্রীদের ছাত্রাবাস (Q) p. 1016

নেপাল ও ভূটান থেকে বেআইনী মাদকদ্রব্য আমদানি : p. 692

ফরেষ্ট প্রোডাক্ট চেকপোষ্ট (Q) : pp. 231-232

শাল বীজ (Q) : p. 952

Tudu, Shri Bikram ;

Discussion on Irrigation and Waterways Deptt. Budget : pp. 862-463
Uraon, Shri Subodh :
কলিকাতায় দূষিত পরিবেশ (Q) : pp. 11291130
হিন্দী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় (Q) : pp. 1100-1101
West Bengal Appropriation (No.—2) Bill, 1982 :
Moved by
Shri Jyoti Basu : pp. 630-631
West Bengal Entertainment-Cum-Amendment Tax—Blll, 1982 :
Introduced by Shri Jyoti Basu : p. 320
West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1982 ;
moves :
—Shri Praloy Talukdar : pp. 741-742
West Bengal Taxation laws (Amendment) Bill, 1982 :
Consideration motion moved :
—Shri Jyoti Basu : pp. 134-139